Barcode - 4990010123320
Title - Bengal Legislative Assembly Proceedings (1994) vol.103, no. 2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 978
Publication Year - 1994
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13

Vol. 103 No—II

# Assembly Proceedings

OFFICIAL REPORT

# West Bengal Legislative Assembly

Hundred and third Session

(January to April, 1994)

(The 7th, 8th, 9th, 16th, 17th, 18th, 21st, 22nd, 23rd, 24th, 25th & 29th March 1994)

Published by authority of the Assembly under Rule 353 of the Rules of Procedure and Conduct of Business in West Bengal Legislative Assembly

WEST BENGAL LEGISLATURE LIBRARY
Acc No. 8291
Dated 29.9.2000
Call No 328.54/V.103 No. II(94)
Price/Page Rs. 180/-

## GOVERNMENT OF WEST BENGAL

### Governor
### PROF. SAIYID NURUL HASAN

### MEMBERS OF THE COUNCIL OF MINISTERS WITH THEIR PORTFOLIOS

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch and matters relating to Minority Affairs and Haj), Department of Hill Affairs, Department of Commerce and Industries and Civil Defence Branch of Home Department.
2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Land Reforms and Department of Development and Planning (excluding Sundarban Affairs Branch and Jhargram Affairs Branch).
3. **Shri Buddhadeb Bhattacharjee,** Minister-in-charge of Department of Information and Cultural Affairs.
4. **Shri Kanti Biswas,** Minister-in-charge of Primary and Secondary Education Branches (Excluding an audio visual educations) and integrated education for disabled childred in the Department of education.
5. **Shri Shyamal Chakraborty,** Minister-in-charge of Transport Department.
6. **Dr. Asim Kumar Dasgupta,** Minister-in-charge of Finance Department and Department of Excise, Department of Urban Development.
7. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-chage of Department of Health and Family Welfare and Department of Refugee Relief and Rehabilitation.
8. **Shri Santi Ghatak,** Minister-in-charge of Department of Labour.
9. **Shri Prabir Sengupta,** Minister-in-charge of Department of Cottage and Small Scale Industries.
10. **Shri Subhas Chakraborti,** Minister-in-charge of Department of Sports and Youth Services and Department of Tourism.
11. **Shri Mahboob Zahedi,** Minister-in-charge of Department of Animal Resources Development, matters relating to Wakf in the Judicial

Department, and matters relating to Minority Affairs and Haj in the Home Department.

12. **Dr. Suriya Kanta Mishra,** Minister-in-charge of Department of Panchayats and Department of Rural Development.

13. **Shri Goutam Deb,** Minister-in-charge of Department of Housing and Department of Public Health Enginerinhg. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

14. **Dr. Sankar Kumar Sen,** Minister-in-charge of Department of Power and Non-Conventional Energy Sources and Department of Science and Technology New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

15. **Shri Achintya Kirshna Ray,** Minister-in-charge of Department of Environment and Department of Forests.

16. **Shri Satya Sadhan Chakraborty,** Minister-in-charge of Department of Education [excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio-Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education) Library Services and Book Fairs not relating to Higher Education.]

17. **Shri Patit Paban Pathak,** Minister-in-charge of Department of Industrial Reconstruction and Department of Public Undertakings (Encluding matters connected with West Bengal Agro Industries Corporation Limited). Assembly House, Calcutta-700001.

18. **Shri Dinesh Chandra Dakua,** Minister-in-charge of Department of Scheduled Castes and Tribes Welfare.

19. **Shri Abdul Quiyom Molla,** Minister-in-charge of Law Department and Judicial Department (excluding matters relating to Wakf.)

20. **Shri Abdur Razzak Molla,** Minister-in-charge of Sundarban Affairs Branch of Department of Development and Planning and Department of Food Processing Industries.

21. **Shri Nihar Basu,** Minister-in-charge of Department of Agriculture (excluding Minor Irrigation. Small Irrigation, and Command Area Development, and Agricultural Marketing Branch).

22. **Shri Kalimuddin Shams,** Minister-in-charge of Agricultural Marketing Branch of Department of Agriculture.

23. **Shri Saral Deb,** Minister-in-charge of Department of Co-operation.

24. **Smt. Chhaya Ghosh,** Minister-in-charge of Relief Branch of Department of Relief and Welfare.

25. **Shri Narendranath Dey,** Minister of State for Department of Food and Supplies (Excluding Food Processing Industries) Food Supplies Department, 11A, Mirza Galib Street, Calcutta-16.

26. **Shri Debabrata Bandopadhyay,** Minister-in-charge of Department of Irrigation & Waterways.

27. **Shri Matish Ray,** Minister-in-charge of Public Works Department.

28. **Shri Biswanath Choudhury,** Minister-in-charge of Social Welfare Branch of Department of Relief and Welfare and Jails Branch of Home Department.

29. **Dr. Omar Ali,** Minister-in-charge, Minor Irrigation, Small Irrigation and Command Area Development in the Department of Agriculture and matters connected with West Bengal Agro Industries Corporation Limited in the Department of Public Undertakings.

30. **Shri Kiranmay Nanda,** Minister-in-charge of Department of Fisheries.

31. **Shri Probodh Chandra Sinha,** Minister-in-charge of Department of Parliamentary Affairs. Assembly House, Calcutta-700001.

### Ministers of State

32. **Shri Banamali Roy,** Minister-in-charge of State for Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

33. **Smt. Chhaya Bera,** Minister of State for Family Welfare Branch of Department of Health and Family Welfare.

34. **Shri Maheswar Murmu,** Minister of State in Charge Jhargram Affairs Branch of Department of Development and Planning, Assembly House, Calcutta-700001

35. **Shri Bidyut Ganguly,** Minister-of-State for Department of Commerce and Industries under the Chief Minister and Minister-in-

charge of Department of Commerce and Industries.

36. **Shri Ashoke Bhattacharyya,** Minister-of-State incharge of Department of Municipal Affairs and Department of Hill Affairs.

37. **Shri Subodh Chaudhuri,** Minister-of-State for Department of Transport Development.

38. **Shri Anisur Rahaman,** Minister-of-State for Primary and Secondary Education Branch of Department of Education including Madrasah Education.

39. **Shri Bansa Gopal Choudhury,** Minister-of-State in Charge of Department of Technical Education and Training.

40. **Shri Khagendranath Sinha,** Minister-of-State for Department of Housing and Department of Public Health Engineering. New Secretariat Buildings, K.S. Roy Road, Calcutta-700001.

41. **Shri Tapan Ray,** Minister-of-State in charge of Library Services in the Department of Mass Education Extension.

42. **Shri Upen Kisku,** Minister-of-State for Department of Cottage and Small Scale Industries.

43. **Smt. Anju Kar,** Minister-of-State in charge of Adult Education, Non-formal Education, Audio Visual Education, Social Welfare Homes, Education of the Handicapped (excluding Integrated Education for Disabled Children and Library Services) and Social Education not connected with Higher Education in the Department of Mass Education Extension and all matters relating District Social Education Officers and Extension Officers (Social Education) in the Department of Education.

44. **Shri Ganesh Chandra Mondal,** Minister-of-State for Department of Irrigation & Waterways under the Minister-in-Charge of Department of Irrigation and Waterways. Assembly House, Calcutta-700001.

45. **Shri Madan Bauri,** Minister-of-State for Home (Civil Defence) Department.

46. **Shri Dawa Lama,** Minister-in-charge for Department of Animal Resources Development.

47. **Smt. Bilasi Bala Sahis,** Minister-in-charge of State for Scheduled Casts and Tribes Welfare Department.

## WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
## PRINCIPAL OFFICERS & OFFICIALS

**Speaker : Shri Hashim Abdul Halim**

**Deputy Speaker : Shri Anil Mukherjee**

## SECRETARIAT

**Secretary : Shri S. R. Chattopadhyay.**

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly

1. Abul Haque, Shri (54-Jangipur—Murshidabad)
2. Abdul Mannan, Shri (181-Champdani—Hooghly)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdus Salam Munshi, Shri (72-Kaliganj—Nadia)
6. Abedin, Dr. Zainal, (34-Itahar—North Dinajpur)
7. Abu Ayes Mondal, Shri (278-Monteswar—Burdwan)
8. Abu Hena, Shri (55-Lalgola—Murshidabad)
9. Abul Basar, Shri (115-Maheshtala—South 24-Parganas)
10. Abul Hasnat Khan, Shri (50-Farakka—Murshidabad)
11. Acharya, Shri Prabhat (46-English Bazar—Malda)
12. Acherjee, Shri Manik Lal (257-Kulti—Burdwan)
13. Adak, Kashi Nath (111-Bishnupur West—South 24-Parganas)
14. Adak, Shri Nitai Charan (174-Kalyanpur—Howrah)
15. Adhikary, Shri Nityananda (17-Maynaguri (SC)—Jalpaiguri)
16. Adhikary, Shri Paresh Chandra (1-Mekliganj (SC)—Cooch Behar)
17. Adhikary, Dr. Tarun (129-Naihati—North 24-Parganas)
18. Anisur Rahaman, Shri (60-Domkal—Murshidabad)
19. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (SC)—Birbhum]
20. Bagdi, Shri Lakhan [263-Ukhra (S.C.)—Burdwan]
21. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (SC)—Purulia]
22. Bal, Shri Sakti (206-Nandigram—Midnapore)
23. Bandyopadhyay, Shri Debabrata (67-Barwan—Murshidabad)
24. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Prabir (86-Gaighata—North 24-Parganas)
27. Baora, Shri Samar (281-Mangalkot—Burdwan)
28. Bapuli, Shri Satya Ranjan (123-Mathurapur—South 24-Parganas)
29. Barman, Shri Debendra Nath, (9-Tufanganj (SC)—Cooch Behar)
30. Barman, Shri Jogesh Chandra (13-Falakata (SC)—Jalpaiguri)
31. Basu, Shri Bimal Kanti (4-Cooch Behar North—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)

33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Subhas (81-Ranaghat West—Nadia)
35. Bauri, Shri Angad [249-Gangajalghati (SC)—Bankura]
36. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (SC)—Bankura]
37. Bauri, Shri Madan [247-Indpur (SC)—Bankura]
38. Bera, Shri Bishnu (192-Pursurah—Hooghly)
39. Bera, Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
40. Bhakat, Shri Buddhadev (231-Jhargram—Midnapore)
41. Bhattacharjee, Shri Buddhadeb (108-Jadavpur—South 24-Parganas)
42. Bhattacharya, Shri Asok (25-Siliguri—Darjeeling)
43. Bhattarai, Shri Tulsi (24-Karseang—Darjeeling)
44. Bhowmik, Shri Manik (203-Moyna—Midnapore)
45. Bhunia, Dr. Manas Ranjan (216-Sabong—Midnapore)
46. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)—Nadia]
47. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
48. Biswas, Shri Kaliprasad (184-Haripal—Hooghly)
49. Biswas, Shri Kanti (98-Sandeshkhali (S.C.) 24-Parganas)
50. Biswas, Shri Kamalakshmi [84-Bagdaha (SC)—North 24-Parganas]
51. Biswas, Shri Sushil [74-Krishnaganj (SC)—Nadia]
52. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24-Parganas)
53. Bose, Shri Shyama Prasad [271-Burdwan (South)—Burdwan]
54. Chakraborti, Shrimati Kumkum (112-Behala East—South 24-Parganas)
55. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
56. Chakrabortty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
57. Chakraborty, Shri Deb Narayan (189-Pandua—Hooghly)
58. Chakraborty, Shri Satyasadhan (82-Chakdaha—Nadia)
59. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
60. Chakraborty, Shrimati Tania (135-Panihati—North 24-Parganas)
61. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
62. Chatterjee, Shri Anil (146-Chowringhee—Calcutta)
63. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)
64. Chatterjee, Shri Dhirendranath (273-Raina—Burdwan)
65. Chatterjee, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

66. Chatterjee, Shri Santasri (179-Uttarpara—Hooghly)
67. Chatterjee, Shrimati Santi (185-Tarakeswar—Hooghly)
68. Chatterjee, Shri Tarun (265-Durgapur-II—Burdwan)
69. Chattopadhyay, Shrimati Nirupama (173-Bagnan—Howrah)
70. Chattopadhyay, Shri Sobhandeb (104-Baruipur—South 24-Parganas)
71. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
72. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
73. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - South Dinajpur)
74. Chowdhury Md. Abdul Karim, Shri (28-Islampur—North Dinajpur)
75. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
76. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
77. Chowdhury, Shri Jyoti (180 - Serampur - Hooghly)
78. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
79. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
80. Dakua, Shri Dinesh Chandra [3 -Mathabhanga (S.C.) - Cooch Behar]
81. Dal, Shrimati Nanda Rani [219-Keshpur (SC)—Midnapore]
82. Dalui, Shri Sibaprasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Atul Chandra (230-Gopiballavpur—Midnapore)
85. Das, Shri Benode (194-Arambagh—Hooghly)
86. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
87. Das, Shri Debesh [154-Taltola (SC)—Calcutta]
88. Das, Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
89. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
90. Das, Shri Paresh Nath [54-Sagardighi (S.C.)—Murshidabad]
91. Das Shri Sailaja Kumar (211-Contai South—Midnapore)
92. Das, Shri Sanjib Kumar (172-Shyampur—Howrah)
93. Das, Shri Soumindra Chandra (5-Cooch Behar West—Cooch Behar)
94. Das, Shri S. R. (258-Barabani—Burdwan)
95. Das, Shri Sukumar (204-Mahishadal—Midnapore)
96. Das, Shri Trilochan [292-Hansan(SC)—Birbhum]
97. Dasgupta, Shrimati Arati (118-Falta—South 24-Parganas)
98. Dasgupta, Dr. Asim Kumar (134-Khardah—North 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

99. Das Mohapatra, Shri Kamakhyanandan (215-Pataspur—Midnapore)
100. De, Shri Partha (251-Bankura—Bankura)
101. Deb, Shri Gautam (96-Hasnabad—North 24-Parganas)
102. Deb, Shri Rabin (152 - Ballygunge - Calcutta)
103. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
104. Dey, Shri Ajoy (78-Santipur—Nadia)
105. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
106. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)
107. Debsarma, Shri Ramani Kanta [32-Kaliaganj (SC)—North Dinajpur]
108. Dhar, Shri Padmanidhi (166-Domjur—Howrah)
109. Duley, Shri Krishnaprasad [221-Garhbeta West (SC)—Midnapore]
110. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
111. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
112. Ganguli, Shri Santi Ranjan (141-Shyampukur—Calcutta)
113. Ganguly, Shri Bidyut (130-Bhatpara—North 24-Parganas)
114. Gayen, Shri Nripen [99-Hingalganj (SC)—North 24-Parganas]
115. Ghatak, Shri Santi (136-Kamarhati—North 24-Parganas)
116. Ghosh, Shri Biren (277-Nadanghat—Burdwan)
117. Ghosh, Shrimati Chhaya (58-Murshidabad—Murshidabad)
118. Ghosh, Shri Kamakhya (223-Midnapore—Midnapore)
119. Ghosh, Shri Malin Kumar (178-Chanditala—Hooghly)
120. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
121. Ghosh, Shri Rabindra (171-Uluberia South—Howrah)
122. Ghosh, Shri Sunil Kumar (76-Krishnagar West—Nadia)
123. Ghosh, Shri Susanta (220-Garhbeta East—Midnapore)
124. Goala, Shri Rajdeo (160-Belgachia West—Calcutta)
125. Goswami, Shri Kshiti (151-Dhakuria—Calcutta)
126. Goswami, Shri Subhas (248-Chhatna-Bankura)
127. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
128. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
129. Haji, Sajjad Hussain, Shri (30-Karandighi—North Dinajpur)
130. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (SC)—Hooghly)
131. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (SC)—South 24-Parganas)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

132. Halder, Shri Krishna Chandra [266-Kanksa (SC)—Burdwan)
133. Hansda, Shri Naren [232-Binpur (ST)—Midnapore)
134. Hart, Shrimati Gillian Rosemary (295-Nominated)
135. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
136. Hazra, Shri Haran [169-Sankrail (SC)—Howrah)
137. Hazra, Shri Samar [274-Jamialpur (SC)—Burdwan)
138. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
139. Hembram, Shrimati Arati [246-Ranibandh (ST)—Bankura)
140. Hore, Shri Tapan (284-Bolpur—Birbhum)
141. Id. Mohammed, Shri (68-Bharatpur—Murshidabad)
142. Idrish Mondal, Shri (269-Galsi—Burdwan)
143. Jamadar, Shri Badal (107-Bhangar—South 24-Parganas)
144. Jana, Shri Hari Pada (217-Pingla—Midnapore)
145. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
146. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
147. Kalimuddin Shams, Shri (147-Kabitirtha—Calcutta)
148. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)
149. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
150. Khabir Uddin Ahmed, Shri Shaikh (71-Nakashipara—Nadia)
151. Khaitan, Shri Rajesh (144-Bara Bazar—Calcutta)
152. Kisku, Shri Lakhi Ram [233-Banduan (ST)—Purulia
153. Kisku, Shri Upen [245-Raipur (ST)—Bankura)
154. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
155. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
156. Kujur, Shri Sushil (14-Madarihat (ST)—Jalpaiguri)
157. Lahiri, Shri Jatu (165-Shibpur—Howrah)
158. Lama, Shri Dawa (23 - Darjeeling—Darjeeling)
159. Let, Shri Dhiren [290-Mayureswar (SC)—Birbhum)
160. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
161. Mahamuddin, Shri (27-Chopra—North Dinajpur)
162. Mahammad Ramjan Ali, Shri (29-Goalpokhar—North Dinajpur)
163. Mahata, Shri Bindeswar (238-Joypur—Purulia)
164. Mahata, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)

## *Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—Contd*

165. Mahata, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
166. Mahboob Zahedi, Shri (268-Bhatar—Burdwan)
167. Maitra, Shri Birendra Kumar (42-Harischandrapur—Malda)
168. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
169. Maity, Shri Mukul Bikash (210-Contai North—Midnapore)
170. Majhi, Shri Bhandu [235-Balarampur (ST)—Purulia
171. Majhi, Shri Nandadulal [255-Indas (SC)—Bankura)
172. Majhi, Shri Raicharan [282-Ketugram (SC)—Burdwan)
173. Majhi, Shri Surendranath [242-Kashipur (ST)—Purulia)
174. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
175. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
176. Malick, Shri Shiba Prasad [195-Goghat (SC)—Hooghly
177. Malik, Shri Sreedhar [267-Ausgram (SC)—Burdwan)
178. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
179. Mandal, Shri Manik Chandra (285-Labhpur—Birbhum)
180. Mandal, Shri Prabhanjan (127-Sagar—South 24-Parganas)
181. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (SC)—North 24-Parganas]
182. Manna, Shri Janmenjay (125-Patharpratima—South 24-Parganas)
183. Mazumdar, Shri Dilip (264-Durgapur I—Burdwan)
184. Md. Nezamuddin, Shri (153-Entally—Calcutta)
185. Md. Yakub, Shri (92-Deganga—North 24-Parganas)
186. Mehta, Shri Nishi Kanta (236-Arsha—Purulia)
187. Minj, Shri Prakash [26-Phansidewa (ST)—Darjeeling
188. Mir Quasem Mondal, Shri (73-Chapra—Nadia)
189. Mishra, Dr. Surjya Kanta (227-Narayangarh—Midnapore)
190. Mistry, Shri Bimal [105-Canning West (SC)—South 24-Parganas)
191. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
192. Mitra, Shrimati Jayasri (250-Barjora—Bankura)
193. Mitra, Shrimati Sabitri (44-Araidanga—Malda)
194. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
195. Muktan, Shri Nima Tshering (22-Kalimpong—Darjeeling)
196. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (SC)—South 24-Parganas]
197. Mondal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

198. Mondal, Shri Biswanath [66-Khargram (SC)—Murshidabad]
199. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (SC)—South 24-Parganas]
200. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (SC)—North 24-Parganas]
201. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (SC)—Howrah]
202. Mondal, Shri Sailen (168-Panchla—Howrah)
203. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
204. Mostafa Bin Quasem, Shri (93-Swarupnagar—North 24-Parganas)
205. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
206. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
207. Mudi, Shri Anil (202-Tamluk—Midnapore)
208. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
209. Mukherjee, Shri Dipak (116-Budge Budge—South 24-Parganas)
210. Mukherjee, Shrimati Mamata (239-Purulia—Purulia)
211. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
212. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
213. Mukherjee, Shri Nirmal (113-Behala West—South 24-Parganas)
214. Mukherjee, Shri Sibdas (75-Krishnagar East—Nadia)
215. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
216. Mumtaz Hassan, Shri (259-Hirapur—Burdwan)
217. Munda, shri Chaitan [16-Nagrakata (ST)—Jalpaiguri]
218. Murmu, Shri Debnath [40-Gazole (ST)—Malda]
219. Murmu, Shri Maheswar [226-Keshiary (ST)—Midnapore]
220. Murmu, Shri Sarkar [39-Habibpur (ST)—Malda]
221. Nanda, Shri Brahmamoy [207-Narghat—Midnapore]
222. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
223. Nasiruddin Khan, Shri (61-Noada—Murshidabad)
224. Naskar, Shri Subhas [101-Basanti (SC)—South 24-Parganas]
225. Naskar, Shri Sundar [110-Bishnupur East (SC)—South 24-Parganas]
226. Nath, Shri Madan Mohan (132-Noapara—North 24-Parganas)
227. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
228. Nazmul Haque, Shri (225-Kharagpur Rural—Midnapore)
229. Nazmul Hoque, Shri (41-Kharba—Malda)
230. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

231. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
232. Omar, Ali, Dr. (200-Panskura West—Midnapore)
233. Oraon, Shri Jagannath [18-Mal (ST)—Jalpaiguri]
234. Paik, Shri Sunirmal [209-Khajuri (SC)—Midnapore]
235. Pakhira, Shri Ratanchandra [197-Ghatal (SC)—Midnapore]
236. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
237. Pathak, Shri Patit Paban (161-Bally—Howrah)
238. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
239. Patra, Shri Ranjit (228-Dantan—Midnapore)
240. Paul, Smt. Maya Rani (63-Berhampur-Murshidabad)
241. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
242. Poddar, Shri Deoki Nandan (143-Jorasanko—Calcutta)
243. Pradhan, Shri Prasanta (208-Bhagwanpur—Midnapore)
244. Pramanik, Shri Abinash [188-Balagarh (SC)—Hooghly]
245. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (SC)—Cooch Behar]
246. Purkait, Shri Prabodh [102-Kultali (SC)—South 24-Parganas]
247. Putatunda (Dev), Shrimati Anuradha (120-Magrahat West—South 24-Parganas)
248. Quazi Abdul Gaffar, Shri (94-Baduria—North 24-Parganas)
249. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
250. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
251. Ray, Shri Jatindranath [21-Rajganj (SC)—Jalpaiguri]
252. Ray, Shri Matish (137-Baranagar-North 24-Parganas)
253. Roy, Shri Sattick Kumar (293-Nalhati—Birbhum)
254. Ray, Shri Subhash (122-Mandirbazar (SC)—South 24-Parganas)
255. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
256. Roy, Shri Banamali (15-Dhupguri (SC)—Jalpaiguri)
257. Roy, Shri Dwijendra Nath (37-Kumarganj—South Dinajpur)
258. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar—Midnapore)
259. Roy, Shri Narmada Chandra (33-Kushmandi (SC)—South Dinajpur)
260. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
261. Roychowdhury, Shri Goutam (260-Asansol—Burdwan)
262. Rubi Noor, Shrimati (48-Sujapur—Malda)

## Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Saha, Shri Kripa Sindhu (191-Dhaniakhali (SC)—Hooghly)
264. Sahis, Shrimati Bilasi (240-Para (SC)—Purulia)
265. Sanyal, Shri Kamalendu (70-Palashipara—Nadia
266. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
267. Sarkar, Shri Nayan (79-Hanskhali (SC)—Nadia)
268. Sarkar, Shri Sisir (201-Panskura East—Midnapore)
269. Sarkar, Shri Sisir Kumar (57-Nabagram—Murshidabad)
270. Sen, Dr. Anupam (20-Jalpaiguri—Jalpaiguri)
271. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
272. Sen, Dr. Sankar Kumar (138-Dum Dum—North 24-Parganas)
273. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
274. Sen Gupta (Bose), Shrimati Kamal (87-Habra—North 24-Parganas)
275. Sen Gupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
276. Seth, Shri Bhpendranath (85-Bongaon—North 24-Parganas)
277. Seth, Shri Lakshman Chandra (205-Sutahata (SC)—Midnapore)
278. Shaw, Dr. Pravin Kumar (133-Titagarh—North 24-Parganas)
279. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
280. Sinha, Shri Atish Chandra (65-Kandi—Murshidabad)
281. Sinha, Shri Khagendra Nath (31-Raiganj (SC)—North Dinajpur)
282. Sinha, Dr. Nirmal (121-Magrahat East (SC)—South 24-Parganas)
283. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
284. Singh, Shri Lagan Deo (162-Howrah North—Howrah)
285. Sk. Jahangir Karim, Shri (218-Debra—Midnapore)
286. Soren, Shri Khara ·(36-Tapan (ST)—South Dinajpur)
287. Soren, Shri Subhas Chandra (229-Nayagram (ST)—Midnapore)
288. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
289. Syed Nawab Jani Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
290. Talukdar, Shri Pralay (164-Howrah South—Howrah)
291. Tirkey, Shri Manohar (11-Kalchini (ST)—Jalpaiguri)
292. Toppo, Shri Salib (10-Kumargram (ST)—Jalpaiguri)
293. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
294. Unus Sarkar, Shri (59-Jalangi—Murshidabad)
295. Vacant (243 - Hura - Purulia)

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 7th March, 1994 at 11-00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 7 Ministers of State and 108 Members.

[11-00 — 11-10 a.m.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shrimati Snehalata Basu, a renowned freedom fighter** and social worker who passed away on the 24th February, 1994 at her residence in Calcutta. She was 90.

Her life was full of struggles. When she was merely sixteen, her husband died leaving behind two children to her care. She Started her carreer as a teacher in a school in Jassore district of undivided Bengal. Subsequently, she came in contact with the leaders of the freedom movement and devoted herself to the cause of the liberation of the motherland. By nature she was revolutionary and continued to be in the struggle for freedom till the country was liberated despite all the difficulties at her family level. Following partition of India she migrated to Calcutta to settle permanently but the agitating spirit in her took her to the forefront of the movements demanding proper relief and rehabilitation for the uprooted victims of the partition. She was associated with many social welfare organisations till the last day of her life. Her only living son had also been a freedom fighter.

At her death the country has lost a dedicated freedom fighter and a progressive social worker.

Now, I would request the Hon'ble Members to rise in this seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the Hon'ble Members observed two minutes silence as a mark of respect to the deceased)

Thank you ladies and gentlemen

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

## GOVERNOR'S REPLY TO THE ADDRESS

**Mr. Speaker :** I have received from the Governor of West Bengal a letter dated February 22, 1994 which is as follows :

"Raj Bhavan
Calcutta-700 062

February 22, 1994

Dear Mr. Speaker,

I, thank you for your letter of 8th February, 1994, Kindly convey to the Honourable Members of the Legislative Assembly that I have received with satisfaction their message of thanks for the speech with which I opened the session of the West Bengal Legislative Assembly on 20th January 1994.

With warmest personal regards,

Yours Sincerely
K.V. RAGHUNATH REDDY

## Heldover Starred Questions
### (to which written answers were laid on the Table)

### গ্রামীণ বৈদ্যুতিকরণ

*৭। (অনুমোদিত প্রশ্ন নং *৪৬৬) ডাঃ মানস ভুঁইয়া ঃ বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের অগ্রগতি কিরূপ ;

(খ) পশ্চিমবঙ্গের কোন জেলা গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে পিছিয়ে আছে ; এবং

(গ) মেদিনীপুর জেলার সবং ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচি কী অবস্থায় রয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সমগ্র ভারতের গ্রাম বৈদ্যুতিকরণের পরিসংখ্যান অনুযায়ী মার্চ ১৯৯২ পর্যন্ত শতকরা ৮৪.১২ গ্রাম বৈদ্যুতিকরণ করা হয়েছে। পশ্চিমবঙ্গে ঐ সময় পর্যন্ত শতকরা ৭৩.৬৯ ও ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত শতকরা ৭৫.১৪ গ্রাম বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(খ) মেদিনীপুর জেলা।

(গ) ব্লক ভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হয় না, থানা ভিত্তিক পরিসংখ্যান রাখা হয়।

## রাণাঘাট মহকুমায় বিদ্যুত সরবরাহ

*১১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২৮) **শ্রী সুভাষ বসু ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলায় রাণাঘাট মহকুমার ন'পাড়া মুসুণ্ডা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত সাহেবডাঙ্গা, গোঁসাইচরে বিদ্যুতায়নের জন্য খুঁটি পোতা হয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এই সমস্ত এলাকায় বৈদ্যুতিকরণের কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮১ সালের আদমসুমারি অনুযায়ী ও রানাঘাট থানার সি এস ম্যাপে রানাঘাট থানার অধীনে সাহেবডাঙ্গা নামে কোনও মৌজা নেই। গোঁসাইচরে (জে এল নং ১৮৯) বিদ্যুতায়নের জন্য কোনও খুঁটি পোঁতা হয় নি।

(খ) খুঁটি পোঁতা না হলেও মৌজা গোঁসাইচরে (১৮৯) নটেনসিফিকেশন স্কীমের মাধ্যমে বিদ্যুতায়নের পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে।

## বিদ্যুত-চুরি বন্ধের ব্যবস্থা

*১৩। (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৯) **শ্রী শক্তি বল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

রাজ্যের বিভিন্ন এলাকায় বিদ্যুত-চুরি বন্ধের জন্য কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুত পর্ষদ হুকিং ও ট্যাপিং করে বিদ্যুত চুরির বিরুদ্ধে নিম্ন লিখিত ব্যবস্থা নিয়েছে ঃ

(১) সাপ্লাই এর ভারপ্রাপ্ত সকল আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে তারা যেন সমস্ত রকম বিদ্যুত চুরি এবং অবৈধ ট্যাপিং এর বিরুদ্ধে তীক্ষ্ণ নজর চালান। তাদের আরও নির্দেশ দেওয়া হয়েছে যেন সব সময় তারা স্থানীয় পুলিশ কর্তৃপক্ষের সঙ্গে ঘনিষ্ঠ ভাবে যোগাযোগ রেখে বে-আইনি বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন করা, অবৈধ সাজ-সরঞ্জাম বাজেয়াপ্ত করা এবং দুস্কৃতকারীদের বিরুদ্ধে এফ আই আর, গ্রেপ্তারি পরোয়ানা জারি ইত্যাদি কাজ কর্মে পুলিশ কর্তৃপক্ষের প্রয়োজনীয় সহায়তা গ্রহণ করেন।

পর্ষদ এর সিকিউরিটি ও ভিজিলেন্স বিভাগ নিয়মিত দুষ্কৃতিকারীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে থাকেন। জনগণের কাছ থেকে প্রাপ্ত গোপনীয় তথ্য ও সংবাদের ভিত্তিতে অভিযান করা হয়। পুলিশ কর্তৃপক্ষের সহায়তায় দোষীদের গ্রেপ্তার ও অবৈধ বৈদ্যুতিক সাজ সরঞ্জাম বাজেয়াপ্ত ও এফ আই আর দাখিল করা হয়।

(২) সি ই এস সি লিমিটেডে উচ্চ শক্তিতে অধিক পরিমাণের বিদ্যুত গ্রাহকদের বিদ্যুত চুরির বিরুদ্ধে নিম্নলিখিত ব্যবস্থা নিয়েছেন ঃ

মিটারের সরঞ্জামের পূর্ণাঙ্গ পরীক্ষা এবং শিল করার জায়গাগুলিতে বিশেষ প্লাসটিক সিল দেওয়া, সন্দেহভাজন উচ্চশক্তি বিদ্যুত ব্যবহারকারী ও যে সব বিদ্যুত ব্যবহারকারীর আগে বিদ্যুত চুরির দায়ে ধরা পড়ে ছিল এমন সব গ্রাহকদের প্রতি তীক্ষ্ণ নজর রাখা,

স্ট্যাটিজ ইনটেলিজেন্ট মিটার বসানো, যাতে পরিমাপের কাজ ছাড়াও বিদ্যুত চুরি নির্ণয় সহজ সাধ্য হয়।

(৩) অল্প শক্তিতে বিদ্যুত গ্রাহকদের বিদ্যুত চুরির বিরুদ্ধে সি ই এস সি লিমিটেড নিম্নরূপ ব্যবস্থা নিয়েছেন ঃ

বিদ্যুত চুরির সংবাদ পাওয়ার পর তদন্ত, স্থানীয় পুলিশের সাহায্যে দুস্কৃতিকারীদের ধরার ব্যবস্থা নেওয়া হয় এর সঙ্গে থানায় এফ আই আর করা হয়। পুলিশের সাহায্য নিয়ে তদন্ত করে হুকিং ও ট্যাপিং করা বেআইনি বিদ্যুত সংযোগ বিচ্ছিন্ন করা।

## Starred Questions
## (to which oral answers were given)

### বাংলাদেশ থেকে ইলিশমাছ আমদানি

*২০৮। (অনুমোদিত প্রশ্ন নং *৩৩) শ্রী আব্দুল মান্নান ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩ সালে বাংলাদেশ থেকে আমদানিকৃত ইলিশমাছের পরিমাণ কত ;

(খ) জনসাধারণের মধ্যে উক্ত ইলিশ মাছ—

(১) কত টাকা দরেও

(২) কিভাবে বিক্রি করা হয়েছে এবং

(গ) কলকাতার বাইরে কোন কোন জেলায় উক্ত ইলিশমাছ জনসাধারণের মধ্যে বিক্রি করার ব্যবস্থা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) ১৯৯৩ সালে বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছের পরিমাণ ছিল ৮২.০৮৮ মেট্রিক টন।

(খ) (১) ইলিশ মাছের বিক্রয় দর ছিল— ৬০০ গ্রাম পর্যন্ত প্রতি কেজি ৩০ টাকা ৬০১ গ্রাম থেকে ৮৫০ গ্রাম পর্যন্ত প্রতি কেজি ৪৫ টাকা, ৮০০ গ্রাম থেকে ১২০০ গ্রাম পর্যন্ত প্রতি কেজি ৫৬ টাকা।

(২) মৎস্য দপ্তরের অধীনস্থ ওয়েস্ট বেঙ্গল স্টেট ফিশারমেনস কো- অপারেটিভ ফেডারেশন লিমিটেড (বেনফিস) এর নিজস্ব বিক্রয় কেন্দ্রগুলি থেকে কলকাতায় ইলিশ মাছ বিক্রি করা হয়েছে। এছাড়া কলকাতায় মৎস্যজীবী সমবায় সমিতিগুলির মাধ্যমে বিক্রি করা হয়েছে। জেলায় জেলায় ডিস্ট্রিক্ট সেন্ট্রাল ফিশারমেনস কো-অপারেটিভ সোসাইটিগুলোর মাধ্যমে মাছ বিক্রি করা হয়েছে।

(গ) কলকাতার বাইরে যে জেলাগুলিতে ইলিশ মাছ বিক্রি করা হয়েছিল সেগুলি হল ২৪ পরগনা (উত্তর ও দক্ষিণ), হাওড়া, হুগলি, পুরুলিয়া, বর্ধমান, দার্জিলিং।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই যে ইলিশ মাছ এল, এটা অনেক ওয়েস্টেজ হয়েছে। আপনি যখন জেলায় পাঠাচ্ছেন, যারা কিনতে গেছে তারা দেখছেন যে পচা ইলিশ। কাজেই আমার জিজ্ঞাসা হচ্ছে, কত ওয়েস্টেজ হয়েছে এবং এগুলি বিক্রয় করে কত লাভ হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ওয়েস্টেজের কোনও খবর কোনও জেলা থেকে আমার কাছে আসেনি। প্রত্যেক জেলায় চাহিদা অনেক বেশি ছিল, সেই অনুযায়ী আমরা দিতে পারিনি। যে পরিমাণ মাছ এসেছে এবং যা দেওয়া হয়েছে তাতে লাভ হয়েছে এখন পর্যন্ত ৪ লক্ষ টাকার উপরে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি কলকাতা আসে পাশের জেলাগুলিতে দিচ্ছেন এবং তাতে দেখা যাচ্ছে যে বেশির ভাগ সি এম ডি এ বা গ্রেটার ক্যালকাটার মধ্যে দিচ্ছেন। কলকাতায় বিভিন্ন রাজ্য থেকে মাছ আসার সুবিধা আছে। কিন্তু কলকাতার বাইরে মফস্বলে এই মাছগুলি পৌঁছে দেবার জন্য আপনার কি পরিকাঠামো আছে বা কি পরিকাঠামো তৈরি করেছেন জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** বর্ধমান, হুগলি, মেদিনীপুর, এগুলি সি এম ডি এ এলাকার মধ্যে পড়ে না। আর একটা কথা আমি বলতে ভুলে গেছি, আমরা শিলিগুড়িতে পাঠাচ্ছি। আমরা প্রত্যেক জেলা পরিষদের সভাধিপতিকে চিঠি লিখেছি যে এই বছর যদি আবার আমদানি করা হয়, জেলা থেকে চাইলে আমরা পাঠাবার ব্যবস্থা করব।

**শ্রী রবীন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই ইলিশ মাছ আনার ব্যাপারে একটা প্রসেস শুরু হল। অনেক দেরিতে হলেও এটা শুরু হয়েছে এবং প্রচারও ভাল হয়েছে। এই প্রচার অনুযায়ী সকলের কাছে এটা পৌঁছাচ্ছে না সৎ প্রচেষ্টা থাকা সত্ত্বেও। এখন পরিমাণের

দিক থেকে সন্তোষজনক না হলেও এটা উল্লেখযোগ্য যেহেতু প্রসেস শুরু হয়েছে, নেকস্ট ইয়ারের শুরু থেকে এগুলি আরও বেশি আমদানি করার জন্য এখন থেকে পদ্ধতি গ্রহণ করার কোনও পরিকল্পনা আপনার দপ্তর থেকে করা হয়েছে কিনা জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমরা ইতিমধ্যে বাংলাদেশ সরকারকে জানিয়েছি এবং ৩১শে মার্চ পর্যন্ত ওরা ওদের থেকে যারা সরবরাহ করতে ইচ্ছুক তাদের কাছ থেকে দরখাস্ত নিতে পারে। সেই মতো বাংলাদেশ হাই কমিশনকে জানিয়েছি। আমাদের কলকাতায় যে রিটেল আউট লেট আছে তার মাধ্যমে আমরা বিক্রি করি। কলকাতার বাইরে যে জেলাগুলি আছে সেখানে ডিস্ট্রিক্ট সেন্ট্রাল ফিশারমেনস কো-অপারেটিভ সোসাইটি আছে, তার সভাপতি রেকমেন্ড করলে তার মাধ্যমে বিক্রি করি। তবে বৃহৎ পরিমাণ ইলিশ মাছ আমদানি হলে তার বিক্রি করার জন্য যে ইনফ্রাস্ট্রাকচার দরকার, আমাদের সরকারের হাতে সেইরকম ইনফ্রাস্ট্রাকচার নেই। আমরা চেষ্টা করছি কিভাবে সরবরাহ সুষ্ঠভাবে করা যায় তার চেষ্টা করার।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, আমাদের রাজ্যের মৎস্যজীবীরা সমুদ্র থেকে যে ইলিশ মাছ ধরে সেইগুলি বাজারে তারা প্রচুর দামে বিক্রি করে যেটা জনসাধারণের ক্রয় ক্ষমতার বাইরে চলে যায়, আপনি যেমন বাংলাদেশ থেকে ইলিশ মাছ আমদানি করে নিয়ন্ত্রিত দামে বাজারে বিক্রি করেন জনসাধারণের কাছে তেমনি ভাবে এই সমুদ্র থেকে যে ইলিশ মাছ ধরা হয় সেটা যাতে নিয়ন্ত্রিত দামে বিক্রি করা হয় বাজারে তার ব্যবস্থা আপনি গ্রহণ করবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** ইলিশ মাছের মূল্য আমি নিয়ন্ত্রণ করি না। তাছাড়া আমাদের মৎসজীবীরা একটু বেশি পয়সা পায় সেটা আমি চাই। তাছাড়া ইলিশ মাছের দাম আমদানির উপর নির্ভর করে। যখন বেশি আমদানি হয় তখন দাম কমে যায় আর যখন কম আমদানি হয় তখন বেশি দাম পড়ে যায়। আমাদের মৎস্যজীবীরা যদি বেশি পয়সা পায় তাতে আমি খুশি।

## কৃষি জমি চা-বাগানে রূপান্তর

*২১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮১) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তরবঙ্গের বিস্তৃত কৃষি জমি চা-বাগানে রূপান্তরিত হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কি পদক্ষেপ নিচ্ছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ**

(ক) কিছু কৃষি জমি চা-বাগানে রূপান্তরিত করার প্রবণতা দেখা গিয়েছিল।

(খ) বিনা অনুমতিতে, পরিবেশের সুরক্ষা ছোট চাষীর স্বার্থ বিঘ্নিত করে এবং আইনের

বিধান অমান্য করে যাতে এই পরিবর্তন না করা হয়, সে উদ্দেশ্যে বিস্তারিত নীতি নির্দেশ দেওয়া হয়েছে। এখন সরকার দ্বারা বিশদ পরীক্ষা ব্যতিরেকে কোনও জমির এরূপ রূপান্তরের অনুমতি দেওয়া হচ্ছে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার দপ্তর জানে আপনি আপনার দপ্তরের তথ্য সম্পর্কে পার্টিকুলারলি খুবই ওয়াকিবহাল। আপনি বলেছেন প্রবণতা দেখা গিয়েছে। আবার পরের প্রশ্নের উত্তরে বলছেন যে বিধান লঙ্ঘন করে যাতে না হয় তার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। তার মানে প্রবণতা নয়, বেআইনি ভাবে প্রচুর কৃষি জমি চা বাগানে রূপান্তরিত হচ্ছে। আমি জানতে চাই ইতিমধ্যে পশ্চিমবাংলায় এই রকমভাবে কত পরিমাণ জমি কৃষি জমি থেকে চা বাগানে রূপান্তরিত হয়েছে বিধি লঙ্ঘন করে সেটা আপনি অ্যাসেস করে দেখেছেন কিনা? থাকলে তার পরিমাণ কত এবং সেই সব ক্ষেত্রে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়েছে কিনা?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি প্রথম প্রশ্ন যেটা করেছেন সেটা স্পেসিফিক ভাবে দেবেন তাহলে আমি জানাতে পারব। উত্তরবাংলার ৫ জেলায় কতটা কি হয়েছে সেই তথ্য সংগৃহীত নয়। আমি বলেছি প্রথমে কিছু আরম্ভ হয়েছিল। তারপর আপনি জানেন যে প্রিন্টেড গাইড লাইন দেওয়া হয়েছে, সমস্ত কিছু বিস্তারিত ভাবে জানানো হয়েছে, ৫টি জেলার ডি এম, এস পি এবং সমস্ত আধিকারিক যারা আছেন তাদের দেওয়া হয়েছে। সমস্ত জিনিসটা আমি রেডিওতে টিভিতে বিস্তারিত ভাবে ব্যাখ্যা করেছি। চা-বাগান মালিকদের যে ৪টি অর্গানাইজেশন আছে, পৃথক পৃথকভাবে সমস্ত জিনিসটা এক্সপ্লেন করেছি। তারপর এখানে একটা অ্যারেঞ্জমেন্ট করা হয়েছে, ডিভিসনাল কমিশনার উত্তরবঙ্গে যারা আছেন এবং ৫টি জেলার ম্যাজিস্ট্রেটদের নিয়ে একটা কমিটি করা আছে এবং সেই কমিটিতে আমাদের ডিপার্টমেন্টের আধিকারিকরা আছেন। তারা, আমাদের যে নির্দেশনামা আছে গাইড লাইন আছে সেই গাইড লাইন অনুযায়ী সমস্ত কিছু পরীক্ষা করার পর দিতে পারেন। তা না হলে কোনও রকম ভাবে স্যাংশন দেওয়া হয় না। আগে যেটা হয়েছে তারা এই রকমভাবে সরকারের থ্রু নেন নি। তারা করেছেন কি, জমির মালিককে চাকুরি দেবার লোভ দেখিয়ে জমি কিনেছে। কিন্তু সেই জমি কিনতে পারে না। যেমন ধরুন এনকোয়ারি করে দেখলাম যে পাট্টা দেওয়া হয়েছে সেই জমির জন্য তাদের ভবিষ্যতে চাকুরি দেওয়া হবে এবং তাদের বেশ কিছু টাকা দিয়ে তাদের জমি কিনে নিয়েছে। কিন্তু আপনারা জানেন, আমি এখানে অনেকবার এক্সপ্লেন করেছি, পাট্টা প্রাপ্ত যে জমি তা পাট্টা প্রাপক পুরুষাণুক্রমিক ভোগ করতে পারেন। হেরিডেটেবল রাইট আছে, বাট দ্যাট ইজ নট ট্রান্সফারেবল। সেজন্য যদি কোনও মালিক কিনে থাকে, সেই কেনাটা ইনভ্যালিড, সেটাতে আইনের কোনও সমর্থন নেই। তেমনি বর্গা জমি যে লাভ দেখিয়ে কিনেছে, এটা প্রাইভেট ট্রানজাকশন, এটা চলতে পারে না। সেইরকম এরজন্য কোনও অর্ডার ইত্যাদি দিতে পারে না। আমরা আগে আগে চেষ্টা করতাম, কিন্তু রেজিস্ট্রী অফিস তা মানেনি। আমরা যখন তাদের বলেছি যে এগুলো রেজিস্ট্রী করবেন না, তারা বলেছে যে, তাদের কাছে যারা আসবে তাদেরগুলো রেজিস্ট্রী করবে। সেজন্য এটা সুনিশ্চিত, কাউকে দেওয়া হবে না। ডিস্ট্রিক্ট লেভেলে একটা কমিটি আছে, সেখানে কমিশনারকে পরিষ্কার করে বলে দেওয়া হয়েছে যে, যে সমস্ত চা বাগানের মালিক নতুন চা বাগান করার জন্য জমি

চাইবে তখন প্রথমে আইন অনুযায়ী দেখতে হবে। তার যদি আগে থেকে কোনও জমি থেকে থাকে, তাহলে সেই জমি সে পরিপূর্ণ ভাবে ব্যবহার করেছে কিনা। যদি সেটা পরিপূর্ণ ব্যবহার না করে নতুন জমি চায়, তাহলে হবে না। তারজন্য বাৎসরিক একটা রিপোর্ট দেবার ব্যবস্থা আছে।

(**ডাঃ জয়নাল আবেদিন ঃ** রিপোর্টটা কে দেবে?)

যারা ধরুন একজিস্টিং টী গার্ডেনের মালিক, তাদের কাছে ধরুন দু হাজার বিঘা জমি আছে। সেই দু হাজার বিঘা জমির ভেতরে টী গার্ডেনের জন্য আমাদের একটা প্রোপোর্শন করা থাকে ওয়ান ইন্টু পয়েন্ট ফাইভ, তারমানে, এক হাজার বিঘা যদি চা বাগান করে থাকে তাহলে সে তার পাঁচশো বিঘা পেতে পারে। সেখানে তার ফ্যাক্টরির যে সমস্ত লোক আছে তাদের জন্য কোয়ার্টার, ধাওড়া এই সমস্ত তৈরি করার জন্য, অ্যানসিলারি পারপাসের জন্য এইসব সে করেছেন কিনা, আর নতুন যদি হয়, তাহলে ওখানে যে কমিটি আছে, সেই কমিটি এইসব দেখবে। তারপর সেটা স্যাংশন হয়েছে কিনা ব্যাঙ্ক লোনের ব্যাপারে, এগুলো করার পর তবেই হবে। সে যেখানে সেখানে এটা করতে পারবেনা। সে যদি জেলায় করতে চায় তাহলে সেই জেলার কালেক্টরের কাছে তাকে যেতে হবে। ম্যাজিস্ট্রেট কনসার্ন সেই জেলার কালেক্টরের কাছে রিজিউম ল্যান্ড যেমন জলপাইগুড়ি, দার্জিলিং-এর ক্ষেত্রে সেই রিজিউম ল্যান্ড তিনি দেবেন। কিন্তু তা না হয়ে নিজে যা খুশি তাই করবে, যে কোনও জমি কিনবে এবং চা বাগান করবে তা হবে না। যেমন, জমির চারপাশে যদি ধানী জমি থাকে, সেখানে জমি কিনে ফেন্সিং দিলেন, তাতে লোকের যাতায়াতের পক্ষে অসুবিধা হল, ড্রেনেজ করলেন, তাতে লোকের ক্ষতি করলেন, এইভাবে ট্রেডিশনাল এরিয়া যেগুলো আছে সেগুলোতে চা-বাগান করা যাবে না। রিজিউম ল্যান্ড যা আছে সেইসব জমি আগে ইউটিলাইজড হবে, প্রথমে তা না করে অন্য জিনিস করলে তিনি স্যাংশন পাবেন না।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে দেখলাম যে উত্তর দেওয়ার ক্ষেত্রে তার কোনও কার্পণ্য নেই। তার হোম টাস্ক খুব ভাল। আমার জিজ্ঞাস্য হচ্ছে, আপনার দপ্তরে যে বিধিনিষেধগুলো আছে, অর্থাৎ চাষযোগ্য জমি, আদিবাসীদের জমি, খাস জমি, তিস্তা কমান্ড এরিয়াতে যে জমি আছে, এইসব জায়গায় চা বাগান করা বে-আইনি। এছাড়া ভূমি ও ভূমি সংস্কার আইনের ৪(গ) ধারায় স্পেসিফিক বলা আছে যে জমির ক্যারাক্টার বদলানো যাবে না। এই যে বিধি নিষেধের কথা আপনি এতক্ষণ ধরে বললেন এটা কবে থেকে আপনি নিয়েছেন জানি না। তবে আমার কাছে খবর আছে যে ডাঃ জয়নাল আবেদিনের জায়গা দিনাজপুর থেকে উত্তরবঙ্গের বেশ কিছু জেলার বিশেষ করে আদিবাসীদের জমি গ্রাস করে সেগুলোকে চা বাগানে রূপান্তরিত করা হচ্ছে। আমার এটা একটা রেলিভেন্ট প্রশ্ন যে, এতে কত জমি রূপান্তরিত হয়েছে এবং এর বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** গাইড লাইনের কথা যেটা আমি বললাম, তাতে বলা হয়েছে কোনও কোনও জায়গায় ইমপ্লিমেন্ট হয়েছে। এক্ষেত্রে দুটো পার্থক্য বোঝাবার চেষ্টা করতে

হবে। গাইড লাইন যেটা আমাদের কাছে আছে তাতে আমরা কি কি করতে পারি না বলা আছে। সেটা না মেনে যারা মনে করছে টাকা ঘুস দিয়ে করবে বলে কিছু করছেন সেগুলো আমরা পাস করিনি। আপনারা জানেন যে, সেকেন্ড অ্যামেন্ডমেন্ট যেটা এনেছিলাম তাতে বলা আছে যে, এক্ষেত্রে ক্যারেক্টার অফ দি ল্যান্ড চেঞ্জ করতে হবে এবং তারজন্য প্রায়োর পারমিশন অফ দি কালেক্টার ছাড়া করতে পারবে না। এগুলো না করলে জিনিসটা বেআইনি হবে। এবং এই জিনিস হলে আমরা তা আইনত করতে পারি না। যদি পাট্টা জমি হয় যে অংশটার জমি কিনে থাকে বর্গাদার, সেক্ষেত্রে তাদের রাইট অফ কাল্টিভেশন হয়ে যায় এবং হেরিডিটারি জমি ওইরকমভাবে কেনা যায় না। পাট্টা জমি কেনা এরমধ্যে ইনভলভ নয় এবং সেটা বলার প্রশ্নই আসে না। সেখানে যদি স্পেশ্যাল কোনও কেস দেখাতে পারেন যে এইরকম হয়েছে এবং গভর্নমেন্ট সেটা মেনে নিয়েছে তাহলে আমি বিষয়টা নিশ্চয়ই দেখব। কিন্তু এই জিনিস হতে পারে না কারণ পরিস্কার নির্দেশ দেওয়া আছে কমিটির কাছে এবং এই বিষয়ে স্ট্রিক্টলি নির্দেশ বা গাইড লাইন দেওয়া আছে যারা এইসব নির্দেশ মেনে চলবে তাদের সুযোগ দেওয়া হবে এবং তাছাড়া অন্য কেউ পাবে না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রীর কাছে আমার জিজ্ঞাস্য যে, আপনার দপ্তরে অধীনে কত জমি চা বাগানে রূপান্তরিত হয়েছে এবং তারজন্য আপনারা কি কোনও তদন্ত করে দেখেছেন? আপনারা যদি প্রস্তুত না হয়ে থাকেন তাহলে আমি নোটিশ দেব তখন উত্তর দেবেন।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আপনি স্পেসিফিক প্রশ্ন করবেন যে, আজ পর্যন্ত এই আইন না মেনে কোথায় কি হয়েছে তাহলে সেটা আমি বিভিন্ন জেলা থেকে রিপোর্ট নিয়ে উত্তর দিতে পারব। এখন তো অধিবেশন চলছে আপনি নোটিশ দিন আমি উত্তর দিয়ে দেব।

**Dr. Zainal Abedin :** Will the Hon'ble Minister be pleased to state as to whether he has taken any action or not. Because we raised the question in last year's land and revenue budget that so many lands are being converted to tea gardens. I want to know whether he has taken any cognizance or has conducted any enquiry or has ignored whatever has been discussed in the House.

**Shri Benoy Krishna Chowdhury :** In my answer I have already told that there was certain tendency initially and after that an exhaustive guideline has been issued and that is being strictly followed. Anybody who violate guidelines will be strictly dealt with.

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এই যে উত্তরবঙ্গের চায়ের জমিতে চা-বাগান হচ্ছে বিশেষ করে উত্তরবঙ্গের ইসলামপুরের চোপরায় এবং অল ওভার নর্থ বেঙ্গলে তিনটি গ্রুপ আছে, একটা হচ্ছে গভর্নমেন্টের সঙ্গে নেগোশিয়েট করে বড় ইন্ডাস্ট্রিয়াল হাউস চা বাগান করছে, যেমন হ্যারিসান মালয়ালম গ্রুপ ডানকান গ্রুপ, এরা হাজার হাজার একর জমি নিচ্ছে, দুই হচ্ছে চা বাগান সংশ্লিষ্ট ছোট কৃষকের জমি যাদের একজিসটিং চা বাগান আছে তারা ছোট

ছোট চা বাগান নিয়ে নিচ্ছে, তিন হচ্ছে, যারা আনারস বাগান করেছিল তারা চা বাগানে কনভার্ট করছে, এটার জন্য তো লেখালিখি করতে হবে। আমি সামগ্রিকভাবে জানতে চাই, চা বাগানে কানভার্ট করার ক্ষেত্রে সরকার থেকে তো এই ব্যাপারে নো অবজেকশন নিতে হবে, কনভারসান করতে হবে, ক্যাটাগোরিকালি সরকার থেকে এই ব্যাপারে কি কোনও গাইড লাইন আছে, কিভাবে করা যাবে, কার পারমিশন নিতে হবে, এবং অ্যাকচুয়ালি দেখা যাচ্ছে গরিব লোকদের, ট্রাইবাল লোকেদের চাষের জমিগুলি চলে যাচ্ছে, এই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** পুর্বেই বলেছি, গাইড লাইন ভেঙ্গে যারা করেছে তাদের কোনও প্রোটেকশন দেওয়া হবে না। ভূমি ও ভূমি সংস্কার বিভাগ ১১-৬-৯০ থেকে ৪ বছর আগে ৫৫২ এল রেফ, এবং ১-১১-৯০ তারিখে ৮০৮ এল রেফ এবং ৭-১২-৯৩ তারিখে ১২৪২ এল রেফ এই রকম অসংখ্য আছে। এর ভেতরে যা নির্দিষ্ট আমরা মনে করি, কোনও পূর্ব প্রতিষ্ঠিত চা বাগান নতুন জমিতে চা করার প্রস্তাব বিবেচনার পূর্বে নিশ্চিত হতে হবে, যে তাদের হাতে আগের থেকে যে জমি আছে সেই চায়ের উৎপাদনে সম্যক ব্যবহৃত হচ্ছে। এটা মুখে আগেই বলেছি। তারপরে তিন নম্বর হচ্ছে, দরখাস্তকারীকে টী বোর্ডের সুপারিশ করতে হবে। ৪ নম্বর হচ্ছে, তিস্তা ব্যারেজ প্রকল্পের কমান্ড এলাকার জমি, বনভূমি, তফসিলি উপজাতিভুক্ত ব্যক্তির জমি, পাট্টা জমি বা বর্গা চাষের জমিতে চা বাগান করার অনুমতি দেওয়া যাবে না। ৫ নম্বর হচ্ছে, চা চাষের ফলে ভূমিচ্যুত বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের চাকুরি দিতে হবে বা ভাতা দিতে হবে। ৬ নম্বর হচ্ছে, এই সমস্ত বিবেচনার সময় দেখতে হবে যাতে বর্তমানে জলনিকাশি ব্যবস্থা সেচ, বিপনন রাস্তা, যোগাযোগ, মাছ চাষ ইত্যাদি ক্ষতিগ্রস্ত না হয়। চারিদিকে চাষের জমি তার মাঝখানে যদি কেউ চা চাষ করতে চায় তাহলে সেখানে অসুবিধা হতে পারে। কারণ চা বাগান করতে গেলে চা বাগানকে ফেন্সিং করতে হয়, তার ড্রেন আউট করতে হয়। তারপরে বলা হচ্ছে, এই সকল প্রস্তাব বিবেচনার জন্য জেলাস্তরে একটা কমিটি আছে, দার্জিলিং ছাড়া অন্য জেলায় এই কমিটির সদস্য আছেন, জেলা সভাধিপতির প্রতিনিধি জেলা সমাহর্তা এবং জেলার ভূমি ও ভূমিসংস্কার আধিকারিক, শিলিগুড়ি মহকুমা পরিষদভুক্ত এলাকার জন্য জেলা সভাধিপতির বদলে মহকুমা পরিষদের সভাধিপতির প্রতিনিধির সদস্য আছে, দার্জিলিং জেলার অন্য এলাকার জন্য কমিটির সদস্য আছেন, দার্জিলিং গোর্খা হিল কাউন্সিলের চিফ একজিকিউটিভ অফিসার বা তার প্রতিনিধি, জেলা সমাহর্তা এবং জেলা ভূমি ও ভূমিসংস্কার আধিকারিক। আপনি একজন লিডার লোক, প্রশ্ন করেছেন, আমি বলছি, আপনি উত্তরটা শুনুন শুনে প্রশ্ন করুন।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছেন, তাতে উনি জানিয়েছেন যে কি কি ব্যাপারে ভায়োলেশন করা যাবে না। তিস্তা কমান্ড এরিয়ায় পাট্টাদার এবং বর্গাদাররা এই যে ভায়োলেশন করছে এই ব্যাপারে কোনও খবর আছে কিনা এবং কত একর জমি তারা চা-বাগান হিসাবে চাষ করছে? আমার দ্বিতীয় প্রশ্ন হল, আপনি বলেছেন রেজিস্ট্রি অফিসে পাট্টাকৃত জমি রেজিস্ট্রি করা উচিত নয়, কিন্তু

তারা বলছে করব। আমি আপনার কাছে জানতে চাইব, এইভাবে পাট্টাকৃত জমি যাতে রেজিস্ট্রি না হয় সেইজন্য আপনার দপ্তর এবং ল ডিপার্টমেন্ট মিলিতভাবে রেজিস্ট্রি এবং সাব-রেজিস্ট্রি অফিসে আইনকে অ্যামেন্ড করে নির্দেশ দেওয়ার কথা ভাবছেন কিনা এবং নির্দেশ দেবেন কি না?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি আগেই এই প্রশ্নের জবাব দিয়েছি। এই রকম কিছু কিছু ঘটনার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে। তবে ডিটেইলসে ঘটনাগুলো বলতে পারছি না তবে সেটাকে আমরা মানিনা। এই রেজিস্ট্রাররা আমাদের ডিপার্টমেন্টের আওতায় পড়েন না। বিচার-বিভাগীয় ডিপার্টমেন্টের আওতায় পড়ে এবং বর্তমানে ফিনান্স ডিপার্টমেন্টের আওতায় এসেছে। সুতরাং এইগুলো আলাদা। জমির কারেক্টারকে চেঞ্জ করে যারা চা-বাগান করে যাচ্ছে সেটা সম্পূর্ণ বেআইনি। অতএব বেআইনি জিনিসকে আমরা রেকগনাইজড করিনি, ইট ইজ নট ট্রান্সফারেবল। বড় বড় ল্ ইয়াররা এই ব্যাপারে কোনও উত্তর দিতে পারছে না। দেয়ার ইজ নো ল্, ডিসটিনগুইসড ল-এর উপর থেকে কাজ করতে হয়। যারা ইললিগাল কাজ করছে, তারা আইন ভেঙ্গে কাজ করছে, তারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে। আমরা শুধু এটা বার বার করে বলছি, ক্লিয়ারলি এটা বলে দেওয়া আছে এবং আমাদের যে কমিটি ওখানে আছে, তারাও স্ট্রিক্টলি গাইড লাইন অনুযায়ী চলে।

**শ্রী মহঃ আব্দুল করিম চৌধুরি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, ইসলামপুরের চোপরায় যে ৮৫টি চা-বাগান গড়ে উঠেছে, ৫০০ একর থেকে ২৫০০ একর পর্যন্ত জমি নিয়ে, তারা কিন্তু এখনও এন ও সি পাইনি। সেই জমিগুলোতে যে বেআইনি চা- বাগান হয়েছে, সেই ব্যাপারে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন? এছাড়া করব স্থান, তিস্তার কমান্ড এরিয়া, এগ্রিকালচারাল ল্যান্ড, ফরেস্ট ল্যান্ড, এই সমস্ত জায়গায় যে চা-বাগান হচ্ছে সেই ব্যাপারে আপনি কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** আমি আবার বলছি, আপনি একটি স্পেসিফিক জায়গা সম্বন্ধে স্পেসিফিক প্রশ্ন করেছেন। আপনি এ সম্পর্কে স্পেসিফিক প্রশ্ন দিন, আমি উত্তর দিয়ে দেব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় প্রবীণতম স্বাধীনতা সংগ্রামী এবং স্বাধীনতা আন্দোলনের পেছনের কথা তার সবই মনে আছে। এই কোয়েশ্চেনের কনটেস্টে আমার সাপ্লিমেন্টারি প্রশ্ন হল, স্বাধীনতার পরবর্তীকালে আমাদের বহু লক্ষ লক্ষ একর কৃষিজমি পাট চাষের জমিতে রূপান্তরিত হয়েছিল এবং সে সময় যে সমস্ত কনডিশনালিটিস ছিল, গাইড লাইন ছিল এখন কেন্দ্রীয় সরকার সেই সমস্ত কনডিশনালিটিস এবং গাইড লাইন মেনে চলছেন কিনা এবং সেইভাবে আমাদের খাদ্য সরবরাহ করছেন কিনা এবং অন্যান্য ভাবে সাহায্য করছেন কিনা? কারণ বৈদেশিক মুদ্রা অর্জনের জন্যই এই সমস্ত কৃষিজমি পাট চাষের জমিতে রূপান্তরিত হয়েছিল।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মূল প্রশ্নটা হচ্ছে চা বাগান সম্পর্কিত প্রশ্ন। আপনি যে অতিরিক্ত প্রশ্ন করলেন সেটা অন্য প্রশ্ন।

**শঙ্করপুরে চিংড়িমাছের চাষ**

*২১৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকারের তরফে মেদিনীপুর জেলার শঙ্করপুরে কতিপয় বেসরকারি সংস্থা এবং ব্যক্তিমালিকানাধীন সংস্থাকে চিংড়িমাছ চাষের জন্য অনুমতি দেওয়া হয়েছে ;

(খ) সত্যি হলে, কোন কোন সংস্থা এই মঞ্জুরি পেয়েছে ;

(গ) তাদের মালিকের নাম কি ; এবং

(ঘ) সরকারি তরফ থেকে এ ব্যাপারে উদ্যোগীদের কি কি সাহায্য দেওয়া হয়েছে/প্রস্তাব করা হয়েছে?

**শ্রী কিরণময় নন্দ ঃ**

(ক) শঙ্করপুরে কোনও বেসরকারি সংস্থা এবং ব্যক্তি মালিকানাধীন সংস্থাকে চিংড়ি চাষের জন্য অনুমতি দেওয়া হয় নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে শঙ্করপুরে কোনও বেসরকারি কর্তৃপক্ষকে চিংড়ি মাছ চাষের অনুমতি দেওয়া হয়নি। কিন্তু আমরা জানি যে আপনার দপ্তরের তত্বাবধানে শঙ্করপুরে চিংড়ি মাছ চাষের জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আমার প্রশ্ন, কি ভিত্তিতে সেখানে চাষ হচ্ছে, এর কর্তৃপক্ষ কে—আপনার দপ্তর সরাসরি না যৌথ উদ্যোগে হচ্ছে সেটা জানাবেন কি?

**শ্রী কিরণময় নন্দ ঃ** শঙ্করপুরে আমাদের একটি মৎস্য বন্দর আছে। এখনও চিংড়ি মাছ চাষের জন্য কোনও রকম ব্যবস্থা নেওয়া হয়নি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, এখনও কোনও উদ্যোগ গ্রহণ করা হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এর কোনও পরিকল্পনা আছে কিনা?

**শ্রী কিরণময় নন্দ ঃ** এখানে বিশ্বব্যাঙ্কের পরিকল্পনায় একটি হ্যাচারি নির্মাণের প্রকল্প আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, শঙ্করপুরে মৎস্য বন্দরে যাবার

পথে আলমপুরে বা কাছাকাছি ইত্যাদি জায়গায় বেসরকারি সংস্থা বা ব্যক্তি মালিকানাধীন সংস্থাকে যেকোনও পরিকল্পনা নেওয়ার জন্য মৎস্য দপ্তর থেকে জায়গা দেওয়া হয়েছে কিনা এবং হলে তা কোন শর্তে?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আপনি বিরাট এলাকা সম্বন্ধে প্রশ্ন করলেন কারণ সমুদ্র উপকূল ধরে বিরাট জায়গায় মাছ চাষ হয়। আলমপুরে একটি স্টেট ফিশারিস ডেভেলপমেন্ট কর্পোরেশনের ফার্ম আছে এবং ইউ এন ডি পি-র একটি ফার্ম হয়েছিল, কেন্দ্রীয় সরকারের অধীনস্থ মেরিন প্রোডাক্ট এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটিকে দেবার জন্য সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** কোনও ব্যক্তি মালিকানাধীন সংস্থাকে দেওয়া হয়েছে কি?

**শ্রী কিরণময় নন্দ** - বেসরকারি কেউ পায়নি।

**শ্রী সৌগত রায় ঃ** এর আগে হাউসের প্রশ্নোত্তরে জানিয়েছেন, কোথায় কোথায় ওরা জয়েন্ট সেক্টারে প্রাইভেট সেক্টারে দিয়েছেন। যেমন হেনরিজ আইল্যান্ড ইত্যাদি আছে। মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি, এই রকম জয়েন্ট সেক্টারে জমিটা সরকারের আর প্রাইভেট সেক্টারে আলমপুরে বা শঙ্করপুরের কোনও জয়েন্ট সেক্টারে ফিশারিজ আমাদের রাজ্য সরকারের দপ্তর করেছে কি না?

**শ্রী কিরণময় নন্দ ঃ** আমি খোলাখুলি বললাম, আমাদের এই ধরনের কোনও প্রোজেক্ট এখনও হয়নি। জয়েন্ট সেক্টারে হয়নি, পাবলিক সেক্টারে হয়নি, প্রাইভেট সেক্টারেও হয়নি। আলমপুরে যেটা হয়েছে সেটা স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশনের অধীনস্থ। আর একটা হয়েছে কেন্দ্রীয় সরকারের মেরিন প্রোডাক্ট এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি ওরা ইউ এন ডি পি-র মাধ্যমে একটা প্রোজেক্ট করছে।

## Acquisition of Land in Taltore Mouza

*216. (Admitted Question No. *991) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Land and Land Reforms Department be pleased to state—

(a) whether any acquisition of land has been initiated by the Land and Land Reforms Department in the Taltore Mouza, Bolpur P.S. of Birbhum district ;

(b) if so, the purpose of the said acquisition ;'

(c) whether the land to be acquired included land owned by some Scheduled Castes and Scheduled Tribes people ; and

(d) the rate of compensation proposed to be paid for the said acquisition ?

**Shri Benoy Krishna Chowdhury :**

(a) Yes.

(b) The acquisition has been made for the purpose of development of a Modern Urban Township.

(c) Yes.

(d) The following rates are proposed for said acquisition—

| Classes of land | Rate per acre |
|---|---|
| 1. Suna | Rs. 82,580/- |
| 2. Sali | Rs. 73,560/- |
| 3. Danga | Rs. 2,27,200/- |
| 4. Tari | Rs. 82,580/- |
| 5. Bari | Rs. 84,070/- |
| 6. Rasta | Rs. 1,000/- |
| 7. Indara | Rs. 21,020/- |
| 8. Dahar | Rs. 21,020/- |

[11-40 — 11-50 A.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, আমি মন্ত্রী মহাশয়কে এই প্রশ্নটা করেছি তার কারণ এটা হচ্ছে একটা উদাহরণ, যেখানে বামফ্রন্ট সরকার গরিব আদিবাসী এবং তফসিলিদের উচ্ছেদ করে শান্তিনিকেতনের পাশে বড় লোকদের জন্য এস এস ডি এ, সোমনাথ চ্যাটার্জির চেয়ারম্যান শিপে একটা টাউনশিপ তৈরি করছেন, সেখানে অত্যন্ত নাম মাত্র কমপেনসেশন দিয়ে শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইব লোকদের উচ্ছেদ করছেন জবরদস্তি করে। মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, যাদের উচ্ছেদ করা হচ্ছে—আপনিও বলেছেন। শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবদের যারা উচ্ছেদ হচ্ছে তাদের সংখ্যা কত এবং আদার ব্যাকওয়ার্ড ক্লাশের কত জন উচ্ছেদ হয়েছে মন্ডল কমিশনের আওতাভুক্ত, এটা মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** প্রথম হচ্ছে, যেটা বলেছেন, যে অ্যাকচুয়াল মাত্র অল্প কিছু লোক অ্যাফেকটেড হয়েছে এবং আমি নিজে গিয়েছিলাম এবং গিয়ে আমি সোমনাথ বাবুর সঙ্গে কথা বলেছি। ফ্যাক্ট হচ্ছে, সেখানে ডাঙ্গা, ডহর জমির জন্য একর প্রতি এক লক্ষ দু লক্ষ ৮৭ হাজার টাকা করে তাদের দেওয়া হয়েছে, এটা যদি নাম মাত্র বলেন সেটা ঠিক নয়। এবং আপনার অবগতির জন্য জানাচ্ছি কমপেনসেশন ছাড়াও যারা ওখান থেকে উচ্ছেদ হয়েছে, তাদের পাশের গ্রামে রিহ্যাবিলিটেট করা হবে সরকারি ভাবে। শিবু সোরেন এসেছিলেন, তাকেও আমরা বলে দিয়েছি। আমরা এত ফুল নয় যে, ওটার মধ্যে দিয়ে আপনাদের একটা সুযোগ দিয়ে দেব। আপনি এর সত্যতা জেনে নেবে। যে কমপেনসেশন আমরা দিয়েছি সেটাও

[ব কম নয়। তা সত্ত্বেও মানুষ কোথায় যাবে, সে জন্য পাশের গ্রামে শিডিউল্ড কাস্ট এবং গডিউলড ট্রাইবদের পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। এটা হচ্ছে, এ খবর আমি নিয়েছি। আমি ওখানকার খবর আপনাদের চেয়ে অনেক বেশি রাখি। আমরা যা দিয়েছি তার চেয়ে অনেক কম দাম দিয়ে কিছু প্রোমোটার ওখানে জমি নিয়ে নিচ্ছিল। আপনি আমার সঙ্গে ওখানে চলুন, আমি আপনাকে সব দেখিয়ে দেব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রীর অবগতির জন্য জানাচ্ছি যে, উনি ফিগারটা জানাবেন না। কিন্তু এই জনদরদি বামফ্রন্ট সরকার শান্তিনিকেতনে বড়লোকদের জন্য নতুন টাউনশিপ করতে আমার হিসাবে ২২টি শিডিউলড ট্রাইবস পরিবার যারা জমির ওনার ছিল তাদের উচ্ছেদ করেছে, ৭টি শিডিউলড ট্রাইবস পরিবার, যারা পাট্টা হোল্ডার ছিল তাদের উচ্ছেদ করেছে, ৮টি শিডিউলড কাস্ট জমির ওনার পরিবারকে উচ্ছেদ করেছে, এবং ৩৬টি ও বি সি পরিবার, যারা জমির ওনার ছিল তারা উচ্ছেদ হয়েছে। ওদের উচ্ছেদ করা হয়েছে কারণ সোমনাথবাবুর সখ হয়েছে শান্তিনিকেতনে নিজের কন্ট্রোল একটা টাউনশিপ বানাবার। তাদের কে প্রাইস দিচ্ছেন ১ লক্ষ ৮ হাজার ৯২৬ টাকা পার একর। তার মানে প্রতি বিঘা ৩৬ হাজার টাকা এবং কাঠা প্রতি দেড় থেকে পৌনে দু হাজার টাকা। এই রিডিকুলাস প্রাইসে এই জিনিস করছেন। আমি যেটা আপনার কাছে জানতে চাইছি, আপনি যদি মনে করেন রেক্রেটিভ প্রাইস দিচ্ছেন তাহলে আপনি কেন অ্যাক্ট অফ ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড অ্যাকুইজিশন অ্যান্ড রিক্যুইজিশন অ্যাক্ট ১৯৪৮ ব্যবহার করলেন? ট্রাইবালদের উচ্ছেদ করে একটা নতুন টাউন করার জন্য ওটা ব্যবহার করলেন কেন? আইনের এমার্জেন্সী প্রভিসন ব্যবহার করলেন কেন? রেল লাইনের পাশে এমন ভাবে টাউন হচ্ছে যে, রেল লাইন ডাবলিং করার জন্য বা রেল ইয়ার্ডের জন্য ওখানে আর ভবিষ্যতে জমি পাওয়া যাবে না। ট্রাইবালদের পুলিশ দিয়ে জমি থেকে উচ্ছেদ করেছেন। আমি ওর প্রস্তাব মেনে নিতে রাজি আছি যদি উনি বিধানসভার বিরোধী দলের নেতাকে নিয়ে গিয়ে সমস্ত কিছু দেখিয়ে তাকে সন্তুষ্ট করতে পারেন। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি প্রবীণ লোক, আপনি এমার্জেন্সি প্রভিসন অফ ল্যান্ড অ্যাক্টে জারি করে ট্রাইবালদের উচ্ছেদ করলেন কেন? আপনাকে জানাতে হবে, আপনি ওখানকার পরিবেশ নষ্ট করতে দিচ্ছেন কেন?

[11-50 — 12-00 Noon]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** বর্তমানে অ্যাক্ট আর নেই, সেটা শেষ হয়ে গেছে। যত দিন অ্যাক্ট-২ চালু ছিল ততদিন তা অনবরত ব্যবহৃত হয়েছে। এটা আপনারা ভাল করেই জানেন। অ্যাক্ট-২ অফ ১৯৪৮ পার্টিশনের পর তিন বছর, তিন বছর করে বার বার চালু করা হয়েছিল এবং বহু ক্ষেত্রেই ওটা ব্যবহার করা হয়েছিল। আমি বহুবার চেষ্টা করেছি। ভারতবর্ষের কোথাও অ্যাক্ট-২ নেই। এমারজেন্সি প্রভিসন অ্যাক্ট (১) তে আছে, এমারজেন্সি প্রভিসন ১৭(সি)। সেইজন্য বলছি, এটা এমন কিছু নয়। এটা হচ্ছে একটা দিক আর যেটার সাবস্টানটিভ পয়েন্ট আমি আবার বলছি।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** কেন নিলেন?

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** অনেক জায়গায় নিতে হয়। বহু জায়গা আছে এইরকম নিতে হয়েছে। প্রশ্ন হচ্ছে, আপনি যেটা বলেছেন সেটা দেখুন, একটা চাষের জমি যেটায় চাষ হয় তার বিঘা কত? আরামবাগে ৮০ (নয়েজ) সৌগতবাবু, জমির ব্যাপারে আপনার থেকে আমি বেশি জানি। (নয়েজ) আপনি ডহরের কথা বলেছেন। সৌগতবাবু শুনতে চাইলে শুনুন। ডাঙা জমি ২ লক্ষ ২৭ হাজার ২২০ সেটার কথা তো সৌগতবাবু বললেন না? সোনা ৮২ হাজার, শালি ৭৩ হাজার। ডাঙাগুলি যেখানে বসতি করবার সুবিধা সেটা হচ্ছে ২ লক্ষ ২৭ হাজার, চারি ৮২ হাজার আর ইঁদারা কম। আমার সাথে কথা হয়েছে—অ্যাপার্ট ফ্রম কমপেনসেশন—আপনারাও জানেন, আমিও জানি, সুপ্রীম কোর্ট বলেছেন যে যদি তাদের নিজেদের ঘর থেকে উচ্ছেদ করতে হয় তাদেরকে একটা রিহ্যাবিলিটেশন করে দিতে হবে। সবাই জানেন, যে টাকা দেওয়া হয় সেই টাকায় হবে না, মুশকিল হবে। সেইজন্য অ্যাপার্ট ফ্রম দিজ কমপেনসেশন তাদের পাশের গ্রামে রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, এলাকার উন্নয়নের জন্য জমি অধিগ্রহণ করতে হয়। (নয়েজ) কাঁশীরামের মতোন আদিবাসী প্রেমিক হয় না। ভি আই পি রোডের ধারে ১৯৬৪ সালে কংগ্রেসের রাজত্বে ২৪০, ২৪৮ টাকা করে পার কাঠা জমি দেওয়া হয়েছিল। আই লেড দি ডেমোনেস্ট্রেশন, আই টুক দি লিডারশিপ। পরে রেফারেন্স কেস করে ২ হাজার, আড়াই হাজার টাকা করে পার কাঠা পেয়েছে। সেগুলি ছিল গরিব মানুষের জমি। ভি আই পি রোডে মিলিটারি ব্যারাকের পাশে যেগুলি বড় বাজারে ব্যবসাদারর ১০ হাজার, ৮ হাজার টাকা করে কাঠা দিয়েছে আর ৩ লক্ষ ৬০ হাজার টাকা করে বিঘা দিয়েছে।

**মিঃ স্পিকার ঃ** আপনার প্রশ্নটা কি?

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** আমার অতিরিক্ত প্রশ্ন হচ্ছে, যে সমস্ত বড়লোকদের জমি নেওয়া হয়েছে তাদের কোনও কমপেনসেশন নয়। এক্ষেত্রে গরিব লোকদের জন্য অলটার নেটিভ জমির ব্যবস্থা করছেন। বোলপুরে যে জমিটা নিয়েছেন সেখানে নানা শ্রেণীর লোক রয়েছেন। আমার প্রশ্ন ; সেখানে বড়লোক যারা রয়েছেন তাদের জন্য কমপেনসেশনের ব্যবস্থা না করলেও গরিব লোক, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইব যারা রয়েছেন, তাদের রিহ্যাবিলিটেট করবার জন্য পরিকল্পনা গ্রহণ করবেন কিনা?

(নট্ রিপ্লাইড)

**শ্রী আব্দুল মান্নান ঃ** আপনি সিনিয়র মন্ত্রী, ব্যক্তিগত ভাবে আপনাকে শ্রদ্ধা করি। কিন্তু এখানে গুরুত্বপূর্ণ প্রশ্ন যেটা এসেছে সেটা আপনি এড়িয়ে যাচ্ছেন। আমরা জানতে চাইছি কি কারণে সেখানে গরিব তফসিলি এবং আদিবাদী মানুষগুলোকে উচ্ছেদ করা হয়েছে। দেশের স্বার্থে অনেক ক্ষেত্রে উচ্ছেদের প্রয়োজন হয়, কিন্তু কলকাতার পাতাল রেল এবং সার্কুলার রেলের জন্য যখন জমির দরকার পড়েছিল তখন কিন্তু সেটা আপনারা সমর্থন করেননি। এক্ষেত্রেও জমিটা যদি দেশের স্বার্থে কাজে লাগে তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু আমরা দেখলাম, সেখানে আদিবাসী মানুষগুলি উচ্ছেদ হয়ে যাচ্ছেন এবং তারফলে লাভবান হচ্ছেন

সেখানকার একটি কাউন্সিলের চেয়ারম্যান এবং কিছু প্রিভিলেজড ক্লাশের মানুষজন। তারা যাতে বেনিফিটেড হন তারজন্যই সেখানে উচ্ছেদটা করা হয়েছে। শিবু সোরেনের মতো লোক তার আন্দোলনের আমরা আপত্তি করি, আপনারও আপত্তি করেন, কিন্তু সেখানে আদিবাসীদের উচ্ছেদ করে কিছু প্রিভিলেজড ক্লাশকে সুযোগ দেবার জন্য এমারজেন্সি আইন প্রয়োগ করবার কমপালশন কি ছিল? নাকি সেখানকার প্রিভিলেজড ক্লাশের মানুষের সুযোগ দেবার জন্যই প্রয়োজনটা? কারণ সেখানে যারা বেনিফিটেড হয়েছেন তারা সবাই সুবিধাভোগী শ্রেণীর বড়লোক। তাদের সুবিধা দেবার জন্য কেন গরিব মানুষগুলোকে উচ্ছেদ করলেন?

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)

[12-00 — 12-10 p.m.]

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি :** মাননীয় সদস্য আব্দুল মান্নান এবং সৌগতবাবু যে কথা বললেন সে সম্পর্কে দুটি পয়েন্টের উপর বলছি। প্রথম কথা, আদৌ নেওয়া হবে না সেটা তো হতে পারে না, প্রয়োজন হলে জমি নিতে হয়। তবে জমি নিতে গেলে দুটো জিনিস দরকার হয় একটি হচ্ছে উচ্ছেদের জন্য কমপেনসেশন, সেকেন্ডলি, তাদের বসবাসের কোনও জায়গা না থাকলে তাদের জন্য রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা করা। সেখানে এই দুটো জিনিসই করা হয়েছে। সেখানে ব্যাপারটা একটি পারসন করেছেন তা নয়, সোমনাথবাবু ব্যক্তিগতভাবে কাজটা করেননি ; ওখানে যে ডেভেলপমেন্ট অথরিটি আছে সেই ডেভেলপমেন্ট অথরিটি তাদের নানা কর্মসূচির ভেতর নিম্ন এবং মধ্যবিত্তের জন্য গৃহ নির্মাণের উদ্দেশ্যেই ওটা নিয়েছেন। আমি নিজে গিয়ে সেটা দেখে এসেছি। সেটা একটা ডিউলি কনস্টিটিউটেড ডেভেলপমেন্ট অথরিটি এবং তারা সিদ্ধান্ত নিয়েই কাজটা করেছেন। আমার ডিপার্টমেন্টের তরফ থেকে যেটা করা দরকার সেটা আমি দেখছি যাতে উপযুক্ত কমপেনসেশন পায়।

(গোলমাল)

আপনি আমার কথা শুনুন। আপনি নিজেও জানেন যে বিভিন্ন টাইপের কমপেনসেশন ধার্য হয়েছে। উনি বলছেন যে এখনই হাতে পেয়েছে কিনা? সেটা তারা নিশ্চয়ই পাবেন। বিল, ডিপার্টমেন্ট প্লেস করেছে কিনা সেটা আলাদা কথা। আপনারা এটা নিয়ে অনেক গোলমাল করার চেষ্টা করছেন। আমি ধীরস্থির মানুষ। আমাকে দেখতে হবে যে কোনও জায়গায় কোনও খুঁত না থাকে। যদি কোনও জায়গায় খুঁত হয়ে থাকে সেটা যাতে না থাকে, সেটা আমাকে দেখতে হবে। আমি এই সুযোগ আপনাদের নিতে দেব না।

**ডাঃ জয়নাল আবেদিন :** মিঃ স্পিকার, স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার। স্যার, আই ইনভাইট ইওর অ্যাটেনশন টু ৫১ (৩) এবং ৫২। এখানে আমাদের আইন নিয়ে চলতে হবে। আপনি এক এক সময়ে এক একটা সিদ্ধান্ত নিচ্ছেন। ইউ আর দি চেয়ারম্যান অব দি রুলস কমিটি। হোয়াই ডোন্ট ইউ এলিমিনেট ইট? এই হাউসটা স্বাধীনতার আগে থেকে আছে। আপনি যে আইনটায় বলে দিলেন, সেটা আর কেউ প্রয়োগ করছে কিনা, আপনি আমাকে

এই কারণ জানান। দীর্ঘদিন ধরে আপনি এক এক সময়ে কনভেনশনের উপরে নির্ভর করেন, অ্যাট টাইমস কনভেনশনস আর স্ট্রংগার দ্যান রুলস। এখানে আপনি রুলস ৫১ এর প্রভিসন ৩, এটা পড়ুন এবং সেই সঙ্গে ৫২ টাও আপনাকে পড়তে অনুরোধ করব। আপনি যা দিয়েছেন উইদাউট কারেকটিং দিজ, উইদাউট ওমিটিং দিজ, উইদাউট উইথড্রইং দিজ প্রভিসন আপনি এটা দিতে পারেন কিনা সেটা বললেন। যদি ইনটেনশন হয় টু এনফোর্স প্রেজেন্স অব দি মেম্বারস তাহলে অবস্থা কি সেটা দেখছেন। এখন এক এক সময়ে যদি এইভাবে চলে তাহলে আমরা চলব কি করে? এই রুলস তুলে দিন। মন্ত্রী থাকা, আর মেম্বার থাকা অনেকটা তফাত। এই হাউসটা হেকটিক হচ্ছে, ইরলেগুলার হচ্ছে। তিন দিন হাউস হল, আবার ৪দিন ছুটি। এই রকম দীর্ঘ অবসরে আমরা কোনও প্রোগ্রাম নিতে পারছিনা। চার শত কিলো মিটার, ছয় শত কিলো মিটার দূরে জলপাইগুড়িতে যারা থাকে তারা কেউ নেই। সেজন্য আমি মনে করছি যে অ্যাকর্ডিং টু রুলস ৫১(৩) এবং ৫২, আপনি যে অর্ডার পাস করেছেন, কাইন্ডলি রিকনসিডার ইট অর আদারওয়াইজ কোয়েশ্চেন আওয়ার উইল বিকাম পার্টলি মিনিংলেস। এটা হচ্ছে একটা দিক আর একটা হচ্ছে, আপনি সময়ে সময়ে আমাদের সতর্ক করে দেন। আমরা যে প্রশ্ন করি তার স্পেসিফিক উত্তর আমরা পাচ্ছি না। আজকে সৌগত রায়ের স্পেসিফিক প্রশ্নের উত্তর আমরা জানতে পারিনি। আপনি এটা বলবেন যে হোয়াট ওয়াজ দি কমপালসন? আর ইরেলিভ্যান্ট রিপিটেশন বন্ধ করবেন। আজকে বয়স্ক মন্ত্রী বলে খাতির করবেন, এটা চলতে পারে না। মন্ত্রী মহাশয় যদি বলেন দেব না উত্তর, আমরা ফোর্স করতে পারি না। কিন্তু ইরেলিভ্যান্ট রিপিটেশন এই ব্যাপারে আপনার কাছে প্রোটেকশন দাবি করছি। এই ব্যাপারে আপনি রুলিং দেবেন। আর আপনার ডিসিসন রিভাইজ করবেন কিনা জানাবেন। আর কোয়েশ্চেন বিকাম মিনিংলেস যদি আমরা তার স্পেসিফিক উত্তর না পাই। মন্ত্রী মহাশয় বলতে পারেন আমি উত্তর দেব না, এটা হতে পারে কিন্তু বক্তৃতা দিতে শুরু করছেন, স্পেসিফিক পয়েন্টের উপর উত্তর পাচ্ছি না, এটা আপনি দেখবেন। মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করা হয়েছে, আমরা উত্তর পাচ্ছি না, রুলিং পার্টির সদস্যদের প্রশ্নের উত্তর দিচ্ছেন, এটা যদি চালু হয় তাহলে খারাপ অবস্থা তৈরি হবে। ওনারা তো মন্ত্রী না হয়েই উত্তর দিচ্ছেন, ওনারা ইলেকশনে যেতে ভয় করেন। সন্দেশখালিতে বাই ইলেকশন ডিক্লেয়ার হয়েছে, মন্ত্রিত্ব ক্যানসেল হয়ে গিয়েছে, আবার তাকে মন্ত্রী করা হয়েছে। ডেমোক্রেসিকে কালে কালে কোথায় নিয়ে যাচ্ছেন আমরা এটা বুঝতে পারছি না। আপনার রুলিং পার্টির মেম্বাররা চোখ রাঙাচ্ছে। কেউ প্রশ্ন করলে মন্ত্রী তার উত্তর দেবে, রুলিং পার্টির মেম্বাররা সেখানে চোখ রাঙাবে এটা বাঞ্ছনীয় নয়। আপনি যদি বলেন হাউসের নিয়ম মেনে চলবেন না সেটা আমাদের বলে দেবেন, তারপর আমরা কি করব সেটা বলব।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার যে রুলিং সম্পর্কে এখানে বিতর্ক উঠেছে সেটা হল—আজকে দেখলাম, আগের দিনও বোধ হয় এটা হয়েছে কোনও মেম্বার অনুপস্থিত থাকলে তার প্রশ্ন অন্য কেউ অনুমতি নিয়ে উত্থাপন করতে পারবেন না। আপনি এই রকম একটা রুলিং দিয়েছেন। এই যে আপনার সিদ্ধান্ত এত দিন ধরে যে কনভেনশন ছিল তার থেকে পরিবর্তন ঘটছে। আমি যতটুকু বুঝেছি আপনি এই বিষয়ের সঙ্গে সঙ্গতি রেখে করেছেন সেটা হল সংশ্লিষ্ট মন্ত্রীর যে দিন প্রশ্ন থাকে সেই দিন যদি সেই

মন্ত্রী অনুপস্থিত থাকেন তাহলে তাকে আপনি অ্যাডমোনিশ করেন, এক্সপ্লানেশন দিতে বলেন এবং তার পাশাপাশি যদি সদস্য অনুপস্থিত থাকেন তাহলে তার প্রশ্ন কেউ উত্থাপন করতে পারবেন না। আপনি এই রুলিংটা একটু রিকনসিডার করুন। আমি এই জন্য বলছি, মন্ত্রী মহাশয় অনুপস্থিত থাকলে অ্যাডমোনিশ করার ব্যবস্থা নিয়েছেন এটা হাউসের স্বার্থে বাঞ্ছনীয়। মন্ত্রী মহাশয় যদি অনুপস্থিত থাকেন তাহলে মেম্বারের রাইট কার্টেল হচ্ছে। একর্ডিংলি কোনও মেম্বার, লিগাল মেম্বার যিনি সেই কোয়েশ্চেন করতে যাচ্ছেন, কোনও রকম ভাবে অ্যাকসিডেন্টালি তিনি যদি অনুপস্থিত হন অন্য সদস্য আপনার অনুমতি নিয়ে সেই প্রশ্ন উত্থাপন করার যে প্রথা ছিল একই গ্রাউন্ডে মেম্বার রাইট কার্টেলের পর্যায়ে পড়ে যায় এই যে রুলিং দিয়েছেন এই যে নতুন নিয়ম করেছেন, এটা রিকনসিডার করার জন্য অনুরোধ করব।

[12-10 — 12-20 p.m.]

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় স্পিকার স্যার, মাননীয় বিরোধী দলের নেতা আপনার রুলিং-এর উপর বক্তব্য রেখেছেন, তার পরে আমাদের মাননীয় সদস্য দেবপ্রসাদ সরকার মহাশয় বললেন যে আমাদের কনভেনশন ছিল। একটা বিষয় হল আমাদের হাউসের একটা কনভেনশন ছিল যে সদস্য অনুপস্থিত থাকলে অন্য সদস্য স্পিকার মহাশয়ের অনুমতি নিয়ে সেই প্রশ্ন উত্থাপন করতে পারত। মাননীয় সদস্য সৌগত রায় এবং আরও কিছু সদস্য লোকসভায় ছিলেন, লোকসভায় কিন্তু এই কনভেনশন নেই। আমাদের যে কনভেনশন ছিল সেটা রেখে দেওয়ার ব্যাপারে ওনারা যা বলেছেন সেই ব্যাপারে আমার কোনও দ্বিমত নেই। তবে আমি উল্লেখ করতে চাই যে লোকসভাতে কোনও সদস্য অনুপস্থিত থাকলে তার পরিবর্তে অন্য কোনও সদস্য সেই প্রশ্ন উত্থাপন করবার কোনও কনভেনশন নেই বা অধিকার নেই।

**(এ ভয়েস ঃ হাউস অফ কমনসে আছে)**

আমি হাউস অফ কমন্সের কথা বলছি না, আমি ভারতবর্ষের কথা বলছি। সুতরাং লোকসভায় যে প্র্যাকটিস আছে সেই প্র্যাকটিসটা আপনি এখানে করতে চাইছেন। ওরা এখন রিকনসিডার করার ব্যাপারে বলছেন, এটা অবশ্য আপনার উপরে নির্ভর করছে—আগেকার কনভেনশনটা আপনি চালু রাখবেন কিনা তা আপনিই ঠিক করবেন। সৌগতবাবু আশাকরি আমার সঙ্গে একমত হবেন, লোকসভাতে এটা হয় না। সেখানে কোনও প্রশ্নকর্তা অনুপস্থিত থাকলে অন্য সদস্য তুলতে পারেন না। এবারে মাননীয় স্পিকার মহাশয় যা বলার বললেন।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বাঁকুড়া জেলায় নতুন সাব-স্টেশন নির্মাণ

*২০৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪০) **শ্রী অমিয় পাত্র ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় কোথায় কোথায় বিদ্যুত সরবরাহের জন্য সাব-স্টেশন নির্মাণের প্রস্তাব আছে ; এবং

(খ) উক্ত প্রস্তাব অনুযায়ী কবে নাগাদ নির্মাণকার্য শুরু হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাঁকুড়া জেলায় রানীবাঁধ, ওন্দা, ইন্দাস, রায়পুর, ইন্দপুর, তালডাঙরা এই ছয়টি জায়গায় বিদ্যুত সরবরাহের জন্য আর ই সি স্কীমে সাব-স্টেশন নির্মাণের প্রস্তাব আছে।

(খ) বর্তমানে উক্ত প্রস্তাব অনুযায়ী ওন্দা, সাব-স্টেশনে নির্মাণ কার্য চলছে, যা আগামী মে মাসে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

## রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় বিল

*২১১। (অনুমোদিত প্রশ্ন নং *১১০৪) **শ্রী দিলীপ মজুমদার ঃ** আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্য বিধানসভায় গৃহীত কোন কোন বিল রাষ্ট্রপতির সম্মতির অপেক্ষায় আছে?

**Minister-in-charge of Judicial Department :**

| Sl. No. | Short title | Bill No. | Date of Passing |
|---|---|---|---|
| 1. | The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1981 | 37 of 1981 | 10.9.1981 |
| 2. | The Calcutta University (West Bengal Amendment) Bill, 1984. | 9 of 1984 | 29.3.1984 |
| 3. | The Industrial Disputes (West Bengal Amendment) Bill, 1984. | 27 of 1984 | 23.4.1984 |
| 4. | The West Bengal Housing Board (Amendment) Bill, 1986. | 24 of 1986 | 17.9.1986 |
| 5. | The Limitation (West Bengal Amendment) Bill, 1986. | 26 of 1986 | 17.9.1986 |
| 6. | The West Bengal Correctional Services Bill, 1992. | 7 of 1992 | 3.6.1992 |
| 7. | The Limitation (West Bengal Amendment) Bill, 1992 | 24 of 1992 | 25.6.1992 |
| 8. | The West Bengal Building (Regulation of Promotion of Construction and Transfer by | | |

| Sl. No. | Short tle | Bill No. | Date of Passing |
|---|---|---|---|
| | Promoters) Bill, 1993 | 27 of 1992 | 15.3.1993 |
| 9. | The West Bengal Municipal Bill, 1992. | 30 of 1992 | 21.7.1993 |
| 10. | The West Bengla Inland Fisheries (Amendment) Bill, 1993. | 38 of 1992 | 11.3.1993 |
| 11. | The West Bengal College Service Commission (Amendment) Bill, 1993. | 41 of 1992 | 17.3.1993 |
| 12. | The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1993. | 11 of 1993 | 16.6.1993 |
| 13. | The Calcutta Thika Tenancy (Acquisition and Regulation Amendment) Bill, 1993. | 12 of 1993 | 16.6.1993. |
| 14. | The Bengal Natural History Society (Acquisition of the Natural History Museum) Bill 1993. | 13 of 1993 | 16.6.1993 |
| 15. | The Payment of Wages (West Bengal Amendment) Bill, 1993. | 15 of 1993 | 2.7.1993 |
| 16. | The Payment of Gratuity (West Bengal Amendment) Bill 1993. | 16 of 1993 | 22.7.1993 |
| 17. | The West Bengal Government Land (Regulation of Transfer) Bill, 1993. | 17 of 1993 | 21.7.1993 |
| 18. | The Indian Partnership (West Bengal Amendment) Bill, 1993. | 18 of 1993 | 21.7.1993. |

## ট্রান্সফর্মার চুরি

*২১২। (অনুমোদিত প্রশ্ন নং *৭২১) **শ্রী সুকুমার দাশ ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বৈদ্যুতিক ট্রান্সফর্মার চুরি কিম্বা বিকল হলে, গ্রাহকদের কাছ থেকে ক্ষতিপূরণের জন্য কোনও সরকারি আদেশ আছে কি না?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

পশ্চিমবঙ্গ বিদ্যুত পর্ষদের সর্বশেষ সিদ্ধান্ত অনুযায়ী ট্রান্সফর্মার পরিবর্তনজনিত সমস্ত ব্যয়ভার পর্ষদ বহন করছে।

## এ পি পি নিয়োগ

*২১৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩) **শ্রী তপন হোড় ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন কোর্টগুলিতে এ পি পি নিয়োগ কি কি পদ্ধতি হয়ে থাকে ; এবং

(খ) ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ তারিখে সারারাজ্যে কত এ পি পি পদ খালি আছে (জেলাওয়ারি হিসাবসহ)?

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বিচার বিভাগ কর্তৃক গঠিত সিলেকশন বোর্ডের সুপারিশক্রমে উপযুক্ত প্রার্থীদের মধ্যে থেকে রাজ্য সরকার এ পি পি নিয়োগ করেন।

গত ৩১শে ডিসেম্বর ১৯৯৩ তারিখে সারা রাজ্যে ২টি পদ খালি আছে। মেদিনীপুর জেলায় ১টি এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় ১টি।

## ভিকদাসে সাব-স্টেশন নির্মাণ

*২১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১১৫) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গোঘাটের ভিকদাসের সাব-স্টেশন স্থাপনের কাজে কতখানি অগ্রগতি ঘটেছে ; এবং

(খ) উক্ত সাব-স্টেশনের কাজ কত দিনে শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য বিদ্যুত পর্ষদ, হুগলি জেলার গোঘাটের ভিকদাস, এ একটি ই এইচ ভি সাব-স্টেশন স্থাপনের সিদ্ধান্ত গত ১৯৯৩ সালের জানুয়ারি মাসে নেয়। এখন ও পর্যন্ত সেখানে ২টি স্টাফ কোয়াটার এবং স্টোর্সের শেড নির্মাণের কাজ শেষ হয়েছে। সীমানায় প্রাচীর দেওয়ার কাজও শেষ হওয়ার মুখে। এছাড়া ইকুইপমেন্ট ফাউন্ডেশন, অস্থায়ী কন্ট্রোলরুম বিল্ডিং প্রভৃতির কাজ চলছে।

সাব-স্টেশনটি ৪০০/২২০/১৩২/৩৩ কেভি ক্ষমতা সম্পন্ন। এর মধ্যে ২২০/১৩২/৩৩ কেভি অংশটির কাজ জরুরি ভিত্তিতে করে এ বছর মে মাস নাগাদ চালু করার চেষ্টা চালানো হচ্ছে।

(খ) উক্ত সাব-স্টেশনটির কাজ ১৯৯৭ সালের মার্চ মাস নাগাদ সম্পূর্ণ করা যাবে বলে আশা করা হচ্ছে।

### সুন্দরবন এলাকায় চিংড়ি চাষ

*২১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৩৩) **শ্রী সুভাষ নস্কর** : ২২শে মার্চ ১৯৯৩ তারিখের প্রশ্ন নং *১৫৩ (অনুমোদিত প্রশ্ন নং *৯০৮) ও ১৯শে জুলাই ১৯৯৩ তারিখের প্রশ্ন নং *১৪৩ (অনুমোদি প্রশ্ন নং *৩৫)-এর অনুবর্তীক্রমে মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবন এলাকার লোনা জলে বাগদা চিংড়ি চাষের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এই বাগদা চিংড়ি (মাথা বাদ দিয়ে) কোথায় কোথায় ও কত দামে চালান যাচ্ছে—সে সম্পর্কে সরকারের কাছে কোনও তথ্য আছে কি?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** :

(ক) হ্যাঁ।

(খ) সুন্দরবন অঞ্চলে যে চিংড়ির চাষ হয়, তার ফলনের অধিকাংশ পরিমাণ কলকাতার বিভিন্ন প্রসেসিং প্ল্যান্টের মাধ্যমে প্রক্রিয়া করণের পর জাপান, আমেরিকা ও ইউরোপের বিভিন্ন দেশের বাজারে রপ্তানি হয়। মাথা বাদ দিয়ে চিংড়ির ওজনের ক্রম অনুসারে নিম্নে বর্ণিত দামে বিক্রয় হচ্ছে :—

| প্রতি কেজিতে গড় সংখ্যা | প্রতি কেজি দাম |
|---|---|
| ১১-১৫ পিস | ৪৭০ টাকা |
| ১৬-২০ পিস | ৩৮০ টাকা |
| ২১-২৫ পিস | ৩২০ টাকা |
| ২৬-৩০ পিস | ২৯০ টাকা |
| ৩১-৪০ পিস | ২৩০ টাকা |
| ৪১-৫০ পিস | ১৯০ টাকা |
| ৫১-৯০ পিস | ১০০ টাকা। |

### ময়না ব্লকে ৩৩ কেভি সাব-স্টেশন

*২১৮। (অনুমোদিত প্রশ্ন নং *৯১৩) **শ্রী মানিক ভৌমিক** : বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে ৩৩ কেভি বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কত দিনে উক্ত পরিকল্পনা কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ আছে।

(খ) সমগ্র মেদিনীপুর জেলায় বিদ্যুত সরবরাহ ও বণ্টনের সামগ্রিক উন্নতির জন্য ও ই সি এফ-এর অন্তর্ভুক্ত করার জন্য একটি বিস্তারিত প্রকল্প প্রস্তুত করে আর ই কর্পোরেশনের নিকট অনুমোদনের জন্য প্রেরিত হয়েছে। এই প্রকল্পে ময়না পুলিশ স্টেশন এলাকায় একটি ৩৩ কেভি সাব-স্টেশন স্থাপনের প্রস্তাব অন্তর্ভুক্ত করা হয়েছে। উল্লিখিত প্রকল্পটি আর ই কর্পোরেশন সি ই এ নিউ দিল্লি এবং ও ই সি এফ কর্তৃপক্ষ অনুমোদন করলে সংশ্লিষ্ট সাব-স্টেশনটি স্থাপনের কাজ হাতে নেওয়া হবে।

## বাস্তুজমির পরিমাণ

*২১৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬৫) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ভূমি ও ভূমি-সদ্ব্যবহার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট কত পরিমাণ বাস্তুজমি সরকারের হাতে এসেছে?

**ভূমি ও ভূমি-সদ্ব্যবহার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

আইনানুযায়ী ১৯৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত অধিগৃহীত বাস্তু জমির পরিমাণ ১৫,৭৬৭ একর।

## অঞ্জনা ফিশ ফার্ম

*২২০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩০) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বর্তমানে নদীয়া জেলার কৃষ্ণনগরে অবস্থিত "অঞ্জনা ফিশ ফার্মে" মাছচাষ হচ্ছে কি না ;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, ১৯৯৩ সালে উৎপাদিত মাছের পরিমাণ কত ; এবং

(গ) এর ফলে সরকারের কত লাভ হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৩ সালে উক্ত ফার্মে উৎপাদিত মৎস্যের পরিমাণ ছিল প্রায় ৩০.৬ টন।

(গ) সরকারের লাভের প্রশ্ন ওঠে না ; কারণ ফার্মটি মৎস্যজীবী সমবায় সমিতির পরিচালনাধীন।

## গঙ্গার চর-জমি নিয়ে বিরোধ

***২২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৭) শ্রী আবুল হাসনাৎ খান ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গঙ্গার চর-জমিকে কেন্দ্র করে বিহার ও মালদা জেলার সীমান্ত এলাকায় বিরোধ দেখা দিয়েছে ; এবং

(খ) সত্যি হলে, এই এলাকায় সীমানা-চিহ্নিত করণের জন্য কোনও যৌথ উদ্যোগ গ্রহণ করা হয়েছে কি না?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কিছু মতপার্থক্য দেখা দিয়েছে।

(খ) উভয় রাজ্যের সংশ্লিষ্ট জেলা ও বিভাগীয় সমাহর্তা পর্যায়ে মতপার্থক্য মীমাংসার জন্য আলোচনা হয় কিন্তু ঐ আলোচনায় কোনও মীমাংসায় উপনীতি হতে না পারায় এ বিষয়ে উচ্চ পর্যায়ে আলোচনার সিদ্ধান্ত হয় এবং উভয় পক্ষই বর্তমান স্থিতিবস্থা বজায় রাখার অভিমত প্রকাশ করে :

## কান্দী ব্লকে ইনটেন্সিফিকেশন প্রকল্পের কাজ

***২২২। (অনুমোদিত প্রশ্ন নং *১০১৩) শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইনটেন্সিফিকেশন অফ মৌজা প্রোগ্রামে মুর্শিদাবাদ জেলার কান্দী ব্লকে কোন কোন মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে ;

(খ) উক্ত ব্লকে কতগুলি মৌজা এই স্কীমের অন্তর্ভুক্ত ; এবং

(গ) ৩১শে ডিসেম্বর পর্যন্ত ঐ ব্লকে কতগুলি মৌজায় ঐ কাজ সম্পন্ন হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ব্লক ভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হয় না। থানা ভিত্তিক পরিসংখ্যান রাখা হয়। মুর্শিদাবাদ জেলার কান্দী থানার অধীন ইনটেনসিফিকেশন প্রকল্পে উদয়চাঁদপুর (জে এল নং ৩১) জিয়াদাড়া (জে এল নং ৩৪) এবং বেনীপুর (জে এল নং ৪) এই তিনটি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ হাতে নেওয়া হয়েছে।

(খ) মুর্শিদাবাদ জেলার কান্দী থানার অধীন একটি ইনটেনসিফিকেশন প্রকল্প আছে। উক্ত প্রকল্পের আওতায় ৩৫টি মৌজা অন্তর্ভুক্ত করা হয়েছে।

(গ) ৩১-১২-৯৩ পর্যন্ত কান্দী থানায় উক্ত প্রকল্পে কোনও মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয় নি।

**উদ্বৃত্ত বিদ্যুত**

*২২৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৮) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে রাজ্যে বিদ্যুত উদ্বৃত্ত ; এবং

(খ) সত্যি হলে, কি কি পদক্ষেপের ফলে এটা সম্ভব হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ, দুপুর এবং রাত্রি বেলা এ রাজ্যে চাহিদার তুনলায় বিদ্যুত উৎপাদন ক্ষমতা বেশ বেশি।

(খ) রাজ্যে বিভিন্ন বিদ্যুত কেন্দ্রগুলিকে পুনর্নবীকরণ এবং নিয়মিত মেরামতি তথা সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং কয়েকটি নতুন ইউনিট চালু হওয়ায় উৎপাদনের উন্নতি হয়েছে।

**তহশীল মোহরারদের নিয়মিতকরণ**

*২২৪। (অনুমোদিত প্রশ্ন নং *১২২২) **শ্রী প্রবীর ব্যানার্জি :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মহামান্য কলকাতা হাইকোর্ট সম্প্রতি একটি রায়ে পশ্চিমবঙ্গ তহশীল মোহরারদের নিয়মিতকরণের নির্দেশ দিয়েছেন ; এবং

(খ) সত্যি হলে, উক্ত তহশীল মোহরারগণ কবে নাগাদ নিয়মিত হবেন বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) হ্যাঁ। তবে প্রচলিত বিধি অনুযায়ী তহশীল মোহরারদের নিয়মিত করণে সরকারের কিছু অসুবিধা আছে। পুঙ্খানুপুঙ্খ বিচার বিবেচনা ও শ্রম দপ্তরের সহিত আলোচনা করে ঐ ব্যয় সম্পর্কে ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হচ্ছে।

(খ) প্রশ্ন ওঠে না।

**রেয়াপাড়া সাব-স্টেশন**

*২২৫। (অনুমোদিত প্রশ্ন নং *৭৯৩) **শ্রী শক্তিপ্রসাদ বল :** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রে রেয়াপাড়া সাব-স্টেশন নির্মাণের কাজ কোন সালে সম্পূর্ণ হবে বলে আশা করা যায় ; এবং

(খ) এই সাব-স্টেশন তৈরির জন্য—

(১) কত টাকা বরাদ্দ করা হয়েছে ;

(২) ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত কত টাকা খরচ করা হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রে রেয়াপাড়া সাব-স্টেশন নির্মাণের কাজ প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে আগামী ১৯৯৪-৯৫ আর্থিক বছরের মধ্যে সম্পূর্ণ হবে বলে আশা করা যায়।

(খ) (১) মোট অনুমিত ব্যয় ৫৬.১৬০ লক্ষ টাকা ধরা হয়েছে।

(২) আনুমানিক ৮(আট) লক্ষ টাকা।

**বর্গাদারদের সহায়তা**

*২২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪২) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তৃতীয় ভূমি-সংস্কার আইনে পুকুর, বাগান ইত্যাদি কৃষিতে রূপান্তর হওয়ার পরিপ্রেক্ষিতে—

(১) সেচের জন্য ডোবা ও পুকুরগুলিতে বর্গাদার নিযুক্ত করা বা সাব্যস্ত করার ;

(২) বর্গাদার কর্তৃক ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নিয়ে মালিকের কাছ থেকে বর্গা-জমি খরিদ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন ; এবং

(খ) বাস্তুজমি অধিগ্রহণ আইনের মাধ্যমে যে সমস্ত ব্যক্তি বাস্তুজমি পেয়েছিলেন কিন্তু পরবর্তীকালে যা খাসজমি হয়েছিল সেই সমস্ত লোকের নাম এল আর রেকর্ড করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) পুকুর, ডোবা ইত্যাদিতে সেচের জন্য বর্গাদার নিযুক্তির কোনও আইনগত ব্যবস্থা নেই।

(২) ল্যান্ড মর্টগেজ ব্যাঙ্কের মাধ্যমে ঋণ নিয়ে বর্গাদারের মালিকের জমি কিনতে পারার ব্যবস্থা করার কোনও পরিকল্পনা আপাতত সরকারের নেই।

(খ) বাস্তু জমি অধিগ্রহণ হয়ে যার দখল আছে তার নামেই রেকর্ড করা হয়। সুতরাং জমি খাস হলেও অবস্থার পরিবর্তন হয় না।

**পঞ্চায়েতের মাধ্যমে বিদ্যুতের বিল আদায়**

*২২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৭) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পঞ্চায়েতের এলাকায় বিদ্যুতের বকেয়া বিল আদায়ের দায়িত্ব

পঞ্চায়েতেগুলির হাতে দেওয়ার পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, তা কত দিনে কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে পর্ষদের এই রকম কোনও **পরিকল্পনা নেই**।

(খ) 'ক' চিহ্নিত প্রশ্নের উত্তরে পরিপ্রে**ক্ষিতে এই** প্রশ্নের বর্তমানে কোনও উত্তর নাই

**শান্তিপুর গুচ্ছ বিদ্যুত সরবরাহ কেন্দ্র**

*২২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৫৪) **শ্রী অজয় দে ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলার শান্তিপুর গুচ্ছ বিদ্যুত সরবরাহ কেন্দ্রে ১৯৮৯ সালে নতুন কানেকশনের টাকা জমা দেওয়া সত্ত্বেও কানেকশন দেওয়া যায় নি

(খ) সত্যি হলে, এর কারণ কি?

(গ) ঐ কানেকশন দেওয়ার জন্য কোনও ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি ; এবং

(ঘ) হয়ে থাকলে তা কত দিনের মধ্যে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৮৯ সালে ১০৮০ জন বিদ্যুত সংযোগের জন্য টাকা জমা দিয়েছিলেন, তাদের মধ্যে ৩২ জন প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ না নেওয়ার জন্য বিদ্যুত সংযোগ পান নি।

(খ) টাকা জমা দেওয়ার পর প্রয়োজনীয় পরবর্তী পদক্ষেপ না নেওয়ার জন্য ৩২ জন দরখাস্তকারী বিদ্যুত সংযোগ পান নি

(গ) প্রয়োজনীয় শর্তাদি পূরণ করার জন্য তাদের অনুরোধ জানানো হয়েছে।

(ঘ) প্রয়োজনীয় শর্তাদি পূরণ করলে ক্রমানুসারে বিদ্যুত সংযোগ কার্যকারি করা হবে।

**কেশপুর থানায় সাব-স্টেশন নির্মাণ**

*২২৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৭) **শ্রীমতী নন্দরানী দল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেশপুর থানায় কোনও সাব-স্টেশন করার সিদ্ধান্ত হয়েছে কি ;

(খ) হয়ে থাকলে,

(১) কোন সালে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে ;

(২) এ ব্যাপারে এ পর্যন্ত কি কি কাজ হয়েছে ; এবং

(৩) কত দিনে এই কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৮৭ সালে।

(২) সাব-স্টেশন নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি অধিগ্রহণ করা হয়েছে ও সীমানা চিহ্নিত করণের কাজ সমাপ্ত হয়েছে।

(৩) আর ই সি-র ঋণ পাওয়া সাপেক্ষে এই কাজ আগামী ১৯৯৫-৯৬ সালে শেষ হবে বলে আশা করা যায়।

### বীরভূম জেলার অকেজো ট্রান্সফর্মার

*২৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৫) **ডাঃ মোতাহার হোসেন ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বীরভূম জেলায় বর্তমান বেশ কিছু ট্রান্সফর্মার অকেজো হয়ে পড়ায় বিদ্যুত সরবরাহ বিঘ্নিত হচ্ছে ;

(খ) সত্যি হলে, সর্বশেষ প্রাপ্ত তথ্য-অনুযায়ী—

(১) গড়ে মাসে কতগুলি ট্রান্সফর্মার অকেজো থাকছে ; এবং

(২) গড়ে প্রতি মাসে কতগুলি ট্রান্সফর্মার মেরামত/ নতুন সরবরাহ করা হচ্ছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ বর্তমানে বীরভূম জেলায় কিছু ট্রান্সফর্মার অকেজো চুরি হওয়ায় বিদ্যুত সরবরাহ বিঘ্নিত হচ্ছে।

(খ) (১) বর্তমান আর্থিক বছরের ৩১-১২-৯৩ পর্যন্ত গড়ে মাসে প্রায় ৫৭.৫টি ট্রান্সফর্মার অকেজো ছিল।

(২) গড়ে প্রতিমাসে ৩৭টি ট্রান্সফর্মার মেরামত এবং বর্তমান আর্থিক বৎসরে ডিসেম্বর মাস পর্যন্ত ৩৮টি নতুন ট্রান্সফর্মার সরবরাহ করা হয়েছে।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### কারখানায় ধর্মঘট ও লক-আউট

৩৭। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩ সালের ৩০শে নভেম্বর পর্যন্ত রাজ্যে মোট কতগুলি কারখানায় ধর্মঘট, লক-আউট সাসপেনশন অফ ওয়ার্ক ছিল ;

(খ) এই কারখানাগুলির জেলাভিত্তিক সংখ্যা, এবং

(গ) নামের তালিকা কি?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

| | ধর্মঘট | লক-আউট |
|---|---|---|
| (ক) ঘটনার সংখ্যা ঃ | ৫ | ১২৩ |

(খ) এবং (গ) কারখানাগুলির জেলাভিত্তিক সংখ্যা ও নামের তালিকা নিচে দেওয়া হল ঃ

| জেলাভিত্তিক | লক-আউট ঘটনার সংখ্যা | ধর্মঘটের ঘটনার সংখ্যা |
|---|---|---|
| কলকাতা | ৩৬ | ১ |
| উত্তর ২৪-পরগনা | ২১ | — |
| দক্ষিণ ২৪-পরগনা | ১ | ১ |
| হাওড়া | ১৯ | — |
| নদীয়া | ১০ | ১ |
| হুগলি | ১৮ | ১ |
| বর্ধমান | ৫ | — |
| মেদিনীপুর | ৫ | — |
| বীরভূম | ৬ | — |
| পুরুলিয়া | ১ | — |
| জলপাইগুড়ি | ১ | — |
| উত্তর দিনাজপুর | — | ১ |
| | মোট ১২৩ | ৫ |

## গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

৩৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে কতগুলি মৌজায় গ্রামীণ জলসরবরাহ প্রকল্প চালু করার পরিকল্পনা করা হয়েছিল (জেলাওয়ারি হিসাবে) ; এবং

(খ) ইতিমধ্যে কতগুলি মৌজায় গ্রামীণ জল সরবরাহ প্রকল্প চালু করা সম্ভব হয়েছে (জেলাওয়ারি হিসাব)?

**জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৩-৯৪ সালে আমাদের লক্ষ্য ছিল ২,০০৮টি গ্রামকে সম্পূর্ণভাবে পানীয় জল সরবরাহের আওতায় আনা। জেলাভিত্তিক হিসাব নিচে দেওয়া হল ঃ

| জেলার নাম | লক্ষ্যমাত্রা নির্ধারিত করা গ্রামের সংখ্যা |
|---|---|
| কোচবিহার | ৩৯ |
| জলপাইগুড়ি | ২১৯ |
| দার্জিলিং (সমতল) | ৩৮ |
| উত্তর দিনাজপুর | ২৫ |
| দক্ষিণ দিনাজপুর | ৪৯ |
| মালদা | ১১৪ |
| মুর্শিদাবাদ | ৬৩ |
| নদীয়া | ৩৩ |
| উত্তর ২৪ পরগনা | ১২৩ |
| দক্ষিণ ২৪ পরগনা | ১৩৮ |
| হাওড়া | ২৩ |
| হুগলি | ৪৯ |
| মেদিনীপুর | ৪৫০ |
| বাঁকুড়া | ২০১ |
| পুরুলিয়া | ১৫৯ |
| বর্ধমান | ১৫৫ |
| বীরভূম | ১৩০ |
| মোট | ২,০০৮ |

(খ) ডিসেম্বর ১৯৯০ পর্যন্ত মোট ৮১১টি গ্রামে সম্পূর্ণভাবে জল সরবরাহ করা সম্ভব হয়েছে। জেলাভিত্তিক হিসাব নিচে দেওয়া হল ঃ

| জেলার নাম | লক্ষ্যমাত্রা পূরণে গ্রামের সংখ্যা |
|---|---|
| কোচবিহার | ৭ |

| জেলার নাম | লক্ষ্যমাত্রা পূরণে গ্রামের সংখ্যা |
|---|---|
| জলপাইগুড়ি | ৭২ |
| দার্জিলিং | ১০ |
| উত্তর দিনাজপুর | ১২ |
| দক্ষিণ দিনাজপুর | ৮ |
| মালদা | ৭২ |
| মুর্শিদাবাদ | ৪০ |
| নদীয়া | ৭ |
| উত্তর ২৪ পরগনা | ৬৮ |
| দক্ষিণ ২৪ পরগনা | ৯২ |
| হাওড়া | ২৮ |
| হুগলি | ৪৭ |
| মেদিনীপুর | ১৬৭ |
| বাঁকুড়া | ৫৮ |
| পুরুলিয়া | ৫৩ |
| বর্ধমান | ৩৯ |
| বীরভূম | ৩১ |
| মোট | ৮১১ |

**কানোরিয়া জুট মিল**

৩৯। (অনুমোদিত প্রশ্ন নং ২৯৫) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও শ্রী সৌগত রায় ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমায় কানোরিয়া জুট মিল কবে বন্ধ হয়েছে ;

(খ) উক্ত মিলের ক্ষতিগ্রস্ত শ্রমিকসংখ্যা কত ; এবং

(গ) মিল খোলার ব্যাপারে সরকার কী ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উলুবেড়িয়া মহকুমায় কানোরিয়া জুটি মিল ২৬শে নভেম্বর তারিখে বন্ধ হয়েছে

(খ) আনুমানিক ৪,০০০ জন।

(গ) লক-আউটের পরে কয়েকটি পৃথক ও যুক্ত সালিশী বৈঠক ডাকা হয়। ২৭শে ও

২৯ শে ডিসেম্বর ৯৩ এবং ৩রা জানুয়ারি ৯৪ তারিখের ত্রি-পাক্ষিক বৈঠকগুলিতে শ্রমিকদের দাবিদাওয়া সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। বিরোধের প্রধান বিষয়গুলি হল ঃ

(১) বকেয়া বাড়িভাড়া

(২) পরিবর্তনশীল মহার্ঘভাতা (ডি এ—আনুমানিক পরিমাণ ১৪ লক্ষ টাকা)

(৩) অবসরপ্রাপ্ত ৪১৬ জন শ্রমিকের গ্র্যাচুইটি (আনুমানিক পরিমাণ ১ কোটি টাকা)

(৪) ১৯৯২-৯৩ সালে দেয় বোনাসের অর্দ্ধাংশ (২৭ কোটি টাকা)

(৫) পি এফ, ই এস আই বাবদ বকেয়া (যথাক্রমে ৮৫ লক্ষ ও ২৫ লক্ষ টাকা) এবং

(৬) সাময়িকভাবে বরখাস্ত ও অন্যান্য চার্জসিটের শ্রমিকদের কাজে ফিরিয়ে নেওয়া। উপরোক্ত বিষয়গুলি ছাড়াও শ্রমিকদের আরও একটি গুরুত্বপূর্ণ দাবি হল মালিকপক্ষ বি আই এফ আর-এর অনুমোদিত পূর্বেকার পরিকল্পনানুযায়ী যে ১১ টাকা তাদের দৈনিক বেতন থেকে কাটা গিয়েছিল, গত ১৭-৩-৯৩ তারিখে বি আই এফ আর-এর মিটিং-এ সেই পরিকল্পনার পরিবর্তে একটি সংশোধিত পরিকল্পনা করতে নির্দেশ দেওয়ার ফলে এখন থেকে আর ১ টাকা কাটা চলবে না। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে বি আই এফ আর-এ অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী মালিকপক্ষসহ কেন্দ্রীয় সরকারের আর্থিক সংস্থা সমূহের দেয় টাকার পরিমাণ ৭ কোটি ৮০ লক্ষ টাকা। শ্রমিকদের দৈনিক ১১ টাকা হারে কাটা টাকার পরিমাণ প্রায় ২ কোটি ৭০ লক্ষ টাকা যা আদায় করা হয়ে গেছে। স্বাভাবিকভাবেই শ্রমিকরা যেহেতু মালিকসহ অন্যান্য আর্থিক সংস্থাসমূহ অনুমোদিত পরিকল্পনা অনুযায়ী টাকা প্রদান করে নি সেই কারণে পুর্বানুমোদিত পরিকল্পনা অনুযায়ী আর কোনওরূপ টাকা কাটাতে অস্বীকার করেন। সাথে সাথে কাটানো টাকা ফেরত দেওয়ার দাবিও জানান। ত্রি-পাক্ষিক বৈঠকে মালিকপক্ষের প্রতিনিধিরা বর্তমান হারে মহার্ঘভাতা, বকেয়া মজুরি, বাড়িভাড়া এবং ১৯৯২-৯৩ সালের বকেয়া বোনাস দিতে রাজি হন। কিন্তু বি আই এফ আর পূর্ব পরিকল্পনা অনুযায়ী শ্রমিকদের বেতন থেকে দৈনিক ১১ টাকা হারে টাকা কাটার প্রক্রিয়া বজায় রাখতে চান। শ্রমিক ইউনিয়নের প্রতিনিধিরা এটা মানতে অস্বীকার করেন। মিলটি খোলাবার প্রচেষ্টা জারি আছে।

## এ পি পি নিয়োগ

৪০। (অনুমোদিত প্রশ্ন নং ৩২০) **শ্রী আব্দুল মান্নান ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯০-৯১, ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ সালে রাজ্যে কোন জেলায় কতজন এ পি

পি নিয়োগ করা হয়েছে (জেলাওয়ারি হিসাবে) ;

**বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯০-৯১ কোনও নিয়োগ হয় নাই। ১৯৯১-৯২ ঃ কোনও নিয়োগ হয় নাই। ১৯৯২-৯৩ ঃ মোট ১৭ (সতের) জন এ পি পি নিয়োগ করা হয়েছে।

| | | |
|---|---|---|
| দার্জিলিং | ঃ | ২ জন |
| বাঁকুড়া | ঃ | ১ জন |
| কোচবিহার | ঃ | ১ জন |
| হুগলি | ঃ | ২ জন |
| নদীয়া | ঃ | ২ জন |
| জলপাইগুড়ি | ঃ | ১ জন |
| বর্ধমান | ঃ | ২ জন |
| মুর্শিদাবাদ | ঃ | ১ জন |
| বীরভূম | ঃ | ১ জন |
| উত্তর দিনাজপুর | ঃ | ১ জন |
| দক্ষিণ দিনাজপুর | ঃ | ১ জন |
| দক্ষিণ ২৪ পরগনা | ঃ | ১ জন |
| হাওড়া | ঃ | ২ জন |
| | | মোট ১৭ জন |

## কৃষি ও অকৃষি খাস জমি

৪১। (অনুমোদিত প্রশ্ন নং ৪১৬) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১-২-৯৩ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গ (১) কৃষি ও (২) অকৃষি খাস জমির পরিমাণ কত এবং (৩) ঐ খাস জমি কত পরিমাণ বণ্টন করা হয়েছে ;

(খ) দ্বিতীয় ও তৃতীয় ভূমি-সংস্কার আইনের আওতায় কত পরিমাণ জমি রাজ্য সরকারের বর্তেছে ;

(গ) মামলাধীন খাসজমির পরিমাণ কত ;

(ঘ) খাস জমি সংক্রান্ত মামলার দ্রুত নিষ্পত্তির জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ;

(ঙ) যে সব মামলার নিষ্পত্তি হয়েছে সেগুলির ক্ষেত্রে কতগুলিতে

(১) সরকার পক্ষ জিতেছেন ; এবং

(২) কতগুলিতে হেরেছেন ; এবং

(চ) ডাইভেস্ট হওয়া জমির পরিমাণ কত?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-১২-৯৩ তারিখ পর্যন্ত সমগ্র পশ্চিমবঙ্গে (১) কৃষি জমি ১২.৭০ লক্ষ একর ও (২) অকৃষি জমি ৫.৪৫ লক্ষ একর সরকারের বর্তেছে এবং (৩) ৯.৭২ লক্ষ একর জমি বণ্টন করা হয়েছে।

(খ) ০.৩০ লক্ষ একর।

(গ) মামলায় আবদ্ধ জমির পরিমাণ ১.৭৭ লক্ষ একর।

(ঘ) বিভাগীয় আধিকারিকগণ সরকার পক্ষের উকিলদের সঙ্গে সর্বদা যোগাযোগ রক্ষা করছেন যাতে মামলাগুলি দ্রুত নিষ্পত্তি করা যায়। এ ব্যতীত একটি ট্রাইব্যুনাল গঠনের প্রস্তুতি চলছে।

(ঙ) এই ধরনের পরিসংখ্যান এই বিভাগের রাখা হয় না।

(চ) ০.৯৭ লক্ষ একর।

## বক্রেশ্বর তাপ-বিদ্যুত প্রকল্প

৪২। (অনুমোদিত প্রশ্ন নং ৭২৩) **শ্রী রবীন দেব ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বক্রেশ্বর তাপ-বিদ্যুত প্রকল্পের জন্য আনুমানিক কত অর্থ ব্যয় হবে ;

(খ) তন্মধ্যে ৩১-১২-৯৩ পর্যন্ত কত অর্থ ব্যয় হয়েছে ;

(গ) এই প্রকল্পের জন্য কেন্দ্রীয় সরকার ঐ সময় পর্যন্ত কত অর্থ দিয়েছেন ; এবং

(ঘ) প্রকল্পের কাজ এই পর্যন্ত কত শতাংশ সম্পন্ন হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বক্রেশ্বর তাপ-বিদ্যুত প্রকল্পের নিম্নলিখিত আনুমানিক ব্যয় ধরা হয়েছে—

(১) ২×২১০ মেগাওয়াট বিশিষ্ট ইউনিটের জন্য ও ই সি এফ থেকে প্রাপ্ত আনুমানিক ব্যয়— (অ) ১ ও ২ নং ইউনিটের জন্য পাওয়ার প্ল্যান্টসহ আনুমানিক সাধারণ যন্ত্রাংশের জন্য· ২৫০৪.৩০ কোটি টাকা।

(আ) ট্রান্সমিশন অংশের জন্য ঃ ২৫০.২৫ কোটি টাকা।

(২) ৩×২১০ মেগাওয়াট বিশিষ্ট ৩, ৪, ও ৫ নং ইউনিটের জন্য আনুমানিক ব্যয় ১৬২৭.৬০ কোটি টাকা।

(খ) ১৪৬.০৫ কোটি টাকা।

(গ) এই প্রকল্পে এখনও কেন্দ্রীয় সরকার থেকে কোনও অর্থ সাহায্য পাওয়া যায় নি।

(ঘ) প্রকল্পের কাজ ব্যয় হিসেবে ৩ থেকে ৪ শতাংশ (আনুমানিক) সম্পন্ন হয়েছে।

**আবাসন প্রকল্পে নতুন গৃহ-নির্মাণ**

৪৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮০৫) **শ্রী রবীন দেব ঃ** আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আবাসন প্রকল্পের জন্য সরকার কর্তৃক এ পর্যন্ত অধিগৃহীত জমির পরিমাণ কত ; এবং

(খ) গ্রামীণ আবাসন প্রকল্পের জন্য—

(১) বরাদ্দকৃত জমির পরিমাণ কত ;

(২) কতগুলি ফ্লাট/গৃহ তৈরি করা হচ্ছে ; এবং

(গ) কলকাতা ও পার্শ্ববর্তী এলাকায় নতুন আবাসন নির্মাণের জন্য কোনও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কি না?

**আবাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আবাসন প্রকল্পের জন্য সরকার এ পর্যন্ত যে জমি অধিগ্রহণ করেছেন এবং যে জমি অধিগ্রহণের কাজ চলছে, তার সামগ্রিক পরিমাণ ১৩৯৯.০৮ একর। এর মধ্যে আবাসন পর্ষদের প্রকল্পের জন্য সর্বমোট ৮১২.১২ একর জমি অধিগ্রহণ করা হয়েছে। আবাসন বিভাগ কর্তৃক সরকারের নিজস্ব আবাসন প্রকল্পের জন্য পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে ৫৮৬.৯৬ একর জমি অধিগ্রহণের কাজ চলছে।

(খ) আবাসন বিভাগের কার্যাবলি সাধারণত মহকুমা ও জেলা শহরগুলিতে সীমাবদ্ধ। আবাসন পর্ষদের কার্যাবলি প্রায় অনুরূপ। তবে সম্প্রতি আবাসন পর্ষদ গ্রামীণ আবাসন প্রকল্পের আওতায় আর্থিকভাবে দুর্বলশ্রেণীর মানুষ ও নিম্ন আয়-ভোগীদের জন্য গৃহ-নির্মাণ ঋণদান প্রকল্প গ্রহণ করেছে।

(১) সুতরাং এই প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ করা হয় নি ; আবাসন পর্ষদের ঋণ পাওয়ার জন্য আবেদনকারীর নিজস্ব জমি থাকা অবশ্য প্রয়োজন।

(২) প্রকৃতপক্ষে গ্রামীণ আবাসন প্রকল্পের কোনও ফ্লাট বা গৃহ তৈরি হচ্ছে না ; তবে পর্ষদের অধীনে প্রথম পর্যায়ে ৯০৪০ জন ব্যক্তিকে গৃহ-নির্মাণ ঋণ দেওয়ার কাজ ইতিমধ্যে শুরু হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ে ১৪,৩০০ ব্যক্তিকে ঋণ দেওয়ার কাজ এগিয়ে চলেছে।

(গ) হ্যাঁ, হয়েছে। প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে যে, আবাসন বিভাগ কর্তৃক ১৯৯৪-৯৫ সালে ই এম বাইপাসের গায়ে কালিকাপুর মৌজায় নিম্নবিত্ত আয়ের লোকেদের জন্য বিক্রয়ের ভিত্তিতে ৩২০টি ফ্লাট, সরকারি কর্মাচারিদের জন্য গুমরমঠ,

বজবজে বিক্রয়ের ভিত্তিতে ৪০০টি একতলা বাড়ি ও লেক গার্ডেন্সে ১৬টি ফ্ল্যাট তৈরির পরিকল্পনা কাজ চলছে। এছাড়া সরকারি কর্মচারিদের জন্য লেক গার্ডেন্সে ভাড়াভিত্তিক ২য় পর্যায়ে ৮৮টি ফ্ল্যাট ও বেচারাম চ্যাটার্জি স্ট্রিটে ২য় পর্যায়ে ১৯২টি ফ্ল্যাট তৈরির কাজ চলছে। সাহাপুরে কর্মরতা মহিলাদের জন্য ৪৮টি স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট এবং বিধাননগরে আবাসন পর্ষদের মাধ্যমে কর্মরতা মহিলাদের জন্য ডরমিটারি ও স্বয়ংসম্পূর্ণ ইউনিট তৈরির কাজ চলছে।

এছাড়া আবাসন পর্ষদের মাধ্যমে সরশুনা, পুব-কলকাতা উপনগরী, গোবিন্দপুর, মাঠকল, বিরাটি, শ্রীরামপুর এবং শম্পা-মির্জানগরে ফ্ল্যাট তৈরির কাজ চলছে।

খুব শীঘ্র আবাসন পর্ষদের মাধ্যমে প্রকল্প শুরু করার জন্য সিরিটি, পূর্ব বরিষা, চকজোট-শিবরামপুর, পারুই, রাজাপুর, কালিকাপুর ব্রহ্মপুর, তিলজলা ও গদসায় জমি অধিগ্রহণ করা হচ্ছে।

## কৃষি উন্নয়ন সমবায় সমিতি

৪৪। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৮) **শ্রী রমণীকান্ত দেবশর্মা :** সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কৃষি উন্নয়ন সমবায় সমিতির মোট সংখ্যা কত ; এবং

(খ) এর মধ্যে (১) সচল (২) রুগ্ন ও (৩) মৃতের সংখ্যা কত? (জেলাওয়ারি হিসাব)

**সমবায় বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ৭,৪০২টি।

(খ)

| জেলা | সচল সমিতির সংখ্যা | রুগ্ন সমিতির সংখ্যা | মৃত সমিতির সংখ্যা | মোট সংখ্যা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| কলকাতা | — | — | — | — |
| উত্তর ২৪-পরগনা | ২৮৯ | ১১৬ | ১০৯ | ৫১৪ |
| দক্ষিণ ২৪-পরগনা | ৩৫৭ | ৯০ | ৭ | ৪৫৪ |
| হাওড়া | ১৯২ | ২১ | ৭ | ২২০ |
| হুগলি | ৩২১ | ১৯৮ | — | ৫১৯ |
| নদীয়া | ৩৩৪ | ৬ | — | ৩৪০ |
| মুর্শিদাবাদ | ৩৮৪ | ৫৬ | ৪৪ | ৪৮৪ |
| বর্ধমান | ৫৬১ | ৪০ | ৪ | ৬০৫ |
| মেদিনীপুর | ১৪৪০ | ১৫৬ | ২৩৫ | ১৮৩১ |

| | | | | |
|---|---|---|---|---|
| বাঁকুড়া | ৩৪২ | ৭৫ | — | ৪১৭ |
| বীরভূম | ৩৪২ | ৭ | ২ | ৩৫১ |
| পুরুলিয়া | ১৫২ | ৭০ | ২০ | ২৪২ |
| মালদা | ২৬০ | ৩০ | ৭ | ২৯৭ |
| পশ্চিম দিনাজপুর | ৩২৪ | ১৮১ | ৩৩ | ৫৩৮ |
| জলপাইগুড়ি | ১৪৪ | ৬৬ | ৩৮ | ২৪৮ |
| কুচবিহার | ১৯০ | ৫৩ | — | ২৪৩ |
| দার্জিলিং | ৯৩ | ৬ | — | ৯৯ |
| | ৫৭২৫ | ১১৭১ | ৫০৬ | ৭৪০২ |

## রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম

৪৫। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬১) **শ্রী নিশিকান্ত মেহেতা :** কৃষি (ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম আছে ;

(খ) তার মধ্যে কতগুলি ডিজেল এবং কতগুলি বিদ্যুত দ্বারা পরিচালিত হয় ;

(গ) উক্ত স্কীমগুলির মধ্যে কয়টি সচল অবস্থায় আছে ;

(ঘ) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে আড়ষা ও বাগমুণ্ডী পঞ্চায়েত সমিতি এলাকায় নতু কোনও রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম করার পরিকল্পনা আছে কিনা ; এবং

(ঙ) থাকলে, কোথায়, কোথায়?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ১৪১ টি।

(খ) বিদ্যুত চালিত—৫টি।

ডিজেল চালিত— ১৩৬টি

(গ) ১২২ টি।

(ঘ) নেই।

(ঙ) প্রশ্ন ওঠে না।

## এইচ ডি সি স্কীমে তালিকাভুক্ত তন্তুবায় সমবায় সমিতি

৪৬। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৬) **শ্রী তোয়াব আলি :** কুটির ও ক্ষুদ্রায়তন শি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, এইচ ডি সি স্কীমের জন্য তন্তুবায় সমবায় সমিতিগুলির নাম তালিকাভুক্ত করা হচ্ছে ;

(খ) সত্যি হলে, কোন জেলায় কতগুলি সমিতিকে তালিকাভুক্ত করা হয়েছে ; এবং

(গ) মুর্শিদাবাদ জেলার সমিতিগুলির নাম কি কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, বর্তমান বছরের জন্য তালিকাভুক্ত করা হচ্ছে।

(খ) ৯/২/৯৪ তারিখ পর্যন্ত জেলাওয়ারি হিসাব নিম্নরূপ—

| জেলার নাম | সমিতির সংখ্যা |
|---|---|
| নদীয়া | ৩ |
| বীরভূম | ৪ |
| বর্ধমান | ৮ |
| হুগলি | ৩ |
| উত্তর ২৪-পরগনা | ১ |
| পুরুলিয়া | ১ |
| কুচবিহার | ১ |
| মেদিনীপুর | ৩ |
| মুর্শিদাবাদ | ৭ |

(গ) (১) মহেশপুর উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড।

(২) ফরাক্কা ব্লক তন্তবায় সমবায় সমিতি।

(৩) সমসেরগঞ্জ ব্লক তন্তুবায় সমবায় সমিতি।

(৪) ভরতপুর ২ নং ব্লক তন্তুবায় সমবায় সমিতি।

(৫) সিমুলিয়া ইউনিয়ন তন্তুবায় সমবায় সমিতি।

(৬) জয়কৃষ্ণপুর তন্তুবায় সমবায় সমিতি।

(৭) বাড়এগা ব্লক সিল্ক উইভার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ।

## রায়গঞ্জে 'রবীন্দ্র ভবন'

৪৭। (অনুমোদিত প্রশ্ন নং ১১৪২) **শ্রী রমণীকান্ত দেবশর্মা ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জে 'রবীন্দ্র ভবন' নির্মাণকাজ কবে নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

অসমাপ্ত রবীন্দ্র-ভবন নির্মাণকাজ স্থগিত আছে। কবে সমাপ্ত হবে বলা সম্ভব নয়।

### সু-সংহত শিশু-বিকাশ সেবা-প্রকল্প

৪৮। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৭) **শ্রীমতী সাবিত্রী মিত্র :** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বাস্তবায়িত সু-সংহত শিশু-বিকাশ সেবা-প্রকল্পের সংখ্যা কত ; এবং

(খ) কোথায় কোথায় উক্ত প্রকল্প বাস্তবায়িত হয়েছে?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) বর্তমানে রাজ্যে বাস্তবায়িত সু-সংহত শিশু-বিকাশ সেবা-প্রকল্পের সংখ্যা ২০১-এর মধ্যে ২০০টি রাজ্য সরকারের পরিচালনাধীন এবং একটি রামকৃষ্ণ মিশন দ্বারা পরিচালিত।

(খ) লাইব্রেরি টেবিলে রক্ষিত তালিকায় কোন কোন ব্লকে/শহরে উক্ত প্রকল্প বাস্তবায়িত হয়েছে তা দেওয়া হল

### Fire Station at Baruipur

49. (Admitted Question No. 1278) **Shri Sobhan Deb Chattopadhyay :** Will the Minister of State-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

(a) The present position for setting up Fire Station in Baruipur Municipal Area ; and

(b) The amount already spent for the purpose ?

**Minister of State-in-charge of Municipal Affairs Department :**

(a) A plot of land measuring about 13,200 Sq. ft. (10 Katha 5 Chatak 33 Sq. ft.) has been acquired by the Director, West Bengal Fire Services, for setting up a 2-Pump Fire Station Building at Baruipur. Necessary steps are being taken for construction of the Fire Station Building in question.

(b) Does not arise.

৫০। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৩) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী :** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গায় ১নং ভূমি-সংস্কার অফিসে তৃতীয় ভূমি-সংস্কার আইন অনুসারে ৭কক ফর্মে কতজন রায়ত রিটার্ন দাখিল করেছেন।

(খ) ঐ এলাকায় কতজন রায়ত ব্যক্তিগতভাবে ও ভূমিজীবী সংঘের (৩১শে ডিসেম্বর ১৯৯৩) হাইকোর্ট ও সুপ্রিম কোর্ট মোকদ্দমা করে আবদ্ধ রেখেছেন।

(গ) উক্ত বেলডাঙ্গা ১নং ব্লকের অধীনে কতগুলি আর আই-এর (Revenue Inspector) পদ খালি আছে ; এবং

(ঘ) ঐ শূন্য পদগুলি কোন কোন এলাকা ভুক্তি সংশ্লিষ্ট?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কেউ না।

(খ) ব্যক্তিগতভাবে ১৬ জন এবং ভূমিজীবী সংঘের মাধ্যমে ৫ জন।

(গ) ৫ (পাঁচ)টি।

(ঘ) দেবকুন্ড, মন্ডুলা-১ চৈতন্যপুর, কাপাসডাঙ্গা এবং মির্জাপুর গ্রাম পঞ্চায়েতের অধীনে।

### বেলডাঙ্গা ব্লকে সিকস্তি জমির পরিমাণ

৫১। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৪৪) **শ্রী নুরুল ইসলাম চৌধুরী ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভাগীরথী নদীর ভাঙ্গনে মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা ১নং ব্লকের মির্জাপুর ও মেলিয়ানী ও বনমালীপুর মৌজায় (১) কত পরিমাণ জমি সিকস্তি হয়েছে এবং (২) নতুন কোনও পয়স্তি বা চর উশ্চিত হয়েছে কি ;

(খ) নতুন চর উশ্চিত হয়ে থাকলে তার পরিমাণ কত ; এবং

(গ) তারমধ্যে কত পরিমাণ জমি ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত বিলি করা হয়েছে?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) এবং (২), (খ)

| | মির্জাপুর<br>জে এল নং ৬৪ | মেলিয়ানি<br>জে এল নং ৬৩ | বলমালীপুর<br>জে এল নং ৩৫ |
|---|---|---|---|
| সিকস্তি জমির পরিমাণ | ১৪.২৫ একর | ৯.৪৬ একর | ৭.১৪ একর |
| পয়স্তি বা উশ্চিত চরের পরিমাণ | ৬.৩১ একর | ৩.৮৩ একর | ৭.৩১ একর |

(গ) কোন জমি বিলি করা হয় নি।

**ডিসেরগড়ে দামোদর নদের উপর পাকা সেতু**

৫২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৫) **শ্রী মানিকলাল আচার্য ঃ** পূর্ত (সড়ক) বিভা ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার ডিসেরগড় ও পুরুলিয়া জেলা সংযোগকারী দামোদর নদের উ সেতুটি পাকা করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়।

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এরূপ একটি প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**বারাবনী ও সালানপুর ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প**

৫৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১২) **শ্রী এস আর দাস ঃ** বিদ্যুত বিভাগের ভার মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে বারাবনী বিধানসভা কেন্দ্রের অন্ত বারাবনী সালানপুর ব্লকে গ্রামীণ বৈদ্যুতিককরণ প্রকল্পে কতগুলি মৌজার অনুমোদিত হয়েছিল (মৌজাওয়ারি হিসাব) ;

(খ) অনুমোদনপ্রাপ্ত কোন কোন মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে ; এবং

(গ) অনুমোদনপ্রাপ্ত যে প্রকল্পগুলি বাস্তবায়িত হয় নি সেগুলি কতদিনে বাস্তবায়িত বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পর্ষদে বিধানসভা ও ব্লকভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হয় না। তবে সং তথ্য অনুযায়ী ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে বারাবনী ও সালান থানার অধীন কোনও মৌজার জন্য কোনও গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প মঞ্জুর ব হয় নি।

(খ) ১৯৯০-৯১ সালের পূর্বে অনুমোদিত প্রকল্পগুলির মধ্যে গত তিন বছরে বারাব ও সালানপুর থানার অধীন যে সমস্ত মৌজা বৈদ্যুতিকরণ করা হয়েছে ত পরিসংখ্যান নিচে দেওয়া হল ;

(১) বারাবনী থানার অধীন ৫০টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১-১২-৯৩ পর্য ৪৩টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। তার মধ্যে ১৯৯ ৯১ বছরে নিচে লেখা মৌজাগুলির বৈদ্যুতিকরণের কাজ শেষ হয়েছে।

| মৌজার নাম | জে এল নং | প্রকল্প নং | বৈদ্যুতিকরণের মাস |
|---|---|---|---|
| রসনা | ২ | বি ডব্লু এন-২১/১৪৭ | ৪/৯০ |
| কারাবাদ | ৩৯ | ঐ | ১২/৯০ |
| নপাড়া | ৪০ | ঐ | ১২/৯০ |
| কেলেটোরা | ৪৬ | ঐ | ৩/৯১ |

(২) সালানপুর থানার অধীন ৬৫টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১-১২-৯৩ পর্যন্ত ৫০টি গ্রামীণ মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। তার মধ্যে ১৯৯০-৯১ ও ১৯৯১-৯২ বছরে নিম্নলিখিত মৌজাগুলিতে বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছেঃ

| মৌজার নাম | জে এল নং | প্রকল্প নং | বৈদ্যুতিকরণের মাস |
|---|---|---|---|
| সিরিসবেরিয়া (এস সি) | ১৮ | বি ডব্লু এন-২৫/১৭০ | ৭/৯০ |
| বড়বাই (টি ডি) | ২১ | ঐ | ঐ |
| বাথুরাড়ি (ঐ) | ৪ | ঐ | ১০/৯০ |
| ডামডাহা (এস সি) | ১০ | ঐ | ৮/৯০ |
| সিধাবাড়ি | ৫ | ঐ | ৮/৯০ |

| মৌজার নাম | জে এল নং | প্রকল্প নং | বৈদ্যুতিকরণের মাস |
|---|---|---|---|
| রামচন্দ্রপুর | ৭ | ঐ | ১০/৯০ |
| মুচিদি | ১৪ | ঐ | ১০/৯০ |
| কালিপাথর | ৮ | ঐ | ১০/৯০ |
| বাঁশঘাটী (টি ডি) | ৬ | ঐ | ১১/৯০ |
| ধানজুরি (এস টি) | ১১ | ঐ | ঐ |
| মাঝারি (এস সি) | ১৩ | ঐ | ঐ |
| মহেশপুর (টি ডি) | ২৪ | ঐ | ১২/৯০ |
| প্রতাপপুর (ঐ) | ১৫ | ঐ | ৩/৯১ |
| পাহাড়পুর | ৫২ | ঐ | ৭/৯১ |
| কালিয়া (এস সি) | ৪৫ | ঐ | ৭/৯১ |

(গ) বার্ষিক যোজনায় গ্রামীণ বৈদ্যুতিকরণ খাতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে এবং আর ই সি কর্তৃক প্রয়োজনীয় লোন পাওয়া গেলে বাকি প্রকল্পের কাজ শেষ হবে বলে আশা করা যায়।

**বারাবনী ও সালানপুর ব্লকে ইনটেনসিফিকেশন স্কীম**

৫৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৬১৪) **শ্রী এস আর দাস ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত চার বছরে (১১৯০-৯৩) বারাবনী বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বারাবনী ও সালানপুর ব্লকে ইনটেনসিফিকেশন স্কীমে মোট কতগুলি মৌজার নাম অনুমোদনের জন্য বিদ্যুত বিভাগে এসেছিল ;

(খ) উক্ত প্রকল্পের জন্য কতকগুলি ও কোন কোন ক্ষেতে অনুমোদন দেওয়া হয়েছে ;

(গ) অনুমোদনপ্রাপ্ত কোন কোন প্রকল্পগুলি বাস্তবায়িত হয়েছে ; এবং

(ঘ) অবশিষ্টগুলি কতদিনে বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পর্ষদে থানাভিত্তিক পরিসংখ্যান রাখা হয়। বিধানসভা ও ব্লকভিত্তিক পরিসংখ্যান রাখা হয় না।

বর্ধমান জেলার অন্তর্গত সালানপুর থানার অধীন নিবিড়করণ প্রকল্পে (ইনটেনসিফিকেশন স্কীম) একটি মাত্র স্কীম অনুমোদনের জন্য এসেছিল (মোট সংখ্যা ৪৩টির জন্য) মৌজার নামগুলি জে এল নং সহ নিম্নে দেওয়া হল ঃ

(১) পিথাঘড়ি (২), (২) কালাডোবার (১৭), (৩) অনাদি (১৬), (৪) দানগুয়া (২০), (৫) নেকভাডুরিয়া (২৬), (৬) সালানপুর (২৭), (৭) মুদিকা (২৮), (৮) পুনদাবাদ (২৯), (৯) বনবিরাদি (৩০), (১০) বাসুদেবপুর (৩১), (১১) জেমেরী (৩২), (১২) হরিশাদী (৩৫), (১৩) রূপনারায়ণপুর (৩৬), (১৪) মিয়াফুলবেরিয়া (৪৬), (১৫) কিউনশালা (৪৭), (১৬) কালীমানিক (৪৮), (১৭) সায়েনপুর (৪৯), (১৮) ধারমপুর (৫০), (১৯) মাল্লাদি (৫৪), (২০) থাছড়া (৫৬), (২২) ডাবর (৫৭), (২৩) ফুলবেরিয়া (৫৯), (২৪) বালকুঞ্জ (৬৭), (২৫) পটল (৭০), (২৬) ইথোরা (৭৬), (২৭) অংগোরিয়া (৭৭), (২৮) থালাকান্দা (৫৮), (২৯) লোহাট (৬১), (৩০) রাধাবল্লভপুর (৬২), (৩১) শ্যামদি (৬০), (৩২) থারগড়া (৬৪), (৩৩) বাধানবাড়ি (৪), (৩৪), ডোমডাঙ্গা (১০), (৩৫) ভানগরি (১১), (৩৬) মুচিদি (১৪), (৩৭) বেংগারিয়া (৩৭), (৩৮) দিয়াডোবা (৪২), (৩৯) জিৎপুর (৪৪), (৪০) মোনাহারা (৫৩), (৪১) পর্বতপুর (৬৬), (৪২) মালবহাল (৩৯), (৪৩) জেড়েবাড়ি (৪১),

(খ) একটি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। প্রকল্পের নাম বি ডব্লু এন। ইনটেনসিফিকেশন ১৯/১৪৭। অনুমোদিত প্রকল্পে মোট মৌজার সংখ্যা ৩২টি। মৌজাগুলির নাম ও জে এল নং (ক) উত্তরের মৌজাগুলির (১) নং হইতে (৩২) পর্যন্ত।

(গ) ৩১-১২-৯৩ পর্যন্ত কোনও মৌজা বৈদ্যুতিকরণ বাস্তবায়িত করা সম্ভব হয় নি।

(ঘ) এই সমস্ত মৌজাগুলির বৈদ্যুতিকরণ বাস্তবায়িত করার কাজ রাজ্যের বার্ষিক যোজনা ও আর ই কর্পোরেশনের দ্বারা অর্থ যোগানের উপর নির্ভরশীল।

## সাগরদিঘি ব্লকে দামুস বিলের লীজ প্রদান

৫৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৬২২) **শ্রী পরেশনাথ দাস ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার অন্তর্গত সাগরদীঘি ব্লকে দামুস বিলটিতে মাছ ধরার জন্য দীর্ঘমেয়াদী লীজ দেওয়া হয়েছে ;

(খ) সত্যি হল,

(১) প্রতি বছর কত টাকা বছরের জন্য ঐ লীজ দেওয়া হয়েছে ;

(২) ৩১-১২-৯৩ পর্যন্ত এ বাবদ কত রাজস্ব সংগৃহীত হয়েছে ; এবং

(গ) উক্ত বিলের অন্তর্গত

(১) সরকারি খাস জমির পরিমাণ কত এবং

(২) ঐ বিলের জল বর্তমানে কত একর পর্যন্ত বিস্তৃত আছে?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ ডিভিসন বেঞ্চের আদেশবলে মহামান্য কোর্টের ও জেলাশাসক ও সমাহর্তার ১৪৫৪। ই এন এল আর সংখ্যক তা ২০-৮-৯০ এবং ১৪৫৬ সংখ্যক তাং ২০-৮-৯০ নির্দেশে শ্রী মনিরুদ্দিন শেখ ও অন্যান্যদের দীর্ঘমেয়াদী লীজ দেওয়া হয়েছে।

(খ) (১) প্রতি বছর ৬৮,৬৯৬.৯০ টাকা ও পরবর্তী বছরগুলিতে শতকরা ১০ টাকা বৃদ্ধি হারে ৩০ বছরের জন্য লীজ দেওয়া হয়েছে ;

(২) ৩১-১২-৯৩ পর্যন্ত সংগৃহীত রাজস্বের পরিমাণ নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| (অ) সেলামী | ৬,৮৬,৯৬৯.০০ |
| (আ) লীজ বাবদ বাংলা সন ১৪০০ সাল পর্যন্ত | ৩,১৮,৮২৪.৯০ |
| (ই) বকেয়া বাবদ ১৩৯৫ বঙ্গাব্দ পর্যন্ত | ২,০২,২২০.০০ |
| (ঈ) সুদ বাবদ | ৫৬,৮৭৮.০০ |
| মোট | ১২,৬৪,৮৯১.৯০ |

(গ) (১) ১৬৯.৯৯ একর।

(২) এই বিভাগের এরূপ তথ্য রাখা হয় না।

**উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত বেকার সংখ্যা**

৫৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৩৮) **শ্রী সুভাষ নস্কর ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলার বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রের নথিভুক্ত বেকার সংখ্যা কত (পৃথকভাবে) ; এবং

(খ) উক্ত নথিভুক্ত বেকারদের মধ্যে তপঃ জাতি/তপঃ উপজাতির সংখ্যা কত (কেন্দ্রভিত্তিক),

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) প্রশ্নের উত্তর নিচের দেওয়া হল।

(ক) ৩১-১২-৯৩ তারিখে কেন্দ্রভিত্তিক সংখ্যা নিম্নরূপ ঃ

| জেলা | কেন্দ্র | নথিভুক্ত বেকার |
|---|---|---|
| উত্তর ২৪-পরগনা | এস আর ই ই ব্যারাকপুর | ২,২০,৩৯০ |
| | ডি ই ই, দমদম | ১,২৩,৬৮৯ |
| | ডি ই ই, বারাসাত | ১,৫৮,৯৬২ |
| | ডি ই ই, বসিরহাট | ৮৪,৬৩৭ |
| | ডি ই ই, বনগাঁ | ৬১,৪৪৩ |
| | | মোট ৬,৪৯,১২১ |

| জেলা | কেন্দ্র | নথিভুক্ত বেকার |
|---|---|---|
| দক্ষিণ ২৪-পরগনা | ১। ডি ই ই, বজবজ | ৮৮,৯১৭ |
| | ডি ই ই, ডায়মন্ডহারবার | ৬৮,২১০ |
| | ডি ই ই, আলিপুর | ৭৬,৪৩৮ |
| | ডি ই ই, ক্যানিং | ৪৬,৮৭৭ |
| | ডি ই ই, কাকদ্বীপ | ৩৩,৮২২ |
| | | মোট ৩,১৪,২৬৪ |

| জেলা | কেন্দ্র | নথিভুক্ত বেকার | |
|---|---|---|---|
| | | তপঃ জাতি | তঁপঃ উপজাতি |
| উত্তর ২৪-পরগনা | এস আর ই ই ব্যারাকপুর | ১৩,২৬০ | ৯৯৭ |
| | ডি ই ই, দমদম | ৬,১৭০ | ৪৪১ |
| | ডি ই ই, বারাসাত | ৬,৩৯৮ | ৪৬০ |
| | ডি ই ই, বসিরহাট | ৮,৬৬৪ | ৭২৯ |

| | | | |
|---|---|---|---|
| | ডি ই ই, বনগাঁ | ১১,০৩৮ | ৩৮৩ |
| | মোট | ৪৫,৪৬৭ | ৩০১০ |

| জেলা | কেন্দ্র | নথিভুক্ত বেকার | |
|---|---|---|---|
| | | তপঃ জাতি | তপঃ উপজাতি |
| দক্ষিণ ২৪-পরগনা | ডি ই ই, বজবজ | ১২,৫৪১ | ৪৪ |
| | ডি ই ই, ডায়মন্ডহারবার | ১৩,২৫৩ | ১১৪ |
| | ডি ই ই, আলিপুর | ১৮,৫০৭ | ১৫৬ |
| | ডি ই ই, ক্যানিং | ৬,৪০৫ | ৬৪৯ |
| | ডি ই ই, কাকদ্বীপ | ৮,৩৭৬ | ৩৯ |
| | মোট | ৫৯,০৮২ | ১,০০২ |

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** The Leader of the Opposition has drawn my attention to two points. Primarily his main point is to draw attention to rule 51, sub-rule 3 and rules 52 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly. In the first two or earlier rulings passed on days ago where I have directed that, members, if they are absent, their questions are not called. I will not allow another member to raise their questions in the House. The practice has been followed for the past three or four sittings. Dr. Abedin says, in sub-rule 3 of rule 51, there is a provision which reads as follows : ''If on a question being called it is not asked or the member in whose name it stands is absent, the Speaker may, at the request of any member, direct that the answer to it be given.'' And rules 52 reads as follows : ''When all the questions for which oral answers are desired to have been called, the Speaker may, if time permits, call again any question which has not been asked by reason of the absence of the member in whose name it stands, and may also permit a member to ask a question standing in the name of another member, if so authorised by him.

Now, it is no doubt true that in our House there have been conventions that if a member is absent then another member with the permission of the Chair raises the question. We have been very lax on this and very liberal. Our House is a very liberal House in many respects. But I have felt that liberalism is also bad. Otherwise, the House has to function by proxy. Now we take up today's questions.

Today I have called 1,2,3,4,5,6,7,8,9,10,11,12 questions out of whicl members for 2,3,4,5,6,7,8 questions are absent. It is a very sad com ment on the floor of the House about the attendance of members. I is a very sorry state. It is very unfortunate state of affairs whicl should not be allowed to continue. Members have been voted to rep resent the people and their interest in the House. They have not beei voted to remain absent from the house.

A member who has filed questions it becomes their duty to mak themselves present. When the questions are published member know or what or which dates the ministers are expected to reply. When minis- ters were not present and not present in required numbers I hav adjourned the House. I will not spare the Ministers also. why shoul the Leader of the Opposition expect campassionate treatment for th members. Why should he expect compassionate treatment for the mem- bers separately ?

Now the question here is, 12 questions have been asked and 8 members are absent. Four members are present when the questions have been answered. What do we expect? If I were to allow the absent member's questions to be called then what would have hap- pened ? The four present member's questions could not have been answered. This is wonderful. Members who have not come to the House, their questions are called and answered and members who have taken the trouble to come to the House, their questions are not an- swered. I think that is unfair and that is not fair to the members who have taken the trouble to be present in the House.

In the Lok Sabha it is a very strict principle–if the member is not present when his question is called it is not taken up-never taken up. The question lapses. But we have been liberal and I have said the liberalism must have its limitations. Now the question arises as to why this provision has been made. It is that there may be certain exigencies a member may fail it and the question may be a very important ques- tion. The Speaker may at his discretion allow a certain matter to be taken up. A member may have informed the Speaker of his incapacity to come on a certain day there may be some exigencies. But they are on very rare circumstances. I find that in this case, the exceptions are becoming a rule. The Leader of the Opposition wants the exception to became a rule, which should not be he practice at all. It is encouraging a bad practice. It is encouraging the unfair practices we should not do it. We should make our members more attentive, more responsible. more accountable to the people and I hope all the members will co-

operate in brining the House to a degree of respectability to which people are entitled. Then in regard to the other point where he says that the Ministers do not reply pointedly to the questions or evade replies.

(Noise)

But I don't allow to avoid any answer. Dr. Zainal Abedin has raised another question that the ministers avoid answers or do not reply pointedly to the question asked for. Now the question is when a Minister is asked a certain question under our Rules of Procedure—there is no rule where the Minister is bound to give the reply. He may not reply, he may choose not to reply.

(Noise)

Please here me. I am on my legs.

In course of giving my ruling, I am making my submission. Please hear me. Have some patience. It is true that when a Minister answers to a question he should be clear cut. It should be pointed and it should be sufficient enough to explain what a member wants to know. It is true. It is expected that the answer should be as such. But, if a Minister choose to make an inward reply, qualified reply, a limited reply that being his jurisdiction it is not the duty of the Chair to understand whether the reply is complete or whether the reply is incomplete. It is again the capacity of the members to extract the reply and put questions in such a form that the replies can be taken out as a lawyer at the time or cross-examination makes it out in the court of law. Thank you.

## Calling Attention to matters of Urgent Public Importance

**Mr. Speaker :** I have received one notice of Calling Attention namely :

| | |
|---|---|
| 1. Reported theft of the idol of Madanmohan from a temple at Coochbehar on 28-2-94. | : Shri Birendra Kumar Moitra and Shri Abdul Mannan. |

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 10th March, 1994.

## MENTION CASES

[12-20 — 12-30 p.m.]

**শ্রী দেবনারায়ণ চক্রবর্তী :** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হুগলি জেলার সরকারি আইনজীবীরা গত ১লা ফেব্রুয়ারি থেকে কর্মবিরতি পালন করছে। মেদিনীপুর জেলা থেকেও খবর এসেছে যে, সেখানকার আইনজীবীরা মার্চ মাস থেকে কর্ম বিরতি শুরু করেছে। তাদের দাবি হচ্ছে যে, তারা ১ বছর ধরে বিলের টাকা পাচ্ছে না। তাদের সাড়ে সতেরো টাকা করে মজুরি কোথাও কোথাও একটু বেশি মজুরি আছে। এগুলো যাতে সমান কাজে সমান মজুরি হয় এবং মজুরির হার যাতে বাড়ে সেটা দেখতে হবে। তাদের দীর্ঘদিনের দাবি হচ্ছে যে, এই বিলের টাকার যাতে পড়ে না থাকে, মাসের পর মাস ঠিক সময়ে হাতে তারা পেতে পারে সেটা দেখতে হবে। তাছাড়া আইনজীবীরা যেখানে সাড়ে সতেরো টাকা করে পান, সেখানে ক্ষেত মজুররা ৩২-৩৩ টাকা করে পায়, এই জিনিসটা যাতে দূর হয় এবং বৈষম্য যাতে না থাকে সেটা দেখতে হবে। তাদের প্রতি যেন এইরকম বৈষম্যমূলক আচরণ না করা হয় এবং মানবিক দরদ দিয়ে সেটা যেন দেখা হয়। সরকারি কাজগুলি যাতে চলে এবং দেশের মানুষ যাতে আইন ব্যবস্থার সুযোগ সুবিধা পান, এই বর্তমান অবস্থায় এটার যাতে অবসান হয়, সেই রকম দৃষ্টিভঙ্গি বামফ্রন্ট সরকার দেখাবেন এবং একটা সুব্যবস্থা করবেন, এটা আমি আবেদন করছি।

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা :** মাননীয় সদস্য যে মেনশন করলেন তার পরিপ্রেক্ষিতে আমি জানাচ্ছি আমরা সামগ্রিক সিদ্ধান্ত ঘোষণা করেছি, ১লা এপ্রিল থেকে সমস্ত সরকারি অ্যাডভোকেটরা সমান ফিজ পাবেন। আমাদের সিটি সিভিল কোর্টে হচ্ছে সবচেয়ে বেশি ফিজ, ১০০ টাকা সেটা সকলেই পাবেন এই নোটিফিকেশন শীঘ্র সর্বত্র চলে যাবে। উনি বিলের সম্পর্কে যেটা বললেন সেই রকম কোথাও পেন্ডিং আছে বলে আমি মনে করি না—যদি কোথাও থাকে, উনি জানালে আমরা ব্যবস্থা নেব। বিল পাঠালে আমরা সাথে সাথে সেটা পাঠিয়ে দিচ্ছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ ঘটনার প্রতি। কিছুদিন যাবৎ মালদা সদর হাসপাতালে একটা অরাজক অবস্থা চলছে। সেখানে ডাক্তাররা হাসপাতালে থাকে না, ১ ঘণ্টা থাকলে ৮ ঘণ্টা তারা নার্সিং হোমে বা চেম্বারে থাকেন। ওখানকার ডি এম ও কে তারা মানেন না, ডি এম ও সরকারি আইন চালু করতে গেলে তার বিরুদ্ধে তারা প্রতিবাদ করেন। কয়েকদিন আগে হেলথ অ্যাসোসিয়েশনের একটা সম্মেলন হয়েছে, সেখানে সম্মেলনের পর ডাক্তাররা বেপরোয়া হয়ে গিয়েছে। কয়েকদিন আগে ডি এম ও-কে ধরে ৬ জন ডাক্তার প্রহার করেছে, যদি তার কিছু অন্যায় থাকে তার বিচার ছিল, কিন্তু এটা ওদের করা ঠিক হয়নি। একজন রোগীকে রেড ক্রস থেকে ৩০০ টাকা করে প্রতিদিন ঔষধ দিয়েছিলাম, গাজলের ঢাকনাপাড়ার চাঁদ মহম্মদকে সেই রোগীর খবর নিতে পাঠিয়েছিলাম আমার একজন লোককে দিয়ে, সেই লোক বলেছে এম এল এ-র কাছ থেকে এসেছে, তাকেও অপমান

করেছে ডাক্তার, এইসব দুর্নীতিপরায়ণ ডাক্তারদের একশ্রেণীর পুলিশ অফিসার সাপোর্ট করছে। এই জিনিস তো চলতে পারে না। ডি এম ও-কে যদি ডাক্তাররা না মানেন তাহলে তাকে সরিয়ে আনা হোক। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলব এই অরাজক অবস্থা চলতে পারে না, সেখানকার ডাক্তাররা বলছে হাসপাতালে গেলে মরে যাবেন, নার্সিং হোমে যান। আমি এই ব্যাপারে ডি এইচ এস কে বলেছি, এই রকম অবস্থা স্বাধীনতার পর কোনওদিন দেখিনি, বর্তমানে মালদা সদর হাসপাতালে যা চলছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে নারী নিগ্রহের ঘটনা যে ভাবে উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে তা খুবই উদ্বেগের বিষয়। আপনি জানেন সম্প্রতি উত্তরপাড়ায় রাজ্য সরকার কর্তৃক পরিচালিত যে অনাথ আশ্রম, সেই অনাথ আশ্রমে এক মহিলা দিনের পর দিন ধর্ষিতা হয়েছে, অনাথ আশ্রমের মধ্যে সরকারি অনাথ আশ্রমে, তিনি এখন সন্তান সম্ভবা। এই রকম অবস্থা চলছে দিনের পর দিন চলছে কিন্তু কর্তৃপক্ষ কোনও ব্যবস্থা গ্রহণ করেনি। এখন শোনা যাচ্ছে মাস খানেক ধরে যে চলছে পুলিশকেও তারা জানায়নি। ঐ অনাথ আশ্রমের সুপারিনটেনডেন্টের বক্তব্য এক রকম, আবার দপ্তরের সচিবের বক্তব্য আর এক রকম। আজকে সরকারি অনাথ আশ্রমের মহিলাদের নিরাপত্তা নেই। আপনারা দেখেছেন, প্রকাশ্যে রাস্তায় মহিলা লাঞ্ছিতা হয়েছে, ৬ মাসের শিশু কন্যা ধর্ষিতা হয়েছে, অথচ পুলিশ প্রশাসন, সরকারি কর্তৃপক্ষ তারা নীরব। এমন কি রাজ্য সরকারের যে মহিলা কমিশন আছেন তারাও অভিযোগ করেছেন মহিলারা নিগৃহীত হলে পুলিশ থানায় ডায়রি নিতে চান না। আলপনা দেবির সঙ্গে যখন তারা দেখা করতে গিয়েছিল তখন সুপার দেখা করতে দেয়নি, এই ধরনের সমস্ত ঘটনাকে চাপা দেওয়ার চেষ্টা চলছে।

আজকে সংবিধানের তাদের অধিকারের কথা বলা আছে। আজকে একদিকে আমরা নারীর সমান অধিকারের কথা বলেছি, আজকে পঞ্চায়েত ও পৌরসভায় নারীর অধিকার সংরক্ষিত করা হয়েছে, তাদের সিট রিজার্ভেশনের কথা বলা হচ্ছে। কিন্তু এগিকে দেখা যাচ্ছে দিনের পর দিন নারী নিগ্রহের ঘটনা বেড়ে চলেছে। এটা খুবই ভয়াবহ এবং উদ্বেগজনক এবং এতে আইন-শৃঙ্খলা যেভাবে বিপর্যস্ত হচ্ছে সেই ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং এই ধর্ষণের ব্যাপারে মন্ত্রী মহাশয় যাতে হাউসে বিবৃতি দেন এই ব্যাপারে আমি দাবি জানাচ্ছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর ও সমবায়মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে সারা রাজ্যে বোরো ধানের চাষ চলছে এবং অনেক জায়গায় চারা রোপনের কাজও শেষ হয়েছে। এখন কৃষকদের নাইট্রোজেন সার প্রয়োজন, কিন্তু তারা তা পাচ্ছে না। যদিও বা পাচ্ছে, সেখানে সমবায় সংস্থা বেনফেড তাদের বাধ্য করছে নাইট্রোজেন সার নিতে গেলে অর্ধেক ডি এ পি বা কমপ্লেক্স সার নিতে হবে। কিন্তু চাষীদের ডি এ পি বা কমপ্লেক্স সারের কোনও প্রয়োজন নেই। কিন্তু বেনফেড বাধ্য করছে ৫০ পারসেন্ট নাইট্রোজেন সার এবং ৫০ পারসেন্ট ঐ দুটো সার তাদের নিতে হবে। এইভাবে চলতে থাকলে বোরো চাষ মার খাবে এবং চাষীরাও মার খাবে। আগেই এই সারের দাম ছিল ১৪৫ টাকা, কিন্তু এখন কালোবাজারে হাইরেট ২০০ টাকা দিয়ে ঐ সার

*কিনতে হচ্ছে চাষীদের। অবিলম্বে কৃষি দপ্তর এবং সমবায় দপ্তর গুরুত্ব দিয়ে এই ব্যাপারটাকে দেখা দরকার এবং চাষীদের যাতে নাইট্রোজেন সারের সাথে ঐ দুটি সার নিতে বাধ্য না করে* সেই ব্যাপারে ব্যবস্থা অবলম্বন করা দরকার।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী মানিকলাল আচার্য ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কয়লা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, ২৫শে জানুয়ারি নিউকেন্দা কয়লাখনিতে একটি দুর্ঘটনা ঘটেছিল।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমাদের এখানে কয়লা মন্ত্রী কি কেউ আছেন? আর কেন্দ্রীয় কয়লা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ এখান থেকে করা যায় না।

(নয়েজ)

**মিঃ স্পিকার ঃ** মানিকবাবু বসুন। আপনি কেন্দ্রীয় সরকারেরর অধীন কোনও ব্যাপার এখানে তুলতে পারেন না। যদি সেই এলাকার কোনও সমস্যা থাকে তাহলে রাজ্যের বিভাগীয় দপ্তরের কাছে সেটা দৃষ্টি আকর্ষণ করতে পারেন।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী মানিকলাল আচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গত ২৫শে জানুয়ারি নিউকেন্দা কোলিয়ারিতে এক ভয়াবহ দুর্ঘটনায় ৫৫ জন শ্রমিক মারা গিয়েছেন। এর এক মাস যেতে না যেতেই মাউথডি কোলিয়ারিতে ভবানী রায় নামে একজন শ্রমিক কয়লাখনির ভেতরে কয়লার গাড়ি চাপা পড়ে মারা যান। আবার গত ৩রা মার্চ মিঠালি কোলিয়ারিতে যমুনা গারুলি নামে একজন টিম্বার মিস্ত্রি তার বয়স ৪৫ বছর, সে যখন টিম্বার লাগাচ্ছিল তখন কয়লা চাপা পড়ে সে মারা যায়। এইভাবে আমরা দেখছি একটার পর একটা ঘটনা ঘটছে। সবচেয়ে দুঃখজনক ব্যাপার, ঘটনা ঘটার পর ই সি এল কর্তৃপক্ষ একটি চাকরি এবং কিছু ক্ষতিপূরণ দিয়েই তাদের কর্তব্য শেষ করছেন কিন্তু কয়লাখনির ভেতরে নিরাপত্তার যথাযথ ব্যবস্থা তারা করছেন না। আমরা এর আগেও বার বার বলেছি এবং এখনও বলছি যে কয়লাখনির ভেতরে নিরাপত্তার যথাযথ ব্যবস্থা করতে হবে। এটা আমাদের দাবি, এ ব্যবস্থা করতেই হবে। স্যার, এই প্রসঙ্গে আমার প্রস্তাব হচ্ছে, রাজ্য সরকার একটি কমিটি করুন, যে কমিটি নিরাপত্তা ব্যবস্থা খতিয়ে দেখবেন। স্যার, ই সি এল কর্তৃপক্ষ শুধু প্রোডাকশন বাড়াবার এবং তাদের টার্গেট ফুলফিল করার জন্যই শ্রমিকদের উপর চাপ সৃষ্টি করছেন কিন্তু তাদের নিরাপত্তার যথাযথ ব্যবস্থা করছেন না। এ ব্যাপারে তারা উদাসীন। ই সি এল কর্তৃপক্ষ যদি এ দিকে নজর না দেন তাহলে কিন্তু স্যার, প্রতিটি কয়লাখনি একদিন নিউকেন্দা কোলিয়ারিতে পরিণত হবে। এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আমি উপযুক্ত কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ. করছি।

**শ্রী নিশিকান্ত মেহেতা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্বমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা বিশ্বস্ত সূত্রে জানতে পারলাম যে ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের ১২০ জন কর্মচারীকে বর্ধমান এবং বীরভূম থেকে নিয়ে গিয়ে পুরুলিয়ায় নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই সিদ্ধান্তের কথা পুরুলিয়া জেলার সাধারণ মানুষরা যখন জানতে পারেন তখন তারা ক্ষোভে ফেটে পড়েন। স্যার, আমাদের ওখানে পুল্খাপুলারের গ্রুপ ডি-র ৮৬ জন লোক এখনও পার্মানেন্ট হয়নি। তাদের বাদ দিয়ে বর্ধমান এবং বীরভূম থেকে ১২০ জন গ্রুপ ডি-র কর্মীকে সেখানে নিয়োগ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, আপনি অবিলম্বে বিষয়টি তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করুন। কারণ চির অবহেলিত পুরুলিয়া এমনিতেই বঞ্চিত তার উপর যদি গ্রুপ ডি-র কর্মচারীকে বিভিন্ন জায়গা থেকে সেখানে নিয়ে যাওয়া হয় তাহলে বিচ্ছিন্নবাদী শক্তি এর সুযোগ গ্রহণ করবে। তারা মাথাচাড়া দেবে।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা কিছুদিন আগে জেনেছিলাম যে দার্জিলিং জেলার পাহাড়ী এলাকায় পঞ্চায়েত নির্বাচন হবে। তারই পরিপ্রেক্ষিতে বিভিন্ন রাজনৈতিক দল প্রস্তুতিও নিচ্ছিলেন। যদিও পাহাড়ী এলাকায় আমাদের দলের ক্ষমতা খুব কম তবুও সেই সীমিত ক্ষমতা নিয়েই সেই নির্বাচনী প্রক্রিয়াতে অংশ গ্রহণ করার জন্য আমরা প্রস্তুতি নিচ্ছিলাম। কিন্তু তারপর আমরা দেখলাম যে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার, বিশেষ করে মুখ্যমন্ত্রী জ্যোতিবাবু এবং তার দল সুবিধাবাদী রাজনীতির ফলে পাহাড়ী এলাকায় আবার অশান্তির সৃষ্টি হয়েছে। শুধু সুভাষ ঘিসিংকে সন্তুষ্ট করার জন্য সেই নির্বাচনী প্রক্রিয়া বন্ধ করে দেওয়া হচ্ছে। কয়েকদিন আগে নাকি জ্যোতিবাবু, মুখ্যমন্ত্রীর সঙ্গে সুভাষ ঘিসিং-এর একটি বৈঠকও হয়েছে। সেই বৈঠকের বিস্তারিত বিবরণ আমরা জানতে পারি নি। সুভাষ ঘিসিং-এর সঙ্গে বৈঠক করে যে আঁতাত হল এবং আঁতাত করে আমরা দেখেছি অতীতে ওরা ওদের দলের দুজন এম এল এ বাড়িয়ে নিয়েছেন। সুভাষ ঘিসিং-এর সঙ্গে আঁতাত করে বিভিন্ন রকম সুবিধা দেওয়া হচ্ছে এবং তার ফলে পাহাড়ী এলাকায় একটা রাজনৈতিক অচলাবস্থার সৃষ্টি হচ্ছে। এই পঞ্চায়েত নির্বাচন কবে হবে তা এখনও জানা যাচ্ছে না। আমি অবিলম্বে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করব, সুভাস ঘিসিং-এর সঙ্গে আলোচনা করে কি অবস্থা হয়েছে, কি পরিস্থিতি হয়েছে, কোন পরিস্থিতিতে পঞ্চায়েত নির্বাচন বন্ধ হচ্ছে, কেন বন্ধ হচ্ছে এবং এখন তো সুভাষ ঘিসিং-এর সঙ্গে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির একটা বন্ধুত্বপূর্ণ সম্পর্ক হয়েছে, যখন এই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আছে কেন আজকে পাহাড় এলাকায় অশান্তি হচ্ছে, এটা জবার দেবার দরকার আছে। আমাদের বিরুদ্ধে অনেক কথা বলা হয়েছিল, এই হাউসে দাঁড়িয়ে বলা হয়েছে রাজীব গান্ধী, সুভাষ ঘিসিং, বুটা সিং, এক হ্যায়, ভুলো মতো। এই সব স্লোগান আমরা শুনেছি। আমরা সুভাষ ঘিসিং-এর সঙ্গে আঁতাত করেছিলাম, যখন করেছিলাম তখন কোনও রাজনৈতিক স্বার্থে করা হয়নি, আমাদের দেশের স্বার্থে এবং টার্মে আঁতাত করেছিলাম। সুভাষ ঘিসিং এর কথা মেনে নিয়ে আমরা আঁতাত করিনি। কিন্তু আজকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সুভাষ ঘিসিং-কে তৈল মর্দন করতে গিয়ে, সুভাষ ঘিসিং-কে তোষামোদ করতে গিয়ে, আজকে পাহাড়ী এলাকায় এমন একটা অশান্তির পরিবেশ সৃষ্টি করছেন, আজকে সেখানে পঞ্চায়েত নির্বাচন বন্ধ হয়ে গেছে। যেখানে রাজ্যের বামফ্রন্ট

সরকার দাবি করেন পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠার জন্য তারা কৃতিত্বের দাবি করেন, সেখানে পাহাড় এলাকার একটা বিস্তীর্ণ অঞ্চল, সেখানকার মানুষের গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করে রাখা হচ্ছে, নির্বাচনকে বন্ধ রাখা হচ্ছে। আজকে পাহাড়ী এলাকার জন্য পার্বত্য পরিষদকে কোটি টাকা দেওয়া হচ্ছে রাজ্য সরকারের কোষাগার থেকে, সেখানে টাকার কোনও হিসাব এখনও পর্যন্ত সুভাষ ঘিসিং দিতে পারেন নি। এবং সেই পাওয়ার যাতে ডিসেন্ট্রালাইজ না হয়, ক্ষমতার বিকেন্দ্রীকরণ হয়ে পাহাড়ী এলাকায় আরও রিমোট এলাকার যাতে সেখানকার মানুষকে সেখানকার উন্নয়নের সঙ্গে যুক্ত করে যাতে উন্নয়নমূলক কাজ না করতে পারেন তার জন্য পার্বত্য পরিষদের কিছু দুর্নীতি পরায়ণ কর্মাধ্যক্ষ এবং সুভাষ ঘিসিং সহ এক শ্রেণীর দুর্নীতিগ্রস্ত লোক আজকে পঞ্চায়েত নির্বাচনকে বন্ধ করে দিতে চাইছে এবং মুখ্যমন্ত্রীও তাদের সঙ্গে স্বর মিলিয়ে আজকে পঞ্চায়েত নির্বাচন বন্ধ করেছেন। অবিলম্বে মুখ্যমন্ত্রীকে এই সম্পর্কে হাউসে জানাতে বলুন সেখানকার অবস্থাটা কি?

**শ্রী শিশির সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকা জিয়াগঞ্জে, আমাদের পার্টির কর্মী সামসের শেখকে গত ১৮ তারিখে কংগ্রেসের গুন্ডা বাহিনী সন্ধ্যায় প্রাক্কালে কিডন্যাপ করে। সাধারণ মানুষ জানতে পেরে এনাতুলি বাগের বাড়িতে যায়, বাড়িটা ঘিরে ফেলে, তারপর উদ্ধার করা হয় এবং তার যে আসামি, আসামি হচ্ছে বর্তমানে ওখানকার পৌর পিতার ভাই মদন তেওয়ারি এবং একজন কমিশনার উত্তর কুন্ডু তাদের সঙ্গে দুজন কুখ্যাত সমাজ বিরোধী। কিন্তু একজন আসামিকেও এখনও ধরা হয়নি। গত ২৮ তারিখে আমরা এস ডি পি ও, সি আই এর কাছে স্মারকলিপি পেশ করি এবং গতকাল আসার আগে পর্যন্ত সেই আসামিদের অ্যারেস্ট করা হয়নি। সেইজন্য জিয়াগঞ্জের মানুষ ভীত সন্ত্রাস হয়ে পড়েছে। সুতরাং অবিলম্বে সেই সমস্ত কুখ্যাত আসামিদের গ্রেপ্তার করার জন্য তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার মিড়া এস এইচ সি, দেবগ্রাম, পানিহাটা, ও মাটিয়ারি, এইসব স্বাস্থ্যকেন্দ্রগুলো তে দীর্ঘদিন ধরে কোনও ডাক্তার নেই, ওষুধ নেই, ইত্যাদি দাবি আমরা করে আসছি। সেদিন আমি মিড়া হাসপাতালে গিয়েছিলাম, আমাকে ওখানকার জি ডি এ এবং নার্সরা অনুরোধ করল যে আপনি আমাদের কোয়ার্টারগুলো দেখে যান, এই কোয়ার্টারগুলোতে কি করে মানুষ বাস করতে পারে ইত্যাদি বলে। আমি ওখানে অন্য কাজে গিয়েছিলাম, সেই কাজ ফেলে তাদের কোয়ার্টারগুলো দেখতে গেলাম। মিড়া হাসপাতালে কোয়ার্টারগুলো, সেখানে কোনও জায়গা নেই, দরজা নেই। অ্যাসবেস্টাসের ছাদ আছে, সেই ছাদ উড়ে গেছে। ছাদ দিয়ে জল পড়ে। দেবগ্রাম হাসপাতালে গেলাম, ডাক্তারবাবু আমাকে ডেকে নিয়ে গিয়ে দেখালেন, বললেন, কোয়ার্টারের ছাদ দিয়ে জল পড়ে, বাস করতে পারা যাচ্ছে না। আমার এলাকায় চারটে হাসপাতাল, বিশেষ করে দেবগ্রাম, কালিগ্রাম, পানিহাটা এবং মাটিয়ারি প্রত্যেকটা স্বাস্থ্য কেন্দ্রের কোয়ার্টারগুলো অত্যন্ত জরাজীর্ণ অবস্থা, সেখানে বাস করা যায় না এবং ওখানে মীরা হাসপাতালে দেখলাম যে ১০টা কোয়ার্টারের জন্য মাত্র দুটো বাথরুম। এই বিষয়গুলো দেখার জন্য স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ

করছি অবিলম্বে এই যে এলাকায় মিড়া, দেবগ্রাম, পানিহাটা, কালিগঞ্জ এবং মাটিয়ারি, এই স্বাস্থ্যকেন্দ্রগুলোর যে সমস্ত বাসগৃহগুলো আছে কর্মীদের, সেইগুলো যাতে অবিলম্বে মেরামত করা হয় এবং তাদের পানীয় জলের ব্যবস্থা এবং বাথরুমগুলোর যাতে সংস্কার করা হয়, তার জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় স্পিকার, স্যার, একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় কৃষি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বিষয়টি ইতিপূর্বে এই হাউসে উত্থাপিত হয়েছে যে, গ্রামাঞ্চলে, বিশেষ করে বর্ধমান জেলার বিস্তীর্ণ গ্রামাঞ্চলে বোরো চাষের মরশুমে সারের ভয়ঙ্কর সঙ্কট দেখা দিয়েছে। ইউরিয়া সহ বিভিন্ন রকম সারের ওপর আগে যে সরকারি নিয়ন্ত্রণ ছিল তাতে যে জেলার যে এলাকায় যতটুকু সারের দরকার ততটুকু অন্তত সেখানে পাঠাবার ব্যবস্থা ছিল। আমরা জানি কুখ্যাত ডাঙ্কেল প্রস্তাব আমাদের কেন্দ্রীয় সরকার তাদের কৃষক বিরোধী নীতি হিসাবে কার্যকর করার উদ্দেশ্য সারের ওপর থেকে সমস্ত রকম সরকারি নিয়ন্ত্রণ প্রত্যাহার করে নিয়েছেন, ভরতুকি প্রত্যাহার করে নিয়েছেন। ফলে অস্বাভাবিকভাবে সারের দাম বৃদ্ধি পেয়েছে। কেন্দ্রীয় সরকার গত বাজেটের আগে বাজেটে ২৬০০ কোটি টাকা সারের ওপর থেকে ভরতুকি প্রত্যাহার করে নিয়েছেন। ফলে সারের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ঘটেছে। এবং নিয়ন্ত্রণ প্রত্যাহার করে নেবার ফলে ব্যবসায়ী এবং ফাটকাবাজদের নিয়ন্ত্রণে সার চলে গেছে। চাষীরা কয়েক গুণ বেশি দাম দিয়ে সার কিনতে বাধ্য হচ্ছে। ফলে আজকে অস্বাভাবিক মূল্য বৃদ্ধি ঘটছে। অপর দিকে আজকে চাষীরা নাইট্রোজেন ঘটিত সার পাচ্ছেনা, হুহু করে ক্রাইসিস বাড়ছে। ব্যবসায়ীরা এবং আড়তদাররা ইউরিয়ার সঙ্গে ডি এ পি এবং সুফলা—যারই এই মরশুমে কোনও প্রয়োজন নেই তা চাষীদের নিতে বাধ্য করছে। অবিলম্বে এ বিষয়ে হস্তক্ষেপ করার জন্য আমি কৃষি মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকষর্ণ করছি সে বিষয়ের প্রতি ইতিপূর্বেই দু-একজন মাননীয় সদস্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন এবং এখানে উল্লেখ করেছেন। বর্তমানে গোটা পশ্চিমবাংলায় বোরো ধানের চাষ চলছে। আমার এলাকাতেও প্রচুর পরিমাণে বোরো ধানের চাষ হয়। স্যার, কেন্দ্রে নরসিমা রাও সরকার ক্ষমতায় প্রতিষ্ঠিত হবার পর থেকেই গোটা দেশে সারের মূল্য বৃদ্ধি ঘটতে শুরু করে। এরছর ডাঙ্কেল প্রস্তাব মেনে নেবার উদ্দেশ্যে সারের ওপর থেকে সব রকম সরকারি নিয়ন্ত্রণ উঠিয়ে দেবার ফলে বিশেষ করে আমাদের রাজ্যে সারের সঙ্কট দেখা দিয়েছে। বোরো চাষীরা সার পাচ্ছে না। ইউরিয়া সার ২০০ টাকা, ২৫০ টাকা বস্তা প্রতি দাম দিয়েও পাওয়া যাচ্ছে না। এমন কি 'বেনফেড' উচ্চ মূল্যে ডিলারদের কাছে সার বিক্রি করছে। ফলে গোটা পশ্চিমবাংলায় সারের সঙ্কট দেখা দিয়েছে। এতে বোরো চাষ মার খাচ্ছে, চাষীরা মার খাচ্ছে। ব্যবসায়ীরা সার নিয়ে ফাটকাবাজি করছে। সেইজন্য আমি বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাকে অনুরোধ করছি

যে, অবিলম্বে তিনি ফাটকাবাজদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, এই বামফ্রন্ট সরকারের আমলে নারী নির্যাতন কোথায় গিয়েছে—গত ১৮ই ফেব্রুয়ারি উত্তর কলকাতার সাহিত্য পরিষদ স্ট্রিটের একটা ঘটনায় সেটা জানা গিয়েছে। সেখানে একজন ৩৫ বছরের বিধবা মহিলা আলপনা ব্যানার্জি, তাকে কিছু সমাজবিরোধী প্রকাশ্য রাস্তায় বিবস্ত্র করে এবং তিন ঘণ্টা ধরে প্রকাশ্য রাস্তায় তাকে মারধোর করে। গুরুতর ভাবে আহত হয়ে তিনি আর জি কর হাসপাতালের চিকিৎসাধীন আছেন। তাকে মারার পর তার গায়ে, মুখে মদ ঢেলে দেওয়া হয় যাতে তার নামে বদনাম দেওয়া যায়। এই ঘটনার নিন্দা সারা দেশে হয়েছে। সব চেয়ে দুঃখজনক বিষয় হচ্ছে এই ঘটনায় পুলিশের ক্রিয়াকলাপ। ১৮ই ফেব্রুয়ারি ঘটনা ঘটেছে এবং থানা থেকে মাত্র কয়েক শো গজ দূরেই এই ঘটনা ঘটেছে, কিন্তু পুলিশ খবর পেয়েও ঘটনাস্থলে আসে নি। তিন ঘণ্টা পরে ঘটনাস্থলে এসেছে এবং মূল আসামি দিলীপ মান্নাকে ধরা হয়েছে ঘটনা ঘটার ৮ দিন পরে। এবং দিলীপ মান্নার দুই ভাইকে এখন পর্যন্ত এই অপদার্থ বামফ্রন্ট সরকারের পুলিশ ধরেনি এবং সবচেয়ে দুঃখের ব্যাপার, এই ব্যাপারটা গুলিয়ে দেবার জন্য এই কেসটিকে ডিটেকটিভ ডিপার্টমেন্টকে দেওয়া হয়েছে। স্যার, আমার কাছে এফ আই আরের কপি আছে। এফ আই আরে যাদের নাম আছে তারা প্রত্যেকেই সি পি এম দলের সদস্য। কিন্তু তাদের সবাইকে গ্রেপ্তার না করে একজন সমাজসেবী যার নাম লক্ষ্মী দাস তাকে গ্রেপ্তার করেছে। তিনি বিকলাঙ্গ এবং তার নাম এফ আই আর নেই। এই সরকার এইভাবে চেপে দেবার চেষ্টা করছে। রাজ্যের মহিলা কমিশন আলপনা ব্যানার্জির সঙ্গে দেখা করতে গিয়েছিলেন, কিন্তু তাদের সঙ্গে সরকারের পুলিশ এবং প্রশাসন দেখা করেনি। আজকে আপলনা ব্যানার্জির ঘটনায় সি পি এম সমাজবিরোধীদের প্রশ্রয় দিয়ে দেশের আইন-শৃঙ্খলা কোন জায়গায় নিয়ে যাচ্ছে, কোন জায়গায় মহিলাদের ইজ্জত নিয়ে গেছে? তার সঙ্গে অটলবিহারী বাজপেয়ী দেখা করেছেন, কিন্তু পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যাবার সময় হয়নি, স্বাস্থ্যমন্ত্রীর যাবার সময় হয়নি। আজকে আলপনা ব্যানার্জিকে যারা বে-ইজ্জত করলেন তাদের প্রতি শাসকদলের সমর্থন আছে।

**শ্রী সুনীলকুমার ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া জেলার মায়াপুরে ইস্কন নামে একটি ধর্মীয় মঠ আছে। যেটা আন্তর্জাতিক ধর্মীয় প্রতিষ্ঠান। এর পাশে বহু চাষের জমি আছে। নানারকম প্রলোভন দেখিয়ে এই জমিগুলি গরিব চাষীদের কাছ থেকে ইস্কন মঠ কিনে নিতে চাচ্ছেন। যখন দেখছেন, এই সমস্ত জমিগুলি কেনা সম্ভব হচ্ছে না, তখন নানারকম অসুবিধা সৃষ্টি করা হচ্ছে। যেমন, সেচের নালাগুলি ভেঙে দিচ্ছে এবং পি ডব্লু ডি রাস্তার ধারে কাঁটা তারের বেড়া দিয়ে পাট পচানো জলাশয়গুলি বন্ধ করে দেওয়া হচ্ছে। চাষীদের সেখানে নামতে দেওয়া হচ্ছে না। এরা বেশির ভাগই সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত। তাই তারা মুখে কিছু বলতে না পারলেও তাদের মধ্যে ক্ষোভের সৃষ্টি হচ্ছে। এইরকমভাবে অনেকদিন ধরে ইস্কন ওখানে দাঙ্গার পরিবেশ সৃষ্টি করেছে। শুধু ইস্কন নয়, এর সাথে বি জে পি-র মতোন সাম্প্রদায়িক দলও আছে। দুর্ভাগ্যের বিষয়, যারা নিজেদের ধর্ম নিরপেক্ষ বলে মনে করেন এবং বড়াই করেন সেই কংগ্রেস দলও এর সাথে যুক্ত আছে। এই পশ্চিমবাংলার

মতোন জায়গায় যাতে কিছুতেই শান্তি শৃঙ্খলা বিঘ্নিত না হতে পারে তারজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[12-50 — 1-00 p.m.]

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রায় ২ মাস হতে চলল, পশ্চিমবাংলার প্রতিটি জেলায় এবং ব্লকে ব্লকে গ্রামের মানুষরা তাদের জমি জমা রেজিস্ট্রি করতে পারছে না। ভারতীয় স্ট্যাম্প আইনের সংশোধনের পরিপ্রেক্ষিতে আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রীর একরোখা জেদের ফলে এই অচল অবস্থার সৃষ্টি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ফেব্রুয়ারি মাস থেকে জুন মাস হচ্ছে পিক-টাইম যখন জমি হস্তান্তর হয়, বিক্রি হয় এবং অনেকে জমি কেনেন। জমি হস্তান্তর এই সময়ে খুব বেশি পরিমাণে হয়। প্রত্যেক সদস্যরাই আমার সঙ্গে একমত হবেন এই ব্যাপারে। কিন্তু এই সরকার মুক-বধির হয়ে বসে আছেন। মাননীয় অর্থমন্ত্রী বাচ্চা ছেলে যেমন একটা লজেন্সের জন্য জেদ ধরে বসে থাকেন উনিও তেমনি জেদ ধরে বসে আছেন। প্রতিটি জেলায় ব্লকে ব্লকে রেজিস্ট্রি বন্ধ। একটা বিপদজনক অবস্থার সৃষ্টি হয়েছে, অর্থনৈতিক সঙ্কট সৃষ্টি হয়েছে। গ্রামের মানুষের মধ্যে চূড়ান্ত হতাশার সৃষ্টি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দলিল লেখক সমিতি তারা তাদের নিজেদের বিশেষ দাবির পরিপ্রেক্ষিতে আন্দোলন করছে। মাননীয় অর্থমন্ত্রী তার একরোখা মানসিকতায় বসে থেকে, কোনও আলোচনা না করে এই অচল অবস্থার পরিবেশ সৃষ্টি করেছে। আমি দাবি করছি আপনার মাধ্যমে, এটাকে মান-সাম্মানের প্রশ্ন না করে, সার্বিক বাংলার অর্থনৈতিক অবস্থার কথা ভেবে, জমি জমা হস্তান্তরের কথা ভেবে, দলিল লেখকদের কথা ভেবে সমস্ত ব্যাপারটাকে সহজ সরল করবার জন্য দলিল লেখকদের প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে একটা পথ বের করুন যাতে এই অচলাবস্থার অবসান ঘটে, দলিল লেখকরা যাতে কাজ শুরু করেন এবং জমি-জমা বিক্রি যাতে আবার শুরু হয়।

## POINT OF ORDER

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখে থাকবেন গতকাল এবং আজকের সংবাদপত্রে একটি সংবাদ রয়েছে—ডেমোক্রাসি ইন ওয়েস্ট বেঙ্গল ইজ মার্ডারড বাই দি চিফ মিনিস্টার শ্রী জ্যোতি বসু। আপনি সিস্টেমটা রক্ষা করতে চান। এটা করার সরকারের এক্তিয়ার নেই হোয়েন অ্যাসেম্বলি ইজ ইন সেশন—এটা আমি বলছি না। কিন্তু আমরা দেখলাম, দার্জিলিং-এর পঞ্চায়েত ইলেকশনের ডেট ডিক্লেয়ার হয়ে গেল, অন সো অ্যান্ড সো ডেটে সেখানে পঞ্চায়েত নির্বাচন হবে, তারপর ওখানে ২০৮ ঘণ্টার বন্ধ ডাকা হল এবং তারপর মুখ্যমন্ত্রীর বাড়িতে বৈঠক হল, অফিসে নয়। এসবই আমরা কাগজে দেখলাম। এক্তিয়ার নিয়ে প্রশ্ন করছি না, দে ক্যান কাম টু এ ডিসিসন, বাট ইফ দি হাউস ইজ ইন সেশন, আপনার কাছে জানতে চাই, আন্ডার রুল ৩৪৬ অ্যাসেম্বলিকে কোনও মেজর ডিসিসন অ্যাপ্রাইজ করতে হবে। এইরকম একটা বিরাট ব্যাপার এক্ষেত্রে জ্যোতি বসু চান না বলে ডেমোক্রাসি মার্ডারড এটা হবে না। এখানে স্পিকারকে স্পিকার বলা যাবে, মেম্বারকে বলা যাবে, কিন্তু জ্যোতি বসুকে বৃদ্ধ বলা যাবে না। সেদিন তাকে বৃদ্ধ বলায় আপনি সেটা

এক্সপাঞ্জ করে দিলেন।

(গোলমাল)

আমি যৌবনের দাবি করি না, কিন্তু ঐ ওদের মতো বৃদ্ধ অথর্ব আমি নই। উত্তর দক্ষিণ দিক চেনেন না, কোন দিকে যাচ্ছেন জানেন না, চাঁদ কোনদিকে ওঠে বা সূর্য কোন দিকে ওঠে সেটাও ভুলে গেছেন। আজকে একজোড়া বৃদ্ধ পশ্চিমবঙ্গকে চালাচ্ছেন, বিধানসভাকে জানাবার প্রয়োজনীয়তা বোধ করছেন না। বাইরে গিয়েছিলাম, এসে দেখলাম কান্তি বিশ্বাস আবার মন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন। আপনি একটি কথা বিশেষ করে বলুন যে, যাকে পিপল রিজেক্ট করেছেন, ভোটে দাঁড়িয়ে যিনি পরাজিত হয়েছেন, তাকে এইভাবে আনা ঠিক কিনা যেখানে আপনারা ২৫১ জন আছেন এবং যারজন্য ১৮৪ জনই সি পি এমের সদস্য। আমি জানতে চাই, ভাল্লুক ঝুল্লু, কবে মন্ত্রী সভায় শপথ নেবে? আরও ইলেকশন আছে, বহরমপুরের ইলেকশন রয়েছে। সেখানে কি তাহলে চার্লস শোভরাজকে আপনারা নমিনেশন দিচ্ছেন? এই দিকটাতে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এর থেকে খারাপ নজির পৃথিবীতে কি আছে? তাকে মানুষ প্রত্যাক্ষান করেছেন, নির্বাচিত হয়ে আসতে পারেননি, তা সত্ত্বেও তিনি মন্ত্রী হয়েছেন ; তাও একবার নয়, দু দুবার। তাহলে ইলেকশন বিকাম এ ফার্স দেন! এই মন্ত্রিসভা-এর জবাব দিতে বাধ্য দুটি পয়েন্টে, এক ৩৪৬ তে কেন আমরা জানতে পারব না দার্জিলিংয়ে নির্বাচন প্রক্রিয়া বন্ধ হয়ে গেছে? এই হাউসের অধিকার আছে এটা জানবার। নির্বাচন প্রক্রিয়া বন্ধ হয়ে গেছে, ডেমোক্রাসি থেমে গেছে। আমাদের অধিকার আছে কিনা—হাউস চলাকালীন মন্ত্রিসভা বাধ্য কিনা—হাউসকে জানাতে যদি না হয় আপনি তাও বলে দিন। আর একটা কথা আপনি বলে দিন—আপনি নেতৃত্ব দিচ্ছেন। আপনার সঙ্গে সেমিনারে গিয়ে আমরা বুঝেছি, ইউ আর অ্যাংসাস অ্যাট টাইমস টু সেভ ডেমোক্রাসি এটার কোন ডেমোক্রাসি থাকছে, মানুষ যাকে রিজেক্ট করেছে তাকে বার বার মন্ত্রী করছেন? এর পর কি চার্লস সোভরাজকে মন্ত্রী সভায় নেওয়া হবে, না এর পরে ঝুনু আর ভাল্লু যারা রায়ট করল তাদের নেওয়া হবে? এখানে একজন বারে বারে লাফালাফি করে। এরা চোর ডাকাতে নাম লেখাতে পারে, মন্ত্রী সভায় এ নামের যোগ্য নয়। আপনি আমাদের বলে দিন, এই সরকার ঠিক করেছে কিনা ৩৪৬ না দিয়ে—

**Mr. Speaker :** Dr. Abedin, the Government as regards the Policy decision when the House is in Session—হাউসকে জানাবেন, এটাই হচ্ছে কনভেনশন। Holding or not holding election is a matter of administration, not a matter of policy. How does it affect the running of the House ? This is an administrative decision. Where is the policy ? The question of setting up a Panchayat is a policy decision. The question of holding election or not holding election is an administrative decision. Where is the policy involved in it ? Now, Mr. Prabodh Chandra Sinha, what you have got to say on Dr. Abedin's submission. He says the House is in session. The Government has decided to hold Panchayat election. The procedure of holding Panchayat election was going on. Suddenly he has

come to know the newspaper that the Panchayat election in a part of West Bengal has been called off. That is his submission. This is a major policy decision taken during the session of the House without informing the House.

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের মাননীয় নেতা যে প্রশ্ন এখানে উত্থাপন করেছেন যে, এটা নীতির প্রশ্ন নয়। কারণ পশ্চিমবঙ্গে যখন পঞ্চায়েত ব্যবস্থা চালু করা হয়েছে তখন একটা নির্দিষ্ট সময় অন্তর পঞ্চায়েত নির্বাচন হবে এবং কি প্রক্রিয়ায় হবে, কি পদ্ধতিতে হবে সেই নীতি তখনই নির্দ্ধারিত হয়ে গেছে তারপর কোন ক্ষেত্রে, কখন নির্বাচন হওয়ার প্রশ্ন—সেটা হচ্ছে প্রশাসনিক বিধি ব্যবস্থার বিষয়। এখন সেই প্রশাসনিক বিধি ব্যবস্থার ক্ষেত্রে নির্বাচন করার বিষয়ের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। কিন্তু কিছু অসুবিধার জন্য, আবার সেটা সাময়িক কারণের জন্য, সাময়িক সময়ের জন্য স্থগিত করা হয়েছে। অতএব আমি এটাকে পলিসি ডিসিসন বলে মনে করি না। এটা প্রশাসনের বিষয়। প্রশাসনিক কনভেয়েন্সে এই নির্বাচন হবে, এটাই মূল কথা।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি বলুন এটা পলিসি ডিসিসন কিনা—ওদের থ্রেটে দার্জিলিং-এ নির্বাচন হবে না! আপনি এটার রুলিং দিন। whether it is a policy decision or administrative decision.

[1-00 — 1-10 p.m.]

**Mr. Speaker :** Dr. Abedin, holding of election is under a law, an established law. The question is the time of holding election. That is for the Government to decide when they will hold election. That is entirely an administrative matter. It is not a question of policy. The question of setting up of Panchayat is a policy matter. Once a Panchayat is set up, the day-to-day administration, holding of election, posting of officers, allotment of fund becomes the administrative matter. It does not become the policy matter. I am sorry. I cannot agree with you. If the Act is to be amended, if the system of election is to be changed that would be a policy matter.

The question now is according to what Dr. Abedin has said that he has come to know from newspaper that there was election to be held in certain parts of Darjeeling district now which he says are not going to be held pursuing to a discussion held between the Chief Minister and somebody else which he claims to be a matter of policy of the House which is in session, which should not have been done. This is improper. I have not as yet immediately agreed with Dr. Abedin whether holding of election is a policy matter or not. I do not agree with it. This is an administrative matter. But I would request Parliamentary Affairs Minister to ask the Chief Minister to make a statement on this

on the next Question Day.

## ZERO HOUR

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, আগি গত ২ তারিখের একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। গত ২ তারিখে বর্তমান পত্রিকায় আমডাঙ্গাতে আমাদের একটা কো-অপারেটিভ আছে সেই ব্যাপারে বেরিয়েছে। সেই কো-অপারেটিভ সোসাইটির নাম হল আমডাঙ্গা থানা লার্জ প্রাইমারি কো-অপারেটিভ এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি লিমিটেড। স্যার, আমডাঙ্গায় এই যে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি আছে তার সম্পর্কে বর্তমান পত্রিকায় বার হয়েছে যে ২২ লক্ষ টাকার ওদের একটা গরমিল দেখা গেছে। কিন্তু স্যার, এই তথ্য পরিপূর্ণভাবে বিভ্রান্তিকর এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে বর্তমান পত্রিকা জন সমক্ষে বিষয়টা হাজির করেছে। প্রথমে আমি বর্তমান পত্রিকায় এই উদ্দেশ্য প্রণোদিত, বিভ্রান্তকর এবং বিকৃত তথ্য হাজির করার জন্য এর তীব্র বিরোধিতা করছি। আমি এই বিষয়ে সংক্ষেপে আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই। জয়েন্ট রেজিস্টার অফ কো-অপারেটিভ এই সমবায় ২০-৯-৯৩ তারিখে ইন্সপেকশন করতে যান এবং সেই ইন্সপেকশন রিপোর্টটা আমার কাছে আছে। সেই ইন্সপেকশন রিপোর্টের সঙ্গে উনি আবার ডিরেক্টরের কাছে যে ২০-৯-৯৩ তারিখে রিপোর্টটা দিয়েছেন তার সঙ্গে বাস্তবের মিল নেই। এই রিপোর্ট দেওয়ার তারিখটা আমার একটু ভুল হয়েছে, এই রিপোর্ট দিয়েছেন ৮-১০-৯৩ তারিখে। সুতরাং ইন্সপেকশন রিপোর্টে জয়েন্ট রেজিস্টার যা বলেছেন তাতে বলছেন যে ২ লক্ষ ১১ হাজার টাকা গরমিল আছে। এটা কোনও তছরূপ নয়। এখানে যেটা বলছে যে 'বেনফেড' ওদের কাছে পাবে। আমার কাছে স্যার পরপর কয়েকটি 'বেনফেডের অডিট রিপোর্ট আছে। এর মাধ্যমে আমি আপনাকে এইটুকু বলতে পারি, ওরা যেটা দেখাতে চাচ্ছে এই রিপোর্টের মধ্যে থেকে যে ১১ লক্ষ টাকা 'বেনফেড' ওদের কাছে পাবে। কিন্তু ঘটনা তা নয়। আমডাঙ্গাতে এই 'বেনফেডের যে গোডাউন' মিরাটে যে গোডাউন এটা আন্ডার কনস্ট্রাকশনে ছিল। তখন ওরা বেশ কিছু পরিমাণ মাল, মার্কেটিং কো-অপারেটিভ যে গোডাউন ছিল সেখানে তারা রাখে। শুধু তাই নয় ১৯৮৮ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত 'বেনফেড' প্রতি মেট্রিকটন যত করে ভাড়া হিসাবে দেয় ৯ টাকা ১০ পয়সা সেই হিসাবে প্রায় ৭-৮ লক্ষ টাকা 'বেনফেডের' কাছ থেকে এই কো-অপারেটিভ পাবে। শুধু তাই নয় ২ লক্ষ ১১ হাজার টাকার ব্যাপারে রিপোর্টে বলা হচ্ছে যে এই কো-অপারেটিভ কাছে পাওনা আছে। সেখানে হিসাবে দেখতে পাচ্ছি ১১ লক্ষ টাকা পরবর্তীকালে ফার্টিলাইজার পারচেজ করা হয়েছে এবং 'বেনফেডের' কাছে অন্যান্য জুট, ফার্টিলাইজার এই সমস্তের জন্য যে টাকা পাওয়া যায় তার প্রায় ২ লক্ষ ৩৪ হাজার টাকা। আমার এই বিষয়ে শুধু আপনার কাছে বলার যে মাননীয় সমবায় মন্ত্রীর কাছে এই টুকু বলতে হবে যে 'বেনফেড' কোনও পয়সা পাবে না। ২২ লক্ষ টাকার যে ব্যাপার সেটা সম্পূর্ণ ভাবে বিকৃত, রবং এই কো-অপারেটিভ পয়সা পাবে। ভাড়া হিসাবে ৭-৮ লক্ষ টাকা পেত 'বেনফেডের' কাছ থেকে ১৯৮৮ সাল থেকে 'বেনফেডের' কাছ থেকে সেই টাকার একটা পয়সাও নেয় নি। অন্যান্য সংস্থাগুলো তাদের টাকা দেয় ভাড়া হিসাবে। কিন্তু আমি বলছি যে বেনফেডের পক্ষ থেকে অন্ততপক্ষে রিকনসিলিয়েশন চালানোর সঙ্গে সঙ্গে কথাবার্তা বলা হোক, হিসাব-নিকাশ করে দেনাপাওয়া মেটানো হোক। আমডাঙ্গায় কো-অপারেটিভটি সি

পি এম এবং ফরয়োর্ড ব্লক মিলিত ভাবে চালিয়ে যাচ্ছে। এটা উদ্দেশ্যমূলক। হাবড়াতে বাইশ তেইশ লক্ষ টাকার কোনও হিসাব-নিকাশ নেই। সেগুলো সব বন্ধ হয়ে আছে। মন্ত্রীর কাছে আমার সরাসরি বক্তব্য যে রিকনসিলিয়েশন চালানো হোক প্রত্যকটি ক্ষেত্রে এবং হিসাব-নিকাশ সব ঠিক করা হোক। আমি আমডাঙ্গা কো-অপারেটিভের পক্ষ থেকে দায়িত্ব নিয়ে বলছি যে ১৫ই মার্চের মধ্যে বেনফেডের সাথে রিকনসিলিয়েশন করে পরিপূর্ণ হিসাব নিকাশ করে দেব, এরমধ্যে কোনও রকম কারচুপি নেই। আমি একজন প্রবীণতম সদস্য হিসাবে আপনার কাছে এই কথা বললাম।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে একটি গুরুতর অভিযোগ আপনার মাধ্যমে আনতে চাই।

**মিঃ স্পিকার ঃ** আপনি ওকে কোনও নোটিশ দিয়েছেন?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** অভিযোগ মানে চুরি নয়। চুরির কথা বললে নোটিশ দিতে হয়। দুর্ভাগ্যের বিষয়, পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী একটা জায়গায় একটা উদ্বোধন করতে গিয়ে সারা ভারতবর্ষের মন্ত্রীদের এবং সারা ভারতবর্ষের কেন্দ্রীয় মন্ত্রীদের বিরুদ্ধে শুধু নয়, তাদের আমলাদের বিরুদ্ধে চোর বলে অভিযোগ এনেছেন। তিনি যে ভাষা ব্যবহার করেছেন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী হিসাবে, তাতে আমাদের মাথা নত হয়ে যায়। তার কাছে এই অভিযোগের কোনও তথ্য আছে? তার কাছে যদি কোনও তথ্য না থাকে এবং তিনি এই যে অভিযোগ এনেছেন তাতে সারা ভারতবর্ষের মান-ইজ্জত, সম্মানকে তিনি ছোট করেছেন। তার কাছে তথ্য প্রমাণ না থাকলেও আমার কাছে তথ্য আছে যে মুখ্যমন্ত্রী দুর্নীতিগ্রস্ত, স্বজনপোষণ এবং আত্মীয়-স্বজনকে দুর্নীতি করতে সাহায্য করেছেন। পশ্চিমবাংলায় এই প্রথম মুখ্যমন্ত্রী যিনি দুর্নীতিগ্রস্ত। আজ পর্যন্ত কোনও মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ নেই, স্বজন-পোষণের অভিযোগ নেই, একমাত্র জ্যোতি বসুর বিরুদ্ধে আছে। আমি প্রস্তুত আছি, তিনি চ্যালেঞ্জ গ্রহণ করুন। সুপ্রিম কোর্টের একজন জাজকে মুখ্যমন্ত্রী হবার আগে তার সম্পত্তি কত ছিল তারা বলুন। কেন্দ্রীয় মন্ত্রীর বিরুদ্ধে যে অভিযোগ তিনি এনেছেন তা প্রমাণ করতে যদি না পারেন তাহলে তিনি পদত্যাগ করবেন। আর আমি যদি তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণ করতে না পারি তাহলে আমি পদত্যাগ করব। মুখ্যমন্ত্রীর যদি সাহস থাকে তাহলে তিনি বলুন যে আমার কাছে তথ্য আছে অমুক মন্ত্রী দুর্নীতিগ্রস্ত। আর তা না হলে কবে তিনি মনুষ্যত্বের পরিচয় দেবেন, আর তা নাহলে আমি পদত্যাগ করে চলে যাব।

[1-10 — 1-20 p.m.]

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আমি একটি বিশেষ বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কারণ এই বিষয়টির সঙ্গে আমি, আপনি, এপক্ষ ওপক্ষ সকলেই যুক্ত আছেন, স্যার, আপনি জানেন যে, কয়েকদিন আগে আমরা এখানে রাজ্যসভার নির্বাচন করলাম। নির্বাচনের পর কখন ভোট হবে, কখন গোনা হবে তার নির্দেশ আগে থেকে করা ছিল না। প্রতিটি পর্যায়ে নির্বাচনের কমিশনের নির্দেশ নিতে হয়েছে। একটু দেরি করে হলেও আমাদের রাজ্যের উপ-নির্বাচনের দিন ঘোষিত হয়েছে, যেগুলো সব এপ্রিল মাসে হবে।

আমাদের এখানে রাজ্য সভার নির্বাচন যে সময়ে হবার কথা ছিল তার থেকে অনেক পরে হয়েছে, হাইকোর্টে মামলার পর হয়েছে। এটিও ঘোষিত হয়েছে মামলার পর। আমাদের রাজ্যে নির্বাচনের দিন ঘোষণার পর থেকে নির্বাচন কমিশনের পক্ষ থেকে একটি কথা বলা হয়েছে। আচরণ বিধি ভঙ্গ এই সম্পর্কে যে সমস্ত নির্দেশ জারি করা হয়েছে তাতে অমান্য করছেন মনে করলে স্বীকৃত নির্বাচন প্রত্যাহার করার অধিকার নির্বাচন কমিশনের আছে। আপনি জানেন যে, ১৯৮৯ সালে যখন সংবিধান সংশোধন করা হয় তখন ধর্মীয় নিরপেক্ষতা, গণতান্ত্রিক এবং দেশের ঐক্য, সংস্কৃতি ও স্থায়িত্ব লক্ষ্যে সমস্ত রাজনৈতিক দল গঠিত হয়ে একটি রেজলিউশন বাধ্যতামূলক নেওয়া হয়েছিল। তখন ধর্মীয় বলে বি জে পি তার প্রতীক নিয়ে ধর্মের প্রচার করেছিলেন। তাদেরই এক নেতা মাননীয় মন্ত্রী অর্জুন সিং, এই বিষয়ে ইলেকশন কমিশনের কাছে দরখাস্ত করেছিলেন এবং তাতে ইলেকশন কমিশনার বলেছিলেন যে, নির্বাচনী প্রতীক অপব্যবহার করা হলেও নির্বাচনী কমিশনের কোনও অধিকার নেই তা বাতিল করার। কিন্তু বর্তমান নির্বাচন কমিশনার সাম্প্রতিককালে প্রচার করছেন যে নির্বাচন নাকি বন্ধ করে দেওয়া হবে। কোথায় কে পোস্টার লাগিয়েছে তা মোছা হয় নি তারজন্য নির্বাচন বাতিল করে দেবেন। আজকে নির্বাচন তিনি বাতিল করতে পারেন না, নির্বাচনী আইন পার্লামেন্টের ব্যাপার, পার্লামেন্টের বিষয়। সেটা আলোচনা না করে পার্লামেন্টের আইন ছাড়া নির্বাচন বন্ধ করা বা নিশ্চিত পরিবর্তন করার অধিকার বা সংশোধন করার অধিকার কোনও একজন ব্যক্তির উপরে কখনও থাকতে পারে না। আমরা সবাই এই বিষয়ে ইন্টারেসটেড। আমি এই বিষয়ে বলছি এইজন্য যে, নির্বাচনী বিধি সংস্কার করার অধিকার পার্লামেন্টের, সেখানেই আলোচনা হতে পারে। আপনি, আমি এটা আলোচনা করতে পারি না। এই যে স্বৈরাচারী মনোভাব, এই স্বৈরাচারী মনোভাব নিয়ে তিনি এর অপব্যবহার করছেন।

**Mr. Speaker :** What is your point of order.

## POINT OF ORDER

**Shri Saugata Roy :** Mr. Speaker, Sir, I draw your attention to rule 328(v)—''A member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitution.'' As you know the Election Commission and the Chief Election Commissioner both are constitutional authority. In Parliament, they can only be removed by a motion of impeachment not otherwise. This has never been the practice of the House to discuss constitutional authority, like Chief Election Commissioner and Comptroller and Auditor General of India. In this connection. a person by raising this matter about the conduct of Election Commissioner violate the rules and procedure of the House. It gets precedence that the impartiality of the constitutional authorities need to be maintained and the same being affected by this

*discussion on the floor of the House. It is not fair. It is not the forum to raise the conduct of the Chief Election Commissioner in this House. I seek your ruling in this House.*

**শ্রী ননী কর ঃ** স্যার, ৩২৮ নং ধারায় আমরা নির্বাচনী কমিশনারকে ইমপিচ করিনি। নির্বাচনী কমিশনার সম্পর্কে মন্তব্য করতে চাই না বা এ সম্বন্ধে আমি বলতে চাই না। আমরা জানি যে নির্বাচনী কমিশনারকে ইমপিচ করতে হলে পার্লামেন্টের মত নিতে হয়। আমরা জানি নির্বাচন কমিশনার সম্পর্কে ওদের মনে অনেক দুর্বলতা আছে। বিজেপি এবং কংগ্রেসিদের অনেক দুর্বলতা আছে। আমি সেই কারণে নির্বাচন কমিশনার সম্পর্কে বলছি না। আজকে যে আইডেনটিটি কার্ড সম্পর্কে প্রস্তাব এসেছে, আমাদের এই ব্যাপারে কোনও বিরোধিতা নেই। নির্বাচন কমিশন যে আইডেনটিটি কার্ডের কথা বলেছেন তা এই কলকাতাতেই একবার হয়েছিল। অনেক আগে যখন সুকুমার সেন নির্বাচন কমিশনার ছিলেন। সেই সময়ে এখানে কংগ্রেস ছিল, কংগ্রেস সদস্য এতে হেরেও গেছিল। সুতরাং আইডেনটিটি কার্ড আমরা চাই। কিন্তু আইডেনটিটি কার্ড হলে পরে টাকার যে দরকার, সেই টাকা দেবে কে? সেইকারণে আমি বলতে চাই যে, ইলেকশন কমিশন নীতি নিয়মের অধীন, তার কাজ হচ্ছে ইলেকশন রুলস পাস করার। তিনি যা খুশি করবেন তা হতে পারে না এবং এখানে যে প্রশ্ন উঠেছে তা ব্যক্তি হিসাবে কোনও বিষয়ের জন্য নয় তাকে দোষারোপ করা হচ্ছে না। ইলেকশন নিয়ে ডিসকাশ করছি না। আমি এম এল এ হিসাবে, সৌগতবাবু এম এল এ হিসাবে স্পিকার, সাহেবও এম এল এ হিসাবে সকলের ক্ষেত্রেই এটা প্রযোজ্য। আজকে নির্বাচন কিভাবে হবে, কোনও একজন ব্যক্তি যা কিছু নির্দেশ দিয়ে দিলেন—আমার বক্তব্য নির্বাচন কমিশন নিয়ে নয় আমার বক্তব্য এই ব্যাপারে সুনির্দিষ্ট, উই আর এফেকটেড আমরা যে এফেকটেড এটা ভুলতে পারব না, এই জিনিসটা বলতে পারব না, আমরা তো এফেকটেড বলেই এই কথাটা বলছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় সদস্য সৌগত রায় যে পয়েন্ট তুলেছেন ঐ পয়েন্টে উপর ননীবাবুকে আপনি উত্তরটা দিতে বলেছিলেন He must give answers to the points raised by Professor Roy. But he not only did not reply the real question or point, but he has repeated what has been said in the past. That is not the question. ননীবাবু আপনি যেটা আগাগোড়া বলেছেন সবটা কিন্তু নির্বাচন কমিশনারকে সমালোচনা করে, ঘুরিয়ে ফিরিয়ে যা বলেছেন। মাননীয় স্পিকার আইনের লোক, উনি এই ব্যাপারে রুলিং দেবেন। আপনি এর পরে যে কথাটা বললেন সেটাও সমালোচনা, উত্তরটা দেওয়ার সময় যেটা বলেছেন সেটাও সমালোচনা Whether a member is quite competent to criticize the Election Commissioner or Chief Election Commissioner? Whether this can be discussed in the House? These are the main questions raised by Professor Roy... আমারও এখানে সেই একই কথা, আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে পুরোটাই এক্সপাঞ্জ হওয়া উচিত। ননী কর মহাশয় যেটা বলেছেন এটা যদি রেকর্ড থাকে তাহলে ভবিষ্যতে এটাই চলতে থাকবে। ইলেকশন কমিশনার তার রুলস এর মধ্যে যে ফ্রেম ওয়ার্ক সেটা তুলেছেন, এটা তো হাইকোর্ট হয়ে গেছে, সুপ্রীম কোর্ট হয়ে গেছে, কিন্তু হাউসে যে পয়েন্ট

আলোচিত হয়েছে, হাইকোর্ট হয়েছে সুপ্রীম কোর্ট হয়েছে এবং চিফ ইলেকশন কমিশনার তিনি with the framework, within the rules, within the constitution. এটা করতে পারেন। তিনি বলতে পারেন যদি না পারতেন তাহলে সেই পয়েন্ট নিয়ে সভা হত, আলোচনা হত। সেইজন্য চ্যালেঞ্জ হয়েছে। আপনারা মামলাবাজ লোক, মামলা করেছেন তার রেজাল্টও পেয়েছেন ভাল করে। কিন্তু আমার প্রশ্ন উনি একজন সিনিয়ার মেম্বার, উনি যেখানে সব কিছু জানেন, এক্ষেত্রে আমার মনে হচ্ছে ননীবাবু যেটা বললেন সমস্তটাই এক্সপাঞ্জ করে দেওয়া উচিত। নাহলে হাউসের পক্ষে খারাপ জিনিস।

**মিঃ স্পিকার ঃ** মিঃ নারায়ণ মুখার্জি আপনি কি ৩২৮ সাব রুল (৫) সম্বন্ধে কিছু বলবেন?

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** স্যার, আমি এই সম্পর্কেই বলছি। যেটা মাননীয় সদস্য সৌগত রায় বললেন এই প্রশ্নটা তুলতে পারা যায় না—কিন্তু আমি বলছি This question can be discussed in the House. I say this can be discussed in the House, but the House cannot resolve. There are so many questions that are discussed in the House, but the House do not resolve. সুতরাং সেটা এখানে উঠতে পারে, এই প্রশ্নটা এখানে আলোচিত হতে পারে, কিন্তু সিদ্ধান্ত নিতে পারে না। আমাদের এই সভা, নির্বাচনে যিনি গাইড, সেই চিফ ইলেকশন কমিশনার সম্বন্ধে আলোচনা করতে পারেন। কিন্তু আমরা কোনও রিসলভ নিতে পারি না। সুতরাং উনি যেটা বলছেন এটা ঠিক নয়।

[1-20 — 1-30 p.m.]

**Mr. Speaker :** Mr. Roy, only a clarification. The Chief Election Commissioner is an officer. He is an officer—Constitutional Head—officer in the rank of a Supreme Court Chief Justice. He has got certain privileges and protection under the Constitution. Now he makes certain rules for implementation of the election law. Those rules are to be interpreted. During the debate those rules cannot be interpreted as because these are made by the Election Commissioner?

**Shri Saugata Roy :** Sir, you know that the election laws Representation of Peoples Act, 1951 and the Reservation of Symbol Act of 1958—are all Central Laws. This is not the proper forum to discuss these laws. Parliament of India in which Nani Babu's party has also got representatives, is the proper forum for discussion of these Acts. Sir, you know that in the Parliament discussion has already been taken place on certain matters of Election Commissioner. They can do it there. They can discuss it through a substantive motion. They can impeach the Chief Election Commissioner. The Chief Election Commissioner has got

certain Constitutional privileges as the Chief Justice of Supreme Court, whose, removal is also made in the manner of Chief Justice of Supreme Court. There is no precedent that we discussed the conduct of the Chief Justice of the Supreme Court, Comptroller and Auditor General of India or the Chief Election Commissioner in this Assembly. We do it in private or otherwise. But we have not taken the recourse of this House to discuss the conduct of them. This is not the forum, to discuss any controversial matter as has been done by Mr. Nani Kar.

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Hon'ble Member, Shri Saugata Roy has drawn my attention to rule 328, sub rule(5) on the mention case made by Shri Nani Kar relating to certain decisions taken by the Chief Election Commissioner of India. The sub-rule (5) of rule 328 says—"A member while speaking shall not reflect upon the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up in proper terms under the Constitutional. I agree that the conduct of any person, the Chief Election Commissioner or the Supreme Court Judge or the President cannot be discussed. This should not be discussed. I have never encouraged it also here. Now, a law relating to a state signed by the President—we discuss it here in the State Assembly. Similarly, even the Election Commissioner passed certain rules, we can refer those rules. We can refer those Acts signed by the President. We can criticize it if we think that if affects the people of the state. But we cannot discuss the conduct of any person whose conduct can only be discussed on a substantive motion drawn up on proper terms under the Constitution. There are other forum which are competent to discuss it, where this can be discussed in threadbare. We have discussed various laws state laws, central laws. We have discussed about inter-state relationship. I remember one case. Press law passed by Bihar State when all over India press are boycotting it as a black law. We have passed resolution in our state criticizing the legislation passed by the Bihar Assembly. Though we do not have jurisdiction to discuss the laws of another state but because it was affecting press journalists in our State that they have boycotted over here and our attention has been drawn towards that. Similarly if we are affected by certain action we discuss in that way. And Shri Nani Kar has discussed in that manner. He has no intention to malign or denigrate the election commissioner as such. He has drawn the attention of the House on that matter in which the State Government has been vigorously affected. But it is a good practice not to discuss this matter. We leave it at that. No more.

Now Shri Sisir Sarkar.

## ZERO HOUR

**শ্রী শিশির সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে আমি একটি ঘটনার কথা বলেছি, আবার একটি ঘটনার কথা উল্লেখ করে বলছি যে কিভাবে কংগ্রেসি গুন্ডারা জিয়াগঞ্জে সন্ত্রাস সৃষ্টি করার চেষ্টা করছে। স্যার, জিয়াগঞ্জের ভট্টপাড়ায় গত ২১-২-৯৪ তারিখে পার্থ ধরের বাড়িতে কংগ্রেসের কর্মী এবং গুন্ডারা এক লোমহর্ষক ডাকাতি করে। সেখানে ডাকাতির লক্ষ্য কিন্তু সম্পত্তি লুঠ করা ছিল না, উদ্দেশ্য ছিল বাড়ির ফার্নিচার নষ্ট করা, বাড়ির লোকেদের সঙ্গে অশালীন আচরণ করা এবং বাড়ির মালিককে খুন করা। সেখানে জনগণ প্রতিরোধ করায় তারা পালিয়ে যায়ে। যারা অত্যাচার করতে গিয়েছিল তাদের সনাক্ত করা গিয়েছে এবং থানায় তাদের নামে এফ আই আর করা হয়েছে। সেখানে একজনকে ধরা হয়েছে কিন্তু বাকিদের ধরা হয়নি। এ ব্যাপারে পুলিশ কিছুটা নিষ্ক্রিয়। মনে হচ্ছে থানা পারচেসড হয়েছে। অবিলম্বে ঘটনাটির তদন্ত করে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদীয়া জেলার কল্যাণীতে ১৫০টি ছোট বড় কলকারখানা আছে। এরমধ্যে বর্তমানে ৩৮টি বন্ধ। পেপার মিলটি বন্ধ হয়ে আছে ৭ বছর, সেখানে এক হাজার শ্রমিক আছেন, কে আর স্টিল ৬ মাস বন্ধ, সেখানে শ্রমিকের সংখ্যা ১২শো। সোমালি বেঙ্গল ৬ বছর ধরে বন্ধ সেখানে শ্রমিকের সংখ্যা ৩-৪শো। ফেরো স্টিল এক বছর ধরে বন্ধ। হিমালয়ান রুবন দীর্ঘদিন—৩ বছর বন্ধ। এই বন্ধ ৩৮টি কলকারখানায় ৭-৮ হাজার শ্রমিক আজ অনাহারে, অর্দ্ধহারে দিন কাটাচ্ছেন। স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিল্প, বাণিজ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, যে সমস্ত কলকারখানা বা মিল বন্ধ আছে সেগুলি অবিলম্বে খোলার ব্যবস্থা করা হোক। তা না হলে যে ৭-৮ হাজার শ্রমিক আজ মৃত্যুর মুখোমুখি দাঁড়িয়ে আছে তারা চরম দুরাবস্থার মধ্যে পড়ে মারা যাবেন। অবিলম্বে এই মিলগুলি খোলার জন্য দাবি জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** (নট প্রেজেন্ট)

[1-30 — 1-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অর্থমন্ত্রী এখানে উপস্থিত থাকলে ভাল হত। স্যার, রাজ্য সরকারের পক্ষে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যখন সম্পদ সংগ্রহের জন্য মাথাকুটে মরছেন তখন আমরা দেখতে পাচ্ছি, রাজ্যের একটি দপ্তর—বিক্রয় কর দপ্তর, এই বিক্রয় কর দপ্তর যেভাবে দুর্নীতি ঘুস চালাচ্ছে, তাতে রাজ্যের কোটি কোটি টাকার রাজস্ব ক্ষতি হচ্ছে। আপনি জানেন ব্যবসায়ীদের মধ্যে একটা অংশ বেশির ভাগ দু নম্বরী ব্যবসা করে, ৫০ লক্ষ টাকার ব্যবসাকে ১০ লক্ষ টাকার ব্যবসা দেখাচ্ছে, এই ভাবে

ব্যাপক ফাঁকি হচ্ছে। এর জন্য মাসোহারার ব্যবস্থা আছে। একজন সেলস ট্যাক্স ইন্সপেকটার তিনি দোকান পিছু ১০০ থেকে ১৫০ টাকা পান, একজন চার্জম্যান দু হাজার থেকে পাঁচ হাজার টাকা নেন। কমার্শিয়াল ট্যাক্স অফিসার তার দু লক্ষ থেকে আড়াই লক্ষ টাকা পর্যন্ত ঘুস হিসাবে রোজগার করেন। এই রকম ভাবে কোটি কোটি টাকার ফাঁকি হচ্ছে। বিহার, উড়িষ্যার বর্ডারে যে সমস্ত চেকপোস্ট আছে, সেখানে ক্লিয়ারিং এজেন্টরা পারমিট ছাড়া পার করে দিচ্ছে। ফলে সরকারের প্রচুর টাকা ক্ষতি হচ্ছে। অর্থ মন্ত্রী হাউসে থাকলে ভাল হত, তাকে অনুরোধ করব, তিনি আরও ভাল করে তদন্ত করে ব্যবস্থা গ্রহণ করুন। স্বয়ং মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে জালান কোম্পানির বীরেন সাহা শিল্পপতি, তার এজেন্ট পূর্বাঞ্চলের তার একটা ফুড প্রসেসিং কোম্পানি আছে ক্যাভেন্টার অ্যাগ্রো প্রাইভেট লিমিটেড কোম্পানি, বারাসাতে ফুড প্রসেসিং কারখানা, তার বিক্রয় কর ছাড় পাবার কথা নয়, কিন্তু বার বার মুখ্যমন্ত্রীর সচিবালয় থেকে অর্থ দপ্তরকে বলা হচ্ছে ছাড় দেবার জন্য, কিন্তু অর্থ দপ্তর বলছে এটা দেওয়া যায় না, আইনের ব্যতিক্রম করা যায় না। এল আর অফিস থেকেও বারে বারে আপত্তি জানানো হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও জালান ফুড প্রসেসিং কোম্পানি, তারা বিক্রয়কর দিচ্ছে না। এই সব চলছে। এই ধরনের যদি ইরেগুলারিটি চলে তাহলে কি করে রাজস্ব খাতে আয় বৃদ্ধি হবে? রাজ্য সরকারের কি করে সম্পদ সংগ্রহ হবে? তাই আমি অনুরোধ করছি গোটা পরিস্থিতি বিবেচনা করে অবিলম্বে একটা এনকোয়ারি কমিশন বসানো হোক, ঘুস নেওয়া বন্ধ হোক।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, শাসক দলের দু গোষ্ঠীর অন্তর্দ্বন্দের ফলে নদীয়া জেলার চাকদহ বিধানসভার গয়েশপুরে একটা অসহ্য অবস্থার সৃষ্টি হয়েছে বেশ কিছুদিন ধরে। নদীয়া জেলার সি পি এম এর দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ চলছে। এক গোষ্ঠীর নেতা আমাদের বিধানসভার সদস্য, আর একজন হচ্ছে সি পি এম-এর একজন স্থানীয় নেতা। এই গোষ্ঠী দ্বন্দের ফলে গত এক বছর ১০ জন ব্যক্তি ওখানে খুন হয়েছে। দুঃখের কথা, এই গোষ্ঠী সংঘর্ষ যখন চলছে, সেই গয়েশপুরে গোষ্ঠী সংঘর্ষ চলার সময় উভয় গোষ্ঠীর মহিলাদের শ্লীলতাহানি ঘটেছে। গতকাল মমতা ব্যানার্জির কাছে গণতান্ত্রিক মহিলা সমিতির এক গোষ্ঠীর কয়েকজন মহিলা এসে তাকে বলেন চাকদহের অবস্থা নিজে গিয়ে একটু দেখুন। চাকদহ বিধানসভা কেন্দ্রে সদস্য হচ্ছেন আমাদের উচ্চ শিল্পমন্ত্রী। তিনি গয়েশপুরে কখনও যান না। সেখানকার মহিলারা পর্যন্ত গোষ্ঠী দ্বন্দে বিপনন। আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যাতে প্রশাসনিক ভাবে ওখানে সি পি এম এর এই গোষ্ঠী সংঘর্ষ যা হিংসার মাধ্যমে হচ্ছে, তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী রবীন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ৩রা মার্চ থেকে আমাদের রাজ্যে প্রায় ৩ লক্ষ মানুষ নতুন করে যে আর্থিক অনটনের মুখে পড়েছে সে সম্পর্কে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। গত ২৮ তারিখ কেন্দ্রীয় বাজেট পেশের পর একমাত্র ইস্পাত শিল্পে ১৫ শতাংশ অন্তর্শুল্ক বৃদ্ধির ফলে পশ্চিমবঙ্গে ৬০ হাজার ইস্পাত রোলিং কর্মী বেকার হয়ে পড়েছে। ইস্পাত রোলিং কারখানাগুলি বন্ধ হয়ে পড়েছে। এর ফলে গোটা দেশে ৫ লক্ষ মানুষ কাজ হারাচ্ছে। এবং এই যে আর্থিক নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন এর ফলে আমাদের রাজ্যে নতুন করে ৩ লক্ষ মানুষ দুর্বিসহ যন্ত্রণার মুখে পতিত হচ্ছে। এই প্রসঙ্গে

আমি রাজ্য সরকারের শিল্প মন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, তারা এই বিষয়টা নিয়ে কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করুন যাতে কেন্দ্রীয় সরকার এই অবিমিশ্রকারী আচরণের পরিবর্তন ঘটান। রাজ্যের এই তিন লক্ষ মানুষকে অনাহারের হাত থেকে রক্ষা করার ব্যবস্থা করেন।

**শ্রী বীরেনকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি জরুরি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রী এবং মাননীয় কৃষি মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমাদের মালদা জেলা একটা বোরো চাষ এলাকা। সেখানে এবারেও বোরো চাষ হচ্ছে, কিন্তু বিদ্যুত এবং ইউরিয়া সার পাওয়া যাচ্ছে না। বর্তমানে রাজ্যের কোথাও লোড শেডিং নেই, কিন্তু আমাদের ওখানে সন্ধ্যার পর থেকে বিহার থেকে যে বিদ্যুত আসত সেটা আসছেনা, ফলে সেখানে লোড শেডিং হচ্ছে এবং রাত্রিতে ভোল্টেজ থাকছে না। এই অবস্থায় মালদা জেলায় বোরো চাষ ব্যহত হচ্ছে। এর আগে দিন আমি এখানে বলেছি যে, বোরো চাষে ইউরিয়া সার ভীষণ প্রয়োজন। কিন্তু সেই ইউরিয়া সার মালদা জেলায় পাওয়া যাচ্ছে না। ফলে ওখানে কংগ্রেসের একটা জঙ্গী বাহিনী নকশালদের সঙ্গে মিলিত হয়ে রাস্তায় লরি আটক করে লুঠ করছে, ইউরিয়া লুঠ করছে। এরকম ৫-৭টি ঘটনা ওখানে ঘটেছে, ওরা আইন-শৃঙ্খলা ভাঙার চেষ্টা করছে। আমি দাবি করছি কৃষি মন্ত্রী এবিষয়ে এখানে একটা বিবৃতি দিন। ইউরিয়া সেন্ট্রাল গভর্নমেন্ট পাঠাচ্ছে না, কি হচ্ছে? এটা আমাদের তিনি জানান। কেন দাম বাড়ছে, দামের ওপর কোনও কন্ট্রোল আছে কিনা, এ সম্পর্কে একটা বিবৃতি দিন। এটা দরকার। এটা আমাদের সকলের জানা দরকার যে, ইউরিয়া পাওয়া যাবে, কি যাবে না। বিদ্যুত মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি রাজ্যের বিদ্যুত পরিস্থিতির অনেক উন্নতি ঘটিয়েছেন সত্য, কিন্তু তিনি একটু জানান যে, মালদায় কেন সন্ধ্যা ৫টা থেকে ৯টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে এবং রাত্রে কেন ভোল্টেজ থাকছে না?

[1-40 — 2-30 p.m. (including adjournment)]

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মাননীয় শ্রমমন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকার ভদ্রেশ্বরের শ্যামনগর নর্থ জুট মিল আজ বন্ধ হওয়ার মুখে। ৫/৩/৯৪ তারিখ থেকে এই মিলে কোনও রকম প্রোডাকশন হচ্ছে না। বাঁশি বাজছে, শ্রমিকরা যাচ্ছে, হাজিরা দিচ্ছে, কিন্তু মিলে কোনও র' মেটিরিয়াল আসছে না এবং কোনও প্রোডাকশন হচ্ছে না। গত ২২/২/৯৪ তারিখে শ্রমিকদের যে ওয়েজ পাওয়ার কথা ছিল—হঠাৎ সেই ওয়েজ বন্ধ হয়ে যায়। তখন শ্রমিকরা সেখানে প্রতিবাদ জানান। ৯টি শ্রমিক ইউনিয়ন এক সাথে প্রতিবাদ করে, চাপ দেয়। তখন মিল মালিক জানায় যে, শ্রমিকদের ওয়েজের ৩৬ লক্ষ টাকা সি ই এস টি-র মিলের কাছে ৭৬ লক্ষ টাকা পাওনার একটা অংশ হিসাবে মেটানো হবে। কিন্তু প্রতিবাদের পরে অবশ্য সেটা স্থগিত থাকে। পরবর্তীকালে লেবার কমিশনারের অফিসে ত্রিপাক্ষিক চুক্তির ভিত্তিতে ঠিক হয় ওয়েজ দিতে হবে এবং মিল চালু করতে হবে আর র মেটিরিয়ালস সরবরাহ করতে হবে। সি ই এস সি-র বকেয়া মিটিয়ে দিতে হবে। হ্যাঁ, ২২-২-৯৪ তারিখে ওয়েজ দেওয়া হয়েছে বটে, কিন্তু অন্যান্য কোনও কাজ করা হয়নি। সি ই এস সি-র বিদ্যুত কানেকশনের কোনও ব্যবস্থা হয়নি,

র' মেটিরিয়ালস, তেল এখনও আসছে না। ৮৩ এবং ১০-৩ তারিখের স্টাফ এবং শ্রমিকেরা যে বকেয়া টাকা পাচ্ছেন সেটা পাবার আশা খুবই কম। এই টাকা যদি না পাওয়া যায় তাহলে বিরাট বিক্ষোভ হবে এবং গুরুতর অবস্থার সৃষ্টি হবে। এই বিষয়ে হস্তক্ষেপ করার জন্য অনুরোধ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্প্রতি সংবাদ পত্রের একটি সংবাদে পশ্চিমবাংলার মানুষ উদ্বিগ্ন হয়ে পড়েছে। আমরা দেখতে পাচ্ছি, সদ্যসমাপ্ত উত্তরপ্রদেশ, হিমাচল প্রদেশ, মধ্যপ্রদেশ এবং আরও কয়েকটি রাজ্যের নির্বাচনের সাম্প্রদায়িক শক্তি বি.জে পিকে সেখানকার মানুষ ঘৃণা ভরে প্রত্যাখ্যান করলেন, ইতিহাসের আঁস্তাকুড়ে ছুঁড়ে ফেলে দিলেন। সেই সাম্প্রদায়িক শক্তি বি জে পি আবার দেখছি পশ্চিমবাংলায় অশান্তি সৃষ্টি করার জন্য ৫ জায়গা থেকে নাকি জনজাগরণের কর্মসূচি নিয়ে এসপ্ল্যানেড ইস্টে জমায়েত হবে আগামী ১৭ মার্চ, না কবে। আমরা এর আগে দেখেছি, গত সেপ্টেম্বর মাসে এই রকম কর্মসূচি নিয়ে কলকাতা থেকে রায়গঞ্জে দিনাজপুরের পূর্ণিয়ায় ডালখোলা পর্যন্ত নিয়ে যাবার সময় বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক উস্কানি দিতে দিতে যাত্রা করেছিলেন। তখন আমরা আশ্চর্যের সঙ্গে লক্ষ্য করেছিলাম, আমাদের রাজ্যের পুলিশ প্রশাসন তাদের সঙ্গে সহযোগিতা করেছিলেন। সেই সময় বি জে পি-র মুরলিমনোহর যোশী পশ্চিমবাংলার পুলিশের প্রশংসা করেছিলেন। সেই সাম্প্রদায়িকতার বীজ ছড়াতে ছড়াতে যে যাত্রা শুরু করলেন তার বিরুদ্ধে নদীয়া জেলার ধর্ম নিরপেক্ষ মানুষ যখন কালো পতাকা দেখাতে গিয়েছিলেন তখন তাদের উপর লাঠি চার্জ করে তাদের আহত করে হাসপাতালে পাঠানো হয়েছিল। আমরা জানি, এই সি পি এমের সঙ্গে তাদের কখনও আঁতাত হয়, আবার কখনও সংঘাত হয়। পি ভি নরসিমহা রাও সরকারের বিরুদ্ধে বি জে পি-র সঙ্গে সি পি এম মিলে অনাস্থা প্রস্তাব এনেছিলেন—এটা জানি। আজকে পশ্চিমবাংলার বুকে বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে রাজনৈতিক বিরোধ আছে, মতাদর্শগত পার্থক্য আছে ঠিকই, কিন্তু সাম্প্রদায়িক শক্তির বিরুদ্ধে যদি ঘৃণা করতে হয় তাহলে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে বি জে পি যে জনজাগরণের নাম করে সাম্প্রদায়িক বীজ ছড়াবার চেষ্টা করছে তাকে প্রতিহত করার জন্য সবাইকে এগিয়ে আসার আহ্বান করছি। বি জে পি এখানে ইফতারের নাম করে মানুষের মনকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। এটা সীমাহীন ভন্ডামি ছাড়া আর কিছু নয়। যেখানে তারা সাম্প্রদায়িক বিষ ছড়িয়ে মুসলিমদের বিরুদ্ধে বিষোদগার করছে, সেখানে বি জে পি নিজেদের ধর্ম নিরপেক্ষ বলে দাবি করে মুসলমানদের সঙ্গে সম্প্রীতি আছে সেটা দেখাবার জন্য এইভাবে তাদের টেনে আনবার ষড়যন্ত্র করছে। সেইজন্য পশ্চিমবাংলার বিভিন্ন রাজনৈতিক দলের কাছে আহ্বান জানাই—তাদের এই সীমাহীন ভন্ডামির বিরুদ্ধে আসুন, আমরা রুখে দাঁড়াই। জনজাগরণের নাম করে পশ্চিমবাংলায় যে সাম্প্রদায়িক বীজ ছড়াবার চেষ্টা করছে তাকে প্রতিহত করুন।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আগামী ১৭ মার্চ মাধ্যমিক পরীক্ষা এবং ৪ঠা এপ্রিল উচ্চ মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। ঠিক এমনি একটা সময়ে আমার নির্বাচনী এলাকাসহ সমগ্র নদীয়া জেলায় ৭দিন ধরে টানা লোড-শেডিং চলছে। বিশেষ করে সন্ধ্যা থেকে একটানা ২ ঘণ্টা, আড়াই ঘণ্টা লোড-শেডিং চলছে। একদিকে বিদ্যুতের এমনি বেহাল অবস্থা, অপরদিকে কেরোসিন তেল ছাত্র-ছাত্রীরা পাচ্ছে না। ৭-৮-১০ টাকা করে লিটার কিনতে হচ্ছে। এখানে

মাননীয় বিদ্যুত মন্ত্রী আছেন, বিশেষ করে পরীক্ষা চলাকালীন সময়ে বিদ্যুতের ব্যবস্থা করুন নতুবা রাজ্য সরকারের খাদ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, পরীক্ষা চলাকালীন কয়েকটি সপ্তাহের জন্য সমস্ত পরীক্ষার্থীকে অ্যাডমিট কার্ডের ভিত্তিতে এক লিটার করে কেরোসিন দেওয়া ব্যবস্থা করা হোক।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনস্বাস্থ্যের দিক থেকে গুরুত্বপূর্ণ একটি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র কাঁকসা এলাকার জঙ্গলমহলে, যেখানে তফসিলি এবং আদিবাসীরা থাকেন, সেখানে বনকাঠি প্রাথমিক হেলথ সেন্টারটি আড়াই বছর হল কমপ্লিট হয়ে গেছে। সেখানকার ইলেকট্রিক ফিটিংস এবং বিভিন্ন জিনিস চুরি হয়ে যাচ্ছে। বার বার দরবার করা সত্ত্বেও ঐ প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে কোনও ডাক্তার পাঠিয়ে চালু করার ব্যবস্থা করা হয়নি। তার ফলে হাজার হাজার তফসিলি আদিবাসী মানুষ চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। সেখানে একটা বিক্ষোভের সৃষ্টিও হয়েছে। আর একটি হল, মানকর রুর‍্যাল হসপিটাল—৩০ বেডের হসপিটাল যেখানে ছয় রকম সিরিয়াস ট্রিটমেন্ট হবে—সেটিও দুই বছর হল কমপ্লিট হয়ে গেছে, কিন্তু আজ পর্যন্ত প্রয়োজনীয় ডাক্তার পাঠানো হয়নি। তারফলে বর্ধমান থেকে দুর্গাপুর পর্যন্ত অঞ্চলের মধ্যবর্তী গ্রামীণ হাসপাতালটি চালু হয়নি। সেজন্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে দাবি করছি, অবিলম্বে বনকাঠি প্রাইমারি হেলথ সেন্টার এবং মানকর রুর‍্যাল হসপিটাল অবিলম্বে চালু করা হোক জনস্বার্থে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর কয়েকদিন পরেই বাজেট পেশ করা হবে এবং তারপর দফাওয়ারি আলোচনা শুরু হবে এবং তারজন্য দিনক্ষণ ঠিক করার জন্য আপনি বি এ কমিটিতে বসবেন। আমি আপনার কাছে আবেদন করতে চাই, ঐ বাজেট প্লেস করবার পর যখন দপ্তরওয়াইজ আলোচনা শুরু হবে তখন তথ্য ও সংস্কৃতি দপ্তরের বাজেট ছিল তথ্যমন্ত্রী কান্তি বিশ্বাস যেন সভায় না আসেন, কারণ তিনি রিজেকটেড লোক। একবার মন্ত্রী হলেন, আবার মন্ত্রী করে তাকে নিয়ে আসা হয়েছে। সেদিন যদি তিনি সভায় আসেন তাহলে আমরা সেদিনের বাজেট আলোচনা বয়কট করব পশ্চিমবঙ্গের সম্মান রক্ষা করবার জন্য, পুরানো ঐতিহ্যকে রক্ষা করবার জন্য। আইনের ফাঁক দিয়ে ব্যাক ডোর দিয়ে দু-দুবার যিনি মন্ত্রী হয়েছেন তিনি বক্তৃতা দেবেন, আলোচনায় অংশ নেবেন এটা যেন না হয় সেদিন, কারণ নির্বাচিত প্রতিনিধি তিনি নন। এটা মুখ্যমন্ত্রীকে জানিয়ে দেবেন। **(সরকার পক্ষ থেকে মন্তব্য কোন গ্রুপের সিদ্ধান্ত এটা?)**

**মিঃ স্পিকার ঃ** সত্যবাবু, রবীনবাবু জিজ্ঞাসা করছেন যে, এই যে সিদ্ধান্ত করেছেন সেদিন কান্তিবাবু বললে আপনারা অধিবেশন বয়কট করবেন, এটা আপনাদের কোন গ্রুপের সিদ্ধান্ত।

(At this Stage the House was adjourned till 2-30 p.m.)

[2-30 — 2-40 p.m.](After Adjournment)

## LEGISLATION

### The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1994.

**Shri Achintya Krishna Roy :** Sir, I beg to introduce the West Begnal Board of Secondary Education (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill.)

**Shri Achintya Krishna Roy :** Sir, I beg to move that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill 1994 be taken into consideration. মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সংক্ষেপে এই কথা বলতে চাই যে এই পরিবর্তনটা হচ্ছে, ১৯৬৩ সালে এই আইন যেটা করা হয়েছিল তাতে সেকশন ৯, সাব-সেকশন-২ তে প্রেসিডেন্টের টার্মস অব অফিস বলে ৫ বছর ছিল। পরবর্তীকালে একটা সংশোধনী এনে সেটাকে ৫ বছর রাখা হয়েছে কিন্তু এক্সটেনশন দিয়ে দিয়ে ৫ বছর করা হয়েছিল। এখন আমরা দেখছি যে সেকশন ৭ তাতে অন্যান্য যারা বোর্ডের মেম্বার আছেন তাদের ৫ বছর করা আছে। কিন্তু প্রেসিডেন্টের জন্য করা আছে ২ বছর, ৩ বছর দেবার পরে ৬ মাস, এক বছর এই রকম করে ৫ বছর। সে জন্য অরিজিন্যাল অ্যাক্টে যা ছিল ৫ বছর তার টার্মস অব অফিস বলে সেটাকেই রেস্টোর করতে চাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহাশয় ঠিক বলেছেন। এতে বলার কিছু নেই। এটাতে দুই ঘণ্টার সময় দরকার ছিলনা। মন্ত্রী মহাশয় যেটা বলতে চাচ্ছেন, এটাতে দুই ঘণ্টা আলোচনার করার মতো কিছু নেই। একটা লাইনের পরিবর্তন হবে। পরিবর্তনের বিষয়টা উনি ছোট করে দেখিয়েছেন। কিন্তু জিনিসটা এত ছোট নয়। ১৯৬৩ সালে এই অ্যাক্ট তৈরি করা হয়েছিল এবং তাতে ৫ বছর ছিল। পরবর্তীকালে এটাকে চেঞ্জ করে, ২ বছর, ৩ বছর করে ৫ বছর ছিল। আবার সেটাকে ৫ বছর করার জন্য এনেছেন। কিন্তু কথা হচ্ছে, একটা অ্যাক্ট যখন ছিল সেটাকে পরিবর্তনের দরকার হল কেন? কংগ্রেস আমলে যে আইন তৈরি ছিল, আজকে সংশোধনী এনে উনি বোঝাতে চেয়েছেন যে বামফ্রন্টের তখন এই সংশোধনী আনা ঠিক হয়নি। তখন এই সংশোধনী আনা যে ঠিক সেটা আজকে প্রমাণিত হয়ে গেল। এটা হচ্ছে সরকারি দলের একটা সভার যে কংগ্রেস যা বলে তার বিরুদ্ধে বলা, কংগ্রেসের যা ভাল মন্দ তার বিরোধিতা করা। একটা প্রচলিত গল্প আছে। কিছু ছেলে পিকনিক করতে গেছে। এখন তাদের পার্টি তাদের শিখিয়ে দিয়েছে কংগ্রেস যা বলবে যা করবে তার বিরোধিতা করবে। তারা তাই শিখে গেছে। আপনারা আপনাদের কমরেডদের শিখিয়ে দিয়েছেন কংগ্রেস যা বলবে তোমরা তার বিরুদ্ধে বলবে, কংগ্রেস যা করবে তার উল্টো করবে। কিছু দিন আগে ডিসেম্বর জানুয়ারি মাসে আপনাদের কমরেডরা পিকনিক করতে গেছে একটা জঙ্গলের মধ্যে। সেখানে তাদের কিছু খাবার আঢাকা অবস্থায় রাখা ছিল। সেই খাবারের মধ্যে একটা শকুন বিষ্ঠা ফেলে দিয়েছে। তখন তারা আলোচনা করছে কি করবে। তারপর তারা তাদের বড় কমরেডকে জিজ্ঞাসা করল এই খাবার নিয়ে কি করবে। তখন বড় কমরেড সকলকে জিজ্ঞাসা করল কংগ্রেস হলে এটা কি করত? তখন সকলে

বলল কংগ্রেস হলে এটা ফেলে দিত। সে তখন বলল কংগ্রেস যখন ফেলে দিত তখন তোমরা বিষ্ঠা সহ খেয়ে নাও। এই অবস্থা আপনাদের। জানি না এই বিলের সংশোধনীর কি দরকার পড়েছিল। তখন আমাদের দলের সদস্যরা বলেছিলাম এই সংশোধনী আনা দরকার নেই। কেন আনলেন এই সংশোধনী? মন্ত্রী তখন যুক্তি দিয়ে বুঝিয়ে ছিলেন এটা দরকার, তিনি স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজিনসে অনেক কিছু বলেছিলেন, তিনি অনেক কিছু যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করেছিলেন। আজকে এই সংশোধনী আনার মধ্যে দিয়ে মন্ত্রী মহাশয় প্রমাণ করছেন যে আগে বামফ্রন্ট সরকার যে সংশোধনী এনেছিলেন সেই দিন সেটা আনা ঠিক হয় নি। সেটা আনউইস হয়েছে। আমি সেই দিন বলেছিলাম এবং আজও বলছি কোনও বিল আনতে গেলে বিধানসভায় তার জন্য বেশ কিছু খরচ হয়। একটা অধিবেশনে খানিকটা সময় ধরে আলোচনা হয়, বিলটাকে সারকুলেট করতে হয়, গভর্নরের অ্যাসেন্ট লাগে প্রচুর খরচা হয়। ১৯৬৩ সালে যেটা ছিল পার্থবাবু ৪ বছরের মেয়াদে এসে সেটার পরিবর্তন করেছিলেন, আজ তার আবার পরিবর্তন করতে হচ্ছে। আজকে তুঘলকী রাজত্ব চলছে, মন্ত্রীর কিছু করার নেই। মহম্মদ বিন তুঘলকের কায়দায় যা কিছু করার তাই করছে। বোর্ডকে আজকে পার্টির কুক্ষিগত করে ফেলেছেন নিজেদের দলের লোক বসিয়ে। আমি নাম করতে চাই না, শিক্ষক আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন, তিনি মারা গিয়েছেন, তাকে বোর্ডের কর্তা করে দিয়েছিলেন। বোর্ডকে একটা নমিনেটেড বডি করে রেখে দিলেন। দীর্ঘদিন নির্বাচন করলেন না। পরে যখন নির্বাচন করলেন সেই নির্বাচনকে প্রহসনে পরিণত করলেন। টিচাররা বহু জায়গায় ভোট দিতে পারে নি, আমি নিজে টিচার হয়ে ভোটার লিস্টে নাম তুলতে গেলে সেক্রেটারির আপনাদের দলের লোক, টিচার ক্যাটিগোরিতে ভোটার লিস্টে নাম তুলতে গেলে সেক্রেটারির রেকমেনডেশন লাগে। জেনারেল ভোটার লিস্টে তো রিগিং করেছেনই বোর্ডের ভোটার লিস্টে গ্রাজুয়েট কনসটিটিউয়েন্সি তো দূরের কথা টিচার কন্সটিটিউয়েন্সিতে গিয়ে দেখছে তার নাম বাদ গিয়েছে। এইভাবে নির্বাচনকে প্রহসনে পরিণত করেছেন। ১৯৭৭ সালের পর থেকে বোর্ডকে দলের কুক্ষিগত করে রেখেছেন। আপনারা স্কুলের মাধ্যমিক স্তরে শিক্ষা ব্যবস্থা ভেঙ্গে দিয়েছেন। বোর্ডের তো আর অন্য কোনও কাজ নেই। নতুন শিক্ষক অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে না, বোর্ডের আজ একটা কাজ হল সিলেবাস তৈরি করা। আজকে বোর্ড নির্ধারিত ইতিহাসের সিলেবাস জাতীয় আন্দোলনের ইতিহাস ছাত্রদের শেখাচ্ছে না। সারা পৃথিবী থেকে আজকে যে মতবাদ প্রত্যাহিত, যে মতবাদ রাশিয়াকে ভেঙ্গে দিয়েছে সেই মতবাদ মাধ্যমিক স্তরে ইতিহাসের পাঠ্য পুস্তকের মধ্যে ঢুকিয়ে ছাত্রদের শেষ করে দিচ্ছে। আপনারা পরীক্ষা ব্যবস্থায় কি করেছেন? প্রশ্নপত্র আউট হয়ে গেছে, আপনাদের মনোনীত বোর্ড থাকা সত্ত্বেও আপনারা কোনও ব্যবস্থা নিতে পারছেন না। আজকে সেকেন্ডারি বোর্ডের জন্য এমন সিলেবাস তৈরি করছেন, অনেক কমরেড আজকে দিল্লির কংগ্রেস পরিচালিত সিলেবাসে তাদের ছেলেদের শিক্ষা নিতে পাঠাচ্ছে। কেন্দ্রীয় সরকার যে সিলেবাস তৈরি করছে লোক সেখানে লাইন দিয়ে তাদের ছেলে মেয়েদের শিক্ষা নিতে পাঠাচ্ছে। বামফ্রন্ট সরকারের তৈরি সিলেবাসের স্কুল আছে আবার কেন্দ্রীয় সরকারের তৈরি সিলেবাসের স্কুল আছে, লোকে কেন্দ্রের তৈরি সিলেবাসের স্কুলে লাইন দিচ্ছে তাদের ছেলে-মেয়েদের পড়ানোর জন্য। পশ্চিমবঙ্গ সরকারের বোর্ডের আন্ডারে স্কুলগুলির প্রতি মানুষ আস্থা হারিয়ে ফেলেছে।

[2-40 — 2-50 p.m.]

শুধু বামফ্রন্টের লোকেরা নয়, বামফ্রন্টের নেতারা পর্যন্ত অনেক মন্ত্রীও আছেন, তাদের ছেলে মেয়েদের এখানকার স্কুলে পাঠাচ্ছেন না। কারণ এখানে লেখাপড়া একেবারে উঠে গেছে। বইপত্র-এর ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বোর্ড যেগুলো পাবলিশ করছে সেগুলো ভুলে ভর্তি। কারা এগুলো তৈরি করছেন তা আমরা বুঝতে পারছি না। এই সব ভুল সম্পর্কে বিভিন্ন সময়ে সংবাদপত্রে বেরোচ্ছে। অনেক সময়ে মাস্টার মহাশয়রা চিঠিপত্র দিয়ে জানাচ্ছেন। তাদের স্কুলের ছেলেমেয়েদের ভুল তথ্য পড়াতে হচ্ছে। বোর্ডের যে কাজগুলো করার কথা, সেই কাজগুলো তারা করতে পারে না। শুধু তাই নয়, আজকে অবস্থাটা এমন জায়গায় চলে গেছে, আজকে মাধ্যমিক সিলেবাসে যে ইংরাজি পড়াচ্ছেন তা ক্লাশ সিক্স থেকে পড়াচ্ছেন। অচিন্ত্যবাবু, আপনিই বলুন তো, ক্লাশ সিক্সে একটা ছেলে প্রথমে ইংরাজি শিখছে, এ বি সি শিখছে, এইবারে পাঠ্যপুস্তকের যে প্রশ্ন তা যদি ইংরাজিতে করা হয় তাহলে সে কি করে পড়বে? যে ছাত্র ক্লাশ সিক্সে এ বি সি শিখছে, তাকে যদি ইংরাজিতে প্রশ্ন করা হয় তাহলে সে কি করে পড়বে? ওদিকে বোর্ডে তো ৭৭ সাল থেকে পার্টিবাজি করে সব শেষ করে দিয়েছেন। সেখানে পার্টির বিপ্লবীদের ঢুকিয়ে একটা পার্টির আখড়ায় পরিণত করেছেন। নির্বাচনের নামে সেখানে প্রহসন করছেন। আমাদের অর্গানাইজেশন থেকে যারা সেখানে গেছে তারা তো সংখ্যায় খুবই অল্প। অর্গানাইজেশন থেকে তারা সেখানে গেছে বলে কেবল বাদ দিতে পারছেন না। আমাদের সেখানে কেবল কিছু চেঁচামেচি ছাড়া আর কিছু করার নেই, মেজরিটি রয়েছে আপনাদেরই। সেজন্য আর বেশি কিছু বলার এতে নেই। আমি মাননীয় মন্ত্রী মহোদয়কে বলব, এই যে বিল এখানে এনেছেন, এর বিরোধিতা আমরা করছি না। কারণ এটি আগে আমাদেরই তৈরি ছিল, সেটিই আজকে এখানে এনেছেন। তবে কেবল অন্ধ কংগ্রেসের বিরোধিতা করার জন্য তুঘলকি আক্রমণ করবেন না। একদিন কংগ্রেস আমলে যেটি করেছিল, আপনারা সেটিকে তিন বছর, পরে পাঁচ বছর করে করবেন—এই রকম তুঘলকি আক্রমণ করবেন না। আপনারা এইভাবে ভুল করতে থাকলে সাধারণ মানুষের কাছে আমাদের সম্মান চলে যাবে। এই সংশোধনী যেটা এনেছেন, সেটাকে আমি সমর্থন করছি। শুধু অনুরোধ, কংগ্রেসি বিরোধিতা করতে গিয়ে তুঘলকি কায়দায় চলবেন না, কংগ্রেসের সবকিছু খারাপ, এটা করবেন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নারায়ণ মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজকে যে বিল এখানে উত্থাপন করেছেন—ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪, আমি এটিকে সমর্থন করে দু একটি কথা বলছি একথা ঠিক যে বিলটি ছোট একটি সংশোধনী। এই সংশোধনী ছোট হলেও এটি গুরুত্বপূর্ণ। এতে খুববেশি আলোচনা করার সুযোগ না থাকলেও আমাদের বিরোধী সদস্য মান্নান সাহেব বামফ্রন্ট সরকারের শিক্ষানীতি সম্পর্কে কিছু কথা বলে গেলেন। বিশেষ করে বোর্ড পরিচালনার ক্ষেত্রে তিনি কিছু কথা বলে গেলেন। আমি সেজন্য দু-একটি কথা বলব। এটি ঠিক কথা, এই যে পাঁচ বছরের প্রস্তাব এখানে রাখা হয়েছে, এটি যুক্তিযুক্ত। কারণ বোর্ডের মেম্বার যারা হবেন তাদের কার্যকাল পাঁচ বছর। আর বোর্ডের প্রেসিডেন্টের কার্যসীমা শেষ হচ্ছে পাঁচ বছরে। নিয়োগের পর থেকে প্রথমে ছয়মাস, এক বছর করে করে এটি বাড়ছিল। এটা ঠিক নয়। বোর্ডের যিনি

প্রেসিডেন্ট আছেন, তিনি সাধারণত শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত থাকেন। শিক্ষাবিদদের পক্ষে অসুবিধা বোর্ড তৈরি করা বা পরিচালনা করার ক্ষেত্রেও অসুবিধা। সেখানে প্রেসিডেন্ট মেম্বারদে সঙ্গে ৫ বছর যদি না থাকে তাহলে যে কোনও রকম কাজ করার ক্ষেত্রেই অসুবিধা। যেটা শুরু করবেন যেমন সিলেবাসের ক্ষেত্রে তা শেষ করে যেতে পারবেন না। মাঝপথে চলে যেতে হবে। সরকারও প্রেসিডেন্টের কাজ সম্পর্কে ঠিক মূল্যায়ন করতে পারবেন না। এ সংশোধনী বিল আনা হয়েছে এটা ঠিকই যুক্তিযুক্ত হয়েছে এবং আগে যে ছিল না সেটা কথ নয়, অনেক সময়ে সংশোধনী আনতে হয়েছে। আইন যে করা হয়েছে তার উপরেও সংশোধনী আনতে হয়। ১৯৬৩ সালে মধ্যশিক্ষা পর্যদ বিল করা হয়েছিল, তারপর অনেক সংশোধনী আনা হয়েছে। এই সংশোধনী এনে বিভিন্ন ক্ষেত্রে পরিবর্তন করতে হয়েছে এবং এরজন্য অ কংগ্রেসকে অনুসরণ করা হয়েছে এটা অবাস্তব কথা। মাননীয় মান্নান সাহেব বলেছেন শিক্ষা প্রচেষ্টার ক্ষেত্রে মধ্যশিক্ষা পর্ষদকে নাকি পার্টির কাজে ব্যবহার করা হয়েছে, বোর্ডকে নাকি পার্টির কাজে ব্যবহৃত করা হয়েছে। আসলে নমিনেটেড বোর্ড সম্পর্কে যে কথা বলা হয়েছে তা সম্পূর্ণ অসত্য কথা, ঠিক বিপরীত কথা বলা হয়েছে। ওরা যা করেছিলেন আমরা তা করতে পারি না। এই সরকার শিক্ষা নীতি সম্পর্কে সচেতন এবং আমাদের পক্ষে তা করা সম্ভব নয়। ১৯৬৩ সালের আইনে বলা ছিল যে ৩৩ জন শিক্ষক অনুমোদিত শিক্ষকের দ্বারা নির্বাচিত হয়ে বোর্ডের সদস্য হওয়ার কথা, কিন্তু ওরা তার কোনও ব্যবস্থা করেন নি, ওটা আইনে লেখা ছিল, কোনও প্রিসিডেন্ট ছিল না, নির্বাচন তো দূরের কথা এই বামফ্রন্ট সরকারের আমলে তা গণতন্ত্রীকরণ করা হয়েছে। বোর্ডের কাজ হচ্ছে নির্বাচন ব্যবস্থা করা এবং রুলস ঠিক করা। এখন দুবার তিনবার নির্বাচন হয়ে গেছে এবং ঠিক বছর অন্তর অনুমোদিত শিক্ষক দ্বারা নির্বাচন হয়ে বোর্ডের সদস্য হচ্ছে। সুতরং প্রহসন হওয়ার কোনও ব্যাপার নেই, তারপরে নির্বাচনের আগে নোটিশ দেওয়া হয়, তালিকা প্রস্তুত করা হয় এবং নির্বাচন ঠিক সময় মতো হয়। যেদিন নির্বাচনের দিন স্থির করা হয় সেদিন নির্বাচন হয়। কোন জেলায় কতজন প্রতিনিধি ঠিক করা হবে তা বোর্ডই ঠিক করে এ বামফ্রন্ট সরকারের আমলে একমাত্র এই মধ্যশিক্ষা পর্যদ বোর্ডের নির্বাচন প্রহসন হচ্ছে বলে মান্নান সাহেব যেকথা বললেন, সেটা ঠিক নয়। আসলে আপনারা যা করেছেন তা বিরোধিতা যদি আমরা না করি তাহলে তো এর সত্যিকারের রূপয়ণ ঘটত না। এখন মধ্যশিক্ষা পর্ষদ এত সুন্দরভাবে চলছে যে ঠিক সময় মতো পরীক্ষা নিচ্ছে, কবে থেকে পরীক্ষা হবে তা আগে জানিয়ে দেয়। বোর্ড পরীক্ষার অনেক আগে থেকেই প্রোগ্রাম বা কর্মসূচি অর্থাৎ কোন দিন কোন পরীক্ষা হবে তা জানিয়ে দেয়। এবার ১৭ই মার্চ যে মাধ্যমিক পরীক্ষা হবে তার প্রোগ্রাম অনেক আগেই দিয়ে দিয়েছে। এবং ত্রুটিহীন ৯০ দিনের মধ্যে ফল প্রকাশ করা হচ্ছে। এই তো ২ বছর আগে সংবাদপত্রে খবর বেরিয়েছিল যে ভূগোলের প্রশ্নপত্র নাকি ফাঁস হয়ে গেছে। সেক্ষেত্রে মধ্যশিক্ষা পর্যদ খবরটা পাওয়ার সঙ্গে সঙ্গে ৭ দিনের মধ্যে প্রশ্নপত্র তৈরি করে এবং ছাপা হয়ে গিয়ে ঠিক ঠিক সময় মতই পরীক্ষা নিলেন। কোনও গন্ডগোলই হল না। আসলে বামফ্রন্ট সরকার শিক্ষা নীতির একটা রূপায়ণ ঘটিয়েছে এবং সুষ্ঠুভাবে মধ্যশিক্ষা পর্ষদ তার পরিচালনা করছেন। সময় মতো ফল প্রকাশিত হচ্ছে। মান্নান সাহেব ম্যানেজিং কমিটির কথা বললেন আমি তো ৪০ বছর ধরে শিক্ষকতার সঙ্গে যুক্ত ছিলাম, এই সবেমাত্র অবসর গ্রহণ করেছি।

[2-50 — 3-00 p.m.]

আমি দেখেছি ম্যানেজিং কমিটির অনেকের অভিজ্ঞতা আছে, কিন্তু একবার ম্যানেজিং কমিটির নির্বাচন হলে আমৃত্যু তিনি সেক্রেটারি থাকবেন, এটা হতে পারে না। কেতাবে লেখা আছে, নির্বাচন হবে তিন বছর অন্তর, কিন্তু সেটা হত না, এখন হচ্ছে। উনি যেটা বললেন সম্পূর্ণ বিপরীত। এখানে মধ্যশিক্ষা পর্ষদের ডেলিগেটেড বডি, ম্যানেজিং কমিটির বা পরিচালক সমিতি তাদের যে ক্ষমতা আছে, দায়িত্ব আছে তারা তা পালন করছেন। যদি কেউ পালন না করেন মধ্যশিক্ষা পর্ষদের আইনে আছে তাকে বাতিল করা হয়। যদি ৩ মাস ৪ মাস বর্ধিত হয় তাহলে একসঙ্গে সমস্ত স্কুলগুলিকে বর্ধিত করা হয়, মেয়াদ বাড়ানো হয়। কিন্তু কখন নির্বাচন হবে না, আমৃত্যু সে সেক্রেটারি থাকবে এই ব্যবস্থা নেই। যেটা মান্নান সাহেব বলছেন, এটা ঠিক নয়। ঐ বডিতে মধ্যশিক্ষা পর্ষদের যে প্রেসিডেন্ট এবং যে সদস্যরা আছেন তারা সকলে মিলে বোর্ড পরিচালনা করছেন। উনি যা বলেছেন সেটা সকলের ক্ষেত্রে প্রযোজ্য নয়। উনি বলেছেন, মার্কসবাদ লেনিন বাদ, বাতিল হল, সোভিয়েত ইউনিয়নের বিলুপ্তি হল, সোভিয়েত ইউনিয়নের বিলুপ্তির সাথে সাথে মার্কসবাদ লেনিনবাদ বিলুপ্তি হয়নি, এটা আছে থাকবে। সারা দুনিয়ার মার্কসবাদ লেনিনবাদের বিস্তার আছে থাকবে, আপনাদের বিরুদ্ধে অর্থনীতির বিরুদ্ধে এখানকার মার্কসবাদ লেনিনবাদ শিক্ষাকে পাথেয় করে শোষিত নিপীড়িত মানুষের মধ্যে মার্কসবাদ আছে, থাকবে, সোভিয়েত ইউনিয়ন বিলুপ্তি হল বলে সব বিলুপ্তি হয়ে গেল এটা নয়, মার্কসবাদ লেনিনবাদ শুধু আমাদের দেশে নয়, ধনতান্ত্রিকবাদ দেশে সেখানে পড়ানো হয়, সমালোচনা করে পড়ানো হয়, এটা যে নিন্দনীয় তা কখনই রূপায়িত হতে পারে না। মানুষের মঙ্গল করতে পারে না, সেইসব বলা থাকে, কিন্তু মার্কসবাদ লেনিনবাদ এর মূলকথা তারা অস্বীকার করেনা। এখানে সিলেবাস বা ভাষার ব্যাপারেও বলেছেন, ইংরাজি ভাষার কথাও বললেন, এই যে ভাষার শিক্ষা পদ্ধতি এটা নতুনভাবে হয়েছে, এই যে ট্রাডিশনাল সিস্টেম ইংরাজি, বাংলা, সংস্কৃত এইসব বাতিল হয়ে গেছে। আপনি বুঝতে না পারেন, যারা বুঝেছে তারা সেটাকে অনুসরণ করবে। বামফ্রন্ট সরকার শুধু পশ্চিমবাংলায় নয়, সারা দুনিয়ায় যে রীতিনীতি পদ্ধতি তাকে মেনেই এটা প্রচলন করেছে। সুতরাং সেইজন্য অন্যায় কিছু নেই। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, উনি যা বলছেন যা উপস্থাপনা করেছেন এটা ছোট হলেও গুরুত্বপূর্ণ, উনি বললেন আমি তাই এই কথাগুলি বললাম, তা নাহলে এত কথা বলার দরকার হত না। আমি এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের যে সংশোধনী বিল এনেছেন, সেই ব্যাপারে আমাদের দলের দৃষ্টিভঙ্গি কি সেটার ব্যাপারে মান্নান সাহেব ব্যাখ্যা করে বলেছেন। এই ব্যাখ্যার মধ্যে দিয়ে আমরা বলছি যে এই সংশোধনী বিল আনার প্রয়োজনীয়তা ছিল এবং দেরিতে আনলেও আমরা এটার বিরোধিতা করছি না। কিন্তু পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা, বিশেষ করে মাধ্যমিক শিক্ষার ব্যাপারে নারায়ণ বাবু যে কথা বললেন, বোর্ড ঠিকমতো

পরীক্ষা নিচ্ছে, ফলাফল প্রকাশ করছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি ফলাফল প্রকাশিত হওয়ার পর বহু ছাত্র-ছাত্রী হতাশাগ্রস্থ হয়ে এখানে, সেখানে দৌড়াদৌড়ি করছে ভুলভাল মার্কশিটের জন্য। বহু ছেলেমেয়েকে এজন্য দুঃশ্চিন্তায় পড়তে হচ্ছে। এটা যাতে না হয় সেই কথা যেমন আমি শিক্ষামন্ত্রীকে বলছি, তেমনি শিক্ষামন্ত্রীকে বলব নির্ভুল মার্কশিট যাতে ছাত্র-ছাত্রীদের হাতে পৌছাতে পারে তার দিকে তিনি সজাগ দৃষ্টি রাখবেন। আজকে শাসকদলের একজন সদস্য নারায়ণ বাবু যে কথা বললেন, বামফ্রন্ট পশ্চিমবাংলায় শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্ত, নতুন সূচনা করেছেন। আপনারা ১৭ বছর ধরে এই শিক্ষা ব্যবস্থাকে শিক্ষা কাঠামোকে এমন একটা জায়গায় ধীরে ধীরে পৌছে দিয়েছেন, যে, আজকে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলার স্থান হচ্ছে সতেরোতম। এই বিলের উপর আলোচনা আমরা করছি এবং সঙ্গে সঙ্গে আগামী দিনে যখন বাজেট আসবে তখন এই এডুকেশন বাজেটের উপর আমরা আলোচনা করার সুযোগ পাব। কিন্তু আমরা বার বার যে কথা বলেছি, যখন প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়া হয়েছিল তখন থেকে বহু শিক্ষাবিদ, বহু শিক্ষা অনুরাগী মানুষ তারাও এর প্রতিবাদ করেছে, রাস্তায় নেমেছে, তারাও বলেছে, কিন্তু আপনারা তখন সে কথায় কান দেননি। কিন্তু আজকে ১৭ বছর পর, কয়েকদিন আগে এস এফ আইয়ের সম্মেলনে মাননীয় মুখ্যমন্ত্রী স্বীকার করতে বাধ্য হয়েছিল পুনরায় প্রাথমিক স্তর থেকে ইংরাজি চালু করতে হবে। এই ভাবনা-চিন্তা আমাদের করতে হবে। কিন্তু ১৭ বছর পশ্চিমবাংলার যা ক্ষতি হবার তা হয়ে গিয়েছে। আজকে সেইজন্য মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে এই কথা বলব, প্রাথমিক স্তর থেকে ইংরাজি চালু করার ভাবনা-চিন্তা দেরি না করে আগামী যে নতুন শিক্ষাবর্ষ শুরু হচ্ছে, সেখান থেকে এটা চালু করার দরকার। পাশ ফেল প্রথা তুলে দিয়ে যে সর্বনাশা নীতি আপনারা গ্রহণ করেছেন তাতে ছেলে-মেয়েদের পড়াশোনার প্রবণতা কমে যাচ্ছে, তাদের পড়াশোনা করার আগ্রহ থাকছে না। সেইজন্য শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব, প্রাথমিক স্তরে ইংরাজি চালু করার সাথে সাথে, পাশ-ফেল প্রথাও চালু করুন। আমি যে শহরে বসবাস করি সেখানে নতুন কোনও স্কুল নেই, কিন্তু অন্যস্কুলগুলিতে ছাত্র- সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। আজকে যেখানে শিক্ষকের প্রয়োজন সেখানে শিক্ষকের অনুমোদন পাওয়া যাচ্ছে না। এমন অবস্থায় আপনারা আজকে এখানকার শিক্ষা ব্যবস্থাকে নিয়ে গিয়েছেন যে এখানে স্কুলঘর নেই, শিক্ষক নেই, অর্থ নেই। দুরাবস্থার মধ্যে শিক্ষা দপ্তর চলছে। তারপর স্যার, আর একটি যন্ত্রণার কথা যেটা অন্তত আমি মেদিনীপুর জেলাতে দেখেছি সে কথায় আসছি। আজকে এই ব্যাপারটি এমন এক কর্কট রোগের মতোন আমার আপনার ঘরের ছেলেমেয়েদের পেয়ে বসেছে যে আমার এরজন্য সবাই উদ্বিগ্ন। আজকে কলেজ, বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি পাওয়ার পর যখন কোনও ছেলে বা মেয়ের শিক্ষক পদের জন্য নাম যাচ্ছে তখন দেখা যাচ্ছে যে সেখানে শুধু মেধা নয়, বহু অর্থ ডোনেশন হিসাবে দিতে হচ্ছে একটি শিক্ষকের পদে চাকরি পাওয়ার জন্য। এই রকম একটা শোচনীয় অবস্থা আপনারা এই ১৭ বছর তৈরি করেছেন। এটা বন্ধ হবে কিনা তা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। এরজন্য আমরা দেখেছি কয়েকদিন আগে সারা রাজ্যের শিক্ষকরা যে ধর্মঘটের ডাক দিয়েছিলেন তাতে ব্যাপক সাড়া পাওয়া গিয়েছে। আজকে আপনাদের ভ্রান্ত হটকারি শিক্ষা ব্যবস্থার বিরুদ্ধে সারা রাজ্যের মানুষরা গর্জে উঠছেন।

*মিঃ ডেপুটি স্পিকার ঃ শৈলজাবাবু আপনি বিলটা পড়ে দেখেছেন?*

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** বিলটা আমি পড়েছি এবং আমি যে কথাগুলি বলছি সেগুলি শিক্ষার সঙ্গে সম্পর্কিত তাই এসব কথা বলছি। এর পর আমি আর একটি বিষয় মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে উপস্থিত করব। এই ব্যাপারটা আমি আগেও মেনশন আকারে বলেছি। সারা রাজ্যে টু ক্লাশ ফোর ক্লাশে আপগ্রেড করা হয়েছে এবং সেখানকার সংগঠক শিক্ষকদের অনুমোদন দেওয়া হয়েছে। কিন্তু সেখানে কমার্স গ্রাজুয়েট যারা ছিলেন তাদের শিক্ষক পদে অনুমোদন দেওয়া হয়নি। তারা আজকে ধর্ণা দিচ্ছেন, ঘুরে ঘুরে বেড়াচ্ছেন। মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব, আর্টস এবং সায়েন্সের গ্রাজুয়েটদের যেমন অনুমোদন দেওয়ার ব্যবস্থা করেছেন অনুরূপভাবে সেখানে কমার্স গ্রাজুয়েটদের—যারা সংগঠক শিক্ষক হিসাবে দীর্ঘদিন কাজ করেছেন—তাদের অনুমোদন দিন। এই বিলের প্রশংসা নিশ্চয় করব যদি বোর্ড সঠিকভাবে কাজ করে এবং ঠিকমতোন ফলাফল বার করেন। এই বলে এই বিলকে সমর্থন করে শেষ করছি।

**শ্রী সৌমেন্দ্রকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী এখানে ওয়েস্ট বেঙ্গল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল, ৯৪ যা হাউজে প্লেস করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করে দু চারটি কথা বলতে চাই। এখানে কংগ্রেস বিধায়ক যারা আছেন, তাদের মধ্যশিক্ষা পর্ষদের কাজকর্ম বা পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা বা পশ্চিমবাংলার পরীক্ষা পদ্ধতি ইত্যাদি সম্পর্কে কথা বলছেন। অথচ এই হাউজে যারা আজকে আছেন আমরা প্রত্যেকে জানি ৭৭ সালের আগে পর্যন্ত গোটা পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থাকে কংগ্রেস কোথায় পৌঁছে দিয়েছিল। পরীক্ষা হবে কিনা কেউ জানতো না, পরীক্ষা হলে তার ফল প্রকাশ হবে কি না কেউ জানতো না। পরীক্ষার হলে কতজন শিক্ষক লাঞ্ছিত হয়েছিলেন এরও কোনও হিসাব ছিল না। ১৯৭৭ সালে বামফ্রন্ট সরকার আসার পর জ্ঞান, বিজ্ঞান, শিল্প, সাহিত্য, সংস্কৃতি সমস্ত ক্ষেত্রে পরিবর্তন হয়েছে, শিক্ষা ক্ষেত্রে পরিবর্তন হয়েছে। এখন গুণগত দিক থেকে তারা ভুল ভ্রান্তি দেখতে পাচ্ছেন। পশ্চিমবঙ্গের মধ্যশিক্ষা পর্যদের নির্বাচন বামফ্রন্ট সরকারের আমলে হয়। কংগ্রেস আমলে মধ্যশিক্ষা পর্ষদের নির্বাচন হত না। কংগ্রেস দলের কোনও নেতার লোক বলুন বা অন্য কোনও লোক বলুন তাকে বসিয়ে দেওয়া হত। বামফ্রন্ট সরকারের আমলে এই পর্যন্ত দুবার নির্বাচন হয়ে গেছে, নির্বাচনের মধ্যে দিয়ে নির্বাচিত প্রতিনিধিরা আজকে পর্ষদকে পরিচালনা করছেন। আজকে পরীক্ষা কত তারিখে হবে কয়েক মাস আগে ছাত্রছাত্রিরা জেনে যাচ্ছে এবং মধ্যশিক্ষা পর্যদের পরীক্ষার ফল ৯০ দিনের মধ্যে প্রকাশিত হচ্ছে। শুধু তাই নয়, সিলেবাস প্রণয়ন সম্পর্কে এখানে মান্নান সাহেব বলবার চেষ্টা করলেন এবং আরও কয়েকজন বললেন, আমিও স্কুলে শিক্ষকতা করি, উনিও করেন, আমরা প্রত্যেকেই জানি আইন প্রত্যেকের জন্য। কাজকর্মের মধ্যে দিয়ে এটা পরিস্কার হয়ে গেছে, ধারাবাহিকতা যদি না থাকে তাহলে সেই কাজ নির্দিষ্ট জায়গায় পৌঁছতে পারে না। মধ্যশিক্ষা পর্ষদের কার্যকাল পাঁচ বছর করা হয়েছে। একজন সভাপতি যিনি নির্বাচিত হবেন, তাকে পাঁচ বছর সময় দেওয়া যুক্তি যুক্ত। তার সুনির্দিষ্ট পরিকল্পনা কার্যকর করার জন্য। ইংরাজি সিলেবাস সম্পর্কে অনেক আলাপ আলোচনা হয়েছে এবং আলাপ আলোচনার মধ্যে দিয়ে জ্ঞান, বিজ্ঞান, শিল্প, সাহিত্য প্রভৃতিতে যেমন পরিবর্তন হয়েছে, এখানে ইতিহাসে মার্কসবাদ, লেনিনবাদ ইতিহাসের পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হয়েছে। আমরা প্রত্যেক জানি

জ্ঞান বিজ্ঞান, শিল্প, সাহিত্যে কোনও জাতপাত নেই। রাশিয়াতে যেমন সত্য, আর্থ মুভস রাউন্ড দি সান, তেমনি কলকাতায়ও চন্দ্র, সূর্য ওঠে এবং সেটা পৃথিবীর যে কোনও দেশে তার অনুশীলন হতে পারে, চর্চা হতে পারে, তারমধ্যে দিয়ে প্রকৃত তথ্য বেরিয়ে আসতে পারে এবং মানুষের সভ্যতাকে এগিয়ে নিয়ে যেতে পারবে। এখানে কোনও হীনমন্যতা থাকতে পারে না। তাই আমি আর আলোচনা না বাড়িয়ে আর একটা বিষয় বলতে চাই অন্ততঃ শিক্ষার ক্ষেত্রে জুনিয়ার হাই স্কুল থেকে হাই স্কুল, হাই স্কুল থেকে হায়ার সেকেন্ডারি স্কুল এই বামফ্রন্ট সরকারের ১৭ বছরে যা হয়েছে এবং গোটা বাংলার শিক্ষার ক্ষেত্রে একটা ব্যাপক পরিবর্তন দেখা দিয়েছে। পরিবর্তন আর দরকার আরও নতুন নতুন স্কুল কলেজ দরকার, এটা আমরা প্রত্যেকে জানি। পাশাপাশি আমরা এও জানি কেন্দ্রীয় সরকারের যে নয়া শিক্ষা নীতি, শিল্প নীতি, অর্থনীতি, যা গোটা ভারতবর্ষকে গভির অন্ধকারে নিমজ্জিত করছে এবং তারজন্য যে ষড়যন্ত্র চলছে, তার বিরুদ্ধে এক মাত্র বাংলার শিক্ষা ব্যবস্থা পথ দেখাচ্ছে। এবং ভারতবর্যের প্রধানমন্ত্রী বিভিন্ন সময়ে এই ব্যাপারে স্বীকার করেছেন। তাই আমি আলোচনা আর না বাড়িয়ে আমার বক্তব্য শেষ করছি।

## 52nd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 52nd Report of the Business Advisory Committe. The Committe met in my Chamber to day i.e. on 7.3.94 and recommended the following:

| | | |
|---|---|---|
| 8.3.94, Tuesday | (i) | The West Begnal Panchayet (Amendment) Bill 1994 (Introduction, Consideration and Passing)—$\frac{1}{2}$ hour. |
| | (ii) | The West Bengal State Election Commission Bill, 1994 (Introduction, Consideration and Passing)—2 hours. |
| 9.3.94, Wednesday | (i) | The Indian Belting and Cotton Mills Limited (Acquisition and Transfer of Undertakings) (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing)— 2 hours. |
| | (ii) | The Resolution for Ratification of the Constitution (Seventy-seventh (Amendment) Bill, 1992— 1 hour. |

**Shri Abdul Quiyom Molla :** Sir, I beg to move that the 52nd Report of Busines Avdisory Committee, as presented in the House be adopted.

The motion was then put and agreed to.

[3-10 — 3-20 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আজকে আমাদের হাউসের কি রকম অবস্থা আজকে এই বিল আনায় সেটা কিছুটা পরিষ্কার হয়ে গেল। সরকার পক্ষ বোধ হয় কোনও বিজনেস হাউসের সামনে রাখতে পারছেন না তাই তাদের এরকম ট্রিভিয়াল, ইনকনসিকোয়েনসিয়াল, আনইমপর্টান্ট বিল হাউসে আনতে হচ্ছে। স্যার, মজার ব্যাপার হচ্ছে এই বিলের যে অরিজিনাল অ্যাক্ট বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন অ্যাক্টে ১৯৬৩-র ৯(২) তে ছিল 'দি টার্ম অফ অফিস অফ দি প্রেসিডেন্ট শ্যাল বি ফাইভ ইয়ার্স ফ্রম দি ডেট অফ হিজ অ্যাপয়েন্টমেন্ট।' এই শব্দটা ছিল। মাঝে আপনারা চেঞ্জ করে নট একসিডিং ফাইভ ইয়ার্স, করেছিলেন এবং টাইম টু টাইম এটা ঠিক হবে বলেছিলেন। এখন আবার সেই ৬৩ সালের অ্যাক্টে ফিরে আসছেন এবং এর জন্য একটা বিল হাউসের দু ঘণ্টা টাইম নষ্ট করছেন—সংশোধন না করেও তো আপনাদের এই ক্ষমতা রয়েছে—সেকেন্ডারি বোর্ডের যাকে প্রেসিডেন্ট করছেন তাকে পাঁচ বছরের জন্য রাখতে পারবেন। সুতরাং আবার এই বিল নিয়ে এসে সেই ৬৩ সালের অ্যাক্টের যা ছিল ৩১ বছর পরে একজাক্টলি সেই শব্দটার জন্য হাউসে বিল আনার কি প্রয়োজন ছিল? সেই জন্যই আমি এই বিলটাকে ট্রিভিয়াল, ইনকনসিকোয়েনসিয়াল, আননেসেসারি বলছি। একবার এটাকে পরিবর্তন করেছিলেন, আবার পরিবর্তন করে সেই পুরানো জায়গায় ফিরে যাচ্ছেন। একই জিনিস এক পাত থেকে তুলে আর এক পাতে রাখছেন। অতএব এই বিলের মধ্যে কিছুই নেই।

এই বিলের ওপর বক্তব্য রাখার সুযোগে আমি পশ্চিমবাংলায় মধ্য শিক্ষার বর্তমানে যে অবস্থা সে সম্পর্কে কিছু বলার চেষ্টা করছি। আমরা আশা করেছিলাম আমাদের হাউসে ডঃ অশোক মিত্র কমিশনের রিপোর্ট নিয়ে বিস্তারিত আলোচনা হবে—সরকার পক্ষ থেকে মোশন আনা হবে, এডুকেশন কমিশনের রিপোর্টের ওপর ৪/৫ ঘণ্টা ধরে বিস্তারিত আলোচনা হবে। স্যার, রিপোর্টটি বেশ কিছু দিন আগেই সরকারের কাছে সাবমিট হয়েছে, কিন্তু সরকার সেটা হাউসের সামনে আনার এখনও পর্যন্ত সময় পেলেন না। যদি সেটা পেশ করা হত এবং আলোচনা হত তাহলে আমরা এখানে আলোচনার মধ্যে দিয়ে বুঝতে পারতাম যে, কমিশন কোথায় কি ঠিক বলেছেন, কি ভুল বলেছেন। তবে আমরা কেউ আশা করি না যে, অশোক মিত্র কমিশন পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থা সম্পর্কে একটা নিরপেক্ষ রিপোর্ট দেবেন। তার কারণ অশোক মিত্র যে সময়টায় কমিশনের চেয়ারম্যান ছিলেন সেই সময়টা তিনি চৌরঙ্গীতে হেরে বসেছিলেন। তারপর তিনি রাজ্য সভায় গিয়েছেন। ঐ মাঝের ইন্টারিম পিরিয়ডটা যাতে তিনি বেকার না থাকেন, সেইজন্য তাকে চেয়ারম্যান করা হয়েছিল। তথাপি তিনি বুদ্ধিমান শিক্ষিত লোক, তিনি যথেষ্ট খেটেই কাজ করেছেন। তাকে যেমন চেয়ারম্যান করা হয়েছিল, তেমন হেভিলি ওয়েট সমস্ত শিক্ষাবিদদেরও সরকার খুঁজে বের করেছিলেন—মুস্তাফা বীন কাশিম, এ বি টি এ-র সেক্রেটারি অরুণ চৌধুরি প্রভৃতি হেভিলি ওয়েটেরা ছিলেন। আমাদের রাজ্যের শিক্ষা ক্ষেত্রে বামফ্রন্ট সরকার যে কয়েকটা কন্ট্রোভারসিয়াল সিদ্ধান্ত নিয়েছেন সেই সিদ্ধান্তগুলিকে কমিশন এন্ড্রোস করে, হোয়াইট ওয়াশ করে।

যে নতুন সিদ্ধান্ত নিয়েছে তাতে কমিশন মনে করছে যে এই সিদ্ধান্ত সঠিক। যেমন,

(১) প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দেওয়া, (২) প্রাথমিক স্তর থেকে পাশ ফেল তুলে দেওয়া অর্থাৎ নো-ডিটেনশন পলিসি চালু করা এবং (৩) যেটা সবচেয়ে অপ্রিয় সিদ্ধান্ত যার জন্য কান্তিবাবু হেরে গেলেন শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬০ বছর করে বর্তমান অধিকার কেড়ে নেওয়া। এই ৩টি সিদ্ধান্ত কমিশন ওয়াশ-আউট করেছে। ওয়াশ-আউট করার পর কমিশন শিক্ষার ব্যাপারে যা বলেছে তা রাজ্যের শিক্ষা সম্পর্কে স্পষ্ট চিত্র তুলে দেয়। সেটা কি বলেছে? এডুকেশনাল আউট লে অনেক বেড়ে গেছে, ১০ গুণ বেড়ে গেছে। কিন্তু প্রাইমারি এবং সেকেন্ডারি এডুকেশনের যে বাজেট তার ৯৫ শতাংশ টাকা শিক্ষকদের মাহিনা দিতে খরচ হয়ে যায়। পশ্চিমবাংলায় শিক্ষার এই যদি টেলিস্কোপিক ভিউ হয়—যে সরকার দাবি করেন সবচেয়ে বেশি টাকা এডুকেশনের জন্য বাজেটে টাকা দিয়েছি সেই সরকারের বাজেটের টাকার ৯৫ শতাংশ মাহিনা দিতে খরচ হয়ে যায়। এটা অশোক মিত্র কমিশনের প্রথম সিদ্ধান্ত এবং দ্বিতীয়ত ওরা কি বলছে? ওরা বলছে, সেকেন্ডারি এডুকেশনের জন্য স্কুল অনেক বেড়েছে। ১৯৭৭ সাল থেকে ১৯৯১-৯২ সাল পর্যন্ত স্কুলের সংখ্যা ৫৬৯ বেড়েছে আর উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যা ৮৭৯ বেড়েছে। স্কুলের পড়াশুনা কি হচ্ছে না হচ্ছে সে ব্যাপারে ইন্সপেকশন বা পরিদর্শনের কোনও ব্যবস্থা নেই। প্র্যাকটিকালি সেকেন্ডারি স্কুল স্টেজে ইন্সপেকশনের ব্যাপারটা উঠে গেছে। অশোক মিত্র কমিশনের কনক্লুশন অ্যান্ড রেকমেনডেশনে বার বার এই কথাটা ঘুরে এসেছে। আজ স্কুলগুলি কি রকম চলছে তার ইভ্যালুয়েশন হওয়া দরকার, কিন্তু সেই ইভ্যালুয়েশন হচ্ছে না এবং হোল ব্যাপারটা তারফলে অশোক মিত্র কমিশন পয়েন্ট আউট করেছে। রাজ্যে কোয়ানটিটিভ ইনক্রিজ হয়েছে, সংখ্যাতত্ত্বের হিসাবে শিক্ষা বেড়েছে, কিন্তু কোয়ালিটেটিভ ইমপ্রুভমেন্ট হয়নি, গুণগত বিচারে শিক্ষার উন্নতি হয়নি। সেইজন্য বার বার ওরা বলছে The Board of Secondary Education and Council of Higher Secondary Education should have a system of reviewing the performance of a school/Machinery has to be established to co-ordinate the functions of the district inspector of schools with those of the regional agences of the Board and the Council. সুতরাং যে কথাটা বার বার আমি এই হাউসে এসে বলছি, বামফ্রন্ট সরকারের আমলে শিক্ষার যে প্রসার হয়েছে বলে ওরা দাবি করছে সেই দাবি ধোপে টেকে না। তার কারণ গুণগত বিচারে শিক্ষার মানের কোনও উন্নতি হয়নি এবং শিক্ষা ক্রমশ খারাপ হচ্ছে। আর একটা কনট্রোভারসিয়াল সিদ্ধান্ত যেটা বামফ্রন্ট সরকার নিয়েছিলেন এখন আমার মনে হয় তার থেকে সরে আসতে চান। সেই সিদ্ধান্তের কথাটা বলতে চাই, পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যে নবোদয় বিদ্যালয় গ্রহণ করল না। পশ্চিমবাংলার সরকার নবোদয় স্কুল থেকে ছাত্র ছাত্রীদের বঞ্চিত করল। অথচ ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্য নবোদয় বিদ্যালয় গ্রহণ করল। এর কনসেপ্টটা কি ছিল? এটা জেলায় যেখানে সমস্ত এডুকেশনাল ফেসিলিটি মূল বড় শহরে কনসেনট্রেড বিশেষ করে কলকাতায় সীমাবদ্ধ, সেখানে জেলায় জেলায় আর্দশ স্কুল স্থাপন করা হবে এবং সেটা পুরোপুরি ২ কোটি টাকা, সেন্ট্রাল গভর্নমেন্টের ডাইরেক্ট ইনভেস্ট হবে। আপনাদের টাকা নেই ওরা সেটা জানে। সেই ২ কোটি টাকা ইনভেস্ট নবোদয় বিদ্যালয়ে হত এবং সেই নবোদয় বিদ্যালয়ে শিডিউল কাস্ট অ্যান্ড শিডিউল ট্রাইব ছাত্রদের জন্য সংরক্ষণ থাকত।

[3-20 — 3-30 p.m.]

নবোদয় বিদ্যালয় হলে ছাত্রদের হোস্টেল খরচ পর্যন্ত কেন্দ্রীয় সরকার দিতেন, একটা সেন্টার অফ একসেলেন্স স্কুল শিক্ষার ক্ষেত্রে তৈরি হত, মেধাবি ছাত্ররা আধুনিকতম কমপিউটার শিক্ষার সুযোগ পেত। আজকে অনেক স্কুলে কমপিউটার এনে ফেলে রাখা হয়েছে। নবোদয় বিদ্যালয়গুলি এই সুযোগ ছাত্রদের দিচ্ছে, কিন্তু আমরা এখানে এটা নিয়ে একটা বিরাট বিতর্ক সৃষ্টি করলাম, বললাম আমরা নবোদয় বিদ্যালয় নেব না। ভারতবর্ষের সর্বত্র এটা তৈরি হয়ে গেল, ত্রিপুরা এবং কেরালাতেও হয়ে গেল, কিন্তু এখানে হল না। কিন্তু এখন অশোক মিত্র কমিশনকে দিয়ে বলিয়ে নিয়েছেন—নবোদয় বিদ্যালয় হতে পারে যদি শিক্ষার ব্যাপারে কিছু পরিবর্তন করেন তাহলে হবে। সব ব্যাপারে যেমন পিছিয়ে থাকেন, নেতাজির ব্যাপারে ভুল করে দীর্ঘকাল পর যেমন সেই ভুল স্বীকার করে বলেছেন—আমরা নেতাজির ব্যাপারে ভুল করেছিলাম, এক্ষেত্রেও খোলাখুলি ঘোষণা করুন না—নবোদয় বিদ্যালয়ের ব্যাপারে সিদ্ধান্তটা আমাদের ভুল ছিল, কাজেই অবিলম্বে পশ্চিমবঙ্গে নবোদয় বিদ্যালয় স্থাপন করা হোক। এটা করলে ভুল সিদ্ধান্তটা ঠিক করা যাবে। দ্বিতীয়ত মিত্র কমিশন প্রাইমারি স্কুল থেকে ইংরেজি তুলে দেবার ব্যাপারটা সমর্থন করলেও ইংলিশ টিচিং এর উপর জোর দিয়েছেন। এখন ক্লাশ ফাইভ পর্যন্ত ইংলিশ অ্যাবোলিশড। অশোক মিত্র কমিশন বলেছেন, ক্লাস ফাইভ থেকে ইংরাজি পাঠ শুরু হবে এবং ইংরেজি যারা পড়াবেন তাদের লার্নিং ইংলিশের ব্যবস্থা ঠিকমতোভাবে করতে হবে এবং ইংলিশ টিচিং এর উপর বিশেষভাবে জোর দিতে হবে। আজকে এরফলে পশ্চিমবঙ্গে মারাত্মক ক্ষতি হয়েছে যেটা বামফ্রন্ট সরকার করে দিয়েছেন, সাধারণ ঘরের ছেলেমেয়েরা সঠিক ইংলিশ এডুকেশন থেকে বঞ্চিত হয়েছে। এই ক্ষতিপূরণ করতে আমাদের দীর্ঘ পথ অতিক্রম করতে হবে, অসুবিধায় সম্মুখীন হতে হবে, যা একটি মার্কসবাদী সরকার অমার্কসবাদী মানুষের উপর চাপিয়ে দিয়েছেন। এই যে সিদ্ধান্ত এটা এখনও পরিবর্তন করছেন না, কিন্তু ইংলিশ এডুকেশন সিস্টেমের যথেষ্ট পরিবর্তনের সুযোগ রয়েছে বলে আমি মনে করি। অশোক মিত্র কমিশন বলেছেন এবং আমিও বলছি, সেকেন্ডারি স্কুলের পুরো সিলেবাস রিস্ট্রাকচারিং করা দরকার। বোর্ডে একটা সিলেবাস কমিটিও আছে, কিন্তু সিলেবাস রিস্ট্রাকচারিং তারা করবার ব্যবস্থা করেননি। দীর্ঘকাল ধরে ভোকেশনালাইজেশন অফ এডুকেশন করতে হবে এবং তারজন্য শিক্ষার প্যাটার্ন চেঞ্জ করতে হবে দাবি তোলা হচ্ছে, কিন্তু সেটা করবার দিকে কোনওরকম ঝোঁক এখনও পর্যন্ত বামফ্রন্ট সরকার দেখাননি বা উদ্যোগ এখনও পর্যন্ত বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে নেওয়া হয়নি। একটা প্যাটার্ন সম্বন্ধে ভাবা দরকার, যে কথা অশোক মিত্র কমিশনও বলেছেন, কিছু ছেলে ক্লাশ ফাইভ পর্যন্ত পড়ে ভোকেশনাল ট্রেনিংয়ে চলে যাবে, কিছু ছেলে ক্লাশ এইট পর্যন্ত পড়বে এবং তারপর ভোকেশনাল স্ট্রিমে চলে যাবে, কিছু ছেলে ক্লাশ টেন পর্যন্ত পড়ে ভোকেশনাল ট্রেনিংয়ে চলে যাবে, তারপর কিছু ছেলে হায়ার সেকেন্ডারি এবং তারপর উচ্চশিক্ষা নেবে। এই যে বিভিন্ন স্তরে শ্রেণীর বিভাগ, এরজন্য যে নতুন ডোজিং সিলেবাস করা দরকার সেটা করা হয়নি।

১৭ তারিখে মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। আপনি দেখবেন যে মাধ্যমিকের কোর্সের মধ্যে গ্রামার সহ সমস্ত কিছু পুরো পড়তে হচ্ছে। তার মধ্যে অপশনাল সাবজেক্ট আছে, অ্যাডিশনাল সাবজেক্ট আছে, ফিজিক্যাল সায়েন্সে আছে, অ্যাডিশনাল ম্যাথেমেটিক্স আছে,

ইতিহাস, ভূগোল, বাংলা ইংরাজি এগুলি আছে এবং এগুলি সমস্ত পড়তে হচ্ছে ক্লাশ টেনে যারা পরীক্ষা দেবে। প্রায় ৪ লক্ষ ছেলে-মেয়ে পরীক্ষা দেবে, তার মধ্যে হয়ত ২ লক্ষ, ২।। লক্ষ ছেলে-মেয়ে পাশ করবে। তার ফলে সেখানে যে ভোকেশনাল এর সুযোগ ছিল, যে ডাইভার্সিফিকেশনের সুযোগ ছিল, সেটা অ্যাজ এ হোল তারা লুজ করে ফেলছে। আমার মনে হয় এটা নিয়ে আবার নতুন করে চিন্তা-ভাবনা করা দরকার। আপনি বললেন যে বামফ্রন্ট সরকারের আমলে সেকেন্ডারি বোর্ড অব এডুকেশনে ইলেকশন হয়েছে। আপনি তার রেজাল্ট দেখুন। গতবার অধিকাংশ জেলায় শিক্ষকদের প্রতিনিধিদের মধ্যে বামফ্রন্ট সমর্থকরা হেরে গেছেন। আপনারা শিক্ষকদের অবসর গ্রহণের বয়স ৬০ বছর করেছেন। কোনও দিন শিক্ষকরা এটা মেনে নেবেনা। প্রাথমিক, মাধ্যমিক, কলেজ সর্বস্তরে শিক্ষকরা বামফ্রন্ট সরকারের এই সিদ্ধান্তকে পুরোপুরি বিরোধিতা করবে। আমার মনে হয় এখন একটা সময় এসেছে যখন বামফ্রন্ট সরকারের শিক্ষার পরিস্থিতিকে, শিক্ষার গুণগত মানকে উন্নত করার জন্য চেষ্টা করা উচিত। আর কতদিন সেই অবস্থার মধ্যে থাকবে? আপনি দেখবেন যে যারা স্ট্যান্ড করে তারা পুরুলিয়া রামকৃষ্ণ মিশন, বা হিন্দু স্কুল বা হেয়ার স্কুল বা সেন্ট জেভিয়ার্স বা সেন্ট লরেন্স ইত্যাদি স্কুলের। এগুলি উন্নত হচ্ছে। কিন্তু আপনারা সাধারণ স্কুলের অবস্থার উন্নতি করতে পারলেন না। আজকে স্কুলের মিনিমাম মেনটেনেন্সের জন্য যে টাকা সেটাও আপনারা দিতে পারছেন না। স্কুলগুলির ল্যাবরেটারি করা দরকার, তার জন্য কোনও টাকা দিতে পারছেন না। এই রকম একটা দেউলিয়া অবস্থায় এসে দাঁড়িয়েছে। আর একটা কথা বলে শেষ করব। আজকে বহু লোক আছে, প্রতিষ্ঠান আছে, যারা স্কুল তৈরি করতে চান। কিছু স্কুল এখনও আছে যেখানে বেশি পয়সা দিয়ে পড়ানো যায়। অনেকে চাইছে যে সেগুলি সেকেন্ডারি বোর্ড অব এডুকেশনের সঙ্গে যাতে যুক্ত না থাকে। আজকে সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনের তারা রেকগনিশন চাচ্ছে, কিন্তু প্র্যাকটিক্যালি এই স্কুলগুলি রেকগনিশন পাচ্ছে না। গত ৮-১০ বছর ধরে স্কুলের রেকগনিশন দেওয়া প্রাকটিক্যালি কমে গেছে। যে দু চারটি স্কুলকে দেওয়া হচ্ছে সেটাও পলিটিক্যাল কনসিডারেশনে দেওয়া হচ্ছে। আমার কাছে অনেক মুসলমান ভাই এসেছিলেন, বেনিয়াপুকুরে একটা হাইস্কুল এবং কলেজ তৈরি হয়ে পড়ে আছে, চাকা রেকগনিশন পাচ্ছে না। আপনাদের শুধু নো অবজেকশন লিখে দিতে হবে সি বি এস সিতে অ্যাফিলিয়েশন পেতে গেলে, সেই নো-অবজেকশনটুকুও সরকার থেকে দেওয়া হচ্ছে না। লোকেরা নিজেদের পয়সায় স্কুল তৈরি করছে, কিন্তু তারা পাচ্ছে না। আপনারা শিক্ষার বিস্তার করতে পারেন নি। আপনারা না মুসলিম মাদ্রাসা স্কুলগুলিকে, না সি বি এস সিতে যারা যেতে চায় তাদের, না অ্যাংলো ইন্ডিয়ান স্কুলের যারা অ্যাফিলিয়েশন চায়, তাদের কাউকে সার্টিফিকেট দিচ্ছেন না। আজকে ঐ একজামিন কমিটি করা রিভিউ করা, এগুলি কিছু নয়। আজকে সেকেন্ডারি এডুকেশন বোর্ডটা প্রাকটিক্যালি একটা পরীক্ষা নেবার যন্ত্র হয়ে দাঁড়িয়েছে এবং নৈবিদ্যের উপরে মন্ডার মতো সেই যন্ত্রের মধ্যে পার্টির লোককে বসিয়ে দেবেন, তাদের রিহ্যাবিলিটেশনের ব্যবস্থা করে দেবেন। মাননীয় মন্ত্রী মহাশয় আজকে এই বিল এনেছেন, আমি মন্ত্রী মহাশয়কে বলব যে এই বিল ফেরত নিন। তার কারণ উনি এতদিন পরে ৬৩ সালে অ্যাক্টে ফিরিয়ে নিয়ে যাবার জন্য এই বিল এনেছেন। এটার সুইটেবল ব্যাখ্যা আমি মন্ত্রী মহাশয়ের কাছে না পেলে এই বিলকে সমর্থন করতে পারব না। সে জন্য বিলের বিরোধিতা করে এবং রাজ্যের শিক্ষার গুণগত মান কমে গেছে বলে তীব্র

ূবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-30 — 3-40 p.m.]

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মাধ্যমিক দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী াশয় যে অ্যামেন্ডমেন্ট বিল ৯৪, এনেছেন, তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে ।। আজকে এই বিলের উপরে যে আলোচনা হয়েছে, তা আমি শুনছিলাম। মাননীয় রাধী দলের সদস্যরা এর উপরে তাদের বক্তব্য রেখেছেন। তারা কেউ কেউ বিলকে সমর্থন রছেন, আবার কেউ বিরোধিতা করেছেন। এই দুই রকমের মত এখানে দেখলাম। প্রথমে লোচনার সূত্রপাত মান্নান সাহেব সমর্থন করলেন। যেহেতু ৬৩ সালের বিলে যে কথা া, সেটা নতুন করে আমরা মেনে নিয়েছি বলে তিনি সমর্থন করেছেন। আবার শৈলজা, গত রায় ইত্যাদি মাননীয় সদস্যরা এর বিরোধিতা করলেন। কংগ্রেসের মধ্যে মতপার্থক্য ছে। তাই এই বিলকে কেউ বিরোধিতা করলেন কেউ সমর্থন করলেন। এর মধ্যে থেকে রিয়ে আসছে যে তারা একমত নয়, মতপার্থক্য আছে তাদের মধ্যে। ১৯৬৩ সালে এই টা হাউসে এসেছিল, সেই সময় ৫ বছরে নির্বাচনের কথা বলা হয়েছিল। তারপর আমরা লাম কংগ্রেস ৫ বছরে মধ্যেও বোর্ডে নির্বাচন করতে পারেনি। অগণতান্ত্রিক পদ্ধতিতে া দীর্ঘ দিন নির্বাচনের ব্যবস্থা করতেন না, ফেলে রেখে দিতেন। স্কুল বোর্ড এবং ওয়েস্ট দল বোর্ডে দেখেছিলাম নির্বাচন না করে তাদের মনোনীত লোক বসিয়ে তারা বোর্ড রচালনা করতেন। তারা অগণতান্ত্রিক পদ্ধতিতে বোর্ড পরিচালনা করার পদক্ষেপ গ্রহণ রছিলেন। ১৯৮০ সলে আমরা এসে এই ৫ বছরের জায়গায় ৩ বছর করেছিলাম। এখানে বার ৫ বছর করা হচ্ছে। যারা বোর্ড পরিচালনা করছেন তারা এই স্বল্প সময়ের মধ্যে স্ত কাজ সম্পন্ন করে যেতে পারছেন না। অসমাপ্ত কাজ ফেলে রেখে যাওয়া যায় না। ই জন্য এখন এই সময়কাল ৫ বছর করা হচ্ছে। সেই জন্য আমি এই বিলকে সমর্থন ছি। আমরা নির্বাচন করি গণতান্ত্রিক পদ্ধতিতে। প্রতিটি জেলা থেকে তাদের যে স্ট্রেস্থ সেই ্যায়ী ভোটার লিস্ট হয় এবং সেই অনুযায়ী প্রতিটি জেলা থেকে ২-৩ জন করে প্রতিনিধি স এবং বোর্ড গঠন হয়। গভর্নমেন্ট চেয়ারম্যান অ্যাপয়েন্টমেন্ট করেন। ৩ বছরের কার্যকালের াদ থাকার ফলে সেই বোর্ড যে কাজগুলি অসমাপ্ত করে চলে যাচ্ছিল সেই কাজ এই বছরের মধ্যে সমাপ্ত করার ব্যবস্থা করা হয়েছে। আমরা দেখেছি কংগ্রেস আমলে পর্ষদে রাজ্য সৃষ্টি হয়েছিল। পরীক্ষা হত না। যদি কোনও রকমে পরীক্ষা হত তাহলে কবে তার জাল্ট বার হবে কেউ জানত না। সেই সময় আমরা গণ টোকাটুকি দেখেছি। বামফ্রন্ট কার আসর পর শিক্ষায় একটা সুস্থ পরিবেশ সৃষ্টি করেছে, টোকাটুকি বন্ধ করেছে, তান্ত্রিক পদ্ধতিতে নির্বাচন করে বোর্ড গঠন করেছে। ঠিক সময়ে পরীক্ষার দিন ঘোষণা চ্ছ, সঠিক সময়ে প্রোগ্রাম দিয়ে দেওয়া হচ্ছে, সঠিক ভাবে পরীক্ষা পরিচালিত হচ্ছে এবং য় মত রেজাল্ট প্রকাশিত হচ্ছে। আমরা দেখলাম কংগ্রেস দলের মাননীয় সদস্যরা এই লের উপর আলোচনা করতে গিয়ে পাড়াগ্রামে একটা কথা আছে না সেই ধান ভানতে বের গীত গাইলেন। এই বিলের উপর আলোচনা করতে গিয়ে বিভিন্ন দপ্তরে কে কি ছে, কে দায়ী এই সমস্ত বললেন। একটা বাজেট বক্তব্যে যে আলোচনা হয় সেই আলোচনা ানে তারা করলেন। যে লাইনে তাদের বক্তব্য রাখার কথা সেই লাইনে তারা বক্তব্য

রাখলেন না। এই বিলে সে সংশোধনী এটা সংক্ষিপ্ত হলেও এই গুরুত্ব অপরিসীম, কার্যকলাপের মেয়াদ ৫ বছর করা হচ্ছে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে, দি ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন (অ্যামেন্ডমেন্ট) বিল ১৯৯৪ এই হাউসে এনেছেন এই সম্পর্কে আলোচনায় অংশ নিয়ে দু-একটা কথা বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাব এই জন্য যে, এত দিন বাদে হলেও তিনি বুঝতে পেরেছেন কংগ্রেস আমলে কিছু কিছু ভাল বিল আনা হয়েছিল এবং কাজকর্ম অনেক ভাল হয়েছে। এটা সত্য যে তিনি অনেক পরে এটা বুঝতে পেরেছেন। জানি না কোন কারণে, কোন দর্শন পড়ে তারা হঠাৎ কার্যকালের মেয়াদ ৩ বছর করে দিয়েছিলেন। আবার ১ বছর করে বাড়াবার কেন ব্যবস্থা করেছিলেন সেটা আমি জানি না। আমার মনে হয় একটা সিস্টেমের চেঞ্জ তারা করতে চেয়েছিলেন। চেঞ্জ মানে গুণগত পরিবর্তন। যেহেতু কংগ্রেস আমলে ৫ বছর করা হয়েছিল অতএব ৩ বছর করে দাও, এই কারণে তারা পরিবর্তন করেছিলেন কিনা এটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। সবশেষ তারা ৫ বছর করছেন। মাননীয় মন্ত্রী মহাশয় যদি এই কথাটা স্বীকার করেন যে কংগ্রেস আমলে যেটা ছিল সেটা ভাল ছিল, আমরা ভুল করেছি, কংগ্রেসের আমলে যেটা ছিল সেটাই সঠিক পথ তাহলে আমি এই বিলকে সমর্থন করব। আজকে কোনও কোনও সদস্য বলেছেন যে সেকেন্ডারিতে আমরা নির্বাচনের ব্যবস্থা করেছি। এই বিলে সেকেন্ডারি বোর্ডের নির্বাচনের কোনও কথা নেই। এটা প্রেসিডেন্টের কথা। প্রেসিডেন্ট কিন্তু সরকার অ্যাপয়েন্ট করে থাকেন। নির্মলবাবু বলছিলেন যে এই প্রেসিডেন্ট শিক্ষক জনদরদি এইসব কথা বলেছিলেন। কিন্তু তিনি শিক্ষক হবেন কিনা তা জানি না। আমাদের সতের বছরের অভিজ্ঞতায় যেটা বলছে তা হচ্ছে তাকে একটা জিনিস হতে হবে, তাকে মার্কসবাদী হতে হবে। কি অসুবিধা থাকত তিন বছর থাকলে? একজন সত্য কথা বললে অন্য লোককে সেখানে বসিয়ে দিতে পারতেন। এখানে যে কথাটা লেখা আছে The object and reason for the proposal amendment is to simlify the procedural aspect of the appointment of the president. এটা তো আমি বুঝতে পারছি না কেন এনেছেন? তবু ও বলছি, আজকে আলোচনা করতে গিয়ে ওদের কেউ কেউ বলেছেন যে শিক্ষা ব্যবস্থাটাকে ঠিক সময়ে চলবার ব্যবস্থা করেছেন, যেটা আগে ছিল না। কিন্তু আগে যেটা ছিল না, শিক্ষক দিয়ে শিক্ষক হত্যার ঘটনা। ছাত্র দিয়ে ছাত্রকে হত্যার ঘটনাও কেউ আগে দেখেন নি। যারা এখানে শিক্ষার গুণগান করছেন, তারা কি বলতে পারেন যে শিক্ষক দিয়ে শিক্ষককে হত্যা করে শিক্ষার মান বেড়েছে এবং গুণগত পরিবর্তন এনেছেন? তাদের ডাক্তার দেখানো উচিত। তারা ঠিক আছেন কিনা এটা দেখা দরকার। আমি মাননীয় শিক্ষা মন্ত্রীকে বলব, আপনার ভাববার দরকার আছে, প্রেসিডেন্ট যিনি পাঁচ বছরের জন্য নিযুক্ত হবেন, সেই প্রেসিডেন্ট কে হবেন? আমাদের জানা নেই কাদের অ্যাপয়েন্টমেন্ট দেবেন? তাই কংগ্রেস আমলে যেটা আগে ছিল সেটি ঠিক ছিল, এই কথা বলে আমার এই বিলকে সমর্থন করতে রাজি আছি ধন্যবাদ।

[3-40 — 3-51 p.m.]

**শ্রী আনিসুর রহমান :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার খুব আনন্দ লাগছে যে কংগ্রেসি বন্ধুরা এই বিলকে সমর্থন করতে বাধ্য হয়েছেন। কংগ্রেস দলে যারা আছেন তারা একদিকে সংখ্যায় কম, আবার দুভাগে বিভক্ত। আবার যারা আছেন তারা ঠিকমতো বলতে পারেন না। তাদের বাধ্য হয়ে কয়েকজনকে সব বিষয়ে বলতে হয়। সব বিষয়ে বলতে গিয়ে যা জানেন না তা বলছেন। কি আছে এর মধ্যে? ১৯৬৩ সালে এই আইনটা আপনারা করেছিলেন। আর একটা কথা জানেন না, এই পরিবর্তন যা আপনারা করেছিলেন। আপনারা ১৯৬৩ সালের ফেব্রুয়ারি মাসে আইন করার পর, কয়েক মাস পরে এটার পরিবর্তন করেছিলেন। তখন বামফ্রন্ট সরকার ছিল না, যুক্তফ্রন্ট সরকারও ছিল না। আইনটাকে পাল্টে দিয়ে আপনারা বললেন, সব মিলিয়ে পাঁচ বছর প্রথমে করতে পারবেন না। ভারতবর্ষের কোনও রাজ্যে পাঁচ বছর আপনাদের কোনও মুখ্যমন্ত্রী থাকেন না, আপনারা রাখেন না। এখানেও ভয় ছিল। পাঁচ বছর যদি থাকে তাহলে কি হবে, এই ভয় ছিল। আপনাদের পাপের প্রায়শ্চিত্ত আমাদের করতে হচ্ছে। আর আপনারা এখানে ধান ভানতে শিবের গীত শুরু করেছেন। পশ্চিমবাংলার শিক্ষা নিয়ে কার সঙ্গে তুলনা করব? একটা রাজ্যের নাম বলুন তো, যেখানে কংগ্রেস আছে—তারসঙ্গে তুলনা করব? কেন্দ্রের সঙ্গে তুলনা করব? থাইল্যান্ডে একটা সম্মেলনে হয়েছিল, সেখানে প্রধানমন্ত্রী গিয়ে বললেন যে দু হাজার সালের মধ্যে সবাইকে শিক্ষিত করে তুলবেন। কয়েক মাস আগে দিল্লিতে নয়টি দেশের সম্মেলন হল, সেখানে প্রেসিডেন্ট এবং প্রাইম মিনিস্টার ছিলেন। সেখানে প্রেসিডেন্ট ঘোষণা করেছিলেন যে আমরা ভাবছি নবম অর্থ কমিশন বলেছে টোটাল জি এন সি পি-র সিক্স পারসেন্ট শিক্ষার জন্য ব্যয় করা হবে। যেটা ১১৯৬-৯৭ সালে শুরু হবে। প্রধানমন্ত্রীর ছেলে একটা রাজ্যের শিক্ষামন্ত্রী। তিনি বলেছেন, কবে শুরু হবে নবম অর্থ কমিশন? যখন এটা শুরু হবে, তার আগে কি হবে? মাঝখানে এই তিনটে বছর কি হবে? তারজন্য টাকা কোথায়? এই বাজেটে কি আছে? কেন্দ্রীয় সরকার নবোদয় বিদ্যালয় করার জন্য ক্রমাগত টাকা খরচ করে গেছেন কিন্তু নিরক্ষরতা দূরীকরণের জন্য কোনও চিন্তা ভাবনা নেই। সাক্ষরতার জন্য কোনও চিন্তা কেন্দ্রীয় সরকার করছেন না। আপনারা আর্থিক সঙ্কটের জন্য বাজেটে ৬ হাজার কোটি টাকা ঘাটতি দেখিয়েছেন। আর আসল ঘাটতি আপনাদের কত? ফিসক্যাল ঘাটতির কথা তো একবারও বললেন না। বাজেটে ফিসক্যাল ঘাটতির পরিমাণ ৫৪ হাজার কোটি টাকা। মোট পরিকল্পনার ৫৪ হাজার কোটি টাকা ফিসক্যাল ঘাটতি, একবারও এইদিকটার কথা চিন্তা করলেন না। এই বিষয়ে কিছু বললেনও না। আপনার এরজন্য তো ৪৬ হাজার কোটি টাকা লোন শোধ করতেই চলে গেল। অন্ধ্রপ্রদেশ সরকার তো সমস্ত স্কুলই প্রাইভেটাইজেশনের জন্য ব্যবস্থা করে দিয়েছেন। শিক্ষা নিয়ে গোটা রাজ্যটাকেই তারা প্রাইভেটাইজেশনের জন্য আহ্বান জানাচ্ছে। আপনারা এখন দেউলিয়া হয়ে পড়েছেন, আই এম এফের কাছে লোন নিয়ে আপনারা তো দেউলিয়া হয়ে পড়েছেন। গোটা দিল্লির অফিসগুলোও কোনওদিন শুনব প্রাইভেটাইজেশন করা হবে। প্রধানমন্ত্রীর অফিস থেকে শুরু অর্থমন্ত্রীর অফিস পর্যন্ত প্রাইভেটাইজেশনে রূপান্তরিত হয়ে যাবে। আজকে তাদের মুখ দিয়ে অনেক কথা শুনতে হবে। আজকে পশ্চিমবঙ্গের ছাত্র সংখ্যা বেড়েছে। আপনারা মধ্যশিক্ষা পর্ষদের বোর্ডের প্রশ্ন তুলেছেন। আপনারা যখন মধ্যশিক্ষা

*পর্ষদ চালাতেন তখন পরীক্ষায় বসত ৫৪ হাজার আর এখন বসছে সাড়ে ৪ লক্ষ, দয়া ক হিসাবটা নেবেন। ৫৪ হাজারের জায়গায় সাড়ে ৪ লক্ষ ছাত্র-ছাত্রী পরীক্ষা দিচ্ছে। আমি দায়ি* নিয়ে বলতে পারি যে এর চেয়ে বেশি ছেলেমেয়ে কোথাও পরীক্ষা দিতে পারে নি। আপনার একটু খবর রাখবেন যে আপনাদের সময়ে কি হয়েছিল। আপনাদের দিল্লির সরকার কি করছেন সেটা একটু খবর রাখুন। আপনারা যদি ভালো পরামর্শ দেন তাহলে নিশ্চয় শুনব কিন্তু সবকেই কালো বলবেন, সাদাকে সাদা বলবেন না, এত হতে পারে না। বিরোধীদলের দায়িত্ব কি শুধু উদ্ভট সব কথাবার্তা বলার? যা বলবেন একটু ভেবে চিন্তে বলবেন। এই কথা বলে যে বিলটা এনেছি তার সমর্থন পাব এবং আগামীদিনে এই বিলের কথা আপনারা ভাববেন এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের উপরে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ যে আলোচনা করলেন তা আমি মনযোগ দিয়ে শুনেছি। এই বিলটিকে যারা সমর্থন করেছেন তাদের আমি ধন্যবাদ জানাচ্ছি। এই বিল সম্পর্কে যা বলার তা মাননীয় মন্ত্রী শ্রী আনিসুর রহমান আগেই বলেছেন। এই বিলের উপরে বিরোধী পক্ষের শ্রী আব্দুল মান্নান, শ্রী সৌগত রায়, শ্রী সঞ্জীব দাস বক্তৃতা করেছেন। ওনাদের বক্তব্য যে এই বিলটি ওনারাই প্রথমে এনেছিলেন এবং আমরা এই সংশোধনী বিলের উপর সংশোধনী আনছি। সংশোধনী বিলটি আনা হয়েছিল ১৯৬৩ সালে। মূল অ্যাক্ট যেটা ছিল সেটাকেও আবার ১৯৬৩ সালে পরিবর্তন করা বাজেট হলে পর আমরা আশা করছি, এই অধিবেশনেই আমরা এটা নিয়ে আলোচনা করব। মাননীয় সদস্য নারায়ণ বাবু সমর্থন করেছেন এবং উনি বলেছেন আমাদের মধ্যশিক্ষা পর্ষদের চেয়ারম্যানের একজিকিউটিভ পাওয়ার আছে, হাইকোর্টে তাকে হিয়ারিং নিতে হয়, তার যে টার্ম তাতে যদি অফিস প্ল্যানিং না করা হয় তাহলে তার পক্ষে অসুবিধা হয়। এখন তাকে যদি পরিকল্পনা করে কাজ করতে হয়, তাহলে তাকে অবসর দিতে হবে, চিন্তা-ভাবনা করার সুযোগ দিতে হবে। সেইজন্য টার্ম অফ অফিস যেটা অরিজিনালে ছিল সেটাই আমরা করতে চাচ্ছি, সেটা আপনারা সকলেই সমর্থন করেছেন। সৌগতবাবু প্রত্যাহার বলেছেন, এই ব্যাপারে কিছু বলার নেই, ওনার তো এখন ঐক্য নিয়ে চিন্তা, এখন শরদ পাওয়ার আসছে, উনি এখন গরু খোঁজার মতো খুঁজছেন, প্রিয়রঞ্জন দাসমুন্সিকে ধরবেন না কাকে ধরবেন, তাই তিনি খেই হারিয়ে বলে গেলেন যা খুশি—সুব্রতবাবু আপনি সেই সময় ছিলেন না—যাইহোক আপনারা সকলে এটাকে সমর্থন করেছেন, সেইজন্য সকলকে আমি ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Achintya Krishna Roy that the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1994 be taken into consideration was then put agreed to.

**Clauses 1, 2 and Preamble**

The Question that Clauses 1, 2 and Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Achintya Krishna Roy :** Sir, I beg to move that the

*West Bengal Board of Secondary Education (Amendment) Bill as settled in the Assembly, be passed.*

The motion was then put and agreed to.

**শ্রী সুব্রত মুখার্জি :** স্যার, একটি বিষয়ের ব্যাপারে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সারা পশ্চিমবাংলায় এখন একটা প্রবণতা দেখা দিয়েছে, বিশেষ করে এই আমলে বেশি, হরিজন পিটিয়ে মারা হচ্ছে। সম্প্রতি গ্রামেগঞ্জে, বিশেষ করে মেদিনীপুর, বাঁকুড়া জেলায় এটা হচ্ছে, বর্তমানে কলকাতায় এটা আরম্ভ হয়েছে। আমার বিধানসভা এলাকায় যে শ্মশানঘাট আছে—স্যার, এদের সেখানে সবার যাবার সময় হয়ে এসেছে—নিমতলা মহাশ্মশান, এই শ্মশানে একজন ডোমকে সেখানে বাঁশের সঙ্গে বেঁধে মোষের মতো পেটায় এবং তারপরে তাকে মেরে ফেলে। মারা যাবার আগে তাকে মারোয়াড়ি রিলিফ সোসাইটিতে নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু ছেলেটি মারা যায়। এই জিনিস কেওড়াতলায় আরম্ভ হয়েছে, নিমতলায় শুরু হয়েছে। কালিপুজোর দিন আর একটা হরিজন ডোমকে ঐভাবে পিটিয়ে মারা হয়েছিল। আমরা এর প্রতিবাদে ঐখানে মহাশ্মশান বন্ধ করেছি, ঐখানে যাদের এফ আই আর-এ নাম আছে তাদের গ্রেপ্তার করা হচ্ছে না, তারা নির্বিবাদে ঘুরে বেড়াচ্ছে। কলকাতায় মহিলারা লাঞ্ছিত হচ্ছেন এবং এখানে যিনি পুলিশ কমিশনার আছেন তাকে আমি বারে বারে বলেছি, কিন্তু কোনও কাজ হয়নি। পুলিশ কমিশনারের কাছে দোষীদের গ্রেপ্তার করার জন্য আমরা বলেছিলাম, কিন্তু এখনও পর্যন্ত দোষীদের গ্রেপ্তার করা হল না। আমি বলতে চাই, যদি এইভাবে হরিজন হত্যা চলে তাহলে আগামী দিনে সমস্ত ডোমরা শহর কলকাতা এবং আশেপাশের সমস্ত শ্মশানে ধর্মঘট করতে বাধ্য হবে এবং এর পরিণতি ভয়ঙ্কর হবে। আমার মনে হয় সরকারের পক্ষ থেকে অন্তত একজন বলুন এই ব্যাপারে। এইসব জিনিস যাতে আর না হয় সেই ব্যাপারে আপনাদের প্রতিশ্রুতি দিতে হবে। কেন দোষীদের সাজা দেওয়ার কথা আপনারা বলবেন না। যাদের নামে এফ আই আর করা হয়েছে, তাদের কেন গ্রেপ্তার করা হবে না? সেই ডোমটিকে মোষের জায়গায় বেঁধে, গরুর মতো হত্যা করা হয়েছে। আর কি বলব। উড়িষ্যার জঙ্গলে যখন একজন হরিজনকে হত্যা করা হয়েছিল, তখন ইন্দিরাগান্ধী ছুটে গিয়েছিল। আজকে কলকাতায় নারী ধর্ষণ করা হচ্ছে, খুন করা হচ্ছে, ডোমদের হত্যা করা হচ্ছে। আমি বলছি এই পরিণতির জন্য দায়ী হবে এই সরকার।

## Adjournment

At this stage, the Hosue was then adjourned at 3.51 p.m. till 11-00 a.m. on Tuesday, the 8th March 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 8th March, 1994 at 11.00 a.m.

**P R E S E N T**

Mr. Speaker (Shri Hashim Abdul Halm) in the Chair, 11 Ministers, 5 Ministers of State and 136 Members.

[11-00 — 11-10 a.m.]

**Starred Questions**
**(to which oral answers were given)**

*231—Not called

*232—Not called

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** স্যার, একটু অ্যালউ করুন স্যার।

**মিঃ স্পিকার ঃ** না হবে না।

*233, *234—Not called

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** স্যার, এটা নজির হয়ে থাকবে, আপনি স্যার, একটু অ্যালউ করুন।

স্যার, এটা নজির হয়ে যাচ্ছে।

*225—Not called

**মিঃ স্পিকার ঃ** হোক, জনগণ দেখুক। এটাও দরকার। ভালই তো, জনগণ দেখুক যে জনগণের স্বার্থে এত ইন্টারেস্ট নিয়ে কোয়েশ্চেন জমা দিয়েও হাজির হননি তারা। এতই ব্যস্ত তারা জনগণের সেবায়। এটা দেখুক, ভালই তো।

**রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা**

*২৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬৬১) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বিগত আর্থিক বছরে (১৯৯২-৯৩) রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা কত ছিল ; এবং

(খ) উৎপাদিত খাদ্যশস্যের পরিমাণ কত হয়েছিল?

**শ্রী নীহারকুমার বসু ঃ**

(ক) ১ কোটি ১৩ লক্ষ ৯৮ হাজার ২৫০ টন।

(খ) ১ কোটি ২৩ লক্ষ ৮৯ হাজার ১৫০ টন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি যে ১৯৯ সালে এ রাজ্যে খাদ্যশস্যের উৎপাদনের পরিমাণ কত ছিল।

**শ্রী নীহার কুমার বসু ঃ** ১৯৯১/৯২ সালে এ রাজ্যে মোট খাদ্যশস্য উৎপাদনে পরিমাণ ছিল ১ কোটি ২৮ লক্ষ ৫৬ হাজার ৩৭০ টন।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** তাহলে দেখা যাচ্ছে যে ১৯৯১/৯২ সালের তুলনা ১৯৯২-৯৩ সালে খাদ্যের উৎপাদন কমেছে। ১৯৯৩/৯৪ সালে খাদ্য উৎপাদনের যে লক্ষ্যমাত্র ধরা হয়েছে সেটা পূরণ করার জন্য ব্যাপক বোরো চাষ হচ্ছে কিন্তু চাষীরা নাইট্রোজেন সা পাচ্ছে না। এখন এই অবস্থায় বর্তমান আর্থিক বছরে উৎপাদনের পরিমাণ খুব বেশি কে যাওয়ার লক্ষ্যণ আছে কিনা বা আশঙ্কা আছে কিনা এবং যদি তা থাকে তাহলে তারজন কি ব্যবস্থা নিয়েছেন?

**শ্রী নীহার কুমার বসু ঃ** আগে বলে নিই যে পরের বছর কমে যাওয়ার মূল কার হচ্ছে বর্ষা কম হয়েছে এবং যে সমস্ত বৃহৎ জলাধারে জল থাকে সেখান থেকে বর্ষা ক হওয়ার ফলে তারা জল দিতে পারে নি। আমি বোরো চাষের কথা বলছি। এবং স্বাভাবিক কারণে জমির নিচের যে জলের স্তর সেটা অনেক নিচে নেমে যায়। ফলে ক্ষুদ্র সেচ প্রকল্পে মধ্যে দিয়ে যে জলটা বোরোতে ব্যবহার করা হয়, সেটা ঠিকভাবে করা যায়নি। তার জন ফলন কম হয়েছে। দ্বিতীয় কথা যেটা বললেন, ইউরিয়া সারের ব্যাপারে। কেন্দ্রীয় সরকারকে বিদেশ থেকে ইউরিয়া আমদানি করতে হয়। প্রতি বছর কেন্দ্রীয় সরকার কোন রাজ্য কত ইউরিয়া পাবে সেটা তারা ঠিক করে দেন এবং সেই মতো বিভিন্ন রাজ্যকে অ্যালটমেন্ট কর হয়। এবার খুব দেরিতে অ্যালটমেন্ট পাওয়া গেছে। গত সপ্তাহে আমরা স্পেশ্যাল টি পাঠিয়েছিলাম, আমাদের রাজ্যে যেহেতু বোরো চাষের উপর কৃষকরা খুব জোর দিয়েছে ইদানিংকালে এবং ইউরিয়ার খুব অভাব ছিল এই বিষয়ে কোনও সন্দেহ নেই। গত সপ্তাহে শেষ দিকে কেন্দ্রীয় সরকারের অ্যালটমেন্ট আমরা পেয়েছি এবং দিল্লিতে স্পেশ্যাল টি পাঠিয়ে রেকের ব্যবস্থা করে আনা হচ্ছে। আমার খবর হচ্ছে প্রতি জেলাতে ইউরিয়া পৌঁছে গেছে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** আপনি বললেন ইউরিয়া দিল্লি থেকে এনে জোগান দেবার ব্যবস্থা করেছেন। আমরা জানি বোরো চাষের পরে ইউরিয়া দরকার, চাষের সময় নাইট্রোজেন বা কমপ্লেক্স সারের দরকার, চারা রোপণের সময় নাইট্রোজেন বা কমপ্লেক্স সার দরকার হয় না। অথচ বেনফেড থেকে বাধ্য করা হচ্ছে ইউরিয়ার সঙ্গে ঐ সব সার নিতে। অথচ ইউরিয়া সার তারা দিতে পারছে না।

**শ্রী নীহার কুমার বসু ঃ** অ্যালটমেন্ট কেন্দ্রীয় সরকার করেন, তাদের উপর আমাদের নির্ভর করতে হচ্ছে। দিল্লি থেকে তদ্বির করে ইউরিয়া আনা হচ্ছে।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করতে চাই, গ্রামাঞ্চলের এই মুহূর্তে ইউরিয়া এবং নাইট্রোজেন সারের একটা আর্টিফিশিয়াল ক্রাইসিস সৃষ্টি করছে বিশেষ করে

কিছু অসাধু সার ব্যবসায়ী, তারা নিজস্ব পরিকল্পনা মাফিক এটা করছে, যেমন আমি একটা তথ্য দিচ্ছি কুইন্টাল প্রতি ১৯০ টাকা দিলে সার পাওয়া যাচ্ছে, সরকারি মূল্য দিলে ইউরিয়া আছে কিন্তু সার ডিলাররা সার দিচ্ছে না। এই বিষয়ে ব্লক ভিত্তিক, জেলা ভিত্তিক আপনার দপ্তরের পক্ষ থেকে এই সার ডিলারদের নিয়ন্ত্রণ করার জন্য মজুত সারকে কৃষকদের কাছে পৌঁছে দেবার জন্য কি কি ব্যবস্থা রয়েছে, সরকারি সারের?

**শ্রী নীহার কুমার বসু ঃ** কোনও বিশেষ ডিলার সম্পর্কে যদি কোনও অভিযোগ থাকে তাহলে এ. ডি. ও.-র কাছে জানালে তিনি ব্যবস্থা নেবেন। আমাদের কৃষি বিভাগের যিনি এ. ডি. ও. আছেন, তিনি ইন্সপেকশন করেন, অভিযোগ থাকলে তার কাছে জানাবেন, ডিলারের লাইসেন্স ক্যান্সেল হয়ে যাবে। এখন ইউরিয়ার যে ক্রাইসিস আছে সেটা ঠিক তবে অসাধু ব্যবসায়ী কিছু আছে এই বিষয়ে কোনও সন্দেহ নেই।

আমাদের দেশের যা অবস্থা তাতে অবাক হবার কোনও কারণ নেই। ইউরিয়া সার আমরা কম পেয়েছি এতে কোনও সন্দেহ নেই। যেটা পেয়েছি সেটা যাতে দ্রুত জেলায় জেলায় পৌঁছে দেওয়া যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী কৃষ্ণপ্রসাদ দুলে ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কেন্দ্রীয় সরকার সারের উপর থেকে সরকারি নিয়ন্ত্রণ তুলে নেওয়ার ফলে রাজ্যে খাদ্য শস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা পূরণের ক্ষেত্রে কোনও সমস্যা দেখা দেবে কিনা, যদি তা দেখা দেয় তাহলে তা মোকাবিলা করার জন্য রাজ্য সরকারের কী চিন্তা ভাবনা আছে?

**শ্রী নীহার কুমার বসু ঃ** আমাদের ইউরিয়া সারের প্রয়োজন ৫ লক্ষ টন। আমরা এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৩ লক্ষ টন পেয়েছি। স্বাভাবিকভাবেই প্রয়োজনের চেয়ে এটা কম। বাকিটা কবে পাওয়া যাবে তাও জানিনা। কেন্দ্রীয় সরকার ইউরিয়া বিদেশ থেকে আমদানি করে আমাদের পাঠান। এখন পর্যন্ত যা আমদানি করেছেন তার মধ্যে থেকে ঐটা আমরা পেয়েছি। দিল্লিতে স্পেশ্যাল টিম পাঠিয়ে, রেলের সঙ্গে আলোচনা করে রেকের ব্যবস্থা করে ঐ সার আমরা এনেছি। একথা সত্য যে, কৃষকরা প্রয়োজনীয় পরিমাণ সার না পেলে শস্য উৎপাদনের ক্ষতি হবে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বলেছেন—১৯৯২-৯৩ সালে রাজ্যে উৎপাদিত খাদ্য শস্যের পরিমাণ ছিল ১ কোটি ১৩ লক্ষ ৮৯ হাজার টন। এই মোট উৎপাদিত ফসলের মধ্যে আমন কত ছিল এবং আউস কত ছিল?

**শ্রী নীহার কুমার বসু ঃ** এর জন্য আলাদা নোটিশ দিতে হবে। ঐ ফিগার আমার কাছে এখন নেই।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, বর্তমানে পশ্চিম বাংলার মোট চাষ-যোগ্য জমির ৪০ ভাগকেই সেচের আওতায় আনা হয়েছে কংগ্রেস আমলের দুর্দশা কাটিয়ে। আমরা বিধানসভায় শুনেছি এবং সংবাদপত্রেও দেখেছি যে, খাদ্যশস্য উৎপাদনের ক্ষেত্রে পশ্চিম বাংলা প্রায় রেকর্ড সৃষ্টি করেছে। আমি আপনার কাছে জানতে চাইছি তন্ডুল জাতীয় খাদ্য-শস্য উৎপাদনে সারা ভারতবর্ষের গড় হিসাবের মধ্যে পশ্চিমবাংলার পজিশন কোথায়?

**শ্রী নীহার কুমার বসু ঃ** বর্তমানে চাল উৎপাদনে ভারতবর্ষে আমরা প্রথম স্থান অধিকার করছি এবং সামগ্রিকভাবে খাদ্য উৎপাদনে আমরা ৬ষ্ঠ স্থানে পৌছেছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি ডাঃ মানস ভূঁইয়া অতিরিক্ত প্রশ্নের উত্তরে জানালেন যে, যে-সমস্ত অসাধু ব্যবসায়ীরা চাষীদের কাছে বেশি দামে সার বিক্রি করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য বিভিন্ন পদ্ধতি আছে এবং সেই পদ্ধতিগুলিও আপনি বললেন। ভাল কথা। আমি আপনার কাছে জানতে চাইছি বর্তমান অবস্থায় আপনি এখন পর্যন্ত কতগুলি ক্ষেত্রে ঐ পদ্ধতিগুলি প্রয়োগ করেছেন? আপনি বললেন, যে সমস্ত অসাধু ব্যবসায়ীরা সার কালোবাজারে বিক্রি করছে—বেশি দামে—তাদের বিরুদ্ধে আপনার দপ্তর অনুসন্ধান করে ব্যবস্থা নিচ্ছে। কতগুলি ক্ষেত্রে কি কি ব্যবস্থা নিয়েছেন বলবেন কি?

**শ্রী নীহার কুমার বসু ঃ** যেখানে অভিযোগ পাওয়া যাচ্ছে তদন্ত করে, মামলা-মোকদ্দমা করে লাইসেন্স ক্যান্সেল করা হয়। কিন্তু কতগুলি ক্ষেত্রে মামলা-মোকদ্দমা করা হয়েছে, কতগুলি ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সে বিষয়ে যদি জানতে চান তাহলে নোটিশ দেবেন স্পেসিফিক্যালি বলে দেব।

**শ্রী সুকুমার দাস ঃ** আপনি তন্ডুল জাতীয় উৎপাদনে ষষ্ঠ স্থানে আছেন। এতবেশি উৎপাদন হওয়া সত্ত্বেও রেশনে চাল সরবরাহের ক্ষেত্রে ভারতবর্ষের মধ্যে প্রথম সমস্যা সৃষ্টি করে আছে পশ্চিমবঙ্গ রাজ্য কেন? উৎপাদন কত, চাহিদা কত?

**শ্রী নীহার কুমার বসু ঃ** রেশনে চাল কেন্দ্রীয় সরকার দেয়। কেন্দ্রীয় সরকার যেভাবে দিচ্ছেন সেইভাবে ব্যবস্থা হচ্ছে রেশনে। আমাদের চাল সংগ্রহ করে যেটা দেবার কথা, সেই কোটা নানা কারণে হয়ত পূরণ করতে পারি না। এর নানা কারণ আছে। আগেকার দিনে বৃহৎ জমির মালিক যারা ছিলেন তাদের কাছ থেকে লেভি আদায় করা হত। ইদানিং গরিব কৃষকদের কাছ থেকে লেভি নেওয়ার প্রশ্ন উঠে না। কারণ আমাদের দেশের ৯০ ভাগ হচ্ছে গরিব কৃষক। চালকল মালিকরা লেভি দিয়ে থাকেন। কিন্তু চালকল মালিকরা বেশির ভাগ ক্ষেত্রে লেভি দেওয়ার ক্ষেত্রে পিছিয়ে থাকছে। তা সত্ত্বেও যতটা পারি আমাদের সাধ্য অনুযায়ী দিয়ে চলেছি।

*২৩৭—নট, কল্ড, *২৩৮—নট কল্ড, *২৩৯—নট কল্ড, *২৮০—নট কল্ড।

## যামিনী রায়ের বসতবাড়ি অধিগ্রহণ

*২৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫২) **শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** তথ্য ও সংস্কৃতি-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

> শিল্পী যামিনী রায়ের বাঁকুড়া জেলার বেলিয়াতোড় গ্রামের বসতবাড়িটি সরকারিভাবে অধিগ্রহণের কোনও পরিকল্পনা আছে কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

•

না।

**শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বিশ্ববিখ্যাত শিল্পী যামিনী রায় ঐ গ্রাম থেকে বীরভূম, বাঁকুড়ার সাংস্কৃতিক যে পুরানো ঐতিহ্য—পট শিল্প-জাতীয় আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিষ্ঠিত করেছেন। দেশ-বিদেশ থেকে শিল্প রসিকজন তার বসতবাড়ি দেখতে আসেন। সেখানে তিনি যে অসামান্য শিল্প সৃষ্টি করে গেছেন তার কোনও স্থায়ী প্রদর্শনী কেন্দ্র গড়ে তোলার কথা বিবেচনা করবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের কলকাতায় গগনেন্দ্রনাথ শিল্প কেন্দ্র প্রতিষ্ঠানে ব্যবস্থা করা আছে। যামিনী রায়ের পরিবারের পক্ষ থেকে ২৩৫ খানা ছবি দিয়েছেন। তারমধ্যে ৩৭ খানা বিনামূল্যে দিয়েছেন। তারজন্য স্থায়ী প্রদর্শনীর ব্যবস্থা সেখানে আছে।

**শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** আমার অনুরোধ, সেখানে শিল্প শিক্ষণ কেন্দ্রর একটা ব্যবস্থা আপনার দপ্তর থেকে করা যায় কিনা তারজন্য বিবেচনা করতে অনুরোধ করছি এবং ওখানে কিছু ছবি প্রদর্শনীর জন্য রেখে যদি দেওয়া যায় তাহলে যারা তার বসতবাড়ি দেখতে আসেন তার শিল্প সৃষ্টির সঙ্গে পরিচিত হতে পারেন।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এটাতো আপনার প্রশ্ন নয়, আপনি এটা একটা সুপারিশ করেছেন, আমরা বিবেচনা করব।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি আমার জেলার মানুষ এবং আপনি জ্ঞাত আছেন ব্যারাকপুর হচ্ছে স্বর্গীয় বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের জন্ম স্থান। আপনি বিভিন্ন মনিষীদের বাড়ি, জমি অধিগ্রহণ করছেন এবং তা সংরক্ষণের ব্যবস্থা করছেন, বিভূতিভূষণের বসতবাটিটি অধিগ্রহণ করে সংরক্ষণের কোনও ব্যবস্থা করছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এ প্রশ্নটা এর সাথে সম্পর্ক যুক্ত নয়, তবে যখন জিজ্ঞাসা করছেন তখন বলছি, বিভূতিভূষণের বাড়ি আমাদের সরকারের পক্ষ থেকে অনেক আগে অধিগ্রহণ করার জন্য উদ্যোগ নেওয়া হয়েছিল, কিন্তু যে কারণে সেটা করা যাচ্ছে না সেটা এই সভার আর কেউ না জানুক আপনি এবং আমি সেটা জানি।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—বিদ্যাসাগরের বাড়িটি অধিগ্রহণের কোনও সিদ্ধান্ত নিয়েছেন কি না?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** সে ধরনের কোনও সিদ্ধান্ত নেওয়া হয়নি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি—যামিনী রায় থেকে আরম্ভ করে বিদ্যাসাগর পর্যন্ত প্রশ্ন উঠেছে। এই সমস্ত ইতিহাসখ্যাত মনিষীদের বাড়ি অধিগ্রহণ করা সম্পর্কে কোনও নীতি গ্রহণ করেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এগুলি অধিগ্রহণ করে রক্ষণাবেক্ষণ করার চেষ্টা আমরা করে থাকি, কিন্তু যেসব ক্ষেত্রে তাদের পরিবার পরিজনরা বলেন আমরা করব সে ক্ষেত্রে কিছু করা হয় না। যেমন যামিনী রায়ের ছেলেরা সরকারের হাতে দিতে চান না। মনিষীদের

পরিবার পরিজনদের যদি আপত্তি থাকে তাদের মানসিকতায় যাতে আঘাত না লাগে সেই বুঝে আমরা সিদ্ধান্ত গ্রহণ করে থাকি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যামিনী রায় থেকে প্রশ্ন উঠেছে। নেতাজীর বাড়ি যদিও উড়িষ্যার কটকে—এ প্রসঙ্গ বহুবার আমি প্রশ্ন রেখেছি—মাননীয় অধ্যক্ষ মহাশয় হস্তক্ষেপ করেছেন, বলেছেন আউট অফ কনটেস্ট হয়ে গেছে—নেতাজী শুধু রাজ্যের ব্যাপার নয়—তাঁর উড়িষ্যার বাড়িটি রক্ষণাবেক্ষণের কথা ভাবছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** নেতাজী শুধু বাংলার নন, সারা ভারতের, তাঁর জন্ম স্থান গ্রহণ করার দায়িত্ব সেখানকার সরকারের অনুরূপভাবে কেন্দ্রীয় সরকারের। আমাদের পক্ষ থেকে যদি দাবি করা হয় সেটা সংকীর্ণতার পরিচয় দেওয়া হবে, সেজন্য কোনও দাবি করা হয়নি।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার দৃষ্টিতে আনতে চাই, প্রশ্নটা ছিল যামিনী রায়ের উপর, কিন্তু সেখান থেকে বিদ্যাসাগর, বিভূতিভূষণ, নেতাজীর ব্যাপারে চলে যাচ্ছে এবং তারফলে একটা নতুন নজির সৃষ্টি হচ্ছে। এটা যদি আপনি অ্যালাউ করেন তাহলে আমিও সেইভাবে প্রশ্ন রাখতে পারি। এটাই হচ্ছে আমার প্রশ্ন।

**মিঃ স্পিকার ঃ** আপনি তাহলে আমার উপর প্রশ্ন করুন।

**শ্রী ননী কর ঃ** এই সম্পর্কিত প্রশ্ন আপনার উপর করার সময় এখনও আসেনি।

**শান্তিনিকেতন-শ্রীনিকেতনকে নোটিফায়েড এলাকা হিসাবে ঘোষণার প্রস্তাব**

*২৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৫২) **শ্রী তপন হোড় ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, শান্তিনিকেতন-শ্রীনিকেতন উন্নয়ন পর্ষদকে "নোটিফায়েড" এলাকা হিসাবে ঘোষণা করার পরিকল্পনা বিবেচনাধীন আছে ; এবং

(খ) থাকলে, তা কি পর্যায়ে আছে?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী তপন হোড় ঃ** শান্তিনিকেতন-শ্রীনিকেতন উন্নয়ন পর্ষদের বিধি অনুযায়ী লোকাল এম. পি. তার চেয়ারম্যান, লোকাল এম. এল. এ. তার মেম্বার এবং তাতে মিউনিসিপ্যালিটি এবং বিশ্বভারতী থেকেও প্রতিনিধি আছেন। এটা গড়ে তোলা হয়েছিল আশপাশের ৪৪টি মৌজাকে ধরে যাতে শান্তিনিকেতন আরও আকর্ষিত হয়ে উঠে। এই পরিকল্পনা হঠাৎ করে হোঁচট খায় কংগ্রেস পরিচালিত বোলপুর মিউনিসিপ্যালিটি ঐ উন্নয়ন পর্ষদকে বয়কট করায়। বিশ্বভারতীও তাকে বয়কট করেছেন। এইভাবে ওরা বয়কট করায় উন্নয়ন পর্ষদ গঠন করবার উদ্দেশ্যটা খানিকটা ক্ষুণ্ণ হয়েছে। আপনি এই ব্যাপারে অবগত আছেন কিনা এবং থাকলে

বোলপুর মিউনিসিপ্যালিটি এবং বিশ্বভারতীকে এর সঙ্গে যুক্ত করবার জন্য কোনও উদ্যোগ নিয়েছেন কিনা এবং নিয়ে থাকলে কিভাবে নিয়েছেন?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় সদস্য যে প্রশ্ন করলেন সেই প্রশ্নের জবাবে জানাচ্ছি, শান্তিনিকেতন-শ্রীনিকেতন উন্নয়ন পর্ষদের বিষয়টা পৌর দপ্তরের অধীনে নয়, ওটা উন্নয়ন এবং পরিকল্পনা দপ্তরের অধীন এবং ওটা গঠিত হয়েছিল টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং স্কীমে। কাজেই এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ উন্নয়ন ও পরিকল্পনা মন্ত্রীকে করতে হবে। দ্বিতীয় প্রশ্নটা সম্পর্কে জানাচ্ছি, বোলপুর মিউনিসিপ্যালিটি, শান্তিনিকেতন এবং শ্রীনিকেতনকে নিয়ে কোনও প্রস্তাব নেই, তবে শান্তিনিকেতন এবং শ্রীনিকেতনকে নিয়ে একটি নোটিফায়েড এরিয়া গঠন করবার একটি প্রস্তাব এসেছিল, কিন্তু সেই প্রস্তাবে নোটিফায়েড এরিয়া করবার শর্তাবলী পূরণ করা হয়নি। এই সম্পর্কে জেলা শাসকের কাছে আমরা কিছু তথ্য চেয়েছিলাম, কিন্তু সেসব তথ্য তিনি সরবরাহ করেননি। স্বাভাবিকভাবে ঐ দুটি এলাকা নিয়ে নোটিফায়েড এরিয়া গঠন করবার পরিকল্পনা নেই। বোলপুর পৌরসভাকে যুক্ত করবার বিষয়টাও আমাদের চিন্তায় নেই।

**শ্রী তপন হোড় ঃ** নোটিফায়েড এরিয়া করবার জন্য একটি প্রস্তাব আপনার কাছে এসেছিল, কিন্তু যেসব শর্ত চেয়েছিলেন সেসব শর্ত ঐ প্রস্তাবে পূরণ করা হয়নি। শর্তগুলি কী সেটা জানাবেন কি?

[11-30 — 11-40 a.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** যে কোনও পৌরসভা যদি গঠন করতে হয় তাহলে তার নিয়ম হচ্ছে, এক, ২.৫৯ বর্গ কিলোমিটার এলাকায় ন্যূনতম পক্ষে ২ হাজার জন সংখ্যার প্রয়োজন। দ্বিতীয়ত হচ্ছে, প্রাপ্ত বয়স্ক পুরুষ জন সংখ্যার ৭৫ ভাগ হতে হবে অকৃষিজীবী। তৃতীয়ত হচ্ছে, কম পক্ষে ১০ হাজার জন সংখ্যা হতে হবে। চতুর্থত হচ্ছে, নিজের আয় বা সম্পদ সৃষ্টি করার যে ক্ষমতা সেই ক্ষমতা সেই এলাকার থাকতে হবে। এই কটা হচ্ছে শর্ত।

**শ্রী তপন হোড় ঃ** আপনি যে শর্তের কথা বললেন সেই শর্ত পূরণ করা খুব মুশকিল। কারণ অকৃষিজীবীর কথা বলছেন। একটা গ্রামের মূলত সবাই কৃষিজীবী। মৌজা ধরা হয় তাহলে সবই তো কৃষিজীবী হবে। যাই হোক যে বিষয়ে আমি বলতে চাই সেটা পৌরমন্ত্রী হিসাবে এটা আপনার সঙ্গে রিলেটেড। বোলপুরের উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে গেছে। যা টাকা পাঠাচ্ছেন সেই টাকা মাইনা খাতে এবং অনুৎপাদক খাতে চলে যাচ্ছে, ডাইভারশন অফ ফান্ড হচ্ছে। আপনার কাছে একাধিকবার অভিযোগ এসেছে, আপনার মিউনিসিপ্যালিটির কমিশনাররা আপনার কাছে দলবদ্ধভাবে অভিযোগ জানিয়েছে, বিধায়ক হিসাবে আমি আপনার কাছে অভিযোগ জানিয়েছি। বোলপুরের মানুষেরা ক্ষুব্ধ এই কারণে যে, বিষয়টা যে ভাবে দেখা উচিত সেই ভাবে দেখছেন না। আপনি যদি দয়া করে এই বিষয়ে বলেন তাহলে ভাল হয়। এই যে বোলপুরের উন্নয়নমূলক কাজ স্তব্ধ হয়ে গেছে, ডাইভারশন অফ ফান্ড করার ফলে, নানা বিধ অবৈধ কাজ করার ফলে মানুষ ক্ষুব্ধ হচ্ছে, এই ব্যাপারে আপনি কী ভাবছেন বা আপনি কী করতে পারেন সেটা একটু বলবেন কি?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এই কথা ঠিক যে অভিযোগ আমার কাছে বোলপুরের কয়েকজন কমিশনার করেছেন এবং বোলপুরের বিধায়কও অভিযোগ করেছেন। অভিযোগ পেলেই তো ব্যবস্থা নেওয়া যায় না। অভিযোগগুলি খতিয়ে দেখতে হবে। দেখা শোনা চলছে, তদন্ত চলছে। আমি যে প্রাথমিক রিপোর্ট পেয়েছিলাম সেই রিপোর্টে যদিও সেইভাবে অভিযোগগুলি প্রমাণিত হয়নি, আবার আমি একজন আধিকারিককে দায়িত্ব দিয়েছি নুতন করে তদন্ত করার জন্য। যদি দেখা যায় সমস্ত অভিযোগ সত্য তাহলে নিশ্চয়ই যথাযথ ব্যবস্থা নেব।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, গত কাল শান্তিনিকেতন-শ্রীনিকেতন উন্নয়ন পর্ষদের একটা বিষয় আমি হাউসে মাননীয় মন্ত্রী বিনয়কৃষ্ণ চৌধুরি মহাশয়ের কাছে জিজ্ঞাসা করেছিলাম। সেটা অবশ্য পৌরমন্ত্রীর এক্তিয়ারের মধ্যে পড়ে না। ওরা একটা শান্তিনিকেতনের পাশে নুতন টাউনশিপ বানাবার জন্য, ওরা গরিব ট্রাইবালদের জমি অধিকার করছে। এস. এস. ডি.-র কমপ্লেন ছিল। মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে উন্নয়ন পর্ষদটা আরবান ডেভেলপমেন্টের, ওনার অধীনে পড়ে না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, এখানে এস. এস. ডি.-এ একটা রাস্তা তৈরি করতে চাইছে বোলপুর পৌরসভা এলাকার মধ্যে এবং সেটা বোলপুর পৌরসভাকে বাদ দিয়ে করছে। আপনি এই রকম কোনও অভিযোগ পেয়েছেন কিনা যে এস. এস. ডি. হস্তক্ষেপ করছে এবং তার ফলে স্বায়ত্ত শাসন খুন্ন হচ্ছে। এস. এস. ডি.-র উদ্দেশ্য কি বোলপুর নির্বাচিত পৌরসভাকে বাদ দিয়ে করা?

(গোলমাল)

ক্ষমতা থাকে বোলপুর পৌরসভাটা জিতুন আগে। নিজেরা হেরে গিয়ে এস. এস. ডি.-এর মাধ্যমে নির্বাচিত বোলপুর পৌরসভার ক্ষমতা কেড়ে নেবেন? ট্রাইবালদের জমি অধিগ্রহণ করবেন? ক্ষমতা থাকে জিতুন না, আর. এস. পি. এবং সি. পি. এম মিলে জিতুন না। তারপর কথা বলবেন।

**মিঃ স্পিকার ঃ** ওঁনার কি ইন্টেনশন সেটা নিয়ে প্রশ্ন হয় না, ওঁনার ইন্টেনশন অনেক কিছু থাকতে পারে। না না এটা হয় না।

**শ্রী সৌগত রায় ঃ** আমার স্পেসিফিক প্রশ্ন ছিল। আপনার কাছে কোনও অভিযোগ ছিল বোলপুর পৌরসভা থেকে যে, একটা রাস্তা তৈরির ব্যাপারে শান্তিনিকেতন-শ্রীনিকেতন ডেভেলপমেন্ট অথরিটি বোলপুর পৌরসভার উপর হস্তক্ষেপ করছে কিনা এবং এর ফলে একটা সিরিয়াস ডিসপিউট শুরু হয়েছে কিনা? এই ধরনের অভিযোগ আপনার কাছে এসেছে কিনা এবং এসে থাকলে আপনার প্রতিক্রিয়া কী, এই হল প্রশ্ন।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমি একাধিকবার বীরভূম জেলার পৌরসভাগুলির সঙ্গে সভা করেছি। তখন বোলপুর পৌরসভা অনেক সমস্যার কথা আমার কাছে বলেছে। কিন্তু কোনও দিনই আমার কাছে এস. এস. ডি.-এর কোনও রাস্তা নিয়ে বোলপুর পৌরসভার সাথে এই ধরনের কোনও সমস্যা সৃষ্টি হয়েছে সেটা কিছু জানায় নি।

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, নোটিফায়েড এরিয়া অথরিটি যেগুলো আছে, সেগুলোতে পুনরায় নির্বাচন করার কোনও পরিকল্পনা গ্রহণ করছেন কিনা?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** বর্তমান বঙ্গীয় পৌর আইন অনুযায়ী নোটিফায়েড এরিয়া অথরিটিতে নির্বাচন করার কোনও প্রশ্ন নেই এবং কোনও প্রয়োজনও নেই।

**বিধবা ভাতা**

*২৩৩। (অনুমোদিত প্রশ্ন নং *১১৭৯) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, হাওড়া জেলার শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতিতে বিধবা ভাতা অনিয়মিত প্রদান করা হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে,—

(১) এর কারণ কি ;

(২) কবে নাগাদ তারা ভাতা পাবেন বলে আশা করা যায়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ**

(ক) গোচরে নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার প্রশ্ন হচ্ছে, আমার শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতি এলাকায় একজন বিধবা গত আটমাস কোনও ভাতা পাননি, আপনি বলছেন, 'গোচরে নেই', দয়া করে জানাবেন কি, ঐ শ্যামপুর পঞ্চায়েত সমিতি এলাকায় গত আটমাস যাবৎ কোনও বিধবাকে ভাতা দেওয়া হয়েছে কিনা?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই রকম কোনও কিছু জানা নেই। তবে আপনি বললেন, আমি খোঁজ নিয়ে দেখব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আমি যে অভিযোগ করেছি যে, আটমাস কোনও বিধবা ঐ এলাকায় বিধবা ভাতা পেয়েছেন কিনা? মন্ত্রী মহাশয় উত্তর দিচ্ছেন—তার গোচরে নেই। তাহলে প্রশ্নটা কি হবে?

**মিঃ স্পিকার ঃ** উনি বলছেন, খোঁজ নেবেন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আপনি বলছেন একজন বিধবা আটমাস ধরে কোনও ভাতা পাননি। আপনি জানালেন, আমি খোঁজ নেব।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আপনি বলেছেন যে, অনিয়মিত ভাতা প্রদানের কোনও খোঁজ নেই। আমি বলছি, অনিয়মিত হচ্ছে। কেন হচ্ছে? আপনি যখন বললেন অনিয়মিত হয়নি,

তখন স্পেসিফিক করার জন্য আমি বলেছি যে, একজন বিধবা গত আট মাস কোনও ভাতা পাননি। আমি এটা সম্বন্ধে জানতে চাইছি। জানিনা, উনি কিভাবে এর উত্তর দেবেন?

**মিঃ স্পিকার ঃ** আপনি স্পেসিফিক জিজ্ঞাসা করুন, উনি উত্তর দেবেন।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** স্যার, এর চেয়ে স্পেসিফিক আর কি হবে?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আপনি বলছেন যে একজন বিধবা আটমাস ভাতা পাননি।

**মিঃ স্পিকার ঃ** পঞ্চায়েত সমিতির মধ্যে কোনও বিধবাকে ভাতা দেওয়া হয়নি, এটা সম্বন্ধে আপনি জানতে চেয়েছেন। উনি বলছেন, ওর কাছে এই রকম কোনও খবর নেই। ডিপার্টমেন্ট থেকে ফান্ড অ্যালটমেন্ট করে দিলেন। ফান্ড যেইমাত্র অ্যালটেড হয়ে গেল, তখনই ওর ডিপার্টমেন্টের কাজ শেষ হয়ে গেল। এবারে আপনি স্পেসিফিক কেস দিয়ে প্রশ্ন করুন, তাহলে উনি খোঁজ নিয়ে পরে বলবেন।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** আমার মূল প্রশ্নটা ছিল—'একথা কি সত্যি যে, হাওড়া জেলার শ্যামপুর ২নং পঞ্চায়েত সমিতিতে বিধবা ভাতা অনিয়মিত প্রদান করা হচ্ছে?' উনি বললেন, 'গোচরে নেই।' আমি দায়িত্ব নিয়ে বলছি, উনি খোঁজ না নিয়ে বললেন, 'না, অনিয়মিত।' উনি বললেন না যে অনিয়মিতের ব্যাপারে উনি দেখবেন। উনি বললেন, 'গোচরে নেই।' গোচরে নেই, এই কথাটার মানেটা কি?

(নো রিপ্লাই)

[11-40 — 11-50 p.m.]

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যদিও এটা প্রাসঙ্গিক নয়, তবুও বলছি যে অন্যান্য জেলায় কতজন বিধবা পেনশন পায়?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** ক্যালকাটা সি. পি. ডব্লিউ. ডি. ২০০১, নর্থ ২৪ পরগনা ৫৫৮, সাউথ ২৪ পরগনা ৫১৮, হাওড়া ৪৮৮, মুর্শিদাবাদ ৩৯১, হুগলি ৫২৪, মেদিনীপুর ৩৬০, বাঁকুড়া ৩৭৩, বর্দ্ধমান ৬৭২, পুরুলিয়া ৩৪৬, জলপাইগুড়ি ৩৮৪, মালদহ ২৯২, উত্তর দিনাজপুর ১৯৫, কুচবিহার ৩৬২ দার্জিলিং ৩৬২, দক্ষিণ দিনাজপুর ১৮১।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে।

**মিঃ স্পিকার ঃ** কোনও ইনফরমেশন নেই, নট অ্যালাউড।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই বিধবার পেনশন পেতে গেলে খুব হ্যারাস হচ্ছেন, ৮।৯।১০ মাস ধরে তারা পেনশন পাচ্ছেন না, এটা যাতে টাইমলি হয় তারজন্য ব্যবস্থা নেবেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমরা ৩ মাস অন্তর অন্তর বিভিন্ন জেলাতে টাকা পাঠাই। ওই টাকা দেবার পর আমরা রিপোর্ট চাই, সেটা এলে পরে পরবর্তী টাকা পাঠাই। অর্থাৎ এনকোয়ারি করে পরবর্তী টাকা পাঠানো হয়।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি নিজে বললেন যে, ৩ মাস পরে বিধবা ভাতা দেওয়া হয়। এইসব অসহায় বিধবা ৩ মাস পরে যে পেনশন পাওয়ার কথা সেটা গিয়ে দাঁড়ায় ৮-৯ মাসে। এবং তাও অনেক সময়ে পাওয়া যায় না। সুতরাং এটাকে দ্রুত করার জন্য কোনও চিন্তাভাবনা করছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** চিন্তা করে দেখব।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বিধবা ভাতার যে তথ্য দিলেন সেটা প্রয়োজনের তুলনায় খুবই কম। সেই হিসাবে আমার জিজ্ঞাস্য যে, পেনশন বাড়ানোর চাহিদা পূরণের জন্য আপনার সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কি এবং এই ব্যাপারে আপনি কি কোনও অ্যাসিওর করতে পারবেন?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** এই ব্যাপারে অ্যাসিওর করতে পারব না, তবে সরকার চিন্তা ভাবনা করছে এবং যে ভাবে অর্থ পাব সেইভাবে বাড়াব।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৩ মাস পরে পাঠান এবং পরীক্ষা করে দেখেন যে ৩ মাসের মধ্যে কেউ মারা গেল কিনা ইত্যাদি, আমার প্রশ্ন হচ্ছে বিধবাদের সাথে সাথে বহু পঙ্গু অক্ষম এবং বার্ধক্যজনিত কারণে বহু লোক আছে তাদের ক্ষেত্রে ৩ মাসের মধ্যে ভাতা দেওয়া যাবে কি?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বিধবা ভাতা দেওয়ার প্রসিডিওর কী সেটা জানতে চাই না। তবে এটা ক্ল্যারিফাই করার জন্য জানতে চাই যে এটা কি ডি. এম.-কে পাঠানো হয় না, কন্ট্রোল অফ ভ্যাগরেন্সি পূর্ত ভবন, সল্ট লেক তারা পরীক্ষা-নিরীক্ষা কবেন? যাই হোক এই ব্যাপারে আমার প্রশ্ন নয়, আমার প্রশ্ন হচ্ছে যে ১৯৮২ সালের পরে বিধবা যারা অ্যাপিল করেছিলেন তাদের একজনকেও বিধবা ভাতা দেওয়া সম্ভব হয়নি। কোটা ফুলফিল না করে দিতে পারছেন না, এরফলে প্রচুর ব্যাকলগ হয়ে যাচ্ছে এবং একজন ব্যাকলগের অ্যাপ্লিকেন্টকেও দেওয়া যায় নি। এইসব ব্যাকলগগুলোর জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**মিঃ স্পিকার ঃ** উনি ২টি প্রশ্ন করেছেন, একটির উত্তর দেবেন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** জেলা ভিত্তিক প্ল্যান ও নন-প্ল্যানের বিভিন্ন সেক্টারের পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত যেসব ব্যক্তিরা ভাতা পেতে চান তাদেরকে আবেদনপত্র দাখিল করতে হবে কালেক্টর বা পঞ্চায়েত সমিতির একজিকিউটিভ অফিসারকে সম্বোধন করে। উপরোক্ত অফিসাররা সমাজকল্যাণ দপ্তরের ইন্সপেকটর দ্বারা ব্যাপারটি তদন্ত করাবেন। এই অনুসন্ধানের রিপোর্ট দাখিল করবে আবেদনপত্র জমা দেয়ার ৪৫ দিনের মধ্যে। প্রাথমিক তদন্তে যদি দেখা যায় যে আবেদনকারি বা আবেদনকারিনী ভাতা পাওয়ার যোগ্য তাহলে সেই আবেদনপত্র ও অনুসন্ধান রিপোর্টটি জেলার সংশ্লিষ্ট অফিসারের নিকট যাবে। (২) কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন ছাড়া অন্যান্য মিউনিসিপ্যাল বা নোটিফায়েড এরিয়ার ক্ষেত্রে আবেদনপত্র জমা দিতে হবে

কালেকটর বা মহকুমা শাসকের নিকট। যারা এই আবেদনপত্রটি অনুসন্ধান করে রিপোর্টসহ আবেদনপত্রটি পাঠিয়ে দেবে জেলার সংশ্লিষ্ট অফিসারের নিকট। (৩) কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্ভুক্ত এরিয়ায় আবেদনপত্র জমা দিতে হবে কন্ট্রোলার অফ ভ্যাগ্রান্সির নিকট। যিনি ব্যাপারটি অনুসন্ধান করে ব্যাপারটি বিবেচনা করবেন। বরাদ্দকৃত অর্থ, অর্থদপ্তরের অনুমোদন সাপেক্ষে তিন মাস অন্তর জেলায় পাঠানো যেতে পারে। তারপর জেলা থেকে ব্লকে এবং ব্লক থেকে প্রাপকের নিকট পৌছায়।

**শ্রী শক্তি বল ঃ** বিধবা ভাতা পাওয়ার ক্ষেত্রে যে দেরি হচ্ছে এটা আপনি বলুন আর না বলুন, কার্যত দেরি হচ্ছে। আমি একটা নির্দিষ্ট প্রস্তাব বিবেচনার জন্য বলব, এটার ব্যাপারে পঞ্চায়েত সমিতিকে সরাসরি টাকা পাঠিয়ে দেওয়ার ব্যাপারে কিছু চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** আমরা প্রথম থেকে জেলা সমাহর্তাকে দিই তিনি এস. ডি. ও-কে এবং এস. ডি. ও. বিভিন্ন পঞ্চায়েত সমিতিকে দেয় এবং তারপরে ডিস্ট্রিবিউশন হয়।

## Starred Questions

## to which answers were laid on the Table

### ময়না-মেদিনীপুর রুটে এস. বি. এস. টি. সি.-র বাস

*২৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৯৩০) **শ্রী মানিক ভৌমিক ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ময়না-মেদিনীপুর বাসরুটে এস. বি. এস. টি. সি.-র কয়টি বাস চলাচলের সরকারি অনুমতি আছে ;

(খ) বর্তমানে উক্ত রুটে কয়টি। এস. বি. এস. টি. সি.-র বাস চলাচল করে ; এবং

(গ) উক্ত রুটে বাসের সংখ্যা বাড়ানোর কোনও পরিকল্পনা আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ২টি বাস চলাচলের সরকারি অনুমোদন আছে।

(খ) বর্তমানে ১টি বাস চলাচল করে। অন্য বাসটি সারানো হলে পুনরায় চলাচল শুরু করবে।

(গ) মেদিনীপুরে নতুন বাস ডিপোর কাজ সম্পূর্ণ হলে বাসের সংখ্যা বাড়ানো হবে।

### কুপার্স এলাকাকে নোটিফায়েড ঘোষণার প্রস্তাব

*২৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৩২) **শ্রী সুভাষ বসু ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

নদীয়া জেলার রানাঘাট থানার অধীন কুপার্স এলাকাকে নোটিফায়েড এলাকা করার সরকারি পরিকল্পনা বর্তমানে কী পর্যায়ে আছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

কুপার্স এলাকাকে নোটিফায়েড এলাকা করার প্রস্তাবটি বর্তমানে পরীক্ষাধীন আছে।

### ট্রাম ডিপোতে বহুতল বাড়ি নির্মাণ

*২৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২১৩) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এ-কথা কি সত্যি যে, রাজ্য সরকার কলকাতা শহরের সমস্ত ট্রাম ডিপোগুলিতে বহুতলবিশিষ্ট বাড়ি তৈরি করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন ; এবং

(খ) সত্যি হলে, এই পরিকল্পনা কবে নাগাদ কার্যকর হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এখনও কোনও সিদ্ধান্ত হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

### নেহেরু রোজগার যোজনায় রাজ্য সরকারের ম্যাচিং গ্র্যান্ট

*২৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭০৭) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৮৯-৯০, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরগুলিতে নেহেরু রোজগার যোজনায় রাজ্য সরকার কত পরিমাণ ম্যাচিং গ্র্যান্ট মঞ্জুর করেছেন?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৮৯-৯০, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরগুলিতে নেহেরু রোজগার যোজনায় রাজ্য সরকার যে পরিমাণ ম্যাচিং গ্র্যান্ট মঞ্জুর করেছেন তার একটি তালিকা নিচে দেওয়া হল।

| | ১৯৮৯-৯০ | ১৯৯১-৯২ | ১৯৯২-৯৩ |
|---|---|---|---|
| ১। আরবান মাইক্রো এন্টার প্রাইজেস | — | ৩৪,৬৯,৫০০ | ৫৩,৮০,০০০ |
| ২। আরবান ওয়েজ এমপ্লয়মেন্ট | — | ৪০,৬২,৫০০ | ৪০,০০,০০০ |
| ৩। হাউসিং অ্যান্ড সেন্টার আপগ্রেডেসন | — | ১৯,৬৮,০০০ | |

### গাড়িতে লালবাতি জ্বালা'র নিয়মনীতি

*২৩৮। (অনুমোদিত প্রশ্ন নং *৫১৪) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গাড়িতে লালবাতি জ্বালাবার কোনও নিয়মনীতি আছে কি না ; এবং

(খ) থাকলে, নিয়মগুলি কি কি?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) যে গাড়িগুলি কেন্দ্রীয় ও রাজ্য সরকার কর্তৃক নির্দিষ্ট উচ্চ পদমর্যাদা সম্ ব্যক্তিগণকে বহন করে, অথবা যে গাড়িগুলির ঐ গাড়িগুলির প্রহরা কা নিযুক্ত থাকে শুধুমাত্র সেই গাড়িগুলিই লালবাতি জ্বালাতে পারবে ; অন্য কোন গাড়িই লালবাতি জ্বালাতে পারবে না।

### কৃষ্ণনগরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো

*২৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪২) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** পরিবহন বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) নদীয়া জেলার কৃষ্ণনগরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ডিপো করার পরিকল্পনা কোন পর্যায়ে আছে ; এবং

(খ) পরিকল্পনাটির কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কৃষ্ণনগরে ভাড়া বাড়িতে ডিপো চালানো হচ্ছে। নিজস্ব ডিপো তৈয়ারি জন্য জমি পাওয়া গিয়াছে। ৩৫ লক্ষ টাকা ব্যয়ে ডিপো তৈয়ারির পরিকল্পনা প্রস্তুত হইয়া গিয়াছে। ডিপো তৈয়ারির জন্য শীঘ্রই টেন্ডার ডাকা হইবে।

(খ) টেন্ডার ডাকা এবং গ্রহণ করার কাজ সম্পূর্ণ হইলেই কাজ আরম্ভ করা হইবে

### মহারাষ্ট্রের ভূমিকম্পে ত্রাণ সাহায্য

*২৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০২) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রা মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মহারাষ্ট্রের সাম্প্রতিক ভূমিকম্পে রাজ্য সরকারের পক্ষ থেকে কি কি সাহায ভূমিকম্প বিধ্বস্ত এলাকায় পাঠানো হয়েছে?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মহারাষ্ট্রের সাম্প্রতিক ভূমিকম্পে রাজ্য সরকারের ত্রাণ বিভাগের পক্ষ থেকে কোনও সাহায্য ভূমিকম্প বিধ্বস্ত এলাকায় পাঠানো হয়নি।

### নূতন অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা

*২৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০১) **শ্রী বিমল মিস্ত্রি ঃ** পৌর-বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এ-কথা কি সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় নূতন অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপন করার সরকারি পরিকল্পনা আছে ; এবং

(খ) সত্যি হলে, কোথায় কোথায় স্থাপন করা হবে বলে আশা করা যায়?

**পৌর-বিষয়ক (দমকল) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) একথা সত্যি যে, দক্ষিণ ২৪-পরগনা জেলায় অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপন করার সরকারি পরিকল্পনা আছে।

(খ) দক্ষিণ ২৪-পরগনা জেলার ডায়মন্ডহারবার ও বারুইপুরে অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপন করার পরিকল্পনা আছে।

**Mr. Speaker :** Today, we had 12 questions on the list out of which we have been able to get the answers on four questions—two on first call and two on second call. So the most unfortunate part is that the questions have been answered who have called and were present—they have been the back benchers. The senior members have been absent. This is also most unfortunate. The junior members are present. Their questions have been answered. Senior members were absent. Where the concerned members were present—those questions have been called. This is most unfortunate part of the whole thing.

## POINT OF ORDER

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি গতকাল থেকে এসেছে, এবং আপনি খুবই যথাযথ কারণে সার্বিক পরিস্থিতি মূল্যায়ন করে আপনি আপনার মত দিয়েছিলেন গতকালকে। আজও সেই পরিস্থিতিই সৃষ্টি হয়েছে। এটা অস্বীকার করার উপায় নেই পরিস্থিতি খুবই উদ্বেগজনক আমি সেইজন্য আপনার বিচারবুদ্ধির কাছে আবেদন রাখব এই হাউসে যা অবস্থা হয়েছে এক্ষেত্রে আপনাকে চিন্তা করতে হবে, অনেক সময় অনেক গুরুত্বপূর্ণ কাজে সদস্যরা আটকে পড়েন, এটা অনিচ্ছাকৃত ক্রটি হয় আবার পরিস্থিতির চাপে পড়েও হয়, এটা ঠিক আপনি যে অবজারভেশন এখানে রেখেছেন এটা করা উচিত, এটা পালন না করাটা আমাদের পক্ষে অত্যন্ত গর্হিত কাজ। যদি আমি প্রশ্ন করি এবং সেক্ষেত্রে প্রশ্নকর্তা যদি অনুপস্থিতি থাকে, সেক্ষেত্রে আপনার যে সিদ্ধান্ত, সেটা খুবই গুরুত্বপূর্ণ, তবে আমি আপনার কাছে আবেদন করব কারণ, The question how is a most important and lively hour of the House for the privilege of the members.

[11-50 — 12-10 p.m.]

এবং প্রিভিলেজ অফ দি মেম্বার সেটা আপনি স্বীকার করেছেন এবং আমরা এক মুহূর্তেও সেটা অস্বীকার করি না। তবে সার্বিক পরিস্থিতির কথা ভেবে আপনার কাছে আমরা আবেদন করব—আপনি এমন অনেক সিদ্ধান্ত নিয়েছেন যেটা নজির সৃষ্টিকারি, আপনি অনেক সময় মন্ত্রী মহাশয়কে ধমক দেন, মাননীয় সদস্যদেরও ধমক দেন, এই ব্যাপারে আমাদের

*শিক্ষা নেওয়া উচিত। আজকে আপনার কাছে আবেদন করব এবং আমার সঙ্গে অনেক মাননীয় সদস্যই একমত হবে না এবং আপনি ব্যাপারটা সার্বিকভাবে ভাবনা-চিন্তা করে* অনুমতিসাপেক্ষে অন্য মেম্বারদের কোয়েশ্চেন করার সুযোগ দিন তাহলে হাউসটা ভালভাবে চলতে পারে এবং অনেক প্রশ্নের উত্তর সাধারণ মানুষ জানতে পারে এবং হাউসটা ভালভাবে চলতে পারে। এই আবেদন আবার আপনার কাছে রাখছি বিচার-বিশ্লেষণের জন্য।

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানসবাবু আপনাকে যে ব্যাপারে কথা বললেন সেটা সঠিক, এ ব্যাপারে কোনও দ্বিমত নেই। আমাদের মেম্বারদেরও কতগুলো অসুবিধা আছে। কারণ সব এম. এল. এ-ই হোস্টেলে থাকতে পারে না। অনেক এম. এল. এ.-কে তার নিজের কনস্টিটিউয়েন্সি থেকে আসতে হয়। আর আমাদের সব থেকে বেশি অসুবিধা হল আমাদের এম. এল. এদের কোনও সেক্রেটারি অ্যালাউন্স নেই। হাউসে কোন কোয়েশ্চেনগুলো হবে সেটা আগে থেকে জানিয়ে দেওয়া হয় লিস্টের মাধ্যমে তখন মেম্বারদের নিজেদের দেখে নিতে হয় তাদের কোয়েশ্চেন আছে কি না? সদস্যরা ইচ্ছা করে হাউসে আসেন না তা নয়। অনেক সময় ট্রেনে গোলমাল হয়, অনেক সময় ট্রাফিক জ্যামে পড়ে ইত্যাদি। আবার পথ অবরোধের জন্য মন্ত্রী মহাশয় নিজেও একদিন আসতে পারলেন না। আমি বলব এই ব্যাপারে আপনি চিন্তা করে সঠিক সিদ্ধান্ত নিন।

**শ্রী সৌগত রায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি হাউসে যে সিদ্ধান্ত নিয়েছেন সেটা সঠিক। মেম্বাররা না এলে বা মন্ত্রী মহাশয় না এলে আপনি হাউস অ্যাডজর্ন করে দেন। ইট ইজ এ ডিপ ইমপ্যাক্ট অন দি পার্লামেন্টারি প্রসিডিওর। আপনাকে বিনীতভাবে একটা কথা বলতে চাই হাউসের সব রুলস আপনি দেন। তবে যেটা গতকাল জয়নাল সাহেব এবং কৃষ্ণচন্দ্রবাবু বলেছেন, যে লোকসভায় মেম্বার অ্যাবসেন্ট হলে, তার কোয়েশ্চেন তোলার সুযোগ অন্য কারোর থাকে না। কোনও মেম্বারকে সেখানে অ্যালাউ করা হয় না। আপনি রুলস কমিটির চেয়ারম্যান এবং আপনি আমাদের এখানে রুলস দিয়েছেন—The rule 51(3) says "If on a question being called it is not asked or the Member in whose name it stands is absent, the speaker may, at the request of any member, direct that the answer to it be given".

এই রুলসটা লোকসভার রুলসে নেই। কিন্তু আপনি In your own wisdom as chairman of Rules committee. এটা আমাদের হাউসে রেখেছেন এবং এই স্কোপটা আপনি দিচ্ছিলেন টিল দি বিগিনিং অব দিস হাউস। স্যার, আপনার রাগ বা উষ্মার কারণ আমরা বুঝতে পারি—আমরা কয়েকদিন খুব চেঁচামেচি করেছিলাম মন্ত্রীরা আসেন নি বলে কোয়েশ্চেন আওয়ারে এবং তখন এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছিল যে আপনি হাউস অ্যাডজর্ন করে দিতে বাধ্য হয়েছিলেন। স্বভাবতই স্যার, আপনি এটা বলতে পারেন যে মেম্বাররা মন্ত্রীরা না এলে চেঁচামেচি করেন কাজেই মেম্বাররা না এলে they should also be taken to task. স্যার, আপনি জানেন কোয়েশ্চেন আওয়ার যেটাকে বলা হয়—Question hour has the right to be specific in the interest of the rights of members and rights of the public and the general right to know and right to information. এই একটা সুযোগ যেখানে সরকারকে আমরা কোয়েশ্চেন দিয়ে ইনডেফথ-

*নিয়ে গিয়ে কিছু তথ্য সরকারের কাছ থেকে বার করতে পারি। অন্য কোনও আওয়ারে* আমরা যাই বলি না কেন সরকার সব সময় বক্তৃতাতে সেটা এড়িয়ে যেতে পারেন কিন্তু কোয়েশ্চেন আওয়ারে সেটা তারা পারেন না। আমি তাই স্যার, আপনাকে বলব, এটা রিকন্সিডার করুন। বরাবর যে সুযোগটা দিয়ে এসেছেন মেম্বারদের কোয়েশ্চেন জিজ্ঞাসা করার—যদি একজন মেম্বার অনুপস্থিত থাকেন তাহলে তার জায়গায় আর একজন মেম্বার প্রশ্নটা তুলতে পারেন—সেটা ফিরিয়ে দিন। আমরা জানি এটাতে আপনার অধিকার আছে বিকজ দি স্পিকার মে—এটা পুরোপুরি আপনার ডিস্ক্রিশনের উপর নির্ভর করে. কাজেই এটা আপনি পুনর্বিবেচনা করুন। তা না হলে এর মাধ্যমে পাবলিক যে সুযোগ পায় সরকারের অভ্যন্তরীণ কাজকর্ম সম্পর্কে জানার তার থেকে তারা বঞ্চিত হবেন। এর সঙ্গে আর একটা টেকনিক্যাল প্রবলেমের কথা বলি। এ ব্যাপারটাতে মেম্বাররা পুরোপুরি অ্যাকোয়েনটেড নন। এই যে লিস্ট ফর কোয়েশ্চেন ফর ওর‍্যাল অ্যানসার দেওয়া হয়, আগের দিন সার্কুলেট করা হয় তাতে আগামীকালেরটা আজকে সার্কুলেট করা হয়েছে এবং সেখানে জাস্ট ঐ নাম্বারটা দেওয়া থাকে। আর মেম্বারদের কাছে ছোট্ট একটা কাগজ দেওয়া হয় এই বলে যে ইয়োর সাচ অ্যান্ড সাচ কোয়েশ্চেন হ্যাজ বিন অ্যাক্সেপটেড। এখন এই কাগজটা পাবার পর মেম্বারদের কাছে যদি ঐ ছোট্ট কাগজটা না থাকে তাহলে হি ক্যান নট ফাইন্ড ইট যে তার কোয়েশ্চেন এসেছে কিনা। ওয়ান হ্যাজ টু বি ভেরি স্পেসিফিক এবং তাকে প্রতিদিন ঐ লিস্টটা নিয়ে আসতে হবে দেখার জন্য যে পরের দিন কোনও কোয়েশ্চেন এসেছে কিনা? স্যার, আপনি বুঝতেই পারেন যে মেম্বারদের পক্ষে সব সময় এটা সম্ভব হয় না। তাই স্যার, আমি আপনাকে অনুরোধ করব, যে সুযোগটা আমাদের হাউসে রয়েছে পাবলিকের স্বার্থে, সরকার যাতে সঠিক পথে চলেন তার স্বার্থে সেই অধিকারটা আমাদের দিন। এটা বন্ধ হলে মন্ত্রীরা হয়ত খুসি হবেন এই ভেবে যে মেম্বাররা এলেন না অতএব আমাকেও প্রশ্নের জবাব দিতে হল না কিন্তু সাধারণভাবে এতে সদস্যরা এবং জনসাধারণ খুবই দুঃখ পাবেন। তাই স্যার, আবার আমি বলব, যে সুযোগটা আমাদের দিচ্ছিলেন ৫৩(৩)-তে তা আবার ব্যবহার করার সুযোগ দিন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমি মাননীয় সদস্যদের থেকে মতের ব্যাপারে একটু ডিফার করছি। ডিফার করছি এই কারণে যে বিধানসভায় এমনিতেই হাজিরার সংখ্যা কম এবং সেই হাজিরার সংখ্যা এমন একটা পর্যায়ে পৌঁছেছে যে কোনও কোনও সময় আমাদের এ কথা উত্থাপন করতে হয় যে, স্যার, আপনি কোরাম আছে কিনা দেখু। এই রকম একটা গুরুত্বপূর্ণ সময়ে আপনি যে নির্দেশ দিয়েছেন যে সদস্যদের উপস্থিত থাকতে হবে, যে কথাটা আপনার চেয়ার থেকে এসেছে সেখানে আমি আপনার মনোভাবকে সম্পূর্ণ এনডোর্স করছি তা বলার মতোন ঔদ্ধত্য আমার নেই কিন্তু আমি স্যার, আপনার মনোভাবকে পূর্ণমাত্রায় সমর্থন করি। কারণ বিধানসভার দায়িত্ব সম্পর্কে জনপ্রতিনিধিরা অধিকতর সচেতন হবেন এটা সবসময়ই কাম্য। একজন বিধায়ক একটি লিখিত প্রশ্ন জমা দেওয়ার পর তার উত্তর তাকে তো জানতে হবে। একজন সদস্য তার যোগ্যতা বলে প্রশ্নের মাধ্যমে একজন মন্ত্রীর কাছ থেকে কতটা আদায় করে নিতে পারবেন সেটা সেই সদস্যের উপরই নির্ভর করে। এখন সেই সদস্য কোনও স্পিরিট নিয়ে প্রশ্নটা করেছিলেন সেটা তিনি অনুপস্থিত থাকলে জানা

যাবে না। আর একজন সদস্য তার বদলে যদি প্রশ্নটা উত্থাপন করেন এবং তা অতিরিক্ত প্রশ্নের মিল নাও থাকতে পারে। কারণ সেখানে একটি উদ্দেশ্যে নিয়েই তিনি প্রশ্নটা করেছিলেন। আর মন্ত্রীদের তিরস্কার করার ব্যাপার যেটা সেটা তো অবশ্যই কার উচিত। মন্ত্রীদের সপ্তাহে একদিন আসতে হয় আর সদস্যদের তৈরি হয়ে আসতে হয় প্রতিদিন। যে কোনও না কোনও দিন এখানে প্রশ্ন আসতে পারে। সেই কারণে আমার মনে হয় উপস্থিতির দিক থেকে এই যে প্রত্যেক সদস্য আপনার এই নির্দেশকে মেনে নিয়ে আরও গুরুত্ব আরোপ করে এই সভায় আসে—তাহলে বিধানসভা আরও লাভবান হবে। সুতরাং আপনি যে নির্দেশ দিয়েছেন, সেটা কঠোরভাবে আপনি প্রয়োগ করুন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মিঃ স্পিকার স্যার, আজকে যে গুরুত্বপূর্ণ বিষয়টা নিয়ে বিতর্ক উঠেছে, আমার মনে হয় যে এই বিতর্কটা হওয়ার দরকার ছিল এবং এটা খুব স্বাস্থ্যকর বিতর্ক। প্রথমে যে বিষয়টা উল্লেখ করতে চাই, যেহেতু আমি মন্ত্রী, একজন ট্রেজারি বেঞ্চের লোক, আমি আদৌ খুশি হই না প্রশ্নের উত্তর দিতে না পারলে। তার কারণ অনেক বিষয় আছে যেগুলো জনস্বার্থ সম্পর্কিত, আমরা প্রেস কনফারেন্স করে বলতে পারি না, নির্দিষ্টভাবে সরকারি বক্তব্য বলতে পারলে সেটা আমাদের সুবিধা হয়, আর আমরা বিধানসভার সদস্যদের প্রশ্নের উত্তরের মাধ্যমে দিতে পারলে, সদস্যদের সঙ্গে পারস্পরিক একটা ইন্টার অ্যাকশন ভাল হয়। তার ফলে একটা সম অনুভূতি গড়ে উঠতে পারে। সেদিক থেকে আমি বলতে পারি মোটামুটি সব মন্ত্রীই চান, তাদের বক্তব্যটা পরিষ্কারভাবে যাতে তারা বলতে পারেন হাউজে। কারণ আমরা মন্ত্রীরা সুযোগ পাই না। আমরা খালি বাজেটে বলতে পারি আর প্রশ্নোত্তরের মাধ্যমে বলতে পারি, আর বিল এলে কিছু বলতে পারি। সুতরাং প্রশ্নোত্তরের এই সময়টা, এটা আমাদের খুব প্রয়োজনীয় সময় এবং এই সময়টাকে আমরা সম্পূর্ণ রূপে ব্যবহার করতে চাই। কিন্তু এখানে প্রশ্নোত্তরের যে পর্বটা যে ভাবে চালু আছে, আমার মনে হয় সেটা সম্পর্কে একটু মিঃ স্পিকারকে অনুরোধ করছি আর একবার ভেবে দেখার দরকার আছে। তার কারণ এখানে ৩০/৪০টা প্রশ্ন থাকে, কিন্তু কোনওদিন ১০/১২টা হলে খুব বেশি হয়, ৫/৬টার বেশি প্রশ্নের উপর আলোচনা হতে পারে না। এর একটা কুফল দেখতে পাচ্ছি অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন যেগুলো ঐ পাঁচ ছয়টা প্রশ্নের পরে আছে, সেইগুলো আলোচনার কোনও সুযোগ হয় না আপনার এই এক ঘন্টার মধ্যে। কারণ এক ঘন্টা অতিক্রম হলে প্রশ্নোত্তর পর্ব বন্ধ হয়ে যাবে। সব প্রশ্নগুলোই গুরুত্বপূর্ণ, কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ যেগুলো সরকারি নীতি নিয়ে আলোচনার দিক থেকে,—সেটা অনেক সময়েই আলোচনার মধ্যে আসে না। যাতে এখানে সকল সদস্যই প্রশ্ন করতে পারেন তার জন্য আপনি একটা সমান সুযোগের ব্যবস্থা করে দিয়েছেন, ব্যবস্থাটা ভালই। কিন্তু আমরা জানি লোকসভার যে ব্যবস্থা আছে তাতে সমস্ত প্রশ্ন মৌখিক উত্তরের জন্য নির্দিষ্ট হয় না। লটারি করে, কয়েকটা গুরুত্বপূর্ণ প্রশ্ন নির্দিষ্ট করে দেওয়া হয় এবং নির্দিষ্ট সদস্যকে উপস্থিত থেকে সেই প্রশ্ন উত্থাপন করতে হয়। আমরাও সেইভাবে ১০-টি বা ২০-টি প্রশ্নকে দৈনিক নির্দিষ্ট করে ৬০ মিনিট সময়কে সেইভাবে ভাগ করে প্রশ্ন উত্থাপন এবং উত্তর দেওয়ার জন্য ব্যবস্থা চালু করতে পারি। আমার মনে হয় তাতে প্রশ্নোত্তরের মানও উন্নত হতে পারবে। বাকি বেশির ভাগ প্রশ্নের উত্তর যদি সংশ্লিষ্ট সদস্যকে লিখিতভাবে পাঠিয়ে দেওয়া হয় তাহলে সেটা যেমন রেকর্ড ভুক্ত

হবে তেমন সকলেই সেটা অবগত হতে পারবেন। বিধানসভায় অনেক সদস্য অনেক সময়ই ইচ্ছা থাকা সত্ত্বেও অনেক কিছু বলতে পারেন না। তারা লিখিত প্রশ্নোত্তরের মাধ্যমে তাদের জিজ্ঞাস্য বিষয়গুলি রেকর্ড ভুক্ত করতে পারেন। যদিও এই ব্যবস্থা চালু আছে তথাপি মৌখিক উত্তরের সংখ্যাটা নির্দিষ্ট হলে ব্যবস্থাটা আরও সম্প্রসারিত হবে বলে আমার মনে হয়। আমি গত কয়েক বছর ধরে মন্ত্রী হিসাবে দেখছি যে, আমার কাছে মৌখিক উত্তরের জন্য যত প্রশ্ন আসে তার এক শতাংশও লিখিত উত্তরের জন্য আসে না। পার্লামেন্টে কিন্তু এই সংখ্যাটা অনেক বেশি। আজকে আপনি আমাদের এই গুরুত্বপূর্ণ আলোচনার সুযোগ দিয়েছেন। এই বিষয়টা নিয়ে আলোচনা হওয়া দরকার এবং আলোচনার মাধ্যমেই একটা নির্দিষ্ট সিদ্ধান্তে আমাদের উপনীত হতে হবে। যদি মৌখিক উত্তরের জন্য প্রশ্নের সংখ্যা কম হয়—একটা নির্দিষ্ট সংখ্যার মধ্যে সেটা থাকে এবং অন্তত ৭ দিন আগে যদি সংশ্লিষ্ট সদস্য জানতে পারেন যে, তার প্রশ্নটি ৭ দিন পরে হাউসে তিনি উত্থাপন করার সুযোগ পাবেন, তাহলে তিনি সঠিকভাবে প্রস্তুত হয়ে আসতে পারেন এবং সঠিকভাবে সাপ্লিমেন্টারি করতে পারেন। মন্ত্রীও যথাযথভাবে প্রস্তুত হয়ে এসে উত্তর দিতে পারেন। যদি প্রশ্নের চাপ কম থাকে তাহলে মন্ত্রীও সম্ভাব্য সাপ্লিমেন্টারি সম্বন্ধে তথ্য সংগ্রহ করে এখানে উপস্থিত হতে পারেন। অনেক ক্ষেত্রেই আমরা দেখছি মন্ত্রীরা নোটিশ চান। সীমিত সংখ্যক প্রশ্নের জন্য যদি উপযুক্ত সময় তারা পান তাহলে তাদের বোধ হয় খুব বেশি ক্ষেত্রে নোটিশ চাইবার প্রয়োজন হবে না। বর্তমানে যে ভাবে চলছে তাতে মন্ত্রীরা এক সঙ্গে অনেকগুলো প্রশ্নের উত্তর যখন দেন তখন কোনওটার ক্ষেত্রেই উপযুক্তভাবে প্রস্তুত হয়ে আসতে পারেন না। সুতরাং বিষয়টাকে এই ভাবে চিন্তা করতে আমি অনুরোধ করছি।

পরিশেষে আমি যেটা বলতে চাই, সুদীপবাবু যা বললেন তাতে তার বক্তব্যের কিছু অংশের সঙ্গে আমি একমত। যিনি প্রশ্ন করেন তিনি অবশ্যই একটা নির্দিষ্ট মনোভাব নিয়ে প্রশ্ন করেন এবং সাপ্লিমেন্টারির জন্য প্রস্তুত হয়ে আসেন। তিনি সরকারের কাছ থেকে কি জানতে চান, মানুষকে কি জানাতে চান—তা কখনই অন্য সদস্যের মাধ্যমে প্রশ্ন উত্থাপনের মধ্যে দিয়ে সম্ভব নয়। কাজেই সুদীপবাবু ঐ বক্তব্য নিশ্চয়ই যুক্তি-যুক্ত। সুতরাং আমিও বিষয়টির প্রতি ঐভাবে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

## RULING FROM CHAIR

**Mr. Speaker :** Dr. Manas Bhunia has raised a question as regards the question hour and those members who are absent today. There have been 12 questions in the list out of which 4 have been called of which 2 have been on second call. 10 members were absent at the time of first calling. Only 2 were present out of 12. It is true what the Hon'ble Member, Shri Saugata Roy says that it has been the past precedence of this House that when certain membrs were absent then another member with the leave of the Chair was allowed to put the question. That preactice has been going on for a considerable period of time also. But it has been my experience that in recent past it has become a more prevalent practice. More members are absent and leave

has been sought from the Chair to put the question of the absent memebrs. I refuse to accept that practice of Parliamentary procedure.

Yes, there may be occasion when due to certain contingency or certain reasons members have been held up. They may not be able to come and convey their difficulties of not being able to come. The Chair may grant permission to another member. But if those exceptions become the rule then what happens ? There are questions which are important. The House lose its dignity and the whole thing becomes a farce. The Question Hour is reduced to a mockery. We know the importance of everything. It is also true that the Hon'ble Minister, Shri Shyamal Chakraborty says that a large number of questions are printed and small numbers are really answered. And in Lok Sabha they have different system where questions are treated in the form of short debate where the supplementary are more elaborate and the answers are more elaborate. But we have a practice in this House where question not answered are laid on the table of the House and are taken as answered. That is why we print a large number of questions so that the members can get facilities of knowing the answer. That is part of day's proceedings. Member can use those answers. That facility is not available in Lok Sabha. It is an added facility. It facilitates the House to know a lot more answers. Then it will be possible for ministers to reply. We have replied thousands of questions through the procedure of the laying on the floor of the House. So no point of going to restrict the facility of laying the answers on the floor of the House. The member can utilise those answers for their debate, for their constituency for making further query. It is an assistance. It is a part of proceedings. The question is, whether the practice which I have now started should be relaxed. The performance is not better. How the question of the relaxation arise. Let us see better performance. Let us see that members are sincere, that they have the interest of people at heart.

[12-10 — 12-20 P.M.]

The press, the media have become all pervasive and all important. The constituencies are becoming less significant. The media has become more powerful. So we should be very cautious for those thing and it has to be controlled. I have been talking for setting up of a State Parliamentary Forum for education for parliamentary members. We are talking of that. Government has agreed to sanction some fund for that also. We are setting it up but that will take some time. We will use expertise of all sides. My question is, in Parliamentary system there are

political parties. It is not the duty for one member to put question on all subjects on all days.

It is a sharing of responsibility in a political system. But you have not worked it out. You have not worked that out. That is your headache—that is not the headache of the parliament. In the Lok Sabha, all the parties worked that out. Each member is given certain department to deal with that. Someone deals with transport, someone deals with Home, someone deals with finance, and someone deals with irrigation. So that member knows on which date he has to be present when the Minister is there in the House. And accordingly he deals with that. There is no problem. But there are other problems. As such it cannot be worked out and members are some time present and some time not present. The members can be present and also cannot be present for multifarious reasons. So we are not going into that. That is the member's own headache. They should solve it themselves. And that member's headache will not be the headache of the parliament. If the political party is sick, let them remain sick. But let not the parliament become sick. Let us keep the parliament healthy. Keep you sickness confined to your own political parties, officers and bedplates. But let us keep the parliamentary system healthy. Let us make the endeavour for the contribution in our own small way. We have to achieve and try so that we can make better attendance. I know we have a lot of problems in West Bengal. We are very poorly paid. There are poor communication facilities in the State and also there are a lot of problems. Members come from a long distance. There is no conveyance to work for the members. No secretarial facilities are available. We are working strainously—there is no doubt. But if we have the sincerity and desire and try to serve the people—then we have to understand and keep in mind that we have come with a commitment. Things should be decided before filing nomination. When we go to file the nomination, then it is presumed that we have decided that we will have to go through these constraints. There is no use of talking of the constraints after we have filed the nomination—we have understood that, and we have taken our responsibility. And our responsibility is to undergo these constraints. Before filing the nomination there is scramble for taking it as to who will be nominated.

After we have filed the nomination—we are talking of the constraints—it is a contradiction. That should not be done. Once you have filed the nomination, when you have undertaken the commitment yourself to go through these constraints. So you have to work it. You have to make your arrangement accordingly.

I hope in future all the members will be responsible and share the burden equally.

Thank you.

## Calling Attention to Matters of Urgent Public Importance :

**Mr. Speaker :** Today, I have received four notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| i) Reported cease-work of deed-writer at different Sub-Registrars' offices in West Bengal for the last two months. | : | Dr. Manas Bhunia |
| ii) Present stalemate in National Library due to agitation of workers. | : | Shri Abdul Mannan |
| iii) Acute scarcity of urea in Nadia and North 24-Parganas districts. | : | Dr. Manas Bhunia, Shri Ajoy De, Shri Bhupendra Nath Seth and Shri Nani Kar |
| iv) Reported murder of a poor 'Khetmajur' at Ramkigram under Moina P.S., in Midnapore district on 4. 3. 1994. | : | Shri Manik Bhowmik |

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Ajoy De. Shri Bhupendra Nath Seth and Shri Nani Kar on the subject of acute scarcity of urea in Nadia and North 24-Parganas districts.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 16th March, 1994.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of Parliamentary Affairs Department will make a statement on the subject of closure in Angus Jute Mill at Champdani of Hooghly district.

(Attention Called by Shri Abdul Mannan on the 9th February, 1994)

[12-20 — 12-30 p.m.]

**Shri Probodh Chandra Sinha :** Mr. Speaker, Sir, with your permission. I rise to make the following statement that M/s. Titaghur P.

L. C. took over M/s. Angus Jute Co. Ltd. along with three other jute mills in 1988. The total number of workmen in the mill is about 5255. Since then, all the mills including Angus Jute Mills are reportedly limping due to severe financial crisis. No new investment has been made since the mill was taken over by the new management. They are defaulters in respect of E. S. I. contribution to the extent of Rs. 314.80 lakhs and P.F. contribution to the extent of Rs. 998.40 lakhs as on 31. 3. 93. The management has not even cleared statutory dues of the retired workers, bonus for several years and earned wages of the workers amounting to Rs. 353.00 lakhs. In addition, the management has failed to pay government dues and other creditors amounting to Rs. 1995.00 lakhs. A large number of workers who attained the age of superannuation have not been retired by the authority due to paucity of funds.

However, the management complained about low productivity of the workers. But the unions, on the other hand, alleged that sufficient inputs including raw jute were not provided and the machinery were not maintained properly. The affairs of the mill turned to the worse on and from 23. 11. 93 when the management failed to supply raw jute for production and also failed to make payment of wages to the workmen. Several meetings were held at different levels on 2. 12. 93, 9. 12. 93 and 22. 12. 93 to sort out the problems. The District Magistrate of Hooghly, also intervened. Its operation restarted on and from 29. 12. 93. But the operation continued upto 19. 1. 94 only. At this point of time one Mr. Cox and one Mr. Whitcomb, stated to be representatives of Mr. R. J. Brealey, Chairman of M/s. Titaghur P. L. C. entered into the mill and took over all financial powers. As a result, Mr. B. G. Birla who was instrumental to re-starting the mill, left and the mill management failed thereafter to supply raw jute. The operation of the mill was again suspended with effect from 20th January, 1994 as per a notice issued by the said Mr. Whitcomb and Mr. Cox. That stalemate is still continuing.

It will not be out of context to state here that M/s. Angus Jute Company Ltd. is a non FERA Indian Rupee Company. A liquidation case was pending before the Hon'ble High Court, Calcutta, as per order of the B.I.F.R. Mr. N. P. Srivastava, Director of the Company, however, was able to save the liquidation by getting an injunction order from the High Court against the liquidation proceedings. Again under an order of Hon'ble High Court which was passed with the consent of the contending parties, namely, AITUC & Others vs Angus Jute Co. Ltd. the management of the factory/mill was entrusted to an Operative

Committee comprising of 14 numbers, 7 of whom to be nominated by the Chairman of the company and the other 7 by the workmen elected or nominated by the Unions. the said order was passed on 2. 9. 91 The aforesaid committee ran the mill prior to 23. 11. 93. As the Unions affiliated to CITU, TUCC, BMS and a fraction of INTUC did not participate in the said committee the Operative Committee never functioned properly.

A series of meetings at tripartite level was held for resolving the impasse, the latest being held on 16.2. 94. The management communicated the terms for resumption of operation of the mill which inter alia included immediate superannuation of 500 workers who would be paid terminal benefits only after the mill becomes viable, running two shifts instead of three shifts a day, 4 days' work in a week and payment of unpaid wages and bonus by instalments only after daily production reaches 95 tonnes. the representatives of all the 16 Unions rejected the package outright. Efforts are continuing for resumption of normal functioning of the mill.

As M/s. Titaghur P. L. C. is a foreign company, the Union Minister for Textiles and the Union Minister for Labour were requested to take appropriate measures at their level also so that normal functioning in the mill is resumed but we are yet to know if any steps have been taken by them to that direction.

## LAYING OF REPORTS

### The 26th Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1992-93

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the 26th Annual Report and Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1992-93

### The Annual Report of the West Bengal Power Development Corporation Limited for the year 1992-93

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Annual Report of the West Bengal Power Development Corporation Limited for the year 1992-93.

### The 33rd Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1990-91

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay The 33rd Annual Report of the West Bengal State Warehousing Corporation for the year 1990-91.

# MENTION CASES

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উলুবেড়িয়ায় অলিতে গলিতে গ্রামে শহরে বেআইনি ভাবে মিনি সিনেমা চলছে, নানা রকম অসামাজিক কাজ চলছে। অশালীন ছবিগুলি দেখিয়ে ছোট ছোট ছাত্র-ছাত্রিদের অসামাজিক কাজে লিপ্ত করা হচ্ছে। কয়েকদিন আগে উলুবেড়িয়া থানার অন্তর্গত ধুলাসিমলা গ্রামের চৌকিদার রঙ্গলাল সর্দ্দারের একটি ১৪ বছরের মেয়ে বিনা সর্দ্দারকে ২৮ বছরের একটি যুবক গোপাল সর্দ্দার নিয়ে পালিয়ে যায়। দু-দিন পরে তারা ধরা পড়লে উলুবেড়িয়া থানার এ. এস. আই তাদের বিয়ে দিয়ে দেয় এবং তারপর তাদের ছেড়ে দেয়। তারপর ওই দু-জন মিনি সিনেমা দেখে তারা দু-জনে একই জায়গায় একই সঙ্গে আত্মহত্যা করেছে। আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবি জানাচ্ছি এই যে মিনি সিনেমায় অশালীন ছবি দেখানো হচ্ছে, এই যে অসামাজিক কাজ চলছে, উলুবেড়িয়ার ছাত্ররা নষ্ট হয়ে যাচ্ছে, অবিলম্বে এই সিনেমা দেখানো বন্ধ করা হোক।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে কারিগরি শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি এখানে আছেন, আশা করি তিনি আমার বক্তব্য শুনে জবাব দেবেন। কাঁথি পলিটেকনিক কলেজ কয়েক দিন ধরে বন্ধ হয়ে আছে, ছাত্ররা ধর্মঘট করেছে। তারা ধর্মঘট এই জন্য করেছে যে তৃতীয় বর্ষের ছাত্রদের এখানে কোনও ল্যাবরেটরি নেই, কাঁথি পলিটেকনিক কলেজের ছাত্ররা ঝাড়গ্রামে গিয়ে প্র্যাকটিকাল করে আসছে। এগ্রিকালচারাল সিলেবাস আছে কিন্তু টিচার নেই। এখানে ছাত্রদের ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। এই কলেজের যে সমস্ত সিলেবাস আছে সেই সমস্ত সিলেবাসে শিক্ষক নিয়োগ করার দাবিতে কয়েক দিন ধরে আন্দোলন করে আসছে, এই আন্দোলনের ফলে কলেজ বন্ধ হয়ে গিয়েছে। এখানে এই বছর ৩৫ জন ছাত্র ভর্তি হয়েছিল, এখন ২৮ জন ক্লাস করছে, বাকি ৭ জন কলেজ ছেড়ে চলে গেছে। এখানে প্রথম বর্ষে যত জন ছাত্র ভর্তি হয়, তৃতীয় বর্ষের ফাইনাল পরীক্ষার সময় দেখা যায় অধিকাংশ ছাত্র কলেজ ছেড়ে চলে গেছে। এই পলিটেকনিক কলেজে যথাযথ ভাবে যাতে সমস্ত সাবজেক্টের টিচার নিয়োগ করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি এবং এখানে যাতে ল্যাবরেটরি চালু করা হয় তার জন্য অনুরোধ জানাচ্ছি। এখানে যে হোস্টেল হবার কথা সেটার অ্যাপ্রুভাল হয়ে গেছে, কিন্তু সেটা এখনও মেস হিসাবে চলছে। এখানে ছাত্ররা চরম দূরবস্থার মধ্যে আছে, তাদের ভবিষ্যত কি হবে তাই নিয়ে তারা দিশেহারা। এখানে মন্ত্রী মহাশয় আছেন, এই ব্যাপারে তিনি কি ব্যবস্থা নিচ্ছেন সেটা হাউসে জানান, আমি আশা করছি এই দূরবস্থা দূরীকরণের ব্যাপারে তিনি কিছু বলবেন।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র ডোমজুড় এবং বালি থানা দুটি ন্যাশনাল হাইওয়ে সংযোগস্থল আছে, এই দুটি এন. এইচ হল এন. এইচ-২ দিল্লি রোড এবং আর একটি হল এন. এইচ-৬ বম্বে রোড। এই দুটি রাস্তার উপর একটা ব্রিজ আছে এবং এই ব্রিজের নিচে দিয়ে সি. সি. আর. ট্রেন যাতায়াত করে। এই ব্রিজের উপর সমস্ত পিচ উঠে গিয়েছে। মাঝে মাঝে গর্ত তৈরি হয়ে এমন অবস্থার সৃষ্টি হয়েছে অবিলম্বে যদি এটাকে সংস্কার করা না যায় তাহলে একটা সাংঘাতিক বিপর্যয় ঘটতে পারে। সি. পি.

ডবলু. ডি. এখানকার কাজ করে। এই কাজ যাতে দ্রুত সম্পন্ন হয় তার জন্য আমি আপনার মাধ্যমে দাবি জানাচ্ছি।

[12-30 — 12-40 P.M.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভায় বলতে চাইছি। বিষয়টি হচ্ছে এই যে, বেশ কয়েকদিন আগে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে—গ্রামেগঞ্জে কেরোসিন তেলের যে কোটা দেওয়া হচ্ছে তার থেকে শহরের কোটাটা অনেক বেশি। আপনি জানেন, শহরে তবু বিদ্যুত আছে, কিন্তু বহু গ্রামে বিদ্যুত নেই। একই প্রসঙ্গে অনেক সদস্য বলেছেন, সামনে মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষা। বহু ছাত্র গ্রামে থাকে। গ্রামে কেরোসিন তেলের সংকট চলছে। শহরাঞ্চলের কোটা থেকে গ্রামাঞ্চলে দিলে গ্রামাঞ্চলের ছাত্রদের উপকার হত। আমরা ডি. এম.-এর সঙ্গে দেখা করে গ্রামাঞ্চলের কোটা বাড়িয়ে দেবার জন্য বললে উনি পরিষ্কার বলেছেন যে কোটা যা আছে তাই-ই থাকবে, বর্দ্ধিত কোটা পৌর এলাকায় দেওয়া হবে। আসন্ন পরীক্ষার কথা মনে রেখে এবং গ্রামাঞ্চলে কেরোসিন তেলের সংকটের কথা মনে রেখে গ্রামাঞ্চলের কোটা বাড়িয়ে দেবার জন্য আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি, যাতে গ্রামাঞ্চলের মানুষ নির্বিঘ্নে দিন যাপন করতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যে ১৪০০ সাল চলছে। আমাদের একটা নতুন গর্ব যে আমাদের রাজ্য পরিদর্শনের জন্য দেশের বিভিন্ন প্রান্ত থেকে বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীরা, কেন্দ্রীয় মন্ত্রীরা, এমনকি বিভিন্ন রাজনৈতিক দলের সর্বভারতীয় নেতারা আসছেন। তারা আসুন, তাদের জন্য আমাদের রাজ্যের দরজা খোলা আছে, আমরা আনন্দিত। কিন্তু আমাদের দুঃখ হচ্ছে যখন তারা এখানে এসে যেসব মন্তব্য করছেন। তাতে গোটা রাজ্যবাসীকে অপমান করা হচ্ছে। আমরা এবং যেসব বিধায়ক এখানে হাজির আছেন সবাই নিশ্চয়ই লক্ষ্য করেছেন যে এমন কটাক্ষ ও এমন অসত্য কথা বলা হয়েছে, যেমন, এই রাজ্যের জন্য ৪,৩৩১ কোটি টাকা বরাদ্দ আছে, একজন মুখ্যমন্ত্রী বলে দিলেন যে ১,৬০০ কোটি টাকা ব্যয়িত হয়নি। রাজ্য শিক্ষাখাতে যে ব্যয় হয়, সে সম্পর্কেও বিরূপ মন্তব্য করলেন। একজন মুখ্যমন্ত্রী এসে বললেন যে এখানে ওয়ার্ক কালচার নেই। আমি বিনীতভাবে বলতে চাই, এই রাজ্যের প্রতি যারা বিরূপ মন্তব্য করছেন, এই বিধানসভার কয়েকজন সদস্য উপস্থিত ছিলেন, জাতীয় সংহতি যাত্রায় এই রকম বিরূপ মন্তব্য কি করে করা হয়? আমরা দেখেছি যে একটা রাজ্যের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর সাথে ওয়ার্ল্ড ট্রেড কনফারেন্সে সুইজারল্যান্ডের দাভোসে গিয়েছিলেন। তিনি কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন। তিনি সেখানে কি কারণে গিয়েছিলেন তা জানি না। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর সাথে বিদেশে যান। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীর সাথে কখনও বিদেশে যান নি। যে রাজ্যের বস্ত্রশিল্প শ্মশানে পরিণত হয়েছে, যে রাজ্যের মধ্যে হর্ষদকে পাওয়া যায়, যে রাজ্যে বিস্ফোরণ হয়েছে, যে রাজ্যে একটার পর একটা ঘটনা ঘটছে, সেই রাজ্যের মুখ্যমন্ত্রী এই ধরনের মন্তব্য কি করে করেন? পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা, দীর্ঘদিন ধরে মাসুলনীতি প্রত্যাহার না করার জন্য এই রাজ্যে যে অবস্থা সৃষ্টি

হয়েছে, এই সম্পর্কে আমরা সবাই মিলে এই ধরনের মন্তব্য ও কটাক্ষের বিরুদ্ধে প্রতিবাদ করব কিনা 'এটা বোঝা দরকার। এর বিরুদ্ধে প্রতিবাদ না করলে কেউ ক্ষমা করবে না। আমাদের পশ্চিমবাংলার প্রতি এই রকম বিরূপ মন্তব্য করার ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, শরদ পাওয়ার পশ্চিমবঙ্গ সফরে এসে এই রাজ্যের সরকারের পুরো চেহারাটা তুলে ধরেছেন এবং হাটে হাঁড়ি ভেঙে দেওয়ার মতো অবস্থা হয়েছে এর ফলে। গোটা রাজ্যে শিল্প বিনিয়োগের ক্ষেত্রে কতখানি দেউলিয়া অবস্থা এবং অন্ধকারাচ্ছন্ন হয়ে আছে তা শরদ পাওয়ার চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছেন। বম্বেতে বোমা বিস্ফোরণের ১ বছর যেতে না যেতেই বিদেশি পুঁজি এবং দেশিপুঁজির মাধ্যমে শিল্পে বিনিয়োগ হচ্ছে। এক বছরে ৪ হাজার কোটি টাকা শিল্পে বিনিয়োগ হয়েছে। কেন্দ্রীয় মন্ত্রী সালভে বলেছেন যে, এই রাজ্যে ওয়ার্ক কালচার নেই। এখানে কাজের পরিবেশ নষ্ট হয়ে গেছে। ওয়ার্ক কালচার যে নষ্ট হয়ে গেছে এটা সর্বজনবিদিত। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে কোথাও কোথাও গিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন যে, এখানে কাজের পরিবেশ যেটা আমি চেয়েছিলাম সেটা ঠিক দেখতে পাচ্ছি না। মহারাষ্ট্রে প্ল্যান আউটলে ৪ হাজার ৮০০ কোটি টাকা, সেটা বেড়ে ৬ হাজার কোটি টাকায় পৌঁছে যাবে। সেখানে আমাদের এখানে প্ল্যান আউটলে হাউসে ঘোষণা করেছেন ১,৫০০ থেকে ১,৬০০ এবং অলটারনেটিভ ইমপ্লিমেন্টেশন ৮০০ থেকে ৯০০ কোটি টাকা। সম্পদ সংগ্রহ, রিসোর্স মোবিলাইজেশন একেবারে হচ্ছে না। রাজ্যের অগ্রগতি একেবারে স্তব্ধ হয়ে গেছে। মহারাষ্ট্রে গিয়ে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তালিম নিয়ে আসুন। মুখ্যমন্ত্রী তো প্রায়ই বিদেশে যান এন. আর. আই. ধরে আনতে। আমি বলি, উনি বিদেশে না গিয়ে মহারাষ্ট্রে গিয়ে ১ মাস বসে থাকুন, সেখানকার শিল্পের ক্ষেত্রে কি কি সিদ্ধান্ত নিয়েছে সেসব দেখুন। সেখান তেকে শিক্ষানবিশ হয়ে তালিম দিয়ে পশ্চিমবঙ্গে আসুন, তাতে রাজ্যের উপকার হবে এবং অর্থমন্ত্রীকেও পাল্টা বিবৃতি দিতে হবে না।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রেশন দোকানের মাধ্যমে যে কেরোসিন বন্টন ব্যবস্থা তা শহরাঞ্চলে এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রে যে পার্থক্য, তা কংগ্রেস আমলে যা ছিল এখনও তাই আছে। এই বৈষম্যতা দূর হয়নি। শহরাঞ্চলে এক লিটার করে কেরোসিন দেওয়া হয় এবং গ্রামাঞ্চলে হাফ লিটার করে কেরোসিন তেল দেওয়া হয়। অথচ শহরাঞ্চলে বিদ্যুত এবং জ্বালানি হিসাবে গ্যাস আছে। সেখানে গ্রামাঞ্চলে বিদ্যুতও নেই, গ্যাসও নেই, গ্রামাঞ্চলে তবু হাফ লিটার করে কেরোসিন দেওয়া হয়। এই বৈষম্যতা যাতে দূর হয় তার ব্যবস্থা করুন।

[12-00 — 12-50 p.m.]

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে গ্রন্থাগার মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের রাজ্যের একজন গ্রন্থাগার বিভাগের মন্ত্রী আছেন, কলকাতার বাইরে হাওড়া ডিস্ট্রিক্ট লাইব্রেরি আছে সেটা দয়া করে একবার গিয়ে পরিদর্শন করে আসুন। এই ডিস্ট্রিক্ট লাইব্রেরির বাইরের অবস্থাও খারাপ এবং ভেতরের অবস্থা আরও খারাপ। বাইরে জল কাদায় ভর্তি এবং ভেতরে অন্ধকারে পরিপূর্ণ। এরফলে কেউ

ওখানে পড়তে যায় না। ডিস্ট্রিক্ট লাইব্রেরিয়ান বসে থাকেন আর পড়ুয়াদের ডাকেন যাতে তারা ওখানে গিয়ে পড়ে। আজকে ১৭ বছর হয়ে গেল ওই ডিস্ট্রিক্ট লাইব্রেরির উন্নতির কোনও চেষ্টা হল না। কলকাতার পাশে হাওড়া ডিস্ট্রিক্ট লাইব্রেরিতে গিয়ে একবার নিজে মাননীয় মন্ত্রী দেখে আসুন এবং এর উন্নতি করার চেষ্টা করুন। এই আবেদন আমি আপনার মাধ্যমে মাননীয় গ্রন্থাগার মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অভিনব ও চাঞ্চল্যকর ঘটনা এখানে উপস্থিত করছি এবং বিষয়টি বিভাগীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় কংগ্রেসের প্রাক্তন কেন্দ্রীয় এবং রাজ্য মন্ত্রীর পরোক্ষ মদতে, প্রাক্তন বিধায়কের প্রত্যক্ষ মদতে, কংগ্রেসের একজন গ্রাম প্রধান যুক্ত থেকে নোট ছাপানোর একটা জাল কারখানা চালাচ্ছেন দীর্ঘদিন ধরে। আমি এই হাউসে বলেছিলাম, নামও দিয়েছিলাম, [**] তাদেরকে জানেন, তারা ধরাও পড়েছেন ২।৩ তারিখে। তারা এই ভাবে লোককে ঠকাচ্ছেন, ১ হাজার টাকা দিলে ২ হাজার টাকা পাবেন, এই ভাবে ঠকাচ্ছেন, তারা একটা বিকল্প রাষ্ট্র ব্যবস্থা, বিকল্প পুলিশ সমস্ত কিছুই রেখেছেন। আমি বলছি আসল যারা দোষী তারা ধরা পড়েনি, কয়েকজন নকল দোষী ধরা পড়েছেন। এই চক্রটি আন্তঃরাজ্য চক্রে পরিণত হয়েছে। সেইজন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বিষয়টি দেখার জন্য।

**মিঃ স্পিকার ঃ** মানসবাবুর নাম বাদ যাবে।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমরা জানি আইন পাস হয় কোনও স্বার্থে, কিন্তু আমরা পশ্চিমবাংলায় দেখছি জনস্বার্থে একটি আইন পাস হয়েছে ফুড ডিপার্টমেন্ট থেকে। আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আর্কষণ করছি আইন যেটা করেছেন সেটা হচ্ছে দি ওয়েস্ট বেঙ্গল এসেন্সিয়াল কমোডিটিস রেসট্রিকশন অন মুভমেন্ট অ্যান্ড স্টোরেজ, ইন্টারন্যাশনাল বর্ডার। ইন্টার ন্যাশনাল বর্ডারের আবার ডেফিনেশন দেওয়া হয়েছে। বর্ডার থেকে ৮ কি. মি. মধ্যে কোও মানুষ যারাই বসতি করুক ৮ কি. মি. মানে ৫ মাইল, ৫ মাইলের মধ্যে যারা বসবাস করে তারা ১ কে. জি. লবণ, ১০ কে. জি. গম, ১০ কে. জি চাল, গুড় সমস্ত কিছুর উপর রেস্ট্রিকশন আছে ; সাড়ে ৭ লক্ষ মানুষ আমার কনস্টিটিউয়েন্সির বনগাঁ মহকুমায় বাস করে, সমস্ত সীমান্ত এলাকা, এখন ৮ কি. মি. যদি রেস্ট্রিকশন হয় এবং বনগাঁ, গাইঘাটা, বাগদা, বসিরহাট সমস্ত এলাকার মানুষকে তাহলে আপনারা দয়া করে তুলে নিন। ওখানকার মানুষরা একসাথে কোনও জিনিস কিনে নিয়ে যেতে পারছে না। অতিরিক্ত নিয়ে গেলে তাদেরকে পুলিশ আর বি. এস. এফ. ধরে হাজতে পাঠাচ্ছে। হয় আপনারা এদেরকে তুলে নিয়ে আসুন, না হলে যে আইনটা চালু হয়েছে, এই আইনটা বাতিল করা হোক, এই আইনের কাগজপত্র স্পিকার মহাশয় আপনার কাছে আমি জমা দিচ্ছি, বিষয়টি নিয়ে অবিলম্বে দেখা দরকার।

**শ্রী সৌমিন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার শহরের প্রাণকেন্দ্র উত্তরবঙ্গের ক্ষত্রিয় সমাজ-এর বিশিষ্ট

Note ** Expunged as ordered by the Chair.

অগ্রদূত এবং সমাজ সংস্কারক রায় সাহেব পঞ্চানন বর্মা এবং নেতাজী সুভাষ চন্দ্র বসুর মূর্তি স্থাপনের জন্য আবেদন করছি। পঞ্চানন বর্মা উত্তরবঙ্গের যে ক্ষত্রিয় সমাজ, সেই সমাজকে অন্ধকার থেকে আলোর দিকে নিয়ে আসার ব্যাপারে দিক নির্দেশ করেছিলেন, সেই পঞ্চানন বর্মার নামে কলকাতা শহরের যে কোনও একটি রাস্তাকে ঠাকুর পঞ্চানন এর নামে নামাঙ্কিত করার জন্য পূর্ত বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এবং কুচবিহার শহরে নেতাজী সুভাষচন্দ্র বসুর মূর্তি স্থাপনের জন্যও পূর্ত বিভাগে-র প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসকে অবগত করতে চাই যে, রাজ্য সরকার পরিচালিত একটি সংস্থা কৃষ্ণা সেলিকেট গ্লাস ওয়ার্কস তার অবস্থা কি দাঁড়িয়েছে। ১৯৭০ সালে এটি প্রাইভেট সেক্টরের হাতে ছিল। তৎকালিন কংগ্রেস সরকার এটাকে অধিগ্রহণ করেন এবং তখন থেকে এটি সরকারি সংস্থা হয়। ১৯৯১ সালের জুন মাস থেকে এই কারখানার উৎপাদন বন্ধ হয়ে গেছে। এর দুটি কারখানা রয়েছে, একটি হচ্ছে যাদবপুরে, সেখানে ৪৮৫ জন কাজ করছে, আর একটি হচ্ছে বারুইপুরে, সেখানে ২২৩ জন কর্মচারী আছে, যার মধ্যে দৈনিক কর্মী আছে ২৫ জন এবং হেড অফিসে আছে ২৬ জন কর্মী। সেই সমস্ত কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ড এবং ই. এস. আইয়ের টাকা বাকি পড়ে আছে। হেড অফিসে দু'জন করে অফিসার আছেন এবং তাদের আট হাজার টাকা করে বেতন দেওয়া হচ্ছে। ১০ লক্ষ ৫০ হাজার টাকা করে সেখানে মাসে মাইনে দিতে লাগে এবং বর্তমানে সেখানে এখন উৎপাদন বন্ধ। কারখানার ব্যাপারে কোনও রকম চূড়ান্ত সিদ্ধান্ত না নিয়ে শ্রমিকদের কাছ থেকে প্রভিডেন্ট ফান্ডের টাকা কাটা হচ্ছে এবং সেই টাকা জমা দেওয়া হচ্ছে না। কৃষ্ণা গ্লাসের অনেক শ্রমিকের বয়স হয়ে গেছে, তাদের কেউ কেউ অবসরও নিয়েছে, কিন্তু তারা প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছে না। রাজ্য সরকার পরিচালনাধীন একটি সংস্থার উৎপাদন বন্ধ করে, তার মডার্নাইজেশনের কোনও রকম চেষ্টা না করে, শ্রমিকদের পাওনা টাকা না মিটিয়ে, শ্রমিকদের শুধু বসিয়ে মাইনে দেওয়া হচ্ছে এবং রাজ্যের উৎপাদন ব্যাহত হচ্ছে। আমি রুগ্ন শিল্পমন্ত্রী পতিতপাবন পাঠক মহাশয়কে অনুরোধ জানাচ্ছি এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমানে আই. পি. পি. ফোর প্রকল্পে নির্মিত ময়নামপুর এবং বোহার রুর‍্যাল গ্রামীণ হাসপাতালের ভবনটি তিন বছর ধরে তৈরি হয়ে পড়ে আছে, কিন্তু এখনও চালু হয়নি এবং চালু না হওয়ার ফলে হাসপাতালের বাড়িটি ভূতুড়ে বাড়িতে পরিণত হয়েছে। বাড়িটির দরজা, জানালাও সব নষ্ট হয়ে যাচ্ছে। হাসপাতালটি তৈরি হল, কিন্তু এখনও চালু হল না, এইজন্য সেখানকার মানুষের মনে অসন্তোষ বাড়ছে। এইজন্য আমি বিভাগীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব, অবিলম্বে হাসপাতাল দুটিকে চালু করার ব্যবস্থা নেওয়া হোক।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী বীরেন ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী ক্ষেত্রের মধ্যে এস. টি. কে.

কে. রোড যা কালনা-কাটোয়া রোড নামে পরিচিত তা অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি রোড। এই রোডের মধ্যে কৃষ্ণদেবপুর থেকে নানদাই পর্যন্ত বিস্তৃর্ণ অঞ্চল ভেঙ্গে গিয়েছে। প্রতিদিন এখান দিয়ে অসংখ্য এক্সপ্রেস বাস এবং দূরপাল্লার বাস যাতায়াত করে এবং প্রতিদিনই কোনও না কোনও অ্যাক্সিডেন্ট হয়। কিছুদিন আগে মাননীয় মন্ত্রী মহাশয় ঐ রাস্তাটি পরিদর্শনে গিয়েছিলেন এবং রাস্তার অবস্থা দেখে তা মেরামত করার প্রতিশ্রুতিও দিয়েছিলেন কিন্তু আজ পর্যন্ত ঐ রাস্তাটি মেরামত না হওয়ায় জনগণ চরম দুর্দশার মধ্যে পড়েছেন। আসন্ন বর্ষার আগে ঐ রাস্তাটির মেরামত না হলে ওখান দিয়ে যানবাহন চলাচল বন্ধ হয়ে যাবে। অবিলম্বে তাই রাস্তাটির সংস্কার করার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী কেন্দ্র কালিগঞ্জের মাটিয়াড়ি গ্রামে একটি অত্যন্ত বর্ধিষ্ণু গ্রাম এবং মাটিয়াড়ি গ্রামের কাঁসা শিল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ কুটির শিল্প। এই মাটিয়াড়ি গ্রামটি ভাগীরথী নদীর তীরে অবস্থিত। নদীর ভাঙ্গনে আজ এই মাটিয়াড়ি গ্রাম যা কাঁসা শিল্পে প্রকৃতই সমৃদ্ধ তা বিধ্বস্ত হতে বসেছে এবং এখানকার হায়ার সেকেন্ডারি স্কুলটিও ভাঙ্গনের মুখে। মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি এ বিষয় আকৃষ্ট করে বলছি যে অবিলম্বে এই ভাগীরথীর ভাঙ্গন বন্ধ করার ব্যবস্থা করে এই মাটিয়াড়ি গ্রামকে রক্ষা করতে হবে এবং এখানকার কাঁসা শিল্পকে বাঁচাতে হবে।

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী ও মাননীয় শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, সমুদ্র উপকূলবর্তী দাদনপাত্রবাড়ে পশ্চিমবঙ্গের বৃহত্তর লবণ তৈরির কারখানাটি অবস্থিত এবং এর সাথে ডাঃ বি. সি. রায়, পি. সি. রায়ের নাম জড়িত আছে। আজ এই কারখানাটি অত্যন্ত সংকটের মুখে পড়েছে। একদা এই লাভজনক সংস্থাটি এমন পরিস্থিতিতে এসেছে যে মালিকপক্ষ ইলেক্ট্রিক বিলের টাকা জমা না দেওয়ায় সেখানে ইলেক্ট্রিকের লাইন কেটে দেওয়া হয়েছে। ডিজেল ইঞ্জিন দিয়ে সেখানে কাজ হচ্ছে। সবচেয়ে বড় কথা যে পি. এফের লক্ষ লক্ষ টাকা সেখান থেকে জমা পড়ে নি। শ্রমিকরা লোন ইত্যাদি পাওয়ার ব্যাপারে খুবই অসুবিধার মধ্যে পড়েছেন। কেউ হয়ত মেয়ের বিয়ের জন্য লোনের দরখাস্ত করে বসে আছেন কিন্তু বছরের পর বছর সেটা পড়ে থাকছে। রাইটার্স বিল্ডিং-এর রোটান্ডায় আগে একটা মিটিং হয়েছিল তারপর গত ২০. ১. ৯৪. তারিখে এই কারখানার সমস্যা নিয়ে জয়েন্ট লেবার কমিশনের উপস্থিতিতে একটি ত্রিপাক্ষিক বৈঠক হয় কিন্তু মালিকপক্ষ ঐ বৈঠকে যেসব রেজলিউশন নেওয়া হয়েছিল সেটা মানেন নি। তারপর মার্চের এক থেকে ৬ তারিখ পর্যন্ত অধিকাংশ শ্রমিক সেখানে বিক্ষোভ দেখান এবং কাজকর্ম অচল হয়ে পড়ে। ৬ তারিখে কন্টাই-এর এস. ডি. ও. আমরা এবং শ্রমিকপক্ষ মিলে সেখানে ত্রিপাক্ষিক বৈঠক হয় এবং সিদ্ধান্ত হয় যে একে মডার্নাইজেশন করতে হবে এবং ২০ তারিখের সিদ্ধান্তগুলি কার্যকর করতে হবে। এবং মালিক পক্ষ মডার্নাইজেশন করা তো দূরের কথা, ঐ লবণ কারখানা ১৬ শত একর নিয়ে অবস্থিত, কিন্তু তার মধ্যে ৩০০ একর জায়গায় বর্তমানে লবণ চাষ করা হচ্ছে। মালিকের নজর কিন্তু মাছ চাষের দিকে। সুতরাং লবণ কারখানাটা যাতে ভাল ভাবে গড়ে উঠে, তার ব্যবস্থা করার জন্য শিল্পমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। শ্রমিক, মালিক, এদের একসঙ্গে বসিয়ে

আলোচনা করে কারখানাটা যাতে ভাল ভাবে চালানো যায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রত্যেক বছরই বাজেটে স্টেট প্ল্যানে বিভিন্ন ডিস্ট্রিক্টে যে জেলা উন্নয়ন সংস্থা আছে, সেই জেলা উন্নয়নের জন্য কিছু কিছু বরাদ্দ হয়ে থাকে। বিশেষ করে নদীয়া জেলা সহ সব জেলাতেই ৯০-৯১, ৯১-৯২, ৯২-৯৩ এই তিন বছর ধরে কোনও অর্থ আসছে না। অথচ প্রত্যেক বছর বিভিন্ন পৌরসভা এবং পঞ্চায়েত সমিতিকে সেখানকার শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবস, জেনারেল কাস্ট এই সমস্ত বেনিফিশিয়ারিরা যাতে উপকৃত হয় তার জন্য একটা প্রপোজাল পাঠাতে বলা হচ্ছে, প্রত্যেকের কাছ থেকেই প্রপোজাল আসছে, প্রচুর অর্থ ব্যয় করে বই ছাপানো হচ্ছে গত তিন বছর ধরে, কমিটি করা হচ্ছে কিন্তু কোনও টাকা পাঠানো হচ্ছে না গত তিন বছর ধরে হয়ে রয়েছে। অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আগামী বাজেটেও এই কায়দায় এই জিনিস হবে। তার জন্য আমরা আশঙ্কিত যে বিভিন্ন শিল্পাঞ্চল গ্রামাঞ্চলের কাজগুলো যেমন বন্ধ হয়ে আছে, ৯০-৯১ সাল থেকে ৯৩-৯৪ সাল পর্যন্ত সেই রকম যেন না হয়। এক গাদা টাকা খরচ করে কমিটি করা হয়েছে, বুকলেট ছাপানো হয়েছে, কিন্তু কোনও কাজ হচ্ছে না।

**শ্রী হৃষিকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় ভূমি ও ভূমি-রাজস্ব মন্ত্রীর একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ধান কাটার সময় বা চাষের সময় কৃষকদের নানাবিধ গোলমাল হয়। এই গোলমালগুলো অতি দ্রুত সমাধান করার জন্য প্রশাসনিক একটা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, পাঁচ জনকে নিয়ে কমিটি করা হয়েছে, ফাইভ মেন কমিটি। এবং সেই কমিটিতে বিধায়করা নেই। বিধায়কদের বিশেষ আমন্ত্রিত হিসাবে ডাকা হয়। আমি প্রস্তাব করছি বিশেষ আমন্ত্রিত নয়, বিধায়কদের ঐ কমিটিতে সভ্য করে নেওয়া হোক এই আমার প্রস্তাব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় মাননীয় শিক্ষামন্ত্রী তথা মন্ত্রী সভার দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে, আপনি জানেন, আপনার এলাকাতেও আছে, সারা পশ্চিমবাংলায় কয়েকশো সংগঠিত স্কুল আছে। গত ১৬/১৭ বছর-এর বেশি সময় ধরে সেই সব সংগঠিত বিদ্যালয়ে সংগঠিত শিক্ষকরা কাজ করছেন। ৭০ দশকের প্রথম থেকে সারা পশ্চিমবাংলায় সংগঠিত শিক্ষকরা বিনা পারিশ্রমিকে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া শেখাচ্ছেন। তাদের বাদ দিয়ে প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে তাদের অগ্রাধিকার না দিয়ে নতুন শিক্ষক নিয়োগ করা হচ্ছে, ক্যাডারদের নিয়োগ করা হচ্ছে। হাইকোর্টে এই সম্পর্কে যে রায় বেরিয়েছিল, তার বিরুদ্ধে সরকার সুপ্রিম কোর্টে গেছেন এবং এই সব সংগঠিত শিক্ষকদের নিয়োগ করা হচ্ছে না। পশ্চিমবঙ্গ সরকার রাজনৈতিক উদ্দেশ্যে, রাজনৈতিক ভাবে ক্যাডারদের, নিজেদের দলের লোকেদের অ্যাপয়েন্টমেন্ট দেবার জন্য সেই সমস্ত সংগঠিত শিক্ষকদের বঞ্চিত করে ক্যাডারদের অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন।

[1-00 — 1-10 p.m.]

আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি অন্তত মানবিক কারণে ঐ সমস্ত সংগঠক শিক্ষকদের—গত প্রায় ২০ বছর ধরে, ১৭ বছরেরও বেশি সময় ধরে বিনা পারিশ্রমিকে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া শেখাচ্ছে—আদালতের রায় মেনে নিয়ে শিক্ষক পদে নিয়োগ করুন।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পুরুলিয়া জেলার একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার এবং মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পুরুলিয়া জেলা একটি অবহেলিত জেলা এবং সম্পূর্ণভাবে কৃষির ওপর নির্ভরশীল। আমাদের পুরুলিয়া জেলায় কোন কল-কারখানা নেই। ১৯৭৯ সালে পুরুলিয়া জেলায় সেচ দপ্তর থেকে কয়েকটি সেচ প্রকল্পের কাজ শুরু হয়েছিল, কিন্তু সেগুলি আজ পর্যন্ত কমপ্লিট হয় নি। ফলে ওখানকার চাষিরা সেচের যে সুবিধা ইতিমধ্যে লাভ করতে পারত তা থেকে তারা বঞ্চিত হচ্ছে। বিশেষ করে আমার বিধানসভা এলাকার মধ্যে কাড়রু, কয়রাবেড়া, রাজাবাঁধ এবং হোড়ায় সেচ প্রকল্পগুলি বিগত ১৩/১৪ বছর আগে মঞ্জুর হয়ে নির্মাণ কাজ শুরু হয়েছিল, কিন্তু এখন পর্যন্ত সম্পূর্ণ হয়নি। তাই আমি আপনার মাধ্যমে সেচ মন্ত্রী তথা সেচ দপ্তরকে অনুরোধ করছি ঐ প্রকল্পগুলির কাজ তাড়াতাড়ি শেষ করা হোক। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী মানিক ভৌমিক ঃ** স্যার, আপনার মাধ্যমে আমি আমার এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী এলাকার ময়না থানায় বাঁকি গ্রামে গত ৪ তারিখ রাত্রে অশোক মুনিম নামে একজন দুঃস্থ ক্ষেত-মজুর নৃশংস ভাবে খুন হয়। খবর পেয়েই আমি ঘটনাস্থলে ছুটে গিয়েছিলাম। ঘটনাটিতে কোনও রাজনৈতিক ব্যাপার ছিল না। দল-মত নির্বিশেষে এলাকার মানুষদের সঙ্গে আমি কথা বলেছিলাম এবং আমরা পুলিশের কাছে দাবি করেছিলাম—অবিলম্বে দোষিকে গ্রেপ্তার করা হোক এবং যথাযথ তদন্ত করা হোক। কিন্তু অত্যন্ত আশ্চর্য্যের ব্যাপার গত ৫ তারিখ রাজ্যের প্রধান শাসক দলের মুখপত্র 'গণশক্তি'-র প্রথম পাতাতেই দেখলাম লেখা হয়েছে যে, ময়নায় তাদের পার্টি কর্মী খুন হয়েছে এবং কংগ্রেসিরা খুন করেছে। স্যার, যখন একদম প্রাথমিক স্তরে তদন্ত চলছে তখন শাসক দলের মুখপত্র সেই তদন্তকে প্রভাবিত করার জন্য এই রকম একটা মন্তব্যের মধ্যে দিয়ে প্রকৃত দোষিকে শুধু আড়াল করতে চাইছে, তা নয়, সাথে সাথে মিথ্যার আশ্রয় নিয়ে নিজেদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করার চেষ্টা করছে। নিরীহ কংগ্রেস কর্মীদের ওপর পুলিশি জুলুম এবং অত্যাচার চালান হচ্ছে। কংগ্রেস খুনের রাজনীতিতে বিশ্বাস করে না। যারা খুন করেছে তাদের রাজনৈতিক দিক দিয়ে আড়াল করার জন্যই আজকে আলিমুদ্দিন স্ট্রিট থেকে চেষ্টা চালানো হচ্ছে। অবিলম্বে ঐ খুনের ঘটনার তদন্ত করে দোষিকে দৃষ্টান্তমূলক শাস্তি দেবার জন্য আমি বিষয়টির প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী মানিকচন্দ্র মণ্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি নিশ্চয়ই অবগত

আছেন যে, বীরভূম জেলায় কুয়ে নদীর ডানদিকের বাঁধ সংস্কারের কাজ শুরু হয়েছে। কিন্তু দীর্ঘদিন ধরে সংস্কারের অভাবে বামদিকের বাঁধও দুর্বল হয়ে পড়েছে। অথচ তা সংস্কারের কাজ শুরু হয় নি। ফলে বাঁদিকের গ্রামগুলিতে নতুন করে বন্যার আশংকা দেখা দিয়েছে। এই অবস্থায় আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি যে, অবিলম্বে ওখানে বাঁ তীরবর্তী বাঁধ সংস্কারের পরিকল্পনা গ্রহণ করা হোক এবং তা দ্রুত কার্যকর করার ব্যবস্থা করা হোক। এর সাথে সাথে আমি মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ করছি দীর্ঘ প্রতিক্ষীত কান্দী মাস্টার প্ল্যান গ্রহণ করে বন্যা নিয়ন্ত্রণের জন্য তার কাজও দ্রুততার সাথে কার্যকর করা হোক। এই দুটি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অত্যন্ত দুর্ভাগ্যজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে মেদিনীপুর জেলার ডেবরা এবং নন্দীগ্রামে। আজকে ডেবরা থানার সামনে হাজার হাজার অত্যাচারিত কংগ্রেস কর্মী এবং নিরীহ গ্রামবাসীরা থানার সামনে বিচার চাইতে জড়ো হয়েছে ডেপুটেশন দিতে। গত ২৩ ফেব্রুয়ারি, ১০ ফাল্গুন ঝাড়খন্ড পার্টির মিটিং ছিল। দুর্ভাগ্যের বিষয়, পুলিশ এবং সি.পি.এম দল পরিকল্পনা মাফিক সেই ঝাড়খন্ড পার্টির (ডেবরায়) মিটিং বানচাল করার জন্য রাস্তার মাড়ে মোড়ে কোনও পুলিশ, কোনও জায়গায় সি.পি.এমের লোকদের জড়ো করে সেই মিটিং বানচাল করতে যায় এবং তারই অবশ্যম্ভাবি ফল হিসাবে সংঘর্ষ বাধে। এর ফলে বেশ কিছু মানুষ হতাহত হয়। পুলিশ এবং সি. পি. এম সেখানে যৌথভাবে সন্ত্রাস সৃষ্টি করে নিরীহ ৫০ জন কংগ্রেসি কর্মীকে গ্রেপ্তার করেছে। পুলিশ সেখানে রেড করার নাম করে মহিলাদের হাত থেকে চুড়ি খুলেছে, কানের দুল খুলে নিয়েছে এবং গর্ভবতী মায়েদের পেটে লাথি মেরে অত্যাচার করেছে। এইভাবে পুলিশ এবং সি. পি. এম যৌথভাবে সাধারণ মানুষ এবং কংগ্রেস কর্মীদের উপর অত্যাচার করেছে। ১০টি বাড়ি পুড়িয়ে দিয়েছে, ৮টি লাইসেন্সপ্রাপ্ত বন্দুক সিজ্ করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একইভাবে মেদিনীপুর জেলার নন্দীগ্রামে—রায়নগর গ্রামে ১২টি বাড়ি পুড়িয়ে দিয়েছে, গরু-বাছুর পুড়িয়েছে সি. পি. এমের এই জল্লাদবাহিনী। পঞ্চায়েত মন্ত্রী সূর্য্যকান্ত মিশ্র ১৭ই মার্চ যেদিন বাজেট পেশ হবে সেদিন তিনি ডেবরাতে মিটিং করতে যাচ্ছেন। আমি আপনার মাধ্যমে এই সভাকে জানাতে চাই, ডেবরাতে দক্ষযজ্ঞ বেঁধে গেছে। হাজার হাজার কংগ্রেস কর্মী এই মার্কসবাদি কমিউনিস্ট পার্টির জন্য ভীষণভাবে উদ্বিগ্ন। সারা মেদিনীপুর জেলায় আগুন জ্বালানোর নেতৃত্ব দিচ্ছেন এই পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র। আমি আপনার মাধ্যমে ডেবরাতে আবেদন জানাচ্ছি, এই জল্লাদ বাহিনীর নেতাকে অবিলম্বে গ্রেপ্তার করুন। সারা মেদিনীপুরের ডেবরা এবং নন্দীগ্রামে সর্বত্র এই সূর্যকান্ত মিশ্রের নেতৃত্বে আজকে আগুন জ্বলছে, অত্যাচার হচ্ছে, কংগ্রেস কর্মীদের উপর নির্যাতন করছে। সাধারণ মানুষের নিরাপত্তার জন্য আপনার হস্তক্ষেপ চাইছি এবং দোষিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে একটা অভিযোগ, অনুযোগ এবং আবেদন জানাতে চাই। আপনি জানেন, গত কেন্দ্রীয় বাজেটে পাটের উপর ১০০ টাকা করে ট্যাক্স বাড়িয়ে দেওয়া হয়েছে। আপাতদৃষ্টিতে

মনে হয় হেসিয়ানের উপর (ফিনিশড গুডসের উপর) ট্যাক্স বাড়ানো হয়েছে। এতে চাষির ক্ষতিগ্রস্ত হবে না। পশ্চিমবাংলার মধ্যে উত্তরবাংলায় সব থেকে বেশি পাট উৎপন্ন হয়। এই ট্যাক্স বৃদ্ধির ফলে আজকে চাষিরা আতঙ্কিত। যেদিন বাজেট বেরোয় সেদিন ১০০ টাকা কুইন্টাল পাটের দাম কমে গিয়েছিল। মাননীয় মুখ্যমন্ত্রী লেখার পর লোকেদের মনে আশ্বাস ফিরে এসেছে। এখন কিছু দাম বেড়েছে। আমি আপনার কাছে আবেদন করব, আমাদের এই হাউস থেকে এই যে অতিরিক্ত ট্যাক্স বসানো হয়েছে তারজন্য সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হোক।

[1-10 — 1-20 p.m.]

এটা পশ্চিমবঙ্গের একটা অর্থকরি ফসল। পাটের দাম যদি কমে যায়, ট্যাক্স যদি বেড়ে যায় তাহলে স্বাভাবিকভাবেই প্লাস্টিকের বস্তাগুলো অন্য কাজে ব্যবহৃত হবে। পাটের ব্যবহার কমে যাবে। এই সব কথা চিন্তা করে এই হাউস থেকে একটা রেজলিউসন পাঠাবার জন্য আপনার কাছে আবেদন করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মাননীয় গৌতম দেবের দৃষ্টি আকর্ষণ করছি। তমলুকের দক্ষিণ কুমাই যে জলপ্রকল্প তার একটা পাম্প বহুদিন থেকে অচল হয়ে গেছে। দ্বিতীয়টিও অচল হয়ে গেছে। আজ ১৫ দিন ধরে ঐ এলাকার মানুষ পুকুরের জল খেতে বাধ্য হচ্ছে। ওখানে গত বছরে প্রবলভাবে আন্ত্রিক রোগ দেখা দিয়েছিল, সেটা যাতে এ বছর না হয় তার জন্য চেষ্টা করতে হবে, দক্ষিণ কুমাই জলপ্রকল্পটি সারিয়ে জনসেবার কাজে লাগাতে হবে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমরা দেখছি দীর্ঘদিন ধরে স্বাস্থ্য দপ্তর সম্বন্ধে বহু মাননীয় সদস্য অভিযোগ করছেন, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, বীরভূমের বোলপুরের এক ভদ্রমহিলা আজ সকালে আমার কাছে এসে অভিযোগ করছেন যে তাঁর ছেলেকে কুকুরে কামড়েছে, তার ইঞ্জেকশন গোটা বীরভূম জেলায় নেই। এতবড় গুরুত্বপূর্ণ একটা বিষয়, আমি বুঝতে পারছি না যে স্বাস্থ্য দপ্তর আছে কিনা, এবং তাঁরা এত নিস্পৃহ কেন? এতদিন ধরে বলা সত্ত্বেও কেন দৃষ্টি দিচ্ছেন না? আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলব যে অতি সত্বর এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন এবং তার জন্য যারা দোষী তাদের শাস্তি দেওয়া হোক। সামান্য চিকিৎসার ওষুধের জন্য বীরভূম থেকে কলকাতায় আসতে হচ্ছে, এটা অত্যন্ত দুঃখজনক ঘটনা।

**মিঃ স্পিকার ঃ** আজকে ১৬ খানা জিরো আওয়ার্স আছে, বেলা দেড়টার সময় পর্যন্ত যে কয়টি হবে, হবে, বাকিগুলি বাদ যাবে।

## ZERO HOUR

**শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রী এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এই পবিত্র রোজার মাস চলছে, উপবাসের মাস এবং

আজকে মার্চ মাসের ৮ তারিখ, আগামী ১৪ তারিখে ঈদ, কিন্তু গোটা নদীয়া জেলার মাধ্যমিক শিক্ষকদের ৩০ পারসেন্ট বেতন কমে যাচ্ছে, এটা একটা তাঁদের শাস্তি, যেহেতু ঈদের উপবাস চলছে, ৩০ পারসেন্ট কম দেওয়া হচ্ছে এবং র্যাশনেও চিনি ও কেরোসিন অত্যন্ত অনিয়মিত দেওয়া হচ্ছে। আমি মাননীয় মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ওঁদের ঐ ৩০ পারসেন্ট বেতন ঠিক দেওয়ার ব্যবস্থা হয় এবং র্যাশনে চিনি মাথাপিছু ১০০ গ্রাম করে এবং কেরোসিন মাথাপিছু এক লিটার করে দেওয়া হয় তার ব্যবস্থা করা হোক।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত জরুরি বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখন বোরো চাষের মরশুম চলছে। বোরো চাষে সার হিসাবে ইউরিয়া এবং রবি চাষে ইফ্কো ব্যবহার করা হয়। কিন্তু এখন ইউরিয়া নিতে গেলে তাকে ইফকোও নিতে বাধ্য করা হচ্ছে। এর ফলে গ্রামাঞ্চলের চাষিরা খুব মুশকিলে পড়েছে। ইউরিয়া ব্ল্যাক হচ্ছে, সব জায়গায় পাওয়া যাচ্ছে না। এই কনডিশনে বহু ডিলার কিনতে পারছেন না। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে জানাতে চাই যে, অবিলম্বে ইউরিয়া সারের সঙ্গে সঙ্গে ইফকো নেওয়ার এই কনডিশন বন্ধ করা হোক, সরাসরি ইউরিয়া দেওয়ার ব্যবস্থা করা হোক। এটাই আমার অনুরোধ।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনার মাধ্যমে সভাকে একটি বিষয়ে অবগত করাতে চাই। আজকে প্রায় সব খবরের কাগজে বেরিয়েছে ন্যাশনাল ক্রাইম রিসার্চ ব্যুরোর একটি রিপোর্ট। সেই রিপোর্টে দেখতে পাচ্ছি, ভারতবর্ষের কংগ্রেস শাসিত রাজ্যগুলি ক্রাইমের দিক থেকে, বিশেষ করে মহিলাদের উপর নির্যাতনের দিক থেকে সর্বোচ্চ স্থান অধিকার করেছে। আজকে ৮ই মার্চ—আন্তর্জাতিক নারী দিবস। সেখানে দেখতে পাচ্ছি, সংসদে নথিভুক্ত নারী নির্যাতনের ঘটনা ৭,৭৭১ যারমধ্যে রয়েছে ধর্ষণ, স্বামীর অত্যাচার, পণের জন্য পুড়িয়ে মারা ইত্যাদি। গত রবিবার এখানে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এসেছিলেন। তিনি বলেছেন যে, পশ্চিমবঙ্গে নাকি আইন-শৃঙ্খলা নেই, কিন্তু দেখতে পাচ্ছি, তাঁর রাজ্য মহারাষ্ট্রে অপরাধের সংখ্যা শীর্ষ তালিকায়—১২,৩৪৫টি নারী নির্যাতনের ঘটনা ঘটেছে সেখানে। দিল্লিতে ঘটেছে ৭,০০০টি নারী নির্যাতনের ঘটনা। এই দিকটাতে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি আসা-যাওয়ার পথে দেখেছেন এসপ্ল্যানেড ইস্টে দীর্ঘদিনের জব এ্যাসিস্ট্যান্টদের অবস্থান। তারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে ডাক পেয়ে লিখিত পরীক্ষায় এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে আজকে নো-ওয়ার্ক নো-পে ভিত্তিতে দীর্ঘ ১৪ বছর ধরে কাজ করছেন, কিন্তু তাদের স্থায়ী করা হচ্ছে না। ১৯৭৯ সালের আগে সিনিয়ারিটির ভিত্তিতে তাদের মধ্যে থেকে কিছু কিছু স্থায়ী চাকরি পেতেন, কিন্তু তারপর থেকে শ্রম দপ্তরের একটি আদেশবলে সেটাও বন্ধ হয়ে গেছে। তারা ১৬৭ দিন এসপ্ল্যানেড ইস্টে বসেছিলেন। তারপর মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছিলেন স্থায়ী করবার ক্ষেত্রে। শ্রম দপ্তর থেকে অর্ডার বেরিয়েছিল—২৪০ দিন কাজ সম্পূর্ণ হয়েছে এমনভাবে জব অ্যাসিট্যান্টদের নাম ন্যাশনাল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে আসবে। কিন্তু তারপর এখনও পর্যন্ত তাদের স্থায়ী পদের সুযোগ দেওয়া হচ্ছে না। এই জব অ্যাসিট্যান্টদের সংখ্যা মাত্র কয়েক হাজার তাদের স্থায়ী চাকরি দেবার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, দার্জিলিং মেল বা গৌর এক্সপ্রেসে উত্তরবঙ্গের এম.এল.এ-দের যাতায়াত করতে হয় এবং তাদের মধ্যে দুই-একজন মন্ত্রীও আছেন। চাপের কারণে অনেক সময় ঐসব ট্রেনে এম.এল.এরা টিকিট পান না। কিন্তু দেখা গেছে ইস্টার্ন রেলের পাটনাতে এম.এল.এদের জন্য প্রতি ট্রেনে কয়েকটি বার্থ রিজার্ভ রাখা হয়, সেখানে তাদের জন্য কোটা থাকে। এখানকার প্রতিটি ট্রেনেও যাতে এম.এল.এদের জন্য বার্থের কোটা রাখা হয় তারজন্য আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[1-20 — 1-30 p.m.]

সেই জন্য আপনি যদি দয়া করে রেল মন্ত্রকের কাছে জানান এবং দৃষ্টি আকর্ষণ করেন তাহলে আমাদের অনেক উপকার হয়। যে সমস্ত সরকারি কর্মচারী রেল মন্ত্রকে আছেন তাঁরা বলেছেন এই ব্যবস্থা করলে তাঁদের পক্ষে সুবিধা হয়। এখন যে ব্যবস্থা আছে তাতে তাঁরা আমাদের অ্যাকোমোডেট করতে পারেন না।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রী এবং এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, দুর্গাপূজা এবং ঈদে সরকার এম.এল.এ-দের মাধ্যমে দুঃস্থ মানুষদের জামা-কাপড় দেয়। স্যার, এটা পবিত্র রমজান মাস চলছে ঈদের আর বেশি দেরি নেই। এখনও পর্যন্ত প্রশাসনিক স্তরে এই কাপড় দেবার ব্যাপারে এম.এল.এ-দের কাছে কোনও খবর এসে পৌঁছায় নি। সেইজন্য আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি যুদ্ধকালিন তৎপরতায় যাতে ঈদের প্রারম্ভে এম.এল.এ-রা কাপড় পেয়ে মানুষের কাছে পৌঁছে দিতে পারে তার জন্য দ্রুত ব্যবস্থা যেন নেওয়া হয়।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই হাউসে এখন সমাজ কল্যাণ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী বিশ্বনাথ চৌধুরি মহাশয় আছেন। আমাদের উত্তরপাড়ার দুঃস্থ মহিলাদের জন্য যে হোম রয়েছে সেখানে একটা ভয়ংকর কাণ্ড ঘটে গিয়েছে। সেখানে প্রতিমা দাস নামে একজন ২০ বছরের মহিলা ধর্ষিত হয়েছে। এই ব্যাপারে খবর পাওয়া গেল মাত্র কয়েক দিন আগে। ২রা মার্চ আশ্রমের দুঃস্থ মহিলা সমিতি একটা ডেপুটেশন দেয়। এই যে ভয়ংকর কাণ্ড ঘটেছে, এই ব্যাপারে যে অপরাধী তাকে পুলিশ গ্রেপ্তার করেছে। এখানকার যিনি সুপারিনটেনডেন্ট সেই সুপারিনটেনডেন্টের দায়িত্বজ্ঞানহীনতার জন্য আজকে এই ঘটনা ঘটতে পারলো। আমি স্যার হুগলি জেলা শাসকের কাছ থেকে খবর নিয়ে জেনেছি অপরাধীকে পুলিশ গ্রেপ্তার করেছে, সুপারিনটেনডেন্টের বিরুদ্ধে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। ঘটনাটি অত্যন্ত মর্মান্তিক এবং বেদনাদায়ক, সেই জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানালাম। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে এখানকার মহিলা সমিতিও ডেপুটেশন দেবে, কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাশোসিয়েশনের লেডিস উইং ডেপুটেশন দেবে। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, এই ঘটনা সম্পর্কে তাঁর যদি কিছু জানা থাকে তাহলে তিনি হাউসে অবহিত করুন।

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** কুমারি প্রতিমা দাস ওরফে মমতা ১৭ বছর বয়সে ৫.৬.৯১ তারিখে লিলুয়া আশ্রম থেকে উত্তরপাড়ার দুস্থাবাসে স্থানান্তরিত হয়। বর্তমানে তার বয়স প্রায় ২০ বছর। সম্প্রতি অসুস্থ বোধ করায় মেয়েটিকে ডাক্তারের কাছে নিয়ে যাওয়া হয়। ডাক্তারি

পরীক্ষায় দেখা যায় যে মেয়েটি প্রায় ৬ মাসের অন্তসত্ত্বা। দুস্থাবাসের অধ্যক্ষা বিষয়টি সমাজ কল্যাণ অধিকর্তার নজরে আনায় সহ-অধিকর্তা শ্রীমতি যুথিকা ভট্টাচার্য তদন্তের জন্য যান। তদন্তে জানা যায় যে গর্ভাবস্থায় বিষয়টি বিশেষভাবে কারো নজরে না আসায় আবাসের অধ্যক্ষা এই ব্যাপারে কোন ব্যবস্থা নেননি। বিষয়টি নজরে আসার সাথে সাথে উত্তরপাড়ার থানায় জানানো হয় এবং পুলিশি তদন্ত শুরু হয়। জানা যায় ওই আবাসের কর্মী শ্রীমতী রীতা আইচের কোয়ার্টারে মেয়েটি প্রায়ই যেত। পুলিশ শ্রীমতী আইচের স্বামী শ্রী অনল আইচকে ২রা মার্চ '৯৪ তারিখে হাবড়ার অশোকনগর থেকে গ্রেপ্তার করে। ৩.৩.৯৪ তারিখে প্রতিমা দাসকে এস.ডি.জে.এম-এর আদালতে উপস্থিত করা হলে আদালতের আদেশে তাকে আবার লিলুয়া আশ্রমে পাঠানো হয়। এ ছাড়া এই আশ্রমের যিনি সুপারিনটেনডেন্ট, তাকে শো-কজ করা হয়েছে এবং তার ট্রান্সফারের অর্ডার দেওয়া হয়েছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, কলকাতায় কোকাকোলা এসেছে। আপনি শুনলে খুশি হবেন, ওঁদের মতে বুর্জোয়া আনন্দবাজার পত্রিকায় কোকাকোলার একটা বিজ্ঞাপন এসেছে পুরো পাতায়, আর দ্বিতীয় বিজ্ঞাপনটা এসেছে গণশক্তিতে পুরো পাতা জুড়ে। কান্তিবাবুকে জিজ্ঞাসা করা হয়েছিল যে গণশক্তিতে যেখানে কনডোমের বিজ্ঞাপন ছাপা হয়, তখন কোকাকোলার বিজ্ঞাপন ছাপতে আপত্তি কোথায়? উনি বলেছিলেন, ওটা বাণিজ্যিক ব্যাপার। আমি কান্তিবাবুকে বলব যে, মার্কসবাদি পত্রিকায় যখন কোকাকোলার বিজ্ঞাপন ছাপা হয়েছে, দলের মধ্যে একটা বিরাট পরিবর্তন এসেছে, তখন আপনি আর পিছিয়ে থাকবেন না স্যার। আপনি স্পিকার, আপনি আমাদের বিধানসভায় একদিন কোকোকোলা দিয়ে লাঞ্চ, ডিনারে আপ্যায়ন করুন। দলের যেখানে এই পরিবর্তন এসেছে, এবারে বিধানসভায় কোকাকোলা আসুক। রাজ্য সরকার ও সি. পি. এম.-এর বিরাট এই যে পরিবর্তন এসেছে, একে আমরা সাধুবাদ জানাচ্ছি। একে আমরা স্বাগত জানাচ্ছি। সাম্রাজ্যবাদের গন্ধযুক্ত কোকোকোলা মাল্টি ন্যাশনালের প্রতিনিধি হিসাবে এখানে ঢুকছে। সংবাদপত্রগুলোকে লিখতে হয়েছে—লালের দুর্গে কোকাকোলা হামলা। সংস্কার বিচ্যুত হতে দেখে আমরা খুশি। কান্তিবাবু আবার বলছেন যে, আমরা বিজ্ঞাপন দেব, পাঠককে বলব, খাবেন না। একদিকে ওদের বিজ্ঞাপনটা আপনারা কাগজে ছাপবেন, আবার পাঠককে বলবেন খাবেন না, এই হঠকারিতার জায়গা থেকে সরে আসুন। অনিলবাবু একদিকে বলছেন, খান, আর অপরদিকে কান্তিবাবু বলছেন খাবেন না।

**শ্রী সমর বাওরা ঃ** মাননীয় অধোক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে গ্রামাঞ্চলের মানুষের একটা উদ্বেগের বিষয় এখানে তুলে ধরতে চাই। সম্প্রতি ব্যাংকের রিজিওনাল অফিসগুলোতে একটা নির্দেশ এসে পৌঁছেছে সমস্ত স্যাটেলাইট ব্যাংক বন্ধ করে দেবার জন্য। স্যার, আমরা শুনছি যে কেন্দ্রীয় বাজেটে নাকি গ্রামাঞ্চলের উন্নয়ন কাজকর্মের জন্য অর্থ বরাদ্দ বেড়েছে। অথচ গ্রামোন্নয়ন কর্মসূচির কাজের জন্য যে সমস্ত প্রকল্প আছ, তাতে গ্রামাঞ্চলে ছড়িয়ে থাকা ব্যাংকগুলোর ভূমিকা অনেক গুরুত্বপূর্ণ। সেইক্ষেত্রে ব্যাংকগুলোকে গুটিয়ে দেবার যে নির্দেশ দেওয়া হয়েছে, তাতে গ্রামাঞ্চলের মানুষ মনে করছেন যে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামাঞ্চলের উন্নয়নমুখী যে কর্মসূচি আছে সেগুলোর রূপায়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি হবে। কেন্দ্রীয় বাজেটের মাধ্যমে কেন্দ্রীয় সরকার মানুষকে প্রতারণা করেছেন। আজকে গ্রামের মানুষ উদ্বিগ্ন যে আগামিদিনে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামের কাজের জন্য ব্যাংকে টাকা গচ্ছিত রেখে এবং

*সময়মতো কাজ করার জন্য সেখান থেকে টাকা তোলার যে সুবিধা ছিল, এই সমস্ত যে সুবিধা এতদিন ছিল, বর্তমানে স্যাটেলাইট ব্রাঞ্চগুলিকে তুলে দেবার নির্দেশের ফলে সবকিছু* বন্ধ হয়ে যাবে। গ্রামাঞ্চলের সমস্ত কাজকর্মের ব্যাপারে গ্রামাঞ্চলের মানুষ উদ্বিগ্ন হয়ে পড়েছে। গ্রামাঞ্চলের মানুষের উদ্বেগের বিষয় আমি আপনার মাধ্যমে এখানে তুলে ধরলাম। আমি রাজ্য সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি যে, কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী পদক্ষেপের বিরুদ্ধে তাঁরা যাতে সরে আসেন তারজন্য রাজ্য সরকার যেন তাঁদের কাছে আবেদন জানান।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি খুবই উদ্বেগজনক বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং হস্তক্ষেপ চাইছি। স্যার, এর আগে কোনও কোনও জায়গায় পুলিশের দ্বারা সাংবাদিক নিগৃহীত হয়েছে, মারধোর খেয়েছে। বারাসাতেও সাংবাদিকরা মার খেয়েছে। সবচেয়ে আশ্চর্যজনক ঘটনা যেটা ঘটেছে সেটা হচ্ছে যে, একটি জ্যোতিষ সম্মেলন কভার করতে গিয়ে সাংবাদিকরা নিগৃহীত হয়েছে। তাদের প্রেস কার্ড থাকা সত্ত্বেও তাদের উপরে জ্যোতিষিরা চড়াও হয়ে উল্টোপাল্টা মারধোর করেন। ইণ্ডিয়ান এক্সপ্রেস এবং আজকালের সাংবাদিকদের উপরেও চড়াও হয়েছে। সাংবাদিকদের পক্ষ থেকে যখন পুলিশ কমিশনারের কাছে যাওয়া হয়, তখন তিনি বলেছেন যে, ওঁনাদের যদি শহর পছন্দ না হয় তাহলে কলকাতা শহর ছেড়ে চলে যান। পুলিশ কমিশনারের এই ধরনের ঔদ্ধত্য সহ্য করা যায় না। এই ধরনের নজিরবিহীন ঘটনা প্রায় ঘটছে। রশিদ থেকে আরম্ভ করে যত রকমের গণ্ডগোল, নারী নির্যাতন, ফুলবাগানের ঘটনা সব কিছু ঘটে গেল অথচ পুলিশ কমিশনার ঔদ্ধত্য আচরণ করে যাচ্ছেন। জ্যোতিষিরা যেভাবে সাংবাদিকদের উপরে আচরণ করেছে তারজন্য তাদের শাস্তির ব্যবস্থা করা দরকার এবং সাথে সাথে পুলিশ কমিশনারের ঔদ্ধত্যপূর্ণ আচরণেরও ব্যবস্থা করা দরকার, তার দাবি আমি আপনার মাধ্যমে হাউসের সামনে রাখছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলায় মহিলাদের উপরে যে ক্রমবর্দ্ধমান অত্যাচার চলছে সেই বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই সভাতে আমি মনে করি একটা সর্বদলীয় প্রস্তাব নেওয়া হোক সমস্ত দলের পক্ষ থেকে যে, এই মহিলাদের উপরে নির্যাতন হচ্ছে। গতকাল গয়েশপুর থেকে আলো পাল নামে এক মহিলা চিঠি দিয়েছেন। গত ২২ তারিখে তার বাড়িতে কিছু সি. পি. এমের আশ্রিত সমাজবিরোধী আক্রমণ করেন। তার স্বামীর কাছ থেকে ১০ হাজার টাকা চায় এবং তার স্বামী দিতে অস্বীকার করায় তার দুই মেয়ে এবং তাঁকে পর পর ধর্ষণ করে। শুধু তাই নয়, তারপর পাশের বাড়িতে এক চালওয়ালা থাকে, তার কাছেও ১০ হাজার টাকা চায়, সেও দিতে অস্বীকার করলে তার স্ত্রী রূপালী কর্মকারকে ধর্ষণ করে এবং যাওয়ার সময় বলে যায় যে তাদের আর টাকা দিতে হবে না, টাকা পেয়ে গেছে। আজকে পশ্চিমবঙ্গে এই জিনিস চলছে, সেখানে কংগ্রেস, সি. পি. এম কোনও ব্যাপার নয়, সমাজ বিরোধীরা যেভাবে আস্তে আস্তে এগিয়ে চলেছে তাতে ভয়ের ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। একদিকে আল্পনা ব্যানার্জির উপর প্রকাশ্যে রাস্তার উপরে যেভাবে অত্যাচার হল রাত ১০টা থেকে রাত ১টা অবধি তার কোনও ব্যবস্থা নেওয়া হল না। তারপরে একইরকমভাবে একই

বাড়িতে দুই মেয়ে এবং মাকে ও তার পাশের বাড়ির মহিলাকেও ধর্ষণ করা হল, তার বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হল না। একজন পুলিশ বললেন যে এখানে ৬০ ভাগ ধর্ষিতার প্রতিবাদ করার ভাষা নেই এবং তাদের সেই সাহসও নেই। আমার দাবি যে এর বিরুদ্ধে সমস্ত রাজনৈতিক, অরাজনৈতিক দল সবাই মিলে প্রতিবাদ গড়ে তুলুন এবং এদের শাস্তির ব্যবস্থা করুন।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, উইথ ইয়োর পারমিশন এটা আমি বলছি, গতকাল জিরো আওয়ারেও এই বিষয়ে বলেছি। গয়েশপুরে গতকাল যে ঘটনা ঘটেছে তাতে ওই সমাজবিরোধীরা দুই দলেরই আশ্রিত। তারমধ্যে এক দল আবার আমাদের একজন বিধায়কের আশ্রিত এবং মদতপুষ্ট। ওইসব সমাজবিরোধীরা ভদ্রলোকের বাড়িতে ঢুকে নারী নির্যাতন করছে, ধর্ষণ করছে, ওই এলাকাটা মাননীয় উচ্চশিক্ষামন্ত্রীর এলাকা, তিনি একবারও ওই জায়গাতে যান নি। গতকাল মমতা বন্দ্যোপাধ্যায় ওখানে গিয়েছিলেন এবং ওইসব সমাজবিরোধীদের শাস্তির দাবি করেছেন।

**শ্রী রবীন্দ্রনাথ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকায় নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটি ৩১ লক্ষ টাকা খরচ করে তৈরি করা হল। কাজও এর কমপ্লিট হয়ে গেছে কিন্তু এখনো অবধি এখানে কোন ডাক্তার আসেনি এবং স্বাস্থ্যকেন্দ্রটি উদ্বোধনও করা হয়নি। উলুবেড়িয়া থেকে ৩০ কি.মি. দূরে এই নবগ্রাম স্বাস্থ্যকেন্দ্রটি, যার ফলে এখানে কোন ডাক্তার আসতে চাইছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলছি যে, ওই স্বাস্থ্যকেন্দ্রটি অবিলম্বে উদ্বোধন করা হোক এবং ডাক্তারের ব্যবস্থা করা হোক। তা না হলে ওই এলাকার মানুষেরা বঞ্চিত হচ্ছে এবং রোগিরা আসতে গিয়েই মারা যাচ্ছে।

**শ্রী ঈদ মহম্মদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে, গত ২ বছর ধরে দেখছি ডিস্ট্রিক্ট প্ল্যানের টাকা ঠিক মত না দেওয়ায় ডিস্ট্রিক্ট প্ল্যানের কাজ আটকে আছে। ফলে রাস্তাঘাট ঠিকমতো করা যাচ্ছে না, যোগাযোগ ঠিকভাবে রক্ষা করা যাচ্ছে না। কেন্দ্রীয় সরকার আমাদেরকে ঠিকমতো টাকা না দেওয়ার জন্য এমবার্গো সৃষ্টি হয়েছে, এমবার্গো থাকার ফলে গ্রামেগঞ্জে ক্ষোভের সৃষ্টি হয়েছে, মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব যাতে এমবার্গো তুলে দিয়ে গ্রামেগঞ্জে কাজগুলি করা যায় এবং ডিস্ট্রিক্ট প্ল্যানের কাজগুলি করা যায়; মাননীয় স্পিকার মহাশয়ের মাধ্যমে এই আবেদনটি অর্থমন্ত্রীর কাছে রাখছি।

**শ্রী প্রবীর ব্যানার্জিঃ** মিঃ স্পিকার স্যার, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে আমি সভার দৃষ্টি আকর্ষণ করছি। ছোটবেলায় একটা গল্প পড়েছিলাম, চালুনি বলে ছুঁচ তোরও ছাঁদা আছে, জ্যোতিবাবু বলেছেন কেন্দ্রীয় মন্ত্রীরা ঘুস খায়, অনেক কেলেঙ্কারির কথাও উনি বলেছেন, বোফর্স নিয়ে বলেছেন, যদি কেন্দ্রীয় মন্ত্রী ঘুস খায় তাহলে খুঁজে বার করুন, প্রমাণ করুন, তাতে আমাদের আপত্তি নেই, কিন্তু পাশাপাশি আমরাও অনেক কেলেঙ্কারির কথা বলতে পারি। যেমন, ট্রাম কেলেঙ্কারি, বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারি, আলিপুর ট্রেজারি কেলেঙ্কারি, কোরিয়া থেকে সিমেন্ট এনেছিলেন সেই ইন্টিরিয়র ডেকরেশন কেলেঙ্কারি এবং সম্প্রতি রসিদ কেলেঙ্কারি হয়েছে, এই রকম অজস্র কেলেঙ্কারি হয়েছে, এই রকম অজস্র কেলেঙ্কারি এখানে আছে।

কেন্দ্রীয় মন্ত্রী যদি ঘুস খায় উনি যেটা বলেছেন তাহলে সেটা উনি প্রমাণ করুন। মন্ত্রীর শাস্তি হোক, আমরাও চাই তার শাস্তি হোক। কিন্তু পাশাপাশি এই সমস্ত কেলেঙ্কারির সঙ্গে যারা যুক্ত তাদেরও খুঁজে বার করুন এবং তাদেরও শাস্তি দেওয়ার যাতে ব্যবস্থা হয় সেটাও দেখা উচিত।

[1-40 — 2-30 p.m.] Including Adjournment

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বনগাঁ বিধানসভা কেন্দ্রে একটিমাত্র থানা ছিল, বনগাঁ ৩৫ স্কোয়ার মাইল এরিয়া নিয়ে আছে এবং ১৬টি অঞ্চল নিয়ে একটি মিউনিসিপ্যাল। সেই থানা ১৯৮৪ সালে বাইফারকেশন হয়েছিল এবং সেটা করার পরে গোপালনগর নামে একটি থানা সৃষ্টি হয়েছে।

মাননীয় ক্রিড়ামন্ত্রী গিয়ে সেই থানা উদ্বোধন করেছিলেন এবং সেখানে আমিও উপস্থিত ছিলাম। কিন্তু হঠাৎ করে সিদ্ধান্ত নেওয়া হল যে গোপালনগর থানাকে বনগাঁ থানার পাশে নিয়ে আসা হবে। গোপালনগর একটা বিরাট এলাকা, সেখানে হাট-বাজার সব আছে, সেখানে প্রচুর মানুষ বাস করে, সেখানকার মানুষের নিরাপত্তার কথা না ভেবে, সেই থানাকে আবার বনগাঁ থানার কাছে আনা হচ্ছে। ওখানকার সি. পি. এমের এল. সি. এসের ইচ্ছা অনুযায়ী গোপালনগর থানাকে বনগাঁ থানার কাছাকাছি নিয়ে আসা হচ্ছে। যদি গোপালনগর থানাকে বনগাঁ থানার কাছাকাছি নিয়ে আসা হয় তাহলে সেখানে সমাজ-বিরোধীদের উৎপাত বেড়ে যাবে, নারী ধর্ষণ, ডাকাতি, চুরি, রাহাজানি সব বেড়ে যাবে। সেইজন্য আমি বলছি গোপালনগর থানা যেখানে আছে, তার আশেপাশে অন্য কোনও জায়গায় থানাটিকে নিয়ে যাওয়া হোক। এখানে মাননীয় মন্ত্রী মহাশয় কান্তিবাবু আছেন, তিনি জানেন ঐ এলাকার মানুষের স্বার্থে সেখানে থানাটিকে নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু আজকে সেই থানা তুলে বনগাঁ থানার পাশে নিয়ে যাওয়ার চেষ্টা হচ্ছে। কারণ এল. সি. এস. নিরাপত্তার অভাব বোধ করছেন, সেইজন্য তার বাড়ির পাশে তিনি থানাটিকে আনতে চাইছেন। এই ব্যাপারে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned till 2-30 pm.)

(After recess)

[2-30 — 2-40 p.m.]

## POINT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার, একটি খুব উদ্বেগজনক সংবাদের প্রতি আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি। আমি চাইব, সরকার পক্ষ থেকে এ ব্যাপারে ইমিডিয়েটলি, এখনই কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা শুরু করুন। স্যার, ট্রাডিশনাল ইন্ডাস্ট্রি আমরা জানতাম যে নতুন ইন্ডাস্ট্রিয়াল পলিসিতে আঘাত পাবে। আজকে এখনই ফ্যাক্সের মাধ্যমে যে সংবাদ এল সেটাতে আমাদের স্টেট, মহারাষ্ট্র এবং গুজরাট-এর

প্রচুর ক্ষতি হয়ে যাবে। এন. টি. সি.—ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন—তাদের ১৪টা মিল হেড অফিস সমেত এ মাস থেকে সম্পূর্ণভাবে বন্ধ করে দেওয়া হয়েছে। এই সিদ্ধান্তের সংবাদ পেয়ে আমরা উদ্বিগ্ন। সেখানকার ১২ হাজার কর্মীর সাথে তাদের পরিবারবর্গ-এর অন্নের ব্যাপারটা এর সঙ্গে যুক্ত রয়েছে, রুটিরুজির প্রশ্নটা যুক্ত রয়েছে। এ সবই কেন্দ্রীয় সরকারের মিল, এখনকার সরকারের করার কিছু নেই কিন্তু সরকার যদি এ ব্যাপারে উদ্যোগ নিয়ে দিল্লির সাথে কথাবার্তা বলেন তাহলে ভাল হয়। অন্ততপক্ষে কিছুদিনের জন্য যাতে একটা ব্রিদিং টাইম পায়, আলোচনার মাধ্যমে যাতে এটা চালু রাখা যায়, তুলো নিয়ে এসে মিলগুলি যাতে আবার খুলে রাখার ব্যবস্থা করা যায়—এটা যদি করা হয় তাহলে আমার মনে হয় ভাল হবে। এটা কোনও দলের হয়ে আমি বলছি না। আমি বলছি, মারাত্মকভাবে ১২ হাজার শ্রমিক রুটিরুজিহীন অবস্থায় চলে যাবেন এটা এত বড় খারাপ সংবাদ। আমরা যথেষ্ট মানসিকভাবে তৈরি কারণ ট্রাডিশনাল ইউনিট এরকম প্রচুর বন্ধ হয়ে যাবে এই শিল্প নীতির জন্য। তার আঘাতটা শুরু হয়ে গেছে এবং এই আঘাতটা শুরু হওয়ার মুখেই আমাদের সচেতন হওয়া দরকার এবং সরকারের যেটুকু করণীয় কাজ সেটুকু করা দরকার। সরকার যদি অবিলম্বে হস্তক্ষেপ করে একেবারে ফ্যাক্স পাঠিয়ে একটা কিছু করেন তাহলে যথেষ্ট উপকৃত হবেন আমাদের কর্মীরা। কারণ অনেক কর্মী প্রায় কাঁদো কাঁদো মুখে এসে বিধানসভার লবিতে বসে আছেন। দেখা যায় না এ জিনিস। আমি আবেদন করছি, যাতে সরকারপক্ষ থেকে একটা কিছু ব্যবস্থা নেওয়া হয়।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইমাত্র মাননীয় সদস্য যে বিষয়টি সম্পর্কে উল্লেখ করলেন সেটি খুব গুরুতর বিষয়। ভারত সরকার এন. টি. সি.-র কারখানাগুলি বন্ধ করে দিচ্ছেন। আমরা ইতিমধ্যেই এই সংবাদ লক্ষ্য করেছি যে আগামী ১লা এপ্রিল থেকে গোটা দেশের এবং আমাদের রাজ্যের এন. টি. সি.-র কর্মীরা বেতন পাবেন না। গত বছরের বাজেটে এ ক্ষেত্রে আমরা দেখেছিলাম যে ৮২ কোটি টাকা বরাদ্দ ছিল এবারের বাজেটে সেখানে এন. টি. সি.-র জন্য মাত্র বাজেটে এক কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। প্ল্যান বাজেটেও মাত্র এক কোটি টাকা বাজেটারি সাপোর্ট রাখা হয়েছে। এতবড় একটা সংস্থা সম্পর্কে এই ধরনের সিদ্ধান্ত আমরা মনে করি গোটা দেশের পক্ষেই একটা ভয়ঙ্কর সিদ্ধান্ত। আই. এম. এফ. বিশ্বব্যাঙ্কের নির্দেশেই এই ধরনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। একটা রাষ্ট্রায়ত্ত সংস্থা যারা সাধারণ মানুষের জন্য সস্তায় কাপড় সরবরাহ করছিল তাদের ক্ষেত্রে এই ধরনের সিদ্ধান্ত ভয়ঙ্কর সিদ্ধান্ত বলেই আমরা মনে করি। এই আঘাতের বিরুদ্ধে রাজ্য সরকার পক্ষ থেকে যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয় তারজন্য আমি অনুরোধ জানাচ্ছি। আমরা আশা করি সকলে এই গুরুতর বিপদ থেকে পরিত্রাণ পাওয়ার ব্যাপারে উদ্যোগী হবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে উদ্বেগজনক সংবাদ আমরা কাগজে দেখেছিলাম সেই চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে আমরা এইমাত্র সুব্রতবাবুর কাছ থেকে শুনলাম। কেন্দ্রীয় সরকারের নয়া শিল্পনীতি, আই. এম. এফ., বিশ্বব্যাঙ্কের নির্দেশেই আমরা জানি একটার পর একটা এই ধরনের ঘটনা ঘটছে। এরজন্য আমরা সবাই আতঙ্কিত। এন. টি. সি.-র কর্মীদের উপর যে খাঁড়া এসে নামল তার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। কেন্দ্রীয় সরকারকে এই সিদ্ধান্ত থেকে সরিয়ে আনার জন্য রাজ্য সরকার যাতে বিশেষ একটা

মুভ নেন তার জন্য যে প্রস্তাব আজকে বিধানসভায় এসেছে আমি তা সমর্থন করছি এবং হাজার হাজার এন. টি. সি.-র শ্রমিক ও তাদের পরিবারবর্গের স্বার্থে এই দাবির প্রতি সকলের সঙ্গে সহমত পোষণ করে আমার দলের পক্ষ থেকেও এই দাবি রাখছি।

**শ্রী মানব মুখার্জি ঃ** স্যার, অতীশবাবুর খুব আপত্তি এই আলোচনায়। বন্ধ হওয়ার আনুষ্ঠানিক খবরটা আজকে এসেছে। বন্ধ করে দেবার সিদ্ধান্ত বাজেট যেদিনকে পেশ করা হয় সেদিন করা হয়েছে। মিঃ স্পিকার স্যার, আমি রিসিট বাজেট থেকে দেখাচ্ছি এন. টি. সি.-র প্ল্যান এবং নন-প্ল্যানে এবার সেন্ট্রাল বাজেটে দেওয়া হয়েছে মাত্র দু কোটি টাকা এবং ভলান্টারি রিটায়ারমেন্টের জন্য এন. টি. সি.-কে দেওয়া হয়েছে ৮৪ কোটি টাকা। যে ৮৪ কোটি টাকা এন. টি. সি.-কে দিলে এতগুলো কারখানা বন্ধ হত না এব সবচেয়ে ভয়াবহ জিনিস হল এটাই যে যেভাবে কটন ইয়ার্নের উপর এক্সাইজ ডিউটি বানানো হয়েছে, কেবল এন. টি. সি.-র মিলগুলো নয়, যে কোনও সুতা বস্ত্র তৈরি করে কারখানাগুলো বন্ধের মুখে এসে দাঁড়াবে এবং কেন্দ্রীয় সরকার সেই সরকার এতই নির্লজ্জ, দুনিয়া শুদ্ধ লোক জানে ধীরুভাই আম্বানির টাকা নিয়ে এম. পি.-কে নিয়ে মেজরিটি, ধীরু ভাই আম্বানিকে টাকা ফেরৎ দিয়ে দেবার জন্য পলিয়েস্টার ইয়ার্নের উপর এক্সাইজ কমিয়ে কটন ইয়ার্নের উপর এক্সাইজ বাড়ানো হয়েছে। এই ১৪ হাজার শ্রমিকের মুখের ভাত বন্ধ করা হল ধীরুভাই আম্মানির সুবিধা করে দেবার জন্য। এই দালাল সরকার বড় লোকের পা চাটা সরকারের অর্থমন্ত্রী এবং টেক্সটাইল দপ্তরের মন্ত্রীর পদত্যাগ আমি দাবি করছি। ১৪ হাজার শ্রমিকের ৭০ হাজার মানুষের মুখের ভাত যারা বন্ধ করে দিতে পারে ধীরুভাই আম্মানির স্বার্থ রক্ষা করার জন্য তাদের ক্ষমতায় থাকবার কোনও নৈতিক অধিকার নেই এবং তাতে আমাদের কোনও আপত্তি নেই, কারখানা বনধ করে, কারখানা খোলার কথা বলি না। লজ্জা থাকলে আপনারা কথা বলবেন না। এই দালাল নীতি আপনারা বন্ধ করুন। মাননীয় স্পিকার মহাশয়, আমাদের রাজ্যের শিল্প মন্ত্রীর কাছ থেকে আমি এই ব্যাপারে স্টেটমেন্ট দাবি করছি। আমাদের শ্রমমন্ত্রীর কাছ থেকে স্টেটমেন্ট দাবি করছি ১৪ হাজার শ্রমিকের কাজ বন্ধ হয়ে যাবে আর এই বিষয় সরকার চুপ করে বসে থাকতে পারে না এবং কংগ্রেসি সদস্যদের কাছে আমাদের আবেদন আপনারা সুব্রতবাবুর সঙ্গে একমত হোন, দালালি করার নির্লজ্জ পুরানো অভ্যাস ছেড়ে এসে বলুন এই নীতি বন্ধ হোক এবং এই নীতি প্রত্যাহার করা হোক। এন. টি. সি.-কে তার বরাদ্দ ফেরত দেওয়া হোক এবং কটন টেক্সটাইল ইয়ার্নের উপর এক্সাইজ ডিউটি যেটা বসানো হয়েছিল সেটা প্রত্যাহার করা হোক। এই সুযোগে এই দাবি আপনার মাধ্যমে এই সভার কাছে রাখছি।

[2-40 — 2-50 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সুব্রতবাবু যে উদ্বেগের কথা এখানে তুলেছেন, সেটা সঠিক। কারণ আমি জানি আমার নির্বাচনী এলাকার মধ্যেও লক্ষী নারায়ণ কটন মিল আছে, তারা খুব আতঙ্কের মধ্যে দিন কাটাচ্ছিলেন, আমি তাদের কিছুটা আশ্বস্ত করেছিলাম এবং বলেছিলাম একটা অল পার্টি ডেলিগেশন নিয়ে হস্ত শিল্প মন্ত্রীর সঙ্গে, ভেঙ্কট স্বামীর সঙ্গে দেখা করেছিলাম। তখন তিনি আশ্বাস দিয়েছিলেন—মাননীয় সদস্য রবীন দেবও ছিলেন, কৃপাসিন্ধু সাহা ছিলেন। তিনি আশ্বাস দিয়েছিলেন—না কোনও

এন. টি. সি.-র মিল বন্ধ হবে না। তিনি আশ্বাস দেবার পর আমি সেই আশ্বাস বাণী নিয়ে এসেছিলাম। কিন্তু তারপর সংবাদপত্রের মাধ্যমে বিভিন্ন দিনে আমরা এই রকম সংবাদ পেয়েছি, বন্ধ করে দেবার একটা চেষ্টা হচ্ছে এবং এটাও ঠিক যে বাজেটেও টাকা দেওয়া হয়েছে, ভলান্টারি রিটায়ারমেন্টকে এনকারেজ করছে, কারখানাগুলোকে নুতন ভাবে চালাবার কোনও চেষ্টা হচ্ছে না। এটা সত্যই পশ্চিমবাংলার পক্ষে খুব উদ্বেগের কারণ। শুধু পশ্চিমবাংলা নয় পুরো ইস্টার্ন জোনের কাছে উদ্বেগ। আমি এটা কোনও রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে বলছি না, কারণ রাজনৈতিক মত বিরোধ আছে সবই, কিন্তু আজকে যে শ্রমিকরা বেকার হতে চলেছে এমনি তারা খুব অসহায় অবস্থার মধ্যে দিন কাটাচ্ছে, সেখানে রাজনৈতিক বিরোধিতা করে সেই শ্রমিকদের আরও অসহায় অবস্থার মধ্যে ফেলে না দিয়ে এই অবস্থাটার একটা মীমাংসা দরকার।

এ বিষয়ে কোনও রকম রাজনৈতিক বিরোধিতার মধ্যে গিয়ে শ্রমিকদের আরও অসহায় অবস্থার মধ্যে না ঠেলে দিতে আমি সকল পক্ষের কাছে আবেদন রাখছি। কেন্দ্রীয় সরকারের কাছে নিশ্চয়ই আমরা দাবি জানাব। রাজ্য সরকারের পক্ষ থেকেও দাবি জানানো হোক। সমস্ত রকম রাজনৈতিক দলাদলির উর্ধ্বে উঠে কেন্দ্রীয় সরকারের কাছে এখান থেকে একটা সর্বদলীয় টিম পাঠাবার জন্য আমি আপনার কাছে আবেদন করছি। এর মধ্যে কোনও রাজনৈতিক দলকে গালাগালি দেবার কোনও ব্যাপার নেই। এটা শ্রমিকদের রুজি-রোজগারের ব্যাপার। আমার কেন্দ্রের মধ্যে লক্ষ্মী-নারায়ণ কটন মিল বন্ধ হয়ে যাচ্ছে, সেখানে ১,৪০০ ওয়ার্কারস আছেন। তারই পাশে জে. কে. স্টিল বন্ধ হয়ে গেছে, স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যালস বন্ধ হয়ে গেছে। রিষড়া থেকে শ্রীরামপুর এলাকার মধ্যে রেল লাইনের বাঁ দিকের সব কারখানাগুলি বন্ধ হয়ে গেছে। যে সমস্ত লোকেরা ওখানে কাজ করতেন তারা সবাই বেকার হয়ে গেছেন। সুতরাং রাজনৈতিক পথে না গিয়ে সঠিকভাবে সমস্যার সমাধানের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করা হোক। আমরা চাই এন. টি. সি.-র ১৪টি মিল খোলা থাক। যে আশ্বাস কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমাদের কাছে দেওয়া হয়েছিল, সেটা বজায় থাক। এই দাবি আমি রাখছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় স্পিকার, স্যার, আজকে মাননীয় বিধায়ক শ্রী সুব্রত মুখার্জি যে বক্তব্য রেখেছেন এবং অন্যান্য বিধায়করা—মানব মুখার্জি, রবীন দেব, দেবপ্রসাদ সরকার যে বক্তব্য রেখেছেন তাকে আমি সমর্থন করি। এর মধ্যে কোনও রাজনীতি নেই বলে এটাকে ছেড়ে দেওয়া যায় না। রাজনীতির ভিত্তিতেই অর্থনৈতিক নীতি তৈরি হয়। সেই নীতি আজকে আমাদের সমাজের শ্রমজীবী মানুষদের উপর আঘাত করছে। এন. টি. সি.-র ১২ থেকে ১৪ হাজার শ্রমিক ছাঁটাই হচ্ছেন। পশ্চিমবাংলা থেকে আমরা এর বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এর বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করা যায় সেটা আমাদের সকলকে চিন্তা ভাবনা করে ঠিক করতে হবে। এইটুকু বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সুব্রতবাবু যে সংবাদ আমাদের দিলেন তাতে আমরা সকলে অত্যন্ত আতঙ্কিত। এতদিন পরে সুব্রতবাবু আজকে একটা ভাল কথা বলেছেন। তিনি সকলের সাহায্য চেয়েছেন। আমি তাকে সমর্থন করছি।

*আমাদের বিধানসভা থেকে কেন্দ্রীয় সরকারের ঐ কাজের বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য আমি আপনার মাধ্যমে বিধানসভার সকল দলের সদস্যদের কাছে অনুরোধ জানাচ্ছি।*

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই সভায় বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি মহাশয় যে বিষয়টা এখন উত্থাপন করলেন সেটা খুবই গুরুত্বপূর্ণ এবং উদ্বেগজনক বিষয়। আজকে এন. টি. সি.-র অধীনের মিলগুলি বন্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অবশ্য আমরা জানি এটা আকস্মিক কোনও ঘটনা নয়। দীর্ঘদিন ধরে সুপরিকল্পিতভাবে এই দিকে এগিয়ে যাওয়া হচ্ছিল। কেন্দ্রীয় সরকার শিল্প ক্ষেত্রে যে নীতি নিয়ে চলছেন সেই নীতির অপরিহার্য ফলশ্রুতি হিসাবেই মিলগুলি বন্ধ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিষয়টা শুধু ১৪,০০০ শ্রমিক পরিবারের ব্যাপার নয়। এটা একটা দেশের অর্থনীতির ক্ষেত্রে প্রচণ্ড আঘাত। সেইজন্য আমি আবেদন জানাচ্ছি অন্তত ১৪,০০০ শ্রমিক পরিবারের মুখ চেয়ে এই বিধানসভা থেকে অবিলম্বে কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে কথাবার্তা শুরু করা হোক এবং চাপ সৃষ্টি করা হোক ঐ সিদ্ধান্ত থেকে যাতে তারা পিছিয়ে আসেন। প্রয়োজনে এখান থেকে দিল্লিতে একটা সর্বদলীয় প্রতিনিধি দল পাঠাবার ব্যবস্থা করা হোক এবং সেই প্রতিনিধি দল এই সর্বনাশা সিদ্ধান্ত থেকে যাতে কেন্দ্রীয় সরকার সরে আসেন তারজন্য তাদের উপর চাপ সৃষ্টি করবে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, আই. এম. এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের চাপের কাছে ক্লিনটনের পাপেট নরসিমা রাও-র নেতৃত্বে কেন্দ্রীয় সরকার নির্লজ্জভাবে আত্মসমর্পণ করেছে এবং দেশটাকে বিক্রি করছে। আজকে এন. টি. সি.-এর চূড়ান্ত উদাহরণ। স্যার, আমি এই প্রসঙ্গে বলছি যে, আরও বড় বড় বিপর্যয় আমাদের সামনে নেমে আসছে। তবে আমরা দেখছি সুব্রতবাবুর মতো কিছু কংগ্রেসির এখনও খানিকটা মেরুদণ্ড আছে। বাকি সব নির্লজ্জের দল। যাঁদের মেরুদণ্ড আছে তারা যদি নির্লজ্জতা পরিত্যাগ করে দলের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করেন তাহলে আমরা তাদের স্বাগত জানাব। দল-মত নির্বিশেষে আমি সকলের কাছে আবেদন জানাচ্ছি—আমরা সকলে দিল্লিতে গিয়ে প্রধানমন্ত্রী নরসিমা রাও-এর কাছে এবং বাণিজ্য মন্ত্রীর কাছে এই কাজের বিরুদ্ধে তীব্র ধিক্কার জানাই, প্রতিবাদ জানাই। আমরা চাই এই নির্লজ্জ পথ থেকে তারা সরে আসুন। সুতরাং আমি সকলের কাছে আবেদন জানাচ্ছি অবিলম্বে দিল্লিতে এখান থেকে সর্বদলীয় প্রতিনিধি দল পাঠাবার ব্যবস্থা করা হোক।

**মিঃ স্পিকার ঃ** মাননীয় প্রবোধচন্দ্র সিনহা, সুব্রতবাবু হাউসে যে ইনফরমেশনটা দিলেন—আজকে ফ্যাক্স মেসেজ এসেছে ১২, না ১৪-টা এন. টি. সি. মিল আগামী মাস থেকে বন্ধ হয়ে যাবে, ১২, না ১৪ হাজার শ্রমিক ছাঁটাই হয়ে যাবে। এটা নিয়ে শ্রম মন্ত্রী এবং কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিস মিনিস্টার হাউসকে জানান যে কি ব্যাপার।

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি যে বিষয়টি উপস্থাপিত করেছেন এবং অন্যান্য মাননীয় সদস্যগণ যা বললেন সেটা খুবই উদ্বেগের এবং এটা ঘটনা এই বিধানসভায় সরকারের পক্ষ থেকে বারেবারে কেন্দ্রীয় শ্রমনীতির যে কুফল সেটা কতখানি হতে পারে দেশের পক্ষে তা বারেবারে উচ্চারিত হয়েছে। ওদের মতো সরকার স্বাভাবিকভাবেই উদ্বিগ্ন। আপনি যে নির্দেশ দিয়েছেন তা আমি মাননীয় শিল্পমন্ত্রীর

সঙ্গে যোগাযোগ করে জানিয়ে দিচ্ছি। তিনি খোঁজখবর নিয়ে যাতে আগামীকাল এই সম্পর্কে অবহিত করাতে পারেন সরকারের পক্ষ থেকে কি ব্যবস্থা নেওয়া যায় সেই সম্পর্কে তাকে বলার জন্য অনুরোধ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার আপনাদের সামনে নিয়ে আসতে চাই যার ইমপ্লিকেশন আরও ভয়াবহ। আপনি জানেন, হাওড়াতে ৪০০ ফাউন্ড্রি আছে এবং এ ছাড়া পশ্চিমবাংলায় আরও আছে। গত বাজেটে সমস্ত ফাউন্ড্রির যা কিছু মাল বেরুবে সমস্ত জিনিসের উপর ১০ পারসেন্ট সেন্ট্রাল এক্সাইজ ডিউটি চার্জ করা হয়েছে। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এই ৪০০ ফাউন্ড্রিতে ৩ লক্ষ কর্মচারী যুক্ত আছেন। এটা আমি শুধু হাওড়ার কথা বলছি, এছাড়া পশ্চিমবঙ্গে আরও কিছু ফাউন্ড্রি আছে। সব মিলিয়ে প্রায় সাড়ে ৩ লক্ষ থেকে ৪ লক্ষ কর্মচারী এতে নিযুক্ত আছে। এছাড়া ব্যবসায়ীরা আছে যারা ইন্ডাস্ট্রিগুলি চালাচ্ছে। ১০ পারসেন্ট আগে ছিল কিন্তু এই যে ১০ পারসেন্ট যেটা আগে ছিল সেটা স্পেসিফিক কিছু ফিনিশড মেটিরিয়ালের উপর থাকত। ফাউন্ড্রির যে মাল বেরুবে জ্বলন্ত লোহা বেরুবে তার উপর এক্সাইজ ডিউটি ফেলা হয়েছে। এরফলে হচ্ছে কি—ফাউন্ড্রি ইন্ডাস্ট্রিগুলি বেশিরভাগ জায়গায় গালামাল-মোল্টেড মাল বিক্রি করে। যে সমস্ত ছোট ছোট কন্ট্রাক্টর আছে, মিস্ত্রিরা আছে তারা মোল্টেড মাল বাইরে নিয়ে গিয়ে বিক্রি করে। এখন যেহেতু ১০ পারসেন্ট এক্সাইড ডিউটি গালামাল-মেটিরিয়ালের উপর চাপানো হল, সেহেতু এক্সাইজ অফিসাররা ফাউন্ড্রিতে গিয়ে রেইড আরম্ভ করেছে। এরফলে যে সমস্ত ফাউন্ড্রির মালিকরা অর্ডার নিয়ে ফেলেছিল তাদের কোটি কোটি টাকা লোকসান হচ্ছে। যে অর্ডার তাদের হাতে আছে তা একজিকিউট করার ক্ষমতা তাদের নেই। এমনকি তাদের ক্যাপিটাল পর্যন্ত চলে যাবে। ২ নম্বর হচ্ছে, এর হিসাব রাখার মতোন ইনফ্রাস্ট্রাকচার তাদের নেই—সেলস ট্যাক্স, ইনক্যাম, সেন্ট্রাল এক্সাইজ ডিউটি। এই ডিউটির পরিকল্পনা যদি অন্য ভাবে না নেওয়া হয়, যদি ফাউন্ড্রির মেটিরিয়ালের উপর এই ডিউটি বাড়ে তাহলে বেশিরভাগ ফাউন্ড্রি চালাবার মতোন অবস্থা মালিকদের নেই। এছাড়া সবচেয়ে বেশি আঘাতপ্রাপ্ত হবে কর্মচারিরা। সাড়ে ৩ থেকে ৪ লক্ষ কর্মচারী এরফলে অ্যাফেকটেড হবে।

**Mr. Speaker :** We are representating this Assembly to the Commerce-Minister at the centre. তাদের কাছে রিপ্রেজেনটেশন পাঠালেই হবে।

[2-50 — 3-00 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** এই হাউসের মাধ্যমে দিয়েই আমি যেতে বলছি। এখানে যেমন ১৪ হাজার এন. টি. সি. কর্মচারীর কথা চিন্তা করছেন তেমনি ওখানেও তো ৩ লক্ষ কর্মচারী আছেন। তাদের কথা চিন্তা করবেন না? এই সমস্ত ফাউন্ড্রি ইন্ডাস্ট্রির কথা চিন্তা করবেন না? এই হাউসের মাধ্যমে দিয়ে এর বিরুদ্ধে প্রতিবাদ হওয়া উচিত। এন. টি. সি.-র ব্যাপারে সর্বদলীয় কমিটি যেমন যাওয়া হবে তেমনি একই সঙ্গে এটাও যাতে নেওয়া হয় তারজন্য আমি আবেদন রাখছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই বিধানসভায় সমস্ত দলের কাছে আপনার মাধ্যমে একটি প্রস্তাব রাখতে চাই, আশা করি এই প্রস্তাবটি সকলে গ্রহণ

করবেন। আপনারা দেখুন, আমেরিকার সাম্রাজ্যবাদ কাশ্মীরের ব্যাপারে সারা ভারতবর্ষের অখণ্ডতার পক্ষে কি বিপদজনক অবস্থার সৃষ্টি করেছে। আজকে আমাদের বিধানসভা চলছে, পশ্চিমবঙ্গের বিধানসভার সবচেয়ে একটা বড় জাজ্জ্বল্যমান দৃষ্টান্ত—আমরা গার্সিয়া থেকে আরম্ভ করে বহু আলোচনা করেছি—তাই এই সভায় প্রস্তাব রাখছি কাশ্মীরের ব্যাপার নিয়ে আমেরিকার সাম্রাজ্যবাদের বিরুদ্ধে একটা সর্বদলীয় রেজলিউশন আমরা যদি আজকে করতে পারি, বোঝাতে হবে আমেরিকা পাকিস্তানকে অন্যভাবে মদত দিচ্ছে, কাশ্মীরের ব্যাপারটিকে নিয়ে ভারতবর্ষের অভ্যন্তরীণ ব্যাপারে হস্তক্ষেপ করছে। আমেরিকা চায় না ভারতবর্ষ একটা সুস্থ দেশ হিসাবে গড়ে উঠুক। এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে পার্লামেন্টে আলোচনা হয়েছে, আমাদের বিধানসভা চলছে আমরা চাই একটা রেজলিউশন নিতে। আমেরিকার কনস্যুলেটের সামনে, আপনারা যদি রাজি থাকেন তাহলে চলুন সো-কল্ড সব দলের সদস্য আমরা গিয়ে ধর্ণা দিই। আমরা বলি এগুলি বন্ধ করতে হবে। আমরা একটা দিন ঠিক করে কংগ্রেস, এস. ইউ. সি., সি. পি. এম. কনস্যুলেটে বিধানসভার সমস্ত লোক হাঁটতে হাঁটতে গিয়ে আমরা প্রতিবাদ করব। যা ইতিহাসে কোনওদিন হয়নি। সব অ্যাসেম্বলি থেকে গিয়ে ধর্ণা দেবে কাশ্মীরের উপর আমেরিকার হস্তক্ষেপ অবিলম্বে তুলে নেওয়া হোক। তা না হলে আমেরিকার যে সমস্ত অফিস ও সংস্থা আছে আমরা সেখানে বিক্ষোভ দেখাতে বাধ্য হব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার মনে হয় এই প্রস্তাবটি বিধানসভায় সব দল মিলে করতে পারি। ভারতবর্ষের কোনও রাজ্য করে নি, আমরা যদি করি এটা একটা দৃষ্টান্ত হবে। সমস্ত বিধানসভার মাননীয় সদস্য প্রতিবাদ করে একযোগে কনস্যুলেটে ধর্ণা দিয়েছে। আমি আপনার মাধ্যমে প্রস্তাবটি রাখছি, আপনি ইতিপূর্বে অনেক বিষয়ে ইতিহাস সৃষ্টি করেছেন এটাতেও আমরা নজির সৃষ্টি করতে পারি।

**শ্রী মানবেন্দ্র মুখর্জি ঃ** স্যার, মাননীয় সদস্য শ্রী সত্যরঞ্জন বাপুলি মহাশয় যে বিষয়ে উৎকণ্ঠা প্রকাশ করেছেন, এই প্রথম আমেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে মত প্রকাশ করেছেন, সেজন্য আমি ব্যক্তিগতভাবে তাকে ধন্যবাদ জানাচ্ছি। নিঃসন্দেহে অত্যন্ত উদ্বিঘ্ন হবার মতো একটা বিষয়। কাশ্মীর ভারতবর্ষের অভ্যন্তরীণ একটা রাজ্য। কাশ্মীরের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, কাশ্মীরের বিষয় নিয়ে আমেরিকান সরকারের মন্তব্য করার, নাক গলাবার ন্যূনতম কোনও সুযোগ নেই। এর বিরুদ্ধে প্রতিবাদ করা উচিত। কাশ্মীরের ব্যাপার নিয়ে পাকিস্তান যেভাবে জেনেভার মিটিংয়ে মানবাধিকারের প্রশ্নে গোটা পৃথিবীর জনমতকে বিভ্রান্ত করার চেষ্টা করছে তার বিরুদ্ধে সোচ্চার হওয়া উচিত। কেন্দ্রীয় সরকারকে এই কথা বলা উচিত যে তারা যেন যে কোনও ধরনের চাপের কাছে নতি স্বীকার না করেন। কাশ্মীর ভারতবর্ষের অখন্ড ছিল অতীতে, ভবিষ্যতেও থাকবে, কারও তাতে নাক গলানো চলবে না। ভারতবর্ষের অভ্যন্তরীণ ব্যাপারে আমেরিকা, যুক্তরাষ্ট্রের নাক গলানোর প্রয়োজন নেই। এই দুটি বিষয়ই মোটামুটি এক রকম।

**মিঃ স্পিকার ঃ** মিঃ বাপুলি, লোকসভায় যদি একটি বিষয় নিয়ে রেজলিউশন পাস করে সেই সাবজেক্ট নিয়ে আমরা কি রেজলিউশন করতে পারি? এটা হয়?

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** আপনি ঠিকই বলেছেন, লোকসভায় এটা হয়েছে। কিন্তু আমরা এখানে দিয়াগো গার্সিয়া নিয়ে রেজলিউশন নিয়েছি। একই দৃষ্টান্ত নিয়ে—আমি যেটা

আপনার মাধ্যমে বলতে চাই—সেটা হচ্ছে লোকসভা করছে, আমরা যে করতে পারব না এই রকম কিছু নেই, ব্যাপারটা নিয়ে লোকসভা করেছে, আমরাও করেছি।

**মিঃ স্পিকার ঃ** রাজ্য সভায় সব পার্টির রিপ্রেজেন্টেশন আছে, সেই কারণে রেজলিউশন কিংবা মোশন যদি সেখানে গৃহীত হয় তাহলে এখানে করা যায় না, এটা হচ্ছে রুল। ন্যাশনাল পার্লামেন্ট একবার করলে বারবার সেটা করা যাবে না। সেখানে ডিবেট হয়েছে, আলোচনা হয়েছে, আমাদের স্টেটের প্রতিনিধিরা তা সমর্থন করেছেন যারা সেখানে ছিলেন। ইচ্ছা হয়ে থাকলে ঝান্ডা নিয়ে ধরনা দিন না সেখানে। অবশ্য সেটা করতে সত্যবাবুর একটু অসুবিধা আছে, কারণ ১১টা থেকে ২টা পর্যন্ত তাকে কোর্টে থাকতে হবে, অন্য সবাই সেটা করতে পারবেন।

## Message Under Rule 181

**Mr. Speaker :** Members are informed that a message under Rule 181 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly has been received from the Rajya Sabha Secretariat for ratification of the amendment to the Constitution of India falling within the purview of clause (b) of the proviso to clause (2) of article 368 thereof, proposed to be made by the Constitution (77th Amendment Bill), 1992 as passed by both the Houses of Parliament.

The message is accordingly laid on the Table.

## LEGISLATION

### The West Bengal Panchayat (Amendment) Bill, 1994

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to introduce the West Bengal Panchayat (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill.)

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal Panchayat (Amendment) Bill, 1994 be referred to the Select Committee consisting of the following members :

(1) Shri Samar Baora
(2) Shri Jatindra Nath Roy
(3) Shri Khabir Uddin Ahmed
(4) Shri Kamala Kanta Mahato
(5) Shri Nripen Gayen
(6) Shri Hrishikesh Maity
(7) Shri Pannalal Maji
(8) Shri Broja Gopal Neogy
(13) Shri Ramani Kanta Deb Sarma
(14) Shri Kripa Sindhu Saha
(15) Shri Sailendra Nath Mondal
(16) Shri Nityananda Adhikary
(17) Shri Subhas Goswami
(18) Shri Sakti Bal
(19) Shri Deba Prasad Sarkar
(20) Shri Abdul Mannan

(9) Shri Mrinal Kanti Roy
(10) Smt. Bilasi Bala Sahis
(11) Shri Touab Ali
(12) Shri Dhiren Sen
(21) Shri Atish Chandra Sinha
(22) Shri Gyan Singh Sohanpal and
(23) Dr. Surjya Kanta Mishra

and the report will be submitted to the House by 5th April, 1994.

**Mr. Speaker :** I nominate Dr. Surjya Kanta Mishra, Minister-in-Charge of Panchayat Department and Rural Development Department to be the Chairman of this Select Committee.

The Motion of Dr. Surjya Kanta Mishra that the West Bengal Panchayat (Amendment) Bill, 1994 be referred to the Select Committee was then put and agreed to.

**The West Bengal State Election Commission Bill, 1994**

**Dr. Surjya Kanta Mishra :** Sir, with your permission, I beg to introduce the West Bengal State Election Commission Bill, 1994.

[3-00 — 3-10 p.m.]

(Secretary then read the Title of the Bill)

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal State Election Commission Bill, 1994, be taken into consideration.

## PRESENTATION OF REPORT

### 53rd Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 53rd Report of the Business Advisory committee. The Committee met in my Chamber today and recommended the following programme of business for 9/3/94, 16/3/94 and 17/3/94.

| | | |
|---|---|---|
| 09.03.94, Wednesday : | (i) The West Bengal Sales Tax Bill, 1994 (Introduction, Consideration and Passing) | . $^1/_2$ hour |
| | (ii) Reslolution for Ratification of the Constution (Seventy-seventh Amendment) Bill, 1992 | .. 1 hour |
| | (iii) The India Belting and Cotton Mills Limited (Acquisition & Transfer or Undertakings) (Amendment) Bill, 1994 (Introduction, consideration and Passing) | .. 2 hour |
| 16.03.94, Wednesday : | (i) Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) | .. 1 hour |

| | | |
|---|---|---|
| | (ii) The West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994 (Introduction, Consideration and Passing) | .. 1 hour |
| 17.03.94, Thursday : 3 p.m. | Presentation of Financial Statement of the Government of West Bengal for the year 1994-95. | |

I would now request the Minister-in-Charge of the Parliamentary Affairs Department to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 53rd Report of the Business Advisory Committee, as presented to the House, be agreed to by the House.

The motion was then put and agreed to.

## LEGISLATION

Discussion on The West Bengal State Election Commission Bill, 1994

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্য কান্ত মিশ্র মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন বিল ১৯৯৪ যেটা এনেছেন সেই বিলের বিতর্কে অংশ নিয়ে দুঃখের সঙ্গে, রাজ্য সরকারের যে অ্যাটিচুড, রাজ্য সরকারের এই বিল আনার ব্যাপারে যে অনীহা ছিল তার সমালোচনা করতে বাধ্য হচ্ছি। এই অ্যামেন্ডমেন্টটা পার্লামেন্টে ১৯৯২ সালের ডিসেম্বর মাসে পাশ হয়ে গিয়েছে। এই যে ৭৩তম অ্যামেন্ডমেন্ট, এটা ২৪শে এপ্রিল ১৯৯৪ সালে এনফোর্স হওয়ার কথা। এই বিলটা আনতে রাজ্য সরকার এবং তার সাথে মাননীয় মন্ত্রী মহাশয় এত দেরি করলেন কেন? আমাদের রাজ্য সরকার প্রায়ই দাবি করেন যে তারা নাকি ভারতবর্ষে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করেছেন এবং পঞ্চায়েত রাজে তারা বিভিন্ন শ্রেণীর মানুষকে বিশেষ করে মহিলাদের এর মধ্যে যুক্ত করতে পেরেছেন। তঞ্চকতার একটা সীমা আছে। আসলে কেন্দ্রকে এড়িয়ে যাবার জন্য, কেন্দ্রীয় সরকারের জিনিসকে উপেক্ষা করে রাজনৈতিক স্বার্থ সিদ্ধ করার জন্য তারা এই কাজ করেছেন। কেন্দ্রীয় সরকারের তৎকালিন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী যে পঞ্চায়েত রাজ বিল এবং নগর পালিকা বিল ১৯৮৯ সালে এনেছিলেন, আপনারা তার বিরোধিতা করেছিলেন। সেই দিন রাজীব গান্ধী আপনাদের বিরোধিতার জন্য, লোকসভায় অ্যাবসলিউট মেজরিটি না থাকার জন্য, টু থার্ড মেজরিটি না থাকার জন্য এই বিল পাস করতে পারেন নি। পরবর্তীকালে আপনারা বুঝতে পারলেন যে মহিলাদের দরকার, আদিবাসী তফসিলি মানুষদের দরকার। ১৯৭৮ সালে পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে আপনারা যে পঞ্চায়েত প্রতিষ্ঠা করেছিলেন, থ্রি টায়ার পঞ্চায়েত নির্বাচন করে যাদের আনলেন, প্রকৃত পক্ষে গ্রামের নিপীড়িত মানুষ দরিদ্রতম মানুষ পঞ্চায়েতের মাধ্যমে মানুষকে সুযোগ সুবিধা দেওয়ার ক্ষেত্রে তারা কোনও ভূমিকা পালন করতে পারছেনা। সমাজের যারা প্রিভিলেজ ক্লাস তারা পঞ্চায়েতের বিভিন্ন পদ দখল করে রেখেছিল শুধু নমিনেটেড তফসিলি জাতি এবং উপজাতির দুজন মানুষ এবং দুজন মহিলা রেখেছিলেন।

রাজীব গান্ধী প্রথমে এই চিন্তাধারা নিয়ে আসেন যে, সেখানে আদিবাসী, তফসি সম্প্রদায়ের মানুষকে একটা পার্সেন্টেজ হিসাবে একটা সিট দিতে হবে। আপনারা মহিলাদে জন্য ওয়ান থার্ড রিজার্ভেশন নিয়ে এলেন। অথচ ওটা আপনারা মানেন নি। আপনা তড়িঘড়ি করে একটা বিল নিয়ে এলেন। আপনারা যে কোনও কাজে রাজনৈতিক এক দৃষ্টিভঙ্গি নিয়ে চলেন, রাজনৈতিক স্বার্থের কথাটা সবচেয়ে বড় করে দেখেন। তাই অন্যা রাজ্যে যখন স্টেট ইলেকশন কমিশন করে ফেললেন, আপনারা তখন অনেক পিছিয়ে রইলে আপনাদের মুখ্যমন্ত্রী বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের নিয়ে কনক্লেভ করার চেষ্টা করেন। বিভি রাজ্যের মুখ্যমন্ত্রীদের চিঠি লিখে তিনি জানালেন যে, এটা করার দরকার নেই। কি অসুবি ছিল এই বিল নিয়ে আসার ব্যাপারে? বিধানসভা এবং লোকসভার নির্বাচন কন্ডাক্ট করা জন্য একটা ইলেকশন কমিশন আছে, একটা স্বশাসিত সংস্থা যেখানে আছে, সেখানে পঞ্চায়েতে মতো একটা সংস্থায়, যেখানে থ্রি টায়ারে মানুষ নির্বাচিত হন যেখানে সত্তর হাজারের মে মানুষ নির্বাচিত হন, সেখানে নির্বাচন পরিচালনা করার জন্য একটা নির্বাচন কমিশন করা ব্যাপারে কি আপত্তি ছিল? অথচ, এই নির্বাচন কমিশন করার ব্যাপারে আমরা দেখলা আপনাদের অপত্তি নেই, যেহেতু স্টেট গভর্নমেন্ট এটা তৈরি করবেন। তারা অ্যাপয়েন্টমে দেবেন, অ্যাপয়েন্টমেন্ট দেবার পর নির্বাচন কমিশনের যে অ্যাপয়েন্টিং অথরিটি, তার অধিকা চাইবেন কেন্দ্রীয় সরকারের কাছে। প্রত্যেক ব্যাপারে আপনারাই অ্যাপয়েন্টমেন্ট দিচ্ছেন, এব ক্যানসেল করছেন। কিন্তু অ্যাপয়েন্টমেন্টের জন্য ইলেকশন কমিশন যাতে আপনাদের কথামতে চলতে বাধ্য থাকে, তাকে রিমুভ্যালের জন্য আপনারা অধিকার চাইলেন। রিমুভালের দায়িত্বে কথা কেন্দ্রীয় সরকার বলেন নি। সেখানে পার্লামেন্ট আছে, জনপ্রতিনিধিদের উপরে বিষয়টাকে ছেড়ে দেওয়া হয়েছে। আমাদের স্টেট ইলেকশন কমিশনার যিনি হবেন, পঞ্চায়েত নির্বাচ করতে গিয়ে একটা ডিলিমিটেশন এসে যাচ্ছে। ভোটার লিস্ট তৈরি করার ক্ষেত্রে আপনাদে নির্দেশ যদি তিনি না মেনে নিতে পারেন তাহলে তাকে সরিয়ে দেওয়ার অধিকার, যেহে সেই অধিকার আপনাদের থাকছে না, তাই আপনারা সেটা গ্রহণ করলেন না। আপনার এখানে এতদিন মিউনিসিপ্যালিটির নির্বাচন করছেন। সেটা কে করছেন, না সরকারি কর্মচা করছেন। নির্বাচনে জেতা প্রার্থীকে আপনারা কাউন্টিংয়ে হারিয়ে দিলেন। তাকে কোর্টে যেতে হল, কেস পেন্ডিং হল। যে অফিসার ইলেকশন কন্ডাক্ট করেছেন, বোথ মিউনিসিপ্যালিটি এব পঞ্চায়েত, তিনি যেহেতু সরকারি অফিসার, তার পোস্টিং কোথায় হবে, তিনি ভাল জায়গা থাকবেন কি থাকবেন না, সেটা সরকারের উপরে থাকবে। মিউনিসিপ্যালিটি পঞ্চায়েত ব নগরপালিকার ক্ষেত্রে, সমস্ত ক্ষেত্রে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে যারা দায়িত্বে ছিলেন, তার শাসক দলের পক্ষ নিয়ে কাজ করেছেন। এমনকি গ্রাম বাংলার ক্ষুদে কমরেড, রাজনৈতি নেতার রক্তচক্ষুকে ভয় করে কাজ করতে বাধ্য হয়েছেন। নির্বাচনের কাজে দুর্নীতি করা অনেক স্কোপ আপনাদের রয়েছে। চিফ ইলেকশন কমিশনার এত চেষ্টা করেও পশ্চিমবাংলা নির্বাচনে দুর্নীতি বন্ধ করতে পারেন নি, তিনি নির্বাচনে কারচুপি বন্ধ করতে পারেন নি।

[3-10 — 3-20 p.m.]

চিফ ইলেকশন কমিশনার এত চেষ্টা করেও কি দুর্নীতি বন্ধ করতে পেরেছেন?—পারে নি। এই যে বালিগঞ্জে ইলেকশন হল, সেখানে কি রিগিং থামাতে পেরেছেন? চৌরঙ্গিতে

পিসফুল রিগিং হল তা বন্ধ করতে পেরেছেন এই চিফ ইলেকশন কমিশনার? সেখানে যে ফলস ভোটার দিয়ে ভোট দেওয়ানো হল তার কি ব্যবস্থা করতে পারলেন? পারবেন না কারণ উনি তো আর বাইরের থেকে লোক এনে বা স্টাফ এনে কাজ করতে পারবেন না। আপনাদের থেকেই লোক নেবেন তা মিউনিসিপ্যাল পর্যায়ে হোক বা পঞ্চায়েত কি ডিস্ট্রিক্ট লেবেলেই হোক। এখানকার ডিপিইওকে দিয়েই কাজ করাতে হবে। তাদের সঙ্গে কথা বলেই কাজ করতে হবে। সুতরাং ডিপিইও বা মিউনিসিপ্যাল ইলেকশন অফিসারই বলুন ইন কনসাল্টেশন উইথ দি স্টেট গভর্নমেন্ট কাজ করতে হচ্ছে। আপনারা বাইন্ডিংয়ের মধ্যে থেকেই এই বিল আনতে বাধ্য হয়েছেন। দুর্ভাগ্যের বিষয় যে অনেক দেরি হলেও এই বিলটি আনতে আপনারা বাধ্য হয়েছেন। যদিও এই বিলটিকে সহজে আনতে খুব একটা আগ্রহী ছিলেন না। এই বিলের সমর্থক তো আমরা ছিলাম, কিন্তু আপনারা সরকারের পক্ষে থাকার জন্য এই বিলটি আনতে বাধ্য হয়েছেন। এই বিলটি যাতে গোড়া থেকেই না আসতে পারে তারজন্য রাজনৈতিক স্তরে নানাভাবে চেষ্টা করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত ব্যর্থ হয়েছেন তখন বাধ্য হয়ে এই বিলটি এনেছেন। যাইহোক আপনার অনেক দেরিতে হলেও বেটার লেট দ্যান নেভার এইকথা ভেবেই এই বিলকে সমর্থন করছি। এই বিলটি ইমপ্লিমেন্ট করতে গিয়ে কয়েকটি অনুরোধ আপনার কাছে রাখছি। আপনারা তো কিছু বলতে গেলেই বলেন যে কংগ্রেসের কাজই হচ্ছে সি. পি. এমের বিরোধিতা করা। আজকে নির্বাচনে যে রিগিং হয়েছে এবং পঞ্চায়েতে নির্বাচন একটা প্রহসন ছাড়া কিছু নয় এই কথা তো সবাই জানে। আপনারা কান্দুয়াতে আমাদের অর্থাৎ হাত চিহ্নে ভোট দেওয়ার জন্য হাত কেটে দিলেন, তারপরে শান্তি চ্যাটার্জি কংগ্রেস প্রার্থী হিসাবে পঞ্চায়েত নির্বাচিত হওয়ার জন্য তাকে উলঙ্গ করে আবির মাখানোর চেষ্টা করা হল। আপনারা পঞ্চায়েত নির্বাচন নিয়ে কাদা ঘাটাঘাটি করেছেন। আপনারা এই নির্বাচনকে একটা প্রহসনে পরিণত করেছিলেন। আমরা পঞ্চায়েত নির্বাচনের সময়ে বারে বারে বলেছিলাম যে নির্বাচনের সঙ্গে সঙ্গেই কাউন্টিং করবেন না। কাউন্টিং বাদে করুন কিন্তু আপনারা আমাদের কথা শোনেন নি। আমরা বলেছিলাম বুথ ওয়াইজ কাউন্টিং না করে বিডিও বা এসডিও অফিসের গো ডাউনে আন্ডার লক অ্যান্ড কি করে ব্যালট বাক্সগুলো রাখুন। তারপরে কাউন্টিং করুন। একজন রিটার্নিং অফিসারের পক্ষে ভোট নেওয়ার পরে সেইদিন রাত থেকেই কাউন্টিং করা সম্ভব নয়। কিন্তু আমরা তো কংগ্রেস, সুতরাং আমাদের কথা তো শোনার দরকার নেই। কারচুপি করে সেইদিন থেকেই পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত, জেলা পরিষদের গণনা শুরু করে দিলেন। একটা মানুষের পক্ষে এত রাত জেগে আবার গণনা করা সম্ভব হয় নাকি। আপনারা ভাবলেন এর দ্বারা রাজনৈতিক সুবিধা লাভ করবেন এবং এরজন্য আমাদের ওয়ান থার্ড অর্থাৎ ১০ হাজারের বেশি প্রার্থী তাদের মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিল। আমাদের যে নির্বাচনের প্রার্থী ছিল তাদের বাড়ি বাড়ি গিয়ে আপনারা হুমকি দিয়েছেন মনোনয়ন পত্র প্রত্যাহার করে নেবার জন্য এবং আপনাদের ভয়ে অনেক মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছিল। আপনাদের পরাজিত প্রার্থীকে আপনারা জয়ী করলেন এবং সার্টিফিকেটের ব্যাপারে প্রিসাইডিং অফিসারকেও থ্রেট করলেন। এইভাবে পঞ্চায়েত নির্বাচনকে নিয়ে আপনারা একটা প্রহসন সৃষ্টি করেছিলেন। আপনাদেরই শরিক দল একদিকে আর. এস. পি. এবং অন্যদিকে আরেক শরিক দল ফরোয়ার্ড ব্লকের নেতারা কি বলেছেন সেটা তো আপনারা ভাল করেই জানেন। তারা তো প্রকাশ্যেই পঞ্চায়েতে নির্বাচনের

সমালোচন করেছেন আর কংগ্রেস করলেই যত গন্ডগোল। সুতরাং আজকে যে বিল নিয়ে এসেছেন সেটা স্টেট গভর্নমেন্টকে ডাইরেক্ট করা হয়েছে তাই আপনারা বাধ্য হয়ে ৭৩-৭৪তম সংবিধান সংশোধনী বিল অনুযায়ী এই বিলটি আনতে বাধ্য হয়েছেন এই বিলে শুধুমাত্র স্টেট ইলেকশনের কমিশনের কথা বলা হয়েছে যাতে করে স্টেট ইলেকশন কমিশনারের ইমপার্শিয়ালিটি থাকে এবং তার জন্য আইনেরও ব্যবস্থা রাখা হয়েছে। যাতে করে তারা অবাধ এবং নিরপেক্ষভাবে নির্বাচন পরিচালনা করতে পারেন তারজন্যই এটা আনা হয়েছে এবং এতে আপনাদের ভয় পাবার কিছু নেই।

আজকে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা করেছেন বলে আপনারা খুব বড় বড় কথা বলছেন, নগরপালিকা বিল আপনারা চাচ্ছেন, সামনের বছরে এটা হবে। শেষন যেমন কেন্দ্রকে পরোয় করে না, তেমনি আপনাদেরও সে পরোয়া করে না। তিনি মন্ত্রীকে যুক্তি দিয়ে বোঝাচ্ছেন তার গার্ডস আছে, তিনি তাদের বোঝাচ্ছেন। আপনাদের কন্ট্রোলে যদি ইলেকশন কমিশনার থাকত তাহলে আপনারা যা ইচ্ছা তাই করতেন। ত্রিপুরাতে ইলেকশন কমিশনারের কথা মেনে নিয়েছে তারা পরিচয় পত্র চালু করবার পক্ষে, কিন্তু আপনারা এখানে মানছেন না। আইডেন্টিফাই কার্ড চালু হলে তো আপনারা যে ভাবে জিতে আসেন রামের ভোট শ্যাম দিয়ে দেয়, ছেলের ভোট মেয়ে দিয়ে দেয়, ১০ বছরের ছেলেকে ২০ বছরের ছেলে হিসাবে নিয়ে গিয়ে ভোট দিয়ে দেন, এই জিনিস তো আর হবে না। সেইজন্যই আপনারা বার বার আইডেন্টিফাই কার্ড চালু করবার বিপক্ষে, খালি বাধা দিচ্ছেন। সত্যিই যদি আপনাদের জনগণের উপর আস্থা থাকে, বিশ্বাস থাকে তাহলে আপনারা দুই হাত তুলে এই প্রস্তাবকে সমর্থন করুন, আইডেন্টিফাই কার্ড চালু হোক দেখব আপনারা নির্বাচনে কিভাবে জিতে আসেন, কিভাবে জয়যুক্ত হন। আপনারা খালি টাকার কথা বলছেন, সেই টাকা দিলেও তো আপনারা সেটা শেষ করে দেবেন। আপনারা বলেন, পঞ্চায়েত নির্বাচন নাকি ভারতবর্ষকে আলো দেখিয়েছে, পঞ্চায়েত নির্বাচন করতে গিয়ে রাজীব গান্ধী যেটা বলেছিলেন আপনারা সেটার ব্যাপারে কথায় কথায় বাধা দিয়েছিলেন। ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকসন করতে পারবেন না। আজকে সমস্ত দেশে পঞ্চায়েতের মাধ্যমে গ্রামীণ উন্নয়নের কাজ হচ্ছে। এখানে যে ফিনান্স কমিশনের কথা বলা হচ্ছে, আপনারা কি করেছেন,—আপনি তখন মন্ত্রী ছিলেন না, বিনয়দা মন্ত্রী ছিলেন—আমি এলাকার নাম ধরে বলছি, আরামবাগের ২টি জায়গায় পঞ্চায়েত সমিতির মেজরিটি বলে সেখানে পঞ্চায়েত সমিতির সভাপতিকে চেয়ার দেওয়া হল, বি. ডি. ও. রইল, কিন্তু কাজ করার সময় দেখা গেল যে লোকটি আগে সভাপতি ছিল তাকে বেনিফিসিয়ারি কমিটির চেয়ারম্যান করে সব টাকা তাকে দিয়ে দেওয়া হল। পঞ্চায়েতকে সেখানে আপনারা টাকা দিলেন না, বেনিফিসায়ারির লোককে আপনারা টাকা দিয়ে দিলেন। এই অবস্থা যদি হয় তাহলে আপনাদের এখানে শুধু নয় গোটা ভারতবর্ষের ক্ষেত্রে যাতে ফিনান্স কমিশন না হয় সেটার ক্ষেত্রে আপনারা বাধা দিলেন, আপনাদের উদ্দেশ্য হচ্ছে দেশের মানুষের সেবা করা নয়, দলের লোকের স্বার্থ দেখা। আজকে গ্রামোন্নয়নের নামে যে টাকা দেওয়া হয়েছে সেটা আপনারা না দেওয়ায় সাধারণ মানুষকে বঞ্চিত করছেন। ফিনান্স কমিশন হলে এটা একতরফা হত না। আপনারা সব কিছু বোঝেন, দেরিতে বোঝেন, আপনারা এখন পাপের প্রায়শ্চিত্ত করছেন, আপনারা নেতাজীকে তেজোর কুকুর বলেছিলেন, সেটার ভুল বুঝতে আপনাদের ৪০

বছর লেগেছে। বিশ্বব্যাঙ্ক থেকে টাকা নেওয়া উচিত সেটা বুঝতেও আপনাদের দেরি হয়েছে, আজকে ডাঙ্কেল প্রস্তাবটা আপনারা এখন বুঝতে পারছেন না, এটাও আপনারা বুঝবেন কিন্তু দেরিতে বুঝবেন। পঞ্চায়েতের ক্ষেত্রে মহিলাদের জন্য যে সংরক্ষণ আছে সেটার ব্যাপারেও আপনারা দেরিতে বুঝবেন। আজকে প্রতিটি ক্ষেত্রে রাজ্য সরকারের সঙ্গে ইন কনসালটেশন উইথ দি ইলেকশন কমিশন, কিন্তু রাজ্য সরকার সব কিছুই করবে। ইন কনসালটেশন উইথ দি ইলেকশন কমিশন কলকাতা বিশ্ববিদ্যালয়-এর আইনটা পাল্টালেন, সেখানে আপনাদের মনোমতো লোক নেই বলে সন্তোষ ভট্টাচার্য উপাচার্য হলেন।

এখানে রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে, রাজনৈতিক স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে আপনারা এই আইনটাকে অপব্যবহার করে, অপ্রপ্রয়োগ করে ব্যবহার করবেন না, সেখানে অ্যাপয়েন্টমেন্ট দেওয়ার ক্ষেত্রে আপনারা দলবাজি করবেন না। নির্বাচন প্রক্রিয়ায় সকল মানুষের অংশগ্রহণ যাতে হয় সেইজন্য কেন্দ্রীয় সরকার প্রচেষ্টা চালাচ্ছে। আশা করি আপনারা সেটাকে বাস্তবায়িত করবেন এবং সঠিকভাবে এগিয়ে নিয়ে যাবেন। দেরিতে হলেও এই বিলটা আনার জন্য আপনাদের ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্রীধর মালিক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন বিল এখানে উত্থাপন করেছেন এবং মাননীয় সদস্য লক্ষ্মীকান্ত দে ওর সাথে যে দু-একটা অ্যামেন্ডমেন্ট যোগ করেছেন সেই ব্যাপারে আমি এখানে দু-চারটি কথা বলতে চাই। স্যার, বিরোধী দলের সদস্য মান্নান সাহেব এখানে কিছু কথা বললেন। কিন্তু এসব কথার কোনও প্রয়োজন ছিল বলে আমরা মনে করি না। তিনি এখানে বলেছেন, তাদের প্রয়াত প্রধানমন্ত্রীই একমাত্র মহিলা এবং তফসিলি জাতিদের জন্য নির্বাচন কেন্দ্র সংরক্ষণ চালু করেছিল। তিনি আরও বলেছেন, যে রাজনৈতিক স্বার্থ, সিদ্ধি করার উদ্দেশ্যে এই বিলকে আমরা আনছি। মান্নান সাহেব এখানে নির্বাচনকে প্রহসনে পরিণত করার কথা এবং বিভিন্ন রকম দুর্নীতির কথা উত্থাপন করেছেন এবং সঙ্গে সঙ্গে গ্রামীণ জনসেবার ক্ষেত্রে আমাদের রাজ্য কোনও উদ্যোগ নিতে চাইছে না এইসব কথা বলেছেন। এই ব্যাপারে আমি কয়েকটি কথা মান্নান সাহেবকে বলতে চাই, যে প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী এই আইন করেছিলেন ঠিকই, কিন্তু এখনও পর্যন্ত ভারতবর্ষের মধ্যে যেখানে কংগ্রেস পরিচালিত রাজ্য সরকার আছে, সেখানে কিন্তু এই দৃষ্টান্ত স্থাপন করা হয়নি। সারা ভারতবর্ষের মধ্যে আপনাদের মতাদর্শ দ্বারা পরিচালিত যেসব সরকার আছে, সেখানে কোথাও এটা আছে বলে আমরা মনে করি না।

নিশ্চয় হয়ত আইন ছিল না কিন্তু তবুও অতীতে তফসিল জাতি, উপজাতির মানুষদের নির্বাচিত করে নিয়ে আসার এবং তার সঙ্গে সঙ্গে মহিলাদের নিয়ে আসার প্রয়োজনীয়তা আমরা উপলব্ধি করেছি এবং নিয়ে এসেছি। অনেক জায়গায় তারা প্রধান, উপ-প্রধান, সভাপতি ইত্যাদিও হয়েছেন। এ নজির কিন্তু বিরোধীদলের সদস্যরা যখন ক্ষমতায় ছিলেন তখন তাদের সময় তারা দেখাতে পারবেন না। তারপর স্যার, আমাদের বিরুদ্ধে মান্নান সাহেব অভিযোগ করে বললেন যে, যে সব নির্বাচন আমরা করেছি সেগুলি নাকি প্রহসন।

আমি তাকে জিজ্ঞাসা করি, '৭২ সালের চেয়েও কি প্রহসন? আমরা তো অন্তত জানি না যে আমাদের সময় যেসব নির্বাচন হয়েছে সেগুলি প্রহসন হয়েছে। এমন কি নির্বাচন কমিশনের তরফ থেকে যেসব পর্যবেক্ষক নির্বাচনের সময় এই রাজ্যে এসে দিনের পর দিন গ্রামগঞ্জে, পাহাড়ে জঙ্গলে ঘুরে নির্বাচনী ব্যবস্থা দেখেছেন তারাও কোথাও এই অভিযোগ করেন নি। অর্থাৎ আমি বলতে চাই যে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর এখানে যত লোকসভা, বিধানসভা, পঞ্চায়েত, পৌরসভার নির্বাচন হয়েছে সে সম্পর্কে এই অভিযোগ তারা করেন নি। মান্নান সাহেব যদি অভিযোগ করার সময় দু/একটি দৃষ্টান্ত তুলে ধরতেন তাহলে আমি বুঝতাম কিন্তু তা না করে শুধু অভিযোগ করার জন্যই তিনি অভিযোগ করে গেলেন। এই প্রসঙ্গে তাই স্যার, আমাদের দেশে সাধারণভাবে যে কথাটা চালু আছে সেটা আমার মনে পড়ে যাচ্ছে যে, 'চোরের মায়ের বড় গলা।' কারণ ১৯৭২ সালই তার জ্বলন্ত দৃষ্টান্ত। তারপর গ্রামের উন্নয়নমূলক কাজের ব্যাপারে উনি সমালোচনা করে বললেন যে আমরা নাকি গ্রামোন্নয়ন ব্যাপারে কিছুই কাজ করছি না এবং আই. এম. এফ. ও কেন্দ্রীয় সরকার এরজন্য যে টাকা বরাদ্দ করছেন সেই টাকা সঠিকভাবে ব্যবহার করছি না। বিরোধী কংগ্রেস দলের বন্ধুদের আমি জিজ্ঞাসা করি, এ কথা কি পশ্চিমবঙ্গবাসী তথা ভারতবাসীকে বিশ্বাস করানো যাবে যে বামফ্রন্ট সরকার নির্বাচিত সংস্থা—পঞ্চায়েত, পৌরসভার মাধ্যমে সাধারণ মানুষের কল্যাণমূলক কাজের জন্য টাকা ব্যয় করছেন না? অপরদিকে আমরা কি দেখছি? আমরা দেখছি যে কেন্দ্রীয় সরকারের বাজেটে এই কল্যাণমূলক কাজের বরাদ্দকৃত টাকা দিনের পর দিন কেটে দেওয়া হচ্ছে। সেখানে জনসেবামূলক যে সমস্ত কাজ আছে—সেচ, শিক্ষা, স্বাস্থ্য—তাতে যে টাকার প্রয়োজন দিনের পর দিন কেন্দ্রীয় সরকার সেই টাকা কাটছেন। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে কিন্তু অবস্থাটা ঠিক উল্টো। এখানে দিনের পর দিন সাধারণ মানুষের কল্যাণকর কাজের জন্য বরাদ্দ অর্থ বাড়িয়ে যাওয়া হচ্ছে। এটা শুধু আমাদের কথাই নয়, আই. এম. বিশ্বব্যাঙ্কও বলেছেন যে পশ্চিমবঙ্গ একমাত্র রাজ্য যেখানে বিশ্বব্যাঙ্ক যে টাকা দেন সেই টাকায় এখানে দারিদ্র সীমারেখার নিচে বসবাসকারি মানুষদের আর্থিক কাঠামোকে দেখে তাকে সাহায্য করে তার আর্থিক অবস্থা শক্তিশালী করার কাজ হচ্ছে। ওরা রাজনীতির কথা বলেছেন। ঠিকই তো, রাজনৈতিক সদিচ্ছা না থাকলে তো এই জিনিস করা যায় না। কিন্তু আমাদের রাজনীতিটা কি সেটা বুঝতে হবে। আমাদের রাজনীতি হচ্ছে ভূমিসংস্কারের রাজনীতি, আমাদের রাজনীতি হচ্ছে গরিব লোককে জমি দেওয়ার, জনশিক্ষা প্রসার করার, ভাগচাষী আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার গরিব ও খেটে খাওয়া মানুষদের স্বার্থে জনসেবামূলক কাজ করার রাজনীতি। এই রাজনৈতিক সদিচ্ছা নিয়েই আমরা পশ্চিমবঙ্গে কাজ করে যাচ্ছি এটা নিশ্চয় আপনারা অস্বীকার করতে পারেন না। এই তো আমাদের পশ্চিমবঙ্গের পঞ্চায়েতের কর্মসূচি কর্ণাটক প্রথম অনুসরণ করার চেষ্টা করেন কিন্তু তারা পারেন নি কারণ এরমধ্যে রাজনৈতিক সদিচ্ছা না থাকলে হয় না। কাজেই মান্নান সাহেবকে বলি, বামফ্রন্টের চিন্তাভাবনার বিরোধিতা করে বিশেষ কিছু সুবিধা করতে পারবেন না। তারপর তিনি বলেছেন ভোট গুণতে রাত হয়ে যায়, প্রশাসনিক অনেক অসুবিধার কথা বললেন। এগুলি তো প্রশাসনিক ব্যাপার, এই বিলের আলোচনায় তিনি কেন এগুলি আনলেন বুঝতে পারলাম না। তারপর এখানে বলা হয়েছে, এটা আদালতে চ্যালেঞ্জ করা যাবে না।

সেই কমিশনেও যে পোলিং বুথে যে নির্বাচনের ব্যবস্থা কি হচ্ছে, সেখানে নির্বাচিত প্রতিনিধিরা উপ নির্বাচনের ব্যবস্থা কি হচ্ছে, সেখানে নির্বাচিত প্রতিনিধিরা উপ নির্বাচনের ক্ষেত্রে, কি হচ্ছে ভোটার লিস্ট তৈরি করার ক্ষেত্রে, এই সমস্ত ক্ষেত্রে, কোথাও কোনও নিয়োগ করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার, কেন্দ্রীয় নির্বাচন কমিশন আদালতে যেতে পারবেন না। আমরাও রাজ্য সরকার মনে করি যে এটা সঠিক ভাবে এই বিলের মধ্যে সেই আইন আনা হয়েছে। সেই আইনকে কার্যকর করার ব্যবস্থা করা হচ্ছে। কারণ এটা ঠিক আজকে ওরা বলছেন, আমাদেরও ৩২৯ ভোটে—আমি বর্ধমান জেলার মানুষ, আমি একটা দৃষ্টান্ত দিচ্ছি ৩২৯ ভোটে পঞ্চায়েত সমিতির সদস্য তিনি জয়লাভ করেছেন। গ্রাম পঞ্চায়েতের ভোটের কাউন্টিং-এ একটু গোলমাল হয়েছে, কিন্তু তারা আদালত করলেন এবং আদালতের ফলে হল কি, সেই পঞ্চায়েত সমিতির মেম্বার এল, তিনি নিউ ইলেক্টেড এটা ঘোষণা করা গেল না। সেই বুথে গ্রাম পঞ্চায়েতের সদস্য যদি তিনি জিতেও যান, আমাদের বিরোধী সদস্য, তাহলেও কিন্তু পঞ্চায়েত সমিতির সদস্য আমাদের নির্বাচিত হবেন। কিন্তু যেহেতু আদালতে কেস করা হয়েছে, সেই জন্য আমাদের পঞ্চায়েত সমিতির সদস্য সেখানে নির্বাচিত হতে পারলেন না এবং আজ পর্যন্ত সেই নির্বাচন, এটাও করা গেল না। এই সব নানা কারণে কিছু কিছু চক্রান্তকারিরা এবং তাদেরই অনুসরণকারি তারা বিভিন্ন সময়ে চেষ্টা করে যখন এই রায় তাদের বিরুদ্ধে যায়, তখন কি করে একটা মামলা ঝুলিয়ে, কি করে আজকে এই রকম ভাবে একটা সঠিকভাবে নির্বাচিত প্রতিনিধিকে যাতে তিনি নির্বাচিত না হতে পারেন, তার জন্য তারা চক্রান্ত করে। সেই জন্য এটাকে আমি সমর্থন করি যে এটা সঠিকভাবে করা হয়েছে এবং সেই সঙ্গে সঙ্গে এই নির্বাচনকে কেন্দ্র করে এই নির্বাচন কমিশনার অ্যাপয়েন্টমেন্ট এবং কিছু স্তর পর্যন্ত বিভিন্ন রকম প্রিসাইডিং অফিসার্স, কি পোলিং অফিসার কি হচ্ছে জেলার ক্ষেত্রে এবং পৌরসভার ক্ষেত্রে, পঞ্চায়েতের ক্ষেত্রে এই সমস্ত অফিসার নিয়োগের ক্ষেত্রে নির্বাচন কমিশনের যে রাইট এবং রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করে এটা ওরা বললেন যে রাজ্য সরকারের সমস্ত অধিকার থাকা উচিত, কিন্তু একটা জায়গাতে ব্যতিক্রম। কিন্তু একটা রাজ্য সরকারের ভারতবর্ষের এতগুলো রাজ্যের, সব রাজ্যের এক রকম চেহারা নয়, এক রকম চিন্তা ভাবনা নয়, এক রকম তার প্রাকৃতিক অবস্থান নয়, এক রকম মানুষের অবস্থান নয়, স্বাভাবিক ভাবে রাজ্যগুলোর তার নিজস্ব অধিকার থাকা উচিত, মানুষের সর্ব শ্রেষ্ঠ অধিকার হচ্ছে গণতান্ত্রিকভাবে নির্বাচন এবং সেই নির্বাচনে অন্তত সুস্থ, সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে যদি নির্বাচন করতে হয়, সঠিকভাবে যদি প্রতিনিধি সেখানে নিয়ে আসতে হয়, সঠিক ভাবে যদি একটা রাজ্য সরকারকে পরিকল্পনা করে তার কার্যক্রমকে এগিয়ে নিয়ে যেতে হয়, তাহলে অন্তত রাজ্য সরকারের হাতে এই অধিকার থাকার প্রয়োজন রয়েছে। এই বিলে সেই অধিকারের কথাটাই প্রতিষ্ঠিত করার জন্য আইন আকারে আনা হয়েছে। আমি সর্ব সম্মতভাবে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত মন্ত্রী সূর্য মিশ্র মহাশয় দি ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন বিল, ৯৪ যে বিলটা এখানে উত্থাপন করেছেন, যদিও ভেবেছিলাম মুখ্যমন্ত্রী মহাশয় বিলটি আনবেন, আমাদের সামনে বিলটি উপস্থিত করবেন, কারণ এই বিলটার সাথে রাজ্যের দুটি গুরুত্বপূর্ণ দপ্তর যুক্ত হয়ে আছে। সেই দপ্তরের এটা

*একটা বিল। বিলটা কোনটা, যে বিল সম্প্রতি লোকসভায় ৭৩, ৭৪ সংবিধান সংশোধন করে যেখানে এই প্রভিসনটা রাখা হয়েছে, এই জিনিস বহু আগে থেকে ভাবা হয়েছিল যে* স্বায়ত্ত শাসন ব্যবস্থাগুলো যেখানে আছে, তার নির্বাচনগুলো যাতে নিরপেক্ষ এবং সুষ্ঠুভাবে হয়, সেই ব্যবস্থা করা যায় তার জন্যই এই ব্যবস্থার কথা ভাবা হয়েছিল। যখন নগর পালিকা বিল এবং পঞ্চায়েত বিল, অর্থাৎ ৭৩ এবং ৭৪ সংবিধান সংশোধন হল, রাজ্যে নির্বাচন কমিশন, অর্থাৎ রাজ্য নির্বাচন কমিশনের মধ্যে পঞ্চায়েত এবং পৌরসভার নির্বাচনগুলো পরিচালনা করতে এটা আইনে পাস হল। তা সত্ত্বেও এই রাজ্যের সরকার এবং রাজ্যের মন্ত্রীরা এটাকে ওলোট-পালট করে দেবার জন্য চেষ্টা করেছিলেন। আজকে যে বিল ওরা এনেছেন একে নিশ্চয়ই আমরা সমর্থন করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কয়েক দিন আগেই আমরা দেখেছি এ রাজ্যের মুখ্যমন্ত্রী ভারতবর্ষের বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রিদের সঙ্গে যোগাযোগ করেছিলেন ভূবনেশ্বরে একটা সম্মেলন করার জন্য। যদিও বাইরে এরা বলছেন, আমাদের রাজ্য নির্বাচন কমিশন গঠনে কোনও আপত্তি নেই' তথাপি চেষ্টা করেছিলেন ব্যাপারটাকে উল্টে দেবার জন্য। সেই সম্মেলনের চেষ্টা ফলবতি হয়নি। কোন রাজ্যের কোন মুখ্যমন্ত্রীই এর বিরুদ্ধে যাননি। অনন্যোপায় হয়ে আজকে এই বিল এখানে আনতে বাধ্য হয়েছেন। ১৯৮৯ সালে রাজীব গান্ধী চেষ্টা করেছিলেন ভারতবর্ষের সংবিধানে যেভাবে লিপিবদ্ধ আছে পাঁচ বছর অন্তর বিধানসভা এবং লোকসভার নির্বাচন হবে সেভাবেই রাজ্যে রাজ্যে পঞ্চায়েত এবং পৌরসভাগুলির নির্বাচন বাধ্যতামূলকভাবে করতে হবে। তিনি এই ব্যবস্থা করতে চেয়েছিলেন এবং নির্বাচনগুলিকে পরিচালনা করতে ভারতবর্ষের ইলেকশন কমিশনের মতো রাজ্যে রাজ্যেও নির্বাচন কমিশন নিয়োগ করা হবে। আজকে এখানে মাননীয় দু'জন মন্ত্রী উপস্থিত আছেন যারা এই বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট। দুটি দপ্তরের নির্বাচন প্রক্রিয়ার জন্য নির্বাচন কমিশন গঠন করতে হবে। এই বিলের মধ্যে নির্বাচন কমিশন গঠন করার কথা বলা হচ্ছে এবং আরও বলা হচ্ছে,—নির্বাচন কমিশনার কখনও অসুস্থ হলে, পদত্যাগ করলে, মারা গেলে কি ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু কোনও নির্বাচন কমিশনার যদি কোনও সময় তার নিরপেক্ষতা বজায় না রাখে অথবা কোনও জায়গায় দুর্নীতি ধরা পড়লে বা অন্য কোনও কারণে তাকে অপসারণ করতে হলে কি করতে হবে সেকথা এখানে বলা হয়নি। অথচ আমরা জানি সংবিধান সংশোধনের মধ্যে পরিষ্কার বলা আছে,—রাজ্যপাল নির্বাচন কমিশনার নিয়োগ করবেন, কিন্তু তাকে অপসারণের ক্ষমতা পার্লামেন্টের থাকবে। আপনারা এটার উল্লেখ না করে কি বলতে চাইছেন, এটা আমি দু'জন মাননীয় মন্ত্রীর কাছে জানতে চাইছি। তারা তাদের জবাবি ভাষণের সময় যদি বলেন ভাল হয়। রাজ্যে যে পঞ্চায়েত নির্বাচন হল সেই পঞ্চায়েত নির্বাচনের আইন পশ্চিম বাংলায় কংগ্রেস যখন ক্ষমতায় ছিল তখন ১৯৭৩ সালে পাস হয়েছিল। অথচ সেই আইন অনুযায়ী কাঙ্খিত পঞ্চায়েত ব্যবস্থা আজও প্রতিষ্ঠিত হয়নি। ১৯৭৭ সালের পর আপনারা রাজ্যে ক্ষমতায় আসার পর নিশ্চয়ই পঞ্চায়েতের নির্বাচন করেছেন। কিন্তু সেই পঞ্চায়েতগুলিকে দীর্ঘদিন ধরে চালিয়ে আপনারা কোন জায়গায় নিয়ে গিয়ে পৌঁছেছেন? চূড়ান্ত নগ্ন দলবাজির মধ্যে দিয়ে পঞ্চায়েত নির্বাচন এবং পঞ্চায়েত ব্যবস্থা পরিচালিত হচ্ছে। সংবিধানের ৭৩ এবং ৭৪-তম সংশোধনী অনুযায়ী যে পঞ্চায়েত আইন যেখানে '৯৩ সালের আগস্ট মাস থেকে কার্যকরি করা হয়েছে সেখানে গত পঞ্চায়েত নির্বাচনকে সেই আইনের আওতায় না এনে মে মাসেই করে ফেলা হ'ল। গতকালই সরকারের তরফ তেকে ঘোষণা করা হয়েছে

আগামী ১০ই মে রাজ্যের শিলিগুড়ি এবং আসানসোল সহ ১৭-টি পৌরসভার নির্বাচন হবে। আমরা জানি আগামী জুন মাস থেকে রাজ্যের পৌর আইন নগরপালিকা আইনের অন্তর্ভুক্ত হচ্ছে। সুতরাং আমি মাননীয় পৌর মন্ত্রীর কাছে দাবি করছি ঐ পৌর নির্বাচন মে মাসের বদলে জুন মাসে পিছিয়ে নিয়ে যাওয়া হোক। নির্বাচনকে নগরপালিকার আভারে আনা হোক। গত বছর আমরা এই বিধানসভায় বসে পৌর আইনের অনেক পরিবর্তন ঘটিয়েছি। যেখানে রাজ্যের আইনে, পঞ্চায়েত আইনে বলা হয়েছে ৩ ভাগের ১ ভাগ মহিলাদের জন্য আসন সংরক্ষণ থাকবে, তফসিলি জাতি ও উপজাতিদের জন্য আসন সংরক্ষণ থাকবে সেখানে কেন মন্ত্রী মহাশয় আজকে তড়িঘড়ি করে এই নির্বাচন শেষ করার জন্য চেষ্টা করছেন? এই নির্বাচন মে মাসের আগে না করে নগর পালিকা আইনের মাধ্যমে এই নির্বাচন করা হোক—এটাই হচ্ছে আমাদের দাবি। এছাড়া পঞ্চায়েতে ভোট গণনার ক্ষেত্রে যে কথা আমাদের পক্ষ থেকে বারবার উল্লেখ করা হয়েছে সেগুলি রুলস তৈরি করার সময় যেন থাকে পঞ্চায়েত আইনের মধ্যে। এছাড়া বিভিন্ন পৌরসভায় জনসংখ্যা বাড়ছে। সেই জনসংখ্যা বাড়ার সাথে-সাথে সিটের সংখ্যা বাড়ানো দরকার আছে। যদিও নতুন আইনে পৌরসভাগুলিকে কয়েকটি ক্যাটেগরিতে ভাগ করা হয়েছে—এ. বি. সি. ডি.-ই। যেখানে পৌরসভার পুর্নবিন্যাস করতে চায় সেখানে কেবলমাত্র ঐ বোর্ডের উপর দায়িত্ব ছেড়ে দেওয়া হয়েছে। সেখানে বোর্ড এককভাবে পুনর্বিন্যাস করতে পারছে না। তাই সরকারের পক্ষ থেকে এই ব্যাপারে দেখার দরকার আছে। এছাড়া গ্রামাঞ্চলে পঞ্চায়েতগুলির ক্ষেত্রে আমরা দেখছি বিভিন্নভাবে দলত্যাগ করে এদিক-ওদিক চলে যাচ্ছে। পঞ্চায়েত এবং পৌরসভার ক্ষেত্রে এই দলত্যাগীদের বিরুদ্ধে একটা ব্যবস্থা গ্রহণ করা হোক আইনের মধ্যে। নগরপালিকা এবং পঞ্চায়েত আইনের মধ্যে চেয়ারপারসন, এস. সি. এবং এস. টি.-র জন্য তাদের যে চেয়ার সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে এক্ষেত্রে আরও ভাবা যেতে পারে, আলোচনা করা যেতে পারে। এই বিল বিলম্বে হলেও আনতে যে বাধ্য হয়েছেন তারজন্য সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন বিল, ১৯৯৪ যেটা বিভাগীয় মন্ত্রী প্লেস করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করে দু-চারটি কথা বলছি। আজকে পঞ্চায়েত এবং পৌরসভাগুলির মাধ্যমে গ্রাম এবং শহরে উন্নয়নের যে ব্যবস্থা সেই সম্পর্কে কংগ্রেস দলের কোনও সদস্যর কোনও সমালোচনা করবার নৈতিক অধিকার আছে কিনা সে বিষয়ে আমি হাউসে চিন্তা করতে বলছি। আমরা দেখতে পাচ্ছি, ১৯৭৭ সালের পূর্বে এই কংগ্রেস ১৮ বছর ধরে পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত করেনি। রাজীব গান্ধীর নগরপালিকা বিলের কথা, পঞ্চায়েতের কথা কংগ্রেস সদস্যরা বলেছেন। আমি জিজ্ঞাসা করছি, ১৯৮৯ সালের পর আজ পর্যন্ত পশ্চিমবাংলা বাদে ভারতবর্ষের কয়েকটি রাজ্যে কংগ্রেস পঞ্চায়েত এবং পৌর নির্বাচন সংগঠিত করেছে? ভারতবর্ষের মধ্যে একমাত্র রাজ্য পশ্চিমবাংলা, যেখানে শতকরা ৩০ ভাগ মহিলা এবং তফসিলি জাতি ও আদিবাসী সম্প্রদায়ের মানুষ পঞ্চায়েত নির্বাচনে অংশগ্রহণ করেছে এবং দলমত নির্বিশেষে যারা নির্বাচিত হয়েছে তারা নিজ নিজ এলাকার উন্নয়নে অংশগ্রহণ করবার সুযোগ পেয়েছে। আমাদের দেশ বিদ্যাসাগরের দেশ। ভারতবর্ষের নারী মুক্তির জন্য যিনি প্রথম আন্দোলন করেছিলেন এবং নারী শিক্ষার জন্য সব জায়গায় মশাল নিয়ে বাংলা দেশ থেকে বেরিয়েছিলেন।

*আজ সেই বিদ্যাসাগর, রামমোহনের দেশের নারীরা প্রথম নির্বাচনে অংশ গ্রহণ করার সুযোগ পেলেন বামফ্রন্ট সরকারের আমলে গত ১৯৯৩ সালে। কংগ্রেস বিলের কথা বলছেন। সমাজের একটা অংশ হচ্ছে নারী, নারী পুরুষ সমাজের প্রায় সমান সমান।* অথচ সেই অর্দ্ধেক মহিলাকে অন্ধকারের দিকে ঠেলে দিলে সমাজের সভ্যতা এগিয়ে যেতে পারে না। বিদ্যাসাগর মহাশয় বুঝেছিলেন, অথচ কংগ্রেসের সেই বিষয়টি বুঝতে স্বাধীনতার পরে ৪৭ বছর লেগেছে। আজ ভারতবর্ষের দিক দিগন্তের নারী নির্যাতন, বধূ হত্যা সর্বত্র। খবরের কাগজের পাতায় পাতায় দেখা যায়, অথচ মহিলারা এর প্রতিকারের কোনও সুযোগ পান না। স্বাধীনোত্তর ভারতবর্ষে আজকে পশ্চিমবঙ্গে পঞ্চায়েতের মধ্যে দিয়ে বিরাট ব্যাপক পরিবর্তন এসেছে। শুধু পরিমাণগত বা গুণগত নয় সর্ব দিক থেকে নারী সমাজের শিক্ষার ক্ষেত্রে, বয়স্ক শিক্ষার ক্ষেত্রে পঞ্চায়েত রাজ অংশ গ্রহণ করায় সমাজের পরিবর্তন এসেছে। সামাজিক বনসৃজন প্রকল্প গোটা ভারতবর্ষে এসেছে, সেটা পঞ্চায়েত রাজের মধ্যে দিয়েই সম্ভব হচ্ছে। গ্রামীণ এলাকায় রাস্তা-ঘাট, বিদ্যুৎ ইত্যাদির ক্ষেত্রে পঞ্চায়েতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে অথচ কংগ্রেস আমলে দেখা যেত ১৫/২০ বছর ধরে নির্বাচন নেই। একজন প্রধানকে পরিষ্কার ভাবে সমস্ত মানুষ অপছন্দ করলেও তিনি প্রধান থেকে যাচ্ছেন, মানুষ তাকে সরিয়ে দেবার সুযোগ পাচ্ছেন না। এখানে পঞ্চায়েত বিলে কংগ্রেসের কিছু বলবার এক্তিয়ার নেই। ভারতবর্ষে এক মাত্র নরসিংহ রাওয়ের সরকার কোনও নির্বাচন ছাড়াই লোকসভায় সংখ্যাগরিষ্ঠ দলে পরিণত হয়ে গেল, সংখ্যা লঘিষ্ঠ সরকার ছিল কোনও মেজরিটি ছিল না। অথচ এম. পি. কেনা বেচা করে রামলগন সিং যাদবের মতো [**] কেনা বেচা করে তাদেরকে মন্ত্রিত্ব দিয়ে কংগ্রেস সংখ্যা গরিষ্ঠ হয়ে গেল লোকসভায়। সেই কংগ্রেস বিধানসভায় কি বলছে তা শোনাবার প্রয়োজন নেই। পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে ৭৩/৭৪ হাজার সদস্য প্রথম নির্বাচিত হয়েছিলেন, বিশাল নির্বাচনী কর্মকান্ড, ২/৪ জায়গায় যে বিচ্ছিন্ন ঘটনা ঘটেনি তা নয়, আমি মনে করি এগুলিকে মেটানো প্রয়োজন। পঞ্চায়েত নির্বাচনের ফলাফল প্রকাশ করার পদ্ধতি বামফ্রন্ট চালু করেছেন, কাউন্টিং সিস্টেম নির্বাচনের পরে গণনার মধ্যে দিয়ে দেখা গেছে যে কারচুপি ঠেকানো যায় নির্বাচনে। আমাদের অভিজ্ঞতায় দেখেছি এক শ্রেণীর কংগ্রেসিরা রাতের অন্ধকারে নির্বাচনকে প্রহসনে পরিণত করবার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছিল। বর্তমান অবস্থার প্রেক্ষাপটে আমাদের দলের পক্ষ থেকে বলতে চাই পঞ্চায়েত নির্বাচনে গণনার পদ্ধতি পুনরায় চিন্তা করার দরকার। ব্লক অফিসে ব্লক স্তরে, মহকুমা স্তরে চিন্তা করার দরকার। ব্লক অফিসে ব্লক স্তরে, মহকুমা স্তরে নির্বাচনের পরের দিন গণনার মধ্যে দিয়ে গণতন্ত্রকে আরও সুসংহত করার এই বিষয়ে আলোচনা করার সুযোগ এসে গেছে। আর একটি কথা বলতে চাই পঞ্চায়েত নির্বাচনে—আমরা বিহারে গিয়েছিলাম সাবজেক্ট কমিটির এগ্রিকালচার অ্যান্ড ফুড সাপ্লাই—সেখানে দেখেছি নিয়মিত নির্বাচন হচ্ছে না। এক এক জন পঞ্চায়েত প্রধানকে নির্বাচনে অংশগ্রহণ করিয়ে ঐ যে মাফিয়ারা হাজার হাজার টাকা ব্যয় করে নির্বাচনে জিততে হয়, জেতবার পরে সরকারি টাকা পয়সা আত্মসাৎ হয়ে যায়। কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে গণতন্ত্র বলে কিছুই নেই, ন্যায়সঙ্গত অধিকার নেই। একমাত্র পশ্চিমবঙ্গেই এটা ঘটছে। তাদের নিজ নিজ এলাকায় বসে তারা পরিকল্পনা করছে। এই

---

Note ** Expunged as ordered by the Chair.

*পঞ্চায়েত রাজকে আরও সুসংহত করে পশ্চিমবঙ্গ অগ্রণীর ভূমিকা পালন করতে ভারতবর্ষের মধ্যে, নির্দিষ্ট করে যে বিল এখানে আনা হয়েছে তাকে পূর্ণ সমর্থন করে আমি আমার* আলোচনা শেষ করছি।

[3-50 — 4-10 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার, ফরোয়ার্ড ব্লকের মাননীয় সদস্য পুরুলিয়ার মিঃ দাস-এর বলবার সময় কোনও সীমাজ্ঞান ছিল না। তিনি বলছিলেন যে, রামলগন সিং-এর মতো এম. পি-দের গরু-ছাগলের মতো কিনে কেন্দ্রের সরকার সংখ্যাগরিষ্ঠতা পেয়েছেন। একজন কেন্দ্রীয় মন্ত্রীকে তিনি কি করে গরু-ছাগল বলেন? দিস্ হ্যাজ টু বি এক্সপাঞ্জড। জ্যোতি বসুকে আর ধরতে হবে না বলে তার গায়ে জ্বালা ধরেছে? তার গা জ্বলছে, তারজন্য তিনি একজন কেন্দ্রীয় মন্ত্রীকে গরু-ছাগল বলছেন। তাহলে জ্যোতি বসুও গরু-ছাগল।

**শ্রী ডেপুটি স্পিকার ঃ** গরু-ছাগল—এসব কথা থাকলে তা বাদ যাবে। দেবপ্রসাদ সরকার, আপনি বলুন।

...(গোলমাল)...

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী আজকে যে বিল এখানে পেশ করেছেন কেন্দ্রীয় সরকারের নগরপালিকা বিল এবং পঞ্চায়েত আইনের সঙ্গে সঙ্গতি রক্ষা করবার জন্য, এটা বিলের স্টেটমেন্ট অফ অবজেকটস অ্যান্ড রিজনসে আছে, তাতে স্টেট ইলেকশন কমিশন—একটা ইন্ডিপেন্ডেন্ট মেশিনারি—গঠিত হবে যার পরিচালনায় রাজ্যের পঞ্চায়েত এবং পৌর নির্বাচনগুলি হবে, তারই জন্য আজকে এই বিল আনা হয়েছে। এই নিয়ে অবশ্য বিতর্ক চলছিল বহুদিন ধরে রাজ্য সরকারের সঙ্গে কেন্দ্রীয় সরকারের এই স্টেট ইলেকশন কমিশনকে খারিজ করবার প্রশ্নেতে। এতে প্রভিসন আছে যে, স্টেট ইলেকশন কমিশনারকে অ্যাপয়েন্টমেন্ট দেবেন রাজ্যপাল রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করে, কিন্তু তাকে খারিজ করবার প্রশ্নে রাজ্য সরকারের অধিকার থাকবে না। এই অধিকারটাই রাজ্য সরকার চাইছিলেন। স্টেট ইলেকশন কমিশন অর্থাৎ একটা কমপ্লিট ইন্ডিপেন্ডেন্ট মেশিনারির মাধ্যমে রাজ্যের পঞ্চায়েত এবং পৌরসভাগুলির নির্বাচন হোক—আমাদের দলের পক্ষ থেকে দীর্ঘদিনের দাবি ছিল এটাই। সেই অর্থে এর মাধ্যমে স্টেট ইলেকশন কমিশন এখানে ইন্ডিপেন্ডেন্ট মেশিনারি হিসাবে বসানো হচ্ছে, ফলে এই বিলকে সমর্থন না করবার প্রশ্ন নেই। আমরা এই বিলকে সমর্থন করছি, কিন্তু এখানে কতগুলো প্রশ্ন রয়েছে। প্রথমত, সব সরকারেরই একটা প্রবণতা থাকে ইন্ডিপেন্ডেন্ট মেশিনারির উপর প্রভাব রাখতে তাকে কুক্ষিগত করবার এবং তারই জন্য স্টেট ইলেকশন কমিশনকে খারিজ না করতে পারার প্রশ্নে রাজ্য সরকারের আপত্তি ছিল। এরা চাইছিলেন, কমিশন যদি রাজ্য সরকারের মতামত অনুযায়ী কাজ না করে তাহলে তাকে খারিজ করে দেবেন। কিন্তু যেহেতু সেন্ট্রাল অ্যাক্টে এটা নেই তারই জন্য বিতর্কটা চলছিল। তবে এটা ঠিক, স্টেট ইলেকশন কমিশন হবে একটা ইন্ডিপেন্ডেন্ট মেশিনারি—এটা বললেই ফেয়ার অ্যান্ড ফ্রি ইলেকশন হবে তা নয়, যে কথা বিলের স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনসে বলা হয়েছে। কেন্দ্রীয় আইনের সঙ্গে সঙ্গতি রক্ষার জন্যই

এই নতুন প্রভিসন করা হচ্ছে, কিন্তু আমাদের যে অভিজ্ঞতা রয়েছে তাতে পশ্চিমবঙ্গেই শুধু নয়, সর্বত্র ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশনের ব্যাপারটা প্রাগ-ঐতিহাসিক গবেষণার বিষয় হয়ে দাঁড়িয়েছে। নির্বাচন, সংসদীয় গণতন্ত্র ইত্যাদি কথা আছে, কিন্তু সংসদীয় গণতন্ত্রের ঠাটবাট বজায় রেখে এটাকে একটা প্রহসনে পরিণত করা হয়েছে।

ইন্ডাস্ট্রিয়াল বুরোক্রাটিক মিলিটারি গভর্নমেন্ট, এই ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর, এই সমস্ত জিনিস নির্বাচনটাকে প্রহসনে পরিণত করেছে। এখন মানি, মিডিয়া এবং মাসেল পাওয়ার এই সমস্ত জিনিস, বিশেষ করে ব্লাক মানি মিডিয়া এবং প্রোপোগান্ডা মেশিনারি যারা আজকে ক্ষমতায় আসীন তাদের পৃষ্ঠপোষক হিসাবে কাজ করছে। আজকে কালো টাকার মালিক এবং সমাজ বিরোধীদের দ্বারা নির্বাচনের ফলাফল নির্ধারিত হচ্ছে। প্র্যাকটিকালি রোল অফ দি ইলেকটোরেট নির্বাচনে তাদের যে ভূমিকা সেটা নগণ্য হয়ে গিয়েছে। গণতান্ত্রিক নির্বাচন ব্যবস্থার, অবাধ নির্বাচন ব্যবস্থার এই হচ্ছে বাস্তব চেহারা, পশ্চিমবাংলায় সর্বক্ষেত্রে, সে পঞ্চায়েত নির্বাচনে হোক আর পৌরসভা নির্বাচনই হোক। ভোটার লিস্ট থেকে আরম্ভ করে সর্বক্ষেত্রে একটা সন্ত্রাসের রাজত্ব কায়েম করছে। শাসক দল বিরোধী দলের রাজনীতি সন্ত্রাসের দ্বারা দমন করছে। অনেক জায়গায় বিরোধী দল মনোনয়ন পত্র দাখিল করতে পারে না। ভোটার লিস্ট তৈরি করছে সমস্ত পক্ষপাতদুষ্ট প্রশাসন, কারচুপি পূর্ণ নির্বাচন করা হচ্ছে। ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন তো দূরের কথা এমন কি পঞ্চায়েতে যিনি জিতেছেন তাকে বাদ দিয়ে হারা প্রার্থীকে সার্টিফিকেট দিয়ে দেওয়া হচ্ছে। এই রকম সমস্ত জলজ্যান্ত ঘটনা ঘটেছে। এই হচ্ছে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন। এখন স্টেট ইলেকশন কমিশনকে দায়িত্ব দেওয়া হচ্ছে কিন্তু গণতান্ত্রিক পরিবেশ, গণতান্ত্রিক দৃষ্টিভঙ্গি, গণতান্ত্রিক মূল্যবোধ এই সব তো অতল গহ্বরে। এই দৃষ্টিভঙ্গির পরিবর্তন যদি না হয় তাহলে তো ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন সুদূর পরাহত। সমস্ত রাজ্যেই এই জিনিস হচ্ছে, তার থেকে এই রাজ্য ব্যাতিক্রম নয়। এই হচ্ছে আমাদের তিক্ত অভিজ্ঞতা। আইনের মধ্যে বিশেষ কিছু বলা নেই। কয়েকটি জিনিস আমরা লক্ষ্য করছি যেমন ক্লজ (৭), এখানে স্টাফ অফ কমিশন সম্পর্কে বলা হচ্ছে সাব ক্লজ (১)-এ "The Commission shall have such staff, made available to it by the Governor when so requested by it, as may be necessary for the discharge of the functions conferred on it by sub-section (1) of section 4 and sub-section (1) of section 5.

Sub-clause (2) : The terms and condition of service of the members of staff made available to the commission by the Governor shall be regulated in accordance with the rules regulating terms and conditions of service of the employees of the State Government for the time being in force.

এই জায়গাটাতে আমরা আশঙ্কিত হচ্ছি। এই যে ইলেকশন কমিশনার, তিনি ইন্ডিভিজুয়ালি ওয়ার্ক করতে পারবেন না, তাকে স্টেটের মেশিনারি নিয়ে ওয়ার্ক করতে হবে। সেই স্টাফ এবং মেশিনারি এক্সক্লুসিভলি ইলেকশন কমিশনারের নিজস্ব রুলস রেগুলেশন টার্মস অ্যান্ড

কন্ডিশন অফ সারভিস সব কিছু সেপারেট থাকা দরকার, ইন্ডিপেন্ডেন্ট থাকা দরকার। সেখানে যদি regulated in accordance with the rules regulating terms and condition of service of the employees of the State Government হয় তাহলে আশঙ্কা থেকে যাচ্ছে। ইলেকশন কমিশনারের কতকগুলি ইন্ডিপেন্ডেন্ট কন্ডাকশন থাকবে। সেই ইন্ডিপেন্ডেন্ট কন্ডাকশন যদি না থাকে তাহলে যে জিনিসের জন্য প্রভিসন করা হল সেটা ফ্রাস্টেটেড হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। রাজ্যের দ্বারা প্রভাবিত হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। সেখানে এই রকম একটা প্রভিসন থাকা দরকার যে টার্মস অ্যান্ড কন্ডিশন আলাদা হবে যাতে ইলেকশন কমিশনার নির্ভয়ে নিরপেক্ষভাবে নির্বাচন করতে পারে তার পরিবেশ থাকে।

আমি আলোচনাকে আর দীর্ঘ করতে চাইছি না। তবে এই জিনিসগুলো, এই দৃষ্টিভঙ্গিগুলোতে আতঙ্কের কারণ রয়েছে। কারণ গোড়াতে রিমুভ্যাল অথরিটি নিয়ে যে বিতর্ক হয়েছিল, অর্থাৎ রাজ্য সরকার চাইছিলেন এটি তাদের পুরোপুরি কুক্ষিগত থাকুক। ইলেকশন কমিশন যিনিই থাকুন, ইলেকশন কমিশন যদি তাদের ইচ্ছামতো কাজ না করে তাহলে তাকে তারা ছাঁটাই করে দিতে পারবেন, এই মোটিভ এক্সপ্রেসড হচ্ছে। অথচ আমরা ইন্ডিপেন্ডেন্ট মেশিনারির কথা বলছি। সেজন্য এই সমস্ত জিনিসগুলো সম্বন্ধে বলছি। আমরা বলছি যে অবাধ এবং সুষ্ঠু নির্বাচন, কারচুপি মুক্ত নির্বাচনের জন্য যা দরকার তা হচ্ছে গণতান্ত্রিক পরিবেশ, এমন এক পরিবেশের মধ্যে নির্বাচন হবে, যেখানে যেকোনও রাজনৈতিক দলের, যে কোনও মতাদর্শের লোক হোক না কেন, সে সুষ্ঠুভাবে ও অবাধ ভাবে নির্বাচনে অংশ নিতে পারবে। সুষ্ঠুভাবে নির্বাচন পরিচালনা করবার জন্য প্রশাসনকে একেবারে ইলেকটোরাল রোল ফ্রম দি প্রিপারেশনাল স্টেজ থেকে আরম্ভ করে কাউন্টিং এবং ডিক্লারেশন অব রেজাল্টস পর্যন্ত সমস্ত জিনিসটাকেই নিরপেক্ষ ভাবে গড়ে তুলতে হবে। এই গণতান্ত্রিক পরিবেশ যদি সৃষ্টি করা না যায়, এই মূল্যবোধ, এই দৃষ্টিভঙ্গি যদি না গড়ে তোলা যায় তাহলে সুষ্ঠুভাবে নির্বাচন সম্ভব নয়। কারণ গভর্নমেন্ট যদি আন-পপুলার হয়, অ্যান্টি-পিপল হয়, সমস্ত ক্ষমতা যদি করায়ত্ব করার চেষ্টা করে, যে জিনিসটা সর্বত্র চলছে, পশ্চিমবাংলা তার ব্যতিক্রম নয়।

**শ্রী তপন হোড় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, মাননীয় বিভাগীয় মন্ত্রী 'দি ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকশন কমিশন বিল, ১৯৯৪' যেটি এখানে উত্থাপন করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু'চারটি কথা বলছি। আজকে এই বিল আসার আগে আমাদের অভিজ্ঞতা থেকে দেখেছি যে, সারা ভারতবর্ষের মধ্যে একমাত্র পশ্চিমবাংলা এই দাবি করতে পারে যে লোকসভার নির্বাচন এবং বিধানসভার নির্বাচন-এর পরে রাজ্যের যে অগণিত মানুষ গ্রামে বাস করেন বা শহরে বাস করেন, পঞ্চায়েত-এর মধ্যে বাস করেন, মিউনিসিপ্যাল এলাকায় যারা বাস করেন, তাদের যে গণতান্ত্রিক পরিবেশ, তাদের মতামত ব্যক্ত করবার যে অধিকার, সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাই হচ্ছে তার একমাত্র দৃষ্টান্ত। পশ্চিমবঙ্গের বুকে চার চারটি পঞ্চায়েত নির্বাচন এবং ধারাবাহিকভাবে যে মিউনিসিপ্যালিটিগুলির ইলেকশন হয়ে যাচ্ছে, এতে কেন্দ্রীয় সরকার সন্তোষ প্রকাশ করেছেন। এই দৃষ্টান্ত সারা ভারতবর্ষে একটা নতুন যুগান্ত সৃষ্টি করেছে। এই চারটি ইলেকশন করার পরে জনসংখ্যার যে অনুপাত এবং দায়িত্ব, একটার পর একটা পঞ্চায়েত বা মিউনিসিপ্যালিটিতে বিরাট যে দায়িত্বের মধ্যে দিয়ে

কাজ করতে হয়, এবং সেখানে ইলেকশন করবার অর্থ, ভোটাধিকার প্রয়োগ করার জন্য গণতান্ত্রিক যে পরিবেশ, তাকে ব্যবহার করবার যে ব্যবস্থা, সেই ব্যবস্থাকে তৈরি করবার জন্য যা দরকার, আজকে এতদিন পরে একটা সময়োচিত ব্যাপার হচ্ছে। এই বিলটিকে উত্থাপন করার মধ্যে দিয়ে। এই বিল আমাদের অভিজ্ঞতার মধ্যে দিয়ে এসেছে। বিরোধী পক্ষের যারা বলছিলেন, তাদের অভিজ্ঞতাটা এখানে অপ্রাসঙ্গিক। এখানে কেউ কেউ ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশনের কথা বলছিলেন। ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন যে কি তা আমরা রাজ্যসভার নির্বাচনের সময়ে লক্ষ্য করেছি। মাননীয় সদস্য আবদুল মান্নানকে কংগ্রেসের সভাপতিকে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশনের জন্য চিঠি লিখতে হয়েছে। তাকে বলতে হয়েছে, আপনি তদন্ত করুন কোনও কোনও সদস্য বাগরোদিয়ার কাছ থেকে টাকা নিয়েছে।

কাজে কাজেই আজকে ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন নিয়ে অনেক কথা বললেন। দুর্নীতি করে নাকি আমরা এসেছি এইসব অনেক কথা কংগ্রেস বেঞ্চ থেকে বলা হল। এইভাবে আপনারা সাধারণ মানুষের কাছে নিজেরাই ক্রেডিটেড হয়ে গেছেন। আপনারা নিজেরাই দুর্নীতিগ্রস্ত এবং দুর্নীতিকে প্রশ্রয় দেন, সুতরাং আপনাদের কাছ থেকে কোনও কথা শোনবার আমার কোনও অবকাশ নেই। আপনারা যতই ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন নিয়ে বলবেন ততই সাধারণ মানুষের কাছ থেকে দূরে সরে আসবেন। আজকে ইলেকশন কমিশন গঠন নিয়ে আমাদের রাজ্য সরকার যে দৃঢ় পদক্ষেপ গ্রহণ করছেন সেই পদক্ষেপ গ্রহণ সম্পর্কে আমি একটু ভাবনা চিন্তা করতে বলছি। সেখানে বলা হয়েছে যে, ইলেকশন কমিশন বা কোনও পলিটিক্যাল পার্টি—এই দুটি কেউ কারুর কাজের বাধা হয়ে দাঁড়াবে না। কোনও পলিটিক্যাল পার্টি ইলেকশন কমিশনকে প্রভাবিত করতে পারবে না, তেমনি চিফ ইলেকশন কমিশনও সোচ্ছার হয়ে দাঁড়াবে না। সুতরাং এই জিনিসটা ভাবার বিষয়। আমরা দেখেছি যে ইলেকশন কমিশনের কাজ যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে তাই নিয়ে সর্বদলীয় বৈঠক হয়েছিল। সেখানে বলা হয়েছিল যে বিভিন্ন রাজ্যে যাতে ইলেকশন কমিশন গঠিত হতে পারে এবং তারজন্য ক্লজে বলাও আছে। কিন্তু এই চিফ ইলেকশন কমিশনার যেভাবে পাগলামি করে যাচ্ছেন তাতে তো চিন্তার বিষয়। সুতরাং এখানে যে স্টেট ইলেকশন কমিশন বসানোর কথা বলা হয়েছে সেক্ষেত্রে রাজ্য সরকারকে একটু ভাবতে বলছি। কোনও পলিটিক্যাল পার্টি ইলেকশন কমিশনকে যেমন প্রভাবিত করতে পারবে না তেমনি ইলেকশন কমিশনও যেন শেষনের মতো সেচ্ছাচার যাতে না হতে পারে সেই দিকটা দেখতে হবে। এই রকম একটা পরিস্থিতির মধ্যে দিয়ে যাতে পশ্চিমবঙ্গের মানুষ সুষ্ঠভাবে পঞ্চায়েতেই বলুন বা মিউনিসিপ্যালিটিই বলুন তার গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে পারেন সেই দিকটা দেখতে হবে। সেই দিকটা দেখেই এই বিলটি যাতে গ্রহণ করেন এই কথা আমি বলছি।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আজকে রাজ্য সরকার যে বিলটি নিয়ে এসেছেন আমরা তাকে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানাচ্ছি, তার কারণ এই বিল পঞ্চায়েত এবং পৌরসভা সম্পর্কে কংগ্রেসেরই চিন্তার প্রতিফলন, সেই বিল দেরিতে হলেও আংশিকভাবে হলেও এরা স্বীকৃতি দিয়েছে। ভারতবর্ষের সংবিধান অনুযায়ী ৭২তম, ৭৩তম সংবিধান

সংশোধন গৃহীত হওয়ার পর সংসদে যে দায়িত্ব রাজ্য সরকারের ছিল তা পালন করেছে। আমি আপনাকে খুব সংক্ষেপে পঞ্চায়েত সম্পর্কে যে নূতন চিন্তা তার উদ্বেগের কথা বলতে চাই। রাজীব গান্ধী সারা ভারতবর্ষ ঘুরে—আপনাদের হয়ত মনে আছে—'৮৮ সালে সল্টলেক স্টেডিয়ামে পঞ্চায়েতের সম্মেলন করেছিলেন এবং তখন থেকে সারা দেশে পঞ্চায়েতে কি করে একটা আইনের সাম্য আনা যায় ইউনিফর্মিটি আনা যায় সেই চিন্তা কেন্দ্রীয় সরকারের ছিল। তারপরে '৮৯ সালে রাজীব গান্ধী প্রধানমন্ত্রী থাকার সময় লোকসভায় বিল আসে এবং সংবিধান সংশোধন সেই বিল লোকসভায় গৃহীত হয়, সেই সময় সি. পি. এম. তীব্রভাবে আমাদের বিরোধিতা করেছিলেন রাজ্যসভায়, কয়েকটি ভোটের জন্য সংবিধান সংশোধন বিল গৃহীত হতে পারেনি। '৮৯-তে নির্বাচন হয় সেখানে কংগ্রেস হেরে যায়, তখন বিশ্বনাথ প্রতাপ সিং-এর সরকার আসে আপনাদের বন্ধু সরকার, এই নূতন সরকার সেটাকে উহ্য রেখে যায়। তারপরে পি. ভি. নরসিমা রাও সরকার আসার পরে '৯১ সালের ডিসেম্বর মাসে নূতন করে সংবিধান সংশোধন ৭২তম, ৭৩তম নিয়ে আসে এবং তাতে ঐক্যমত না হওয়ায় বিলটি জয়েন্ট কমিটিতে পাঠায় এবং রিপোর্ট দেয় পক্ষে। '৯২-তে ৭২তম, ৭৩তম সংবিধান সংশোধন বিল গৃহীত হয়। আমার কাছে ঐ ডিবেটের কপি রয়েছে, এই যে ২টি বিল গৃহীত হয়েছে আমার প্রথম প্রশ্ন পঞ্চায়েত মন্ত্রীকে '৯২ সালে সংবিধান সংশোধন কমপ্লিট হয়ে গেল। তারপরে আপনারা জেনেছেন আইনটা কার্যকর হবে, কিভাবে কার্যকর হবে, তাহলে আপনি '৯৩ সালের জুন মাসে পঞ্চায়েত নির্বাচন কেন করলেন এবং এতগুলি পৌরসভায় নির্বাচন করলেন কেন? তার টেকনিক্যাল ব্যাপার থাকতে পারে যে টু থার্ড স্ট্রেন্থ-এর র‍্যাটিফাই দরকার। কিন্তু যখন একটা নূতন কনসেপ্ট সারা দেশে সংবিধান সশোধনের নামে গ্রহণ করেছে, পশ্চিমবঙ্গ সরকার তাদের নিজস্ব পঞ্চায়েত নির্বাচন করতে গিয়ে সারা দেশের সংবিধান সংশোধনকে বাইপাস করেছেন, কিভাবে বাইপাস করেছে আজকে সেটা বলতে চাই। রাজীব গান্ধী যখন প্রথম সংবিধান সংশোধন আনলেন তাতে ৫টি কনসেপ্ট ছিল, আগে নিয়মিতভাবে পঞ্চায়েত ও পৌরসভায় নির্বাচন হবে, কোনও পৌরসভা যদি ভেঙ্গে দেওয়া হয় ৬ মাসের মধ্যে নির্বাচন করতে হবে ; রাজীব গান্ধীর অরিজিনাল বিলে ছিল। '৯১ সালের বিলে ছিল নির্বাচনটা একটা স্বাধীন সংস্থার মাধ্যমে করাতে হবে এবং অরিজিনাল বিলে ছিল ইলেকশন কমিশনারকে দিয়ে নির্বাচন করাতে হবে এবং চিফ ইলেকটোরাল অফিসারের মাধ্যমে করাতে হবে। তৃতীয়ত, পঞ্চায়েতের সমস্ত হিসাব কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের মাধ্যমে দেখাতে হবে। চতুর্থত, পঞ্চায়েতের জন্য একটা আলাদা ফিনান্স কমিশন তৈরি করতে হবে যাতে ডিভলিউশন অফ রিসোর্সের অন্তত স্পষ্টভাবে রাখা যায়। পঞ্চমত, সারা দেশে পঞ্চায়েতের ব্যাপারে একটা ইউনিফর্ম প্যাটার্ন চালু হবে। পরবর্তীকালে আমাদের তখন সংখ্যাগরিষ্ঠতা ছিল না, সংবিধান সংশোধন সেটা গৃহীত হলে তাতে ২টি জিনিস রিল্যাকসেশন বলে দেওয়া হল, ইলেকশন কমিশন না করে স্টেট ইলেকশন কমিশন করা হবে এবং হিসাব পরীক্ষার ব্যাপারটা রাজ্য সরকারের উপর ছেড়ে দেওয়া হল এবং রাজ্য সরকার এটা ঠিক করবেন। কিন্তু অরিজিনাল বিলে রাজীব গান্ধীর যে কনসেপ্ট ছিল সেই কনসেপ্ট-এ যখন ২৩শে ডিসেম্বর '৯২-তে বিল গৃহীত হল তখন সেটা ঠিক হল। আমরা বারবার বলেছি পশ্চিমবাংলায় পঞ্চায়েত নির্বাচন হয়ে গেল, নিয়মিত হয়েছে ৭৮, ৮৩, ৮৮, ৯৩ পঞ্চায়েত নির্বাচন ৪ বার হয়েছে। আমরা আগেও বলেছি, এই নিয়মিত

নির্বাচনের জন্য বামফ্রন্ট সরকার যদি কোনও কৃতিত্ব দাবি করতে চান তারা তা করতে পারেন।

যেটা আমরা বারবার বলেছি, যে এই নির্বাচন ব্যবস্থা রাজ্য সরকার নিজেরা পরিচালনা করছেন, এই ব্যবস্থাটা সঠিক নয়। যেমন একটা উদাহরণ দিয়ে বলি, গত পঞ্চায়েত নির্বাচনের সময় আমরা প্রস্তাব এনেছিলাম এবং মাননীয় মন্ত্রী সূর্যকান্ত মিশ্র মহাশয় সেই ডিবেটের জবাব দিয়েছিলেন। আমরা বলেছিলাম যে বুথে বুথে ভোট গণনা করা হয় সেটা বাতিল করা হোক। কাউন্টিঙের সময় চারিদিক থেকে সি. পি. এমের ক্যাডাররা ঘিরে ধরে কংগ্রেসকে জিততে দেবে না। আমরা বার বার করে আমাদের দলের পক্ষ থেকে মন্ত্রীকে আবেদন-নিবেদন করেছি যে আমাদের এই দাবিটা মেনে নিন। বুথে বুথে সেই রাত্রিরে ভোট গণনা বন্ধ রাখুন। কিন্তু তিনি সেটা মানেননি ফলে যে কারচুপি থাকার সেটা থেকে গেছে। আমাদের আশা রাজ্যের নির্বাচন কমিশন হলে এটা কিছুটা দূর হবে। এখন আমি মূল বিলে এসে বলতে চাই, অ্যানামলি যেটা ছিল সেটা কিন্তু রয়ে গেছে। এই বিলে বলা হয়েছে রাজ্যের নির্বাচন কমিশন কিভাবে ঠিক হবে। The State Government may by notification appoint. There shall be a commission to be called the West Bengal State Election Commission consisting of a State Election Commissioner appointed by the Government under Article 243(K). এটা ঠিক আছে, কিন্তু আপনি এর সঙ্গে কনস্টিটিউশনটা কম্পেয়ার করে দেখুন। কনস্টিটিউশনে চিফ ইলেকশন কমিশন সম্বন্ধে কি বলা আছে। ইলেকশন কমিশন কি করে অ্যাপয়েন্টমেন্ট হবে। অ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে কোনও সমস্যা নেই, সেটা ঠিক আছে। চিফ ইলেকশন কমিশনারের ইমপার্শিয়ালিটি, তার রিমুভাল কি হবে, তাকে কিভাবে সরানো যাবে সেই ব্যাপারে কিছু বলা নেই। Provided that the Chief Election Commissioner shall not be removed from his office except in the like manner and on the like grounds as a Judge of the Supreme Court and the conditions of service of the Chief Election Commissioner shall not be varied to his disadvantage after his appointment. তার মানে চিফ ইলেকশন কমিশনারের সরানোর পদ্ধতি, সুপ্রিম কোর্টের জাজদের সরানোর পদ্ধতির মতোন হবে। কিন্তু রিম্যুভাল রাজ্য সরকারের ইচ্ছার উপর হবে না, স্টেট গভর্নমেন্ট নোটিফাই করে সরাতে পারবেন না। এতবড় একটা বিল, অথচ সেখানে এই ব্যাপারটায় উহ্য থেকে যাচ্ছে। আপনারা ভাবছেন যেহেতু রাজ্য সরকার অ্যাপয়েন্টমেন্ট করছেন,, সেইহেতু রাজ্য সরকারই তাকে সরাতে পারবেন। এসেম্বলি তাকে ইমপিচ করতে পারবেন, বা কিছু একটা করবেন আপনারা সেই ব্যাপারে একেবারে পুরোপুরি সাইলেন্ট থেকেছেন। On the clauses of removal of the Eelction Commissioner. তার ফলে প্রথম থেকেই আপনারা একটা হেঁয়ালির মধ্যে ব্যাপারটা রেখে দিচ্ছেন, আপনারা ক্লিয়ার কাট কিছু বলেননি। রাজ্যের স্টেট ইলেকশন কমিশনারকে কিভাবে তার পদ থেকে সরিয়ে দেওয়া হবে সে ব্যাপারে আপনারা কিছুই বলেনিনি। আজকে সূর্যকান্তবাবু, যিনি জ্যোতিবাবুর বদলে এই বিল পরিচালনা করছেন তিনি আশা করি এই ব্যাপারটা আমাদের কাছে পরিষ্কার করে বলবেন। আপনি দেখুন সংবিধানে এটা কোথায় আছে। No civil court shall have jurisdiction-(a) to entertain or adjudicate upon any

question whether any person is or is not entitled to have his name entered in the electoral roll for a constituency, or (b) to question the legality of any action taken by or under the authority of the State Election Commissioner relating to preparation and revision of an electoral roll.

[4-20 — 4-30 p.m.]

আমার কনস্টিটিউশনালি অধিকার আছে ইলেক্টোরাল রোলে আমার নাম আছে কিনা সে ব্যাপারে কোর্টে যাওয়ার। সেই বিখ্যাত কেসের কথা সবাই আপনারা জানেন। ১৯৮২ সালে কংগ্রেস পার্টি থেকে এটা করা হয়েছিল। সুপ্রিম কোর্টে সেটা গিয়েছিল এবং সুপ্রিম কোর্ট এটা বলেননি যে ইন্ডিভিজুয়ালের সুপ্রিম কোর্টে যাওয়ার অধিকার নেই ইলেক্টোরাল রোলের ব্যাপারে। সুপ্রিম কোর্ট এটাই বলেছিল যে ইলেকশন প্রসেস ওয়ান্স স্টার্টেড তাকে বন্ধ করা উচিত নয় অন দি গ্রাউন্ড অব ইলেক্টোরাল রোল। এই ক্লজটা দিয়ে আপনি কি করতে চান? হোয়াই ডু ইউ ওয়ান্ট টু টেক অ্যাওয়ে অ্যান্ড টু হ্যাভ মাই নেম ইন দি ইলেক্টোরাল রোল? এখানে আমার কোর্টে যাওয়ার অধিকার থাকবে না কেন সেটা ক্লিয়ারলি বলার দরকার আছে। যে ইলেক্টোরাল রোল অ্যাক্সেপ্ট করেছেন এর আগে ঐ মিউনিসিপ্যাল অ্যাক্ট এবং পঞ্চায়েত অ্যাক্ট পরিবর্তন করে সেখানে যখন দুটোই ১৮ বছর হয়ে গেল তখন বলা হল যে ইলেকশন কমিশন যে রোল তৈরি করবে সেটাই হবে পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটির রোল। এটা আগেই মিউনিসিপ্যাল অ্যাক্ট অ্যামেন্ড করে হয়েছে। তাহলে এই ক্লজটা কেন নিয়ে আসছেন, এর জাস্টিফিকেশন কি সেটা আমরা মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই। তার কারণ ইলেক্টোরাল রোল সম্বন্ধে অত্যন্ত স্পষ্টভাবেই বলেছেন যে—The electoral roll for the time being in force for the election of members to the West Bengal Legislative Assembly may, at the discretion of the State Election Commissioner, be adopted as the electoral roll for election of members, by whatever name called, to a Panchayat to such extent and in such manner as the State Election Commissioner thinks fit. এবং Similarly, the electoral roll for the time being in force for the election of members to the West Bengal Legislative Assembly may, at the discretion of the State Election Commissioner, be adopted as the electoral roll for election of members, by whatever name called, to a Municipality to such extent and in such manner as the State Election Commissioner thinks fit. আপনি মেনে নিয়েছেন যে ইলেকশন কমিশনের যে রোল সেই রোলে আপনি পঞ্চায়েত এবং মিউনিসিপ্যালিটির ইলেকশন করবেন। তাহলে এই বার অন জুরিসডিকশন অব সিভিল কোর্ট—আবার কোথাও উইথ রিগার্ড টু ডিলিমিটেশন অন কনস্টিটিউয়েন্সি-এর আমরা বলেছি যে ডিলিমিটেশন অব কনস্টিটিউয়েন্সি রাজ্য সরকার ইচ্ছা মতোন করছেন এবং এটা মিউনিসিপ্যালিটিগুলির ক্ষেত্রে সবচেয়ে স্পষ্ট। কলকাতা পৌরসভাতে

জিতে আসতে পারবেন না বলে অ্যাডেড এরিয়া নিয়েছেন। অনুরূপভাবে হাওড়া ও আসানসোলের ক্ষেত্রেও করেছেন। এইসব জায়গাতে আপনারা ইচ্ছা মতোন এরিয়া বাড়িয়েছেন। তারপর পঞ্চায়েতে এই যে রিজারভেশনের ব্যাপারটা হল, রাজীব গান্ধীর অ্যামেন্ডমেন্টের মধ্যে এটা ছিল কিন্তু আপনারা যেভাবে করছেন ঐ মহিলাদের ক্ষেত্রে যেটা ওয়ান থার্ড এবং শিডিউল কাস্ট ও ট্রাইবসদের জন্য যেটা করছেন সেখানে সিটগুলি আপনারা আপনাদের ইচ্ছামতোন রিজার্ভ করছেন। এ ব্যাপারে মন্ত্রীর কাছে আমাদের পার্টির পক্ষ থেকে বারবার বলা হয়েছে যে ডিলিমিটেশনের ব্যাপারেও যেমন তেমনি সিট রিজারভেশনের ব্যাপারেও আপনাদের স্টেট ইলেকশন মেশিনারি গন্ডগোল করছে। কোনও সিট রিজার্ভ করা হবে সে ব্যাপারে গন্ডগোল করছে এই মেশিনারি। সেখানে যদি লোকের জেনুইন গ্রিভানসেস থাকে তাহলে তাতে বার থাকা উচিত নয়। আর সত্যিই যদি একজন নিরপেক্ষ মানুষ স্টেট ইলেকশন কমিশনার হন তাহলে তার কাছ থেকে সব ব্যাপারে একটা নিরপেক্ষ বিচার আসতে পারে। রিজারভেশনের কন্সেপ্টের ব্যাপারেই বলুন বা যে কোনও ব্যাপারেই বলুন একজন নিরপেক্ষ মানুষ অবশ্যই দরকার। পঞ্চায়েতের ব্যাপারে রিজারভেশন হয়ে গিয়েছে, ডিলিমিটেশন হয়ে গিয়েছে, সামনে মিউনিসিপ্যালিটি এবং কর্পোরেশনের নির্বাচন আসছে। যে কোন কোন সিট রিজার্ভ হবে, মহিলাদের জন্য কোন কোনগুলো রিজার্ভ হবে, শিডিউল কাস্ট, শিডিউল ট্রাইবসদের জন্য কোন কোন সিট রিজার্ভ হবে, তার জন্য প্রিন্সিপল নিশ্চয়ই স্টেট ইলেকশন কমিশনার ঠিক করবেন। কিন্তু আমি যদি মনে করি যে আমি এই ব্যাপারে অ্যাগ্রিভড তাহলে আমি কোথায় যাব? আমার মনে হয় সেই জন্য এই জুরিসডিকশন আপনি করতে পারেন না। পার্লামেন্টে এবং অ্যাসেম্বলি কনস্টিটিউয়েন্সি ডিলিমিটেশনের জন্য আপনারা জানেন যে একটা কনস্টিটিউশনাল পাওয়ার শুদ্ধ টু ডিলিমিটেশন কমিশন তৈরি হয়। আপনাদের রাজ্যে যদি ডিলিমিটেশনের প্রশ্ন আসে হয় আপনি ডিলিমিটেশন কমিটি তৈরি করুন নইলে এর জন্য একটা সেপারেট আইন নিয়ে আসুন ফর দি পারপাস অব ডিলিমিটেশন। এই ব্যাপারটা পুরোপুরি রাজ্যের ইলেকশন কমিশনারের উপর রেখে আপনি বিচার করতে পারবেন না। আমি যে কথা পঞ্চায়েত সম্পর্কে বলছি যে আমাদের দেশে বামফ্রন্ট পঞ্চায়েত নির্বাচন ইন্ট্রোডিউস করার ক্রেডিট নিচ্ছেন, তা তো ওদের ক্রেডিট নয়? পঞ্চায়েত মহারাষ্ট্রে, গুজরাটে ডেভেলপ করে গেছে ৫৭ সালে, বলবন্ত রাও মেহেতা কমিটির রেকমেন্ডেশন আসার পর মহারাষ্ট্র, গুজরাটে ডেভেলপ করে গেছে। আমাদের এখানে পঞ্চায়েত ত্রিস্তরের ব্যবস্থায় নির্বাচন হয়, সেই ত্রিস্তরের ব্যবস্থায় নির্বাচনের সমস্ত আইন আমরা কংগ্রেস আমলে করে গেছি আমাদের ভুল হয়েছে, আমাদের নির্বুদ্ধিতা হয়েছে এই জায়গায় যে আমরা আমাদের আমলে নির্বাচনটা করিনি। আপনারা আমাদের আইনকে ব্যবহার করে আপনাদের সময়ে নির্বাচন করেছে এবং যেগুলো আমাদের তৈরি আইন সেইগুলোকে রূপায়ণ করে, আপনারা কৃতিত্ব নিচ্ছেন। যেমন রিজার্ভশেন, রিজার্ভেশন তো প্রথম থেকে কেন্দ্রীয় সরকার যে অ্যামেন্ডমেন্ট এনেছে ৯১ সালে ডিসেম্বর মাসে, তাতে ছিল, তারপর বামফ্রন্ট গিয়ে প্রচার করল, মহিলাদের জন্য নুতন দিগন্ত খুলে দিয়েছে বামফ্রন্ট, রিজার্ভেশন করেছে, হোয়াট ইজ নিউ? ৯১ সালের অ্যামেন্ডমেন্টে ছিল, ৮৯ সালের অ্যামেন্ডমেন্টে ছিল। মহিলাদের জন্য রিজার্ভেশন আপনারা অর্দ্ধেকটা করলেন, মিউনিসিপ্যালিটির ইলেকশনগুলো করলেন সেখানে—গত বছর যেমন কৃষ্ণনগরে ইলেকশন হল, আপনারা সেখানে মহিলাদের জন্য রিজার্ভেশন—হওয়ায় মহিলাদের

জন্য রিজার্ভেশন করলেন না। আপনারা কায়দা করে সি. পি. এম. এর ঐ রকম গুণে গুণে ক্যান্ডিডেট দিলেন। আপনি করলেন না, না করে আপনি পঞ্চায়েতটা করে দিলেন। বললেন পঞ্চায়েতের দিগন্ত আপনি খুলে দিলেন এবং এট আপনারা অ্যাট ইয়োর উইল করছেন। আমার যেটা বক্তব্য যে কেন্দ্রে সংবিধান সংশোধন পাস হয়ে যাবার পর পশ্চিমবাংলায় সামগ্রিকভাবে পঞ্চায়েত এবং পৌরসভার ক্ষেত্রে ইলেকশন কমিশন অ্যাপয়েন্ট করে একটা সিস্টেমের মধ্যে পুরো ইলেকশনের ব্যাপারটা হওয়া উচিত ছিল। তা না করে আপনারা এটা পিসমিল এক একটা ইলেকশন করেছেন, এটা পুরোপুরি ইটস ম্যাক্স অব পলিটিক্যাল মোটিভেশন, রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত পঞ্চায়েত ইলেকশনের টাইমে, মিউনিসিপ্যাল ইলেকশনগুলোর টাইমে, হাওড়া মিউনিসিপ্যাল ইলেকশনের টাইমে ইট হ্যাজ বিন এন্টায়ারলি পলিটিক্যালি মোটিভিটেড, নট কনস্টিটিউশনালি ডিরেক্টেড। যদি কনস্টিটিউশনালি ডিরেক্টেড হত, আপনি স্টেট ইলেকশন কমিশন অ্যাপয়েন্ট করতেন, তার হাতে ক্ষমতা দিতেন, তার হাতে ফান্ড দিতেন, তারপর করতেন। এবার আমি আর একটা কথা বলতে চাই যে এবার যেটা দরকার আমি বলেছি যে আপনি ফান্ড এবং ওদের হাতে আলাদা স্টাফ দেবেন। এই নিয়ে একটা ডিসপিউট চলছে এবং চিফ ইলেকশন কমিশনার বারবার বলছেন যে ওর ইন্ডিপেন্ডেন্ট স্টাফ নেই। আপনি ইলেকশন কমিশনের হাতে টোটালি আলাদা হোলটাইম স্টাফ রাখার কি অসুবিধা রয়েছে, আপনি এই স্টাফ যা দিচ্ছেন, তা রাজ্য সরকার থেকে পাঠাবেন অন ডেপুটেশন, সেটা আপনি বলেও দিয়েছেন। যে স্টাফকে আপনি ফ্রম টাইম টু টাইম the commission shall have such staff, made available to it by the Governor. কেন Why are giving such power to your own staff তাহলে একটা ইন্ডিপেন্ডেন্ট মেশিনারি থাকবে, আপনি ওখানে স্টেট গভর্নমেন্ট এমপ্লয়িদের স্টাঙ্গল হোল্ড রাখতে চাইছেন। তা সত্ত্বেও আমরা এই বিলকে স্বাগত জানাচ্ছি, তার কারণ আংশিকভাবে হলেও, দেরি করে হলেও কিছুটা পিছুটান নিয়ে করলেও এটা কংগ্রেস পঞ্চায়েত এর সম্পর্কে যে ধারণা নিয়ে এসেছে, তার একটা রূপায়ণ, আমি আবার বলছি যে ভারতবর্ষের পঞ্চায়েতের ব্যবস্থায় মহিলা এবং শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের জন্য রিজার্ভেশন কংগ্রেসের কন্সেপ্ট। ইন্ডিপেন্ডেন্ট পঞ্চায়েত এবং পৌরসভার জন্য ইন্ডিপেন্ডেন্ট ইলেকশন মেশিনারি কংগ্রেসের কনসেপ্ট, ইন্ডিপেন্ডেন্ট ফাইনান্স কমিশন কংগ্রেসের কনসেপ্ট, ইন্ডিপেন্ডেন্ট পরীক্ষার ব্যবস্থা কংগ্রেসের কনসেপ্ট এবং পঞ্চায়েতগুলোকে আরও বেশি টাকা পৌঁছে দেওয়া, মিউনিসিপ্যালিটিগুলোকে আরও বেশি টাকা পৌঁছে দেওয়া কংগ্রেসের কনসেপ্ট। আপনারা তা রূপায়ণ করছেন, দেরিতেও হলেও, তার জন্য আপনাদের ধন্যবাদ দিতে পারব না, বরং বলব আজকে আপনি বক্তৃতায় you pay tribute to Rajiv Gandhi and Congress at the centre. যারা সারা দেশে ইউনিফর্ম এই পঞ্চায়েত, পৌরসভার ব্যবস্থা নিয়ে এসেছেন। ধন্যবাদ।

[4-30 — 4-50 p.m.]

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র মহাশয় যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকসন কমিশন বিল এখানে উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাইছি। এখানে বিরোধী দলের সদস্যদের বক্তব্যের

মধ্যে দিয়ে বার বার একটা কথাই বেরিয়েছে এসেছে যে, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি নিয়ে নাকি আমরা চলছি। হ্যাঁ, অবশ্যই রাজনৈতিক দৃষ্টিভঙ্গি আমাদের আছে এবং সেটা আমাদের পক্ষের অনেক বক্তাই ইতিপূর্বে বলেছেন। আমি যেটা বলতে চাইছি সেটা হচ্ছে, আমাদের একটা রাজনৈতিক সদিচ্ছা আছে। আইনে কি আছে? পঞ্চায়েত এবং পৌরসভা, এ দুটো রাজ্য তালিকাভুক্ত বিষয় এবং রাজীব গান্ধী বলার আগে থেকেই ভারতবর্ষের সমস্ত রাজ্যে পঞ্চায়েত আইন আছে, পৌর আইন আছে এবং সেই আইনে নিয়মিত নির্বাচন অনুষ্ঠিত করবার কথাও বলা আছে, সেই সংস্থান আছে। কিন্তু রাজীব গান্ধী তার জীবিত অবস্থায় নগরপালিকা সম্পর্কে যে পুস্তিকা বের করেছিলেন তাতে কি লিখেছিলেন? তাতে লিখেছিলেন, "ভারতবর্ষে কংগ্রেস শাসিত রাজ্যগুলির পৌরসভাগুলিকে হয় ভেঙ্গে দেওয়া হয়েছে না হয় ব্যাডলি অ্যাডমিনিস্ট্রেটেড বাই অ্যাডমিনিস্ট্রেটর—মনোনীত কিছু আমলার দ্বারা পরিচালিত হচ্ছে। কোথাও নির্বাচিত কোনও পৌর বোর্ড নেই।" এখনও সেই অবস্থাই চলছে। ভারতবর্ষের কংগ্রেস শাসিত বিভিন্ন রাজ্যের পৌরসভাগুলির এই হচ্ছে অবস্থা। তিনি সেখানে বার বার একটা কথা বলেছেন, "পশ্চিমবঙ্গই এক মাত্র রাজ্য যেখানে নির্বাচিত পঞ্চায়েত এবং পৌর ব্যবস্থা আছে। কয়েক দিন আগে, সংবিধান সংশোধনের আগে কেন্দ্রীয় নগর উন্নয়ন মন্ত্রী শিলা কল 'পাওয়ার টু পিপল' নামে একটা বই বের করেছেন। তাতে কি বলেছেন? ঐ একই কথা বলেছেন—ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে, বিশেষ করে কংগ্রেস শাসিত রাজ্যগুলির বেশিরভাগেই নির্বাচিত পৌর বোর্ড নেই, নির্বাচন হয় না। আমি কংগ্রেসি বন্ধুদের কাছে জিজ্ঞাসা করছি কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে পৌর আইন থাকা সত্ত্বেও কোনও পৌর নির্বাচন হয় না? এটা হচ্ছে প্রথম কথা। দ্বিতীয় কথা হচ্ছে, আমাদের শেষনের ভয় দেখানো হচ্ছে, নির্বাচন কমিশনের ভয় দেখানো হচ্ছে। আমি ওদের বলতে চাই যে, যে-কোনও জায়গায়, যে কোনও অবস্থায় আমরা নির্বাচন করার জন্য তৈরি আছি। আমাদের ঐ ভয় দেখিয়ে কোনও লাভ নেই। সংবিধান সংশোধন করে একটা কথা বলা হচ্ছে যে, ফিনান্স কমিশন করতে হবে। ভারতবর্ষে আমাদের রাজ্যই একমাত্র রাজ্য, এখানে আমরা পৌর ফিনান্স কমিশন দু'-বার করেছি। সুতরাং এর জন্য কি কোনও প্রয়োজন ছিল? না, আইনের প্রয়োজন ছিল না। তারপর এখানে বলা হয়েছে—আমাদের মুখ্যমন্ত্রী ভুবনেশ্বরে মুখ্যমন্ত্রিদের সম্মেলন ডেকেছিলেন, কেউ আসে নি। আমরা কি বলেছিলাম? আমরা বলেছিলাম—৭৩তম এবং ৭৪তম সংবিধান সংশোধনে নির্বাচনের যে গ্যারান্টি দেওয়া হয়েছে তাকে আমরা স্বাগত জানাচ্ছি এবং সেটা শুধু আমাদের রাজ্যের জন্য নয়, গোটা দেশের জন্য। আমরা আমাদের রাজ্যের পঞ্চায়েত আইনের মধ্যে ইতিমধ্যেই ওটাকে অন্তর্ভুক্ত করেছি এবং আমরা ঐ বিষয়ে পৌর বিলও এখানে পাস করেছি, রাষ্ট্রপতির সম্মতির জন্য পাঠিয়েছি। অধিকাংশ বিষয়গুলিই আমরা অন্তর্ভুক্ত করেছি। আমরা ভারতবর্ষের জন্য স্বাগত জানাচ্ছি। কিন্তু ঐ কেন্দ্রীয় আইনের মধ্যে কিছু অসংঙ্গতি আছে, সেগুলো দূর করা উচিত। একথা আমরা বলেছি এবং শুধু আমরাই বলি নি আরও কেউ কেউ বলেছেন। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রীকে এখানে কিছু দিন আগেই নিয়ে আসা হয়েছিল, তাকে দিয়ে আমাদের মুখ্যমন্ত্রীকে কিছু গাল-মন্দ করানো হয়েছে, এই খারাপ কাজটা তাকে দিয়ে করানো হয়েছে। সেই মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এ বিষয়ে প্রধানমন্ত্রীকে একটা চিঠি লিখেছিলেন এবং আমাদের মুখ্যমন্ত্রীকে তার কপি পাঠিয়েছিলেন। তাতে তিনি বলেছিলেন, 'এর মধ্যে অনেকগুলো বিষয় আছে যাতে বেশ কিছু অসঙ্গতি আছে, সুতরাং এটা কার্যকর

করার জন্য আরও এক বছর সময় দেওয়া হোক।' এ ছাড়া আরও অনেক চিঠি আছে আমাদের কাছে। সুতরাং আমরাই শুধু ঐ কথা বলি নি। অনেকেই বলেছিলেন। তারপর মাননীয় সদস্য সৌগত রায় বললেন—স্টেট ইলেকশন কমিশনের কথা বলতে গিয়ে বললেন, '৯নং ক্লজে যেটা লেখা আছে সেটা কেন আমরা বলেছি? কেন কোর্টের জুরিসডিকশনে এটা আসবে না, ডিলিমিটেশন অফ ওয়ার্ড, নির্বাচন সংক্রান্ত বিষয়?' আমরা তো বলছি, এটা কি আমাদের বিষয়?

মাননীয় কংগ্রেসদলের সদস্যরা সবটা ভাল করে পড়েননি বা পড়তে পারেননি, কারণ সময় পাননি বলে, অনেক কিছু কাজ নিয়ে তারা ব্যস্ত থাকেন। কি বলা হয়েছে—৭৪তম সংবিধান সংশোধনে, 243Z(G) Not withstanding anything in this constitution- (a) the validity of any law relating to the delimitation of constituencies or the allotment of seats to such constituencies, made or purporting to be made under article 243ZA shall not be called in question in any court (b) no election to any municipality shall be called in question except by an election petition presented to such authority and in such a manner as is provided for by or under any law made by the legislature of a state. এটা সংবিধানের ভাষা। আমরা আমাদের রাজ্যে রাজ্য নির্বাচন কমিশন আইন লিপিবদ্ধ করেছি। আমরা কি অন্যায় করেছি? এখানে বলা হচ্ছে, নির্বাচন কমিশনারকে রিমুভ্যালের বিষয়টি কেন অন্তর্ভুক্ত করলাম না। আমরা সংবিধানে দায়বদ্ধ, সংবিধানের প্রতি আমাদের আস্থা আছে। ওদের নাও থাকতে পারে। আমরা আইন সংশোধন করে কি বলছি? মূল বিষয়টা হচ্ছে, রাজীব গান্ধী চেষ্টা করেছিলেন সেই সময়ে, যে পঞ্চায়েত এবং পৌর নির্বাচন ব্যবস্থাটা রাজ্য তালিকা থেকে কেন্দ্র তালিকায় নিয়ে যেতে। আমরা বলেছি, এটা রাজ্য তালিকায় রাখতে হবে। সংবিধান সংশোধন করার আগে জয়েন্ট পার্লামেন্টারি কমিটি করা হয়েছিল। তাতে আমাদের দলের সদস্যরা যেমন ছিলেন তেমনি সরকারি দলের সদস্যরাও ছিলেন। সমস্ত বিষয় সেখানে তুলে ধরেছিলাম এইভাবে আইনে লিপিবদ্ধ থাকা উচিত এবং রাজ্যের এক্তিয়ারে কেন্দ্রের হস্তক্ষেপ যেন না হয়, রাজ্য এই আইন তৈরি করুক, আপনাদের কিছু গাইডলাইন থাকতে পারে, কিন্তু সেখানে পরিষ্কার রাজ্য নির্বাচন কমিশন গঠন করার কথা বলা হয়েছে। কিভাবে করবো—২৪৩ক (১)টা পড়ুন। সেখানে কি লেখা আছে? সেখানে লেখা আছে, রাজ্য সরকার রাজ্য নির্বাচন কমিশন তৈরি করবে, রাজ্য আইন তৈরি করবে, অ্যাপয়েনমেন্ট দেবেন রাজ্য নির্বাচন কমিশন আইনে। কেন কেন্দ্র রিমুভ্যালের ব্যাপারটা ঠিক করবে? এটা রাজ্যের হাতেই থাকবে এবং সেইভাবেই হওয়া উচিত, আপনারা এটাকে সমর্থন করুন। এখানে একজন সদস্য বললেন নির্বাচন কেন মে মাসে করছেন? কেন পৌর নির্বাচন করছেন? এটা করার প্রয়োজন হত না, যদি ৭৪তম সংবিধান সংশোধন করে যে অসঙ্গতিগুলো আছে তা দূর করা হতো। যে সমস্ত পৌরসভাগুলি আছে সে বোর্ডগুলো শ্যাল বি ডায়রেক্টলি হবে। মনোনীত পৌর বোর্ড ১০টি পৌরসভা চালাচ্ছে। তাদের ৩১ মে পর্যন্ত ভ্যালিডিটি। আমরা সংবিধানে এমন কোন আইন আছে বা এমন কোন সংস্থান রাখা হয়েছে যে মনোনীত পৌর বোর্ডগুলিকে দীর্ঘদিন ধরে অব্যাহত রাখব? বিকল্প কোনও ব্যবস্থা নেই। বলা হয়েছে,

৫ বছরের মধ্যে নির্বাচন করতে হবে। ৫ বছরের মধ্যে কোনও প্রাকৃতিক দুর্যোগ হতে পারে, কোনও দুর্ঘটনা হতে পারে, ৬ মাস পিছিয়ে দেবার প্রয়োজন হতে পারে, তারজন্য কিছু সংস্থান রাখুন। কিন্তু প্রধানমন্ত্রী বললেন ফেয়ারট্রায়াল করুন, পরে এটা দেখা যাবে। ইতিমধ্যে মনোনীত পৌর বোর্ডের মেয়াদ ৪ বছর অতিক্রান্ত হয়ে গেছে। আমরা মনোনীত পৌর বোর্ডকে দীর্ঘদিন ধরে চালাতে চাই না, আমরা জনগণের কাছে যেতে চাই, সেইজন্য নির্বাচন করেছি। এখন প্রশ্ন করছেন সংবিধানকে এড়িয়ে বে-আইনি করেছেন। না, ৭৪তম সংবিধান সংশোধনে লেখা আছে ১লা জুন, ১৯৯৪ থেকে ৭৪তম সংবিধান আইন কার্যকর হবে প্রতিটি রাজ্যের ক্ষেত্রে। তারমধ্যে বর্তমানে যে আইন আছে সেই আইনে পৌরসভা পরিচালিত হবে মনোনীত পৌর বোর্ড দ্বারা এবং নির্দিষ্ট সময় পর্যন্ত তা অব্যাহত থাকবে। সুতরাং আমরা নিরুপায়, আমাদের ইচ্ছা থাকলেও উপায় নেই। তারপর আর একটি বিষয় হচ্ছে, রাজ্য নির্বাচন কমিশন যা হচ্ছে—এটা ইমপ্লিমেন্ট করার ক্ষেত্রে কিছুটা সময় দরকার। রাজ্য নির্বাচন কমিশন আইনের যেসব বিষয় আসছে তারজন্য একটা আইন পাস করতে হবে। পৌর নির্বাচন সংক্রান্ত বিষয় এবং পঞ্চায়েত নির্বাচন সংক্রান্ত বিষয়ে কিছু রুলস তৈরি করতে হবে, তারজন্য কিছু সময় দরকার। সুতরাং এই সময় পর্যন্ত মনোনীত পৌর বোর্ড দিয়ে চলতে পারে না। সেইজন নির্বাচন করছি। রাজ্য নির্বাচন কমিশনের প্রশ্ন তুলতে গিয়ে মাননীয় সদস্য সৌগতবাবু বললেন এটা কংগ্রেসের দাবি। হ্যাঁ, তর্কের খাতিরে মানলাম যে এটা কংগ্রেসের দাবি।

[4-40 — 4-50 p.m.]

আমি বলছি পশ্চিমবঙ্গে যে পৌর এবং পঞ্চায়েত নির্বাচন হয়েছে আমাদের ইলেকশন অথরিটির পরিচালনাতে—হ্যাঁ, হয়েছে আমাদের রাজ্য সরকারের পরিচালনায়—যেখানে এতদিন পর্যন্ত হয়েছে, কি অন্ধ্রপ্রদেশ, কি মহারাষ্ট্র, বোম্বে, কিছু গুজরাটেও হয়েছে আমি জানতে চাই এই সমস্ত কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে সেখানে যে নির্বাচনগুলো হল সেই নির্বাচনের জন্য স্টেট ইলেকশন কমিশনার শেষনের কি কোন চিফ ইলেকসান কমিশনারের নির্দেশে হয়েছে? সমস্ত নির্বাচনই হয়েছে রাজ্য আইনের ভিত্তিতে। সেই নির্বাচন কি বন্ধ করতে পেরেছেন? কংগ্রেস শাসিত রাজ্যগুলিতে উচিত ছিল ২/৩ বছর আগে যখন হয়েছিল সেখানে নির্বাচন কমিশনার বা চীফ ইলেকশন কমিশনারের অধীনে নির্বাচন পরিচালনা করে তারপর এই কথাগুলি বলা উচিত ছিল। আমাদের রাজ্যের কথা বলা অন্তত পক্ষে পঞ্চায়েত এবং পৌরসভার নির্বাচনের সম্বন্ধে কোনও কথা বলা কংগ্রেসের সাজে না। আমি এই কথা বলে এই বিলকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের বিরোধিপক্ষের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় মহাশয় এখানে বক্তৃতা করেছেন কিছুটা আমাদের বিল থেকে পড়ে, ৭৩তম এবং ৭৪তম সংবিধান সংশোধন আইন তাঁর হাতে মজুত রয়েছে, সম্ভবত উনি যা বক্তৃতা করলেন তাতে এটা মজুত আছে। লোকসভায় ডিবেট যেটা হয়েছিল এই বিলের উপর আমি তাকে সেটা একটু খুলে দেখতে বলছি। আপনি দেখুন, ৩৬ পৃষ্ঠা ৩৭-এ উনি শেষে বললেন এটা থেকে, এটা আমাদের ৭৩/৭৪ তারপর ৬৪তম ট্রিবিউট জানাতে হলে মাননীয় রাজীব গান্ধীকে জানাতে হবে ইত্যাদি

ইত্যাদি। সেজন্য আমি বলছি, সেটা জানাচ্ছি মণিশংকর আয়ারের বক্তব্যটা একটু পড়ে দেখুন। রাজীব গান্ধী মহাশয়ের বক্তব্য উদ্ধৃত করে তিনি যে বলেছেন We have freely and repeatedly acknowledged our debt to opposition Governments like these in West Bengal and Andhra Pradesh and the earlier Janata Government in Karnataka who have made innovative contributions to the improvement of Panchayat Raj in our country. তারপরে আরও আছে। না, না, আরও একটু পড়ুন রাজীব গান্ধী মহাশয়ের বক্তব্য উদ্বৃত্ত করে মণিশংকর আয়ার বলেছেন There are also negative lessons to be learnt from the experience of the Congress Governments.'' এটা রাজীব গান্ধী মহাশয়ে বক্তৃতা, ওখানে আছে ৩৭ পৃষ্ঠাটা একটু পড়ে দেখুন, তারপরে মণিশংকর আয়ারের বক্তৃতাটা পড়ে দেখুন। সেখানে আরো আছে ''Sir in praising the role played by men like Shri N. T. Rama Rao, Shri Ramakrishna Hegde, Shri Jyoti Basu. I should also add Shri Karpuri Thakur–to the evolution of the thinking of this country to the point were it has crystalised in the seventy second amendment bill and the seventy third amendment bill.'' এটা কোথা থেকে ক্রিস্টালাইজ হল, সেটা মণিশংকর আয়ারের বক্তব্যে আছে। আরো আছে দেখতে চান মণিশংকর আয়ারের বক্তৃতা তার পরের পৃষ্ঠা এটা হিন্দিতে, উনি কখন ইংরাজিতে, কখন হিন্দিতে বলেছেন, হিন্দি অংশটা পড়ছি। সাথে সাথ मैं शच कहुंगाा खासनैर पर मेरी जो पार्टी की सरकारे है विभिन्न राज्ये मे, माननीय कंग्रेस पार्टि हमारी जो इंडियन नेशनल कंग्रेस कारिकार्य है उसका जो अनुभव है এই হচ্ছে মণিশংকর আয়ারের বক্তৃতা। উনি বইপত্র নিয়ে কোথায় গেলেন? ট্রিবিউটটা জানানো হল, ওঁরা বললেন যে কেন এত দেরি হল? বুঝতে দেরি হয়? আমি বলি হ্যাঁ, হয়। বুঝতেই দেরি হয়েছে, কারণ দুর্বোধ্য জিনিস সহজে বোঝা যায় না, দুর্বোধ্য হলে কোন জিনিস বুঝতে দেরি হওয়া স্বাভাবিক। তবে আমি প্রথমেই বলি আপনাদের, আমরা যা করি দেরি হোক, আর তাড়াতাড়ি হোক বুঝে করি, অনেকে আছেন না বুঝেই করেন।

আমার সঙ্গে দুই-একজনের কথা হল, ওরা রেক্টিফিকেশন করে দিয়েছেন ৭৩ এবং ৭৪তম সংবিধান সংশোধনীকে। ওরা বললেন যে, অশোকবাবু চিঠি দিয়েছেন লিখিতভাবে। তাহলে রেক্টিফিকেশন করলেন কি ভেবে? ৬৪তম সংশোধনী থেকে দেখুন, তাতে বলা হয়েছে—ইলেকশন কমিশন ইলেকশন করবেন। তারপর ৭২তম সংবিধান সংশোধনী বিল আনা হল, তাতে বলা হল—Subject to the provision of the Constitution, the legislature of the State made by the law, make provision with respect of all matters relating to or in connection with the election of Panchayat under the Superintendence direction and control of the Chief Electoral Officer of the State.'' এটা তখন লোকসভায় ইন্ট্রোডিউজ করা হল। ৬৪তম সংশোধনীতে বলা হল—ইলেকশন কমিশন, কিন্তু তারপর ৭২তম ইলেকশন কমিশন থেকে চিফ ইলেকশন অফিসার অফ দি স্টেট বলা হল। ২৪তে বললেন—Subject to the provision of the Constitution, the legislature of the State made by law, make provisio with respect to all matters relating to or in connection with election of Panchayat under the Superintendent, direction and control of the Chief

Electoral Officer or such separate authority as may be provided in such rule.'' তাহলে তিনটা বিলে তিনরকম হল তারপর বিলে যেটা যুক্ত হল সেটা এখন আমাদের করতে হচ্ছে। দুর্বুদ্ধ সব ব্যাপার! কিভাবে বুঝবেন? প্রধানমন্ত্রীকে অন্যান্য রাজ্য এবং আমরা এসব বলেছি লিখিতভাবে। আপনারা ট্রায়ালের ব্যাপারে যা বলেছেন সে-ব্যাপারে আমরা যা করবার করছি। অন্যান্য ট্রায়াল ইলেকশন কমিশন করবেন, কিন্তু কোথায় আছে কনস্টিটিউশনে—But where is the interference in electoral matters? ৭৪তম সংশোধনীর কোথায় আছে এটা? এতই যখন ইন্টারেস্ট আপনাদের, একটু পড়েই দেখুন না! শৈলজাবাবু বলছিলেন একটা দলত্যাগ আইন আনতে। আমরা দলত্যাগ আইন আনব কেন? আমরা দলত্যাগ বিরোধী আইন আনব। এসব কথা অশোকবাবু কনক্লেভে মত সহকারে বলেছেন। কিন্তু স্টাফ না দিলে কি করে চালাবেন তাঁরা? সেক্ষেত্রে সরকার টার্মস অ্যান্ড কনিডশন অফ দি সার্ভিস যদি ঠিক না করেন তাহলে যাবেন কেন সেখানে তারা? সেজন্যই এটা করেছি। এখানে বলা হয়েছে, রাজ্য সরকার সংবিধানিক বাইপাস করে পঞ্চায়েত এবং পৌর নির্বাচিত করেছেন, বলেছেন—এখন নির্বাচন পিছিয়ে দিন পৌরসভাগুলির। এটা না হলেই ওদের ভাল। ফেব্রুয়ারি মাসে পঞ্চায়েত নির্বাচন হবার কথা ছিল ; আমরা এখানে আইন করলাম এবং তারপর নোটিফিকেশন করে বললাম—মে মাস পর্যন্ত নির্বাচন পিছিয়ে দিতে হচ্ছে। আমরা কি বসে থাকতাম যে, কবে সংবিধান সংশোধন করা হবে, তারপর আইন হবে এবং তারপর নির্বাচন করব? কিন্তু এটা তাদের অন্যান্য রাজ্যের জন্য করতে হয়েছে। সেজন্য নির্বাচন যাতে সময়মতো হয় তারজন্য আমরা চেষ্টা করছি। তারজন্য যে আইন আছে সেটা আমাদের যথেষ্ট। সংবিধান সংশোধনী অনুযায়ী কবে হবে তারজন্য তো আর বসে থাকতে পারি না।

[4-50 — 5-06 P.M.]

আমরা সেই জন্য করেছি। আর একটা কথা বলেছেন রিমুভ্যালের ব্যাপারে, রুলের ব্যাপারে কেন এখানে লেখেন নি। আপনাদের প্রায়ই সবাই বলেছেন। এটা বলার কি আছে? সংবিধানে যা বলা আছে সেটা লেখার দরকার আছে? বলা আছে যে রুল তৈরি হবে, নূতন শর্তাবলি তৈরি হবে। আমি বলেছি রুল এখানে দেব, ১৫ দিন থাকবে, সেখানে আপনাদের কিছু বলার থাকলে বলবেন। আইনে কি থাকবে, রুলে কি থাকবে সেটা সংবিধানে বলা আছে। আপনারা একটু পড়ুন না। সংবিধানটা দেখুন, সেখানে দেখবেন বিলে কি থাকবে, রুলে কি থাকবে সেটা বলা আছে। দয়া করে পড়ুন। সংবিধানে লেখা আছে রুলে কি কি লেখা থাকবে।

(গোলমাল)

**(শ্রী সৌগত রায় রোজ টু স্পিক)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা যখন বলেন তখন তো ওনারা শোনেন। মন্ত্রী মহাশয়ের বলার পর আপনাদের যদি কিছু বক্তব্য থাকে তাহলে থার্ড রিডিং-এ বলবেন।

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** যাই হোক আমি স্যার কন্সিটিউটটা পড়ছি। এখানে আর্টিকেল

২৪৩ক (২)-তে বলা আছে clearly states the provisions of removal of the State Election Commissioner from his office. আপনারা যেটা বলবেন সেটা এখানে আছে। সেই ব্যবস্থা অনুযায়ী, আর্টিকেল ২৪৩-কে (২) অনুযায়ী আইনে বলা আছে। আইনের মধ্যে লেখা আছে দেখছেন না? পড়ে দেখুন ভাল করে রুলটা বাকি থাকবে। এই ব্যাপারে আর কিছু বলার দরকার নেই।

(গোলমাল)

ভাল আপনারা সমর্থন করেছেন, মিছি মিছি বাগড়া বা এই সব ঝামেলা করবেন না।

(গোলমাল)

কন্সটিটিউশনে বলা আছে যে, এখানে রুল তৈরি করবে, স্টেট গভর্নমেন্ট রুল তৈরি করবে। এখানে রুল তৈরি হবে সেটা এখানে লেখা আছে, কন্সটিটিউশনে যেটা বলা আছে সেটা হবে।

(গোলমাল)

এই ব্যাপারে আর কোনও কথা বলার প্রয়োজন নেই। এ ছাড়া বাকি যে সমস্ত কথা বলেছেন সেইগুলি একই কথা যে নির্বাচনে কি হয়েছে। কাউন্টিং-এ গোলমাল, কোথায় কাউন্টিং হবে? এই সমস্ত পুরানো কথা সব বলেছেন। আমরা সেই আইনের সংশোধন আনছি, সেখানে সব আলোচনা হবে, আমি এখন তার মধ্যে যাচ্ছি না। ওদের একটা কথা হল কাউন্টিং ততক্ষণ করে যেতে হবে যতক্ষন না ওরা জিতছেন। ওরা জিতে গেলে নির্বাচন শান্তিপূর্ণ আর ওনারা হেরে গেলে নির্বাচন শান্তিপূর্ণ হবে না, এই হচ্ছে ওনাদের কথা। স্টেট ইলেকশন কমিশন হোক আর না হোক পশ্চিমবাংলার মানুষ আপনাদের পক্ষে কোনও সময় রায় দেবে না। সেই জন্য বলছি আপনারা ভাল করেছেন এটাকে সমর্থন করেছেন, আপনারা আর ঝামেলা না করে বাকিটা সমর্থন করে দিন। অনেক জিনিস আপনাদের সমর্থন করতে হবে কিন্তু পশ্চিমবাংলার মানুষ আপনাদের কোনও দিন সমর্থন করবে না।

The motion moved by Dr. Surjya Kanta Mishra that the West Bengal state Election Commission Bill, 1994, be taken into consideration was then pur and agreed to.

## Clauses 1 to 7

The question that clauses 1 to 7 do stand part of the Bill were then put and agreed to.

## Clause 8

**Mr. Deputy Speaker :** There is an amendment to Clause 8 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and I

now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in Clause 8, for the words "on the recommendation of" the words "in consultation with" be substituted.

**Shri Surjya Kanta Mishra :** Sir, I accept the amendment.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 1) was then put and agreed to.

The question that clause 8 do stand part of the Bill then put and agreed to.

**Clauses 9 to 12**

The question that clauses 9 to 12 do stand part of the Bill were then put and agreed to.

**Clause 12**

**Mr. Deputy Speaker :** There is an amendment to Clause 12 given by Shri Lakshmi Kanta Dey. The amendment is in order and I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in Clause 12, in sub-clause (1), the words and notion "after consultation with the commission" be omitted.

**Shri Surya Kanta Mishra :** Sir, I accept the amendment.

The Motion of Shri Lakshmi Kanta Dey (amendment No. 2) was then put and agreed to.

The question that clause 12 do stand a part of the Bill was then put and agreed to.

**Preamble**

The question that Preamble do stand a part of the Bill, were then put and agreed to.

**Dr. Surjya Kanta Mishra :** Sir, I beg to move that the West Bengal State Election Commission Bill, 1994 as settled in the Assembly be passed.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রফেসর সৌগত রায় যে রুলটা

পয়েন্ট আউট করেছেন, মিনিস্টার বাইপাস করে গেলেন সেটাতে। সত্য জিনিসকে চাপা দিয়ে লাভ নেই। প্রফেসর রায় আমাকে দেখালেন এবং তিনি যেটা বলেছেন, আপনাদের আইনে আছে কিনা? আপনারা ভুলটা স্বীকার করলেন না। আর্টিকেল ২৪৩-কে'কে বলা আছে, আপনারা যখন এটা আনলেন, তখন পরিষ্কার করে বললেন না কেন? আপনারা বললেন, পাওয়ার টু মেক রুলস। সেখানে কি আছে—The State Government may, not shall, after Consultation with the Commission make rules which may provide for all or any of the matters which under any provision of this Act are required to be prescribed or to be provided for by rules.

আমার এখানে বক্তব্য যে দি স্টেট গভর্নমেন্ট মে' এই কথাটা না বলে একটি লাইনে বলে দিতে পারতেন যে অ্যাজ পার দি প্রভিসন ইন দি কনস্টিটিউশন। এখানে দাঁড়াচ্ছে যে দি অফিসার উইল বি রিমেন্ড নট বাই দি অথরিটি বাট বাই দি স্টেট গভর্নমেন্ট। এখানে এইভাবে আপনারা সময় সীমাটা হাতে রেখে দিলেন। যদি পরিষ্কার করে বলতেন 'ইন কনস্টিটিউশন উইথ' তাহলে ভাল হত কিন্তু আপনারা সেটা করেন নি। তাই আমি জানতে চাইছি যে, হোয়াট প্রিভেন্টেড ইউ টু মেক দিজ টু লাইন্স অ্যাকর্ডিং টু দ্যাট দি অফিসার উড বি। কাজেই যে প্রসঙ্গটা আমি তুলেছি সেটা একটু ব্যাখ্যা করে হাউসে জানাবেন।

**Shri Saugata Roy :** Sir, the Minister has said many things. I don't know whether he has any idea about the Constitution. I have repeatedly told, Sir, that removal is unimportant. If the matter of removal is unimportant, may I ask the Hon'ble Minister as to why the Constitution decided to include the matter of removal of the Chief Election Commissioner in the constitution itself—not in any law, not in the Representation of the People's Act, not in any rules made under the Representation of the People's Act, but in the Constitution itself. The manner in which the Chief Election Commissioner will be removed is mentioned because if you are creating the constitutional authority, it is best that the authority derives its power from the Constitution. The State Government cannot make the Constitution. But it can make the laws. It can also make rules. The rules are subordinate legislations under the law. Now if it is making a new law and creating a new legal authority, called the State Election Commissioner, then why should the local authority not get all its powers and his position from the Constitution. The State Government cannot make the Constitution. But it can make the laws. It can also make rules. The rules are subordinate legislations under the law. Now if it is making a new law and creating a new legal authority, called the State Election Commissioner, then why should the local authority not get all its powers and his position from the law itself? You are a lawyer yourself. Sir, please take a note on this point. The power of an officer, however high, is derived from the sanctity of the law on which the officer is appointed. The State Gov-

ernment has chosen to be deliberately vague in the law about the removal of the State Election Commissioner so that it can keep the power of removal in its, own hands by the rules made by itself without the consultation with or without the final approval of the State Election Commissioner. This is something which I think legally untenable and morally unsound. That is why I strongly object again.

I have mentioned and the law itself mentions that there will be certain staff, officers for running the work of the State Election Commissioner. All we are trying to suggest that why does not they make part of the staff permanently when you are making a new law ? Why should it be that the State Government should take its employees and officers of its own choice to help in the running of the work of the State Election Commissioner ? Why cannot the State Election Commissioner have the permanent staff of its own. Since you are starting on a new slate this problem is now arising with the Central Election Commissioner. The Minister has very arrogantly said that who but us will depute the people to the commission. Are you above the law ? Is the State Government above law ? That is why I say that this is a good law made with bad intention by keeping the original who do not want to implement this law. That is why this law is flout. This law does not give any independent authority to the extent desired.

**ডাঃ সূর্যকান্ত মিশ্র ঃ** স্যার, আমি আগেও বলেছি এখানে আপনার ৩নং ক্লজের ২৪৩ ধারায় খুব সুনির্দিষ্টভাবে বলা আছে। এবং এর উপরে রাজ্য সরকারের কোনও আইন হতে পারে না। ক্লজে যা বলা আছে তাতে রাজ্য সরকারের পক্ষে কিছু করার নেই। আমরা যা লিখব তার উপরে বিধানসভায় আলোচনা হবে তারপরে সিদ্ধান্ত নেব এবং সেখানে যদি কেউ আপত্তি তোলেন তখন দেখা যাবে।

The motion was then put and agreed to.

**শ্রী নির্মল দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের ডুয়ার্স এলাকায় কেন্দ্রীয় রেল বাজেটের পরে সেখানে কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিল সেই প্রতিশ্রুতি ভঙ্গ হওয়ার দরুন লক্ষ্য মানুষ চা বাগান থেকে আরম্ভ করে মালদা পর্যন্ত আন্দোলনে সামিল হচ্ছে। ডুয়ার্স রেল উন্নয়ন সংগ্রাম কমিটির নেতৃত্বে সেখানে সংগ্রাম শুরু হয়েছে, সেখানে রেল ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। এই সংগ্রাম দীর্ঘস্থায়ী হলে আসামসহ উত্তর পূর্বাঞ্চলের ৭টি রাজ্যের যোগাযোগ ব্যবস্থা ক্ষতিগ্রস্ত হবে। সেইজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব, যাতে তিনি কেন্দ্রীয় রেল মন্ত্রীকে একটি চিঠি পাঠিয়ে আলিপুরদুয়ার এর মিটার গেজ লাইনকে ব্রড গেজে উন্নীত করার জন্য বলেন, এবং মাননীয় কেন্দ্রীয় রেল মন্ত্রী তিনি যেন তার জবাবি ভাষণে জানান। বনগাঁইগাঁও থেকে শিলিগুড়ি পর্যন্ত মিটার গেজ লাইনকে ব্রড গেজে উন্নীত করার স্বপক্ষে এই মুহূর্তে সলসলাবাড়ি

থেকে আলিপুরদুয়ার জংশন পর্যন্ত ব্রড গেজ লাইন স্থাপন করে আলিপুরদুয়ারের জংশনে প্রতিষ্ঠিত রেলের ৫০ কোটি টাকার পরিকাঠামো ব্যবহার করে যাতে রেল চালাতে পারে সেটা দেখা দরকার। এবং প্রস্তাবিত গৌহাটি নিউ দিল্লি রাজধানী এক্সপ্রেস, নিউ আলিপুরদুয়ার স্টেশন যা আলিপুরদুয়ার ডিভিসনের হেড কোয়ার্টার স্টেশন হিসাবে পরিচিত সেখানেও যাতে স্টপেজ থাকে দেখা দরকার। ১৬৩টি চা বাগান লোয়ার আসাম বিন্নাগুরি হাঁসিমারা ক্যান্টেনমেন্টের জোয়ানরা এবং সংলগ্ন ভুটানের লক্ষ লক্ষ মানুষ যাতে উপকৃত হয় সেটাও দেখা দরকার। এটাই হচ্ছে আমার আবেদন।

## Adjournment

The House was then adjourned at 5.06 p.m. till 11.00 a..m. on Wednesday, the 9th March, 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 9th March, 1994 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 14 Ministers, 5 Ministers of State and 142 Members.

[11-00 — 11-10 a.m.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Satya Narayan Mitra, an ex-Member** of the West Bengal Legislative Assembly, who breathed his last on the 15th February, 1994. He was 74.

Besides being an orthodox Congressman and a silent political worker, Shri Mitra had been associated with many local bodies and social organisations. He had been the Chairman of the Land Development Bank, Town Cooperative Bank and Central Cooperative Bank for a fairly long time. He had also served as Commissioner of the Bankura Municipality and as an executive member of the Bankura Wholesale Consumer Society as well. He was elected to the West Bengal Legislative Assembly from the Bankura Assembly Constituency in 1967 as a Congress candidate.

At his death the State has lost a true Gandhian devoted to freedom struggle and social service.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

...(at this state Hon'ble Members stood in silence for two minutes)...

Thank you, Ladies and Gentlemen. Secretary will send the message of Condolence to the members of the bereaved family of the deceased.

## POINT OF INFORMATION

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, ভারত সরকার এমন সব গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছে, যাতে পশ্চিমবাংলার প্রায় ১০০টি ব্যাঙ্ক তুলে দেওয়ার চেষ্টা চলছে। আপনার কাছে তাই আমার অনুরোধ আপনি কোয়েশ্চেন আওয়ার বন্ধ রেখে এই ব্যাপারে আমাদের বলার সুযোগ দেবেন। আপনি অনুগ্রহ করে ১৫ মিনিট সময় এই ব্যাপারে আমাদের বলার সুযোগ দিন। কারণ দেশের যা অবস্থা চলছে তাতে এই ব্যাপারে আলোচনা হওয়া দরকার।

(নয়েজ)

মাননীয় স্পিকার মহাশয়, আপনাকে ধন্যবাদ। গত দু-দিন ধরে আমরা এই হাউসে বিভিন্ন বিষয়ে ঘটনা তুলেছি। আজকে আমরা কাগজে দেখেছি এবং আপনিও দেখেছেন যে আমাদের পশ্চিমবাংলায় প্রায় ৭৭টি ব্যাঙ্কের শাখা ইতিমধ্যে বন্ধ হতে চলেছে। কলকাতার সেন্ট্রাল ব্যাঙ্কের কালীঘাট শাখায় বন্ধের নোটিশ ঝুলছে, ইউ. বি. আইয়ের তিনটি শাখায় বন্ধের নোটিশ ঝুলছে। ইউ. বি. আইয়ের তিনটি জোনাল ও ২৫টি শাখা বন্ধ হতে চলেছে। ইউকো ব্যাঙ্কের ৪৬টি শাখা অফিসকে চিহ্নিত করা হয়েছে, বন্ধ করে দেওয়া হবে। দেনা ব্যাঙ্কের দুটি শাখাকে বন্ধ করে দেওয়া হবে। আরও কতগুলো ব্যাঙ্কের শাখাকে একত্রীকরণ করে স্যাটেলাইট ব্যাঙ্কের আওতায় আনার প্রয়াস চলছে। আর. বি. আইয়ের সঙ্গে বিভিন্ন ব্যাঙ্ক কর্তৃপক্ষের সমঝোতা চুক্তি হয়েছে। স্যার, নরসিমা কমিটির সুপারিশ দু মাসের মধ্যে কার্যকর করার প্রতিশ্রুতি মনমোহন সিং দিয়েছিলেন এবং ফলশ্রুতি ৩১শে মার্চের মধ্যে ১০০টি ব্যাঙ্কের শাখা বন্ধ করে দেওয়া হবে। এইভাবে ১৫ হাজার ব্যাঙ্কের শাখা বন্ধ হয়ে দেড় লক্ষাধিক ব্যাঙ্ক কর্মী ও অফিসার উদ্বৃত্ত হবে। চাকুরির নিরাপত্তা থাকবে না। সংশ্লিষ্ট অঞ্চলের মানুষ ব্যাঙ্ক পরিষেবার সুযোগ পাবে না। ব্যাঙ্ক শাখা বন্ধ করে দেওয়ার অর্থ হচ্ছে ব্যাঙ্ক আমানত পরিষেবার উপর সরাসরি কেন্দ্রীয় সরকারের আগ্রাসন। পশ্চিমবঙ্গে নয়টি বে-সরকারি ব্যাঙ্ক চালু হতে চলেছে এবং ১৯টি বিদেশি ব্যাঙ্ককে এখানে কাজকর্মের লাইসেন্স দেওয়া হয়েছে। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলোকে তুলে দিয়ে নতুন করে ব্যাঙ্ক খোলার কী প্রয়োজন?

আমাদের প্রশ্ন কেন ব্যাঙ্কের শাখা তুলে দেওয়া হবে? ওরা বলছেন অনাদায়ী ঋণের কথা কিন্তু এই অনাদায়ী ঋণ তো বড়লোকদের জন্য। আমাদের এখানে ব্যাঙ্কের শাখাগুলিতে যে ২৪ হাজার কোটি টাকা আমানত করা আছে তারমধ্যে ১২ হাজার কোটি টাকা ওরা ঋণ দিয়েছেন এবং এর ৮০ ভাগ বড়লোক শিল্পপতিদের দিয়েছেন। আমাদের রাজ্য সরকারের তরফ থেকে বারবার বলা হয়েছে যে কাদের কাদের ঋণ দেওয়া হয়েছে সেই সমস্ত শিল্পপতিদের নাম বলা হোক কিন্তু তা বলা হচ্ছে না। স্যার, আপনি জানেন, সোশ্যাল রেসপনসিবিলিটি পালনের জন্য ব্যাঙ্ক ন্যাশনালাইজ করা হয়েছিল কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার তার থেকে সরে গিয়ে গ্রামের মানুষদের আবার সেই মহাজনদের শোষণের মুখে ঠেলে দিচ্ছেন। সমস্ত শাখাকেই লাভ করতে হবে এমন কোনও নিয়ম ছিল না, ব্যাঙ্কের লাভ-লোকসানের হিসাব হয় সামগ্রিকভাবে ব্যালেন্সশিটের উপর কিন্তু আজকে কেন্দ্রীয় সরকার তার সামাজিক দায়বদ্ধতা থেকে সরে আসার জন্য ব্যাঙ্কের শাখা এইভাবে বন্ধ করে দিচ্ছেন। গত পরশুদিন রাজ্যসভায় ব্যাঙ্ক অ্যাক্টের পরিবর্তন করা হয়েছে। এখানে বলা হচ্ছে ব্যক্তি মালিকানাতে অবাধ সুযোগ দেওয়া হবে এবং বিদেশি ব্যাঙ্কগুলির উপর কোনও বিধিনিষেধ থাকবে না। আজকে আমি

কংগ্রেস দলকে বলতে চাই, পন্ডিত নেহেরু, শ্রীমতী ইন্দিরা গান্ধী যে সামাজিক দায়বদ্ধতার কারণে এই ব্যাঙ্ক ন্যাশনালাইজ করেছিলেন সেই কংগ্রেসের কেন্দ্রীয় সরকার পি. ভি. নরসিমা রাও-এর সরকারও তার অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং আই. এম. এফ, বিশ্বব্যাঙ্ক এবং গ্যাটচুক্তির কাছে আত্মসমর্পণ করে এইভাবে ব্যাঙ্কগুলির উপর আঘাত হানছেন। আজকে মিরজাফর কারা, বিশ্বাসঘাতক কারা সেটা কেন্দ্রীয় সরকারের কাজকর্মেই প্রমাণিত হয়ে গিয়েছে। আমি তাই কেন্দ্রীয় সরকারকে বলতে চাই, এই ভাবে ব্যাঙ্কগুলি বন্ধ করা চলবে না। ব্যাঙ্কের শাখাগুলি চালু রাখতে হবে। গ্যাটচুক্তি মেনে নেওয়া হবে না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নির্দেশে কোয়েশ্চেন আওয়ারের জন্য প্রস্তুত হয়ে আমরা এসেছিলাম কিন্তু এসে দেখলাম রবীনবাবু প্রায় ৬/৭ মিনিট ধরে এখানে একটা রাজনৈতিক বক্তব্য রাখলেন। আপনি স্যার, অনেককে বক্তব্য রাখতে অ্যালাউ করেন—ওদেরও করেন, আমাদেরও করেন কিন্তু ইরেলিভেন্ট বক্তব্য রাখলে আপনি এক্সপাঞ্জ করে দেন। রবীনবাবু এখানে তার কেন্দ্র বিরোধী মানসিকতা থেকে যে বক্তব্য রাখলেন সেটা রাজনৈতিক বক্তব্য ছাড়া আর কিছুই নয়। রাজ্যসভায় কি আলোচনা হয়েছে, না হয়েছে সেখানে ওদেরও প্রতিনিধিরা আছেন, আমাদেরও প্রতিনিধিরা আছেন, সে বক্তব্য ওরা ওখানে রেখেছেন কিন্তু যেহেতু ওরা জানেন যে পার্লামেন্টে কোনওদিনই মেজরিটি পাবেন না সেইহেতু এখানে রাজনৈতিক বক্তব্য রেখে বাহবা নেওয়ার চেষ্টা করছেন। অবশ্য কেন্দ্রীয় সরকারের লেজুড় হয়ে থাকার ওদের একবার সৌভাগ্য হয়েছিল।

(গোলমাল)

আমি বলতে চাই, যেটা পার্লামেন্টে আলোচনা করার বিষয় সেখানে ওদের সদস্যরা পার্লামেন্টে সেটা নিয়ে আলোচনা করুন। যদি কেন্দ্রীয় সরকারের কোনও কাজ ওদের পছন্দ না হয় তাহলে পার্লামেন্টে নন-অফিসিয়াল ডে-তে সেটা নিয়ে আলোচনা করুন। তার মোকাবিলা সেখানে আমরা করব। তিনি এখানে এসব বক্তব্য রেখে আমাদের অধিকার থেকে বঞ্চিত করছেন কেন?

[11-10 – 11-20 a.m.]

ক্রু মেজরিটি আছে। কিন্তু একটা কাগজে কী বেরিয়েছে, কাগজে তো এটাও বেরিয়েছে যে জ্যোতি বসুর ছেলে সরকারের থেকে টাকা নিয়েছে, মুখ্যমন্ত্রীর ছেলে একের পর এক কারখানা বন্ধ করে দিচ্ছে, গভর্নমেন্টের টাকা দেননি! সেই টাকা আত্মসাৎ করেছে এবং তার কারখানার শ্রমিকরা না খেতে পেয়ে মারা যাচ্ছে। সেখানে ন্যূনতম মজুরি দেওয়া হচ্ছে না। আজকে সেইগুলো নিয়েও আলোচনা হোক? আজকে পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রীর ছেলে যেভাবে কোটি কোটি টাকা ব্যাঙ্ক থেকে নিয়ে আত্মসাৎ করেছে, সেই টাকাগুলো কোথায় গেছে, সেই টাকা অসাধারণ মানুষের টাকা, ব্যাঙ্কের টাকা? আজকে ব্যাঙ্কে যে চিট করেছে, সেই সম্পর্কে আলোচনা হোক, আমরা সেই আলোচনা চাই, তাহলে আপনি কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করে দিন। স্যার, প্রত্যেকদিনই যদি এইভাবে হয়, কালকে এন. টি. সি. নিয়ে আলোচনা হল, সকলে আমরা উদ্বেগ প্রকাশ করেছি, কিন্তু রোজই দেখছি, কোনও কোনও সরকারের

পক্ষের সদস্য এসে নিজেদের ১৭ বছরের ব্যর্থতা ঢাকার জন্য, নিজেদের অপদার্থতা ঢাকার জন্য, নিজেদের নোংরা রাজনীতির জন্য যখন কলকারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে, নিজেদের ব্যর্থতার জন্য যখন শ্রমিক অসন্তোষ হচ্ছে, ওয়ার্ক কালচার নষ্ট করে দেবার জন্য যখন পশ্চিমবাংলায় শিল্পোন্নয়ন হচ্ছে না, তখন আমাদের পাশের রাজ্য উড়িষ্যাতে যেখানে দিনের পর দিন শিল্প কারখানা হচ্ছে, এমন কি বিহারেও নূতন করে শিল্পপতিরা সেখানে তাদের বিনিয়োগ করছে, সেখানে পশ্চিমবাংলায় শিল্পপতিরা আসতে ভয় পাচ্ছে, আপনাদের কমরেডদের লাল ঝান্ডার ভয়ে। যার ফলে পশ্চিমবঙ্গ আজকে পেছিয়ে পড়ছে। নিজেদের ব্যর্থতা ঢাকার জন্য এখানে মেজরিটি আছে বলে গণতন্ত্রের দোহাই দিয়ে বড় বড় কথা বলে কেন্দ্রের বিরুদ্ধে রোজ কথা বলে, আপনাদের ব্যর্থতা ঢাকার চেষ্টা করছেন। এই বিষয়ে আমি আপনার কাছে অনুরোধ করব রবীনবাবু যেটা বলেছেন, সেটা এক্সপাঞ্জ করুন, যদি ওদের কোনও বক্তব্য থাকে তাহলে নন অফিসিয়াল ডে-তে আলোচনা করার স্কোপ দিন, সেদিন আলোচনা করবেন, আমরা আলোচনায় অংশ গ্রহণ করব। ওদের বক্তব্যকে আমরা নিশ্চয়ই খন্ডন করব। আজকে দয়া করে রবীনবাবুর বক্তব্যকে এক্সপাঞ্জ করে অন্যদিন আলোচনার সুযোগ দিন আজকে কোয়েশ্চেন আওয়ার যেমন আছে তেমনি হোক। কারণ অনেক গুরুত্বপূর্ণ কোয়েশ্চেন আছে মন্ডল কমিশন নিয়ে, দীনেশবাবু প্রশ্নের উত্তর দেবেন, মন্ডল কমিশন সম্পর্কে বক্তব্য আছে, সেই বক্তব্য আমরা রাখব, তার জন্য আপনি রবীনবাবুর বক্তব্যকে এক্সপাঞ্জ করে কোয়েশ্চেন আওয়ার চালু করুন, এটাই আপনার কাছে আমার অনুরোধ।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় সদস্য রবীন মন্ডল যে বিষয়টি উত্থাপন করেছেন, এটা শুধু আমাদের রাজ্যের পক্ষে নয়, সারা দেশের পক্ষে এটা গুরুত্বপূর্ণ বিষয়। ১৯৭০ সালের ১৯শে জুলাই ব্যাঙ্ক জাতীয়করণ করা হয়েছিল। তারপর এই সম্পর্কে জাতীয়করণের যে সাফল্য কেন্দ্রীয় সরকার, কংগ্রেস দল, এই নিয়ে অনেক ঢক্কা নিনাদ চালিয়েছে এবং আমরা আজকে দেখছি নরসিংহম কমিটির সুপারিশের ভিত্তিতে এই ব্যাঙ্কগুলোর শাখা বন্ধ করে দেওয়া হচ্ছে। গতকাল মাননীয় বিধায়ক সমর বাওড়া এই সম্পর্কে বলেছিলেন যে স্যাটেলাইট শাখাগুলো বন্ধ করে দেওয়া হচ্ছে। এর ফলে গ্রামীণ অর্থনীতি কীভাবে বিপর্যস্ত হয়ে যাচ্ছে সেই সম্পর্কে বলেছেন। আমরা লক্ষ্য করেছি, গত ১৭ই ফেব্রুয়ারি ব্যাঙ্ক কর্মচারিরা এই ব্যক্তি মালিকানার ব্যাঙ্কগুলোকে ফিরিয়ে দেওয়া, ব্যাঙ্ক বন্ধ করা, বিশেষ করে বিদেশি সংস্থাকে এই ব্যাঙ্কিং ব্যবসায়ে অংশগ্রহণ করার যে অবাধ সুযোগ করে দেওয়া হচ্ছে, এটা দেশের পক্ষে, দেশের স্বাধীনতার পক্ষে, সার্বভৌমত্বের পক্ষে মারাত্মক বিপদ। একটু আগে মাননীয় বিধায়ক আব্দুল মান্নান যে কথা বললেন, আমি তাঁকে গভীরভাবে ভাবতে অনুরোধ করছি, বিষয়টি শুধু বামপন্থী বা সরকার পক্ষ বা বিরোধী পক্ষের বিষয় নয়, ব্যাঙ্ক জাতীয়করণের জন্য যে সাফল্য এসেছে এর জন্য আপনারাই তার কৃতিত্ব দাবি করেছেন, কিন্তু আজকে আপনারা রাস্তা কী করে কী বলবেন? আমি তাঁকে অনুরোধ করছি, আপনি ইউকো ব্যাঙ্কের সামনে, গিয়ে দাঁড়িয়ে, ইউ. বি. আই. এর সামনে দাঁড়িয়ে আপনার কর্মচারিদের পক্ষে, আপনাদের সহকর্মীদের পক্ষে গিয়ে বলুন যে এই যে নির্দেশ আসছে সেই নির্দেশের পক্ষে আপনি কথা বলছেন দেখি আপনার কত বড় সাহস আছে? গতকাল এখানে আপনাদের দলের সদস্য সুব্রত মুখার্জি একটা বিষয় উত্থাপন করেছেন, দেখেছেন কত গুরুত্বপূর্ণ বিষয় এটা গুরুত্বপূর্ণ

বিষয় এই জন্য ব্যাঙ্ক জাতীয়করণের প্রশ্নে আজকে যে জায়গায় নিয়ে গেছে ৫৬০ টি পরিবারের হাতে ৩৭ হাজার কোটি টাকা আজকে নিয়োজিত আছে। ব্যাঙ্কের টাকা মানে জনগণের টাকা। সেইগুলো আদায় করবার জন্য সরকার কোনও ব্যবস্থা না করে এখন সেই অফিস বন্ধ করে দিচ্ছে কেন্দ্রীয় সরকার এবং এই সমস্ত হচ্ছে আই. এম.এফ. এর নির্দেশে, বিশ্ব ব্যাঙ্কের নির্দেশে। তাই আমরা মনে করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে অর্থমন্ত্রী ছিলেন, আমাদের উচিত আমাদের রাজ্য সরকার এই বিষয় সম্পর্কে একটা বিহিত করবার জন্য একটা কার্যকর পদক্ষেপ গ্রহণ করুন এবং আমার আবেদন এখানকার সমস্ত বিধায়ক এই বিষয়ে সোচ্চার হোন এবং এই নরসিংহম কমিটির সুপারিশ এটাকে প্রত্যাখ্যান করতে হবে। আমাদের জাতীয়করণের যে অবস্থা, ব্যাঙ্ক রাষ্ট্রায়ত্ত ব্যবস্থা, একে বহাল রাখতে হবে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি যে বিষয়টি নিয়ে পর্যালোচনার সুযোগ দিয়েছেন সেটা নিশ্চিত গুরুত্বপূর্ণ বিষয়। কিন্তু প্রশ্নোত্তরের আওয়ারটি আমাদের কাছে খুবই দরকারি সময়। মান্নান সাহেবের যে ইমপর্টেন্ট প্রশ্নটি রয়েছে সেটি জাতীয় পর্যায়ে এবং প্রাদেশিক পর্যায়ে খুবই গুরুত্বপূর্ণ প্রশ্ন। পিছিয়ে পড়া মানুষদের স্বার্থের প্রশ্ন। তবে একটা কথা অনস্বীকার্য যে ব্যাঙ্ক জাতীয়করণের পূর্বে গোটা ভারতবর্ষে ব্যাঙ্কগুলির ৮হাজার ব্র্যাঞ্চ ছিল, এখন সেই সংখ্যা হয়েছে ৯০ হাজার। পশ্চিমবঙ্গ সহ পূর্ব উত্তর-পূর্ব ভারতের অন্যতম অর্থনীতির প্রাণকেন্দ্র হিসাবে কলকাতা শহরে তিনটি প্রধান ব্যাঙ্কের ইউ. বি. আই., ইউকো এবং এলাহাবাদ ব্যাঙ্কের হেড অফিস রয়েছে এবং স্টেট ব্যাঙ্কের গুরুত্বপূর্ণ অফিসগুলি রয়েছে। এখানে শাসক দলের সদস্যরা একটা বিষয় নিয়ে অহেতুক অপপ্রচার করছেন কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে। সমস্ত কিছু না জেনে অর্দ্ধমূর্খ এবং মূর্খের মতো সমালোচনা করছেন। নরসিংহম কমিটির রেকমেন্ডেশনকে ভিত্তি করে ভুল সমালোচনা করে চলেছেন। ফলে এর মধ্যে দিয়ে তাঁরা সার্বিক ক্ষতিসাধন করছেন। যদি ইচ্ছাকৃতভাবে কোনও ব্যাঙ্কের শাখা বন্ধ করে দেওয়া হয় তাহলে সেটা নিশ্চয়ই উদ্বেগের বিষয়। যদি কোনও ব্যাঙ্কের কোনও কর্মচারীর, কোনও ম্যানেজারের চাকরি যায় তাহলে নিশ্চয়ই সেটা উদ্বেগের বিষয়। কিন্তু সার্বিক অর্থনৈতিক নেট ওয়ার্ক বজায় রাখতে, ব্যাঙ্কিং পরিষেবাকে বজায় রাখতে, ব্যাঙ্কের কার্য পদ্ধতি বজায় রাখতে ব্যাঙ্কিং পরিকাঠামো বজায় রাখতে কোথায় কোন শাখা বন্ধ হচ্ছে, না হচ্ছে তা না জেনে অহেতুক বিদ্বেষমূলক সমালোচনা সামগ্রিকভাবে ভালর চেয়ে খারাপই করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ কমিটির রেকমেন্ডেশনে আমরা দেখছি—নন্-প্রফিট অ্যাক্যুমুলেটেড ব্যাঙ্কের যে সমস্ত শাখাগুলি রয়েছে—যেখানে কোনওরকম ব্যাঙ্কিং পারফরমেন্স হচ্ছে না সেখানকার সম্বন্ধে একটা টোটাল রিপোর্ট জমা পড়েছে কেন্দ্রীয় সরকারের ব্যাঙ্কিং দপ্তরের কাছে। আমরা নিশ্চিতভাবে এবিষয়ে সবাই একমত, কেউ দ্বিমত নই যে, বিষয়টি নিয়ে ভাবনা চিন্তা করা দরকার। সেই মতো বিষয়টি ভেবে দেখা হচ্ছে। বামপন্থী বিধায়করাই একমাত্র ব্যাঙ্কের জন্য কেঁদে মরছে, আমরা ব্যাঙ্কের বিরোধী, এটা ভাবার কোনও কারণ নেই। ভারতবর্ষে ব্যাঙ্ক জাতীয়করণ শ্রীমতি ইন্দিরা গান্ধীর নেতৃত্বে ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের অবদান। আপনারা কোথায় ছিলেন তখন? ব্যাঙ্ক জাতীয়করণের মধ্যে দিয়ে, ২০ দফা কর্মসূচির মধ্যে দিয়ে ভারতবর্ষের অর্থনীতিকে ভারতবর্ষের সাধারণ মানুষদের দরজায় আমরাই পৌঁছে দিয়েছি। আমরাই টাটা, বিড়লা, গোয়েঙ্কার কাছ থেকে ব্যাঙ্কগুলিকে কেড়ে নিয়ে সাধারণ মানুষের

সম্পত্তিতে পরিণত করেছি। এই কাজের নায়ক ভারতবর্ষের জাতীয় কংগ্রেস এবং তার নেত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী। আজকে দুই রবীনবাবু রবীন দেব এবং রবীন মন্ডল সভায় এমন একটা অবস্থা সৃষ্টির চেষ্টা করছেন—যাতে মনে হচ্ছে এবিষয়ে ওঁরাই একমাত্র চিন্তিত, ব্যাঙ্কিং পরিষেবা নিয়ে আমরা চিন্তিত নই! তাই আমি আপনাদের কাছে আবেদন করছি অহেতুক আশঙ্কা করে বিভ্রান্তিমূলক প্রচার বন্ধ করুন। তথাপি আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমাদের হাউসের উদ্বেগের কথা, চিন্তা ভাবনার কথা এই হাউস থেকে কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে, ভারত সরকারের প্রধানমন্ত্রীর কাছে পাঠাবার আবেদন রাখছি। পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষের প্রেক্ষাপটে কোনও ব্যাঙ্ক কর্তৃপক্ষ সার্বিক চিন্তা-ভাবনা না করে, ব্যাঙ্কিং পরিকাঠামোকে আঘাত করে কোনও ব্যাঙ্কের কোনও শাখা যেন বন্ধ না করেন এবং বিষয়টা যেন পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করা হয়। আর আমাদের সরকার পক্ষের সদস্যদের বলব, তাঁরা যেন অর্ধমূর্খের মতো বা মূর্খের মতো ডাঙ্কেল প্রস্তাব বিরোধিতার মতো একইভাবে ব্যাঙ্কিং ব্যবস্থার সমালোচনা না করেন। তা যদি করেন তাহলে তার ফলে ভালর চেয়ে খারাপই হবে।

[11-20 – 11-30 a.m.]

এতে করে গরম গরম বক্তৃতা করা যেতে পারে, কিন্তু অর্থনৈতিক প্রেক্ষাপটে যে চিন্তা-ভাবনা, যে প্রস্তাবনা তাকে কমিউনিকেট করা যাবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সর্বসম্মত একটা প্রস্তাব সকলে গ্রহণ করি আসুন, এখানে রাজনৈতিক বিদ্বেষ বা দলাদলির কোনও ব্যাপার নেই, আঘাত পাবার ব্যাপার নেই, কংগ্রেস-কমিউনিস্ট-এর ব্যাপার নেই, সি. পি. এমের ব্যাপার নেই। আজকে নন-অফিসিয়াল রেজোলিউশন নিয়ে আসি এবং তা নিয়ে বিতর্ক করি। সর্বদলীয় প্রস্তাব ভারত সরকারের কাছে পাঠাই, এই নিয়ে বিচার-বিশ্লেষণ করা হোক এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের উদ্বেগের কথা, আমাদের চিন্তা-ভাবনার কথা মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে প্রেরণ করি। শুধু এটা নিয়ে মেঠো বাজারি বক্তৃতা রেখে রাজনৈতিক ফায়দা তোলার জন্য কংগ্রেস বা কেন্দ্রীয় সরকারকে আঘাত করবেন না।

**শ্রী কৃপাসিন্ধু সাহা:** মিঃ স্পিকার স্যার, মাননীয় সদস্য শ্রী রবীন মন্ডল-এর বক্তব্যর বিরোধিতা করতে গিয়ে কংগ্রেস দলের দুইজন মাননীয় সদস্য পরস্পর বিরোধী বক্তব্য রাখলেন। মান্নান সাহেব বললেন, আমাদের ব্যর্থতা ঢাকতে গিয়ে এখানে আমরা বক্তব্য রেখেছি। কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করতে গিয়ে আমরা নাকি এইসব বক্তব্য রাখছি। আবার মাননীয় সদস্য ডাঃ মানস ভুঁইয়া বললেন ব্যাপারটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, তবুও তিনি অহেতুক বিরোধিতা করলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারি দলের পক্ষ থেকে যদি কোনও বক্তব্য রাখা হয়—সবই কি বিরোধীদলের পক্ষ থেকে তার বিরোধিতা করতে হবে? স্যার, এই প্রশ্নটা অত্যন্ত গুরুত্বপূর্ণ—১০০টি ব্যাঙ্ক বন্ধ করে দিচ্ছে এবং তারজন্য প্রায় দেড় লক্ষ মানুষ সেখানে বেকার হয়ে যাবে। শুধু তাই নয়, ভবিষ্যতে আরও দেড় হাজার ব্যাঙ্ক বন্ধ করে দেবার উদ্দেশ্য আছে, এর ফলে গ্রামীণ অর্থনীতি বিধ্বস্ত হয়ে পড়বে। এই সমস্ত ব্যাপারে বিরোধিতা করা উচিত নয়, আপনারা সমর্থন করুন আমাদের এই প্রস্তাবকে। সাধারণ মানুষের যেখানে ভাল হবে সেই বক্তব্যই আমরা রাখি। মান্নান সাহেব, চেতলার সেন্ট্রাল ব্যাঙ্কে গিয়ে জিজ্ঞাসা করুন সেখানে কি অবস্থা হচ্ছে, তারা কি ভাবছে? কাজে-কাজেই

কেন্দ্রীয় সরকারের বিরোধিতা করার জন্য আমরা এই বক্তব্য রাখিনি এবং আমাদের ব্যর্থতা ঢাকার জন্য বক্তব্য রাখিনি। আমরা বক্তব্য রেখেছি, কেন্দ্রীয় সরকার দেশের প্রতি, পশ্চিমবঙ্গের প্রতি যে সমস্ত অবিবেচনার কাজ করছেন, যে বঞ্চনার কাজ করছেন সেগুলি যাতে না করেন তারজন্যই বক্তব্য রেখেছি। সুতরাং আমরা যে বক্তব্য রেখেছি তাতে বিরোধিতা না করে সমর্থন করুন।

**শ্রী সাধন পান্ডে :** মাননীয় স্পিকার স্যার, এখানে ব্যাঙ্কিং-এর ব্যাপার নিয়ে রবীনবাবু যে প্রস্তাব তুলেছেন হয়তো অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সঠিকভাবেই মাননীয় সদস্য মানস ভুঁইয়া আমাদের দলের চীফ হুইফ বলেছেন যে একটা আলোচনা হোক একদিন দিন স্থির করে। সেখানে আমরা খোলামেলা আলোচনা করতে পারব। সেখানে আমাদের কি বক্তব্য এবং সরকারি দলের কি বক্তব্য তা রাখা যেতে পারে। কিন্তু পিস্-মিল করে একটার পর একটা আলোচনা করতে দেওয়া যুক্তিসঙ্গত নয়। নরসিংহম কমিটির রিপোর্টের ব্যাপারে ফিনান্স মিনিস্টার ডঃ মনমোহন সিং বলেছেন এটা ন্যাশনাল কনসেনসাসের ব্যাপার আছে। অ্যাকসেপটিবিলিটির ব্যাপারে আমরা তার সঙ্গে কথা বলব। এখন অবিশ্বাসের মতোন পর্যায়ে আসেনি। নরসিংহম কমিটি ন্যাশনাল কনসেনসাসের ব্যাপারে বলেছে। সেটার জন্য অপেক্ষা করা দরকার। দ্বিতীয়ত, ব্যাঙ্ক কনসেনসাসের ব্যাপারে বলেছে। সেটার জন্য অপেক্ষা করা দরকার। তৃতীয়ত, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন হবার পর যে ওয়ার্ক কালচার হওয়ার দরকার ছিল ব্যাঙ্কিং-এ, সেই সম্বন্ধে কোনও কথাবার্তা কেন বললেন না তা আমি জানি না। আপনারা কি জানেন? অনেককে বলছেন ব্যাঙ্কের সামনে দাঁড়িয়ে বক্তৃতা দিতে, চলুন না, আমি ব্যাঙ্কের সামনে দাঁড়িয়ে বক্তৃতা দোব। আপনারা জানেন না সাধারণ মানুষের মনোভাবটা কি! তারা গিয়ে কি কি সার্ভিস পায়? অতএব লোকের প্রয়োজন আছে, ওয়ার্ক কালচার ফিরিয়ে আনুন তারপর বলবেন। মাননীয় ফাইনান্স মিনিস্টার এখানে বসে আছেন, উনি এক সময়ে বলেছিলেন আমি বাংলায় ব্যাঙ্ক করতে চাই। লিবারালাসেশন অ্যাটমোসফিয়ার প্রাইভেট সেক্টর ব্যাঙ্কের জন্য অ্যাপলাই করেছে, আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, ব্যাঙ্ক করুন জয়েন্ট সেক্টরকে যুক্ত করুন। কলকাতা শহরে এমন এমন কোম্পানি আছে, ওরা মিনিস্ট্রি অফ ফাইনান্সকে লিখেছেন ব্যাঙ্ক করতে চাই। তাদের হেড অফিস, করপোরেট অফিস কলকাতায়, মাননীয় অর্থমন্ত্রীকে জানাচ্ছি সেই কোম্পানি যদি ব্যাঙ্ক করতে চায় আপনি তাদের মদত দিন যাতে তারা ব্যাঙ্ক করতে পারে। পশ্চিমবঙ্গে করপোরেট অফিস, হেড অফিস তারা অ্যাপ্লাই করছে সেইসব সেক্টর আছে আপনি উৎসাহ দিন, তাহলে ব্যাঙ্ক তৈরি করতে পারবেন। একটা কথা, কথায় কথায় বলেন আমরা সব বিক্রি করে দিচ্ছি ফরেন ক্যাপিটাল টেনে নিচ্ছি, আপনাদের লজ্জা লাগা উচিত, পশ্চিমবঙ্গের হোটেল ইন্ডাস্ট্রিকে জাতীয়করণ করা হল যে ইন্ডাস্ট্রি, সেই ইন্ডাস্ট্রিকে আপনারা কোনও বিজ্ঞাপন না দিয়ে কোনও কথা না বলে প্রাইভেট সেক্টরের হাতে তুলে দিচ্ছেন। গ্রেট ইস্টার্ন হোটেলকে ফ্রেঞ্চ কোম্পানির হাতে তুলে দিতে লজ্জা লাগছে না? কারা করছে, এর পিছনে কে ডিল করছে, ফ্রেঞ্চ কোম্পানিকে দেবার আগে কি বিজ্ঞাপন দিয়েছিলেন, আপনারা একটার পর একটা ইন্ডাস্ট্রিকে ফরেন কোম্পানির হাতে তুলে দিচ্ছেন। ওদের সঙ্গে ডিল করছেন, সমস্ত ইন্ডাস্ট্রি নিয়ে ফরেনারদের সঙ্গে ইকুইটি পার্টিশিপেশন করছেন। ফরেন ক্যাপিটাল, মালটিন্যাশনালদের বিরুদ্ধে—মালটিন্যাশনালদের বিরুদ্ধে নয়, এ যে দুই রবীনবাবু

রয়েছেন ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিচ্ছেন সব রকম টাকা নিচ্ছেন আর কেন্দ্রীয় সরকারের সমালোচনা করছেন, এসব হয় না। স্যার, আপনাকে বলছি, আপনি একদিন আলোচনার সুযোগ দিন, আলোচনা হওয়া দরকার, আলোচনা হলে আমরা বলতে পারি হোয়াট ইজ দি ব্যাঙ্কিং সেক্টার কি হচ্ছে।

**শ্রী নির্মল দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সাধনবাবু বলে দিলেন যে ডাঙ্কেল প্রস্তাবে রাষ্ট্রীয় পুঁজিবাদ সৃষ্টি করেছেন। ওঁরা সমাজ তন্ত্রের নামে রাষ্ট্রীয় পুঁজিবাদের সৃষ্টি করেছিলেন, রাষ্ট্রীয় পুঁজিবাদের সঙ্কট যখন দেখা দেয় তখন পূর্ব অবস্থা ফিরে আসে। এবারে নরসিংহম কমিটি প্রস্তাবনা মাননীয় সাধনবাবুর বক্তব্যে এটা প্রমাণ হয়ে গেল। রাজ্যসভায় কি আলোচনা হবে, পার্লামেন্টে কি আলোচনা হবে তার জন্য পশ্চিমবঙ্গের মানুষ বসে থাকবে না। আমরা প্রতিবাদ করব, বিধানসভায় প্রতিবাদ করছি। ব্যাঙ্কের কর্মচারিরা প্রতিবাদ করবে। রাষ্ট্রীয় পুঁজিবাদকে সঙ্কট মুক্ত করতে হবে। সাম্রাজ্যবাদী অবস্থা সৃষ্টি করা হবে আর আমরা কি বসে বসে গান গাইব? সাম্রাজ্যবাদী লুণ্ঠনকারীরা পশ্চিমবঙ্গের ব্যাঙ্কের ভিতরে এই অবস্থার সৃষ্টি করার চেষ্টা করছে। কংগ্রেসিদের সমাজতন্ত্র থেকে আমাদের মতো মানুষদের যে সমাজতন্ত্র তার থেকে বেরিয়ে যাচ্ছে। স্যার, যে সময়টা আলোচনার জন্য কার্টেল করা হল সেই এক ঘন্টা যেন আমরা পাই এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনি জানেন নয়া ঔপনিবেশিক আক্রমণের যে নকশা ডাঙ্কেল প্রস্তাবে যুক্ত হয়েছিল সেই ডাঙ্কেল প্রস্তাবের সঙ্গে সহমত পোষণ করে এটা অনিবার্য দেখিয়ে ব্যাঙ্কের সমস্ত বিদেশি পুঁজি ব্যাঙ্কের বেসরকারিকরণ করে এই ব্যাঙ্কগুলি বন্ধ করে দেবার ব্যবস্থা করা হচ্ছে। স্যার, আপনি জানেন এই ব্যাঙ্কগুলি যে ভাবে বন্ধ করে দেওয়া হচ্ছে যে ভাবে বিদেশিদের অনুপ্রবেশের সুযোগ করে দেওয়া হচ্ছে পরিষেবার ক্ষেত্রে সাধারণ মানুষ যেভাবে সুযোগ পেত সেটা বন্ধ হয়ে যাবে, যে কল্যাণমূলক দৃষ্টিভঙ্গি নিয়ে এই পরিষেবা পরিচালিত হত সেই দৃষ্টিভঙ্গি চলে যাবে এবং বিদেশি পুঁজিপতিরা লুণ্ঠনের সুযোগ পাবে।

[11-30 – 11-40 a.m.]

এতগুলো ব্যাঙ্কের শাখা বন্ধ হয়ে যাচ্ছে, এর ফলে শুধু যে হাজার হাজার কর্মচারী কাজ হারাবেন তাই নয়, দেশের অর্থনীতিও বিপর্যস্ত হবে। তাই কেন্দ্রীয় সরকারের এই সর্বনাশা নীতির বিরুদ্ধে যাতে এই বিধানসভা থেকে প্রতিবাদ হয়, সরকারের পক্ষ থেকে প্রতিবাদ হয় যাতে কেন্দ্রীয় সরকার তাদের এই ধ্বংসাত্মক সিদ্ধান্ত থেকে সরে আসেন তারজন্য আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর ফলে আজকে আমাদের রাজ্যের কি অবস্থা হবে? মাননীয় অর্থমন্ত্রী এতক্ষণ সভায় ছিলেন, কিন্তু চলে গেলেন—সেই ব্যাপারে সরকারের দৃষ্টিভঙ্গি এখানে আলোচনা করলে ভাল হয় যে, এই পদক্ষেপের বিরুদ্ধে রাজ্য সরকার কি ভাবছেন, তাহলে সেটা আমাদের পক্ষে ভাল হবে।

**শ্রী সমর বাওড়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখন আলোচনা হচ্ছে। এই ব্যাপারে আমি গতকাল বলবার চেষ্টা করেছিলাম। আজকে আলোচনার

মধ্যে বলা হয়েছে যে, নন্-প্রফিটিং যেসব ব্যাঙ্ক আছে সেগুলো নাকি তুলে দেওয়া হচ্ছে। আমি দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আজকে ভারতবর্ষের ৫৬০টি পরিবারের কাছে যে ৩৭ হাজার কোটি টাকা অনাদায়ী ঋণ হিসাবে আছে, আজকে নন্-প্রফিটিং ব্যাঙ্কের হিসাব করতে গিয়ে সেই টাকা কোনওদিন আদায় হবে না এইকথা ভেবেই নন্-প্রফিটিং-এর কথা বলা হচ্ছে। এই যে নন্-প্রফিটিং কথাটা আসছে সেক্ষেত্রে মাননীয় সদস্যদের অবশ্যই মনে পড়বে যে, কয়েক বছর আগে ঋণ মেলার নাম করে কি করা হয়েছে। বিভিন্ন ব্যাঙ্কে ঋণমেলা করতে গিয়ে ব্যাঙ্কগুলিকে কী অবস্থায় ফেলেছেন! আমার বক্তব্য হচ্ছে, যেভাবে ঋণ পরিশোধ করা হচ্ছে তারই ফলে ৯৩৩৭ ব্যাঙ্কের মধ্যে ইতিমধ্যে ১০০টির মতো ব্যাঙ্ক তুলে দেওয়া হচ্ছে। তাহলে, আমার প্রশ্ন, ব্যাঙ্কের সঙ্গে যুক্ত সরকারের বিভিন্ন কর্মসূচি, যেগুলোর সঙ্গে ব্যাঙ্ক ঋণ এবং সরকারি অনুদান যুক্ত, সেই সমস্ত উন্নয়নমূলক কর্মসূচির কি হবে যার মধ্যে রয়েছে সেল্ফ এমপ্লয়মেন্ট প্রোগ্রাম, আই. আর. ডি. পি. ইত্যাদি বিভিন্ন কর্মসূচি? এই ৯৩৩৭টি শাখা ব্যাঙ্ক যেসব এলাকায় রয়েছে সেসব এলাকার মানুষ ঐসব শাখায় কিছু কিছু করে আমানত জমা করে থাকেন যার একটি অংশ সরকারের ঘরে এসে বিভিন্ন উন্নয়ন কর্মসূচিতে ব্যয়িত হয়। কিন্তু ব্যাপারটা দেখে মনে হচ্ছে, বর্তমান কেন্দ্রীয় সরকার ঠিক করেছেন দেশের অভ্যন্তর থেকে সম্পদ সংগ্রহের আর প্রয়োজন নেই যেহেতু মার্কিন প্রভাবে আই. এম. এফ. এবং বিশ্বব্যাঙ্কের টাকায় দেশ গড়ে তোলা হবে এবং তারই জন্য আজকে আর সাড়ে নয় হাজার শাখা ব্যাঙ্কের অস্তিত্ব রক্ষার প্রয়োজন তাদের কাছে নেই। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়—আজকে যেভাবে বিদেশের অঙ্গুলীহেলনে কেন্দ্রীয় সরকার একটার পর একটা সিদ্ধান্ত নিচ্ছেন, দেশবিরোধী পদক্ষেপ নেওয়া হচ্ছে এটা দেশের পক্ষে বিপজ্জনক। সেজন্য এর গুরুত্ব অনুধাবন করে কেন্দ্রীয় সরকারের কাছে এর বিরুদ্ধে প্রতিবাদ জানাতে চাই।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যে প্রসঙ্গ রবীনবাবু তুলেছেন, যেহেতু এটা একটা রাজনৈতিক চমক তারজন্য এক্ষেত্রে আলোচনার অবকাশ নেই। আজকে যে সরকারি তরফ এই আলোচনা তুলেছেন তারা নিজেরাই অপরদিকে সরকারি ট্রাম তুলে দিচ্ছেন, বাস রুট তুলে দিচ্ছেন। যখন লাভজনক হলেও এসব তুলে দেওয়াটা দোষের হবে না তখন অলাভজক ব্যাঙ্ক শাখা বন্ধ করে দেওয়া হলে সেটা কেন দোষের হবে? আজকে আপনারা এইভাবে স্ববিরোধিতায় ভুগছেন রাজনৈতিক দিক থেকে। আপনাদের মুখ্যমন্ত্রী ১৭ বছরে ৪৩২ দিনের জন্য বিদেশে গেছেন বিদেশি শিল্পপতিদের ডেকে আনাবার জন্য। সেক্ষেত্রে বিদেশি শিল্পপতিদের এই দেশে আসার জন্য আজকে কেন্দ্রীয় সরকার দরজা যদি খুলে দেন তাহলে সেটা অন্যায় হবে কেন? রাজনৈতিক চমক সৃষ্টি করবার জন্য এই যে বিরোধিতা এর ফলে দেশের সর্বনাশ হচ্ছে, রাজ্যের সর্বনাশ হচ্ছে। তারই জন্য আজকে অন্যান্য রাজ্যে বিদেশী শিল্পপতিরা শিল্প গড়ে তুলছেন, কিন্তু আপনাদের এই ১৭ বছরে একজনও এই রাজ্যে শিল্প গড়ে তোলেননি।

তাই আমি এখানে বলব মাননীয় অর্থমন্ত্রী আছেন, তাঁকে চিন্তা করতে বলব আজকে কি ভাবে সারা পৃথিবী মুক্ত অর্থনীতির দিকে এগিয়ে যাচ্ছে, এমন কি কমিউনিস্ট দেশ গুলিও যাচ্ছে সেটা দেখুন। সেই জায়গায় দাঁড়িয়ে নিজেদের রাজনৈতিক ভবিষ্যত করার জন্য,

রাজনৈতিক স্বার্থ চরিতার্থ করার জন্য, পশ্চিমবাংলার সর্বনাশ করার জন্য এর বিরোধিতা করছেন। এই ধরনের রাজনীতি করা বন্ধ করা হোক। এই রাজনীতি মানুষ মারার রাজনীতি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় স্পিকার স্যার, আমাদের মাননীয় বিধায়ক রবীন মন্ডল মহাশয় যে প্রশ্ন তুলেছেন, ব্যাঙ্ক তুলে দেওয়ার জন্য হাজার হাজার কর্মচারী বেকার হয়ে যাবে, তাঁর এই বক্তব্যকে আমি সমর্থন করি। আমি অবাক হয়ে যাচ্ছি মাননীয় বিরোধী দলের সদস্য গণ যে ভাবে তাঁদের বক্তব্য এখানে হাজির করছেন সেটা শুনে। তাঁরা বলছেন পার্লামেন্টে কেন্দ্র এটা করছে, এখানে এই জিনিস আলোচনা করার দরকার কি আছে? আজকে পার্লামেন্টেই তো সব হচ্ছে, কেন্দ্র তো সব করছে। আজকে খাদ্যে মূল্য বৃদ্ধি ঘটছে, তার জন্য আমরা কিছু বলব না? এই সব তো কেন্দ্রের জন্য বিরোধী নীতির জন্য হচ্ছে, এই সব তো কেন্দ্রই করছে। আজকে হাজার হাজার ব্যাঙ্ক তুলে দেওয়ার জন্য গ্রামীণ অর্থনীতি বিপর্যস্ত হবে, কৃষির উপর আঘাত আসবে। আগে যে মহাজনী প্রথা চালু ছিল সেই মহাজনী প্রথা আবার ফিরে আসবে। এই ব্যাপারে নিশ্চয়ই আমরা বিরোধিতা করব। আমি চাই এই বিধানসভা থেকে সকলে মিলে এই ব্যাঙ্ক তুলে দেওয়ার নীতির বিরোধিতা করা হোক। আমি বলব এই কাজ সত্তর বন্ধ করা হোক।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক রবীন মন্ডল মহাশয় যে বক্তব্য রেখেছেন, আপনি আমাকে সেই ব্যাপারে বলতে বললেন। এই কথা ঠিক যে আমরা এই বিধানসভা থেকে সংবাদপত্রে প্রকাশিত জিনিস নিয়ে আলোচনা করি না। আমি তাই আপনার কাছ থেকে ৫ মিনিট সময় চেয়ে নিয়ে আমার সরকারি অফিসের মাধ্যমে ব্যাঙ্কের সঙ্গে যোগাযোগ করেছিলাম। এটা খুব চিন্তার বিষয় বস্তুত কতকগুলি ব্যাঙ্কের ব্রাঞ্চ বন্ধ করার সিদ্ধান্ত তারা নিয়েছেন। আমি যে সংখ্যা সেখান থেকে পেলাম প্রাথমিকভাবে সেটা আমি হাউসের কাছে রাখছি। আমি আপনাদের বুঝতে অনুরোধ করছি এখানে এই বিষয়ে কোনও ক্ষেত্রে রাজনীতির বিষয় নেই। আমি একটা প্রস্তাব মাননীয় বিরোধী দলের সদস্যদের চিন্তার জন্য রাখছি—আপনারা চিন্তা করে বলবেন, এখন না বললেও চলবে কি করা যেতে পারে। আমার সঙ্গে গত পরশুদিন এখানে ব্যাঙ্কের যে যে সভাপতি আছেন এবং রিজিওনাল চিফ আছেন তাঁদের সঙ্গে আলোচনা হয়েছে সেটা আমি বলব। সেখানে যে খবর আমি পেলাম তাতে ইউ. বি. আই.-এর বস্তুত ২৫টি শাখা তারা বন্ধ করতে চলেছে। সেখানে যে খবর আমি পেলাম তাতে ইউ. বি. ও.-র বস্তুত ১৭টি ব্যাঙ্কের শাখা তারা বন্ধ করতে চলেছে। যে খবর আমি পেলাম তার মধ্যে কতকগুলি মার্চ মাসের মধ্যে বন্ধ করতে চলেছে। কালিঘাটের মাননীয় বিধায়ক এখানে আছেন, তিনি জানেন সেখানে একটা ব্যাঙ্কের শাখা বন্ধ করা হয়েছে। এর মুখোমুখি দাঁড়িয়ে আমি একটা কথা বলতে চাই কতকগুলি বিষয়ে কিন্তু বিরোধী দলের মাননীয় বিধায়কগণ সহমত হয়েছেন সঙ্গত কারণে। আমাদের রাজ্যে প্রায় ৪ হাজারের মতো রাষ্ট্রীয় বাণিজ্যিক ব্যাঙ্ক আছে। তাতে পশ্চিমবাংলায় মানুষের এই পর্যন্ত ২৮ হাজার কোটি টাকার কিছু বেশি অর্থ জমা আছে। তার থেকে এই ব্যাঙ্কগুলি এই রাজ্যকে ১২ হাজার কোটি টাকার মতো ঋণ দিয়েছে। যা আমানত আছে তার শতকরা ৫০ ভাগ ঋণ দিয়েছে। আমি সব কিছু একত্রিত করে মাঝামাঝি বলেছি সারা দেশের সমস্ত রাজ্যগুলির ক্ষেত্রে আমানতের মধ্যে ঋণের গড় হচ্ছে শতকরা ৬০ শতাংশ এবং পশ্চিমী

অংশের রাজ্যগুলির ক্ষেত্রে কোথাও কোথাও শতকরা ৭০ শতাংশ, ৮০ শতাংশ।

[11-40 – 11-50 a.m.]

আমরা যুক্তি দিয়ে বলেছি। এটা রিজার্ভ ব্যাঙ্ক এবং বিভিন্ন সময়ে বিভিন্ন কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে যুক্তি দিয়ে বলেছি। তার মানে কি! এই দাঁড়াচ্ছে যে, আমাদের রাজ্যের চব্বিশ হাজার কোটি টাকার বার হাজার কোটি টাকা এখানে বিনিয়োগ হয়েছে এবং বাকি বার হাজার কোটি টাকা অন্য রাজ্যে শিল্পে বিনিয়োগের জন্য নিয়ে যাচ্ছে। আমাদের তা বলছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একাধিক রাজ্যের ঋণ আমানত অনুপাতে শতকরা নব্বুই ভাগের বেশি। একটা রাজ্যের ঋণ—আমানত অনুপাত একশো শতাংশ। আমি আমার মূল জায়গা থেকে সরে যাচ্ছি না, আমাকে গুলিয়ে দেবার চেষ্টা করে লাভ নেই। এখানে দাঁড়িয়ে প্রথমে যে কথাটা বলেছি, ঋণের একটা বড় অংশ বাইরে যাচ্ছে। তারপর প্রশ্ন করেছি, এই ঋণের মধ্যে পশ্চিমবাংলা এবং পশ্চিমবাংলার বাইরে কি যাচ্ছে? পশ্চিমবাংলার বাইরে সিংহভাগ ঋণ তো একেবারে ধনী পরিবার, ধনী শিল্পগোষ্ঠীকে দেওয়া হয়েছে। সেখানে ক, খ, গ করে দু'একজনের নাম করে লাভ নেই। আমাকে কোনওভাবে গুলিয়ে দেবার চেষ্টা করে লাভ নেই। আমার ক, খ, গ করে কে তা জানার দরকার নেই। প্রত্যেক ব্যাঙ্ক, ব্রাঞ্চ অনুযায়ী কারা ডিফল্টার, তাদের নাম দিন। আমরা সেই ডিফল্টারকে ধরব বলেছিলাম। কৈ, আমরা তো নাম পাইনি। আমরা একটা জায়গার নাম তো পাইনি? এবারে কি বলা হয়েছে? বলা হয়েছে, কোথাও কোথাও একটা ব্যাঙ্ক নাকি ক্ষতি করেছে। আমি পরশুদিনের আলোচনায় বলেছি, এটা আলোচনার মিনিটস্'এর মধ্যে আছে, ব্যাঙ্ক অফিসাররা যাঁরা ছিলেন তাঁদের কাছে বলেছি যে আমাদের প্রতিটি ব্যাঙ্কের চার হাজারটি ব্রাঞ্চের ব্রাঞ্চের ওয়াইজ ডিফল্টারদের লিস্ট আমাদের কাছে দিন। তাঁদের কাজ শুধু ঋণ দেওয়া নয়, ঋণ আদায় করাও তাঁদের কাজ! আমরা তাঁদের ঋণ আদায়ের ব্যাপারে বাইরে থেকে সাহায্য করব। তাঁরা যেন এটাকে অজুহাত হিসাবে না দাঁড় করান। যারা খুব বড় শিল্পগোষ্ঠী, যাদের হাতে টাকা আছে, সার্টিফিকেট কেস করে তাদের কাছ থেকে টাকা ফেরত পেতে পারেন। আমরা বিকল্প প্রশ্ন করেছিলাম, আপনারা বন্ধ করছেন কেন? এতে শুধুমাত্র চাকুরি যাওয়ার ব্যাপার নয়, সাধারণ মানুষের পরিষেবায় এটা করে আপনারা আঘাত করছেন। আপনারা এটা বুঝতে পারতেন, আপনারা যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছেন, সেই এলাকায় গিয়ে যদি দেখেন সেই এলাকার কোনও কেন্দ্র বন্ধ হয়ে গেছে, তাহলে আপনাদের খারাপ লাগবে না? আপনারা তাতে অপমানিত বোধ করবেন না? একটা প্রশ্ন, আমাকে মাননীয় বিধায়ক বলছিলেন—ব্যাঙ্ক অব বেঙ্গল। আমি বলে রাখি, আমরা বারংবার প্রস্তাব করেছি, পশ্চিমবঙ্গের জন্য একটা ব্যাঙ্ক করুন। বারবার সেই প্রস্তাবকে প্রত্যাখ্যান করা হয়েছে। এই অবস্থায় দাঁড়িয়ে এবং পরিবর্তিত পরিস্থিতিতে, সব সময়ে প্রত্যাখ্যান করা হয়েছে। একটা সর্বসম্মত প্রস্তাব কি রাখা যায় এখানে? শুধু একটা কথা বলে রাখছি, এটা হচ্ছে কেন? কারণ ডাঙ্কেল প্রস্তাবে সই করা হয়েছে। সেখানে সঞ্চয়ের উপরে আঘাতের কথা বলা আছে। সঞ্চয়ের উপরে আঘাত এই রাজ্যে প্রতি বছর হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, ডাঙ্কেল প্রস্তাবের মূল বিষয় হচ্ছে এই যে, সঞ্চয়ের উপর

অধিকার কার থাকবে পোস্ট অফিস, না কি সরকারি রাষ্ট্রয়ত্ত ব্যাঙ্ক, না বেসরকারি ব্যাঙ্কের। ডাঙ্কেল প্রস্তাবে বলা আছে বেসরকারি ব্যাঙ্কের উপরেই অধিকারটা আনা হোক। এই ব্যাঙ্কের উপরে যে প্রস্তাব এসেছে তাতে আমরা মোটামুটি একমত পোষণ করেছি আমি তার মধ্যে যাচ্ছি না। আমি এখানে ছোট প্রস্তাব রাখছি। আমরা কেন্দ্রীয় অর্থমন্ত্রীর কাছে সর্বসম্মতিক্রমে জানাতে পারি যে এই ব্যাঙ্কের শাখা বন্ধ করা যাতে মুলতুবী রাখেন। সর্বভারতীয় স্তরে আলোচনা হোক যে, কোন ব্যাঙ্কে কোন কারণে টাকা ঠিকমতো জমা না হওয়ার জন্য ক্ষতি হচ্ছে এবং কারা কারা ডিফলটার্স বলুন। আমরা তাদেরকে সেইরকম সাহায্য করে অর্থ আদায় করার চেষ্টা করব। ব্যাঙ্ক বন্ধ করা আপনারা স্থগিত রাখুন এইরকম প্রস্তাব করুন।

**(কংগ্রেস বেঞ্চ থেকে বলতে থাকে যে আপনি প্রস্তাব করুন, আমরা রাজি আছি।)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রস্তাব দুটির অংশ একত্রিত করে বলছি যে একটি স্থগিত রাখুন এবং সর্বজনীন স্তরে খোলাখুলি আলোচনা করা হোক যে, কেন অলাভজনক হচ্ছে এবং লাভজনক করার জন্য কি করা যায়। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক বন্ধ করবেন না। আমার তৃতীয় প্রস্তাব হচ্ছে যে, মাননীয় অধ্যক্ষ মহোদয়,

(গোলমাল)

**(কংগ্রেস বেঞ্চ থেকে বলা হয় যে এখানে ব্যাঙ্ক অফ বেঙ্গল করা হোক।)**

আমি খুব খুশি যে আমার এই তৃতীয় প্রস্তাবে রাজি হয়েছেন এবং সমর্থন করেছেন। আমি বলেছি একটি ব্যাঙ্ক অফ বেঙ্গল পশ্চিমবঙ্গে হোক রাজ্য সরকারের অধীনে। সেই ব্যাঙ্কের পুরোধায় থাকবে পশ্চিমবঙ্গ সরকার। এই প্রস্তাব নেওয়া হোক এবং ৩টে প্রস্তাব পশ্চিমবঙ্গ সরকারের, সেগুলো রাখছি সবার সমর্থনের জন্য।

(গোলমাল)

**(এমন সময়ে কংগ্রেসিরা বলতে থাকেন যে ব্যাঙ্ক অফ বেঙ্গলের কথা** তারা আগে **বলেছেন।)**

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, ওরা রাজনৈতিক ফায়দা নেবার চেষ্টা করছেন, কিন্তু এ কাজ করবেন না। ওদের এই প্রস্তাব নেওয়ার আগেই আমরা এই প্রস্তাব নিয়েছি। এখানে ব্যাঙ্ক অফ বেঙ্গল হোক, আপনারা সমর্থন করুন এবং প্রস্তাব রাখুন। তবে সস্তার রাজনীতি করে ফায়দা নেবার চেষ্টা করবেন না, এই ব্যাঙ্ক অফ বেঙ্গলের প্রস্তাব রাজ্য সরকার করেছেন, এখনও করছি, আপনারা সাপোর্ট করলে খুব ভাল।

## Starred Questions
## (to which oral Answers were given)

*২৪৩ (অনুমোদিত প্রশ্ন নং *১৭) **শ্রী আবদুল মান্নান :** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মণ্ডল কমিশনের কি কি সুপারিশ রাজ্য সরকার কার্যকর করেছেন ; এবং

(খ) ১৯৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত মণ্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী সুবিধাপ্রাপ্ত মানুষের সংখ্যা কত?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মণ্ডল কমিশন গঠন করেছিলেন কেন্দ্রীয় সরকার। ঐ কমিশনের মতামত ও সুপারিশ রাজ্য সরকারের প্রযোজ্য নয়। সুতরাং সুপারিশ গ্রহণকরার প্রশ্ন উঠে না।

প্রশ্ন উঠে না।

**শ্রী আবদুল মান্নান ঃ** আমার স্পেসিফিক কোয়েশ্চেন ছিল যে মন্ত্রীর কাছে যে, মন্ডল কমিশনের কাছে কি কি সুপারিশ রাজ্য সরকার করেছিলেন। এই প্রশ্নের উত্তর আপনি এড়িয়ে গিয়ে বললেন যে, মন্ডল কমিশনের কোনও সুপারিশ রাজ্য সরকার গ্রহণ করেননি। কেন্দ্রীয় সরকার তো মন্ডল কমিশনের সুপারিশ গ্রহণ করেছে। মন্ডল কমিশনের সিটিংয়েও সত্যসাধন চক্রবর্তী এবং মাননীয় মন্ত্রী নিজে উপস্থিত ছিলেন। এই কমিশন যে রিপোর্ট দিয়েছে তা কেন্দ্রীয় সরকার কার্যকর করেছেন এবং ব্যবস্থাও নিয়েছেন।

[11-50 – 12-00 Noon]

আপনি স্পেসিফিক বলুন, মন্ডল কমিশনের সুপারিশ কার্যকর করতে এ পর্যন্ত রাজ্য সরকার কি কি ব্যবস্থা নিয়েছেন এবং মন্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী ও. বি. সি.র তালিকা তৈরি করেছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্য অবগত আছেন যে, মন্ডল কমিশনের সুপারিশ রাজ্য সরকার কেন গ্রহণ করেনি, মন্ডল কমিশনের কিছু কিছু ধারা কেন্দ্রীয় সরকার গ্রহণ করে নোটিফিকেশন করেছিলেন এবং তারপরে মামলা হয়েছিল এবং সেই মামলার ভিত্তিতে সুপ্রীম কোর্টে রায় হয়েছে। সেই মন্ডল কমিশন ইটসেল্ফ যা বিবেচ্য অবিবেচ্য তা আলাদা ব্যাপার,—কিন্তু সুপ্রীম কোর্টের রায় প্রযোজ্য। সেই রায়ের পরিপ্রেক্ষিতে আমরা পশ্চিমবঙ্গ সরকার একটা ব্যাকওয়ার্ড ক্লাসের কমিশন করেছি, সেই কমিশন এটা বাছাই করবে এটা বাছাই করার পরে কে ব্যাকওয়ার্ড সেটা ঠিক হোক, তারপরে মন্ডল কমিশনের সুযোগ সুবিধা দেব। আমরা এখনও আইডেন্টিফাই করতে পারিনি কে ব্যাকওয়ার্ড, কে ফরোয়ার্ড, সেটা এই কমিশনই ঠিক করবে।

**শ্রী আবদুল মান্নান ঃ** আপনি বললেন ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশন করেছেন, তারা এখনও কিছু করেনি। আমরা দেখতে পাচ্ছি, কেন্দ্রীয় সরকারি চাকুরির ক্ষেত্রে ও. বি. সি.দের সিট রিজার্ভ থাকে। পশ্চিমবঙ্গ সরকার যেহেতু এ পর্যন্ত কিছু লিস্ট তৈরি করেনি, তাই কেন্দ্রীয় সরকার চাকুরির ক্ষেত্রে এই পর্যন্ত কোনও ও. বি. সি.-র যেহেতু তালিকা নেই সেইজন্য

তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। এই যে বঞ্চিত হলেন,—অন্য রাজ্যের লোকেরা ঐ তালিকার সুযোগ পাচ্ছেন। পশ্চিমবঙ্গে এই মাহাতো সম্প্রদায় বলুন, আর আনসারি কমিউনিটি বলুন মালি, মন্ডল ইত্যাদি যে ৭৩টি কমিউনিটি এর ব্যবস্থা করছেন কিনা—কারণ অনেকের বয়স হয়ে যাচ্ছে। এই ব্যাপারে রাজ্য সরকার কী কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মন্ডল কমিশনের রিপোর্টে কতকগুলি কমিউনিটির নাম আছে কিন্তু আমরা আগেই বলেছি, এখনও কমিশন কোনও রিপোর্ট দেয়নি কমিউনিটি নির্ধারণের ব্যাপারে কমিশন বর্তমানে ব্যস্ত আছে। কেন্দ্রীয় সরকারের যে সমস্ত চাকুরির ক্ষেত্রে ব্যাকওয়ার্ড ক্লাশদের সুযোগ থাকে—এটা শুধু পশ্চিমবাংলায় নয়, বেশ কয়েকটি রাজ্যেও এখনও ব্যাকওয়ার্ড ক্লাশ আইডেন্টিফাই হয়নি। আমরা চেষ্টা করছি এটা যাতে তাড়াতাড়ি হয় এবং যাতে আইডেন্টিফাই এর কাজটা করতে পারি তার জন্য কমিশনকে বলা হয়েছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহোদয়, প্রকৃতপক্ষে মন্ডল কমিশনের সুপারিশ এই বিরোধী দল, এরা বিরোধিতা করেছিলেন। আমাদের বিরোধী দলের বন্ধুরা মানুষ পুড়িয়েছেন। আপনারা প্রভোকেট করেছেন। পশ্চিমবঙ্গে যখন ৭৭ সালে বামফ্রন্ট সরকার ক্ষমতাসীন হলেন তখন থেকে তফসিলি আদিবাসী সম্প্রদায়ের মানুষ, সাধারণ মানুষ বিশেষ করে যারা অর্থনীতিতে সামাজিকভাবে পিছিয়ে আছেন, তাদের ব্যাপারে রাজ্য সরকার বেশ কিছু ব্যবস্থা নিয়েছিলেন। সেখানে মন্ডল কমিশন-এর যে ভাবে আছে, আর বামফ্রন্ট সরকার তফসিলি আদিবাসীদের কল্যাণের জন্য যে সমস্ত কাজকর্ম করেছেন তার যদি আমবা বিচার বিশ্লেষণ করি তাহলে কি মন্ডল কমিশনের সুপারিশ বামফ্রন্ট সরকার কার্যকালের ভেতর দিয়ে রূপায়িত হয়েছে বলে আপনি মনে করছেন, এই ব্যাপারে আপনার অভিমত কি?

**মিঃ স্পিকার ঃ** এখানে মনে করার কি আছে, এই প্রশ্ন হবে না।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে জানতে চাই সমাজের পক্ষ থেকে কোনও দরখাস্ত দেওয়া হয়েছে কিনা এবং তাদের দরখাস্ত অনুযায়ী তাদের শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবস্‌ হিসাবে গণ্য করার কথা আপনি ভাবছেন কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** অনেকেই অনেক দরখাস্ত করে। এই ব্যাপারে জানতে হলে আপনাকে আলাদা করে নোটিশ দিতে হবে।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মন্ডল কমিশনের সুপারিশ কার্যকর করবার জন্য এখানে ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশন আপনি করেছেন। সেই কমিশনের সুপারিশ কার্যকর করবার ইচ্ছা আপনাদের আছে কিনা এবং কি কি পদক্ষেপ আপনারা গ্রহণ করবেন, সেই ব্যাপারে আপনার কাছে জানতে চাই।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ সুপারিশ এলে কার্যকর করার ইচ্ছা** আমাদের আছে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের মন্ডল কমিশনে ১৭৭টি বর্ণ হিন্দু সম্প্রদায়কে ও. বি. সি হিসাবে অর্ন্তভূক্ত করে একটা সুয়োমুটো লিস্ট প্রকাশ করেছে। পশ্চিমবাংলায় এই ১৭৭টি সম্প্রদায়কে আপনারা ও. বি. সি হিসাবে মানবেন কিনা সেইজন্য আপনারা একটা ব্যাকওয়ার্ড ক্লাশ কমিশনও নিজেরা তৈরি করেছেন। সেই ব্যাকওয়ার্ড কমিশনের জন্য কোনও সময় সীমা নির্ধারণ করে দেওয়া হয়েছে কিনা, যে এই সময় সীমার মধ্যে এই কমিশনকে তার কাজ সম্পন্ন করতে হবে এবং রিপোর্ট জমা দিতে হবে।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া :** কোনও নির্দিষ্ট সময়ের জন্য এই কমিশন নয়। এই কমিশন একটি স্থায়ী কমিশন এবং সুপ্রীম কোর্টের রায় অনুসারে এই কমিশন তৈরি হয়েছে। যে কোনও সময় তারা রিপোর্ট দিতে পারবে এবং রিপোর্ট রিভাইসড্‌ও করতে পারবে। তাদের কাছে যারা যারা দরখাস্ত করছে সেই ব্যাপারে এনি ডে তারা রিপোর্ট দিতে পারবে, এনি টাইম তারা রিপোর্ট দিতে পারবে এবং অন্যদের আপত্তি অনুযায়ী সেটা ক্যানেসেলও করতে পারবে। কিন্তু এখনও পর্যন্ত কোনও রিপোর্ট আমরা পাইনি। কোনও কমিউনিটিকে আইডেন্টিফাই করে তারা কোনও রিপোর্ট দেয়নি। দে আর এই লিবার্টি টু সাবমিট এনি রিপোর্ট, এনি ডে। কারণ এটা একটা স্থায়ী কমিশন।

**শ্রী সৌগত রায় :** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আজকে স্পষ্ট করে জবাব দিয়েছেন যে মন্ডল কমিশনকে ওরা মানতে চাননি। ইন ফ্যাক্ট এই সরকার ১৯৮০ সালে বিনয়বাবুকে নিয়ে যে কমিটি তৈরি হয়েছিল। The Committee was against reservation of quotas in Government Service for backward classes. তার মানে পশ্চিমবঙ্গ সরকার ১৯৮০ সালে বললেন ব্যাকওয়ার্ডদের জন্য কোনও রিজারর্ভেশন দরকার নেই। এখন কেন্দ্রীয় সরকার এই অ্যাকসেপ্ট করার পর এবং সুপ্রীম কোর্ট এই ও. বি. সি.দের জন্য রিজারর্ভেশনটা মেনে নেওয়ার পর রাজ্য সরকার স্বভাবতই আইনগত বাধ্য-বাধকতায় এই কমিশন করেছে, নিজের ইচ্ছায় নয়। নিজেরা এই কমিশন করার বিরুদ্ধে ছিলেন, তবুও পরে এই কমিটি করেছেন। আমার মন্ত্রী মহাশয়ের কাছে একটা সহজ প্রশ্ন, মন্ডল কমিশন রেকমেন্ড করেছেন, The report of the Committee has been accepted by the Government of West Bengal in toto. মন্ডল কমিশনের রিপোর্ট, The commission recommends reservation of 27% for the OBCS. The reservation should apply to all Government service as well as technical and professional institution both in the Centre and States. সেটার অলরেডি এটা অ্যাকসেপ্ট করেছে। ক্রিমিলিয়ারকে বাদ দিয়ে এই রিজারর্ভেশন হবে। মন্ত্রী মহাশয়ের কাছে আমি সহজ প্রশ্ন করতে চাই, রাজ্য সরকার চাকরি, টেকনিকাল এবং ইন্সটিটিউশনের ক্ষেত্রে এই ব্যাকওয়ার্ড ক্লাশের রিজারর্ভেশনের দাবিটা আপনারা মানছেন কি মানছেন না? কমিশন তো আপনারা করেছেন, আইডেন্টিফাইও করেছেন, কিন্তু তারা তো ক্ষতিগ্রস্ত হচ্ছে, ও. বি. সি-রা তো সেন্ট্রাল গভর্নমেন্টের চাকরি পাচ্ছে না। কিন্তু আপনারা রাজ্য সরকারের ক্ষেত্রে মন্ডল কমিশনের রেকমেন্ডেশন মানবেন কি মানবেন না?

[12-00 – 12-10 p.m.]

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মাননীয় সদস্যরা সুপ্রিম কোর্টের রায়ে যেটা বলা আছে সে সম্পর্কে অবহিত আছেন। সুতরাং রাজ্য সরকারগুলির খুব বেশি অবকাশ নেই স্বাধীনভাবে চিন্তা করার। ঐ কমিশন অনুযায়ী যে রায় হবে যে রায়ে কি কি স্টেপস নিতে হবে—ক্রিমিলেয়ার ইত্যাদি নানান রকমের ব্যাপার আছে,—সে সম্পর্কে সুপ্রিম কোর্টের যে নির্দেশ আছে সেই নির্দেশ অক্ষরে অক্ষরে আমরা পালন করব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সুপ্রিম কোর্টের নির্দেশের পরিপ্রেক্ষিতে আমাদের নতুন করে চিন্তাভাবনা করার অবকাশ নেই। আপনার কাছে স্পেসিফিক্যালি যে প্রশ্নটা করতে চাই সেটা হ'ল ১৯৮০ সালে মাননীয় মন্ত্রী বিনয়বাবুর নেতৃত্বে যে কমিটি হয়েছিল সেই কমিটি সুপারিশ করেছিলেন যে আমাদের এখানে কোনও ব্যাকওয়ার্ড ক্লাশ নেই অতএব এর প্রেক্ষাপটে কোনও সিদ্ধান্ত নেবার দরকার নেই। সেই কমিটির সুপারিশ মোতাবেক, এতদিন, এই সুপ্রিম কোর্টের নির্দেশের আগে, মামলার আগে, এখানে কমিশন হবার আগে এই যে গ্যাপ পিরিওড, এই গ্যাপ পিরিওডে কি বিনয়বাবুর নেতৃত্বে কমিটির সুপারিশক্রমেই রাজ্য সরকার কোনও পদক্ষেপ নেননি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** বিনয়বাবুর নেতৃত্বে যে কমিটির কথা এখানে উল্লেখ করলেন সেই কমিটির রিপোর্টের দ্বারা রাজ্য সরকার প্রভাবিত হয়েছিলেন কিনা সেটা আলাদা কথা।

(গোলমাল)

তখন মন্ডল কমিশনের রিপোর্ট পাবলিশড হয়নি।

(গোলমাল)

মন্ডল কমিশনের রিপোর্টটা পরবর্তী সময় এসেছে।

(গোলমাল)

রাজ্য সরকারের কমিটির রিপোর্ট ইন টো টো অ্যাকসেপ্ট করেছে, মন্ডল কমিশনই বলেছে। তার মানে মন্ডল কমিশনটা পরে এসেছে।

(গোলমাল)

সুপ্রিম কোর্টের নির্দেশ যেটা আছে সেটা হচ্ছে লেটেস্ট পজিশন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার স্পেসিফিক প্রশ্ন, বিনয়বাবুর নেতৃত্বে ১৯৮০ সালে যে কমিটি হয়েছিল তার রিপোর্ট প্রকাশিত হবার পর, লেখা আছে ইন টো-টো সেই কমিটির রেকমেন্ডেশন অ্যাকসেপ্ট করেছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার

প্রশ্ন, সুপ্রিম কোর্টের নির্দেশের আগে, এখানে আপনাদের কমিশন তৈরি করার আগে, বিনয়বাবুর কমিটির রিপোর্ট রাজ্য সরকারের গ্রহণ করা এবং সুপ্রিম কোর্টের মামলার আগে—মাঝখানের পিরিওডটাতে রাজ্য সরকারের সুপারিশ গ্রহণ না করার পেছনে বিনয়বাবুর কমিটির রেকমেনডেশন কি তার একমাত্র ডাইরেকশন ছিল? এ ব্যাপারে রাজ্য সরকারের ভূমিকা কি ছিল? কী কারণ ছিল এতদিন সুপারিশ গ্রহণ না করার?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** এখানে মূল প্রশ্নটা হচ্ছে মন্ডল কমিশনের রিপোর্ট মন্ডল কমিশনের রিপোর্টের সঙ্গে বিনয়বাবুর কমিটির রিপোর্ট........

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** এটা তো রিলেটেড।

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** মন্ডল কমিশনের রিপোর্ট পাবলিশড হবার পর সেই কমিশনের রিপোর্ট গোটা ভারতবর্ষে তখন গ্রহণ করা হয়নি। যখন গ্রহণ করা হ'ল তারপরে আমরা স্টেপ নিচ্ছি......

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আমার প্রশ্নটাই বুঝতে পারছেন না। আমি যেটা জানতে চাই সেটা খুব ক্লিয়ার। আমি বলছি, বিনয়বাবুর কমিটির যে রিপোর্ট, সেই রিপোর্ট রাজ্য সরকার গ্রহণ করেছিলেন। বিনয়বাবু বলেছিলেন, এই রাজ্যে কোনও ব্যাকওয়ার্ড ক্লাশ নেই। আমার প্রশ্ন, সেই রিপোর্ট যা রাজ্য সরকার গ্রহণ করেছিলেন তার পরিপ্রেক্ষিতেই কি রাজ্য সরকার মন্ডল কমিশনের সুপারিশক্রমে ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে পিছিয়ে ছিলেন বা এটাকে বন্ধ করে রেখেছিলেন?

**শ্রী জ্যোতি বসু ঃ** স্পিকার মহাশয়, আমি তো বুঝতে পারছি না যে কীসের কনট্রোভার্সি হচ্ছে! আমরা কমিটি করেছিলাম, সেখানে কমিটি করে সুপারিশ হয়েছিল যে, আমরা ঠিক খুঁজে পাচ্ছি না যে আদার ব্যাকওয়ার্ড ক্লাশেস কারা। সেখানে বোধ হয় ১০০'র ওপর শতকরা ১০জন আছে, কি এক হাজার আছে, কি পাঁচ হাজার আছে, তারা সব দরখাস্ত করেছিলেন এ সেন্ট্রাল কমিশনের কাছে যেটা নিয়োজিত হয়েছিল। আমাদের কাছে যখন জিজ্ঞাসা করা হয় তখন আমরা বলেছিলাম যে আমরা এদের খুঁজে পাচ্ছি না। এটাই আমাদের স্ট্যান্ড ছিল। আমাদের আদার ব্যাকওয়ার্ড ক্লাশ এখানে নেই। এর মধ্যে কনট্রোভার্সির কী আছে? এটা তো ঘটনা যে, আমরা বলেছিলাম যে আমরা এখনও এটা খুঁজে পাইনি। তারপর এত বছর পর সুপ্রীম কোর্ট বলেছেন এবং কেন্দ্রে যখন জনতা সরকার ছিল আমরা আমাদের এই স্ট্যান্ডটাই বলেছিলাম যে আমরা এটা এখন খুঁজে পাইনি। আমাদের নেই, আমরা বলেছিলাম। আপনারা খুঁজে বার করুন না, তাতে কিছু সুবিধা হবে না।

গোলমাল

আপনারা জানতে চেয়েছেন, কিন্তু আবার চেঁচামেচি করছেন—কিছু বুঝতে পারছি না।

এটায় কোনও অসুবিধা নেই তো। এখন সুপ্রীম কোর্টের রায় হয়েছে যে, প্রত্যেক স্টেট থেকে তাদের বলতে হবে যে তাদের কে কে আদার ব্যাকওয়ার্ড ক্লাশের আছে। কারণ রিজার্ভেশন হচ্ছে, সেই রিজার্ভেশনে ইকনমিক আছে, ক্রিমিলেয়ার, টেয়ার এ সব আছে, তার মধ্যে আমি যাচ্ছি না। কিন্তু আদার ব্যাকওয়ার্ড ক্লাশেস এটা নাহলে হবে কী সুপ্রীম কোর্ট বলছে যে ধরুন ওয়েস্ট বেঙ্গলে যদি না থাকে তাহলে কেউই সেই কোটাতে চাকরি পাবে না, যে নতুন কোটা হচ্ছে। এতে অসুবিধা কী আছে—এটা তো সত্য কথা যে, এখন সেই অন্য আমরা একজন প্রাক্তন আজকে দিয়ে একটা কমিশন করেছি, জাস্টিস সেন, তিনি কাজ আরম্ভ করেছেন। তিনি যদি বলেন যে আমার এটা ৩৬টা আছে—তার কত সংখ্যা, কত তারা, কী ব্যাপার, আমরা দেখব, আমরা বলে দেব সেটা।

**শ্রী সৌগত রায়ঃ** রাজ্য সরকার কি সেটা অ্যাকসেপ্ট করবেন?

**শ্রী জ্যোতি বসুঃ** করতেই হবে।

গোলমাল

**মিঃ স্পিকারঃ** ডাঃ ভুঁইয়া, ইট ইজ ভেরি লজিক্যাল। কেন না আদার ব্যাকওয়ার্ড ক্লাশেস উইল ডিফার ফ্রম স্টেট টু স্টেট। একটাও ইউনিফর্ম তো নয়। সমস্ত ভারতে একই সম্প্রদায় সব রাজ্যে তো আদার ব্যাকওয়ার্ড ক্লাশেস হবে না। স্বাভাবিকভাবে প্রতি স্টেটে একটা করে কমিশন গঠন করতে হচ্ছে আইডেন্টিফাই করার জন্য। তাদের রাজ্যের মধ্যে কারা কারা আদার ব্যাকওয়ার্ড ক্লাশেস আইডেন্টিফাই হচ্ছে। ইট ইজ এ লজিক্যাল কোয়েশ্চেন। এর মধ্যে অন্য কোনও ব্যাপারই নেই। ইট ইজ অল রাইট।

## তিস্তা প্রকল্প

*২৪৪। (অনুমোদিত প্রশ্ন *১৪১ **শ্রী তপন হোড়ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) তিস্তা প্রকল্পে ১৯৯৩-৯৪ (৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত) আর্থিক বছরে পর্যায়ক্রমে কেন্দ্র ও রাজ্য সরকার কত টাকা খরচ করেছেন ;

(খ) উক্ত প্রকল্প সম্পূর্ণ হলে উত্তরবঙ্গের বিভিন্ন জেলার কত একর জমিকে সেচের আওতায় আনা যাবে ; এবং

(গ) উক্ত প্রকল্পের মাধ্যমে (৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত) কত একর জমি ইতিমধ্যে সেচ আওতাভুক্ত করা হয়েছে (জেলাওয়ারী হিসাবসহ)?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ক) তিস্তা প্রকল্প ১৯৯৩-৯৪ (৩১শে ডিসেম্বর, ১৯৯৩

পর্যন্ত) আর্থিক বছরে মোট খরচ হয়েছে ২৯.৬০ (উনত্রিশ দশমিক ছয় শূন্য) কোটি টাকা। এর মধ্যে রাজ্য সরকারের অর্থ ভান্ডার থেকে খরচ হয়েছে ১৭.৬০ (সতেরো দশমিক ছয় শূন্য) কোটি টাকা এবং বাকি ১২ (বারো) কোটি টাকা পাওয়া গিয়েছে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য বাবদ।

খ) উক্ত প্রকল্প সম্পূর্ণ হলে উত্তরবঙ্গের মোট ৩,৪২,০০০ (তিন লক্ষ বিয়াল্লিশ হাজার) হেক্টর জমি সেচের আওতায় আসবে। একরের মাপে ঐ জমির পরিমাণ প্রায় ৮,৪৫,০০০ (আট লক্ষ পঁয়তাল্লিশ হাজার) একর।

গ) ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত উক্ত প্রকল্পের মাধ্যমে মোট ২৭,৪০০ (সাতাশ হাজার চারশ) হেক্টর জমি ইতিমধ্যে সেচ আওতাভুক্ত করা হয়েছে একরের মানে ঐ জমির পরিমাণ প্রায় ৬৭,৭০৫ (সাতষট্টি হাজার সাতশ পাঁচ) একর।

**জেলা—ওয়ারী হিসাব নিম্নরূপ ঃ**

অ) জলপাইগুড়ি জেলা : ২৪,৬৫৭ হেক্টর
(৬০,১২৭ একর)

আ) দার্জিলিং জেলা : ২,৭৪৩ হেক্টর
(৬,৭৭৮ একর)

[12-10 – 12-20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ৩১,১২,৯৩ পর্যন্ত তিস্তা প্রকল্পে মোট কত টাকা খরচ হয়েছে, তার মধ্যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অতিরিক্ত অর্থ সাহায্য হিসাবে কোন বছরে কত টাকা পেয়েছেন এবং সেটা কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি মতো পেয়েছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ৩১,১২,৯৩ পর্যন্ত তিস্তা প্রকল্পে মোট খরচ হয়েছে ৪৩৩ কোটি টাকা। এর মধ্যে রাজ্য সরকার খরচ করেছে ৪০১ কোটি টাকা। এ যাবৎ কেন্দ্রীয় সরকার তিন দফায় মোট ৩১ কোটি টাকা দিয়েছেন। ১৯৮৩-৮৪ সালে অতিরিক্ত কেন্দ্রীয়-বাবদ ৫ কোটি টাকা, ১৯৯২-৯৩ সালে অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা পেয়েছি ১৪ কোটি টাকা এবং ১৯৯৩-৯৪ সালে এখন পর্যন্ত অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা পেয়েছি ১২ কোটি টাকা। কিন্তু কেন্দ্রীয় সরকারের যা প্রতিশ্রুতি ছিল তা পাইনি—১৪ ও ১২ মোট ২৬ কোটি টাকা দু'বছরে পেয়েছি।

**শ্রী তপন হোড় ঃ** ১৯৯৩-৯৪ সালে রাজ্য সরকারের বাজেটে তিস্তা প্রকল্পের জন্য কত টাকার বরাদ্দ ধরা ছিল এবং সেই বরাদ্দের কত টাকা এখন পর্যন্ত পেয়ে খরচ করেছেন এবং বাকি টাকা কিভাবে খরচ করবেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** ১৯৯৩-৯৪ সালে তিস্তা প্রকল্পের জন্য রাজ্য বাজেটে বরাদ্দ ধরা হয়েছিল ৩৭ কোটি টাকা এবং ৩০ কোটি টাকা অতিরিক্ত কেন্দ্রীয় সহায়তা আমি ইতিপূর্বেই বলেছি যে, ৩৭ কোটি টাকার মধ্যে ২৯ কোটির কিছু বেশি টাকা আমরা পেয়েছি এবং ৩০ কোটির মধ্যে এখন পর্যন্ত ২৬ কোটির মতো টাকা আমরা পেয়েছি। বাকি টাকা এই অল্প সময়ের মধ্যে কি করে খরচ করা যাবে—আমার ধারণা মোট বরাদ্দকৃত টাকা এবছর খরচ করা যাবে না। সে জন্যই রিভাইসড বাজেট তৈরি হচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি এবং মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উদ্যোগ গ্রহণ করে যোজনা পর্ষদের ডেপুটি চেয়ারম্যান-এর সঙ্গে কথা বলে তিস্তা প্রকল্পের জন্য কেন্দ্রের কাছ থেকে একটা বিশেষ সহায়তা আদায় করেছেন। এটা খুবই ভাল কথা। আমার আপনার কাছে প্রশ্ন, ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে কেন্দ্রীয় সহায়তা যে ৩০ কোটি টাকা দেওয়ার কথা—আপনি দয়া করে জানাবেন কি রাজ্য সরকারের একস্ট্রা অ্যাডিশনাল ম্যাচিং অ্যান্ট টু তিস্তা প্রোজেক্ট দেওয়া হয়েছে কিনা? যদি দেওয়া হয়ে থাকে তাহলে কি সেটা ফ্ল্যাড কন্ট্রোল প্রোগ্রামের নির্ধারিত বাজেট বরাদ্দ থেকে কেটে দেওয়া হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** কেন্দ্রীয় সরকারের যে টাকা দেবার কথা ছিল এখন পর্যন্ত আমরা তা পাই নি এবং রাজ্য সরকারের পক্ষ থেকেও যা দেবার কথা ছিল তা দেওয়া এখন পর্যন্ত সম্ভব হয়নি।

**ডাঃ মানস ভুঁইয়াঃ** ফ্লাড কন্ট্রোলের নির্ধারিত বাজেট কেটে কি কোনও টাকা তিস্তা প্রোজেক্টে আনা হয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** না, ফ্লাড কন্ট্রোলের কোনও টাকা এ ক্ষেত্রে আনা হয়নি।

**শ্রী নির্মল দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, তিস্তা প্রকল্পের জলপাইগুড়ি এবং কুচবিহারের দিকে বাঁহাতি খাল কাটার ক্ষেত্রে বর্তমানে প্রধান বাধা হচ্ছে পরিবেশ দপ্তরের ছাড়পত্র না পাওয়া এবং কারখানা। এ ছাড়াও যাদের জমি ওখানে অধিগ্রহণ করা হয়েছে তারাও কিছু বাধার সৃষ্টি করছে। অথচ ইতিপূর্বে বলা হয়েছিল কয়েক হাজার হেক্টর জমিতে তিস্তা প্রকল্প থেকে অতিরিক্ত জল সরবরাহ করা হবে। এই অবস্থায় তিস্তার বাঁহাতি খাল খননের ব্যাপারটা কোন জায়গায় আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** সেই সমস্ত এলাকায় সেচসেবিত করার কথা ছিল এবং সেইভাবে এগিয়ে যাবার কথা ছিল। কিন্তু সেইভাবে এগিয়ে না যাবার পিছনে ৪টি সমস্যা বড় হয়ে দেখা দিয়েছে। ১ নম্বর সমস্যা, ৩ নম্বর বড় সমস্যা হচ্ছে, এর মধ্যে পড়ে যাচ্ছে—নদীপথ এবং খাল পথে পড়ে যাচ্ছে রেলওয়ে ব্রিজ এবং পি. ডব্লু. ডি ব্রিজ কনস্ট্রাকশন এবং রেলওয়ে ব্রিজ ও পি. ডব্লু. ডি ব্রিজের জন্য বেশ কিছু দেরি হয়ে যাওয়ায়

এখন সমস্যাগুলি মূলত বড় হয়ে দেখা দিয়েছে। তবে বিভিন্ন দপ্তরের সঙ্গে বিশেষ করে ভূমি দপ্তরের সঙ্গে ঘন-ঘন বৈঠক করার পর, রেল ও পূর্ত দপ্তরের সঙ্গে ঘনঘন বৈঠক করার ফলে এবং উত্তর দিনাজপুরের প্রশাসনের সঙ্গে ঘন ঘন বৈঠক করার পর সমস্যা ইজড হয়েছে যার ফলে কাজের গতিপথ এসেছে। যার জন্য আমি যে উত্তর দিয়েছি ডিসেম্বর পর্যন্ত ২৭ হাজার হেক্টর জমিতে ইরিগেশন পোটেনশিয়াল ক্রিয়েট করা হয়েছে। গত বছর বিধানসভায় যে প্রতিশ্রুতি দিয়েছিলাম যে অন্তত দেড় বছরের মধ্যে ১ লক্ষ একর জমিতে ইরিগেশন পোটেনশিয়াল ক্রিয়েট করা যাবে—সেই জায়গায় ইতিমধ্যে ২৭ হাজার এবং আরও ২৫ হাজার হেক্টর জমিতে ইরিগেশন পোটেন্সিয়াল ক্রিয়েট করা হয়েছে। ১৯৯৪-৯৫ সালে ১ লক্ষ হেক্টর জমিতে সেচসেবিত করতে পারব বলে আশা করছি। এছাড়া পরিবেশ দপ্তর একটা বড় বাধা হয়েছে লেফ্‌ট ব্যাঙ্ক অফ তিস্তা। সেখানে বারবার করে চেষ্টা করা হয়েছিল। ব্যাপক যে জট সেই জট আপাতত খুলে গেছে। সেটা খুলে গেলে সেইদিকটা কাজ করতে পারব এবং আগামী ২ বছরে অতিরিক্ত কোচবিহার এবং জলপাইগুড়িতে ৯৪ হাজার হেক্টর জমিতে ইরিগেশন পোটেনশিয়াল ক্রিয়েট করতে পারব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় সম্পূর্ণভাবে বলেছেন সম্পূর্ণভাবে প্রোজেক্টটা শেষ হলে ৩ লক্ষ ৪২ হাজার হেক্টর জমি সেচসেবিত হবে। যে টাকা খরচ হয়েছে এবং যে সময় ব্যয় হয়েছে তার মধ্যে দেখছি মাত্র ২৪ হাজার হেক্টর জমি সেচসেবিত করা গেছে। আমার প্রশ্ন হচ্ছে, এই প্রোজেক্টটি শেষ করতে আর কত সময় লাগবে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** আমি আপনার সঙ্গে সহমত। অষ্টম পরিকল্পনার প্রথম পর্যায়ে কাজ শেষ করতে হবে এবং সেইভাবে আমরা এগিয়ে চলেছি। মাননীয় সদস্য তপন হোড়ের প্রশ্নের উত্তরে জানিয়েছি ইতিমধ্যে আমরা ৪৭ হাজার হেক্টর জমিতে ইরিগেশন পোটেন্সিয়াল ক্রিয়েট করতে পেরেছি। ১৯৯৪-৯৫ সালের মধ্যে আরও অন্তত ৪০ হাজার অর্থাৎ টোটাল ১ লক্ষ জমি সেচসেবিত করতে পারব। আড়াই বছরে অষ্টম পরিকল্পনাকালে বাকিটা করতে পারব বলে আমরা ধরে নিতে পারি যদি সেন্ট্রাল গভর্নমেন্টের অ্যাসিস্টান্স ভাল থাকে এবং যদি রাজ্য সরকারের ফ্লো অফ ফান্ড অব্যাহত থাকে তাহলে নিশ্চয়ই পারা যাবে।

[12-20 – 12-30 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন, নরম্যালি রাজ্যের মধ্যে যদি কোনই ইরিগেশন প্রোজেক্ট হয় তাতে সেন্ট্রাল অ্যাসিস্টান্স আসেনা। ইন্টার স্টেট ফ্লাড কন্ট্রোল প্রোগ্রাম কেন্দ্রীয় সরকারের টাকা আসে। তিস্তার ক্ষেত্রে মাননীয় মুখ্যমন্ত্রীর হস্তক্ষেপে প্ল্যানিং কমিশন ১৫০ কোটি টাকা স্টেট প্ল্যান অ্যাসিস্টান্স মঞ্জুর করেছেন। সেটা অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দেবার কথা। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই, তিস্তা ব্যারেজের কাজ শেষ হত খুব দেরি হচ্ছে, তার জন্য যে টাকা খরচ করছেন ৪০০ কোটি

টাকা ব্লক্‌ড হয়ে পড়ে আছে ৮/১০ বছর ধরে। তাড়াতাড়ি যাতে কাজ হয় তার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে চেয়ারম্যান করে মানিটারিং কমিটি করার কথা ছিল, সেই কমিটি হয়েছে কি না হলে কোনও মিটিং হয়েছে কিনা এবং মিটিং হলে কি রিপোর্ট দিয়েছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** আপনাকে প্রথমেই জানাতে চাই যে, কোনও টাকা ব্লক্‌ড হয় নি। আপনার বোধহয় আনা আছে অ্যাকুইডাক্ট, বৃহত্তম অ্যাকুইডাক্ট সহ ৩টি বড় বড় ব্যারেজ এবং ১৫০টি বড় বড় ক্রশ ড্রেনেজ ষ্টাকচার তৈরি হয়েছে, এখন যে কাজগুলি আছে তা হল ছোট ছোট শাখা খাল, ক্যানেল কাটা, ডিসট্রিবিউটারি ক্যানেল কাটা। সুতরাং টাকা ব্লক্‌ড হওয়ার প্রশ্ন ওঠে না। জল পৌঁছাবার জন্য ফারাক্কা ব্যারেজে ১২ বছর লাগার কথা ছিল, তারপরও আরও দু-বছর গিয়েছিল। প্রথম ইনফ্রাস্ট্রাকচার তৈরি হলে বাকি কাজগুলি হতে অসুবিধা হয় না। আপনি জানেন মাননীয় মুখ্যমন্ত্রীর চেয়ারম্যানশিপে তাঁর নেতৃত্বে যে বৈঠক হয়েছে তাতে কাজকর্ম চলছে। যেভাবে শিডিউল হয়েছে তাতে আগামী অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় আমরা ফার্স্ট সাব-স্টেজের কাজ করতে পারব।

**শ্রী সাধন পান্ডেঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন—মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন—উনি চেয়েছেন পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রোজেক্ট স্পিড আপ হোক, আপনি যা বললেন অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় করবেন, ল্যান্ডের সংখ্যা বললেন চাষ হবে, ইরিগেশন হবে অত্যন্ত কম। আমি জানতে চাই, এই রকম ইনভেস্টমেন্ট, যা ইনভেস্টমেন্ট ছিল—অন্যান্য স্টেট এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক থেকে টাকা আসছে, কেন্দ্রীয় সরকার টাকা দেবেন, আপনাদের এই প্রোজেক্টের টাকা কত বছর ধরে পড়ে আছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আছেন তিনি এই প্রোজেক্টের কাজে স্যাটিসফায়েড কিনা সেটা জানাবেন। কত বছর ধরে কি ভাবে এই প্রোজেক্ট হতে পারে, একটা ইনডেফিনাইট পিরিয়ড পর্যন্ত কি ক্যারীআউট করতে হবে, এই প্রোজেক্টের কমপ্লিশন কবে হবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ঃ** কমপ্লিশন আরও আগে হতে পারত। যদি কেন্দ্রের কংগ্রেস সরকার এগিয়ে আসতেন। মাননীয় সদস্য তপন হোড়ের প্রশ্নের উত্তরে জানিয়েছি ৪৩১ কোটি টাকার মধ্যে মাত্র ৩১ কোটি টাকা দিয়েছেন। এই নজির কোথাও নেই। মাননীয় সৌগত রায়ের প্রশ্নের উত্তরে বলেছি, উনি বোধহয় ভেবেছেন এটা তুঙ্গভদ্র, ভাকরার মতো ইমপরট্যান্ট প্রোজেক্ট বলে কেন্দ্রীয় সরকার মনে করছেন, ৩১ কোটির মতো নগণ্য টাকা কোথাও দেননি। যে প্রতিশ্রুতি দিয়েছেন সেটা যদি ফলো অফ ফান্ড অব্যাহত থাকে তাহলে নিশ্চয় অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে কাজ শেষ হবে।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্রঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—পশ্চিম দিনাজপুরের জনৈক কংগ্রেসের মাননীয় বিধায়ক বাঁধ তৈরি করার ব্যাপারে বাধাসৃষ্টি করেছিলেন তা প্রতিহত হয়েছে কিনা?

**মিঃ স্পিকার ঃ** না, না, ওটা হবে না। এখন প্রশ্ন নং ২৪৫ এবং ২৫৪ একসঙ্গে নেওয়া হচ্ছে।

## স্কুল সার্ভিস কমিশন

***২৪৫। (অনুমোদিত প্রশ্ন নং *৪৯৫) ডাঃ মানস ভুঁইয়া ঃ** প্রাথমিক ও মাধ্যমিক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) স্কুল-শিক্ষক নিয়োগে স্কুল সার্ভিস কমিশন গঠন করার কোনও প্রস্তাব সরকারের আছে কি না ;

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ**

ক) ডঃ অশোক মিত্র কমিশনের নির্দ্দিষ্টভাবে সুপারিশ আছে। সেজন্য বিষয়টি নিয়ে সরকার চিন্তাভাবনা করছেন।

খ) এখনই বলা সম্ভব নয়।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় জবাব দিলেন, অশোক মিত্র কমিশনের এই বিষয়ে ডিরেক্ট নির্দিষ্ট সুপারিশ রয়েছে, এখন চিন্তা-ভাবনা করছেন, আমার প্রথম প্রশ্ন যে বিষয়টি বিতর্কের সৃষ্টি করছে এই কারণে যে, স্কুলগুলিতে ব্যাপকভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটা চূড়ান্ত অব্যবস্থা কায়েম হয়েছে এবং কিছু কিছু জেলাতে ডেভেলপমেন্টের নামে ১ লক্ষ টাকা অবধি বিভিন্ন শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ওপেন টেন্ডার ডেকে শিক্ষক নিয়োগ হচ্ছে। সরকার নীরব দর্শকের মতো দেখছেন। এই ক্ষেত্রে আমার সপোশিফিক প্রশ্ন এই টেন্ডার ডেকে শিক্ষক নিয়োগ এক, দেড় এবং দু লক্ষ টাকা নিয়ে—আপনাদের চিন্তা-ভাবনা বন্ধ রেখে একটা বন্ধ করবার জন্য কিছু তাড়াতাড়ি পদক্ষেপ নেবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** মিত্র কমিশন বলেছেন যে, কলেজ সার্ভিস কমিশনের মতো একটা কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন করলে অসুবিধা হবে। সেজন্য বলা আছে প্রতি জেলায় সার্ভিস বোর্ড করবার জন্য যেখানে পাবলিক সার্ভিস কমিশন থেকে নির্বাচিত হেড হবেন। বিষয়টা আমরা ল ডিপার্টমেন্টকে দেখতে দিয়েছি যেহেতু এরজন্য বিধানসভায় আইন পাস করাতে হবে। এখন আমরা তারজন্য অপেক্ষা করছি, এবং পেলেই যত তাড়াতাড়ি সম্ভব ব্যবস্থা গ্রহণ করব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** বুঝতে পারলাম, একটা প্রসেসের মধ্যে আছে, কিন্তু যতদিন পর্যন্ত জেলাস্তরে ঐ বোর্ড গঠিত না হচ্ছে ততদিন পর্যন্ত এই যে ব্যাপক দুর্নীতি ব্রিলিয়ান্ট সব ছেলেমেয়েরা পয়সার অভাবের কারণে স্কুল শিক্ষকতার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে এবং

টাকার জোরে অযোগ্যদের নিয়োগ হয়ে যাচ্ছে—এটা বন্ধ করবার জন্য কি পদক্ষেপ নিচ্ছেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** এই ধরণের অভিযোগ এলে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে। রিক্রুটমেন্টের ক্ষেত্রে মেধাভিত্তিক একটা দিক নির্দেশ দেওয়া আছে এবং সেই অনুযায়ী রিক্রুটমেন্টটা হয়ে থাকে। কিন্তু বেসরকারি স্কুলগুলির ক্ষেত্রে আজকে এই ধরনের প্রশ্নগুলি আসছে যেখানকার কমিটির দায়িত্বটা তাদের। সেইজন্য স্কুল সার্ভিস কমিশন এবং রিক্রুটমেন্ট বোর্ডের কথা যেটা বলা হচ্ছে তারমধ্যে ঐসব স্কুলগুলিকেও আনতে হবে না এবং তারা এই ফর্মূলা মানছেন কিনা সেটাও দেখতে হবে।

**শ্রী শিবপ্রসাদ মালিকঃ** ডঃ অশোক মিত্র কমিশনের সুপারিশে কি কি আছে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** ঐ কমিশন প্রথমত স্কুল সার্ভিস বোর্ড গঠন করতে বলেছেন এবং সেই স্কুল সার্ভিস বোর্ডের হেডেসর ক্ষেত্রে বলেছেন যে, তাকে পি. এস. সি থেকে নিতে হবে এবং তিনি সেখানে চীফ একজিকিউটিভ হিসাবে কাজ করবেন এবং সেখানে জেলা পরিষদ, সেকেন্ডারি বোর্ড এবং কাউন্সিল থেকে প্রতিনিধি নিয়ে স্কুল পরিচালন কমিটি করতে হবে।

**শ্রী জটু লাহিড়ীঃ** অনেক ক্ষেত্রে আমরা দেখছি, স্কুল কমিটিগুলি টিচার নিয়োগের ব্যাপারে প্যানেল তৈরি করে পাঠাবার পর সেই প্যানেল ডি. আই. অফিসে পেন্ডিং রেখে নানাভাবে লোক পাঠিয়ে টাকা আদায়ের চেষ্টা করা হচ্ছে, টাইম কিল করে টাকা দিতে বাধ্য করা হচ্ছে। আমার প্রশ্ন, স্কুল কমিটির পাঠানো প্যানেল ডি. আই. অফিস থেকে ডিজবার্স করার ক্ষেত্রে একটা সময়সীমা ধার্য করে দিবেন কিনা?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** ডি. আইদের বলা আছে যে, তালিকা পাবার পর স্ক্রুটিনি করবার জন্য ১৫ দিনের বেশি ধরে রাখবেন না।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায়ঃ** অশোক মিত্র কমিশন স্কুল সার্ভিস কমিশনের ব্যাপারে যা বলেছেন সেই ব্যাপারে সরকার অ্যাকটিভলি তৎপর। আমার বক্তব্য, ইতিমধ্যে কলেজ সার্ভিস কমিশন গঠিত হয়েছে এবং তারা কাজকর্মও করছেন। কিন্তু দেখা যাচ্ছে তারপরও অনেক কলেজে অধ্যক্ষ নেই, অধ্যাপক নেই, ফলে ছাত্ররা সাফার করছেন। সেখানে রিক্রুটমেন্ট নিয়ে হাইকোর্টে মামলা জটিলতা। সেজন্য এই অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে স্কুল সার্ভিস কমিশন গঠন করবেন কিনা?

[12-30 – 12-40 p.m.]

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** মাননীয় সদস্য ঠিকই বলেছেন। আমাদের যে সরকারি বিদ্যালয়গুলি আছে সেখানে পি. এস. সি-র মাধ্যমে নিয়োগ হয়ে থাকে। সেই ক্ষেত্রে দেখতে পাচ্ছি দূরে উত্তরবঙ্গে কিংবা দক্ষিণবঙ্গে যে সব জেলায় সরকারি স্কুল আছে সেখানে জয়েন করেন না।

এই অভিজ্ঞতাকে কাজে লাগাবার জন্য সুপারিশ আছে জেলা বিদ্যালয় সার্ভিস পর্ষদ করা যায় কিনা। সেই ব্যাপারে আইন দপ্তরের, পরামর্শ নিচ্ছি সেটা আগেই বলেছি।

**শ্রী সঞ্জীব দাস ঃ** মাননীয় স্পিকার স্যার, মন্ত্রী মহাশয়ের উত্তর থেকে বোঝা গেল অশোক মিত্র কমিশনের আগে এই সরকার এই ব্যাপারটা নিয়ে চিন্তা-ভাবনা করেননি। কমিশন হবার পরেও চিন্তা ভাবনা করছেন, কতদিনে হবে জানা নেই। আমার প্রশ্ন হল সার্ভিস কমিশন গঠন হলে কত জন মেম্বার হবেন এবং কারা হবেন।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় ঃ** আমি প্রশ্নের উত্তর দিতে গিয়ে আগেই বলেছি যে অশোক মিত্র কমিশনের নির্দিষ্ট কতকগুলি প্রস্তাব আছে। তার ভেতর একটা যেটা বললাম সেটা হচ্ছে জেলাতে তাঁরা বোর্ড গঠন করতে বলেছেন এই অভিজ্ঞতার ভিত্তিতে। আমরা আগে থেকেই এই নিয়ে চিন্তা-ভাবনা করছি, এই নির্দিষ্ট সুপারিশ বিবেচনা করে দেখা হচ্ছে।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন ঃ

*২৪৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫২) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে,—

(১) তার রূপরেখা কি ; এবং

(২) উক্ত পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ)

(১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

**কৃষ্ণনগর সরকারি কলেজে ভূগোল অনার্স কোর্স চালুর পরিকল্পনা**

*২৪৭ (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৩) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কৃষ্ণনগর সরকারি কলেজে ভূগোল অনার্স কোর্স চালু করার পরিকল্পনা সরকারের আছে কি না ;

(খ) থাকলে,কবে নাগাদ ঐ পরিকল্পনা রূপায়িত করা যাবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) আছে।

খ) এখনই নির্দিষ্ট করে বলা সম্ভব নয়।

**জুনিয়ার হাই স্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীতকরণ**

*২৪৮ (অনুমোদিত প্রশ্ন নং *২৬৪) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯২-৯৩ সালে রাজ্যে ৪ শ্রেণীবিশিষ্ট কতগুলি জুনিয়ার হাই স্কুলকে মাধ্যমিক বিদ্যালয় স্তরে উন্নীত করা হয়েছে?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

মোট ১৭৫টি।

**সুবর্ণরেখা প্রকল্প**

*২৪৯ (অনুমোদিত প্রশ্ন নং *৫৭৯) **শ্রী সুকুমার দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

'সুবর্ণরেখা' প্রকল্পের কাজ কবে নাগাদ শুরু হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সুবর্ণরেখা প্রকল্পের মূলপর্বের কাজ কেন্দ্রীয় সরকারের বন ও পরিবেশ দপ্তরের ছাড়পত্র যা পাওয়ার জন্য শুরু করা যায়নি। কেন্দ্রের বন ও পরিবেশ দপ্তরের ছাড়পত্র পেলে মূলপর্বের কাজ যত শীঘ্র সম্ভব আরম্ভ করা যাবে।

**আদিবাসী ও তফসিলি ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসের জন্য সরকারি অনুদান**

*২৫০ (অনুমোদিত প্রশ্ন নং *৬৮৪) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** তফসিলি জাতি আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ (৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত) আর্থিক বছরে রাজ্যে তফসিলি ও আদিবাসী ছাত্র-ছাত্রীদের ছাত্রাবাসে থাকার জন্য সরকার কত আর্থিক সাহায্য মঞ্জুর করেছেন ; এবং

(খ) পুরুলিয়া জেলায় উপকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা কত?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) তফসিলি ছাত্রীছাত্রীদের জন্য ২,৮৫,০০,০০০ টাকা এবং আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য ২,৮৪,৮৬,০০০ টাকা আর্থিক সাহায্য মঞ্জুরীকৃত হয়েছে।

(খ) ৩১।১২।৯৩ তাং পর্যন্ত ১৪৯৬ জন তফসিলি জাতি এবং ৪১৪৪ জন্য আদিবাসী ছাত্রছাত্রী উপকৃত হয়েছে।

**ইজমালি যোগদা সৎসঙ্গ ব্রহ্মচর্য্য বিদ্যাপীঠ**

*২৫১ (অনুমোদিত প্রশ্ন নং *৯০৭) **শ্রী মানিক ভৌমিক ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে 'ইজমালি যোগদা সৎসঙ্গ ব্রহ্মচর্য্য বিদ্যাপীঠ'-কে দ্বাদশ শ্রেণীতে উন্নীত করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ তা কার্যকর হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ) বিবেচনাধীন আছে।

**গঙ্গা-ব্রহ্মপুত্র নদীর সংযোজন-সাধন প্রকল্প**

*২৫২ (অনুমোদিত প্রশ্ন নং *৫০৬) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ** বিগত ৩১.৩.৯৩ তারিখের মৌখিক প্রশ্ন নং *২১৮ (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গঙ্গা-ব্রহ্মপুত্র নদীর সংযোগ-সাধনের প্রকল্পটি বর্তমানে কি অবস্থা আছে ; এবং

(খ) এ ব্যাপারে রাজ্য সরকার কেন্দ্রের কাছে কোনও প্রস্তাব দিয়েছেন কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) গঙ্গা ও ব্রহ্মপুত্র নদীর মধ্যে সংযোগ স্থাপনের পরিকল্পনাটি এখনও পর্যন্ত জাতীয় জল উন্নয়ন নিগমের অধীনে প্রাথমিক জরীপ ও অনুসন্ধান পর্যায়ে আছে।

খ) প্রশ্ন ওঠে না।

**বনগ্রাম মহকুমায় প্রাথমিক শিক্ষক নিয়োগ**

***২৫৩ (অনুমোদিত প্রশ্ন নং *১২০৭) শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলার বনগ্রাম মহকুমায় প্রাথমিক শিক্ষক নিয়োগে প্যানে তৈরি করার সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) ক'রে থাকলে কবে নাগাদ এই সিদ্ধান্ত কার্যকর হবে বলে আশা করা যায়

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ও (খ)

জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ বোর্ড এলাকায় সরকার কোনও শিক্ষক নিয়োগ করে না। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ করে থাকেন।

**মালদা জেলার প্রাথমিক বিদ্যালয় পরিচালনায় মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষক পরিষ**

***২৫৫ (অনুমোদিত প্রশ্ন নং *১০৮৫) শ্রী তোয়াব আলি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মালদা জেলার কালিয়াচক ৩নং ব্লকে দেওয়ানপুর-অনন্তপুর গ্রামপঞ্চায়েত-এর অধীন প্রাথমিক বিদ্যালয়গুলির পরিচালনভার মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষক পরিষদের উপর ন্যস্ত আছে ;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(ক) ঐ পরিচালনভার কত দিন থাকবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলার ১৬টি মৌজা মালদা জেলার কালিয়াচক থানার অন্তর্ভুক্ত। ঐ মৌজাগুলির অন্তর্গত ৭টি অনুমোদিত প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনভার মুর্শিদাবাদ জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের উপর ন্যস্ত আছে।

(খ) উপরোক্ত প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষকগণ মালদা জেলা বিদ্যালয় সংসদের অধীনে মেতে অনিচ্ছা প্রকাশ করেছেন। সুতরাং তাঁদের মুর্শিদাবাদের অন্যান্য প্রাথমিক বিদ্যালয়ে বদলি এবং বিদ্যালয়গুলি মালদা জেলা বিদ্যালয় সংসদে হস্তান্তর একই সঙ্গে করা প্রয়োজন। এর ফলে ঐ কটি বিদ্যালয় শিক্ষকশূন্য অবস্থায় থাকবে, কারণ মহামান্য উচ্চ আদালতের

বিভিন্ন আদেশে প্রাথমিক শিক্ষকের শূন্য পদের পূরণ করা সম্ভব হচ্ছে না। যেহেতু শিক্ষকশূন্য বাঞ্ছনীয় নয় সেজন্য ঐ বিদ্যালয়গুলির পরিচালনভার মালদা জেলা বিদ্যালয় সংসদের উপর ন্যস্ত করা যাচ্ছে না।

(গ) প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে মহামান্য উচ্চ আদালতের সাধারণ নিষেধাজ্ঞা প্রত্যাহিত হলেই ওইসব বিদ্যালয়ের শিক্ষকের পদগুলি পূরণ করার ব্যবস্থা করে, বিদ্যালয়গুলির পরিচালনভার মালদা জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদের উপর ন্যস্ত করা যাবে।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** Today, I have received two notices of Adjournment Motion. The first is from Dr. Manas Bhunia on the subject of alleged increase of the cases of molestation on women in West Bengal in recent times and the second is from Shri Ambica Banerjee on the subject of acute shortage of drinking water in various parts of Howrah Municipal Corporation.

The subject matters of the motions do not call for the adjournment of the business of the House. The Members may draw attention of the concerned Ministers on the subjects through Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my consent to the motions.

One Member may however, read out the text of the motion as amended.

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটা নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছে। বিষয়টি হল, সারা পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এবং খোদ কলকাতা মহানগরীতে নারী নির্যাতনের ঘটনা প্রতিদিন উদ্বেগজনক ভাবে বৃদ্ধি পাচ্ছে। পশ্চিমবঙ্গে নারীর মর্যাদা ছিল সবার উপরে। আজ পুলিশ এবং শাসক দলের মদতে নারী মর্যাদা ভুলুণ্ঠিত হচ্ছে। প্রতি মূহুর্তে ঘটে চলেছে নারী নির্যাতনের ঘটনা। সরকার নীরব দর্শক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received 5 notices of Calling Attention, namely :

1. Deterioration of the Law and Order situation at Debra in the district of Midnapore : Dr. Manas Bhunia, Shri Jahangir Karim, Shri

Prasanta Pradhan and Shri Umapati Chakrabarty.

2. Alleged deplorable condition of Sreerampore and Gourhati T.B. Hospital : Shri Abdul Mannan :

3. Steps taken to repair the roads of Alipurduar Sub-division after the flood in July 1993 : Shri Nirmal Das.

4. Reported arrest of two persons by police in connection with the murder of one Ashok Moni on 4.3.94 at Moina of Midnapore district : Shri Manik Bhowmik.

5. Reported rape on 3 women by hooligans on 22.2.94 at Sahid Ananda Palli under Kalyani Police Station : Shri Sobhan Deb Chattopadhyay.

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Jahangir Karim, Shri Prasanta Pradhan and Shri Umapati Chakrabarty on the subject of deterioration of the Law and Order situation at Debra in the district of Midnapore. The Minister may make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 24th March.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister in Charge of the Home (Police) Department will make a statement on the subject of reported murder of the three activists of the Major ruling party at Debra, Midnapore on 23.2.1994. (Attention called by Shri Dipak Mukherjee on the 24th February, 1994).

**Shri Jyoti Basu :**

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in responsé to the Calling Attention Notice given by Shri Dipak Mukherjee, regarding murder of 3 CPI (M) activists by Jharkhandis on the 23rd February, 1994, at Debra, Midnapore.

The Jharkhand Party gave a call for a mass rally on the 23rd February, 1994, at Harimati High School maidan at Debra, in the district of Midnapore. Accordingly, various groups of JKP supporters were moving

to the meeting place since morning.

One group of 500 JKP supporters approached a place called Alok Kendra, 9 kilometres from the rally ground, gheraoed and mounted a sudden and murderous attack on the CPI (M) party office located there. The JKP supporters were armed with deadly weapons like tangis, bows and arrows, choppers, etc. 3 CPI (M) followers viz. Gobinda Shit, Joydeb Pakhira and Nakul Patra died on the spot and 13 others were seriously injured. The police from Marotola Camp located at a distance of $1^1/_2$ km. from the place rushed to the spot, but by that time, the JKP killers had beat an organised retreat. The injured persons were shifted to Midnapore Sadar Hospital and Debra Block Public Health Centre. At Midnapore Sadar Hospital, seriously injured Gopal Murmu, succumbed to his injuries.

The mode of this brutal and lightning attack, without provation; the violence and the retreat indicate that the killings were pre-planned and well formulated. It is being ascertained why despite intelligence reports that the JKP processionists with arms was to pass near the CPI(M) office police pickets were not posted near the CPI(M) office or the armed processionists were not followed by the police.

Over this incident, a case has been started at Debra P.S. 114 persons have been arrested so far in connection with this incident including 28 persons out of 90 named in the FIR. A strong police picket has now been posted at the place of occurrence and vigorous efforts are being made for arrest of all the FIR named persons. Investigation in the case is proceeding.

ডাঃ মানস ভুঁইয়া ঃ আমাদের লোকগুলোকে গ্রেপ্তার করছে কেন? কংগ্রেসের লোকগুলোকে গ্রেপ্তার করছে কেন? ঝাড়খন্ডীদের সঙ্গে গোলমাল নিয়ে আমাদের লোককে গ্রেপ্তার করছে। আপনার কাছে এ্যাপিল, আপনি এই ব্যাপারে হস্তক্ষেপ করুন।

শ্রী জ্যোতি বসু ঃ আপনারাই তো ঝাড়খণ্ডীদের সঙ্গে আছেন, যারা পশ্চিমবাংলাকে ভাঙতে চাইছেন। লজ্জা করে না এইসব কথা বলতে?

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker:** Now the Minister in charge of Home (Police) Department will make a statement on the subject of reported Lorry accident at Dankuni in Hooghly district on February 23rd, 1994 causing death of some persons (Attention called by Shri Abdul Mannan, Dr. Motahar Hossain, Shri Monohar Tirkey, Shri Ambica Banerjee and Shri Anjan Chatterjee on the 25th February, 1994)

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Sarbashree Abdul Mannan, Dr. Motahar Hossain, Monohar Tirkey, A. Banerjee and Anjan Chatterjee, regarding the incident of killing of 12 children by a lorry carrying waste at Dankuni in Hooghly district on the 23rd February, 1994.

On February 23, 1994, one Pannalal Jaiswal of Kali Majumdar Road Liluah in the district of Howrah engaged lorry number WMK 1785 for carrying sawdust and ash to fill up a plot of low land besides the Delhi Road in Bhadua under PS. Dankuni, district Hooghly. While the lorry filled with waste was standing at the plot, a number of persons boarded the lorry to search for iron pieces and pieces of coal when suddenly, at about 20.00 hrs, the lorry overturned, crushing several persons including children below it.

On getting the information, the Officer-in-Charge of Dankuni P.S. rushed to the spot and with the help of break-down vans and fire brigade vehicles lifted the lorry and removed the victims to Serampore Walsh Hospital. Twelve persons including nine children died. The lorry was seized and taken to the Police Station. The lorry driver has since been arrested but the owner, a resident of Habra, is absconding.

Over the incident, a criminal case u/s. 279/304A IPC. has been started and investigation in the matter is proceeding.

[12-40 - 12-50 p.m.]

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge will make a statement on the subject of reported theft of the Idol of Madanmohan from a temple at Cooch Behar on 28.2.1994.

(Attention Called by Shri Birendra Kumar Maitra and Shri Abdul Mannan on the 7th March, 1994.)

**Shri Jyoti Basu :**

Mr. Speaker Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Shri Birendra Kumar Maitra and Shri Abdul Mannan regarding the theft of Idols from the Madan Mohan Temple on

the 28th February, 1994, at Cooch-Behar.

On February 28, 1994, at about 09.20 hours, Cooch-Behar Kotwali P.S., got an information that two idols from the Madan Mohan Temple were missing. At about 09.30 hours, the District Magistrate and the Superintendent of Police alongwith other Officers reached the Temple to assess the situation. At that time a small group of about 150 persons had assembled in the temple premises. At about 10.30 hours, the crowd swelled to about three to four thousand and more people started approaching the Temple from all sides. The assembled crowd demanded immediate recovery of the stolen idols and arrest of the miscreants.

At about 11.30 hours, the crowd attacked the District Magistrate, the Superintendent of Police, the Sub-divisional Officer, Cooch-Behar Sadar and the Chairman, Cooch-Behar Municipality. A police vehicle was set on fire and attempts were made to set on fire the front facade of the Temple. To tackle the situation, the police resorted to lathi charge and thereafter fired teargas shells which had no effect. The mob became more violent and to tackle the situation, the police opened 15 rounds of fire. Following this, the help of the Border Security Force was sought for. The BSF. arrived and cordoned off the temple area. 7 persons were injured in the firing out of a total of 30 persons injured in the incident. On the advised of the doctors, 5 of the 7 with bullet injuries were shifted to North Bengal Medical College Hospital.

Orders under section 144 Cr. P.C. were promulgated in Cooch-Behar town. The BSF. and the SAP. personnel moved out for patrolling different areas of the town. Access to the borders were sealed and all the border checkposts were alerted. Several raids were held at different places for recovery of the stolen idols.

Of the five persons admitted to North Bengal Medical College and Hospital, four are totally out of danger and the condition of one seriously injured person, Pradip Das is also improving gradually. All necessary steps have been taken to provide medical care to the injured persons at North Bengal Medical College and Hospital. A Forensic team lead by the director, Forensic Science Laboratory, Calcutta, and a CID. team led by senior officers has gone to Cooch-Behar, and have taken up vigorous investigation of the case.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker:** Now the Minister-in-charge of the Home (Police Department will make a statement on the subject of a reported deat of a mother alongwith her children at Gazol in Malda District as result of a hut set in fire on 12.2.94.

(Attention called by Dr. Zainal Abedin Shri Abdul Mannan, Shi Sudip Bandyopadhayay, Shri Tapen Hore and Shri Manik Bhowmick on the 22nd February, 1994.)

**Shri Jyoti Basu:**

Mr. Speaker, Sir,

I rise to make the following statement in response to the Calling Attention Notice given by Sarbashree Zainal Abedin, Abdul Mannan Sudip Bandyopadhyay, Tapen Hore and Manik Bhowmik regarding death of 3 minor children and the wife of one Shri Chand Md. at Dhaknapara PS. Gazole, Dist. Malda on the 11th February, 1994.

On February 11, 1994, a gruesome incident occurred at Dhaknapara PS. Gazole, where the thatched hut of one Chand Md. was set on fire causing not only serious burn injuries to the owner, but also resulted in the death of his wife Rokiya Bibi, daughter Aktari Khatoon, sons Jahangir Hossain and Imtajul Hossain. The injured Chand Md. was first removed to Gazole Rural Hospital and then to the District Hospital, Malda, for treatment, the same day. At the Gazole Rural Hospital, where he was first removed, Chand Md. had given a statement to the attending Medical Officer that he could not recognise any of the miscreants.

Later on the verbal complaint of Chand Md., a case was started at Gazole PS. under sections 436/302/326/34 IPC. Seven persons were named in the FIR, three by name that is Isreal Sk., son of Jiddi Sk., Josiruddin, Baren Mahato and the family of Israel Sk. During investigation accused abdul Malek, son of Jiddi Sk. and Jiddi Sk. himself were arrested on February 13, 1994, and forwarded to the Sadar Court on February 14, 1994. They are in judicial custody at present.

Enquiries reveal that the sons of Jiddi Sk. were the owners of the disputed plots. Chand Md.'s father was the recorded bargadar in R.S. operation in 1974. After his death, his wife cultivated the land for 2/3 years. Later, she surrendered the barga possession to the land owner

and left the area along with Chand Md. who was a minor at that time. When Chand Md. became an adult, he filed a bhag-chasi case with the B.L.L.R.O. office at Gazole which did not suceed. However, Chand Md. later entered upon the land forcibly, sowed paddy and constructed a mud-built thatched hut where he started living with his wife and three children.

Chand Md. has stated that after he and his family had retired for the night on 11.2.94, he felt some waterlike substance falling on his body which awoke him from his sleep. At that time, he realised that his house had been set on fire. In the statement to the OC., Gazole PS. at Malda Sadar Hospital, Chand Md. had stated that the sons of Jiddi Sk. along with one Josiruddin, and one Biren Mahato and others had set fire to his hut. However, in a dying declaration recorded by Shri A. Bhattacharjee, Executive Magistrate, Malda, he had stated that on breaking out of his burning hut, he had seen Israel Sk. son of Jiddi Sk., standing in front of his house with a drum like container in his hand. He also categorically stated in this dying declaration that he could not recognise anybody else. The prime accused Israel Sk. was a candidate of the cong.(I) in the Panchayat Elections in No.7, Mozampur Gram Panchayat, PS. Kaliachak.

Out of 7 FIR named accused, 2 persons have been arrested. Remaining accused parsons have left the area and are absconding. Vigorous attempts have been launched to apprehend them. Investigation in this case is proceeding under the supervision of senior police officers.

## STATEMENT UNDER RULE — 346

**Mr. Speaker :** All the statements will be circulated.

Now, the chief Minister will make a statement under Rule 346 on the postponement of Panchayat Elections in the Hill areas of Darjeeling.

(Noise from the Congress (I) Benches)

**Shri Jyoti Basu :**

Mr. Speaker, Sir,

The General council of the Darjeeling Gorkha Hill Council in its meeting held on the 24th February 1994 took a resolution to move the

State Government to re-examine the question of holding elections to the two-tiers of Panchayats in the hill areas namely the Gram Panchayats and the Panchayats Samities due to be held on the 17th April, 1994. In the areas under the Darjeeling Gorkha Hill Council, substantial portion of the lands are comprised in forest, tea gardens and defence establishments which are outside the purview of the Panchayat bodies and as such in the opinion of the Council the scope of effective coverage of the population and subject matters of these Panchayat bodies would be very limited. The DGHC in its deliberations pointed to the special situation and circumstances in the hill areas as well as the special status and importance of the Darjeeling Gorkha Hill Council and requested that Panchayat elections may be deferred for the time being so that the connected issues and their implications could be reviewed.

After a detailed discussion between the chief Minister and the Chairman, Darjeeling Gorkha Hill Council, and having regard to certain issues raised by the Chairman, pertaining to the functioning of the Council vis-a-vis Panchayats, the State Government decided to defer the Panchayat election in the hill areas so that the matters raised by the DGHC could be examined in details. The Chairman and his colleagues agreed in principle to the panchayat system, but wanted discussions on the issues raised by them before holding the panchayat elections. Municipal elections in the hill areas will, however, be held, as scheduled.

**Mr. Speaker :** This will also be circulated.

## LAYING OF RULES

**The West Bengal Panchayat (Gram Panchayat Miscellaneous Accounts and Audit Rules, 1990.**

**Dr. Surya Kanta Mishra :** Sir, I beg to lay the West Bengal Panchayat (Gram Panchayat Miscellaneous Accounts and Audit) Rules, 1990 published under Notification No.473/1/Panch/1R-1/91 dated the 2nd September, 1991.

**The West Bengal Commission for Backward Classes Rules, 1993.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the West Bengal Commission for Backward Classes Rules, 1993 published under Notification No.604-TW/EC dated the 25th November, 1993.

**Amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958.**

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your permission, I beg to lay the Amendments to the West Bengal Industrial Disputes Rules, 1958, published under Notification Nos.1806-IR dated the 12th November, 1993 and 1807-IR dated the 12th November, 1993.

## MENTION CASES

[12-50 – 1-00 P.M.]

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া জেলার উলুবেড়িয়ার রবীন্দ্র ভবনটির অবস্থা অত্যন্ত শোচনীয়। বিশ্বকবি রবীন্দ্রনাথের জন্ম ও মৃত্যু দিবসকে ছোট-ছোট ছেলেমেয়েরা মিছিল ও বিভিন্ন অনুষ্ঠানের মধ্যে দিয়ে পালন করে এবং বিশ্বকবি রবীন্দ্রনাথকে স্মরণ করে। কিন্তু উলুবেড়িয়ার রবীন্দ্র ভবনটি দীর্ঘ ২০ বছর হল, কিন্তু আজও পর্যন্ত তার কোনও সংস্কার করা হল না। যে কোনও মূহুর্তে ঐ রবীন্দ্র ভবনটি পড়ে যাওয়ার সম্ভাবনা আছে। লক্ষ লক্ষ টাকা খরচ করে ঐ ভবনটি নির্মাণ করা হয়েছিল। হাওড়া জেলার মানুষের মর্যাদা এবং বিশ্বকবির মর্যাদা মন্ডিত ঐ রবীন্দ্র ভবনটিকে সংস্কার করবার জন্য আমি দাবি জানাচ্ছি।

**শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** মিঃ স্পিকার স্যার, আমার এলাকার একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমড়দহ স্বাস্থ্যকেন্দ্র এবং বারগড়চুমুখ স্বাস্থ্যকেন্দ্র একটাও ডাক্তার ও নার্স নেই। আমড়দহ স্বাস্থ্যকেন্দ্র আছে কিছু গরু, ছাগল এবং বারগড়চুমুখ স্বাস্থ্যকেন্দ্র কিছু সি. পি. এম ক্যাডার বাস করে। আমি এই ব্যাপারটা দায়িত্ব নিয়ে বলছি, আজকে এই ব্যাপারে মানুষের মনে প্রশ্ন দেখা দিচ্ছে। খোদ কলকাতায় বেলেঘাটার একটা স্বাস্থ্যকেন্দ্র একটি যাত্রাদলের ম্যানেজার থাকে। আমার বক্তব্য হয় ঐ হাসপাতালগুলো তুলে দিন, নইলে কিছু একটা ব্যবস্থা করুন।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে মাধ্যমিক শিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় উপস্থিত আছে। আমি একটা বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ১৭ই মার্চ থেকে পশ্চিমবাংলায় প্রায় পাঁচ লক্ষাধিক ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষা দেবেন। এই মাধ্যমিক পরীক্ষা যাতে ছাত্র-ছাত্রী সুষ্ঠভাবে দিতে পারেন, সেইজন্য কিছু আগাম ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি অনুরোধ জানাচ্ছি। প্রথমতঃ পরীক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্থে পরিবহনের যাতে সুষ্ঠ ব্যবস্থা হয় তার জন্য আগাম উদ্যোগ নেওয়া। দ্বিতীয়ত রেল চলাচলের ব্যাপারটা কাল মান্নান সাহেব বলেছিল। রেল চলাচলে যাতে কোনও রকম বিঘ্ন না ঘটে, সেই ব্যাপারে রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে আগাম ব্যবস্থা নেওয়া। তৃতীয়ত মেরামতের নাম করে

বিদ্যুত ব্যবস্থার যাতে কোনও রকম বিঘ্ন না ঘটে সেই ব্যাপারে দেখা এবং চতুর্থত বাস চলাচলে বিঘ্নকারী কোনও রকম আন্দোলন যাতে না হয় তার ব্যবস্থা করতে হবে।

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে নগরোন্নয়ন এবং পরিবহন দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দ্বিতীয় হুগলি সেতু তৈরি করতে ১৬ বছর সময় লাগল এবং দু'বছর হল সেটা চালুও হয়ে গেল, কিন্তু দুঃখের বিষয় হচ্ছে রাস্তাঘাট তৈরি করার জন্য সেখানে অসংখ্য মানুষকে বাস্তুচ্যুত করা হল, তাদের এলাকা থেকে বিতাড়িত করা হল। কিন্তু আজও পর্যন্ত সেই কোনও বাই-পাস রাস্তাটি তৈরি হল না। ফলে দ্বিতীয় হুগলি সেতুর মূল কাজ সম্পন্ন হচ্ছে না। আন্দুল রোড দিয়ে সেখানে গাড়ি চালানো হচ্ছে এবং সেখানে খুব অ্যাক্সিডেন্ট হচ্ছে এবং সেখানে রাস্তা প্রায়ই ট্রাফিক জ্যাম থাকছে। অবিলম্বে কোনও বাইপাস চালু করার দাবি আমি জানাচ্ছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন কেন্দ্রীয় সরকার যে নতুন বাজেট এবারে রেখেছেন তার ফলে ভারতবর্ষে প্রায় তিন হাজার রোলিং মিল বন্ধ হবার মুখে এবং এর সাথে পাঁচ লক্ষ লোক জড়িত। মূল্য অনুপাতে ১৫ পারসেন্ট অন্তশুল্ক চালানো হয়েছে এবং বিক্রয়কর কমিয়ে দেওয়া হয়েছে। ফলে ছোট ছোট স্টীল প্ল্যান্টগুলি এবং রোলিং মিলগুলি আজকে বন্ধ হবার মুখে। এই বাজেটের ফলে তারা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সারা ভারতবর্ষে ছোট ছোট ইন্ডাস্ট্রির মালিকরা তারা এর প্রতিবাদ করেছে। আমাদের পশ্চিমবাংলায় এই রকম ৩০০ মিল আছে, সেগুলোও আজকে বন্ধ হবার মুখে। তাদের অ্যাশোসিয়েশনের পক্ষ থেকে সরকারের কাছে অনুরোধ করা হয়েছে এই ব্যাপারে হস্তক্ষেপ করার জন্য। আমি আপনার মাধ্যমে এটা ভাববার জন্য অনুরোধ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কুচবিহার জেলা প্রাথমিক শিক্ষা পর্ষদে ব্যাপকহারে যে অনিয়ম এবং দুর্নীতির অভিযোগ পাওয়া গিয়েছে সেটা আপনি জানেন কিনা জানি না। অভিযোগ হচ্ছে, শিক্ষকদের যে গচ্ছিত মহিলার টাকা সেই টাকা ব্যয় করে নতুন পর্ষদ ভবন, তার দ্বারোদঘাটন করা হয়েছে ১৭ লক্ষ টাকা ব্যয় করে। সরকারি টাকা, শিক্ষকদের নামে বেশি করে সেই টাকা জমা পড়ছে এবং সেই টাকার ডাইভারশন হচ্ছে। সেখানে স্যার, ফাইনান্সিয়াল এমবারগো রয়েছে সেখানে শিক্ষা দপ্তর বা অর্থ দপ্তরের কোনও অনুমোদন তারা নিয়েছেন কিনা আমরা জানি না। চেয়ারম্যান সম্পর্কে অভিযোগ, তিনি এরোপ্লেনে যাতায়াত করেন এবং তার ট্যাক্সি ভাড়া এবং তেল খরচা লাগে মাসে মাসে ১০ হাজার টাকার মতন। এইভাবে সেখানে টাকা পয়সার অপচয় হচ্ছে। এইসব অভিযোগ আপনাদের কাছে আছে কিনা আমি জানি না, এ বিষয়ে তদন্ত করে দেখার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার নির্বাচনী কেন্দ্র ভরতপুর এবং

পাশের বড়এলাতে ব্যাপকহারে বোরো ধানের চাষ হয়। কিন্তু প্রত্যেকবারই আমরা দেখি যে খরার সময় জলস্তর নেমে যায় এবং জল না পাওয়ার জন্য মাঠের ধান শুকিয়ে যায়। তখন বাধ্য হয়ে সেচমন্ত্রীকে বলে ময়ূরাক্ষী থেকে জল নিয়ে আসতে কিন্তু যখন জল আসে তখন আর ধান বাঁচে না। এবারেও খরা শুরু হয়েছে, জল না পেলে সেই ধান শুকিয়ে যাবে। এই অবস্থায় আমার তাই অনুরোধ, ময়ূরাক্ষী ক্যানেল থেকে আগাম ব্যবস্থা করে সেখানে জল দেওয়ার ব্যবস্থা করা হোক।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মালদহ জেলা হাসপাতালে এক বেহাল অবস্থা চলছে। মালদহ জেলা হাসপাতালে প্রয়োজনের তুলনায় ডাক্তার বেশি কিন্তু সেখানকার বেশিরভাগ ডাক্তার বেশিরভাগ সময় নার্সিং হোমগুলিতে কাজ করেন, হাসপাতালে তারা কোনওরকম কাজকর্ম করেন না। আমরা জানি, কিছুদিন আগে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে সরকারি মদতপুষ্ট ডাক্তারদের হাতে হেনস্তা হতে হয়েছিল। স্যার, সেখানে ডাক্তাররা কাজ না করার জন্য তাদের বদলি করা হয়। হাসপাতালের ডি. এম. ও. যখন তাদের কাছে সেই অর্ডারটা পাঠান তখন ডাক্তাররা ২রা মার্চ বেলা ১১টার সময় ডি. এম. ও. কে কর্মরত অবস্থায় তুলে নিয়ে গিয়ে মারধোর দেয় তাকে ৮ ঘন্টা ঘরে আটকে রাখে, তার মুখে থুতু ছিটিয়ে, সেটা কেন হয়েছে এবং তাদের বদলি করার কাগজ প্রত্যাহার করতে হবে। ডি. এম. ও. তাতে রাজি না হওয়ায় তাতে মারধোর করা হয়। স্যার, যে ডি. এম. ও. সুষ্ঠুভাবে কাজ করতে চান তাকে রাজনৈতিক মদতপুষ্ঠ ডাক্তাররা এইভাবে হেনস্থা করেছেন। সেখানে ১৪ জন ডাক্তারের নামে এফ. আই. আর করা হলেও একজনকে অ্যারেস্ট করা হয়নি। অন্য দিকে ঐ ডি. এম. ও কে অন্যায়ভাবে ট্রান্সফার করে দেওয়া হয়েছে। যে ডি. এম. ও সুষ্ঠুভাবে কাজ করতে চায় তাকে পুনরায় মালদহে ফিরিয়ে আনা হোক।

**(মিঃ স্পিকার পরবর্তী বক্তার নাম ডাকায় এই সময় মাইক বন্ধ হওয়া যায়)**

**শ্রী রাইচরণ মাঝিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া তারকেশ্বর রেল লাইনের একশো বছর পূর্ণ হলেও এবং আমরা বারবার দাবি জানানো সত্ত্বেও এই রেল লাইনকে ডবল লাইনে রূপান্তরিত করা হয়নি। গত ১৫ বছর তারকেশ্বর-এর সঙ্গে বর্ধমান, মেদনীপুর, বাঁকুড়া জেলার প্রায় ৪০টি বাসরুটের সংযোগ হয়েছে ফলে লক্ষ লক্ষ প্যাসেঞ্জার এই তারকেশ্বর লাইন দিয়ে যাতায়াত করছেন। তা ছাড়া স্যার, আপনি জানেন, তারকেশ্বর একটি তীর্থসংস্থান হওয়ায় এবং এর জনপ্রিয়তা বাড়ায় লক্ষ লক্ষ প্যাসেঞ্জার সারা বছর ধরে এই লাইন দিয়ে যাতায়াত করেন। রেল কর্তৃপক্ষ এই লাইনটি সম্পর্কে সম্পূর্ণ উদাসীন। আপনার মাধ্যমে তাই স্যার, রেল মন্ত্রকের কাছে দাবি জানাচ্ছি অবিলম্বে তারকেশ্বর রেল লাইনকে ডবল লাইনে রূপান্তরিত করা হোক।

[1-00 - 1-10 p.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকার মধ্যে ইস্টার্ন স্ন্যাক্স ফুড কোম্পানিরা গত ২৮ তারিখ থেকে বন্ধ হয়ে আছে। এর ফলে কয়েক শত শ্রমিক সেখানে বেকার হয়ে পড়েছে। এই ইস্টার্ন স্ন্যাক্স ফুড কোম্পানির মালিক তিনি শুধু এই কারখানার মালিক নন, তিনি পশ্চিমবাংলার আরও অনেক কারখানার মালিক। বেঙ্গল ল্যাম্পের একজন সাধারণ করণিক থেকে আজকে তিনি এত কারখানার মালিক হয়েছে। তার সমস্ত কারখানার জন্য ডবলিউ. বি. এফ. সি., ডবলিউ. বি. আই. ডি. সি. থেকে ব্যাপকভাবে লোন নিচ্ছেন, লোন নিয়ে কারখানা খুলছেন কারখানার শ্রমিকদের ন্যূনতম মজুরি দিচ্ছেন না এবং তারপর কারখানা তুলে দিয়ে পশ্চিমবাংলা থেকে পালিয়ে যাবার চেষ্টা করছেন। এই ইস্টার্ন স্ন্যাক্স ফুড কোম্পানির মালিককে গ্রেপ্তার করা হোক। এই মালিকের নাম শুভব্রত বোস, চন্দন বোস নামে পরিচিত, তিনি আমাদের মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর পুত্র বলে তাকে গ্রেপ্তার করা হচ্ছে না। সুতরাং এই চন্দন বোসের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হোক।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে ডঃ দাসগুপ্তের দৃষ্টি আকর্ষণ করছি। উত্তরবঙ্গের ভয়াবহ বন্যার পর ডঃ দাসগুপ্ত উত্তরবঙ্গে গিয়েছিলেন এবং বলেছিলেন যে রেস্টোরেশনের কাজে কোনও টাকার অভাব হবে না। বলা হয়েছিল এফ. ডি. আর. এর টাকায় কাজ হবে। এখন যদিও জেলা পরিষদের মাধ্যমে কিছু কাজকর্ম হচ্ছে, কিন্তু জওহর রোজগার যোজনায় অতিরিক্ত টাকা দেবার কথা ছিল তা দেওয়া হল না। রাজ্য সরকার বলেছিলেন রেস্টোরেশনের কাজ বন্ধ হবে না। ন্যাশনাল হাইওয়ের যা ক্ষতি হয়েছে গত বন্যায়, ন্যাশনাল হাইওয়ের পার্মানেন্ট রেস্টোরেশনের জন্য যদি টাকা না আসে, টাকা যদি না দেওয়া হয় তাহলে আগামী মরশুমে সর্বনাশ হয়ে যাবে। ইতিমধ্যেই টোটাপাড়াতে বৃষ্টি শুরু হয়ে গেছে। ডঃ দাসগুপ্ত এখানে আছেন, তিনি এই সম্পর্কে কিছু বলুন, এফ. ডি. আর. এর টাকা পাঠান এবং যুদ্ধকালীন জরুরি ভিত্তিতে পার্মানেন্ট রেস্টোরেশনের ব্যবস্থা করুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি জরুরি বিষয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, তিনি এই বিষয়ে যে কোনওদিন বিবৃতি দেবেন সভায় এসে। মধ্য কলকাতায় ডাঃ বি. সি. রায় ডায়গনস্টিক অ্যান্ড রিসার্চ ল্যাবরেটারি পলিক্লিনিক—একটা চিকিৎসা ব্যবস্থা আছে, সেখানে লেটেস্ট পোজিশন হচ্ছে, সেখানে ১৫টি বিভাগ আছে সার্জিকাল, অর্থপেডিক, ডায়েবেটিক, আইনি, স্কিন, ডেন্টাল ইত্যাদি এই দশমী বিভাগের মধ্যে চারটিতে কোনও ডাক্তার নেই। স্বাস্থ্য বিভাগের কাছে বারবার বলা হয়েছে। সেখানকার এক্সরে মেশিন খারাপ, ই. সি. জি. মেশিন খারাপ। সুতরাং সেখানে যদি ডাক্তার দিয়ে এবং সমস্ত অ্যামিনিটিজ দিয়ে আউট ডোর বিভাগকে চালু করা যায় তাহলে কলকাতার হাসপাতালগুলোতে চাপ অনেক কমে যায়। বি. সি. রায় পলিক্লিনিককে সুন্দরভাবে চালু করা যেতে পারে এবং মানুষ

এর ফলে উপকৃত হতে পারে। এই সম্পর্কে আশা করি স্বাস্থ্য মন্ত্রী বিধানসভায় এসে তাঁর বিবৃতি তিনি দেবেন।

**শ্রী প্রশান্তকুমার প্রধান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মেদিনীপুর জেলার দিঘা—মেচেদা রুটে ২২টি বাস ৪৪টি টাইমিংস-এ চলাচল করে। কিন্তু গত কয়েক মাস এ বাস চলাচল বন্ধ হয়ে গেছে। সব বাস মালিকই চাইছে হাওড়া বা কলকাতা পর্যন্ত এক্সটেনশন নিয়ে বাস চালাতে। এক শ্রেণীর মানুষ এই চক্রান্তের সঙ্গে জড়িত আছে। ফলে ওখানে হাজার হাজার মানুষের তা সুবিধা ভোগ করতে হচ্ছে। এ ক্ষেত্রে আমার পরিবহন মন্ত্রীর কাছে নির্দিষ্ট প্রস্তাব হচ্ছে—এই রুটে সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনের বাসগুলির দিঘা ডিপোর ৪/৫টি বাসকে দিঘা থেকে মেচেদা পর্যন্ত চালানো হোক এবং হলদিয়া ডিপোর ৪/৫টি বাসকে দিঘা, এগরা, ভায়া ভগবানপুর চালানো হোক। এই ব্যবস্থা করার জন্য আমি মাননীয় পরিবহন মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষন করছি। স্যার, প্রায় দেড়শো বছর আগে থেকে এক শ্রেণীর হরিজন ইউ. পি., বিহার থেকে কলকাতা এবং সারা পশ্চিম বাংলায় এসে বসবাস করছেন। তাঁরা বিভিন্ন মিউনিসিপ্যাল কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিতে নর্মদা পরিষ্কার, ঝাড়ু দেওয়া এবং নাইট সয়েল পরিষ্কারের কাজে যুক্ত আছেন। বিভিন্ন দুর্বল শ্রেণীর প্রায় ১ লক্ষর ওপর হরিজন মানুষ বর্তমানে পশ্চিমবঙ্গে আছেন। এরা সকলে হেলা, রাউত, বাল্মীকি, বাসফার, ধনুক প্রভৃতি সম্প্রদায়ের হরিজন। স্যার, সব চেয়ে দুঃখের বিষয়ে হচ্ছে এই সম্প্রদায়গুলি পশ্চিমবঙ্গে শিডিউলড কাস্ট লিস্টের মধ্যে স্থান পায়নি। ফলে এই সম্প্রদায়ের মানুষরা হরিজন। স্যার, সব চেয়ে দুঃখের বিষয় হচ্ছে এই সম্প্রদায়গুলি পশ্চিমবঙ্গে শিডিউলড কাস্ট লিস্টের মধ্যে স্থান পায়নি। ফলে এই সম্প্রদায়ের মানুষরা বিভিন্ন ক্ষেত্রে চাকরির জন্য দরখাস্ত করার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন। এই সম্প্রদায়গুলি পশ্চিমবঙ্গে মেথর বলে পরিচিত ছিল। মেথর শব্দটি বা সম্প্রদায়কে লিস্ট থেকে তুলে দেবার ফলে চাকরির দরখাস্ত করার সুযোগ থেকে এঁরা বঞ্চিত হচ্ছেন। এই অবস্থায় আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি পশ্চিমবঙ্গ সরকারের শিডিউলড কাস্ট লিস্টে এই সম্প্রদায়গুলির নাম তোলা হোক। এবং এই সম্প্রদায়ের মানুষদের চাকরির দরখাস্ত করার সুযোগ দেওয়া হোক।

[1-10 – 1-20 p.m.]

**শ্রী তপন হোড় ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় বিদ্যুতমন্ত্রীর আকর্ষণ করছি। বোলপুর শান্তিনিকেতন এলাকায় ব্যাপক লোড-শেডিং শুরু হয়ে গেছে। এদিকে উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক পরীক্ষা আসন্ন। উচ্চ-মাধ্যমিক পরীক্ষা আগমী ৫ এপ্রিল থেকে শুরু হবে। সুতরাং একটা বিপদজ্জনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ফ্রিকোয়েন্সি লাইনের জন্যই এই লোডশেডিং চলছে। এ ব্যাপারে আশু ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় মন্ত্রী

মহাশয়ের কাছে দাবি জানাচ্ছি।

**শ্রী অজয় দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আজকে বিশেষ করে যারা হস্তচালিত তাঁত শিল্পের সঙ্গে যুক্ত আছে সেই সমস্ত তন্তু শিল্পীরা চরম সঙ্কটের মধ্য দিয়ে চলেছে। বিশেষ করে আমার নির্বাচনী এলাকার শান্তিপুর শহর, নদীয়ার নবদ্বীপ, চাকদা, রাণাঘাট, সমুদ্রগড়, ধাত্রীগ্রাম এবং হুগলির বেগমপুর সহ বিভিন্ন এলাকার কয়েক লক্ষ তন্তুজীবী চরম সঙ্কটের মধ্য দিয়ে চলেছে। সুতোর যে মূল্যবৃদ্ধি ঘটেছে এবং যেভাবে ঘটছে এবং যেভাবে ঘটছে তাতে রাজ্য সরকারের একটা বিশেষ ভূমিকা আছে। একশ্রেণীর কলকাতার বড়বাজারের ব্যবসাদাররা এই সুযোগ নিয়ে ফাটকাবাজি শুরু করেছে। পুজোর পর থেকে আজ পর্যন্ত প্রতি মোড়ায় ৪।৫ টাকা করে দাম বেড়েছে। এরজন্য রাজ্য সরকারের পক্ষ থেকে বিভিন্ন জেলায় জেলায় ওয়্যারহাউসের মাধ্যমে সুতো গুদামজাত করে প্রকৃত তন্তুজীবীদের কাছে ন্যায্য মূল্যে পৌঁছে দেবার ব্যবস্থা করুন।

**শ্রী দেবেন্দ্রনাথ বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকার তুফানগঞ্জ হলে বালাভূত পর্যন্ত পি. ডব্লু. ডি রাস্তা যার দৈর্ঘ্য ১৪ কিলোমিটার—১৩ কিঃ মিঃ পাকা, ১ কিলোমিটার গ্র্যাভেল রাস্তা। ১৯৬৫ সালে উক্ত রাস্তাটি নির্মিত। অদ্যাবধি সংস্কার না হওয়ার দরুন ও অপ্রশস্থ হওয়ায় যে কোনও সময়ে দুর্ঘটনা হবার আশঙ্কা রয়েছে। রাষ্ট্রীয় পরিবহনের বাস ২২টি ট্রিপ ও মিনিবাস ৬টি ট্রিপ দৈনিক দেয়। তাছাড়া বালাভূত সীমান্তবর্তী ও বি. এস. এফ ক্যাম্প থাকায় ভ্যান, রিক্সা, ঠেলা প্রভৃতি যানবাহন চলাচলের খুবই অসুবিধা। অবিলম্বে রাস্তাটি মেরামত ও প্রশস্থকরণ না হলে যে কোনও সময়ে দুর্ঘটনা ঘটতে পারে। তাই অবিলম্বে মেরামত ও প্রশস্থ করার দাবি জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই চলতি অধিবেশনে মাননীয় সেচমন্ত্রী এই হাউসে কথা দিয়েছেন ১ মাসের মধ্যে কেলেঘাই এবং কপালেশ্বীর সংস্কারের পরিকল্পনা টেক্‌নিক্যাল অ্যাপ্রুভাল নিয়ে ৬ মাসের মধ্যে কাজ শুরু করবেন যদি গঙ্গা ফ্লাড কন্ট্রোল অবজেকশন না দেয়। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে আছেন। মাননীয় সেচমন্ত্রী ছিলেন, এখনই চলে গেলেন। ৬টি ব্লকের প্রায় ১৪ লক্ষ মানুষের কেলেঘাই ও কপালেশ্বরী সংস্কার না হওয়ার ফলে প্রতি বছর কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়ে যাবে এবং জীবনহানি ঘটছে। আমি অনুরোধ করছি, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই বিষয়ে কি উদ্যোগ নিয়েছেন আগামী বাজেটে এবং মাননীয় সেচমন্ত্রী এই হাউসে যে কথা বলেছিলেন যে ১ মাসের মধ্যে টেকনিক্যাল অ্যাপ্রুভাল নিয়ে এই পরিকল্পনার কাজ শুরু করবেন সেটা আজকে কোন পর্যায়ে আছে তা জানানোর দাবি জানাচ্ছি।

**শ্রী বিশ্বনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই ব্যাপারে গতকাল মাননীয় বিদ্যুতমন্ত্রীকে লিখিতভাবে অভিযোগ করেছি। মুর্শিদাবাদ জেলায় মেসার্স লাইট অ্যান্ড ইঞ্জিনিয়ার নামের সংস্থার এক কনট্রাক্টর আমার নির্বাচনী এলাকার কয়েকটি মৌজায় ওয়ার্ক অর্ডার পায়। ইলেকট্রিকের প্রায় সাড়ে ১৪ লক্ষ টাকার মালপত্র সে নেয়। কিন্তু দপ্তরের কাছ থেকে টাকা পায় এই অজুহাত দেখিয়ে কাজ করছে না। বারবার ঐ সংস্থাটিকে বলা সত্ত্বেও সে কাজ করতে রাজি হচ্ছে না। মালপত্র নিয়ে অন্য জায়গায় বড় কন্ট্রাক্টরের কনট্রাকে কাজ করছে।

আমি গতকাল মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে কথা বার্তা বলেছি। আজকে এই সভায় বলছি। এই দুর্নীতিপরায়ণ কনট্রাক্টরের অবিলম্বে শাস্তি হওয়া দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কেন্দ্র একটা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র—ইন্দ্রপাল স্বাস্থ্যকেন্দ্র—সেই স্বাস্থ্যকেন্দ্র গত ২ বছর ধরে কোনও ডাক্তার নেই। দুজন ডাক্তার, ৭ জন নার্স এবং ১৬টি বেড এ' হাসপাতালে আছে, কিন্তু দু'বছর হল কোনও ডাক্তার নেই। গত বিধানসভায় এ কথা বলেছি। মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর কাছে আবেদন করেছি, তা সত্ত্বেও দু-বছর কোনও ডাক্তার নেই। এ এলাকার মানুষের একটা অসহায় অবস্থায় সৃষ্টি হয়েছে। আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে ওখানে যেন অন্তত একজন ডাক্তার পাঠাবার ব্যবস্থা করেন।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, একটা অত্যন্ত উদ্বেগের ঘটনা। গত ২৮শে ফেব্রুয়ারি বিজনেস স্ট্যান্ডার্ড পত্রিকায় সরকারি জুট মিল বিক্রি করে দেওয়ার বিজ্ঞাপন বেরিয়েছে। আমার দুর্ভাগ্য একটা জুট মিল আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে পড়ে। ইতিমধ্যে পরিকল্পিতভাবে শ্রমিক সংখ্যা কমিয়ে দেওয়া হয়েছে, বেসরকারি হলে আরও শ্রমিক কমে যাবে। ফলে ছাঁটাই শ্রমিকদের পরিবারই শুধু ক্ষতিগ্রস্ত হবে না, আমার এলাকার অর্থনীতিও ক্ষতিগ্রস্ত হবে। চটকলের ব্যবসায় লাভ, সেই সরকারি চটকল বিক্রি করে দেওয়ার সিদ্ধান্ত একটা প্রতিক্রিয়াশীল সিদ্ধান্ত, আমি একটা মৌলিক প্রশ্ন করতে চাই, কার সম্পত্তি কে বিক্রি করে? আপনি জানেন স্যার, এই সম্পত্তিটা মূলতঃ জনগণের, জনগণের রক্ত জল করা টাকা, এটা কংগ্রেসের পৈত্রিক সম্পত্তি নয়, জনগণের এই সম্পত্তি বিক্রি করে দেওয়া হচ্ছে।

**শ্রী সৌগত রায় ঃ** (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠঃ** স্পিকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজকে সংবাদপত্রে আছে যে উত্তর ২৪ পরগনার মানুষ তো একেই গুলি খাচ্ছে বারাসতে গুলি খেয়েছে। আবার কুকুর কামড়ে শেষ হয়ে গেল। হাজার হাজার লোক

হাসপাতালে যাচ্ছে কুকুরে কামড়ানোর কোনও ওষুধ নেই এবং কোনও রক্ষা জীবনদায়ী ওষুধও হাসপাতাল থেকে পাওয়া যাচ্ছে না। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট মহাশয় এই কমিটির চেয়ারম্যান, আমি তাঁর কাছে চিঠি লিখেছি এবং চিঠিতে পরিষ্কারভাবে সব অসুবিধার কথাগুলি বলেছি যে উত্তর ২৪ পরগনার প্রতিটি হাসপাতালে লক্ষ লক্ষ মানুষ কুকুরে কামড়ানোর ওষুধ পাচ্ছে না, ওরা পরিষ্কার বলে দিচ্ছে যে কুকুরে কামড়ানোর ওষুধ দেওয়া হয় না। তাই আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের অন্যতম গুরুত্বপূর্ণ রাস্তা, মন্তেশ্বরের মাঝের গ্রাম-মালম্বার রাস্তা, চরম দুর্দশার সম্মুখীন হয়েছে। বাস মালিকরা স্থায়ীভাবে বাস বন্ধ করে দেবার সিদ্ধান্ত নিয়েছে। রাস্তায় বাস প্রায়ই বন্ধ থাকে। দেখে মনে হয় কোনও অ্যাবান্ডান্ড, পরিত্যক্ত রাস্তা। পাকা রাস্তা কাঁচা রাস্তায় পর্যবসিত হয়েছে। আসন্ন মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ছাত্র-ছাত্রীদের অসুবিধায় পড়তে হবে। তাই অবিলম্বে জরুরি ভিত্তিতে রাস্তাটি সংস্কারের জন্য মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নদীয়া এবং মুর্শিদাবাদ জেলায় বি. এস. এফের অত্যাচার চরমে উঠেছে। বর্ধমান এবং বিহার থেকে যে সমস্ত গরুর ব্যবসায়ী গৌরাঙ্গ সেতু এবং বহরমপুর ব্রিজ দিয়ে ভাগিরথী পেরিয়ে হাঁটতে হাঁটতে গরু বিক্রি করতে যায় তখন নদীয়া এবং মুর্শিদাবাদ থেকে বি. এস. এফ.রা বর্ডার থেকে ৩০/৪০ কিলোমিটার ভিতরে নিয়ে গিয়ে ছবি তুলে প্রচার করছে যে বাংলাদেশের গরু পাচার হচ্ছে......

**(মাইক বন্ধ হয়ে যাওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন।)**

[1-20 – 1-30 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটি বিষয় নিবেদন করতে চাই। বিষয়টা হল, আমরা যখন বিধানসভায় আসি তখন ট্যাক্সি ড্রাইভারদের খেয়ালখুশির কারণে পাওয়া যায় না। ভাড়া যত বৃদ্ধি পাচ্ছে তাদের অত্যাচারও ততই বৃদ্ধি পাচ্ছে। আমি আজকে আসবার সময় দশটি ট্যাক্সির পর একটি ট্যাক্সি পেয়েছি। আমি মাননীয় পরিবহন মন্ত্রীকে ট্যাক্সিওয়ালাদের এই অত্যাচার বন্ধ করবার জন্য ব্যবস্থা গ্রহণের জন্য বলছি। আমাদের যদি এই ব্যাপারে বারবার কমপ্লেন করতে হয় তাহলে তো কতগুলো ছাপা কাগজ সঙ্গে করে বেরোতে হয়। আজকে আমাদের যখন এই অবস্থা তখন সাধারণ মানুষের কি অবস্থা সেটা সহজেই অনুমেয়। সেজন্য ট্যাক্সির সংখ্যা বৃদ্ধি করা হোক। বর্তমান এম. এল. এ হোস্টেল থেকে কাউকে দার্জিলিং মেল ধরতে হলে হেঁটে যেতে হয়, না হয় তো রিক্সায় যেতে হয়। মহিলা সঙ্গে থাকলে তো আরও খারাপ অবস্থা। দিল্লিতে ডাকলেই ট্যাক্সি পাওয়া যায়,

কিন্তু এখানে পাওয়া যায় না।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ কলকাতায় সাম্প্রতিককালে ভীষণ জলকষ্ট দেখা দিয়েছে। ওখানে দুটি জায়গা টালা পাম্পিং স্টেশন এবং গার্ডেনরীচ পাম্পিং স্টেশন থেকে জল আসে। এ-পর্যন্ত সেখানে গার্ডেনরীচ থেকে ১ কোটি ২০ লক্ষ গ্যালন জল আসছিল, হঠাৎ করে সেটা ৬০ লক্ষ গ্যালন করে দেওয়া হয়েছে। তার ফলে যে জল সরবরাহ হচ্ছে তাতে ভবানীপুর কালীঘাট অঞ্চলে জল পাওয়া যাচ্ছে না। কর্পোরেশন অথরিটি বলছেন যে, বেহালায় জল পাঠিয়ে দিচ্ছে বলে জলটা পাওয়া যাচ্ছে না। বেহালা সি. পি. এম-র শক্ত ঘাঁটি, সেখানে জল পাঠান, কিন্তু দক্ষিণ দলকাতায় ১ কোটি ২০ লক্ষ গ্যালন জল সরবরাহটা বহাল রাখা দরকার। গার্ডেনরীচ কর্পোরেশনের অধীন নয়, আবার ডেভেলপমেন্টের অধীন। আমি বলব, দক্ষিণ কলকাতায় গার্ডেনরীচ থেকে ২৪ ঘন্টা ১ কোটি ২০ লক্ষ গ্যালন জল দেওয়া হোক।

## LEGISLATION

### The West Bengal Sales Tax Bill, 1994

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to introduce the West Bengal Sales Tax Bill, 1994.

......(Secretary then read the title of the Bill).......

**Dr. Asim Kumar Dasgupta :** Hon'ble Members are aware that there are four Sales and Purchase Tax Laws in West Bengal. These are (1) The Bengal Finance (Sales Tax) Act, 1941, (2) The Bengal Raw Jute Taxation Act, 1941, (3) The West Bengal Sales Tax Act, 1954, and (4) The West Bengal Motor Spirit Sales Tax Act, 1974. The 1941 Act provides for the levy of multipoint tax on sale of goods in general except the sale on declared goods while the 1954 Act provides for the levy of tax on notified commodities at the first point of sale in West Bengal. The Bengal Raw Jute Taxation Act, 1941 levies purchase tax on purchase of raw jute by mills and shippers. The West Bengal Motor spirit Sales Tax Act, 1974 provides for the levy of tax at the first point of sale of motor spirits in West Bengal. The multiplicity of tax laws on sales or purchase of goods has been creating difficulties for both the tax payers and the authorities who administer these laws.

The Hon'ble Members may kindly recall that we have expressed our intentions more than once in this House to consolidate and unify the existing provisions of different tax laws into one and simplified tax law.

The work has taken us a few years time. Now I am happy to introduce a Bill, namely, the West Bengal Sales Tax Bill, 1994 which seeks to replace the existing provisions and the scheme of levy and collection of tax of the said laws into one unified frame.

In addition to such consolidation, a few new provisions are also sought to be incorporated in the Bill. For the new provisions, the Hon'ble Members may like to go through the relevant provisions incorporated in the Present Bill as the statement of Objects and Reasons. Incidentally, I may, with modesty, in form the Hon'ble Members that attempts have been made to present the provisions of law in a simplified manner. The Bill has been divided into 11 chapters. The provisions related to different subject matters, have been dealt with the diferent chapters with marginal notes in each clause. This, I believe, will be helpful not only to the Tax Authorities and Tax Lawyers but also to the tax payers. The Hon'ble Members are aware that the sales tax constitutes more than 60% of the State revenue. So, the present Bill is very important from revenue point of view of the State Government. Provisions of this Bill require to be considered very closely. I therefore, propose that the present Bill may be referred to a Select Committee of the House under Clause (ii) of rule 75 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly.

Sir, I beg to move that the West Bengal Sales Tax Bill, 1994 be referred to the Select Committee consisting of the following members.

1. Shri Lakshmi Kanta Dey.
2. Shri Partha De
3. Shrimati Anuradha (Dey) Putatunda
4. Shri Abul Hasnat Khan
5. Shri Amiya Patra
6. Shrimati Arati Dasgupta
7. Shri Bikash Chowdhury
8. Shri Jagadish Chandra Das
9. Shri M. Ansaruddin

10. Shri Rabin Deb
11. Shri Manindra Nath Jana
12. Shri Susanta Ghosh
13. Shri Kripa Sindhu Saha
14. Shri Kshiti Goswami
15. Shri Kamakshyanandan Das Mahapatra
16. Shri Satya Ranjan Bapuli
17. Shri Atish Chandra Sinha
18. Shri Sudip Bandyopadhyay
19. Shri Subrata Mukherjee

I would request you to nominate the Chairman of the Committee ith your instruction to submit the Report by the 30th April, 1994.

**Mr. Speaker:** I hereby nominate Dr. Asim Kumar Dasgupta to : the Chairman of the Select Committee.

**Resolution for Ratification of the Constitution (Seventy Sev-ıth Amendment) Bill, 1992.**

**Shri Benoy Krishna Chowdhury:**

Mr. Speaker Sir,

With your kind permission I beg to move the following resolution ɔr ratification by this Assembly for the constitution (Seventy-Seventh) ımendment) Bill, 1992 as passed by both the Houses of Parliament.

"That this House ratifies the amendment to the Constitution of ndia falling within the purview of Clause (a) of the proviso to clause 2) of Article 368 thereof, proposed to be made by the Constitution Seventy Seventh Amendment) Bill, 1992, as passed by the Houses of ʾarliament".

The constitution Amendment Bill seeks to insert a new sub-clause ınder clause (1) of Article 323-B providing for adjudication by Tribunals

of any disputes, complaints or offences with respect to rent, its regulation and control and tenancy issues including the right, title and interest of landlords and tenants. Sir, You are aware that a Model Rent Control Legislation has been prepared by the Govt. of India and circulated to the State Governments for amending their respective Rent Control Acts in line with the provisions made in the model legislation. In the Model Rent Control Legislation has been made for setting up of rent tribunals for speedy disposal of disputes with regard to rent, tenancy and other disputes between the landlords and tenants. This constitution Amendment Bill seeks to empower the State Legislature to set up rent tribunals if considered expedient by the State Govt. This State Govt. has received a copy of the Model Rent Control Legislation and the question of framing a new premises Tenancy Act, to replace the existing West Bengal Premises Tenancy Act, 1956 is at present under consideration of the Govt. Hon'ble members are aware that due to delay in various Courts of law disputes regarding rent and tenancy matters drag on for years together bringing untold misery to both the tenants and the land lords. This State Govt. considers that trial of rent and tenancy disputes by tribunals will substentially lessen the time for settlement of these disputes and ameliorate the conditions of both the tenants and the landlords by making available quick justice at considerably lesser cost to the litigants. We, therefore, think that the present Constitution Amendment Bill, seeking to empower the State Legislature to set up tribunals for adjudication of rent and tenancy disputes under article 323B of the constitution, is a step in the right direction.

Mr. Speaker Sir, I therefore seek co-operation of all the esteemed members of the Assembly through you and move that resolution ratifying the Constitution (Seventy-seventh) (Amendment) Bill, 1992 be adopted by this Assembly.

[1-30 – 1-40 p.m.]

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংবিধানের ৭৭তম সংশোধনে ৩২৩বি ধারার যে সংশোধন হয়েছে, তার র‍্যাটিফিকেশনের জন্য যে প্রস্তাব মাননীয় মন্ত্রী বিনয় চৌধুরি মহাশয় নিয়ে এসেছেন, আমি সেই প্রস্তাবকে সমর্থন করছি। এটি ২৫শে আগস্ট, '৯৩তে লোকসভায় এবং ২৬শে আগস্ট, '৯৩তে রাজ্যসভায় পাস হয়েছে। সংবিধানের নিয়ম অনুযায়ী রাজ্য বিধানসভাগুলোতে এর র‍্যাটিফিকেশন দরকার, তারজন্যই এই প্রস্তাব এসেছে। এটি লোকসভা এবং রাজ্যসভায় যখন নিয়ে আসা হয়েছিল, ৭৭তম সংবিধান সংশোধনীতে যখন

এটি নিয়ে আলোচনা হয়েছিল তখন দলমত নির্বিশেষে সবাই এটিকে সমর্থন করেছেন এবং টু-থার্ড মেজরিটিতে ইউন্যানিমাসলি এটি লোকসভা এবং রাজ্যসভায় পাস হয়েছে। এতেই বোঝা যাচ্ছে যে সংশোধন কতখানি জরুরি ছিল। ১৯৯২ সালে মার্চ মাসে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং বিভাগীয় মন্ত্রীরা যখন দিল্লিতে বৈঠক করেছিলেন তখন তাঁরা সংবিধান সংশোধনের গুরুত্বটা অনুভব করেছিলেন এবং এই বিল আনার গুরুত্বটা বুঝেছিলেন। কলকাতায় আমরা যেটা দেখছি, বর্তমানে রেন্ট কন্ট্রোল সিস্টেম যেটা রয়েছে, তাতে বহু কেস পেন্ডিং রয়েছে। স্যার, আপনি একজন ল'ইয়ার, আপনি জানেন যে, বহু কেস আদালতে কুড়ি বছর ধরে চলছে। যার ফলে কলকাতা এবং আশপাশের এলাকার মানুষ একদিকে যেমন ভাড়া দিতে ভয় পান, তেমনি কোনও আমলে খুব অল্প পয়সায় ভাড়া নিয়ে দেখা যায় ভাড়াটিয়ারা রয়েছে। মালিক চাইছেন ল্যান্ড লর্ড চাইছেন কি করে আইনের আশ্রয় নিয়ে ভাড়াটিয়াকে তুলে দেওয়া যায়। কোনও এলাকায়, বিশেষ করে বস্তিতে দেখা যায় আগুন লাগিয়ে দিয়ে ভাড়াটিয়াকে তুলে দেবার ষড়যন্ত্র হয়, অন্যপথে তুলে দেবার ব্যবস্থা নেওয়া হয়। আবার এও দেখা যায় যে ভাড়াটিয়া যেখানে থাকেন, সেখানে রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা ল্যান্ড লর্ড নেন না। এমন কি ভাড়াটিয়া যারা আছে তারা বাসস্থান রক্ষণাবেক্ষণ বা মেরামতি করতে চান, সেখানে ল্যান্ড লর্ডরা ভাড়াটিয়া উচ্ছেদ করতে চান কিন্তু মেরামতি করার অনুমতি দেয় না। এর ফলে বহুক্ষেত্রে ভাড়াটিয়ারা ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং আদালতে কেস পেন্ডিং থাকার জন্য বছরের পর বছর কেস পেন্ডিং থাকছে। কোথাও বা ভাড়াটিয়ারা সুযোগ নিচ্ছে আবার কোথাও ল্যান্ড লর্ডরা সুযোগ নিচ্ছে। জাসটিস উডলেড হওয়াতে জাসটিস ডিনায়েড হয়ে যাচ্ছে। এইরকম অবস্থার মধ্যে একটা আতঙ্ক থেকে যাচ্ছে। এই বিলটি আসার ফলে যাতে করে এই কেসগুলো ৬ মাসের মধ্যে নিষ্পত্তি করা যায় তার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু তার মধ্যেও ত্রুটি আছে, যেমন স্টেট লেবেলে যে ট্রাইবুন্যাল আছে, সেই ট্রাইবুন্যালে যেতে পারেন। সেখানে যাওয়ার পরেও যদি তার রায় পছন্দ না হয় তাহলে হাইকোর্টে বা সুপ্রিম কোর্টে তার যাওয়ার অধিকার থেকে যাচ্ছে। তাহলে দেখা যাচ্ছে যে আইনটা করতে পারেন, সাজেশন দিতে পারেন কিন্তু সংবিধান সংশোধন করার অধিকার তার নেই। আইন প্রণয়ন করার অধিকারও তার নেই। সুতরাং অসুবিধার মধ্যেও এই প্রস্তাবের র‍্যাটিফিকেশনের মধ্যে দিয়ে ভাড়াটে এবং ল্যান্ড লর্ডদের প্রোটেকশন দেওয়া যাবে। উভয়পক্ষের যাতে সুবিধা হয় তা এই সংশোধনীর মধ্যে বলা আছে এবং আশা করি এর দ্বারা উপকার পাওয়া যাবে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কনস্টিটিউশনের '৭৭ অ্যামেন্ডমেন্ট র‍্যাটিফায়েড যেটি মাননীয় মন্ত্রী বিনা বাধায় উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। এই বিলটি অনেকদিন ধরেই আসবে আশা করেছিলাম এবং এই বিলের মাধ্যমে ভাড়াটে এবং মালিক এই উভয়পক্ষেরই স্বার্থ রক্ষা হবে। যদিও দেরিতে এসেছে তবুও এই বিলটি আসার জন্য সাধুবাদ জানাই। এই বিলে রেন্টের ট্রাইব্যুনাল অ্যাক্ট গঠন করার প্রস্তাব ১৯৯২ সালে করা হয়েছিল। সেই সময়ে ভারতবর্ষের সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী এবং বিভাগীয়

মন্ত্রীদের উপস্থিতিতে আলোচনাও হয়েছিল। সেখানে পার্লামেন্টে, রাজ্যসভাতে পাসও হয়ে গেছে। আমরা দেখছি দীর্ঘদিন ধরে বহু ভাড়াটে এবং মালিকদের কেস জমে আছে। তাদের কেস ফয়সলা হচ্ছে না। আমরা দেখেছি কোনও কোনও জায়গায় ভাড়াটে অল্প পয়সার ভাড়া দিয়ে ঘর ছাড়ছে না মালিকের অবস্থা খুবই খারাপ, হাইকোর্টে গিয়েও তার কেসের ফয়সলা হচ্ছে না। হাইকোর্টের কেসগুলো রেন্ট কন্ট্রোলের অফিসে গিয়ে সুবিচার পায় না, আটকে থাকে। রাজ্য সরকারকে যে এই রেন্টাল ট্রাইব্যুনাল গঠন করার অধিকার দেওয়া হল তাতে রাজ্য সরকার একটা রেন্ট কন্ট্রোল পদ গঠন করবেন এবং সেখানে হাইকোর্টের উপযুক্ত আজকে চেয়ারম্যান হিসাবে নিযুক্ত করে তার সঙ্গে দু-তিনজন সদস্য দিয়ে একটি কমিটি গঠন করা হবে। তারাই বিচার করবেন।

[1-40 – 1-50 p.m.]

এবং ন্যাশনাল স্তরে এই কমিটি গঠন হবে, এখানে হাইকোর্টে যে ২২৬ এবং ২২৭ আছে সেটা প্রযোজ্য হবে না। একমাত্র ১৩৬ ধারায় সুপ্রীম কোর্টে করার অধিকার থাকবে। সেইজন্য এখানে যে বিল এসেছে, সেই বিলে উভয়ের স্বার্থ রক্ষা করা হবে। অনেক সময় আমরা দেখেছি বাড়ির মালিক ভাড়াটিয়ার কাছ থেকে প্রচুর সেলামি নেয়, আবার অনেক সময় দেখা যায় ভাড়াটিয়াকে উচ্ছেদ করার জন্য প্রচুর টাকা দিয়ে ছাড়িয়ে দেওয়া হয়, আবার এও আমরা দেখেছি অনেক সময় জোরজুলুম করে ভাড়াটিয়াকে উচ্ছেদ করা হয়। অনেক সময় বস্তি এলাকায় উচ্ছেদ করার জন্য আগুন লাগিয়ে দিয়ে বস্তি উচ্ছেদ করা হয়, সেই জন্য এখানে যে বিলটি এসেছে, এটাকে আমরা সমর্থন জানাচ্ছি এবং বিলটাকে সাধুবাদ জানাচ্ছি। এই বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী যে রেজলিউশন এনেছেন, কন্সটিটিউশন সেভেন্টি সেভেন অ্যামেন্ডমেন্ট, বিল ; আমি সেই রেজলিউশন সম্পূর্ণভাবে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। আমরা সবাই জানি যে ট্রাইব্যুনাল হচ্ছে স্টেট লেভেল রেন্ট ট্রাইব্যুনাল, এর আগেও অনেক সরকারি ট্রাইব্যুনাল আছে, কিন্তু যে উদ্দেশ্যে ট্রাইব্যুনাল করা অর্থাৎ লিটিগেশনের সময় অর্থাৎ তাড়াতাড়ি একটা কেসকে নিষ্পত্তি করার জন্য এটা করা হয়। কিন্তু বিভিন্ন ক্ষেত্রে যে উদ্দেশ্য নিয়ে সাধারণত ট্রাইব্যুনাল গঠন হয় সেটা সাধিত হয় না। ট্রাইব্যুনাল-এ দিনের পর দিন মাসের পর মাস কেসগুলি ঝুলে থাকে, যে কারণে ট্রাইব্যুনাল করা হচ্ছে, সেটাই কার্যকর করা হচ্ছে না। পরবর্তীকালে কন্সটিটিউশন অ্যামেন্ডমেন্ট হয়ে স্টেট লেভেলে রেন্ট ট্রাইব্যুনাল কে কে থাকবেন সেটা নিশ্চয় আমরা জানতে পারব। আজকে যে উদ্দেশ্যে এটা করা সেটার ব্যাপারে বলব, লিটিগেশনের সময় সংক্ষেপ করে সেটার ব্যাপারে তাকে বিশেষভাবে ভূমিকা দেখাতে বলব। মাননীয় সদস্য বলেছেন, জাস্টিস ডিলেইড জাস্টিস ডিনাইড ; আজকে যে উদ্দেশ্যে ট্রাইব্যুনাল আনা হচ্ছে সেটা হচ্ছে রেন্টের ব্যাপারে এবং প্রেমিসেস টেনেন্সি অ্যাক্টের ব্যাপারে কেন্দ্রীয় সরকার একটা

মডেল রেন্ট কন্ট্রোল বিল পেশ করেছেন এবং বিভিন্ন রাজ্যকে সেটা পাঠিয়েও দিয়েছেন এবং পশ্চিমবঙ্গ সরকারও সেটা পেয়েছেন যাতে মডেল রেন্ট কন্ট্রোল বিল পশ্চিমবাংলায় চালু হয় ও প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট সেটা যাতে পরিবর্তন করা হয়। এটা ঠিক বাড়ির মালিক এবং ভাড়াটিয়ার মধ্যে বিভিন্ন ব্যাপারে ঝগড়া হয় এবং বর্তমানে যে সমস্ত প্রভিসন আছে, দি ওয়েস্টবেঙ্গল প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট সেইগুলি সবই ভাড়াটিয়ার পক্ষে। এমন একটা অবস্থা হয়ে আছে পশ্চিমবাংলায় যে টেনেন্সি অ্যাক্টের ফলে ভাড়াটিয়ারা একবার ঢুকলে বংশ পরম্পরায় ভাড়াটিয়া থাকবে। একটা কেস করতে গেলে ২০।২৫ বছর লেগে যায় সেই কেসের নিষ্পত্তি হতে, ফলে সেই কেস আর নিষ্পত্তি হয় না। এতে ভাড়াটিয়া সুবিধা ভোগ করেন। আবার অনেক জায়গায় বাড়ির মালিকরাও অত্যাচার করেন সেটাও আমাদের নজরে আছে। সেইজন্য আমাদেরকে দুই পক্ষের মধ্যে একটা সামঞ্জস্য বিধান করতে হবে। এটা ঠিক, কিন্তু মাননীয় মন্ত্রী নিজে স্বীকারও করেছেন বাড়ির মালিক মানে বড়লোক বা বুর্জোয়া শ্রেণী নয়, এমন অনেক মালিকও আছেন যারা এই ভাড়ার উপরে নির্ভরশীল, সেইরকম বাড়ির মালিকদের দিকে তাকিয়ে দেখতে হবে, এমন একটা আইন যাতে করা যায়, যাতে দুইয়ের মধ্যে সামঞ্জস্য বিধান করা যায়, যাতে নূতন বাড়ির যারা নতুন ভাড়াটিয়া হবে তাদেরকে বাড়ির মালিকরা বাড়ি দিতে রাজি থাকেন, কুণ্ঠাবোধ যেন না করেন। পশ্চিমবঙ্গ সরকারের ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট বলে যে আইনটা আছে তাতে আছে ৮ বছর অন্তত ৫ শতাংশ ভাড়া বাড়বে।

আপনি ধরুন ৫০ টাকায় ভাড়া আছে কেউ, আট বছর পর বাড়ির মালিক আড়াই টাকা বেশি ভাড়া পাবে। এদিকে প্রতি বছর মূল্যবৃদ্ধি ঘটছে, কিন্তু আট বছর পর মাত্র আড়াই টাকা ভাড়া বাড়বে। এটা কি বাস্তব সম্মত ভাড়া বাড়া। সুতরাং এটার পরিবর্তন করা দরকার। বাস্তব অবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ করার জন্য আইন-প্রণয়ন করবার প্রয়োজনীয়তা আছে বলে আমরা মনে করি। তাই এই মডেল রেন্ট কন্ট্রোল বিলকে অনুসরণ করে ওয়েস্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট নতুন করে যত তাড়াতাড়ি সম্ভব নিয়ে আসার দরকার আছে। ভাড়াটিয়া ও মালিকদের মধ্যে যে অসামঞ্জস্য আছে সেটা দূর করার দরকার আছে। বর্তমানে যে রেন্ট কন্ট্রোল আছে রেন্ট কন্ট্রোল ভাড়াটিয়ারা টাকা জমা দিচ্ছেন এবং বহু টাকা রেন্ট কন্ট্রোলে জমা আছে। কিন্তু মালিকরা সময় মতো সেই প্রাপ্য টাকা পাচ্ছে না। রেন্ট কন্ট্রোল যে লক্ষ লক্ষ টাকা জমা পড়ে থাকে সেটা আদায় অত্যন্ত জরুরি সেই রেন্ট কন্ট্রোলের টাকা যাতে বাড়ির মালিকরা পান সেই ব্যাপারে উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, অনেক সময় আমরা শুনে থাকি, রেন্ট কন্ট্রোল গেলে, তারা বলেন আমাদের টাকা অ্যালটমেন্ট নেই। সরকার কি সেই টাকা অন্য কোনও খাতে ব্যবস্থা করছেন? যদি ব্যবস্থা করেন তাহলে সেটা অন্যায়। সেটা যাতে বাড়ির মালিকরা ফেরত পান সেটা দেখবেন এবং স্টেট লেভেলে রেন্ট ট্রাইব্যুনাল গঠন কিভাবে করবেন, না করবেন এবং সেই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের কি চিন্তাধারা আছে সেটা তিনি যখন উত্তর দেবেন

তখন বলবেন। মডেল রেন্ট কন্ট্রোল বিল অনুসারে যত তাড়াতাড়ি এটাকে পরিবর্তন ও পরিবর্ধন করার প্রয়োজন আছে বলে আমরা মনে করি এবং আজকে যে রেজলিউশন মন্ত্রী মহাশয় এনেছেন সেটাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত সদস্যদের কথা মন দিয়ে শুনছিলাম। আজকে যে প্রস্তাব আমি এই হাউসে উত্থাপন করেছি সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকার ভাড়াটিয়া ও মালিকদের সম্পর্কের ভিতর যে সমস্যা আছে সেটা দ্রুত নিষ্পত্তির জন্য এই আইনটা করেছেন। এবং ভারতবর্ষের যতগুলো রাজ্য আছে অন্ততপক্ষে অর্দ্ধেক রাজ্যে এটাকে র‍্যাটিফাই করার জন্য এটা এখানে নিয়ে আসা হয়েছে এবং এই রেজলিউশনটাও মুভ করে দিয়েছে সেন্টার থেকে। একজাগট ল ইয়ার হিসাবে তারা লিখে দিয়েছে। আপনারা সেই পুরানো মানুষ ভুপতি মজুমদারকে চেনেন। তখন এইসব বাটখারা, চুরি এই ব্যাপারে তিনি একটা কমিটি করেছিল এবং আমিও সেই কমিটির সদস্য ছিলাম। তিনি বলেছিলেন বাটখারার স্ট্যান্ডার্ড করবেন। আমি বলেছিলাম আপনি বাটখারার স্ট্যান্ডার্ড করবেন, কিন্তু সেটা ব্যবহার করবে তো মানুষ। সুতরাং মানুষের স্ট্যান্ডার্ড না হলে কি হবে। এখানে একটা কথা বলি, আপনারা জানেন ৩২২ (বি) লেবার ট্রাইব্যুনালে সেখানে এইরকম প্রভিসন আছে, আর ৩৬৮ সেখানে এটা আছে। পার্লামেন্টকে এমপাওয়ার করা হয়েছে।

[1-50 – 2-30 p.m. (including adjournment)]

কিন্তু আসলে যেটা অ্যামেন্ডমেন্ট করেছে সেটা হচ্ছে ৩২০(বি)। আর এটা হচ্ছে ১৪(এ) ট্রাইব্যুনাল। ৩২১(এ) অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল আর 'বি' টা হচ্ছে ট্রাইব্যুনাল ফর আদার। আর এখানে হচ্ছে কি, যেটা ছিল না সেই জিনিসগুলি এখানে ঢোকানোর জন্য করা হয়েছে। যেখানে এফ. জি হল, এখানে এইচ-টা হয়ে গেল আই এবং তারপর আই-টা হয়ে গেল জে। রিশিডিউল করে এ'ভাবে ইনসার্ট করে দেওয়া হল। আর অন্য যেগুলি আছে সে সম্পর্কে আমি আগেই বলেছি যে এটা তাড়াতাড়ি করা যায় না কারণ অনেক ব্যাপার আছে। দু/তিনটি ব্যাপার আমি হাড়ে হাড়ে জানি। আগে মনে হ'ত ভাড়াটিয়ারাই যত নির্যাতিত কিন্তু বর্তমানে অনেক জায়গায় দেখেছি বিশেষ করে আপনি যেখানে বাস করেন সেখান থেকে আরম্ভ করে শ্যামবাজার পর্যন্ত একদা যারা বাড়ির মালিক ছিলেন তাদের অনেকে বর্তমানে গরিব হয়ে গেছেন এবং সেখানে ভাড়াটিয়া হিসাবে অনেক বেশি শক্তিশালী লোকরা ঢুকে গিয়েছেন কোথাও কোথাও। এইভাবে ভাড়াটিয়া হিসাবে ঢুকে আসল লোককেই ক্রমশ আউট করে দিচ্ছে। এ সেই উটের নাক প্রবেশের মতোন। আপনারা প্রয়াতঃ স্নেহাংশুকান্ত আচার্যের নাম শুনেছেন। তিনি নাম করে অ্যাডভোকেট জেনারেল ছিলেন। তিনি একদিন আমার কাছে এসে কমপ্লেন করলেন যে তার এক ঘনিষ্ট আত্মীয় তার ভবানীপুরের বাড়ি খুব বুঝেশুনে ভাড়া দিয়েছিলেন। তিনি বুঝেছিলেন যে সবটা ভাড়া দিলে পরে হয়ত আর পাওয়া যাবে না তাই তিনি তিনতলা বাড়ির দুটি তলা ভাড়া দিয়ে এবং উপরের তিনতলাটা ভাড়া না দিয়ে

খালি রেখে বম্বেতে একটা বড় চাকরি করতে গিয়েছিলেন। রিটায়ার করার পর তিনি যখন বম্বে থেকে ফিরে এলেন তখন তিনি এসে অনেকদিন থাকেননি বলে তিন তলাটা রেনোভেট করবেন বলে ঠিক করলেন এবং তা করে তিনি সেখানে বাস করবেন বলে মনস্থ করলেন। আপনারা জানেন পুরানো যেসব বাড়ি আছে তার একটা সিঁড়ি দিয়েই তিনতলা পর্যন্ত যেতে হয়। নিচের দুজন ভাড়াটিয়া খুবই অবস্থাপন্ন, সেই ভাড়াটিয়ারা বললেন যে আপনাকে এই সিঁড়ি দিয়ে যেতে দেব না। তিনি এসে আমার কাছে এই কমপ্লেন করলেন। এইরকম আরও অনেক তথ্য আছে। ইতিমধ্যে এই নিয়ে অনেক মিটিং হয়েছে, ঘেরাও হয়েছে, বাড়িওয়ালাদের অ্যাশোসিয়েশন আছে, তাদের বক্তব্য শুনেছি, ভাড়াটিয়াদের বক্তব্য শুনেছি, সব শুনে প্রেসি করে আমার বক্তব্য আমি লেফ্‌ট ফ্রন্টে জমা দিয়েছি এবং আপনাদের বলছি, এটা খুব কঠিন ব্যাপার, খুব ব্যালেন্স করে চলতে হবে। এখানে জেনুইন ব্যাপার অনেক আছে। ধরুন একটা পরিবারে ৪টি ছেলে, তারা বড় হওয়ার পর তাদের বিয়ে হয়েছে, এখন ঘরের দরকার, আগে হয়ত এত দরকার ছিল না সেইজন্য একটা পার্ট ভাড়া দিয়েছিল কিন্তু এখন সত্যিকারের দরকার, সেটা দেখতে হবে। কিন্তু যদি দেখা যায় যে নিজে বাস করবে বলে নিয়ে ভাড়া দিয়েছে, দোকান করেছে বা অন্য কোনও কাজে ব্যবহার করছে তাহলে সিরিয়াস ফাইন হওয়া দরকার। আর জেনুইন দরকার হলে পাবে। তারপর আর একটা জিনিস দেখা দরকার যে কি রেটে দেবে। যেগুলি পুরানো বাড়ি এবং পুরানো ভাড়াটিয়া সেখানে হয়ত দেখা যাবে যে একশো টাকাতে আছে যেটার বর্তমানে তিন/চার হাজার টাকা ভাড়া। এইসব ব্যাপার ট্যাপার আছে। আমি অনেক দেশের ব্যাপার জানি। ফ্রান্সে আছে যে বাড়ির লোকেশন দেখবে, কোয়ালিটি অব কনস্ট্রাকশন দেখবে, পজিশন দেখবে এবং এইসব দেখে কোনওখানে কি রেটে ভাড়া হবে।

এখানে অন্য রকম ব্যাপার। এখানে অ্যাডভান্স বলে নানা রকমভাবে টাকা নেওয়া হয়। কাজেই বিষয়টা খুব জটিল।

আমাকে অনেক চিন্তাভাবনা করে, সব জোগাড় করে এটা করতে হয়েছে। এর ভেতরে নানান দিক রয়েছে। আপনাদের সকলের শুভেচ্ছা নিয়ে একটা কিছু করবার চেষ্টা করছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

The Resolution for Ratification of the Constitution (Seventy-Seventh Amendment) bill, 1992 was then put and agreed to.

## STATEMENT UNDER RULE 346

**Shri Santi Ranjan Ghatak :** Mr. Speaker, Sir,

In this State previously there were 14 Textile Mills under National Textile Corporation (W.B.A.B.O.). Through a Tripartite Agreement dat-

ed 16th August, 1991 the workmen agreed to reorganisation of 14 NTC Mills into 12 Mills, to work according to SITRA NORMS and to the retraining and redeployment of workmen within each Mill. The number of workers in the NTC Mills is about 10 thousand. For sometime after the Agreement the Mills functioned smoothly and the workmen could achieve production according to SITRA NORMS. But later, on many days output dropped substantially owing to non-availability of cotton. Reportedly the wages and salary, Dearness Allowances etc. of the workmen were not paid regularly and contributions to PF and ESI deducted from the workers as well as of the Company were not deposited with Authorities.

It was reported that the cases of NTC Mills were going to be referred to BIFR. Our Chief Minister had written to the Prime Minister that much purpose would not be served by reference to BIFR ; instead, for revival of the Units a Revival Committee consisting of representatives of the Central and State Governments, the workers' Unions, experts etc. to suggest within a time frame the steps for their revival should be set up. But the suggestions have not been paid heed to

In August, 1992, the Union Cabinet had approved a Turn Around Strategy which envisaged outright closure of 14 chronically sick Mills in the country and closure of 20 Mills through merger and rationalisation of a work force of 79,982. This met with stiff resistance from the workers and the Central Trade Unions. We had also objected to this measure. The Turn Around Strategy could not be given effect to.

The Union Government then approached the Textile Reserach Associations for formulation of a modernisation plan. The modernisation plan prepared by TRAs envisage closure of 18 Mills through merger and rationalisation of 70,885 workers. The scheme was discussed in a special-Tripartite Committee and then in the Tripartite Industrial Committee on Cotton Textile. The Unions, while agreeing to the modernisation scheme prepared by T.R.A.s urged that the modernisation should be at the Unit level. But the Textile Ministry, Government of India was of the opinion that it should be at the subsidiary level. It was, however, decided after thorough discussion that the Management of NTC Mills would undertake modernisation of the Mills in consultation with the Trade Unions. It was also decided that the workers who would not accept voluntary retirement would be retrained and redeployed. Under

no circumstance, there would be retrancement with tears.

As already stated, 14 NTC Mills in the State were reorganised into 12 as per the Tripartite Agreement. It is not yet know if any further merger of Mills in the State is contemplated under the above scheme.

We have always urged upon the Union Government that while rehabilitation scheme for NTC is a must, the flow of working capital for the Mills on procurement of raw materials and other input and payments of wages and salaries should be maintained. Our Chief Minister had also written to the Prime Minister in September, 1993 that the Budgetary support to the NTC Mills for maintaining existing operation should be continued till finalisation of rehabilitation scheme. In reply, the Prime Minister agreed that the rehabilitation scheme would be finalised at the Tripartite level only and the approval of the BIFR would be a formality.

In the above backdrop, the message from the Holding Company to the C.M.D., NTC (W.B.A.B.O.) Limited dated 1st March, 1994 to the effect that the Holding Company may not be able to release any fund from 01.04.94 onwards contradicts its earlier stand that till rehabilitation package is finalised the Mills would be given budgetary support. I have sent a Fax Message dated 08.03.94 to the Union Textile Minister and the Union Labour Minister for their intervention so that the fund required for keeping the Mills running is made available to the NTC Management till modernisation of the Mills as per rehabilitation package. Our Chief Minister has expressed his deep concern at the sudden change of the earlier stand taken by the Government of India which, if implemented, would adversely affect the job of thousands of workers in particular and the economy of the State in general.

(At this stage the House was adjourned till 2.30 P.M.)

[2-30 – 2-40 p.m.] (After Adjournment)

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, হাউসের কোরাম নেই, আপনি বেল বাজান।

(বেল বাজানো হল এবং কোরাম হবার পর)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মানসবাবু হোয়াট ইজ ইওর পয়েন্ট অফ ইনফরমেশন?

## POINT OF INFORMATION

**ডাঃ মানস ভুঁইয়াঃ** স্যার, আমাকে বলার সুযোগ দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখতে পাচ্ছি, বর্ধমান জেলার কয়লাখনি অঞ্চলে যে বিপদজনক ধ্বস নামছে তাতে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি একটা অদ্ভুতভাবে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত এবং কেন্দ্র বিরোধী একটা স্লোগানের উপর ভিত্তি করে বক্তব্য রাখছেন এবং পদক্ষেপ নিচ্ছেন। সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় কয়লা দপ্তরের মন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছেন.......

**মিঃ ডেপুটি স্পিকারঃ** গুরুত্বপূর্ণ ব্যাপারটা সকালে বললেন না কেন? এখন হবে না, বসুন।

## LEGISLATION

**The India Belting and Cotton Mills Limited (Acquisition) and Transfer of Undertakings) (Amendment) Bill, 1994**

**Shri Patit Paban Pathak:** Mr. Deputy speaker, Sir, I beg to introduce the India Belting and Cotton Mills Limited (Acquisition and Transfer of Undertakings) (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Patit Paban Pathak:** Mr. Deputy Speaker, Sir, I beg to move that the India Belting and Cotton Mills Limited (Acquisition and Transfer of Undertakings) (Amendment) Bill, 1994, be taken into Consideration. যা বলার আমি পরে বলব।

**শ্রী অম্বিকা ব্যানার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী পতিতপাবনবাবু এই বিলটি নিয়ে এসেছেন।

স্যার, এর আগে এই বিলটি এই সভায় এনেছিলেন এবং আমরা এই বিলটি সমর্থন করেছিলাম। দুঃখের কথা এটাকে আবার আনতে হচ্ছে, এই বিরাট সময়টা কেটে গেল এর ভিতরে প্রাইস এস্কালেশন হচ্ছে, প্রায় দু'বছর কেটে গেল, সেটার কথা মাননীয় মন্ত্রী মহাশয় এবং প্রশাসনকে একটু চিন্তা-ভাবনার জন্য বলছি। এটা ছেড়ে রেখে এখন এগোতে হবে। আজকে দি ইন্ডিয়া বেলটিং অ্যান্ড কটন মিল্‌স একটা সময়ে সারা পশ্চিমবঙ্গ কেন, সারা ভারতবর্ষে নজির সৃষ্টি করেছিল। ভারতবর্ষে যখন ইমপোর্টেড বেলটিং আসত তখন তাদের সঙ্গে প্রতিযোগিতার জন্য একটা বেলটিং কোম্পানি হয়েছিল, যেটা পাইওনীয়ার ইন্ডিয়ার ভিতরে সেই ইন্ডিয়ান বেলটিং ম্যানুফ্যাকচারার সেখানে করত কি? কলকারখানা

চালাতে গেলে তাদের মোটর ড্রাইভিং করতে গেলে যে মাধ্যমটা দরকার হয় সেটা হল বেলটিং, সেই বেলটিং অনেকরকম, বেলটিংয়ের মধ্যে ইন্ডিয়া বেলটিং ম্যানুফ্যাকচার করে এয়ার বেলটিং, কটন বেলটিং, মিক্স কটন বেলটিং এই ধরনের নানারকম করত। এই তিনটি তাদের আইটেম ছিল। এটাই আমরা বরাবর জানি। কিন্তু আজকে যুগ পাল্টে গেছে। গত ৩০ বছরের ভেতর একটা রিভলিউশনারি চেঞ্জ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রির ভিতরে এসেছে। তখন এই বিলটিংয়ের ব্যবহার হত সাধারণত কটন মিল, জুট মিল এই সব জায়গায় ব্যবহার হত, তখন মেশিন চললে তার সঙ্গে বেল্ট লাগানো থাকত এবং মেশিনটাকে ঠিকমতো চালাবার জন্য বেল্টটাকে ব্যবহার করা হত, লম্বা লম্বা বেল্ট ব্যবহার হত। কিন্তু বর্তমানে কনসেপ্ট চেঞ্জ হয়ে গেছে, বর্তমানে ইন্ডিভিজুয়াল মোটর ট্রাইবিউন মেশিন হয়েছে, সমস্ত কিছুতেই অনেক উন্নতি হয়েছে। সেগুলি শিল্পে ব্যবহারের কথা আমাদের চিন্তায় রাখতে হবে। এই বেলটিং, এয়ার বেলটিং, কটন বেলটিং মিক্স কটন বেলটিং যাই হোক না কেন এই সব বেলটিংয়ের প্রয়োজন প্রায় শতকরা ৮০ থেকে ৯০ ভাগ ফুরিয়ে গেছে। আমি এই বিলটাকে আগেও সাপোর্ট করেছিলাম এখনও করছি কিন্তু কতকগুলি সাজেশন রাখতে চাই। এইগুলি মাননীয় মন্ত্রী মহাশয়কে—পশ্চিমবঙ্গের ইন্ডাস্ট্রি নিয়েছেন—একটাও লাভ দেখাতে পারছেন না অন্যান্য পাবলিক সেক্টার যে ভাবে লোকসান করছে কোটি কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার দায়িত্ব গ্রহণ করেছেন এবং এমন একটা জায়গায় পৌঁছেছেন যেখানে সিক ইন্ডাস্ট্রি সিক করতে করতে সরকারও সিক হয়ে যাচ্ছে। কেন্দ্রীয় সরকারই বলুন আর রাজ্য সরকারই বলুন। পশ্চিমবঙ্গ সরকারকে আমি একটু চিন্তা-ভাবনা করতে বলছি এই জন্য যে বর্তমানে দেখতে হবে আমরা যে কথাটা আগে বলেছি বার বার যে ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে। আমাদের এফিসিয়েন্ট ম্যানেজমেন্ট দরকার। যে রকম কাজ কারা উচিত, সেই রকম কাজ করছেনা ম্যানেজমেন্টের সঙ্গে লেবারদের সম্পর্ক সেই রকম সিংকোনাইজ করছে না, কো-অর্ডিনেশন থাকছে না। এইগুলি ম্যানেজমেন্ট থেকে কর্মচারী বিশেষ করে সরকার পক্ষ থেকে দেখা যায় যে সব ম্যানেজমেন্ট আছেন তাদের চাকরি যাবার ভয় নেই তাঁরা যে ভাবে চলছেন প্রফেশনাল ওয়েতে তাতে ইন্ডাস্ট্রি চালানোর কোনও স্কোপ থাকবে না। আমি প্রেস করছি প্রফেশনাল ম্যানেজমেন্টের জন্য। এক নম্বর, সেখানে কারখানা চালাতে গেলে যে ডাইভারসিফিকেশন দরকার অর্থাৎ এ পুরানো বেলটিং চলবে না, তাড়াতাড়ি পাল্টাতে হবে। বর্তমানে যে মিডিয়াম যেটা ফেনার তৈরি করে, অন্যান্য কোম্পানি তৈরি করে ডানলপ করে সেটা হচ্ছে বিল্ট ভেরিয়াস সাইজ। অনেক সাইজের আছে। ছোট থেকে বহু বড় বড় সাইজের আছে।

[2-40 – 2-50 p.m.]

এর অনেক সাইজ আছে। বর্তমানে বাজারে কনভেয়ার বেল্টের চাহিদা রয়েছে, কাজেই সেখানে এটা তৈরি করতে পারেন। আজকে ভি-বেল্টের বহু কমপিটিটর হয়ে গেছে। বহু কোম্পানি—ফেনার, ডানলপ, গুডইয়ার,—এরা এটা তৈরি করছে। ওদের সঙ্গে কমপিট করতে

গেলে যে ধরনের ইমপ্রুভমেন্ট দরকার, মেশিনারি দরকার সেসব আনতে গেলে যে ইনভেস্টমেন্ট দরকার সেটা আশা করি মাননীয় মন্ত্রী অবগত আছেন। সেক্ষেত্রে শুধু মেশিন বা মডার্নাইজেশন যথেষ্ট নয়, ডাইভারসিফিকেশন দরকার। ওখানে আরও কি কি তৈরি করা যায় সেটা দেখতে হবে। শান্তশ্রীবাবু বলেছিলেন, ওখানে শ্রমিকদের কর্মদক্ষতা নাকি ফিরে এসেছে। সেখানে সবাই ঠিকমতো কাজ করলে বলার কিছু নেই, কিন্তু এই বিষয়ে সচেতন থাকতে হবে। সেখানে যদি ১০০ পারসেন্ট প্রডাকশন না হয় তাহলে ওখানে যত টাকাই ইনভেস্ট করুন বা মডার্নাইজেশন করুন কোম্পানিটা ভায়াবেল হবে না। আমি ডাইভারসিফিকেশনের কথা এইজন্যই বলছি, কারণ এর এখানে মার্কেট রয়েছে, এক্সপোর্ট মার্কেটও রয়েছে। সেটা হচ্ছে রাবারাইজড বেল্ট। সেখানে ভি-বেল্ট করতে গেলে তাকে রাবারাইজড করতে হবে। ওখানে যদি কনভেয়ার বেল্টিং করেন তাহলে তার এক্সপোর্ট মার্কেট রয়েছে। কল্যানীতে অ্যান্ড্রুল কোম্পানি এটা তৈরি করছে। সেখানে দেখেছি, সুন্দর সব মেশিন থাকা সত্ত্বেও তারা অনেক টাকা লোকসান করেছে, ওয়ার্ক কালচারের অভাবে প্রডাকশন ঠিকমতো হচ্ছে না সেখানে। আমরা গিয়েছিলাম কারখানাটি দেখতে। সেখানে মডার্ন মেশিন রয়েছে, টেকনোলজি রয়েছে, কনভেয়ার বেল্টও তৈরি হচ্ছে, কিন্তু এক্সপোর্টের ক্ষেত্রে কমপিট করা যাচ্ছে না। লোকাল মার্কেট কিছু কিছু করছেন, কিন্তু সর্বভারতীয় ক্ষেত্রে কমপিট করতে পারছে না। তাই আজকে কর্ড বেল্টিং-এর কথা চিন্তা করতে হবে। যাতে আরও বেশি টেনশন নিতে পারে তারজন্য এতে লোহার কেবল্ ঢোকানো থাকে। এই টেকনোলজি এনে যদি সেখানে প্রডাকশন বাড়াতে পারেন তাহলে কোম্পানিটিকে ভায়াবেল করতে পারবেন। তাছাড়া আমাদের দেশে লেবারও কম্পারেটিভলি সস্তা। তবে আমি যতদূর জানি এখানকার মেশিনগুলি কোনও কাজে লাগবে না। সেখানে বেল্টিং করলে আলাদা কথা, কিন্তু মেশিনগুলি স্ক্র্যাপ হয়ে গেছে বলে সেটাও হয়ত ১০ পারসেন্ট করতে পারবেন। সেখানে ভি-বেল্ট করবার জন্য কোনও মেশিন নেই। ওখানে যখন নতুন মেশিন জানাবেন তখন দেখবেন সেটা যেন আপ-টু-ডেট মেশিন হয়, তাতে প্রডাকশন ক্যাপাসিটি বেশি হবে, কোয়ালিটিও ভাল হবে। বাজারে যেহেতু এর অনেক কমপিটিটর রয়েছে তখন কোয়ালিটির দিকে নজর দিতে হবে, কিন্তু মডার্ন টেকনোলজি জানা লোক সেখানে নেই। কনভেয়র বেল্টিং-এর কথা যা বলছিলাম সেটা আলাদা টেকনোলজি, মেশিনও অনেক দামী বলে ইনভেস্টমেন্টের প্রশ্নও আছে।

আমি জানি সেখানে বিশাল প্রপার্টি রয়েছে। সেই বিশাল প্রপার্টি আমি জানি না তিনি কি করবেন। পশ্চিমবঙ্গ সরকার সরাসরি যদি চালান তাহলে ভাল হয়। পরে যেন আবার লোক খুঁজে না। বেড়ানো, পার্টনার না খুঁজে বেড়ানো, জয়েন্ট ভেঞ্চারের দিকে না যান। একটা জিনিস যেটা হচ্ছে জয়েন্ট ভেঞ্চার হয়ে অনেক আসছে, তারপর বেশির ভাগ ক্ষেত্রে দেখা যায় যেটা রিয়েল এস্টেট প্রপার্টি, যে সমস্ত জমি-জমা আছে সেইগুলিকে বিক্রি করছে বিক্রি করে আবার তাকে সিক করে দিয়ে চলে যাচ্ছে। এই ব্যাপারটা বিশেষ করে নজর দিতে বলব মন্ত্রী মহাশয়কে। তিনি ভবিষ্যতেও যেন এই জিনিস না করেন। অবশ্য তিনি সেই

প্রভিসন দেননি। পশ্চিমবাংলায় যতগুলি আন্ডারটেকিং নিয়েছেন এই অবস্থা হয়েছে। আপনি যে এটাকে নিচ্ছেন তার জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। এই মিলের কর্মীদের চাকুরি বজায় থাকবে সেটা নিশ্চয়ই সমর্থনের বিষয়। এতগুলো কর্মীর অন্নসংস্থানের ব্যবস্থা করছেন, নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। এটা করতে গিয়ে যদি ভায়েবেল না হয় তাহলে কিন্তু সমস্ত দায়-দায়িত্ব সরকারের। সরকার জেনে-শুনে এটাকে ঘাড়ে নিচ্ছে। একে যদি মডার্নাইজেশন না করেন, ডাইভারসিফিকেশন না করেন তাহলে এটা একটা হোয়াইট এলিফ্যান্ট হয়ে আপনার ঘাড়ে চড়ে বসে থাকবে। তবে এই কোম্পানিকে আপনি নিচ্ছেন, অধিগ্রহণ করছেন এর জন্য আপনাকে অভিনন্দন জানাচ্ছি। আমি যে সাজেশনগুলি দিলাম সেইগুলি একটু দেখবেন, প্রয়োজনে আরও টেকনোলজিস্টদের সঙ্গে কথা বলুন, এক্সপার্টদের সঙ্গে কথা বলুন, তারপর আপনি অগ্রসর হোন। জমি-জমা বিক্রি করবেন কিনা জানিনা। কি প্ল্যান আছেন আপনার জানি না, আপনার টাকা তোলার জন্য জমি বিক্রি করতে হবে কিনা জানিনা। পশ্চিমবঙ্গ সরকার কত টাকা ঢালবেন আমি জানি না। নিশ্চয়ই আপনার প্ল্যান আছে। আমি অভিনন্দন জানাচ্ছি সেই সমস্ত কর্মীদের যারা এখানে কাজ করতে আসবেন। আমি সকলকে অভিনন্দন জানিয়ে এই বিলকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী শ্রী পতিতপাবন পাঠক মহাশয় যে ইন্ডিয়া বেলটিং অ্যান্ড কটন মিল্‌স লিমিটেড (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অফ আন্ডারটেকিংস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ যেটা সভায় উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। এই সংশোধনী বিলটা যে উদ্দেশ্যে এই সভায় আনা হয়েছে সেই সম্পর্কে খুব বেশি কিছু আলোচনার ব্যাপার নেই। কতকগুলি আইনগত টেকনিক্যাল দিক আছে সেইগুলি পূরণ করার জন্য এই বিলটা আনা হয়েছে। এই বিলটা দেখলেই সেটা বোঝা যাবে, অবজেক্টস অ্যান্ড রিজিনসে তা ব্যাখ্যা করে বলা হয়েছে। এই ইন্ডিয়া বেল্টিং কটন মিলটি রাজ্য সরকার পুরোপুরি গ্রহণ করেছে এই বিধানসভায় আইন প্রণয়নের মধ্যে দিয়ে এবং এই মিলটা চালাচ্ছে এখানকার কর্মীদের সহযোগিতায়, অফিসার এবং কর্মীদের পারস্পরিক বোঝাপড়ার মধ্যে দিয়ে। এই প্রসঙ্গে দু-একটা কথা আপনার মাধ্যমে এই হাউসে রাখার প্রয়োজন আছে। প্রথমত হচ্ছে আমাদের রাজ্য সরকারের নিশ্চয়ই অভিজ্ঞতা আছে—আমাদের বহু দিনের ইতিহাস আছে, আমরা শ্রমিক আন্দোলনের সঙ্গে ঘনিষ্টভাবে যুক্ত—আমাদের অভিজ্ঞতা আছে যে রাজ্য সরকার বা কেন্দ্রীয় সরকার যে মিলগুলি গ্রহণ করেন, সে যে কোনও মিলই হোক, সেইগুলিকে মালিকরা একেবারে লুটে-পুটে শেষ করে দিয়ে চলে যায়। তারপর সামাজিক দায়বদ্ধতার মনোভাব থেকে সরকারকে এই ধরনের মিলগুলিকে অধিগ্রহণ করতে হয়। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের অধিগৃহীত মিল আছে, বামফ্রন্ট সরকারের ১৭ বছরের রাজত্বকালে অনেক মিল অধিগ্রহণ করেছেন, সেইগুলির মধ্যে কতকগুলি প্রতিষ্ঠা লাভ করেছে, আরও দেখেছি কতকগুলি ব্রেক ইভিন পয়েন্টে গিয়েছে।

[2-50 – 3-00 p.m.]

স্যার, আমার বাড়ি যেহেতু শ্রীরামপুরের পাশে, সেজন্য আমি ভাল করে জানি, আমি খুব বেদনার সঙ্গে বলছি, হাউসের ওপাশে যিনি বলতেন, মাননীয় বিধায়ক অরুণ গোস্বামী, তিনি প্রয়াত, তিনি আগ্রহ দেখাতেন, আমরা সবাই ইন্ডিয়া বেল্টিংয়ের পরিচালনার ব্যাপারে মন্ত্রীকে সাহায্য করেছি। সেই ইন্ডিয়া বেল্টিংয়ে মাননীয় মন্ত্রীর সঙ্গে কিছু দিন আগে গিয়েছিলাম। ওখানকার দুটি কর্মী ইউনিয়ন—সি.আই.টি.ইউ. এবং আই.এন.টি.ইউ.সি.—যৌথভাবে একটি অনুষ্ঠান করেছিলেন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্থ সাহায্য করবার জন্য। সেখানে তাঁরা একদিন হাফ-ডে কাজ করতে অতিরিক্ত বেতন মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে দেন। সেখানে গিয়ে আমি জেনেছিলাম যে ওখানে দুটি ইউনিয়ন এবং অফিসারদের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ভাল হওয়ায় রেড্ থেকে মিলটি গ্রীনে চলে এসেছে এবং লাভের মুখ দেখেছে। অঙ্কটা আমার ঠিক মনে নেই, তবে ভাল পরিমাণ টাকা লাভের মুখ দেখেছে। সেটা আমাদের আশ্বস্ত করেছে। ভারতবর্ষের গভর্নমেন্ট রুগ্নতার নাম করে, শিল্প সম্প্রসারণের নাম করে, গ্লোবালাইজেশন অব ইকনোমির নাম করে, ইকনোমিক রিস্ট্রাকচারিংয়ের নাম করে এদেশের লক্ষ লক্ষ মানুষকে কর্মচ্যুত করার পরিকল্পনা করছেন, একটা আন্তর্জাতিক ষড়যন্ত্রের কাছে ভারতবর্ষের গভর্নমেন্ট আত্মসমর্পণ করেছেন। আমি আজকে লেবার মিনিস্টারের একটা স্টেটমেন্ট পড়ছিলাম এন.টি.সি মিলের উপরে। এই বেঞ্চ এবং ওই বেঞ্চ'এর সবাই আমরা প্রতিবাদ করেছি। পার্লামেন্টের প্রসিডিংসও স্টল হয়ে গিয়েছিল। এই অবস্থায় দাঁড়িয়ে পশ্চিমবঙ্গে অন্তত একটা মিল, আমি জানি বলে বলছি, এই মিলটি ভাল করে চলছে এবং লাভের মুখ দেখছে। এটা থেকে প্রমাণিত হয় যে, সরকারের যদি রাজনৈতিক সদিচ্ছা থাকে, সরকারের যদি সেই মনোভাব থাকে এবং দৃষ্টিভঙ্গি থাকে মিল চালাবার এবং কর্মীদের সহযোগিতা পাওয়া যায়, অফিসারদের সহযোগিতা পাওয়া যায়, তাহলে এই সিস্টেমেও কিছু কিছু কোম্পানিকে লাভজনক করা যায়। সেই হিসাবে আমি বলতে পারি যে ইন্ডিয়া বেল্টিংয়ের সব দলের শ্রমিকরা মিলিতভাবে একটা প্রশংসনীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। আমার যেটা মনে হয়েছে, মাননীয় মন্ত্রী ভাল করে বলতে পারবেন, কারণ সরকারি ফাইল দেখার তো আমাদের সুযোগ নেই, সেখানে অনেক জায়গা পড়ে আছে। সেই জায়গাতে লাভজনকভাবে কি করে ব্যবহার করা যায়, সম্প্রসারণ, ডাইভার্সিফিকেশন অব প্রোডাক্টস কি করে করা যায়, সেগুলো ভাবা দরকার। এই বেল্টিংয়ের আন্তর্জাতিক একটা বাজার আছে এবং ইতিমধ্যেই আন্তর্জাতিক চাহিদা এসেছে। এটিকে আরও ভাল করে ও লাভজনকভাবে যদি চালানো যায় এবং ফরেন মার্কেট আমরা যদি ক্যাপচার করতে পারি তাহলে এখানে লোকসানের কোনও চান্স নেই, বরং এটি সম্প্রসারিত হবে। বর্তমানে যাঁরা চাকুরি করছেন তাঁদের চাকুরি তো থাকবেই, উপরন্তু আরও নতুন কিছু মানুষের চাকুরির সুযোগ হবে। মাহেশ এলাকা একটি শ্রমিক অধ্যুষিত এলাকা, সেখানে এন. টি. সি.র মিলগুলির ভয়াবহ অবস্থা। সেখানে রাজ্য সরকারের একটা পরিকল্পনা, তারা ফরেন অর্ডার পাচ্ছে কি পাচ্ছে না, প্ল্যান্ট মেশিনারির ডেভেলপমেন্ট করেছেন ঠিকই, কিন্তু আধুনিক

প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে প্ল্যান্ট মেশিনারির ডেভেলপমেন্ট করার প্রয়োজনীয়তা আছে। তারজন্য টাকার প্রয়োজন আছে। আমি জানি না, এই ব্যাপারে তাঁর বাজেটারি সাপোর্ট কি আছে?

আজকে অর্থমন্ত্রী অনেকক্ষণ ছিলেন, দরকার হলে তাঁকে উদ্দেশ্য করে বলতাম যে এই গরিবের ভাঁড়ার থেকে কিছু অর্থ না দিলে এইসব পরিকল্পনাগুলো বাঁচবে না। তারা সময়মতো টাকা না পেলে এগুলো কার্যকর করা যাবে না। এই বিষয়ে সরকারকে ভাবতে হবে। ফান্ড রিলিজ করে এদের কিছু মডার্নাইজেশন, এক্সপ্যানশন এবং ফরেন মার্কেট ক্যাপচার বা ইন্ডিয়া মার্কেট ক্যাপচার করতে না পারলে এই সুসংহত পরিকল্পনা অগ্রগতি হতে পারবে না। আমি অত্যন্ত জোরের সঙ্গে বলব যে এই শিল্প আজকে যে লাভের মুখ দেখেছে তা যেন বন্ধ না হয়ে যায়। মাননীয় সদস্য শ্রী অম্বিকা ব্যানার্জিও এই বেল্টিং ইন্ডাস্ট্রিজ পায়োনিয়রের জন্য বারে বারে বলেছেন। এই ইন্ডাস্ট্রির কথা বলতে গেলে যার নাম সর্বাগ্রে করতে হয় তিনি হলেন প্রয়াত জীতেন্দ্রনাথ লাহিড়ী। তিনি অবিভক্ত বাংলার একজন বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী ছিলেন। তাঁর এই স্বাধীনতা সংগ্রামের বিরাট ভূমিকা ছিল। তিনি কংগ্রেস দলের প্রতিনিধি হয়ে পার্লামেন্টের মেম্বার হয়েছিলেন। তাঁর জন্মশতবার্ষিকী কয়েক বছর আগে পালিত হয়েছে এবং শ্রী বিনয় চৌধুরি ওই সভাতে উপস্থিত ছিলেন। বিশিষ্ট স্বাধীনতা সংগ্রামী শ্রীরামপুরের শ্রী বিজয় মোদক তাতে উপস্থিত ছিলেন। ওই স্বাধীনতা সংগ্রামীর সঙ্গে তারও যোগাযোগ ছিল এবং অবিভক্ত বাংলায় বেল্টিং শিল্প গড়ার ক্ষেত্রে স্বর্গীয় জীতেন্দ্রনাথের একটা বিরাট ভূমিকা ছিল। তাঁর জন্যই এই শিল্প বিদেশের বাজার দখল করতে পেরেছিল। কিন্তু তারপরেই ভাটা পড়ল এবং নানা করণে পরিকল্পনা ত্রুটির জন্য সঙ্কটে পড়ল। ১৯৭২ সালের এই সঙ্কট ভয়ঙ্কর পর্যায়ে যায়। কিন্তু এইক্ষেত্রে একজনের নাম স্মরণ না করলে অন্যায় হবে, তিনি হচ্ছেন শ্রী গোপাল দাস নাগ, যিনি তৎকালীন শ্রমমন্ত্রী ছিলেন। তিনি এই মিলটিকে ম্যানেজমেন্ট টেকওভার করেছিলেন এবং তাঁর নেতৃত্বই এটা উদ্ধার হয়েছিল সেই টেকওভার হবার পরে আজকে দীর্ঘ ১৮ বছর মাননীয় মন্ত্রী পতিতপাবন পাঠক মহাশয় এর শেষ কাজটুকু সম্পন্ন করছেন। শ্রীরামপুরের মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান শ্রী কমলকৃষ্ণ ভট্টাচার্য্য এবং রঞ্জিতলাল গোস্বামীর তত্বাবধানে দলমত নির্বিশেষে যারা এই মিলটি সুষ্ঠভাবে চালনায় সরকারের সঙ্গে সহযোগিতা করেছিলেন তাদের সবাইকে ধন্যবাদ জানাই। ওদের ইউনিয়ন এবং পরিচালকমন্ডলীকেও আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। ওদের সহযোগিতা না পেলে কখনোই এই মিলটি ভালোভাবে চলত না। আমি আর বক্তব্য বাড়াতে চাই না। আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে পতিতপাবন পাঠক মহাশয়ের কাছে আবেদন রাখছি যে, আপনি টাকার সংস্থান করুন, মডার্নাইজেশন করুন, প্ল্যানিং এবং ফরেন মার্কেট ক্যাপচার করুন তাহলে পরে এই মিলটি আরও ভালোভাবে চলবে। আমি এই প্রসঙ্গে প্রস্তাব রাখছি যে বালী এবং মধ্য হাওড়ার এখন একটা গভীর সঙ্কটের মধ্যে আছে এগুলোকে বোর্ডের মধ্যে আনুন। মাননীয় মন্ত্রীর ইন্ডাস্ট্রি সম্পর্কে খুব টেকনিক্যাল নলেজ আছে, তাঁর সঙ্গে

কমিটিতে কাজ করে আমি খুবই উপকৃত, তার সাহায্য নেব যাতে করে মিলটি ভালভা( চালানো যেতে পারে। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ইন্ডিয়া বেল্টিং অ্যান্ড কটন মিল (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার, ১৯৯৪ যে বিলটি এনেছেন মাননীয় শ্রী পতিতপাবন পাঠ( মহাশয় সেই বিলটি সমর্থন করছি। মাননীয় মন্ত্রীর সঙ্গে আমাদের কথা হয়েছিল যে এ( বিলটির সামান্য ত্রুটি থাকলেও সেগুলো তুলে ধরবেন না, সমর্থন করবেন। মন্ত্রীর সঙ্গে কথ হওয়ার পরে আমরাও সেইভাবে সিদ্ধান্ত নিয়েছিলাম যে এর যে সামান্য সরকারের গাফিলতি( জন্য ত্রুটি আছে সেগুলো আর তুলে ধরব না। কিন্তু দেখলাম যে মাননীয় সদস্য শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় মহাশয় যেভাবে সব জানেন ভাব নিয়ে বলতে উঠেই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সমালোচনা করতে লাগলেন তখন আমরাই বা তার থেকে বাদ যাব কেন? আমরাও তাহলে রাজ্য সরকারের বিরুদ্ধে বলব এবং বিলটির সমালোচনা করব।

[3-00 – 3-10 p.m.]

যাইহোক এই বিলটি যখন নিয়ে আসা হয়েছিল বিধানসভায় সেই সময়টি হচ্ছিল ফোর্থ ডিসেম্বর, '৯২। স্যার, বামফ্রন্ট মন্ত্রী সভার সবাই নিজেদের বুদ্ধিমান বলে মনে করেন, যদি ৪।৫ জন মন্ত্রীর বুদ্ধি ছাড়া আর কারুর বুদ্ধি আছে বলে আমি মনে করিনা। স্যার, এদের সীমিত ক্ষমতা নয়, এদের সীমিত বুদ্ধি, মনমোহন এদেরকে সব কিছু দিতে পারেন, কিন্তু যাদের বুদ্ধি সীমিত তাদের বুদ্ধি কিভাবে কেন্দ্রীয় সরকার দেবেন? যখন ফোর্থ ডিসেম্বর এই বিলটা নিয়ে এলেন তখন যদি গভর্নর সম্মতি দিতেন তাহলেও গেজেট নোটিফিকেশন বেরুতে দেড় মাস লেগে যেত। সেক্ষেত্রে ৭ই জানুয়ারি '৯৩ পার হয়ে যেত। সেক্ষেত্রে এই বিলটা তো ফোর্থ ডিসেম্বর আনতে পারতেন। এটা ৭ই জানুয়ারি '৯৩ কমপ্লিট হবে না, প্রেসিডেন্ট এর কাছে যেতেও পারত। যদি এটাকে এনফোর্স করার ইচ্ছা আপনার থাকত তাহলে ১৬ই নভেম্বরের '৯২-এর মধ্যে আনলেন না কেন? তাহলে তো আজকে এইভাবে মূল্যবান সময় আপনার নষ্ট করতে হতো না, আমাদেরও বলতে হত না। মাননীয় মন্ত্রী পতিতপাবন পাঠক উদ্যোগ নিয়েছেন, এই কোম্পানিটাকে নেওয়া হয়েছে '৮৪ সালের ৬ই সেপ্টেম্বর। ১৭ বছর আগে '৭৪ সালের ৬ই সেপ্টেম্বর ডাঃ গোপালদাস নাগ যখন শ্রমমন্ত্রী ছিলেন সেই সময় মিলটি গ্রহণ করা হয়েছিল। এই ইন্ডিয়া বেল্টিঙ্ক-এর ঐতিহাসিক গুরুত্ব আছে, স্বাধীনতা আন্দোলনের বহু লোক এই মিলের সঙ্গে যুক্ত ছিল। প্রথম মালিক ছিলেন কানপুরের বি দাস, '৭৪ সালের ৬ই সেপ্টেম্বর এটা সরকার নিয়েছিলেন অর্থাৎ '৯১ সালের ৫ই সেপ্টেম্বর সরকার না নিলে ডিনোটিফাইড হয়ে যাবে। আপনারা নিতে পারলেন না, আপনারা কোনও ব্যবস্থা নিলেন না অর্থদপ্তর ফাইল চেপে রাখলেন। ফাইল মুভ করল না। এখানে অর্থমন্ত্রী বড় বড় কথা বলছেন, উনি ব্যাঙ্কের ব্যাপারে অনেক কথা বললেন, কিন্তু অসীমবাবুর গাফিলতির জন্য অর্থ দপ্তরের গাফিলতির জন্য এই বেল্টিঙ্ক কোম্পানি ১৪ মাস পড়ে রইল,

কোম্পানিটি ডিনোটিফাইড হয়ে গেল। শ্রমিকরা পি. এফ. থেকে ই. এস. আই. থেকে বঞ্চিত হলেন, একটা অনিশ্চয়তার মধ্যে তাদের দিন কাটতে লাগল। আপনারা ক্যাবিনেট সিদ্ধান্ত নিলেন '৯১ সালের নভেম্বর মাসে এটাকে টেকওভার করবেন যখন ঠিক করলেন, তখন এটা নেওয়ার ক্ষেত্রে বিলটা আনতে কেন এত গাফিলতি করলেন? এটা করলে তো ১৬ই নভেম্বর অর্ডিন্যান্স করে করতে হত না। ওখানকার শ্রমিকরা ভাল, সবাই ভাল, কিন্তু সরকার যদি গড়িমসি করে তাহলে সেখানে কি হবে! সেখানে দেড়শত শ্রমিক আগে কাজ করতেন এখন সেখানে ৯৮ জন আছেন, সেখানে ম্যানেজার যিনি আছেন মিঃ বরাট তিনি কিছুই জানেন না, প্রফিট হওয়া দূরে থাকে লসে রান করছে। পাশে যেখানে শ্রীরামপুরে বেন্টিঙ্ক কোঃ আছে তারা প্রফিটে রান করছে, কোয়ালিটি এদের থেকেও খারাপ, তা সত্ত্বেও তারা লাভ করছে। এরা কি করে লাভ করবে যদি ৪০টি লুমের মধ্যে ২০টি লুম চলে!

মাত্র ২০টি লুম এখন সেখানে চলছে। অর্থ দপ্তর সেখানে টাকা দেবে না, কারণ অর্থ দপ্তর চায় সেটা বন্ধ হয়ে যাক। স্যার, কি অদ্ভুত ব্যাপার, একটা সরকারি সংস্থা এক্সপোর্ট করছে তার উৎপাদিত পণ্য একটি বেসরকারি সংস্থাকে দিয়ে, আর তারা মুনাফা লুটছে। আর এদিকে সরকারি সংস্থাটা লস দিয়ে উৎপাদন করছে। আপনারা প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে কথা বলেন, আপনারা কেন্দ্রীয় সরকারের নীতিটা বিরোধিতা করেন, আর একটা বেসরকারি সংস্থাকে দিয়ে আপনারা উৎপাদিত পণ্য এক্সপোর্ট করছেন। যদি আপনারা নিজেরা এক্সপোর্ট করতেন তাহলে যে প্রফিট হতো তা দিয়ে ঐ সংস্থাটা বাঁচতে পারত ভাল করে। সেখানে ৪০টি লুম আছে, তার মধ্যে ২০টি লুম সেখানে চলছে। সেই ২০টি লুম যাতে ঠিকমতো চলে আপনি তার ব্যবস্থা নিন এবং অসীমবাবুকে বলুন যাতে একটু বেশি করে সেখানে টাকা দেয়। আপনাদের এই বিলটাকে আমরা সমর্থন করছি ঠিকই, কিন্তু আপনারা যে অ্যাটিচ্যুড নিয়েছেন আমরা তা নিন্দা করছি। আপনাদের উদ্যোগের অভাবের জন্য এই রকম একটা সংস্থার শ্রমিকরা ১৪ মাস ধরে ডি-নোটিফাই ছিল। আপনাদের ভুলের জন্য তাদের এই সর্বনাশটা হল। আপনাদের দূরদর্শিতার ভুলে এই বিল আবার আপনাদের আনতে হল। যদি তখনই আপনারা একটা নতুন লাইন ওর সাথে জুড়ে দিতেন তাহলে আজকে এই বিল আনার কোনও প্রয়োজন ছিল না। আপনাদের ক্যাবিনেটে অনেক ভাল ভাল লোক আছে তাদের সঙ্গে আলোচনা করে তখন যদি এই ব্যাপারগুলো করতেন তাহলে ভাল হত। তাহলে দ্বিতীয়বার এই বিল আর আনতে হত না। তাহলে এই সময় ও অর্থের অপচয় হত না। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌমেন্দ্রনাথ দাস ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী যে বিল এখানে উত্থাপন করেছেন সেই বিলকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি শুধু তাই নয় আজকে এমন একটা সময়ে এই বিলটা এখানে উত্থাপন করা হয়েছে, যখন ভারতবর্ষের দিকে দিকে হাজার হাজার কারখানা বন্ধ হচ্ছে, শ্রমিক-কর্মচারিরা বিপদের মুখে পড়ছে। এই বিল উত্থাপনের মধ্যে দিয়ে মাননীয় শিল্পমন্ত্রী আরেকবার প্রমাণ করে দিলেন পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টিভঙ্গি

আমাদের রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের কাজ করবার ইচ্ছার মধ্যে বিস্তর ফারাক আছে।

[3-10 – 3-20 p.m.]

গতকালই আমরা এই হাউসে আলোচনা করেছি এন. টি. সি সম্পর্কে। এন.টি.সি. তুলে দেওয়ার ফলে আজকে হাজার হাজার শ্রমিক কর্মচারী বেকার হ'তে বসেছেন। ব্যাঙ্কের বিভিন্ন ব্রাঞ্চ তুলে দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং একদিকে যেমন হাজার হাজার কর্মচারী বেকার হবেন অপর দিকে তেমনি গ্রামাঞ্চলের উন্নয়নও ব্যহত হবে। আজকে এমন সময় এই বিলটা এখানে এসেছে যখন কেন্দ্রীয় সরকার বিভিন্ন কলকারখানা বন্ধ করে দিচ্ছেন আর অপর দিকে পশ্চিমবঙ্গ সরকার একটা শুভ উদ্যোগ নিয়ে শ্রমিকরা যাতে উৎসাহ এবং প্রেরণা পেতে পারে এবং তার মধ্যে দিয়ে শ্রমিক আন্দোলন জোরদার হ'তে পারে সেই চেষ্টা করে যাচ্ছেন। এই বেলটিং কারখানাটির বহু সমস্যা ছিল। সেখানকার মালিক শ্রেণী এই কারখানাকে লুন্ঠন করে কারখানাটি অচল করে দেওয়ার ষড়যন্ত্র করেছিল। মালিকদের সেই ষড়যন্ত্রকে প্রতিহত করে সেখানকার শ্রমিক শ্রেণী সরকারের সহযোগিতায় এই কারখানাটি কিছুটা হলেও লাভজনক জায়গায় নিয়ে যেতে পেরেছেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই কারখানাটিকে আধুনিকীকরণের মধ্যে দিয়ে এবং এর বিপন্ন সমস্যা কাটিয়ে ও আরও সুসংহত পরিকল্পনা গ্রহণ করে যাতে এই কারখানাটি সরকারি ক্ষেত্রে পরিচালিত কারখানা হিসাবে একটা উজ্জ্বলতম দৃষ্টান্ত স্থাপন করতে পারে সেই ব্যবস্থা করুন। স্যার, কলকারখানার শ্রমিকদের সম্পর্কে কোনও কথা বলা সৌগতবাবুদের মানায় না কারণ তাদের কেন্দ্রীয় সরকারের নীতির জন্য আজকে সারা ভারতের হাজার হাজার শ্রমিক কর্মচারী ছাঁটাই হয়ে যাচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকার একটা শুভ প্রচেষ্টার মধ্যে দিয়ে যেভাবে একটা রুগ্ন শিল্পকে পুনরুজ্জীবন দেওয়ার চেষ্টা করছেন তাকে আর একবার সাধুবাদ জানিয়ে এবং এই বিলকে পুনরায় সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বামফ্রন্টের সদস্যরা বলছেন যে এই বিল নিয়ে নাকি আমাদের বলার কিছু নেই। আজকে এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যে দি ইন্ডিয়া বেলটিং অ্যান্ড কটন মিল্স লিমিটেড (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অব আন্ডারটেকিংস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এনেছেন সে সম্বন্ধে আমার বন্ধু আব্দুল মান্নান আগেই বলেছেন যে সরকার কি ভাবে এই বিলটিকে ল্যাম্প করতে দিয়েছেন। একবার অর্ডিন্যান্স হ'ল, সেই অর্ডিন্যান্স ৬ মাস মেয়াদ থাকে। তারপর অ্যাসেম্বলির সেশন হল এবং অ্যাসেম্বলির সেশনে বিল পাস হল। তারপর সেটা প্রেসিডেন্টের অ্যাসেন্টের জন্য গেল। প্রেসিডেন্টের অ্যাসেন্ট এল। এখন এই অর্ডিন্যান্স হওয়া, বিল পাস হওয়া ইত্যাদির মধ্যে একটা গ্যাপ হয়ে গেল। এর ফলে যে অরিজিনাল বিলটা ছিল ইন্ডিয়া বেলটিং অ্যান্ড কটন মিল্স লিমিটেড (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অব আন্ডারটেকিংস) অ্যাক্ট, '৯২ তার কয়েকটা ক্লাশ ইনফ্রাকচুয়াস

হয়ে গেল। সেখানে পানিশমেন্ট যেগুলি ছিল সেগুলি দেওয়া যাবে না। তারজন্য আবার একটা বিল নিয়ে আসতে হল। সরকারের যেটা আগেই করা উচিত ছিল সেটা তারা করলেন না। সরকারের এটা খেয়াল রাখা উচিত ছিল যে প্রেসিডেন্টের অ্যাসেন্ট পেতে একটু দেরি হতে পারে। সেটাকে কভার করার জন্য আগে থেকেই প্রোটেকশন নেওয়া উচিত ছিল কিন্তু তারা সেটা করেননি। যাই হোক আমি শুনে খুশি হলাম যে বর্তমানে সংস্থাটি চলছে। এটি খুব ছোট একটি সংস্থা, মাত্র ৮৮ জন লোক এখানে কাজ করেন। এই বেলটিং কারখানায় পুরানো কায়দায় যে বেলটিং তৈরি চলেছে এর মধ্যে কিন্তু অ্যানড্রুইউল বেলটিং কোম্পানি বানিয়েছে কল্যানীতে, সেটা জয়েন্ট সেক্টারে তৈরি হয়েছে। পুরানো বেলটিং কারখানাগুলি আউটমোডেড হয়ে গিয়েছে। কাজেই এগুলিকে কি করে আধুনিকীকরণ করা যায় সেটাই হচ্ছে মূল প্রশ্ন। এখানে ওরা ৮৮ জন শ্রমিক কর্মচারির চাকরি বাঁচিয়েছেন কিন্তু মিলটি আদৌ বাঁচবে কিনা সে বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয় ক্লিয়ারলি আমাদের বলুন। পতিতবাবু হাওড়ার সি. পি. এমের প্রবীণতম সদস্য, তার অধীনে আপনি আন্ডারটেকিং এবং সিক ইন্ডাস্ট্রি দপ্তর রয়েছে। আমি একটা একটা করে বলছি, যে কারখানাগুলি রাজ্য সরকার নিয়েছেন—১৩টা সিক কারখানা নিয়েছেন সেগুলির কি অবস্থা। কৃষ্ণা গ্লাস ৭৫ সালে আমরা অধিগ্রহণ করেছিলাম, তারপর ওরা ন্যাশনালাইজ করেছেন কিন্তু ১৯৯১ সাল থেকে সেখানে প্রডাকশন বন্ধ। বসিয়ে বসিয়ে সেখানে শ্রমিকদের মাহিনা দেওয়া হচ্ছে মাসে ১০।। লক্ষ টাকা করে। এই অ্যাকুইজিশনের মানে কি? ইন্ডিয়া পেপার পাল্প-এর ব্যাপারে পতিতবাবুর কাছে বারবার গিয়েছি, ন্যাশনালাইজ করা হয়েছে কিন্তু এখানে প্রাকটিক্যালি ২/২।। বছর কোনও প্রডাকশন হয়না। কোনও প্রডাকশন হয়নি, ইন্ডিয়া পেপার পাল্প-এর মাসিক ওয়েজ বিল প্রায় ৩৪ লক্ষ টাকা। বসিয়ে বসিয়ে শ্রমিকদের মাইনে দিতে হচ্ছে। এরা মর্ডানাইজেশন করেননি, নুতন বয়লার বসাননি, পলিউশন কন্ট্রোলের কোনও ব্যবস্থা করেননি, ইন্ডিয়া পেপার পাল্পকে সেইজন্য বন্ধ করে দেবার অর্ডার হয়েছিল। এটা সুপ্রীমকোর্টের এবং পলিউশন কন্ট্রোল বোর্ডে একই কথা বলেছিল, গঙ্গায় যে অ্যাফ্লুয়েন্ট ফেলা হচ্ছে, এই সম্পর্কে পতিতবাবু জানেন, পতিতবাবুর দপ্তরের আন্ডারে। লিলি বিস্কুট, সেটা আজকে বন্ধ। পতিতবাবু নিশ্চয়ই জানেন যে ছোট ছোট কনজিউমার আইটেম এখন পাবলিক সেক্টারে চলে না। প্রাইভেট সেক্টারেও চলে না। যার জন্য লিলি বিস্কুট লোকসান খাচ্ছে। ইস্টার্ন বিস্কুট মার খাচ্ছে, অথচ বিস্কুটের বাজার খালি। এই রকম অনেকগুলো কারখানা আছে, যারা দীর্ঘদিন তাদের টাকা পাচ্ছে না, যেমন সবিসকো ব্রিটানিয়া, কোলে অবশ্য বন্ধ হয়ে গেছে। অসীমবাবু কোনও কোনও ক্ষেত্রে ৫/৬ লাখ টাকা করে এক থোক দিচ্ছেন। প্র্যাকটিকালি পতিতবাবুর ১৩টা টেকেন ওভার কোম্পানী, কটাতে আপনি লাভ করছেন? বামফ্রন্ট সরকারের নীতি হচ্ছে কারখানায় প্রোডাকশন হোক বা না হোক শ্রমিকদের বসিয়ে বসিয়ে মাইনে দেব। গতকাল হাউজকে মিসলিড করে কেউ একজন বললেন এন. টি.সি.'র মিলগুলো কেন্দ্রীয় সরকার বন্ধ করে দিচ্ছে। হয়তো তিনি খবর পেয়েছেন বলে বলছেন। আজকে আবার খবর আছে এন. টি.সি.'র ব্যাপারে রিহ্যাবিলিটেশন প্যাকেজ ফাইনালাইজ্ড হয়েছে। এক বছর আগে এই বিষয়ে ডিসিসন হয়েছে। এতে

[3-20 – 3-30 p.m.]

পশ্চিমবাংলায় একটা টেক্সটাইল মিলও বন্ধ হবে না। বম্বেতে কয়েকটা মিল অ্যামালগেমেটেড, মার্জ হবে, যাদের কাজ যাবে না। অথচ চিৎকার করা হচ্ছে এই হাউসে। আজকে সকালে আবার স্পিকার অ্যালাউ করলেন একটা বিষয়ে আলোচনা করার জন্য ব্যাঙ্কের ব্যাপারে। মনমোহন সিং-এর তিন বছরের অর্থমন্ত্রিত্বের কালে একটাও সেন্ট্রালের পাবলিক আন্ডার টেকিং বন্ধ হয়েছে? পাবলিক সেক্টারের আন্ডারটেকিংগুলোকে বাজেটারি সাপোর্ট দিয়ে প্রোটেকশনের চেষ্টা বামফ্রন্ট সরকার করছে। নিশ্চয়ই আমাদের ন্যায্য পাওনা দিতে হবে, শ্রমিক কর্মচারিদের চাকরি এবং তাদের ন্যায্য পাওনা দিতে হবে, শ্রমিক কর্মচারিদের চাকরি এবং মাইনের প্রোটেকশন দিতে হবে। তার মানে এই নয় যে বসিয়ে বসিয়ে মাইনে দেব। আপনি জানেন ইন্ডিয়া পেপার পাল্প, কৃষ্ণা গ্লাশ, এইগুলো সব বন্ধ। অথচ শ্রমিক কর্মচারিদের বসিয়ে বসিয়ে মাইনে দেওয়া হচ্ছে। মনমোহন সিং ব্যাঙ্কের ব্যাপারে সমস্ত ইউনিয়ন নেতাদের ডেকেছিলেন, তিনি বলেছিলেন আমরা কারোর চাকরি নেব না, এ লোকদের আর একটা ব্যাঙ্কে চাকরিতে লাগাবেন। শুধু যে সব ব্রাঞ্চ টোটালি আভাভেব্ল, সেইগুলোকেই বন্ধ করে দেওয়া হবে। ওখানকার কর্মচারিদের অন্য ব্রাঞ্চে সরিয়ে নেওয়া হবে। এতে একজন লোকেরও চাকরি যাবে না, কিন্তু ব্যাঙ্ক ভায়েব্‌ল্ হোক। এটাতে আপনারা হৈচে করে বললেন—ব্যাঙ্ক বন্ধ করে দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সর্বনাশা নীতি। সাথে সাথে আই. এম. এফ., ডাঙ্কেল ইত্যাদিও বললেন। তা ওসব তো আগেই বলা হয়ে গেছে—ইট হ্যাজ রান আউট অফ্ স্টীম। পতিতবাবু, আপনি আন্ডারটেকিংস-এর দায়িত্বে আছেন, আপনি এগুলো একটু অন্তত দৃষ্টি দিয়ে ভাববেন না! আপনি আমাকে বলুন তো আপনার দপ্তরের কোনও সংস্থা লাভ করছে? ওয়েস্টিং হাউস স্যাক্সবি ফার্মার কি লাভ করছে? ইলেকট্রো মেডিক্যাল অ্যান্ড অ্যালায়েড ইন্ডাস্ট্রি কী লাভ করছে? ব্রিটানীয়া ইঞ্জিনিয়ারিং কী লাভ করছে? ইন্ডিয়া বেল্টিং কী লাভ করছে? লাভ করছে কি কৃষ্ণা গ্লাস? প্রত্যেকটা লোকসান করছে। যে সমস্ত কোম্পানিগুলি লোকসানে চলছে সেগুলোর সম্বন্ধে কেন্দ্রীয় সরকার বলছে—বি. আই. এফ. আর-এর কাছে যেতে। আপনারা বলছেন—বি. আই. এফ. আর-এ গেলে বন্ধ করে দেবে। তা আপনারা রাজ্য সরকার থেকে একটা কমিশন বসালেন না কেন জাস্ট টু ফাইন্ড আউট কি ভাবে লস্ মেকিং সংস্থা লাভজনক হবে, তারা মডার্নাইজেশনের জন্য কোথা থেকে টাকা পাবেন, কি ভাবে পাবেন? যদি মনে করেন কিছু লোক সারপ্লাস হচ্ছেন, তাঁদের জন্য কি ভাবে ন্যাশনাল রিনিউয়াল ফান্ড থেকে টাকা পেতে পারেন। কেন কমিশন করে এই সমস্ত আলোচনা করলেন না? আপনারা কি বলছেন? আপনারা বলছেন,—আমরা কোনও ঝামেলায় যাব না, যেগুলো নিয়েছি সেগুলোতে বসিয়ে লোকদের মাইনে দেব। এই সর্বনাশা নীতি পশ্চিমবাংলাকে আস্তে আস্তে ধ্বংসের পথে ঠেলে দিচ্ছে। নতুন ইন্ডাস্ট্রি করার টাকা রাজ্য সরকারের নেই। রাজ্যের ইন্ডাস্ট্রি বাজেট বছরে ২০০ কোটি টাকা—দ্যাট ইজ্ অল ইয়োর ইনভেস্টমেন্ট—কিছু জয়েন্ট সেক্টরের চেষ্টা করছেন। পতিতবাবু, আপনি প্রবীণ লোক, আপনি নিশ্চয়ই জানেন মহারাষ্ট্রে বোম্বাই ব্লাস্টের পর থেকে আজ পর্যন্ত ১ লক্ষ ৪ হাজার কোটি টাকার ইনভেষ্টমেন্ট

প্রোপজাল এসেছে। তার মধ্যে ৫০ হাজার কোটি টাকাই হচ্ছে বিদেশি এবং এন. আর. আই. ফান্ডের। সুতরাং আজকে আমি বলব যে, এই বিল নিশ্চয়ই আজ পাস হয়ে যাবে এবং আমরা সমর্থন করব। যে টেকনিক্যাল অসুবিধা ছিল তা এই বিল পাস হবার সঙ্গে সঙ্গে দূর হয়ে যাবে, ৮৮জন কর্মীর মাইনে নিশ্চিন্ত হয়ে যাবে। কিন্তু তাতে কি রাজ্যের শিল্প বাঁচবে, রাজ্যের ইন্ডাস্ট্রির বাঁচবে? এ রাজ্যে কিছু পাবলিক আন্ডারটেকিংস আছে যেগুলি আপনার অধীনে নয়—ক্যালকাটা ট্রামওয়েস, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট, নর্থ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট, সাউথ বেঙ্গল স্টেট ট্রান্সপোর্ট—সেগুলোও লোকসানে চলছে। অথচ সেগুলোতেও কোনও মনিটরিং নেই। প্রত্যেকবার আমি বাজেটের সময় বলি—যে সংস্থাগুলি লোকসান করছে—কেন করছে, এটা কি কেউ বের করবার চেষ্টা করবে না? কি ভাবে লাভজনক করা যায়, এটা কি কেউ বার করবার চেষ্টা করবে না? প্রত্যেকবার বলা সত্ত্বেও সরকারের কোনও দৃষ্টি নেই। আপনারা শুধু হাউসে চিৎকার করছেন—সর্বনাশা অর্থনীতি, আই. এম. এফ-এর কাছে দেশ বিক্রি হয়ে যাবে, ডাঙ্কেলের ফলে সর্বনাশ হয়ে যাবে ইন্ডাস্ট্রিসের ইত্যাদি। আমি আপনাদের জিজ্ঞাসা করি এখন পর্যন্ত কোনও দেশ আই. এম. এফ-এর ঋণের টাকা ঠিক মতোন রি-পে করেছে? ১.৪ বিলিয়ন ডলার আমরা সময়ের আগেই রি-পে করে দিচ্ছি। এটা নিয়ে আপনারা গর্ব করবেন না! আজকে আন্তর্জাতিক ক্ষেত্রে নতুন লিবারেলাইজেশনের হাওয়া বইছে। আমাদের দেশেও সারা পৃথিবী থেকে ক্যাপিটাল আসছে, তার কিছুটা আপনারা পশ্চিমবাংলায় নিয়ে আসবার চেষ্টা করবেন না! এখনও পুরানো বস্তা-পচা কথা—কেন্দ্রীয় সরকারের অর্থনীতি, শিল্পনীতি, সর্বনাশা নীতি, ডাঙ্কেল নীতি, এই সব বস্তা-পচা রেকর্ড আর কত দিন বাজাবেন? পতিতবাবু প্রবীণ লোক, একটা কোম্পানির কথা আমি তাঁর কাছে বলব—অবশ্য ইতিপূর্বে আমি অন্তত ১০-বার তাঁর কাছে এবং তাঁর দপ্তরের গিয়েছি ও বলেছি। ইন্ডাস্ট্রিয়াল রিকন্সট্রাকশন ডিপার্টমেন্টের কাছেও আমি বলেছি। কোম্পাটিটি হচ্ছে নৈহাটির 'কন্‌টেনার্স অ্যান্ড ক্লোজার্স'। সেটি বন্ধ হয়ে গেছে। ১৯৮৩ সালে কোম্পানিটি ডি-নোটিফায়েড হয়ে বন্ধ হয়ে গিয়েছিল। আপনাদেরই লোকেরা কথাবার্তা বলে একজন প্রোমোটর—টিকমানীকে নিয়ে এসেছিলেন। ব্যাঙ্ক লোন নিয়ে '৮৫ সালে আবার চালু হয়েছিল এবং ৩/৪ বছর চলেছিল। কিন্তু '৯১ সালের বাজেটের পর থেকে আজ '৯৪ সালের মার্চ মাসে চলছে নৈহাটির 'কন্‌টেনার্স অ্যান্ড ক্লোজার্স' বন্ধ রয়েছে। পতিতবাবু, এ-ব্যাপারে আমি অন্তত ১০ বার আপনার কাছে গিয়েছি এবং প্রতি সপ্তাহে একবার করে ডাবলু. বি. আই. ডি. সি.-এর চেয়ারম্যানের কাছে গিয়েছি। আমি তাঁকে বলেছি—আপনাদের কাছে তো অনেক শিল্পপতি আসছে, ব্যাঙ্ক বলছে, 'কোন ইন্ডাস্ট্রিয়ালিস্ট চাইলে আমরা দেব।' আপনারা কাউকে এটা দেবার ব্যবস্থা করুন। কিন্তু আপনারা তা করতে পারছেন না। আপনারা নিজেরা নিতে পারছেন না, কাউকে দিতেও পারছেন না। আসলে কারখানা অধিগ্রহণ কিভাবে হচ্ছে—অনেক ছোট কারখানা সম্বন্ধে কোনও ইম্পর্টেন্ট লোক যখন আপনাদের ধরছে তখন সেটা নিয়ে নিচ্ছেন। অথচ তার চেয়ে বড় কারখানা—সাড়ে চার শো লোকের কারখানা বন্ধ হয়ে পড়ে থাকছে। এই যে অবস্থাটা চলছে, এটা ঠিক নয়। আমি পতিতবাবুকে বলব, আপনি এদিকে

একটু দৃষ্টি দিন। আমি তাই এই বিল সম্পর্কে বেশি কিছু বলতে চাই না। এটা মূল সংবিধানের আর্টিকেল ২০ ক্লজ (১) কে সাটিসফাই করে রেট্রোসপেকটিভ এফেক্ট দেবার জ যে অসুবিধা তারজন্য এনাবেলিং ল্। মূল ল্ আমরা আগেই পাস করেছি এবং তখন ইন্ডিয়া বেল্টিং অ্যান্ড কটন মিল্‌স লিমিটেড অ্যাকুইজিশন হয়ে গিয়েছিল। যদি সরকার পক্ষে এই ত্রুটি না হত তাহলে আজকে এই বিল আনার দরকার ছিল না। কিন্তু যেহেতু উ আজকে নিয়ে এসেছেন কতগুলি লোকের জন্য, সেইজন্য আমি এটাকে সমর্থন করি মাননীয় রুগ্ন ও রাষ্ট্রায়ত্ত শিল্প দপ্তরের মন্ত্রী মহাশয়কে বলছি, নিজের পাবলি আন্ডারটেকিংগুলিকে ভালভাবে চালানো। এইভাবে চলতে পারে না। বছরের পর বছর গভর্নমে এক্সচেকার ড্রেনেজ করে দীর্ঘদিন চলতে পারে না। এইভাবে বামপন্থা হচ্ছে না, শ্রমিকদে ভাল হচ্ছে না, রাষ্ট্রের কল্যাণ হচ্ছে না।

## POINT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আ এই হাউসে একটা সংবাদ জানাই, আই. এন. টি. ইউ. সি, সি. আই. টি. ইউ. এবং . আই. টি. ইউ. সির আমন্ত্রণে আজকে কাজাকিস্থান ও উজবেকিস্থানের ৪জন উচ্চ পর্যায়ে নেতৃস্থানীয় ট্রেড-ইউনিয়ন নেতারা ভারতবর্ষে এসেছেন এবং গতকাল থেকে আমাদের পশ্চিমবে রয়েছেন। মাননীয় স্পিকার তাঁদের চায়ের আমন্ত্রণ করেছিলেন। আপনারা খুশি হবেন তাঁ এই হাউসে আমাদের সামনে উপস্থিত হয়েছেন। এটা আমি খুব আনন্দের সঙ্গে এই হাউসে অবগত করাচ্ছি এবং তাঁদের অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি।

## LEGISLATION

[3-30 – 3-40 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনার মাধ্যমে এখানে দি ইন্ডিয়া বেল্টিং অ্যান্ড কটন মিল্‌স লিমিটেড (অ্যাকুইজিশন অ্যান্ড ট্রান্সফার অ আন্ডারটেকিংস) (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ যেটা মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থিত করেছে তাকে আমি সমর্থন করছি। এখানে অধ্যাপক সৌগত রায় মহাশয়ের বক্তৃতা শুনলাম আসলে আমরা সামাজিক দায়বদ্ধ, পশ্চিমবঙ্গের মানুষের কথা বলে আমরা ক্ষমতায় এসেছি দি ইন্ডিয়া বেল্টিং কটন মিল্‌সটি কর্মচারিদের স্বার্থে আজকে অধিগ্রহণ করতে হয়েছে। আমি মনে করি আজকে যে প্রশ্নগুলি উঠেছে ওয়ার্ক কালচারের কথা, এই ওয়ার্ক কালচারের অবসানের পিছনের ইতিহাস, ট্র্যাজেডির ইতিহাস আপনাদেরই (কংগ্রেসদলের) শাসন। ৪৫ বছর ধরে সবাইকে আপনারা ইনডিভিজুয়াল করে তুলেছেন। আপনারা প্রত্যেকেই ইনডিভিজুয়াল কেউ কাউকে মানেন না, কেউ কারও কথা শোনেন না। তেমনিভাবে আজকে সমাজের চিত্রটাও হয়েছে ইনডিভিজুয়াল। সেইজন্য আজকে সামাজিক দায়বদ্ধতা, রাষ্ট্রের দায়বদ্ধতা এবং আন্তর্জাতিক দায়বদ্ধতার কথা মানুষ ভুলে যাচ্ছে। সামগ্রিকভাবে এই অবক্ষয়ের ভিতর

দিয়ে আমাদের চলতে হচ্ছে। এটা হচ্ছে ১ নম্বর। ২ নম্বর হচ্ছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি পন্ডিত লোক, আপনি অবগত আছেন—আমাদের দেশের কেন্দ্রীয় সরকারের যে ব্যবস্থাপনা সম্পর্কে উনি বক্তৃতা দিলেন সেটা আসলে হচ্ছে গোল্ডেন শেক্‌হ্যান্ড। কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী যে প্রস্তাব এসেছিলেন তার প্রতিক্রিয়া আজকে কি হচ্ছে? গতকাল যে আলোচনার কথা সৌগতবাবু বললেন—আমি বলব, গতকালের আলোচনা এবং প্রতিবাদের ফলশ্রুতি হচ্ছে কেন্দ্রীয় সরকারের এই ঘোষণা। আমি মনে করি, এখানকার প্রতিবাদ এবং এখানকার মানুষের ক্ষোভের কথা মনে রেখে আজকে কেন্দ্রীয় সরকারকে বলতে হচ্ছে না, ঐ সমস্ত কারখানাগুলি আমরা তুলে দেবার চেষ্টা করছি না। এটা খুবই আনন্দের কথা। আমাদের দায়বদ্ধতা জনগণের কাছে। সেইজন্য এখানে মাননীয় মন্ত্রী মহাশয় যে উদ্যোগ নিয়েছেন তা অভিনন্দনযোগ্য। কিন্তু তার পাশাপাশি মডার্নাইজেশনের কথাটা নিশ্চয়ই চিন্তা করতে হবে। আমি লাভের কথা চিন্তা করছি না। না লাভ, না লোকসান এমনি জায়গায় সরকারি উদ্যোগে পরিচালিত প্রতিষ্ঠানগুলিকে, কারখানাগুলিকে আনতে হবে। তেমনি পাশাপাশি আমি মনে করি, ওরা (কংগ্রেসিরা) যে সমস্ত কলকারখানার সাথে যুক্ত ছিলেন বা আছেন সেগুলি যাতে ডিসক্রেডিটেড হয়, বেসরকারি সংগঠনের হাতে আনার জন্য এঁরা চেষ্টা করেন। যেমন আমরা দেখছি, রাষ্ট্রীয় উদ্যোগে পরিচালিত পোস্ট অফিসের পাশাপাশি বেসরকারি উদ্যোগে স্পিড পোস্টাল সিস্টেম চালু করলেন ইদানীংকালে। কেন করছেন? ওরা প্রমাণ করতে চায় পোস্ট অফিসের সার্ভিস বাজে সার্ভিস। মাননীয় বিরোধীদলের সদস্য বললেন অবস্থাটা কি? আমার প্রশ্ন হচ্ছে, এই অবস্থা কেন হল? তার কারণ হচ্ছে ব্যাঙ্কিং সিস্টেম। ব্যাঙ্কিং সিস্টেম সম্বন্ধে সকালে বলেছি, আলোচনা হয়েছে। ব্যাঙ্কিং সিস্টেমের প্রধান কারণ হচ্ছে এই যে, এর সার্ভিসটা খুব খারাপ এবং জনগণকে বিভ্রান্ত করে একে বেসরকারিকরণের জায়গায় নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। মাননীয়া ইন্দিরা গান্ধী ভারতবর্ষকে সমাজতন্ত্রের পথে নিয়ে যাবার জন্য ব্যাঙ্ক এবং এল. আই. সি. কে রাষ্ট্রীয়করণ করেছিলেন কিন্তু আসল উদ্দেশ্য ছিল রাষ্ট্রীয় পুঁজিবাদী সমাজতন্ত্রের প্রতিষ্ঠা করা। কল্যাণের জন্য রাষ্ট্রীয় পুঁজিবাদ হয়েছে এটা কংগ্রেসিরা ভাবতে পারেন, কিন্তু জনগণ তা ভাববেন না। আমি এর পাশাপাশি আর একটি কথা বলছি, আপনার চিন্তা-ভাবনা যেন শুধু কলকাতা এবং হাওড়া কেন্দ্রিক না থাকে। বাধ্য হয়ে বলছি ডুয়ার্সের আলীপুর দুয়ারের পাশে একটি কারখানা পাইওনীয়ার ভেনিয়ার প্রাইভেট লিমিটেড যেখানে ২১৩-১৪ জন কর্মচারী কাজ করতেন এবং ওয়েস্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশন এবং ইউ. বি. আই. যুক্তভাবে প্রায় এক কোটি টাকা এঁদেরকে দিয়েছেন মালিকরা অভিনন্দন জানিয়েছিলেন। তারপর কলহ ইত্যাদি হয় এবং কাঁচামাল পাওয়া যায় না এই অজুহাতে পালিয়ে গেলেন। ১৯৯০ সাল থেকে মাননীয় মুখ্যমন্ত্রীর সেক্রেটারিয়েটে তাঁর সচিবালয়ে আমি এ পর্যন্ত বোধহয় ৩০ বার গিয়েছি, থার্টিটাইমস এর মধ্যে কোনও রেসপনস পাওয়া যায়নি। মাননীয় শিল্পমন্ত্রীকে বলেছিলাম, মাননীয় পতিতপাবনবাবুকেও কয়েকবার বলেছিলাম যে একটু ওদিকটা দেখুন। কলকাতা এবং হাওড়ার মানুষদের নিশ্চয়ই দুঃখ আছে তেমনি অন্য এলাকাতেও আছে। আমি অনুরোধ করব এ পাইওনীয়ার ভেনিয়ার প্রাইভেট লিমিটেড

আলীপুরদুয়ারের পাশে সেখানে ২১৪ জন কর্মচারী কাজ করতেন তার মধ্যে স্টারভেশনে ৫ জনের মৃত্যু হয়েছে। আমি এর আগে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছিলাম। আমি অনুরোধ করব যেন ওটাকে অধিগ্রহণ করা হয়। হাজারের বেশি মানুষ প্রত্যক্ষভাবে ওর সঙ্গে যুক্ত, তাঁদের পরিবার পরিজনদের প্রতিপালন করুন। আজকে ধীরে ধীরে অবস্থার উন্নতি হয়েছে, যেখানে কেন্দ্রের সরকার সরকারি উদ্যোগ বন্ধ করে দিচ্ছেন সেখানে বামফ্রন্ট সরকার সামলানোর চেষ্টা করছেন। এটা আমাদের কাছে একটা চ্যালেঞ্জ, সেই উদ্যোগ আমাদের কাছে একটা চ্যালেঞ্জ আজকে যে পরিস্থিতি বিশেষকরে সর্বভারতীয় ক্ষেত্রে। মহারাষ্ট্রের মাননীয় মুখ্যমন্ত্রী এখানে সে বলেছিলেন যে আমাদের ওখানে কাউকে ডাকতে হয় না, আপনিই চলে আসে। কেন হয় না? শ্রমিক কর্মচারিদের যা দেয় তা বহু কলকারখানার মালিক দেন না। লুটে পুটে খায়। ওদের সব উড়ো খই গোবিন্দায় নমঃ সব গোবিন্দকে নিবেদন করে, অর্থাৎ মালিকের উদ্দেশ্যে নিবেদিত হচ্ছে। সেখানে শ্রমিক কর্মচারিদের মর্যাদা দেওয়া হয় না। মাননীয় অধ্যাপক সৌগতবাবু আপনাকে বলি আজকে যে অবস্থাটা সৃষ্টি করেছেন, কেন্দ্রীয় সরকারের অবস্থাটা হচ্ছে এই। আপনাদের মাননীয় পন্ডিত জওহরলাল নেহেরু, যাঁর নামে আপনারা একদা ধূপ ধূনা দিতেন—মাঝখানে শ্রীমতী ইন্দিরা গান্ধী, রাজীব গান্ধীকে ধূপ ধূনা দিয়েছেন—এখন বেশি করে দিচ্ছেন [**] মহাশয়কে। আপনাদের মাননীয় অর্থমন্ত্রী [**] বিশ্বশ্রেষ্ঠ অর্থমন্ত্রী তাঁর লীলাক্ষেত্র অবাধ লুণ্ঠনের জন্য আমেরিকাকে ক্ষেত্র হিসাবে নিয়েছেন, সেজন্য তাঁকে আজকে ধূপ ধূনা দেবার জায়গায় নিয়ে গেছেন। আমি আপনাকে অনুরোধ করছি যে অনুধাবন করুন, যে পথে যাচ্ছেন সে পথ ভয়ের পথ, সেই পথে গেলে 'সেই বণিকের মানদণ্ড দেখা দিল পোহালে শর্বরী, রাজদন্ড রূপে।' সেই অবস্থা হবে। আপনারা কি করেছেন? আজকে দরজা, জানালা খুলে দিয়েছেন, আপনাদের নূতন বন্ধু আমেরিকা, যাঁরা কাশ্মীরকে কেন্দ্র করে ভারতবর্ষের সার্বভৌমত্ব নষ্ট করার চেষ্টা করছেন সেই আমেরিকা দু'গালে চুমা খাচ্ছেন। আপনাদের মাননীয় (নরসিংহ রাও, মনমোহন সিং) তাঁরা কি করছেন, যাঁরা ভারতবর্ষের সার্বভৌমত্ব ধ্বংস করার চেষ্টা করেছেন। সেই আমেরিকা, সাম্রাজ্যবাদী এই দেশে সাম্রাজ্যবাদী অবস্থা সৃষ্টি করার জন্য নূতন কায়দা করছে। এখন বিশ্ব যুদ্ধ লাগার সুযোগ নেই, তাই নূতন কায়দায় আমেরিকাকে আনার চেষ্টা হচ্ছে।

এজেন্ট অনুযায়ী কি? পার্লামেন্টে যখন বক্তৃতা করেন সেটা এজেন্ট হিসাবেই কি? ওদের দলের সভপাপতি কংগ্রেস (আই) প্রধানমন্ত্রী (নরসিমা রাও) একজন (আমেরিকান এজেন্ট, মনমোহন সিংহও তাই।) এদের মাধ্যমে আমেরিকা এখানে সাম্রাজ্যবাদ প্রতিষ্ঠা করবার চেষ্টা করছে। এখানে আমরা তারই বিরুদ্ধে লড়াই করছি। ১৩টি কারখানা যা অধিগ্রহণ করা হয়েছে সেগুলো একেবারে উৎকর্ষের জায়গায় গেছে সেটা বলছি না, তবে উদ্দেশ্য সাধু বলে বিলকে পরিপূর্ণ সমর্থন জানাচ্ছি।

---

Note : ** [Expunged as ordered from the chair]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নরসিমা রাও এবং মনমোহন সিং নাম দুটি বাদ যাবে।

**শ্রী নির্মল দাস ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি বুঝছি না যে কেন নরসিমা রাও এবং মনমোহন সিং নাম দুটি বাদ যাবে যারা দেশটাকে লন্ডভন্ড করছেন। এতদিন ওরা যে নেহরুর হয়ে (দালালী) করেছেন সেই তিনি বলেছিলেন—শিশু রাষ্ট্রের প্রধান মন্ত্রী হিসাবে আমাকে কিছু সময় দাও। তারপর কৈশোর এলো। তারপর তাঁর কন্যা এসে সমাজতন্ত্রের কথা বললেন। কিন্তু আমরা দেখেছি, সেটা দেশের ১৫-২০ ভাগ মানুষের সমাজতন্ত্র। তাঁরা আমেরিকান সাম্রাজ্যবাদকে ডেকে আনলেন। আজকে তাঁরাই গ্যাটের মাধ্যমে আন্তর্জাতিক সাম্রাজ্যবাদকে বিস্তৃত করবার চেষ্টা করছেন। সঙ্গত কারণে তাই আমরা তার বিরোধিতা করছি। এবং তারই জন্য মাননীয় পতিতপাবন পাঠক মহাশয় যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে তাঁকে অনুরোধ করছি, শুধুমাত্র পাইওনীয়ার মিলের ব্যাপারেই নয়, অন্যান্য ক্ষেত্রেও এই উদ্যোগ গ্রহণ করা হোক।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নির্মলবাবু, আপনি জিজ্ঞাসা করেছিলেন যে, কেন নাম দুটি বাদ দিচ্ছি। নিয়ম হল, এই হাউসের যাঁরা সদস্য নন্ তাদের নাম এখানে করা যাবে না।

[3-40 – 3-50 p.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে উদ্দেশ্যে এই বিলটা আনা হয়েছে তার পরিধি খুব সীমিত। অনেক আলোচনা হলেও এই বিলে হয়ত সেসব আলোচনার প্রয়োজন ছিল না। যাহোক, উভয় পক্ষ এই বিলকে সমর্থন করেছেন, তারজন্য সকলকে ধন্যবাদ। প্রসঙ্গত আমি দুই-একটি কথা বলব। সেটা হচ্ছে, একটা অবস্থার মধ্যে ঐ কারখানাটিকে ১৯৭৪ সালে তৎকালীন শ্রমমন্ত্রী অধিগ্রহণ করেছিলেন। পরবর্তীকালে ওটাকে জাতীয়করণ করবার প্রস্তাব আসে। যা করা হয়েছে ঠিকই হয়েছে। ঐ ব্যবস্থা গ্রহণে কারও কোনও ক্ষতি হয়নি, ওয়ার্কারদের কোনও ক্ষতি হয়নি। এই প্রশ্ন যা তোলা হয়েছে সেটা ঠিক নয়। আমি বলছি, ওটা পরিচালনার সম্পূর্ণ দায়িত্ব যখন গ্রহণ করা হয়েছিল তখন ঐ কারখানার সকলেই সহযোগিতা করেছিলেন এবং এখনও করছেন। প্রসঙ্গত কথা উঠেছে যে, সরকারি পরিচালনাধীন যেসব ইউনিটগুলি আছে সেখানে লোকসান হচ্ছে। আমি এত তথ্যের মধ্যে যাচ্ছি না। আমি একটা কথা বলতে চাই ভাবনা-চিন্তা আমরা করছি, আপনারা করছেন, ভারতবর্ষের নাগরিক হিসাবে করা উচিত। চিন্তার মধ্যে পার্থক্য নেই, বলার সময় অন্য বলছি। আমাদের একটা জিনিস মনে রাখা দরকার যে কয়েক বছর আগে লোকসানের পরিমাণ যা ছিল—নিশ্চয়ই আপনারা স্বীকার করবেন—প্রতি বছর তার পরিমাণ কমের দিকে গিয়েছে। লাভ করেছি বলব না, তবে লোকসান কমের দিকে গিয়েছে। কয়েকটিতে আমরা লাভ করছি, বাজেটে আলোচনার সময় সেইগুলি বলব। আমি এই কথা বলতে চাই, এই ব্যাপারে নিশ্চয়ই আমার নজর আছে যে পরিচালন ব্যবস্থা ত্রুটির জন্য যে কিছু বেল্টিং-এর ব্যাপারে আমি একটা কথা বলব যে আমরা একটা পরিকল্পনা করেছি। এই কথা ঠিক যে

বেল্টিং-এর প্রচলিত বাজার অনেক কমে গিয়েছে। অনেক জায়গায় অপসোলেট হয়ে গেছে; তবে এমন অনেক অঞ্চল আছে যেখানে এই পুরাতন বেল্টিং-এ কাজ চালাচ্ছে এবং সেখানে চাহিদাও আছে। এই সব বাজারে যাতে এই সরবরাহ করতে পারি তার জন্য চেষ্টা করছি। কিছু লোকজন আমাদের কাছে এসেছেন, এই ব্যাপারে বাজেট বক্তৃতা যখন দেব তখন আপনাদের কিছু খবর দিতে পারব। আজকে আমি এই পরিধির মধ্যে তিক্ততার মধ্যে আসতে চাই না। যেহেতু আপনারা আমার এই বিলকে সমর্থন করেছেন সেইজন্য আমি আপনাদের সকলকে ধন্যবাদ জানাচ্ছি। আমি সেখানে গিয়েছি,, আমার বন্ধু মান্নান সাহেবও সেখানে গিয়েছেন, আপনারা সকলে আসুন, সেখানে আর কি করা যায় দেখুন। অম্বিকাবাবুর অভিজ্ঞতাকে আমি ছোট করে দেখছি না, আপনিও আমাদের অভিজ্ঞতাকে ছোট করে দেখবেন না। নিশ্চয়ই আপনাদের সেখানে নিয়ে যাবে, বিরোধী দলের লোকেরা যাঁরা সেখানে যেতে চান তাঁদের নিয়ে যাব। সকলের সহযোগিতা নিয়ে কি ভাবে সেখানকার উন্নতি করা যায় সেটা আমি দেখব, এই প্রতিশ্রুতি আমি আপনাদের দিচ্ছি। আপনারা সকলে এই বিলকে সমর্থন করেছেন, তার জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনাকে আমি বলছি, এই বিল যে ভাবে আলোচনা হয়েছে সেইভাবে গ্রহণ করার জন্য সকলের কাছে আবেদন জানাচ্ছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Patit Paban Pathak that the India Belting and Cotton Mills Limited (Acquisition and Transfer of Undertakings) (Amendment) Bill, 1994, be taken into consideration, was then put and agreed to.

### Clauses 1 to 3 and Preamble :

**Mr. Deputy Speaker :** There are no amendments to Clauses 1-3 and Preamble.

The question that Clauses 1 to 3 and the Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Patit Paban Pathak :** Sir, I beg to to move that the India Belting and Cotton Mills Limited (Acquisition and Transfer and Undertakings) (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed

The motion was then agreed to.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আমার বিষয়টি খুব গুরুত্বপূর্ণ। বিষয়টি হল ছাতা। শুনতে ছাতা দুটি অক্ষরের, এটাতে কিন্তু প্রায় দেড় লক্ষ মানুষ যুক্ত আছে। সম্প্রতি রাজ্য সরকার সেল্‌স ট্যাক্স একগাদা বাড়িয়েছে, তার সঙ্গে একসাইজ ডিউটি, সেন্ট্রাল একসাইজ ডিউটি বসেছে। আমি বাঙালি, অবাঙালি বলতে চাইছি না, কিন্তু বাঙালি অধ্যুষিত শিল্প হিসাবে এটি

বেঁচে আছে। আমার এলাকায়, মধ্য কলকাতায় প্রায় দেড়লক্ষ কর্মী ছাতার উপরে নির্ভর করে আছে। এই শিল্পের উপরে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার ডিউটি যুক্ত হয়েছে, এর ফলে ওখানে এই ইন্ডাস্ট্রিটা শেষ হয়ে যাবে। দেড় লক্ষ শ্রমিক—এর ফলে মারা যাবে এবং বিদেশের ছাতাতে দেশ ভরে যাবে। আমি তাই একটা ডেপুটেশন তৈরি করেছি, এটা যদি আপনাদের থ্রু দিয়ে, সরকারের থ্রু দিয়ে কেন্দ্রে পৌঁছায় তাহলে ভাল হয়। ছাতাতে দেড় লক্ষ শ্রমিক যুক্ত আছে। এই আন-অর্গানাইজড সেক্টরের শ্রমিকদের কথা কেউ বলে না। আপনি স্যার, মফঃস্বলের লোক, আপনি বিড়ি শ্রমিকদের কথা জানেন। এদের কথা কেউ বলে না। আপনার তো মাথায় টাক আছে। সুতরাং আপনি একে উপেক্ষা করবেন না। এই গরমকালে অচিন্ত্যবাবুর মাথায় ছাতা না থাকলে তাঁর টাক ফেটে চৌচির হয়ে যাবে।

**(আওয়াজ শোনা যায়—'আপনারও তো টাক আছে?')**

আমি মনে করি, আমার ছোট ছাতাতে হয়ে যাবে। দেড়লক্ষ শ্রমিক কর্মচারীকে বাঁচাবার জন্য আমাদের এই ডেপুটেশন মন্ত্রী পর্যায়ে পৌঁছে দিন, এই অনুরোধ রাখছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সুব্রতবাবু, আমার মাথায় টাক আছে ঠিকই, তবে আপনার মাথাতে তো অর্দ্ধেকটা হয়েছে।

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** সুব্রতবাবু ঠিকই বলেছেন। এতদিন পর্যন্ত ছাতা শিল্পের উপরে একসাইজ ডিউটি ছিল না, এখন একসাইজ ডিউটি চাপানো হয়েছে। ইউনিয়ন যেগুলো আছে তারা বলছেন। বিভিন্ন মালিকরা ইতিমধ্যে আমাদের বলতে শুরু করেছেন যে তাঁরা এটা চালাতে পারবেন না। এগুলো রাখাতে তাঁদের অসুবিধা হচ্ছে। তাঁরা আজকে জ্যোতিবাবুর কাছে ডেপুটেশন দিয়েছেন। ছাতা শিল্পটা এমনই একটা শিল্প যার কারখানা খুবই কম, জায়গাতে এটা আছে। আমি যেখান থেকে এম. এল. এ. হয়ে জিতেছি, সেখানে কাঠের বাঁট থেকে আরম্ভ করে ছাতার অন্যান্য কাজে কয়েক লক্ষ শ্রমিক এর সঙ্গে যুক্ত আছে। উনি যেভাবে মুভ করেছেন, এটাকে আমরা যদি সর্বসম্মতভাবে দেখি তাহলে ভাল হয়। জ্যোতিবাবু ওদের ইতিমধ্যে আশ্বাস দিয়েছেন যে তিনি ওদের হয়ে বলবেন।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** আমি বলতে চাই যে সুব্রতবাবুকে ধন্যবাদ দেওয়া উচিত—কারণ ওঁর ছাতা সরে যাচ্ছে। সৌগতবাবু ট্রেড ইউনিয়ন করেন। ওঁর শুধু ছাতা নয়, পায়ের মাটিটা সরে যাচ্ছে। এটা ওঁর বোঝা দরকার।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আজকে এসপ্লানেড ইস্টে ছাত্র পরিষদের পক্ষ থেকে, যেটা কংগ্রেসের ছাত্র শাখা, তারা বিপুল ছাত্র সমাবেশ করেছে। কুমারগঞ্জে ছাত্র হত্যা হয়েছিল। আজকে পুলিশের যে ভূমিকা, তার বিরুদ্ধে প্রতিবাদ হচ্ছে।

[3-50 – 3-52 p.m.]

আজকে এই সমাবেশ থেকে আওয়াজ উঠেছে যে সমস্ত নেতারা এক হও। সমস্ত কংগ্রেসের নেতারা একসঙ্গে এই সমাবেশে যোগ দিয়েছেন এবং এর থেকেই প্রমাণিত হচ্ছে যে বামফ্রন্ট সরকারের গতি এবার নড়বড়ে হয়ে পড়বে। ছাত্র পরিষদ আবার জেগে উঠেছে, হাজার হাজার ছাত্রর সমাবেশ হয়েছে এবং মাননীয় সৌগতবাবু ওখানে প্রাণবন্ত বক্তৃতা করেছেন ১৯৬৭-৬৯ সালে বামফ্রন্ট সরকারের অবসান ঘটিয়ে যেমন রাজ্যের পরিস্থিতি এই ছাত্র পরিষদ ফিরিয়ে এনেছিল ঠিক তেমনি এই সমাবেশের থেকে বোঝা যাচ্ছে যে, আবার নতুন করে তারা জেগে উঠেছে এবং বামফ্রন্টের পতন অনিবার্য হয়ে পড়েছে। তাদের এই পথ যাতে আরও সুগম হয় সেই চেষ্টা আমরা করব এবং আপনারাও সচেতন হয়ে পড়ুন যে আপনাদের বিপদ সামনে এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি অত্যন্ত গুরুত্বপূর্ণ কথা বলছি। স্যার, আপনি জানেন যে হাওড়া শহরে সারা ভারতবর্ষের মানুষ বাস করে। বিশেষ করে এটি ইন্ডাস্ট্রি এলাকা এবং বড় বড় বস্তী আছে। এখন রমজান মাস চলছে, পানীয় জলের ভীষণ সঙ্কট চলছে। পাম্পিং স্টেশন থেকে ঠিকমতো জল আসছে না। বেশির ভাগ পাইপ লাইনের লিকেজ হয়ে খারাপ হয়ে গেছে। অনেক পাইপ লাইন অকেজো হয়ে গেছে, এগুলো তাড়াহুড়ো রিপেয়ার করে জল সরবরাহের ব্যবস্থা করুন তা না হলে দারুণ জল সঙ্কটে সাধারণ মানুষ পড়বে। বহুক্ষেত্রে এমনও হয়েছে যে উপযুক্ত পানীয় জলই নেই রমজান মাস চলছে অবিলম্বে হাওড়া শহরে পানীয় জলের ব্যবস্থা করুন তা না হলে ওখানকার মানুষ প্রতিবাদে ফেটে পড়ে রাস্তায় নামবে। সুতরাং এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী অবিলম্বে বিষয়টি গুরুত্ব দিয়ে দেখে এর ব্যবস্থা করুন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** সংসদীয় মন্ত্রীকে অনুরোধ করেন মন্ত্রী যাতে এই বিষয়ে বক্তব্য রাখেন তিনি সেটা দেখবেন

## Adjournment

The House was then adjourned at 3.52 p.m. till 11 a.m. on Wednesday, the 16th March 1994 at the Assembly House, Calcutta

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Wednesday, the 16th March, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 12 Ministers, 5 Ministers of State and 134 Members.

[11-00 — 11-02 a.m.]

### OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Sunil Mohan Ghosh Maulik, Ex-Member** of the West Bengal Legislative Assembly who breathed his last on the 10th March 1994. He was 86. He was born at Panchthupi on 18th February, 1909. He had his education at Panchthupi T.N. Institution and Schottish Church College in Calcutta. He was associated with many social organisations. He was the Chairman of the Murshidabad district Board from 1952, a member of the Murshidabad District School Board from 1949 to 1965, a member of the Murshidabad Regional Authority, the Director of the West Bengal State Co-operative Marketing Federation Ltd. and Murshidabad District Central Co-operative Bank Ltd. the Secretary of the Bardwan Thana Central Co-operative Marketing Society Ltd., a member of the Governing Body of Kandi Raj College and the Secretary of the T.N.Institution. He joined the Indian National Congress in his early youth. In 1929, he became a member of the West Bengal Pradesh Congress Committee. He was elected a member of the West Bengal Legislative Assembly in 1971 and 1972 as a Congress(I) candidate. At his death the State has lost a veteran political and an ardent social worker.

Now I would request the Hon'ble members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage the members stood in silence for two minutes)

Thank you, ladies and gentlemen. Secretary will send the message

of condolence to the members of the bereaved family of the deceased

## Starred Questions
## (to which oral answers were given)

### কর্মরত অবস্থায় মৃত শিক্ষক/অশিক্ষক কর্মচারী পরিবারের সুযোগ-সুবিধা

***২৫৬।** (অনুমোদিত প্রশ্ন নং *৪৮) **শ্রী আব্দুল মান্নান ঃ** শিক্ষা (প্রাথমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কর্মরত অবস্থায় মৃত শিক্ষক ও অশিক্ষক কর্মচারী পরিবারের একজনকে Compassionate ground-এ চাকুরি দেবার কোনও ব্যবস্থা আছে কি না;

(খ) থাকলে, ১লা জানুয়ারি ১৯৯২ থেকে ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত ঐ পরিবারভুক্ত কতজন চাকুরি পেয়েছেন; এবং

(গ) উক্ত পরিবারভুক্ত কাউকে পেনশন দেওয়ার ব্যবস্থা চালু আছে কি না?

**শ্রী আনিসুর রহমান ঃ** (ক) হ্যাঁ।

(খ) অংশের উত্তরের জন্য জেলার প্রাথমিক ও মাধ্যমিক দপ্তরের তথ্য সংগ্রহের জন্য জানানো হয়েছে। সময় লাগবে।

(গ) হ্যাঁ।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মিঃ স্পিকার স্যার, আমরা প্রশ্নগুলি স্পেসিফিক না করলে অনেক সময় মন্ত্রী মহাশয় বলেন নোটিশ লাগবে, হয়ত তথ্য তার কাছে থাকে না, তাই উত্তর দিতে পারেন না। আমি প্রশ্ন করেছিলাম ৯২-৯৩ সালে কত লোক কমপেসেনেট গ্রাউন্ডে চাকুরি পেয়েছেন, সেখানে আজকে উনি উত্তর দিয়ে দিলেন তথ্য সংগ্রহের জন্য বলা হয়েছে। স্যার এই প্রশ্নটাতো ৬ মাসের মধ্যে আর কোনও সদস্য হাউসে আনতে পারবেন না, তার মানে আমাদের মেম্বারদের ডিপ্রাইভ করা হচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** এটা আজকে হেল্ড ওভার রাখছি, পরের দিন কমপ্লিট আনসারটা দিয়ে দেবেন।

**শ্রী আনিসুর রহমান ঃ** স্যার, মাননীয় সদস্যকে বলি, আপনি ভাল করেই জানেন এর মধ্যে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষক ও অশিক্ষক আছেন, সেক্ষেত্রে ১লা জানুয়ারি ৯২ থেকে ৩১শে ডিসেম্বর, ৯৩ পর্যন্ত ২ বছরের ক্ষেত্রে কমপেসেনেট গ্রাউন্ডে চাকুরি দেওয়ার ব্যাপারে জানতে গেলে ২ জায়গা থেকে আলাদা ভাবে তথ্য সংগ্রহ করতে হবে। সেক্ষেত্রে তাদের এ্যাপয়েমন্টমেন্ট কার কবে হয়েছে, কে কবে মারা গেছে সব রিপোর্ট সংগ্রহ করতে

হবে, স্কুল থেকে, কাউন্সিল থেকে, ডি.আই. অফিস থেকে, যার জন্য পুরোটা সংগ্রহ করাটা খুব জটিল ব্যাপার।

**মিঃ স্পিকার ঃ** ঠিক আছে, এটা আজকে হেল্ড ওভার রাখছি, এটা আফটার এ ফর্টনাইট আবার আসবে।

***257. Not Called.**

***258. Not Called.**

**হস্তশিল্প সামগ্রীর বিপনন সংস্থা**

***২৫৯।** (অনুমোদিত প্রশ্ন নং *২৬৮) **শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হস্তশিল্প সামগ্রী বিপননের জন্য বর্তমানে মোট কয়টি সংস্থা রাজ্য সরকারের অধীনে আছে, এবং

(খ) সংস্থাগুলির একটি তালিকা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** (ক) ২টি।

(খ) (১) পশ্চিমবঙ্গ হস্তশিল্প উন্নয়ন নিগম লিমিটেড (মঞ্জুষা) (২) পশ্চিমবঙ্গ রাজ্য হস্তশিল্প সমবায় সমিতি (বঙ্গশ্রী)।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, বর্তমানে এই রাজ্যে হস্তশিল্পে নিযুক্ত মোট শিল্পীর সংখ্যা কত এবং ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে এই সংখ্যা কত কত ছিল?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এই ব্যাপারে নোটিশ না দিলে উত্তর দেওয়া মুশকিল।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** এই শিল্পজাতদ্রব্য কোনও বড় উৎপাদকদের কাছে বিক্রি হয়ে যাচ্ছে এবং বড় উৎপাদকরা সেটা দেশে-বিদেশে বিক্রি করছে, এই বিষয়ে আপনার কাছে কোনও খবর আছে কি না?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** হস্তশিল্প দ্রব্য যদি বড় উৎপাদকরা কিনে নিয়ে বিক্রি করে তাহলে আমাদের কোনও সমস্যা নেই। কারণ বাজারটাই হচ্ছে সমস্যা। আমাদের সরকারের তরফ থেকে তাই আমরা দুটি সংস্থা করেছি। তবে শিল্পীরা যাতে মজুরি ন্যায্য পায় সেই ব্যাপারে আমরা ভাবনা চিন্তা করছি। ভারতবর্ষের বিভিন্ন জায়গায় এবং ভারতবর্ষের বাইরেও এই জিনিস বিক্রি হচ্ছে এবং এটা বড় উৎপাদকরাই করে।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** ১৯৯২-৯৩ সালে এই দুটি সংস্থা, এদের শিল্পজাত দ্রব্য বিক্রির পরিমাণ কত? কত টাকার মাল বিক্রি হচ্ছে মঞ্জুষা এবং বঙ্গশ্রীর মাধ্যমে।

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** ১৯৯২-৯৩ সালে এর পরিমাণ হচ্ছে ৪ কোটি ৮ লক্ষ টাকা

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই মঞ্জুশ্রী এবং বঙ্গশ্রী এই দুটি সংস্থার বিপননের যে ব্যবস্থা, তাতে দোকানের সংখ্যা গত দুবছরে বেড়েছে কিনা এবং যে সমস্ত জিনিস তারা তৈরি করে তার বিক্রির পরিমাণ বেড়েছে কিনা?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** ১৯৯১-৯২ সালে এই মঞ্জুষার বিক্রয় কেন্দ্র ছিল ২৯টি এবং এখন সেটা ৩০টি হয়েছে। আর বঙ্গশ্রীর আগে ৯টি ছিল, এখনও সেই ৯টিই আছে। তবে আমরা আর বিক্রয় কেন্দ্র করার কথা চিন্তাভাবনা করছি না, আমরা এজেন্সীর মাধ্যমে বিক্রি করার কথা চিন্তা করছি, এতে আমাদের খরচ কম হয়।

[11-10—11-20 a.m.]

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আমাদের এই পশ্চিমবঙ্গে যেমন অন্যান্য রাজ্যের হস্তশিল্পের বাজার আছে তেমনি অন্য রাজ্যে আমাদের রাজ্যে প্রস্তুত হস্তশিল্পের কি রকম বাজার আছে এবং তা প্রসারিত করার জন্য রাজ্য সরকার কী পরিকল্পনা নিয়েছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** পশ্চিমবঙ্গের বাইরে আমরা কিছু বিক্রয়কেন্দ্র করেছি। মাদ্রাজ বা তামিলনাড়ুতে আছে, কর্ণাটকে আছে এরকম কতকগুলি জায়গায় আছে। এ ছাড়া নয়াদিল্লিতে আছে। এছাড়া এখানে তো আর কিছু দেখছি না। আর মাঝে মাঝে ঐ যে মেলা হয়—দিল্লিতে মেলা হয় তাতে বিক্রয়ে আমরা অংশ গ্রহণ করি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, বর্তমানে বঙ্গশ্রী এবং মঞ্জুষাতে বার্ষিক কত টাকা লোকসান হয় আর মঞ্জুষা থেকে বিদেশে রপ্তানির পরিমাণ কত?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** নির্দিষ্টভাবে জানতে হলে নোটিশ চাই তবে আমার যতদূর জানা আছে তাতে বলতে পারি বঙ্গশ্রীতে লাভ হয় আর মঞ্জুষাতে লাভ হয় না।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানেন যে হস্তশিল্পের মধ্যে আমাদের রাজ্যে হস্তচালিত তাঁত অন্যতম। কেন্দ্রীয় সরকার বর্তমানে জনতা শাড়ি এবং ধুতির উপর ভরতুকি উঠিয়ে দেওয়ার ফলে এগুলি আসতে আসতে বন্ধ হয়ে যাচ্ছে। এখন বিভিন্ন সমবায় সমিতি ডাইভারসিফিকেশন করে নতুন জিনিস তৈরি করছে। এক্ষেত্রে বিপননের জন্য সরকার কী ব্যবস্থা নিয়েছেন জানাবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** হ্যান্ডলুম এবং হ্যান্ডিক্রাফ্টের মধ্যে তফাৎ আছে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, মঞ্জুষা এবং বঙ্গশ্রী এই দুটি সরকারি সংস্থার সঙ্গে বা এর মার্কেটিং-এর সঙ্গে কত সংখ্যক হস্তশিল্প জড়িত এবং সেই হস্তশিল্পীদের কিভাবে আপনারা সাহায্য করেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** নির্দিষ্টভাবে সংখ্যা বলা এখনই মুশকিল তবে আমরা যেভাবে সাহায্য করি সেটা হল এই রকম কলকাতায় প্রতি বছর একটা করে মেলা হয় এবং সেখানে প্রতি জেলা থেকে হস্তশিল্পীদের আনা হয়, তারা সেখানে তাদের জিনিস বিক্রি করেন। সকলের সামনে তারা তৈরি করে দেখানও। এখানে কিছু অর্ডার বিভিন্ন জায়গা থেকে আসে—বাইরে থেকে এবং এখান থেকে আসে। এছাড়া কিছু ট্রেনিং-এর ব্যবস্থা আছে। বিভিন্ন জায়গাতে ট্রেনিং-র ক্ষেত্রে আমরা কিছু সাবসিডি দিই। এইভাবে কিছু সাহায্য করি। এখানে প্রধান সমস্যা হচ্ছে বাজারের। আমরা যতখানি করার জন্য চাইছি ততখানি করতে পারছি না। এখানেও সমস্যা হচ্ছে প্যাকেট করে বিক্রি করার। যেমন মাটির জিনিস, সেগুলি খুব উচ্চ দামে বিক্রি হতে পারে কিন্তু প্যাকেট করে বিক্রি করতে গেলে খরচ বেশি পড়ে যায়। এইসব সমস্যা আছে।

## উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ

*২৬০। (অনুমোদিত প্রশ্ন নং *১২৮৪) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, টাকার অভাবে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের কাজ বিঘ্নিত হচ্ছে;

(খ) সত্যি হলে, আগামী বর্ষায় বন্যার হাত থেকে জনজীবনকে রক্ষা করতে সরকার কি কি ব্যবস্থা নিচ্ছেন; এবং

(গ) উক্ত বন্যার পর রাজ্য সরকারের কাছে দেওয়া উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের ২১ কোটি ৩৩ লক্ষ টাকার বাঁধ মেরামতির পরিকল্পনা বর্তমানে কী অবস্থায় আছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** (ক) হ্যাঁ, ইহা সত্য যে টাকার অভাবে উত্তরবঙ্গের বিগত বন্যার ক্ষয়ক্ষতি মেরামতি তথা বন্যা নিয়ন্ত্রণের কাজ বিঘ্নিত হচ্ছে।

(খ) গত বন্যায় মোট ক্ষয়ক্ষতির পরিমাণ ছিল আনুমানিক ২১৩৩ লক্ষ টাকা। মেরামতি এবং পুনর্গঠন বাবদ অদ্যাবধি দুর্যোগ ত্রাণ তহবিল (ক্যালামিটি রিলিফ ফান্ড) থেকে প্রাপ্ত ১৫০ লক্ষ টাকা ব্যয় করিয়া বাঁধের ভাঙ্গনের প্রাথমিক পুনর্গঠন এবং প্রাথমিক মেরামতির কাজ বন্যার পরে সমাপ্ত করা হইয়াছে। এই কাজের জন্য মোট খরচ হইয়াছে ৪৪০ লক্ষ টাকা। অর্থাৎ, পরিশোধযোগ্য দায় দাঁড়াইয়াছে ২৯০ লক্ষ টাকা।

চূড়ান্ত মেরামতি এবং পুনর্গঠনের জন্য প্রয়োজনীয় অর্থের যোগান আশানুরূপ না

হওয়ায়, বাকি ১৬৯৩ লক্ষ টাকার কাজের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে ৫০০ লক্ষ টাকার কাজ জওহর রোজগার যোজনার মাধ্যমে করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং আশা করা যাইতেছে যে ঐ কাজ শীঘ্রই শুরু করা যাইবে।

একথা অনস্বীকার্য যে জনজীবন সুরক্ষিত করার স্বার্থে বাদবাকি ১১৯৩ লক্ষ টাকার কাজও সত্ত্বর করা প্রয়োজন।

(গ) ১৯৯৩ সালের জুলাই মাসে উত্তরবঙ্গে যে ভয়াবহ বন্যা হয়, তার পরে উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ কমিশনের তরফে রাজ্য সরকারের নিকট বন্যার ব্যাপক ক্ষয়ক্ষতি সম্পর্কিত একটি রিপোর্ট পেশ করা হয়। ঐ রিপোর্টে ক্ষয়ক্ষতির তালিকা ও মেরামতির হিসাব দেখানো হয়। ঐ রিপোর্ট অনুযায়ী ক্ষয়ক্ষতি মেরামতির আনুমানিক ব্যয় ছিল ২১৩০ লক্ষ টাকা। বস্তুত এটি ছিল একটি ক্ষয়ক্ষতির রিপোর্ট, সঠিক অর্থে যাকে পরিকল্পনা বলা চলে না। পূর্বেই বলা হইয়াছে যে ক্যালামিটি রিলিফ ফান্ড (দুর্যোগ ত্রাণ তহবিল) থেকে রাজ্য সরকার আজ পর্যন্ত এ বাবদ ১৫০ লক্ষ টাকা সেচ বিভাগকে দিয়েছেন। আরও প্রায় ৫০০ লক্ষ টাকা জওহর রোজগার যোজনার মাধ্যমে দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। বাদবাকি কাজ অর্থের যোগানের উপর নির্ভর করে এবং অগ্রাধিকারের ভিত্তিতে বিভাগীয় ব্যয় বরাদ্দের মাধ্যমে করার পরিকল্পনা নেওয়া হচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** স্যার, আপনি কোয়েশ্চেনটা লক্ষ্য করেছেন কি না জানি না, কি মারাত্মক ব্যাপার, উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য টাকার প্রয়োজন, কিন্তু মন্ত্রী মহাশয় যা উত্তর দিলেন, তা অত্যন্ত ভয়াবহ এবং উদ্বেগজনক। আমি প্রথমত এই জন্য মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি, এই উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের কাজ বিঘ্নিত হচ্ছে তার যে ডিসমেল পিকচার তিনি তুলে ধরেছেন, এর জন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু আপনার এই প্রশ্নের উত্তর ভয়াবহ উত্তর। আমার যেটা জিজ্ঞাস্য, গত বছর জুলাই মাসে উত্তরবঙ্গের কুচবিহার এবং জলপাইগুড়ি জেলায় এই ভয়াবহ বন্যার ফলে যে এত সম্পত্তি এবং জীবনের ক্ষয়ক্ষতি হল, এই অবস্থায় সরকার এবং পশ্চিমবাংলার মানুষ খুব উদ্বিগ্ন হয়েছিল এবং সেই সময় আমরা দেখেছি এই রাজ্যের বিভিন্ন মন্ত্রী, অর্থমন্ত্রী থেকে শুরু করে দফায় দফায় অনেক মন্ত্রী উত্তরবঙ্গের মানুষকে প্রতিশ্রুতি দিয়েছেন যে আগামী বছর উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে যা যা পদক্ষেপ গ্রহণ করা দরকার সরকার সব পদক্ষেপ নেবেন এবং তার জন্য টাকার অভাব হবে না, এই প্রতিশ্রুতি ছিল। কিন্তু এক বছর প্রায় ঘুরে এল এবং আগামী বর্ষা আসন্ন, সেখানে আপনার রিপোর্ট থেকে জানাচ্ছে মাত্র প্রাইমারি ওয়ার্ক, সাময়িক ভাবে চার কোটি ৪০ লক্ষ টাকার কাজ হয়েছে, তা আপনি পেয়েছেন ন্যাচারাল ক্যালামিটি রিলিফ ফান্ড থেকে ১ কোটি টাকা আর ২ কোটি ৯০ লক্ষ টাকা বাকি, এইগুলো সাময়িক ভিত্তিতে কাজ।

[11-20—11-30 a.m.]

যেকোনও মুহূর্তে বিপদজনক অবস্থার সৃষ্টি হতে পারে। এই অবস্থায় আমার মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে যেটা জিজ্ঞাসা সেটা হচ্ছে—টাকার অভাব দূর করার জন্য সরকার কি বিশেষ ব্যবস্থা নিচ্ছে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আমি ইতিপূর্বেই বলেছি যে, আমরা এ পর্যন্ত লায়াবিলিটি নিয়ে ৪ কোটি ৪০ লক্ষ টাকা খরচ করেছি এবং জওহর রোজগার যোজনায় ৫ কোটি টাকা পেয়েছি, সেই টাকার কাজও শুরু হয়ে গেছে। বাকি জায়গায় নর্মাল বাজেট থেকে সাড়ে পাঁচ কোটি থেকে ৬ কোটি টাকা খরচ করব। তারপরেও একটু শর্ট-ফল থেকে যাবে, যেটা পাওয়া যাচ্ছে এবং তা দিয়ে যে কাজ হবে তাতে মাঝারি ধরনের বন্যা রোখা যাবে, কিন্তু বড় রকম বন্যা রোখা সম্ভব হবে না। সেজন্য আমাদের দপ্তর ইতিমধ্যেই ফিনান্স মিনিস্টারের কাছে এবং ক্যালামিটি রিলিফ ফান্ডের মন্ত্রীর কাছে স্পেশ্যাল ফান্ডের দরখাস্ত করেছে। আলোচনা চলছে, আশা করছি একটা মীমাংসা হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** মাননীয় মন্ত্রী মহাশয়, রাজ্য সেচ বাজেটে উত্তর বঙ্গের বন্যা নিয়ন্ত্রণ কাজের জন্য যথাক্রমে ১৯৯২-৯৩ সালে এবং ১৯৯৩-৯৪ সালে কত টাকার বরাদ্দ ধার্য হয়েছিল এবং কত টাকা পেয়েছিলেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** বন্যা নিয়ন্ত্রণ খাতে সামগ্রিকভাবে বাজেট বরাদ্দ যা ধার্য হয়েছিল তার মধ্যে উত্তর বঙ্গের বন্যার জন্য ১৯৯২-৯৩ সালে এবং ১৯৯৩-৯৪ সালে যথাক্রমে প্রায় ৬ কোটি এবং ৭ কোটি টাকা ধার্য হয়েছিল। কিন্তু বিগত ১৯৯২-৯৩ সালে আমাদের বাজেট প্রোটেক্টেড হয় নি—কি সামগ্রিক বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে, কি উত্তর বঙ্গের বন্যা নিয়ন্ত্রণের ব্যাপারে বাজেট প্রোটেক্টেড হয় নি। শতকরা ৬৫ থেকে ৭০ ভাগ অর্থ পাওয়া গিয়েছিল। ফলে ৭ কোটি টাকা ৬ কোটিতে দাঁড়িয়েছিল এবং ৬ কোটিটা ৫ কোটিতে দাঁড়িয়েছিল। কিন্তু এই মুহূর্তে—১৯৯৩-৯৪ সালে শতকরা ৭৭ ভাগই প্রোটেক্টেড হয়েছে এবং আশা করছি আগামী আর কয়েক দিনের মধ্যে সম্পূর্ণটাই পাওয়া যাবে। অর্থমন্ত্রীর কাছে সে রকম প্রতিশ্রুতিই পেয়েছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার :** অর্থমন্ত্রী মহাশয় নিজে সরেজমিনে গিয়েছিলেন। তবুও তাঁকে নতুন করে টাকার কথা বলতে হচ্ছে কেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** সে প্রশ্নের উত্তর আমি দিতে পারব না।

**শ্রী নিশিকান্ত মেহেতা :** প্রাকৃতিক দুর্যোগে যেখানে বন্যা হয় সেখানে যৌথ দায়িত্ব থাকে কেন্দ্রের এবং রাজ্য সরকারের। ইরিগেশন ডিপার্টমেন্টের নরমাল বাজেটের টাকা থাকে। ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার যৌথভাবে টাকা দেয়।

কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সেই টাকা পেয়েছেন কিনা? ন্যাচারাল ক্যালামিটির জন্য ১৯৯২ সালে পুরুলিয়াতে যে ফ্লাড হয়েছিল তারজন্য কতটাকা পুরুলিয়া, জলপাইগুড়ি এবং কোচবিহারের জন্য দিয়েছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে কেন্দ্রীয় সরকারের অনুসন্ধান কমিটি এখানে এসেছিলেন এবং তাঁরা ফিরেও গিয়েছিলেন। কিন্তু কোনও অর্থ বরাদ্দ করেনি। ন্যাচারাল ক্যালামিটি ফান্ড থেকে কোনও টাকা পাওয়া যায় নি। রাজ্য সরকারের তরফ থেকে এ পর্যন্ত ১ কোটি ৫০ লক্ষ টাকা পাওয়া গেছে। এই টাকা অবশ্য খুবই কম।

**ডাঃ মানস ভুঁইয়া :** আমরা প্রায়ঃশই দেখছি, কোনও দপ্তরের বাঁধ মেরামতি বা বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচির বিষয়ে বিশেষ করে বন্যার পরে মাননীয় অর্থমন্ত্রী প্রকাশ্যে ঘোষণা করছেন ক্ষতিগ্রস্ত বাঁধগুলি জনগণ মেরামত করবে। সেচ দপ্তরের কাজের কোনও প্রয়োজনীয়তা নেই। এই বিষয়ে আমরা অন্ধকারে আছি। আপনি পরিষ্কার করে এ ব্যাপারে বলুন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** টাকার সীমাবদ্ধতা থাকার জন্য, আর্থিক অসঙ্গতির জন্য আমরা এবার সেচ দপ্তরের তরফ থেকে বিশেষ করে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণের জন্য এবং অন্য এলাকার জন্য যে টাকা চেয়েছিলাম রাজ্য সরকারের কাছে বিশেষ করে অর্থ দপ্তরের কাছে—সেখানে আমরা এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছে প্রধানমন্ত্রী সহ সমস্ত মন্ত্রীর কাছে গিয়েছিলাম। তখন একটা কথা হয়েছিল এ ব্যাপারে তারা কি সাহায্য করতে পারবেন। সেখানে দেখা গেল, গঙ্গা, ভাগীরথী এবং উত্তরবঙ্গের ভাঙ্গনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অন্য দপ্তরের কাছ থেকে পজিটিভ রেসপন্স পাওয়া যায়নি। আপনিও ছিলেন, আপনিও ব্যাপারটা জানেন। একমাত্র পজিটিভ রেসপন্স পাওয়া গিয়েছিল জওহর রোজগার যোজনার রুর‍্যাল ডেভেলপমেন্ট দপ্তরের কাছ থেকে, তারা কিছু টাকা স্যাংশন করেছেন। অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা হয়ে তখন জানতে পেরেছিলাম সেই দপ্তর থেকে কিছু টাকা পাওয়া যাচ্ছে। পূর্ত দপ্তরের জন্য রাস্তা মেরামতি ইত্যাদির ক্ষেত্রে ২৭ কোটি টাকা আর সেচ দপ্তরের জন্য ২০ কোটি টাকা দিয়েছেন। এই টাকা থেকে ৫ কোটি টাকা জলপাইগুড়ি এবং কোচবিহার জেলায় খরচ করা হচ্ছে।

**ডাঃ মানস ভুঁইয়া :** আমি স্পেসিফিক প্রশ্নের উত্তর পেলাম না। আমার প্রশ্ন ছিল, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১০০ কোটি টাকা স্পেশ্যাল জওহর রোজগার যোজনায় এই বছর পশ্চিমবঙ্গকে অ্যাডিশনাল দিয়েছেন, এক্সট্রা দিয়েছেন। ইন অ্যাডিশন টু ২২০০ কোটি টাকা। জওহর রোজগার যোজনায় দেখছি, কিছু টাকা পার্টওয়াইজ ভাগ করে দিয়েছেন—রাস্তার কত, আপনার কত, এবং কৃষিতে কত। এ ব্যাপারে ৮০ পারসেন্ট কেন্দ্রীয় সরকার টাকা দেয় আর ২০ পারসেন্ট রাজ্য সরকার দেয়। আমি প্রায়শই দেখছি, সেচ দপ্তরের বাঁধ মেরামতির জন্য বা যেটা ভেঙে গেছে তার রিপেয়ার করা বা মেইনটেনান্স করার জন্য অর্থমন্ত্রী বলছেন সাংবাদিক সম্মেলন করে বা অফিসারদের নিয়ে মিটিং করে যে বাঁধগুলি

মেরামতি জনগণ করবে, সেচ দপ্তরের দরকার নেই। এই ব্যাপারে স্পেসিফিক জানতে চাইছি?

[11-30—11-40 a.m.]

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** প্রশ্নটিতে দুটি জিনিস জড়িত রয়েছে। একটা আপনাদের যে কনজিউম হচ্ছে যে চেষ্টা করা হচ্ছে কিনা? কেন জওহর রোজগার যোজনায় হাত বাড়াতে হচ্ছে? বাড়তে হচ্ছে এই কারণে যে, যেহেতু কেন্দ্রীয় সরকার দ্ব্যর্থহীন ভাষায় বলছেন তাঁরা এই কথা বলতে পারছেন না, গঙ্গা, পদ্মা এবং অন্যান্য ভাঙ্গনের ক্ষেত্রে কোনও পজিটিভ রেসপন্স দিতে পারছেন না। মাত্র দুটি জায়গায়, খুব লিমিটেড জায়গায় পাওয়া গেছে, বেশি জায়গায়ই পাওয়া যায় নি। সেই কারণে বাধ্য হয়ে হাত দিতে হয়েছে। এই দপ্তরের ইচ্ছা নয় যে অন্য দপ্তর কাজ করুক, আমি বিশ্বাস করি না যে আমার দপ্তর থেকে অন্য দপ্তর বিশেষ করে জেলাপরিষদ ভাল কাজ করতে পারে। অতীতের রেকর্ডে এই সেচ দপ্তরের কাজের সুখ্যাতি রয়েছে বেষ্ট অর্গানাইজড সংস্থা বলে। টাকার হাল যেখানে এই জায়গায় এসেছে কাজেই অন্য জায়গা থেকে যে টাকাটা পাওয়া যাচ্ছে সেটা কাজে লাগানোই হচ্ছে বুদ্ধিমানের কাজ।

**শ্রী অতীশচন্দ্র সিনহা :** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে, ১৯৯৩-৯৪ আর্থিক বছরে বন্যা নিয়ন্ত্রণের জন্য এবং বাঁধ মেরামতের জন্য এই দপ্তরে কত টাকা বরাদ্দ ছিল? বছর প্রায় শেষ হতে চলেছে। এর মধ্যে কত টাকা অর্থ দপ্তর থেকে পেয়েছেন, সবটা না পেয়ে থাকলে কেন পাননি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** ১৯৯৩-৯৪ সালে ২৮ কোটি টাকা বরাদ্দ ছিল। মাননীয় দেবপ্রসাদ সরকারের প্রশ্নের উত্তরে জানিয়েছি যে এখন পর্যন্ত ৭৫ থেকে ৭৭ পারসেন্ট প্রোটেক্টেড হয়েছে, বাকি ২৩ ভাগ পায়নি। মাননীয় অর্থমন্ত্রী কিছুদিন আগে বলেছেন ৩১শে মার্চের মধ্যে বাকি টাকাটা দেবেন।

**শ্রী নির্মল দাস :** মাননীয় মন্ত্রী মহাশয়, উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কমিশন যেটা সেটা আসলে ১৯৬৮ সালে গঠিত হয়েছিল জলপাইগুড়ির ভয়াবহ বন্যার তদন্ত কমিটির ভিত্তিতে। এখন গত জুলাই মাসে জলপাইগুড়ি আলিপুরদুয়ার এবং কুচবিহারে তুফানগঞ্জে বন্যা হল। বন্যা নিয়ন্ত্রণের জন্য—বাইরে কাগজে দেখেছি—তদন্ত কমিশন বসছে। ভুটানের ডলোমাইটের নামে ডিনামাইট ফাটাচ্ছে। এই বিপর্যয়ের জন্য সঠিকভাবে জনগণকে সতর্কবার্তা দিয়েছিলেন কিনা? এই অবস্থা খুব ভাল নয়। বৃষ্টি শুরু হয়েছে আপার হিল সেকসনে সেই অবস্থায় বিপর্যয় প্রতিরোধ এবং গত বিপর্যয় ঘটার কারণ অনুসন্ধানের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য রাজ্য সরকার তদন্ত কমিশন গঠন করেছেন কিনা, করে থাকলে কবে নাগাদ রিপোর্ট বেরোবে?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় :** আগামী ৩ মাসের মধ্যে রিপোর্ট পেশ করা হবে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, সেচ বিভাগের কারিগরি দপ্তরের টেকনিক্যাল কমপিটেন্স তার সঙ্গে কারও তুলনা চলে না। আপনি নিজেই বলছেন যে টাকার অভাব সেজন্য সেচ বিভাগের বাঁধ মেরামতের কাজ জেলাপরিষদ, জনগণের মাধ্যমে হচ্ছে। এর ফলে বন্যা নিয়ন্ত্রণের বেসিক কাজ বাঁধ মেরামতের কাজ সেখানে ত্রুটি হচ্ছে, বন্যায় ক্ষতিগ্রস্ত হবে।

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** টেকনিক্যাল গাইডেন্স, টেকনিক্যাল সুপারভিশন আমাদের হাতে থাকার ফলে ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা নেই।

## ফুড প্রসেসিং কেন্দ্রের সংখ্যা

***২৬১।** (অনুমোদিত প্রশ্ন নং *৫৬২) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ফুড প্রসেসিং কেন্দ্রের সংখ্যা কত; এবং

(খ) বর্তমান আর্থিক বছরে আরও ফুড প্রসেসিং কেন্দ্র গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রী আব্দুল রেজ্জাক মোল্লা ঃ** (ক) লাইসেন্সপ্রাপ্ত ফল ও সব্জী সংরক্ষণ কেন্দ্র ২০৫টি এবং এরেটেড ওয়াটার কারখানা ১৮টি।

(খ) হ্যাঁ।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আপনি বললেন এই আর্থিক বছরে আপনার গড়ে তোলার পরিকল্পনা আছে, আপনি কোথায় এবং ক'টা করবেন একটু দয়া করে জানাবেন?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** এই আর্থিক বছরে দক্ষিণ ২৪ পরগনায় এবং বীরভূমে দুটো করার কথা, আর মেদিনীপুরে দুটো করা হচ্ছে।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** আলু উৎপাদক জেলা হিসাবে হুগলি জেলাতে আলু প্রসেসিং করার ব্যবস্থা হবে কিনা?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আলু প্রসেসিং এর ব্যাপারে চিন্তা-ভাবনা করা হচ্ছে। আলু প্রসেসিং করতে চান এমন কোনও উদ্যোগী আপনার কাছে থেকে থাকলে পাঠিয়ে দেবেন, সাদরে ব্যবস্থা করে দেব।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** কিছুদিন আগে কেন্দ্রীয় ফুড প্রসেসিং মন্ত্রী কলকাতায় পূর্বাঞ্চলের বিভাগীয় মন্ত্রীদের সঙ্গে, এবং শিল্প ও বাণিজ্য প্রতিনিধিদের সঙ্গে একটি মিটিং করেছিলেন। তাতে তিনি বলেছিলেন যে, পশ্চিমবঙ্গসহ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলি ফুড প্রসেসিং এর

ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে সমস্ত ব্যবস্থা অবলম্বন করেছেন তার থেকে কোনও সুযোগ নিতে পারছে না। আপনি বলেছেন যে, সারা পশ্চিমবঙ্গে বর্তমানে ২০৫টি প্রসেসিং ইউনিট এবং ১৮টি এরেটেড ওয়াটার কারখানা। কিন্তু এর সংখ্যাটা বৃদ্ধি পেলে তার থেকে অনেক নিয়োগ হতে পারে এবং তাদের আর্থিক অবস্থারও পরিবর্তন হতে পারে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গ কৃষিজ পণ্যভিত্তিক ফুড প্রসেসিং এর ক্ষেত্রে অগ্রগণ্য ভূমিকা গ্রহণ করতে পারে। এই বিষয়ে আপনার কোনও পরিকল্পনা আছে কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** কেন্দ্রীয় বিভাগীয় মন্ত্রীর সঙ্গে আমার প্রতিনিয়ত যোগাযোগ রয়েছে, কিন্তু ওঁরা দিচ্ছেন, কিন্তু আমরা নিতে পারছি না—এটা ঠিক নয়। এই ক্ষেত্রে অনেক কেঁদেকেটে এতদিন ওঁরা এক কোটি টাকা দিতে পেরেছেন এবং তার প্রতিটি টাকাই আমরা খরচ করতে পেরেছি। আমাদের এখানে পরিকাঠামোগত অসুবিধা রয়েছে এবং এটা নিয়েও তাদের সঙ্গে আলোচনা হয়েছে। কিছু বিদেশি সংস্থাও এখানে এসেছেন এবং তাদের সঙ্গেও ফুড প্রসেসিং এর ব্যাপারে কথাবার্তা হয়েছে। আলু থেকে ভদকা তৈরি করা যায় কিনা—এই ব্যাপারে আর্জেন্টিনা থেকে আগত একটি পার্টির সঙ্গে কথাবার্তা হয়েছে, ইক্যুইটি পার্টিসিপেশনের ব্যাপারে কথাবার্তা হয়েছে, কিন্তু সরাসরি কোনও নির্দিষ্ট প্রস্তাব কি কেন্দ্রীয় সরকার, কি কোনও ব্যক্তিগত উদ্যোগী—কারও কাছ থেকে আমাদের কাছে আসেনি। এই ব্যাপারে রাজ্য সরকার নিজ উদ্যোগে কিছু ছোট ছোট উদ্যোগীকে পরিকাঠামোগত সুযোগ, আর্থিক ব্যবস্থা এবং ট্রেনিং এর সুযোগ করে দিয়েছেন এবং ৫-৬টি সমবায় ইউনিটকে আর্থিক সাহায্য দিয়ে ট্রেনিং কাম প্রসেসিং সেন্টার হিসাবে গড়ে তোলার চেষ্টা করছেন।

**শ্রী রবীন্দ্র ঘোষ :** ২০৫টি পরিকল্পনা গ্রহণ করেছেন বলেছেন। হাওড়া জেলা এই পরিকল্পনার মধ্যে আছে কি না?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** ২০৫টি অলরেডি আছে। হাওড়া জেলার জন্য নতুন কোনও পরিকল্পনা নেই।

**শ্রী প্রবোধ পুরকায়েত :** ২০৫টি ক্ষেত্রে ফুড প্রসেসিং এর লাইসেন্স দিয়েছেন বলেছেন। এই যে সংখ্যাটা বললেন এর সবগুলি চালু অবস্থায় আছে কিনা, নাকি নামেই আছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা :** আমি তো বলেছি—লাইসেন্স প্রাপ্ত।

[11-40—11-50 a.m.]

**শ্রী সৌগত রায় :** *মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি আলু থেকে ভদকা বানানোর কথা বললেন। কিন্তু আলু থেকে ভদকা বানানো হলে সেটা আপনার দপ্তরে থাকবে না, সেটা চলে যাবে এক্সাইজ ডিপার্টমেন্টে। আমি আপনার কাছে জানতে চাচ্ছি, ভারতবর্ষের অন্যান্য রাজ্যে মাল্টি ন্যাশনাল কোম্পানি ফুড প্রসেসিংয়ে অনেক টাকা ইনভেস্ট করছে। পেপসিকোলা*

পাঞ্জাবে টমেটো, পটাটো নিয়ে করছে, কোকাকোলা মহারাষ্ট্রে নতুন ইউনিট করছে। আমাদের এখানে কোনও মাল্টি ন্যাশনাল কোম্পানি এই উদার নীতি অনুসরণ করে কোনও ইউনিট করার প্রস্তাব দিয়েছে কিনা এবং দিয়ে থাকলে কে দিয়েছে? আর না দিয়ে থাকলে আপনি কি কি উদ্যোগ নিয়েছেন জানাবেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** মাল্টি ন্যাশনাল কোম্পানি সরাসরি এইরকম প্রস্তাব দেয়নি। তাদের সঙ্গে বাই ব্যাক অ্যারেঞ্জমেন্টে কথা হয়েছে। আমাদের দেশেও এই রকম ২/৩টি জিনিস হতে পারে এই তথ্য দিয়ে গেছে। কিন্তু কনক্রিট কিছু করার কোনও প্রস্তাব হয় নি।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার আগে মানসবাবুর একটি কথার সঙ্গে একমত হয়ে বলছি, আমাদের রাজ্যে ফুড প্রসেসিংয়ের ক্ষেত্রে তার পোটেনশিয়ালিটি আছে, সম্ভাবনা আছে। আমাদের রাজ্যের বিভিন্ন জেলায় কোথায় কি ধরনের ইউনিট হতে পারে, সেই ব্যাপারে রাজ্য সরকার কোনও সমীক্ষা করেছেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমাদের সমীক্ষা আছে। উত্তরবঙ্গ ৫টি জেলায় এবং দক্ষিণবঙ্গের দক্ষিণ ২৪ পরগনায় আছে। বীরভূম, বাঁকুড়ায় নতুন করে পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে, সমীক্ষা চলছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, প্রকৃতপক্ষে বলতে হচ্ছে যে আপনার দপ্তর দুয়োরানী-সুয়োরানীর ভূমিকা কিছু কিছু নিয়েছে। আপনি ফুড প্রসেসিংয়ের ব্যাপারে পরিকল্পনা নিয়েছেন। কিন্তু উত্তর বঙ্গের ডুয়ার্স এলাকায় জয়ন্তী, টোটোপাড়া, বকসা ইত্যাদি জায়গায় দেখা যাচ্ছে যে ফলের উৎপাদন হয়। রাজ্য সরকার যে পরিকল্পনার কথা বললেন, এক্ষেত্রে সেই এলাকায় আপনার দপ্তর থেকে কোনও উদ্যোগ গ্রহণ করছেন কিনা এই ফুড প্রসেসিংয়ের প্রসারের ব্যাপারে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** দপ্তরের উদ্যোগ বলতে আপনি কি বোঝাতে চাইছেন? আমরা ঠিক করেছি যে রাজ্য নিজে কোনও কারখানা করবে না। কোনও উদ্যোগী বা সমবায় বা ব্যক্তিগত উদ্যোগ কেউ নিলে তাদের আমরা সব রকম সাহায্য করব।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার কথা হচ্ছে, আপনার দপ্তরের আধিকারিকরা এই ব্যাপারে ঠিকমতো প্রচার করছে না। সেখানে যে ধরনের মোটিভেশন করা দরকার সেই মোটিভেশন আমাদের এলাকায় হচ্ছে না। আপনার দপ্তরের আধিকারিকরা শিলিগুড়ি থেকে অন্য জায়গায় চলে যাচ্ছে। ওখানে এই ধরনের উদ্যোগ গ্রহণ করা হলে বহু বেকার ছেলে যারা আছে তাদের উপকার হবে। কিন্তু সেই ধরনের কোনও মটিভেশন আমাদের ওখানে দেখছি না। কাজেই এই ব্যাপারে আপনি কোনও পরিকল্পনা নিচ্ছেন কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** জেলা পরিষদের মাধ্যমে কোনও প্রস্তাব পাঠালে বা আপনি নিজে কোনও প্রস্তাব পাঠালে বা কোনও উদ্যোগী আমাদের কাছে সরাসরি কোনও প্রস্তাব পাঠালে আমরা ব্যবস্থা নেবার চেষ্টা করব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, একটু আগে মানস ভুঁইয়ার প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে কিছু কিছু বিদেশি সংস্থা প্রস্তাব দিয়েছেন। মাননীয় সৌগত রায়ের প্রশ্নের উত্তরে জানিয়েছেন যে দুই, তিনটি মাল্টি ন্যাশনাল কোম্পানি প্রস্তাব দিয়েছেন। আপনার কাছে আমি স্পেসিফিক ভাবে জানতে চাচ্ছি যে এই রকম কয়টা বিদেশি সংস্থা আছে এবং কোনও কোনও বিদেশি সংস্থা প্রস্তাব দিয়েছে?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** আমি আগেই বলেছি যে বিদেশি মাল্টি-ন্যাশনাল কোম্পানি সরাসরি আমাদের কাছে আসে নি, তাদের ইন্ডিয়ান কাউন্টার পার্ট আমাদের কাছে এসেছিল। তাদের মধ্যে আছে ডোলা এশিয়া এবং লিব্রা ইন্টার ন্যাশনাল। তারা এই সমস্ত আলু থেকে ভদকা, আম এবং বিভিন্ন রকম ফল এবং সজি থেকে নানা জিনিস করবে।

**শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পুরুলিয়া জেলায় বর্তমান সিজিনে পর্যাপ্ত পরিমাণে টমাটো উৎপন্ন হয়েছে, এখন টমাটোর দর চলছে ৫০ পয়সা কেজি, পুরুলিয়ার এই টমাটোর জন্য কোনও ফুড প্রসেসিং কেন্দ্র খোলার কোনও পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা ঃ** পুরুলিয়া জেলায় হাই ব্রিড টমাটো চাষ করার জন্য ক্যাভেন্ডার অ্যাগ্রো এবং পশ্চিমবঙ্গ সরকার দু-জনে মিলে এবারে ১৫০ একর জমিতে হাই ব্রিড টমাটো চাষ করার ব্যবস্থা করেছে। ক্যাভেন্ডার অ্যাগ্রোর প্রস্তাব ছিল আমাদের কাছে যে, পুরুলিয়া জেলায় টমাটো প্রসেসিং-এর কারখানা করবে। কিন্তু এখানে যে কাঁচা মাল লাগবে সেটা পর্যাপ্ত পরিমাণে উৎপাদন হচ্ছে না। এক্সপেরিমেন্টাল বেসিসে এখানে এই টমাটো চাষ করা হচ্ছে। তারা আমাদের কাছে প্রস্তাব দিয়েছেন যে বড় ধরনের কারখানা করতে পারেন এই টমাটো প্রসেসিং-এর।

**গঙ্গার ভাঙন রোধে মুর্শিদাবাদ জেলায় খরচ**

***২৬৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯৯৩) **শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং শ্রী সৌগত রায় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

গঙ্গার ভাঙ্গন রোধে মুর্শিদাবাদ জেলায় গত পাঁচ বছরে কত টাকা খরচ করা হয়েছে (বছরওয়ারি হিসাব)?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** গঙ্গার ভাঙ্গন রোধে মুর্শিদাবাদ জেলায় গত ৪ বছরের খরচের হিসাব নিম্নে দেওয়া হল ঃ—

গঙ্গা এবং পদ্মার খরচ ঃ-

| বৎসর | খরচ (লক্ষ টাকা) | |
|---|---|---|
| ১৯৮৮-৮৯ | ১৫৫.০৬ | লক্ষ |
| ১৯৮৯-৯০ | ২২৩.৯১ | " |
| ১৯৯০-৯১ | ৩০৯.৫০ | " |
| ১৯৯১-৯২ | ২৬২.৩৩ | " |
| ১৯৯২-৯৩ | ২৩৩.০৪ | " |
| মোট খরচ | ১১৮৩.৮৪ | লক্ষ |

[11-50—12-00 Noon]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, এরমধ্যে কত টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন, আর কত টাকা রাজ্য সরকার নিজেরা খরচ করেছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই টাকার মধ্যে এখন পর্যন্ত একমাত্র ফারাক্কা ব্যারাজ অথরিটি যেটা করেন, সেটা কেন্দ্রীয় সরকার দিয়ে থাকেন। এছাড়া বাকি খরচগুলো রাজ্য সরকারই করে এসেছেন। এই বছরে কথা হয়েছে শেখ আলিপুরে, মায়াপুরে এবং প্রাচীন মায়াপুরের জন্য কেন্দ্রীয় সরকার আমাদের কিছু টাকা দেবেন, তাঁরা এই ব্যাপারে প্রতিশ্রুত হয়েছেন। সেই টাকা আমরা এখন পর্যন্ত পাইনি। শেখ আলিপুরে অতি সম্প্রতি জি.এফ.সি.সি.র একটা টিম ঘুরে দেখেছেন এবং এরজন্য টাকা দেওয়া দরকার বলে মত প্রকাশ করেছেন। কিন্তু এই ব্যাপারে ফর্ম্যাল চিঠিটা আমরা এখনও পাইনি। এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের টাকা আমরা পাইনি। ফারাক্কা ব্যারাজ অথরিটির খরচটা আমরা করেছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী বলেছেন যে গত পাঁচ বছরে ১১ কোটি ৮৩ লক্ষ টাকা মুর্শিদাবাদ জেলায় গঙ্গা ভাঙন রোধে রাজ্য সরকার খরচ করেছেন। ফারাক্কা ব্যারাজ অথরিটি টাকাটা বাদ দিয়ে রাজ্য সরকার নিজেরাই এই টাকা খরচ করেছেন। গঙ্গা ভাঙ্গন রোধে সাধারণত যেটা করা হয় তা হচ্ছে, বোল্ডার ফেলা হয়, অনেক সময় বোল্ডারে তার বেঁধে ফেলা হয়। এইসব কাজে কতটা কি হল তা হিসাব করার কোনও উপায় থাকে না। কতটা ভাঙলো এবং কতটা কাজ হল তার হিসাব রাখা সম্ভব হয় না। আমার জিজ্ঞাস্য হল, গত পাঁচ বছরে যে টাকা খরচ হয়েছে, সেই ব্যাপারে কস্ট বেনিফিট অ্যানালিসিস করা হয়েছে কি না? কত খরচ হল, সেই তুলনায় গঙ্গার ভাঙ্গণ কতটা রোধ করা গেল, তার একটা সায়েন্টিফিক অ্যাসেসমেন্ট করা হয়েছে কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** এই ব্যাপারে দু একটি প্রোজেক্টে সায়েন্টিফিক অ্যানালিসিস আমরা করেছি। কিন্তু কয়েকটি প্রোজেক্টের কস্ট বেনিফিট, বিশেষ করে একটি প্রোজেক্ট ছাড়া বাকি সমস্ত জায়গাতে আমরা যা খরচ করেছি, তার থেকে বেনিফিট আমরা বেশি পেয়েছি এটি দেখেছি। যেমন, একেবারে ধুলিয়ান থেকে আরম্ভ করে ঔরঙ্গবাদ পর্যন্ত যা ব্যয় করেছি তার থেকে বেশি কাজ পেয়েছি। রঘুনাথগঞ্জের কাছে, ননী ভট্টাচার্য যখন মন্ত্রী ছিলেন তখন এবং আমার আমলে, লালগোলাতে-সাত্তার সাহেব তখন জীবিত ছিলেন—কস্ট বেনিফিটের ক্ষেত্রে আমরা লক্ষ্য করেছি যে খরচের তুলনায় বেনিফিট ৬-৭ গুণ বেশি হয়েছে। একমাত্র আখেরীগঞ্জে গতবারে যে পরিমাণ ভাঙন হতে পারত, সেটা হয়নি। কিন্তু সম্পূর্ণভাবে আমরা সফল হয়নি। শেখ আলিপুরের ক্ষেত্রে সম্পূর্ণ ভাবে রক্ষা পায়নি। গঙ্গা, পদ্মার ভাঙন রোধে আমরা মোটামুটি কাজ করেছি। গত পাঁচ বছরে, আমার মন্ত্রিত্বকালে গঙ্গার ভাঙন রোধে ২৬টি কাজ হয়েছে, এরমধ্যে ১৪টি কাজ হয়েছে ভাগীরথীর ভাঙন রোধে এবং জিয়াগঞ্জ থেকে পলাশী পর্যন্ত ১৫টি কাজ হয়েছে। ওদিকে ২৬টি এবং এদিকে ১৫টি, মোট ৪১টি কাজ এখন পর্যন্ত হয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** মন্ত্রী মহাশয় বললেন যে কস্ট বেনিফিট অ্যানালিসিস অনুযায়ী জেলার অধিকাংশ জায়গাতে যে কাজ হয়েছে তাতে ক্ষয়-ক্ষতি রোধ করা সম্ভব হয়েছে। কিন্তু আখেরীগঞ্জে টাকা খরচ অনুযায়ী রেজাল্ট এখন পর্যন্ত পাওয়া যায়নি। ১৯৯৪-৯৫ সালে আখেরীগঞ্জে গঙ্গার ভাঙন রোধে সরকার পারমানেন্ট ব্যবস্থার কথা কি ভাবছেন?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় সদস্য জানেন যে এটা বর্ডার এরিয়ায় রয়েছে এবং এই ব্যাপারে আমরা প্রোজেক্ট রিপোর্টও দিয়েছি। জি এফ সি সি ইতিমধ্যে শেখআলিপুর দেখে গিয়েছেন এবং সন্তুষ্টও হয়েছেন। তবে অ্যাপ্রোভাল লেটার এখনও আসেনি। আমরা তাসত্ত্বেও ভয়ঙ্কর এর অবস্থার কথা চিন্তা করে মুখ্যমন্ত্রীর সঙ্গে বসে এই নিয়ে আলোচনা করে গো অ্যাহেড অর্ডার পাঠিয়ে দিয়েছি। আমাদের অফিসাররাও জি এফ সি সির সঙ্গে আলোচনা করছেন, আশা করি এই বছরেই জি এফ সি সির অনুমোদন পেয়ে কাজ সম্পন্ন করতে পারব এবং শেখআলিপুর ও আখরিগঞ্জ বাঁচাতে পারব। যেহেতু বর্ডার এলাকার প্রজেক্ট কেন্দ্রীয় সরকার এই বিষয়ে এগিয়ে আসবেন তারজন্য আমরা আমাদের তরফ থেকে যোগাযোগ চালাচ্ছি। এটি ৩ কোটি টাকার প্রোজেক্ট, আমরা কাজ শুরু করে দিয়েছি এবং জি এফ সি সির সঙ্গে বসা হয়েছে। তারা বলেছেন যে আপনারা খরচ করুন আমরা সব সমেত পাঠিয়ে দেব। এই ব্যাপারে আমাদের দপ্তরের অফিসার এবং চীফ সেক্রেটারি পর্যন্ত কথাবার্তা বলছেন। আশা করি কাজটা সম্পন্ন করতে পারব।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই যে আখরিগঞ্জেই বিশেষ করে বাংলাদেশ তাদের দিক থেকে ঘুরিয়ে দিয়ে ভারতবর্ষের দিকে চালিত করছে, এই ব্যাপারে আপনি কিছু শুনেছেন কিনা এবং শুনে থাকলে তার কোনও উদ্যোগ গ্রহণ করেছেন

কি? ভারত সরকারের মাধ্যমে বাংলাদেশ সরকারের কাছে জানানোর জন্য কোনও উদ্যোগ গ্রহণ করেছেন কি?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** সেই উদ্যোগ গ্রহণ করা হয়েছে, এই ব্যাপারে মাননীয় সদস্য আগেও বলেছেন, আমরা খবর পেয়েছি এবং এতে আমরা খুবই চিন্তিত। এই আখরিগঞ্জের ব্যাপারে মুখ্যমন্ত্রী এবং ভারত সরকারের মাধ্যমে বাংলাদেশ সরকারের সঙ্গে কথাবার্তা চলছে।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় গত বছর কেন্দ্রীয় সরকারের জল সম্পদ মন্ত্রী শ্রী বিদ্যাচরণ শুক্লা মহাশয় গঙ্গা ভাগীরথী বিস্তীর্ণ এলাকা রাজ্য সরকারের সাথে কেন্দ্রীয় সরকারের অফিসারদের নিয়ে পরিভ্রমণ করেছিলেন। সেখানে তিনি বলেছিলেন এবং সাংবাদিক সম্মেলনেও বলেছিলেন যে গঙ্গা ভাগীরথীর ভাঙ্গন রোধ করবার জন্য রাজ্য সরকারকে আর্থিক সহযোগিতা করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার চিন্তা করেছেন এবং এই ব্যাপারে পজিটিভ কিছু অর্থও দিল্লি থেকে পাঠিয়ে দেবেন বলেছিলেন। সুতরাং ভাঙ্গন প্রতিরোধের জন্য কোনও অর্থ আপনি কেন্দ্রীয় সরকারের তরফ থেকে পেয়েছেন কিনা?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** ১৯৯২ সালে কেন্দ্রীয় জল সম্পদ মন্ত্রী শ্রী বিদ্যাচরণ শুক্লা মহাশয় নবদ্বীপ, মায়াপুর এবং প্রাচীন মায়াপুর ও ভাঙ্গনের বামদিক ও ডানদিক সরেজমিনে দেখেছিলেন। সেই সময়ে আমি অসুস্থ ছিলাম, আমাদের রাষ্ট্রমন্ত্রী শ্রী গণেশচন্দ্র মন্ডল মহাশয় তাঁর সঙ্গে ছিলেন। তিনি দেখে বলেছিলেন যে টাকার কোনও অভাব হবে না, পরিকল্পনা রচনা করতে এবং সেইভাবে ৫ কোটি টাকার একটা পরিকল্পনাও রচিত হয়েছিল। তবে জি এফ সি সির সঙ্গে বসে ঠিক হয় যে অতো টাকা করলে হবে না ওটা ২ কোটি বা সোয়া ২ কোটি টাকার পরিকল্পনা করতে হবে, যাতে কাজটা সম্পন্ন হয়। ওই পরিকল্পনাতে রাজ্য সরকার শতকরা ৫০ ভাগ দেবেন এবং কেন্দ্রীয় সরকার শতকরা ৫০ ভাগ দেবেন। আমরা এখনও কেন্দ্রীয় সরকারের টাকা পাই নি। আমরা বিপদ বুঝে কাজ শুরু করে দিয়েছি। যাতে করে এই ভাঙ্গন আমরা রোধ করতে পারি। এছাড়া গত বছর বিধানসভার বিধায়কদের একটি প্রতিনিধিদল অর্থাৎ সর্বদলীয় প্রতিনিধিদল প্রধানমন্ত্রী, জল সম্পদ মন্ত্রী এবং অর্থমন্ত্রী সঙ্গে এই ব্যাপারে গঙ্গা, পদ্মা ভাঙ্গনের ব্যাপারে ৩৫৫ কোটি টাকার একেবারে উপর থেকে নিচ পর্যন্ত গুরুতর অবস্থা মনে করে কেন্দ্রীয় সরকারের কাছে একটি পরিকল্পনা পেশ করেন এবং কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য চান। যেহেতু এটি অ্যাট দি এন্ড অফ গঙ্গা বেসিনে অবস্থিত সেই কারণে বারে বারে ভাঙ্গন হচ্ছে, এরোশন হচ্ছে তবে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোনও পজিটিভ রিপোর্ট পাইনি।

[12-00—12-10 p.m.]

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছ থেকে আমি জানতে চাইছি

যে সীমিত ক্ষমতার মধ্যে মুর্শিদাবাদ জেলায় গঙ্গা রোধের জন্য কিছু কিছু কাজ করছেন, কিন্তু মালদা জেলায় মানিকচকে ময়নাপুরে ওখানে যে ভয়াবহ গঙ্গা ভাঙন দেখা দিয়েছে সেই ব্যাপারে কোনও রকম কাজ করা হচ্ছে না, আমি আপনার কাছে জানতে চাইছি সেখানে কি অর্থ সংকটের জন্য কাজ করছেন না, না মানসিকভাবে কাজ করার ইচ্ছা আপনার নেই?

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মুর্শিদাবাদ জেলার সম্বন্ধে আমি যেমন সচেতন তেমনি মালদার সম্বন্ধেও বেশি সচেতন। বেশি সচেতন বলে এবারে মালদা জেলায় বেশি টাকা খরচ করার কথা ভেবেছি। ইতিমধ্যে আমরা কয়েকবার আমি নিজে এবং রাষ্ট্রমন্ত্রী ও উচ্চ পদস্থ ইঞ্জিনিয়ারদের নিয়ে সেখানে ঘুরে এসেছি, মানিকচক থেকে শুরু করে ময়নাপুর এবং ফারাক্কা ব্যারেজ নিয়ে বিস্তারিত স্কীম রচনা করেছি। সেখানে ২টি বড় বড় স্পার্ক ২৬ ও ২৭ নম্বর আছে তার জন্য খরচ করতে হবে ৬ কোটি টাকা এবং এমবাঙ্কমেন্টের জন্য ১ কোটি টাকা খরচ করতে লাগবে। ২৫ নম্বর স্পার্কের জন্য খরচ করতে ১ কোটি টাকা লাগবে। মোট লাগবে ৮ কোটি টাকা। আমাদের বাজেট বরাদ্দ আছে ১ কোটি ২০ লক্ষ টাকা। সেইজন্য আমরা উদ্বিগ্ন হয়ে জেলা সভাধিপতি, ম্যাজিস্ট্রেট, মালদা জেলার মন্ত্রী সুবোধ চৌধুরী মহাশয় এবং আমি নিজে জ্যোতি বসুর সঙ্গে মিটিং করেছি, ইতিমধ্যে পজিটিভ অ্যাকশন নিতে শুরু করেছি। সেখানে ইতিমধ্যে এই বছরের জন্য আড়াই কোটি টাকার যাতে কাজ করা যায় সেইজন্য অর্থমন্ত্রী মহাশয়ের সঙ্গে আলোচনা করে গো অ্যাহেড ভাবে যাতে কাজ করা যায় সেইজন্য চীপ সেক্রেটারি মহাশয় জানিয়েছেন। জি.এফ.সি.সি.র মেম্বারদের কাছ থেকে অ্যাপ্রুভাল আসে সেটা দেখা হচ্ছে। এর ভয়াবহতা, গভীরতা সম্পর্কে সচেতন, তাই যাতে টাকা স্যাংশনটা তারা দিয়ে দেন সেটা দেখা হচ্ছে। সেখানে গো অ্যাহেডে স্থায়ীভাবে যিনি ইঞ্জিনিয়ার আছেন তাকে অর্ডার দিয়ে দিয়েছি। সুতরাং আপনার এলাকায় ৮ কোটি টাকার একটা বড় পরিকল্পনা সেখানে আমরা শুরু করেছি।

**Mr. Speaker :** Today thirteen questions have been called. Five members are present and eight members are absent. In future we will have to take note of the persons absent.

### Starred Questions

### (to which answers were laid on the Table)

### ম্যাসাঞ্জোর জলাধারে হাঙ্গেরিয়ান পাম্প

*২৫৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০) **শ্রী তপন হোড় ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ম্যাসাঞ্জোর জলাধারের চারটি পাম্প অচল হয়ে পড়ে আছে;

(খ) সত্যি হলে, এই পাম্পগুলি চালু করার কোনও বিকল্প ব্যবস্থা নেওয়া হয়েছে কি না; এবং

(গ) উক্ত পাম্পগুলি অচল হওয়ার জন্য ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ ও ১৯৯৩-৯৪ (৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত) আর্থিক বছরে, চাষের ক্ষতির পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, ইহা সত্য

(খ) না, এই পাম্পগুলি চালু করার কোনও বিকল্প ব্যবস্থা আজ অবধি নেওয়া সম্ভবপর হয় নি।

(গ) উক্ত পাম্পগুলি অচল থাকার জন্য উল্লিখিত আর্থিক বছরগুলিতে পশ্চিমবঙ্গের ভৌগোলিক সীমানার মধ্যে চাষের কোনও ক্ষতি হয় নি।

**ময়না কলেজের নিজস্ব ভবন**

***২৫৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯২৫) **শ্রী মানিক ভৌমিক ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না কলেজের নিজস্ব ভবন আছে কি না; এবং

(খ) না থাকলে, উক্ত ভবন নির্মাণে রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) নেই।

(খ) যথাবিহিত প্রস্তাব পাঠাতে বিবেচনা করা হবে।

**মেদিনীপুর জেলায় ভোলসরা খালে স্লুইস গেট তৈরির পরিকল্পনা**

***২৬২।** (অনুমোদিত প্রশ্ন নং *৭১৮) **শ্রী সুকুমার দাস ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় মহিষাদল বিধানসভা এলাকায় ভোলসরা খালে স্লুইস গেট তৈরির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না,

(খ) থাকলে, কবে নাগাদ ওই কাজ শুরু হবে বলে আশা করা যায়; এবং

(গ) উপরোক্ত স্লুইস গেট নির্মাণের জন্য সরকার কী পরিমাণ অর্থ বরাদ্দ করেছেন?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৯৪-৯৫ সালে ঐ কাজটি শুরু করা যাবে বলে আশা করা যায়।

(গ) এই স্লুইসটি নির্মাণের জন্য ১৯৯৩-৯৪ সালে কোনও অর্থ বরাদ্দ করা হয় নি।

## গঙ্গার ভাঙ্গন রোধে কেন্দ্রীয় প্রতিশ্রুতি

*২৬৩। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিগত ৭-৪-৯৩ তারিখের প্রশ্ন নং *৯৭ (অনুমোদিত প্রশ্ন নং *১৯০)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

গঙ্গার ভাঙ্গন রোধে রাজ্য সরকারের স্থায়ী পরিকল্পনা রূপায়ণে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী ইতিমধ্যে কোনও আর্থিক সাহায্য পাওয়া গেছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না, কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী এই বিষয়ে ইতিমধ্যে কোনও আর্থিক সাহায্য পাওয়া যায় নি।

## কৃষ্ণনগর কলেজিয়েট স্কুল

*২৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৪) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলায় কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলের কলা বিভাগ বন্ধ করে দেওয়া হয়েছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) কৃষ্ণনগর কলেজিয়েট স্কুলের উচ্চ মাধ্যমিক শ্রেণীতে কলাবিভাগে ছাত্র ভর্তি এখন বন্ধ আছে।

(খ) উচ্চ মাধ্যমিকে যে যে বিষয় অবশ্য পাঠ্য সেই মতো শিক্ষক-শিক্ষিকা বা পড়ানোর ব্যবস্থা নেই বলে সাময়িক বন্ধ আছে।

### বন্যা নিয়ন্ত্রণে স্থায়ী পরিকল্পনা

***২৬৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১০২২) **শ্রী আবুল বাসার ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যে বন্যা নিয়ন্ত্রণে রাজ্য সরকারের কোনও স্থায়ী পরিকল্পনা আছে কি না?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রাজ্যে বন্যা নিয়ন্ত্রণের বিষয়টি সেচ ও জলপথ বিভাগের কর্তৃত্বাধীন। জাতীয় বন্যা নিয়ন্ত্রণ নীতির সঙ্গে সঙ্গতি রেখে, বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কে গঠিত কেন্দ্রীয় ও রাজ্য কমিটিগুলির সুপারিশ অনুসারে এবং পূর্ব অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী রাজ্যের বন্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত বিভিন্ন পরিকল্পনাগুলি তৈরি করা হয় এবং সেগুলি রাজ্যের পঞ্চ-বার্ষিকী ও বার্ষিক যোজনায় অন্তর্ভুক্ত করা হয়। এরপর, বন্যা নিয়ন্ত্রণ খাতে অনুমোদিত বরাদ্দের উপর নির্ভর করে উদ্ভূত বন্যাজনিত অবস্থার মোকাবিলায় জরুরি কাজগুলি অগ্রাধিকারের ভিত্তিতে আগে সম্পন্ন করা হয়। পরে সুযোগ সুবিধা এবং অবস্থা অনুযায়ী অপরাপর আবশ্যকীয় প্রকল্পগুলির কাজ হাতে নেওয়া হয়।

### মাধ্যমিক শিক্ষকদের বেতন পেতে বিলম্ব

***২৬৬।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৮) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্যের মাধ্যমিক শিক্ষকদের বেতন পেতে বিলম্ব হচ্ছে; এবং

(খ) সত্যি হলে, এর কারণ কি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) প্রতিমাসের ৫-১০ তাং এর মধ্যে বেতন দেওয়ার ব্যবস্থা নেওয়া হয়েছে। দু-একটি ক্ষেত্রে ব্যাঙ্কের কারণে ব্যতিক্রম হতে পারে। ৩০ দিনের মধ্যেই প্রতিমাসে যাতে বেতন হয় তা লক্ষ্য রাখা হয়।

(খ) প্রশ্ন ওঠে না।

### সি.এস.সির প্যানেল

***২৬৭।** (অনুমোদিত প্রশ্ন নং *১৫৪৫) **শ্রীমতী জয়শ্রী মিত্র ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বর্তমানে সি.এস.সি.র যে প্যানেলটি আছে সেটি বাতিল করা হচ্ছে;

(খ) সত্যি হলে—

(১) বাতিল করার কারণ কি; এবং

(২) উক্ত প্যানেলে নির্বাচিত কলেজ শিক্ষকদের সম্পর্কে সরকার নতুন কোনও ভাবনা-চিন্তা করছেন কি না?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না!

(খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না।

## ছাত্র-সংখ্যার ভিত্তিতে শিক্ষক নিয়োগ

*২৬৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯৫) **শ্রী শক্তি বল ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের বিভিন্ন মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বিদ্যালয়গুলিতে ছাত্র-সংখ্যার ভিত্তিতে শিক্ষক নিয়োগ করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ ঐ পরিকল্পনা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মাধ্যমিক বিদ্যালয়গুলিতে পঞ্চম থেকে দশম মোট ৬টি শ্রেণীর জন্যে প্রধান শিক্ষক সহ ন্যূনতম ১২ জন শিক্ষক নিয়োগের ব্যবস্থা আছে। ন্যূনতম ৪০ জন অতিরিক্ত ছাত্রের ভিত্তিতে অতিরিক্ত সেকশনের জন্যে গড়ে ১.৮ জন অতিরিক্ত শিক্ষক নিয়োগ করার ব্যবস্থা আছে।

উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে একাদশ এবং দ্বাদশ শ্রেণীর জন্যে অনধিক ৬টি শিক্ষকের পদের ব্যবস্থা আছে এবং অতিরিক্ত সেকশনের জন্য অতিরিক্ত শিক্ষক নিয়োগ করা যেতে পারে।

(খ) ছাত্রসংখ্যার ভিত্তিতে শিক্ষক নিয়োগ সরকারের আর্থিক সঙ্গতির উপর নির্ভরশীল।

## বেলডাঙ্গা কলেজে বিজ্ঞান বিভাগ

*২৭০। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪১) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ** শিক্ষা (উচ্চতর)

বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা কলেজে বিজ্ঞান বিভাগ খুলবার প্রস্তাবটি বর্তমানে কি অবস্থায় আছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এ ব্যাপারে কোনও প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নেই।

## প্রাথমিক শিক্ষক নিয়োগ

***২৭১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩১৮) **শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত দশ বছর হুগলি জেলায় প্রাথমিক শিক্ষক নিয়োগ বন্ধ আছে;

(খ) সত্যি হলে,—

(১) বন্ধ থাকার কারণ কী; এবং

(২) উক্ত জেলায় শিক্ষক নিয়োগের ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা নিয়েছেন/নিচ্ছেন কি না?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) প্রাথমিক শিক্ষক নিয়োগের ব্যাপারে মহামান্য কলকাতা হাইকোর্টের নিষেধাজ্ঞা

(২) মহামান্য হাইকোর্টে বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির জন্য সরকার প্রয়াস চালাচ্ছেন।

## মুরারই কবি নজরুল কলেজে বাণিজ্য বিভাগ

***২৭২।** (অনুমোদিত প্রশ্ন নং *১৪৮৩) **ডাঃ মোতাহার হোসেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) বীরভূম জেলার মুরারই কবি নজরুল কলেজে বাণিজ্য বিভাগ চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে থেকে চালু হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না;

(খ) প্রশ্ন ওঠে না।

**স্পোর্টস স্কুল**

*২৭৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৮৭) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

রাজ্যে স্পোর্টস স্কুল তৈরির কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কি না?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

হ্যাঁ।

**কান্দী-গাভেড্ডা সারকিট বাঁধ**

*২৭৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১০) **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কান্দী থানার অন্তর্গত কান্দী গাভেড্ডা সার্কিট বাঁধ মেরামতের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, উক্ত মেরামতিতে আনুমানিক ব্যয়ের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, কান্দী গাভেড্ডা সার্কিট বাঁধটির মেরামতের পরিকল্পনা সরকারের আছে।

(খ) উক্ত মেরামতির আনুমানিক ব্যয় ২৩.০০ লক্ষ টাকা।

**রানী ভবানী মন্দির**

*২৭৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫৩) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি—

(১) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার আজিমগঞ্জের সন্নিকটে ঐতিহাসিক রানী ভবানী মন্দির ভাগীরথী নদীর ভাঙ্গনের ফলে সংকটাপন্ন অবস্থায় আছে, এবং

(২) সত্যি হলে, এই ঐতিহাসিক নিদর্শনটি রক্ষা করার জন্য ঐ এলাকায় ভাঙ্গন

রোধের কোনও ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন/করছেন কিনা?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(১) হ্যাঁ।

(২) মন্দির রক্ষার্থে একটি প্রকল্প তৈরি করা হয়েছে এবং আশা করা হচ্ছে যে বর্তমান আর্থিক বছর (১৯৯৩-৯৪) এ কাজ শুরু করা সম্ভবপর হবে।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### ম্যালেরিয়া রোগ প্রতিরোধে ব্যবস্থা

৫৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৪) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৮৯ থেকে ১৯৯৩ পর্যন্ত সময়ে রাজ্যে ম্যালেরিয়া রোগে আক্রান্ত মানুষের সংখ্যা কত (বছরওয়ারী);

(খ) ঐ রোগে কত জন মারা গেছেন; এবং

(গ) ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ও (খ)

| বছর | আক্রান্তের সংখ্যা | মৃতের সংখ্যা |
|---|---|---|
| ১৯৮৯ | ৩৫,৬২৪ | ১৬ |
| ১৯৯০ | ২৭,৫৩১ | ৪ |
| ১৯৯১ | ৪০,৪৫২ | ১৩ |
| ১৯৯২ | ৪৯,১৩০ | ৪৩ |
| ১৯৯৩ | ৪৫,২৮৬ | ৩৬ |
| মোট ঃ | ১,৯৮,০২৩ | ১১২ |

(গ) ম্যালেরিয়া রোগ প্রতিরোধের জন্য স্বাস্থ্যকর্মীর প্রত্যক্ষ ও পরোক্ষ অভিযান চালিয়ে ম্যালেরিয়া রোগীর রক্তের নমুনা সংগ্রহ ও পরীক্ষা করছেন। ঐ সংগৃহীত রক্তে ম্যালেরিয়ার

পরজীবী পাওয়া গেলে রোগীকে প্রয়োজনীয় ওষুধ দেওয়া হচ্ছে। সরকারি হাসপাতাল/স্বাস্থ্যকেন্দ্র/ম্যালেরিয়া ক্লিনিক/ডিসপেনসারী ইত্যাদির মাধ্যমেও উক্ত ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এ ছাড়া ম্যালেরিয়া পরজীবী বহনকারী মশা নির্মূলীকরণের জন্য সরকারি প্রচেষ্টায় বিভিন্ন ম্যালেরিয়াপ্রবণ এলাকায় কীটনাশক স্প্রে করা হচ্ছে। পাশাপাশি মশার কামড় থেকে রক্ষা পাওয়ার জন্য মশারীর ব্যবহার, মশা জন্মাবার স্থানগুলো বন্ধ করার ব্যাপারে, বাড়িতে বা আশেপাশে পরিত্যক্ত খালি পাত্র, টিনের কৌটা, বোতল, নারকেলের মালা প্রভৃতি না রাখা, জল রাখার ড্রাম, চৌবাচ্চা, ট্যাংক প্রভৃতি সপ্তাহে অন্তত একদিন পরিষ্কার করা, বাড়ির নালা নর্দমাগুলি সব সময় পরিস্কার রাখা ইত্যাদি বিষয়ে জনসাধারণের মধ্যে চেতনা বৃদ্ধির জন্য আকাশবাণী, দূরদর্শন, পোস্টার, লিফলেট, সংবাদপত্র প্রভৃতির মাধ্যমে ব্যাপক প্রচারাভিযানের কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

## প্রতিবন্ধীদের পুনর্বাসন

৫৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭) **শ্রী শিবপ্রসাদ মালিক** ঃ সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবাংলায় প্রতিবন্ধীর সংখ্যা কত; এবং

(খ) প্রতিবন্ধীদের পুনর্বাসনের জন্য সরকার কি কি পদক্ষেপ নিয়েছেন?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী** ঃ (ক) কেন্দ্রীয় সরকারের সমাজ কল্যাণ বিভাগের নমুনা সমীক্ষা অনুসারে পশ্চিমবাংলায় বিভিন্ন ধরনের প্রতিবন্ধীর সংখ্যা প্রায় ১৩ লক্ষের মত।

(খ) প্রতিবন্ধীদের শারীরিক ও মানসিক উন্নতি এবং শিক্ষা ও পুনর্বাসনের জন্য বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে রাজ্য ও কেন্দ্রীয় স্তরে আর্থিক সাহায্য দেওয়া হচ্ছে। সরকারি স্তরে বেসরকারি প্রতিষ্ঠানের সাহায্য নিয়েও প্রতিবন্ধীদের পুনর্বাসনের জন্য বিভিন্ন জায়গায় আবাস খোলার চেষ্টা করা হচ্ছে। আর্থিক পুনর্বাসনের জন্য এই ধরনের মানুষদের সরকারি স্তরে বিভিন্ন প্রকল্প আছে—

(১) ছোটখাট ব্যবসার জন্য এককালীন ১,০০০ টাকা দেওয়ার বন্দোবস্ত।

(২) দুঃস্থ এবং প্রতিবন্ধী মেয়েদের স্বনির্ভর হওয়ার জন্য বিভিন্ন প্রশিক্ষণ দেওয়ার বন্দোবস্ত।

(৩) বিভিন্ন সরকারি পদে দু-শতাংশ পদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

(৪) বর্ধমান ও হুগলি জেলায় জেলাপরিষদ পরিচালিত প্রতিবন্ধীদের প্রশিক্ষণের বন্দোবস্ত।

(৫) সরকারি সাহায্যে প্রতি বছর ১৫ বছর অন্ধ প্রতিবন্ধীকে নরেন্দ্রপুর ব্লাইন্ড বয়ে অ্যাকাডেমী কর্তৃক স্বনির্ভর করে তোলা।

(৬) এ ছাড়া কেন্দ্রীয় সরকার পরিচালিত ভোকেশনাল রিহ্যাবিলিটেশন সেন্টার, বেলেঘা প্রতিবন্ধীদের স্বনির্ভর করে তোলার জন্য বিভিন্ন ধরনের প্রশিক্ষণ দিচ্ছে।

বর্ধমান আর্থিক বছরে বিভিন্ন স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানকে কম্প্রিহেনসিভ রিহ্যাবিলিটেশ প্রকল্পের মাধ্যমে প্রতিবন্ধীদের আর্থিক পুনর্বাসনের উপর বিশেষ জোর দেওয়ার বন্দোব হচ্ছে।

এ ছাড়া কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে প্রতিবন্ধীদের আর্থিক পুনর্বাসনের জন্য সহ কিস্তিতে ঋণের বন্দোবস্ত করা হয়েছে।

### সবং থানায় বৈদ্যুতিকরণ

৫৯। (অনুমোদিত প্রশ্ন নং ৪৬৭) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গ্রামীণ বৈদ্যুতিকরণ কর্মসূচিতে মেদিনীপুর জেলার সবং ব্লকে কতগুলি মৌজায়—

(১) বৈদ্যুতিকরণের কাজ সম্পূর্ণ হয়েছে;

(২) খুঁটি পোতা ও তার লাগানোর পর বিদ্যুত সরবরাহ করা হয় নি,

(৩) বৈদ্যুতিকরণ একেবারেই হয় নি, এবং

(খ) ঐ ব্লকে কতগুলি গভীর নলকূপ বিদ্যুতের অভাবে অকেজো হয়ে রয়েছে?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) (১) মেদিনীপুর জেলার সবং থানায় সর্বমোট ২২৫ টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১-১২-৯৩ পর্যন্ত ১২৭টি মৌজায় বৈদ্যুতিকরণের কাজ সম্পন্ন হয়েছে। পর্ষদে ব্লকভিত্তিক কোনও পরিসংখ্যান রাখা হয় না।

(২) উল্লিখিত ১২৭টি মৌজার মধ্যে ১৪টি মৌজায় খুঁটি পোতা, তার লাগানো ও বৈদ্যুতিক সংযোগের প্রাথমিক ব্যবস্থা সম্পন্ন করা সত্ত্বেও পরবর্তীকালে বিভিন্ন কারণে বিদ্যুতায়ন বাস্তবে কার্যকর করা যায় নি।

(৩) সবং থানায় ৯৮ টি মৌজায় বৈদ্যুতিকরণ একেবারেই হয় নি।

(খ) বিদ্যুৎ দপ্তরে এই সম্পর্কে কোনও তথ্য নাই।

**স্বনিযুক্তি কর্ম প্রকল্প**

৬০। (অনুমোদিত প্রশ্ন নং ৪৭৬) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জেলাওয়ারী বিভিন্ন কর্মসংস্থান কেন্দ্রগুলি থেকে ১৯৯২-৯৩, ১৯৯৩-৯৪ সালে কত সংখ্যক বেকার স্বনিযুক্তি কর্ম প্রকল্পে (সেসরু) সাহায্য পেয়েছে; এবং

(খ) এর মধ্যে তফসিলি জাতি ও উপজাতিভুক্ত বেকারের সংখ্যা কত?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) এবং (খ) প্রশ্নের উত্তর নিচে দেওয়া হল—

(খ) জেলাওয়ারী সংখ্যা—

| জেলার নাম | ১৯৯২-৯৩ | ১৯৯৩-৯৪ |
|---|---|---|
| কলকাতা | ৬২৮ | ১০৮ |
| উত্তর ২৪ পরগনা | ২,৩৩১ | ১৯৩ |
| দক্ষিণ ২৪ পরগনা | ৩৩২ | ২০১ |
| নদীয়া | ৪৩৪ | ৬৪ |
| মুর্শিদাবাদ | ২৮৭ | ১৭৫ |
| হাওড়া | ৪৮৮ | ১১৪ |
| হুগলি | ২৪০ | ১৭৪ |
| বর্ধমান | ৫৭৫ | ১৭৩ |
| বীরভূম | ৯৩ | ১৩ |
| বাঁকুড়া | ২০০ | ৯৫ |
| মেদিনীপুর | ৭৬৯ | ৩১৮ |
| পুরুলিয়া | ৩৬০ | ১১ |
| দার্জিলিং | ৫৩৮ | ২৩৬ |
| জলপাইগুড়ি | ২৪৩ | ৮৭ |
| কোচবিহার | ৩৪১ | ৮৬ |

| | | |
|---|---|---|
| মালদা | ১৯৫ | ৭৯ |
| উত্তর দিনাজপুর | ৩০০ | ৪৮ |
| দক্ষিণ দিনাজপুর | ৬১ | ৪ |
| মোট ঃ | ৮,৪১৫ | ২,১৭৯ |

(খ) জেলাওয়ারী সংখ্যা—

| | ১৯৯২-৯৩ | | ১৯৯৩-৯৪ | |
|---|---|---|---|---|
| জেলার নাম | তপঃ জাতি | উপজাতি | তপঃ জাতি | উপজাতি |
| কলকাতা | ২৪ | — | — | — |
| উত্তর ২৪ পরগনা | ৬১ | — | ৫৪ | ২ |
| দক্ষিণ ২৪ পরগনা | ৪৫ | — | ৫ | ১ |
| নদীয়া | ১৬ | — | ৩ | — |
| মুর্শিদাবাদ | ১০ | — | — | — |
| হাওড়া | ২৫ | — | ৩ | — |
| হুগলি | ৭ | — | ১২ | — |
| বর্ধমান | ২৬ | — | ৩ | — |
| বীরভূম | ১৪ | — | ৫ | — |
| বাঁকুড়া | ৫ | ২ | ৪ | — |
| মেদিনীপুর | ৪৫ | ১৫ | ২৭ | ১৪ |
| পুরুলিয়া | — | ৯ | ২ | ২ |
| দার্জিলিং | ৩৪ | ৪০ | ২৯ | ১৪ |
| জলপাইগুড়ি | ৪৬ | ১ | ২৪ | — |
| কোচবিহার | ২৮ | — | ৭৭ | — |

| | | | | |
|---|---|---|---|---|
| মালদা | ১০ | — | ১ | — |
| উত্তর দিনাজপুর | ৩৮ | ৩ | ৫ | — |
| দক্ষিণ দিনাজপুর | ২ | — | — | — |
| মোট ঃ | ৪৩৬ | ৭০ | ২৫৪ | ৩৩ |

## রিভার লিফ্‌ট প্রকল্প

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৭০২) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৯৩ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত রিভার লিফ্‌ট প্রকল্প ও ডিপ-টিউবওয়েলের সংখ্যা কত ছিল (পৃথক পৃথকভাবে);

(খ) তার মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে; এবং

(গ) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কতগুলি ডিপ-টিউবওয়েল স্থাপন ও রিভার লিফট প্রকল্প গ্রহণ করা হয়েছে?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) রিভার লিফট প্রকল্পের সংখ্যা ৩,৪২২ এবং ডিপ-টিউবওয়েলের সংখ্যা ৩,৫৭১।

(খ) চালু রিভার লিফট প্রকল্পের সংখ্যা ৩,০২০ টি, চালু ডিপ-টিউবওয়েলের সংখ্যা ৩,০০৭টি।

(গ) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে ১৫৪টি ডিপ-টিউবওয়েল চালু করার ও ১২টি নতুন রিভার লিফট প্রকল্প গ্রহণ করার পরিকল্পনা করা হয়েছে।

## চাঁদপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ৮১৭) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বনগাঁ মহকুমার চাঁদপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটিকে গ্রামীণ হাসপাতালে রূপান্তর করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ উক্ত কাজ শুরু হবে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) না।।

(খ) প্রশ্ন ওঠে না।

## মেডিক্যাল কলেজগুলিতে মুখ্যমন্ত্রীর দপ্তরের অনুমোদনে ছাত্র ভর্তি

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫০) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

১৯৯৩ সালে রাজ্যে মেডিক্যাল কলেজগুলিতে মুখ্যমন্ত্রীর কোটায় কতজন ছাত্র ভর্তি হয়েছেন?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** ১৯৯৩-৯৪ সেশনে পশ্চিমবঙ্গ সরকারের জন্য সংরক্ষিত ১৫টি আসনের মধ্যে ১০টি এম.বি.বি.এস. আসনে মুখ্যমন্ত্রীর দপ্তরের অনুমোদনে ১০ জন ছাত্র-ছাত্রী রাজ্যে মেডিক্যাল কলেজগুলিতে ভর্তি হয়েছেন।

## নতুন কলেজের অনুমোদন

৬৪। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫২) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-এর জুন থেকে ১৯৯৩ এর ডিসেম্বর পর্যন্ত রাজ্যে কতগুলি নতুন কলেজ স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে; এবং

(খ) এর মধ্যে উত্তর ২৪ পরগনা জেলায় কতগুলি?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উক্ত সময়ের মধ্যে তিনটি কলেজ স্থাপনের অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) একটি।

## সরকারে ন্যস্ত উদ্বৃত্ত জমির বণ্টন

৬৫। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৫) **শ্রী রমণীকান্ত দেবশর্মা ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত তিন বছরে মোট কত একর উদ্বৃত্ত জমি সরকারে ন্যস্ত হয়েছে; এবং

(খ) এর মধ্যে কত একর উদ্বৃত্ত জমি গরিব কৃষক ও ক্ষেত মজুরদের মধ্যে বণ্টন করা হয়েছে (উভয় ক্ষেত্রে জেলাওয়ারী হিসাব সহ)?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৯,০০০ একর।

(খ) উক্ত তিন বছরে ন্যস্ত উদ্বৃত্ত জমি থেকে বণ্টনের হিসাব পৃথক পৃথক ভাবে রাখা হয়। তবে মোট ন্যস্ত জমি থেকে যে পরিমাণ বণ্টন করা হয়েছে তার জেলাওয়ারী হিসাব নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| দক্ষিণ ২৪-পরগনা | .. | ৩,০১৯ একর |
| উত্তর ২৪-পরগনা | .. | ৩৯৯ একর |
| হাওড়া | .. | ৩৩৬ একর |
| নদীয়া | .. | ১,০৭৪ একর |
| মুর্শিদাবাদ | .. | ৩,০৩৯ একর |
| বর্ধমান | .. | ১,৮৪৫ একর |
| বীরভূম | .. | ৪,৯৩৭ একর |
| বাঁকুড়া | .. | ৭৮৫ একর |
| মেদিনীপুর | .. | ৬,২৪৮ একর |
| হুগলি | .. | ৩২৮ একর |
| পুরুলিয়া | .. | ৩,১০২ একর |
| মালদা | .. | ২,৮২২ একর |
| কোচবিহার | .. | ৩,৫৮১ একর |
| জলপাইগুড়ি | .. | ৫,২৮৪ একর |
| দার্জিলিং | .. | ৮৯৬ একর |
| উত্তর ও দক্ষিণ দিনাজপুর | .. | ২,৮৪০ একর |

## কালিয়াগঞ্জ গ্রামীণ হাসপাতালের এক্স-রে ইউনিট

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৯) **শ্রী রমণীকান্ত দেবশর্মা ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উত্তর দিনাজপুর জেলার কালিয়াগঞ্জ গ্রামীণ হাসপাতালের নবনির্মিত এক্সরে বিল্ডিংটির সব কাজ শেষ হওয়া সত্ত্বেও চালু হয় নি; এবং

(খ) সত্যি হলে, কবে নাগাদ চালু করা যাবে বলে আশা করা যায়?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) যত শীঘ্র সম্ভব উক্ত এক্সরে ইউনিট চালু করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে এজন্য একজন এক্স-রে টেকনিশিয়ানকে ঐ হাসপাতালে দেবার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**জাতীয় চিকিৎসা প্রতিষ্ঠান গঠনের প্রস্তাব**

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৯৮৮) **ডাঃ তরুণ অধিকারী এবং শ্রী সৌগত রায় ঃ** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে এ আই.আই.এম.এস. ধাঁচের জাতীয় চিকিৎসা প্রতিষ্ঠান গড়ার কোনও প্রস্তাব আছে কি না; এবং

(খ) থাকলে, প্রস্তাবটি বর্তমানে কোন পর্যায়ে আছে?

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) নদীয়া জেলার কল্যাণীতে এরূপ একটি সুপার স্পেশালিটি হাসপাতাল স্থাপনের প্রস্তাব বিবেচনাধীন আছে।

(খ) প্রাথমিক পরীক্ষা স্তরে আছে।

**বহরমপুরে সুইমিং পুল ও স্টেডিয়াম নির্মাণ**

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ১০০৯) **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বহরমপুরে একটি সুইমিং পুল ও একটি স্টেডিয়াম নির্মাণের কোনও সরকারি পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, সেই পরিকল্পনা কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ক্রীড়া বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) এখনই কোনও নির্দিষ্ট তারিখ বলা সম্ভব নয়।

**অকেজো গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্প**

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ১০১২) **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী ব্লকে কতগুলি গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্প অকেজো অবস্থায় আছে; এবং

(খ) এগুলি মেরামত করে কবে নাগাদ চালু করা হবে বলে আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) ৩টি গভীর নলকূপ এবং ১টি নদী জলোত্তলন প্রকল্প অকেজো অবস্থায় আছে।

(খ) ট্রান্সফরমার চুরির কারণে অচল ৩টি গভীর নলকূপ চালু করার জন্য রাজ্য বিদ্যুত পর্ষদকে নতুন ট্রান্সফরমার বসানোর জন্য অনুরোধ করা হয়েছে। অকেজো নদী জলোত্তলন প্রকল্পটি শীঘ্রই চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।

## দ্বিজেন্দ্রলাল রায় গ্রন্থাগার

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ১০৩১) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কৃষ্ণনগরে অবস্থিত "দ্বিজেন্দ্রলাল রায়" গ্রন্থাগারটির গ্রন্থাগারিক পদ শূন্য আছে; এবং

(খ) থাকলে, তা কবে পূরণ করা হবে বলে আশা করা যায়?

**শিক্ষা (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ।

(খ) সরকার পোষিত গ্রন্থাগারে নিয়োগবিধি নির্ধারণের বিষয়টি বিবেচনাধীন। উক্ত নিয়োগবিধি নির্ধারণ হলেই শূন্য পদ পূরণের ব্যবস্থা করা যাবে।

## পুরুলিয়া জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৬৪) **শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

পুরুলিয়া জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নে সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** রাজ্যের অন্য জেলাগুলির মত পুরুলিয়া জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নে বিভিন্ন প্রকল্প চালু আছে। যথা ঃ অতিরিক্ত কর্মসংস্থান প্রকল্প, স্বনিযুক্তি প্রকল্প, প্রান্তিক ঋণ, বি.এস.আই আইনে ঋণ, বিভিন্ন অনুদান, বায়ো-গ্যাস প্রকল্প, শিল্পোদ্যোগী বিকাশ কর্মসূচি, উন্নতমানের লাক্ষা বীজ উৎপাদন এবং দরিদ্র অনগ্রসর চাষীদের মধ্যে তা বিনামূল্যে বিতরণ। তাছাড়া তাঁত শিল্পের উন্নয়নের জন্য ওয়ার্কিং ক্যাপিটাল লোন, শেয়ার ক্যাপিটাল লোন, প্রভিডেন্ট ফান্ড, তন্তুবায়দের পেনশন এবং চশমা সরবরাহ, কমন ওয়ার্কশেড-কাম-ওয়্যার হাউস, তাঁতবিহীন তাঁতীদের তাঁত সরবরাহ ইত্যাদি। উপরন্তু, তুঁত ও তসর চাষের উন্নয়নের ব্যাপারে স্বল্পমূল্যে উন্নত জাতের তুঁত গাছের চারা সরবরাহ, খামার স্থাপনের জন্য ব্যাপক ঋণ পাওয়ার ব্যবস্থা করা, সরকারি ব্যয়ে অর্জুন

গাছের বাগান তৈরি করে চাষীদের মধ্যে বিতরণ করা, সরকারি বীজাগার থেকে স্বল্পমূল্যে উন্নত জাতের নীরোগ ডিম সরবরাহ করা, বিপননে সাহায্য করা ইত্যাদি।

**সুন্দরবন উন্নয়ন পর্ষদের অধীন গ্রাম পঞ্চায়েতের উন্নয়ন**

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭২) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, পাথরপ্রতিমা থানার জি প্লট ও ব্রজবল্লভপুর গ্রাম পঞ্চায়েত দুটির উন্নয়নের জন্য সুন্দরবন উন্নয়ন পর্ষদের অন্তর্ভুক্ত হয়েছে;

(খ) সত্যি হলে, কবে গ্রাম পঞ্চায়েত দুটি উক্ত পর্ষদের অন্তর্ভুক্ত হয়েছে; এবং

(গ) উক্ত গ্রাম পঞ্চায়েত দুটির উন্নয়নে ইতিমধ্যে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**সুন্দরবন উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সত্যি।

(খ) সুন্দরবন উন্নয়ন পর্ষদের জন্মলগ্ন থেকেই এই গ্রাম পঞ্চায়েত দুটি পর্ষদের অন্তর্ভুক্ত আছে।

(গ) উক্ত গ্রামপঞ্চায়েত দুটির উন্নয়নে—

(১) সামাজিক বনসৃজন প্রকল্পের মাধ্যমে সারিবদ্ধ বনসৃজন ও বাদাবন সৃজনের কাজ হাতে নেওয়া হয়েছে,

(২) রবি মরশুমের কৃষি কাজে উৎসাহ দানের জন্য বীজ ও সার ৫০ শতাংশ অনুদান হিসাবে বিতরণ করা হয়ে থাকে, এবং

(৩) নদীবাঁধ সংরক্ষণের লক্ষ্যে ১৯৭৫-৭৬ সালে ঐ এলাকার কিছু নদীবাঁধ সংস্কার করা হয়েছে। এছাড়া যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ক্ষেত্রমোহনপুরে একটি কংক্রিটের জেটি নির্মাণের কাজ হাতে নেওয়া হয়েছে।

**শ্যামপুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ**

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮০) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হাওড়া জেলার শ্যামপুর ১নং ও ২নং পঞ্চায়েত সমিতি এলাকায় কোন কোন মৌজা নতুন করে বৈদ্যুতিকরণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর হ্যাঁ হলে, কবে নাগাদ ঐ এলাকায় কাজ শুরু হবে বলে আশা

করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পর্ষদে থানা ভিত্তিক পরিসংখ্যান রাখা হয়। হাওড়া জেলার শ্যামপুর অধীন ২৬টি বিদ্যুতায়িত মৌজা নিয়ে একটি নিবিড়করণ পরিকল্পনা মঞ্জুর হয়েছে।

**মৌজাগুলির নাম ও জে.এল. নং নিম্নে দেওয়া হল ঃ**

নাউল (৯), দেওরা (১৪), গৌরাঙ্গপুর (১৭), অ্যাঙ্কুল (৫৪), খারুবেরা (৫৭), রাধানগর (৫৮), অনন্তপুর (৬৫), ডিহিমগুলঘাট (৬৮), শ্যামপুর (৭৯), নারিকোলবার (৮১), শীতলপুর (৮৩), নুনেবার (৮৬), দেউলি (৮৭), কমলপুর (৮৮), রাধাপুর (৮৯), জালালাবাদ (৯১), দক্ষিণ দুর্গাপুর (৯২), কালীদহ (৯৩), পুরালিপাড়া (১৩১), কোতাড়া (৮৫)।

(খ) ঐ কাজ ইতিমধ্যে শুরু হয়েছে। এ যাবৎ ৮টি মৌজা এ পরিকল্পনার মাধ্যমে নিবিড়করণ করা শেষ হয়েছে।

## অনুন্নত শ্রেণী চিহ্নিতকরণ

৭৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৯) **শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মণ্ডল কমিশনের সুপারিশ অনুযায়ী বিভিন্ন রাজ্যে ইতিমধ্যে কুর্মী জাতিভুক্তদের সংরক্ষণের আওতায় আনা হয়েছে;

(খ) সত্যি হলে,—

(১) রাজ্যে উপজাতিভুক্তদের সংরক্ষণের আওতায় না আসার কারণ কি; এবং

(২) এ ব্যাপারে সরকারের চিন্তা-ভাবনা কি?

**তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) হ্যাঁ। বিহার, হিমাচলপ্রদেশ, হরিয়ানা প্রভৃতি রাজ্যে কর্মী সম্প্রদায়কে অনুন্নত সম্প্রদায়ের জন্য সংরক্ষণের আওতায় আনা হয়েছে।

(খ) অনুন্নত শ্রেণী চিহ্নিতকরণের জন্য—

(১) যে কমিশন গঠন করা হয়েছে এখনও পর্যন্ত কোনও সুপারিশ ঐ কমিশন পেশ করে নি, তাই কুর্মীদের অন্যান্য অনুন্নত শ্রেণীভুক্ত করার এখন প্রশ্ন ওঠে না।

(২) কমিশনের সুপারিশ পেলে সরকারি সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## গ্রামীণ বৈদ্যুতিকরণ

৭৫। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪১) **শ্রী আব্দুস সালাম মুন্সী :** বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত পশ্চিমবঙ্গের কতগুলি মৌজায়

(১) এখনও বিদ্যুৎ পৌঁছায় নি,

(২) কেবলমাত্র খুঁটি পুতে রেখে মৌজাকে বিদ্যুতায়িত ঘোষণা করা হয়েছে,

(খ) দীর্ঘদিন যাবৎ যে সব মৌজায় বিদ্যুতের জন্য দরখাস্ত সমেত স্কীম রেডি হয়ে পড়ে আছে, সেইসব মৌজাগুলিতে কবে নাগাদ বিদ্যুতের ব্যবস্থা করা সম্ভব হবে; এবং

(গ) তন্মধ্যে, ১৯৯৪ সালে কতগুলির কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) (১) ৯,৪৫২টি মৌজায়, (২) ৫০৭টি মৌজা।

(খ) প্রয়োজন অনুযায়ী অর্থ বরাদ্দ সাপেক্ষে ঐ কাজ আগামী নবম পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে শেষ হবে বলে আশা করা যায়।

(গ) ১৯৯৪ সালে ৩৫০টি মৌজার কাজ শেষ হবে বলে আশা করা যায়।

## কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিস্ট্রিকৃত বেকার

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৩৯৬) **শ্রীমতী নন্দরাণী দল :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার সদর উত্তর মহকুমার কর্মবিনিয়োগ কেন্দ্রে ১৯৯০ সাল থেকে ১৯৯৩ সাল পর্যন্ত রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা কত,

(খ) তার মধ্যে তফসিলি জাতি ও উপজাতির সংখ্যা কত; এবং

(গ) উক্ত কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে কতজন তফসিলি জাতি ও উপজাতি বেকারের চাকুরি হয়েছে?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক), (খ) এবং (গ) প্রশ্নের উত্তরের একটি তালিকা নিচে দেওয়া হল :

| | সাল | ১লা জানুয়ারি থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত বছরওয়ারী পঞ্জিয়নভুক্তির সংখ্যা | ৩১শে ডিসেম্বর পর্যন্ত মোট পঞ্জিভূক্ত বেকারের সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | ১৯৯০* | ৭,৪২৬ জন | ৫১,৩৫৩ জন |
| | ১৯৯১* | ৭,০৬৮ জন | ৬৩,৮১৪ জন |
| | ১৯৯২ | ৬,৭০০ জন | ৬৮,৭৩৫ জন |
| | ১৯৯৩ | ৬,৬৮৪ জন | ৭২,৬৭৪ জন |
| (খ) (১) তফসিলি জাতি | | | |
| | ১৯৯০ | ২৮৯ জন | ৪,২৪৮ জন |
| | ১৯৯১ | ৩৫৫ জন | ৪,৫৯০ জন |
| | ১৯৯২ | ১৯৯ জন | ৪,৮৭৩ জন |
| | ১৯৯৩ | ৪৫৫ জন | ৫,৩৪৯ জন |
| (২) তফসিলি উপজাতি | | | |
| | ১৯৯০ | ২৫৬ জন | ১,৫৫৯ জন |
| | ১৯৯১ | ২৫৩ জন | ১,৭৯৭ জন |
| | ১৯৯২ | ১৫৩ জন | ২,০৪১ জন |
| | ১৯৯৩ | ১৮৭ জন | ২,২৫৬ জন |

(গ) ১লা জানুয়ারি, ১৯৯০ থেকে ৩১শে ডিসেম্বর, ১৯৯৩ পর্যন্ত হিসাব নিম্নরূপ ঃ

| | ১৯৯০ | ১৯৯১ | ১৯৯২ | ১৯৯৩ | মোট |
|---|---|---|---|---|---|
| তফসিলী জাতি | ৩৯ | ১৩ | ৬ | ১৯ | ৭৭ জন |
| তফসিলী উপজাতি | ১২ | ৯ | ৪ | ৬ | ৩১ জন |

* এ রাজ্যে ১৯৮৮ সাল থেকে লাইফ রেজিস্ট্রার আপগ্রেডেশন-এর একটি বিশেষ কর্মসূচি চালু করা হয়েছে। এর মাধ্যমে কর্মবিনিয়োগ কেন্দ্রগুলির মোট পঞ্জিয়নভুক্ত তালিকা থেকে ল্যাপসড ডুপ্লিকেট এবং বাতিল কার্ডগুলিকে চিহ্নিত করে ডেড রেজিস্ট্রারে পাঠানো

হয়ে থাকে। মেদিনীপুর সদর উত্তর কর্মবিনিয়োগ কেন্দ্রে এই কর্মসূচি পালনের পরিপ্রেক্ষিতে যে সব ইনডেক্স কার্ড (মোট সংখ্যা ৭,৩৭৪) ভুলবশত ১৯৯০ সাল পর্যন্ত বাতিল করে চিহ্নিত করা হয়েছিল, সেগুলি ১৯৯১ সালে মোট পঞ্জিয়নভুক্তির সংখ্যায় নিয়মমাফিক অন্তর্ভুক্ত করা হয়েছে। এই বিশেষ অন্তর্ভুক্তি ১৯৯১ সালে ঐ কেন্দ্রে মোট পঞ্জিয়নভুক্তির সংখ্যায় প্রতিফলিত হয়েছে।

### শ্যামপুর ব্লকে 'লোকদীপ' প্রকল্প

৭৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫০৭) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) শ্যামপুর ব্লকে বিশেষত শ্যামপুর ১নং পঞ্চায়েত সমিতিভুক্ত পুকলিপাড়া মৌজায় (ধানদালি পঞ্চায়েত) লোকদীপ প্রকল্প চালু করার কোনও পরিকল্পনা আছে কি না, এবং

(খ) থাকলে, কত দিনে কার্যকর হবে বলে আশা করা যায়?

**বিদ্যুৎ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) পর্যদে ব্লক বা পঞ্চায়েতভিত্তিক পরিসংখ্যান রাখা হয় না। থানাভিত্তিক পরিসংখ্যান রাখা হয়। শ্যামপুর থানা এলাকায় মোট ৭৩টি বাড়িতে 'লোকদীপ' প্রকল্প অনুযায়ী বিদ্যুৎ সংযোগ দেবার পরিকল্পনা আছে। সংশ্লিষ্ট জেলা পরিষদের তৈরি অগ্রাধিকার তালিকার ভিত্তিতে বিদ্যুত সংযোগ পাওয়ার উপযুক্ত বাড়ি নির্বাচন করা হয়।

(খ) তৈরি করা অগ্রাধিকার তালিকা পাওয়ার আনুমানিক তিন মাসের মধ্যে বিদ্যুৎ সংযোগ দেবার ব্যবস্থা করা যাবে।

### স্বাস্থ্যকেন্দ্রের উপর উচ্চ প্রবাহী বৈদ্যুতিক লাইন

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৩৩) **শ্রী মানিক ভৌমিক ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মেদিনীপুর জেলার ময়না ব্লকে গড় ময়না ব্লক স্বাস্থ্যকেন্দ্রটির উপর দিয়ে উচ্চ-প্রবাহী বৈদ্যুতিক লাইন গিয়েছে এবং তার ফলে ঐ স্বাস্থ্যকেন্দ্রে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে; এবং

(খ) সত্যি হলে, উক্ত বিদ্যুত-প্রবাহী লাইনটি সরিয়ে দেওয়ার কোনও পরিকল্পনা নেওয়া হয়েছে/হচ্ছে কি?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) তমলুক থেকে ময়না পর্যন্ত ১১ কে.ভি. ওভারহেড লাইনটির ৩৭৫ মিটার উক্ত স্বাস্থ্যকেন্দ্রের পি.এইচ.সি. বিল্ডিংস ও স্টাফ কোয়ার্টারের

মধ্যে যে খোলা জায়গা আছে তার উপর দিয়ে গেছে। পর্ষদ উল্লিখিত ১১ কে.ভি. লাইনটি টেনেছিল ১৯৭৭ সালে আর স্বাস্থ্যকেন্দ্রটি নির্মিত হয়েছে ১৯৮৩ সালে।

(খ) বর্তমান লাইনটিতে ইন্ডিয়ান ইলেকট্রিসিটি রুলস ১৯৫৬ অনুযায়ী vertical এবং horizontal clearance আছে। তথাপি যদি স্বাস্থ্যকেন্দ্র কর্তৃপক্ষ এই লাইন সরানো অথবা cardle guard দিয়ে অধিকতর নিরাপদ করার ব্যয় বহনে রাজি হয়ে প্রস্তাব দেন তবে পর্ষদ প্রয়োজনীয় কাজ করে দেবে।

## আসানসোলে শিল্প ট্রাইব্যুনাল

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০২) **শ্রী মানিকলাল আচার্য ঃ** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আসানসোলে রাজ্য সরকারের শিল্প ট্রাইব্যুনাল চালু করার কোনও পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) সে-রকম কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্নই ওঠে না।

## উচ্চ-মাধ্যমিক পরীক্ষার ফল রিভিউ

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৬) **শ্রী মানিকলাল আচার্য ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, উচ্চ-মাধ্যমিক পরীক্ষার রিভিউ-এর ফল প্রকাশ করতে অস্বাভাবিক দেরি হয়;

(খ) সত্যি হলে, এর কারণ কি; এবং

(গ) রিভিউয়ের ফল তাড়াতাড়ি প্রকাশের জন্য সরকার কি ব্যবস্থা নিচ্ছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ** (ক) উচ্চ-মাধ্যমিক পরীক্ষার ফল রিভিউ করার ব্যবস্থা নেই, তবে স্ক্রুটিনী করার ব্যবস্থা আছে। সাধারণত এই স্ক্রুটিনীর ফল তিন মাসের মধ্যেই জানিয়ে দেওয়ার চেষ্টা করা হয়।

(খ) ও (গ) প্রশ্নই ওঠে না।

## কুলটি মহাবিদ্যালয়

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৭) **শ্রী মানিকলাল আচার্য :** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার কুলটি মহাবিদ্যালয়ে কলা বিভাগের স্নাতক কোর্স ও বিজ্ঞান শাখা কবে নাগাদ চালু হবে বলে আশা করা যায়; এবং

(খ) ঐ কলেজের বিল্ডিং সম্প্রসারণের জন্য কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) প্রস্তাব বিবেচনাধীন আছে। বিজ্ঞান শাখা চালু করার জন্য কোনও আবেদন পাওয়া যায় নি।

(খ) নির্বাহী বাস্তুকারের দ্বারা যথাযথভাবে প্রত্যয়িত প্রস্তাব পাওয়া গেলে বিবেচনা করা হবে।

## মেদিনীপুরের শাঁকরাইল ব্লকে সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

৮২। (অনুমোদিত প্রশ্ন নং ১৬০৮) **শ্রী অতুলচন্দ্র দাস :** সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লককে আই.সি.ডি.এস. প্রকল্পের অধীনে আনার পরিকল্পনা সরকারের আছে কি না?

**সমাজ কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** কোনও ব্লককে আই.সি.ডি.এস প্রকল্পের অধীনে আনার অনুমোদন দেন কেন্দ্রীয় সরকার। মেদিনীপুর জেলার শাঁকরাইল ব্লককে ঐ প্রকল্পের অধীনে আনার অনুমোদন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আজ পর্যন্ত পাওয়া যায় নি।

## সালানপুর ব্লকে ফায়ার-ব্রিগেড কেন্দ্র স্থাপন

৮৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৮৯) **শ্রী এস.আর. দাস :** পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্ধমান জেলার সালানপুর ব্লকে ফায়ার-ব্রিগেড কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি না; এবং

(খ) থাকলে, এ পরিকল্পনা রূপায়ণে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**পৌর-বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :** (ক) বর্ধমান জেলার সালানপুর ব্লকে ফায়ার-ব্রিগেড কেন্দ্র স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নেই।

(খ) ব্যবস্থা গ্রহণের কোনও প্রশ্নই ওঠে না।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Shri Sobhan Deb Chattopadhyay on the subject of alleged increase of antisocial activities amongst the Youths in West Bengal due to the unemployment problem.

The subject matter of the motion does not warrant Adjournment of the business of the House. The Member may call the attention of the Minister concerned on the subject through Question, Calling Attention, Mention, etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of his Motion as amended.

But I find Mr. Sobhan Deb Chattopadhyay is absent.

**Shri Saugata Roy :** Sir, he has an urgent work.

**Mr. Speaker :** Mr. Saugata Roy, he wants an Adjournment of the House. But he himself has been absent from the House. There is no decorum, there is no seriousness in the matter. he may be doing a lot of important work, but Adjournment Motion is of very prime importance We are supposed to ensure our personal presence in this matter which is to be taken up.

## CALLING ATTENTION

**Mr. Speaker :** I have received six notices of Calling Attention, namely :-

1) Proposal for imposition of taxes on drinking water in Calcutta and other places. : Dr. Manas Bhunia

2) Reported death of several persons by mass-beating in Burdwan ; : Shri Saugata Roy

3) Reported death of two persons in group clash at Goalgram under P.S

| | | |
|---|---|---|
| | Karimpur of Nadia district and attempt by the fundamentalist organisation to give the incident a communal stature; | : Shri Anjan Chatterjee |
| 4) | Acute crisis of drinking water in Baidyabati Municipal area of Hooghly district; | : Shri Abdul Mannan |
| 5) | Alleged crisis of Tiles Manufacturing Industries at Tamluk Sub-Division; | : Shri Manik Bhowmik |
| 6) | Steps taken by the administration to recover the idol of "Madanmohan" stolen recently. | : Shri Nirmal Das |

I have selected the notice of Shri Nirmal Das on the subject of 'Steps taken by the administration to recover the idol of "Madanmohan" stolen recently.'

The Minister-in-Charge may please make a statement today if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the Statement will be made on 24th March, 1994.

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-Charge of the Industrial Reconstruction Department to make a statement on the subject of present state of affairs of the Standard Pharmaceuticals and Opec Innovation factory at Serampur in Hooghly district.

(Attention called by Shri Abdul Mannan on the 23rd Feb. 1994

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** স্ট্যান্ডার্ড ফার্মাসিউটিক্যালস ও ওপেক এই দুটি ব্যক্তি-মালিকানাধীন ঔষুধ প্রস্তুতকারী সংস্থা হুগলি জেলার শ্রীরামপুরে একই চৌহদ্দির মধ্যে অবস্থিত আম্বালাল সারাভাই পরিচালনাধীন দুটি সংস্থাই লোকসানে চলতে থাকায় ১৯৮৭ সালে ওপেক সংস্থাটি বি.আই.এফ.আরের নিকট পুনরুজ্জীবনের বিষয়ে বিবেচনার জন্য প্রেরিত হয়। ৩রা জুন, ১৯৯৩, বিষয়টি সমীক্ষা করিয়া বি আই আর এই সংস্থাটিকে ওঠাইয়া দেবার (ওয়াইন্ডিং-আপ) আদেশ দেন। পরবর্তীকালে, বি আই এফ আরের এই আদেশের বিরুদ্ধে এ.এ.আই.এফ.আরের নিকট আপীল করিলে শেযোক্ত পুনর্বিবেচনা পর্ষদ ব্যাংক অফ বরোদা

(অপারেটিং এজেন্ট) কে দুটি সংস্থাই একত্রিত করিয়া উহাদের পুনরুজ্জীবন প্রকল্পের সম্ভাবনা সম্পর্কে বক্তব্য পেশ করিতে বলেন।

সংস্থা দুটির বর্তমান মালিক গোষ্ঠী (আম্বালাল সারাভাই) সংস্থা দুটি চালাইতে আগ্রহী ছিলেন না। কাজেই সরকার বহু প্রচেষ্টার মাধ্যমে বি ডি ছন্দক অ্যান্ড সন্স নামে একটি নতুন শিল্পোদ্যোগীকে এই সংস্থা দুটির দায়িত্ব লইবার জন্য খুঁজিয়া বাহির করিয়াছেন। দুই শিল্প-গোষ্ঠীর মধ্যে দুটি সংস্থারই শেয়ার হস্তান্তরের বিষয়ে একটি সমঝোতা-পত্র (এম.ও.ইউ) সাক্ষরিত হইয়াছে।

এ এ আই এফ আরের নির্দেশানুযায়ী ব্যাঙ্ক অফ বরোদা কর্তৃক নিযুক্ত টাটা কনসালটেন্সি সার্ভিসেস নামে প্রখ্যাত সংস্থা ওপেক ও স্টান্ডার্ড এর একত্রিতভাবে পুনরুজ্জীবন প্রকল্প রচনা চূড়ান্ত করিতেছেন। উক্ত রিপোর্ট ব্যাঙ্ক অফ বরোদার বক্তব্যসহ এ এ আই এফ আরের নিকট আদেশের জন্য প্রেরিত হইবে।

পরবর্তী শুনানীর দিন ধার্য হইয়াছে ৪ঠা এপ্রিল, ১৯৯৪।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now, the Minister-in-Charge of Agriculture Department to make a statement on the subject of acute scarcity of urea in Nadia and North 24-Parganas districts.

(Attention called by Dr. Manas Bhunia, Shri Nani Kar, Shri Ajoy Dey and Shri Bhupendra nath Seth on the 8th March, 1994).

[12-10—12-20 p.m.]

**Shri Nihar Kumar Bose :**

Hon. Speaker, Sir,

In reply to the call attention Notice given by Dr. Manas Bhunia, MLA and Shri Nani Kar, MLA I have no hesitation to admit that there was an acute shortage of urea in the State for a brief period of time. The situation has some what eased now as the flow of supply is picking up gradually.

For the information of Hon. members I like to explain the reasons for such shortage of urea fertiliser for a brief period of time.

Every year before the two crop season viz. Kharif

and Rabi the Govt. of India ask the State Govts. to place their requirement of fertiliser for the next season and after discussion they allocate fertilisers on indegenous factories and also make imported fertilisers available. For the current Rabi Season we asked for 5.00 lakhs tonnes of urea and Govt. of India also allotted the same. But inspite of our repeated objection they allotted 1.40 lakh tonne on Hindustan Fertiliser Corpn. Ltd. Durgapur and Namrup units which are closed and could not supply urea to this State. As such there has been a short fall of 1.40 lakh tonnes of urea in the State. Over and above another supplier viz. M/S. Indo Gulf Fertiliser Ltd. on whom there is an allotment of 37,000 tonnes of urea suddenly stopped their production on account of mechanical defect in the plant. From this unit we got only 19,000 tonnes out of 37,000 tonnes. Therefore from indegenous sources there is a shortfall of 1.58 lakh tonnes of urea.

In case of import though the fertilisers arrived in different ports viz. Paradeep, Haldia etc. the stock could not be moved due to non availability of Rly. Rakes.

To over come the situation I had to depute a Special team to New Delhi who persuded the Govt. of India and managed to procure additional quota of urea and on war-footing moving 31 Rly Rakes from different sources to West Bengal.

On seeing the non availability of Rly. Rakes some quantity of urea was moved by costal Barges. But unfortunately the entire stock has been held up at Jagannath Ghat Jety on account of labour problem with Central Inland Water Transport Corpn. As requested by the Central Inland Water Transport Corporation Agri. Secretary of this Govt. have requested Home Secretary of the State to take steps so that the held up stock is released for distribution to the farmers.

Besides the above some unscrupulous dealers held up stock of urea with the idea that after the Central Budget the price of urea will go up and they will make additional profits and an artificial shortage was created. We have taken steps and the dealers are compelled to sale the available stocks.

I can assure the members that State Govt. is fully aware of the situation and it is taking all possible steps to meet the requirement of the farmers.

## PRESENTATION OF REPORT

### Presentation of the Eighth Report of the Subject Committee on Panchayat (1993-94)

**Smt. Bilasi Bala Sahis :** Sir, with your kind permission I beg to present the Eighth Report of the subject Committee on Panchayat (1993-94), West Bengal Legislative Assembly on the Panchayat activities in the districts of Cooch Bihar, Jalpaiguri and Darjeeling.

## LAYING OF RULES

### The Siliguri Municipal Corporation (Election of Councillors and Aldermen) Rules, 1994

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to lay the Siliguri Municipal Corporation (Election of Councillors and Aldermen) Rules, 1994, published under notification No. 118/C-4/MTE-2/94, dated the 10th March, 1994.

### The Asansol Municipal Corporation (Election of Councillors and Aldermen) Rules, 1994.

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to lay the Asansol Municipal Corporation (Election of Councillors and Aldermen) Rules, 1994, published under notification No. 119/C-4/MTE-2/94, dated the 10th March, 1994.

## MENTION CASES

**শ্রী রবীন দেব :** (নট প্রেজেন্ট।)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় :** মাননীয় স্পিকার মহাশয়, আমি দুঃখিত অ্যাডজর্নমেন্ট মোশন দিয়ে আমি সময় মতো উপস্থিত হতে পারিনি। উত্তর কলকাতা থেকে আসতে গিয়ে ট্রাফিক জ্যামে পড়েছিলাম। কলকাতা শহরের ট্রাফিকের যা অবস্থা, যে কোনও মানুষ তার নির্দিষ্ট সময়ে পৌছতে পারে না, এটা কলকাতা শহরের একটা দুর্ভাগ্য, কলঙ্কও বটে। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী গৌতম দেব মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। জলে আর্সেনিকের ব্যাপারে নানা আলোচনা চলছে, মন্ত্রী মহাশয় নিজেও বলছেন যে অনেক জায়গায় জলে আর্সেনিক থাকায় অনেকে মারা গেছেন। আমার নির্বাচনী এলাকা বারুইপুরের বিস্তীর্ণ অঞ্চল আর্সেনিক কবলিত। এর মধ্যে বহু লোক আর্সেনিক মিশ্রিত জল খেয়ে মারা গেছে। সবচেয়ে বড় কথা বারুইপুরের মানুষ ধুপকাঠি তৈরি করে বিক্রি করে বেঁচে থাকে—

(এই সময় স্পিকার মহাশয়ের নির্দেশে মাইক অফ হয়ে যায়।)

**শ্রী শিশির সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। গত ১২ই মার্চ আনন্দবাজার পত্রিকায় আমার নির্বাচনী এলাকার একটা ঘটনাকে কাগজে যেভাবে লেখা হয়েছে, তাতে এলাকার মানুষ বিস্ময় প্রকাশ করেছে। আমার এলাকাতে লক্ষ্মী শাসমল নামে একজন মহিলাকে নিগৃহীত করা হয়েছে বলে আনন্দবাজার পত্রিকায় লেখা হয়। কিন্তু এই রকম কোনও ঘটনা ঘটেনি। এই ধরনের কোনও ঘটনা আদৌ ঘটেনি।

(এই সময় স্পিকার মহাশয়ের নির্দেশে মাইক অফ করে দেওয়া হয়)

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** (নট প্রেজেন্ট।)

[12-20—12-30 p.m.]

**শ্রী আবু আয়েশ মণ্ডল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। বর্ধমান জেলার নাদনঘাট থেকে নদীয়া জেলার নবদ্বীপ পর্যন্ত ভায়া কুসুমপুর-নাদনঘাট একটি গুরুত্বপূর্ণ সড়ক এবং নবদ্বীপে গৌরাঙ্গ সেতু চালু হবার পর থেকে রাস্তাটি কৃষ্ণনগর পর্যন্ত সম্প্রসারিত হয়ে ৩৪ নং জাতীয় সড়কের সঙ্গে যুক্ত হয়েছে। এস.বি.এস.টি.সি.-র বাস গুলি সহ দুরপাল্লার একাধিক বাস প্রতিদিন ঐ সড়ক পথে যাতায়াত করে। কিন্তু বর্তমানে নবদ্বীপ থেকে ৬০ কিলো মিটার দীর্ঘ পথ খানা-খন্দে ভর্তি হয়ে গেছে। রাস্তাটির এমনই খারাপ অবস্থা হয়েছে যে, বাসগুলিকে খুবই ঝুঁকি নিয়ে চলাচল করতে হচ্ছে। যে কোনও মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটে যেতে পারে। তাই আমি রাস্তাটির প্রতি মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে সংস্কারের দাবি জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এখানে আজকে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের মন্ত্রী মহোদয় উপস্থিত নেই, কিন্তু উচ্চ শিক্ষামন্ত্রী মহোদয় উপস্থিত আছেন। আমার উল্লেখের বিষয়টি হচ্ছে—প্রাথমিক বিদ্যালয়গুলির প্রায় দেড় লক্ষ শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারী বিগত কয়েক বছরের মধ্যে অবসর গ্রহণ করেছেন, কিন্তু তাঁদের মধ্যে মাত্র ২০ হাজার শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারী আজ পর্যন্ত পেনশন পেয়েছেন। ইতিপূর্বে এই হাউসে আলোচনার প্রসঙ্গে এবং প্রশ্নোত্তরের মধ্যে দিয়ে মাননীয় মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে, অবসরপ্রাপ্ত শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারিদের পেনশন ব্যবস্থা সরলীকরণ করা হবে অবসর গ্রহণের পরেই তাড়াতাড়ি যাতে তাঁরা পেনশন পেতে পারেন। কান্তিবাবু যখন শিক্ষা মন্ত্রী ছিলেন তখন তিনি কিছু ব্যবস্থা গ্রহণের চেষ্টা করেছিলেন। কিন্তু এখন আমরা দেখছি যে, শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মচারিরা অবসর গ্রহণের ১০ বছর, ১৫ বছর পরেও পেনশন পাচ্ছেন না। অনেকে অবসর গ্রহণের পর মারা গিয়েছেন.

কিন্তু পেনশন পান নি। অবসর গ্রহণের ১০/১২ বছর পরে মারা গেছেন পেনশন না পেয়ে। অবসর প্রাপ্ত শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক কর্মী, যাঁরা দীর্ঘদিন পেনশন পাচ্ছেন না তাঁরা অবসর গ্রহণের পরে পি.এফ. ইত্যাদির যে টাকা পেয়েছিলেন সে টাকা ইতিমধ্যেই খরচ করে ফেলেছেন, ফলে খুবই আর্থিক অসুবিধার মধ্যে তাঁদের দিন কাটছে। এই অবস্থায় আমি রাজ্য সরকারকে এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি অবিলম্বে পেনশন প্রথার সরলীকরণ করে অবসর প্রাপ্ত শিক্ষক, শিক্ষিকা এবং অশিক্ষক বিদ্যালয় কর্মী—যাঁরা অবসর গ্রহণ করেছেন, তাঁদের তাড়াতাড়ি পেনশন দেবার ব্যবস্থা করুন। কাগজ-পত্র জমা দেবার পরেও যাঁরা পেনশন পাচ্ছেন না তাঁদের তাড়াতাড়ি পেনশন দেবার ব্যবস্থা করুন।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গরম পড়ার সঙ্গে সঙ্গে লোড শেডিং এবং লো ভোল্টেজ আমার এলাকা সহ গোটা আরামবাগ মহকুমায় ছড়িয়ে পড়েছে। এর সাথে সাথে মশার উপদ্রবও খুব বেড়েছে। মানুষ অতিষ্ঠ হয়ে উটেছে, ম্যালেরিয়ার বীজানু ছড়িয়ে পড়ছে। এই অবস্থায় আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে মশা মারার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং উদ্বেগপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মেদিনীপুর জেলার কেশিয়ারী থানার কুলবনী গ্রামে বিগত শিব পূজোর পরের দিন সকালবেলা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির জল্লাদদের হাতে সেখানকার নিরীহ কংগ্রেস কর্মী নির্মল ঘোষ নৃশংসভাবে খুন হয়েছেন। যখন তিনি পূজোর মণ্ডপ সাজাচ্ছিলেন তখন একটা গ্রাম্য বিবাদকে কেন্দ্র করে অতর্কিতে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুন্ডা বাহিনী সশস্ত্র অবস্থায় তাঁকে পেছন থেকে আক্রমণ করে। তিনি সেখানে আহত হয়ে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকেন, তাঁকে এক ফোঁটা জল পর্যন্ত দেওয়া হয় না, হাসপাতালে নিয়ে যাওয়া হয় না। পরে তিনি সেখানেই মারা যান। পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও পুলিশ সেখানে যায় না। পুলিশ বলে, মন্ত্রী মহেশ্বর মুর্মুর কেন্দ্র, আমাদের হাত পা বাঁধা, আমরা কিছু করতে পারছি না। একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে—মন্ত্রী মহেশ্বর মুর্মুর কেন্দ্রে কংগ্রেসি খুন হবে পুলিশ হস্তক্ষেপ করবেনা। সেখানে কংগ্রেসিরা মরে পথে পড়ে থাকবে পুলিশ যাবে না। এই অবস্থায় আমি ঘটনাটির প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি রাজ্যের স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা গত কয়েক বছর ধরেই লক্ষ্য করছি মাধ্যমিক পরীক্ষার সময় ঝাড়খন্ড পার্টি প্রত্যেকবার বন্ধ ডাকছে। পরীক্ষার্থীরা যাতে পরীক্ষা কেন্দ্রে না যেতে পারে এবং একটা বিশৃঙ্খলার সৃষ্টি হয় তার জন্যই এই জিনিস করা হচ্ছে। আমরা দেখছি বার বার তারা বিশৃঙ্খলা সৃষ্টির এই সুযোগটা নিচ্ছে।

রাজনৈতিক দলগুলির কাছে নিশ্চয়ই আমরা এটুকু প্রত্যাশা করতে পারি যে, সবাই অন্তত এই আশ্বাসটুকু দিন যে, সুকুমার-মতি ছাত্রছাত্রীরা সারা বছর পরিশ্রম করে যখন পরীক্ষা দিতে যাবে তখন যেন তাঁরা বন্‌ধ বা ঐ জাতীয় কোনও কিছুর সাহায্যে বিশৃঙ্খলা সৃষ্টি করে বাস এবং অন্যান্য যানবাহন বন্ধ করে তাদের পরীক্ষা কেন্দ্রে যেতে বাধা দেবেন না। সকল স্বীকৃত রাজনৈতিক দলের কাছ থেকে এটুকু নিশ্চয়ই আমরা আশা করতে পারি। কিন্তু আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করছি যে, প্রতি বছর একটি রাজনৈতিক দল এই কান্ড করছে। আমি মনে করি তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। সেজন্য আমি বিষয়টির প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পরিস্থিতি মোকাবিলায় তিনি যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, গত বছর এই দিনে কলকাতার বউবাজারে সাট্টাডন রসিদ খানের ডেরায় বোমা বিস্ফোরণ হয়েছিল এবং তাতে দুঃখজনকভাবে বহু মানুষের মৃত্যু হয়েছিল। ১ বছর অতিক্রান্ত হতে চলেছে অথচ কলকাতা শহরে সাট্টার ব্যবসা এখনও পুরো দমে চলেছে। এলাকায় এলাকায় কিছু দিনের জন্য সাট্টা বন্ধ ছিল, সেগুলি আবার নিজের নিজের জায়গা দখল করে নিয়েছে। সাট্টাবুকিরা তাদের কাজকর্ম আবার শুরু করেছে। ১ বছর হয়ে গেল কোনও ইনটারিম রিপোর্ট বিধানসভায় দেওয়া হল না। ঘটনার গতি-প্রকৃতি কি এর অগ্রগতি কি সাব-জ্যুডিস বলে আমরা জানতে পারছি না। এক্ষেত্রে পুলিশ কমিশনার আবার আই.পি.এস অফিসারদের তালিকা জমা দিলেন—কাদের সঙ্গে সাট্টা ডন রসিদ খানের যোগাযোগ ছিল। সেই তালিকাও বিধানসভায় পেশ করা হচ্ছে না। সাট্টাডনের সঙ্গে যেমন আই.পি.এস. অফিসারদের যোগাযোগ ছিল তেমনি সি.পি.এম দলের সঙ্গেও সাট্টাডনের যোগাযোগ ছিল। চুনোপুঁটিদের নাম সংবাদপত্রে দেওয়া হয়েছে, কিন্তু রথী-মহারথীদের সঙ্গে সাট্টাডনের যে যোগাযোগ ছিল, রাজ্য পর্যায়ের নেতাদের সঙ্গে যে যোগাযোগ ছিল তাদের নামও প্রকাশ্যে বেরিয়ে এসেছে। মাননীয় মুখ্যমন্ত্রী তাঁর দলকে আড়াল করবার জন্য, আই.পি.এস. অফিসারদের আড়াল করবার জন্য আজ পর্যন্ত কোনও রিপোর্ট দিচ্ছেন না।

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সভার কাছে উপস্থিত করছি। "আনন্দবাজার" পত্রিকায় যে অর্ধ সত্য সংবাদ পরিবেশন করেছেন তার আমি বিরোধিতা করছি। আমার বিধানসভা কেন্দ্র বংশীহারিতে গত ৫-৩-৯৪ তারিখে এক চরম নারী নিগ্রহের ঘটনা ঘটেছে। "আনন্দবাজার পত্রিকায়" সি.পি.এমের লোকজন সেই ঘটনার সঙ্গে যুক্ত বলে সংবাদ পরিবেশন করা হয়েছে। কিন্তু আমি আপনার মাধ্যমে সভার কাছে জানাতে চাইছি, ঐ ৫-৩-৯৪ তারিখে যে চরম নারী লাঞ্ছনার ঘটনা ঘটেছে তার অভিযুক্ত আসামী হচ্ছে গণেশ রায়, কংগ্রেস-আই-য়ের সমাজবিরোধী, বিপ্লব সরকার, বি.জে.পির সমাজবিরোধি, শ্যামল কীর্তনীয়া, বি.জে.পির সমাজবিরোধী, সুজিত শীল এবং গৌর মিত্র এই ২ জনই কংগ্রেস-আইয়ের সমাজবিরোধী। আমি লক্ষ্য করছি, সর্বত্র কংগ্রেস-আই এবং বি.জে.পি মাসতুত ভাইয়ের মতন মিলিতভাবে নারী নিগ্রহের ঘটনার সাথে যুক্ত হয়ে যাচ্ছেন এবং

পরিকল্পিতভাবে নারীদের চরম লাঞ্ছনা করছেন। আমি আনন্দবাজার পত্রিকার সাংবাদিকদের কাছে বলতে চাই, সংবাদপত্রের একটা সামাজিক দায়-বদ্ধতা রয়েছে। গত ১২ তারিখ "আনন্দবাজার পত্রিকার" প্রথম পাতায় যেভাবে সংবাদ পরিবেশন করেছেন তাতে আমার ছোট্ট মেয়ে যে ক্লাশ সেভেনেতে পড়ে, আমাকে প্রশ্ন করছে, মা, দক্ষিণ দিনাজপুরে যে ধর্ষণ হয়েছে, এই গণ ধর্ষণটা কি? আমি তাকে কি বোঝাব? এইভাবে আনন্দবাজার পত্রিকা, বুর্জোয়া সংবাদপত্রগুলি কংগ্রেস-আই এবং বি.জে.পি. সমাজবিরোধিদের নির্লজ্জ নোংরা নারী নিগ্রহের ঘটনাগুলিকে প্রশ্রয় দিচ্ছেন সংবাদপত্রের মধ্যে সংবাদ পরিবেশন করে। আজকে মানুষের কাছে যে সামাজিক দায়বদ্ধতা রয়েছে তাকে দূরে সরিয়ে দেবার চেষ্টা করছে।

**শ্রী সৌগত রায় :** স্যার, গত ১৪-৩-৯৪ তারিখ সোমবার, রাত্রি সাড়ে ১০টার সময়ে ৮৪ নম্বর ওয়ার্ডের মেম্বার শ্রী অনুপ চ্যাটার্জি তার হাজরা রোডের বাড়িতে যখন প্রবেশ করছিলেন তখন সি.পি.এমের কিছু পরিচিত সমাজবিরোধী যারা ৭২ নম্বর ওয়ার্ডে থাকে তারা অনুপ চ্যাটার্জিকে রিভলবার দিয়ে আক্রমণ করে, অনুপ চ্যাটার্জিকে ক্লোজ রেঞ্জ থেকে গুলি করার চেষ্টা করে। কিন্তু কাউন্সিলর লক্ষ্মীনারায়ণ ঘোষ এবং স্থানীয় কর্মীরা সেখানে বাধা দেওয়ায় তারা গুলি চালাতে পারে না। ফলে অনুপ চ্যাটার্জিকে খুন করার প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। সঞ্জীব এবং সোমেন এই দুইজন পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে। জনতা তাদের ধরে পুলিশের হাতে তুলে দিয়েছেন। কিন্তু পরিচিত সি.পি.এমের সমাজবিরোধী যাদের নামে টালিগঞ্জ থানায় এফ.আই.আর করা হয়েছে, যারা ঐ ঘটনার সময় ছিল, মোটরবাইকে করে এসেছিল শিবা, রাজেন, হরেন, ঝঙ্কা—যারা সি.পি.এমের মিছিলে যায় তারা এখনও পলাতক। পুলিশ এ ব্যাপারে এখনও সক্রিয় হয় নি। যারা আক্রমণকারী, যারা পালিয়ে গেছেন তাদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে এবং অনুপ চ্যাটার্জির নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। এই হচ্ছে আমার দাবি।

[12-30—12-40 p.m.]

**শ্রী রমজান আলি :** (মাননীয় সদস্য উপস্থিত ছিলেন না।)

**শ্রী যোগেশচন্দ্র বর্মন :** স্যার, আমি আমার এলাকার দীর্ঘদিনের একটি সমস্যা শীলতোর্ষা ব্রিজ সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় পূর্ত মন্ত্রীর দৃষ্টিগোচরে আনতে চাই। এই শীলতোর্ষা ব্রিজের দাবিটি অনেকদিনের। ২৫ বছর ধরে দলমত নির্বিশেষে একটা সংগ্রাম কমিটি তৈরি হয়েছে। ঐ গণসংগ্রাম কমিটির আন্দোলন এবং আমরা যারা জনপ্রতিনিধি আছি আমরা মাঝে মাঝে ব্যাপারটি তুলে ধরার চেষ্টা করি, কিন্তু কোনও কাজই এগোচ্ছে না। সম্প্রতি সংগ্রাম কমিটি তীব্র আন্দোলন করবে এই ধরনের সিদ্ধান্ত নিয়েছে। মাননীয় পূর্ত মন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সি.আর.এফ টাকা এলে ধাপে ধাপে কাজ শুরু করা হবে, কিন্তু কোনও কিছুই হচ্ছে না। আলীপুর দুয়ার, ফালাকাটা, জলপাইগুড়ির যোগাযোগ এই ব্রিজের মাধ্যমে শুরু হতে পারে, আর বর্ষাকালে উত্তরবঙ্গের ভয়াবহ বন্যার প্রকোপে মানুষের

দুঃখ দুর্দশা উপস্থিত হয় এই ব্রিজ হলে তার থেকেও মানুষ উপকৃত হতে পারবে। তাই আমি বিষয়টি মাননীয় মুখ্যমন্ত্রীর নজরে আনতে চাইছি।

**শ্রী নটবর বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিষয়ে। আমাদের পুরুলিয়াতে ডি.ভি.সি. জমি অধিগ্রহণ করেছে, এবং ই.সি.এলের কর্তৃপক্ষও জমি অধিগ্রহণ করেছে। দীর্ঘদিন ধরে তার প্যানেলের ব্যবস্থা করা হয়েছে। বিহারের যেটা হয়েছিল তাতে বিহারের ছেলেমেয়েরা চাকরি বাকরি পেয়েছে, কিন্তু এখানে সোসাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের পুলার পার্টের কাজ কিছুই করে নি, ডি.ভি.সি ও কিছু করেন নি। যাঁদের জমি জায়গা গেছে তাঁরা আমার কাছে একটা মেমোরান্ডাম দিয়েছেন, এবং অনির্দিষ্ট কালের জন্য অনশন করার হুমকী দিয়েছেন। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে ই.সি.এল. কর্তৃপক্ষের বিরুদ্ধে অবিলম্বে একটা ব্যবস্থা গ্রহণ করেন।

**শ্রী নিশিকান্ত মেহেতা ঃ** মিঃ স্পিকার স্যার, আপনার মাধ্যমে এই সভার এবং মাননীয় কৃষি বিপনন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়ায় আলুর প্রচন্ডভাবে উৎপাদন বেড়ে গেছে। সেখানে কোনও কোল্ড স্টোরেজ নেই। স্বভাবতই চাষীরা উৎপাদন করেছেন। কিন্তু এখন এক—দেড়টাকা কে.জি. দরে তাঁদের আলু বিক্রি করে দিতে হচ্ছে। অবিলম্বে যাতে পুরুলিয়ায় কোল্ড স্টোরেজ করা যায় তার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আমার বিধানসভা কেন্দ্র 'বাড়ি' ঐ বাড়িতে ঝাড়খন্ড মুক্তি মোর্চা বিভিন্ন গ্রাম পঞ্চায়েতে ডেপুটেশন দিচ্ছেন। আমি বলছি যে তাঁরা ডেপুটেশন দিন, তাতে আমার আপত্তি নেই। কিন্তু আজকে আমরা লক্ষ্য করছি ঐ ঝাড়খন্ড মুক্তি মোর্চারা ডেপুটেশনের নাম করে যেভাবে বিশৃঙ্খলার সৃষ্টি করছেন বিশেষ করে গ্রাম পঞ্চায়েতগুলির উপর যেখানে মহিলা প্রধান আছেন সেখানে বিভিন্ন ধরণের অস্ত্র শস্ত্র নিয়ে হুমকী দিচ্ছেন। আজকে আমরা লক্ষ্য করছি কংগ্রেস (আই) দলের মাননীয় সদস্য মানসবাবু মহিলা নির্যাতন ইত্যাদির কথা বলেন, আমি তাঁর কাছে প্রশ্ন করছি ঝাড়খন্ড মুক্তি মোর্চাকে ঐ কংগ্রেস আই দল মদত দিচ্ছেন বিশৃঙ্খলা সৃষ্টির জন্য। তাই মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে জানাতে চাই যাতে অবিলম্বে ঐ ঝাড়খন্ড মুক্তি মোর্চার অস্ত্র নিয়ে মিটিং মিছিল বন্ধ করা হয়।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মিঃ স্পিকার স্যার, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভাকে জানাতে চাই। গত ৯ই মার্চ তারিখে নদীয়ার সীমান্ত ক্যাম্প থেকে কয়েকজন বি.এস.এফ কর্মী আমার বিধানসভা কেন্দ্র থেকে গরু ভর্তি একটি লরি জোর করে নিয়ে গেছেন। পরে সেই লরির ড্রাইভার এবং স্টাফদের ছেড়ে দিলেও গরু ভর্তি লরিটি তাঁরা আটকে রেখে দিয়েছেন। আর ওখানে ঢোকবার সময়ে স্থানীয় পুলিশের কোনও অনুমতিও নেন নি। গাড়ি

এবং গরুর বৈধ কাগজ পত্র আছে, তার মালিক কাটোয়া থানাতে অভিযোগ করেছেন। আজ পর্যন্ত কাউকে ছাড়েনি, গাড়িগুলিও ছাড়েনি। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করা হোক। অপহৃত গরুগুলির আনুমানিক মূল্য ২ লক্ষ ৭০ হাজার টাকা যার সঙ্গে চারটি লরিও আটক রয়েছে এবং তার ড্রাইভারদের গ্রেপ্তার করা হয়েছে। অবিলম্বে গরু এবং গাড়িগুলি উদ্ধারের ব্যবস্থা করা হোক।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কানপুর থেকে একটি এড্‌স রোগীকে এনে বীরভূম সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে সাধারণ রোগীদের মধ্যে। ডাক্তাররা এই যে অন্যায় কাজ করেছেন তারজন্য স্থানীয় জনসাধারণ বিক্ষুব্ধ। বিষয়টা পত্র-পত্রিকাতেও বেরিয়েছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে অনুরোধ, বিষয়টা নিয়ে অবিলম্বে তদন্ত করা হোক এবং যে ডাক্তার ঐ রোগীকে ভর্তি করেছেন তার শাস্তিবিধান করা হোক।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি কৃষি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা-কেন্দ্র নদীয়া জেলার চাপড়া থানার হুদাপাড়া নামক একটি সীমান্তবর্তী গ্রামে কয়েকদিন আগে ২৫টি পরিবারের বাড়িঘর আগুনে পুড়ে গেছে এবং সেখানে বিউটি খাতুন নামে একটি চার বছরের মেয়ে পুড়ে মারা গেছে এবং দুইজন হাসপাতালে ভর্তি আছেন। ঐ আগুনে বহু গবাদি পশুও মারা গেছে। পৌর এবং পঞ্চায়েত বিভাগ তাদেব সাহায্য দিয়েছেন, কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় সামান্য। আগুনে প্রায় ১০ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। অবিলম্বে ঐসব দুর্গত পরিবারগুলিকে কৃষিঋণ এবং অন্যান্য ঋণ দেবার জন্য আবেদন করছি।

**শ্রী নাজমুল হক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উনি সারের সঙ্কট কেন হচ্ছে বলেছেন। আমার এলাকায় সারের সঙ্কট খুবও তীব্র, চাঁচল-১ এবং চাঁচল-২ নম্বর ব্লকে। ১ নম্বর ব্লকে ৮০০ মেট্রিক টন যেখানে ঐ বোরো মরশুমে সারের প্রয়োজন সেখানে পৌঁছেছে ৭০০ মেট্রিক টন। ২ নং ব্লকে সারের চাহিদা যেখানে ১০০০ মেট্রিক টন সেখানে বাজারে সার এসেছে ১৬৩ মেট্রিক টন। মালদা জেলায় কোনও বড় সেচ-ব্যবস্থা নেই, ঐ জেলা ক্ষুদ্রসেচের উপর নির্ভরশীল এবং তা বোরো চাষে ভূমিকা পালন করে। কিন্তু আজকে সেখানে সারের সঙ্কট চলছে। উপরন্তু বেনফেড এই সারের সঙ্কট আরও বৃদ্ধি করেছে, সুষ্ঠুভাবে তারা সার বন্টন করছে না। তারা বেসরকারি ব্যবসায়ীদের কাছে এই সার পৌঁছে দিচ্ছে এবং তারফলে সারের সঙ্কট তীব্র হয়েছে। ফলে সেখানে নানারকম আইন-শৃঙ্খলার সঙ্কট সৃষ্টি হচ্ছে। এই সারের বন্টন যাতে সমভাবে এবং সুষ্ঠুভাবে হয় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় মন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রী ভন্দু মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ১৭ই মার্চ থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হচ্ছে। এই পরীক্ষা চলাকালীন

প্রতি বছরই দেখা যাচ্ছে যে, ঝাড়খন্ডীরা ধর্মঘট, পথ অবরোধ ইত্যাদি করে অসুবিধা সৃষ্টি করে পরীক্ষার্থিদের যাতায়াতের ক্ষেত্রে এই বছর যাতে ছাত্রদের কোনওরকম অসুবিধার সম্মুখীন হতে না হয় তারজন্য জরুরি ভিত্তিতে প্রশাসনকে অ্যালার্ট থাকবার জন্য অনুরোধ করছি তিনটি জেলা—পুরুলিয়া, বাঁকুড়া এবং মেদিনীপুর জেলার ক্ষেত্রে।

[12-40—12-50 p.m.]

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় গ্রন্থাগার মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জলপাইগুড়ি এবং কুচবিহার জেলায় গ্রন্থাগার কর্মীরা বেতন পাচ্ছে না। কারণ জলপাইগুড়ি এবং কুচবিহারে গত প্রায় ১৫ মাস ধরে লাইব্রেরি অফিসার নেই। আমি অনুরোধ করছি যে সেখানে অবিলম্বে লাইব্রেরি অফিসার নিয়োগ করা হোক এবং যারা কর্মচারী তারা যাতে বেতন পায় সেই ব্যবস্থা করা হোক। শুধু তাই নয়, জলপাইগুড়ি এবং কুচবিহারে ঐ লাইব্রেরিতে পত্র-পত্রিকা কেনার যে কনটিনজেন্সি সেটাও দেওয়া হচ্ছে না। তার ফলে লাইব্রেরিতে যে সমস্ত পাঠক রিডিং রুমে পড়াশুনা করেন, তারা পত্র-পত্রিকা পাচ্ছে না। আলিপুর দুয়ারে বন্যার সময় লাইব্রেরির ঘরে ভেঙ্গে গেছে। আলিপুর দুয়ারে ৭৫ বর্ষ পূর্তি হচ্ছে অ্যাডওয়ার্ড লাইব্রেরির সেই লাইব্রেরির বাড়ি-ঘর ধ্বংস হয়েছে। আমি অনুরোধ করবো যে এই রকম অবস্থায় সেখানে যাতে কিছু গ্রান্ট দেওয়া হয়। আমরা দেখছি যে রুরাল দপ্তর আর ফিনান্স দপ্তর ছাড়া আর সমস্ত দপ্তরের অস্তিত্ব প্রায় বিপন্ন। আমি অনুরোধ করব যে এই লাইব্রেরির কর্মচারিরা যেন বেতন পান এবং বই-পত্র কেনার জন্য যে কনটিনজেন্সি সেটা পান, সেটা নিশ্চিত করা হোক।

**শ্রী প্রভাত আচার্য ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ভারতবর্ষে এখন যুদ্ধকালীন ও আপতকালীন অবস্থা চলছে। ৩ কোটি মানুষ বেকার হয়েছে। গ্যাট এবং ডাঙ্কেল প্রস্তাব অনুযায়ী আমাদের কুটির শিল্প এবং স্মল স্কেল ইন্ডাস্ট্রি আজকে বিপন্ন। এই অবস্থায় সারা ভারতবর্ষের মানুষ আজকে অস্থির। এই রকম একটা সময়ে আমি আপনার মাধ্যমে মাননীয় তথ্য ও সংস্কৃতি এবং পর্যটন মন্ত্রীর কাছে আবেদন রাখছি যে মালদা জেলার হবিবপুর থানা থেকে প্রায় ১০ কিলো মিটার দূরে জগৎজীবনপুরে একটা নতুন জিনিস পাওয়া গেছে সেটা হচ্ছে, বুদ্ধ বিহার এবং তাম্র ফলক। সেই তাম্র ফলকের মধ্যে নতুন একটা রাজার নাম পাওয়া গেছে। এগুলি আগামী দিনে মধ্যযুগীয় ইতিহাসের সঙ্গে সংযুক্ত হতে পারবে। আমি মাননীয় তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে মালদা জেলার জগৎজীবনপুরের ঐ সমস্ত এলাকাকে অবিলম্বে সংরক্ষণ করুন। এই কাজ যদি দ্রুত না করা হয় তাহলে এই জিনিসগুলি নষ্ট হওয়ার আশঙ্কা আছে। কাজেই এগুলিকে অবিলম্বে রক্ষা করা হোক। পাহাড়পুর এবং নালন্দার পরে মালদা জেলায় এই বৌদ্ধ বিহার এবং তাম্র

মেলক পাওয়া গেছে। কাজেই আমি তথ্য ও সংস্কৃতি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে ঐ এলাকা সংরক্ষণ করা এবং খনন কার্য করার দায়িত্ব তথ্য সংস্কৃতি দপ্তর থেকে নেওয়া হোক।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে কুচবিহারের মদন মোহনের বিগ্রহ চুরি হওয়া নিয়ে সারা পশ্চিমবাংলার মানুষ অত্যন্ত উদ্বিগ্ন। কালিয়াচক থেকে কিছু সন্ধান পাওয়া গিয়েছিল এবং যে অফিসার এই সন্ধান দিয়েছিল, তাকে আজকে দীর্ঘদিন ধরে বি.এস.এফ.-র সঙ্গে এবং কাস্টমের সঙ্গে লড়াই করতে হয়েছে। তারা তাকে পেলে গুলি করে মেরে ফেলতো। এছাড়া তাদের সঙ্গে লড়াই করে তিনি ১৯৮ বস্তা চাল ধরেছেন। আজকে আই.জি.ইত্যাদি বড়বড় অফিসাররা বড়বড় কথা বলছেন, কিন্তু আমরা দেখছি যে একটা অশুভ আঁতাত সেখানে চলছে। হাজার হাজার গরু চুরি হয়ে যাচ্ছে, কিন্তু কোনও ব্যবস্থা করা হচ্ছে না। কাজেই মালদা বর্ডারে এই যে ঘটনা ঘটছে, তার একটা স্থায়ী ব্যবস্থা করা হোক। সেই সঙ্গে যে অফিসার এটা খুঁজে বের করেছেন তাকে পুরস্কৃত করা হোক এবং ওপর দিকে যারা এটাকে হাফিশ করার চেষ্টা করেছিল তাদের শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী মানিক ভৌমিক ঃ** (নট প্রেজেন্ট।)

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ঐ সময়ে এক মিনিটের জন্য বাইরে গিয়েছিলাম। সেজন্য আমি দুঃখিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা এই সভায় অনেকদিন আলোচনা করেছি যে কেন্দ্রীয় সরকারের অনুসৃত আর্থিক, শিল্প এবং বাণিজ্য নীতির জন্য রাজ্য তথা দেশের শিল্প ক্রমশ ধ্বংসের পথে যাচ্ছে। আপনি লক্ষ্য করেছেন যে এর প্রতিবাদে এবং রেলের ক্ষেত্রে আমাদের বঞ্চনার প্রতিবাদে গত ১৪ তারিখে আই.এন.টি.ইউ.সি সহ ১১টি ট্রেড ইউনিয়ন-এর পক্ষ থেকে পশ্চিমবাংলার ৬টি স্থান থেকে বার্ণপুর অভিমুখে পদ যাত্রা শুরু হয়েছে। আমরা আনন্দিত যে ১৪ তারিখে হলদিয়া থেকে পদযাত্রা শুরু হয়েছে। আজকে কলকাতা থেকে হবে এবং তারপরে বজবজ থেকে শুরু হবে এবং তার পরবর্তী পর্যায়ে পুরুলিয়া থেকে পদযাত্রা গিয়ে বার্ণপুরে ২৫ তারিখে সকলে মিলিত হবে। আমরা আনন্দিত যে শ্রমিক, কৃষক এবং সাধারণ মানুষ এতে অংশ গ্রহণ করেছেন, কেন্দ্রের এই জন বিরোধী নীতির প্রতিবাদে। এর মধ্যে দিয়ে শহরে এবং গ্রামে মেল বন্ধন তৈরি হচ্ছে এবং শ্রমিক, কৃষক, সাধারণ মানুষ, এদের মধ্যে মৈত্রীর বন্ধন তৈরি হচ্ছে। পাশাপাশি রাজ্যের রেল প্রকল্পগুলি আছে তার প্রতি কেন্দ্রের যে ভূমিকা, তার বিরুদ্ধে আগামীকাল এবং পরশু দু-দিন ডি.ওয়াই.এফ. এবং এস.এফ.আই দিল্লি অভিযান করছে এবং সেখানে অবস্থান কর্মসূচি গ্রহণ করবে। কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে একদিকে রাজ্যের শ্রমিক কর্মচারী অভিযান এবং তার পাশাপাশি রেলের ব্যাপারে ছাত্র এবং যুবদের এই যে অভিযান এই ব্যাপারে দিল্লি যাতে সাড়া দেয় এই আশা আমি রাখব।

## ZERO HOUR

**শ্রীমতী বিলাসীবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এক গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবহনমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা সকলেই জানি যে আগামী কাল থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু। আমরা লক্ষ্য করেছি বিগত মাধ্যমিক পরীক্ষার সময় আমাদের পুরুলিয়া জেলায় জেলা প্রশাসনের পরিবহনের ক্ষেত্রে একটা গাফিলতি ছিল। ফলে ছাত্র-ছাত্রীদের যাতায়াতের খুব অসুবিধা হয়েছিল। তাই আমি আজকে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই বছর যাতে পরিবহনের ক্ষেত্রে ছাত্র-ছাত্রীদের হয়রান হতে না হয় যাতে তারা সুষ্ঠুভাবে পরীক্ষা কেন্দ্রে যেতে পারে তার ব্যবস্থা তিনি যেন করেন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, মাধ্যমিক পরীক্ষা শুরু হয়ে যাচ্ছে আগামীকাল থেকে এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষাও কিছু দিনের মধ্যে শুরু হবে। আমার বিধানসভা কেন্দ্র সবং-এ কেরোসিন তেলের অভাব দেখা দিয়েছে। অসাধু ডিলার এবং খাদ্য দপ্তরের জেলা এবং মহকুমা দপ্তরের মধ্যে একটা অশুভ আঁতাত গড়ে উঠেছে। আগে আমাদের এলাকার জন্য ১৫৬ কি লিটার বরাদ্দ ছিল, সেটা কমিয়ে ১০৮ কি লিটারে নামিয়ে দেওয়া হয়েছে। অত্যন্ত দুর্ভাগ্যের কথা আমি নিজে মন্ত্রী মহাশয়-এর সঙ্গে কথা বলেছি, তিনি বলেছেন কোটা বাড়িয়ে দেওয়া হবে কিন্তু আজকে এই যে বরাদ্দ ১৫৬ কি লিটার থেকে কমিয়ে ১০৮ কি লিটার করা হয়েছে সেটা আজ পর্যন্ত বাড়ানো হল না। আমার এলাকায় সব চেয়ে বেশি অসুবিধা হল এখানে বিদ্যুতের অবস্থা অত্যন্ত খারাপ, অধিকাংশ গ্রামে বিদ্যুত যায় নি, ছাত্র-ছাত্রীরা নির্ভরশীল কেরোসিন তেলের হারিকেনের উপর। আগে পার হেড পার ইউনিট পার উইকলি যা বরাদ্দ ছিল সেটা কমিয়ে পার হেড পার ইউনিট .৭৫ লিটার করা হয়েছে। আমি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়ে হস্তক্ষেপ করেন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যেটা লক্ষ্য করছি সেটা সমগ্র ভারতবর্ষের ক্ষেত্রে একটা বিস্ময় ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। আমাদের নির্বাচন কমিশনার শেষনের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করা হয়েছে। এর চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল নির্বাচন কমিশনারের একটা সাংবিধানিক সীমাবদ্ধতা আছে। সেইজন্য তাঁর প্রতিটি কাজ-কর্ম এই সাংবিধানিক সীমাবদ্ধতা যাতে অতিক্রম না হয় তারজন্য সতর্ক দৃষ্টি রাখতে হয়। অথচ শেষান তার সীমালংঘন করে পরিচয় পত্র নিয়ে বলছেন, তিনি সাংবিধানিক সীমা অতিক্রম করে যাচ্ছেন। শেষানকে আদালতে হাজির হয়ে বলতে হবে কেন করছেন। এটা সংসদীয় গণতন্ত্রের পক্ষে বিপদজনক ইঙ্গিত বলে আমি মনে করি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপনার রুলিং আছে, আপনার সেভারেল রুলিং আছে যে সাবজুডিস ম্যাটার হলে এখানে মেনশন করা যায় না।

**মিঃ স্পিকার ঃ** আপনার সঙ্গে আমি একমত যে কখনই সাবজুডিস ম্যাটার হলে বলা যায় না।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, এটা তো সাবজুডিস?

**মিঃ স্পিকার ঃ** আপনি কি বলেছেন?

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, আমি বলেছি যে আদালত অবমাননার দায়ে সেসানের বিরুদ্ধে রুল জারি হয়েছে।

**মিঃ স্পিকার ঃ** উনি রুল জারি হয়েছে বলেছেন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা বিরোধী দলের পক্ষ থেকে একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে দীর্ঘদিন ধরে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং পঞ্চায়েত মন্ত্রী মহোদয়ের কাছে বিশেষ করে উল্লেখ করেছি যে, যেখানে যেখানে কংগ্রেসিরা গ্রাম পঞ্চায়েতের প্রধান, অন্যান্য জায়গায় যেখানে কংগ্রসিরা জিতেছে, সেখানে সমস্ত কাজে এই সরকার থেকে ঘুরিয়ে দিচ্ছে। বি.ডি.ও.রা আপনাদের নির্দেশে তাদের টাকা পর্যন্ত দিচ্ছে না। আমি সম্প্রতি এই রকম কয়েকটি কেস পঞ্চায়েত মন্ত্রীর কাছে নিয়ে গিয়েছিলাম। পঞ্চায়েত মন্ত্রী আমাকে এই হাউসে বলেছিলেন স্পেসিফিক কেস দিন, যেখানে কংগ্রেসের প্রধান আছেন এবং তাঁকে কাজে বাধা দেওয়া হয়েছে। আমি সরাসরি একটা কেস দিচ্ছি। আমি কাগজটা আপনাকে দিয়ে দেব। এটি একটি সংখ্যালঘু অঞ্চল চটা গ্রাম পঞ্চায়েত। সেখানকার প্রধান হচ্ছেন শেখ গিয়াসুদ্দিন। স্যার, আপনি অবাক হয়ে যাবেন, একেবারে গত দু'বছর ধরে সেখানে সমস্ত বেনিফিশিয়ারীর, যেমন আই.আর.ডি.পি., এস.ই.পি., আই.আর.ডি.পি.-র ট্রাইসেম ইত্যাদিতেও লিস্ট করে ইউন্যানিমাসলি বি.ডি.ও.-র কাছে দেওয়া হয়েছে। কিন্তু ঠাকুরপুর, মহেশতলার বি.ডি.ও. এর একটা লিস্ট আছে—এখন পর্যন্ত কার্যকর করছে না। আই.আর.ডি.পি.র ৫৫ জন, এস.ই.পি.র ২৮ জন এবং আই.আর.ডি.পি.র আরও ২৬ জন আছে, এরা সবাই বঞ্চিত হচ্ছে। কেন্দ্রীয় সরকারের টাকা, গ্রাম পঞ্চায়েতের নির্বাচিত প্রতিনিধিরা ফরোয়ার্ড করেছে—ইউন্যানিমাসলি রেকমেন্ডেশন থাকা সত্ত্বেও তাদের টাকা দেওয়া হচ্ছে না। গত নির্বাচনে ২১ জন সদস্যের মধ্যে সিপিএম মাত্র দুটি সীট পেয়েছে চটা গ্রাম পঞ্চায়েতে। আমি আপনার কাছে আবেদন করছি, একটি মাইনরিটি এলাকা, এটি আপনি দেখুন। মন্ত্রীকে বারবার বলেছি। তিনি বলেছেন, স্পেসিফিক কেস দিন। আমি কাগজটি আপনার কাছে সাবমিট করছি। বি.ডি.ও.র কাছে বারেবারে আবেদন করা হয়েছে। বি.ডি.ও. বলছেন লোক্যাল কমিটির কাছে দেখা করুন। এটা কি রবীনবাবুদের পৈতৃক সম্পত্তি? নিয়ম মাফিক নাম দেওয়া সত্ত্বেও বি.ডি.ও. টাকা স্যাংশন করেন নি। আপনি এর বিহিত করুন।

**শ্রী নির্মল দাস ঃ** কেন্দ্রীয় রেল মন্ত্রক আমাদের উত্তরবাংলাকে প্রকৃতপক্ষে বঞ্চিত

করেছে। সাতটি রাজ্যে যাওয়ার ক্ষেত্রে ডুয়ার্স, যেটিকে গেট-ওয়ে অব আসাম বলা হয় এবারে বর্ষা আসন্ন, এখানে রেল কর্তৃপক্ষ ইতিমধ্যে যেসমস্ত ব্যবস্থা নিয়েছেন তা বন্যা প্রতিরোধের ক্ষেত্রে অত্যন্ত অপ্রতুল। আলিপুরদুয়ারে রেলওয়ের যে ডিভিসন আছে তা উত্তর ভারতের মধ্যে সর্ববৃহৎ রেলওয়ে ডিভিসন। এটিকে পুরোপুরি ব্রডগেজে উন্নীত করা হোক এখানে রেলওয়ের যে ইনফ্রাস্ট্রাকচার আছে সেটিকে ব্যবহার করে, আলিপুরদুয়ারকে কেন্দ্র করে দিল্লি এবং কলকাতাগামী ট্রেন যাতে চলে তারজন্য ব্যবস্থা নিতে আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানাই। রাজধানী এক্সপ্রেস যেটি আলিপুরদুয়ার এবং আলিপুরদুয়ার জংশন—দিল্লি পর্যন্ত প্রস্তাবিত আছে, সেটি গৌহাটি থেকে নিউ দিল্লি পর্যন্ত যাবে। সেই ট্রেনের স্টপেজ নিউ আলিপুরদুয়ার স্টেশনে করা হোক। কারণ এর একদিকে ১৫৩টি চা-বাগান আছে এবং অপরদিকে বিন্নাগুড়ি, ভুটান, হাসিমারা মিলিটারি ক্যান্টনমেন্ট এবং পাশের দেশ ভুটান এবং লোয়ার আসাম। এখানে এটি করলে কয়েক লক্ষ মানুষ উপকৃত হবে। মাননীয় মুখ্যমন্ত্রী যাতে এই ব্যাপারে হস্তক্ষেপ করেন তারজন্য অনুরোধ জানাচ্ছি।

**Shri Gyan Singh Sohanpal :** Sir, I thank you for allowing me to bring to the notice of the House or an important matter of public interest through special mention. Sir, the issue involved concerns the Department of Home (PAR) of which the Chief Minister is the Minister-in-charge. Unfortunately, Mr. Basu is not present in the House today. It is nothing new to us. He is in the habit of avoiding the House. Under the circumstances, Sir, I seek your personal assistance and request you to kindly forward my submission to the Minister-in-charge for his information and appropriate action. Sir, the Left Front Government headed by Shri Jyoti Basu has been in power in the State since 1977. Thanks to the patronage of the CPI(M), the dominant partner of the Left Front, the administrative machinary of the state during the past 17 years has become totally ineffective, inefficient, incompetent and impotent, if I may say so. To add to the miseries of the people, the Ruling party during these years has become so much dependent upon the bureaucracy that it is reluctant to take firm action against the delinquent officers for their ommisions and commissions for fear of losing their support without which perhaps the party cannot remain in power even for a day longer. Sir, there are hundreds of cases which can be cited in support of this contention, but unfortunately, the time at my disposal is so short that I am obliged to refer to merely one such case. The people of the nine police stations now under Midnapore Sadar Sub-division, namely, Kharagpur town, Kharagpur Local, Narayangarh, Kesheary, Belda, Datan, Mohanpur, Sabang and

Pingla have been demanding the establishment of an independent sub-division with its headquarter at Kharagpur. The issue was examined by the Administrative Reforms Committee who in its report submitted in 1983 also recommended the setting up of a new sub-division comprision of these police stations with its head-quarter at Kharagpur. The Government sat over this recommendation for more than nine years and finally yielded to public pressure in September, 1992 when the Government decided to shift the office of the Additional Sub-divisional officers, Midnapore Sadar from Midnapore to Kharagpur. I am sorry to inform the House that 17 months have passed since the notification to this effect was issued by the Government, no serious efforts have been made by the District administration to shift the office from Midnapore to Kharagpur. Surprisingly, neither the District Officers have been pulled up for this wilful and deliberate delay nor have the Officers been asked to report compliance of the Government order immediately. I, therefore, urge upon the Chief Minister to take up the matter with the District Magistrate, Midnapore who should be directed to shift the office from Midnapore to Kharagpur immediately and report compliance.

[1-00—1-10 p.m.]

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আপনি জানেন আমাদের ভারতবর্ষের সংবিধানে যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কথা বলা হয়েছে। স্যার, ৩৫৬ ধারা প্রয়োগ করে কেন্দ্রীয় সরকার অজস্রবার কখন নিজের দলকে সামলাতে, কখন বিরোধী দলকে দমন করতে, তারা এটাকে কাজে লাগিয়েছেন। এই কাঠামোর সম্বন্ধে যে ধারণা সেটাকে তারা তছনছ করে দিয়েছেন। এসঙ্গে বলা দরকার, রাষ্ট্রপতি শাসন বিষয়টি আলাদাভাবে বিচার্য বিষয় নয়। কংগ্রেসের একটা অংশ তারা ৩৫৬ ধারা প্রয়োগের জন্য আন্দোলন করার হুমকি দিচ্ছে, কিন্তু কেন্দ্রীয় সরকার ৩৫৬ ধারা প্রয়োগ সম্পর্কে সারকারিয়া কমিশনের যে সুপারিশ, তা তারা এখনও গ্রহণ করেনি। কিন্তু কয়েকদিন আগে ৯ জন মাননীয় বিচারপতি সুপ্রীম কোর্টের, তারা রায় দিয়েছেন যে রায় যুগান্তকারী রায়—শুধুমাত্র রাষ্ট্রপতি শাসন এই বিষয়টি বিচার বিভাগের বিচার্য বিষয় নয়, রাষ্ট্রপতি ৩৫৬ ধারা প্রয়োগ করলেই হবে না, সংসদে যতক্ষণ না সেটা অনুমোদন হচ্ছে ততক্ষণ পর্যন্ত রাষ্ট্রপতি শাসন জারি করা যাবে না। তার সঙ্গে আরও একটি বিশেষ যুগান্তকারী ব্যাপার আছে, সেটা হচ্ছে, ধর্মনিরপেক্ষ-যেহেতু সংবিধানের মূল বৈশিষ্ট্য, তাই ধর্ম নিরপেক্ষ বিরোধী কাজ সেটাও সংবিধান বিরোধী। তাই সুপ্রীম কোর্টের রায়ের পর এটা পরিষ্কার হয়ে গেছে পশ্চিমবঙ্গে ৩৫৬ ধারা প্রয়োগের যে দাবি যারা করছেন এটা শুধু অরাজনৈতিক, অসাংবিধানিক নয়, এটা সম্পূর্ণ সংবিধান বিরোধী। ভারতবর্ষে বিরোধী দল আছে, বিরোধী দলের নেতা ডেপুটি স্পিকার পার্লামেন্টারি ডেমক্রেসীর এটা একটা অঙ্গ,

বি.জে.পি. যেহেতু সাম্প্রদায়িক দল সেই দল সম্পর্কে যা করা হয়েছে তাদের ৩টি রাজ্যে শাসন করার ক্ষমতাকে বাতিল করাটা সঠিক হয়েছে বলে সুপ্রীমকোর্ট রায় দিয়েছে, সেইরূপ বি.জে.পি. বিরোধী দল হিসাবে যেহেতু তাদের লোক ডেপুটি স্পিকার, তাই সেটা থাকা সংবিধান বিরোধী, সারকারিয়া কমিশনের রায় আজও গ্রহণ না করাটা এটাও সংবিধান বিরোধী বিষয়টি এখানে উত্থাপন করলাম জনগণের স্বার্থের প্রতি দৃষ্টি রেখে।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীর প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিদ্যুৎমন্ত্রী কিছুদিন আগে বলেছিলেন যে পশ্চিমবঙ্গে বিদ্যুত প্রচুর পাওয়া যাবে এবং অন্যান্য রাজ্যকে এখানে থেকে বিদ্যুত দেওয়া যাবে। কিন্তু দুর্ভাগ্যের বিষয় গ্রীষ্মকাল পড়ার সঙ্গে সঙ্গে হাসপাতালগুলিতে বিদ্যুত নেই। আমি আপনাকে উদাহরণ দিয়ে বলতে চাই, রায়দীঘির হাসপাতালে ৩ দিন ধরে বিদ্যুৎ নেই। হ্যারিকেন জ্বেলে, বাতি জ্বেলে সেখানে রাত্রিবেলায় অপারেশনের কাজ করতে হচ্ছে। কিছুদিন আগে টাকা দিতে পারেনি বলে বিদ্যুত কেটে দিয়েছিল, ডিস্ট্রিক্ট-এ বিদ্যুত এর একই অবস্থা কলকাতায় ৩ ঘন্টার মধ্যে লোডশেডিং হয়, পশ্চিমবাংলার গ্রামবাংলা তো এমনিতেই অবহেলিত, আমাদের সময়ে ৭. সালে বরকতদা যখন ছিলেন তখন যেখানে খুঁটি দিয়েছিল সেখানে কিছু কিছু আলো দেওয়া হয়েছিল এখন সেখানে খুঁটিও নেই, বিদ্যুতও নেই, যেটা ছিল সেটাও চলে গিয়েছে। এই আপনার বিদ্যুতের এই চরম বেহাল অবস্থার জন্য আজকে প্রশাসন সম্পূর্ণ দায়ী। এই আপনার মাধ্যমে বলব হাসপাতালগুলিকে যেন ঠিকমতো বিদ্যুত সরবরাহ করা হয়, এটা মন্ত্রী মহাশয় ব্যবস্থা করেন।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং এই বিষয়ে আমি বিরোধী দল কংগ্রেস(ই)-এর কাছ থেকে সমর্থন আশা করি। আপনি জানেন স্যার, ১৯৪৬ সালে যখন কলকাতায় ভয়াবহ সাম্প্রদায়িক দাঙ্গা ছড়িয়ে পড়েছিল, তখন মহাত্মা গান্ধী কলকাতায় এসেছিলেন এবং বেলেঘাটায় ছিলেন এবং সেখানে সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য তিনি প্রার্থনা করেছিলেন। সম্প্রীতির পক্ষে এটা একটা মাইল স্টোন হয়ে আছে। ১৫০ বি, বেলেঘাটা মেইন রোড সংলগ্ন এলাকায় একটা ছোট জমি এবং পুকুর আছে। মহাত্মা গান্ধী যখন সেখানে অবস্থান করেছিলেন, তখন সেখানে মাঠে অনেক লোক জড়ো হয়েছিল প্রার্থনা করবার জন্য। সব থেকে বড় কথা ঐ হিন্দু অধ্যুষিত অঞ্চল হলেও মুসলমানরা সেখানে কাজিয়া ভাসানোর জন্য আসে। ঐ সাম্প্রদায়িক সম্প্রীতির একটা প্রতীক হিসাবে রয়ে গেছে। কিন্তু যে কোনও কারণেই হোক জমি এবং পুকুরটি ব্যক্তি মালিকানায় থাকার ফলে, তিনি চেষ্টা করছেন ঐ পুকুর বুজিয়ে সেখানে বাড়ি তোলবার। আমি আপনার মাধ্যমে সভার কাছে জানাতে চাই, সর্বসম্মতভাবে কেন্দ্রীয় সরকারকে জানানো হোক মহাত্মা গান্ধীর স্মৃতি বিজড়িত গান্ধীভবন সংলগ্ন মাঠটি ও পুকুরটিকে কেন্দ্রীয় সরকার অধিগ্রহণ করুন এবং সাম্প্রদায়িক সম্প্রীতির প্রতীক হিসাবে জায়গাটিকে রক্ষা করা হোক, এই আবেদন আমি আপনার মাধ্যমে করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেলেঘাটার স্থানীয় বিধায়ক মানব বাবু যে প্রস্তাব নিয়ে এসেছেন তা আমি মনে করি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি খুশি দীর্ঘদিন বাদে মহাত্মা গান্ধী এবং তার সমকালীন প্রয়োজনীয়তা এবং তাদের আদর্শ এবং তাদের জীবন-দর্শন তারা উপলব্ধি করেছেন। এই বিষয়ে কোনও দ্বিধা নেই এবং আমরা জোরের সঙ্গে বলছি এই সভা থেকে একটা প্রস্তাব যাতে গৃহীত হয়, বেলেঘাটার ঐতিহাসিক স্মৃতি বিজড়িত রাসভবনটি এবং সংলগ্ন মাঠটি এবং পুকুরটি একটা ন্যাশনাল মনুমেন্ট হিসাবে প্রিসার্ভ করা উচিত। আমরা সর্বান্তকরণে এই প্রস্তাব সমর্থন করছি এবং আপনাকে অনুরোধ করছি এই ব্যাপারে যথাযথ উদ্যোগ গ্রহণ করার জন্য, তাহলে আমরা কৃতজ্ঞ থাকব।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মানব বাবু যে প্রসঙ্গ আজকে এখানে উত্থাপন করেছেন সেই সম্পর্কে আমি কয়েকটি কথা বলব। গান্ধীজি এবং ন্যাশনাল হিরোজ সম্পর্কে শাসক দলের মনের পরিবর্তন হয়েছে। আগে আমরা দেখেছি, নেতাজীকে ওরা কুইলিস বলত, এখন দেশপ্রেমী বলে, রবীন্দ্রনাথ ঠাকুরকে ওরা আগে বুর্জোয়া কবি বলত, এখন বলে বিশ্বকবি; বিদ্যাসাগরকে ওরা আগে অচ্ছুৎ বলত এখন সম্মান করে; এস.এফ.আই., ডি.ওয়াই.এফ.আই.র ক্যাসেটে জওহরলাল নেহেরুর নাম স্থান পেয়েছে এবং আজকে গান্ধীজির কথা ওরা বলছে, এরজন্য আমি ওদের অভিনন্দন জানাচ্ছি।

[1-10—1-20 p.m.]

আজকে বাজারে আর ঐ মাও সে তুং, কার্ল মার্কস চলছে না বলে ওদের ন্যাশনাল হিরোসদের কথা বলতে হচ্ছে। ওদের এই পরিবর্তনের জন্য আমি ওদের ধন্যবাদ জানাচ্ছি। এই সঙ্গে সঙ্গে স্যার, ওদের একটা স্লোগান যেটা পরিবর্তিত হয়েছে সেটা আমি সভায় জানাচ্ছি। আগে ওদের একটা স্লোগান ছিল, ভারতের কমিউনিস্ট পার্টি করে পুকার ইনক্লাব জিন্দাবাদ। এখন এই স্লোগানটি পরিবর্তিত হয়েছে, ভারতের কামিয়ে নিস পার্টি করে পুকার ইনকাম জিন্দাবাদ। এরজন্য ওদের ধন্যবাদ জানাচ্ছি।

**মিঃ স্পিকার ঃ** শোভনদেববাবু, এটা তো কর্পোরেশনের কথা।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য মানসবাবু যে প্রস্তাব এনেছেন কংগ্রেসের সকলেই সেটাকে সমর্থন করেছেন, আমি তার সঙ্গে একটু সংযোজন করতে চাই। স্যার, আপনি যাবার সময় লক্ষ্য করেছেন যে, মহাত্মা গান্ধীর যে মূর্তিটি কলকাতায় বসানো আছে সেখানে মাত্র একটি আলো জ্বলে এই মূর্তিটি যথোপযুক্তভাবে রক্ষণাবেক্ষণ করা দরকার। এটা এতই অবহেলিত হয়ে আছে যে দেখলে দুঃখ হয়। আপনারা মার্কসের মূর্তির ওখানে ভাল ব্যবস্থা করুন আমাদের আপত্তি নেই কারণ তিনি দার্শনিক, আপনাদের নেতা কিন্তু গান্ধীজী সারা ভারতবর্ষের সকলের নেতা, সেটা আপনাদের মনে রাখা উচিত। মার্কস আপনাদের নেতা, আমাদের নেতা নন, তার ওখানে বিরাট ব্যবস্থা করেছেন

কিন্তু আপনারা গান্ধীজীর মূর্তির ওখানে ভাল ব্যবস্থা করেন নি, জায়গাটি অবহেলিত হয়ে রয়েছে। সরকার এর প্রতি লক্ষ্য দেন নি। সরকারের নতুন ব্যাপারে আগ্রহ, উৎসাহ নিশ্চয় অভিনন্দনযোগ্য কিন্তু গান্ধীজীর যে মূর্তিটি আছে সেটাও দেখা দরকার। এ ছাড়া স্যার ভিক্টোরিয়া মেমোরিয়াল হলে আমরা এখনও দেখি ২/১ জন সাহেবের মূর্তি বসানো আছে সেগুলিকে সরিয়ে সেখানে দেশের মনীষীদের মূর্তি বসানোর জন্য আমি আবেদন রাখছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে বিধানসভা যখন চলছে এরকম একটা অবস্থা আমরা দেখলাম যে আমাদের এই রাজ্যের পরিবহনমন্ত্রী সম্প্রতি বিধানসভায় কিছু ঘোষণা না করেই কলকাতার মহাকরণে ঘোষণা করেছেন যে ডিজেলের দাম বৃদ্ধির পরিপ্রেক্ষিতে পশ্চিমবাংলায় পরিবহন ব্যবস্থায়—বাস, ট্রাম, লঞ্চের ভাড়া বাড়ছে। এবং নাকি তিনি ১৮ তারিখে বিধানসভায় ঘোষণা করবেন। কিন্তু ১৮ তারিখে তিনি বিধানসভায় রেট-টা ঘোষণা করবেন কারণ তার আগে করলে তিনি স্বাধিকারভঙ্গের দায়ে পড়বেন। আমার বক্তব্য, বিধানসভাকে না জানিয়ে এই সিদ্ধান্ত ঘোষণা করাটাই তো স্বাধিকারভঙ্গের পর্যায়ে পড়ে। স্যার, এই প্রসঙ্গে আমার আরও বক্তব্য বাসের মালিকরা ডিজেলের দাম বৃদ্ধির জন্য বাসের ভাড়া বৃদ্ধির কথা বলেছেন। এতে তাদের মুনাফা কিছু কমবে, ব্যয় বাড়বে কিন্তু বাস্তবে মালিকদের লাভ, লোকসানের খতিয়ানটা তাদের একতরফা বক্তব্যের উপর ভিত্তি করে বিচার না করে সমস্ত রাজনৈতিক দল, গণ সংগঠন, যাত্রী সাধারণ এবং বিশেষজ্ঞদের নিয়ে একটি উচ্চপর্যায়ের কমিটি করা হোক এবং তারাই বাস মালিকদের লাভ লোকসানের হিসাবটা খতিয়ে দেখুন। সেই ভিত্তিতে কতটুকু ভাড়া বাড়বে বা আদৌ ভাড়া বাড়ানোর প্রয়োজন আছে কি না সেটা দেখা হোক। আমি পরিবহনমন্ত্রীর ঘোষণার তীব্র বিরোধিতা করছি।

**শ্রী নটবর বাগদী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং আমাদের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে পুরুলিয়া জেলাতে পাড়ুর কাছে একটা অস্ত্র কারখানা আছে, সেখানে অস্ত্রশস্ত্র ট্রেনিং দেওয়া হচ্ছে। আমার কাছে খবর আছে সেখানে পাঁচ হাজার ঝাড়খন্ডী অস্ত্রশস্ত্র নিয়ে ট্রেনিং দিয়েছে। কাশ্মীরের উগ্রপন্থী, পাঞ্জাবের উগ্রপন্থীরা তাদের মিলিটারি পোষাক পরিয়ে ট্রেনিং দিয়েছে। আশ্চর্যের বিষয় এই মিলিটারি পোষাকে যে ট্রেনিং দেওয়া হল তার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে লেখা হল যাতে সেই পোষাকগুলো বাজেয়াপ্ত করা হয়, কিন্তু তা করা হল না। আমার খবর হচ্ছে রাকার জঙ্গলে বৈশাখ মাসে আবার ট্রেনিং এর ব্যবস্থা হচ্ছে। সুতরাং এই পোষাকগুলো যাতে বাজেয়াপ্ত করা হয় সেই ব্যাপারে স্বরাষ্ট্র মন্ত্রী এবং আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ইদানিং সংবাদ পত্রে দেখতে পাচ্ছি জলকর বসানো নিয়ে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং এর মন্ত্রী গৌতম দেব এবং আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীম দাসগুপ্তের মধ্যে একটা মত বিরোধ হচ্ছে। জলকর বসানোর

ব্যাপারে আমাদের আপত্তি আছে, এই কারণে যে পিয়োর ড্রিঙ্কিং ওয়াটার কলকাতা শহরে পাওয়া যায় না, একটু অবস্থাপন্ন কলকাতাবাসী তারা মিনারেল ওয়াটার কিনে খান। এই যে দুই মন্ত্রীর মধ্যে মত বিরোধ, তাতে পশ্চিমবাংলার মানুষ কিছুটা বিভ্রান্তির মধ্যে পড়েছে। আমাদের রাজ্য সরকারের একই দলের দুই মন্ত্রী গৌতম দেব অসীম দাসগুপ্ত, এঁদের মধ্যে যে মত বিরোধ এই পরিপ্রেক্ষিতে এ্যাকচুয়্যালি সরকার কি করতে চাইছেন সেটা এই বিধানসভাতে জানানো হোক এবং এই বিভ্রান্তি দূর করা হোক।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র, নদীয়া জেলার করিমপুর—কৃষ্ণগঞ্জ থানার শিউলি পোতা গ্রামে একটা জুনিয়ার হাই স্কুল, এটা ১৮৮৫ সালে স্থাপিত হয়েছিল ব্রিটিশ আমলে। এবং ৬৬ সালে এটা টু প্লাসে আপগ্রেড করা হয়। এই গ্রাম পঞ্চায়েত এলাকায় একটাও হাই স্কুল নেই, এটা ১০০ বছরের পুরানো জুনিয়ার হাই স্কুল। এটাকে অবিলম্বে হাই স্কুলে উন্নীত করা হোক এই ব্যাপারে আমি মাননীয় মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[1-20—1-30 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, গত কয়েক দিন আগে মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী কলকাতায় এসে পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বিনিয়োগের ক্ষেত্রে চরম অবস্থাটা এক্সপোজ করে গেলেন। স্যার, আগামী ২০ তারিখ মনমোহন সিং কলকাতায় আসছেন। ভারতবর্ষের অর্থমন্ত্রী মনমোহন সিং সম্প্রতি বাজেট পেশ করেছেন, তা নিয়ে বিতর্ক হচ্ছে। সিপিএম খোলাবাজার অর্থনীতি বুঝতে না পেরে তার ক্রমাগত সমালোচনা করছে। স্যার, ভারতবর্ষের অর্থমন্ত্রী ২০ তারিখ আসছেন, ২১ তারিখ যাবেন, তিনি এখানে একদিন থাকবেন। আমাদের অনেকের মনেই অনেক প্রশ্ন থাকতে পারে। সেজন্য আমি আপনার কাছে প্রস্তাব রাখছি—আপনি বিধায়কদের সঙ্গে তাঁর একটা বৈঠকের ব্যবস্থা করে দিন। মনমোহন সিং বিভিন্ন ব্যক্তির সঙ্গে আলোচনায় অংশ গ্রহণের ইচ্ছা প্রকাশ করেছেন। আপনি যদি বিধানসভা থেকে একটা প্রতিনিধি দলকে তাঁর সঙ্গে আলোচনা করতে পাঠান তাহলে তিনি তাঁদের সঙ্গে আলোচনা করবেন। কারণ তিনি এই জাতীয় আলোচনায় আগ্রহী। সুতরাং আমাদের সামনে এই যে সুযোগ এসেছে, এটা আমাদের হাত ছাড়া করা ঠিক হবে না। আজকে মনমোহন সিং পৃথিবীর শ্রেষ্ঠ অর্থনীতিবিদ হিসাবে চিহ্নিত, তিনি ভারতবর্ষের অর্থনীতিতে নতুন প্রাণের সঞ্চার করেছেন। তাঁর সঙ্গে আলোচনা করার, এক্সপোজ অফ আইডিয়াস অ্যান্ড ভিউজ-এর সুযোগ পাওয়া যাচ্ছে—এই সুযোগকে পরিপূর্ণভাবে কাজে লাগানো উচিত। ভাল, মন্দ, সমস্ত কিছু বোঝার, জানার সুযোগ আমাদের সামনে আসতে পারে। তাই আমি আপনাকে অনুরোধ করছি, আপনি কেন্দ্রীয় অর্থমন্ত্রীর সঙ্গে কথাবার্তা বলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করুন।

**শ্রী সুব্রত মখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি ব্যক্তিগতভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি অফ দি ওয়ে আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন।

**মিঃ স্পিকার ঃ** এটা নিয়ম নয়। সুযোগ দিলে সকলকেই দিতে হবে। অন্যরাও এই সুযোগ চাইবেন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপনি গুরুত্ব উপলব্ধি করে আমাকে অনুমতি দিয়েছেন। আমি আবার বলছি, আপনি বিরোধী দলের মর্যাদা সব সময় না হলেও মাঝে মাঝেই দেন এবং তার জন্য আমরা কৃতজ্ঞতা স্বীকার করি। আপনি আমাদের যে মর্যাদা দেন সেটা আমি অস্বীকার করছি না। আমি মনে করি অন্যেরাও এটা এগ্রি করবেন।

স্যার, একটা রাজ্যের মুখ্যমন্ত্রী, তিনি পাবলিকলি একটা পার্টিকে বলছেন—যে কোনও পার্টিকেই বলতে পারেন—ধরে পিটিয়ে উড়িষ্যা থেকে বের করে দেবেন। তিনি বলেছেন, সমস্ত কংগ্রেসিদের ধরে পিটিয়ে উড়িষ্যা থেকে বের করে দাও। এটা কি কোনও গণতান্ত্রিক কথা, এটা কোনও রাজনৈতিক চরিত্রের পরিচয় বহন করে?

(গোলমাল)

আজকে আমাদের বলছে, আপনারা আনন্দ প্রকাশ করছেন, কালকেই আপনাদেরও এই কথা বলবে। এই উড়িষ্যার মুখ্যমন্ত্রী বিগত কয়েক দিন আগে বলেছিলেন, মেড়োদের, মারোয়াড়ীদের সব উড়িষ্যা থেকে মেরে বের করে দাও। তার আগে বলেছিলেন, ভিন-দেশীয়দের উড়িষ্যা থেকে বের করে দাও। আজকে বলছেন—কংগ্রেসিদের, অর্থাৎ আমাদের উড়িষ্যা থেকে মেরে বের করে দেবেন। আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন, আমি যত দিন বেঁচে আছি রাইটার্স বিল্ডিংস দখল করা যাবে না। আর উড়িষ্যার মুখ্যমন্ত্রী [**] বলছেন, আমাদের সবাইকে উড়িষ্যা থেকে মেরে বার করে দেবেন। আমি এই হাউসে দাঁড়িয়ে চ্যালেঞ্জ করছি—একটা মুখ্যমন্ত্রীর, উড়িষ্যার মুখ্যমন্ত্রীর ঐ কথা বলার পর পদত্যাগ করা উচিত— আমরা এখান থেকে শপথ নিচ্ছি—[****] একথা জেনে রাখুন। আমি স্যার, আপনার কাছে জানতে চাইছি কোনও মুখ্যমন্ত্রী কি এই জিনিস বলতে পারে? আমাদের, কংগ্রেসিদের ওড়িশা থেকে বের করে দেবে। আমরা তাঁকে উড়িষ্যা থেকে বিতাড়িত করব। ওঁর জিভ কেটে নেব

**মিঃ স্পিকার ঃ** সুব্রত মুখার্জির বক্তব্য থেকে—"বিজু পট্টনায়ক পশ্চিমবঙ্গে এলো পা ভেঙে দেব" বাদ যাবে। মিঃ মুখার্জি টেক ইয়োর সিট প্লিজ টেক ইয়োর সিট।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** সিপিএম বলে না কংগ্রেসিদের মেরে বের করে দেবে। রবীন বাবু আপনারা কখনও একথা বলেন না। অথচ [**] এতই দায়িত্বজ্ঞানহীন যে এই রকম কথা বললেন। এ জিনিস কখনও চলতে পারে না। আমি তাঁকে চ্যালেঞ্জ জানাচ্ছি, ক্ষমতা থাকে তিনি আমাদের মেরে বের করে দিন।

**Mr. Speaker :** You see, Mr. Mukherjee, political challenges al-

Note **[Expunged as ordered by the Chair]

ways come up and it is for the political persons to take up political challenges. But it is about political challenges in Orissa. The West Bengal Legislative Assembly cannot discuss the matter which has been taken place in Orissa because he is the Chief Minister of Orissa.

(Noise)

If you insist, then I will expunged the whole thing. What is happened in Orissa, how can we discuss it, The sstatement hasben made is Orissa. How can we discuss in here ? We can not go on it. Please take your seat Now I call upon, Shri Birendra Kumar Moitra.

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে, আমার নির্বাচনী এলাকায় মালদা জেলার মধ্যে সবচেয়ে বেশি বোরো চাষ হয়। সেখানে সারের অভাব আছে। তারপর প্রধানদের দলবাজি আছে। অবস্থা অগ্নিগর্ভ হয়েছে, চাষীরা ক্ষিপ্ত হয়ে গেছে। তারা মাঝে মাঝে বি.ডি.ও. অফিস বিশেষ করে কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটিগুলিকে অ্যাটাক করছে। আমি পুলিশের সাহায্য চেয়েছিলাম, কিন্তু পুলিশ পাচ্ছি না। সেখানে পুলিশ প্রশাসন আছে বলে মনে হচ্ছে না। কালকে আমি অ্যাডিশনাল এস.পি.কে বললাম যে স্পেশ্যাল ফোর্স পাঠান। উনি বললেন, আমার ক্ষমতা নেই। সুতরাং যদি কোনও ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে যেকোনও মুহূর্তে গুলি চলে যাবে। আমি ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটকে বলেছি, প্রতিটি জায়গায় বলেছি, কিন্তু কোনও ফল হয় নি। তাই আমি বিধানসভায় আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, কোনও আনটুয়ার্ড ইনসিডেন্ট অ্যাভয়েড করার জন্য এখনই ব্যবস্থা গ্রহণ করা হোক। কেন না প্রিভেনশন ইজ বেটার দ্যান কিওর।

**শ্রী মানিক ভৌমিক ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে এবং সেই সঙ্গে সঙ্গে সরকারের কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উত্থাপন করতে চাই। সম্প্রতি আমরা ভারত ছাড়ো আন্দোলনের সুবর্ণ জয়ন্তী পালন করলাম। স্যার, আপনি জানেন, ৩ টি জায়গা ভারতবর্ষের প্রধানমন্ত্রীর তহবিল থেকে সাহায্য পেয়েছে। এই ৩টি জায়গা হল, মহারাষ্ট্রের সাঁতরা, উত্তরপ্রদেশের বালিয়া এবং পশ্চিমবাংলার তমলুক। ১৯৪২ সালে ভারত ছাড়ো আন্দোলনের পটভূমিতে তাম্রলিপ্ত জাতীয় সরকার ২১ মাস পাল্টা সরকার চালিয়েছিল। আমরা দেখেছি, শাসকদলের পক্ষ থেকেও এই ভারত ছাড়ো আন্দোলনের সুবর্ণ জয়ন্তী পালন করা হয়েছে। কিন্তু অত্যন্ত ব্যথার কথা, দুঃখের কথা, ভারত ছাড়ো আন্দোলনের পটভূমিতে বীরাঙ্গনা মাতঙ্গিনী হাজরা যার অনন্য সংগ্রাম সারা ভারতবর্ষের বুকে প্রেরণা হয়ে আছে তাঁর জন্মভিটা আজ অবহেলিত হয়ে আছে, যোগাযোগ করার সামান্যতম পথ নেই। আমি আপনার মাধ্যমে বলতে চাই, মাতঙ্গিনী হাজরার জন্মভিটা সংরক্ষণের ব্যবস্থা করা হোক।

**শ্রী দেবেশ দাস ঃ** স্যার, কেন্দ্রীয় শিল্পনীতির বিরুদ্ধে শ্রমিকদের পদযাত্রা হচ্ছে হলদিয়া থেকে বার্ণপুর পর্যন্ত। এই পদযাত্রায় আই.এন.টি.ইউ.সি অংশ গ্রহণ করেছে। কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ত শিল্পের বেসরকারিকরণের যে নীতি নিয়েছে তার বিরুদ্ধে এই পদযাত্রা চলছে। কেন্দ্রীয় সরকার মনে করেছেন রাষ্ট্রায়ত্ত সংস্থা লাভজনক হতে পারে সেইজন্য ব্যক্তিগত মালিকদের হাতে তুলে দেওয়া হচ্ছে। আমার এলাকায় ন্যাশনাল জুট মিল বিক্রি করে দেবার জন্য বিজ্ঞাপন বেরিয়েছে। আমি মূলগত প্রশ্ন করতে চাই—এই দেশে আর কতদিন মগের মল্লুক চলবে? দেশের বেশির ভাগ মানুষের করের টাকা দিয়ে যে সমস্ত রাষ্ট্রায়ত্ত শিল্প তৈরি হয়েছে—সেগুলি তাদের পৈতৃক সম্পত্তি নয় যে বিক্রি করে দেবে? সেগুলি বিক্রি করে দেবার অধিকার তাদের কে দিয়েছে? তাই বলছি, আপনারাও (কংগ্রেসিদের) আই.এন.টি.ইউ.সির সঙ্গে আসুন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতা পুলিশের একজন কনস্টেবল রঞ্জিতকুমার দাসের এক করুণ কাহিনীর প্রতি। তার ছেলে জয়ন্ত দাস গত ১৯৯২ সালের নভেম্বর মাসে কৃষ্ণনগরে খুন হয়। সেই জয়ন্ত দাস ছাত্রপরিষদ করত। জয়ন্ত দাস খুনের পর ১ বছর ৪ মাস কেটে গেছে, কিন্তু এফ.আই.আরে যে ৯ জন আসামীর নাম ছিল তার মধ্যে ৩ জন গ্রেপ্তার হয় নি।

[1-30—2-30 p.m. (including adjournment)]

আসামীদের নাম রামচন্দ্র ঘোষ, মহাদেব ঘোষ এবং রতন দেবনাথ। এক বছর চার মাস হয়ে গেল পুলিশ এখন পর্যন্ত চার্জশীট দিতে পারে নি এবং কেউ গ্রেপ্তার হয় নি। সেই কনস্টেবল জানেন যে ছেলেকে আর ফিরে পাবেন না। তিনি বিচারের জন্য পুলিশের সর্বোচ্চ স্তরে এমন কি আপ টু ডিরেক্টর জেনারেল তাঁর কাছেও দরখাস্ত দিয়েছেন, কিন্তু পুলিশ কোনও রকম ব্যবস্থা নিচ্ছে না। রামচন্দ্র ঘোষ যে অ্যাকিউজড তার বাড়িতে পুলিশ পাহারা বসিয়ে রেখেছে। আমি আগেই বলেছি জয়ন্ত দাস ছাত্র পরিষদ করত, মোটামুটি সক্রিয় ছিল, তাকে যারা খুন করল সি.পি.এমের লোক, সেই গরিব কনস্টেবল সমস্ত স্তরে আবেদন করা সত্ত্বেও এখন পর্যন্ত খুনের এফ.আই.আর. নেমড দের গ্রেপ্তার করা হয় নি। আমরা দাবি করছি অবিলম্বে পুলিশ এই মামলার চার্জশীট দিক, এখন কেউ অ্যারেস্টেড হয়নি তাদের অ্যারেস্ট করা হোক এই ব্যাপারে বিচার হোক। তা না হলে সব জায়গায় এর তীব্র প্রতিবাদ করা হবে।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ের প্রতি আমি এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করব যে মাননীয় বিরোধীদলের সদস্যরা আমার বক্তব্যকে সমর্থন করবেন। গত ১৪ই মার্চ চিত্তরঞ্জন অ্যাভিনিউ এবং মদনমোহন বর্মন স্ট্রিট এর সংযোগ স্থলে মেট্রো রেলের ধ্বস নামে, এক হাজার বর্গফুট জায়গায় ৩৫ ফুট খাদ সেই খাদের তলায় চলে গেছে, ফলে জল এবং বিদ্যুত সরবরাহের বিঘ্ন ঘটছে। আমরা এটা লক্ষ্য করেছি

যে কলকাতা পৌর সভার মেয়র প্রশান্ত চট্টোপাধ্যায় মহাশয়ের নেতৃত্বে দ্রুততার সঙ্গে জল সরবরাহ ব্যবস্থা চালু করা হয়েছে। ১৮ ইঞ্চি পাইপ মেরামত করা হয়েছে। আমি বিশেষ করে একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি যে, ডায়াফ্রার্ম ওয়াল ভেঙ্গে যাচ্ছে, মেট্রোরেলের স্থায়িত্ব সম্পর্কে ভয়াবহ আশঙ্কা দেখা দিয়েছে ওখানে। এই বিষয়ে মেট্রোরেল কর্তৃপক্ষ যা কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন, এই রকম দুর্ঘটনা এর আগেও ওখানে ঘটেছে, ধ্বস নেমেছে। এই সম্পর্কে দ্রুত ব্যবস্থা না নিলে জল সরবরাহ এবং রাস্তাঘাট চলাচলের বিঘ্নই শুধু নয়, যে এতবড় প্রকল্প এতদিন ধরে কোটি কোটি টাকা খরচ করে করা হয়েছে, এতে কলকাতার বুকে সর্বনাশ নেমে আসবে। এই সর্বনাশা ব্যাপারকে বাধা দেবার জন্য আমি আশা করব মাননীয় বিরোধী সদস্যরা তৎপর হবেন এবং রাজ্য সরকার ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী সৌগত রায় ঃ** কর্পোরেশনের পাইপের জন্য যদি ধ্বস নামে তাহলে মেট্রোরেল কি করবে? কর্পোরেশনকে পাইপগুলি ঠিক করতে বলুন। এম.আই.সি. কোন কাজ করে?

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসের কাছে আমি একটি বিষয় উপস্থিত করছি। মহামান্য সুপ্রীম কোর্টের একটি রায়কে আমি অভিনন্দিত করতে চাই। ১৯৫৯ সালে কেরালায় নাম্বুদিরিপাদ মহাশয়ের মেজরিটি মন্ত্রী সভাকে খারিজ করে ৩৫৬ ধারা প্রয়োগ করে ৮০ বারের বেশি গোটা ভারতবর্ষে বিভিন্ন রাজ্যে অগণতান্ত্রিকভাবে ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়েছিল। ১৯৮৭-৮৮ এবং ৮৯ সালে মণিপুর, মেঘালয় এবং কর্ণাটকেও এই খেলা চলেছিল এবং তারপর আমরা দেখলাম বি.জে.পি. শাসিত ৪টি জায়গাতেও ঐ ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়েছে। কিন্তু মহামান্য সুপ্রীম কোর্ট দুভাগে এই রায় দিয়েছেন, একটি হল যে বি.জে.পি. শাসিত ৪টি রাজ্যে ৩৫৬ ধারা প্রয়োগ যুক্তিযুক্ত হয়েছে কেন না সংবিধানের যে ধর্মনিরপেক্ষ নীতি তাকে লংঘন করা হয়েছে এবং এটা সঠিক হয়েছে। কিন্তু মেঘালয়, মণিপুর এবং কর্ণাটকে—আমি জানি না ১৯৫৯ সালে কেরালায়, পশ্চিমবঙ্গে বহুবার—যেভাবে ৩৫৬ ধারা প্রয়োগ করা হয়েছিল তাকে বে-আইনি বলে ঘোষণা করেছেন।

**শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আপনার কাছে তুলে ধরতে চাই। এই বছর জন নায়ক শ্রী হেমন্তকুমার বসু মহাশয়ের জন্ম শতবার্ষিকী, আগামী ৫ই অক্টোবর। এই জননায়কের জন্ম শতবার্ষিকীর দিনটিতে যেখানে তিনি আততায়ীদের হাতে নিহত হন সেই সংলগ্ন জমিটি অধিগ্রহণ করে একটি উদ্যানে পরিণত করার দাবি আমরা রাখছি। ইতিমধ্যে ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্টের রেজলিউশন অ্যাডপ্টেড হয়েছে এবং সেটা দেখবার জন্য পৌরমন্ত্রীকে অনুরোধ করেছিলাম যাতে তাঁর জন্মশতবর্ষে ঐ জমিটা অধিগ্রহণ করে ওটিকে উদ্যানে পরিনত করা যায়। তারজন্য এই প্রস্তাব সভার কাছে রাখছি।

**শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকা উলুবেড়িয়ায় গত ১৪ তারিখ রমজান মাসের শেষ দিন,

যেদিন চাঁদ দেখা গেছে, সেদিন কালিনগর গ্রামের মাবিয়া খাতুনকে মেদিনীপুর জেলার তমলুক সাব-ডিভিসন পুলিশ অফিসার এসে তাকে মারধোর করে তুলে নিয়ে গেছেন। ঐদিন থেকে তার তিন বছরের মেয়েকেও পাওয়া যাচ্ছে না। উলুবেড়িয়া থানার পুলিশ অফিসারকে জিজ্ঞাসা করেছিলাম, কিন্তু তারা বিষয়টা সম্পর্কে কিছুই জানেন না বলে জানিয়েছেন। তাই আমি বিষয়টা নিয়ে যাতে তদন্ত করা হয় তারজন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

(At this Stage the House swas adjourned till 2-30 p.m.)

**(After Adjournment)**

[2-30—2-40 p.m.]

**শ্রী সুশান্ত ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার একটা পয়েন্ট অব ইনফর্মেশন আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিষয়ে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের অনেক ক্ষেত্রে অনেক সাফল্য আছে। এবারে নতুন সাফল্যের ক্ষেত্রে আন্তর্জাতিক স্বীকৃতি পশ্চিমবঙ্গ সরকার পেয়েছে। গত ১৪ তারিখে দিল্লিতে পশ্চিমবঙ্গ যে পুরস্কার পেয়েছে, সেই পুরস্কার ওয়ার্ল্ড ওয়াইল্ড লাইফের কর্তা, ব্রড মার্টিন দিল্লিতে এসে দিয়েছেন এবং সেই পুরস্কার হচ্ছে ভারতবর্ষে বন সংরক্ষণ-এর অগ্রগতিতে। এটা গোটা ভারতবর্ষের ক্ষেত্রে একটা উল্লেখযোগ্য বিষয়। এই অগ্রগতির ক্ষেত্রে মডেল হচ্ছে আড়াবাড়ি এবং সেটা আমার বিধানসভা এলাকার মধ্যে। সেখানকার মানুষের যে প্রচেষ্টা সেই প্রচেষ্টার মাধ্যমে এবং এই সরকারের উদ্যোগের মাধ্যমে আজকে এই স্বীকৃতি পেয়েছে। এটা আমাদের পশ্চিমবঙ্গবাসীর পক্ষে গর্বের বিষয়। এটা নিয়ে আমরা গর্ব অনুভব করি। আগামী দিনে এই অনুসৃত পথে আমাদের আরও এগিয়ে দেবে। সেই কারণে আমি বিষয়টি আপনার মাধ্যমে এই সভায় উল্লেখ করলাম।

## LEGISLATION

### The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994.

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to introduce the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994, be taken into consideration.

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার, স্যার, আজকে হাওড়া মিউনিসিপ্যাল

কর্পোরেশন অ্যামেন্ডমেন্ট বিল, ১৯৯৪, যেটা মাননীয় মন্ত্রী মহাশয় এই সভায় পেশ করেছেন, তা নিশ্চয়ই আমি সমর্থন করছি। কিন্তু সঙ্গে সঙ্গে তীব্র প্রতিবাদ জানাচ্ছি। কারণ এই বিল আজ থেকে ১০ বছর আগে আনা উচিত ছিল। এত দেরিতে এই বিল আনা হয়েছে, যখন হাওড়ার মানুষ, হাওড়ার জনগণ বিক্ষুব্ধ হয়ে উঠেছে, ক্ষিপ্ত হয়ে উঠেছে, প্রেসারে পড়ে এটা আনা হয়েছে। আমরা ১০ বছর ধরে এই বিধানসভায় চিৎকার করে বলেছি যে হাওড়ার মানুষকে বাঁচান। হাওড়া ইন্ডাস্ট্রিয়াল এরিয়া বলে সারা ভারতবর্ষের মানুষ সেখানে আসছেন। এমনিতে মানুষ নরক চোখে দেখেনি। কিন্তু হাওড়ায় না গেলে সেই জীবন্ত নরক বোঝা যাবে। আপনি যদি যান তাহলে বুঝতে পারবেন যে হাওড়ার মানুষ কিভাবে জীবন-যাপন করছে। এখানে একটা ছোট পার্ক নেই, যেখানে একটু ওপেন পেস খালি পড়ে থাকে সেখানেই প্রোমোটারদের হামলা হচ্ছে। সেই রকম একটা জায়গায় বিনা প্লানে যে মালটি স্টোরেড বিল্ডিংগুলো উঠলো আমরা বারে বারে তার প্রতিবাদ করেছি। যেখানে হাওড়ার মানুষকে একটা প্লান স্যাংশন করতে গেলে বছরের পর বছর অপেক্ষা করতে হয়। মধ্যবিত্ত মানুষকে একটা ঘর কিংবা ছোট একটা বাড়ির প্লান স্যাংশন করার জন্য বারে বারে হাওড়া মিউনিসিপ্যালিটিতে গিয়ে তার পায়ের ছাল উঠে যায়। সেখানে দেখতে পাচ্ছি প্রতি দিন কোনও না কোনও জায়গায়, হাওড়ার সমস্ত মূল্যবান জায়গায় সমস্ত ছোট ছোট যেখানে বাড়ি ছিল সেইগুলি ভেঙে জানি না কার অঙ্গুলি নির্দেশে এটা হচ্ছে—রাতারাতি বিশাল ৫-৬ তলা বাড়ি তৈরি হয়ে যাচ্ছে। সেখানে এমন সমস্ত বাড়ি আছে যার হাইট কলকাতায় যে মালটি স্টোরেড বিল্ডিং আছে সেইগুলিকে ছোট দেখায়। সব চেয়ে দুর্ভাগ্যের কথা কলকাতায় যখন পর পর কয়েকটি বাড়ি পড়ে গেল তখন আমরা চিৎকার করে এই বিধানসভায় বলেছি যে, যে বাড়িগুলি তৈরি হচ্ছে, যে বাড়িগুলির এখন কনস্ট্রাকশন হচ্ছে সেই বাড়ি গুলি আপনারা একটু দেখুন। আমরা বলেছি এইভাবে যদি চলতে থাকে তাহলে সর্ব্বনাশ হয়ে যাবে। হাওড়ার এই রকম এক-একটা বাড়িতে প্রায় ৩-৪ হাজার মানুষ বাস করে। আমরা বলেছি মালটি স্টোরেড বিল্ডিং যেগুলি হাওড়ায় হয়েছে সেইগুলি একদিন তাসের ঘরের মতো পড়ে যাবে। সেই সময় মাননীয় মন্ত্রী বুদ্ধদেববাবু ছিলেন, তার সঙ্গে বিধানসভার বাইরে আলোচনা হয়েছে, হাওড়ার মেয়রকে ডেকে নিয়ে কথা বলেছেন, আমরাও ছিলাম, তিনি আমাদের বলেছিলেন যে বলুন কোন বাড়িগুলি আনঅথরাইজড কনস্ট্রাকশন হয়েছে। আমরা একটার পর একটা লিখিত ভাবে কমপ্লেন জমা দিয়েছি। সেইগুলি এখন আপনার দপ্তরে খুঁজে পাবেন কিনা জানি না। তিনি আমাদের প্রতিশ্রুতি দিয়েছিলেন যে যতগুলি এইভাবে আন অথরাইজড কনস্ট্রাকশন হয়েছে সেই বাড়িগুলিকে ভেঙে দেবেন। আমি এই গুলি ৬-৭ বছর আগেকার কথা বলছি। তারপর সেখানে অনেক বাড়ি হয়েছে, কোনও একটা আনঅথরাইজড বাড়ি সেখানে ভাঙা হয় নি। আমরা আরও অবাক হয়ে দেখলাম কয়েকটি ক্ষেত্রে কমপ্লেনের পর বাড়ি উঠে গেল, উঠবার সময় তারা দিলেন, অপেক্ষা করলেন, আমরা দেখলাম মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনের ইনস্পেক্টরের কাছে যাতায়াত শুরু করলেন, বাড়ি উঠে যেতে দেওয়া হল। তারপর একদিন বাড়ির ছাদে উঠে ছাদটা একটু ফুটো করে দিয়ে এসে কাজটা

সমাপ্ত করলেন। আমরা মন্ত্রী মহাশয়কে বলেছিলাম সেই কথা। কিন্তু কোনও ফল তার হয় নি। এখন কি প্রমোটারদের দম শেষ হয়ে গিয়েছে, এখন কি প্রোমোটাররা টাকা দেওয়া বন্ধ করে দিয়েছে? এখানে উত্তর হাওড়ার মাননীয় বিধায়ক আছেন—খুব দুঃখের কথা উত্তর হাওড়ায় এই ধরনের বাড়ি হয়েছে, তিনি কোনও দিন এই বিধানসভায় এই ব্যাপারে কিছু বলেন নি। হাওড়ায় এই ধরনের সমস্ত আনঅথরাইজড কনস্ট্রাকশন হয়েছে, সেই ব্যাপারে তিনি বিধানসভায় কোনও দিন কিছু তোলেন নি। আমার কেন্দ্রে শত শত এই ধরনের বাড়ি উঠেছে। প্রমাণ রয়েছে এর ভেতর। হাওড়ার মার্কসবাদী কমিউনিস্ট পার্টির অফিস কিনে ফেলেছে তারা, মাথা বিক্রি করে দিয়েছে, বলার কোনও উপায় নেই। তাদের পার্টি অফিসে আনা-গোনা করে একজন বিখ্যাত কনট্রাক্টার। তার প্রথমে কিছু ছিল না, তার নাম নেওয়া যাবে না বলে তার নাম করছি না, সেই মানুষটা সমস্ত হাওড়া শহরকে, হাওড়ার কর্পোরেশনকে কিনে ফেলেছে। সে এখন এমন ধনী মানুষ হয়ে গিয়েছে যে সে এখন জুট মিল কিনছে। কোথা থেকে এল এই সমস্ত? এই বিলের সময় পেরিয়ে যায় নি? আমরা বারে বারে বলেছি। হাওড়া কর্পোরেশনের শুধু মালটি-স্টোরেড বিল্ডিং-এর কথা বলছি না, কোথায় গিয়ে পৌঁছেছে দেখুন। গভর্নমেন্টের ল্যান্ডের উপর হাওড়ায় যেখানে ব্রিদিং স্পেস নেই, যেখানে নিঃশ্বাস প্রশ্বাস নেবার ব্যবস্থা নেই সেখানে বাড়ি তৈরি হচ্ছে। হাওড়া ময়দান একটা খেলার মাঠ ছিল। একটা স্টেডিয়াম আছে, একটা বিশাল মাঠ, ট্রেডিশনালি হাওড়ার মাঠ ছিল, তখন টিম আসত খেলতে, সেখানে বাড়ি তৈরি করা হচ্ছে। মাঠ নষ্ট হল। পাড়ায় পাড়ায় যে ফাকা জমি পড়ে আছে, সেখানে প্রোমোটাররা আসছে, গরিব লোকেরা পয়সার লোভে সেই সমস্ত জমি বিক্রি করে দিচ্ছে, সেখানে মালটি-স্টোরেড বিল্ডিং তৈরি হচ্ছে।

[2-40—2-50 p.m.]

অসংখ্য বাড়ি সেখানে হয়েছে। এই বিল্ডিং এর ব্যাপারে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে বেশির ভাগ জায়গায়, শতকরা ৯৯টি বিল্ডিং হয়েছে আন-অথরাইজড বিল্ডিং। যে প্লান পাস হয়েছে সেই অনুযায়ী বাড়ি হয়নি, সেখানে সাত আট দশ তলা বাড়ি হয়েছে। সেখানে কনস্ট্রাকশন যা হয়েছে তা সাব-স্ট্যান্ডার্ড হওয়ার ফলে মারাত্মক এক অবস্থার সৃষ্টি হয়েছে। একবার যদি ওগুলো কোলাপ্স করে তাহলে হাজার হাজার মানুষের প্রাণহানী হবার সম্ভাবনা রয়েছে। উত্তর হাওড়াতে বাড়ি তৈরির স্কোপ না পাওয়ার ফলে মানুষ এখন দক্ষিণ হাওড়াতে চলে আসছে। সেখানে আগে দুর্গন্ধযুক্ত হাওয়া খেলত। এখন সেখানে অসংখ্য বাড়ি হওয়ার ফলে অবস্থা এমন একটা জায়গায় এসে পৌঁছেছে যে মানুষের নিঃশ্বাস প্রশ্বাস নেবার সুযোগ বন্ধ হয়ে যাচ্ছে। হাওড়াতে জলকষ্ট রয়েছে, সাধারণ মানুষ সেখানে জল পায় না। একজিস্টিং ব্যবস্থা যা ছিল তা বিরাট বিরাট মাল্টি-স্টোরিড বিল্ডিং হওয়ার ফলে জলকষ্ট দেখা দিয়েছে। এরফলে সেখানে লোকেরা নিজস্ব পাম্প করছে। এইভাবে পাম্প করার ফলে বিরাট একটা প্রবলেম দেখা দিয়েছে, ইলেকট্রিক সাপ্লাই থেকে ইলেকট্রিসিটি দিতে পারছে না। অতিরিক্ত ট্রান্সফর্মার না থাকার ফলে পাওয়ার সাপ্লাই দেবার ক্ষমতা তাদের নেই। যতক্ষণ

পর্যন্ত না সেখানে আলাদা ট্রান্সফর্মার বসানো হচ্ছে ততক্ষণ পর্যন্ত তাদের পক্ষে ইলেকট্রিসিটি সাপ্লাই দেবার ক্ষমতা তাদের নেই। ট্রান্সফর্মার বসাবার মতো এতটুকু জায়গা পর্যন্ত এই মানুষগুলো বাড়ি তৈরি করার সময়ে রাখছেন না, যারফলে ট্রান্সফর্মার সেখানে বসানো যাচ্ছে না। এরফলে যে ফ্লাটগুলো ওখানে বিক্রি হয়েছে, যারা সেগুলো কিনেছেন তাঁরা ছোটাছুটি করছেন। কারণ তাঁদের ফ্লাটে পাওয়ার সাপ্লাই নেই। সেখানে বে-আইনিভাবে হুকিং ট্যাপিং করে যেন তেন প্রকারেণ তারা পাওয়ার কানেকশন নিচ্ছেন। ইলেকট্রিক সাপ্লাই থেকে তাঁরা বলছেন যে ওভার-লোড হওয়ার ফলে যে সমস্ত ট্রান্সফর্মার আছে সেগুলো বহু জায়গায় বার্স্ট করছে। এইভাবে অনেক অ্যাকসিডেন্টও হয়েছে বলে খবরের কাগজেও খবর বেরিয়েছে। যাঁরা কাগজ পড়েন তাঁরা কাগজে এই খবর নিশ্চয়ই দেখেছেন। এছাড়া এই যে সমস্ত বিরাট বিরাট বিল্ডিং হয়েছে, তার অ্যাসেসমেন্ট কি হয়েছে? একজন মধ্যবিত্ত লোক সে যদি ট্যাক্স না দিতে পারে তাহলে সঙ্গে সঙ্গে তাকে নোটিশ দেওয়া হচ্ছে, পুলিশি হামলা হচ্ছে। কিন্তু বছরের পর বছর ধরে মাল্টি-স্টোরিড বিল্ডিং যারা করেছে, তাদের কত টাকা ট্যাক্স ধার্য হয়েছে? বহু জায়গায় বহু বছর বাড়ি হয়ে যাওয়ার পরেও অ্যাসেসমেন্ট আজ পর্যন্ত হয়নি। এইভাবে তারা কোটি কোটি টাকা হাওড়া কর্পোরেশনকে ফাঁকি দিচ্ছে। আজকে হাওড়া কর্পোরেশনের অবস্থা এমন জায়গায় এসে পৌঁছেছে যে সাধারণ মানুষ জল পাচ্ছে না, রাস্তাঘাট হচ্ছে না। অথচ ঐ সমস্ত বড় বড় বাড়িগুলো যা হয়েছে বহু বছর ধরে, সেখান থেকে ন্যূনতম পয়সাও পাচ্ছেন না কর্তৃপক্ষ। আপনার কাছে অনুরোধ, ঐ সমস্ত বাড়িগুলোর উপরে ট্যাক্স ধার্য করা হোক এবং কোটি কোটি টাকা যা ট্যাক্স বাবদ পাওনা আছে, সেগুলোর ট্যাক্স অ্যাসেসমেন্ট করে ট্যাক্স এর টাকা রিয়ালাইজ করা হোক। পশ্চিমবঙ্গ সরকার হাওড়া কর্পোরেশনকে যে টাকা দিচ্ছে তা কর্মচারিদের মাইনে দিতে চলে যাচ্ছে, ফলে উন্নতির কোনও স্কোপ বর্তমানে নেই। কোনও কর্পোরেশন যদি রেভেনিউ আদায় করতে না পারে তাহলে সেই কর্পোরেশন কতদিন চলতে পারে? কর্পোরেশনের অ্যাডমিনিস্ট্রেশনে গায়ের জোরে ক্ষমতায় যাওয়া যায়, কিন্তু এইভাবে বেশিদিন চলা যায় না। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে যে বিল এনেছেন এটি নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। তবে এটি অনেক আগেই আসা উচিত ছিল। যে বাড়িগুলো হয়েছে সেগুলোর উপরে ট্যাক্স ধার্য করে তা যাতে ইমপ্লিমেনটেড হয় এবং আন-অথরাইজড কন্সট্রাকশন যেগুলো হয়েছে সেগুলোকে ভেঙে ফেলা হোক। হাওড়ার একজন জনপ্রতিনিধি হিসাবে যদি কোনও সাহায্য এই ব্যাপারে আপনাকে করতে হয়, আমরা আপনাকে সেই সাহায্য করার প্রতিশ্রুতি দিচ্ছি।

**श्री लगनदेव सिंह :** मिस्टर डिप्टी स्पिकर सर, सबसे पहले मै माननीय मंत्री ने जो हावड़ा म्युनिसिपल कारपोरेशन एमेन्डमेन्ट बिल १९९४ जो रखे है उसका समर्थन करता हूं। यह सही बात है कि यह बिल लाने मे देर हुहे हे। इस बिल के माध्यम से अन आथोराइज्ड कन्सट्रकशन पर पुर्ण रुप से अंकुश लगाया जा रहा है। मगर

साथ ही कांग्रेस के सदस्य अम्विका बनर्जी ने अपना जो वक्तव्य रखे है, वह वक्तव्य तोड़-मरोड़कर हाउस के गुमराह करने की कोशिश किए है। उन्होने बताया है कि हावड़ा म्युनिसिपल कांरपोरेशन की ओर से जो आनओथोराइज्ड कन्सट्रकशन होता है या हो रहा है उसमे वामपंथी नेताओ द्वारा मदद दी जाती है, कांरपोरेशन कोई एक्सन नही लेता है। साथ ही प्रशासन की कमजोरी और वर्तमान मे जो म्युनिसिपल कांरपोरेशन वोर्ड है, उससे बटावा मिला है। मै उनकी वात को विल्कुल ही निराधार मानता है उन्होने हाउस को मिसलेड करने की कोशिश की है। किस तरह वो उल्टी-सीधी वक्तव्य दे रहे थे। उनके साथी जोटु लाहिरी जानते ही होगे मै भी बहुत दिनो से म्युनिसिपल बोर्ड से संबंधित रहा हूं हावड़ा म्युनिसिपल वोर्ड १९८४ के वाद जब अवैध विलडिंग के उपर अंकुश लगाने के लिए हावड़ा कारपोरेशन के मेयर आलोक दुत दास द्वारा पहल की गई और स्वदेश चक्रवर्ती द्वारा कोशिश की गई है। अभी भी हाई कोर्ट मे १०० और लोवर कोर्ट मे ५००/६०० के करीव ऐसे केश पेन्डिंग मे पड़ा हुआ है। और मे अम्विका वनर्जी जो दावा कर रहे थे वो सिर्फ सदन को गुमराह करने के अलावा और कुछ नही कहा जा सकता। मे दावे के साथ कहता हूं कि ९० एसे केश है जिनमे विलडिंग तोड़ा गया है। १९८४ से लेकर आजतक ९० मकान को तोड़ा है जो अवेध बने हुए थे। कारपोरेशन की क्षमता का भी लिमिटेशन है। मकान तोड़ने के समय तरह-तरह की परेशानिया आती हैं। कारपोरेशन कोई अलग से अपना पुलिस नही रखा सकती है। अतः एसे कदम उठाने के लिए पुलिस फोर्स के उपर निर्भर करना पड़ता है। पर १९८४ मे हावड़ा म्यनिसिपल कारपोरेशन बनने के बाद एक्ट के तहत स्टीप कन्सट्रकशन मो डिमोलिशेड की सुविधा मिली लेकिन वह भी काफी नही कहा जा सकता। विलडिंग प्रमोटर, मकान मालिक आर उनके दलाल पर अंकुश नही लगाया जा सका। सेक्सन १७७ के तहत जो अंकुश है वह वह प्रर्याप्त नही है। सेकसन १२ के तहत कारगर कदम उठाया गया है।

कभी-कभी कारपोरेशन चाहकर भी कानुनी अड़चन के चलते विवश हो जाती है। अम्विका बावु से छिपा हुआ नही है १०० केश हाईकोर्ट मे पेण्डिंग पड़ा हुआ है। कारपोरेशन केश लड़ रही है। इन कानुनी अड़चनो के कारण लाख कोशिश के वावजुद हम अनओथराइज कन्सट्रकशन को रोक नही पा रहे है। और फिर फाइन ढाई हजार रुपया इतना कम है कि १५/२० स्कायर फिट का कास्ट भी उससे अधिक

हो जाता है। अवैध निर्माण आनओथराइज कन्सट्रकशन पर २५०० सो रुपया अधिकतम जुर्माना तथा ३ महीने की जेल की सजा हो सकती है जो नही के बराबर है। इससे प्रमोटर का मनोवल वढ़ जाता है। अम्विका वनर्जी और जोटु लाहिड़ी अच्छी तरह जानते है कहा आनओथराइज कन्सट्रकशन है। एनुअल मिटिंग मे कन्सट्रकशन का जो लिस्ट तैयार होता है उसमे सहयोग करे। यह कोई कांग्रेस सी०पी०एम की वात नही है। तथा मेयर के साथ मिलजुलकर काम करने की कोशिश करे। लेकिन जव भी इसपर विचार होता है, वहस होती है आपलोग वाक आउट कर वाहर चले जाते है। आपलोगों द्वारा जव लिस्ट तैयार होता है। इसका विरोध किया जाता है। जव कभी भी आन ओथराइज विलडिंग को तोड़ने गयी है कांग्रेस के लोगों और इलाके के लोगो ने क्या किया है। पुलिस को लाठी चार्ज करना पड़ता है। कन्सट्रकशन के जगह पर टियर गैस चलाना पड़ता है। फिर दुसरे दिन कोर्ट से सम्पर्क कर स्टे आर्डर ले आता है। और फिर आपलोग इसका राजनीतिक लाभी उठाने के चक्कर मे चल पड़ते है। अम्विका वावु वड़े-वड़े वक्तव्य देते है। एसे लोगो से किस राजनीतिक दल का सम्वन्ध है। रतन चौधुरी और मन्टु जायसवाल जैसे लोगो को आपलोगो का प्रोटेकशन मिलता है, आपलोग का संरक्षण उसे प्राप्त है। शिवपुर मे आपलोग क्या कर रहे है। यहां आपलोगो को हाउस को गुमराह करने से कोई लाभ नही है।

डिप्टी स्पिकर सर, इस विल के लागु हो जाने से आन-ओथराइज कन्सट्रकशन को दण्डनीय अपराध माना जाएगा। तथा एसे प्रमोटर के विरुदं कानुनी कारवायी किया जाएगा तथा उन्हे पकड़ा जा सकेगा। एसे प्रमोटरो के विरुद इस विल मे ५ वर्ष तक जेल तथा ५० हजार तक फाइन हो सक्ता है। अतः इस विल के पास हो जाने मे निशचित रुप प्रमोटरो के उपर दवाव पड़ेगा। यह सही है कि यह विल देर से आयी है लेकिन हिन्दी मे एक कहावत है देर आया दुरुस्त आया। साथ ही हमारे जो कांग्रेस के साथी है, इसलिए वो चिन्तित है, भविष्य मे उनके गलत कार्यो पर अकुंश लग जाएगा, इसलिए वो चिल्ला रहे है। इसके साथ ही इस विल का समर्थन करते हुए अपनी बात खतम कर रहा हूं।

[2-50—3-00 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে পৌরমন্ত্রী যে বিল এনেছেন

সেই বিল আমি সমর্থন করছি। কিন্তু যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে আইন এর আগেও ছিল তার একটু কড়াকড়ি হয়েছে, কিন্তু আইন যারা মানাবেন সেখানেই বিশ মিল্লা গলতি হয়ে গেছে। আমরা কি দেখছি, বেশ কিছুদিন আগে ৮৪ সালে যে কর্পোরেশন হয়েছে তার আগে নোমিনেটেড বোর্ড ছিল। সূচনা ৭৭ সালের পর থেকে এই প্রবণতাটা বেড়ে গিয়েছে। তার কারণ ওয়ার্ক কালচার নামে যে জিনিসটা ছিল সেটা নষ্ট হয়ে গেছে। কর্পোরেশনে কাজের পরিবেশ নেই। যার ফলে একটা বিল্ডিং প্লান স্যাংশন করা থেকে শুরু করে মেইনটেইন এবং অ্যাসেসমেন্ট কর্পোরেশনের যে তিনটি মূল কাজ, সেই তিনটি কাজে বিস্তর গলতি এসে গিয়েছে, যার ফলে মানুষের মধ্যে একটা প্রবণতা দেখা দিয়েছে, এক শ্রেণীর বিত্তবান মানুষ তারা দেখছেন পয়সা দিয়ে সব কিছু কেনা যায়, পয়সা দিয়ে যখন আইন কেনা যায় তাই আজকে এই প্রবণতা দেখা দিয়েছে। বিশেষ করে উত্তর হাওড়া থেকে শুরু করে দেখা যাচ্ছে এখন দক্ষিণ হাওড়াতেও একটার পর একটা মাল্টিস্টোরেড বিল্ডিং হচ্ছে, এতে কর্পোরেশনের যে আয়ের উৎস, সেই উৎসেরেও ঘাটতি দেখা দিচ্ছে। একটা বিল্ডিং এর প্লান স্যাংশন হলে কর্পোরেশন কত টাকা পায়, তার অ্যাসেসমেন্ট মিউটেশন বাবদ কত টাকা পায়, সব কিছুতেই টাকা আসে, কিন্তু বে-আইনিভাবে হলে কর্পোরেশন সবেতেই ফাঁকিতে পড়ে যাচ্ছে। সেখানে আজকে ওয়ার্ক কালচার নষ্ট হয়ে গেছে, এই ব্যাপারে মন্ত্রী মহাশয়কে বলব বিশেষ করে এর দিকে আপনি নজর দিন শুধু ঢক্কানিনাদ করে আইন করলেই এটাকে রোখা যাবে না। আজকে হাওড়া শহরের দিকে তাকিয়ে দেখুন হাওড়া স্টেশনে নামলেই প্রথমে আপনার নরক দর্শন হয়ে যাবে। হাওড়া শহরের দিকে তাকিয়ে দেখুন শহরের অবস্থা কি। শরৎচন্দ্র এবং নেতাজীর মূর্তির সামনেই এই প্রসাবখানা এবং এই প্রসাবখানা হটানোর ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। হাওড়া শহরের বড় বড় হোটেলগুলি যেখানে, সেখান দিয়ে, মাল্টিস্টোরিড বিল্ডিং-এর সামনের রাস্তা দিয়ে প্রসাবের নালা বয়ে যাচ্ছে। আপনি আইন করে বড় বাড়ি তৈরি করা বন্ধ করবেন, কিন্তু হাওড়ার মূল শহরের রাস্তা দিয়ে প্রসাবের নালা বয়ে যাচ্ছে তার দিকে আপনার দৃষ্টি নেই। সংযোজিত এলাকায় যেখানে মিউটেশন হয় না, এলাকার মানুষ ঘুরে ঘুরে মিউটেশন করতে পারে না, মিউটেশন না হলে বিল্ডিং প্লান হয় না, যেখানে রাস্তাঘাটের অবস্থা খারাপ, যেখানে আলো নেই, যেখানে জল নেই, যেখানে শুধু নেই, নেই, নেই, সেখানে শুধু আইনের ব্যবস্থা করলেই হবে না। আপনাদের কাজের মধ্যে দিয়ে মানুষের পরিষেবা নির্ভর করছে। সেই পরিষেবা যাতে ভালোভাবে হয় তার জন্য ওয়ার্ক কালচার তৈরি করুন এবং ওয়ার্ক কালচার তৈরি হলেই মানুষ আইন মেনে চলতে বাধ্য থাকবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে হাওড়া কর্পোরেশন (অ্যামেন্ডমেন্ট বিল) ১৯৯৪, এনেছেন, তার পরিপ্রেক্ষিতে বক্তব্য রাখতে গিয়ে আমাদের পক্ষের মাননীয় সদস্য অম্বিকাবাবু এবং জটু লাহিড়ী মহাশয় বিস্তারিত বলেছেন। আমি আশা করেছিলাম সরকার পক্ষের সদস্য বক্তব্য রাখতে গিয়ে তাদের ব্যর্থতাটা

স্বীকার করে নেবেন। কিন্তু তার বক্তব্য শুনতে গিয়ে দেখলাম তিনি ধান ভাঙ্গতে শিবের গীত গাইলেন। পিলখানাতে কোনও বাড়ি ভাঙ্গা হয়েছে, সেই কথা তিনি বললেন। পিলখানাতে যে বাড়িটি ভাঙ্গা হয়েছে সে আপনাদের দলের লোক নয়, আপনাদের বিরোধী দলের লোক বলেই বাড়ি ভেঙ্গে দিয়েছেন। এতদিন পর আপনাদের বোধোদয় হল এটা কগনিজেবল অফেন্স। ঐ অ্যামেন্ডমেন্টের একটা ধারায় একটা সাব-সেকশন আনতে হবে। সেইজন্য তিনি ১৭৭ সেকশনের সাথে অ্যাড করলেন ১৭৭(এ) স্টেটমেন্ট অফ অবজেক্টস অ্যান্ড রিজনস। এই আন-অথরাইজড কনস্ট্রাকশনটাকে আপনি বন্ধ করতে চাইছেন। আমি আপনার সদিচ্ছা নিয়ে প্রশ্ন তুলছি না—আগে বুদ্ধদেববাবু ছিলেন তিনি চেষ্টা করতেন, কাগজে কলমে প্রোমোটারদের বিরুদ্ধে কথা বলতেন। এখন জি.টি.রোডের ধারে এবং নর্থ হাওড়ায় যে সমস্ত বাড়িগুলি তৈরি হয়েছে তার জন্য দায়ী কে? মন্ত্রী মহাশয় জবাব দিতে গিয়ে সেটা বলবেন। আমাদের অম্বিকাবাবু এই ব্যাপারে বলেছেন কারা এই সমস্ত বাড়ির প্রোমোটার। সেখানকার প্রোমোটার [**] পকেটে আজকে টোটাল হাওড়া জেলার মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। সেই প্রোমোটারের বিরুদ্ধে কথা বলার ক্ষমতা হাওড়া কর্পোরেশনের নেই।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** নাম বাদ যাবে।

**শ্রী আব্দুল মান্নান ঃ** যে প্রোমোটাররা সেখানে বাড়ি তৈরি করছেন, সেই বাড়ি তৈরি করতে তাদের বাধা দিলে বুঝতাম আপনারা কিছু করছেন।

[3-00—3-10 P.M.]

আপনাদের নমিনেটেড বোর্ড ছিল। আপনারা ক্ষমতায় আসার পর ডিলিমিটেশন করে-টরে যতদিন পর্যন্ত না বুঝতে পারলেন যে আপনারা নির্বাচনে কারচুপি করে জিততে পারবেন ততদিন আপনারা নির্বাচন না করে সেখানে নমিনেটেড বোর্ড রেখে দিলেন। ৮৪ সালে নির্বাচনের পর যখন কর্পোরেশন গঠিত হল তখন সেখানে প্রোমোটারদের এমন সুযোগ করে দিলেন যে হাওড়া শহর প্রোমোটারদের স্বর্গরাজ্যে পরিণত হল। মাননীয় মন্ত্রী মহাশয় হিসাব নিলে দেখবেন যে ম্যাকসিসাম আন-অথরাইজড কনস্ট্রাকশন হয়েছে ঐ ৭৭ থেকে ৮৪ সাল পর্যন্ত এই ৭ বছরে। আমার জিজ্ঞাস্য, এর ক'টাতে আপনারা বাধা দিয়েছিলেন? কেন সেখানে মিউটেশন আটকাতে পারেন নি? এইসব ১০ তলা বাড়িগুলি তো রাতারাতি হয়ে যায়নি, এরজন্য দীর্ঘদিন সময় লেগেছে—তখন আপনারা কি করছিলেন? জি.টি.রোডের ধারে ধারে যেসব আন-অথরাইজড বিল্ডিংগুলি দিনের পর দিন ধরে হচ্ছিল তখন তো আপনাদের দলের লোকেরা মাননীয় মন্ত্রী মহাশয়রা সেখান দিয়ে যাতায়াত করেছিলেন, তখন আপনারা কি করেছিলেন? এ তো যে কোনও লোকই দেখলে বুঝতে পারবেন যে এগুলি আন-অথরাইজড কনস্ট্রাকশন তাহলে হাওড়া কর্পোরেশন কি করছিলেন তখন? কাজেই আইন

*Note :—Expunged as ordered by the Chair.

করে আটকাবার মানসিকতা যদি আপনাদের না থাকে এবং আপনারা যদি প্রোমোটারদের সঙ্গে অশুভ এইরকম আঁতাত করে চলেন তাহলে কিন্তু আইনে মৃত্যু দন্ড দিলেও এইসব আন-অথরাইজড কনস্ট্রাকশন আপনারা আটকাতে পারবেন না। এককালে যারা আন্দোলনের কথা বলতেন, বিপ্লবের কথা বলতেন আমরা দেখলাম তারা এই রাজ্যে ক্ষমতায় এসে হাওড়া ও কলকাতাকে প্রোমোটারদের স্বর্গরাজ্যে পরিণত করলেন এবং প্রোমোটার ও মার্কসবাদী কমরেডরা সমর্থক হয়ে গেল। কাজেই আপনাদের যদি প্রোমোটারদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার মানসিকতা না থাকে তাহলে শুধু আইন করে কিছু হবে না। নর্থ হাওড়ায় তো আইন করে আটকাবার কিছু নেই কারণ ওখানে আর জমি নেই। আপনাদের সরকারের আশীর্বাদে ইতিমধ্যেই সব জায়গা শেষ হয়ে গিয়েছে। দক্ষিণে শিবপুরের দিকে এখনও কিছু কিছু খালি জায়গা পাওয়া যাবে তবে আমরা জানি সেখানেও একই কায়দায় প্রোমোটাররা জমি দখল করবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলুন, কতগুলি আন-অথরাইজড কনস্ট্রাকশন ভেঙ্গেছেন? ক'টা বাড়ি ভেঙ্গেছেন? কিছু কিছু জায়গায় হয়ত ছাদটা হাতুড়ি মেরে ফুটো করে রেখে দিয়েছেন এবং তাদের হাইকোর্টে যাবার সুযোগ করে দিয়েছেন, কিন্তু তার বেশি কিছুই আপনারা করেন নি। প্রদীপ কুন্দলিয়ার বাড়ি ভেঙ্গে পড়ার পর আমরা ভেবেছিলাম কিছু একটা হবে কারণ প্রোমোটারদের দৌরাত্মে হাওড়া, কলকাতার নাভিশ্বাস উঠে গিয়েছে কিন্তু কিছুই হল না। আজকে হাওড়া ময়দানের অবস্থাটা কি? সেখানে ভালো করে নিশ্বাস নেওয়ারও জায়গা নেই। পরিবেশ দূষণ এর ব্যাপারটা ছেড়ে দিলেও সেখানে এমনই অবস্থা যে মানুষের যাওয়া আসারও উপায় নেই এবং এমন কি একটা আগুন লাগার ঘটনা ঘটলে সেখানে ফায়ার ব্রিগেডের গাড়ি যাওয়ারও উপায় নেই। হাওড়ার অলিগলি সম্বন্ধে মাননীয় মন্ত্রী মহাশয় কোনও ধারণা আছে কিনা জানি না কিন্তু তাকে আমি বলতে পারি যে সেখানকার সাধারণ মানুষরা কিন্তু এতে জড়িত নন। ২/৪ টি কেস হয়ত থাকতে পারে কিন্তু সাধারণভাবে সেখানকার সাধারণ মানুষরা মিউনিসিপ্যালিটি থেকে প্ল্যান স্যাংশন করিয়ে বাড়ি করতে চায়। সেখানে ব্যাপকভাবে যেসব আন-অথরাইজড কনস্ট্রাকশন হয়েছে সেগুলি আপনাদের সঙ্গে অশুভ আঁতাতের ফলেই হয়েছে। তারপর যে কথাটা বলতে চাই সেটা হল, এই বাড়িগুলির অ্যাসেসমেন্ট হল না কেন? একটা গরিব লোক বাড়ি করলে তো আপনারা পেয়াদা পাঠিয়ে তাদের কাছ থেকে ট্যাক্স আদায় করেন আর এখানে এই ৮/১০ তলা বাড়িগুলি থেকে ট্যাক্স আদায় করতে পারছেন না কেন? তার কারণ, আপনাদের দলের সঙ্গে এদের অশুভ আঁতাত রয়েছে। আইন করে আটকাবার মানসিকতা আপনার সরকারের নেই। এই সরকার প্রোমোটারদের পকেটের সরকার, তাদের আশীর্বাদ ধন্য সরকার। প্রোমোটারদের খপ্পর থেকে বেরিয়ে আসার মানসিকতা না থাকলে যতই আপনি আইন করুন না কেন আপনি সফল হতে পারবেন না।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বিল এনেছেন আমি আন্তরিক ভাবে তাকে সমর্থন করছি এবং মন্ত্রীকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি তাঁর এই সাহসিকতাপূর্ণ এই বিল আনার জন্য। এখানে অম্বিকাবাবু এবং মাননীয়

সাহেব দুজনেই বললেন এই বিলকে সমর্থন করছেন, কিন্তু তাঁদের মানসিকতা নেই বলছেন। মানসিকতা যদি না থাকে এই আইন প্রয়োগ করার জন্য, তাহলে এই বিল আনার সাহস মন্ত্রী মহাশয় করলেন কি করে? আপনাদের বুঝতে হবে যে আইন একটা চালু করে, তারপর প্রয়োগ করার পরে তখন এটার যা পরিবর্তন দরকার সেটা উপলব্ধি করে করা যাবে। বললেন কোনও প্রয়োজন নেই। আগেকার আইনে ছিল Make an order directing that such erection or work shall be stopped or demolished or such addition or alteration thereto be made as the Commissioner considers necessary, by the person at whose instance the erection or the work has been commenced or is being carried on or has been completed. মান্নান সাহেব বললেন এই আইন এতদিন কেন আনা হয়নি, এতদিন কোন প্রয়োগ করা হয়নি? আগে তো মানুষ চৌকিদারকে দেখলে ভয় পেত, যুগের পরিবর্তনে আজকাল ডি.জি.কে. দেখলেও মানুষ ভয় না। মানুষের যত বেশি চেতনা বাড়ছে, তত মানসিকতা বাড়ছে। সেই জন্য কনস্টিটিউশন এতবার চেঞ্জ করতে হয়েছে। অথচ মান্নান সাহেব বললেন মানসিকতা নেই। মানসিকতা না থাকলে এটা আনা হল কেন? এখানে বলা হয়েছে বে-আইনি বাড়ি শুধু ডেমলিশ করা হবে না, পাঁচ বছরের জেল এবং ৫০ হাজার টাকা জরিমানা করা যাবে। প্রমোটারের সঙ্গে যদি যোগসাজস থাকত তাহলে কি এই আইন আনা হত? মান্নান সাহেব কটা বাড়ি ভাঙতে গেছেন? মন্ত্রী মহাশয় কি বাড়ি ভাঙতে যাবেন? মন্ত্রী মহাশয় আইন করছেন, বাড়ি ভাঙতে যাবেন কর্পোরেশনের মেয়র এবং কর্পোরেশনের লোকেরা। তাদের হাতে আইন করে ক্ষমতা দেওয়া হচ্ছে। আমি সেইজন্য মন্ত্রী মহাশয় যে বিলটা এনেছেন তাকে আন্তরিক ভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** স্যার, আজকে মাননীয় পৌরমন্ত্রী যে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন বিল নিয়ে এসেছেন তাকে আমাদের দলের পক্ষ থেকে সমর্থন জানানো হয়েছে। এই আইনের ফলে হাওড়ায় যে বে-আইনি ভাবে বাড়ি তৈরি হচ্ছে বা হয়েছে এবং যার ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছে—যাতে আগুন লাগার সম্ভাবনা সৃষ্টি হয়, এই ধরনের বাড়ি যারা করবেন তাদের বলা হয়েছে জামিনের অযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে, এই ধরনের বে-আইনি বাড়ি করার জন্য পাঁচ বছর শাস্তি পাবেন।

[3-10—3-20 p.m.]

কোনও সন্দেহ নেই যে বে-আইনি বা আন-অথরাইজড কনস্ট্রাকশনের বিরুদ্ধে এই পদক্ষেপকে সকলেই স্বাগত জানাবেন। কিন্তু যে কথা অম্বিকাদা আগেই বলেছেন—একটা সরকারের সময় লাগল ১৭ বছর এটা উপলব্ধি করতে যে, হাওড়া শহরে অনেক বে-আইনি বাড়ি হচ্ছে। এই হাউসে দাঁড়িয়ে আমরা বার বার কলকাতা এবং হাওড়ার বে-আইনি বাড়ি তৈরির ব্যাপারে বলেছি। কলকাতা শহরে কুন্দলীয়াদের বাড়ি ভেঙে পড়ার পর, তারপর বাঙ্গুরদের একটা বাড়ি ভেঙে পড়ার পর এবং সব শেষে কলিন্স লেনে বাড়ি ভেঙে পড়ে

৬৫ জন মারা যাবার পর সরকার একটু জেগে উঠেছিল। কলকাতা কর্পোরেশনের বিল্ডি রুলস সংশোধন করে অনেকটাই কড়া করা হয়েছিল। তখন আমরা বলেছিলাম শুধু কলকা এবং হাওড়াতেই বিভিন্নভাবে বে-আইনি বাড়ি তৈরি হচ্ছে না, বিভিন্ন মিউনিসিপ্যাল এলাকাতে বে-আইনি বাড়ি তৈরি হচ্ছে, তাদের সম্বন্ধে যথাযথ ব্যবস্থা নেওয়া হচ্ছে না এবং এক কমপ্রিহেন্সিভ অ্যাপ্রোচ সমস্ত মিউনিসিপ্যাল এরিয়ার বে-আইনি বাড়ি তৈরির ব্যাপারে গ্র করছেন না কেন? আজকেও দেখছি হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের ব্যাপারেও এক পিস মিল অ্যাপ্রোচের আপনারা পরিচয় দিচ্ছেন, পরিপূর্ণভাবে সমস্যাটাকে দেখছেন না। বিগ ১০ বছর ধরে হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশন তৈরি হয়েছে এবং হাওড়ায় বিল্ডিং বু প্রায় সে সময়েই শুরু হয়েছে। কলকাতায় যদিও ৭০ দশকের মাঝামাঝি বা বামফ্রন্ট সরকা আসার সময় থেকে বিল্ডিং বুম শুরু হয়েছে, কিন্তু হাওড়ায় বিল্ডিং বুম শুরু হয়েছে ৮ দশকের গোড়া থেকে। ৮৪ সালে প্রথম হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের নির্বাচন হয়ে এবং তারপর থেকেই বেআইনি বাড়ি তৈরি হচ্ছে। স্যার, আপনি গঙ্গা দিয়ে গেলে দেখ পাবেন জি.টি. রোড সাউথ এবং জি.টি. রোড নর্থ, দুটি রাস্তা জুড়ে পরের পর বহুতল বা তৈরি হচ্ছে—৮তলা, ১০তলা, ১২তলা, ১৪তলা, বাড়ি তৈরি হচ্ছে। এর একটা কার বড়বাজার, যেটা আমাদের প্রধান ব্যবসা কেন্দ্র, হাওড়া তার অত্যন্ত কাছে, তারফলে হাওড় থেকে বড়বাজার যাতায়াত খুবই সুবিধাজনক। আমরা এটা বার বার বলেছি যে, হাওড় শহরে প্রচুর বহুতল বাড়ি তৈরি হচ্ছে—অথচ হাওড়া শহর এমনই কনজেস্টেড এবং তা ইনফ্রাস্ট্রাকচার এমনই যে, তার পয়ঃপ্রণালীর ওপর, ওয়াটার সাপ্লাই-এর ওপর যথেষ্ট চা রয়েছে। সুতরাং এখন আর ওখানে এরকম বাড়ি তৈরি হতে দেওয়া উচিত নয়। কিন্তু তখ আমাদের কথায় সরকারের ঘুম ভাঙে নি। হাওড়া শহর আগে ছিল স্ক্যান্টি টাউন। ব্রিটিশর খারাপ ভাষায় বলত—কুলি টাউন, বেশি বস্তি ছিল এবং শ্রমিক শ্রেণীর লোকেরা বেশি ব করতেন। সেটাকে আপনারা আর্বান কনক্রিট জঙ্গলে রূপান্তরিত করেছেন। শুধু জি.টি. রোড সাউথ এবং জি.টি. রোড নর্থই নয়, আশপাশের রাস্তাগুলি—মৌলানা আজাদ রোড, রো মেরী লেন, সব কটি রাস্তাতেই দেখা যাচ্ছে যে, হাই রাইজ বিল্ডিং হচ্ছে। অথচ রাস্ত গুলিতে পয়ঃপ্রণালী নেই, জল বেরিয়ে যাবার পথ নেই, জল সরবরাহের ব্যবস্থা নেই কোনও বিষয়েই কোনওভাবে হাওড়া কর্পোরেশন লোকাল এম.এল.এ.দের ইনভলভ না করে কোনও রকম পরিকাঠামোর উন্নতি সাধন না করে বহুতল বাড়ি তৈরি করার সুযোগ দিয়ে বিভৎস অবস্থা সৃষ্টি করেছে। কোন বাড়িটা আইনি, কোন বাড়িটা বে-আইনি, সেটা লে-ম্যানের পক্ষে বলা সম্ভব নয়, সেটা কর্পোরেশন বিচার করবে। আমরা কেবল কমপ্লেন করতে পারি, কর্পোরেশন ব্যবস্থা নিতে পারে। আমরা ১০ বছর ধরে বলে আসছি, কিন্তু হাওড়ায় বে-আইনি বাড়ি তৈরির বিরুদ্ধে এখন পর্যন্ত সরকার যে ব্যবস্থা নিয়েছেন সেটা একেবারেই অপ্রতুল। আজকে হাউস চলছে, মন্ত্রী উত্তর দেবেন, আমি তাঁর কাছ থেকে জানতে চাইছি—এখন পর্যন্ত হাওড়ায় কটা বে-আইনি, আন-অথরাইজড কনস্ট্রাকশন ভাঙা হয়েছে? আমি জানতে চাইছি মাল্টিস্টোরিড বিল্ডিংসগুলো থেকে ট্যাক্স বাবদ কত টাকা এখন পর্যন্ত অর্জন করেছেন?

হাওড়া শহরের দু দুটো রাস্তা—জি.টি.রোড সাউথ এবং জি.টি. রোড নর্থ এই দুটো রাস্তায় আপনারা এফ.এ.এস. অর্থাৎ ফ্লোর এরিয়া সারফেস এবং এফ.এ.টি., ফ্লোর এরিয়া ইনডেক্স কত ঠিক করেছেন? আমরা দেখছি হাওড়া শহরের এই রাস্তাগুলোর ওপর যে পরিমাণ বাড়ি উঠছে— একটা স্ট্যান্ডার্ড আইন অনুযায়ী যে পরিমাণ যে রাস্তায় সামনে জমি ছাড়া দরকার, যেটা বাঁ-দিকে ছাড়া দরকার এবং যেটা ডান দিকে ছাড়া দরকার, যে রকম পয়ঃপ্রণালীর ব্যবস্থা করা দরকার, যে রকম জলের ব্যবস্থা করা দরকার সেরকম কোনও কিছুই সেখানে হয় নি। দীর্ঘদিন ধরে জলের অভাব আছে হাওড়া শহরে। পদ্মপুকুর জল প্রকল্পের কাজ সম্পূর্ণ হয় নি। ওখানে যারা বহুতল বাড়ি করছে তারা রাস্তার তলায় টুলু পাম্প বসিয়ে জল তুলে নিচ্ছে। ফলে বহুতল বাড়ির পাশের বস্তি এলাকায় আর জল গিয়ে পৌঁছচ্ছে না। আজকে প্রথম বার হাওড়া কর্পোরেশনের আইন সংশোধন করে বে-আইনি বাড়ি করার জন্য কড়া ব্যবস্থা নেওয়া হল। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে এটা জানতে চাইছি, হাওড়া কর্পোরেশনে বিল্ডিং রুল যা আছে এখন পর্যন্ত, সেটার কতটা স্ট্রিনজেন্ট আগেকার তুলনায় করা হয়েছে? কলকাতায় আমরা দেখেছি, যারা বড় বাড়ির মালিক মাল্টিস্টোরিড বাড়ির যে সমস্ত প্রোমোটার তারা আরামসে সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখিয়ে বাড়ি করছে। বুদ্ধদেবাবু যখন মন্ত্রী ছিলেন, তিনি এই হাউসে ডিক্লিয়ার করেছিলেন পার্ক প্লাজা, বরদান মার্কেট—এই সমস্ত বে-আইনি বাড়ি আমরা ভাঙবো। কিন্তু দেখা গেল, রাজাবাজারে যখন একটি বাড়ি ভাঙতে গিয়েছিলেন তখন গুলি চলেছিল। সেই থেকে কলকাতা কর্পোরেশনের বাড়ি ভাঙার অভিযান বন্ধ হল। এক্ষেত্রেও হাওড়া কর্পোরেশনের প্রত্যক্ষ সহযোগিতা দেখছি বে-আইনি বাড়ি করার পিছনে। আজকে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তরে জানাতে বলব, হাওড়া শহরে এ পর্যন্ত কি ব্যবস্থা নিয়েছেন যাতে করে বে-আইনি বাড়ির মালিকরা যারা নিয়মের বাইরে একতলা বা ২ তলা করেছেন এবং এখন পর্যন্ত কি ফল পেয়েছেন? দেরিতে হলেও এই যে বিল এনেছেন তারজন্য এই বিলকে স্বাগত জানাচ্ছি এবং আশা করছি, এই বিলের ইমপ্লিমেনটেশন সেইরকম কড়াভাবে করা হবে।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি হাওড়া কর্পোরেশনের বিষয়ে যে সংশোধনী বিল এখানে উত্থাপন করেছি সেই বিলকে সরকারি এবং বিরোধীপক্ষের সকলেই সমর্থন করেছেন। বিশেষ করে আমি বিরোধীদলের বন্ধুদের ধন্যবাদ জানাচ্ছি, তাঁরা বলেছেন বে-আইনি বাড়ির নির্মাণ রদ করার জন্য তাদের যেটুকু সহযোগিতার প্রয়োজন তা করতে তাঁরা রাজি আছেন। নিশ্চয়ই তাঁদের সহযোগিতা আমরা গ্রহণ করব। আমি বলার শুরুতেই এই কথা বলছি—এই যে সংশোধনী বিল আনা হয়েছে—এর মধ্যে যা উল্লেখ করা হয়েছে তাতে বলার সময় কয়েকজন সদস্য যা বলেছেন তার উত্তরে বলছি, হাওড়া কর্পোরেশনের যে আইন সেই আইনে বে-আইনি বাড়ি নির্মাণ কেউ যদি করে থাকে তাকে ভেঙে দেওয়ার মতন বা যেক্ষেত্রে ভেঙে দেবার প্রয়োজন সেই রকম আইন হাওড়া কর্পোরেশনে অবশ্যই আছে। কিন্তু যেটা ছিল না সেটা হচ্ছে, কেউ যদি বে-আইনি বাড়ি নির্মাণ করে, বা বে-

আইনি বাড়ি নির্মাণ করার জন্য কেউ যদি কাউকে নিযুক্ত করে থাকে, বে-আইনি নির্মাণ কাজে কোনও প্রোমোটার, কোনও অর্থ লগ্নিকারী সংস্থা বা কোনও ব্যক্তি, কোনও লিজি, কোনও মর্টগেজি—এইরকম যদি কোনও লোক এইরকম ধরনের বাড়ি নির্মাণ করে থাকে তাহলে তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হয়েছে, আইনগত দিক দিয়ে শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য করা হবে কিনা—এইরকম কোনও বিষয় আইনের ধারায় আগে উল্লেখিত ছিল না। সেইজন্য আমি বলেছি, যদি কেউ বে-আইনি বাড়ি নির্মাণ করে তাহলে তাকে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে ৫ বছর পর্যন্ত জেল এবং তার সাথে ৫০ হাজার টাকা জরিমানা হতে পারে। এইটা আমরা আইনে করতে যাচ্ছি। আপনারা সবাই জানেন, কলকাতা কর্পোরেশনে আমরা এই আইন বেশ কিছুদিন আগে করেছি এবং গত ২১ ডিসেম্বর, এই আইন, এই বিল আমরা পাস করেছিলাম। সম্প্রতি রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে। কলকাতা কর্পোরেশন সেই আইন ইতিমধ্যে কার্যকর করেছেন। হাওড়ার ক্ষেত্রে ঠিক এইরকম আইন কার্যকর করতে চাচ্ছি। প্রশ্ন হচ্ছে, আইন হলেই কি বে-আইনি বাড়ির নির্মাণ কাজ বন্ধ হয়ে যাবে? এটা ঠিকই আইন আগেও ছিল। বে-আইনি বাড়ি নির্মাণ যদি বন্ধ করতে হয় তাহলে আইনের প্রয়োজন আছে ঠিকই, কিন্তু আইনই সব নয়, সেইজন্য আমি বলি, এরজন্য মানুষকে সচেতন করতে হবে, বে-আইনি বাড়ি নির্মাণের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে হবে। পৌর কর্পোরেশনগুলিকে সক্রিয় এবং যথাযথ ব্যবস্থা নিতে হবে এবং তারা নিচ্ছেনও, এর সাথে সাথে মানুষকেও যুক্ত হতে হবে।

[3-20—3-30 p.m.]

আমরা আনন্দিত যে পশ্চিমবঙ্গের শহরের মানুষেরা আজকে বে-আইনি বাড়ি সম্বন্ধে সচেতন হয়েছেন। আজকে বে-আইনি বাড়ির যে প্রশ্নটি এসেছে আমাদের কাছে একটা আইন আছে বলেই এই বে-আইনি বাড়ির প্রশ্নটি এসেছে। আমি মাননীয় বিরোধী বন্ধুদের কাছে বলতে চাই যে তাঁদের আমলে এ ধরনের আইন ছিল না, বে-আইনি বাড়ি নির্মাণের প্রশ্ন দেখা যেত না, কোনটা আইন এবং কোনটা বে-আইন খুঁজে পাওয়া যেত না। তখন বেশির ভাগ টাই বে-আইনি পদ্ধতিতে চলেছিল, তাঁদের কাছে আইন বে-আইনি খুঁজে পাওয়া মুশকিল ছিল। আমি বলতে চাই যে আইন আমরা করলাম আইনের পাশাপাশি যে আইন এখানে আছে গত কয়েক বছরের মধ্যে হাওড়া, কলকাতায় যত বাড়ি ভাঙ্গা হয়েছে, একজন মাননীয় সদস্য বলেছেন প্রায় ৯০ টি বাড়ি ভাঙ্গা হয়েছে। কলকাতায় বড় বড় বাড়িতে কোটি কোটি টাকার মালিক সেই বাড়িতে কোটি কোটি টাকা বিনিয়োগ করেছেন এমন বাড়ির বিরুদ্ধে যদি ব্যবস্থা নিতে হয় তাতেও আমরা পিছপা নই। হাইকোর্ট এবং সুপ্রীমকোর্টে মামলা চলছে আমরা লড়ছি, পিছিয়ে আসিনি। কোনও প্রোমোটারের কাছে আমরা আত্মসমর্পণ করিনি প্রোমোটারের সাথে আমাদের সম্পর্ক রাখা হয়েছিল এটা অন্তত আমি বিশ্বাস করি না। যদি এতটুকুও দুর্বলতা থাকত প্রোমোটারদের উপর তাহলে এই শক্তিশালী আইন প্রয়োগ করার কোনও ইচ্ছা আমাদের থাকত? আমাদের সদিচ্ছা আছে, এই আইন ইতিমধ্যে কার্যকর

করেছি। গত কয়েক বছরের বহু বাড়ি ভাঙ্গা হয়েছে, বহু বাড়ির সম্বন্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। কোথায় বাড়ি আছে আপনারা জানেন, আইনের যে ব্যবস্থা নিতে হবে। আইনগত ভাবে বা অন্যান্য ভাবে কোর্ট তাতে হস্তক্ষেপ করছে, এই ক্ষেত্রে আমাদের অনেক অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এই কাজে মাননীয় বিরোধী সদস্যদের সমর্থনের প্রয়োজন আছে। আর একটি প্রশ্ন হল—এখানে একজন মাননীয় সদস্য বলেছেন—শুধু মাত্র এই আইন হাওড়া এবং কলকাতায় নয় আরও বড় বড় শহরের ক্ষেত্রে যেন এই আইন করা হয়। ভবিষ্যতে বড় বড় শহরগুলিতে আরও এ ধরনের বে-আইনি বাড়ি নির্মাণ বন্ধ করবার জন্য—এই ধরনের বে-আইনি বাড়ি যাঁরা নির্মাণ করেন তাঁরা সুযোগ সুবিধা ভোগ করেন, কিন্তু তার আশে পাশের লোকদের অসুবিধা ভোগ করতে হয়। জল নিকাশি ব্যবস্থা পানীয় জল সরবরাহ আগুন ইত্যাদি বড় বড় বিপর্যয়ের সম্ভাবনা দেখা দেয়। সেই কারণে অন্যান্য কয়েকটি বড় শহরে এই ধরনের আইন সম্বন্ধে ভাবনা চিন্তা আছে। পাশাপাশি এটাই দেখছি, আমরা বেশ কিছু শহরে ইতিমধ্যে ৪ তলার উপরে বাড়ি নির্মাণ করা যাবে না এ ধরনের নির্দেশ জারি করেছি। হাওড়ার পৌর কর্পোরেশন তাঁদের পৌর বোর্ড সিদ্ধান্ত নিয়েছেন যে কোনও মতেই ৪ তলার উপরে বাড়ি নির্মাণের অনুমতি দেবেন না। এই প্রস্তাব তাঁরা পেশ করেছেন। এত কিছু সত্ত্বেও বে-আইনি বিপদজনক বাড়ি আছে, সংখ্যায় কম। আইন হওয়ার জন্য বে-আইনি বাড়ি নির্মাণ বন্ধ হয়ে যাবে এটা নিশ্চয়ই সম্ভব নয়। এজন্য সর্ব স্তরের মানুষের সহযোগিতা, মাননীয় বিরোধী বন্ধুদের সহযোগিতা নিয়ে মানুষকে সচেতন করে বে-আইনি বাড়ি তৈরির বিরুদ্ধে শক্তিশালী নাগরিক আন্দোলন যদি গড়ে তুলতে পারি তাহলে নিশ্চয় আমাদের যে আইন তৈরি হয়েছে সেই আইনকে আরও সুন্দরভাবে আরও সঠিকভাবে প্রয়োগ করতে পারব এবং আমাদের দায়িত্ব আছে সমস্ত নাগরিক পরিষেবা করার তা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেবার যে নীতি এবং উদ্দেশ্য আছে সেই উদ্দেশ্য সফল করতে পারব এই কথা বলে এই বিলের সমর্থনের আশা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ashok Bhattacharya that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

## Clauses 1, 2 and Preamble

**Mr. Speaker :** There are no amendments to Clauses 1, 2 and the preamble.

The question that Clauses 1, 2 and the preamble do stand part of the Bill was then put and agreed to.

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to move that the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

**শ্রী ননী কর ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, একটি বিষয়. আপনাকে এবং আপন মাধ্যমে পৌরমন্ত্রীকে জানাচ্ছি। গোবরডাঙ্গা পৌরসভার নির্বাচন হয়েছিল ১৯৯০ সালের মাসে। নির্বাচনের পর সেখানে বুথে কাউন্টিং হয়। ২ নম্বর ওয়ার্ডের ১৮২ নম্বর বুথে ভে গণনা হল এবং তাতে ঘোষণা করা হল যে, সি.পি.এম. ৩১১টি ভোট এবং কংগ্রেস ২৪ টি ভোট পেয়েছেন। ঐ ওয়ার্ডের ১৮৩ নম্বর বুথে গণনার পর ঘোষণা করা হল সি.পি.এ ২৯৪টি ভোট এবং কংগ্রেস ২৪৩ টি ভোট পেয়েছে। কিন্তু অবাক হবার বিষয় হল, দু বুথ মিলিয়ে যেখানে সি.পি.এম. ৬০৫ ভোট এবং কংগ্রেস ৪৯২ ভোট, অর্থাৎ সি.পি.এ ১১৩ ভোটে জিতলো সেখানে এস.ডি.ও. অফিসে আবার গণনার পর সেটা উে গেলো—কংগ্রেস ১১ ভোটে জিতে গেলো। এটা নিয়ে ১৯৯০ সালের জুন মাসে আলিপু জজকোর্টে মামলা হল এবং তারপর ১৯৯৩ সালের জুলাই পর্যন্ত মামলার তারিখ পড় ১১৮টা। তারপর রায় হল—রিকাউন্টিং হবে। তারপর কংগ্রেস (আই) হাইকোর্টে অ্যাপি করলেন এবং তারপর হাইকোর্টে তার ১৭টা ডেট পড়ল, কিন্তু আজও তার রায় বের হ না। আপনার মাধ্যমে মন্ত্রীকে অনুরোধ করব, আজ দীর্ঘ চার বছর রায় না বেরোবার জ গোবরডাঙ্গার মানুষ ক্ষুব্ধ, কাজেই বিষয়টা একটু দেখুন।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, গত পৌর নির্বাচে যে যে জায়গায় সি.পি.এম. হেরে গিয়েছিলেন তারমধ্যে গোবরডাঙ্গা পৌরসভা অন্যতম সেদিন ওখানে কংগ্রেস জয়ী হয়েছিল এবং তারই জন্য সেখানে কংগ্রেস দলের চেয়ারম্যা এবং ভাইস-চেয়ারম্যান হয়েছেন। এটা ঠিকই, ননীবাবুর পক্ষে দুঃখের কারণ হল, তাঁ কনস্টিটিউয়েন্সীর মধ্যে হাবড়া পৌরসভায় হেরেছেন এবং তার আগে গোবরডাঙ্গা পৌরসভা হেরেছেন। সেখানে হেরে যাবার ফলে তাই তিনি নানাভাবে খুঁত বের করবার চেষ্টা করছেন তাই আমি আইনের বাইরে গিয়ে স্বায়ত্তশাসনের উপর যাতে তিনি হস্তক্ষেপ না করে তারজন্য তাঁকে অনুরোধ করছি, কারণ কোথায়ও হেরে গেলে সেটা ওরা মেনে নিতে পারে না সহজে।

**The West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994**

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to introduce the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg to move that the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994, be taken into consideration.

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যদি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন লজ্ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ যেটা এনেছেন এটা কনসিকোয়েন্সিয়াল ব্যাপার। আমরা এর বিরোধিতা করছি না, সমর্থন করছি।

[3-30—3-40 p.m.]

আপনি জানেন যে বামফ্রন্ট সরকার তাদের ক্ষমতায় আসার পরে শেষ দিকে ৩টি পৌরসভাকে কর্পোরেশনের স্ট্যাটাসে উন্নত করলেন—শিলিগুড়ি আসানসোল এবং চন্দননগর। তারজন্য তারা আইন এনেছিলেন এবং সেটা সিলেক্ট কমিটিতে যায়। তারপরে সিলেক্ট কমিটি তাদের রিপোর্ট পেশ করেন। তারপরে সেই আইন গৃহীত হয় এবং রাষ্ট্রপতির কাছে পাঠানো হয় তার সম্মতির জন্য। এখন রাষ্ট্রপতির সম্মতি পাওয়া গেছে এবং আমরা সম্প্রতি দেখছি যে শিলিগুড়িতে কর্পোরেশন চালু হচ্ছে। অশোকবাবু হাইকোর্টের সার্কিট বেঞ্চ শিলিগুড়িতে নিয়ে যেতে পারবেন কিনা আমি জানি না। কিন্তু বিরাট একটা মিছিল করা হয়েছে, পোস্টারও লাগানো হয়েছে এবং তাতে আমরা দেখছি যে বড় বড় করে লেখা আছে, শিলিগুড়ি মার্চেন্ট অ্যাশোসিয়েশন ওয়েলকামস ফর্মেশন অব কর্পোরেশন। এখন এই পুরো ব্যাপারটা একটু বোঝা দরকার। কর্পোরেশন করে এলাকা অনেক বাড়িয়ে দিয়েছেন। শিলিগুড়ি পৌরসভা যেটা ছিল, নিউ জলপাইগুড়ি স্টেশনের আশেপাশে যেগুলি জলপাইগুড়ির মধ্যে পড়ে, সেগুলি নিয়ে নেওয়া হয়েছে। আমরা দেখছি যে এই বামফ্রন্ট সরকারের কর্পোরেশন করা, নতুন এলাকা কর্পোরেশনের মধ্যে আনা, এটা বেসিক্যালি একটা উইনডো ড্রেসিং এবং এর দ্বারা মানুষকে ফিলিং দেওয়া হয় যে তাদের জন্য বিরাট কিছু করা হচ্ছে, অর্থাৎ কর্পোরেশন করা হচ্ছে। আমরা জানি কলকাতায় আগে ১০০টি ওয়ার্ড ছিল। তারপরে দেখা গেল যে বামফ্রন্ট সরকার আরও ৪১টি ওয়ার্ড অ্যাড করলেন। কারণ এই ১০০টি ওয়ার্ডে তারা জিততে পারবেন না ভেবে যাদবপুর, বেহালা এবং গার্ডেনরীচকে নিয়ে মোট ১৪১টি ওয়ার্ড তারা করলেন। এগুলি কোন কোন এলাকা নিয়ে করা হয়েছে? যে এলাকায় এখনও ধান চাষ হচ্ছে সেগুলিকে কর্পোরেশন এলাকায় নেওয়া হল। যে সব এলাকায় কর্পোরেশনের ন্যূনতম সুযোগ-সুবিধা নেই, পাকা রাস্তা নেই, খোলা ড্রেন, জল সরবরাহ হচ্ছে না, রাস্তায় লাইট নেই, পয়ঃপ্রণালী নেই, সেগুলিকে কর্পোরেশনের মধ্যে নিয়ে এসেছেন। এখন কথা হচ্ছে, আগে উন্নয়ন করে কর্পোরেশনে আসবে, না, কর্পোরেশন করে তারপর উন্নয়ন করা হবে, এটা সুস্পষ্ট করে তারা কিছু বলেন না। কলকাতা কর্পোরেশনের এরিয়া অ্যাড করা হল। হাওড়ায়ও এটা করা হয়েছে কিন্তু কিছু কিছু এখনও রয়ে গেছে। কর্পোরেশন হলে মানুষ তার সুযোগসুবিধা চায় সেখানে ১০৮ নং ওয়ার্ডে এখনও কাঁচা রাস্তা, রাস্তায় লাইট নেই, এখনও পয়ঃপ্রণালী হয় নি, এটাকে তারা বলছেন কর্পোরেশন। কারণ সেখান থেকে তারা যাতে জিতে আসতে পারেন। এই যে ৩টি কর্পোরেশন করা হয়েছে, আমার মনে হয় না যে সেখানকার মানুষের জীবন-যাত্রার কোনও সাবটেন্সিয়াল পরিবর্তন হয়েছে। শুধু মানুষকে একটা ফিলিং দেওয়া হচ্ছে যে বামফ্রন্ট সরকার তাদের জন্য কিছু করছে। এতে রাজনৈতিক ভাবে

মানুষকে এক্সপ্লয়েট করা হচ্ছে। যেমন অশোকবাবু মিছিল করলেন শিলিগুড়িতে ব্যবসায়ী অ্যাশোসিয়েশনকে নিয়ে, পোস্টার লেখা হল শিলিগুড়ি মার্চেন্ট অ্যাশোসিয়েশন ওয়েলকামস ফর্মেশন অব কর্পোরেশন ইত্যাদি এসব করলেন। কিন্তু শিলিগুড়িতে এখনও যানজট রয়েছে, খোলা নর্দমা রয়েছে। অশোকবাবু হিল কার্ট রোডের উন্নতি করেছেন, কাঞ্চনজংঘা স্টেডিয়াম করেছেন। কিন্তু শিলিগুড়ি পৌরসভার যে অবস্থা ছিল সেই অবস্থাই রয়ে গেছে। একই জিনিস আসানসোল পৌরসভার ক্ষেত্রেও দেখা গেছে। আসানসোল কর্পোরেশন নতুন করে হল। বার্ণপুরে যে ইসকো শহর ছিল, সেই শহরটিকে আসানসোল পৌরসভার মধ্যে আনা হয়েছে। কিন্তু আসানসোলের যে ইমপ্রুভমেন্ট সেটা চোখে পড়ছে না। আসানসোলের জি.টি. রোডের মোড়ের কাছে কিছু ইমপ্রুভমেন্ট করা হয়েছে, কিছু লাইট রাস্তায় দেওয়া হয়েছে। কিন্তু রেল লাইনের উল্টোদিকে চেলিডাঙ্গা বলে যে জায়গা রয়েছে সেটা এখনও জঘন্য অবস্থায় রয়েছে, তার কোনও পরিবর্তন হয়নি। একটা নারকীয় অবস্থার মধ্যে সেখানে মানুষকে বাস করতে হচ্ছে। এখানে এই প্রশ্ন আসে যে তাহলে কর্পোরেশন এলাকা কেন করা হচ্ছে, কেন কর্পোরেশন এলাকা সম্প্রসারণ করা হচ্ছে? বামফ্রন্ট সরকার যেটা করছেন সেটা কোন উদ্দেশ্য নিয়ে করা হচ্ছে? এটা কি রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে একটা কনসিকোয়েন্সিয়াল ডেভেলপমেন্ট করা হচ্ছে? এটাই কি বামফ্রন্ট সরকারের নীতি? এসব কথা কখনই তারা পরিষ্কার করে বলেন না। তার কারণ তারা যখন সরকারে আছেন, সরকার একটা আরবিটারী মনোভাব নিয়ে চলেন। তারা কোনও কমিশন বসান না, কোনও কিছু রেগুলার সিস্টেমে করেন না। সরকার আগাম বলে দেন যে এটা কর্পোরেশন করা হল। আসানসোলের কিছু এলাকায় শিলিগুড়ি কর্পোরেশনের কিছু এলাকায় দেখা গেল যে আইনগত ব্যবস্থা নেই, অবজেক্ট কিছু নেই। সেখানকার লোকেরা ভয় পাচ্ছে যে কর্পোরেশন হলে তাদের উপরে বেশি ট্যাক্স চাপবে না তো। আবার দেখা যাচ্ছে যে কোনও জায়গা যেটা আর্বানাইজড ছিল, তাদের ফেসিলিটি কিছু কিছু কেটে এই সব জায়গায় দেওয়া হচ্ছে। আগে গার্ডেনরীচে যখন জল প্রকল্প হয়েছে তখন বেহালা কর্পোরেশন ছিল না। গার্ডেনরীচের জল কলকাতার বিভিন্ন জায়গায় আসত। কিন্তু আজকে কলকাতার দক্ষিণে জল পাচ্ছে না। কারণ বেহালাকে জল দিতে হচ্ছে। আপনি সেজন্য ইনফ্রাস্ট্রাকচার তৈরি করেন নি। তার ফলে সেম ওয়াটার সাপ্লাই থেকে একটা অংশ কেটে বেহালায় দিচ্ছেন যেহেতু সেটা কর্পোরেশন করেছেন। আমি মনে করি যে বামফ্রন্ট সরকার আরবান গ্রোথ সম্পর্কে, আরবানাইজেশন সম্পর্কে এবং কর্পোরেশন গড়ে তোলার সম্পর্কে যদি একটা সেন্ট্রাল কমিটি করত, শহরগুলির ডেভেলপমেন্টের জন্য জেনুয়িন চিন্তা করত তাহলে ভাল হত। ডি-লিমিটেশন প্রসেস—যেভাবে ওরা কর্পোরেশনের ওয়ার্ড তৈরি করেছিলেন সেই ভাবে ডি-লিমিটেশন প্রসেসে যদি একটা তৈরি করতেন তাহলে ব্যাপারটা অনেক ভাল হত। এখানে যে ডিফেক্টটা থেকে যাচ্ছে সেটা আপনার কাছে উল্লেখ করতে চাইছি। আপনি জানেন স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় আগে শিলিগুড়ি পৌরসভার চেয়ারম্যান ছিলেন। এখন শিলিগুড়ি কর্পোরেশন হয়েছে, সেখানে নোমিনেটেড বোর্ড আছে। মে মাসে কর্পোরেশন ইলেকশন করতে হবে, এই ইলেকশনটা ওঁরা তাড়াতাড়ি করতে চাইছেন।

ওঁরা বলছেন যে একটা প্রিরিয়ডের পর কেন্দ্রীয় সরকার যে কনস্টিটিউশন অ্যামেন্ডমেন্ট করছেন সেটা অ্যাফেক্টিভ হয়ে যাবে। ৩১শে মে-র মধ্যে কর্পোরেশন ইলেকশন, মিউনিসিপ্যালিটি ইলেকশন করে নিতে চাইছেন। তার মানে কি? তার মানে হচ্ছে সংবিধান সংশোধন অনুযায়ী কর্পোরেশন ইলেকশনে ওয়ান থার্ড রিপ্রেজেনটেটিভ মহিলাদের দেওয়ার কথা এবং শিডিউল কাস্ট এবং শিডিউল ট্রাইবদের রিজারভেশন দেওয়ার কথা। আর কর্পোরেশনগুলির জন্য আলাদাভাবে ফিনান্স কমিশন করার কথা। সেই বিল পাস হয়ে যাচ্ছে। আবার কর্পোরেশনগুলি স্টেট ইলেকশন কমিশনের মাধ্যমে ইলেকশন হওয়ার কথা। কিন্তু সরকার হোল ব্যাপারটা ফাঁকি দেবার জন্য অলরেডি তার আগে ইলেকশনের ব্যাপারটা করে নিতে চাইছেন সংবিধান সংশোধনী প্রয়োগ না করে। এখন সরকার শিলিগুড়ি কর্পোরেশনের ইলেকশন করতে চলেছেন। ওঁদের মতে আরবিটারিলি ফিক্সড করে একটা এলাকা নিয়ে এবং সেখানে কোনও রকম রিজারভেশনের ব্যবস্থা না করে, কোনও রকম ইনডিপেন্ডেন্ট ইলেকশন মেশিনারির ব্যবস্থা না করে শিলিগুড়ি কর্পোরেশনের ইলেকশন করতে যাচ্ছেন। আমরা এইভাবে নির্বাচন করার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। ওনারা আইনের ফাঁক দিয়ে সাংবিধানিক ব্যবস্থাটাকে আটকাবার চেষ্টা করছেন। এই আইনের ফাঁক দিয়ে গিয়ে আমাদের সাধারণ মানুষকে এবং বিরোধী দলগুলিকে অসুবিধায় ফেলছে। ওঁদের পছন্দ মতো ডি-লিমিটেশনের মাধ্যমে ইলেকশন করে নিতে চান। আজকে আমি একটা ব্যাপারে মন্ত্রী মহাশয়-এর স্বীকারোক্তি নিতে চাই। আজকে যে বিল আনা হয়েছে এটা বলা হয় কনসিকোয়েন্সিয়াল বিল যেহেতু কর্পোরেশন অলরেডি হয়ে গিয়েছে, যেহেতু কর্পোরেশন অলরেডি ফাংশনিং শুরু করে দিয়েছে, শিলিগুড়ির নোমিনেটেড বোর্ড হয়ে গিয়েছে, কর্পোরেশন অলরেডি ফাংশন করছে। আমরা চেয়েছিলাম পাওয়ারের ব্যাপারটা আরও একটু দেখার দরকার আছে। কর্পোরেশন করার আগে মিউনিসিপ্যালিটি যখন থাকে তখন মিউনিসিপ্যালিটিতে একজন চেয়ারম্যান থাকেন, একজন ডেপুটি চেয়ারম্যান থাকেন। এখন কর্পোরেশন হলে কর্পোরেশন মানে হয়ে যাবে মেয়র, ডেপুটি মেয়র এবং মেয়র ইন কাউন্সিল। আপনি দেখবেন স্যার, এই কনসিকোয়েন্সিয়ালের প্রথম দিকে ওথ অফ অ্যালিগেন্সির জায়গায় যারা যারা সদস্য হবে কমিশনের সেটা আইনের মধ্যে রয়েছে। প্রথম দিকে রয়েছে কাউন্সিলার কারা হবে পার্ট (১)-এ বলা আছে Oath of allegiance to be taken by councillors, mayor-in-council. এটা নিতে হবে এটা ওঁরা বলছেন ওথ অফ অ্যালিগেন্সিতে। নগর পালিকা বিল কেন্দ্রীয় সরকার এনেছিল সেখানে মহল্লা কমিটি করেছিলেন। রাজীব গান্ধী নগর পালিকা বিল এনেছিলেন, সেখানে তিনি মহল্লা কমিটি করেছিলেন। সেটা আপনারা ওয়ার্ড কমিটি কনসেপ্ট নিয়ে আসছেন। নগরপালিকা বিলে ছিল একটা বোরো কমিটির মিটিং করতে হবে প্রতি ৬ মাস অন্তর। সেই মিটিং-এর সিস্টেমটা আপনারা নিয়ে আসছেন। সিভিক পার্টিসিপেশনের জন্য একবার বোরো কমিটি কে মিটিং করতে হবে। যাই হোক আমি বুঝতে পারছি না, মাননীয় মন্ত্রী মহাশয় আমাকে বোঝাবেন, এটা আমার মনে হয়েছে, স্বায়ত্ত শাসনের কথা বলে কেন ওভার রাইডিং পাওয়ার স্টিল রাজ্যের হাতে রাখতে চাইছেন।

[3-40—3-50 p.m.]

এটা ঠিক যে নতুন কনস্টিটিউশন অ্যামেন্ডমেন্ট যেটা এনফোর্সড হল, এতে ওরা পাঁচ বছর বাদে বাদে ইলেকশন করতে বাধ্য হবে এবং ছ'মাসের বেশি ইলেকশন না করা চলবে না। কিন্তু পাওয়ারগুলো নিয়েছেন, এখানে পাওয়ার টু সাসপেন্ড এবং অ্যাকশন আন্ডার দি অ্যাক্ট যে পাওয়ারটা নিয়ে এসেছেন, এতে আমি মনে করি, এই পাওয়ারটা অতিরিক্ত পাওয়ার। কর্পোরেশনের যে কোনও সিদ্ধান্তই স্টেট গভর্নমেন্টের হাতে সাসপেন্ড করার ক্ষমতা থাকবে। পাওয়ার অব স্টেট গভর্নমেন্ট ইন কেস অব ডিফল্ট, এটা থাকবে। কর্পোরেশন না শুনলে কি করবেন, তারও ব্যবস্থা থাকবে। আমি মনে করি, এটা রাজ্য সরকারের কর্পোরেশনের কাজে আরও বেশি হস্তক্ষেপ, এই বিলের মধ্যে দিয়ে ওরা এটা নিয়ে আসবেন। কর্পোরেশন বা নগরপালিকার ক্ষেত্রে মূল যে লক্ষ্য, কো-অর্ডিনেটেড ফাংশনিং স্বায়ত্ত্বশাসনকে আরও শক্তিশালী করা, সেটা যাতে না করা যায় তারজন্য ব্যবস্থা করছেন। আমি কর্পোরেশন কনসেপ্টের বিরোধী নই। তবে কর্পোরেশনে স্বায়ত্ত্বশাসনের যে কনসেপ্ট সেটা যাতে ইনফ্রিঞ্জ না হয়, কর্পোরেশন যাতে স্বাধীনভাবে ফাংশন করতে পারে, সেটা দেখা উচিত। শিলিগুড়ি, আসালসোল এবং চন্দননগর, এই যে কনসিকোয়েন্সিয়াল বিল এনেছেন তার বিরোধিতা না করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী** ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল কর্পোরেশন, দ্বিতীয় সংযোজনী (বিল) যেটি এনেছেন, আমি এটিকে আন্তরিক সমর্থন জানাচ্ছি। আমি ধন্যবাদ জানাচ্ছি মাননীয় বিরোধী সদস্য সৌগত রায়কে। তিনি এই বিলকে যেভাবে, যে ভাষাতেই বলুন, সমর্থন না জানিয়ে পারেন নি। কিন্তু এই বিলকে সমর্থন জানাতে গিয়ে তিনি কিছু ধান ভানতে শিবের গীত, যে প্রবচন আছে তা গাইলেন। যেটি এই বিলের সঙ্গে প্রাসঙ্গিক নয় তা বলেছেন। উনি বলেছেন পাঁচ বছর অন্তর অন্তর নির্বাচনের কথা। আমাদের পশ্চিমবঙ্গ সরকার নির্বাচিত হওয়ার পরে ক্ষমতার বিকেন্দ্রীকরণের জন্য এবং তারসঙ্গে নির্দিষ্টকালে নির্বাচন, এই কাজটির করে এসেছেন। সে সম্পর্কে কোনও বক্তব্যের অবকাশ রাখে না। মাননীয় মন্ত্রীকে আমি ধন্যবাদ জানাচ্ছি, এমন একটি বিল তিনি এনেছেন, যে বিলটি গণতন্ত্রের প্রতি তাঁর দৃঢ় আস্থার কথা প্রকাশ করে। মাননীয় বিরোধী সদস্য নগরপালিকা বিল সম্পর্কে বলেছেন। কিন্তু সারা ভারতবর্ষের ক্ষেত্রে পশ্চিমবাংলাতে আমরা যে জিনিসটি দেখলাম, ক্ষমতার প্রকৃত বিকেন্দ্রীকরণের পক্ষে পদক্ষেপ। তারমধ্যে আমরা দেখছি, মন্ত্রী মহাশয় যেটি এনেছেন, তিনি ওয়ার্ড কমিটির কথা বলেছেন। আমরা অতীতের অভিজ্ঞতায় কি দেখেছি? আমরা দেখেছি যে নির্বাচিত হয়ে যাওয়ার পর আমিই সর্বেসর্বা।' নির্বাচিত জনপ্রতিনিধির কার্যকলাপকে ওয়ার্ড কমিটির মধ্যে দিয়ে বেঁধে দেওয়া হয়েছে। সেখানে যিনি কাউন্সিলার হবেন, প্রেসিডেন্ট হবেন, সভাপতি হবেন, সেখানে যাতে তাঁর ক্ষমতার স্বল্পতা থাকে তারজন্য যে কাজ ওয়ার্ড কমিটির মাধ্যমে আসবে সেই কাজ আলোচনার ভিত্তিতে স্থির হবে, কোথায় কাজটি হবে তা সেখানে আলোচনা করে তবেই

সিদ্ধান্ত করা যাবে। এই গণতান্ত্রিক চেতনাবোধকে জাগ্রত করার জন্যই এই বিল মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন। গণতন্ত্র সম্পর্কে যে কনসেপ্ট—ফর দি পিপল বাই দি পিপল, অব দি পিপল—আমরা যদি এদিকে তাকিয়ে দেখি, এই বিলের মধ্যে আমরা কি দেখছি? আমরা দেখছি, এখানে ঘোষিত হয়েছে, নির্বাচক মন্ডলীর সঙ্গে প্রতি বছর আলাপ-আলোচনা করা হবে। আমরা জানি যে পঞ্চায়েতে কাজ শুরু হয়েছে। মিউনিসিপ্যালিটির অভিজ্ঞতার নিরিখে মাননীয় মন্ত্রী মহাশয় উপলব্ধি করেছেন বলেই এই বিল তিনি এনেছেন। এখানে বরো কমিটি প্রতি বছরই আলাপ আলোচনা করবেন, আলোচনা করবেন নির্বাচক মন্ডলীর সঙ্গে। আর্থিক বিষয়ে আলোচনা হবে, প্রশাসনিক বিষয়ে আলোচনা হবে। নির্বাচক মন্ডলীর প্রতি আস্থাশীলতা ঘোষিত হয়েছে। তাঁরা যে বক্তব্য রাখবেন, যে সুপারিশ রাখবেন তা বিবেচিত হবে এবং কাগজে নথীভুক্ত করার জন্য প্রয়োজনীয় মতামতকে গ্রহণ করার যে মানসিকতা আমাদের সরকারের আছে, মাননীয় মন্ত্রী অশোক ভট্টাচার্য মহাশয় সেজন্য এটা রেখেছেন। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি তাঁর এই সুদৃঢ় গণতন্ত্রের প্রতি আস্থাশীল পদক্ষেপ নেওয়ার জন্য। এই প্রসঙ্গে আমি এইকথা বলতে চাই যে, এখানে মাননীয় বিরোধী দলের সদস্যরা স্বায়ত্তশাসন সম্পর্কে দুশ্চিন্তা পোষণ করেছেন যে এর দ্বারা রাজ্য সরকারের হাতে ক্ষমতা বেশি বেড়ে যাবে। স্বায়ত্তশাসনের ক্ষেত্রে সরকারের তত্ত্বাবধান থাকা তো ভাল, তাদের হাতে অধিকার কিছু দেওয়া হচ্ছে। অতীতে এইরকম প্রশাসনিক ক্ষেত্রে অধিকার দেওয়া হয়েছে নজির দেখা গেছে? এটা নিশ্চয় আলাপ-আলোচনার বিষয় রাখে। আমি এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি চন্দননগর মিউনিসিপ্যালিটি সম্পর্কে। অতীতের ইতিহাস সামনে রাখলে জানা যাবে যে অতীতে ফরাসী অধীনস্থ যেসব মিউনিসিপ্যালিটি ছিল তারা বিশেষ অধিকার ভোগ করত। সেই সময়ে যে শিক্ষা দপ্তর ছিল এবং শিক্ষা আধিকারিক ছিল তার অধীনে ১৭টি স্কুল ছিল। চন্দননগর মিউনিসিপ্যালিটির অধীনে প্রাথমিক ও মাধ্যমিক ওই নির্দিষ্ট স্কুলগুলো পরিচালিত হত। পরবর্তী সময়ে সেই অধিকার কেড়ে নেওয়া হয় এবং এর জন্য বিরাট বিক্ষোভ হয়েছিল। আমরা তখনকার ইতিহাস জানি। সেই সময়ে নির্বাচনে অংশগ্রহণ করার থেকে চন্দননগরের মানুষেরা বিরত থাকে। তারা নির্বাচন স্তব্ধ রাখেন। এরফলে ওখানে কমিশন গঠিত হয়েছিল। সমস্ত দলের পক্ষ থেকে ওই ঝাঁ কমিশনের সামনে উপস্থিত হয়ে তাদের পুরানো অধিকার ফিরে পেতে চায়। ঝাঁ কমিশনের পক্ষ থেকেও তাদের এই দাবির পক্ষে রায় দেন। সুতরাং আমি মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ রাখব যে, এই ব্যাপারে একটু দৃষ্টি দিন। চন্দননগরের মানুষ গণতন্ত্রের প্রতি আস্থাশীল, আপনি এই বিষয়টি সহৃদয়তার সঙ্গে দেখবেন এবং ব্যবস্থা গ্রহণ করবেন। সেই সঙ্গে সঙ্গে অশোক ভট্টাচার্য মহাশয় কর্তৃক আনীত যে বিলটি এসেছে তাতে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলটি যে এসেছে দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন লজ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪, অ্যাজ সেটেলড ইন দি অ্যাসেম্বলি, প্রথমে এই বিলটি আলোচনা করার মধ্যে দিয়ে টেকনিক্যাল একটি বিষয়

আপনার সামনে উপস্থিত করছি। আপনি রুলিং দেবেন তার উপরে বক্তব্য রাখব। স্যার আপনি জানেন যে বিলের যে একটি অংশ থাকে তারমধ্যে ফিনান্সিয়াল মেমোরান্ডাম হচ্ছে একটা অংশ। আপনি যদি বিল নং ১১ দেখেন, তাহলে দেখতে পাবেন যে তাতে বলা আছে দি অ্যামেন্ডমেন্ট বিল ডাজ নট কজ অ্যাডিশনাল ফিনান্সিয়াল রেসপনসিবিলিটি অন এক্সচেকার। কিন্তু এই বিলটা দেখুন, এই বিলে হচ্ছে দিজ অ্যামেন্ডমেন্টস উইল হ্যাভ ইমিডিয়েট ফিনান্সিয়াল ইমপ্লিকেশন অন দিজ স্টেট এক্সচেকার। এই ইমিডিয়েট মানেটা কি— মাস, দু মাস, ৩ মাস, ৪ মাস, দেড় বছর অর্থাৎ একটা ভেক কথা, একটা হাই ইরিগুলারেটিজ হয়েছে। সুতরাং 'ইমিডিয়েট' ফিনান্সিয়াল ইমপ্লিকেশন হবে না, এটা পরিষ্কার করে বলতে হবে। তারপরে দ্বিতীয় নং হচ্ছে যে, স্টেট এক্সচেকার বলতে কি বোঝায়—সে গভর্নমেন্টের টাকা নয়? তাহলে টাকাটা কোথা থেকে আসবে? সেটা অন্য কোনও পিয়ারলেস থেকে না কি অন্য কোনও সংস্থার থেকে সেটা বোঝাতে হবে এবং এই ব্যাপারে রুলিং দিতে হবে। আমরা কখনই পি এ সিতে এই ধরনের ল্যাঙ্গুয়েজ মেনে নিই না। আমি দুটি বিষয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়ের রুলিং চাই, তার একটা হচ্ছে 'ইমিডিয়েট' এই কথাটির মানে টা কি? (২) 'স্টেট এক্সচেকার নয়, তাহলে টাকাটা কোথা থেকে আসবে? এই ব্যাপারে আপনার রুলিং চাই। আপনি রুলিং দিতে পারেন অথবা মাননীয় মন্ত্রী মহাশয়ও রুলিং দিতে পারেন।

[3-50—4-00 p.m.]

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি বলুন মিঃ ভট্টাচার্য।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** আমাদের বিলে পরিষ্কারভাবে বলা হয়েছে ইমিডিয়েট বলতে এই মুহূর্তে কোনও আর্থিক দায়িত্ব নেই।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মিঃ ভট্টাচার্য আপনার অজ্ঞতার জন্য আমি দায়ী নই, আপনি অফিসারদের জিজ্ঞাসা করুন হোয়াট ইজ মিন্ট বাই ইমিডিয়েট। এর মানে কি আজ, কাল পরশু, ২দিন, ১০ দিন ২ বছর; এই ভেক কথাটার অর্থ হয় না। যে কোনও অর্থনীতিবিদকে আপনি ডেকে জিজ্ঞাসা করুন। ইউ শুড নট মিসগাইড আস, এর জন্য আমি দায়ী নই। আর ২ নম্বর সম্বন্ধে বলুন, হোয়াট ডাজ ইট মিন বাই স্টেট এক্সচেকার অ্যান্ড আদার এক্সচেকার স্যার, আই ওয়ান্ট ইয়োর রুলিং। পাবলিক অ্যাকাউন্টস কমিটির যারা সদস্য রয়েছেন আপনি তাদেরকে জিজ্ঞাসা করুন, আমরা এই ধরনের শব্দ কোনও সময়ে গ্রহণ করি না। বিলে তিনটি মেজর পার্ট আছে, সেখানে এইভাবে লিখলে তো হবে না, এখানে বলতে হবে আমার কিছু বলার নেই, এই কথা বললে তো চলবে না। হয় আপনি বলে দেবেন, না হয় স্যার, বলে দেবেন। স্যার, এখানে কৃপাসিন্ধু সাহা আছেন, উনি দীর্ঘদিন ধরে সদস্য আছেন অনেকেই আছেন তাদেরকে জিজ্ঞাসা করুন, এই ধরনের শব্দ সম্পূর্ণ ভেগ টার্ন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ ভট্টাচার্য দেয়ার উইল বি নো ফিনান্সিয়াল ইমপ্লিকেশনস।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এখানে যে আইন আছে, সেই আইনের যে সংশোধনী সেটা আমরা উত্থাপন করেছি, তাতে এখানে আমাদের নতুন করে আর্থিক দায়িত্ব বহন করতে হচ্ছে না, এটা পরিষ্কার ভাবে ফিনান্সিয়াল মেমোরান্ডামে লেখা আছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপনি আইনবিদ, আপনি যদি একবার মেস পার্লামেন্টারি প্র্যাকটিসটা দেখেন কিংবা অফিসারদের জিজ্ঞাসা করেন ইমিডিয়েট বলতে কি বোঝাচ্ছে, টু ডে, টু মরো, ২ বছর, ১০ বছর হোয়াট ডাজ ইট মিন বাই ইমিডিয়েট?

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** এটা হচ্ছে কর্পোরেশন বিল, বহুদিন আগেই এটা পাস হয়ে গেছে। কর্পোরেশনের মূল যে অ্যাক্ট সেখানে ফিনান্সিয়াল ইমপ্লিকেশনের কথা বলা আছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আফটার অ্যামেন্ডমেন্ট যে নতুন করে বিল আনছেন, আমি জানি এতে অনেক সংযোজন আছে, সেখানে আপনি বলছেন ইমিডিয়েট টাকার দরকার নেই। আবার বলেছেন টাকার দরকার থাকতে পারে। কিন্তু স্টেট থেকে নয়, ব্যাপারটা বুঝুন, আমি দলমত নির্বিশেষে দেশের আইনের কথা বলছি। দরকার থাকতে পারে, কিন্তু সেটা স্টেট থেকে নাকি পিয়ারলেস থেকে, না অন্য কোনও সংস্থা থেকে, নাকি কেন্দ্রীয় সরকার থেকে, নাকি কাবুলিওয়ালা থেকে?

**Mr. Deputy Speaker :** From the statement of both sides, I have heard that a financial memorandum should contain in a Bill and it is an amendment to the Bill and particularly immediate means very soon, the Bill will not have any expenditure on it. It will be in future.

Immediate means very soon on expenditure will be incurred according to law. The financial statement must be incorporated to satisfy the legal position of the rules but regarding the word 'immediate'-whatever explanation he has given, we have accepted it.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, আপনি যদি রুলিং দেন তাহলে আমি কিছু বলব না। আরেকটা হচ্ছে বিল নম্বর ১১, সেখানে কিন্তু ইমিডিয়েট কথাটা লেখা নেই। সেখানে স্টেট গভর্নমেন্ট কথাটা লেখা আছে, সেটাও ভেগ। কৃপাসিন্ধু বাবু দীর্ঘদিন পাবলিক অ্যাকাউন্টস কমিটির মেম্বার, উনি দাঁড়িয়ে বলুন যে এটা ঠিক, তাহলে আমি মেনে নেব। This term and technology according to the parliamentary practice is right. এটা বাবার সম্পত্তি নয়, এটা আমরা কিছুতেই মানব না। সংখ্যাধিক্যের জোরে আপনারা সবকিছু করবেন, সেটা আমরা মানব না। বিল হচ্ছে একটা পার্ট। আপনি যে রকম কথা বলছেন সেটা পশুপাখীর কথা। উই শ্যাল গো টু দি কোর্ট। বিলের দুটো ভাষা। আপনার দলের পক্ষ থেকে

একজনকে উঠে বলতে বলুন এই ব্যাপারে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি তো আমার রুলিং দিয়েই দিয়েছি। I have already given my ruling.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** আপনি তো একটা ব্যাপারে রুলিং দিয়েছেন। আমি দুটো ব্যাপারে রুলিং চেয়েছি। ইমিডিয়েট এফেক্টের ব্যাপারে, আরেকটা চেয়েছি স্টেট এক্সচেকারের ব্যাপারে। Does it mean that there is no provision of the central Government?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** ইট শুড বি দি স্টেট এক্সচেকার, অন্য কোনও ফিনান্সিয়াল ইনস্টিটিউশন নয়।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, সব কিছুরই একটা সিস্টেম আছে। এই ভুলগুলো ধরিয়ে দিলে ভবিষ্যতে আমাদেরই ভালো হবে।

[4-00—4-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের সঙ্গে আগের বিলের অনেকগুলি ব্যাপারে আমি তারতম্য দেখছি। আমি প্রকৃতপক্ষে বিরোধিতাই করছি। কতকগুলি ক্ষমতা যেভাবে কেড়ে নিচ্ছেন এবং সংযোজন করছেন যাতে বেসিক কনসেপ্ট অব দি কর্পোরেশন—স্বায়ত্তশাসন মূলক প্রতিষ্ঠানের যে টোট্যাল কনসেপ্ট এবং তার যে দর্শন সেটা ক্ষুন্ন হয়েছে এবং ক্ষুন্ন হয়েছে বলেই আমি এটার প্রতিবাদ করছি। আমি আশা করছি, মন্ত্রী মহাশয় এটা কনসিডার করবেন। যেভাবে আপনারা একে আরও বেশি করায়ত্ব করার চেষ্টা করছেন, আরও বেশি সেন্ট্রালাইজড পাওয়ার করতে চাইছেন, স্টেট গভর্নমেন্টের হাতে ক্ষমতা নিতে চাইছেন সেটা স্বায়ত্তশাসনের পরিপন্থী। স্বায়ত্তশাসনের কনসেপ্ট হচ্ছে যে একে যতবেশি উদার করবেন ততই এর ভাল হবে এবং মানুষের স্বার্থ বেশি করে রক্ষিত হবে। বহুবার আদালতে ঠেকে যাবার পরও আপনারা নিজেদের নিয়ন্ত্রণে একে বেশি করে রাখতে চাইছেন। পাওয়ার অব স্টেট গভর্নমেন্ট টু কল ফর ডকুমেন্টস, যা ছিল না রিটার্নস অর ইনফরমেশন ফ্রম মেয়র অর এনি অফিসার অব কর্পোরেশন এইভাবে কি হিউজ ট্যাক্স নিজেদের কাঁধে নিয়ে নিলেন আপনারা বুঝতে পারছেন না। এই যে এতগুলি কর্পোরেশন নতুন নতুন করা হচ্ছে সেই কর্পোরেশনের এই সমস্ত অধিকারগুলি আপনারা নিয়ে নিলেন। আমি তো মনে করি ক্ষমতা যত বেশি বিকেন্দ্রীকরণ করা হবে ততই ভাল হবে। আমি শিলিগুড়িতে দুদিন ধরে ছিলাম। শিলিগুড়ির মানুষরা অনেকে বলেছেন যে আপনি নাকি ভাল কাজ করছেন। এটা শুনে ভাল লাগলো। এই শিলিগুড়ির ব্যাপারে আমি বলতে গিয়ে সেখানকার একটি জায়গার কথা বলব যার সঙ্গে কলকাতায় যে জিনিস করছেন তার মিল রয়েছে। মূল কলকাতায় আপনারা জানেন যে ১০০টি ওয়ার্ড ছিল। তারমধ্যে রাজনৈতিক দিক থেকে আপনার দল জানতেন যে এখানে স্বাধীনভাবে নির্বাচন হলে এবং এমন কি কিঞ্চিৎ পরিমাণে আপনারা জোচ্চুরি করলেও

কোনওদিন কর্পোরেশন দখল করতে পারবেন না। সেইজন্য আপনারা যা করলেন সেটা হচ্ছে একেবারে বিদ্যাধরীর ধার পর্যন্ত যেখানে রাস্তা পর্যন্ত নেই, পঞ্চায়েত এলাকা সেটাকে কলকাতার সঙ্গে যুক্ত করে ১৪১ টা ওয়ার্ড করলেন এবং এইভাবে কলকাতা কর্পোরেশন দখল করলেন। ঠিকই একই কায়দা শিলিগুড়ির ক্ষেত্রেও দেখছি। আমি কিন্তু কখনও বলিনি উনি কাজ করেন না। কিন্তু তা সত্ত্বেও শিলিগুড়ি প্রপারে আপনারা রাজনৈতিক এবং সামাজিক কারণে পরাজিত হবেন এই আশঙ্কায় আপনারা সেখানে জলপাইগুড়ি জেলার বিস্তৃর্ণ অংশ শিলিগুড়ির মধ্যে ঢুকিয়ে দিয়েছেন যা সংবিধান বহির্ভূত। এতেই প্রমাণিত হয় যে আপনারা রাজনৈতিক সংকীর্ণতা এবং ক্ষুদ্রতার দোষে দুষ্ট হয়ে এই কর্পোরেশনগুলি দখল করতে চাইছেন। প্রত্যেক জায়গাতে এই জিনিস করছেন। যদিও এই বিলে নেই কিন্তু আপনাদের দৃষ্টিভঙ্গিটা প্রমাণ করার জন্যই আমি কথাগুলি বলছি। এই তো নুঙ্গি, মহেশতলা মিউনিসিপ্যালিটি করছেন—এটা একটা অন্যতম দৃষ্টান্ত। সমস্ত একেবারে বাঁশ বাগান, রাস্তা নেই, আলো নেই, খানাখন্দে ভরা, মশার অত্যাচার, সমস্তটা গ্রাম এলাকা, কলকাতা থেকে একটু দূরে, এটাকে আপনারা নোটিফায়েড এরিয়া করলেন নিজেদের লোক দিয়ে, এখন মিউনিসিপ্যালিটি করতে চলেছেন। আউটরাইট পঞ্চায়েত এলাকা। কিসের জন্য করছেন? লোকসংখ্যার কারণ দেখিয়ে? শিলিগুড়ির কথায় আমি আবার ফিরে আসি। শিলিগুড়ির যে এলাকা থেকে আমাদের পার্টির প্রার্থী জিতলে তিনি মেয়র হবেন সেই এক নং ওয়ার্ডটা মহিলাদের জন্য করে দিলেন। জানেন যে সেখানে আমাদের যিনি জিতবেন তিনি মেয়র হবেন। এইভাবে রাজনীতি ঢুকিয়ে দেওয়া হচ্ছে। এই সমস্ত ব্যাপারগুলির জন্য মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনের মূল কনসেপ্টটা ধ্বংস হয়ে যাচ্ছে। চন্দননগরে কি অ্যামিনিটিস ছিল এবং এখন কি হয়েছে। এই একটা কর্পোরেশন যেখানে মাথায় মানুষের বিষ্ঠা নিয়ে লোককে যেতে হয়। তা সত্ত্বেও কর্পোরেশন বলবেন? শিলিগুড়ি সম্পর্কে আমি আগেও বলেছিলাম যে অবধি নিতে চলেছেন, সেখানে আবার খানিকটা ঘিসিং ঢুকতে চাইছে। অর্থাৎ ডুয়ার্সের খানিকটা সেই অঞ্চলটায় হাত দেননি, ছাড় রেখে দিয়েছেন। কবে সেটা ঘিসিং নেবে বলে। আমি আগেও বলেছি, এখনও বলছি ঐ আলাদা টেরিটোরি করবার জন্য ঘিসিং এর সঙ্গে উনি হাত মিলিয়েছেন। যার জন্য আমি বলেছিলাম পঞ্চায়েত ইলেকশন করবেন, করতে বাধ্য করুন। উনি বললেন এবং চীফ মিনিস্টার বললেন, হ্যাঁ পঞ্চায়েত ইলেকশন করতেই হবে। তারপর যেই হুমকি দিয়েছি, আজ পর্যন্ত পঞ্চায়েত ইলেকশন শুরু করেন নি। স্বায়ত্তশাসনের মাধ্যমে যদি একটা রাস্তা, একটা বাস স্ট্যান্ড, এই করার পর বাদ বাকি টোটাল ধারণা যদি কর্পোরেশনের শেষ করে দেন এবং ক্ষমতাটা যদি কুক্ষিগত করেন তাহলে তো ভয়ানক অবস্থা? মিউনিসিপ্যালিটি, কর্পোরেশনগুলো করছে কি? নতুন আইনগুলোর মধ্যে ঢুকিয়ে দিয়েছেন। আপনাদের সময় যে সমস্ত লোক নেওয়া হয়েছিল, সেই লোকগুলোকে তাড়ানো হবে না, আর আপনাদের সময়ে লোক নেবার পর যদি দুটো লোকও আমাদের সময়ে রিক্রুট হয় তাহলে তার সমস্ত টাকা বন্ধ করে দিচ্ছেন। দিয়ে ছিলেন বহরমপুরে, একটা বিরাশী শিক্কার চড় খেয়েছিলেন। আবার দিয়েছেন বজবজে, দিয়েছেন বাঁকুড়ায়, এমন চাপ সৃষ্টি করেছে যে বজবজ এবং বাঁকুড়ার চেয়ারম্যান কংগ্রেসের

তারা আমাদের কাছে পদত্যাগ পত্র পাঠিয়ে দিয়েছেন যে মিউনিসিপ্যালিটি আমরা চালাতে পারব না। আমাদের অর্থনৈতিক ব্লকেড করছে। কেন, আপনি মন্ত্রী, নবীন মিনিস্টার, আপনার কর্ম ক্ষমতা আছে, আপনার এই দৈন্যতা থাকবে কেন? কেন একটা উদারতা থাকবে না যে কংগ্রেস হোক, কমিউনিস্ট হোক, যারাই হোক, আপনারা সমান ভাবে বিচার করবেন? আজকে সেই মানসিকতা আপনার আমরা দেখতে পাচ্ছি না। চন্দননগরে এই জিনিস দেখছি, শিলিগুড়িতে এই জিনিস দেখছি, একটু বেশি ক্ষতিকারক দেখছি এবং তার সঙ্গে আমি আদার অ্যামেন্ডমেন্টগুলো সেইভাবে দেখতে পাচ্ছি। স্যার, এমপ্লয়িদের অ্যাপয়েন্টমেন্টের ক্ষেত্রে যে মিউনিসিপ্যাল অ্যাক্ট এর ৯২ ধারায় উনি আবার বলবৎ করতে চলেছেন, সেটাও কিন্তু শ্রমিক কর্মচারিদের স্বার্থের বিরুদ্ধে যাবে। আপনারা মুখে শ্রমিক কর্মচারিদের কথা বলবেন, আর আসলে শ্রমিক কর্মচারিদের বিরুদ্ধে কাজ করে যাবেন, এই জিনিস বরদাস্ত করা যায় না। আমরা যেটা দাবি করি যে যারা মিউনিসিপ্যালিটির নির্বাচিত প্রতিনিধি নিয়োগ এবং ছাঁটাই দুটোই অধিকার তাদের সম্পূর্ণভাবে দিতে হবে। আপনারা একটা সিস্টেম করে দিতে পারেন, সেটা নীতি ভিত্তিক, যে এত লোক থাকলে এত নিয়োগ হবে। আপনারা তো সমান ভাবে সেই রকম কোনও নীতি নির্ধারণ করেননি। যেখানে আপনাদের লোক, সেখানে এক রকম আইন, সেখানে এক রকম নীতি, যেখানে আপনাদের লোক নেই, সেখানে আর এক রকম আইন আর এক রকম নীতি। স্বভাবতই আমি এই বিলটা সাধারণ ভাবে অনেক কিছুই একই প্রভিসন আছে যেগুলো আমি খুব মনে করি না যে নতুন করে আনবার কথা ছিল, সামান্য পরিবর্তন করেছেন, কিন্তু কতকগুলো জিনিস যে কুক্ষিগত ব্যাপার, আর রাজনৈতিক দিক থেকে ঐ অন্য জেলার এলাকা নিয়ে মেয়রশিপটাকে আদায় করে নেবার যে প্রবণতা এর আমি তীব্র প্রতিবাদ করছি এবং আমি মনে করি এই বিলটা আইন সম্মত, যেমন বিধি সম্মত হয় নি, তেমনি নীতি গত দিক থেকে এটা সম্পূর্ণ হয়নি। নীতি এবং আইনের অসম্পূর্ণতা থাকার জন্য আমি বিরোধিতা করছি এবং প্রত্যাহার করে নতুন করে একটা বিল আনার জন্য আমি উনার কাছে অনুরোধ জানাচ্ছি।

[4-10—4-20 p.m.]

**শ্রী নির্মল দাস :** স্যার, আমি প্রথমেই মাননীয় মন্ত্রী মহোদয় যে, দি ওয়েস্ট বেঙ্গল মিউনিসিপ্যাল কর্পোরেশন লজ (সেকেন্ড অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪, এখানে এনেছেন তাকে সমর্থন করছি। আমরা জানি আজকের আধুনিক সভ্যতা ধীরে ধীরে নগর উন্নয়নের দিকে এগোচ্ছে। নগর উন্নয়নই যেন আধুনিক সভ্যতা, এরকম একটা কনসেপ্ট গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে। আমাদের রাজ্যে কলকাতার এবং হাওড়ার পরে শিলিগুড়ি, চন্দননগর এবং আসানসোলকে কর্পোরেশনে উন্নীত করা হয়েছে। এই নতুন কর্পোরেশন এলাকাগুলিতে মানুষের নাগরিক স্বাচ্ছন্দ বাড়াবার জন্য রাজ্য সরকার টাইম টু টাইম কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করছেন। শিলিগুড়ি কর্পোরেশন সম্পর্কে সুব্রতবাবু এবং সৌগতবাবু কিছু আশঙ্কা প্রকাশ করলেন। কিন্তু আমার মনে হয় আশঙ্কার কোনও কারণ নেই। আশঙ্কার কারণ থাকত যদি এরাজ্যে

কংগ্রেস শাসন-ক্ষমতায় থাকত। আমরা বিগত ১৭ বছর আগে দেখেছি এরাজ্যে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলির কোনও নির্বাচন হত না। কারণ ওঁরা জনগণের রায় নিতে ভয় পেতেন। আজকে কর্পোরেশন এবং মিউনিসিপ্যালিটিগুলিতে যাই হোক না কেন, তাঁরা যে কাজই করুন না কেন তাঁদের জনগণের আদালতে জবাবদিহি করতে হয়। সুতরাং শিলিগুড়ি কর্পোরেশনকেও তাই করতে হবে। জনগণের রায় নিয়েই কর্পোরেশনের বোর্ড গঠিত হবে, এটাই হচ্ছে কর্পোরেশন পরিচালনার সব চেয়ে বড় দিক। স্যার, কিছু দিন আগে পর্যন্ত শিলিগুড়ি ছিল একটা গণ্ড-গ্রাম, সেটা আজকে কর্পোরেশনে উন্নীত হয়েছে। ভাল কথা। কিন্তু তার জিওগ্রাফিক্যাল পরিধি এবং অবস্থান অত্যন্ত কম। সেই জন্য প্রয়োজনে জলপাইগুড়ি জেলার একটা অংশকে শিলিগুড়ি কর্পোরেশনের মধ্যে নিয়ে নেওয়া হয়েছে। আমি জলপাইগুড়ি জেলার প্রতিনিধি, আমি জানি এটা নিয়ে ওখানে একটা আন্দোলন চলছে। যেমন কলকাতা হাই কোর্টের সার্কিট বেঞ্চ নিয়ে আন্দোলন চলছে তেমন এটা নিয়েও আন্দোলন চলছে। সুতরাং আমি এবিষয়ে মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব যে, যাঁর ওখানে এটা নিয়ে আন্দোলন করছেন তাঁদের সাথে বসে আলোচনা করে তিনি ব্যাপারটা মিটিয়ে নিন। এটা খুবই দরকার। আমরা জানি জলপাইগুড়ি ও শিলিগুড়ি পরস্পর পরস্পরের পরিপূরক। জলপাইগুড়ির উন্নয়ন যেমন শিলিগুড়ির উন্নয়ন তেমন শিলিগুড়ির উন্নয়নও জলপাইগুড়ির উন্নয়ন। মানুষকে আজকে এটা বোঝাতে হবে। এই জায়গায় পৌঁছতে পারলেই প্রকৃতপক্ষে যে উদ্যোগ আজকে নেওয়া হচ্ছে তা নিশ্চিতভাবে সাফল্যলাভ করবে। একটা জিনিস মনে রাখতে হবে যে, আজকে মানুষের মধ্যে একটা ধারণার সৃষ্টি হয়েছে—কর্পোরেশন মানেই সুযোগ সুবিধা বেশি এবং মিউনিসিপ্যালিটির মধ্যে যাঁরা থাকেন তাঁদের বিভিন্ন নাগরিক সুযোগ সুবিধা এই ধরনের একটা মানসিকতা ইতিমধ্যেই ওখানেও গড়ে তোলার চেষ্টা হয়েছে বা গড়ে উঠেছে। এটা একটা বিপদজনক দিক। এর সাথে আবার আমাদের রাজ্যে রাজ্য সরকার মেগা-সিটি প্রকল্প গ্রহণ করেছেন, কেন্দ্রীয় সরকার তা অনুমোদন করেছে। এই প্রসঙ্গে আমার বক্তব্য হচ্ছে—আমরা যেমন মেগাসিটি প্রকল্প চাই তেমনই গ্রামাঞ্চলে যাঁরা থাকেন তাঁদের জন্যও নাগরিক সুযোগ সুবিধা চাই। আমরা আশা করব সরকার নিশ্চয়ই এটা ভেবে দেখবেন। কর্পোরেশন এলাকার মানুষরা, মিউনিসিপ্যাল এলাকার মানুষরা এবং গ্রামাঞ্চলের বসবাসকারী মানুষরা যেন সমানভাবে ন্যূনতম নাগরিক সুযোগ সুবিধা পেতে পারেন সেটা আমাদের অবশ্যই দেখতে হবে। মেগা-সিটি থেকে শুরু করে গ্রামাঞ্চলের নাগরিকদের মধ্যে ন্যূনতম সুযোগ সুবিধার ক্ষেত্রে যেন কোনওরকম ডিসক্রিমিনেশন না হয়—এটাই আজকে বড় করে দেখা দরকার। আমাদের যা কিছু সম্পদ তা যেন নির্দিষ্ট কয়েকটি এলাকার মধ্যেই সীমাবদ্ধ হয়ে না পড়ে। শিলিগুড়ি মিউনিসিপ্যাল কর্পোরেশনে উন্নীত হবার সাথে সাথে সেখানে ৩০ কোটি টাকা খরচ করে জল সরবরাহের ব্যবস্থা হয়েছে। খুবই আনন্দের কথা। কিন্তু উত্তর বাংলার বিস্তীর্ণ অঞ্চলে আরও কিছু মিউনিসিপ্যাল এলাকা আছে—যেমন জয়গাঁ। স্বাধীনতার ৪৭ বছর পরেও আমরা জয়গাঁয় কোনও ওয়াটার রিসোর্স সৃষ্টি করতে পারলাম না। সেখানে বিগত বন্যার সময় এক মাস ধরে আলিপুর-দুয়ার শহর থেকে জল নিয়ে যেতে

হয়েছিল। এটা মোটেই আনন্দের কথা নয়, ব্যর্থতার কথা। সুতরাং আমাদের তরুণ পৌর-মন্ত্রী এবং তরুন জল সরবরাহ মন্ত্রী মহোদয়দের অনুরোধ করব—এটা তাঁরা একটু দেখুন। এটা দেখা দরকার। আজকে মানুষের মধ্যে একটা ক্ষোভ এবং ধারণার সৃষ্টি হয়েছে যে, কয়েকটি নির্দিষ্ট এলাকার উন্নয়নের দিকেই কেবল দৃষ্টি দেওয়া হচ্ছে। সেখানে আজকে মিউনিসিপ্যাল কর্পোরেশন বা আমাদের যে পৌর এলাকা সেই পৌর এলাকা বা মিউনিসিপ্যাল কর্পোরেশন যখন কর্পোরেশন হল, কিছু কিছু এলাকা আগে থেকেই শিলিগুড়ি, চন্দননগর এবং আসানসোল পৌরসভায় সীমাবদ্ধ ছিল, কিন্তু কর্পোরেশন যখন করা হচ্ছে তখন তার বিস্তার ঘটছে। এখন এই বিস্তৃত এলাকায় আগের যে উন্নত এলাকা তার সমান জায়গায় নেওয়ার যে পরিকল্পনা সেটা করতে হবে। প্রয়োজন হলে উন্নত এলাকায় কিছু কম অ্যাটেনশন দিয়ে অনুন্নত এলাকায় বেশি অ্যাটেনশন দিতে হবে। নিশ্চিতভাবেই গণতান্ত্রিক যে ধ্যান-ধারণা পশ্চিমবঙ্গ সরকারের আছে সেই ধ্যান-ধারণা অনুযায়ী পৌরসভার যারা নির্বাচকমন্ডলী, ভোটার, যারা নাগরিক তাদের যা সুপারিশ, তাদের যা অভিমত তাকে বেশি করে মূল্য দিতে হবে। এটাই আমাদের কনসেপ্ট যেটা কংগ্রেসিরা করে না। সেটা করার চেষ্টা করা হচ্ছে বলে ওদের এত গাত্রদাহ। আজকে যে অ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন কেন্দ্রীয় সরকার, যে অ্যামেন্ডমেন্টের কথা এখানে বলা হচ্ছে তার কনসেপ্ট ফ্রম ওয়েস্ট বেঙ্গল। আজকে পশ্চিমবাংলায় যে পঞ্চায়েতি ব্যবস্থা, যে মিউনিসিপ্যাল ব্যবস্থা সেই ব্যবস্থার দিকেই ওরা যাচ্ছেন এবং এখানকার এই ব্যবস্থাপনাকে ওরা প্রশংসা করেছেন। চন্দননগর হচ্ছে ঐতিহ্যশালী নগর। একটা সময়ে ব্রিটিশ সাম্রাজ্যবাদীরা আমাদের দেশ শাসন করেছিল। আর চন্দননগর ছিল ফরাসীদের হাতে। তারা ঐ চন্দননগরে তাদের মত করে, তাদের কৃষ্টি, তাদের সংস্কৃতি অনুযায়ী কাজকর্ম করেছিলেন। উত্তরাধিকারসূত্রে চন্দননগর আগেকার সেই সমস্ত জিনিসগুলি ভোগ করতেন। এখন তারা সেটা পেতে চাচ্ছেন। রাজ্য সরকার চন্দননগরের মানুষের এই বিশেষ ব্যবস্থার কথা মনে রেখে যাকে বলে ইমোশন তার যথাযথ মূল্য দিয়ে যে সমস্ত সুযোগসুবিধা তারা পেয়ে থাকেন তা নিশ্চিত করতে হবে। শুধু তাই নয়, আজকে অর্থ বরাদ্দের ক্ষেত্রে আমরা লক্ষ্য করছি, আজকে রেভেনিউ সংগ্রহ এবং নাগরিকদের রেভেনিউ প্রদানের ব্যাপারে মোটিভেশন তৈরি করতে হবে। নাগরিকদের নগর উন্নয়নের ক্ষেত্রে একটা ভূমিকা আছে। নগর মানে মেয়র, ডেপুটি মেয়র বোরো কমিটির যারা সদস্য, মেয়র ইন কাউন্সিল তাদের নগর নয়, সাধারণ মানুষের মধ্যে সেই কনসেপ্ট আনতে গেলে দরকার হচ্ছে মোটিভেশন। দৃষ্টিভঙ্গি অত্যন্ত প্রসারিত রেখে সামগ্রিক উন্নয়নের কথা মাথায় রাখতে হবে। আজকে যে বিল আনা হয়েছে সেই বিল গৃহীত হলে উপকৃত হবেন পশ্চিমবাংলার নাগরিকরা—কি শিলিগুড়ি পৌরসভা, কি চন্দননগর পৌরসভা, কি আসানসোল পৌরসভার মানুষ উপকৃত হবেন। এই কথা বলে এই বিলকে সমর্থন জানিয়ে এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ পৌর নিগম যে সংশোধনী

বিল এখানে উপস্থাপন করা হয়েছে সেই বিলকে যাঁরা সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু খুব আশ্চর্য লাগছে, কংগ্রেসদলের একজন মাননীয় সদস্য তিনি এই বিলটিকে সমর্থন করলেন কিন্তু আর একজন মাননীয় সদস্য কিছু প্রতিবাদ করে, কিছু হাওয়া গরম করে এই সভাকক্ষ ত্যাগ করে চলে গেলেন। সুতরাং তাঁরা কি চাচ্ছেন তা আমি জানি না। শিলিগুড়ি, আসানসোল পৌর কর্পোরেশন এই বিলটা হয়েছিল ১৯৯০ সালে। তারপর একটা সিলেক্ট কমিটি তৈরি করা হয়েছিল, তাতে কংগ্রেস দলের সদস্যরা ছিলেন এবং তারপর সেই বিলটি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়েছিল। দিল্লিতে দীর্ঘদিন পড়ে থাকার পর আমরা ১৯৯৩ সালের সেপ্টেম্বর মাসে রাষ্ট্রপতির সম্মতি পেয়েছি এবং এই বছর কার্যকর হয়েছে, কর্পোরেশন দুটি গঠিত হয়েছে। কর্পোরেশনের কথা বলতে গিয়ে কি বললেন?

[4-20—4-30 p.m.]

কার্যত পৌর কর্পোরেশন এই কথার পরিপ্রেক্ষিতটা কি, উদ্দেশ্যটা কি সেটাই তো বুঝতে পারলেন না। প্রথমতঃ শিলিগুড়ি, আসানসোল অঞ্চলের বাইরেও এই দুটি শহর দ্রুত গতিতে বেড়ে চলেছে। প্রথমতঃ শিলিগুড়ির বাইরের এলাকা যেখানে প্রতি বর্গ কিলোমিটারে ১৩ হাজার মানুষ বসবাস করছিল এই পৌর কর্পোরেশন গঠিত হবার আগে পর্যন্ত। একইভাবে শিলিগুড়ি এবং আসানসোল শহরকে কেন্দ্র করে আশে পাশে বিরাট শহর ছড়িয়ে পড়ল। শহর এবং শহরতলির মধ্যে কোনও ফাঁক ছিল না। এই অবস্থায় দাঁড়িয়ে শিলিগুড়ির বাইরের এলাকার নাগরিক পরিষেবাগুলিকে যদি সুচারু ভাবে, বৈজ্ঞানিকভাবে চালাতে হয় তাহলে আমাদের কি করতে হবে, আমাদের এ সম্পর্কে কিছু ভাবতে হবে। তাই শুধু শিলিগুড়ি, আসানসোল পৌর এলাকাকে নিয়ে নয়, আশে পাশের এলাকা নিয়েও একটু সার্বিক চিন্তা করার দরকার যাতে সেখানে পানীয় জল, জল নিকাশি এবং রাস্তাঘাটের ক্ষেত্রে কোনও কিছু করা সম্ভব নয়, তাই প্রত্যন্ত শিলিগুড়ি এবং আসানসোল এলাকাকে ভিত্তি করে সার্বিক উন্নয়ন পরিকল্পনা করতে না পারলে খুবই অসুবিধা দেখা দিয়েছিল, সেজন্য পৌর কর্পোরেশন গঠন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছিল এবং শুধু তাই নয়, শিলিগুড়ি, আসানসোল শহর দুটি যে রকম বাড়ছিল, তার আশে পাশের এলাকাতে দেখুন সেখানে ১৯৭১ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত এই দুই দশকে জনসংখ্যা ১০০ ভাগ বৃদ্ধি পেয়েছে। পশ্চিমবঙ্গে কোনও এলাকায় এই হারে বৃদ্ধি পায় নি, এমন কি ভারতবর্ষেও খুব কম শহরে এই হারে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে। পরবর্তী প্রশ্ন হল এই দুটি শহরে পৌর কর্পোরেশন করা হয়েছে তার সাথে সাথে জলপাইগুড়ি জেলার একটি অংশ কেন আনা হল? এটা নাকি ভোটে জেতবার জন্য এবং মাননীয় সুব্রত বাবু বললেন যদি মূল শিলিগুড়ি পৌর এলাকায় ভোট হয় তাহলে বামফ্রন্ট হেরে যেতে পারে। কংগ্রেসকে শিক্ষা দেবার জন্য এটা করা হয়েছে। আমি বলতে চাই গত ১৯৮৮ সালে শিলিগুড়ি পৌর সভায় ভোট হয়েছিল, তাতে কংগ্রেস দুটি, বামফ্রন্ট ২৪টি, বাকি নির্দল ইত্যাদি আসন পেয়েছিলেন, আসানসোল পৌর সভার ভোটে বামফ্রন্ট ২৩টি, কংগ্রেস ৭টি আসন লাভ করেছিলেন। এই অধিবেশনে দাঁড়িয়ে এই কথা

বলতে চাই যে এবারে যদি নির্বাচন হয়—সরকার ভেঙ্গে দিয়ে নির্বাচন করা হোক—এই কথা বলতে শোনা যায়। নির্বাচনে এত ভয় কেন? আমরা বলছি নির্বাচন দরকার, আমরা সাংবিধানিকভাবে নির্বাচন করতে দায় বদ্ধ। ৫ বছর অন্তর নির্বাচন হোক, আমরা এটা চাই। ৭৩ তম সংবিধান সংশোধন করতে আমরা বার বার বলেছিলাম নির্বাচনের বিষয় যুক্ত করার কোনও প্রয়োজন ছিল না, এক বছর পিছিয়ে দেওয়া যেত এক বছরে এই আইনে মনোনীত পৌর বোর্ড ৫ বছরের শেষ সময় নিয়ে কোনও পৌর বোর্ডকে ৩১শে মে'র পরে রাখার কথা এই সংবিধান সংশোধনীতে নেই। যাতে রাখা না যায় সেজন্য এই সংবিধান সংশোধনী আনা হয়েছে। একটা অ-সাংবিধানিক মনোনীত বোর্ড রাখতে চাই না। জনগণের দরবারে আপনারাও যান, আমরাও যাই, সেখানে মীমাংসা হয়ে যাবে। আসন সংরক্ষণের প্রশ্ন এসেছে, ৭৩ তম সংবিধান সংশোধনী আসার আগে আমরাই পশ্চিমবঙ্গে আসন সংরক্ষণের ব্যবস্থা করেছিলাম। সেটা এই আইনেই আছে। মহিলাদের জন্য ৫টি আসন সংরক্ষিত আছে, দুটি এস.সি. ১টি এস.টি. তফসিলি উপজাতির জন্য সংরক্ষিত আছে। আসন সংরক্ষণের ব্যবস্থা তো এখানে আছে, নেই তা তো নয়। আমরা চাই, পরে যখন নির্বাচন হবে আবার সংবিধান সংশোধন হবে, ৭৪ তম সংবিধান সংশোধন করতে হবে। এই ভাবনা চিন্তা আমাদের করতে হবে, সংরক্ষণ হলেও আমাদেরও কোনও ভয় নেই, না করা হলেও কোনও ভয় নেই। আমাদের নির্বাচন অথরিটির মাধ্যমে ভোট করতে কোনও ভয় নেই। লোকাল সেল্ফ গভর্নমেন্টের কথা হয়েছে, কিন্তু এই স্বায়ত্ত শাসনের যে ধারণাটা এটা প্রকৃতপক্ষে দিয়েছে পশ্চিমবঙ্গ পঞ্চায়েত এবং পৌরসভাগুলির ক্ষেত্রে। ভারতবর্ষের বেশিরভাগ রাজ্যে কি পৌরসভার নির্বাচন হয়? সেখানেও তো পৌর আইন আছে। আমার কথা নয়, শীলা কাউল এবং রাজীব গান্ধীর কথা এটা। রাজ্যগুলি চালাচ্ছেন কারা? সবগুলিই কংগ্রেস শাসিত রাজ্য। আমরা আইন করেছি, কিন্তু আমরা নিয়ন্ত্রণ করতে চাই না। এতে ডাইরেকটোরেট অফ লোকাল সেল্ফ গভর্নমেন্ট, ইনস্টিটিউট অফ সেল্ফ গভর্নমেন্ট, মিউনিসিপাল ইঞ্জিনিয়ারিং ডাইরেকটোরেট ইত্যাদির যে ব্যবস্থা রাখা হয়েছে সেক্ষেত্রে বলেছি যে, তারা পৌরসভাগুলিকে কারিগরিভাবে এবং প্রশাসনিকভাবে ট্রেনিং দিয়ে অ্যাসিস্ট করবে। ক্ষমতাকে নিয়ন্ত্রণ করবার নীতি আমাদের নেই, তাই ভারতবর্ষের মধ্যে প্রথম আমরা আসানসোল এবং শিলিগুড়ি কর্পোরেশন ওয়ার্ড কমিটির ব্যবস্থা রেখেছি। এই ওয়ার্ড কমিটির প্রপোজাল ৭৪ সংবিধান সংশোধনীর মধ্যে রাখা হয়েছে। সেখানে ওয়ার্ড কমিটির প্রভিসন ঐ দুটো কর্পোরেশনের ক্ষেত্রে প্রথম রেখেছি। সেখানে বলা হয়েছে যে, পঞ্চায়েতের মতো দুটি ওয়ার্ড কমিটি থাকবে এবং হিসাবের বিবরণ নির্বাচিত প্রতিনিধিরা জনগণের কাছে রাখবেন, কারণ জনগণের কাছে যেতে আমাদের নেই, তাদের যুক্ত করে নিয়েই আমরা চলতে চাই। বিকেন্দ্রীকরণের যে নীতি আমাদের আছে সেই দৃষ্টিভঙ্গি থেকেই আমরা কর্পোরেশন দুটি গঠন করেছি, নতুন পৌরসভা গঠন করেছি, পৌর আইন সংশোধন করে নতুন আইন তৈরি করেছি। এছাড়া কয়েকজন সদস্য বলেছেন যে, এতে ইলেকশন কমিশন এবং মিউনিসিপ্যাল ফিনান্স কমিশনের কথা রয়েছে। সেটা থাকবেই তো, কারণ কিভাবে আরও বেশি নগরায়নের ব্যবস্থা করা যায় সেটা ভাবতে হবে। শুধু কলকাতাকে

কেন্দ্র করে উন্নয়ন নয়; কলকাতাকে অবশ্যই গুরুত্ব দিতে হবে, কিন্তু সঙ্গে সঙ্গে ছোট-বড় শহরগুলিকেও বাঁচাবার চেষ্টা করতে হবে। সেই দৃষ্টিভঙ্গি থেকেই আমরা যেভাবে মেগাসিটি প্রকল্প করছি, পৌর শহরগুলিকে নিয়েও ঐ রকম চিন্তা-ভাবনা আমাদের রয়েছে, সেদিকেই আমরা এগিয়ে যাচ্ছি। এই কথা বলে এই বিলের সমর্থন আশা করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Ashok Bhattacharya that the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994, be taken into consideration was then put and agreed to.

**Clause 1**

The question that clause 1 do stand part of the Bill was then put and agreed to.

[4-30—4-40 p.m.]

**Clause 2**

**Mr. Deputy Speaker :** There is one amendment to clause 2 of Shri Lakshmi Kanta Dey. It is in order. I now request Shri Laksmi Kanta Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 2,

(1) in sub-clause (3), in proposed section 5A,—

(a) in sub-section (1),—

(i) for the words "who is elected or appointed to be a councillor," the words "who is elected to be a Councillor or Alderman" be substituted;

(ii) for the words "having been elected/appointed a Councillor", the words "having been elected a Councillor/Alderman" be substituted;

(b) in sub-section (2), for the words "a Councillor", the words "a Councillor or Alderman", be substituted;

(c) in sub-section (3),—

(i) for the words "Any Councillor", the words "any Councillor or Alderman" be substituted;

(ii) for the words "under may consideration," the words "under my consideration" be substituted;

(2) in sub-clause (9), in the proposed Chapter XXA,—

(a) in section 263B,—

(i) in sub-section (2), for the word "Mayor" the words "Chief Executive Officer" be substituted;

(ii) in sub-section (3), for the word "Mayor," the words "Chief Executive Officer" be substituted;

(b) in section 263C,—

(i) in the marginal note, for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(ii) in clause (a), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(iii) in clause (b), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(c) in section 263I, in sub-section (1), for the word "Services" the word "services" be substituted;

(d) in section 263K, for the words "may appoint," the words "may, in consultation with the Mayor, appoint," be substituted;

(e) in section 263M, in sub-section (2), for the words "Commissioners of", the words "Commissioners" or be substituted,

(3) in sub-clause (11), in the proposed section 284, in sub-section (2), in clause (a), for the words "Shall, the date of commencement of this Act," the words "shall, at the date of commencement of this Act," be substituted.

**Shri Ashok Bhattacharya :** Sir, I accept it.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no.2) was then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill.

was then put and agreed to.

**Clause 3**

**Mr. Deputy Speaker :** There is one amendment to clause 3 of Shri Lakshmi Kanta Dey. It is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in clause 3,

(1) in sub-clause (3), in the proposed section 5A,—

(a) in sub-section (1),—

(i) for the words "who is elected or appointed to be a councillor", the words "who is elected to be a Councillor or Alderman" be substituted;

(ii) for the words "having been elected/appointed a Councillor", the words "having been elected a Councillor/Alderman" be substituted;

(b) in sub-section (2), for the words "a Councillor," the words "a Councillor or Alderman", be substituted;

(c) in sub-section (3), after the words "any Councillor", the words "or Alderman" be inserted;

(2) in sub-clause (9) in the proposed chapter XXA,—

(a) in section 263A, in sub-section (3), for the word "Jurisdictions", the word "Jurisdiction", be substituted;

(b) in section 263B,—

(i) in sub-section (2), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(ii) in sub-section (3), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(c) in section 263C,—

(i) in the marginal note, for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(ii) in clause (a) for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(iii) in clause (b), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(d) in section 263D, for the words "and ull registers", the words "and all registers" be substituted;

(e) in section 2631, in sub-section (1), for the word "Services", the word "services" be substituted;

(f) in section 263J, in sub-section (2), for the word "date", the word "data" be substituted;

(g) in section 263K, for the words "may appoint", the words "may, in consultation with the Mayor, appoint", be substituted;

(h) in section 263M,—

(i) in sub-section (1), for the word "Siliguri", the word "Asansol" be substituted;

(ii) in sub-section (2),—

(A) for the words "Board of the Commissioners", the words "Board of Commissioners" be substituted;

(B) for the word "Siliguri", the word "Asansol" be substituted;

(C) for the word "constituted or", the word "constituted or" be substituted;

**Shri Ashok Bhattacharya** : I accept it.

The motion of Shri Laksmi Kanta Dey (amendment no.3) was then put and agreed to.

The question that clause 3, as amended, do stand part of the Bill was then put and agreed to.

**Clause 4**

**Mr. Deputy Speaker** : There is one amendment to clause 4. of

Shri Lakshmi Kanta Dey. It is in order. I now request Shri Dey to move his amendment.

**Shri Lakshmi Kanta Dey** : Sir, I beg to move that in clause 4,

(1) in sub-clause (3), in the proposed section 5A,—

(a) in sub-section (1),—

(i) for the words "who is elected or appointed to be a Councillor", the words "who is elected to be a Councillor or Alderman" be substituted;

(ii) for the words "having been elected/appointed a Councillor", the words "having been elected a Councillor/Alderman" be substituted;

(b) in sub-section (2), for the words "a Councillor", the words "a Councillor or Alderman", be substituted;

(c) in sub-section (3),—

(i) for the words "any Councillor", the words "any Councillor or Alderman" be substituted;

(ii) for the words "Deputy Mayor/a member", the words "Deputy Mayor/a Member" be substituted;

(2) in sub-clause (7), in the proposed section 11A, in sub-section (1), for the words "have ward Committee", the words "have a Ward Committee", be substituted;

(3) in sub-clause (9), in the proposed Chapter XXA,—

(a) in section 266B,—

(i) in sub-section (2), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(ii) in sub-section (3), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted:

(b) in section 266C,—

(i) in the marginal note, for the word "Mayor", the words

"Chief Executive Officer" be substituted;

(ii) in clause (a), for the word "Mayor", the word "Chief Executive Officer" be substituted;

(iii) in clause (b), for the word "Mayor", the words "Chief Executive Officer" be substituted;

(c) in section 226E, in sub-section (2), for the word "probhibit", the word "prohibit" be substituted;

(d) in section 2661, in sub-section (1), for the word "Services", the word "services" be substituted;

(e) in section 266K, for the words "may appoint", the word "may, in consultation with the Mayor, appoint", be substituted;

(f) in section 266M,—

(i) in sub-section (1), for the words and figures" under the Bengal Municipal Act, 1932, by or against the Siliguri Municipality constituted", the words and figures "under the Chandernagore Municipal Act, 1955, by or against the Municipal Corporation of chandernagore established" be substituted;

(ii) in sub-section (2), for the words and figures "the Commissioners or the Board of Commissioners of the Siliguri Municipality constituted under the Bengal Municipal Act, 1932," the words and figures "the Municipal Corporation of Chandernagore established under the Chandernagore Municipal Act, 1955," be substituted;

(iii) in sub-section (3), for the words and firgues "the Bengal Municipal Act, 1932", the words and figures "the Chandernagore Municipal Act, 1955" be substituted.

**Shri Ashok Bhattacharya :** Sir, I accept it.

The motion of Shri Lakshmi Kanta Dey (amendment no. 4) was then put and agreed to.

The question that clause 4, as amended, do stand part of the Bill

was then put and agreed to.

## Preamble

**Mr. Deputy Speaker :** There is one amendment to preamble of Shri Laksmi Kanta Dey. It is in order. I now request Shri Dey to move his amendment. (amendment No.1)

**Shri Lakshmi Kanta Dey :** Sir, I beg to move that in the preamble, for the words and figures "the Chandernagore Municipal Corporation Act, 1990", the words and figures "the Chandernagore Municipal Corporation Act, 1990," be substituted.

**Shri Ashok Bhattacharya :** Sir, I accept the amendment.

The motion of Shri Laksmi Kanta Dey (amendment no. 1) was then put and agreed to.

The question that preamble, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

**Shri Ashok Bhattacharya :** Sir, I beg move that the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed.

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় বারে বারে বলছেন যে জিতেছেন এবং জিতবেন। আমি তাকে বলছি যে দিনকাল পাল্টেছে, এবারে কিভাবে জিতবেন সেটা দেখা যাবে। আমরা আপনাকে বারে বারে বলেছি যে কলকাতাকে ১০০টি ওয়ার্ডের মধ্যে সীমাবদ্ধ রেখে আপনারা নির্বাচন করতে পারেননি। তা যদি করতেন তাহলে হিসাব করে দেখুন আমাদের একজন মেয়র হতেন। আপনারা এই জিনিসটাকে কোথায় নিয়ে গেছেন। এমন কি মালঞ্চ, বিদ্যাধরি নদী পর্যন্ত এরা নিয়ে গেছে জিতবার জন্য। এবারে শিলিগুড়িতে রায়গঞ্জ বলে একটা জায়গা আছে, যেটা জলপাইগুড়িতে অবস্থিত, সেটাকে নেওয়া হচ্ছে। আমরা বলেছি যে দার্জিলিং জেলার মধ্যে দিয়ে দার্জিলিং পৌরসভা তৈরি করা হোক। দার্জিলিংয়ের বাইরে গিয়ে জলপাইগুড়ির অংশ নিয়ে যদি পৌরসভা করা হয় তাহলে সেটা একটা ব্যাড প্রিসিডেন্ট হবে এবং ওয়ার্স্ট টেস্ট হবে। এটা যদি আপনি গ্রহণ করেন তাহলে ভবিষ্যতে এটাতে ক্ষতি হবে। আজকে গায়ের জোরে এটা করতে পারেন, কিন্তু আগামী দিনে রাজগঞ্জের মানুষ আপনাদের ক্ষমা করবে না। কাজেই রাজগঞ্জকে বাদ দিন। শিলিগুড়ির আশে-পাশের মানুষদের নিয়ে শিলিগুড়ি পৌরসভা তৈরি করুন। এই অনুরোধ আপনার কাছে রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী অশোক ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই সম্পর্কে বলার কি আছে আমি জানি না। আমি বারে বারে এই সম্পর্কে বলেছি। সংবিধানের কোন জায়গায় কি লেখা আছে যে দুটো জেলা নিয়ে পৌরসভা, কর্পোরেশন গ্রহণ করা যায় না? সংবিধান সংশোধনীতে পরিষ্কার ভাবে লেখা আছে যে রাজ্য ঠিক করবে যে কোন এলাকায় কি পদ্ধতিতে পৌরসভা হবে, কর্পোরেশন হবে। এটা রাজ্যের আইনের ব্যাপার। বোম্বে গিয়ে দেখে আসুন সেখানে কী আছে। এখানেও তাই, বহু জায়গায় মেট্রো সিটিতেও তাই। কোনও জায়গায় কোনও অসুবিধা নেই। আমি আপনাদের বলছি যে, ১৯৮১ সালে এবং ১৯৮৮ সালে নির্বাচন হয়েছে। ২/৩টি আসনের বেশি আপনারা পাননি। আপনাদের কথাগুলি আমি রাজগঞ্জের ঐ এলাকার মানুষের কাছে গিয়ে বলব যে ঐ এলাকাকে কর্পোরেশনে আনার ব্যাপারে আপনারা বিরোধিতা করেছেন।

The motion of Shri Ashok Bhattacharya that the West Bengal Municipal Corporation Laws (Second amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed, was then put and agreed to.

## PRESENTATION OF REPORT

### 54th Report of the Business Advisory Committee

**Mr. Deputy Speaker :** I present the 54th report of the Business Advisory Committee as follows :-

18-3-94 Non-official business—4 hours

I now request the Parliamentary Affairs Minister to move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 54th Report of the Business Advisory Committee as presented in the House be agreed to.

the motion was then put and agreed to.

## POINT OF INFORMATION

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকের হাউস শেষ হতে চলেছে। আমরা আজকে খুব দুঃখজনক একটা খবর পেলাম, যদিও এটা পশ্চিমবাংলার মানুষের কাছে নতুন কিছু নয়, সারা পশ্চিমবাংলায় এই ধরনের ঘটনা ঘটছে। মুর্শিদাবাদ জেলার কান্দী রাজ কলেজে আজকে মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন ছিল। আমাদের ছাত্র পরিষদের ছেলেরা সেখানে যখন মনোনয়ন পত্র জমা দিতে যাচ্ছে, তখন বাইরের

এস.এফ.আই.-এর সমাজবিরোধীরা তাদের উপরে হামলা করে তাদের মনোনয়ন পত্র জমা দিতে দেয় নি। তাতে সেই কলেজের ছাত্ররা বিক্ষোভে ফেটে পড়ে। গণতান্ত্রিক পদ্ধতি বজায় রাখার জন্য ছাত্র পরিষদের ছেলেরা প্রাণের মায়া ত্যাগ করে ওখানে মনোনয়ন পত্র জমা দিতে যায়। তখন স্যার, এস.এফ.আই.এর সমাজবিরোধীরা ছাত্রদের মধ্যে এস.এফ.আই.এর প্রভাব চলে যাওয়ার ফলে পুলিশের সাহায্য নিয়ে সেখানে ঢোকে এবং সেখানে বেপরোয়া ভাবে গুলি চালায়। তারফলে ছাত্রপরিষদের বহু কর্মী এমন কি ছাত্র-ছাত্রীরা পর্যন্ত আহত হয় এবং অনেকে আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। প্রায় দশ জনের মতো ছাত্র পরিষদের কর্মী সেখানে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। এখনও পর্যন্ত সঠিক খবর পাওয়া যায় নি। পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার এখানে আছেন, উনি সঠিক খবর নিয়ে আমাদের জানান। কারণ কালকে বাজেট আছে, মেনশন করা যাবে না। পরশুদিন মেনশন নেই, অর্থাৎ তিন চার দিন আমরা এটা হাউসে তুলতে পারব না। পার্লামেন্টারি মিনিস্টার খবর নিয়ে বলুন, পুলিশের গুলি চালনায় সেখানে কতজন মারা গেছেন আপনি স্যার, পার্লামেন্টারি মিনিস্টারকে দয়া করে বলতে বলুন।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমাদের সদস্য মান্নান সাহেব কান্দী রাজ কলেজে ছাত্র ইউনিয়নের নির্বাচনকে কেন্দ্র করে পুলিশ এবং বামফ্রন্ট এর ছাত্র সংগঠন যৌথভাবে ছাত্র পরিষদের ছাত্রদের উপরে আক্রমণ করেছে সে কথা বলেছেন। আমি একটু আগে ডি.জি.কে ফোন করেছিলাম, তিনি বললেন, তিনি শুনেছেন গোলমাল হয়েছে। তবে গুলি চলেছে কিনা সেটা কনফার্ম করতে পারেন নি। আমাদের বিধায়ক কান্দী থানায় ফোন করে জেনেছেন যে সেখানে গুলি চলেছে, তবে কেউ এখন পর্যন্ত মারা যায় নি। কিন্তু কয়েকজন আহত হয়ে হাসপাতালে রয়েছে। আজকে এমন একটা অবস্থা দাঁড়িয়েছে যে ছাত্র-সংগঠনের নির্বাচনকে কেন্দ্র করে পুলিশ নির্মমভাবে গুলি চালাচ্ছে। এই খবর শুনে আমাদের কান্দীর বিধায়ক অতীশ সিনহা ওখানে রওনা হয়ে গেছেন। আগামীকাল হয়ত কান্দী বন্ধ বা ঐ রকম কিছু হবে। ওখানে ছাত্রদের উপরে গুলি চালনার ব্যাপারে পার্লামেন্টারি অ্যাফেয়ার্স মিনিস্টার কবে স্টেটমেন্ট দেবেন জানি না। আবার প্রশাসনের অবস্থা কি রকম দেখুন, ওখানে গুলি চলল দু'ঘন্টা পরেও কেউ কিছু বলতে পারছে না। আমি ফোন করেছিলাম, আমাকে কেউ জানাতে পারল না।

[4-40—4-48 p.m.]

কান্দীতে গুলি চলেছে কিনা। এই হচ্ছে প্রশাসনের অবস্থা। রাইটার্স বিল্ডিংসেও কোনও খবর নেই। পুলিশ ইচ্ছামতো যেখানে খুশি গুলি চালিয়ে দিচ্ছে।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, এখানে মন্ত্রী রয়েছেন। আপনি পনের মিনিট হাউস অ্যাডজর্ন করে দিন। মন্ত্রী খবর নিয়ে আসুন, আমরা এখানে বসে আছি। উনি এখানে সঠিক খবর পরিবেশন করুন। তাতে হাউসের গুরুত্ব বাড়বে, হাউসের মর্যাদা বাড়বে এবং আগামীদিনে

গুলি চালনোর ব্যাপারে পুলিশ সচেতন হবে। আপনি নির্দেশ দিন মন্ত্রীকে, আমরা তাহলে সঠিক সংবাদটা জানতে পারব।

স্যার, এছাড়া আপনাকে বলছি, একটা ঐতিহাসিক চুক্তির মাধ্যমে ১১টি ট্রেড ইউনিয়নের উদ্যোগে শ্রমিকদের একটা পদযাত্রা শুরু হয়েছে। কয়েকটি দাবির ভিত্তিতে এই পদযাত্রা শুরু হয়েছে। নয়া আর্থিক ও শিল্পনীতি সহ বিদায় নীতি বাতিল করার জন্য, ডাঙ্কেল প্রস্তাব প্রত্যাখ্যান করার জন্য, রাষ্ট্রায়ত্ত শিল্প বেসরকারিকরণ না করার জন্য, বি.আই.এফ.আর.এর মাধ্যমে কারখানা বন্ধ যাতে না করা হয় তারজন্য এই পদযাত্রা শুরু হয়েছে এবং আরও দাবি সেখানে করা হয়েছে। সেগুলো হল, বন্ধ কারখানা খুলতে হবে, ছাঁটাই, লে-অফ বে-আইনি করতে হবে, মূল্যবৃদ্ধি রোধ করতে হবে, আইনে শ্রমিক স্বার্থবিরোধী সংশোধনী প্রত্যাহার করতে হবে, অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের ন্যূনতম মজুরি আইন সংবিধানের নবম তফসিলে অন্তর্ভুক্ত করতে হবে। প্রভিডেন্ট ফান্ড ও ই.এস.আই.এর টাকা আত্মসাৎকারী মালিকদের গ্রেপ্তার ও কঠোরতর শাস্তির জন্য আইনের বিধান করতে হবে এবং শ্রমিকদের সামাজিক নিরাপত্তা, দূষণমুক্ত পরিবেশ গড়ে তুলতে হবে। স্যার, এই কয়েকটি দাবির ভিত্তিতে আজকে পদযাত্রা শুরু হয়েছে। ১১টি ট্রেড ইউনিয়ন মিলে আমাকে প্রস্তাব দেন যে হাউস চলছে, আমি যখন ওখানে বক্তৃতা দিচ্ছিলাম, আমার বক্তৃতা রাখার পর আমাকে সবাই অনুরোধ করেছিলেন এই সংবাদটি সভাকে অবগত করানোর জন্য। আমি তাই এই সংবাদটি সভাকে অবগত করলাম।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, কান্দীর ঘটনা আপনি শুনলেন। মাননীয় বিধায়ক এই ঘটনা উপস্থাপিত করেছেন। সাম্প্রতিককালে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং এস.এফ.আই.এর প্রতিনিয়ত কার্যকলাপের পদ্ধতি হল পুলিশকে সাথে নিয়ে কলেজের গেটে ছাত্রদের উপরে আক্রমণ করা। এস.এফ.আই.এর আক্রমণের সঙ্গে খুনী পুলিশের আক্রমণ সংগঠিত হয়েছে আজকে। এই রকম একটা ঘটনা আমার জেলায় ঘটেছে। তমলুকে প্রিন্সিপাল রিজাইন করে পালিয়ে গিয়েছেন। সেখানে ইলেকশন বন্ধ করে দেওয়া হয়েছে। সেখানে পুলিশ নিয়ে গিয়ে ছাত্রদের উপরে আক্রমণ করা হয়েছে, প্রিন্সিপ্যাল রিজাইন করে পালিয়ে গেছেন। তমলুক কলেজ বন্ধ হয়ে পড়ে আছে। সেখানে এস.এফ.আই. জিততে পারবে না, ছাত্র পরিষদকে তারা সামাল দিতে পারবে কিনা জানে না, সেইজন্য এই আক্রমণ সংগঠিত করা হয়েছে। এখানে উচ্চশিক্ষা মন্ত্রী আছেন, তিনি এই দায়িত্ব এড়িয়ে যেতে পারবেন না। আজকে কলেজগুলিতে ছাত্র নিধন যজ্ঞ শুরু হয়েছে, কলেজগুলিতে শিক্ষার পরিবেশ বিনষ্ট হয়েছে, এবং এস.এফ.আই. ও খুনী পুলিশের সহযোগিতায় কলেজগুলিতে যে বিভৎস তান্ডব চলছে, এটা কতদিন চলবে তা স্বরাষ্ট্রমন্ত্রী এবং উচ্চশিক্ষা মন্ত্রী পরিষ্কার করে বলুন? আমরা তাই দাবি করছি, আপনি হাউস কিছুক্ষণের জন্য অ্যাডজর্ন করুন, পরিষদীয় মন্ত্রীকে নির্দেশ দিন, প্রশাসনের কাছ থেকে খবর নিয়ে আসুন, পারলে এখুনি তাদের কাছ থেকে সমস্ত খবর সংগ্রহ করে হাউস চলছে, হাউসকে জানান। আগামীকাল বাজেট, তারপর সুযোগ নেই।

আপনি অন্তত ১৫ মিনিটের জন্য হাউস অ্যাডজর্ন করুন, পরিষদীয় মন্ত্রী প্রশাসনের কাছ থেকে খবর নিয়ে এসে হাউসকে আশ্বস্ত করুন, পরিস্থিতি কোনদিকে রয়েছে এবং আহত ছাত্ররা কি অবস্থায় রয়েছে।

**শ্রী ননী কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনার কাছে ইতিমধ্যে ইনফর্মেশন আকারে সুব্রতবাবু বলেছেন এবং আপনি এটা জানেন যে কেন্দ্রীয় সরকারের যে নীতি, তার যে বিদায় নীতি যা একেবারে আমেরিকান সাম্রাজ্যবাদের হুকুমে চালু করছে, তার বিরুদ্ধে শ্রমিকদের প্রতিবাদ। সেই প্রতিবাদে আই.এন.টি.ইউ.সি.র সবাই আছেন কিনা জানি না, তবে সুব্রতবাবু তার নেতৃত্বে আছেন আমাদের সঙ্গে। আমরা সকলে মিলে প্রত্যেক জেলায় পদযাত্রা চালাচ্ছি, ইসকো যাতে কিছুতেই বিক্রি করতে না পারে, আজকে তারজন্যই এইসব মিছিল হচ্ছে।

স্যার, আপনি অবাক হয়ে যাবেন যে ইতিমধ্যেই এখানে কোন কোন কারখানার মালিকরা তাদের প্রতিশ্রুতি তুলে নেবার চেষ্টা করছেন। এখন যদি ইসকো বেসরকারিকরণ করা হয় তাহলে কি সমস্ত কর্মচারী ছাঁটাই হয়ে যাবে? তাতো আর হতে পারে না, সেখানে রাজ্য সরকারকে চিন্তা ভাবনা করতে হবে। এক সময়ে কেন্দ্রীয় সরকার রুগ্নশিল্পগুলো জাতীয়করণ করেছিলেন, সেগুলো লাভজনক না হওয়াতে ছেড়ে দিতে চাইছেন। এরফলে সমস্ত শ্রমিকই পথে বসছে। আজকে তার বিরুদ্ধে প্রতিবাদ করার জন্য সমস্ত জেলার থেকে শ্রমিক শ্রেণী এবং আমাদের বিধায়করাও আজকে হাঁটছেন। আমি আপনার মাধ্যমে এইকথাটি জানাতে চাই যে, আমাদের বিরোধী দলের নেতা সুব্রত বাবু কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে লড়াই করছেন। এরমধ্যে আগামী কাল থেকে মাধ্যমিক পরীক্ষা শুরু হবে। এই সময়ে কাঁদির কথা তুলে এখানে গোলমাল পাকানোর চেষ্টা করবেন না। আমি বিরোধীপক্ষের কাছে আবেদন করছি যে, কোনও ঘটনা ঘটলে তা আয়ত্তের বাইরে চলে যাবে না। আমরা আশ্বস্ত করছি যে পশ্চিমবঙ্গ সরকার এই ব্যাপারে যথেষ্ট সজাগ। সুতরাং এই ব্যাপারে ব্যস্ত হওয়ার কোনও কারণ নেই।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে ধন্যবাদ যে আপনি বলবার অনুমতি দিয়েছেন। আজকে প্রতিবাদ প্রতিধ্বনিত হচ্ছে দিকে দিকে। ডুয়ার্স, আলিপুরদুয়ার বেল্টের অধীনে ১০ হাজার মানুষ ওরা ওখানকার সাংসদের সঙ্গে কেন্দ্রীয় সরকারের এই মানুষ মারা নীতির ফলে বিশেষ করে পশ্চিমবঙ্গের মধ্যে উত্তরবঙ্গে ৭টি জেলা বঞ্চিত হচ্ছে তারজন্য তারা বিক্ষোভ জানাচ্ছে। রেল উইথড্র যেভাবে করে নিচ্ছে তার বিরুদ্ধে ১০ হাজার মানুষ বিক্ষোভ করেছে এবং তাদের দাবি ছিল যে, বঙ্গাইগাঁও থেকে শিলিগুড়ি ব্রডগেজ করা হোক। তারপরে রাজধানী এক্সপ্রেস যেটি গৌহাটি হয়ে সরাসরি চলবে সেটা যাতে আলিপুরদুয়ারে থাকে তা না হলে আলিপুরদুয়ার সহ আশেপাশের এলাকাগুলো বঞ্চিত হবে। প্রণব মুখার্জি এখানে বিদায় নীতিকে সঠিক নীতি বলেছেন আর সুব্রত বাবুই একই দলের হয়ে নীতিকে

মারাত্মক নীতি বলছেন। আজকে কংগ্রেস দ্বিধা বিভক্ত হয়ে পড়েছে, সুতরাং তাদের মতামত পার্থক্য হয়ে পড়েছে। এই অজুহাতে ওরা আবার গুলি চালানোর কথা বলে একটা গোলমাল বাঁধানোর চেষ্টা করছে। আগামীকাল মাধ্যমিক পরীক্ষা, যাতে কোনও রকম অশান্তি সৃষ্টি না হয় সেইদিকটা দেখতে হবে। এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি এবং আপনার এই বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি।

## Adjournment

The House was then adjourned at 4-48 p.m. till 3 p.m. on Thursday, the 17th March, 1994 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 17th March, 1994 at 3.00 a.m.

## P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 28 Ministers, 12 Ministers of State and 187 Members.

[3-00 — 3-10 p.m.]

## Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1994-95.

**Mr. Speaker :** Now I call upon Dr. Asim Kumar Dasgupta to present the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1994-95.

**Dr. Asim Kumar Dasgupta :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আপনার অনুমতি নিয়ে আমি ১৯৯৪-৯৫ আর্থিক বছরের বাজেট বরাদ্দ উপস্থাপন করছি। এই বাজেট বরাদ্দ উপস্থাপন করছি আর্থিক নীতির ক্ষেত্রে একটি বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে। কেন্দ্রীয় সরকার যে আর্থিক নীতি নিয়ে চলেছে, আমাদের দৃষ্টিভঙ্গি তারই বিকল্প। এই বিকল্প প্রস্তাব সমগ্র দেশের স্তরেই প্রযোজ্য, এবং বারংবার এই প্রস্তাব আমরা কেন্দ্রীয় সরকারের কাছে রেখেছি। এই প্রস্তাবের যে অংশটুকু রাজ্যস্তরে প্রাসঙ্গিক এবং সম্ভব, তাকে সামনে রেখেই আমাদের এই বাজেট প্রস্তাব।

১.২। কেন্দ্রীয় সরকার আন্তর্জাতিক অর্থভাণ্ডার ও অন্যান্য বিদেশি সংস্থা থেকে বিদেশি ঋণ নিতে নিতে এখন এমন জায়গায় দেশকে এনেছে যে, কেন্দ্রীয় সরকারেরই প্রকাশিত সর্বশেষে আর্থিক সমীক্ষার (১৯৯৩-৯৪) তথ্য থেকে দেখা যাচ্ছে যে, ১৯৯০-৯১ সালে যেখানে সমগ্র দেশের ওপর বিদেশি ঋণের বোঝা ছিল ১.৬৩ লক্ষ কোটি টাকা, তার পরের দু'বছরেই তা বৃদ্ধি পেয়ে হয়েছে ২.৮১ লক্ষ কোটি টাকা, এবং বর্তমান আর্থিক বছরে (১৯৯৩-৯৪) তা আরও বৃদ্ধি পেয়েছে। সাধারণত বলা হয়, যে কোনও দেশের মোট ঋণের বোঝা যদি সেই দেশের মোট জাতীয় উৎপাদনের ৩০ শতাংশকে অতিক্রম করে যায়, তা হলে দেশের পক্ষে বিদেশি ঋণের ফাঁদে জড়িয়ে পড়ার গভীর আশঙ্কা দেখা দেবে। কেন্দ্রীয় সরকারেরই আর্থিক সমীক্ষার সর্বশেষে প্রকাশিত তথ্য অনুযায়ী, ১৯৯০-৯১ সালে দেশের ওপর বিদেশি ঋণের বোঝা ছিল দেশের মোট উৎপাদনের প্রায় ৩০ শতাংশ। দু' বছরের মধ্যেই, ১৯৯২-৯৩ সালে এই অনুপাত হয়েছে প্রায় ৪০ শতাংশ। বস্তুত ১৯৯২-৯৩ সালে বিদেশ থেকে যে ঋণ নেওয়া হয়েছে (৪.৭৬ বিলিয়ন ডলার) তার চেয়ে অনেক বেশি ঋণ (৮.১৭ বিলিয়ন ডলার) শোধ দিতে হয়েছে। দেশের আর্থিক নীতি যদি দেশকে বিদেশি ঋণের

ফাঁদে এই ভাবে জড়িয়ে ফেলে, তখন যে বিদেশি প্রতিষ্ঠানগুলি ঋণ দেয়, তারা তাদের স্বার্থের পক্ষে আরও সুবিধাজনক, কিন্তু দেশের পক্ষে আরও ক্ষতিকর শর্ত আরোপ করে। বিদেশি প্রতিষ্ঠানিক ঋণের মূল অংশটি নেওয়া হয়েছে আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে। এখন এই ঋণের শর্তের পিছু পিছু এসে উপস্থিত হয়েছে ডাঙ্কেল প্রস্তাব। পশ্চিমী দেশগুলিতে গত বেশ কয়েক বছর ধরে চলেছে ব্যাপক মন্দা। তাই আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ঋণ এবং ডাঙ্কেল প্রস্তাবের শর্তগুলির মূল কথা হল, ঐ-সব দেশে প্রস্তুত পণ্য যেন আমাদের দেশের বাজারে আরও বেশি প্রবেশ করে বিক্রি হতে পারে।

১.৩। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে পর পর গত দু' বছরের কেন্দ্রীয় বাজেটে বিদেশ থেকে আমদানি করা পণ্যগুলির ওপর মোট ৫,০০০ কোটি টাকারও বেশি আমদানি শুল্ক হ্রাস করা হয়েছিল। এর পরেও, এ-বছরের কেন্দ্রীয় বাজেটে আবার ২,২৮২ কোটি টাকা আমদানি শুল্ক কমানো হয়েছে। পুনরায় লক্ষ্যণীয় যে, একই সঙ্গে দেশে প্রস্তুত শিল্পপণ্যগুলির ওপর কেন্দ্রীয় উৎপাদন শুল্ককে পরিমাণগত ভিত্তি থেকে দামের ভিত্তিতে নিয়ে গিয়ে কেন্দ্রীয় উৎপাদন শুল্কের বোঝা দেশের শিল্পগুলির ওপর ব্যাপকভাবে বৃদ্ধি করা হয়েছে উদাহরণ হিসেবে বলা যায়, আমদানি করা লোহা এবং ইস্পাতশিল্পের ওপর আমদানি শুল্ক যেখানে অন্তত ২৫ শতাংশ কমানো হয়েছে, সেখানে দেশের লোহা এবং ইস্পাত কলকারখানায় (যার বিশেষ অবস্থান আমাদের রাজ্যেই) প্রস্তুত বিভিন্ন প্রকার সামগ্রির ওপর কেন্দ্রীয় উৎপাদন শুল্কের বোঝা অনেক ক্ষেত্রে ১৫ শতাংশেরও বেশি বৃদ্ধি করা হয়েছে, এবং বহু ক্ষেত্রে যেখানে আগে উৎপাদন শুল্ক ছিল না, সেখানে নতুন করে শুল্ক বসানো হয়েছে। এ ছাড়া, ডাঙ্কেল প্রস্তাবের চাপে দেশের ওষুধ এবং সার ও কীটনাশক ইত্যাদি কৃষির সঙ্গে যুক্ত পণ্যের ওপর আঘাত আসবে।

১.৪। কোনও প্রস্তুতির সুযোগ না দিয়ে হঠাৎ ব্যাপক এবং তীক্ষ্ণভাবে বিদেশি পণ্যের ওপর আমদানি শুল্ক কমিয়ে এবং দেশের শিল্পপণ্যের ওপর উৎপাদন শুল্ক বৃদ্ধি করে, কেন্দ্রীয় সরকার দেশের বাজারেই দেশের পণ্যকে সরিয়ে বিদেশি পণ্যকে প্রবেশ করার সুযোগ করে দিল, এবং দেশি শিল্পের কাছে নিজের দেশের বাজারকেই করল সঙ্কুচিত। আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ঋণের এবং ডাঙ্কেল প্রস্তাবের শর্তের ওপর ভিত্তি করে কেন্দ্রীয় সরকারের এই তথাকথিত নয়া অর্থনীতির ফলে দেশের শিল্পগুলির ওপর যে আঘাত নেমে এসেছে স্বাধীনতার পর তা কখনো দেখা যায় নি। এর ফলে দেশের শিল্প উৎপাদন দেখা দিয়েছে ব্যাপক মন্দা। কেন্দ্রীয় সরকারেরই প্রকাশিত আর্থিক সমীক্ষার (১৯৯৩-৯৪) তথ্য অনুযায়ী, সমগ্র দেশের শিল্প-উৎপাদনের সূচক (ভিত্তিবর্ষ ১৯৮০-৮১=১০০) ১৯৯০-৯১ সালে যেখানে ছিল ২০৭৮, তা ১৯৯২-৯৩ সালে কমে হয়েছে ২০৭.১। বিশেষ করে চিন্তার কারণ এই যে, দেশের মোট পুঁজি বিনিয়োগ (যার ওপর নির্ভর করে ভবিষ্যতের শিল্পের উন্নতি) মোট জাতীয় আয়ের অনুপাত হিসেবে যেখানে ১৯৯০-৯১ সালে ছিল ২৭.৪ শতাংশ, তা ১৯৯২-৯৩ সালে কমে হয়েছে ২৪.৫ শতাংশ (উৎস কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা, ১৯৯২-৯৩)। শিল্পে এই মন্দার ফলে রুগ্ন কলকারখানার সংখ্যা, ১৯৯০ সালে ২.২১ লক্ষ থেকে বৃদ্ধি পেয়ে দু' বছরে, ১৯৯২ সালের শেষে ২.৪৮ লক্ষে এসে দাঁড়িয়েছে। এই রুগ্ন কলকারখানার সংখ্যা এখন, আরও বৃদ্ধি পেয়ে, ছড়িয়ে পড়েছে প্রতিটি রাজ্যে। এর ফলে, এবং বিশেষ করে

কেন্দ্রীয় সরকারের বিদায়নীতির চাপে, বেকারি আরও ব্যাপক এবং ভয়াবহ রূপ ধারণ করেছে। কেবলমাত্র নথিভুক্ত বেকারের সংখ্যা ১৯৯৩-এর শুরুতে পৌঁছেছে প্রায় ৩.৬৩ কোটিতে, এবং কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা, ১৯৯৩-৯৪-এ স্বীকার করা হয়েছে যে ১৯৯২-৯৩ সালে এক বছরের মধ্যে ১০ লক্ষের মতন অতিরিক্ত বেকার সৃষ্টি হয়েছে।

১.৫। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে এবারের কেন্দ্রীয় বাজেটের ঠিক আগে নিত্য প্রয়োজনীয় দ্রব্যগুলির (চিনি, চাল, গম, পেট্রোল, ডিজেল ইত্যাদির) প্রশাসনিক মূল্য এবং রেলের মাসুল তীক্ষ্ণভাবে বৃদ্ধি করে প্রায় ৭,০০০ কোটি টাকার রাজস্ব আদায়ের আসল বোঝাটি মূলতঃ সাধারণ মানুষের ওপর চাপানো হয়েছে। এ ছাড়া, বাজেটে আমদানি শুল্ক এবং দেশের ধনীদের ওপর কর ছাড় দিয়ে রাজস্ব ঘাটতি রাখা হয়েছে প্রায় ৫৪,৯১৫ কোটি টাকার, যা স্বাধীনতার পর গত প্রায় ৪৬ বছরের মধ্যে সবচেয়ে বেশি রাজস্ব ঘাটতির প্রস্তাব। মূল্যবৃদ্ধির হার ইতিমধ্যেই ঊর্ধ্বমুখী। আমাদের আশঙ্কা, নিত্য প্রয়োজনীয় জিনিসের দামের এই বৃদ্ধি এবং এই বিশাল ঘাটতির প্রভাবে মূল্যবৃদ্ধির হার ১০ শতাংশকে অতিক্রম করবে, এবং এর বোঝাও মূলতঃ বইতে হবে দেশের সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষকেই।

১.৬। মাননীয় সদস্যগণ, আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ঋণের শর্ত এবং ডাঙ্কেল প্রস্তাবের চাপের কাছে নতি স্বীকার করে এই যে আর্থিক নীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছে, তাকে প্রচারের স্বার্থে প্রায়শই বলা হচ্ছে উদারনীতি, এবং তার উদ্দেশ্য হিসেবে বলা হচ্ছে প্রতিযোগিতার কথা। কিন্তু বস্তুত নীতি হিসেবে যা পালিত হচ্ছে, তা হল এক মেকি এবং অসম উদারনীতি, এবং এর প্রকৃত উদ্দেশ্য হল প্রতিযোগিতার নাম করে বস্তুত এক অসম প্রতিযোগিতাকেই কায়েম করা। শিল্পে উৎপাদনের ক্ষেত্রে সমান প্রতিযোগিতার অর্থ হওয়া উচিত, দেশের অভ্যন্তরে সকল শিল্পসংস্থাকে এবং বিশেষ করে ছোট শিল্পসংস্থাকে সুযোগ দিয়ে, প্রথমে দেশের অভ্যন্তরে সমান প্রতিযোগিতার অবস্থা সৃষ্টি করা, এবং প্রয়োজনীয় সময় দিয়ে সেই প্রস্তুতির পর বহির্বাণিজ্যে প্রতিযোগিতার কথা বলা। কিন্তু বাস্তবে যা করা হল, তা দেশের অভ্যন্তরে এই ধরনের কোনও প্রতিযোগিতার ক্ষেত্র প্রস্তুত না করে হঠাৎ তীক্ষ্ণ এবং ব্যাপকভাবে আমদানি শুল্ক কমিয়ে, এবং একইভাবে দেশের মধ্যে হঠাৎই ব্যাপকভাবে উৎপাদন শুল্কের বৃদ্ধি ঘটিয়ে, দেশের শিল্পগুলিকে এবং বিশেষ করে ছোট শিল্পগুলিকে জেনে শুনে বিদেশি বহুজাতিক সংস্থাগুলির অসম প্রতিযোগিতার এবং প্রায় একচেটিয়া আঘাতের সামনে ফেলে দিয়ে, দেশের শিল্পগুলির ক্ষতি করা এবং দেশের স্বনির্ভরতাকে আঘাত করা।

১.৭। কৃষিক্ষেত্রে সমান প্রতিযোগিতার অর্থ হওয়া উচিত, কৃষিজমির ক্ষেত্রে সমস্ত খেটে-খাওয়া কৃষকের সমান অধিকার প্রতিষ্ঠিত করার দিকে পদক্ষেপ নেওয়া, যার অর্থ ভূমিসংস্কার। কিন্তু, কেন্দ্রীয় সরকারের ঘোষিত অসম উদারনীতিতে ভূমিসংস্কারের কোনও উল্লেখ নেই। তার পরিবর্তে কৃষিকে উন্মুক্ত করার উদ্যোগ নেওয়া হচ্ছে এমনভাবে যাতে বহুজাতিক সংস্থাগুলি তাদের স্বার্থে কৃষিতে প্রবেশ করতে পারে।

১.৮। যাতে দেশের উৎপাদনের ক্ষেত্রে—কি কৃষিতে, কি শিল্পে—দেশের গবেষক-বিজ্ঞানীরা নিজেদের মেধাশক্তিতে নতুন প্রযুক্তি আবিষ্কার করে এবং সেই প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে সস্তায় পণ্য প্রস্তুত করে বহুজাতিক সংস্থাগুলির সঙ্গে সমান প্রতিযোগিতায় না নামতে পারে,

তাই বহুজাতিক সংস্থাগুলির স্বার্থে ও অসম প্রতিযোগিতার স্বার্থে, দেশের এই ধরনের আবিষ্কারকে উৎপাদনে ব্যবহারের ওপর দীর্ঘকালীন নিষেধাজ্ঞা আনার শর্ত আছে ডাঙ্কেল প্রস্তাবে, যা হবে আমাদের দেশের মেধা-পুঁজির স্বাধীন বিকাশ ও প্রয়োগের ওপর সরাসরি আঘাত, এবং অসম প্রতিযোগিতা কায়েম করার দিকে আরও একটি পদক্ষেপ।

১.৯। ডাঙ্কেল প্রস্তাবের অন্তর্নিহিত উদ্দেশ্য অনুযায়ী, এই অসম প্রতিযোগিতা বা একচেটিয়া আধিপত্যের অঙ্গ হিসেবেই, দেশের ব্যাঙ্ক এবং বিমা প্রতিষ্ঠানগুলিতে কোনও অভ্যন্তরীণ প্রস্তুতি ছাড়াই বিদেশি বাণিজ্যিক পুঁজির অনুপ্রবেশের ব্যবস্থা করা হচ্ছে। জাতীয় গণবন্টন ব্যবস্থা ব্যাপক হলে তার কারণে, দেশের খাদ্যশস্যের মূল্যবৃদ্ধি সংহত থাকলে পাছে ডাঙ্কেল প্রস্তাব অনুসারে বিদেশি খাদ্যশস্য বর্ধিতহারে দেশে বিক্রি করতে অসুবিধা হয়, তাই গণবন্টন ব্যবস্থাকেও সঙ্কুচিত করার চেষ্টা হচ্ছে। লক্ষ্যণীয় যে, সমগ্র দেশে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে খাদ্যশস্যের সরবরাহ যেখানে ১৯৯১ সালে ছিল ২.০৮ কোটি টন, তা ১৯৯৩ সালে কমে হয়েছে ১.৫১ কোটি টন।

১.১০। অসম প্রতিযোগিতাকে কায়েম করার স্বার্থে এই অসম উদারনীতির বিষময় ফল হিসেবে দেখা দিয়েছে দেশের অভ্যন্তরে শিল্পে মন্দা, ব্যাপক বেকারি ও মূল্যবৃদ্ধি। যেহেতু এই নীতিগুলি মূলত জনবিরোধী, তাই এর মূল সিদ্ধান্তগুলি গ্রহণ করা হচ্ছে কেন্দ্রীভূতভাবে। সিদ্ধান্তের এই কেন্দ্রীকরণের এক বিশেষ প্রকাশ ঘটেছে রাজ্যগুলির ওপর নতুন ধরনের আঘাতের মাধ্যমে এবং প্রত্যেকটি আঘাতের পিছনে অন্তর্নিহিত কারণটি বিদেশি ঋণের শর্তের মধ্যেই লুকিয়ে আছে। কখনো এর প্রকাশ ঘটেছে রাজ্যের স্বল্পসঞ্চয়ভিত্তিক সম্পদের ওপর আঘাতের মাধ্যমে, যা ঘটেছিল বিশেষ করে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে। এখন এই আঘাত আসছে কেন্দ্রের কর-ব্যবস্থা পরিবর্তনের মাধ্যমে, যার ফলে কেন্দ্রীয় করের যে বিভাজ্য অংশ রাজ্যের প্রাপ্য, তার যে স্বাভাবিক বৃদ্ধি কাম্য, তা বিপজ্জনকভাবে কমে যাচ্ছে। দেশের আর্থিক ব্যবস্থার মূল সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আলোচনাধীন এই কেন্দ্রীকরণ, এবং তার সঙ্গে বিদেশি ঋণের শর্তের যোগ একটি আশঙ্কাই সৃষ্টি করে যে, মূল সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে একটি সার্বভৌম রাষ্ট্রের যে স্বাধীনতা তা খর্ব হতে শুরু করেছে।

১.১১। মাননীয় সদস্যগণ, স্বাধীনতার পর দেশের সামনে এই ধরনের সঙ্কট আগে কখনো দেখা দেয় নি। শুধু আর্থিক সঙ্কট নয়, এই সঙ্কট আমাদের নিজেদের ভবিষ্যৎ সম্বন্ধে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে স্বাধীনতার সঙ্কট। এর মুখোমুখি দাড়িয়ে দেশের সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষ এবং সমগ্র দেশপ্রেমী মানুষের স্বার্থে আমরা আরও একবার সমগ্র জাতীয় স্তরের ক্ষেত্রেই আমাদের বিকল্প প্রস্তাব রাখছি। মাননীয় সদস্যগণ, এই বিকল্প প্রস্তাবের ভিত্তি হল প্রকৃত প্রতিযোগিতার দিকে পদক্ষেপ। অবশ্যই কেন্দ্রীয় সরকারের নীতি থেকে এর মৌলিক তফাত এই যে, অসম প্রতিযোগিতা নয়, আমরা বলছি সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপের কথা, এবং তা সামাজিক নিয়ন্ত্রণের মধ্যে থেকে। এই সামাজিক নিয়ন্ত্রণ আমলাতান্ত্রিক এবং কেন্দ্রীভুত নয়, তা গণতান্ত্রিক এবং বিকেন্দ্রীকৃত। সমান প্রতিযোগিতার দিকে এই পদক্ষেপের যুক্তির ফলেই আসবে মূল প্রসঙ্গগুলি—স্বনির্ভরতা, কৃষি ও শিল্পে উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধি, বিদেশি ঋণের ওপর নির্ভরতা হ্রাস, মূল্যবৃদ্ধিকে সংহত করা এবং পরিকল্পনার গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণ।

১.১২। বহির্বাণিজ্যের ক্ষেত্রে সমান প্রতিযোগিতার স্বার্থেই দেশের অভ্যন্তরে স্বনির্ভরতার শক্ত ভিত প্রস্তুত করা প্রয়োজন। তা না হলে বহুজাতিক সংস্থার প্রায় একচেটিয়া আঘাতে দেশের শিল্প ধ্বংস হয়ে যাবে। এই স্বনির্ভরতার ভিত সৃষ্টি হবে দেশের অভ্যন্তরে সমান প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টি করে, ছোট ও মাঝারি শিল্পগুলিকে বিকাশের সমান সুযোগ দিয়ে, এবং প্রয়োজন হলে দেশের বড় শিল্পের সঙ্গে সমন্বয় করেও। সুতরাং আমাদের বিকল্প প্রস্তাবে স্বনির্ভরতার অর্থ বহির্বাণিজ্য থেকে নিজেদের গুটিয়ে নেওয়া নয়। এর অর্থ হঠাৎ আমদানি শুল্ক হ্রাস এবং উৎপাদন শুল্ক বৃদ্ধির মাধ্যমে অসম প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টির পরিবর্তে প্রয়োজনীয় সময় নিয়ে দেশের অভ্যন্তরে সমান প্রতিযোগিতার ভিত প্রস্তুত করে, দেশের বিপুল প্রাকৃতিক এবং জন ও মেধাসম্পদকে ব্যবহার করে কতদূর পর্যন্ত দেশের সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষের প্রয়োজনীয় পণ্যসামগ্রী ও সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশের মধ্যেই দক্ষতার সঙ্গে প্রস্তুত করা যায়, তার ব্যবস্থা করা। এর পর, যে-সব নির্দিষ্ট ক্ষেত্রে বহির্বাণিজ্যে অংশগ্রহণ করলে দেশের সাধারণ মানুষেরই স্বার্থরক্ষা হয়, সেই ক্ষেত্রগুলিতে, স্বনির্ভরতার ভিত্তিতে দাড়িয়ে বহির্বাণিজ্যে অংশগ্রহণ।

১.১৩। অভ্যন্তরীণ সমান প্রতিযোগিতার অঙ্গ হিসেবে ভূমিসংস্কারের দিকে পদক্ষেপ এবং সাধারণ কৃষকের স্বার্থে সেচ ও উৎপাদনের অন্যান্য উপকরণের সুলভ যোগান প্রয়োজনীয়। কৃষি ও শিল্পে এই ধরনের সমান প্রতিযোগিতা-ভিত্তিক উৎপাদন ব্যবস্থার বিকাশের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানগুলির সামাজিক ভূমিকা পালন গুরুত্বপূর্ণ, এবং এ-ক্ষেত্রে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির সঙ্গে সঙ্গে গ্রাম এবং শহরাঞ্চলে সমবায় ব্যাঙ্কগুলিরই সম্প্রসারণ কাম্য ভূমিসংস্কারকে ভিত্তি করে কৃষি উৎপাদন বৃদ্ধি পেলে, তার সঙ্গে দেশের সংখ্যাগরিষ্ঠ সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার বৃদ্ধি হবে অনিবার্য এবং যা তৈরি করবে দেশের মধ্যে শিল্পায়নের ভিত। কৃষি এবং শিল্পের এই বিকাশ যদি সমান প্রতিযোগিতা-ভিত্তিক হয়, এবং সেখানে ছোট শিল্পের যথার্থ স্থান থাকে এবং থাকে বড় শিল্পের সঙ্গে সমন্বয়, তা হলে কর্মসংস্থানের ক্ষেত্রেও যথেষ্ট অগ্রগতি হবে।

১.১৪। উৎপাদন ও কর্মসংস্থান বৃদ্ধির উদ্দেশ্য সামনে রেখে স্থানীয় সম্পদ এবং শ্রমশক্তির উন্নততর ব্যবহারের জন্য নতুন প্রযুক্তি উদ্ভাবন ও প্রয়োগের ক্ষেত্রে দেশের গবেষক-বিজ্ঞানীর সম্পূর্ণ স্বাধীনতা আমাদের বিকল্প প্রস্তাবের অপরিহার্য অঙ্গ। কোনও নির্দিষ্ট ক্ষেত্রে আমরা বিদেশি প্রযুক্তি খোলা মনে অর্থ ব্যয় করেই আনব, তবে তাকে প্রয়োগ করব দেশের স্থানীয় পরিস্থিতি বিচার করে। এই সামগ্রিক ক্ষেত্রে স্বাধীনতার প্রয়োজনেই ডাঙ্কেল প্রস্তাবের বিরোধী অবস্থান আমাদের।

১.১৫। সমান প্রতিযোগিতার ভিত্তিতে স্বনির্ভরতার প্রস্তুতি নেওয়ার পর, কোনও নির্দিষ্ট গুরুত্বপূর্ণ ক্ষেত্রে, যেখানে দেশের কোনও শিল্পসংস্থা নেই, সেখানে নিজেদের সামগ্রিক স্বার্থ অটুট রেখে যদি বিদেশি পুঁজি আসতে আগ্রহি থাকে, তা হলে সেই নির্দিষ্ট ক্ষেত্রে তা গ্রহণ করা সম্ভব। দেশের বর্তমানে স্বনির্ভরতাহীন, অসম প্রতিযোগিতার অবস্থায় নির্বিচারে বিদেশি পুঁজিকে আমন্ত্রণের পরিবর্তে স্বনির্ভরতার ভিত্তিতে দাঁড়িয়ে নির্দিষ্ট ক্ষেত্রে বিদেশি পুঁজির ওপর এই আমাদের নির্দিষ্ট বিকল্প বক্তব্য।

১.১৬। সামগ্রিক বিকল্প প্রস্তাবের অঙ্গ হিসেবে আমরা মনে করি নিত্যপ্রয়োজনীয় জিনিসের প্রশাসনিক দামের বৃদ্ধি না করে এবং বিশাল রাজস্ব ঘাটতির মাধ্যমে আরও মূল্যবৃদ্ধির সম্ভাবনা সৃষ্টি না করে, প্রতি বছর শুধুমাত্র কেন্দ্রীয় আয়কর ফাঁকি দিয়েই যে অন্তত ৫০ হাজার কোটি 'কালো' টাকা নতুন করে জমা হচ্ছে, তার একটি অংশও উদ্ধার করতে পারলে, নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর প্রশাসনিক দাম বৃদ্ধি না করেই ঘাটতি কমানো যায় এবং প্রয়োজনীয় ভরতুকি দিয়েই গণবন্টন ব্যবস্থাকে আরও সম্প্রসারিত করা যায়। আমরা যেন মনে রাখি যে, যেখানে প্রায় একচেটিয়া শিল্পপতি এবং ব্যবসায়িদের অবস্থানের জন্যই জিনিসের দাম বৃদ্ধি পায়, সেখানে সামাজিক নিয়ন্ত্রণের মাধ্যমে গণবন্টন ব্যবস্থা মূলতঃ এই একচেটিয়া অবস্থানের বিপক্ষে গিয়ে প্রতিযোগিতার শক্তিকে ফিরিয়ে আনারই উদ্যোগ এবং এর ফলে মূল্যবৃদ্ধিকে কিছুটা সংহত করা সম্ভব।

[3-20 — 3-30 p.m.]

১.১৭। যদি প্রতি বছরে জমা হওয়া কালো টাকার একটি অংশও লাগাতারভাবে উদ্ধার করা যায়, তা হলে দেশের অভ্যন্তরে প্রয়োজনীয় অর্থের জন্য বিদেশি ঋণের উপর নির্ভরতাও ক্রমশঃ কমানো সম্ভব। এবং সেক্ষেত্রে, ঋণের শর্ত থেকে মুক্ত হয়ে আমরা স্বাধীনভাবে নিজেদের সিদ্ধান্তগুলি গ্রহণ করতে পারব।

১.১৮। দক্ষতাবৃদ্ধির উদ্দেশ্য সমান প্রতিযোগিতার মূল বিষয়টি নিয়ে যাওয়া প্রয়োজন সরকারি প্রশাসনের অভ্যন্তরে। যেহেতু সমান প্রতিযোগিতা হল একচেটিয়া ক্ষমতার বিপরীতে যাওয়া, তাই এর একটি অর্থ—সিদ্ধান্ত গ্রহণ এবং আর্থিক সম্পদের ক্ষেত্রে কেন্দ্র থেকে রাজ্যস্তরে ক্ষমতা বিকেন্দ্রীকরণ। এই বিষয়ে আমাদের মূল বক্তব্য আমরা ইতিমধ্যে দশম অর্থ কমিশনের কাছে রাজ্যের প্রতিবেদনে উপস্থাপন করেছি। এই বিকেন্দ্রীকরণ শুধুমাত্র কেন্দ্র থেকে রাজ্যস্তরে নয়, এই বিকেন্দ্রীকরণ নিতে হবে রাজ্য থেকে জেলা ও ব্লক ও পুরসভা স্তরে, এবং তারও নিচে। এই বিকেন্দ্রীকরণের প্রক্রিয়ায় পরিকল্পনা রচনা ও রূপায়ণের গণতান্ত্রিক পদ্ধতিতে স্থানীয় সাধারণ মানুষ যুক্ত হবেন নির্বাচিত পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে।

১.১৯। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন যে, কেন্দ্রীয় আর্থিক নীতির ফলে যে মূল সমস্যাগুলির উদ্ভব হয়েছে—স্বনির্ভরতার ওপর আঘাত, শিল্পে মন্দা, ব্যাপক বেকারি, মূল্যবৃদ্ধি ও ক্ষমতার কেন্দ্রীকরণ—তার প্রত্যেকটি ক্ষেত্রেই সমস্যা প্রশমনের নির্দিষ্ট বক্তব্য সংক্ষেপে রাখা হয়েছে আমাদের এই বিকল্প আর্থিক নীতির প্রস্তাবে।

২

২.১। মাননীয় সদস্যগণ, আর্থিক নীতির ক্ষেত্রে এই বিকল্প প্রস্তাব সামগ্রিকভাবে জাতীয় স্তরের জন্য উপস্থাপন করা হয়েছে। এই প্রস্তাবে যে অংশগুলি রাজ্যস্তরে প্রাসঙ্গিক এবং সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সম্ভব, তা মনে রেখেই রাজ্যস্তরে পদক্ষেপগুলি নেওয়া হয়েছে।

২.২। এই দৃষ্টিভঙ্গি মনে রেখেই রাজ্যস্তরে বামফ্রন্ট সরকারের উন্নয়নের যাত্রা শুরু ভূমিসংস্কার দিয়ে। গ্রামাঞ্চলে মূলতঃ কৃষক আন্দোলনের ভিত্তিতে, এবং সহায়ক প্রশাসনিক

পদক্ষেপের ফলে ভূমিসংস্কারের ক্ষেত্রে সমগ্র দেশে পশ্চিমবঙ্গের স্থান এখন সর্ব প্রথমে। সমগ্র দেশে যে প্রায় ৪৮ লক্ষ একর সিলিং-উদ্বৃত্ত বন্টন করা হয়েছে, তার মধ্যে প্রায় ১৯.২ শতাংশই হয়েছে পশ্চিমবঙ্গে, যদিও দেশের মোট কৃষিজমির মাত্র ৩.৬ শতাংশ আছে এ-রাজ্যে। জাতীয় নমুনা সমীক্ষা অনুযায়ী, যেখানে সমগ্র দেশে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের হাতে আছে মোট কৃষিজমির মাত্র ২৯ শতাংশ, সেখানে পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার কার্যকর হওয়ায় এখন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মালিকানায় এসে গেছে রাজ্যের মোট কৃষিজমির প্রায় ৬০ শতাংশ। এর সঙ্গে যদি নথিভুক্ত বর্গাদারদের আওতায় যে জমি এসেছে তা যোগ করা যায়, তা হলে রাজ্যস্তরে দরিদ্র খেটে-খাওয়া কৃষকের অধিকারে এখন জমির পরিমাণ ৭০ শতাংশ অতিক্রম করে যাবে। উল্লেখ করা প্রয়োজন, ভূমিসংস্কারের মাধ্যমে জমি বন্টনের ফলে উপকৃত হয়েছেন ২১.৪৬ লক্ষ কৃষক, যার মধ্যে শতকরা ৫৮ জনই তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের, যা তাদের মোট জনসংখ্যার শতকরা অংশের প্রায় দ্বিগুণ। আমরা নম্রতার সঙ্গে বলছি যে, এ-কাজ অন্য কোনও রাজ্যে সম্ভব হয় নি। যেহেতু খেটে-খাওয়া কৃষকদের জমিতেই আছে একর প্রতি উৎপাদন বৃদ্ধির সর্বোচ্চ রেকর্ড, তাই মোট উৎপাদন বৃদ্ধির স্বপক্ষে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপই হল ভূমিসংস্কার। একই সঙ্গে, এই ভূমিসংস্কার কৃষিতে সমান প্রতিযোগিতার পরিবেশ সৃষ্টি করার পক্ষেও প্রয়োজনীয় পদক্ষেপ। ভূমিসংস্কারের সঙ্গে সমন্বয় করে জমি-ব্যতীত অন্যান্য উৎপাদন-উপকরণের (বিশেষ করে, সেচের জল, উন্নত বীজ ইত্যাদি) যোগান সহজলভ্য করার চেষ্টা হয়েছে সাধারণ কৃষকের কাছে। সেচের ক্ষেত্রে গুরুত্ব আরোপ করায় ১৯৯৩-৯৪ সালের শেষে রাজ্যের মোট কর্ষিত জমির প্রায় ৪৮.২ শতাংশকে সংস্থাপিত সেচের আওতায় আনা সম্ভব হয়েছে। ভূমিসংস্কারকে ভিত্তি করে এই পদক্ষেপগুলি নেওয়ার ফলে কৃষির উৎপাদনের অনেক ক্ষেত্রেই পশ্চিমবঙ্গ সমগ্র দেশে একেবারে প্রথম সারিতে চলে এসেছে। বস্তুত, রাজ্যওয়ারি সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী ১৯৮০-৮৩ এবং ১৯৮৯-৯২ সালের সময়সীমার মধ্যে খাদ্যশস্যের বার্ষিক উৎপাদন বৃদ্ধির গড় হার সমস্ত রাজ্যের মধ্যে সবচেয়ে বেশি হয়েছে পশ্চিমবঙ্গে (৬.৩ শতাংশ)। এর পরের স্থান পাঞ্জাবের (৪.৪ শতাংশ) এবং সর্বভারতীয় গড় বৃদ্ধির হার হয়েছে ৩.১ শতাংশ। মাননীয় সদস্যরা জেনে আনন্দিত হবেন যে সর্বশেষ তথ্য অনুযায়ী, একই সময়ে, অর্থাৎ ১৯৮০-৮৩ এবং ১৯৮৯-৯২-এর মধ্যে, শুধুমাত্র মোট খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি নয়, হেক্টর প্রতি খাদ্যশস্যের উৎপাদন ক্ষমতার বৃদ্ধিতেও পশ্চিমবঙ্গের স্থান এখন প্রথম। এই সময়ের মধ্যে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মোট বৃদ্ধির হার হয়েছে ৫৯.৬ শতাংশ, যেখানে সমগ্র দেশে গড় বৃদ্ধির এই হার ৩২.৮ শতাংশ। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, এখন চালের উৎপাদন পশ্চিমবঙ্গের স্থান প্রথম, এবং আলুর উৎপাদন দ্বিতীয়। এ-রাজ্যে শুধুমাত্র যে মোট উৎপাদন বা হেক্টর প্রতি উৎপাদন-ক্ষমতা বৃদ্ধি পেয়েছে তাই নয়, ভূমিসংস্কারকে ভিত্তি করে এই উৎপাদন বৃদ্ধি হওয়াতে, গ্রামাঞ্চলে সাধারণ মানুষের আর্থিক অবস্থারও কিছুটা উন্নতি হয়েছে, যার প্রতিফলন পড়েছে ক্ষেতমজুরের মজুরির হারের বৃদ্ধিতে। ১৯৭৬-৭৭ সালে যেখানে নগদ ও জিনিসপত্র মিলিয়ে এই দৈনিক মজুরির হার ছিল এ-রাজ্যে গড়ে ৫.৬০ টাকা, সেখানে ১৯৯২-৯৩ সালে এই মজুরির গড় হার বৃদ্ধি পেয়ে হয়েছে ২৭.১৫ টাকা, এবং কোনও কোনও জেলাতে তা ৩০ টাকাকেও অতিক্রম করেছে। দৈনিক মজুরি বৃদ্ধির এই হার এই সময়ে রাজ্যে ক্ষেতমজুরের জন্য প্রাসঙ্গিক মূল্যমান বৃদ্ধির হারের থেকেও বেশি, অর্থাৎ 'প্রকৃত' হিসেবেই মজুরির হারের

এই বৃদ্ধি ঘটেছে। মাননীয় সদস্যগণ জেনে আরও আনন্দিত হবেন যে, খাদ্যশস্য উৎপাদনে রাজ্যে এখন যে অগ্রগতি হয়েছে তার ফলে, সর্বশেষ তথ্য অনুযায়ী, ১৯৮০-৮৩ এবং ১৯৮৯-৯২ সালের সময়সীমার মধ্যে মাথাপিছু খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির হারের ক্ষেত্রেও পশ্চিমবঙ্গ সমস্ত রাজ্যকে অতিক্রম করে প্রথম স্থান অধিকার করেছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মাথাপিছু এই উৎপাদন বৃদ্ধির হার এই সময়ে হয়েছে ৩৮.৯ শতাংশ, তার পরে দ্বিতীয় স্থানে আছে পাঞ্জাব (প্রায় ২১.৬ শতাংশ), এবং সমগ্র দেশে এই গড় বৃদ্ধির হার হয়েছে ৬.৩ শতাংশ।

২.৩। সমগ্র দেশের পক্ষে প্রযোজ্য আমাদের বিকল্প আর্থিক নীতির প্রস্তাবে সমান প্রতিযোগিতাকে ভিত্তি করে স্বনির্ভরতা অর্জনের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। রাজ্যস্তরে সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপের ক্ষেত্রে সর্বাপেক্ষা প্রাসঙ্গিক হচ্ছে ভূমিসংস্কার যার অগ্রগতি তথ্য আগেই উল্লেখ করা হয়েছে। রাজ্যস্তরে সর্বক্ষেত্রে স্বনির্ভরতা সম্ভব নয়, প্রাসঙ্গিকও নয়। এর যে অর্থ প্রাসঙ্গিক তা হল, রাজ্য তালিকাভুক্ত বিষয়গুলির ক্ষেত্রে, যেমন কৃষির ক্ষেত্রে, খাদ্যশস্যে রাজের চাহিদা এবং যোগানের মধ্যে ব্যবধান যতটা সম্ভব কমিয়ে আনা। ভূমিসংস্কারকে ভিত্তি করে পূর্বে উল্লিখিত খাদ্যশস্যের মোট উৎপাদন, উৎপাদন-ক্ষমতা এবং মাথাপিছু উৎপাদন বৃদ্ধির মাধ্যমেই সেই অভীষ্ট উদ্দেশ্যের দিকে রাজ্য সরকার অগ্রসর হচ্ছে। এ-রাজ্যে খাদ্যশস্যের চাহিদা ১৪০ লক্ষ টনের কিছু বেশি। ১৯৭৬-৭৭ সালে রাজ্যে খাদ্যশস্য উৎপাদন হত ৭৫ লক্ষ টন। এখন উৎপাদন এবং উৎপাদনক্ষমতার লাগাতারভাবে বৃদ্ধি করে, মোট উৎপাদনকে প্রায় ১২৬ লক্ষ টনে উন্নীত করা সম্ভব হয়েছে। আগামী বছরগুলিতে উৎপাদনের এই স্তরকে আরও উন্নত করা হবে।

২.৪। কৃষি সংক্রান্ত অন্যান্য ক্ষেত্রের অগ্রগতির তথ্যও দেওয়া হয়েছে আর্থিক সমীক্ষাতে (১৯৯৩-৯৪)। মাননীয় সদস্যরা অবহিত আছেন যে মৎস্য উৎপাদনে এ-রাজ্য আবার প্রথম স্থান অধিকার করেছে। এ-রাজ্যে মৎস্যের উৎপাদন ১৯৮৭-৮৮ সালের ৫.০৫ লক্ষ টন থেকে লাগাতারভাবে বৃদ্ধি পেয়ে ১৯৯২-৯৩ সালে হয়েছে প্রায় ৭.৫৭ লক্ষ টন। ফলে রাজ্যে মাছের চাহিদা ও যোগানের মধ্যে যে ব্যবধান ১৯৮৭-৮৮ সালে ছিল ৪২ শতাংশ, তা ১৯৯২-৯৩ সালে কমে গিয়ে হয়েছে ২২ শতাংশ।

২.৫। বনসৃজনের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ এখন সমস্ত রাজ্যের মধ্যে প্রথম সারিতে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, উপগ্রহ মারফত সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী সমগ্র দেশে যেখানে বনাচ্ছাদনের বৃদ্ধি নিয়ে সংশয় দেখা দিয়েছে, সেখানে পশ্চিমবঙ্গে আশির দশকের প্রথম থেকে এখন পর্যন্ত প্রায় ৫ শতাংশ বনাচ্ছাদন বৃদ্ধি করা সম্ভব হয়েছে। এবং এ-কাজ সম্ভব হয়েছে বিকেন্দ্রীকৃত পঞ্চায়েত ব্যবস্থার মাধ্যমে স্থানীয় মানুষদের সামাজিক বনসৃজন ও বনাঞ্চল পরিচালনা ও রক্ষা করার কাজে যুক্ত করে। মাননীয় সদস্যগণ, আমরা নম্রতার সঙ্গে বলছি যে, এই বিশেষ উদ্যোগের জন্য সম্প্রতি সর্বোচ্চ আন্তর্জাতিক স্বীকৃতি পেয়েছে এই রাজ্যপাল গেটে পুরস্কার লাভ করে।

২.৬। শিল্প যেহেতু কেন্দ্রীয় তালিকাভুক্ত এবং আর্থিক প্রতিষ্ঠানগুলি কেন্দ্রীয় সরকারের অধীনে, তাই যে কোনও রাজ্যের শিল্পায়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের নীতি, কেন্দ্রীয় সরকারের

সরাসরি বিনিয়োগ এবং আর্থিক প্রতিষ্ঠানগুলির নীতির সর্বশেষ গুরুত্ব আছে। বর্তমানে, পূর্বে উল্লিখিত, সর্বভারতীয় ক্ষেত্রে শিল্পে মন্দার প্রভাব অন্য রাজ্যের মতন এ-রাজ্যেও পড়েছে। এর সঙ্গে মনে রাখা প্রয়োজন যে কেন্দ্রীয় সরকারের সরাসরি বিনিয়োগের ক্ষেত্রে ১৯৮০-৮১ সালে যেখানে পশ্চিমবঙ্গের অংশ ছিল ৮.২ শতাংশ এবং তুলনীয় রাজ্য মহারাষ্ট্রের ৮.৬ শতাংশ, সেখানে ১৯৯১-৯২ সালে মহারাষ্ট্রের অংশকে বৃদ্ধি করা হয়েছে ১৬.৩ শতাংশে অথচ পশ্চিমবঙ্গের অংশকে কমিয়ে দিয়ে করা হয়েছে ৭.০ শতাংশ। এ ছাড়া এ-রাজ্য থেকে অনেক যুক্তি ও প্রতিবাদ সত্ত্বেও পশ্চিমবঙ্গে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির ঋণ-আমানতের অনুপাত এখনো ৫০ শতাংশই রাখা আছে, যেখানে সর্বভারতীয় গড় প্রায় ৬০ শতাংশ এবং তুলনীয় পশ্চিম ও দক্ষিণ অঞ্চলের অনেক রাজ্যেই এই অনুপাত ৭০ শতাংশেরও বেশি। সমগ্র দেশে শিল্পে মন্দার অবস্থা এবং কেন্দ্রীয় বিনিয়োগ ও আর্থিক প্রতিষ্ঠানগুলির এই বৈষম্যমূলক নীতি সত্ত্বেও, বর্তমানে মাশুল সমীকরণ নীতির অবলুপ্তি, রাজ্যের বিদ্যুত পরিস্থিতির উন্নতি, দক্ষ শ্রমিকের সুবিধা এবং সামগ্রিক স্থিতিশীলতার জন্য রাজ্যস্তরে শিল্প পরিস্থিতিতে এক নতুন সম্ভাবনা দেখা দিয়েছে। ক্ষুদ্র ও কুটির শিল্পের ক্ষেত্রে, রুগ্নতার প্রতিবন্ধকতা সত্ত্বেও, পশ্চিমবঙ্গের স্থান রাজ্যগুলির মধ্যে এখন প্রথম সারিতে। এ ছাড়া সংগঠিত বৃহৎ ও মাঝারি শিল্পের ক্ষেত্রেও, রাজ্যের মোট উৎপাদন সূচক (ভিত্তিবর্ষ ১৯৭০=১০০) যা ১৯৬৫ সালের ১২৬.৩ থেকে ১৯৭৫ সালে ১০২.৭-এ নেমে গিয়েছিল, তা ইদানিং কালে শিল্পের অনুকূল পরিবেশ সৃষ্টি হওয়ার ক্রমে ক্রমে উন্নত হয়ে ১৯৯২ সালে ১৪৭.৬-এ পৌঁছেছে এবং ১৯৯৩ সালে তা আরও বৃদ্ধি পেয়ে হয়েছে ১৪৯.০। লক্ষ্যণীয় যে, ১৯৯৩ সালে যদি এ-রাজ্যে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট সংস্থাগুলিতে উৎপাদন বন্ধ না হত এবং কেন্দ্রীয় কয়লাখনিগুলিতে উৎপাদন কমে না গিয়ে শুধুমাত্র আগের বছরের স্তরেই থাকত, তা হলে এ-রাজ্যে শিল্পের উৎপাদনসূচক ১৯৯৩ সালে আরও বেশি হারে—২.৫ শতাংশ হারে বৃদ্ধি পেত, যা হত এই বছরে সর্বভারতীয় স্তরে শিল্পসূচকের বৃদ্ধির হারের (১.৬ শতাংশ) চেয়ে বেশি।

[3-30 — 3-40 p.m.]

রাজ্যস্তরে বিভিন্ন পরিকাঠামোর পরিস্থিতি বিশ্লেষণ ও তথ্যসহ বর্ণনা করা হয়েছে আর্থিক সমীক্ষাতে (১৯৯৩-৯৪)। এখানে বিশেষভাবে বিদ্যুতের পরিস্থিতির কথা বলা প্রাসঙ্গিক। বিদ্যুতের ক্ষেত্রে, রাজ্যস্তরে স্বনির্ভরতা অর্জনের উদ্দেশ্যে, গত প্রায় ১৫ বছর ধরে রাজ্য পরিকল্পনা বরাদ্দের একটি বড় অংশ বিদ্যুত খাতে ব্যয় করে এবং অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি করে, বর্তমানে রাজ্য স্তরে বিদ্যুতের চাহিদা ও যোগানের মধ্যে এক উল্লেখযোগ্য ভারসাম্য আনা সম্ভব হয়েছে, এবং এ-ক্ষেত্রেও পশ্চিমবঙ্গের স্থান এখন সমস্ত রাজ্যের মধ্যে একেবারে সম্মুখ সারিতে।

২.৮। অন্যান্য সামাজিক পরিকাঠামো এবং সেবামূলক কাজকর্মেরও বর্ণনা আছে আর্থিক সমীক্ষাতে (১৯৯৩-৯৪)। এই বিষয়গুলির মধ্যে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই সাক্ষরতা আন্দোলনের কর্মসূচির প্রতি। যেখানে ১৯৮১ সালে রাজ্যে সাক্ষরতার হার ছিল প্রায় ৪৮ শতাংশ, এবং ১৯৯১ সালে যা হয়েছিল ৫৮ শতাংশ, সেখানে পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে, অনেক ক্ষেত্রে প্রায় স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে সাক্ষরতাকে কেন্দ্র করে গণ-আন্দোলনের কর্মসূচি গ্রহণ করার ফলে, গত দু' বছরে সাক্ষরতার হার আরও ১০ শতাংশ

বৃদ্ধি পেয়ে ১৯৯৩ সালের শেষে হয়েছে প্রায় ৬৮ শতাংশ, অর্থাৎ ১৯৮১ থেকে ১৯৯১—এই দশ বছরে সাক্ষরতার হারের যে ১০ শতাংশ বৃদ্ধি হয়েছিল, সেই ১০ শতাংশ বৃদ্ধি এখন করা সম্ভব হয়েছে দু' বছরের মধ্যেই। এই কর্মসূচি এক বিরাট সম্ভাবনা নিয়ে উপস্থিত হয়েছে, এবং এ-প্রসঙ্গে আমি পরেও কিছু বক্তব্য রাখব। তবে এখন উল্লেখ করছি যে শুধু সাক্ষরতা প্রসারের ক্ষেত্রে নয়, উচ্চশিক্ষার ক্ষেত্রেও সাম্প্রতিক কালে নতুন নজির সৃষ্টি করেছে আমাদের রাজ্য। সম্প্রতি উচ্চশিক্ষার ক্ষেত্রে সর্বভারতীয় প্রতিযোগিতামূলক 'জাতীয় যোগ্যতা' পরীক্ষা শুরু হয়েছে। ১৯৯৩ সালে বিজ্ঞান-বিষয়ক এই সর্বভারতীয় পরীক্ষায় কলকাতা বিশ্ববিদ্যালয়ের স্থান শুধু প্রথম তাই নয়, এর ধারে কাছেও অন্য রাজ্যের খুব বেশি বিশ্ববিদ্যালয় নেই।

২.৯। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, বর্তমান আর্থিক বছরে (১৯৯৩-৯৪) বার্ষিক পরিকল্পনার আয়তন দুটি স্তরে স্থির হয়। প্রথম স্তরটি ঠিক হয় ১,৫৯৪ কোটি টাকায়। পরিকল্পনার এই স্তরটি নির্ভর করে এই বছরে রাজ্যের সামগ্রিক সম্পদ সংগ্রহের ওপর। এই সম্পদ সংগ্রহের কিছু অংশ কেন্দ্রীয় সরকারের নীতির ওপর নির্ভরশীল, এবং অন্য অংশ নির্ভরশীল রাজ্যের নিজস্ব সম্পদ সংগ্রহের ওপর। যেহেতু সাম্প্রতিককালে, বিশেষ করে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩, এই দুই আর্থিক বছরে কেন্দ্রীয় নীতির অনিশ্চয়তা ও হঠাৎ পরিবর্তনের জন্য রাজ্যস্তরে তীব্র আর্থিক আঘাত এসেছিল, তাই এই অভিজ্ঞতার ভিত্তিতে, বর্তমান বছরে কেন্দ্রীয় নীতির এই অনিশ্চয়তার অংশ বাদ দিয়ে, দ্বিতীয় স্তরে রাজ্যের মূল পরিকল্পনার আয়তন স্থির করা হয় ১,২১৪ কোটি টাকায়। বাস্তবে যা ঘটেছে তা হল এই—কেন্দ্রীয় নীতির সঙ্গে যুক্ত কতকগুলি গুরুত্বপূর্ণ ক্ষেত্রে রাজ্যের প্রাপ্য সম্পদের ক্ষতি হয়েছে মোট প্রায় ৫২৫ কোটি টাকা। এর মধ্যে আছে কেন্দ্রীয় সরকারের নিজস্ব কর আদায়ে ঘাটতি হওয়ায়, তার জন্যে সংবিধানের নীতি অনুসারে রাজ্যের প্রাপ্য যে বিভাজ্য অংশ সেখানে ১৬ কোটি টাকার ক্ষতি, কোল ইণ্ডিয়া থেকে কয়লা-সেস বাবদ রাজ্যের ন্যায্য প্রাপ্য থেকে ১৩০ কোটি টাকা না পাওয়া, সর্বসম্মত সিদ্ধান্তের ভিত্তিতে প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের চালানি-কর চালু না করায় ১৫০ কোটি টাকার ক্ষতি হওয়া, যোজনা কমিশনের সঙ্গে আলোচনা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান থেকে যে ১৮৪ কোটি টাকা পাওয়ার কথা ছিল তা না পাওয়া, এবং জাতীয় উন্নয়ন পরিষদে সিদ্ধান্ত নেওয়ার পরেও রাজ্যের তালিকাভুক্ত বিষয়ে কেন্দ্রীয় প্রকল্পগুলি রাজ্যকে হস্তান্তর না করার ফলে ৪৫ কোটি টাকা রাজ্যকে না দেওয়া। অপরদিকে, রাজ্যের নিজস্ব সম্পদ সংগ্রহের ক্ষেত্রে, বিক্রয়কর, আবগারি শুল্ক, স্ট্যাম্প ডিউটি ইত্যাদিতে লক্ষ্যমাত্রার চেয়ে কম আদায় হয়েছে মোট প্রায় ২৭৪ কোটি টাকা। বিশ্লেষণ করলে দেখা যায়, বিক্রয়কর এবং আবগারি শুল্কের এই কম আদায় যথাক্রমে সমগ্র দেশের শিল্পে লাগাতার মন্দা এবং সর্বভারতীয় স্তরে চিটেগুড়ের যোগানের ওপর নিয়ন্ত্রণ হঠাৎ তুলে দেওয়ায় রাজ্যে চিটেগুড় যোগানে ব্যাপক ঘাটতির ফল। দুর্ভাগ্যবশত, এই দুটি ক্ষেত্রেই কারণগুলি কেন্দ্রের তথাকথিত নয়া আর্থিক নীতির সঙ্গে যুক্ত। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে কম আদায়ের মূল কারণ হল আগেকার আইন অনুযায়ী স্থাবর সম্পত্তির মূল্য কম দেখিয়ে কর ফাঁকি দেওয়ার প্রবণতা। মাননীয় সদস্যরা অবগত আছেন যে, সংশ্লিষ্ট আইন সংশোধন করে সম্প্রতি এ-নীতির পরিবর্তন করে 'বাজারদর' ভিত্তিক স্ট্যাম্প ডিউটি নির্ধারণ

করে এই কর ফাঁকি রোধের উদ্যোগ নেওয়া হয়েছে। রাজ্যে কর আদায়ের ক্ষেত্রে এই ২৭৪ কোটি টাকা কম আদায় হলেও তা পূরণ করে দিয়েছে রাজ্যস্তরে স্বল্পসঞ্চয়ের তীক্ষ্ণ উর্ধ্বগতি, যার ফলে স্বল্পসঞ্চয়ের ক্ষেত্রে লক্ষ্যমাত্রার থেকেও সম্পদ সংগ্রহ হয়েছে ৩০০ কোটি টাকা বেশি। মনে হয়, শেয়ার বাজারের কেলেঙ্কারির পর স্বল্পসঞ্চয় প্রকল্পগুলিতে সাধারণ সঞ্চয়কারিরা নতুনভাবে নিরাপত্তা ও নিশ্চয়তার আশ্রয় খুঁজে পেয়েছেন। এর সঙ্গে কাজ করেছে প্রতিটি জেলায় পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে বিকেন্দ্রীকৃত প্রচার উদ্যোগ। স্বল্পসঞ্চয় থেকে অতিরিক্ত ৩০০ কোটি টাকা অর্থ আদায়, রাজ্যের কর আদায়ের ঘাটতি পূরণ করেও প্রায় ২৬ কোটি টাকার অতিরিক্ত সংস্থান করেছে। কিন্তু কেন্দ্রীয় নীতির সঙ্গে সরাসরি যুক্ত সম্পদের ক্ষেত্রে ইতিমধ্যেই যে ৫২৫ কোটি টাকা ঘাটতি হয়েছে, তার সঙ্গে এই ২৬ কোটি টাকার অতিরিক্ত সম্পদ যুক্ত করলেও, সম্পদের এ-ক্ষেত্রে মোট ঘাটতি হয় ৪৯৯ কোটি টাকা। এর ফলে রাজ্যের পরিকল্পনার আয়তন ১,৫৫৪ কোটি টাকা থেকে ১,০৫৫ কোটি টাকা, অর্থাৎ মূল ১,২১৪ কোটি টাকার মূল পরিকল্পনা ব্যয়ের কম হওয়ার আশঙ্কা ছিল। কিন্তু মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, রাজ্যস্তরে পরিকল্পনা-বহির্ভূত ব্যয় সঙ্কোচের নীতি অত্যন্ত কড়াকড়িভাবে অনুসরণ করার ফলে রাজ্যের পরিকল্পনা-বহির্ভূত ব্যয়ে যে গুরুত্বপূর্ণ সাশ্রয় করা গেছে, তার ফলে মূল পরিকল্পনার আয়তন ১,২১৪ কোটি টাকায় নয়, তাকে কিছুটা অতিক্রম করেই শেষ পর্যন্ত ১,২১৭ কোটি টাকায় নিয়ে যাওয়া সম্ভব হবে।

[3-40 — 3-50 p.m.]

২.১০। এর ফলে প্রায় প্রতিটি গুরুত্বপূর্ণ দপ্তরেরই পরিকল্পনা বাবদ ব্যয় শতকরা ১০০ ভাগই রক্ষা করা সম্ভব হয়েছে। যার মধ্যে বিশেষ করে উল্লেখ করা প্রয়োজন কৃষি, সেচ ও জলপথ, রাস্তা, ক্ষুদ্রশিল্প, তফসিলি জাতি ও উপজাতি কল্যাণ, কর্মসংস্থান প্রকল্প, নগরোন্নয়ন ইত্যাদি। এ ছাড়া ক্ষুদ্রসেচ, পানীয় জল, পরিবহন, বিদ্যুৎ, আবাসন ইত্যাদি ক্ষেত্রে পরিকল্পনা খাতে বাজেট বরাদ্দের চেয়েও বেশি খরচ হবে আশা করা হচ্ছে। শিল্প ও বাণিজ্য দপ্তরের ক্ষেত্রে বাজেটের মূল পরিকল্পনার অংশটি রক্ষা করা হয়েছে। শিক্ষার ক্ষেত্রে গণশিক্ষা প্রসারের মূল অংশগুলি রক্ষা করার পর, নতুন বিদ্যালয় এবং শিক্ষক পদ সৃষ্টির সিদ্ধান্ত গ্রহণ করলেও, তা আইনগত ও অন্যান্য কারণে এই আর্থিক বছরে কার্যকর করা যাবে না। তাই এ-বছরের পরিকল্পনা খাতে কিছুটা কম ব্যয় দেখা গেলেও, আগামী বছরে এই খাতে খরচ বৃদ্ধি পাবে আশা করা যায়। এইভাবে মূল পরিকল্পনার আয়তন ১,২১৭ কোটি টাকাতে উন্নীত করার ফলে বর্তমান বছরের পরিকল্পনা ব্যয় গত আর্থিক বছরের পরিকল্পনা ব্যয় (৮৯১ কোটি টাকা) থেকে প্রায় ৩০ শতাংশ বৃদ্ধি হল।

২.১১। মাননীয় সদস্যগণ, এর পর যদি আমরা বর্তমান আর্থিক বছরের মোট উন্নয়নমূলক ব্যয়কে একত্রিত করি, যা এই মূল পরিকল্পনা ব্যয় সমেত প্রতিটি আর্থিক এবং সামাজিক ক্ষেত্রে মোট ব্যয়ের যোগফল, তা হলে এ-বছরে (১৯৯৩-৯৪) মোট উন্নয়নমূলক ব্যয় প্রায় ৫,২৫১ কোটি টাকাতে পৌঁছাবে অনুমিত হচ্ছে, যা হবে গত আর্থিক বছরের (১৯৯২-৯৩) মোট উন্নয়নমূলক ব্যয় থেকে প্রায় ২৫ শতাংশ উর্ধ্বে।

২.১২। মাননীয় সদস্যগণ আরও লক্ষ্য করবেন যে, মূল পরিকল্পনা ব্যয়ের শুধু যে এই

ঊর্ধ্বগতি আনা সম্ভব হয়েছে তাই নয়, এই ব্যয়ের প্রায় ৫৯ শতাংশ খরচ হয়েছে বিকেন্দ্রীকৃতভাবে জেলা ও ব্লক পরিকল্পনা কমিটির সিদ্ধান্তের ভিত্তিতে। ইদানিংকালে আগের বছরগুলিতে বিকেন্দ্রীকরণের এই ভাগ ছিল ৫০ শতাংশের কাছাকাছি। অর্থাৎ বর্তমান বছরে বিকেন্দ্রীকরণের প্রক্রিয়াতেও এক বাড়তি পদক্ষেপ নেওয়া হয়েছে এবং এই পদক্ষেপে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে নির্বাচিত পঞ্চায়েত ও পুরসভাগুলি।

২.১৩। এইভাবে রাজ্যস্তরে বিকল্প আর্থিক নীতির দৃষ্টিভঙ্গি প্রতিটি প্রাসঙ্গিক ক্ষেত্রে অনুসরণ করে এবং মূল পরিকল্পনা ব্যয় ও মোট উন্নয়নমূলক ব্যয়কে ঊর্ধ্বগামী করার সামগ্রিক ফল হিসেবে, ১৯৯৩-৯৪ সালে রাজ্যের মোট উৎপাদন বৃদ্ধি পেতে চলেছে প্রায় ৪.৫ শতাংশ হারে, যা সমগ্র দেশে বর্তমান বছরে বৃদ্ধির হার ৩.৮ শতাংশের অনেক উঁচুতে।

২.১৪। রাজ্যস্তরে এই মোট উৎপাদনবৃদ্ধির প্রভাব পড়েছে কর্মসংস্থান সৃষ্টির ক্ষেত্রে। প্রাথমিক হিসেবে দেখা যাচ্ছে যে, বর্তমান আর্থিক বছরে কৃষিতে উৎপাদন বৃদ্ধির কারণে অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টি হবে প্রায় ১.৭৮ লক্ষ। এর সঙ্গে মৎস্যচাষ পশুসম্পদ বিকাশ, বিদ্যুৎ, শিল্প, সাধারণ নির্মাণকার্য, পরিবহন, ব্যবসা ও অন্যান্য সেবামূলক ক্ষেত্র থেকে সৃষ্টি হবে আরও ১.৪৮ লক্ষ কর্মসংস্থান। এ ছাড়াও, স্বনির্ভর কর্মসূচি প্রকল্পগুলি রূপায়ণের ফলে অতিরিক্ত প্রায় ৪.৫৬ লক্ষ কর্মসংস্থানের সম্ভাবনা সৃষ্টি হয়েছে। ফলে এ-বছরে সাধারণভাবে যে অতিরিক্ত ৪ লক্ষ কর্মহীন যুক্ত হল, তার থেকে কিছুটা বেশিই কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যার ফলে এ-রাজ্যের বকেয়া কর্মহীনতার সমস্যা কিছুটা লাঘব হতে শুরু করবে।

২.১৫। এ ছাড়া সর্বভারতীয় প্রক্রিয়ার অংশ হিসেবে মূল্যবৃদ্ধি হলেও রাজ্যস্তরে বর্তমানে বছরে মূল্যমানের সূচক সবসময় থেকেছে সর্বভারতীয় মূল্যমান সূচকের অনেকে নিচে, যা তথ্য দিয়ে বর্ণিত হয়েছে আর্থিক সমীক্ষা, ১৯৯৩-৯৪তে (সারণী ৯.১ এবং ৯.২)। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের নয়া আর্থিক নীতির প্রকোপে যে আঘাত রাজ্যের ওপর সাম্প্রতিককালে নেমে এসেছিল, সেই চ্যালেঞ্জের মোকাবিলা করে বিকল্প নীতির ভিত্তিতে প্রতিটি ক্ষেত্রেই সমুচিত এবং উন্নত জবাব দিয়েছেন এ-রাজ্যের সংগ্রামি সাধারণ মানুষ। বিগত দুটি বছরে যে কঠিন আর্থিক সমস্যা রাজ্যের ওপরে চাপিয়ে দেওয়া হয়েছিল তার থেকে এখন বেরিয়ে আসতে শুরু করেছে এই রাজ্য।

৩

৩.১। মাননীয় সদস্যগণ, বর্তমান আর্থিক বছরে রাজ্যের পরিকল্পনা এবং উন্নয়নমূলক ব্যয়কে যেভাবে উন্নীত করা হয়েছে, সেই ধারাকে আগামী আর্থিক বছরে আরও ঊর্ধ্বগামী করার প্রস্তাব আমি রাখছি। মূল পরিকল্পনা-ব্যয়কে এ বছরের ১,২১৭ কোটি টাকা থেকে আগামী বছরে প্রায় ১৮ শতাংশ বৃদ্ধি করে ১,৪৩৯ কোটি টাকাতে উন্নীত করা সম্ভব। বস্তুতঃ আগামী বছরে রাজ্যের এই পরিকল্পনা বরাদ্দকে আরও উন্নত করে ১,৭০৬ কোটি টাকাতেও নেওয়া যায় যদিও কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুত চালানি করের রূপায়ণ করেন, যার থেকে রাজ্যস্তরে অন্তত ১০০ কোটি টাকা, যোজনা কমিশনে আলোচিত এবং লিখিত প্রতিশ্রুতি মোতাবেক রাজ্যের উন্নয়ন বন্ডের মাধ্যমে ৭১ কোটি টাকা এবং যোজনা কমিশনে আলোচিত এবং লিখিত যোগাযোগের ভিত্তিতে এ-রাজ্যে নতুন ও বর্ধিত হারে কয়লার রয়্যালটি বাবদ

বকেয়া ৬০০ কোটি টাকা প্রাপ্য অর্থের অন্তত ৯৬ কোটি টাকা পাওয়া যায়। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, সংবিধানের নীতি এবং আইন অনুসারে এ-রাজ্যে কয়লা থেকে সেস এবং রয়্যালটি উভয়ই প্রাপ্য। কয়লা সেসের ক্ষেত্রে না-পাওয়া ন্যায্য অর্থের কথা আগেই উল্লেখ করা হয়েছে। কিন্তু এর চেয়েও দুর্ভাগ্যজনক বৈষম্যের শিকার হয়েছে এই রাজ্য কয়লার রয়্যালটির অর্থ নতুন হারে না পেয়ে। গত ১৯৯১ সালের ১লা আগস্ট কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কয়লার রয়্যালটির হার বৃদ্ধি করা হয়, যে বর্ধিত হারের ভিত্তিতে প্রতি বছর এ-রাজ্যে অতিরিক্ত প্রাপ্য হওয়া উচিত প্রায় ৩০০ কোটি টাকা। অথচ, কোনও কারণ না নির্দেশ করে পশ্চিমবঙ্গ এবং আসামকে এই অতিরিক্ত প্রাপ্য অর্থ থেকে বঞ্চিত করে চলেছেন কেন্দ্রীয় সরকার। এই বৈষম্যের প্রসঙ্গ আন্তঃরাজ্য পর্ষদের বৈঠকে উত্থাপন করে রাজ্য সরকার এবং এ বছর যোজনা কমিশনে আলোচনা এবং লিখিত পত্রের পর রাজ্যের দাবি হিসেবে বকেয়া এই টাকার অন্তত ৯৬ কোটি টাকা আগামী বছরের জন্য প্রাপ্য হিসেবে ধরা হয়েছে। এই সমস্ত প্রাপ্য অর্থ পাওয়া গেলে রাজ্য যোজনার আয়তনকে ১,৭০৬ কোটি টাকাতে উন্নীত করা যাবে। কিন্তু যেহেতু ইদানিংকালে কেন্দ্রীয় প্রতিশ্রুতির পরও অনিশ্চয়তা দেখা যায়, তাই, অনিশ্চয়তার অংশ বাদ দিয়ে মূল পরিকল্পনার আয়তন স্থির করা হয়েছে ১,৪৩৯ কোটি টাকাতে। রাজ্য পরিকল্পনার এই দু'স্তরের আয়তনের মধ্যে যে ব্যবধান, তা-ও স্পষ্ট করে পরিকল্পনা দপ্তরের একটি খাতে ধরা আছে। যদি অনিশ্চয়তার ভিত্তিতে আঘাত আসে, তা হলে এ বছরের মতনই অন্তত মূল পরিকল্পনার আয়তন (১,৪৩৯ কোটি টাকা)-কে আমরা রক্ষা করতে পারব। আর যদি পূর্বে উল্লিখিত প্রতিশ্রুত সমস্ত অর্থ পাওয়া যায়, তা হলে সেই অতিরিক্ত অর্থ দপ্তরগুলির মধ্যে পুনর্বন্টন হবে।

৩.২। আগামী বছরের মূল পরিকল্পনা বরাদ্দ ১,৪৩৯ কোটি টাকাকে বিভিন্ন গুরুত্বপূর্ণ ক্ষেত্রের মধ্যে যেভাবে বন্টন করা হয়েছে তা হল ঃ বিদ্যুত (২০.৯ শতাংশ); কৃষি গ্রামীণ উন্নয়ন ইত্যাদি সমেত (১৭.৬ শতাংশ); সেচ ও বন্যা নিয়ন্ত্রণ (১২.৯ শতাংশ); শিল্প (৯.৫ শতাংশ); পানীয় জল, গৃহনির্মাণ ও নগর উন্নয়ন (১৫.৮ শতাংশ)ছ শিক্ষা, কলাশিল্প, সংস্কৃতি ইত্যাদি (৭.২ শতাংশ); পরিবহন সড়ক ও সেতু নির্মাণ (৮.২ শতাংশ); তফসিলি জাতি ও উপজাতি উন্নয়ন (৩.৮ শতাংশ); স্বাস্থ্য ও পরিবার কল্যাণ (২.২ শতাংশ) এবং অন্যান্য সেবামূলক ক্ষেত্র (১.৯ শতাংশ)। এই পরিকল্পনা বরাদ্দের যে সকল ক্ষেত্রে বর্তমান আর্থিক বছর থেকে আগামী আর্থিক বছরে লক্ষ্যণীয় বৃদ্ধি হয়েছে তা হলঃ কৃষি এবং কৃষি সংক্রান্ত ক্ষেত্রে ৬৪.৩৭ কোটি টাকা থেকে ৮৮.৩২ কোটি টাকা (বৃদ্ধির হার ৩৭.২ শতাংশ), গ্রামীণ উন্নয়নের ক্ষেত্রে ১১৮.০৫ কোটি টাকা থেকে ১৬৫.২৭ কোটি টাকা (বৃদ্ধির হার ৪০.০ শতাংশ), সেচ ও বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে ১৫২.৪৭ কোটি টাকা থেকে ১৮৫.৮৩ কোটি টাকা (বৃদ্ধির হার ২১.৯ শতাংশ), রাস্তা ও পরিবহনের ক্ষেত্রে ৮৩.৯২ কোটি টাকা থেকে ১১৭.২২ কোটি টাকা (বৃদ্ধির হার ৩৯.৭ শতাংশ), নগরোন্নয়ন, আবাসন ও পানীয় জলের ক্ষেত্রে ১২৪.০৪ কোটি টাকা থেকে ২২৭.৩৯ কোটি টাকা (বৃদ্ধির হার ৮৩.৩ শতাংশ), শিক্ষা-সংস্কৃতি ইত্যাদি খাতে ৯২.৪৫ কোটি টাকা থেকে ১০৩.১৩ কোটি টাকা (বৃদ্ধির হার ১১.৬ শতাংশ) এবং জনস্বাস্থ্যের খাতে ২৮.১৭ কোটি টাকা থেকে ৩০.৯৮ কোটি টাকা (বৃদ্ধির হার ১০ শতাংশ)।

৩.৩। মাননীয় সদস্যগণ, আগামী বছরের মূল পরিকল্পনার আয়তন ১,৪৩৯ কোটি টাকাকে অন্তর্ভুক্ত করে, আমরা যদি প্রতিটি আর্থিক এবং সামাজিক ক্ষেত্রের মোট ব্যয়কে একত্রিত করে উন্নয়নমূলক ব্যয়-বরাদ্দের প্রস্তাব রাখি, তা হলে মোট উন্নয়নমূলক ব্যয় বর্তমান আর্থিক বছরের ৫,২৫১ কোটি টাকা থেকে প্রায় ১২ শতাংশ বৃদ্ধি পেয়ে আগামী বছরে ৫,৮৯৪ কোটি টাকাতে উন্নীত হবে।

৩.৪। আগামী বছরে বিশেষ করে পরিকল্পনা খাতে নির্দিষ্ট ক্ষেত্রগুলিতে বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব শুধুমাত্র অর্থাঙ্কের বৃদ্ধি নয়, এর পিছনে অগ্রাধিকারের একটি নির্দিষ্ট ধারণা কাজ করছে, যা বিকল্প আর্থিক নীতির রাজ্যস্তরে প্রয়োগের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে যুক্ত। সমান প্রতিযোগিতা ও স্বনির্ভরতার উদ্দেশ্যে রাজ্যস্তরে এই নীতি প্রয়োগের একটি মূল লক্ষ—ভূমি-সংস্কারের ভিত্তিতে কৃষি ও কৃষিসংক্রান্ত ক্ষেত্রে উৎপাদন বৃদ্ধি করে রাজ্যস্তরে চাহিদা ও যোগানের মধ্যে ব্যবধান কমিয়ে ফেলা। উৎপাদন বৃদ্ধির তাগিদেই সেচের ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধির ওপর বিশেষ জোর দেওয়া হয়েছে (বৃদ্ধির হার ২১.৯ শতাংশ) এবং এ ক্ষেত্রেও বিশেষ জোর দেওয়া হয়েছে ক্ষুদ্রসেচের বিস্তারের ওপর। এর ফলে আগামী বছরের শেষে রাজ্যের মোট কর্ষিত জমির ৫০ শতাংশকেই সেচের আওতায় আনার লক্ষ্য স্থির করা হয়েছে এবং এর ভিত্তিতে রাজ্যের খাদ্যশস্যের চাহিদা ও যোগানের ব্যবধানকে আরও কমানো সম্ভব হবে।

৩.৫ মাননীয় সদস্যগণ, শুধুমাত্র উৎপাদন বৃদ্ধি করে এই ব্যবধান কমানো নয়, উৎপন্ন ফসলের বিপণনকে সামাজিক নিয়ন্ত্রণে রাখার জন্য রাজ্যস্তরে একটি 'শস্যভাণ্ডার' স্থাপনের উদ্দেশ্যে আমি অতিরিক্ত ১৫ কোটি টাকা অর্থবরাদ্দের প্রস্তাব আগামী বছরের জন্য রাখছি। ডাঙ্কেল প্রস্তাবের চাপে যদি রাজ্যে গণবন্টন ব্যবস্থার ওপর কোনও আঘাত আসে, তা হলে একচেটিয়া ব্যবসায়ীদের সৃষ্ট মূল্যবৃদ্ধি প্রতিরোধে, গণবন্টন ব্যবস্থাকে সহায়তা করার জন্যই এই শস্যভাণ্ডার ব্যবহৃত হবে।

৩.৬। শুধুমাত্র খাদ্যশস্যের ক্ষেত্রেই নয়, মৎস্য চাষ প্রাণীসম্পদ বিকাশ ইত্যাদির ক্ষেত্রেও উৎপাদন বৃদ্ধি করে রাজ্যের চাহিদা ও যোগানের মধ্যে ব্যবধান কমানো সম্ভব, এবং এই একই কারণে, এ ক্ষেত্রগুলিতেও পরিকল্পনা বরাদ্দের বৃদ্ধির প্রস্তাব রাখা হয়েছে।

৩.৭। প্রসঙ্গত উল্লেখনীয় যে, ক্ষুদ্রসেচের সম্প্রসারণের ক্ষেত্রে পঞ্চায়েতের মাধ্যমে এক বিশেষ ধরনের সাংগঠনিক উদ্যোগ বর্তমানে পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে। উদাহরণস্বরূপ, ক্ষুদ্রসেচ প্রকল্পটি (যথা—নলকূপ) সরকারি অর্থব্যয়ে সংস্থাপিত হওয়ার পর, এর পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব তুলে দেওয়া হচ্ছে স্থানীয় পঞ্চায়েতের মাধ্যমে সংশ্লিষ্ট উপকৃতদের সমিতির ওপর। এর ফলে দেখা যাচ্ছে শুধু যে রক্ষণাবেক্ষণ সুষ্ঠুভাবে হচ্ছে তাই নয়, অর্থের অপচয়ও বন্ধ হয়ে উদ্বৃত্ত অর্থ স্থানীয়ভাবে জমা হচ্ছে, যা থেকে আরও নতুন নলকূপ বসানো সম্ভব। এই সাংগঠনিক উদ্যোগ আমাদের রাজ্যে বিকল্প আর্থিক নীতি প্রয়োগের একটি অঙ্গ। আন্তর্জাতিক অর্থভাণ্ডার নির্দেশিত পথ হল, ক্ষুদ্রসেচ প্রকল্পটি হবে ধনী কৃষকের মালিকানায়, এবং তিনি-ই প্রকল্পটি পরিচালনার দায়িত্ব নিয়ে সেচের জল অন্যান্য কৃষকের কাছে বিক্রি করবেন ব্যক্তিগত লাভের উদ্দেশ্যে। আর একটি পথ হল, সরকার কেন্দ্রীয়ভাবে সরাসরি এই প্রকল্প পরিচালনা করবে। কিন্তু, আমাদের বিকল্প নীতিতে বক্তব্য হল, এই

প্রকল্প প্রথমে সংস্থাপিত করবে সরকার, তারপর বিকেন্দ্রীকৃত সামাজিক নিয়ন্ত্রণে একে পরিচালনা করবেন উপকৃতদের (ভূমি-সংস্কারের ফলে সাধারণত যারা সংখ্যাগরিষ্ঠ দরিদ্র খেটে-খাওয়া কৃষক) সমিতি। এটা শুধু বিকেন্দ্রীকৃত পরিকল্পনার উদ্যোগ নয়, সাংগঠনিক দিক থেকেও সমান প্রতিযোগিতার পরিবেশের দিকে পদক্ষেপ। আগামী বছরে এই ধরনের উদ্যোগের সংখ্যা আরও বৃদ্ধি পাবে।

[3-50 — 4-00 p.m.]

৩.৮। ক্ষুদ্রসেচের সম্প্রসারণের ক্ষেত্রে গ্রামাঞ্চলে বিদ্যুতের সরবরাহ বিশেষ গুরুত্বপূর্ণ। এই উদ্দেশ্যেই বিদ্যুতের ক্ষেত্রে আগামী বছরে প্রায় ২২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে গ্রামাঞ্চলে বিদ্যুত পরিবহণ ও সরবরাহের জন্য। এ-ক্ষেত্রেও, অপচয় রোধ এবং সুষ্ঠু পরিচালনার জন্য ব্লকস্তরে উপকৃতদের সমবায় সমিতি গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। হুগলি জেলার একটি ব্লকে এই উদ্যোগ নেওয়ায় বিদ্যুত পরিবহন ও বন্টনের ক্ষেত্রে প্রায় ৫ শতাংশ অপচয় হ্রাস করা সম্ভব হয়েছে। ক্ষুদ্রসেচের মতো গ্রামীণ বিদ্যুতায়নের ক্ষেত্রেও এই বিকেন্দ্রীকৃত উদ্যোগ, একই কারণে, বিকল্প আর্থিক নীতির অঙ্গ। আগামী বছরে প্রায় ৩৩টি এই ধরনের উদ্যোগেরও সম্প্রসারণের চেষ্টা হবে বিভিন্ন জেলায়।

৩.৯। কৃষি এবং এই সকল ক্ষেত্রে অগ্রগতির সঙ্গে সঙ্গে আমাদের রাজ্য এখন শিল্পবিকাশেরও এক নতুন সম্ভাবনায় পরিপূর্ণ। এই শিল্প-সম্ভাবনার একটি অংশ কৃষির উন্নতির সঙ্গেই যুক্ত। কৃষিতে উৎপন্ন ফসল ব্যবহার করে, এবং কৃষির উৎপাদন-উপকরণের (যথা, বীজ, নলকূপের যন্ত্রাংশ) যোগানকে কেন্দ্র করে নতুন শিল্প-সম্ভাবনা সৃষ্টি হয়েছে। তা ছাড়া, সামাজিক বনসৃজনের অগ্রগতির ফলে কাগজশিল্পের কাঁচামাল যোগানের ক্ষেত্রে রাজ্যস্তরে এখন লক্ষ্যণীয় উন্নতি হয়েছে, যার ফলে এ-রাজ্যে কাগজশিল্পের পুনরুজ্জীবনের সম্ভাবনা দেখা দিয়েছে। স্থানীয় উৎকৃষ্ট এবং পর্যাপ্ত কাঁচা চামড়াকে ব্যবহার করে চর্মশিল্পের আধুনিক কেন্দ্র স্থাপনের এক উদ্যোগ শুরু হয়েছে কলকাতার পূর্ব সীমানার কিছুটা বাইরে। তা ছাড়া, পরিবেশের পক্ষে অনুকূল, নতুন ধরনের চাহিদার কারণে এ-রাজ্যের চটশিল্পের সামনেও এসেছে নতুন সুযোগ। মাশুল সমীকরণ নীতির অবলুপ্তির ফলে, বর্তমান কেন্দ্রীয় বাজেটের আঘাত সত্ত্বেও, এক সম্ভাবনাময় পরিস্থিতির সৃষ্টি হয়েছে ইস্পাত শিল্পের ক্ষেত্রে। বস্তুত চট, ইস্পাত এবং চায়ের ক্ষেত্রে, এ-রাজ্যের শিল্পগুলির পক্ষে সম্ভব রাজ্যের স্থানীয় চাহিদা বহুলাংশে মিটিয়ে অন্য রাজ্যকে যোগান দেওয়া, বা রপ্তানি করা। মেধাশক্তি ও দক্ষতার আপেক্ষিক সুবিধার জন্য ইলেকট্রনিকসের মতো আধুনিক শিল্পেরও বিকাশের উপযুক্ত স্থান পশ্চিমবঙ্গ। এ-ছাড়া, নতুন বৃহৎ শিল্পগুলির মধ্যে, বহুবিধ সুবিধা সৃষ্টি করে হলদিয়ার অ্যাক্রলিক ফাইবার প্রকল্পটির কাজ যৌথ উদ্যোগে ইতিমধ্যেই শুরু হয়েছে। সর্বোপরি, মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, হলদিয়া পেট্রোরসায়ন প্রকল্পটির নির্মাণ-ব্যয় বৃদ্ধি পাওয়াতে পশ্চিমবঙ্গ শিল্প উন্নয়ন নিগম এবং টাটা গোষ্ঠী ছাড়াও যে তৃতীয় সহ-উদ্যোগীর প্রয়োজন দেখা দিয়েছিল, সেই সমস্যার অতি শীঘ্রই সমাধান হতে পারে, এবং ফলে আগামী আর্থিক বছরেই প্রকল্পটির কাজ পুরোদমে শুরু হওয়ার এক উজ্জ্বল সম্ভাবনা দেখা দিয়েছে। প্রকল্পটির জন্য ইতিমধ্যেই ৩০ কোটি টাকার বেশি খরচ হয়েছে, প্রযুক্তি নির্বাচনের মূল পর্ব শেষ হয়েছে এবং আগামী বছরের রাজ্য বাজেটে প্রকল্পটির জন্য আলাদা ভাবে ৩০ কোটি টাকা ধরা হয়েছে। প্রয়োজনে

এই বরাদ্দ আরও বাড়ানো হবে।

৩.১০। শিল্প উৎপাদনের যে সূচক (ভিত্তিবর্ষ ১৯৭০=১০০) বর্তমান বছরে ১৪৯.০-তে পৌঁছাবে, আগামী বছরে তা ১৫৪.৩-তে উন্নীত হতে পারে বলে অনুমিত হচ্ছে।

৩.১১। এই শিল্প সম্ভাবনার অনেকগুলিই ক্ষুদ্রশিল্পের মাধ্যমে বিকাশ লাভ করতে পারে। তা ছাড়া, যেখানে হলদিয়া প্রকল্পটির মতন মূল শিল্পটি বৃহদায়তন ক্ষেত্রে অবস্থিত থাকবে, সেখানেও বৃহৎ শিল্পের সঙ্গে সহযোগি বিভিন্ন ক্ষুদ্রশিল্পকে সমন্বিত করা হবে, যাতে শিল্প বিকাশের সঙ্গে সঙ্গে কর্মসংস্থানও বৃদ্ধি পায়।

৩.১২। ক্ষুদ্র এবং অতিক্ষুদ্র শিল্পগুলির বিকাশের ক্ষেত্রে স্বনিযুক্তি প্রকল্পগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। এটা মনে রেখেই আগামী বছরে স্বনিযুক্তি প্রকল্পগুলির মাধ্যমে অন্তত ৫ লক্ষ অতিরিক্ত কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যমাত্রা ধার্য হয়েছে। তা ছাড়া, আগামী বছরে কৃষিতে উৎপাদন বৃদ্ধির মাধ্যমে অতিরিক্ত প্রায় ১.৯ লক্ষ, এবং মৎস্যচাষ, প্রাণীসম্পদ-বিকাশ, বনসৃজন, শিল্প, বিদ্যুৎ, নির্মাণকার্য, ব্যবসা এবং সেবামূলক ক্ষেত্রের কর্মকাণ্ডের মাধ্যমে আরও প্রায় ২.৬ লক্ষ মানুষের কর্মসংস্থান সম্ভব। এইভাবে যদি আগামী বছরে ৮ লক্ষেরও কিছু বেশি মানুষের কর্মসংস্থান সৃষ্টি করা যায়, তাহলে ঐ বছরে যে অতিরিক্ত কর্মহীন নথিভুক্ত হবেন (প্রায় ৪ লক্ষ), তাকে অতিক্রম করে বকেয়া বেকারি সমস্যার ভারকে লাঘব করা যেতে পারে। কর্মসংস্থান প্রকল্পগুলির জন্য আগামী বছরের রাজ্য বাজেটে ইতিমধ্যেই বরাদ্দ করা হয়েছে প্রায় ১৩৪ কোটি টাকা (বৃদ্ধির হার প্রায় ৩২ শতাংশ)। এ-ছাড়াও, কর্মসংস্থানের ক্ষেত্রে স্বনিযুক্তি প্রকল্পে বিশেষ অগ্রাধিকার আরোপ করার জন্য আমি আরও ১৫ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব রাখছি।

৩.১৩। মাননীয় সদস্যগণ, আমি ইতিমধ্যেই সাক্ষরতা কর্মসূচির গুরুত্বের কথা উল্লেখ করেছি। ভূমিসংস্কার যে কারণে গরিব কৃষকদের কাছে জমির অধিকার পৌঁছে দেওয়ার আন্দোলন, সাক্ষরতার কর্মসূচিও তুলনীয় অর্থে সাধারণ মানুষের কাছে মেধাপুঁজি পৌঁছে দেওয়ার আন্দোলন। এই আন্দোলনকে সামনে রেখে সাক্ষরতা কেন্দ্রগুলির এক বিশেষ ভূমিকা থাকবে আগামী দিনে। এই কেন্দ্রগুলিতে সাক্ষরোত্তর পাঠের সঙ্গে সঙ্গে জনস্বাস্থ্যের কর্মসূচি এবং স্বনিযুক্তি কর্মসূচি প্রকল্পের অন্তর্গত প্রশিক্ষণের ব্যবস্থাকে সমন্বিত করা হবে, এবং এই সমন্বয়ের সামগ্রিক প্রভাব পড়বে উৎপাদন এবং অন্যান্য সামাজিক ক্ষেত্রেও।

৩.১৪। রাজ্যের নতুন শিল্প-সম্ভাবনার বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কাঠামোর ওপর লাগাতার জোর থাকবে। বিদ্যুতের ক্ষেত্রে অর্জিত স্বনির্ভরতা রক্ষা করার সঙ্গে সঙ্গে পরিকাঠামো ও অন্যান্য ক্ষেত্রে, এবং বিশেষ করে সড়ক ব্যবস্থার উন্নতি জরুরি প্রয়োজন। এই কারণে, সড়ক ও পরিবহনের খাতে আগামী বছরে পরিকল্পনা বরাদ্দের প্রায় ৩৯.৭ শতাংশ বৃদ্ধি প্রস্তাবিত হয়েছে।

৩.১৫। এই পরিকাঠামো ব্যবস্থার উন্নতির অঙ্গ হিসেবেই নগর উন্নয়ন পরিকল্পনার ওপর বিশেষ জোর দেওয়া শুরু হবে আগামী বছর থেকে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, সি.এম.ডি.এ. অঞ্চলের জন্য আগামী প্রায় ৮ বছর ধরে ১,৬০০ কোটি টাকা বিনিয়োগের এক 'মেগা সিটি' পরিকল্পনা বর্তমানে অনুমোদিত হচ্ছে। এর ৭৫ শতাংশ অর্থ

(১,২০০ কোটি টাকা) জোগাড় করবেন রাজ্য সরকার—৪০০ কোটি টাকা বাজেট বরাদ্দ এবং ৮০০ কোটি টাকা আর্থিক প্রতিষ্ঠান ইত্যাদির কাছ থেকে ঋণ সংগ্রহ করে। বাকি ২৫ শতাংশ, অর্থাৎ ৪০০ কোটি টাকা দেবে কেন্দ্রীয় সরকার। সি.এম.ডি.এ. অঞ্চলের কর্পোরেশন এবং পুরসভাগুলির মাধ্যমে বিকেন্দ্রীকৃতভাবে রূপায়িত হবে এই প্রকল্প। বস্তুত, বর্তমান আর্থিক বছরের শেষের দিকে রাজ্য সরকার প্রকল্পটির জন্য প্রাথমিকভাবে ২০ কোটি টাকা বরাদ্দ করেছে এবং আশা করা হচ্ছে কেন্দ্রীয় সরকারও সমপরিমাণ অর্থ দেবে। আগামী বছরে এই প্রকল্পে রাজ্যের বরাদ্দ ৪০ কোটি টাকার উন্নীত হবে, এবং কেন্দ্রীয় সরকারও ৪০ কোটি টাকা দেবে এই কথা আছে। একইভাবে সি.এম.ডি.এ.-বহির্ভূত পুরসভাগুলির জন্য ৮ বছরে ১,১১৫ কোটি টাকা ব্যয়ে একটি উন্নয়ন পরিকল্পনার কথা চিন্তা করছে রাজ্য সরকার। এই কারণগুলির জন্যই নগর উন্নয়ন এবং সংশ্লিষ্ট খাতে আগামী বছরে পরিকল্পনা বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে প্রায় ৮৩.৩ শতাংশ।

৩.১৬। পরিকল্পনা খাতে এই ব্যয়বৃদ্ধির সঙ্গে সঙ্গে পরিকল্পনা-বহির্ভূত খাতেও মহার্ঘ ভাতা বাবদ অতিরিক্ত ১৫০ কোটি টাকা সরকারি কর্মী, শিক্ষক ও সংশ্লিষ্ট অন্যান্যদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, বর্তমান আর্থিক বছরে রাজ্য সরকারি কর্মচারিদের বেতন পুনর্বিন্যাসজনিত যে বকেয়া অর্থ প্রাপ্য ছিল, তা প্রভিডেন্ড ফান্ড মারফত ইতিমধ্যেই ফেরত দেওয়া শুরু হয়ে গিয়েছে। এ ছাড়া, শিক্ষক ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মিদের বেতন পুনর্বিন্যাসজনিত যে, অবশিষ্ট বকেয়া প্রাপ্য আছে, তা আগামী আর্থিক বছর থেকে প্রভিডেন্ড ফান্ডের মাধ্যমে দেওয়া হবে, এবং এর জন্য প্রয়োজনীয় সাংগঠনিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন যে, রাজ্যের প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠন করার প্রক্রিয়াও এখন চূড়ান্ত পর্যায়ে; শীঘ্রই এর কাজ শুরু হবে।

৩.১৭। চিট ফান্ড জাতীয় সংস্থাগুলির বে-আইনি কার্যকলাপের ওপর আমরা কড়া নজর রাখার সিদ্ধান্ত নিয়েছি। এই উদ্দেশ্যে রিজার্ভ ব্যাঙ্কের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে, যাতে তারা তাদের প্রচলিত আইন ও নিয়মের বলে এই সংস্থাগুলির কার্যকলাপ নিয়ন্ত্রণ করেন। একই সঙ্গে আমরা রাজ্যের গোয়েন্দা দপ্তরের সঙ্গে সমন্বয় করে সরাসরি ভারতীয় দণ্ডবিধির সংশ্লিষ্ট ধারা অনুযায়ী সংস্থাগুলির বে-আইনি কার্যকলাপ বন্ধ করার জন্য বদ্ধপরিকর, যাতে শহর এবং গ্রামাঞ্চলে সাধারণ মানুষ প্রতারিত না হন। এই বিষয়ে আমি সকল মাননীয় সদস্যদের সহযোগিতা কামনা করছি।

৩.১৮। মাননীয় সদস্যগণ, আমরা যদি রাজ্যের এবং কেন্দ্রের করগুলির (আয়কর ও উৎপাদন শুল্ক) তুলনা করি, তা হলে দেখা যাচ্ছে যে ইদানিং কালে রাজ্যে করের বৃদ্ধি হার সংশ্লিষ্ট কেন্দ্রীয় করের বৃদ্ধির হারের চেয়ে অনেক বেশি। বস্তুত, বর্তমান বছরের কেন্দ্রীয় কর আদায়ের ক্ষেত্রে এক নিম্নগামী চিত্র বেরিয়ে এসেছে। কেন্দ্রীয় করের যে অংশ রাজ্যের ১৯৯৩-৯৪ সালের প্রাপ্য, তা কেন্দ্রীয় অর্থমন্ত্রক প্রথমে জানিয়েছিলেন ১,৬২৬ কোটি টাকা, কিন্তু এখন তা কমে হয়েছে প্রায় ১,৬১০ কোটি টাকা। একইভাবে, ১৯৯৪-৯৫ সালে কেন্দ্রীয় করের প্রাপ্য হিসেবে যোজনা কমিশনের আলোচনায় বলা হয়েছিল ১,৭৮৮ কোটি টাকা, এখন তা কমিয়ে করা হয়েছে ১,৭৬৪ কোটি টাকা। অন্য দিকে, রাজ্যের করের ক্ষেত্রে কর আদায় ১৯৯৩-৯৪ সালের ২,৯৬৪ কোটি টাকা থেকে প্রায় ১৭.৪৩ শতাংশ হারে বৃদ্ধি

পেয়ে ১৯৯৪-৯৫ সালে ৩,৪১৮ কোটি টাকাতে পৌঁছবে অনুমিত হচ্ছে।

[4-00 — 4-10 p.m.]

৩.১৯। পরিকল্পনা এবং পরিকল্পনা-বহির্ভূত ব্যয় এবং রাজ্যের মোট আয় একত্রিত করলে বাজেটে (১৯৯৪-৯৫) প্রাথমিক ঘাটতি দাঁড়ায় প্রায় ৮৬ কোটি টাকা।

৪

৪.১। মাননীয় সদস্যগণ, এই ঘাটতির মুখোমুখি দাঁড়িয়ে আমি এখন কর এবং কর ব্যবস্থার ক্ষেত্রে প্রস্তাবগুলি আনছি।

৪.২। করের ক্ষেত্রে এই প্রস্তাবগুলি উপস্থাপন করার সময় যে উদ্দেশ্যগুলি আমাদের সামনে থাকছে, তা হল ঃ

(ক) কর-ব্যবস্থার সরলীকরণ ও বেকেন্দ্রীকরণ, যার মাধ্যমে কর-ব্যবস্থার মধ্যে যে অহেতুক জটিলতা ও কেন্দ্রীকরণ আছে, তার পরিবর্তে সাংগঠনিক ব্যবস্থার মধ্যেই কিছুটা সমান প্রতিযোগিতার সৃষ্টি করা এবং এর মাধ্যমেই উৎপাদন ও বাণিজ্যের ক্ষেত্রেও সমান প্রতিযোগিতার পরিবেশ স্থাপনের উৎসাহ দেওয়া, যাতে উপকার পান সাধারণ শিল্পপতি ও ব্যবসায়ী এবং ভার লাঘব হয় প্রশাসনের;

(খ) কেন্দ্রীয় আর্থিক নীতি এবং বাজেটের ফলে যে শিল্পগুলি এবং বিশেষ করে ছোট শিল্পগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের কিছুটা পাল্টা সহায়তা করা;

(গ) কিছু বিলাসপণ্যের ওপর কর আরোপ করা; এবং

(ঘ) রাজ্যে যে শিল্পের নতুন সম্ভাবনা সৃষ্টি হয়েছে তাকে কর-ব্যবস্থা এবং উৎসাহ প্রদানের মারফত বিশেষভাবে সাহায্য করা।

৪.৩। আমার আগের বছরের বাজেট বক্তৃতায় আমি বলেছিলাম, করদাতাদের অসুবিধা নিরসন করার জন্য কর-হারের যুক্তিসম্মত পুনর্বিন্যাস এবং যাবতীয় কর ও শুল্ক নির্ধারণ ও আদায়ের পদ্ধতিতে সরলতা আনার লক্ষ্যে আমরা গত কয়েক বছর ধরে প্রয়াস চালিয়ে আসছি।

৪.৪। আমার গত বাজেট বক্তৃতায় রাখা প্রস্তাবের ফলে যে সমস্ত সুযোগ-সুবিধা হয়েছে, মাননীয় সদস্যগণ তা জানেন। এ-সব ব্যবস্থা নেওয়ার ফলে বিক্রয়করের ক্ষেত্রে সমস্ত কর প্রদানকারিদের অ্যাসেসমেন্ট কার্যত হালফিল অবস্থাতেই এসে দাঁড়িয়েছে। সেলস ট্যাক্স ডিক্লারেশন ফর্ম, ক্লিয়ারেন্স ইত্যাদি পেতে যে বিরাট অসুবিধার সম্মুখীন হতেন ব্যবসায়িরা, তা অনেকটা কমানো গিয়েছে। বিক্রয়কর দপ্তরের কর্মীদের সঠিকভাবে কাজে লাগিয়ে বিক্রয়কর আপিল কেস সমূহের নিষ্পত্তিকরণ অনেকটাই দ্রুততর করা হয়েছে। যেখানে ১৯৯২-৯৩ সালে প্রায় ১৪,৮০০ টি আপিল নিষ্পত্তি হয়েছিল, বর্তমান বছরে সেই সংখ্যা বৃদ্ধি পেয়ে প্রায় ৩০,০০০-এ দাঁড়িয়েছে। আশা করা যায়, আগামী বছর শেষ হওয়ার আগেই আমরা সমস্ত বকেয়া আপিল কেসই মিটিয়ে ফেলতে পারব।

৪.৫। কর সংগ্রহের বিকেন্দ্রীকরণের ক্ষেত্রে যে নীতি অনুসরণ করে আমরা সাফল্য ইতিমধ্যেই অর্জন করেছি, সে সম্বন্ধেও মাননীয় সদস্যদের অবহিত করতে চাই। সদস্যগণের জানা আছে যে এই বিকেন্দ্রীকরণ নীতিতে স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন ফি, অ্যামিউজমেন্ট ট্যাক্স, মোটর ভেহিকেলস ট্যাক্স, অপ্রধান খনিজের ওপর রয়্যালটি ও সেস এবং কয়লা ছাড়া প্রধান খনিজের ওপর রয়্যালটি ও সেস অন্তর্ভুক্ত। উপরন্তু ক্ষুদ্র সঞ্চয়ের ক্ষেত্রে আমাদের আগের প্রকল্পও রয়েছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই সব বিষয়েই আমাদের নীতি সাফল্যমণ্ডিত হয়েছে। বর্তমান আর্থিক বছরে প্রথম তিন মাসে আদায়ের ভিত্তিতে আমরা উৎসাহমূলক টাকা ইতিমধ্যে জেলাকে ছেড়ে দিয়েছি। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে আমরা বাজেটের লক্ষ্যমাত্রা ৫০০ কোটি টাকার জায়গায় এই খাতে ৮০০ কোটি অর্থ পেয়েছি। জেলা পরিষদ, অন্যান্য পঞ্চায়েত সংগঠন ও পুরসভার প্রতিনিধিগণ এবং জেলা প্রশাসন যাদের সকলের নিরলস প্রচেষ্টায় এটা সম্ভব হয়েছে তাদের ভূমিকার প্রশংসা করতেই হবে। এ ভাবে আমরা প্রমাণ করতে পেরেছি যে বিকেন্দ্রীকরণের মাধ্যমে সম্পদ সংগ্রহ বৃদ্ধি করা সম্ভব।

৪.৬। কর ব্যবস্থার বিকেন্দ্রীকরণের সঙ্গে সঙ্গে আমার প্রস্তাব পদ্ধতির আরও সরলীকরণ। এই লক্ষ্য সামনে রেখে আমি ইতিমধ্যে বেঙ্গল ফাইনান্স (সেলস ট্যাক্স) অ্যাক্ট, ১৯৪১, বেঙ্গল র' জুট ট্যাক্সেশন অ্যাক্ট, ১৯৪১, ওয়েস্ট বেঙ্গল সেলস ট্যাক্স অ্যাক্ট, ১৯৫৪ এবং ওয়েস্ট বেঙ্গল মোটর স্পিরিট সেলস ট্যাক্স অ্যাক্ট, ১৯৭৪-এর পরিবর্তে এবং ঐ সব আইনের বিধানসমূহ একত্রিত করে একটিমাত্র সরলীকৃত ও সুসংহত আইনের খসড়া বিধানসভায় পেশ করেছি। ঐ বিল উত্থাপন করার সময়ই আমি বলেছিলাম, বিভিন্ন কর আইনের একত্রীকরণের ফলে ক্রয় বা বিক্রয়ের ওপর দেয় কর জমা, আদায়, নির্ধারণ এবং উদ্ধারের পদ্ধতি অনেক সহজ, সরল হবে ও সময়ের সাশ্রয় ঘটবে। আলাদা আলাদা রেজিস্ট্রেশন, আলাদা আলাদা রিটার্ন, চালান ইত্যাদির পরিবর্তে এই সুসংহত করের অধীনে মাত্র একটি রিটার্ন ও চালান দিলেই চলবে। একই কারণে বর্তমানের মত পৃথক পৃথক অ্যাসেসমেন্ট এবং অন্যান্য বিধিব্যবস্থাও অপ্রয়োজনীয় হবে। বলাইবাহুল্য এই সরলীকৃত এবং একত্রিত আইন করদাতাদের কাছে বিশেষভাবে সুবিধাজনক হবে এবং প্রশাসনেরও কার্যভার লাঘব হবে।

৪.৭। মাননীয় সদস্যগণ বারংবার আমার নজরে এনেছেন যে বিক্রয়কর আইনে নির্দিষ্ট প্রয়োগবিধি মেনে চলতে গিয়ে ছোট ছোট ব্যবসায়িরা অসুবিধার সম্মুখীন হন। আমি সমস্ত বিষয়টি অনুধাবন করেছি। এই শ্রেণীর ব্যবসায়ীদের কষ্ট লাঘব করার জন্য আমি প্রতি বছরে মাত্র একটি থোক টাকা কর হিসাবে নেবার প্রকল্প চালু করতে চাই। বছরে একবার চার হাজার টাকা বিক্রয়কর হিসাবে দিতে হবে—রেজিস্ট্রেশন, রিটার্ন দাখিল, খাতাপত্র দেখে অ্যাসেসমেন্ট ইত্যাদি কোনও আনুষ্ঠানিক প্রয়োজন থাকবে না। রেজিস্টার্ড বা নথিভুক্ত নন এমন সব ডিলার যাদের টার্নওভার বছরে অনধিক ৫ লক্ষ টাকা তারাই এ প্রকল্পের আওতায় আসবেন। এর ফলে উপকৃত হবেন অসংখ্য ক্ষুদ্র ব্যবসায়ী যারা আইনের বিধান মেনে চলতে চাইলেও কাগজপত্র ঠিকঠাক রেখে প্রথাগত খুটিনাটি সামাল দিয়ে উঠতে পারেন না।

৪.৮। গত বাজেটে আমরা বিক্রয়কর-দাতাদের দেওয়া রিটার্নের ভিত্তিতেই বকেয়া

অ্যাসেসমেন্ট সমাধার প্রস্তাব রেখেছিলাম। এতে সরকার ও করদাতা উভয়েই উপকৃত হয়েছিলেন। এ বছর আমার প্রস্তাব ওয়েস্ট বেঙ্গল স্টেট ট্যাক্স অন প্রফেশন, ট্রেডস, কলিংস অ্যান্ড এমপ্লয়মেন্ট অ্যাক্ট, ১৯৭৯-এর অন্তর্গত ক্ষেত্রে একটি সামারি অ্যাসেসমেন্টস প্রকল্প চালু করা। আমার আরও প্রস্তাব, ঐ আইনে ভবিষ্যতে কর নির্ণয়ের ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া। এতে বৃত্তিকর দাতাদের সুবিধা হবে এবং কর আদায়ের ব্যবস্থাও অনেক উন্নত ও অধিকতর ফলদায়ী হবে। অ্যাসেসমেন্টের জন্য সময়সীমা হবে ৪ বছর।

৪.৯। করকাঠামো আরও সরলীকরণের উদ্দেশ্যে বর্তমান বিক্রয়কর আইনে আমি আরও পরিবর্তনের প্রস্তাব রাখছি। প্রথমত মাননীয় সদস্যগণ জেনে আনন্দিত হবেন, এ রাজ্যে যে অতিরিক্ত বিক্রয়কর ১৫ শতাংশ হারে চালু ছিল, তা সম্পূর্ণভাবে তুলে দেওয়ার প্রস্তাব আমি রাখছি। এ ছাড়া, মাননীয় সদস্যগণের জানা আছে যে, বর্তমানে বিভিন্ন ধরনের সামগ্রির ওপর ১৬টি বিভিন্ন কর-হার চালু আছে। এই সব বিভিন্ন কর-হার যুক্তিযুক্তি উপায়ে পুনর্বিন্যস্ত করে আমি মাত্র ৭ (সাত)-টি কর-হার রাখার প্রস্তাব করছি। হারগুলি হবে ১, ২, ৩, ৪, ৫, ১০ এবং ১৫। কর-হারের বিশদ বিবরণ অর্থ বিলে থাকবে। আমার প্রস্তাবের কিছু মূল বিষয় আমি মাননীয় সদস্যগণের কাছে তুলে ধরতে চাই।

৪.১০। পুনর্বিন্যাস ও অতিরিক্ত বিক্রয়কর প্রত্যাহারের দরুন অনেকক্ষেত্রে করভার লাঘব হবে। প্রথমত, এই পুনর্বিন্যাসের ফলে ব্যবসায়িদের মধ্যে হাতবদলের ক্ষেত্রে করভার ১.১৫ শতাংশ থেকে কমে ১ শতাংশ হবে। তারপর এখন যে-সব ক্ষেত্রে বিক্রয়কর ২৫ শতাংশ আছে, তা কমে হবে ১৫ শতাংশ। একইভাবে যে-সব সামগ্রীর ক্ষেত্রে কর বর্তমানে ১৭.২৫ শতাংশ আছে, সেগুলির ওপর কর কমে গিয়ে দাড়াবে ১৫ শতাংশ। যে-সব সামগ্রির ক্ষেত্রে এখন বিক্রয়কর ১২.৬৫ শতাংশ, তার অনেকগুলিই কমে গিয়ে ১০ শতাংশ করের আওতায় আসবে। বর্তমানে ৮.০৫, ৬.৯ এবং ৭ শতাংশ করের আওতায় আছে যে-সব সামগ্রী, তাদের ক্ষেত্রে কর-হার হবে মাত্র ৫ শতাংশ। এভাবে পুনর্বিন্যাস করতে গিয়ে মাত্র কয়েক শ্রেণীর দ্রব্যসামগ্রির ওপর করের ভার বাড়ানো প্রয়োজন হয়ে পড়েছে। যেমন, এখন যে-সব সামগ্রী কার্যত ২.৩ শতাংশ হারে করযোগ্য, সেগুলির ওপর কর হবে ৩ শতাংশ। অনুরূপভাবে বর্তমানে যে-সব সামগ্রীর ওপর বিক্রয়কর কার্যত ৯.২ শতাংশ, সেগুলিকে ১০ শতাংশ হারে করযোগ্য করা হবে। কিন্তু এই কিছু পরিবর্তনের পরে, সিমেন্ট ছাড়া নিত্যপ্রয়োজনীয় কোনও জিনিসের ক্ষেত্রে কর-ভার বৃদ্ধি পাবে না, বরং বেবি ফুড, দিয়াশলাই, ওষুধ, কাগজ ইত্যাদি নিত্যপ্রয়োজনীয় সামগ্রীতে বিক্রয়কর কমে যাবে। এর কিছু প্রসঙ্গে পরে বিস্তারিত বলা হবে। লক্ষ্যণীয় যে, সিমেন্টের ক্ষেত্রে কর-হার বৃদ্ধি পেলেও তা হবে অতি সামান্য—৯.২ শতাংশ থেকে ০.৮ শতাংশ বৃদ্ধি পেয়ে ১০ শতাংশ।

[4-10 — 4-20 p.m.]

৪.১১। ব্যবসায়ি ও শিল্পমহল থেকে ক্রমান্বয়ে দাবি রাখা হয়েছে যেন আরও বেশি সংখ্যায় বিভিন্ন সামগ্রিকে প্রথম বিক্রির পর্যায়েই একমাত্র করযোগ্য করার ব্যবস্থা করা হয়। ফ্রাঙ্কিং মেশিন, সরষের তেল ছাড়া অন্যান্য ভোজ্য তেল, পেইন্টস, ভার্নিস, ফ্যাক্স, টেলিপ্রিন্টার ও ওয়ারলেস রিসেপশন যন্ত্র, ইস্ট, কম্পিউটার এবং প্লাস্টিক গ্র্যানিউলসকে প্রথম বিক্রির

পর্যায়ে করযোগ্য করার প্রস্তাব রাখছি। এ ছাড়াও ভারতে তৈরি বিলাতি মদের ওপর ধার্য কর শেষ পর্যায়ের বদলে প্রথম পর্যায়ে করযোগ্য করার প্রস্তাব করছি। এই কর-হার হবে ১৫ শতাংশ। এই পরিবর্তনের ফলে সংশ্লিষ্ট ব্যবসায়ীদের যথেষ্ট সুবিধা হবে।

৪.১২। টার্নওভার ট্যাক্সের ক্ষেত্রে বিভিন্ন করহারের সংখ্যা কমান এবং ১ ও ২ শতাংশ হারে করযোগ্য মাত্র দুটি স্তর রাখার প্রস্তাবও আমার রয়েছে। ১ কোটি টাকার অধিক টার্নওভার হলে ২ শতাংশ হারে টার্নওভার ট্যাক্স ধার্য হবে। ১ কোটি টাকার নিচে টার্নওভার হলে প্রযোজ্য হার হবে ১ শতাংশ। টার্নওভার ট্যাক্স আদায়ের ব্যাপারে বর্তমানের বিধিনিষেধও তুলে নেওয়া হবে।

৪.১৩। মাননীয় সদস্যগণ জানেন, ধূমপান এবং তামাক চর্বন স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকারক। এগুলি বিলাসসামগ্রীও বটে। আমি মনে করি, এ ধরনের বিলাসসামগ্রির ওপর কর বসানো—যাতে সমাজের দরিদ্রতর শ্রেণীর ওপর প্রভাব পড়বে না অথচ সরকারি কোষাগারে বাড়তি রাজস্ব আসবে—যুক্তিযুক্ত কাজই হবে। কাজেই, জর্দা ও বিড়ির মতো সামগ্রি ছাড়া অন্যান্য সব তামাকজাত সামগ্রির ওপর দশ শতাংশ হারে বিলাস (লাক্সারী) কর আরোপ করার প্রস্তাব আমি রাখছি। বর্তমান অধিবেশনেই এই সংক্রান্ত একটি পৃথক বিল পেশ করা হবে।

৪.১৪। মাননীয় সদস্যগণ জানেন যে, চারদিকে বিপজ্জনকভাবে ভিডিও হল গজিয়ে উঠেছে। জেলা প্রশাসনকে আমরা কড়াকড়িভাবে এ-ব্যাপারে প্রযোজ্য আইন প্রয়োগ করতে নির্দেশ দিয়েছি, যাতে করে এগুলি অবাঞ্ছনীয়ভাবে অপসংস্কৃতি না ছড়ায়। স্থানীয় পঞ্চায়েত কর্তৃপক্ষকেও আমরা এ-ব্যাপারে প্রশাসনের সঙ্গে সহযোগিতা করতে বলেছি। এ ছাড়া আমরা জানতে পেরেছি যে, ভিডিও হলগুলিতে প্রদর্শনের প্রযুক্তির আমূল পরিবর্তন এসেছে। এর ফলে এখন একটি প্রদর্শনীতে দু'শোর বেশি লোককে জায়গা দেওয়া সম্ভব। আমার প্রস্তাব, ভিডিও হলগুলির নতুনভাবে শ্রেণীবিন্যাস করা এবং এক-একটি হল-এ আসন কত তার ভিত্তিতে পার্থক্যমূলক কর-হার চালু করা। ফিন্যান্স বিলে এ ব্যাপারে বিস্তারিত বিবরণ মিলবে।

৪.১৫। মাননীয় সদস্যগণের স্মরণে থাকবে যে, বর্তমান অধিবেশনের গোড়ার দিকে ঘোষণা অনুযায়ি পশ্চিমবঙ্গের অভ্যন্তরে প্রয়োগের ক্ষেত্রে স্ট্যাম্প অ্যাক্টের সংশোধিত বিধান ৩১শে জানুয়ারি, ১৯৯৪ থেকে কার্যকর করা হয়েছে। এর ফলে রেজিস্টারিং কর্তৃপক্ষ সম্পত্তির বাজারদরের ওপর স্ট্যাম্প ডিউটি আদায়ের ক্ষমতা লাভ করেছেন। মাননীয় সদস্যদের এটাও খেয়াল থাকবে যে, ১৯৯২ সালে যখন এই বিধান চালু ছিল না, এই আইনসভা ফাঁকি রোধের উদ্দেশ্যে স্ট্যাম্প ডিউটির হার বৃদ্ধি করেছিলেন। বাজারদরের ধারণা চালু হবার এবং দলিলে যে দামেই সম্পত্তি হস্তান্তর হয়েছে লেখা থাকুক-না-কেন, বাজারদরের ভিত্তিতে স্ট্যাম্প ডিউটি আদায়ের ব্যবস্থা হবার পর, সৎ করদায়ী সাধারণ মানুষকে কিছু সুবিধা দেওয়ার দরকার পড়েছে। এ-কথা মাথায় রেখে আমি প্রস্তাব করছি, পশ্চিমবঙ্গে প্রয়োগের ক্ষেত্রে ১৮৯৯ সালের ইন্ডিয়ান স্ট্যাম্প অ্যাক্টের ১-এ তফসিলের অন্তর্গত ২৩ নং এন্ট্রির অন্তর্ভুক্ত দলিলের ওপর স্ট্যাম্প ডিউটির হার কমিয়ে এনে দশ শতাংশ করা হোক। আমার স্থির

বিশ্বাস সৎ করদায়ী সাধারণ মানুষ এগিয়ে আসবেন এবং স্ট্যাম্প ডিউটি হ্রাস হওয়া সত্ত্বে সামগ্রিকভাবে রাজস্ব বৃদ্ধি ঘটবে। বাজারদরের ধারণা আনা, স্ট্যাম্প ডিউটি হ্রাস এবং কঠোর নজরদারি এবং তত্ত্বাবধান—সব মিলে কালো টাকা বের করে আনার ক্ষেত্রে একটি বৃহৎ পদক্ষেপ হয়ে দাঁড়াবে।

৪.১৬। আন্তর্জাতিক অর্থভাণ্ডারের ঋণের শর্ত এব ডাঙ্কেল প্রস্তাবের চাপে কেন্দ্রীয় আর্থিক নীতি এবং বিশেষ করে এ-বছরের কেন্দ্রীয় বাজেটে কর প্রস্তাবের ফলে একদিকে যেমন ব্যাপকভাবে আমদানি শুল্ক হ্রাস পেয়েছে, অন্যদিকে দেশীয় শিল্পগুলির ওপর উৎপাদন শুল্ক বৃদ্ধি করে তাদের প্রভূত ক্ষতিসাধন করা হয়েছে। এই ধরনের কিছু কিছু দেশীয় শিল্পের ক্ষেত্রে বিক্রয়কর কমিয়ে তাদের পাশে দাঁড়ানোর চেষ্টা আমরা করছি, যদিও এর ফলে রাজ্যের রাজস্ব আদায়ের ক্ষেত্রে উল্লেখযোগ্য ক্ষতি হবে।

৪.১৭। এ ছাড়াও কেন্দ্রীয় সরকারের বর্তমান নীতির ফলে সার এবং অন্যান্য কীটনাশক দ্রব্যের মুল্যবৃদ্ধি ঘটেছে, যা ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকদের ক্ষতিগ্রস্ত করেছে। রাজ্যের কৃষকদের উপকারের উদ্দেশ্যে গত বছরে আমি সারের উপরে বিক্রয়কর কমিয়ে ৩.৪৫ শতাংশ করেছিলাম। যেহেতু আমি অতিরিক্ত বিক্রয়কর তুলে দেওয়ার প্রস্তাব করছি, তাই সারের উপর প্রকৃত বিক্রয়কর কমে গিয়ে হবে ৩ শতাংশ। বিভিন্ন কীটনাশক সামগ্রির ক্ষেত্রেও বিক্রয়করের বর্তমান হার ৪.৬ শতাংশ থেকে কমিয়ে ৩ শতাংশ করার প্রস্তাবও রাখছি। এর ফলে, এ রাজ্যের কৃষকেরা, বিশেষ করে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকেরা উপকৃত হবেন।

৪.১৮। শিল্পের ক্ষেত্রে আঘাত এসেছে ওষুধ শিল্পের ওপর। ওষুধ শিল্পের ক্ষেত্রে বর্তমানের ৪ শতাংশের বদলে ৩ শতাংশ বিক্রয়কর নেওয়ার প্রস্তাব আমি রাখছি। এ ছাড়াও স্থানীয় ওষুধ ও ভেষজ শিল্পের ক্ষেত্রে উৎসাহদানের এক প্রস্তাব আমি পরে রাখব।

৪.১৯। অনেক দিন ধরেই পশ্চিমবঙ্গে চর্মশিল্পের স্থান গুরুত্বপূর্ণ। কেন্দ্রীয় বাজেটের ফলে, এই শিল্পে ভীষণভাবে আঘাত পাবে। এ-ক্ষেত্রে, কিছু সুবিধা দেওয়ার উদ্দেশ্যে, কম দামি চামড়ার জুতোর ক্ষেত্রে বর্তমানে চালু বিক্রয়করের হার ৪.৬ শতাংশ থেকে কমিয়ে ৩ শতাংশ করার প্রস্তাব রাখছি। অবশ্য, ২০০ টাকার অনেক বেশি দামের জুতো বিক্রয়ের ক্ষেত্রে বিক্রয়করের হার হবে ১৫ শতাংশ। এ ছাড়া চর্মজাত অন্যান্য সামগ্রির ক্ষেত্রে বিক্রয়কর বর্তমানের ১৭.২৫ শতাংশ থেকে কমিয়ে ১৫ শতাংশ করার প্রস্তাব আমি রাখছি।

৪.২০। স্থানীয় ছাতা-ব্যবসায়িরা কেন্দ্রীয় বাজেটের ফলে উদ্ভুত প্রতিকূল অবস্থার বিষয়ে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছেন। এ-ক্ষেত্রে বিক্রয়করের বর্তমান হার ৯.২ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার প্রস্তাব আমি রাখছি।

৪.২১। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, শিক্ষাক্ষেত্রে গণশিক্ষা কর্মসূচি সকলের জন্য এক নতুন বার্তা নিয়ে এসেছে। পশ্চিমবাংলার সর্বত্র এই কর্মসূচির ফলাফল অত্যন্ত উল্লেখযোগ্য নতুন সাক্ষরদের উৎসাহদানের উদ্দেশ্যে, গত বছরের বাজেটে আমি কাগজের ওপর বিক্রয়করের হার কমিয়েছিলাম। এ-বছরে সে হার আরও কমিয়ে ৫ শতাংশ করার প্রস্তাব রাখছি।

৪.২২। আমাদের রাজ্যের খেলোয়াড়রা রাজ্যকে গর্বের আসনে বসিয়েছে। এ-বছরে টেবিল-টেনিসে এবং ফুটবলে আমাদের উল্লেখযোগ্য সাফল্য এসেছে। টেবিল-টেনিস, ব্যাট-বল এবং ফুটবলের ক্ষেত্রে বিক্রয়কর পুরোপুরি মুকুব করার প্রস্তাব আমি রাখছি। এর ফলে, রাজ্যের ক্রীড়া-অনুরাগিদের কাছে এ-সব সামগ্রী আরও সহজলভ্য হবে।

৪.২৩। কৃষি এবং শিল্পক্ষেত্রকে শক্তিশালী করার জন্যই মূলত কর সংগ্রহের প্রস্তাব আমি রেখেছি। কৃষি এবং কিছু স্থানীয় শিল্পের ক্ষেত্রে কিছু প্রস্তাবের কথা আমি আগেই উল্লেখ করেছি। গত বছরে শিল্পে উৎসাহদানের যে নীতি আমরা ঘোষণা করেছিলাম, তা সারা দেশে এক অন্যতম প্রগতিশীল উৎসাহদান নীতি হিসেবে স্বীকৃত হয়েছে। মাননীয় সদস্যগণ মনে রাখবেন যে এই নীতি অনুযায়ি মূলধন বিনিয়োগে অনুদানের ব্যবস্থা ছাড়াও, আরও একটি বড় দিক ছিল নতুন শিল্প-প্রতিষ্ঠানের ক্ষেত্রে, তার জেলাগত অবস্থিতি অনুযায়ী, ৯ বছর পর্যন্ত বিক্রয়কর ছাড় বা মুলতুবি রাখার ব্যবস্থা। চালু শিল্প-প্রতিষ্ঠানে বড় ধরনের সম্প্রসারণের ক্ষেত্রেও, ৮ বছর পর্যন্ত বিক্রয়কর ছাড় বা মূলতুবি রাখার ব্যবস্থা এই নীতিতে আছে। বিভিন্ন রুগ্নশিল্প যেগুলি পুনরুজ্জীবনের কর্মসূচির আওতায় আনা হয়েছে এবং বন্ধ শিল্প যেগুলি নতুন শিল্পোদ্যোগী ব্যবসায়িক ভিত্তিতে চালু করেছেন, তাদের ক্ষেত্রেও একই ধরনের বিক্রয়কর বাবদ সুবিধা চালু আছে। এ-ছাড়াও, হলদিয়া পেট্রোরসায়ন-জাতীয় বড় শিল্পের ক্ষেত্রে, যেখানে কর্মসংস্থান বৃদ্ধির এক বর্ধিত প্রভাব দেখা যাবে, সেখানে আরও অতিরিক্ত ২ বছরের জন্য বিক্রয়কর ছাড়া বা মূলতুবি রাখার ব্যবস্থা আছে।

৪.২৪। এর পরেও স্থানীয় শিল্পের ক্ষেত্রে অতিরিক্ত উৎসাহদানের উদ্দেশ্যে, স্থানীয় শিল্প-প্রতিষ্ঠানগুলির পণ্য বিক্রীর সুবিধার জন্য, এক নতুন সহায়তা প্রকল্প আমি ঘোষণা করছি। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, এ-রাজ্যের টেলিভিশন এবং অডিও যন্ত্রপাতি প্রস্তুতকারি সংস্থাগুলির জন্য আমরা এক উৎসাহদান নীতি চালু করেছিলাম, এই প্রকল্প অনুযায়ী পশ্চিমবঙ্গে অবস্থিত কোনও প্রতিষ্ঠান যত বিক্রয়কর জমা দেয় তার ৭/৮ অংশ ফেরত পায়। আমরা লক্ষ্য করেছি যে এই নীতি ফলপ্রসু হয়েছে এবং এ-রাজ্যের রুগ্ন টেলিভিশন ও অডিও যন্ত্র প্রস্তুতকারি সংস্থাগুলি পুনরুজ্জীবনের জন্যে লাভবান হয়েছে। এই অভিজ্ঞতার ভিত্তিতে আমি একটি নতুন সুসংহত প্রকল্প চালু করার প্রস্তাব রাখছি, যাতে এ-রাজ্যে অবস্থিত বিভিন্ন ধরনের শিল্প-প্রতিষ্ঠানগুলি তাদের উৎপাদিত সামগ্রী বিক্রয়ে এই ধরনের সহায়তা পায়। এই প্রকল্প অনুযায়ি, এ-রাজ্যে অবস্থিত টেলিভিশন এবং অন্যান্য অডিও সামগ্রি, কম্পিউটার এবং টেলি-যোগাযোগ সংক্রান্ত যন্ত্রপাতি, বনস্পতি, ধানের তুষের তেল এবং ক্ষুদ্রশিল্পে প্রস্তুত স্টেনলেস স্টীলের বাসনপত্র, ডিটারজেন্ট, চিনেমাটির বাসনপত্র, এবং ওষুধ শিল্প থেকে এক বছরে যে পরিমাণ বিক্রয়কর আদায় হবে, তার অনধিক ৯০ শতাংশ অনুদান হিসেবে দেওয়া হবে। এই প্রকল্প বর্তমানে এক বছরের জন্য চালু করা হবে। ফলাফল দেখার পর স্থির করা হবে ভবিষ্যতে এ-প্রকল্প চালু রাখা হবে কি না। অতিরিক্ত বিক্রয়কর বিলোপের দরুন রাজ্যের উৎপাদনকারী সংস্থাসমূহ আরও উৎসাহ লাভ করবেন। এর ফলে কাঁচামালের ওপর বিক্রয়কর কার্যত ২.৩ শতাংশ থেকে কমে ২ শতাংশে দাঁড়িয়েছে।

৪.২৫। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, ইদানিং কালে পশ্চিমবঙ্গে কম্পিউটার

সফটওয়্যারের উৎপাদনে বিপুল বিস্তার ঘটেছে। এ-রাজ্যে উৎপাদিত এই সব সামগ্রীর চাহি দেশে এবং বিদেশেও প্রচুর। স্থানীয় প্রতিভাকে উৎসাহদানের জন্য কম্পিউটার সফটওয়্যারে ক্ষেত্রে পুরোপুরি বিক্রয়কর ছাড় দেওয়ার প্রস্তাব আমি রাখছি।

৪.২৬। মোটর গাড়ি এবং তার অন্যান্য যন্ত্রাংশ বিক্রয়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অনেক দি ধরেই একটি বড় ব্যবসাকেন্দ্র। কিন্তু বিগত কয়েক বছর ধরে, এই অঞ্চলের বিভিন্ন রাজ্যে বিক্রয়করের হারের তারতম্য থাকায় আমাদের রাজ্যে এ-ব্যবসার ক্ষতি হয়েছে। এই ক্ষতিপূরণে উদ্দেশ্যে বিক্রয়কর হারের পুনর্বিন্যাসের এক প্রস্তাব আমি রাখছি, যাতে সমস্ত ধরনের মোটর গাড়ি এবং স্যাসী, স্কুটার এবং মোপেডের ক্ষেত্রে বিক্রয়করের এক অভিন্ন হার ৫ শতাং করা হয়। মোটর গাড়ি এবং স্কুটারের টায়ার এবং টিউবের ক্ষেত্রে বিক্রয়করের হার বর্তমানে ১২.৬৫ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করার প্রস্তাব আমি রাখছি। নানা ধরনের ব্যাটারি এবং স্টোরেজ ব্যাটারির ক্ষেত্রে এখন বিভিন্ন হারে বিক্রয়কর চালু আছে। এই সব দ্রব্যসামগ্রি ক্ষেত্রে আমি অভিন্ন ১০ শতাংশ বিক্রয়করের প্রস্তাব রাখছি এবং এই সব সামগ্রিকে বিক্রয়ক আইন, ১৯৪১-এর আওতায় আনার প্রস্তাব রাখছি। এর ফলে ব্যাটারি-বিক্রেতারা বিভি ধরনের নিয়মকানুনের জটিলতার হাত থেকে রেহাই পাবেন। রেজিস্ট্রেশন এবং বিক্রির জ যে-সব গাড়ি সি.এম.ডি.এ. এলাকায় আনা হয়, তাদের ক্ষেত্রে প্রবেশকর ছাড় দেওয়ার প্রস্ত আমি রাখছি। অবশ্য যে-সব গাড়ি সি.এম.ডি.এ. এলাকার বাইরে রেজিস্ট্রেশন হয়েছে, সেগুলির সি.এম.ডি.এ এলাকায় ব্যবহার এবং বিক্রীর ক্ষেত্রে ৩ শতাংশ প্রবেশকর দিতে হবে।

৪.২৭। এবারে আমি রাজ্যের এক গুরুত্বপূর্ণ সাবেকী শিল্পের দিকে দৃষ্টি দেব। আমি চা-শিল্পের কথা উল্লেখ করছি। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, বিগত কয়েক বছ ধরে চা-শিল্পে উৎপাদন এবং বিক্রীর ক্ষেত্রে উন্নতি দেখা দিয়েছে। আমাদের সরকার চা-শিল্পে সমস্যা এবং সম্ভাবনার সম্পর্কে সম্পূর্ণ সচেতন। আমরা চাই এই শিল্প যেন এর গুরুত্বপূ স্থান দখলে রাখতে পারে এবং আরও বিস্তৃত হতে পারে। উত্তরবঙ্গের অর্থনীতি চা-শিল্পে ভবিষ্যতের ওপর মূলত নির্ভরশীল। স্থানীয় চা-শিল্প যাতে বর্তমানের অনুকূল পরিবেশে সুযোগ পুরোপুরি নিতে পারে, সে উদ্দেশ্যে এই শিল্পে কিছু সুবিধার প্রস্তাব আমি রাখছি কৃষি আয়কর বাবদ মোট আয়ের ২০ শতাংশের অনধিক অর্থ চা-শিল্পের ক্ষেত্রে ছাড় দেওয়া প্রস্তাব আমি রাখছি, যদি এই অর্থ পশ্চিমবঙ্গে অবস্থিত চা-শিল্প বাদে অন্যান্য শিল্পে লগ্নি করা হয়।

৪.২৮। কলকাতার চা নিলাম কেন্দ্রে যে চা বিক্রির জন্য আনা হবে, তার ওপ প্রবেশকর ছাড় দেওয়ার প্রস্তাব আমি রাখছি। চা-বাগিচার জমির ক্ষেত্রে সেস কমানো প্রস্তাবও আমি রাখছি। পশ্চিমবঙ্গ গ্রামীণ কর্মসংস্থান এবং উৎপাদন আইন, ১৯৭৬ অনুযায়ী বর্তমানে ধার্য সেসের হার প্রতি কিলোগ্রাম সবুজ চা-পাতায় ১২ পয়সা থেকে কমিয়ে ৮ পয়সা করার প্রস্তাব আমি রাখছি। এর ফলে, পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা আইন, ১৯৭৩ এব পশ্চিমবঙ্গ গ্রামীণ কর্মসংস্থান এবং উৎপাদন আইন, ১৯৭৬ অনুযায়ী ধার্য মোট সেসে পরিমাণ প্রতি কিলোগ্রাম সবুজ চা-পাতায় ১৬ পয়সা থেকে কমে ১২ পয়সায় দাঁড়াবে। এই সুবিধা দেওয়ার ফলে, আমি নিশ্চিত যে চা-শিল্প এক উল্লেখজনক উৎসাহ পাবে এবং এ

ক্ষেত্রে কার্যদক্ষতা বৃদ্ধি পাবে। এর ফলে ডাউন স্ট্রীম শিল্প বৃদ্ধি পাবে। যেহেতু উত্তরবঙ্গে চা-শিল্প একমাত্র শিল্প, আমি আশা রাখি যে এই প্রস্তাব কার্যকর হলে, এই অঞ্চলে শিল্পায়নে এক উল্লেখযোগ্য অগ্রগতি দেখা যাবে।

৪.২৯। যে সব সুযোগ-সুবিধা প্রস্তাব রাখা হল, আমি আশা রাখি, তার ফলে চা-শিল্প ইতিবাচক সাড়া দেবে এবং বিভিন্ন সময়ে যে বাদ-বিসম্বাদ শুরু হয়েছে, সেগুলিকে মেটানো যাবে এবং চা-শিল্পের ক্ষেত্রে কর আদায়ে এক সুস্থ এবং স্বাভাবিক পরিবেশ সৃষ্টি হবে।

৪.৩০। এই সব প্রস্তাবিত করসংগ্রহ এবং ছাড়ের ফলে নীট ৮২ কোটি টাকা অতিরিক্ত রাজস্ব আদায় হবে। এই অতিরিক্ত কর আদায়ের মধ্যে ৪০ কোটিই আসবে সিগারেটের ওপর আরোপিত বিলাস-কর থেকে।

৪.৩১। মাননীয় সদস্যগণ, এই প্রায় ৮২ কোটি টাকার নীট অতিরিক্ত সম্পদ সংগ্রহের পর ১৯৯৪-৯৫ সালের বাজেটে ব্যয় ও আয়ের মধ্যে ব্যবধান কমে দাঁড়াবে প্রায় ৪ কোটি টাকাতে। মাননীয় সদস্যগণ, আমি এই ব্যবধান নিয়েই আগামী বছরের জন্য এক অত্যন্ত সীমিত ঘাটতির বাজেটের প্রস্তাব আপনাদের কাছে পেশ করছি। এই সীমিত ঘাটতি রাজ্যের প্রাপ্য উপায়-উপকরণ (Ways and Means) বাবদ যে অগ্রিম অর্থ (এখন যার পরিমাণ প্রায় ১১৩ কোটি টাকা) পাওয়ার অধিকার রাজ্যের আছে, তার থেকে অনেক কম।

৪.৩২। মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে, বিগত বাজেটে বর্তমান আর্থিক বছরের জন্য ২৮ কোটি টাকার সীমিত ঘাটতির এক প্রস্তাব আমি রেখেছিলাম। আপনারা জেনে আনন্দিত হবেন যে, বর্তমান আর্থিক বছরে বাস্তবে এই ঘাটতি ২৮ কোটি টাকা থেকে কমে গিয়ে দাঁড়াবে প্রায় ১১ কোটি টাকাতে। আগামী বছরে এই সীমিত ঘাটতিকে আরও সীমিত করে প্রায় ৪ কোটিতে নিয়ে আসার প্রস্তাব আমি এখন রাখলাম।

৪.৩৩। মাননীয় সদস্যগণ, ১৯৯৪-৯৫ সালের বিভিন্ন ব্যয়বরাদ্দের প্রস্তাব নিয়ে বিস্তারিত আলোচনা সম্ভবত জুন মাসেও চলবে। ১৯৯৪ সালের ১লা এপ্রিল থেকে রাজ্য সরকার যাতে কাজকর্ম সঠিক চালু রাখতে পারেন, সেইজন্য আমি আগামী আর্থিক বছরের প্রথম ৪ মাসের জন্য ব্যয়-বরাদ্দের মঞ্জুরি চাইছি। এই সঙ্গে বার্ষিক অর্থনৈতিক বিবরণী পেশ করা হল।

৪.৩৪। মাননীয় সদস্যগণ, যে বিকল্প আর্থিক নীতির প্রস্তাব আমরা রেখেছি, তার রাজ্যস্তরের প্রত্যেকটি প্রাসঙ্গিক বিষয়ের ভিত্তিতে—অভ্যন্তরীণ সমান প্রতিযোগিতার দিকে পদক্ষেপ, স্বনির্ভরতা ও কর্মসংস্থানকে সামনে রেখে উৎপাদনবৃদ্ধি এবং স্থানীয় মানুষকে যুক্ত করে পঞ্চায়েত ও পুরসভার মাধ্যমে ক্ষমতার বিকেন্দ্রীকরণ—এই অগ্রাধিকারের ভিত্তিই এই বাজেট। এই বাজেট রাজ্যের উন্নয়ন, কর্মসংস্থান এবং স্বনির্ভরতার বাজেট, সাধারণ মানুষের স্বার্থে এবং সাধারণ মানুষকে সঙ্গে নিয়ে।

আমি আপনাদের সকলের সহযোগিতা কামনা করি।

## পশ্চিমবঙ্গের বার্ষিক অর্থনৈতিক বিবরণী, ১৯৯৪-৯৫

(হাজার টাকার হিসাবে)

| | | প্রকৃত, ১৯৯২-৯৩ | বাজেট, ১৯৯৩-৯৪ | সংশোধিত, ১৯৯৩-৯৪ | বাজেট, ১৯৯৪-৯৫ |
|---|---|---|---|---|---|
| | **আদায়** | | | | |
| ১। | প্রারম্ভিক তহবিল | (-) ১০,৩৬,৯৬ | (-) ৩৩,৫৪,২০ | (+) ১,৪৫,৮৬,০৭(প) | (-) ১১,০৩,৬৮ |
| ২। | রাজস্ব আদায় | ৫২,২৭,০৭,২৩ | ৬৫,১১,৭০,৫১ | ৬১,২২,২৯,৩৮ | ৬৮,৭০,১৬,০৭ |
| ৩। | ঋণখাতে আদায়— | | | | |
| | (১) সরকারি ঋণ | ৩২,৪৮,০৫,৯৬ | ৩৩,৩৩,৪৮,৬০ | ২৮,৫০,৬১,৬৯ | ৩০,২১,৯১,৬৫ |
| | (২) ঋণ | ২১,৫২,৯৭ | ৬৬,৭৫,২০ | ৪৯,০০,০০ | ৫৫,৭৫,০০ |
| ৪। | আপন্ন তহবিল ও গণ হিসাব থেকে আদায় | ১,০৪,৪৩,৪৭,১৬ | ১,২৭,৪১,৯৬,১৬ | ১,১৬,৮৬,২৩,০৬ | ১,২৮,৭৩,৩৪,৭২ |
| | মোট | ১,৮৯,২৯,৭৬,৩৬ | ২,২৬,২০,৩৬,২৭ | ২,০৮,৫৪,০০,২০ | ২,২৮,১০,১৩,৭৫ |
| | **ব্যয়** | | | | |
| ৫। | রাজস্বখাতে ব্যয় | ৫৬,৬৩,৭০,২৯ | ৭২,৯৫,৯৭,০৮ | ৭০,৩৭,২৪,৮৬ | ৮২,০৬,০৩,৮৮ |
| ৬। | মূলধনখাতে ব্যয় | ২,৬৩,৭২,৩৫ | ৩,৭১,৪০,০৪ | ৪,১০,৮৮,৯৬ | ৪,৪২,১১,১১ |
| ৭। | ঋণখাতে ব্যয়— | | | | |
| | (১) সরকারি ঋণ | ২৪,৪৫,২৬,৩৩ | ২১,৯৮,৭৪,২১ | ১৫,৬১,১৬,২৩ | ১৫,৩৪,৫২,৮৮ |
| | (২) ঋণ | ৩,৩৩,৭০,৯৯ | ৩,৭৪,৫৫,২৮ | ৪,০৩,৬৪,১২ | ৩,৯২,৩৫,৫০ |
| ৮। | আপন্ন তহবিল ও গণ হিসেব থেকে ব্যয় | ১,০১,১৬,৩৫,২৫ | ১,২৩,৭৩,৪১,৬৪ | ১,১৪,৫২,০৯,৭১ | ১,২৪,০৮,৭০,৯৬ |
| ৯। | সমাপ্তি তহবিল | (+) ১,০৭,০১,১৫ | (+) ৬,২৮,০২ | (-) ১১,০৩,৬৮ | (-) ১,৭৩,৩৫,৫৭ |
| | মোট | ১,৮৯,২৯,৭৬,৩৬ | ২,২৬,২০,৩৬,২৭ | ২,০৮,৫৪,০০,২০ | ২,২৮,১০,১৩,৭৫ |

(প) রিজার্ভ ব্যাঙ্কের রিপোর্ট অনুযায়ী ১৯৯২-৯৩ সালের সমন্বিত তহবিল।

(হাজার টাকার হিসাব)

| | | প্রকৃত, ১৯৯২-৯৩ | বাজেট, ১৯৯৩-৯৪ | সংশোধিত, ১৯৯৩-৯৪ | বাজেট, ১৯৯৪-৯৫ |
|---|---|---|---|---|---|
| | **নীট ফল—** | | | | |
| | উদ্বৃত্ত (+) ঘাটতি (-) | | | | |
| (ক) | রাজস্বখাতে | (-) ৪,৩৬,৬৩,০৬ | (-) ৭,৮৪,২৬,৫৭ | (-) ৯,১৪,৯৫,৪৮ | (-) ১৩,৩৫,৮৭,৮১ |
| (খ) | রাজস্বখাতের বাইরে | (+) ৫,৫৪,০১,১৭ | (+) ৮,২৪,০৮,৭৯ | (+) ৭,৫৮,০৫,৭৩ | (+) ১১,৭৩,৫৫,৯২ |
| (গ) | প্রারম্ভিক তহবিল বাদে নীট | (+) ১,১৭,৩৮,১১ | (+) ৩৯,৮২,২২ | (-) ১,৫৬,৮৯,৭৫ | (-) ১,৬২,৩১,৮৯ |
| (ঘ) | প্রারম্ভিক তহবিল সহ নীট | (+) ১,০৭,০১,১৫ | (+) ৬,২৮,০২ | (-) ১১,০৩,৬৮ | (-) ১,৭৩,৩৫,৫৭ |
| (ঙ) | যোজনা কমিশনের সহিত স্থিরীকৃত অনুমিত অতিরিক্ত সম্পদ | | | | (+) ২,৬৭,০০,০০ |
| (চ) | মহার্ঘ ভাতা | | (-) ১,০০,০০,০০ | | (-) ১,৫০,০০,০০ |
| (ছ) | কর্মসংস্থান, রাজ্য শস্য ভাণ্ডার তহবিল প্রকল্প ইত্যাদি বাবদ ব্যয় | | (-) ২৪,০০,০০ | | (-) ২৯,৬৪,৪৩ |
| (জ) | করের মাধ্যমে (কর ছাড় বাদে নীট) অতিরিক্ত সম্পদ সংগ্রহ | | (+) ৯০,০০,০০ | | (+) ৮২,০০,০০ |
| (ঝ) | নীট, উদ্বৃত্ত/ঘাটতি | (+) ১,০৭,০১,১৫ | (-) ২৭,৭১,৯৮ | | (-) ৪,০০,০০ |

**Mr. Speaker :** Hon'ble Members please note the latest time for tabling notices of Motions for reduction of Demands has been fixed at 1 p.m. on Monday, the 21st March, 1994.

## Adjournment

The House was then adjourned at 4.26 p.m. till 11 a.m. on Friday, the March 18, 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 18th March, 1994 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 9 Ministers, Ministers of State and 137 Members.

[11-00 — 11-20 a.m.]

## OBITUARY REFERENCE

**Mr. Speaker :** Hon'ble Members, before taking up the business of the day, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Kshitibhusan Roy Barman, Ex-Member of the West Bengal Legislative Assembly** who breathed his last on the 16th March, 1994 He was 73.

Shri Barman was born in 1920 in a Zamindar family at Bidyakut in Brahmanberia sub-division of Tripura. He had his education from Mitra Institution (Bhowanipur Branch) and St.Xaviers' College at Calcutta. He took active part in the students' movements while he was a college student. Later he joined the Communist Party of India and became a whole-time political worker of the party. Initially he concentrated his activities in the sphere of trade union movement. He along with Dr. Saresh Banerjee and others organised the workers of the Kidderpore Dock under the leadership of Nripen Chakraborty and Somenath Lahiri. They extended their activities to the neighbouring areas of Mahestala and Budge Budge. In course of time they succeeded to form workers' unions in Braithwait, Brookbond and also in the Jute and oil industries of the locality. He was very popular as a trade union leader in the vast stretch of this industrial belt. He attended I.T.U.C. Conference at Nagpur in 1943 and was selected a member of the All India sub-committee on Dock Workers' movements. After the split of the Communist Party of India in 1964, he joined the Communist Party of India (Marxist) and remained with it till the last day of his life. He was arrested and detained in prison on several occasions.

He had been a member of the West Bengal Legislative Assembly from 1967 to 1991 having been from Budge Budge Assembly Constituency. He was a member of the State Committee of the Party since 1985 and the Secretary of the South 24-Parganas District Committee from 1989 to 1993. He was also a member of the Central Committee

of C.I.T.U. and the President of its committee for south 24 Pargana
He was also the Vice-President of B.C.M.U.

At his demise the State has lost a veteran political leader and renowned social worker.

Now, I would request the Hon'ble Members to rise in their sea for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood in their seat as a mark of respect to the deceased)

(After two minutes)

Thank you ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members the bereaved family of the deceased.

## PRESENTATION OF REPORT

### Presentation of the 55th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I beg to present the 55th Report of the Busine Advisory Committee. The Committee met in my Chamber yesterd and recommended the following programme of Business for 18th ar 21st to 25th and 29th to 30th March, 1994.

18.03.94, Friday :

(i) Motion under rule 185 regarding ste for commencement of Keleghai—Bag ai—Kapaleshwari Flood Control Pr ject—Notice given by Dr. Manas Bhun Shri Manik Bhowmick, Shri Haripa Jana, Shri Nirmal Das, Shri Kamakh Nandan Das Mahapatra, Shri Sauga Roy, Shri Subrata Mukherjee, Shri Kri Sindhu Saha, Shri Prasanta Pradhan ar Shri Probodh Purkait. .. 1 ho

(ii) Motion under rule 185 regarding impl mentation of pending Railway projects in West Bengal—Notice given by Sh Lakshmi Kanta Dey, Dr. Manas Bhun Shri Abdul Mannan, Shri Subrata Mukl erjee, Shri Saugata Roy, Shrimati Sabi Mitra, Shri Nani Kar, Shri Kripa Sindh Saha, Shri Manik Bhowmick, Shri Man

| | | | | |
|---|---|---|---|---|
| | | | bendra Mukherjee and Shri Nirmal Das. .. | 1 hour |
| | | (iii) | Motion under rule 185 regarding change of names of Calcutta Airport and "Fort William"—Notice given by Shri Kripa Sindhu Saha .. | 1 hour |
| | | (iv) | Motion under rule 185 regarding proposal for making the N.T.C. run units in West Bengal, profitable—Notice given by Shri Nani Kar and Shri Santasri Chattopadhyay .. | 1 hour |
| | | (v) | Motion under rule 185 regarding increase of the incidents of eve-teasing, dowry-death etc. in West Bengal in recent times—Notice given by Shri Saugata Roy and Dr. Manas Bhunia. .. | 1 hour |
| 21.03.94, | Monday : | | General Discussion on Budget .. | 4 hour |
| 22.03.94, | Tuesday : | (i) | General Discussion on Budget | 4 hour |
| | | (ii) | Presentation of Supplementary Estimates for the year 1993-94 | |
| 23.03.94, | Wednesday : | | General Discussion on Budget .. | 4 hour |
| 24.03.94, | Thursday : | (i) | General Discussion on Budget | 5 hour |
| | | (ii) | Motion for Vote on Account | |
| | | (iii) | Motions for Demands for Grants of all Departments | |
| 25.03.94, | Friday : | | Discussion and Voting on Supplementary Estimates for the year 1993-94 .. | 4 hour |
| 29.03.94, | Tuesday : | (i) | The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. | 2 hour |
| | | (ii) | The West Bengal Appropriation Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. | 2 hour |

31.03.94, Wednesday : The West Bengal Finance Bill, 1994 (Introduction, Consideration and Passing) .. 2 hour

There will be no Question for Oral Answer and Mention Cases on 18.3.94 and Mention Cases on 24.3.94.

Now, the Minister-in-Charge will move the motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, I beg to move that the Report of the Business Advisory Committee, as presented to the House be agreed to.

The motion was then put and agreed to.

## CALLING ATTENTION

**Mr. Speaker** : Today, I have received two notices of Calling Attention, namely, -

1. Reported killing of a leopard by the firing of a forest guard at Benianagar in the Jalpaiguri district on 17.3.94 - Shri Nirmal Das

2. Reported assault of the Registrar of the Cooperative Department of the State at his office in the New Secretariat Department —Shri Shiba Prasad Malik.

I have selected the notice of Shri Shiba Prasad Malik on the reported assault of the Registrar of the Cooperative Department of the State at his office in New Secretariat Building on 15.3.94.

The Minister-in-Charge may please make a statement today, if possible, or give a date.

**Shri Prabodh Chandra Sinha** : Sir, the statement will be made on the 25th March, 1994.

[11-10 — 11-20 a.m.]

## STATEMENT UNDER RULE-346

**Shri Shyamal Chakraborty** :

Hon'ble Speaker Sir,

I rise to make a statement under Rule 346 of the rules of procedure and conduct of business regarding revision of fares of transport services.

According to the conditions imposed by the IMF, the Central Gov-

ernment has been increasing the price of different commodities relating to transport operation during the last few years. We have requested the Central Govt. to give some relief to the passengers by withdrawing price hike of petroleum product in respect of transport services. No reply has yet been received from there. On the other hand they have already asked the State Government to withdraw subsidy to the State Transport Undertakings. In their part they have stopped payment of capital contribution from their funds to the State Transport Undertakings. The Planning Commission has issued guidelines asking the State Govt. not to increase the number of State buses any more and that the State Transport buses should ply only on those routes where private buses do not operate. This virtually means private buses should be given the profitable routes and the uneconomic routes should be operated by the State Transport Undertakings.

We cannot follow these guidelines. We have unequivocally announced that we will not sacrifice the interest of the passengers and cannot leave them at the mercy of the private bus owners. We are consistently increasing the number of State buses. A few years ago our Govt's undertakings use to carry hardly 10% of the total passengers. They are now carrying 27% of the passengers. They are trying to reach the 50% mark.

In our State the last fare increase was effected on 28th September, 1992. After that price of different commodities relating to transport operations have increased considerably. Similarly the cost of operation of water transport services have increased considerably. Although tram cars do not operate on diesel, the price of all the materials required for operation of tram services have increased considerably since the last fare revision. We are giving about Rs.70.00 crores as subsidy to the State Transport undertakings and the Calcutta Tramways Co., While some other State Govt. are withdrawing subsidy we will have to continue the same otherwise the sufferings of the passengers will be intensified. But it is not possible to invest further in the transport sector as the State Govt. has other priorities too.

We are forced, even though with considerable reluctance to increase to some extent the existing bus fares, tram fares, launch and Taxi fares. However, we are raising the launch fares only in those routes where sevices operate from improved jetties.

In the City ordinary services at present the minimum fare is Re.1.00 for a distance of 5 to 8 Kms. There are, of course, some variations. We are keeping the minimum fare at Re.1.00 for a distance of 2 Kms.

After that there will be an increase of 20 p. to 30 P., but in no stage the fare will be increased by more than 30 P.

In the Special bus routes NOISE operated by CSTC, Midi buses operated by SBSTC and private Mini buses operated at Calcutta, Howrah, North and South 24 Parganas, the present minimum fare is Rs.1.30 for a distance of 4 to 5 Kms. We are keeping this minimum fare of Rs.1.30 for a distance of 2 Kms. After that the fare will be raised by 10% subject to a maximum of 40 P. For the Limited bus operated by CSTC, the minimum fare was Rs.1.10. We have lowered the minimum fare to Re.1.00 for a distance of 2 Kms. upto a distance of 4 Kms the revised fare will be Rs.1.20 and upto 6 Kms the same will be Rs.1.25. Subsequently. the fares have been revised upward subject to a maximum of 30 P. In the districts, the minimum fare for ordinary Govt buses was Re.1.00 for a distance of 7 Kms. After that, the rate was 12 P. per Km. We are keeping the same minimum fare of Re.1.00 for a distance of 5 Kms. and after that the fare will be at the rate of 14 P. per Km., i.e., the rise will be 2 P. per Km.

Similarly, in case of Special Bus operated by Calcutta Tramways Co, the minimum fare will be unaltered (by lowering the distance) and subsequently the fares will be raised by 20 P. to 40 P.

In the case of long distance operation in Inter District Express route the existing fare is 16 P per km. which will be raised to 18 P per km. and in Inter State Express route the fare will be raised to 20 P. per km. from the existing fare of 18 P. per km. In no case the rise per km. will be more than 2 p.on existing fare. The existing minimum fare will, however, be retained by reducing the distance marginally.

The revision of fare mentioned above will be effective for stage carriage of Calcutta, Howrah, North 24 Parganas and South 24 Parganas and Govt. buses plying in the districts. RTAs of other districts will be advised to revise the fares considering the situation prevailing in respective districts.

The cost of operation of one tram car has increased since the last fare revision. We are rather compelled to increase the existing fare rate by 20 P.in both first class and Second class.

The Water Transport has become popular and is expanding We are also operating safe and dependable Govt. launches in Sagar Island We have plans to expand further. Some Co-operative societies are also operating launch services effectively. But the cost of operation of Water

Transport has increased due to the increased cost of construction of launches and jetties. The cost of spare parts for maintenance is also high. We do not pay any subsidy to the West Bengal Surface Transport Corporation. It is essential to make such undertaking more developed, safe and modern. We are raising the fare only in those routes where services operate from improved jetties. The upward revision will be 20 P., 25 P., and 30 P.in different stages.

At present taxi fare for first 2 Kms. is Rs. 6.00 and after that at the rate of 70 P.for every 200 metres. From now on the fare for first 2 Kms. will be Rs. 6.50 and subsequently for every 200 metres at the rate of 75 P.

It is the responsibility of any Govt. to maintain Transport Services in accordance with the needs of the people. We can not claim that the Transport Services in our State are operating properly. It is not possible to meet this requirement by increasing bus services only. In fact Railways will have to take the main responsibility for a well integrated transport network. But unfortunately the Central Govt. has repeatedly rejected our demand for increasing the passenger trains and laying of new lines. Besides that, every year they are increasing the passenger fares. As the bus fare is far less than the train fare, a large number of train passengers are now opting for bus services. This increased pressure on the Road Transport is going beyond its capacity.

Although we are forced to increase the bus fares in our State, the fares are less than the prevailing rates of other States. Even after the increase the fare will remain less than those of the other States. In the mean time, the fares have been increased in Bombay City. In Bombay City the existing fare for first 2 Kms. is Rs.1.60 and for 12 Kms. it is Rs.3.15. Although the Central Govt. pays a subsidy to the tune of Rs.83.00 crores for Delhi Transport Corporation, private buses have been introduced in Delhi at a fare rate of Rs.4.00 and Rs.6.00.

In the districts where daily passengers do not get any concessions in the Inter District Services, it is proposed that they may avail the services on payment of the existing fare if they purchase monthly coupons for travelling in State buses. It is also proposed the students desiring to travel at a concessional fare in State Spl. buses and State Midi buses may be permitted to do so if the monthly income of their parents be less than Rs.3,000/-, In case of students up to the level of Higher Secondary Standard, those studying in free schools/ institutions and in case of students of colleges or universities where the monthly tution fees are less than Rs.20.00, such facilities may be extended. However,

final decision in this regard will be taken after three months on receipt of response to this scheme.

We are compelled to raise the fare with a heavy heart. The Centre's economic policy has forced us to take such a step against our will. We have requested the Central Government time again not to increase the price of diesel and to lower the tax on spare parts. But they have turned a deaf ear instead. Rather they are going the other way. Thus, we have no other alternative but to increase the fares in order to keep the transport survices operative. The Central Government has given us to take such a hard step. We remain apologetic to the people. We firmly believe that the commuters will understand our helplessness. We are confident of their Co-operation.

Hon'ble Member Shri Deba Prosad Sarker of proceded towards the well of the House and started shouting. Several Congress(I) members rose in their seats and were shouting)...

[11-20 — 11-30 a.m.]

(At this stage, Shri Deba Prasad Sarkar and Shri Prabodh Chandra Purkait - belonging to the SUC Parties walked-out of the Chamber.)

**Dr. Zainal Abedin** : Sir, I am on a point of order.

**Mr. Speaker** : Yes, Dr. Abedin, what is your point of order?

**Dr. Zainal Abedin** : Mr. Speaker, Sir, I have given you a notice drawing your attention under Rule 319 with a specific motion which I beg to move in this House.

**Mr. Speaker** : Purported to be under Rule 319 ?

## POINT OF ORDER

**Dr. Zainal Abedin** : I beg leave of the House that the motion be adopted that all business of the House be suspended immediately, and the House should proceed to discuss the statement made by the Hon'ble Minister, Shri Shyamal Chakraborty under Rule 346. There is a limitation to the discussion of the statement of a minister made in response to a Calling Attention Notice. But there is no such bar or limitation on the discussion of the statement of a minister if by such a statement the situation is being created with chaos and anarchy and is going to let loose. Sir, you have heard the budget statement of the Hon'ble Minister-in-Charge of Finance Department yesterday. It was a State budget and he spoke twenty-three times about Dunkel and the Dunkel proposal will go into operation after 1995. If at all signed. As if, the condition is prevailing equally in all the States of India. Nowhere

such an incriminating bankrupt statement has been made by a transport minister. I think the cabinet is also bankrupt hideously. As such the statement of the minister deserves discussion immediately. Unless you allow us under rule 319 — I have drawn your attention earlier — please give us the grounds, please give us the clarification why you will not take recourse to the provision of 319. Here is the appropriate condition. The Minister has come suo motto under rule 346. As such it is a fit condition. The other party has gone out. But we are not going out. We will not allow the cabinet to sit silent and to become the broker of the vested interests of the State, and they are doing so forgetting the interests of the common men, affecting the interests of the commuters. They are going to become brokers for some consideration. You have been the brokers of the vested interests of the State. So I demand your ruling on the point.

I have given you the motion exactly. I beg to reiterate this again. "This House, this Assembly proceed to discuss the statement of the Hon'ble Minister, Shri Shyamal Chakraborty and the contention made therein under rule 346." I have given the notice according to rule 319. Please give us your ruling.

**Mr. Speaker** : Dr. Abedin, this motion — purported under rule 319 — is not a notice of adjournment. Your demand for adjournment of the House can only come under a notice of adjournment. If you read rule 319 properly, you will see that nowhere it contemplates that the business of the House will be adjourned.

**Dr. Zainal Abedin** : Sir, the situation is there.

**Mr. Speaker** : Let us first read the rule properly. Then we will contemplate the situation later on. Rule 319 Says - "A motion that the policy or situation or statement or any other matter be taken into consideration shall not be put to the vote of the House but the House shall proceed to discuss such matter immediately after the mover has conclude his speech....."

**Dr. Zainal Abedin** : The rule says - 'immediately'.

**Mr. Speaker** : Immediately means what ? Immediately means that after the mover has concluded his speech and no further question shall be put during the conclusion of the debate at the appointed hour. Appointed hour means that the date shall be fixed for discussion of the matter. I hope you understand the rule.

**Dr. Zainal Abedin** : I have to understand that immediately it should be done.

[18th March, 1994]

**Mr. Speaker :** It does not become immediate. I am sorry. Let us understand the rule properly. ''Immediately' means after you have finished speaking. But that does not become immediate. You try to understand the rule properly. Immediately means after you have finished speaking at the appointed hour. The hour has not been appointed. You have given a notice date and time for discussion have not been fixed. After a notice is given date and time for discussion will be fixed.

I know you seek 'immediately'. The contemplation of rules are that you have to give the Minister time to get prepared. You cannot take it off-hand. The notice say — you start now. There is no such thing as 'immediate action'. It is not a 'Eveready Battery' that you switch on and the light will burn. I am very sorry. I may have intention, but the rules do not permit. I am sorry. I am in favour of the rules. I read the rules. I did not print them. They have been printed long before, I came to this office, and most probably long before you came to this office. And the rules will be there when you and I will not remain there. Very well. I get your notice. I ask the Secretary to go into it. It is in accordance with the laws. We will deal it at the appropriate time. There is no need to express such comments at this point of time. Let us proceed in accordance with the rules.

**Dr. Zainal Abedin :** There are volcanos outside.

**Mr. Speaker :** Dr. Abedin, there are volcanos outside and there are cool breezes blowing inside.

**Dr. Zainal Abedin :** Sir, I have a very small submission. The Government may choose to sleep on volcano, but the people's representative, the opposition, cannot. I crave your indulgence that this matter be allowed to be discussed immediately in the interest of people, in the interest of the commuters. We don't want to just bracket the Government as broker and agent of the vested interests group.

**Mr. Speaker :** The rules don't permit immediate discussion. I am sorry. I cannot accede to your request. We will go into that. We will see the pros and cons, and it will be dealt with at the appropriate time Don't get impatient. Now we take the usual business. Yes, Abdul Mannan.

**শ্রী আব্দুল মান্নান ঃ** স্যার, আজকে আইনের ব্যাখ্যা নিয়ে আমি বলছি না। আমি আপনার রুলিংয়ের বিরোধিতা করছি না। আইনের ব্যাখ্যা নিয়ে এখানে ইস্যু এনে আলোচনা করতে চাইছি না। মাননীয় মন্ত্রী শ্যামল বাবু যে স্টেটমেন্ট দিলেন তা আমরা গত কয়েক বছর ধরেই দেখে আসছি যে ভাড়া বৃদ্ধি উনি করে যাচ্ছেন। অথচ এই মন্ত্রী এককালে ১- ২ পয়সা বাস ভাড়া বৃদ্ধির প্রতিবাদে কংগ্রেস আমলে বাস, ট্রাম পুড়িয়েছিলেন। সুতরাং

আমার আবেদন আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর কাছে যে, এই স্টেটমেন্টটি উইথড্র করুন, তাদের স্বার্থ দেখুন। আগে আলোচনা করুন, দরকার হলে অল পার্টি মিটিং ডেকে তারপরে ভাড়া বৃদ্ধি করুন। বাস মালিকদের দালালি করে আপনারা রাতের অন্ধকারে সিদ্ধান্ত নিচ্ছেন। এই জিনিস করবেন না, সকলে মিলে বসে আলোচনা করে অল পার্টি মিটিং করে বাস ভাড়া বাড়ান।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী শ্যামল চক্রবর্তী :** স্যার, আমি প্রাইভেট বাসের কথা বলিনি। প্রাইভেটের কথা কেন্দ্রীয় সরকার বলে, আমি তারমধ্যে যাচ্ছি না, যেতে চাইও না। কেন্দ্রীয় সরকার তো সরকারি প্রতিষ্ঠানগুলোকে পর্যন্ত তুলে দিয়ে প্রাইভেটে চালাতে চাইছেন এবং সরকারি বাসও ওনারা তুলে দিয়ে প্রাইভেটে চালাতে হবে এই নির্দেশ দিয়েছেন। কেন্দ্রীয় সরকার বরং প্রাইভেটাইজেশনের দালালি করছেন এবং পশ্চিমবঙ্গ সরকার সেইদিক দিয়ে উল্টো পথে চলছে। আমরা সরকারি বাসেও ভাড়া বাড়িয়েছি। আমি যদি কারুর দালাল হই তা হচ্ছি সরকারি বাসের দালাল। আমি যদি কারুর দালাল হই তা হচ্ছি আমি পশ্চিমবঙ্গ সরকারের দালাল সুতরাং ওদের সঙ্গে এই হচ্ছে আমাদের পার্থক্য। আর আপনারা গরিব মানুষের কথা বলছেন রাতের অন্ধকারে একটার পর একটা জিনিসের দাম কারা বাড়িয়েছেন? পার্লামেন্টকে এড়িয়ে, আলোচনা না করে অগণতান্ত্রিক পথে যাতে গরিব মানুষরা জানতে না পারে তারজন্য রাতের অন্ধকারে দাম বাড়িয়েছেন। আজকে আপনাদের গরিব মানুষের জন্য বড় দুশ্চিন্তা হচ্ছে। সুতরাং আমাদের দিক থেকে যে ব্যবস্থা নেওয়া হয়েছে তা সঠিক ব্যবস্থাই। আজকে গরিব মানুষের দুঃখে ওদের চোখ দিয়ে জল পড়ে, এই যদি ওদের অবস্থা হয় তাহলে ফারাক্কা দিয়ে ৪০ হাজার কিউসেক জল পাওয়ার জন্য বাংলাদেশের কাছে আজকে ভিক্ষা করতে হত না।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি :** মিঃ স্পিকার স্যার, মাননীয় মন্ত্রী যখন স্টেটমেন্ট করছিলেন তখন অপজিশন পার্টির পক্ষ থেকে কতকগুলি ইরেসপনসিবল কমেন্টস করা হয়, মাননীয় সদস্য আবদুস সালাম মুন্সি সমানে বলে গেলেন বাস পুড়িয়ে দেব — কংগ্রেসের নেতা। এই হচ্ছে আপনাদের বিরোধী দলের নেতা, বিরোধী দলের চেহারা। আপনারা অ্যাসেম্বলির ফ্লোরে দাঁড়িয়ে বলেন বাস পুড়িয়ে দেব এই হচ্ছে বিরোধী দলের রেসপনসিবিলিটি। যখন পেট্রোলের দাম বাড়ে, যখন ডিজেলের দাম বাড়ে তখন স্যার, এরা চুপ করে বসে থাকে। মাননীয় স্পিকার মহাশয়, বিরোধী দল যদি ভলক্যানো খুঁজতে চায় তাহলে সারা ভারতবর্ষে খুঁজুন। একটা ইরেসপনসিবল অ্যান্টিসোশ্যাল, ব্যাচ, এরা রাস্তায় গুন্ডামি করে, এখানে এসে এম.এল.এ. হিসাবে বলছে বাস পুড়িয়ে দেব, একটা ইরেসপনসিবল অপজিশন, এইরকম অপজিশন থাকার চেয়ে না থাকাই ভাল। স্যার, এরা ডেমক্রেসিকে স্ট্রেনদেন করবে না, এরা ডেমক্রেসির কলঙ্ক।

(গোলমাল)

(এই সময় কংগ্রেস দলের মাননীয় সদস্যরা কক্ষ ত্যাগ করেন)

## MOTION UNDER RULE-185

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, আই বেগ টু মুভ দ্যাট, আপনার অনুমতি নিয়ে বলছি, যেহেতু পশ্চিমবাংলার প্রধান কৃষি-ফসল আমন ধান, বর্ষার উপর নির্ভরশীল;

যেহেতু অতিবর্ষণ ও নিকাশির অব্যবস্থার কারণে পশ্চিমবাংলার প্রায় ১৪টি জেলা বর্ষাকালে প্রায় প্রতিবারই বন্যাপ্লাবিত হয় ও গভীর এলাকাগুলি জলমগ্ন হয়ে যায়;

যেহেতু কেলেঘাই-বাঘাই-কপালেশ্বরি নদীর অববাহিকা ঐ ধরনের বন্যাপ্লাবিত এলাকাগুলির একটি;

যেহেতু কেলেঘাই নদীর বন্যা রসুলপুর নদীর অববাহিকা এলাকাকেও প্লাবিত করে;

যেহেতু ১৯৬৯-৭০ সালের কেলেঘাই-কপালেশ্বরি নদীর বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা অসমাপ্ত অবস্থায় পরিত্যক্ত হয়েছে;

যেহেতু দীর্ঘ ২০।২১ বছর ধরে এই নদীগুলির বন্যানিয়ন্ত্রণ ও নিকাশির কাজ, লাঙ্গলকাটা এলাকার পলি উদ্ধারের কাজ এবং নদীবাঁধগুলি রক্ষণাবেক্ষণের কাজ সুষ্ঠুভাবে হয়নি,

যেহেতু কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই এর বন্যা ও জলচাপে নারায়ণগড়, সবং, পিংলা, পটাশপুর ভগবানপুর, ময়না থানা সহ কাঁথি মহকুমার বিস্তীর্ণ এলাকায় কোটি কোটি টাকার কৃষি-ফসল, ঘরবাড়ি ও গবাদিপশু বিনষ্ট হয় ও মানুষেরও প্রাণহানী ঘটে।

যেহেতু রাজ্য সরকার কেলেঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার গুরুত্ব উপলব্ধি করে পরিকল্পনা রচনার কাজে অগ্রসর হয়েছেন;

যেহেতু জি.এফ.সি.সি.-র কাছে আজও পরিকল্পনা প্রেরিত হয়নি; এবং

যেহেতু জি.এফ.সি.সি.-র অনুমোদন ছাড়া এই পরিকল্পনা রূপায়িত করা যাবে না; সুতরাং এই সভা রাজ্য সরকারকে অনুরোধ করছে যে—

১) রাজ্য সরকার অতি দ্রুত জি.এফ.সি.সি.-র কাছে অনুমোদনের জন্য কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই নদীর বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনাটি প্রেরণ করুন;

২) আগামি আর্থিক বছরেই এই পরিকল্পনা রূপায়ণের কাজ শুরু করার জন্য রাজ্য বাজেটে প্রয়োজনীয় অর্থবরাদ্দ করা হোক;

৩) আগামি ৩ বছরের মধ্যে অর্থাৎ ৮ম পরিকল্পনাকালের মধ্যেই এই পরিকল্পনার কাজ সমাপ্ত করার লক্ষ্যে রাজ্য সরকার সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন; এছাড়া

এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে এই পরিকল্পনা রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্য করার অনুরোধ জানাচ্ছি।

আমি পরে বিতর্কে অংশগ্রহণ করব।

**শ্রী প্রশান্ত প্রধান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এখানে যে প্রস্তাব আনা হয়েছে এই প্রস্তাবটি আমরা দীর্ঘদিন ধরে আলোচনা করছি। ২০ বছর আগে যখন প্রথম যুক্তফ্রন্ট

সরকার আসে, সেই সময় একটা আলোচনা করে সিদ্ধান্ত হয়। তারও আগে মানসিং কমিটির আমলে যে রিপোর্ট আছে, সেই রিপোর্ট আছে, সেই রিপোর্ট পর্যালোচনা করলে দেখা যাবে এই এলাকায়, কেলেঘাই ক্যাচমেন্ট এলাকায় জল ধরে রাখতে পারে না উপরে যদি বৃষ্টি হয় নারায়ণগড় তারও আশেপাশে সুবর্ণরেখা কংসাবতি এলাকায় যখন বৃষ্টি হয়, এন্টায়ার জলটা ঝাড়গ্রাম গোপিবল্লভপুর এলাকায় নেমে আসে। আর যে এলাকায় যে দিক দিয়ে জল বয়ে যাওয়া উচিত, সেই জায়গা জল ধরে রাখতে পারেনা। ফলে দুটো পাড় ভেঙে যায়। এর সঙ্গে সঙ্গে আমরা লক্ষ্য করেছি যতগুলো ব্যারেজ তৈরি হয়েছে, রূপনারায়ণের উপর ব্রিজ হয়েছে, হলদিয়া পোর্ট হয়েছে, নরঘাটের কাছে হলদিয়া নদীর উপর ব্রিজ হয়েছে, এর ফলে পলি পড়ে পড়ে সিলটেড জমে যাচ্ছে এবং নদীর নাব্যতা কমে যাচ্ছে। এর ফলে স্রোতের সঙ্গে পলি ঠিকমতো সমুদ্রে গিয়ে পড়েনা। আমি অনেকবার বলেছি, আলোচনাও হয়েছে, এই অবস্থাটা কাটানো দরকার। প্রায় প্রতি বছরই বর্ষাকালে দেখা যায় যে সবং, পিংলা, ভগবানপুর, ময়না এলাকার বাঁধ ভাঙছে এবং বন্যায় ক্ষয়-ক্ষতি হচ্ছে। এতে মানুষজন মারা যাবে, অনেক গবাদি পশু নষ্ট হবে, এই অবস্থার মধ্যে দাঁড়াচ্ছে। ১৯৬৯-৭০ সালে বন্যা নিয়ন্ত্রণের জন্য একটা পরিকল্পনা হয়েছিল এবং তার দুটো ফেজের কাজ হয়েছে, কিন্তু পরবর্তীকালে তৃতীয় ফেজের কাজ হয়নি, অ্যাবানডন হয়ে গেছে। এই যে মূল পরিকল্পনা, এটা অর্ধেক অবস্থায় থেকে গেছে। ডাক্তার মানস ভুঁইয়া যে প্রস্তাব এনেছেন আমরা তার সঙ্গে সহমত। এই এলাকার জলনিকাশি এবং জলসেচ এইগুলিকে যদি ঠিক রাখা যায় তাহলে এই পরিকল্পনাটা কাজে লাগানো যায়। এই কাজের মূল ফেজ সম্বন্ধে আলোচনা হয়েছে, আমি এবার বলছি পরিকল্পনা নিয়ে। জে.এফ.সি.সি-র সঙ্গে আলোচনা করে রাজ্য সরকার টাকা ধরুন, কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতা করে এই কাজটাকে যাতে আমরা ত্বরান্বিত করতে পারি এবং আরেকটা জিনিস স্পিল এলাকার পরিকল্পনা এখনই না করে এটাকে একটু রিভাইজড করে নিতে হবে। একটা পাড়ের পরিকল্পনা এখন আছে, দুটো পাড়ের পরিকল্পনা এখানে রাখতে হবে। স্পিল এলাকার আইডিয়া সাধারণ মানুষের কাছে নিয়ে যেতে হবে। একটা পাড় উঠে যাবে এবং আরেকটা পাড় নিচু থাকবে এবং সেই পাড়টা দিয়েই জলটা বয়ে যাবে। এই ব্যাপারে মানুষজন যদি সচেতন না হন এবং ঘরবাড়ি যদি উঁচুতে না হয় এবং তাদের যদি সেই মানসিকতা তৈরি করা না যায় তাহলে স্পিল এরিয়ার আইডিয়া গ্রহণ করা যাবে না। এই কাজটাকে রিভাইজড করতে হবে এবং দুটো পাড়েই যাতে কাজ হয় সেটা দেখতে হবে। এইজন্য আমি এই প্রস্তাবটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[11-40 — 11-50 a.m.]

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ মানস ভুঁইয়া যে প্রস্তাব উত্থাপন করেছেন তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। স্যার, আমি মনেকরি, এই প্রস্তাব সম্পর্কে এই সভায় কেউ দ্বিমত পোষণ করেন না। অন্ততপক্ষে ঐ এলাকার সদস্য যারা আছেন তারা তাদের তিক্ত অভিজ্ঞতা থেকে নিশ্চয় দলমত নির্বিশেষে এই প্রস্তাবকে সমর্থন করবেন। এ ব্যাপারে অতীতে অনেক আলোচনা এই বিধানসভাতে হয়েছে। মেদিনীপুর জেলার মূলত দুটি মহকুমা—সদর দক্ষিণ মহকুমা এবং কাঁথি মহকুমার বিস্তীর্ণ অঞ্চল-এর জীবন ও জীবিকার প্রশ্ন এর সাথে জড়িয়ে রয়েছে। এখানে ইরিগেশন সাবজেক্ট কমিটির

চেয়ারম্যান শ্রী নির্মল দাস মহাশয় উপস্থিত আছেন, তিনিও বিস্তারিতভাবে এই বিষয়টি সম্পর্কে জানেন। আমি যখন ইরিগেশন সাবজেক্ট কমিটির সদস্য ছিলাম তখন তার নেতৃত্ব আমরা ওখানে গিয়ে মানুষের কাছে শুনেছিলাম এবং এ মহকুমার মানুষ হিসাবেও এই কেলেঘাই, কপালেশ্বরি ও বাঘাই নদীর ভয়াবহ তান্ডবললা সম্পর্কে আমার অভিজ্ঞতা আছে। সাবজেক্ট কমিটির কাছে সেদিন সেখানকার মানুষরা কাতর আর্তনাদ করে যেসব কথা বলেছিলেন সেগুলি আমরা শুনেছিলাম এবং সেখানকার মানুষদের সমবেত ডেপুটেশনও সংগ্রহ করেছিলাম। সেখানে সেদিন আমরা বলে এসেছিলাম যে এ সম্পর্কে যাতে দ্রুত ব্যবস্থা নেওয়া হয় তারজন্য সাবজেক্ট কমিটির পক্ষ থেকে আমরা সুপারিশ করব। আজকে বলতে কোনও বাধা নেই বা বলতে পারেন বাধ্য হয়েই বলছি যে মাননীয় সেচমন্ত্রী মহাশয় উত্তরবঙ্গের তিস্তা প্রকল্প রূপায়ণের জন্য যতটা আগ্রহ প্রকাশ করেন, যতটা দ্রুততার সঙ্গে কাজ করার চেষ্টা করেন সেইরকম দ্রুততা কিন্তু দক্ষিণবঙ্গের জেলাগুলির প্রকল্পের ক্ষেত্রে দেখা যায়না। গত এক মাসেরও বেশি আগে এই বিধানসভায় দাঁড়িয়ে মাননীয় সেচমন্ত্রী বলেছিলেন যে এক মাসের মধ্যে জি.এফ.সি'র রিপোর্ট চলে যাবে কিন্তু যতটুকু খবর জানি তাতে বলতে পারি যে এক মাসের বেশি হয়ে গেলেও সেটা এখনও পাঠানো হয়নি। আমরা জানি যে এই কেলেঘাই, কপালেশ্বরি, বাঘাই নদী যেসব এলাকা দিয়ে বয়ে গিয়েছে সেখানে এইসব নদীর তান্ডব লীলার ফলে এলাকাগুলি ভয়াবহ রূপ ধারণ করে এবং বিস্তীর্ণ অঞ্চল ভাসিয়ে দেয়। সেখানকার মানুষের একমাত্র জীবিকা যে ধান বা একমাত্র নির্ভরশীলতা যে ধান সেই ধান এইসব নদীর বন্যায় নষ্ট হয়ে যায়। স্যার, আপনি জানেন যে আমরা বারবার বলেছি যে সেচকে বিরাট অগ্রাধিকার দিয়ে সেচ এলাকাকে বাড়াতে হবে কিন্তু গতকাল এখানে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে দেখছি সর্বভারতীয় গড় যেখানে বাজেটের .১৭ পারসেন্ট সেচ খাতে সেখানে এখানকার বাজেটের ১২ পারসেন্টের বেশি টাকা সেচখাতে রাখা হয়নি। কাজেই এতে পরিকল্পনার জন্য কাজ করার ক্ষেত্রে কাজের প্রতিশ্রুতি আসবে, বার বার বিধানসভাতে আমরা দাবিও করব, মন্ত্রী মহাশয় বিবৃতিও দেবেন কিন্তু টাকা নেই বলে কাজ হবে না। এই প্রসঙ্গে স্যার, সুবর্ণরেখা প্রকল্পের কথাটাও একটু বলতে চাই। এই প্রকল্পটা কোথায়, কেন আটকে আছে আমরা জানতে চাই। আজকে বিহার সরকার তাদের অংশ শেষ করে দিয়েছে কিন্তু পশ্চিমবাংলা এখনও সুবর্ণরেখা প্রকল্পের কাজ করতে পারে নি। আমি আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় কবে এই সুবর্ণরেখা প্রকল্প শেষ হবে তা বলবেন। মাননীয় সদস্য মানসবাবু যে প্রস্তাব এনেছেন তাকে পুনরায় সমর্থন করে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে সুস্পষ্টভাবে প্রতিশ্রুতি চাই যে ৮-ম পরিকল্পনায় আর যে মাত্র তিন বছর বাকি আছে তারমধ্যে এই প্রকল্পের কাজ শেষ করার প্রতিশ্রুতি দিন। এর আগেও আপনি ঐ এলাকার মাননীয় বিধায়ক, ক্ষুদ্রসেচমন্ত্রী, আপনার দপ্তরের রাষ্ট্রমন্ত্রীকে নিয়ে সভা করেছিলেন এবং সেই সভায় আমরা একের পর এক নানান সমস্যার কথা বলেছিলাম। খুঁটিনাটি বিষয় নিয়ে সেদিন আলোচনাও হয়েছিল। সেই আলোচনার সময় আপনি বলেছিলেন যে এই প্রকল্পের কাজ আমি দ্রুততার সঙ্গে শেষ করতে চাই কিন্তু আজও দেখছি যে কাজ এগুলো না।

তাই মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার কাছে আমি এই কথা বলব কাঁথি মহকুমার

একজন বিধায়ক হিসাবে যে, দক্ষিণ মেদিনীপুর জেলার দক্ষিণ সদর মহকুমায় কয়েকটি থানার হাজার হাজার মানুষ বৃষ্টি এলে যাদের নাভিশ্বাস ওঠে তাদের কথা চিন্তা করুন। বর্ষার সময় তারা যে চাষ করে সেই ফসল তারা ঘরে নিয়ে যেতে পারবে কিনা তার দুঃশ্চিন্তায় তারা থাকে। সেই দুঃশ্চিন্তার দিনগুলি থেকে তাদের মুক্ত করতে এই প্রকল্প যাতে দ্রুত তালে রূপায়িত হয় তারজন্য আশা করি আপনি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11-50 — 12-00 Noon.]

**শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, মেদিনীপুর জেলায় দুঃখের নদী বলে কথিত হচ্ছে কেলেঘাই নদী। এই কেলেঘাই নদীর ইতিহাস পর্যালোচনা করলে আমরা দেখব যে এই এলাকার মানুষ আজকে যে এই বন্যার শিকার হয়েছে — যুগ যুগ ধরে শ্রেণী শোষণের, বঞ্চনার যে ইতিহাস তা এরসঙ্গে জড়িত। কেলেঘাই-এর যে রাইট এমব্যাঙ্কমেন্ট, সেই রাইট এমব্যাঙ্কমেন্ট তৈরি হয়েছিল বৃটিশ আমলে। বর্ধমান মহারাজ-এর জমিদারি, নাটাগড় জমিদারের জমিদারি, মুকবেড়িয়ার জমিদারদের জমিদারিকে রক্ষা করার জন্য সবং, পিংলা, নারায়ণগড়ের একটা বিশাল এলাকাকে চিরকালের জন্য একটা স্পিল এলাকা করে কাঁথি মহকুমাকে রক্ষা করার যে পরিকল্পনা বৃটিশ আমলে নেওয়া হয়েছিল তার ফলে কেলেঘাই-এর অন্যতম স্বাভাবিক যে স্রোত, যেটা রসুলপুরের দিকে ছিল সেটাকে চিরকালের জন্য বন্ধ করে দেওয়া হয়েছিল। এটা বৃটিশ আমলের শিকার। পরবর্তী পর্যায়ে ঐ এলাকার মানুষ কংগ্রেস আমলে ভ্রান্ত নদী পরিকল্পনার এবং ভ্রান্ত সুপারিশের শিকার হল। আপনি জানেন যে, পশ্চিমবঙ্গের সমস্ত নদীগুলির আলটিমেট মুখ হচ্ছে হুগলির মোহনা। এই হুগলির মোহনার সঙ্গে যুক্ত আমাদের রূপনারায়ণ। তার সঙ্গে যুক্ত কাঁসাই। তার উপর যুক্ত কেলেঘাই। ডি.ভি.সি'র ভ্রান্ত পরিকল্পনার ফলে হুগলি নদীর ১৫ মাইল বিস্তৃত মোহনার যে পরিণতি ঘটেছে তা বলার সুযোগ আমার এখানে নেই সেটা আপনি জানেন। আলটিমেটলি হুগলি নদী মজে যাওয়ার ফলে রূপনারায়ণ মজেছে, তারপর মজেছে কংসাবতি। কংসাবতি মজার ফলে মজেছে কেলেঘাই। অন্যদিকে অরন্য ক্ষয়ের অনিবার্য অভিশাপ হিসাবে মাটির ক্ষয় নদীগর্ভগুলোকে বুজিয়ে দিয়েছে। স্বাধীনতার পর দীর্ঘ ৩০ বছর ধরে ঐ এলাকার মানুষের কাছে কংগ্রেস সরকার বার বার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এই কেলেঘাই-এর সংস্কার তারা করবেন এবং কিছুটা বন্যা নিয়ন্ত্রণের ব্যবস্থা করবেন। কিন্তু সেই প্রতিশ্রুতি পালিত হয়নি। কেলেঘাই-এর ষোড়শ বিধ্বংসী বন্যা হয় '৬৭ সালে। আমি তখন ঐ এলাকার বিধায়ক। পটাশপুর মিলিত কেন্দ্রে ৬৭/৬৮ সালে পর পর দু বছরের বিধ্বংস বন্যার সময় তদানিন্তন যুক্তফ্রন্ট সরকার কেলেঘাই বন্যা নিয়ন্ত্রণ এই পরিকল্পনা গ্রহণ করেন। সেই বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার কাজ শুরু হয়। কিন্তু দুর্ভাগ্যবশত মাননীয় সিদ্ধার্থবাবুর সরকার গঠিত হবার পর সেই পরিকল্পনা অসমাপ্ত অবস্থায় পরিত্যক্ত হয়। তারই ফলশ্রুতি ভোগ করছে ঐ এলাকার মানুষরা। যাইহোক, শেষ পর্যন্ত পশ্চিমবঙ্গে আমাদের সরকার এই বন্যা নিয়ন্ত্রণের পরিকল্পনাটা গ্রহণ করেছেন। তিন বছর সময় লেগেছে। আমি বলব, জনসাধারণের দৃষ্টিকোণ থেকে এত সময় নেওয়াটা অনুচিত হয়েছে। আমার মনে আছে মাননীয় সেচমন্ত্রী '৯১ সালে ঐ নদী এলাকা পরিদর্শন করতে গিয়েছিলেন। '৯১ সাল গেছে, তারপর '৯২ সাল গেছে,

'৯৩ সাল গেছে, আজকে '৯৪ সালের তিন মাস হয়ে গেল কিন্তু এখনও পর্যন্ত জি.এফ.সি.সি.র কাছে রিপোর্ট-টা প্রেরিত হয়নি। কাজ হয়েছে, পরিকল্পনা রচিত হয়েছে অনেকবারই, তারা পাবলিক ওপিনিয়ন ফর দি ফার্স্ট টাইম — অন্তত রাজ্য সরকার সেই এলাকার মানুষের মতামত নিয়েছেন, একটা মত কিন্তু এখনও উপেক্ষিত হয়ে আছে, সেই বিষয়টিও পরে বিবেচিত হবে। এটা দেখবেন কিন্তু আমি যে বিষয়টি বলতে চাই, আমি লক্ষ্য করেছি বিগত কয়েক বছর ধরে, রাজ্য বাজেটে বন্যা নিয়ন্ত্রণের দিকটা উপেক্ষিত হয়ে রয়েছে। সে ক্ষেত্রে আপনারা বরাদ্দ কমিয়ে দিয়েছেন। সুতরাং এই প্রস্তাব আনার উদ্দেশ্য ঐ এলাকার মানুষ যাতে বন্যার হাত থেকে বাঁচেন তারজন্য স্পেসিফিক্যালি উল্লেখ করেছি আগামী আর্থিক বছর থেকে কেলেঘাই বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার কাজ শুরু করতে হবে। গতবারও আমি আপনার বাজেট আলোচনার সময় বলেছিলাম, ইরিগেশনের যে ইন্টারন্যাল পলিসি—একদিকে ইরিগেশন, অন্য দিকে ফ্লাড কনট্রোল—যেখানে মেজর স্ট্রেসটা পড়া উচিত ফ্লাড কনট্রোলের উপর সেটা না পড়ে ইরিগেশনের উপর মেজর স্ট্রেসটা পড়েছে। এটা হওয়া উচিত নয়। পশ্চিমবাংলার সবচেয়ে বেশি ফসল পাই আমরা স্বাভাবিক বৃষ্টিপাত থেকে। এই স্বাভাবিক বৃষ্টিপাত যখন একটু বেশি হয় তখন পশ্চিমবাংলার ১৪টি জেলার লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়ে যায়। সুতরাং প্রায়রিটি মাস্ট বি গিভিন টু ফ্লাড কনট্রোল। সেই দৃষ্টিকোণ থেকে আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই, আগামী বাজেটে আপনাকে কেলেঘাই বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনার জন্য সুনির্দিষ্ট অর্থ বরাদ্দ করতে হবে। আমরা এখানে একটা টাইম লিমিট করতে চাইছি তিন বছর। কারণ আমাদের অভিজ্ঞতা আছে, মেদিনীপুর জেলার ঘাটাল মাস্টার প্ল্যান, ভগবানপুর মাস্টার প্ল্যান, তমলুক মাস্টার প্ল্যান, নিম্ন দামোদর পরিকল্পনা ১০ বছর, ২০ বছর, ২৫ বছর ধরে পড়ে আছে, টাকা কোথায়, কোনও কাজ হচ্ছে না। এ ক্ষেত্রেও যদি ৩১ কোটি ৬৭ লক্ষ টাকার পরিকল্পনার কাজ ঐভাবে চলে তাহলে শেষ পর্যন্ত ১০০ কোটি টাকায় গিয়ে দাঁড়াবে এবং জীবনেও কাজ হবে না। সুতরাং একটা টাইম বাউন্ড প্রোগ্রাম গ্রহণ করতে হবে। দুটি ফেজে কাজ করতে হবে এবং প্রথম ফেজে তিন বছরের মধ্যে অ্যাট লিস্ট মেজর পার্টের কাজ শেষ করতে হবে। মাননীয় মহাশয়, এই প্রতিশ্রুতি আজকে আপনাকে বিধানসভায় দিতে হবে যে, আগামী তিন বছরের মধ্যে মেজর পার্টের কাজ আপনি কমপ্লিট করবেন। এই প্রতিশ্রুতি আমি আপনার কাছে আশা করছি। '৮৪ সালের বন্যার সময় তৎকালিন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বলেছিলেন, কেলেঘাই পরিকল্পনায় তারা সাহায্য করবেন। আমি এটা আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি যে, আমরা দিল্লিতে কথাবার্তা বলতে গিয়েছিলাম প্রণব-বাবুর সঙ্গে — তখন ডাঃ জয়নাল আবেদিন এখানে বিরোধী দলের নেতা ছিলেন না, কিন্তু তিনিও আমাদের সঙ্গে গিয়েছিলেন — তিনি, আপনি এবং আমি সেই প্রতিনিধি দলে ছিলাম, প্রণববাবু প্রতিশ্রুতি দিয়েছিলেন— কেলেঘাই বন্যা নিয়ন্ত্রণে সাহায্য করবেন। সুতরাং জি.এফ.সি.সি-র কাছে অবিলম্বে পরিকল্পনা প্রেরণ করুন এবং তারা অনুমোদন করুন। আমি আশা করব সর্বদলিয় যখন প্রস্তাব তখন কেন্দ্রীয় সরকার এই পরিকল্পনা রূপায়ণে আমাদের প্রয়োজনীয় সাহায্য করবেন। একদিন পশ্চিমবাংলার যুক্ত ফ্রন্ট সরকার কেলেঘাই বন্যা নিয়ন্ত্রণ পরিকল্পনায় হাত দিয়েছিল, কিন্তু পরবর্তীকালে তা অসমাপ্ত অবস্থায় পরিত্যক্ত হয়েছে। আমরা আশা করব আবার পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার সেই পরিকল্পনায় হাত দিয়ে তা শীঘ্র সমাপ্ত করবে। শুধু কেলেঘাই নয়, কেলেঘাই, কপালেশ্বরি, বাঘাই এবং চন্ডিয়া নদীর বন্যা প্রতি

বছর মেদিনীপুর জেলার লক্ষ লক্ষ মানুষকে ক্ষতিগ্রস্ত করছে। এই নদীগুলি বিস্তীর্ণ এলাকাকে শুধু বিধ্বস্তই করছে না সমস্ত কাঁথি মহকুমা এবং রসুলপুরের ক্যাচমেন্ট এরিয়াকে বিধ্বস্ত করছে। সুতরাং এই পরিকল্পনার মধ্যে দিয়ে শুধু কেলেঘাই এবং তার সংলগ্ন নদীগুলির ডিভাস্টেশনই রোধ করা যাবে, তা নয়, সাথে সাথে রসুলপুর নদীর ক্যাচমেন্ট এরিয়াকেও রক্ষা করা সম্ভব হবে। সুতরাং এই সমস্ত কিছু বিবেচনা করে আমি আশা করব প্রস্তাবটি বিবেচিত হবে, রাজ্য সরকার কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই নদীর বন্যানিয়ন্ত্রণের কাজ রূপায়ণে অগ্রসর হবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্য মাননীয় সদস্যরা ১৮৫ নং ধারায় যে মোশন এনেছেন তা উপযুক্ত সময়েই এসেছে। মেদিনীপুরের বন্যা নিয়ন্ত্রণ এবং বন্যা রোধ করার জন্য এবারে অন্তত বন্যার আগেই আলোচনা শুরু হয়েছে — ফলটা কি হবে, সেটা পরের কথা। আমরা সাধারণত বন্যা হয়ে গেলে এই আলোচনা করি, কিছুদিন চলে, তারপরে বিষয়টা চাপা পড়ে যায়। আমরা সকলেই জানি যে মেদিনীপুর জেলার কাঁথি মহকুমা এবং মেদিনীপুর জেলার দক্ষিণাঞ্চলের আরও কিছু এলাকা প্রায় প্রতি বছরই অতি বর্ষণের ফলে বন্যা কবলিত হয় এবং সেখানকার লক্ষ লক্ষ কৃষক বন্যার ফলে নানাভাবে ক্ষতিগ্রস্ত হন। তারা আর্থিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হন, ফলে তাদের জীবন-যাত্রার মান বিপর্যস্ত হয়ে পড়ে। কারণ ঐ অঞ্চলের মানুষ আর্থিক দিক দিয়ে এক মাত্র কৃষির ওপর নির্ভরশীল। তাদের বাঁচার আর কোনও বিকল্প পথ এখন পর্যন্ত গড়ে ওঠেনি। কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই নদীর বন্যানিয়ন্ত্রণ প্রকল্প রূপায়ণের জন্য সে কারণেই আজকে এখানে দাবি উত্থাপিত হয়েছে। এই পরিকল্পনা রূপায়িত হলে মেদিনীপুর জেলার দক্ষিণাঞ্চলের একটা বিস্তীর্ণ এলাকার মানুষরা বন্যার হাত থেকে রেহাই পাবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমার যে এলাকা এগরা কেন্দ্র যারমধ্যে দুবদা বেসিন অন্তর্গত ছিল সেই দুব্দা বেসিন বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প রূপায়িত হয়েছে বেশ কিছু বছর আগে। সম্প্রতি অভিজ্ঞতা হচ্ছে, দুব্দা বেসিন রূপায়িত হওয়া সত্ত্বেও এগরা এলাকায় বন্যা নিয়ন্ত্রণ সম্ভব হচ্ছে না। কেননা দুব্দা বেসিনের উপরের অঞ্চলের যে জল-নারায়ণগড় বাঘাই নদীর যে জল-সেটা নিচের দিকে নেমে আসছে এবং সেই জলের তীব্রতা এতবেশি হচ্ছে যে কেলেঘাই, বাঘাই এবং কপালেশ্বরি নদীকে নিয়ন্ত্রণ করার জন্য সুষ্ঠু পরিকল্পনা অবিলম্বে রূপায়িত করা যদি না যায় তাহলে ঐ অঞ্চলের মানুষকে বন্যার হাত থেকে রক্ষা করা সম্ভব নয়। এ বছরও ঐসব এলাকায় অতি বৃষ্টি হয়ে ব্যাপক বন্যার আশঙ্কা রয়েছে। সুতরাং যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই প্রস্তাবের সঙ্গে দ্বিমত হওয়ার কারণ নেই। কিন্তু এই প্রস্তাবগুলি রূপায়িত করতে গেলে যেমন রাজ্য সরকারকে আন্তরিকতা নিয়ে, সামর্থ নিয়ে এগিয়ে আসতে হবে ঠিক তেমনি কেন্দ্রীয় সরকারকেও এ ব্যাপারে সহযোগিতার হাত বাড়াতে হবে। এ ব্যাপারে আমরা বারে বারে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করেছি। শুধু পশ্চিমবাংলা নয়, সারা ভারতবর্ষের বিভিন্ন রাজ্য বন্যা কবলিত হয়ে কোটি কোটি টাকার ফসল এবং নানারকম সম্পদ নষ্ট হয়ে যায়। এ বছর যে বাজেট কেন্দ্রীয় সরকার পেশ করেছেন সেই বাজেটে আমরা দেখছি, অন্যান্য কিছু কিছু খাতে আর্থিক বরাদ্দ বৃদ্ধি করা হলেও বন্যা নিয়ন্ত্রণ খাতে কিন্তু কেন্দ্রীয় সরকার-এর বাজেটে এবারের বরাদ্দে কয়েক কোটি টাকা কমানো হয়েছে।

যেখানে ভারতবর্ষের শতকরা ৮০ শতাংশ মানুষ কৃষিজীবী, কৃষির উপর নির্ভরশীল সেখানে আমি মনেকরি কেন্দ্রীয় সরকারের উচিত ছিল এই বন্যানিয়ন্ত্রণ খাতে, সেচ ব্যবস্থার উপর সর্বাধিক গুরুত্ব আরোপ করা। এই খাতে যদি সর্বাধিক গুরুত্ব দেওয়া হয় তাহলে অর্থনীতির বুনিয়াদ গড়ে উঠবে এবং এই অর্থনীতির বুনিয়াদকে ভিত্তি করে আরও দেশ উন্নত হবে এ বিষয়ে কোনও সন্দেহ নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, বন্যা হয়ে গেলে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নানাভাবে আমরা আর্থিক সহায়তা পেয়ে থাকি। এ বছর বন্যানিয়ন্ত্রণ, ক্ষয়-ক্ষতি এবং মেরামতির জন্য কেন্দ্রীয় সরকার ১০০ কোটি টাকা স্পেশ্যাল ডোনেশন হিসাবে আমাদের দিয়েছেন। কিন্তু বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের জন্য যদি কেন্দ্রীয় সরকারের কাছে টাকা চাওয়া হয় তাহলে তারা সেই টাকা দিতে অসুবিধা বোধ করেন। আমি মনে করি, বন্যার পরে রিলিফ খাতে বা পুনর্নির্মাণের জন্য টাকা ব্যয় করার চাইতে বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের জন্য সেই টাকা ব্যয় করার নীতি অনুসরণ করা উচিত। বন্যা প্রতিরোধ করতে যদি আমরা সক্ষম হই, তাহলে গ্রামের সাধারণ মানুষ বেঁচে-বর্তে থাকতে পারে। সুতরাং যে প্রস্তাব উত্থাপিত হয়েছে তা দ্রুত রূপায়ণ করার জন্য সহমত পোষণ করে আমার বক্তব্য শেষ করছি।

[12-00 — 12-10 p.m.]

**শ্রী সৌগত রায় :** স্যার, ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্যদের উদ্যোগে কপালেশ্বরী, কেলেঘাই ও বাঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পের জন্য যে প্রস্তাব আনা হয়েছে তাতে আমার পূর্ণ সমর্থন জানাবার জন্য দাঁড়িয়েছি। আমি শহরের লোক। স্বাধীনতার ৪৭ বছর পরেও বন্যায় গ্রামাঞ্চল সবচেয়ে বেশি সমস্যাজনক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। যতদিন যাচ্ছে ততই দেখা যাচ্ছে জায়েন্ট প্রজেক্ট আগে ছিল সেই জায়েন্ট প্রজেক্টগুলি কস্ট বেনিফিটেতে লাভজনক হচ্ছে না। আমরা ডি.ভি.সি করলাম। স্বাধীনতার পর ডাঃ রায় দামোদর ভ্যালি কর্পোরেশন করলেন দামোদরের বন্যা নিয়ন্ত্রণের জন্য। কিন্তু কাজ কমপ্লিট করা যায়নি। বহু কোটি টাকা খরচ করেও নিম্ন দামোদরের সমস্যা ওখানে রয়ে গেছে। এখন দেখা যাচ্ছে, নর্মদা ভ্যালি প্রোজেক্ট, সরদার সরোবর প্রোজেক্ট নিয়ে সারা দেশে পর্যাবরণের সমস্যা দেখা দিয়েছে। সুতরাং এখন বন্যা নিয়ন্ত্রণের অ্যাপ্রোচটা দৃষ্টিভঙ্গিটা পাল্টে যাচ্ছে, এতবড় প্রোজেক্ট না করে মূল ছোট এক একটা নদী বেসিন ধরে সেই প্রোজেক্টগুলি করা দরকার এবং সেই প্রসঙ্গে কেলেঘাই, কপালেশ্বরি, বাঘাই এর যে পরিকল্পনা সেটা গুরুত্বপূর্ণ। তার কারণ এখানে কোনও জায়েন্ট ড্যাম করার ব্যাপার নেই, কোনও বড় ব্যারেজ করে অনেক টাকা খরচ করে করার ব্যাপার নয় যেটা তিস্তাতে দেখা যাচ্ছে। ৪০০ কোটি টাকা খরচ হওয়ার পর তিস্তা সেচের কাজে ভাল সাড়া পাওয়া যাচ্ছে না। ইনিসিয়াল ইনভেস্টমেন্ট এতবেশি প্রোজেক্টের বেনিফিট পৌছতে পৌছতে অনেক সময় লাগছে, কস্ট বেনিফিট অ্যানালিসিস করলে দেখা যাবে উদ্যোগ অনুযায়ী এত খরচ করে লাভ হল কিনা। মাননীয় বিধায়ক মানসবাবু এখানে যে কথা বলেছেন, উনি ১২ বছর ধরে বিধায়ক আছেন, এই ১২ বছরে বার বার এই কথা তুলেছেন। কেলেঘাই, বাঘাইয়ের বন্যা মানসবাবুর বিধানসভা কেন্দ্র সবং এবং তার পাশে পটাশপুর এদিকে ময়না এবং পরে যেহেতু সকল নদীর সাথে যুক্ত কপালেশ্বরীর বড় এলাকা প্লাবিত হয়ে যায়। আমরা যদি কাজটা দেখি যদি সিরিয়াসলি হাতে নেওয়া হয় তাহলে ৩/৪

বছরের বেশি সময় লাগার কথা নয়। দুটি পার্টের কাজ, একটি হচ্ছে ডিসিলটিং অফ দি একজিসটিং রিভার একটি কেলেঘাই যেটি ঝাড়গ্রামের দিক থেকে আসছে এবং কাঁসাই, কেলেঘাই শেষ পর্যন্ত পুরো সিস্টেম মিলে হলদি নদী তৈরি করা হয়েছে। নদীটাতে সীলড পড়ে পড়ে বেড উঁচু হয়ে গেছে। পুরনো জমিদারি বাঁধ ছিল, বাঁধগুলি মেরামত হয়নি, বাঁধগুলি ভেঙে যাচ্ছে। পুরো সবংয়ে প্রতি বছর বন্যা একটা বার্ষিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব আপনি বড় প্রোজেক্ট তিস্তা করছেন অনেক সময় লাগছে আলটিমেট রেজাল্ট কিছু বোঝা যাচ্ছেনা, কিন্তু কেলেঘাই, কপালেশ্বরিও কিছু মাত্র কম নয়, মেদিনীপুরের দুটি সাবডিভিসন, এনটায়ার এরিয়া কেলেঘাই, কপালেশ্বরির বন্যায় অ্যাফেকটেড হচ্ছে। তার কাজ, ডি-সিলডের কাজ, বাঁধ মেরামতির কাজ এ বছর করা দরকার। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব গত বছর অল পার্টি ডেলিগেশনের কথা হয়েছে, কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলেছেন, প্ল্যানিং কমিশন এটাকে ইনক্লুড করতে রাজি আছেন। এখন রাজ্য সরকার তার কাজ কমপ্লিট করলে গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন যেটা আছে তাদের কাছে পেশ করতে হবে যাতে এই পরিমাণ টাকা পাওয়া যায়। মাননীয় মানসবাবু দাবি করেছেন প্রস্তাবের মাধ্যমে অষ্টম পঞ্চবার্ষিকি পরিকল্পনায় আগামী ৩ বছরের মধ্যে যে পরিমাণ কাজ সম্পূর্ণ হবে তাতে মেজর পার্ট অফ দি ওয়ার্ক যদি করা যায় তাহলে মেদিনীপুরের গরিব চাষিরা যারা মাত্র একটা আমন চাষের উপর নির্ভরশীল, প্রতি বছর বাঁধ ভেঙে যায়, প্রতি বছর ডুবে যায়, যেটা ওখানে বার্ষিক অবস্থা হয়ে আছে তার থেকে তারা মুক্তি পেতে পারে। এক সময়ে বর্ধমানকে দামোদরের কান্না বলা হত, ডাঃ বিধানচন্দ্র রায় মহাশয় দামোদর ভ্যালি করেছিলেন, তাতে বর্ধমান আজকে সবচেয়ে ফার্টাইল জায়গায় পরিণত হয়েছে। মাননীয় দেবব্রত বাবু যদি কেলেঘাই, কপালেশ্বরির উন্নতি করে যেতে পারেন তাহলে দিস এরিয়া ক্যান বি এ মেন গ্রানারি অফ বেঙ্গল হবে, আপনার নাম থাকবে, কেলেঘাই, কপালেশ্বরি মেদিনীপুরের কান্না নয় মেদিনীপুরের বুকে হাসি ফুটিয়েছে। তাই আমি এই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করে মেদিনীপুরের মানুষের দাবির দিকে চেয়ে বলছি এটা লোয়ার লেবেলের কাজ, কাঁসাইয়ের যেমন আপার লেবেলের কাজ হয়েছে মুকুটমণিপুর, বাঁকুড়া, মেদিনীপুরের কিছু কিছু অঞ্চলে সেই বাঁধের জল পায় সেটা আপনিও জানেন যে ওটা মর্ডানাইজেশনের দরকার আছে, কিছু বাকি রয়েছে, সেজন্য আমি খুব স্ট্রংলি প্রস্তাবকে সমর্থন করে মাননীয় মন্ত্রী মহাশয়কে পুরোপুরি এই প্রস্তাব গ্রহণ করার দাবি জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12-10 — 1-00 p.m.](including adjournment)

**শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই অববাহিকা নিকাশির জন্য ডাঃ, মানস ভুঁইয়া, শ্রী মানিক ভৌমিক, শ্রী নির্মল দাস এবং আরও কয়েকজন মাননীয় সদস্য যে প্রস্তাব এনেছেন আমি তারসঙ্গে একশভাগ সহমত এবং তার গুরুত্ব সম্পর্কে একশোভাগ সহমত। আমি মনে করি, পশ্চিমবঙ্গে যে কয়টি ফ্লাড প্রোন এরিয়া আছে তারমধ্যে এক বা দুই নম্বর স্থান পেতে পারে মেদিনীপুর জেলা। সেদিক থেকে কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই অববাহিকা নিকাশি প্রকল্প শুধু প্রয়োজনীয় বললে ছোট বলা হয়, এটা অপরিহার্য, কারণ কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই এর প্রায় ২,১৪৬ স্কয়ার কিলোমিটার

জুড়ে অববাহিকা রয়েছে যারমধ্যে ঝাড়গ্রাম, সাঁকরাইল, কেশিয়ারি, খড়গপুর-১, এবং খড়গপুর-২, নারায়ণগড়, ডেবরা, পিংলা, সবং, ময়না, পটাশপুর এবং ভগবানপুর এবং এরসঙ্গে আরও কিছু ব্লক থাকতে পারে। এতগুলো ব্লক ঐ প্রকল্পের সঙ্গে সংশ্লিষ্ট। সেদিক থেকে এটা অপরিহার্য এবং অপরিহার্য বলেই আমি এই দপ্তরের মন্ত্রী হবার পরপরই ১৯৯০-৯১ সালে তৎকালিন ক্ষুদ্র সেচমন্ত্রী শ্রী কামাক্ষানন্দন দাস মহাপাত্র, ডাঃ মানস ভুঁইয়া এবং আরও কয়েকজন মাননীয় বিধায়ককে নিয়ে ঐ এলাকা পরিদর্শনে যাই এবং ঐ প্রকল্পটি যাতে নতুন করে শুরু করা যায় তারজন্য চেষ্টা করি। এই চেষ্টা আগে ষাটের দশকের শেষভাগ পাঁচ বছর গভীরভাবে পরীক্ষা এবং গবেষণা করবার পর ঐ প্রকল্পটি তৈরি হয়েছিল, তখন সেচমন্ত্রী ছিলেন বিশ্বনাথ মুখার্জি মহাশয়, এবং সেটা চালু হয় সত্তরের দশকের গোড়ার দিকে এবং তার ফলও কিছু পাওয়া যায়। তারজন্য তৎকালিন সেচমন্ত্রী আশীর্বাদার্হ মেদিনীপুর জেলাবাসীদের কাছ থেকে। কিন্তু তার ফলটা অল্প কিছুদিনের মধ্যেই গুঁড়িয়ে যায় কিছু অবাঞ্ছিত হস্তক্ষেপের ফলে; সিল্টেশনের ফলে সেখানে পলি জমতে থাকে এবং মাছ ধরার জন্য এবং বোরো চাষের জন্য বাঁধ দেওয়া হয়, এবং এমব্যাঙ্কমেন্টের উপর যথেচ্ছভাবে লোকজন বসবাস করতে শুরু করেন। এইরকম আট-দশটি বিভিন্ন কারণে ঐ প্রকল্পের ফলটা আমরা পেতে শুরু করিনি। তারপর ১৫-২০ বছর ধরে ঐ জায়গাটা উপেক্ষিত ছিল। তারপর ১৯৯০-৯১ সালে ঐ প্রকল্পের ব্যাপারে আমার ডিপার্টমেন্টকে আমি নির্দেশ দিয়েছিলাম এবং সেই সময় ঐ প্রকল্পের জন্য আমরা ১২ কোটি ৪১ লক্ষ টাকার পরিকল্পনা নিলাম এবং সেটা নেবার পর পঞ্চায়েত কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করা হল। আমরা তাদের বর্ধিত আকারে কাগজপত্র দিয়েছিলাম, কিন্তু যে পরিকল্পনা করতে চাই সেটার সঙ্গে তারা পরিপূর্ণ মাত্রায় সহমত হন না। সেজন্য আরও বর্ধিত আকারে সেই পরিকল্পনা করি এবং আমি সেটা চিফ ইঞ্জিনিয়ার কমিটিতে পাস করিয়ে টেকনিক্যাল কমিটিতে বসি। মাননীয় সদস্য শৈলজাবাবু যে কথা বলেছেন, সেটা বলা ঠিক হচ্ছেনা যে জি.এফ.সি.সি.-তে পাঠানো হয়নি। আমি নিজে আমন্ত্রণ করে জি.এফ.সি.সি.'-র চেয়ারম্যানকে মিটিংয়ে নিয়ে আসি। তিনি তখন একটা মূল্যবান উপদেশ দিয়েছিলেন। তিনি বলেছিলেন যে সামান্য দু'একটা পয়েন্ট আরও যোগ করা দরকার। তিনি প্রোজেক্ট অ্যাপ্রাইজাল কমিটি তৈরি করতে নির্দেশ দেন। সেই প্রোজেক্ট অ্যাপ্রাইজাল কমিটি তৈরি হয়ে এত স্বল্পকালের মধ্যে তার অফিসিয়াল ইউস — তবু আমি সমস্ত সদস্যদের কাছে বলছি যারা এই বিষয়ে ইন্টারেস্টেড আমি ৫০০ পৃষ্ঠায় অমানুষিক পরিশ্রম করে ৮ মাসের মধ্যে ৩২টি ছোট ছোট প্রোজেক্ট ম্যাপ সহ ২৫০টি বিষয়ে সমস্ত পরিকল্পনা টেকনিক্যাল ডিটেলস সহ প্রোজেক্ট অ্যাপ্রাইজাল কমিটি তৈরি করেছি। আগামী এপ্রিল মাসের মাঝামাঝি সময়ে মিটিং ডাকা হচ্ছে। আমাদের যে টেকনিক্যাল অ্যাডভাইসরি কমিটি আছে, তারা সেটা অনুমোদন করলে আমরা জি.এফ.সি.সি.-তে পাঠিয়ে দেব। আমরা আশা করছি যে এপ্রিল-মে মাসের মধ্যে জি.এফ.সি.সি-তে পাঠানোর পরে তারা অনুমোদন করলে আমরা এই আর্থিক বছরে কাজ শুরু করতে পারব। এটাতে যা মনে হচ্ছে, এটা একটা বিশাল ব্যাপার আমি বলতে পারি যে সারা পশ্চিমবঙ্গের জল-নিকাশি প্রকল্প বা বন্যা নিয়ন্ত্রণ প্রকল্প এবং বিদ্যাধরী, ভাগীরথি সামগ্রিক ভাবে যোগ করলে ৩৫৫ কোটি টাকার স্কীম এবং এককভাবে এটা হচ্ছে বৃহত্তর স্কীমে এতে আমাদের খরচ হবে ৩২ কোটি টাকা, যার মূল প্রকল্প হচ্ছে ২১ কোটি টাকা। আমি ডিটেলসটা এখনই বলতে পারছিনা, পরবর্তীকালে আমি একটা

স্টেটমেন্ট করব যে এই প্রোজেক্টের মাধ্যমে কি কি করতে চাচ্ছি, মূল ফেজের মধ্যে দিয়ে কি কি করতে চাচ্ছি। আমি সৌগতবাবুর সঙ্গে সম্পূর্ণ সহমত যে এই কাজের জন্য আমাদের বিশেষ করে দেরি হয় জমি অধিগ্রহণের জন্য। আর একটা বড় কাজ হচ্ছে উইয়ার তৈরি করা, এক্সক্যাভেশন তৈরি করা, স্লুইস গেট তৈরি করা। আমি আপনাদের এই প্রতিশ্রুতি নিশ্চয়ই দেব যে আগামী ৩ বছরের মধ্যে মূল পর্যায়ের কাজ আমি শেষ করব, শেষ করব, শেষ করব। এখানে ক্ষুদ্র যদি যেটা আছে সেটাও থাকবেনা। তিস্তা ব্যারেজ প্রকল্প আমরা সকলেই চাই। গঙ্গা ভাঙনের সময়ে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছিলাম। সেই সময়ে বর্তমান বাণিজ্য মন্ত্রী প্রণব মুখার্জি, প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যান ছিলেন তার সঙ্গে আমাদের কথা হয়েছিল। তিনি বলেছিলেন যে একটা পূর্ণাঙ্গ পরিকল্পনা করে যদি দিতে পারেন প্ল্যানিং কমিশনে তাহলে কেন্দ্রীয় সরকারের থেকে আর্থিক সাহায্য পাওয়া যাবে। কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্য পাওয়া গেলে এই পরিকল্পনাকে শেষ করা আমাদের পক্ষে খুব কঠিন কাজ হবেনা। আমি বিরোধী সদস্যদের কাছে অনুরোধ করব যে আপনারা আমার হাতকে শক্তিশালী করুন, কেন্দ্রীয় সরকার যাতে এই আর্থিক সাহায্য করেন। আমাদের সরকারও প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবেন, এই বছরের রিভাইজ বাজেটে উল্লেখ থাকবে, বেশ কিছু পরিমাণ টাকা এতে বরাদ্দ করবেন। আমি আবার বলছি যে এই পরিকল্পনা আগামী ৩ বছরের মধ্যে আমি শেষ করবো। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 1-00 p.m.)

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার একটার সময়ে মিলিত হব।

(After recess)

[1-00 — 1-10 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি খুবই কৃতজ্ঞ যে আমার প্রস্তাবের উপর মাননীয় সদস্য শ্রী কামাখ্যা নন্দন দাস মহাপাত্র, শ্রী প্রশান্ত প্রধান, শ্রী সৌগত রায়, শ্রী শৈলজা দাস, মাননীয় মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং আমার জেলার মন্ত্রী তিনিও এফেকটেড এগরার ব্যাপারে শ্রী প্রবোধ সিনহা মহাশয় আলোচনায় অংশগ্রহণ করেছেন এবং আমার এই প্রস্তাব বিশেষ করে কেলেঘাই-বাঘাই-কপালেশ্বরি নদী সংস্কারের গুরুত্ব অনুধাবন করে তাকে সমর্থন করেছেন এবং তারা তাদের মূল্যবান বক্তব্য রেখেছেন। আমি আমার এলাকার মানুষের পক্ষ থেকে, আমাদের জেলার মানুষের পক্ষ থেকে প্রতিটি অংশগ্রহণকারী সদস্যদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে কয়েকটি কথা আপনাদের সামনে নিবেদন করতে চাই। মাননীয় সেচমন্ত্রী মহাশয় ব্যক্তিগত উদ্যোগ নিয়ে, খুব সহানুভুতিশীল হয়ে এই প্রকল্প রূপায়িত করার চেষ্টা করছেন বিগত কয়েক বছর ধরে। আমি সেটা মাথায় রেখে আমি তাকে স্মরণ করতে অনুরোধ করি এই সেসানে ৯.২.৯৪ তারিখে আমার এক প্রশ্নের উত্তরের জবাবে আপনি একটা প্রশ্ন করেছিলেন। তাতে বলেছিলাম আপনি স্পেসিফিক বলুন এর ফাইনানসিয়াল অ্যাপ্রুভাল কবে হবে এবং আপনার কাছে টাইম জানতে চেয়েছিলাম কোন আর্থিক বছর থেকে আপনি এই কাজ শুরু করছেন। আপনি স্পেসিফিক্যালি বলেছিলেন যে আগামী দিনে এটা টেকনিক্যাল কমিটিতে পাস হবে, জি.এফ.সি.সি-র কাছে এটা এক মাসের মধ্যে যাবে

এবং ৬ মাসের আগে নূতন করে কাজ শুরু করতে পারব। আজকে ১৮ই মার্চ, ৯ই ফেব্রুয়ারিতে আপনি প্রশ্নের উত্তর দিয়েছিলেন। মাননীয় মন্ত্রী মহাশয়ের কোনওরকম সমালোচনা করতে চাই না, শুধু তাকে স্মরণ করিয়ে দিতে চাই তার অনুভূতি, তার অগ্রগতি মার খাচ্ছে তার অফিসারদের দীর্ঘ মেয়াদি এবং দীর্ঘ সূত্রতার জন্য। মন্ত্রী মহাশয় বলার পরও এখনও কেন গেল না? তাহলে হাউসের কোনও মূল্য নেই, মন্ত্রী মহাশয়ের বক্তব্যের কোনও মূল্য নেই? প্রাথমিক স্তর থেকে যদি এই দীর্ঘসূত্রতা ধরা হয় তাহলে পরে কি হবে? কপালেশ্বরি মেদিনীপুরের মানুষের কান্না, সবং মানুষের কান্না, পটাশপুরের মানুষের কান্না, এগরার মানুষের কান্না ভগবানগোলার মানুষের কান্না। কপালেশ্বরি সবং মানুষের কপাল পুড়িয়েছে।

[1-10 — 1-20 p.m.]

কেলেঘাইয়ের মানুষের ভয়ঙ্কর আর্তনাদ, আর্তনাদ সবং, পটাশপুর, ভগবানপুর, এগরা এবং নারায়ণগড়ের মানুষের। আমি অবাক হয়ে যাই, আমার পশ্চিমদিকে আছেন মার্কসবাদি কমিউনিস্ট পার্টির তাবড় নেতা, পঞ্চায়েত মন্ত্রী, যিনি কোটি কোটি টাকার মালিক, সারা পশ্চিমবাংলার গ্রামোন্নয়নের টাকা যার হাতে ডাঃ সূর্য মিশ্র আছেন। আমার ঠিক দক্ষিণ দিকে আমাদের মতোই ভুক্তভোগি কামাখ্যানন্দনবাবু আছেন। আমাদের মতো তিনিও অভিযোগ করছেন, লড়াই করছেন, চিৎকার করছেন আমরা সবাই একসঙ্গে করছি। পরিকল্পনাটা শুরু হয়েছিল ২০ কোটি টাকার, এখন সেটা দাঁড়াচ্ছে ৩২ কোটি টাকাতে। আমি মাননীয় সেচমন্ত্রীর কাছে জানতে চাইছি, আমরা প্রায়ই দেখতে পাই যে সেচ দপ্তর টাকা পাচ্ছে না। টাকা কাজে লাগানো যাচ্ছে না। আমি ছোট্ট একটি হিসাব দিচ্ছি। ১৯৯০-৯১ সালে সেচ দপ্তরের পরিকল্পনা বাবদ ধার ছিল ৮০ কোটি টাকা, ফ্লাড কন্ট্রোলের জন্য ছিল ৩৬ কোটি টাকা, আর ইরিগেশনের জন্য ছিল ৫৪ কোটি টাকা। ১৯৯১-৯২ সালে পরিকল্পনা বাবদ সেচ দপ্তর পেয়েছিল ৯০ কোটি টাকা ডেভেলপমেন্ট এবং প্ল্যানিংয়ের জন্য। তাতে ফ্লাড কন্ট্রোলের জন্য ছিল ৩৮ কোটি টাকা, আর ইরিগেশনের জন্য ছিল ৫২ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে সেচ দপ্তর, মাননীয় দেবব্রতবাবু দপ্তরের প্রধান, প্ল্যান খাতে টাকা পেয়েছিল ৯৯ কোটি টাকা, ডেভেলপমেন্টের জন্য ফ্লাড কন্ট্রোলে ছিল ৪০ কোটি আর ইরিগেশনে ছিল ৫৯ কোটি টাকা। আর বর্তমান আর্থিক বছরে, ১৯৯৩-৯৪ সালে ওর দপ্তর প্ল্যানিং এবং ডেভেলপমেন্টের জন্য মার্চ পর্যন্ত পেয়েছেন ১১০ কোটি টাকা। তারমধ্যে ফ্লাড কন্ট্রোলের জন্য ৫৮ কোটি টাকা এবং ইরিগেশনের জন্য ৫২ কোটি টাকা। আমাদের কাছে একটা অভিযোগ এসেছে, আমি প্রশ্নটি আগেও করেছিলাম, সঠিক উত্তর পাইনি। প্রশ্নটি ছিল ফ্লাড কন্ট্রোলের ৫৮ কোটি টাকার মধ্যে ৩০ কোটি টাকা কেটে তিস্তা ম্যাচিং গ্রান্টস, কেন্দ্রীয় সরকার যে টাকা দিচ্ছে, সেই টাকা, ফ্লাড কন্ট্রোলে স্টেট গভর্নমেন্ট বাজেটারি প্রভিসনসের টাকা কেটে সেখানে ম্যাচিং গ্রান্টে দেওয়া হয়েছে। এটি সঠিক কিনা তা আমরা জানিনা। তবে এইরকম কথা, এইরকম অভিযোগ আমাদের কাছে এসেছে। এটি মাননীয় মন্ত্রীর নজরে আনছি। মাননীয় মন্ত্রীর সঙ্গে আমরা একসঙ্গে দিল্লি গিয়েছিলাম। মাননীয় মন্ত্রী উদ্বিগ্ন হয়ে প্রণব মুখার্জি, ডেপুটি চেয়ারম্যান, পরিকল্পনা কমিশনের কাঁছে কথা বলেছিলেন। আমরাও ডেপুটি চেয়ারম্যানের কাছে বলেছিলাম। আমি পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান, প্রণব মুখার্জিকে নিয়ে কপালেশ্বরিতে গিয়েছিলাম, তিনি সব দেখেছিলেন। তারপর তিনি নিজে বলেছিলেন, 'আমি সাহায্য করব।' আমরা জানি

না, সবই উপরওয়ালার ব্যাপার। জানি না, পরে কি ঘটবে? এখন প্ল্যানিং কমিশনের প্রধান প্রণব মুখার্জি ডেপুটি চেয়ারম্যান আছেন, কিছুদিন বাদে তিনি যদি না থাকেন, আরও গুরুত্বপূর্ণ দপ্তরে যান, তাহলে কি হবে? আপনি দেরি করছেন কেন? স্টেট গভর্নমেন্ট থেকে স্টেট লেভেলে প্ল্যান অনুমোদনের জন্য পাঠাতে দেরি করছেন কেন? এরপরে নতুন যিনি আসবেন, তাকে বোঝাতে আবার আরও সময় লাগবে। আমরা কতদিন ধরে দরজায় দরজায় ঘুরছি, এখন পর্যন্ত যদি স্টেট লেভেলে টেকনিক্যাল অ্যাপ্রোভাল না হয়ে থাকে, তাহলে এতদিন কী কাজ এগোল? মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার এটাই জিজ্ঞাস্য। আপনি যুদ্ধকালিন তৎপরতার সঙ্গে এই টেকনিক্যাল অ্যাপ্রোভালের জন্য ব্যবস্থা নিন। এটি কোনও বিতর্কের বিষয় নয়, সমালোচনার বিষয় নয়, এটি হচ্ছে একাগ্রতার বিষয়। এটিকে দায়িত্ব নিয়ে আপনাকে করতে হবে। এটি আমার কথা নয়, এটি ৭টি ব্লকের ১৬ লক্ষ মানুষের আর্তনাদ। এটা কংগ্রেস কমিউনিস্টের ব্যাপার নয়, প্রতি বছর কোটি কোটি টাকার ফসল নষ্ট হচ্ছে, ঘরবাড়ি চলে যাচ্ছে, মানুষের জীবন চলে যাচ্ছে তার কোনও ব্যবস্থা হবে না? মাননীয় কামাখ্যা বাবু ঠিকই বলেছেন যে বেসিক পরিকল্পনার ভুলের জন্য নদীর ডিরেকশন দক্ষিণ দিকে না গিয়ে বাঁদিকে তারপরে ডানদিকে এবং তারপরে আবার দক্ষিণ দিকে গেছে। একেবারে বাংলা 'দয়ের' মতো কপালেশ্বরি কেলেঘাই নদীকে অক্ষরিত করা হয়েছে। মানুষের তৈরি এই পরিকল্পনার ফলে আজকে সবং, পটাশপুর, ভগবানপুর, পিংলা এবং এগরা প্রভৃতি এলাকার মানুষেরা ভুগছে। তাদের ফসল বিনষ্ট হয়ে যাচ্ছে, সর্বনাশ হয়ে যাচ্ছে। আজকে কার পাপে কে ভুগছে সেটা এখানে না এলে বোঝা যাবে না। আজকে এখানে কোটি কোটি টাকার ফসল নষ্ট হয়ে যাচ্ছে, মানুষ এর থেকে মুক্তি চাইছে। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, এই নিয়ে বহু বিতর্ক হয়েছে, এখন আর ঠিক সমালোচনার পর্যায়ে নেই। আমি এখানে মার্কসবাদি কমিউনিস্ট পার্টির মন্ত্রী শ্রী প্রশান্ত শূর রয়েছেন এবং চিফ হুইপ শ্রী লক্ষ্মী দে রয়েছেন, তাদের কাছে অনুরোধ করছি যে তারা অন্তত অর্থমন্ত্রীকে বলুন যে সেচ দপ্তরের জন্য যেন অর্থ বরাদ্দ করেন। অর্থমন্ত্রী তো একটা কানা কুটি টাকাও সেচ দপ্তরকে দিচ্ছেন না। এরফলে পশ্চিমবঙ্গের মধ্যে মেদিনীপুর বিশেষ করে দক্ষিণ ২৪ পরগনায় যেভাবে বন্যার প্রকোপ বাড়ছে যেভাবে ফসল এবং টাকা নষ্ট হচ্ছে তা বর্ণনা করা যায় না। সুতরাং আপনারা মার্কসবাদি নেতা হয়ে অর্থমন্ত্রীর কাছে দাবি করুন এবং সেচ দপ্তরের জন্য টাকা দিতে হবে। এইভাবে মার্কসবাদি সরকার শরিকদলকে বঞ্চিত করছে এবং তার প্রভাব সেচ দপ্তরের টাকা না দেওয়ার মধ্যেই দেখা যাচ্ছে। দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে টিকস্ করে উনি টাকা দিচ্ছেন না। সিপিএম এইভাবে জোর জুলুমভাবে কাজ করছে এবং সেচমন্ত্রী ঠুঁটো জগন্নাথ হয়ে বসে আছেন। আমি সেই কারণে সবিনয়ে ৭ লক্ষ মানুষের হয়ে হাত জোড় করে আবেদন করছি যে, এই সবং, পিংলা, ভগবানপুর, এগরা, ময়না প্রভৃতি এলাকার মানুষের জন্য দ্রুততার সঙ্গে অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনায় বসুন। সমস্তরকম পর্যায়ে আলোচনা করুন, প্রয়োজন হলে মুখ্যমন্ত্রীর এতে হস্তক্ষেপ চাই। আপনার মাধ্যমে জানাচ্ছি যে রাজ্য সরকার যাতে সর্বোচ্চ পর্যায়ে গুরুত্বের সঙ্গে জল নিকাশি বন্যা প্রকল্পের কাজে হাত দেন এবং কেলেঘাই-কপালেশ্বরি নদীর বন্যার তান্ডব থেকে বাঁচান। এখানে যে বিরাট সম্পদ ধ্বংস হয়ে যাচ্ছে তার হাত থেকে বাঁচান এবং এই প্রস্তাব সর্বসম্মতক্রমে যাতে গৃহীত হয় তার আবেদন রাখছি।

The motion of Dr. Manas Bhunia that.

যেহেতু পশ্চিমবাংলার প্রধান কৃষি-ফসল আমন ধান, বর্ষার উপর নির্ভরশীল;

যেহেতু অতিবর্ষণ ও নিকাশির অব্যবস্থার কারণে পশ্চিমবাংলার প্রায় ১৪টি জেলা বর্ষাকালে প্রায়বারই বন্যাপ্লাবিত হয় ও গভীর এলাকাগুলি জলমগ্ন হয়ে যায়;

যেহেতু কেলেঘাই-বাঘাই-কপালেশ্বরি নদীর অববাহিকা ঐ ধরনের বন্যাপ্লাবিত এলাকাগুলির একটি;

যেহেতু কেলেঘাই নদীর বন্যা রসুলপুর নদীর অববাহিকা এলাকাকেও প্লাবিত করে;

যেহেতু ১৯৬৯-৭০ সালের কেলেঘাই-কপালেশ্বরি নদীর বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনা অসমাপ্ত অবস্থায় পরিত্যক্ত হয়েছে;

যেহেতু দীর্ঘ ২০/২১ বছর ধরে এই নদীগুলির বন্যানিয়ন্ত্রণ ও নিকাশির কাজ, লাঙ্গলকাটা এলাকার পলি উদ্ধারের কাজ এবং নদীবাঁধগুলি রক্ষণাবেক্ষণের কাজ সুষ্ঠুভাবে হয় নি;

যেহেতু কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই-এর বন্যা ও জলচাপে নারায়ণগড়, সবং, পিংলা, পটাশপুর ভগবানপুর, ময়না থানা সহ কাঁথি মহকুমার বিস্তীর্ণ এলাকায় কোটি কোটি টাকার কৃষি-ফসল, ঘরবাড়ি ও গবাদিপশু বিনষ্ট হয় ও মানুষেরও প্রাণহানি ঘটে;

যেহেতু রাজ্য সরকার কেলেঘাই নদীর বন্যা নিয়ন্ত্রণ-পরিকল্পনার গুরুত্ব উপলব্ধি করে পরিকল্পনা রচনার কাজে অগ্রসর হয়েছেন;

যেহেতু জি.এফ.সি.সি-র কাছে আজও পরিকল্পনা প্রেরিত হয় নি; এবং

যেহেতু জি.এফ.সি.সি-র অনুমোদন ছাড়া এই পরিকল্পনা রূপায়িত করা যাবে না;

সুতরাং এই সভা রাজ্য সরকারকে অনুরোধ করছে যে—

১। রাজ্য সরকার অতি দ্রুত জি.এফ.সি.সি-র কাছে অনুমোদনের জন্য কেলেঘাই-কপালেশ্বরি-বাঘাই নদীর বন্যানিয়ন্ত্রণ পরিকল্পনাটি প্রেরণ করুন;

২। আগামী আর্থিক বছরেই এই পরিকল্পনা রূপায়ণের কাজ শুরু করার জন্য রাজ্য বাজেটে প্রয়োজনীয় অর্থবরাদ্দ করা হোক;

৩। আগামী ৩ বছরের মধ্যে অর্থাৎ ৮ম পরিকল্পনাকালে মধ্যেই এই পরিকল্পনার কাজ সমাপ্ত করার লক্ষ্যে রাজ্য সরকার সমস্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন; এ ছাড়া

এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারকে এই পরিকল্পনা রূপায়ণের জন্য প্রয়োজনীয় অর্থ সাহায্য করার অনুরোধ জানাচ্ছে।

was then put and agreed to.

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বঙ্গীয় স্বর্ণ শিল্প সমিতি গতকাল বিধানসভা অভিযানে

এসেছিলেন এবং তাদের বক্তব্য নিয়ে এসেছিলেন। গতকাল বাজেট থাকার ফলে কিছু করা যায় নি। তারা তাদের মেমোরান্ডাম দিয়ে গেছে। স্বর্ণ শিল্পীদের উপরে নিত্য পুলিশের আক্রমণ চলছে এবং এই সম্পর্কে তারা বক্তব্য রাখার জন্য এসেছিলেন। তাদের বক্তব্য এবং মেমোরান্ডাম আমি আপনার কাছে তুলে ধরছি। আপনি দয়া করে সংশ্লিষ্ট দপ্তরের কাছে খবরটি পাঠিয়ে দেবেন।

**শ্রী সৌগত রায় ঃ** আমরা স্বর্ণ শিল্পীদের এই দাবিকে সাপোর্ট করছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি অন্য একটি বিষয়ে আপনার মাধ্যমে রাজ্য সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এতে আমাদের সমগ্র জাতির অপমান এবং গোটা দেশের মানুষকে অপমান করছে। আমরা জানি যে, প্রায় ৪৭ বছর হয়ে গেল আমাদের দেশ স্বাধীন হয়েছে। তাদের হাত থেকে বাঁচার জন্য বহু মানুষকে প্রাণ দিতে হয়েছে। তারমধ্যে বহুজন অত্যাচার সহ্য করেছেন এবং বহু অত্যাচারিত মানুষ এখনোও বেঁচে আছেন। ওই সাদা চামড়ার লোকেরা এককালে নেটিভ বলে আমাদের গালাগালি দিত এবং আমাদের স্লেভ বলে মনে করতেন। স্বাধীন ভারতের জন্য যখন ভারতবর্ষের মানুষ তাদের সব কিছু ত্যাগের বিনিময়ে দেশকে স্বাধীন করেছে এবং সাদা চামড়ার প্রভাব থেকে দেশ মুক্ত হয়েছে আমরা যখন সেই আনন্দ প্রকাশ করি তখন আমরা দেখলাম গত বুধবার দিন ভিক্টোরিয়া, অ্যাঙ্গাস, নর্থ শ্যামনগর এবং টিটাগড় জুট মিলের শ্রমিকরা সাদা চামড়ার মালিক মিঃ ব্রিয়ারলির কাছে ডেপুটেশন দিতে গিয়েছিলেন — অ্যাঙ্গাসের শ্রমিকরা গত কয়েকদিন ধরে বেকার ২২ দিন তাদের মাহিনা দেয়নি, ভিক্টোরিয়ার শ্রমিকরা বেকার তখন ঐ সাদা চামড়ার মালিক ব্রিয়ারলি তাদেরকে বের করে দেয় স্লেভ ইন্ডিয়ান বলে। আজকে যেখানে শ্রমিকরা অসহায় অবস্থায় রয়েছে, শ্রমিকদের সাদা চামড়ার মালিক যদি আজও এই ধরনের শব্দ ব্যবহার করে স্লেভ ইন্ডিয়ান বলে ভারতবর্ষেরই মাটিতে দাড়িয়ে, যার এত ঔদ্ধত্য তাকে অবিলম্বে গ্রেপ্তার করা হোক, বুঝিয়ে দেওয়া হোক ভারতবর্ষের মানুষ এই অপমান সহ্য করবে না, আজকে এই ঔদ্ধত্যের সমুচিত জবাব দেওয়া দরকার। স্বাধীনতার এত বছর পরে ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে যে ব্যক্তি শ্রমিক বিরোধী ভাষা ব্যবহার করে, এটা শুধু শ্রমিকদেরই অপমান করেনা একটা জাতিকে সে অপমান করেছে। এই ব্যাপারে অবিলম্বে দাবি জানাচ্ছি শ্রমমন্ত্রী যদি উত্তর দেন তাহলে ভাল হয়।

**শ্রী দেবেশ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, গতকাল আমাদের বিধানসভা কেন্দ্রে আমাদের পার্টির নেতা আবুসুফিয়ানকে সমাজবিরোধীরা প্রকাশ্যে দিবালোকে গুলি করে। এই সমাজ বিরোধীরা কংগ্রেসের মদতপুষ্ট। আমার কেন্দ্রে বারে বারে এরা গোলমাল করছে। এখনও পর্যন্ত এরা গ্রেপ্তার হয়নি। এই ব্যাপারে খবরের কাগজগুলি অত্যন্ত বিভ্রান্তিকর সংবাদ পরিবেশন করছে। এর আগে কংগ্রেস নেতার সাথে ঐ ঔরঙ্গজেব মিছিল করেছে তার রিপোর্ট আমাদের কাছে আছে। আমাদের নেতা অত্যন্ত আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি হয়ে আছে, এই ব্যাপারে অবিলম্বে আমি স্বরাষ্ট্রমন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি এবং সমাজবিরোধীদের অবিলম্বে গ্রেপ্তার করা হোক এই দাবিও জানাচ্ছি।

## MOTION UNDER RULE-185

[1-20 — 1-30 p.m.]

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** স্যার, আমি আমার প্রস্তাব মুভ করছি।

যেহেতু পশ্চিমবাংলার অর্থনৈতিক অগ্রগতির স্বার্থ সম্পর্কিত নিম্নলিখিত রেল প্রকল্পগুলি ১৯৯৪-৯৫ রেল বাজেটে অবহেলিত হয়েছে ঃ ১) বালুরঘাট - একলাখি রেলপথ; ২) দীঘা-তমলুক রেলপথ; ৩) হাওড়া-আমতা ও হাওড়া-শিয়াখালা রেল লাইনের কাজ সম্পূর্ণ করা ৪) মেট্রো রেলের প্রথম পর্যায়ের কাজ ১৯৯৪ সালের মধ্যে শেষ করা, টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত সম্প্রসারিত করা এবং ২য় ৩য় পর্যায়ের কাজ অবিলম্বে শুরু করা ৫) চক্র রেল প্রিন্সেপ ঘাট থেকে মাঝেরহাট পর্যন্ত সম্প্রসারিত করা, ডাবল লাইন করা এবং বৈদ্যুতিকরণ করা ৬) বারাসত-হাসনাবাদ লাইনের বৈদ্যুতিকরণ করা ৭) বর্ধমান থেকে কাটোয়া লাইনকে মিটারগেজ থেকে ব্রডগেজ লাইনে পরিণত করা ৮) বাঁকুড়া থেকে দামোদর রেলপথকে মিটারগেজ থেকে ব্রডগেজ লাইনে পরিণত করা ৯) বনগাঁইগাও, শিলিগুড়ি ভায়া আলিপুরদুয়ার জংশনকে মিটারগেজ থেকে ব্রডগেজে পরিণত করা এবং আলিপুরদুয়ার জংশনে ডিজেল লোকোমোটিভ শেড স্থাপন করা; ১০) রাধিকাপুর থেকে বারসই পর্যন্ত রেলপথকে মিটার গেজ থেকে ব্রড গেজ করা; ১১) ব্যান্ডেল থেকে কাটোয়া ডাবল লাইন করা; ১২) বারাসত-বনগাঁ ডাবল লাইন করা ১৩) নিউ জলপাইগুড়ি থেকে দার্জিলিং পর্যন্ত হিমালয়ান রেলপথের আধুনিকিকরণ করা ১৪) মেদিনীপুর থেকে আদ্রা পর্যন্ত রেলপথের বৈদ্যুতিকরণ এবং ১৫) বারুইপুর-লক্ষ্মীকান্তপুর, বারুইপুর-ডায়মন্ডহারবার ও সোনারপুর-ক্যানিং ডাবল লাইন করা ১৬) ফারাক্কা নিউ জলপাইগুড়ি ডাবল লাইনের কাজ ত্বরান্বিত করতে হবে, ১৭) বজবজ নামখানা লাইন চালু করতে হবে।

পশ্চিমবাংলায় অবস্থিত কারখানাগুলিতে প্রতি বছরে ২৫ হাজার রেল ওয়াগনের অর্ডার দেওয়ার ব্যবস্থা সুনিশ্চিত করার বিষয়টিও অবহেলিত হচ্ছে;

অতএব এই সভা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে রেলমন্ত্রক ও যোজনা কমিশনের কাছে দাবি করছে যে এই বছরের মধ্যে দ্রুততার সঙ্গে উপরিউক্ত প্রকল্পগুলি বাস্তবায়িত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক এবং পশ্চিমবাংলায় অবস্থিত কারখানাগুলিতে বছরে ২৫ হাজার রেল ওয়াগনের অর্ডার দেওয়ার ব্যবস্থা সুনিশ্চিত করা হোক। আমি এই প্রস্তাবটি উত্থাপন করছি এবং আমি আশা করছি আমরা আশা করছি সবাই মিলে এই প্রস্তাবটাকে সমর্থন করব এবং এটার ব্যাপারে আমি পরে বলব। এই ব্যাপারে একটা অল পার্টি ডেলিগেশন একটা করা উচিত বলে আমরা মনে করছি। এই ডেপুটেশনের মধ্যেই শুধু নয়, যাতে করে এইগুলি কার্যকর করা যায় তার দিকেও আমাদের লক্ষ রাখা উচিত। আমরা শুনেছি স্ট্যান্ডিং কমিটি আছে, তাদের কাছেও আমরা এই প্রস্তাব প্রেরণ করব। আমি পরবর্তীকালে আমার বক্তব্য রাখব।

[1-30 — 1-40 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সর্বসম্মতক্রমে যাতে প্রস্তাবটা

গৃহীত হয় তারজন্য লক্ষ্মীবাবু এই প্রস্তাবটাকে উত্থাপন করলেন। আমাদের মধ্যে রাজনৈতিক মতবিরোধ থাকলেও, অন্যান্য ক্ষেত্রে আমাদের মধ্যে মতপার্থক্য থাকলেও এই প্রস্তাবটার মধ্যে দিয়ে আমরা পশ্চিমবাংলার স্বার্থে ঐক্যবদ্ধভাবে লড়াই করতে পারি, বিভিন্ন রাজনৈতিক মতপার্থক্য ভুলে গিয়ে। এটা সত্যিই খুব দুঃখের, স্বাধীনতার পর থেকে রেল দপ্তর পশ্চিমবাংলার স্বার্থে যতটুকু সহযোগিতামূলক মনোভাব নিয়ে এগিয়ে আসা উচিত তা করতে পারেনি। আজকে তাই বাধ্য হয়ে আমাদের এইরকম একটা প্রস্তাব নিয়ে আসতে হয়েছে। যখন গোটা পৃথিবীটা ছোট হতে চলেছে, যখন পৃথিবীর এক দেশ থেকে আরেক দেশে যাতায়াতের পথ ছোট হয়ে আসছে, তখন আমরা দেখতে পাচ্ছি সেই উন্নত যোগাযোগ ব্যবস্থার সুযোগ পশ্চিমবাংলার মানুষ পাচ্ছে না। আজও ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলার রেল দপ্তরে উন্নতিমূলক কাজ অনেক কম। আমরা যে প্রস্তাব আনতে চেয়েছি উত্তরবঙ্গ একটা বৃহৎ জেলা, সেই দিনাজপুরের লোকেদের ১১০ কিলোমিটার এসে রেল লাইনের সুযোগ নিতে হয়। সেখানে অনেক চেষ্টা করার পরে বরকত সাহেব যখন রেলমন্ত্রী ছিলেন তখন তিনি এই ব্যাপারে চেষ্টা করেন এবং সংসদে দাড়িয়ে তিনি প্রতিশ্রুতি দেন একলাখি বালুরঘাট রেল প্রকল্প চালু করার উদ্যোগ নেন। কিন্তু ১৯৮৫ সালের পর থেকে সেই উদ্যোগ-এ ভাটা পড়ে এবং রেল প্রকল্প চালু করার কথা ভুলে যান। পশ্চিমবাংলার ট্যুরিস্টরা যাতে একসঙ্গে পাহাড় থেকে সাগরে আসতে পারে তারজন্য দীঘা-তমলুক লাইনের দরকার। সেই দীঘা তমলুক লাইনে এমন কি দীঘাতে যে স্টেশনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হল দুঃখের বিষয় সেই ভিত্তিপ্রস্তর স্থাপনই রয়ে গেল, সেখানে কাজের অগ্রগতি হল না। মাননীয় চেয়ারম্যান মহাশয়, শুধু তাই নয়, রেল দপ্তরের মানসিকতা কোন পর্যায়ে পৌঁছেছে সেটা একটু দেখুন। দীঘার প্রস্তাবিত রেল স্টেশনের পাশে একটি গেস্ট হাউস তৈরি হয়েছিল যাতে সেখানে অফিসার যারা কাজ করতে যাবেন তারা থাকতে পারেন। সুন্দর সেই গেস্ট হাউস প্রস্তাবিত রেল স্টেশনের পাশে যা তৈরি হয়েছিল আজ সেই গেস্ট হাউসের দেওয়ালটি শুধু রয়েছে, সেখান থেকে কার্পেট তুলে নিয়ে যাওয়া হয়েছে, তার জানলা খুলে নেওয়া হয়েছে এবং এমন কি সেখানকার টিনের শেড-টা পর্যন্ত খুলে নেওয়া হয়েছে। আমি জানি না কোন দেশে আমরা বাস করছি। একটা অঙ্গরাজ্যের প্রতি এই মানসিকতা ঠিক নয়। একইভাবে দেখতে পাচ্ছি যে উত্তরবঙ্গের সঙ্গে যোগাযোগের একটি রাস্তা যা রয়েছে রামপুরহাট থেকে ফারাক্কা ব্রিজ হয়ে যাওয়ায় সেখানে বহুদিন ধরে চেষ্টা হচ্ছে খানা থেকে ডবল লাইন করার। খানা থেকে সাঁইথিয়া পর্যন্ত ডবল লাইন করার প্রস্তাব প্ল্যানিং নিং কমিশন থেকে পাস হয়ে গেলেও সেখানে আজও ডবল লাইন করার উদ্যোগ নেওয়া হল না রেলওয়ে বোর্ডের অসহযোগিতার জন্য। তারপর আপনারা জানেন যে সল্ট লেকে অনেক অফিস স্থানান্তরিত হচ্ছে—স্টেট গভর্নমেন্টেরও বহু অফিস গিয়েছে আরও অনেক অফিস যাচ্ছে। এই সল্ট লেকে যাবার জন্য সাউথ ইস্টার্ন রেলওয়ে ১৫ই জানুয়ারি, ৮৫ সালে খড়গপুর থেকে হাওড়া হয়ে ট্রেন যাওয়ার কথা ঘোষণা করেছিলেন কিন্তু কোনও অদৃশ্য শক্তির হাতের কারসাজিতে জানি না সেই ট্রেন চালু হল না। এরজন্য কিন্তু পয়সা লাগত না কারণ আন্দুল থেকে ভায়া বালি ব্রিজ ট্রেন যেতে পারত যেখান দিয়ে গুডস ট্রেন যায় এবং সেখানে লাইনও রয়েছে- ইলেকট্রিফায়েড লাইন কিন্তু সেখানে ট্রেন চালু হল না। এরকম বহু ক্ষেত্রে দেখা গিয়েছে যে রেলওয়ে কর্তৃপক্ষের কাজ করার সদিচ্ছার অভাব রয়েছে। এইভাবে রেলওয়ের সুযোগ থেকে

পশ্চিমবাংলার মানুষরা বঞ্চিত হচ্ছেন। এরপর আমি মেট্রো রেল-এর কথায় আসি। ১৯৮৪ সালের আগে পর্যন্ত মানুষের ধারণা ছিল যে মেট্রো রেল আর হবে না। বরকত সাহেব মন্ত্রী হবার পর মেট্রো রেলের ১৬ কিঃ মিঃ-এর মধ্যে ৮ কিঃ মিঃ যাতায়াত শুরু করল। কিন্তু তারপর থেকে আর স্টেশন বাড়ল না। যে কাজ অনেক আগে শেষ হয়ে এতদিনে টালিগঞ্জ থেকে দমদমে মেট্রো রেলের যাতায়াত করার কথা সেখানে ঐ ৮ কিঃ মিঃ-এর পর একটিও স্টেশন বাড়ল না। বরকত সাহেব যখন মেট্রো রেল চালু করেছিলেন তখন শ্যামলবাবু, আপনি মন্ত্রী ছিলেন না, তখন প্রশান্ত শূর মহাশয় নগর উন্নয়ন ও পৌর দপ্তরের মন্ত্রী ছিলেন এবং সেদিন তিনি বিবৃতি দিয়ে অনেক কথা এই মেট্রো রেলের বিরুদ্ধে বলেছিলেন। তিনি বলেছিলেন, কেউ মেট্রো রেলে চড়বেন না, অ্যাক্সিডেন্ট হবে, জল ঢুকে যাবে ইত্যাদি। সেদিন আপনারা এর বিরোধিতা করেছিলেন, জল ঢুকিয়ে দেওয়ার চেষ্টা করেছিলেন চ্যানেলে। সেদিন আপনারা এর বিরোধিতা না করলে মেট্রো রেলের কাজ অনেক এগিয়ে যেতে পারত। এ ক্ষেত্রে যেটুকু সহযোগিতা করার কথা ছিল আপনাদের তরফ থেকে সে সহযোগিতা সেদিন পাওয়া যায় নি। প্রশান্তবাবু সেদিন যেসব কথা বলেছিলেন—অ্যাক্সিডেন্ট হবে, জল ঢুকে যাবে ইত্যাদি তার কিছুই কিন্তু হয়নি। আজও বর্ষার সময় কলকাতার সমস্ত যানবাহন বন্ধ হয়ে গেলে মেট্রো রেল ঠিকই যাতায়াত করে এবং কোনও দুর্ঘটনা আজও ঘটে নি। আর ভবিষ্যতে যাতে কোনও দুর্ঘটনা না ঘটে তারজন্য কর্তৃপক্ষ সজাগ দৃষ্টি রেখে ব্যবস্থা নিয়েছেন। কাজেই আপনারা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত কথা সেদিন বলেছিলেন। আমরা কিন্তু রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত কথা বলি না। পশ্চিমবঙ্গের স্বার্থে প্রয়োজনে কেন্দ্রের বিরুদ্ধে আমরা কথা বলি। আমরা কিন্তু জানি, আপনাদের উদ্দেশ্য হচ্ছে শুধু কেন্দ্রের বিরুদ্ধে বলা। পশ্চিমবঙ্গের মানুষের স্বার্থ দেখার মানসিকতা যদি আপনাদের থাকত তাহলে যথাসময় তমলুকের রেল লাইনের জন্য জমি অধিগ্রহণ আপনারা করে দিতে পারতেন। আমাদের কিন্তু সাহস আছে। আমাদের দলের এম.পি. রেলমন্ত্রীর ঘরের সামনে ধর্না দিয়ে বলতে পারেন যে, '৫ হাজার টাকা দিয়ে রসিকতা করছেন?' ভি.পি.সিং যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তার রেলমন্ত্রী কিন্তু একলাক্ষি-বালুরঘাটের জন্য ৫ হাজার টাকাই দিয়েছিলেন। সেদিন কিন্তু আপনাদের একবারও বলার সাহস হয়নি ভি.পি.সিং বন্ধু সরকারের বিরুদ্ধে। আপনারা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কথা বলেন। আপনাদের সঙ্গে আমাদের তফাৎ হচ্ছে আমরা পশ্চিমবঙ্গের স্বার্থে দলের উর্দ্ধে কথা বলি। ক'রণ আমরা পশ্চিমবঙ্গের স্বার্থটাকে বড় করে দেখি। আপনারা অস্বীকার করতে পারেন, যখন সার্কুলার রেল এর কাজ চালু হল, তখন একটা জায়গায় ১৬টা পরিবার জবর দখল করে ঝুপড়ি করে বাস করছিল, যেই সার্কুলার রেলের কাজ আরম্ভ হল, অমনি আপনাদের মন্ত্রী সুভাষ চক্রবর্তী বাইরে থেকে লোক এনে বসিয়ে দিলেন যাতে সার্কুলার রেল না হতে পারে। তারপর তাদের কমপেনসেশন দিয়ে অন্য জায়গায় বসিয়ে তারপর সার্কুলার রেল চালু হল। পশ্চিমবাংলার স্বার্থ বিরোধী কাজ আপনারা করেন, আর কিছু আমলা তারা পশ্চিমবাংলার স্বার্থ বিরোধী কাজ করেন। সেইজন্য আজকে যে সর্বদলিয় প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন করছি এইসব ঘটনা জানা সত্ত্বেও। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র** **ঃ** মাননীয় সভাপতি মহাশয়, আজকে লক্ষ্মীকান্ত দে, মানস ভুঁইয়া, আব্দুল মান্নান, সুব্রত মুখার্জি যে প্রস্তাব এনেছেন, তাকে সর্বান্তকরণে সমর্থন করছি।

আজকে এখানে মান্নান সাহেবকে ধন্যবাদ জানাচ্ছি, তারা দেশের স্বার্থ, রাজ্যের স্বার্থ রক্ষা সম্পর্কে কথা বলেছেন। তারা যে সাহস করে বলছেন তারজন্য তাদের ধন্যবাদ। বলছেন, তার অবশ্য একটা কারণ আছে, জাফর শরীফ, বরকত সাহেবের বিরোধী বলেই আজকে এই সাহসিকতাপূর্ণ কথা বলছেন। আমরা জানতাম হাকিম যায় কিন্তু তার হুকুম নড়ে না। মন্ত্রী চলে গেলেও মন্ত্রী হিসাবে লোকসভায় যা আশ্বাস দেওয়া হয়েছে, তা নস্যাৎ হতে পারে না। যতক্ষণ একজন মন্ত্রী থাকেন, ততক্ষণ তার সব প্রকল্পের কাজ হয় মন্ত্রী না থাকলে তখন আর সেই কাজ হয়না। গৌড় এক্সপ্রেস বরকত সাহেবের আমলে হয়েছিল, তারজন্য তাকে ধন্যবাদ। আজকে কংগ্রেস সদস্যরা এক সঙ্গে হয়ে এই কথাগুলো বলেছেন তারজন্য ধন্যবাদ। বালুরঘাট এক লাখি রেলপথ হবার কথা বহুদিন আগে। কাজ আরম্ভ হয়েছিল, জায়গা অধিগ্রহণ করা হয়েছে, কোথাও কোথাও মাটি তোলা হয়েছে, কোথাও কোথাও রেল স্টেশন হয়েছে, অফিস খোলা হয়েছে। কিন্তু বরকত সাহেবের মন্ত্রিত্ব যাবার পর সব বন্ধ হয়ে গেল। আমরা একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে আছি। যখন যেখানকার রেলমন্ত্রী হয়েছেন, তখন সেখানকার রেলের উন্নতি হয়েছে, যেমন মাধবরাও সিন্ধিয়ার আমলে তার রাজ্যের রেলের প্রভূত উন্নতি হয়েছে। বর্তমানে জাফর শরীফ এর কাছে পশ্চিমবঙ্গের এই সমস্ত প্রকল্পগুলোর কথা বললে, তিনি বলেন বরকত সাহেবের আমলে পশ্চিমবঙ্গের তো সব হয়ে গেছে। কিন্তু কতটা কি হয়েছে, তিনি খবর রাখেন না, এখন আসেনও না। এক লাখি বালুরঘাট রেলপথ এখনই হওয়া দরকার। তারজন্য আজকে সবরকম আন্দোলন করা দরকার। আগে এই সম্পর্কে ডেপুটেশন দেওয়া হয়েছে, বিশ্বনাথ চৌধুরি মহাশয় ডেপুটেশনে ছিলেন, তখন কথা দেওয়া হয়েছিল যে এই রেলপথ হবে। আজকে এই বালুরঘাট একলাখি রেল পথ না হওয়ার ফলে সমস্ত অর্থনৈতিক অবস্থা উত্তরবঙ্গের ভেঙে পড়তে যাচ্ছে। সেজন্য আমি বলছি এই প্রস্তাব এনে উপযুক্ত কাজই করা হয়েছে। এখানে নিউ জলপাইগুড়ি থেকে ফারাক্কা পর্যন্ত ডাবল লাইন করা একান্তই দরকার। বর্তমানে ওখান দিয়ে খুবই ধীরে ধীরে রেল চলে। ডাবল লাইন না হওয়ার জন্য ওখান দিয়ে কোনও গাড়িই ঠিকমতো পাস করতে পারে না এবং ঐ লাইনে গাড়ির সংখ্যাও বাড়ছে না। আমরা শুনছি গৌহাটি থেকে দিল্লি পর্যন্ত রাজধানী এক্সপ্রেস চালু হবে। ওখানে যদি ডাবল লাইন থাকত তাহলে সেটা আমাদের মালদার ওপর দিয়ে যেতে পারত। উত্তরবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলের মানুষরা এই সুযোগটা পেত। রেল মন্ত্রক বলছে — পশ্চিমবঙ্গ থেকে, অর্থাৎ কলকাতা থেকে রাজধানী এক্সপ্রেস চালু আছে। কিন্তু তাদের ধারণা নেই যে কলকাতা এবং উত্তরবঙ্গের মধ্যে দূরত্ব কতটা। তাদের কাছে কি ম্যাপও নেই? এই যদি অবস্থা হয় তাহলে রেলমন্ত্রক থাকার দরকার কি? এই প্রস্তাবের মধ্যে রাজধানী এক্সপ্রেস যাতে মালদা হয়ে যেতে পারে সেরকম প্রস্তাবও রাখতে পারলে ভাল হত। যাইহোক আজকে যে বিষয়গুলির ওপর রেলমন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে সে বিষয়গুলির ওপর তাদের দৃষ্টি আকৃষ্ট হবে কিনা জানি না! সেজন্য আমি বলছি, কেবল দৃষ্টি আকর্ষণ করলেই হবে না—মাননীয় লক্ষ্মীকান্ত দে যা বলেছেন তাকে আমি সমর্থন করছি, এখান থেকে বড় না হোক, ছোট একটা সর্বদলিয় প্রতিনিধি দল দিল্লিতে রেলমন্ত্রকের কাছে পাঠানো হোক। ওখানে আমাদের যে সমস্ত এম.পি.-রা আছে তারাও আমাদের সেই প্রতিনিধি দলের সঙ্গে মিলিত হয়ে রেলমন্ত্রকের কাছে আমাদের এই দাবিগুলি পেশ করতে পারবেন। কাগজে দেখলাম কয়েক দিন আগে আমাদের একজন এম.পি. শ্রীমতী

মমতা ব্যানার্জি রেলমন্ত্রীর কাছে দাবি জানিয়েছিলেন, রেলমন্ত্রীর সঙ্গে কথা বলে কিছু আশ্বাসও পেয়েছিলেন। অবশ্য তারপরই আবার কাগজে দেখলাম রেলমন্ত্রী বলেছেন, 'আমি কোনও কথা দিই নি।' এই হচ্ছে অবস্থা! এ অবস্থায় আমি এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[1-40 — 1-50 p.m.]

**শ্রী মুকুলবিকাশ মাইতি ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় শ্রী লক্ষ্মীকান্ত দে, ডাঃ মানস ভুঁইয়া এবং অন্যান্য বিধায়করা পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলি সম্পর্কে যে প্রস্তাব এনেছেন আমি তাকে সমর্থন করছি। বর্তমান আর্থিক বছরে কেন্দ্রীয় রেলমন্ত্রী সংসদে যে রেল বাজেট পেশ করেছেন তাতে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের রেল প্রকল্পগুলি উপেক্ষিত হয়েছে। এর ফলে পশ্চিমবঙ্গের অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে পড়বে, পশ্চিমবঙ্গের অর্থনৈতিক অগ্রগতি ব্যহত হবে, এবিষয়ে কোনও সন্দেহ নেই। আমরা তাই চাইছি পশ্চিমবঙ্গের যে রেল প্রকল্পগুলি চালু ছিল সেগুলি অগ্রাধিকার পাক, রূপায়িত হোক, বাস্তবায়িত হোক। এরজন্য আমাদের রেল মন্ত্রীর কাছে এবং যোজনা কমিশনের কাছে দরবার করা উচিত। বরকত গনি খান চৌধুরি যখন রেলমন্ত্রী ছিলেন তখন পশ্চিমবঙ্গের জন্য কিছু রেল প্রকল্প তিনি মঞ্জুর করেছিলেন এবং আরও কিছু কাজ তিনি করতে গিয়েছিলেন। তার মঞ্জুর করা এবং কাজ শুরু করে যাওয়া প্রকল্পগুলির মধ্যে দীঘা-তমলুক রেলপথ অন্যতম। দীঘা-তমলুক রেলপথ রূপায়িত হলে মেদিনীপুর জেলার কাঁথি মহকুমা বিশেষভাবে উপকৃত হবে। কাঁথি মহকুমা এমনই একটা মহকুমা যে মহকুমায় এক ইঞ্চিও রেল লাইন নেই। কাঁথি মহকুমার সাথে অন্যান্য স্থানের যদি রেল পথের মাধ্যমে যোগাযোগ ঘটে তাহলে কাঁথি মহকুমার বাণিজ্যিক আদান-প্রদান বৃদ্ধি পাবে। পরবর্তীকালে দীঘার মধ্যে দিয়ে ঐ রেল পথকে উড়িষ্যা পর্যন্ত এক্সটেনশনের সুযোগ সৃষ্টি হবে এবং তার মাধ্যমে শর্টেস্ট রুটে উড়িষ্যার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হবে। আমি তাই মনে করি, দীঘা তমলুক রেলপথ নিশ্চিতভাবে বাস্তবায়িত হোক এবং তারজন্য চেষ্টা করা উচিত। তাছাড়া যে সমস্ত প্রকল্পগুলির কথা এখানে বলা হয়েছে সবগুলিই বাস্তবায়িত হোক। এরজন্য সমস্ত রাজনৈতিক মতভেদ ভুলে আমরা যাতে ঐক্যবদ্ধ হয়ে কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারি তারজন্য একান্তভাবে চেষ্টা করা উচিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমাদের সরকারি এবং বিরোধীপক্ষের ১৩ জন সদস্য মিলে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে সেটাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আমি নিজেও অন্যতম প্রস্তাবক। আসলে এখানে যা আলোচনা হল তাতে আমাদের বিরোধীদলের বন্ধুরা তারা একটা ব্যাপারে আমাদের সাথে একমত হলেন যে কেন্দ্রীয় সরকারের রেলমন্ত্রক পশ্চিমবাংলার প্রতি স্বাধীনতার পর থেকে বিমাতৃসুলভ আচরণ করছেন এবং এটা ঘটনা। কংগ্রেসিরা বলছেন, প্রয়োজন হলে কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করবেন। কেন্দ্রের বিরুদ্ধে লড়াই করবেন এই কথাটা বলা খুবই মিষ্টি। কিন্তু এ ছাড়া তাদের তো আর কোনও রাস্তা নেই, অস্তিত্ব রক্ষা করা ছাড়া আর তাদের কোনও রাস্তা নেই। কারণ তারা মাইক্রোস্কোপিক পজিশনে চলে গেছেন। সুতরাং সেখানে আপনাদের এই প্রস্তাবকে সমর্থন করতেই হবে। স্যার, আমি ২টি বিষয়ে আপনার মাধ্যমে সভার দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি, আসাম

এবং উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে নানা আন্দোলন শুরু হয়েছে। সেখানে যোগাযোগ ব্যবস্থা দেশের অন্য এলাকার সাথে বিচ্ছিন্ন। সেখানে রেলের সম্প্রসারণের সুযোগ ছিল। কিন্তু স্বাধীনতার পর থেকে বলা যেতে পারে, বিপর্যস্ত হয়েছে অর্থাৎ কোনও গুরুত্ব দেওয়া হয়নি। সেই উত্তরপূর্বাঞ্চলের যে মুখ অর্থাৎ গেটওয়ে সেটা হল আলিপুরদুয়ার। এই প্রস্তাবের ৯ নম্বরে যে প্রস্তাব আছে — বনগাঁইগাও, শিলিগুড়ি ভায়া আলিপুরদুয়ার জংশনকে মিটারগেজ থেকে ব্রডগেজে পরিণত করা এবং আলিপুরদুয়ার জংশনে ডিজেল লোকোমোটিভ শেড স্থাপন করা। ওরা বলছেন আর্থিক সঙ্কট চলছে। আমি বলছি, আলিপুরদুয়ার জংশনে রেলের যে ইনফ্রাস্ট্রাকচার আছে তা ১০০ কোটি টাকার বেশি। আমরা চাচ্ছি, সেটা ব্যবহার করা হোক এবং ব্যবহার করে ব্রডগেজে উন্নীত করা হোক। শুধু তাই নয়, উত্তর সীমান্ত রেলওয়ের হেডকোয়াটার গৌহাটি থেকে নিউ দিল্লি পর্যন্ত প্রস্তাবিত রাজধানি এক্সপ্রেস — বনগাইগাঁও থেকে শুরু করে ভূটান, হাসিমারা ক্যানটনমেন্ট, বিন্নাগুড়ি ক্যানটনমেন্ট, লোয়ার আসামের বিস্তীর্ণ অঞ্চল এবং ১৫৩টি চা-বাগান উপকৃত হবে যদি নিউ আলিপুরদুয়ারে স্টপেজ থাকে। এঁর সাথে সাথে অনুরোধ করছি, প্রস্তাবের ১৩ নম্বরে নিউ জলপাইগুড়ি থেকে দার্জিলিং পর্যন্ত হিমালয়ান রেলপথের আধুনিকীকরণ করা হোক। এছাড়া বালুরঘাট একলাখি রেলপথ এবং দীঘা তমলুক রেলপথ প্রভৃতি যে সমস্ত প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে আমি আশা করব—সকলে আসুন, সমর্থন করি। শুধু সমর্থন করলেই হবে না, এখানে অনেক প্রস্তাব গৃহীত হয় এবং সমর্থন করা হয়, কিন্তু কার্যক্ষেত্রে কিছু হয়না। কার্যকর করার জন্য এই প্রস্তাব যাতে মূল্য পায়, সম্মান পায় তারজন্য আমি কংগ্রেসি বন্ধুদের আহ্বান জানাচ্ছি, আসুন, পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে রেলের ব্যাপারে যে আন্দোলন হবে তাতে যোগদিন যাতে প্রকৃতপক্ষে প্রকল্পগুলি বাস্তবায়িত হয়। একটু আগে যে মানসিকতার কথা বললেন, সেই মানসিকতা নিয়েই ঐক্যবদ্ধভাবে আমাদের উন্নয়নের ক্ষেত্রে আপনারা (কংগ্রেসিরা) সহযোগিতা করবেন।

[1-50 — 2-00 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আজকে সরকারপক্ষ এবং কংগ্রেস দলের পক্ষ থেকে পশ্চিমবঙ্গের রেল বাজেট উপেক্ষিত এই প্রসঙ্গে যে প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে সমর্থন করে বক্তব্য শুরু করছি। প্রথমে বলি যেটা কারণ, এটা খুব বাস্তব কথা যেটা মাননীয় সদস্য মান্নান সাহেব বললেন যে, প্রকল্পগুলি আমাদের প্রাক্তন রেলমন্ত্রী এ.বি.এ. গনিখান চৌধুরি মহাশয় করে গিয়েছিলেন, প্রতি বছরই রেল বাজেট হয় এবং সেই বাজেটে আমরা আশা করে থাকি যে পশ্চিমবঙ্গের ভাগ্যে নূতন প্রকল্প আসবে, অন্যান্য স্টেটের সঙ্গে তাল মিলিয়ে আমাদের বাংলার উন্নতি হবে। কিন্তু দুর্ভাগ্য আমাদের তা হয় না। বিশেষ করে এবারে যে বাজেট হয়েছে তার সমালোচনা করতে হবে। আপনারা জানেন কিছুদিন আগে আমাদের মাননীয়া সাংসদ মমতা বন্দ্যোপাধ্যায় ২ জন বিধায়ক মাননীয় সৌগত রায় এবং শ্রী সাধন পান্ডে মহাশয়কে নিয়ে রেলমন্ত্রী মহাশয়ের কাছে ধর্না দিয়ে এসেছিলেন, তখন কথা হয়েছিল যে উপেক্ষিত প্রকল্পগুলি দেখতে হবে। কিন্তু আমরা দেখলাম রেল বাজেট যেদিন পাস হল তাতে আমাদের সব দাবিগুলি মানা হল না। এজন্য যেমন সমালোচনা করব তেমনি সমালোচনার সঙ্গে পাশাপাশি যেটা বলতে চাই এক থেকে ১৫টি

পয়েন্ট যা দেওয়া হয়েছে আজকে তার সমালোচনার সঙ্গে সঙ্গে আমাদের আত্মসমালোচনা করারও দরকার হবে। কেন্দ্রর ত্রুটি অবশ্যই আছে রেল বাজেটে অস্বীকার করছি না, কিন্তু আমাদের ত্রুটি আছে। গত সপ্তাহে আমি নিজে দিল্লি গিয়েছিলাম, শুনেছি যে পশ্চিমবঙ্গ থেকে রেলের যে রেভিনিউ পাওয়ার কথা সেই রেভিনিউ কেন্দ্র পাচ্ছেন না। শুধু কেন্দ্রের কাছে চাইব বিনিময়ে পশ্চিমবঙ্গ থেকে রেল রেভিনিউ পাবে না এটা হতে পারে না। আজকে দেখুন, বারাসাত বনগাঁ ডবল লাইন হবার কথা আমরা যখন হাফ প্যান্ট পরতাম তখন থেকে শুনে আসছি, যখন গনিখান চৌধুরি মহাশয় রেলমন্ত্রী ছিলেন তখন শিয়ালদা বারাসাত ডবল লাইন হয়ে গেল, তারপর ১০ বছর কেটে গেছে, গত বছরে বারাসাত-দত্তপুকুর ডবল হয়েছে। রেল কাজ করতে চাইছে আজকে কিন্তু সমস্ত লাইন তো এনক্রোচ করা আছে। ল্যান্ড পাচ্ছে না, জবর দখল করেছে, লাইনের পাশে ঐ ইউ.সি.আর.সি. ইউনিয়নের লোকরা জবর দখল করে আছে, তাদের ভোটাররা বাংলাদেশ থেকে আসছে, তাদের ভোট নিয়ে ভোটে জিতছেন, রেল কাজ করতে চাইছে জমি পাচ্ছে না। জমি নেই, কাজ করবে কি করে? আজকে জি.আর.পি. রাজ্য সরকারের পুলিশ যে কোনও লাইনে যান দেখবেন—বলা উচিত নয় — অ্যাবাভ ফিফটি পারসেন্ট উইদাউট টিকিট চলছে। রেলের ফল্ট নিশ্চয়ই আছে কিন্তু জি.আর.পি.দের সঙ্গে সমাজ বিরোধীদের একটা আঁতাত গড়ে উঠেছে, এবং তারজন্যই রেলের সম্পত্তি চুরি হচ্ছে। আপনারা বলছেন বারাসাত লাইন ইলেকট্রিফিকেশন করতে হবে, নিশ্চয়ই করা উচিত, আজকে আমরা যখন সমালোচনা করব সমালোচনা করতে করতে আমাদের চেষ্টা করতে হবে যে আমরা পশ্চিমবঙ্গের মানুষ আমরা মাননীয় রেলমন্ত্রী জাফর শরিফ মহাশয়ের কাছ থেকে যেমন পশ্চিমবঙ্গের যে যে প্রকল্পগুলি অবহেলিত হচ্ছে সেগুলি চাইব, আমাদের হাউসের প্রত্যেকটি সদস্যের দাবি যে কথা বলেছেন সর্বদলিয় প্রতিনিধি পাঠিয়ে দরবার করে যাতে আমাদের অর্থ আসে আমরা কাজ করতে পারি। তেমনি পাশাপাশি এই প্রস্তাবও আমাদের নিতে হবে যে পশ্চিমবঙ্গ থেকে কেন্দ্র যে রেভিনিউ পাচ্ছে না সেই রেভিনিউর ব্যবস্থাও আমরা করব। আপনাদের পুলিশ এবং জি.আর.পিকে সক্রিয় হতে হবে এবং রেলওয়ে অথরিটি যাতে কাজ করতে পারেন সেটা দেখতে হবে। আজকে শিয়ালদা সাউথ প্ল্যাটফর্মে যান, দেখবেন যে, সেখানে সিটু জমি এনক্রোচ করে বিল্ডিং করেছে। আপনারা মেট্রো রেলের কথা বলছেন, কিন্তু দমদমে যান দেখবেন, ভেদিয়াপাড়া রেল স্টেশনের জমি এনক্রোচ করে সি.পি.এম. পার্টি অফিস করেছে। আজকে রেলওয়ে যেসব কাজ করছে না সেসব সম্বন্ধে যেমন বলব, সঙ্গে সঙ্গে এসবও বলব। সেজন্য বলব, এখান থেকে অল পার্টি ডেলিগেশন গিয়ে আমাদের দাবি যাতে আদায় হয় সেজন্য প্ল্যানিং কমিশন, রেলওয়ে মন্ত্রককে গিয়ে বলতে হবে — আজকে পশ্চিমবঙ্গ অবহেলিত, সেটা দেখা হোক। পাশাপাশি এরসঙ্গে একটি পয়েন্ট অ্যাড করতে চাই যে, যেসব প্রদেশের ক্যাপিটালের সঙ্গে পশ্চিমবঙ্গের রেলপথে কোনও যোগাযোগ নেই সেসব ক্যাপিটালের সঙ্গে পশ্চিমবঙ্গের যোগাযোগ স্থাপন করা হোক এই দাবিও তুলব। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায় :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে পশ্চিমবঙ্গে নতুন রেলপথের ব্যাপারে যে সর্বদলিয় প্রস্তাব এসেছে যেহেতু আমি তার আমি একজন সিগনেটরিজ স্বভাবতই এই প্রস্তাবের প্রতি আমার সমর্থন আছে। রেলপথের উন্নয়নের মধ্যে একটি রাজ্যের উন্নয়ন

সামগ্রিকভাবে জড়িত থাকে। সে ক্ষেত্রে রাজ্যের উন্নয়নের স্বার্থে এই প্রস্তাবকে সমর্থন করতে আমাদের দিক থেকে কোনও অসুবিধা নেই, কিন্তু একসঙ্গে অনেকগুলো প্রস্তাব এসেছে বলে তারমধ্যে প্রায়রিটি আমরা ঠিক করতে পারিনি। এরমধ্যে কোনটা কোনটা বেশি গুরুত্বপূর্ণ, অবার কোনটা কোনটা কম গুরুত্বপূর্ণ। তবে পিছিয়ে পড়া মানুষের স্বার্থে এটা হয়েই থাকে। এরমধ্যে আমি সবচেয়ে গুরুত্ব দিচ্ছি বালুরঘাট-একলাখি রেলপথকে, কারণ পুরো দক্ষিণ দিনাজপুর জেলায় কোনও রেলপথ নেই। বরকত সাহেব মন্ত্রী থাকাকালীন সময়ে দক্ষিণ দিনাজপুরের জন্য তিনি এই রেলপথের ব্যবস্থা করেছিলেন, কিন্তু এই বছর ঐ রেলপথের জন্য মাত্র ১,০০০ টাকা রাখা হয়েছে। আমি মনেকরি, এটা অপমান। এর বিরুদ্ধে আমাদের সাংসদ শ্রীমতী মমতা ব্যানার্জি সাধন পান্ডেকে সাথে নিয়ে সংসদে ধরনা দিয়েছিলেন। সেখানে তিনি রেলমন্ত্রীকে বলেছিলেন 'কি হবে ১,০০০ টাকায়? এরজন্য অন্ততপক্ষে ১ কোটি টাকা ধরতে হবে।' এখানে প্রবীর একটু ভুল করেছে; এখনও ওটা পাস হয়নি, স্ট্যান্ডিং কমিটিতে গেছে যার চেয়ারম্যান হচ্ছে শ্রী সোমনাথ চ্যাটার্জি। সেই স্ট্যান্ডিং কমিটি রিপোর্ট দিলে তারপর রেলমন্ত্রী সেটা পার্লামেন্টে পেশ করবেন পুনরায় পার্লামেন্ট বসবার পর। আমরা মনে করছি, আমাদের এই প্রচেষ্টার ফলে বালুরঘাট একলাখি রেল প্রকল্পের জন্য ১ কোটি টাকা অনুমোদিত হবে। তবে তারজন্য ১ কোটি টাকাও যথেষ্ট নয়, কিন্তু একটা সাবস্টানশিয়াল অ্যামাউন্ট দিলে একটি ফেজে রেলপথের কাজ করা যায় বলে আমি মনে করি। সেজন্যই বালুরঘাট-একলাখি রেলপথকে সবচেয়ে গুরুত্ব দিচ্ছি। দীঘা-তমলুক রেলপথের জন্য এই বছর ২ কোটি টাকা স্যাংশন করা হয়েছে। রেল দপ্তরের হিসেব অনুযায়ী ১৯৯৯ সালের মধ্যে ঐ রেলপথের কাজ সম্পূর্ণ হবে। আমি জিজ্ঞাসা করেছিলাম, উন্নয়নে এত কম টাকা দিলেন কেন? এবং যেটা এখানে লেখা নেই, থানা-সাঁইথিয়া, তারজন্য এবারে এক কোটি টাকা বেশি দেওয়া হয়েছে। কিন্তু যেটা রেলমন্ত্রক বলার চেষ্টা করেছেন সেটা হচ্ছে এবারে তারা বেশি টাকা দিয়েছেন, মেট্রো রেলের জন্য ১৮০ কোটি টাকা ছিল, সেটাতে এখন ২০০ কোটি টাকা দিয়েছেন যাতে ১৯৯৫ সালের মধ্যে মেট্রো রেলের কাজ শেষ করা যায় এবং টালিগঞ্জ থেকে সরাসরি দমদম পর্যন্ত এই রেল চলতে পারে। নীতিগত ভাবে আমরা মনেকরি যে ২০০ কোটি টাকা দিলেও হয়ত এই বছর তা খরচ করা যাবেনা। তবুও অন্তত প্রজেক্টগুলির জন্য আরও কিছু টাকা দেওয়া প্রয়োজন ছিল। আমরা নিশ্চয়ই এটাতে গর্বিত যে বরকত সাহেব প্রথম ফেজে মেট্রো রেলের কাজ সম্পন্ন করেছিলেন। আজকে কলকাতার মেট্রো রেল আমাদের কাছে গর্বের বিষয়। এর আগে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্কের কাছে মেট্রো রেলের একদিকে টালিগঞ্জ থেকে গড়িয়া, অন্যদিকে সল্ট লেক থেকে রামরাজাতলা পর্যন্ত চালু করার প্রস্তাব আছে। আপনারা জানেন যেকোনও দেশেই একটা সিঙ্গল লাইনে মেট্রো রেল চলেনা। কিন্তু এটা একটা বিরাট খরচ সাপেক্ষ প্রস্তাব। সেজন্য এটা নিয়ে আমাদের ভাবা দরকার যে কি ভাবে টাকা তোলা হবে। এখন কেন্দ্রীয় সরকার সিদ্ধান্ত নিয়েছেন যে মেট্রোপলিটন ট্রান্সপোর্টের জন্য টাকা রেলমন্ত্রক দেবেনা। ওটা আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট দেবে। বোম্বে বা দিল্লিতে যে মেট্রো রেলের প্রোজেক্ট হচ্ছে তারজন্য টাকা আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট এবং বিভিন্ন বিদেশি সংস্থার সাহায্য নেবার চেষ্টা করা হচ্ছে। আমি যেটা রাজ্য সরকারকে বিশেষভাবে বলব যে এখানে এখনও এনক্রোচমেন্টের সমস্যার সমাধান হয়নি। মেট্রো রেলের দমদম স্টেশনের কাছে রেলের জায়গা অধিগ্রহণ নিয়ে দীর্ঘদিন ধরে ডিসপিউট চলছে। সার্কুলার রেল

করে দমদম থেকে ডালহাউসি পর্যন্ত ঢুকে যেত। কিন্তু শুধু দমদম থেকে উল্টোডাঙ্গা, এইটুকু জায়গার এনক্রোচমেন্ট পরিষ্কার করা গেলনা। এত বছর ধরে এই সমস্যা চলছে। যার ফলে দমদম থেকে সোজা ডালহাউসি পর্যন্ত রেল ঢুকতে পারলো না। পশ্চিমবঙ্গে রেল প্রোজেক্টের ক্ষেত্রে জমি অধিগ্রহণ একটা বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। আমি বলব যে এই বাধা দূর করার চেষ্টা করবেন। চক্ররেলের যে পোরশন কি আছে কলকাতা বন্দরের মধ্যে দিয়ে, আমরা চাই সেটাকে দ্রুততার সঙ্গে করা হোক। আজকে যে ১৫টি প্রোজেক্ট দেওয়া হয়েছে তারমধ্যে দীঘা-তমলুক রেলপথ, হাওড়া-আমতা ও হাওড়া শিয়াখোলা, বজবজ-নামখানা প্রোজেক্টের জন্য দেওয়া হয়েছে। মেট্রো রেলের কাজ শেষ করার কথা আমরা বলেছি। সরকার অলরেডি দিয়েছেন এবং ২ শত কোটি টাকা দিয়েছেন। চক্ররেল ডক ও পোর্ট এলাকার মধ্যে সম্প্রসারণ করা এই প্রকল্পের মধ্যে আছে। বারাসাত হাসনাবাদ লাইনের বৈদ্যুতিকরণ বর্ধমান-কাটোয়া লাইনকে ব্রডগেজ লাইনে পরিণত করা, বাঁকুড়া থেকে দামোদর রেলপথকে গেজ লাইনে পরিণত করা, আলিপুর দুয়ার জংশনে ডিজেল লোকোমটিভ শেড চালু করা, একোপুর থেকে বারসাই পর্যন্ত রেলপথকে মিটার গেজ থেকে ব্রডগেজে পরিণত করা, চালু আছে। আমি এখানে একটা কথা বলে রাখি যে কেন্দ্রীয় সরকারের ডিক্লেয়ার্ডে পলিসি আছে সমস্ত মিটারগেজকে আস্তে আস্তে ব্রডগেজে পরিণত করা এবং সারা ভারতবর্ষে এই মিটারগেজ থেকে ব্রডগেজের কনভার্সন করার চেষ্টা চলছে এবং যে যে জায়গায় ইলেকট্রিফিকেশন নেই সেখানে ইলেকট্রিফিকেশনের কাজ হচ্ছে। কিন্তু যেটা আমরা দেখছি যে পশ্চিমবঙ্গে এই ব্রডগেজ কনভার্সনের ক্ষেত্রে এবং একটা ডাবল লাইনের দাবি রয়েছে। কৃষ্ণনগর থেকে করিমপুর, কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত ইলেকট্রিফিকেশনের দাবি রয়েছে। এটাকে গ্রাজুয়ালি কনভার্সন ইনটু ব্রডগেজ এবং কনভার্সন ইনটু ইলেকট্রিফিকেশন করার ব্যাপার আছে। এই ব্যাপারে রাজ্য সরকারেরও একটা উদ্যোগের ব্যাপার আছে। আজকে শ্যামলবাবু বাসের ভাড়া বাড়িয়ে জনগণের কাছে হিরো হয়েছেন। কারণ শ্যামলবাবু একই দিনে রেলের ভাড়ার সঙ্গে কমপিটিশন করে বাস, ট্যাক্সি, ট্রাম, ফেরি সব কিছুর ভাড়া বাড়িয়ে দিয়েছেন। কাজেই উনি একজন হিরো। এর ফলে লোকে আরও রেলে আসবে। কারণ রেল এখনও মুখ্য ট্রান্সপোর্ট। আমি রাজ্য সরকারের কাছে স্পেসিফিক ভাবে জানতে চাই যে রাজ্য সরকার রেল মন্ত্রকের কাছে কোনও কনক্রিট প্রোপোজাল দিয়েছেন কিনা কাজ করার ব্যাপারে? স্যার, আপনি জানেন যে রেলমন্ত্রকের একটা পিঙ্ক বুক থাকে। প্রতি বছর কি প্রোজেক্ট হবে না হবে সেটা ঐ পিঙ্ক বুকে মেনশন করা থাকে। আমরা জেনেছি যে রাজ্য সরকারের পক্ষ থেকে প্রোজেক্টের ব্যাপারে কোনও কনক্রিট প্রোপোজাল এই বছর দেওয়া হয়নি। আমরা কনক্রিট প্রোপোজাল দেবার পরে একলাখি-বালুরঘাট-এর জন্য টাকা বাড়িয়ে এক কোটি টাকা করা হবে এবং সামনের বছর মেট্রো রেলের কাজ যখন শেষ হয়ে যাবে তখন আমরা দাবি করব যে টাকা মেট্রো রেলের জন্য খরচ হয়েছিল, সেই টাকা পশ্চিমবঙ্গের অন্য রেল প্রোজেক্টের জন্য যাতে খরচ করা হয়। তারপরে দক্ষিণ দিনাজপুর, তারসঙ্গে কন্টাই সাবডিভিসন আছে, সেখানেও রেল লাইনের কোনও কিছু করা হয়নি, তারজন্যও আমাদের দাবি চলবে।

(এই ডেপুটি স্পিকার অন্য বক্তাকে ডাকায় মাইক অফ হয়ে যায়)

[2-00 — 2-10 p.m.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে সর্বসম্মত প্রস্তাব পশ্চিমবাংলার রেল প্রকল্পের বিষয় এই সভায় উত্থাপিত হয়েছে তাকে আমি সমর্থন জানিয়ে দু-একটা কথা বলতে চাই। স্যার, পশ্চিমবাংলার প্রতি বঞ্চনার বিষয়টা রাজনীতিগত ভাবে নিজেরা ভাগ না করে পশ্চিমবঙ্গবাসী হিসাবে যদি আমরা দেখি তাহলে ভারতবর্ষের রেল উন্নয়ন পরিকল্পনাতে পশ্চিমবাংলার স্থান কতটা অকিঞ্চিৎকর সেটা বুঝতে পারব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের হিসাব থেকে জানতে পারবেন ১৯৭১।৭২ সাল থেকে ১৯৯০।৯১ সাল পর্যন্ত এই দুই দশকে গোটা দেশে রেল লাইনের লেম্থ বেড়েছে ২১০০ কিলোমিটার। এরমধ্যে পশ্চিমবাংলার ভাগে পড়েছে মাত্র ১১৮ কিলোমিটার। এই ২০ বছর কংগ্রেস ক্ষমতায় ছিল প্রথম দিকে, পরের দিকে আমরা ক্ষমতায় আছি, বঞ্চনার বিষয়টা সাধারণভাবে আছে। এই ২০ বছরে অন্ধ্রপ্রদেশে বেড়েছে ২৮৩ কিলোমিটার, কর্ণাটকে বেড়েছে ২৫৯ কিলোমিটার, মহারাষ্ট্রে বেড়েছে ২০৯ কিলোমিটার, রাজস্থানে বেড়েছে ২৪০ কিলোমিটার, তামিলনাড়ুতে বেড়েছে ২৫৪ কিলোমিটার, উত্তর প্রদেশে বেড়েছে ২৯৪ কিলোমিটার। আর এই ২০ বছরে পশ্চিমবাংলায় নূতন লাইন হয়েছে মাত্র ১১৮ কিলোমিটার। ২০ বছরের এই তথ্য থেকে বোঝা যায় রেলের ভবিষ্যত পরিকল্পনায় পশ্চিমবাংলার স্থান কোন জায়গায় এবং কেন্দ্রের রেল দপ্তরের কর্তাব্যক্তিদের কাছে পশ্চিমবাংলার স্থান খুব একটা উল্লেখযোগ্য নয়। দ্বিতীয় কথা হচ্ছে স্যার, আপনি জানেন যে ওনারা যেটা বলেছেন বিষয়টা তা নয়। গোটা দেশের মানুষের মতো পশ্চিমবাংলাও রেলের বাড়তি উপার্জনের ক্ষেত্রে যথেষ্ট ভূমিকা পালন করে। মাননীয় সদস্য প্রবীরবাবু অজ্ঞানতাবশত জানেন না রেভিনিউ আর্নের ক্ষেত্রে প্রথম দিকে যে রেল পড়ে তাতে ইস্টার্ন রেল এবং সাউথ ইস্টার্ন রেল পড়ে। সুতরাং এই ক্ষেত্রে আপনার ওই অভিযোগগুলি দাঁড়ায় না। স্যার, আপনি জানেন গত বছরের রেল বাজেটে এবং এবারের রেল বাজেটে, অর্থাৎ এই দুটি রেল বাজেটে ২৮০৮ কোটি টাকার নূতন ট্যাক্স বসানো হয়েছে। মানুষের প্রতিবাদ সত্ত্বেও এই বাড়তি আয় দিচ্ছে এই প্রত্যাশা করে যে এই যে বাড়তি ২৮০৮ কোটি টাকার অংশ পাচ্ছে তার একটা অংশ অন্তত, ভারতবর্ষের অন্য আর ৫টি অঙ্গ রাজ্যের মতো পশ্চিমবাংলাতে বিনিয়োগ করা হবে। রেলের ভাড়া এবং মাসুল বৃদ্ধির একটা নেগেটিভ এফেক্ট আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের গোটা দেশের পরিবহন ব্যবস্থার ক্ষেত্রে রেল হচ্ছে প্রধান মাল পরিবাহক সংস্থা। বাকি যে ট্রান্সপোর্ট আছে সেটা বেশির ভাগ ব্যক্তিগত মালিকানায় চলে, রোড ট্রান্সপোর্ট বেশির ভাগ প্রাইভেট মালিকানায় চলে। কেন্দ্রীয় সরকারের ঘোষিত নীতি যে দূরত্বে মাল পরিবহনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে রেল। আবার কেন্দ্রীয় সরকার ঘোষণা করেছেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষায় কেন্দ্রীয় সরকার নিজে স্বীকার করছেন যে গোটা দেশে মাল পরিবহণের ক্ষেত্রে রেলের পারসেনটেজ কমছে, অর্থাৎ সরকারি পরিবহনের ভূমিকা কমছে এবং ব্যক্তিগত মালিকানার ভূমিকা বাড়ছে। ভরসা যে বিরোধী কংগ্রেস দলের বিধায়করা এই দাবিগুলিকে সমর্থন করবেন এবং পশ্চিমবঙ্গবাসী হিসাবে সবার সঙ্গে থাকছেন। শুধু দাবিগুলি তোলার বিষয় নয়, এই দাবিগুলি যে মানা হচ্ছে না সেই ব্যাপারে তারা বলুন। তারা আরও বলুন যে কতকগুলি কেন্দ্রীয় নীতি আছে সেই নীতিগুলির তারা প্রতিবাদ

করবেন কিনা। আমরা জানি প্রাইভেটাইজেশনের ব্যাপারে রেল দপ্তর থেকে বিশেষ করে উদ্যোগ নেওয়া হচ্ছে। আজকে রেল পরিবহনকে প্রাইভেটাইজেশনের দিকে নিয়ে যাওয়ার চেষ্টা করা হচ্ছে। ব্যক্তিগত মালিকরা সেখানেই টাকা ঢালবে যেখানে তারা বেশি মুনাফা পাবে, ব্যক্তিগত মালিকরা সেখানে টাকা ঢালবে না যেখানে মুনাফা হবে না। এটা যদি আমাদের রেল সম্পর্কিত প্রকল্প হয়, তাহলে রেলওয়ে ডেভেলপমেন্টের প্রধান দায়িত্ব হবে প্রাইভেট ক্যাপিটাল ওনারদের। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এখানে পাঁচশোটি প্রস্তাব নিলেও কোনওদিন বালুরঘাট একলাখি লাইন বাস্তবায়িত হবে না। কারণ এই বালুরঘাট-একলাখি লাইন তৈরি করতে গেলে যে ক্যাপিটাল ইনভেস্টমেন্ট করা দরকরা তার থেকে সাফিসিয়েন্ট রিটার্ন প্রাইভেট মালিকরা পাবে না। পশ্চিমবঙ্গ থেকে রেল প্রকল্পের দপ্তরগুলিকে তুলে দেবার বিরুদ্ধে এবং রেলের মালিকানা ব্যক্তি মালিকদের হাতে তুলে দেবার বিরুদ্ধে আমরা দাবির কথা বলব, কিন্তু তা বাস্তবায়িত হবে না। রেলের ভাড়া এবং মাসূল যেভাবে বেড়েছে, তার প্রভাব গোটা রেল ব্যবস্থার মধ্যে পড়েছে খারাপ ভাবে। তারা বলছেন রেলওয়ের ডেভেলপমেন্টের জন্য এই ভাড়া ও মাসূল বাড়াতে চাইছেন। কিন্তু রেলের খারাপ এই চিত্রের কথা আমরা বলছি না, কেন্দ্রীয় সরকারের ইকনোমিক সার্ভে এই কথা বলছে। ১৯৯৩-৯৪ সালে মূল পরিবহনের ক্ষেত্রে, যেটার মাপকাঠি নেট টন, কিলোমিটারে, তা কমে গেছে ০.৫ পারসেন্ট। সবচেয়ে মারাত্মক ব্যাপারটি হচ্ছে রেলের ভাড়া মারাত্মক ভাবে বৃদ্ধির ফলে কিলোমিটারে প্যাসেঞ্জার কমে গেছে মাইনাস ৫.৮ পারসেন্ট। রেল ব্যবস্থাটা ক্রমশ প্রাইভেটাইজেশনের জায়গায় সরে যাচ্ছে, রেল কর্তৃপক্ষ প্রাইভেট ওনারদের হাতে জায়গাটা ছেড়ে দিচ্ছে। স্যার, কলকাতা থেকে দিল্লি পর্যন্ত লাইনের জন্য প্রাইভেট ইনভেস্টমেন্ট যদি চান তাহলে এটা পাবেন। কারণ এখান থেকে তারা প্রফিট পাবে। কিন্তু বালুরঘাটের জন্য চাইলে প্রাইভেট ইনভেস্টমেন্ট পাবেন না। কারণ এটি তাদের কাছে প্রফিটেবল হবে না। ব্যক্তি মালিকরা তাদের লাভের স্বার্থেই তাদের দাবি করছে। আর আমরা এখানে যে দাবিগুলো করছি তা ঐক্যমত হয়েই করছি। আমরা দাবির পর দাবি উত্থাপন করে যাব, কিন্তু তা কখনই বাস্তবায়িত হবে না। স্যার, আপনি নিশ্চয়ই জানেন যে, পশ্চিমবাংলার বামপন্থী ছাত্র-যুব সংগঠনগুলির আহ্বানে গতকাল থেকে দিল্লিতে ৩৬ ঘন্টা অবস্থান করছে। প্রায় অনুরূপ দাবিগুলি নিয়ে গতকাল প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যানের সাথে কথা বলেছি। সেইক্ষেত্রে প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যান, যিনি আমাদের রাজ্য থেকে নির্বাচিত এম.পি., তিনি কতকগুলো গুরুত্বপূর্ণ কথা বলেছেন যা নিসন্দেহে আমাদের রাজ্যের মানুষকে উৎসাহিত করতে পারে। আমি সভার কাছে সেই কথাগুলি উত্থাপন করতে চাই এইজন্য যে, প্রতিশ্রুতি দেওয়া এবং প্রতিশ্রুতি রাখা, এই ব্যাপারে কংগ্রেসি নেতাদের সুনাম নেই এবং আমাদের প্ল্যানিং কমিশনের ভাইস চেয়ারম্যানেরও সুনাম নেই। কিন্তু তিনি যে কথাগুলি বলেছেন তা মাননীয় সদস্যদের জানা উচিত। তিনি বলেছেন, পশ্চিমবাংলা থেকে কোনও লাইন তুলে নেওয়া হবে না। বালুরঘাট-একলাখি, দীঘা-তমলুক, লক্ষ্মীকান্তপুর-নামখানা, এই তিনটি লাইনের ক্ষেত্রে প্রায়োরিটির ভিত্তিতে বিবেচনা করছেন। আমার যতদূর ধারণা, সৌগতবাবুদের দশ মিনিটের নাটকে এটা হয়নি। পশ্চিমবাংলার মানুষের আন্দোলনের ফলে বালুরঘাট-একলাখি প্রকল্পটি হতে পারে। আর এটি যদি না হয় তাহলে পিঠের চামড়া থাকবে না। এছাড়া আলিপুরদুয়ারে একটি লোকো শেড করার ব্যাপারে কেন্দ্রীয় সরকার বিশেষভাবে বিবেচনা

করছেন। দার্জিলিং-হিমালয়ান রেলের মডার্নাইজেশনের ক্ষেত্রে তিনি কিছু প্রতিশ্রুতি দিয়েছেন। কাটোয়া এবং ব্যান্ডেলকে দুর্গাপুর-আসানসোলের সঙ্গে যুক্ত করার যে প্রস্তাব ছিল, সেই ব্যাপারেও তিনি বলেছেন। (এই সময়ে মাইক অফ হয়ে যায়)

[2-10 — 2-20 p.m.]

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বিধানসভায় পশ্চিমবঙ্গের রেলের ডেভেলপমেন্টের ব্যাপারে যে প্রস্তাব উঠেছে, সকলেই এটিকে সমর্থন করেছেন। এটি খুবই গুরুত্বপূর্ণ ব্যাপার। এটিকে আমিও সমর্থন করছি। এখানে এমন একটা জিনিস যে এছাড়া মানুষ যাতায়াত করতে পারে না। এখানে যে যে প্রকল্পর কথা বলা হয়েছে তারমধ্যে তারকেশ্বর লাইনের কথা বলা হয়েছে। এটি একটি ভাইটাল ব্যাপার। তারকেশ্বরে কোটি কোটি মানুষ যায়, এটি একটি তীর্থস্থান, এখানে প্রচন্ড লোক সমাগম থাকে ফলে এখানে যে ডবল লাইন করা হবে বলা হচ্ছে তারজন্য বিশেষ ধন্যবাদ। তারপরে আরেকটা পয়েন্ট হচ্ছে যে আরামবাগ, বিষ্ণুপুর থেকে অনেকে এখানে জিনিসপত্র নিয়ে ব্যবসা করতে আসে। ওদের জন্য একটা লাইন করার দরকার। এখানে বাস বা ট্রাক ছাড়া আর কোনও রাস্তা নেই। সুতরাং এইদিকটা একটু দৃষ্টি দেবেন। সাথে সাথে এই তারকেশ্বর যে ডবল লাইন প্রস্তাব আনা হয়েছে সেটা যাতে কার্যকর হয় তারজন্য আমি আবেদন রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ধীরেন্দ্রনাথ সেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রেলপথ সম্পর্কে যে প্রস্তাব এসেছে তা আমি সমর্থন করে দু-একটি কথা বলতে চাই। কোণা থেকে সাঁইথিয়া রেল লাইনটিকে যে ডবল লাইন করার প্রস্তাব করা হয়েছে এরজন্য আমরা ওই অঞ্চলের মানুযেরা বিশেষ আনন্দিত কারণ এরদ্বারা আমরা বিশেষ উপকৃত হব। এই প্রস্তাবটি প্রথমে যখন প্রয়াত রেলমন্ত্রী কেদার পান্ডে ছিলেন সেই সময়ে নেওয়া হয়েছিল কিন্তু তখন থেকে এটা কার্যকর হয়নি। সেই কারণে আমি দাবি রাখছি যে প্রস্তাবটি এসেছে সেটা যাতে কার্যকর হয় সেইদিকটা দেখতে হবে।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে যে রেল প্রকল্পের প্রস্তাব এসেছে তা অনুমোদনের জন্য আবেদন করছি এবং এই প্রস্তাবটিকে সমর্থন করছি। সেই সঙ্গে সঙ্গে ১১ এবং ১২নং যেটা বলা আছে, যা আমার পূর্ববর্তী বক্তা বললেন, ওই শেওড়াফুলি -তারকেশ্বর লাইনে যাতে ডবল লাইন হয় তারজন্য আবেদন করছি। এবং প্রস্তাবে যা আছে সেটা যাতে বাস্তবায়িত হয় সেইদিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। এই ডবল লাইনের জন্য ওই অঞ্চলের মানুষের বহুদিনের দাবি, সুতরাং প্রস্তাবটি যাতে কার্যকর হয় সেইদিকে দৃষ্টি দেবেন।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে সর্বদলিয় প্রস্তাব সর্বসম্মতিক্রমে এখানে উপস্থিত হয়েছে সমস্ত দলের পক্ষ থেকে সেই প্রস্তাবকে আমি সমর্থন জানাচ্ছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** যে সময় ধার্য ছিল তাতে শেষ হবে না, সেই কারণে আরও ২০ মিঃ সময় বাড়িয়ে দিলাম। আশা করি এতে সকলের সম্মতি আছে।

(সকলের সম্মতিক্রমে আরও ২০ মিঃ সময় বাড়ানো হল।)

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** স্যার, আমি এই প্রসঙ্গে ভূমিকা হিসাবে একটু বলতে চাই। দেশ স্বাধীন হবার আগে শিল্প বিকাশ, কৃষি বিকাশ এবং ব্যবসা বাণিজ্যের সুবিধার জন্য বৃটিশ আমলেই আমাদের দেশে রেল লাইন পাতা হয়েছিল। এই কথা মাননীয় সদস্যারা সবাই জানেন। সেই সময়ে ৫৪ কিঃ মিঃ পর্যন্ত রেলপথ হয়েছিল। কিন্তু পরবর্তী সময়ে দেশ স্বাধীন হয়ে যাবার পরেও কৃষি, শিল্প ইত্যাদি বিকাশের জন্য যে প্রয়োজনীয় রেলপথের দরকার তা হয়নি। ইন্ট্রিগ্রেটেড ডেভেলপমেন্ট, দেশের অর্থনৈতিক বিকাশের ক্ষেত্রে রেলপথের যে প্রয়োজন তা উপেক্ষিত হয়েছে। ফলে স্বাধীনতার পরে ৫৪ কিঃ মিঃ রেলপথের সাথে মাত্র ১১-১২ কিঃ মিঃ রেলপথ বাড়ানো হয়েছে। জল পরিবহন বা পণ্য পরিবহন বলুন সব থেকে সস্তায় পণ্য পরিবহন চলতে পারে জলপথে। আমাদের দেশে জলপথের বিকাশ সেইভাবে করা হয়নি, সেইভাবে জলপথকে ব্যবহার করা হচ্ছে না। অথচ আমাদের ৪ হাজার কি.মি. সমুদ্র পথ আছে, ৩টি সমুদ্র দিয়ে আমাদের দেশ ঘেরা। কিন্তু তার উপযুক্ত ব্যবহার আমাদের দেশে হলনা। ব্যবহার হলে অন্তত জিনিসপত্রের দাম কিছুটা তফাৎ হত। দ্বিতীয় যেটা সস্তা ছিল পণ্য পরিবহন সেটা হচ্ছে রেল পথে। রেলের বিকাশ সেইভাবে না হওয়াতে সমস্ত চাপটা পড়েছে পথ পরিবহনে। পথ পরিবহনের খরচটা বেশি, স্বভাবতই খরচও বেড়ে যাচ্ছে। সেইজন্য রেলপথের বিকাশ খুবই প্রয়োজন আমাদের দেশে, সর্বাঙ্গীন ভাবে প্রয়োজন। এটা শুধু আমাদের রাজ্যের ব্যাপার নয়, এটা আমাদের দেশের ব্যাপার। সেইজন্য এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে নীতি আছে সেটা পরিবর্তন হওয়া দরকার। আমি এই ব্যাপারে বিরোধী পক্ষকে ভেবে দেখতে অনুরোধ করব। আপনারা যদি সত্যই এই রাজ্যের কথা ভাবেন তাহলে রেলের যে বর্তমান নীতি আছে সেটা পরিবর্তন করা দরকার। সৌগতবাবু অভিযোগ করেছেন রাজ্য সরকারের পক্ষ থেকে নির্দিষ্টভাবে কোনও প্রস্তাব দেওয়া হয়নি। আমি বলতে চাই তিনি বিভ্রান্তির মধ্যে আছেন, আমরা গত বছরে যখন সর্বদলিয় প্রতিনিধি দল কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে গিয়েছিলাম, সেই সময় রেলমন্ত্রী এবং উচ্চপদস্থ অফিসারদের সঙ্গে দেখা করি সেখানে আমরা বলি রেল তো আমাদের হাতে নেই যেভাবে প্রস্তাব দেওয়া হয় সেইভাবেই প্রস্তাব পাঠানো হয়েছে, আমরা ১০টি রেল উন্নয়ন সম্পর্কে বলি, এখানে আমরা ১৫টি প্রস্তাব উত্থাপন করেছি এরমধ্যে ১০টি প্রস্তাব সম্পর্কে সেখানে আলোচনা হয়, সেখানে কংগ্রেস আই-এর মাননীয় সদস্যরা ছিলেন ও অন্যান্য সদস্যরা ছিলেন, বিরোধী দল নেতা ছিলেন, সত্যবাপুলি মহাশয় ছিলেন, ১০টি বিষয় নিয়ে আমরা সেখানে আলোচনা করি। তারা একটি বিষয়ে খালি সম্মত হন। তারজন্য টাকা বরাদ্দ ছিল নামখানা লাইনের জন্য। এবং তারা বলেছিলেন কুলপি পর্যন্ত আমরা করব। কুলপি এক্সটেনশন হবে আর কোনও রেল লাইন সম্পর্কে বলেননি। সেখানে জয়নাল আবেদিন সাহেব বারংবার একলাখি প্রকল্পের কথা বলেন, এই প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন হয়ে গিয়েছে, এটা আপনারা করুন। কিন্তু রেলমন্ত্রী এতে কর্ণপাত করলেন না। আর একটা জিনিস হয়েছে সেটা হচ্ছে উন্নীতকরণ করা ব্রডগেজে। তাতে পুরুলিয়ার কোটশিলা লাইন এসেছে, অথচ আপগ্রেডেশন করে পণ্য পরিবহনের জন্য যেটা প্রয়োজন ছিল সেটা হচ্ছে আদ্রা মেদিনীপুর লাইন, এই লাইনটা যদি আপ গ্রেডেশন না করা যায়, এক্সটেনশন না হয় তাহলে আমাদের রাজ্যে উন্নত পণ্য পরিবহনের

ক্ষেত্রে যে অসুবিধা আমরা ভোগ করি সেটা থেকে যাবে। সেখানে আমরা ১০টি বিষয় নিয়ে বলেছিলাম, সেখানে আমাদের মুখ্যমন্ত্রী চিঠির পর চিঠি লিখেছেন বিভিন্ন প্রকল্প নিয়ে যে এটাকে আপনারা রেল দপ্তরের পরিকল্পনার মধ্যে অন্তর্ভুক্ত করুন। বর্তমানে আমরা নির্দিষ্ট প্রস্তাব পাঠাচ্ছি এই প্রপোজালের মধ্যে যদি প্রস্তাব গ্রহণ করেন তাহলে ভাল হয়, কিউমেলিটিভ স্টাডি করে প্রস্তাব গ্রহণ করুন। কোনও প্রকল্প তারা গ্রহণ করছেন না। মানুষ যখন ক্ষোভে ফেটে পড়ছে, তখন এইভাবে মানুষকে আড়াল করা যাবে না। আপনারা কেন্দ্রীয় সরকারকে আড়াল করার দায়িত্ব গ্রহণ করেছেন, কিন্তু এইভাবে আড়াল করা যাবে না। সৌগতবাবু এখানে বললেন জমির জন্য বহু প্রকল্প আটকে গেছে। জমির জন্য কোনও কাজ আটকেছে এমন কোনও খবর আমাদের কাছে নেই। এইরকম যদি কোনও অভিযোগ থাকে যে জমির জন্য টাকা স্যাংশন হয়েছে, কিন্তু জমি পায়নি, কাজ শুরু করতে পারছেন না, তাহলে আমি দায়িত্ব নিয়ে বলতে পারি সেই কাজ আমরা করে দেব। আমাদের পরিকল্পনা আছে, আমাদের টাকা আছে, কিন্তু জায়গার অভাবে কাজ করা যাচ্ছে না এটা ঠিক নয়। যে জায়গা আমাদের নতুন করে নিতে হবে, যেটা কোর্টে আটকে আছে সেটা আলাদা ব্যাপার। কিন্তু রেলওয়ের জমি দখল করে বসে আছে, রেল কাজ করতে পারছে না এটা ঠিক নয়। মেট্রো রেলওয়ে সম্পর্কে আমাদের দ্বিতীয় যে প্রস্তাব নিয়ে আসা হয়েছে, সেটা নিয়ে একটু সমস্যা হচ্ছে। টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত মেট্রো রেলের প্রকল্প নিয়ে একটু সমস্যা দেখা দিয়েছে। রাইটস একটা সার্ভে রিপোর্ট তৈরি করেছে এবং সেই রিপোর্ট আমরা কেন্দ্রীয় সরকারকে দিয়েছি। আবার একটা সার্ভে রিপোর্ট তৈরি করতে হবে ওদের দিয়ে। আমাদের ৬০ ভাগ টাকা এরজন্য দিতে হয়েছে। ঐ রিপোর্ট আমরা করতে পারিনা, ওটা রাইটসকে দিয়ে করাতে হবে। কিন্তু মুশকিল হচ্ছে কেন্দ্রীয় সরকারের মধ্যে এখন টানাপোড়েন চলছে। কেন্দ্রীয় সরকার একবার বলছে এটা আরবান ডেভেলপমেন্টের আন্ডারে। তারা বললেন শহরের মধ্যে যে রেল লাইনগুলো সেটা আরবান ডেভেলপমেন্টের আন্ডারে, কিন্তু যখন আমরা তাদের কাছে যাচ্ছি, তারা বলছে আমরা এর মধ্যে নেই। তাদের মধ্যে এই টানাপোড়েন চলছে। রাইটস রিপোর্ট দেওয়ার জন্য নয় মাস সময় চেয়েছে। বালুরঘাট একলাখি রেল প্রকল্প বাস্তবায়িত করার জন্য পশ্চিমবাংলার দাবি নিয়ে ওরা দিল্লি গিয়েছিলেন। ওদের ভুলগুলি, ওদের পাপগুলি ওরা বুঝতে শিখেছে। আজকে পশ্চিমবাংলার এতগুলো রেল প্রকল্পের কী হবে? আমাদের কাছে বিভিন্ন সূত্রে সংবাদ আসছে সঠিক জানিনা ব্যান্ডেল-কাটোয়া রেল লাইন ইলেট্রিফিকেশনের জন্য যে দু'কোটি টাকা দেওয়া হয়েছে, সেই টাকাটা কঙ্কন রেলওয়ের জন্য সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে। হাওড়া-আমতা লাইনের জন্য যে টাকা দেওয়া হয়েছিল তা এবং হাওড়া-বর্ধমান-এর টেলিকম প্রোজেক্টের ফিফথ ফেজের জন্য সব টাকা নিয়ে যাওয়া হচ্ছে কঙ্কন রেলওয়ের জন্য। সমুদ্র উপকূলবর্তী একটা অঞ্চলে কঙ্কন রেলওয়ে হোক, তারজন্য আমরা ঈর্ষা করিনা, কিন্তু আমাদের কথা হচ্ছে এই যে রিপোর্টগুলি আসছে সেই ব্যাপারে রেলওয়ের পক্ষ থেকে কোনও উদ্যোগ নেওয়া হচ্ছে না কেন? বলুন আমাদের আন্দুল, বর্ধমানে তিন কোটি টাকা থাকবে, ব্যান্ডেল কাটোয়াতে ২ কোটি টাকা থাকবে, হাওড়া বর্ধমান টেলিকম প্রোজেক্টের পঞ্চম পর্যায়ের কাজ হবে। কিন্তু কেউ কোনও কথা বলছেন না। ধরা পড়ে গিয়েছেন নাকি? সৌগতবাবু, আপনি যদি আমাদের এ বিষয়ে আশ্বস্ত করেন যে, না এগুলি সব বাজে কথা, ঐ ২/৩ কোটি টাকা এখানেই খরচ হবে তাহলে আমরা খুশি হব। আমি

খালি আমাদের আশঙ্কার কথাটা এখানে বললাম। তারপর রাধিকাপুর থেকে বারসই পর্যন্ত যে মিটার গেজ লাইন, এটা নাকি তুলে দেওয়া হবে। রেল স্টেশন তুলে দেওয়া হবে। কেন তুলে দেওয়া হবে? অফিস নাকি নিয়ে যাওয়া হচ্ছে গৌহাটিতে? কেন এটা হবে? কাজেই একটার পর একটা লাইন যেটা আছে সেটা যদি তুলে দেওয়া হয় নতুন রেল লাইন করা ছাড়াও তাহলে সেটা খুবই সমস্যার ব্যাপার হয়ে দাঁড়ায়। এরপর আন্দোলন করা ছাড়া আর কি উপায় আছে? আজকে যে প্রস্তাব এসেছে সেই প্রস্তাব পাস হবার পর সবাই মিলে দিল্লি যাওয়া হবে কিন্তু দিল্লি থেকে আসার পর কিছু করবেন কিনা যথেষ্ট সন্দেহ আছে। দিল্লি যদি এইসব কাজগুলি করে তাহলে ভালই কিন্তু যদি না করে আন্দোলন করতে হবে এবং সেই আন্দোলনে ওরা আমাদের সামিল হবেন এই আশা করব। সৌগতবাবু বললেন, রেলের সঙ্গে আমাদের সামিল হবেন এই আশা করব। সৌগতবাবু বললেন, রেলের সঙ্গে পাল্লা দিয়ে আমি নাকি ভাড়া বাড়াচ্ছি। আমি বলব, রেলের সঙ্গে পাল্লা দিয়ে ভাড়া বাড়ানোর ক্ষমতা আমার নেই, তার থেকে অনেক কম আমি করেছি। এই বলে এই প্রস্তাবকে আবার সমর্থন করে, স্যার, আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[2-30 — 2-40 p.m.]

**শ্রী লক্ষ্মীকান্ত দে ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পশ্চিমবাংলার বিভিন্ন রেল প্রকল্প যা দীর্ঘদিন ধরে অবহেলিত হয়ে পড়ে আছে এবং যেগুলি অবিলম্বে অবশ্যই হওয়া উচিত বলে আমরা পশ্চিমবঙ্গ বিধানসভার সব পক্ষ মনে করি সেই প্রস্তাব আজকে এখানে উপস্থাপিত হয়েছে। পশ্চিমবাংলার মানুষের স্বার্থে এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে পাস করিয়ে এটা নিয়ে দিল্লিতে গিয়ে সবাই মিলে কেন্দ্রের কাছে দরবার করে যদি আমরা এটা বার করে আনতে পারি তাহলে আমার মনে হয় বিতর্কের চেয়ে সেটাই পশ্চিমবাংলার মানুষের স্বার্থে বেশি কাজ হবে। এখানে বিতর্কের সময় কয়েকটি ছোটখাট প্রশ্ন যা বোঝার ভুলের জন্য তোলা হয়েছে সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। বলা হচ্ছে, রেলের সম্পত্তি চুরি হচ্ছে জি.আর.পি'র দোষে। এটা জি.আর.পি'র ব্যাপার নয়, এটা আর.পি.এফের ব্যাপার। আমরা যারা রেলের কাজের সঙ্গে যুক্ত আছি আমরা এগুলি জানি। কাজেই এগুলি অবান্তর প্রশ্ন। রেলের সম্পত্তি রক্ষা করার দায়িত্ব রেলওয়ে অথরিটির, আমাদের নয়। এরপর আর একটি প্রশ্ন যেটি তোলা হয়েছে সে সম্পর্কে আমি বিতর্ক করার জন্য নয়, ভুল বোঝাবুঝির অবসানের জন্য কয়েকটি কথা বলছি। বলা হয়েছে, রেলের এখানে উন্নয়ন হচ্ছে না কোথাও কোথাও জমির জন্য আটকে আছে বলে। স্যার, আমাদের এই হাউসে যে প্রিভিলেজ কমিটি আছে সেই প্রিভিলেজ কমিটিতে রেলের জেনারেল ম্যানেজার উপস্থিত হয়ে বলেছিলেন যে, না, পশ্চিমবাংলায় এরকম কোনও জায়গা নেই যেখানে জমি অধিগ্রহণ হচ্ছে না বলে, জমি পাওয়া যাচ্ছে না বলে রেলের উন্নয়নের কাজ হচ্ছে না। আমাদের এখানে প্রিভিলেজ কমিটিতে জেনারেল ম্যানেজার একথা বলে গেছেন। রিপোর্টটা পেয়ে যাবেন। বিতর্কে লাভ কী, আসল বিষয়টা হচ্ছে কী করে পশ্চিমবাংলার স্বার্থ রক্ষা করা যায় তারজন্য যা করা উচিত তা করতে হবে। বিষয়টা হচ্ছে মেট্রো রেলের সেকেন্ড ফেজের জন্য টালিগঞ্জ থেকে গড়িয়া বেশি টাকা খরচ হবে বলা হয়েছে। এরজন্য বেশি টাকা খরচ হবে না। আমার বক্তব্য যে কথাগুলো উত্থাপন করা হয়েছে সকলে মিলে মিলিত ভাবে দিল্লিতে গিয়ে আদায় করে নিয়ে

আসতে হবে। বলা হয়েছে ভি.পি.সিং এর আমলে কেন দাবি করা হয়নি? ৭৮ সালে ভি.পি.সিং এর আমলে সর্বদলিয় কমিটি হয়েছে ফোর্থ মে, রেল সংক্রান্ত বিষয়ে প্রস্তাব উত্থাপিত হয়েছে ৭৯ সালে, ৮০ সালে তিনবার বিভিন্ন বিষয়ে আমরা নন-অফিশিয়াল প্রস্তাব উত্থাপিত। এইরকম ভাবে ৮৩ সালে উত্থাপিত হয়েছে, ৮৪ সালে উত্থাপিত হয়েছে, ৮৫ সালে উত্থাপিত হয়েছে, ৮৭ সাল, ৯০ সালে উত্থাপিত হয়েছে, ৯১ সালে তিনবার উত্থাপিত হয়েছে। ৯২-৯৩ সালে দুবার উত্থাপিত হয়েছে, আমি তখন চিফ হুইপ ছিলাম। আসল কথা হচ্ছে, আমরা মিলিত ভাবে বার বার প্রচেষ্টা করেছি। পশ্চিমবাংলার রেল ব্যবস্থা যে বঞ্চনা আছে, তা থেকে উদ্ধার পাবার জন্য। পশ্চিমবাংলার রেলের উন্নতির জন্য সকলে মিলে মিলিত ভাবে বার বার প্রস্তাব উত্থাপন করেছি। পশ্চিমবাংলার রেল ব্যবস্থা উন্নতি হোক, রেল লাইন হোক, কিছু ডবল লাইন হোক, ইলেকট্রিফিকেশন হোক, তারজন্য মিলিতভাবে প্রস্তাব করেছি। এবং কিছু কিছু জায়গায় গেছি কিন্তু কাজ কিছু এগোয়নি। আমরা সকলে মিলে ডেপুটেশনে গেছি, আমরা খুশি যে কংগ্রেসের পক্ষ থেকেও যারা গিয়েছিলেন তারা কথাবার্তা জোরের সঙ্গে বলেছিলেন। এইগুলো হওয়া উচিত। আমরা মূলত পশ্চিমবাংলার রেল প্রকল্পগুলো কি করে আদায় করে নিয়ে আসতে পারি সেটাই হচ্ছে বিবেচ্য বিষয়। আমরা একটা বিষয় এই প্রস্তাবের সঙ্গে যুক্ত করতে চাই যে স্ট্যানডিং কমিটি যা হয়েছে, সেই স্ট্যানডিং কমিটি রেল বাজেটকে বর্তমানে পরীক্ষা নিরীক্ষা করছে, স্ট্যানডিং কমিটির রিপোর্ট বার হবার পর পূর্ণাঙ্গ বাজেট ওখানে পাস হবে। সুতরাং আমাদের যে প্রস্তাব, সেই প্রস্তাবকে আমরা সেই স্ট্যানডিং কমিটির কাছে নিয়ে যেতে চাই, স্ট্যানডিং কমিটির কাছে পাঠাতে চাই যাতে তাদেরও ভাবনা চিন্তার মধ্যে বিষয়গুলো আসে এবং বাজেট কিছু ধরা হয়। আমরা সকলে মিলে একমত হয়ে যে প্রস্তাব এনেছি তারমধ্যে থেকে চার পাঁচটা প্রকল্পকে যাতে গুরুত্ব দিয়ে বিচার করে সেইগুলো যাতে বের করে নিয়ে আসা যায় তারজন্যই আজকে ১৮৫তে মোশন আনা হয়েছে। বিতর্ক আছে, বিতর্ক থাকবে। পশ্চিমবাংলার রেলের বিভিন্ন বিষয় বস্তু যেগুলো আনা হয়েছে তাতে একমত হয়ে পরবর্তীকালে ডেপুটেশনে যাওয়া হবে, আসুন আমরা সকলে মিলে ঐক্যবদ্ধ ভাবে আন্দোলন করি। অম্বিকাবাবু হাওড়ার লোক, উনি হয়ত জানেন — আমাদের হাওড়ার এক এম.এল.এ. আমাকে বললেন, 'ইন্দিরা গান্ধীর আমলে হাওড়া ময়দানে ফলক-টলক তৈরি হয়েছিল একটা রেল প্রকল্পের, এখন সেখানে সারমেয়রা যাচ্ছে। আমি এনিয়ে কোনও বিতর্কে যেতে চাই না। আমি শুধু আপনাদের কাছে আবেদন জানাচ্ছি — কেবল মাত্র ডেপুটেশনই নয়, আসুন পশ্চিমবাংলার মানুষের স্বার্থে আমরা এক হয়ে এ ব্যাপারে আন্দোলন গড়ে তুলি, যাতে পশ্চিমবাংলার রেল প্রকল্পগুলি দিল্লির কাছ থেকে আদায় করে নিয়ে আসতে পারি। এই কথা বলে প্রস্তাবটিকে সর্ব-সম্মত করার জন্য সকলের কাছে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Laksmi Kanta Dey that.

যেহেতু পশ্চিমবাংলার অর্থনৈতিক অগ্রগতির স্বার্থ সম্পর্কিত নিম্নলিখিত রেল প্রকল্পগুলি ১৯৯৪-৯৫ রেল বাজেটে অবহেলিত হয়েছে ঃ

(১) বালুরঘাট-একলাখি রেলপথ;

(২) দীঘা-তমলুক রেলপথ;

(৩) হাওড়া-আমতা ও হাওড়া-শিয়াখালা রেল লাইনের কাজ সম্পূর্ণ করা;

(৪) মেট্রো রেলের প্রথম পর্যায়ের কাজ ১৯৯৪ সালের মধ্যে শেষ করা, টালিগঞ্জ থেকে গড়িয়া পর্যন্ত সম্প্রসারিত করা এবং ২য় ও ৩য় পর্যায়ের কাজ অবিলম্বে শুরু করা;

(৫) চক্র রেল প্রিন্সেপ ঘাট থেকে মাঝেরহাট পর্যন্ত সম্প্রসারিত করা, ডাবল লাইন করা এবং বৈদ্যুতিকরণ করা;

(৬) বারাসত-হাসনাবাদ লাইনের বৈদ্যুতিকরণ করা;

(৭) বর্ধমান থেকে কাটোয়া লাইনকে মিটারগেজ লাইন থেকে ব্রডগেজ লাইনে পরিণত করা;

(৮) বাঁকুড়া থেকে দামোদর রেলপথকে মিটারগেজ থেকে ব্রডগেজ লাইনে পরিণত করা;

(৯) বনগাঁইগাঁও, শিলিগুড়ি ভায়া আলিপুরদুয়ার জংশনকে মিটারগেজ থেকে ব্রডগেজে পরিণত করা এবং আলিপুরদুয়ার জংশনে ডিজেল লোকোমোটিভ শেড স্থাপন করা;

(১০) রাধিকাপুর থেকে বারসই পর্যন্ত রেলপথকে মিটার গেজ থেকে ব্রড গেজ করা

(১১) ব্যান্ডেল থেকে কাটোয়া ডাবল লাইন করা;

(১২) বারাসত-বনগাঁ ডাবল লাইন করা;

(১৩) নিউ জলপাইগুড়ি থেকে দার্জিলিং পর্যন্ত হিমালয়ান রেলপথের আধুনিকীকরণ করা;

(১৪) মেদিনীপুর থেকে আদ্রা পর্যন্ত রেলপথের বৈদ্যুতিকরণ; এবং

(১৫) বারুইপুর-লক্ষ্মীকান্তপুর, বারুইপুর-ডায়মণ্ডহারবার ও সোনারপুর-ক্যানিং ডাবল লাইন করা; এ ছাড়া

পশ্চিমবাংলায় অবস্থিত কারখানাগুলিতে প্রতি বছরে ২৫ হাজার রেল ওয়াগনের অর্ডার দেওয়ার ব্যবস্থা সুনিশ্চিত করার বিষয়টিও অবহেলিত হচ্ছে;

অতএব এই সভা পশ্চিমবঙ্গ সরকারের মাধ্যমে রেলমন্ত্রক ও যোজনা কমিশনের কাছে দাবি করছে যে—এই বছরের মধ্যে দ্রুততার সঙ্গে উপরিউক্ত প্রকল্পগুলি বাস্তবায়িত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হোক এবং পশ্চিমবাংলায় অবস্থিত কারখানাগুলিতে বছরে ২৫ হাজার রেল ওয়াগনের অর্ডার দেওয়ার ব্যবস্থা সুনিশ্চিত করা হোক।

was then put and agreed to.

**শ্রী সৌগত রায় :** স্যার, শ্যামলবাবু আছেন, আমি এক মিনিট একটা কথা আপনাকে জানাই। স্যার, আজকে হঠাৎ করে উনি এখানে বাসের ভাড়া, ট্রামের ভাড়া, ফেরির ভাড়া বাড়িয়ে দিলেন এবং ট্যাক্সির ভাড়াও বাড়িয়ে দিলেন। ভাড়া বৃদ্ধির কথা তিনি আজকে হঠাৎ এখানে ঘোষণা করলেন। অথচ গতকাল বাজেটে কোনও ইন্ডিকেশন ছিল না যে ভাড়া বৃদ্ধি হচ্ছে। ওর ঘোষণায় যেটা আমরা দেখছি তা হচ্ছে কলকাতা শহরে বাসের বিভিন্ন স্টেজে ২০ পয়সা থেকে ৩০ পয়সা ভাড়া বৃদ্ধি পাচ্ছে এবং পরবর্তী পর্যায়ে ১০% ভাড়া বাড়ছে। ট্রামের ভাড়া ২০ পয়সা বেড়েছে। ফেরির ভাড়া বেড়েছে। এই ভাড়া বৃদ্ধির ফলে ইতিমধ্যেই প্রচন্ড বিক্ষোভ শুরু হয়েছে। একটু আগে আমি দেখলাম বিধানসভার বাইরে একটা বামপন্থী দলের কর্মিরা যারা রাজ্যসভার নির্বাচনে বামফ্রন্ট প্রার্থিকে ভোট দিয়েছিল বিক্ষোভ প্রদর্শন করছিল এবং তাদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হল। মাননীয় মন্ত্রী বিধানসভায় কোনও আলোচনা না করে, বিধানসভাকে এড়িয়ে স্টেটমেন্ট করলেন। এতে বিধানসভার সম্মান এবং প্রিভিলেজ নষ্ট হল। তারপর সব জেলায় ভাড়া না বাড়িয়ে এখন মাত্র চারটে জেলায় ভাড়া বাড়ানো হচ্ছে পরে অন্য জেলায় কত বাড়বে তার ঠিক নেই। আমি ওকে অনুরোধ করছি, উনি ওর সিদ্ধান্ত পুনর্বিবেচনা করুন। নাহলে ইতিমধ্যেই বাইরে গোলমাল শুরু হয়েছে, আরও গোলমাল হলে তখন আমরা দায়ী থাকব না। মাননীয় মন্ত্রী বামফ্রন্টের সিদ্ধান্ত আমাদের ওপর চাপিয়ে দিলেন। এর ফলে যে বিক্ষোভ হবে সে বিক্ষোভ আপনারা আটকাতে পারবেন না। বাস ভাড়া যেভাবে বাড়ানো হয়েছে তাতে মানুষের তীব্র প্রতিবাদ আছে, আমরাও প্রতিবাদ করছি। বিধানসভার বাইরে প্রতিবাদ চলছে। এটাই আমি জানাচ্ছি।

(গোলমাল)

**Mr. Deputy Speaker :** Now I call upon Shri Kripa Sindhu Saha to move his motion under rule 185.

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল :** স্যার, আমাকে বলার সুযোগ দিতে হবে। ভন্ড প্রতারকের দল সমস্ত জিনিস-পত্রের দাম বাড়িয়ে দিয়ে এখন এখানে ঐসব বলছে। আপনি ওদের বলতে দেবেন না!

(গোলমাল)

**শ্রী মহঃ নিজামুদ্দিন :** ৬২০০ কোটি টাকার একজিকিউটিভ অর্ডারে জিনিসের দাম বাড়িয়েছে পার্লামেন্টকে বাই পাশ করে। ..........

[2-40 — 2-50 p.m.]

(গোলমাল)

(এই সময় কংগ্রেসের মাননীয় সদস্যগণ উচ্চৈস্বরে চিৎকার করে বলতে থাকেন শূয়োরের বাচ্চা বলল, ওকে গ্রেপ্তার করুন, ওকে বের করে দিন, এই কথা প্রত্যাহার করতে হবে ইত্যাদি)

**মিঃ ডেপুটি স্পিকার :** ওই কথা প্রসিডিংস থেকে বাদ যাবে। মাননীয় সদস্য যারা

আছেন, তারা কোনও অসংসদীয় কথা ব্যবহার করবেন না। কৃপাসিন্ধুবাবু আপনার মোশন মুভ করুন।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মিঃ ডেপুটি স্পিকার, স্যার, আমি আমার প্রস্তাব মুভ করছি।

(তুমুল গোলমাল)

(এই সময় মাননীয় কংগ্রেস সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়কে মাননীয় ডেপুটি স্পিকারের মাইক এবং লাইট টেবিল থেকে ফেলে দিতে দেখা যায়)

(তুমুল গোলমাল)

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, উনি বলেছেন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ নিজামুদ্দিন, আপনি কি এই কথা বলেছেন?

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** স্যার, আপনি রেকর্ড দেখে নিন, আমি এই কথা বলিনি।

(তুমুল গোলমাল)

(এই সময় মাননীয় কংগ্রেস সদস্যগণ চিৎকার করে বলতে থাকেন "উনি বলেছেন")

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** উনি বলছেন, এই কথা বলেন নি। আপনারা বসুন। ডাঃ আবেদিন আপনি কি বলছেন বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** আমি সমস্ত শুনেছি।

If he has the courage, let him say that he has said it. If he does not have the courage, Let him say that he has not said it. এখানে রেসপনসিবল মিনিস্টার আছেন, আপনাদের মেম্বার এই ভাষা ব্যবহার করেছে। এর পরেও যদি হাউস চলে তাহলে আমাদের পক্ষে হাউস চলতে দেওয়া সম্ভব নয়। either he will have to deny and say that he has not said this or he will have to apoligies.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি কি এই কথা বলেছেন?

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** আমি খুনির দল বলেছি, এর বেশি কিছু বলিনি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনি যদি বলেন, তাহলে এই কথা প্রত্যাহার করুন।

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** আমি বলিনি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** উনি বলছেন, বলেন নি। মাননীয় সদস্য যদি বলেন, আমি বলিনি, তাহলে আমি রেকর্ড দেখব।

(নয়েজ)

একজন মাননীয় সদস্য বলছেন যে উনি বলেন নি। হাউসে যদি আপনারা চান তাহলে আমি রেকর্ড দেখব। মিঃ নিজামুদ্দিন, আপনি যে কথা বললেন, মাইকে বলে দিন যে, এই

কথা বলেন নি।

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** স্যার, আমি খুনির দল বলেছি, এ ছাড়া আর কিছু বলিনি। আমি খুনির দলকে খুনি বলেছি। স্যার, আমি বলেছি গতকাল সকালবেলা খুন করার জন্য লোক পাঠিয়েছিল — তার বাইরে কিছু বলিনি। খুনির দলকে খুনি বলেছি, এর বাইরে কিছু বলিনি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মিঃ কৃপাসিন্ধু সাহা, আপনার প্রস্তাব মুভ করুন।

(ভীষণ গোলমাল)

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** স্যার, আমি মোশন ১৮৫ মুভ করছি। স্যার, আপনি জানেন, ১৯৮৯ সালের ৯ই মে, এই জাতীয় প্রস্তাব আমরা গ্রহণ করেছিলাম;

(তুমুল গোলমাল)

**(ভয়েস ঃ কংগ্রেস বেঞ্চ - স্যার, ওকে ক্ষমা চাইতে হবে।)**

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** উনি বলছেন যে, উনি বলেন নি, এই কথা রেকডের্ড হল। এর পরেও আপনারা কি বলতে চান — এটা যদি আপনারা বিশ্বাস না করেন, মাননীয় সদস্যের স্টেটমেন্টে যদি বিশ্বাস না করেন তাহলে আমি রেকর্ড দেখে ব্যবস্থা গ্রহণ করব।

(তুমুল গোলমাল)

**(এই সময়ে কংগ্রেস দলের মাননীয় সদস্যগণ সভাকক্ষ ত্যাগ করেন।)**

[2-50 — 3-00 p.m.]

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** স্যার, অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, অনেক আনরেকর্ড জিনিস থাকে। এর আগে যখন সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় বিরোধী দলের নেতা ছিলেন, আপনি জানেন এসপ্ল্যানেড ইস্টে উনি আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীকে উদ্দেশ্য করে শূয়োরের বাচ্চা বলেছিলেন। এখন যিনি মাননীয় বিরোধী দলের নেতা তিনি আমাকে রাসকেল বলেছেন, রেকর্ডে আছে। অনেক সময় অনেকের কথা আনরেকর্ডেড থেকে যায়, কিন্তু অশালীন কথার আমরা বিরোধিতা করি। তারমধ্যে দেখা গেছে, ওরা আপনার চেয়ার, লাইট ভাংচুর করেছেন। এটা কি ঠিক হয়েছে?

...(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন)...

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্রথমে আমি ওকে জিজ্ঞাসা করেছি যে, উনি ঐকথা বলেছেন কিনা, কিন্তু উনি বলেছেন - 'আমি বলিনি।' এটা রেকর্ডেড হয়েছে। এরপর আমি টেপ দেখব, শুনব। যদি টেপে ঐ কথা রেকর্ডেড হয়ে থাকে তাহলে বিধানসভার আইন অনুযায়ী টেপের রেকর্ডেড ঐ অংশ সম্বন্ধে যা ব্যবস্থা গ্রহণ করবার সেটা হাউস গ্রহণ করবেন। নাউ শ্রী কৃপাসিন্ধু সাহা, আপনি বলুন।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, ১৮৫-র মোশন আমি মুভ করছি।

যেহেতু ৯ই মে, ১৯৮৯ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভা কলিকাতা বিমানবন্দরের নাম 'নেতাজী সুভাষচন্দ্র বসু বিমানবন্দর' এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম 'সিরাজউদৌল্লা দুর্গ' রাখার বিষয়ে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিল;

যেহেতু এই সভায় গৃহীত প্রস্তাব দুটি কার্যকর করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রককে অনুরোধ জানানো হয়েছিল;

যেহেতু উক্ত প্রস্তাব গ্রহণের পর চার বছরের অধিককাল অতিবাহিত হওয়া সত্ত্বেও কলকাতা বিমানবন্দরের নাম 'নেতাজী সুভাষচন্দ্র বসু বিমান-বন্দর' এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম 'সিরাজউদৌল্লা দুর্গ' করার বিষয়ে কোনও কার্যকর ব্যবস্থা এখনও গ্রহণ করা হয় নি;

যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত উক্ত দুটি গুরুত্বপূর্ণ সর্বভারতীয় সংস্থা এই রাজ্যের দুই ইতিহাস-প্রসিদ্ধ ব্যক্তিত্বের নামে নামাঙ্কিতকরণের মধ্য দিয়ে তাদের প্রতি যথাযথ সম্মান-প্রদর্শন করা সম্ভব;

অতএব উপরিউক্ত দুটি বিষয়ে সত্বর প্রয়োজনীয় সিদ্ধান্ত ঘোষণার বিষয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রকের সঙ্গে আলোচনার জন্য এই সভা একটি সর্বদলিয় প্রতিনিধিদল দিল্লিতে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করছে।

আবার এই মোশনটা কেন মুভ করছি সেই প্রশ্নটা থেকে যায়। আমরা কয়েক জন মিলে ১৯৭৯ সালের ৯ই মে দমদম এয়ারপোর্টকে নেতাজী সুভাষচন্দ্র এয়ারপোর্ট এবং ফোর্ট উইলিয়ামকে সিরাজউদ্দৌলা দুর্গ করবার জন্য প্রস্তাব এনেছিলাম এবং তা এখানে গৃহীত হয়েছিল। প্রস্তাবে ছিল 'ভারতের স্বাধীনতা সংগ্রামে নেতাজী সুভাষচন্দ্র বসুর দেশপ্রেম এবং অন্যান্য সংগ্রামী অবদানের কথা গভীর আনুগত্যের সাথে স্মরণ করে এই সভা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি জানাচ্ছে যে, কলকাতা বিমানবন্দরের নাম নেতাজী, সুভাষচন্দ্রের নাম অনুযায়ী নামকরণ করে তার প্রতি যথাযথ শ্রদ্ধা জ্ঞাপন করা হোক।'

ফোর্ট উইলিয়মের ব্যাপারে আমাদের প্রস্তাব ছিল — 'বাংলার শেষ স্বাধীন নবাব সিরাজদ্দৌলার বীরত্বপূর্ণ সংগ্রাম ইংরেজদের সম্পূর্ণ পর্যদুস্ত করে কলকাতায় ইংরেজদের দুর্গ দখল করে যে শৌর্য ও বীর্যের পরিচয় দিয়েছেন এবং ইংরেজদের বিরুদ্ধে স্বাধীনতার ঐ সংগ্রামে দেশের মানুষের মধ্যে ভবিষ্যতের জন্য যে প্রেরণা সৃষ্টি করেছেন সেজন্য এই সভা তার স্মৃতির প্রতি শ্রদ্ধা এবং দেশবাসীর কৃতজ্ঞতা প্রকাশের নিদর্শন হিসাবে বর্তমান ফোর্ট উইলিয়ম দুর্গকে সিরাজদ্দৌলা দুর্গ নামে অবিহিত করার জন্য রাজ্য সরকারের মারফত কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানাচ্ছেন।'

মিঃ ডেপুটি স্পিকার স্যার, অত্যন্ত আশ্চর্যের বিষয়, প্রায় পাঁচ বছর হতে চলল, কিন্তু কেন্দ্রীয় সরকার ঐ ব্যাপারে কোনওরকম দায়িত্ব গ্রহণ করলেন না। সেজন্য আজকে আবার নতুন করে এই প্রস্তাব এনেছি। এখন আর কিছু বলছি না। সবার শেষে আমি আমার বক্তব্য রাখব।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে কংগ্রেস যেরকম ব্যবহার

করলেন তার আমি তীব্র নিন্দা করছি। ওরাও যেসব খারাপ কথা এখানে ব্যবহার করেছেন সেসব আপনি দেখবেন এবং সেগুলিও এক্সপাঞ্জ করতে হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৮৯ সালে পশ্চিমবঙ্গ বিধানসভা থেকে কলকাতা বিমান বন্দরের নাম নেতাজী সুভাষচন্দ্র বসু বিমান বন্দর এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম সিরাজদ্দৌলা দুর্গ রাখার জন্য যে প্রস্তাব গ্রহণ করা হয়েছিল, আমি তার একজন মুভার ছিলাম। এই ব্যাপারে আজকে ৫ বছর ধরে কেন্দ্রীয় সরকার নীরব। এখন বিষয়টা হচ্ছে যে আমরা কাদের কাছে আবেদন করছি। কেন্দ্রে এমন একটা বধির সরকার, দেশোদ্রোহী সরকার বসে আছে, যাদের কাছে দেশপ্রেমের কোনও মূল্য নেই, কোনও মর্যাদা নেই। সেজন্য আজকে আবার আমাদের এই প্রস্তাব নিতে হচ্ছে। আমি জানিনা কেন আমাদের রাজ্য সরকারকে তারা বারবার সমস্ত ব্যাপারে বঞ্চিত করছেন? আপনারা জানেন যে তামিলনাড়ুতে একদিকে আন্নাদুরাই বিমান বন্দর করা হয়েছে, আর একদিকে কামরাজের নামে কামরাজ বিমান বন্দর করা হয়েছে। দিল্লিতে পালাম বিমান বন্দরের নাম পরিবর্তন করে ইন্দিরা গান্ধী বিমান বন্দর করা হয়েছে এবং তার একটা আন্তর্জাতিক ভূমিকা আছে। কিন্তু আমাদের এই বিধানসভা প্রাক-স্বাধীনতার সময় থেকে রয়েছে। স্বাধীনোত্তরকালের পরে অনেক মনীষী এই বিধানসভা অলঙ্কৃত করেছেন, এই সভার মর্যাদা তারা বাড়িয়ে দিয়েছেন। সেই সভা থেকে আমরা যে সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম এবং কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছিলাম, তার মূল্য কেন্দ্রীয় সরকার দিলেন না। আমি দাবি করছি যে এই ব্যাপারে অবিলম্বে আমাদের মুখ্যমন্ত্রী একটা উদ্যোগ গ্রহণ করুন এবং এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন যাতে অবিলম্বে আমাদের এই দাবি যাতে বিবেচিত হয়। আমার দ্বিতীয় কথা হচ্ছে, এই যে ফোর্ট উইলিয়াম হু ইজ ফোর্ট উইলিয়াম? স্বাধীনতার এত বছর পরেও এই যে বিয়ার্লি সাহেব, তার কাছে শ্রমিকরা চড়, কিল খাচ্ছে। এখন কেন্দ্রীয় সরকার সাদা চামড়ার কাছে আত্মসমর্পণ করে আছে। আজকে ডাংকেল প্রস্তাবের মধ্যে দিয়ে সেটা আবার প্রমাণিত হল। সাদা চামড়া দেখলে তাদের মনে নূতন করে জাগরণ, আলোড়নের সৃষ্টি হয়। কেন এটা হবেনা? বাংলা-বিহার, উড়িষ্যার শেষ স্বাধীন নবাব, সিরাজদ্দৌলা, তার ত্যাগ, তিতিক্ষা, শৌর্য, বীর্য, তার মর্যাদা কেন পাবেনা? কেন তার নামকরণে এটা করতে পারছেন না? আজকেও তারা সেই ইংরাজের পদাঙ্ক অনুসরণ করে চলেছেন। সেজন্য এই দাবি আজকে কেন্দ্রীয় সরকারের কাছে জানাতে হবে। আজকে বিধান সভা থেকে সর্বসম্মতভাবে যে দাবি উত্থাপন করা হয়েছে, তা যাতে অবিলম্বে মেনে নেওয়া হয় সেজন্য আমি দাবি করব। সেই সঙ্গে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যে তিনি যেন এই বিষয়টা দেখেন এবং এই সম্পর্কে উদ্যোগ গ্রহণ করেন। আজকে সর্বদলীয় যে প্রস্তাব উত্থাপন করা হয়েছে, আমি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[3-00 — 3-10 p.m.]

**শ্রী দিলীপ মজুমদার :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যে প্রস্তাব এখানে উত্থাপন করা হয়েছে, সেই প্রস্তাব ১৯৮৯ সালের মে মাসে এই বিধান সভায় উত্থাপিত হয়েছিল এবং প্রস্তাবকের মধ্যে আমিও একজন ছিলাম। এই সভায় দলমত নির্বিশেষে সকলে প্রস্তাবের উপরে আলোচনা করে এই প্রস্তাব সর্বসম্মতভাবে গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের কাছে

পাঠানো হয় অনুমোদনের জন্য। প্রায় ৫ বছর হতে চলেছে কিন্তু এখনও পর্যন্ত এই বিধান সভার সর্বসম্মত প্রস্তাবটি কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেলনা। এই বিধানসভা হচ্ছে আমাদের রাজ্যের সংসদিয় গণতন্ত্রের শ্রেষ্ঠ পীঠস্থান এবং রাজ্যের মানুষের আশা-আকাঙ্খার প্রতীক, সমস্ত কিছুর প্রতিফলন ঘটে এই বিধানসভায়। এই বিধানসভার প্রতি মানুষের যে শ্রদ্ধা, আস্থা সেটা টিকিয়ে রাখা দেশের প্রত্যেকটি মানুষের কর্তব্য এই বিশেষ করে কেন্দ্রীয় সরকারের যারা আজকে ক্ষমতায় আছেন, প্রশাসন চালাচ্ছেন, দেশের গণতন্ত্রকে রক্ষা করার দায়বদ্ধতা তাদের পক্ষে আরও বেশি গুরুত্বপূর্ণ। কিন্তু দুঃখের বিষয়, আমরা দেখছি যে বিধানসভার থেকে পাস করা এইরকম প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর পরে সেগুলি হয় উপেক্ষা করা হচ্ছে, না হয় অগ্রাহ্য করা হচ্ছে, কিংবা কোনও কিছু বক্তব্য না বলে চুপচাপ তারা বসে থাকছে। এর ফলে জন-মানসে একটা খারাপ প্রতিক্রিয়া তৈরি হচ্ছে। বিধানসভাগুলির যে সম্মান ইত্যাদি আছে মানুষের কাছে তার আর কোনও মূল্য শেষ পর্যন্ত থাকছে না। আমি বলতে চাই যে নেতাজী সুভাষচন্দ্র বোসকে শ্রদ্ধা জানাবার জন্য আমাদের অনেক কিছু করা উচিত। কলকাতা বিমান বন্দরের নাম নেতাজীর নামে করার জন্য আমরা এই বিধানসভা থেকে প্রস্তাব আকারে ৪ বছর আগে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাই। কিন্তু কেন্দ্র সেই সম্মান নেতাজীর প্রতি দেখান নি। তারপর ইংরেজদের বিরুদ্ধে স্বাধীন নবাব সিরাজদ্দৌলা সংগ্রাম করেছিলেন এবং কলকাতা পর্যন্ত ইংরাজদের তাড়িয়ে এনেছিলেন। সেখানে ইংরাজদের তৈরি বে-আইনি দূর্গ ভেঙে দিয়েছিলেন। তারপর ইংরাজরা তার পাশে একটা দূর্গ তৈরি করেছিল, সেটাই এখন ফোর্ট উইলিয়াম দূর্গ হিসাবে পরিচিত। নবাব সিরাজদ্দৌলা ইংরাজদের বিরুদ্ধে সংগ্রাম করেছিলেন। সেই সংগ্রাম পরবর্তীকালে ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের ক্ষেত্রে মানুষকে উজ্জিবিত করেছে। তার প্রতি সম্মান প্রর্দশন করার ক্ষেত্রে কেন্দ্র অগ্রাহ্য করেছে। ফোর্ট উইলিয়ামের নাম তারা বহাল করে রেখে দিয়েছেন। উইলিয়াম কে? তিনি ইংলন্ডের একজন রাজা। আমাদের দেশের মানুষের সঙ্গে তার কোনও সম্পর্ক নেই, তাদের সঙ্গে আমাদের বৈরীতার সম্পর্ক। উইলিয়ামের নামে যত দিন ফোর্ট উইলিয়ামের নামকরণ থাকবে ততদিন সেটা আমাদের কাছে পরাধীনতার চিহ্ন হিসাবে থাকবে। আমরা চিঠি পেয়েছি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উইলিয়ামের নাম পরিবর্তন করে কোনও লাভ হবে না। ২৯শে নভেম্বর ১৯৮৯ সালে চিঠি দিয়ে বলেছেন, সেই চিঠির নাম্বার হল ৩২।৩৮।৮৯ এল.আই.ভি গভর্নমেন্ট অফ ইন্ডিয়া, ডিপার্টমেন্ট অফ কালচার, সেই চিঠিতে তারা বলছেন ফোর্ট উইলিয়াম নামকরণ রাখার যুক্তি আছে। এর মধ্যে তারা বিভিন্নরকম কারণ দেখিয়েছেন। তার মধ্যে একটা হল একটা মিলিটারি গ্রান্ডার উইলিয়াম নামের মধ্যে একটা শব্দ ঝংকার আছে, সিরাজদ্দৌলা নামের মধ্যে সেই শব্দ ঝংকার নেই। আর একটা বলেছেন ফোর্ট উইলিয়াম has a special place in the psyche and History of Calcutta and the country. ফোর্ট উইলিয়াম, মানুষের মনের মধ্যে যথেষ্ট স্থান অধিকার করে আছে। ভাবুন, ফোর্ট উইলিয়াম মানুষের মনের মধ্যে যথেষ্ট স্থান অধিকার করে আছে, সিরাজদ্দৌলা নেই! স্বাধীন ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা এই জবাব পেয়েছি! এর চেয়ে লজ্জা এবং ঘৃণার আর কি থাকতে পারে? মিরজাফর, যিনি সিরাজের বিরুদ্ধে ইংরেজের পক্ষ নিয়েছিলেন, সিরাজের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছিলেন মিরজাফর একজন বিশ্বাসঘাতকতার প্রতীক সেই মিরজাফরের হাজারদুয়ারির রক্ষার জন্য কেন্দ্রীয় সরকার টাকা ব্যায় করছে।

সিরাজদ্দৌলার নামকরণ করার ব্যাপারে কেন্দ্রীয় সরকার যে যুক্তি দিয়ে আমাদের কাছে চিঠি দিয়েছে, পশ্চিমবঙ্গ সরকারের কাছে চিঠি পাঠিয়েছে এবং বিধানসভার কাছে চিঠি পাঠিয়েছে তাতে শুধু আমাদের এই বিধানসভার অপমান নয়, আমাদের রাজ্যের অপমান। আমাদের রাজ্যে যারা স্বাধীনতা সংগ্রামী আছেন তাতে তাদের অপমান, স্বাধীনতা সংগ্রামের অপমান। এই যে অপরাধ কেন্দ্রীয় সরকার করছেন, তারা আর যেন এই অপরাধ না করেন। আমরা যেটা প্রস্তাব আকারে পাঠাচ্ছি, আমরা যেভাবে নামকরণ করতে বলছি অতি সত্বর সেই ভাবে নামকরণ করে আমাদের দেশের মানুষকে জানান এবং আমাদের এই বিধানসভাকে জানিয়ে আশ্বস্ত করুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** (এই সময় মাননীয় সদস্য শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন না)

**শ্রী সুভাষ গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে নতুন করে পুরনো দুটি প্রস্তাব আমাদের আবার এখানে আনতে হচ্ছে, কলকাতা বিমান বন্দরের নামকে নেতাজীর নামে নামকরণ এবং ফোর্ট উইলিয়ামকে সিরাজদ্দৌলা নামে নামকরণ করার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এগুলো এমনই প্রস্তাব, এমন লোকের নামে এগুলো উৎসর্গ করতে চাওয়া হয়েছে যা নিয়ে কোনও বিতর্ক নেই, সব দলের প্রস্তাব এটি। কিন্তু দুঃখের বিষয়, দুর্ভাগ্যের বিষয় পাঁচ বছরের ব্যবধানেও কেন্দ্রীয় সরকারের তরফ থেকে এই ধরনের কোনও উদ্যোগ দেখা গেল না। আমরা প্রথম থেকেই এটা লক্ষ্য করে আসছি, যে নেতাজীর দেশপ্রেমের কোনও তুলনা নেই, যার স্বার্থত্যাগের কোনও তুলনা নেই, সারা দেশবাসী যার নাম এক কথায় স্মরণ করেন, যার নামে দেশবাসী শ্রদ্ধায় মাথানত করেন, আমাদের দেশের সরকার কিন্তু সেই নেতাজীকে সব সময়ে একটু আড়াল করতে, একটু উপেক্ষা করতে, একটু ব্লাক আউট করার চেষ্টা করে আসছেন সব সময়েই নেতাজীকে ছোট করে দেখানো, এটা চিরাচরিত ভাবেই কেন্দ্রীয় সরকার অনুসরণ করে আসছে। তাছাড়া, এর আর কী কারণ থাকতে পারে? এই প্রস্তাব রূপায়ণের জন্য যে কোনও বিরাট আর্থিক ইনভলভমেন্ট আছে তা নয়, হাইকোর্টের রায়ের অবমাননার বিষয় আছে, তা নেই। কোনও বিতর্কও নেই। তা সত্ত্বেও প্রস্তাবগুলি আজ চার-পাঁচ বছর ধরে ঝুলে আছে। এর কোনও ব্যাখ্যা পাওয়া যায় না। এটি শুধু বিধানসভার একটি প্রস্তাব বললে ভুল হবে। আমাদের গোটা রাজ্য তথা গোটা দেশবাসীর কাছে এটি প্রত্যাশা যে নেতাজীকে উপযুক্ত সম্মান দেওয়া হোক। তার যে ভূমিকা দেশের স্বাধীনতা সংগ্রামে, সেই ভূমিকাকে উপযুক্ত স্বীকৃতি দেওয়া হোক। কিন্তু অত্যন্ত ক্ষোভের সঙ্গে, দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করছি যে, কেন্দ্রীয় সরকার, দেশের সরকার তার ভূমিকাকে ঠিক স্বীকৃতি দিতে চাইছেন না। তারা সব সময়ে এই জননায়ককে খাটো করে, ছোট করে দেখানোর চেষ্টা করে আসছেন, তার ভূমিকাকে আড়াল করার চেষ্টা করে আসছেন। তাই এই ক্ষোভের কথা। তাদের আর একবার জানিয়ে দেবার দরকার আছে যে, আমরা এটিকে ভালভাবে নিতে পারছি না। কেন্দ্রীয় সরকারের যে এ সম্পর্কে নীরব ভূমিকা, সেই ভূমিকার পরিবর্তন করতে হবে। তারা এটিকে কেন গ্রহণ করতে চাইছেন না, কিসের তাদের অনীহা তা জানাতে হবে। এতে তাদের যদি আপত্তি থাকে, ভিন্ন মত প্রকাশ করে থাকেন সেটা আমাদের জানা দরকার। দেশের একজন নাগরিক হিসাবে, এই রাজ্যের মানুষ হিসাবে এটি জানার নিশ্চয়ই দরকার

আছে। এই প্রস্তাব কার্যকর করার ক্ষেত্রে বাধা কোথায়? এটি যদি না হয় তাহলে বুঝতে হবে যে তারা একজন স্বাধীনতা যোদ্ধাকে উপেক্ষা করে আসছেন। দেশের মানুষ এটি বরদাস্ত করবেন না, আমরাও বরদাস্ত করব না। তাই এই প্রস্তাবকে আমি আর একবার সমর্থন করছি। এই প্রস্তাবটি যাতে কেন্দ্রীয় সরকারের দরবারে পেশ করা হয় এবং তাদের কাছ থেকে যেন জানতে চাওয়া হয় তারা এটি গ্রহণ করছেন কিনা, যদি গ্রহণ না করেন তাহলে দয়া করে দেশের মানুষের কাছে তারা যেন বুঝিয়ে বলেন, এই কথা বলে আমাদের দলের পক্ষ থেকে এই প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 p.m.]

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৮৫ নং ধারার অধীনে কলকাতা বিমান বন্দরের নাম 'নেতাজী সুভাষচন্দ্র বসু বিমান বন্দর' এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম' সিরাজদ্দৌলা দুর্গ রাখার বিষয় সর্বসম্মতি প্রস্তাব গ্রহণ করেছিল সেই প্রস্তাব আবার এসেছে এবং তাকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শুরু করছি। কেন্দ্রীয় সরকার নেতাজীর মতো মনীষীর সম্পর্কে যে ধ্যানধারণ পোষণ করেন তাতে আমাদের দুঃখ লাগে। নেতাজী সুভাষচন্দ্র বসু যিনি এক সময়ে বৃটিশের বিরুদ্ধে লড়াই করে দেশকে স্বাধীন করার চেষ্টা করেছিলেন তার সম্পর্কে এই ধরনের আচরণ খুবই খারাপ। আমরা দেখেছি পন্ডিত নেহেরুর আমল থেকেই দীর্ঘদিন হয়েছে ১৯৮৯ সাল অবধি, যখন এই প্রস্তাব গ্রহণ করা হয়েছিল তখন পর্যন্ত যেন একটা উন্নাসিকতার পরিচয় দিয়ে এসেছে। তারপরে সিরাজদ্দৌলা যিনি বাংলা বিহারের একছত্র সম্রাট ছিলেন, দেশকে রক্ষা করার জন্য যিনি প্রাণপণ লড়েছিলেন, কিন্তু বিশ্বাসঘাতক মীরজাফর এবং উমিরচাঁদের জন্য যাকে শেষ পর্যন্ত পরাজিত হতে হল, তার নামে ফোর্ট উইলিয়ামের নামাঙ্কিত করা হোক এই আমাদের দাবি। এই দুই দেশপ্রেমিক তাদের জীবন দিয়ে দেশকে রক্ষা করার চেষ্টা করেছিলেন। বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে আমাদের মোঘল সাম্রাজ্যবাদের শেষ সম্রাট মাতৃভূমিকে রক্ষা করার জন্য নিজেকে আত্মবলী দিয়েছিলেন। নেতাজীর প্রতি যে কেন্দ্রীয় সরকারের উন্নাসিকতা তা আমরা নেহেরুর আমল থেকেই লক্ষ্য করেছি। তাই দীর্ঘদিন ধরে পার্লামেন্টের সেন্ট্রাল হলে স্বাধীনতার ৪৭ বছর পরে ছবি টাঙানো হয়েছে। আজকে বিধানসভাতে দিলীপবাবুও প্রস্তাবের উপরে বক্তব্য রেখেছেন। এই প্রস্তাবের মুভার কে সেটা বড় কথা নয়, কিন্তু প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছিল। নেতাজীর নামে কলকাতা বন্দর এবং সিরাজদ্দৌলার নামে ফোর্ট উইলিয়াম হোক এই প্রস্তাব এখান থেকে কংগ্রেসি এবং আমরা সবাই মিলে নিয়েছিলাম। আমাদের ভাবতে খুব খারাপ লাগে যে সিরাজদ্দৌলা যিনি বৃটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করেছিলেন, যাকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা উচিত, যাকে আগামী প্রজন্মের কাছে স্মরণীয় করে রাখা উচিত। তার কিছুই হচ্ছে না। যিনি একদা ওই মাটিতে দাঁড়িয়ে লড়াই করেছিলেন কিন্তু বিশ্বাসঘাতকতার ফলে পেরে উঠেন নি। সেই ফোর্ট উইলিয়ামের নাম সিরাজদ্দৌলা নামে করা হোক এবং কলকাতা বিমান বন্দর নেতাজী সুভাষ বসুর নামে করা হোক। এতে ভারত সরকারের কাছে কংগ্রেসিরা এবং আমরা সবাই মিলে যাতে আল্টিমেটাম দিই সেটা দেখতে হবে। এই প্রস্তাব যখন গৃহীত হয়েছিল তখন সপক্ষে সবাই সাক্ষর করেছিলাম। সুতরাং আবার এই প্রস্তাব যাতে অবিলম্বে কার্যকর করা হয় তারজন্য কেন্দ্রীয় সরকারকে চাপ সৃষ্টি

করা হোক। এই কথা বলে এই প্রস্তাবের সমর্থনে বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিধানসভাতে একটি প্রস্তাব ১৯৮৯ সালে আসবার পরে আবার সেটাই নতুন করে এসেছে। কেন্দ্রীয় সরকার যাতে কলকাতা বিমান বন্দরের নাম নেতাজী সুভাষ বসুর নামে করেন এবং ফোর্ট উইলিয়মের নাম সিরাজদ্দৌলার নামে করা হয় তারজন্য আমরা আগে প্রস্তাব করেছিলাম। কিন্তু আজকে ৫ বছর হয়ে গেল তার কোনও সদুত্তর তাদের থেকে পেলাম না। এতে তো আর পয়সা লাগবে না, শুধু অনুমোদনের দরকার, তারজন্য এত বিলম্বের কারণ কি জানা নেই। এতে কেন্দ্রীয় সরকারের এত কেন অনীহা বুঝতে পারছি না। শুধু আপনার অনুমোদনের দরকার। স্যার, আজকে যে মনীষী নেতাজী সুভাষচন্দ্র বসু আমাদের সকলের কাছে স্মরণীয় হয়ে আছে তার নামে আমাদের কলকাতার বিমান বন্দরের নামকরণ করা হোক, এতে কেন্দ্রীয় সরকারের অনীহা কেন আমরা বুঝতে পারিনা। আর সিরাজদ্দৌলা নামে ফোর্ট উইলিয়ামের নামকরণ করা হোক এই প্রস্তাবটি আমরা আমাদের পার্টির পক্ষ থেকে সমর্থন জানাচ্ছি এবং কেন্দ্রীয় সরকার যাতে প্রস্তাব পূর্ণভাবে সমর্থন করেন তার জন্যও দাবি জানাচ্ছি, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুনির্মল পাইক :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয় আজকে যে প্রস্তাব এসেছে কলকাতা বিমান বন্দরকে আমাদের নেতাজী সুভাষচন্দ্র বসুর নামে নামকরণ করা হোক এবং ফোর্ট উইলিয়ামকে নবাব সিরাজদ্দৌলার নামে নামকরণ করা হোক, এই প্রস্তাব আমি সর্বান্তকরণে সমর্থন করছি। শুধু আমি নই আমাদের দল সমাজবাদি পার্টির পক্ষ থেকেও একে সমর্থন জানাচ্ছি। আমি আরও বলতে চাই, কেন্দ্রীয় সরকারের যে বিমাতৃসুলভ মনোভাব দেখা গিয়েছে এটার পরিবর্তন হলে ভাল হত। কিন্তু এক্ষেত্রে যেটা দেখা গিয়েছে নেতাজী সুভাষচন্দ্র বসু যিনি আমাদের বাংলার গৌরব, আমাদের জাতির গৌরব, দেশের গৌরব, আন্তর্জাতিক স্তরের গৌরব সেই নেতাজীকে স্মরণীয় করে রাখার জন্য আমাদের বিধানসভার পক্ষ থেকে দাবি জানালেও কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বিমানবন্দরকে নেতাজীর নামে কেন নামকরণ করা হবে না, নেতাজীর নামে দমদম বিমানবন্দরকে নামাঙ্কিত করা হোক এই দাবি আমি জানাচ্ছি। নেতাজীর নামে নামকরণ না হলে বিধানসভার পক্ষ থেকে বাঙালির জাতির পক্ষ থেকে এটা দুঃখের কারণ হয়ে দাঁড়াবে। ফোর্ট উইলিয়ামকে আমরা এম.এল.এ. হোস্টেল থেকে বেরুলে দেখতে পাই, সেই ফোর্ট উইলিয়ামের নাম সিরাজদ্দৌলার নামে নামকরণ করার দাবি আমি জানাচ্ছি। যিনি স্বাধীনতার বিরাট অংশীদার পশ্চিমবঙ্গের এবং ভারতবর্ষের তার নামটা যাতে আমরা দৈনন্দিন দেখার সৌভাগ্য অর্জন করতে পারি, এই দাবিও আমি জানাচ্ছি।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী প্রবোধচন্দ্র সিনহা :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য কৃপাসিন্ধু সাহা দমদম বিমান বন্দরকে নেতাজী সুভাষচন্দ্র বিমান বন্দর এবং ফোর্ট উইলিয়াম দূর্গকে সিরাজদ্দৌলার দুর্গ এই নামাঙ্কিত করার জন্য যে প্রস্তাব উত্থাপন করেছেন এই প্রস্তাব আমি গ্রহণ করছি। আমরা এটাকে সম্পূর্ণরূপে সমর্থন করি। স্যার, আপনি জানেন ইতিপূর্বে কয়েক

বছর আগে '৮৯ সালের ৯ মে বিধানসভায় এই প্রস্তাব আমরা গ্রহণ করেছিলাম এবং যথারীতি সেই প্রস্তাব কার্যকর করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছিল ফোর্ট উইলিয়াম দুর্গকে সিরাজদ্দৌলা নামে নামকরণ কেন করা যাবে না। সেই সম্পর্কে একটি চিঠি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে, সেটি মাননীয় সদস্য দিলীপ মজুমদার মহাশয় এখানে পড়ে দিয়েছেন, কিন্তু যে কথাটা তারা বলতে চেয়েছেন সেটা হচ্ছে নবাব সিরাজদ্দৌলার ফোর্ট উইলিয়াম অথবা ইংল্যান্ডের রাজা তৃতীয় উইলিয়ামের নামে যে দুর্গ ছিল সেটা দখল করেছেন এবং পরবর্তীকালে ক্লাইভ সেটা দখল করে নেয় এবং বর্তমানে ফোর্ট উইলিয়াম দুর্গ ও সিরাজদ্দৌলা যে দুর্গ দখল করেছিলেন তার স্থান এক নয়। তাছাড়া তারা বলতে চাইছেন এই ফোর্ট উইলিয়াম দুর্গের সঙ্গে একটা স্মৃতি জড়িয়ে আছে, সুতরাং এর নাম পরিবর্তন করা দরকার নেই। দি ম্যাটার নীড নট বি পারসুড। এই বলে তারা পশ্চিমবঙ্গ সরকারকে একটা চিঠি দিয়েছেন। এই যুক্তি অদ্ভুত যুক্তি, এই কথা এখানে আলোচিতও হয়েছে। এই কথা বলার অপেক্ষা রাখে না যখন ইংরেজরা ভারতবর্ষে ব্যবসা-বাণিজ্য করতে এসেছিল এবং যখন ধীরে ধীরে ব্যবসা-বাণিজ্য করে তারা ধীরে ধীরে এগিয়ে যাচ্ছিল তখন এই সিরাজদ্দৌলা সংগ্রামের মধ্যে দিয়ে তাদের সঙ্গে যুদ্ধ করেছিল, এটা সকলেরই জানা। কিন্তু এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের যে অনীহা এটা শুধু দুঃখের বিষয় নয়, এটা অত্যন্ত নিন্দনীয় বিষয়। দেশ স্বাধীন হওয়ার পর যখন গোটা ভারতবর্ষ থেকে সমস্তরকম সাম্রাজ্যবাদী এবং ঔপনিবেশিক চিহ্নগুলিকে মুছে ফেলে আমাদের ঐতিহ্য, আমাদের কৃষ্টি, আমাদের সংস্কৃতি, আমাদের বর্তমান প্রজন্মের কাছে তুলে ধরতে চাই, তখন একটা জাতীয় সরকারে কাছে এই প্রস্তাব নিয়ে যাওয়া সত্ত্বেও কেন তা গ্রহণ করলেন না তা আমার বোধগম্য হচ্ছে না। আমরা কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহমত নয়, তাই পুনরায় কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানোর জন্য যে প্রস্তাব আনা হয়েছে তা সঠিক এবং এই ব্যাপারে আমাদের উদ্যোগ গ্রহণ করা দরকার। দমদম বিমানবন্দরের নাম নেতাজী সুভাষচন্দ্রের নামে নামাঙ্কিত করার কথা বলা হয়েছে। ভারতবর্ষের স্বাধীনতার ক্ষেত্রে সুভাষচন্দ্রের অসামান্য অবদান রয়েছে, তার দেশপ্রেম এবং দেশের প্রতি ত্যাগ স্বীকার অন্য কোনও প্রথম সারির স্বাধীনতা সংগ্রামীদের থেকে কোনও অংশে কম নয়। কেন্দ্রীয় সরকার বলেছিল দমদম বিমানবন্দরের নাম নেতাজীর নামে নামাঙ্কিত যদি করা হয়, তাহলে অনেক জায়গা থেকে অনেকরকম প্রস্তাব আসবে। কিন্তু আমরা দেখলাম নেতাজীর নামে দমদম বিমানবন্দরের নাম নামাঙ্কিত করা হল না, কিন্তু প্রয়াত প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীর নামে বিমানবন্দরের নাম করা হল; মাদ্রাজের স্থানিয় নেতাদের নামে বিমানবন্দরের নামকরণ করা হচ্ছে। নেতাজী শুধু পশ্চিমবঙ্গের নন, গোটা ভারতবর্ষের এবং তার অবদানের কথা স্বীকার করে ভারত সরকার তাকে ভারতরত্ন উপাধিতে ভূষিত করতে চেয়েছিল। এর থেকেই পশ্চিমবাংলার প্রতি কেন্দ্রীয় সরকারের বঞ্চনা ও অবহেলার কথা পরিস্ফুটভাবে ফুটে উঠেছে। এই প্রস্তাব কার্যকর করার ক্ষেত্রে তাদের কোনও আর্থিক দায়িত্ব পড়বে না, তাদের কোনও আর্থিক দায় বহন করতে হবে না। শুধু ফর্মালিটিসের মাধ্যমে এই ব্যবস্থা গ্রহণ করে তাদের তা করতে হবে। সুতরাং এই প্রস্তাব দুটি যুক্তযুক্ত, এই ব্যাপারে বিস্তারিত ব্যাখ্যায় আমি যাচ্ছি না। এই প্রস্তাবের মাধ্যমে পশ্চিমবাংলার জনগণের যে মতামত প্রকাশিত হয়েছে এবং দ্বিতীয় যে প্রস্তাবটা আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দেব আশা করি তারা তা কার্যে রূপায়িত করবে। আমি এই

প্রস্তাবটাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের প্রস্তাবের পক্ষে যে সমস্ত সদস্য বক্তব্য রেখেছেন তাদের প্রত্যেককে আমি অভিনন্দন জানাচ্ছি। আমরা এই হাউসে রাজ্যের প্রতি অবহেলা, বঞ্চনা নিয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রস্তাব গ্রহণ করেছি। আজও আমরা দুটো প্রস্তাব গ্রহণ করেছি যে কেন্দ্র আমাদের পশ্চিমবাংলার প্রতি কেন এই রূপ বিমাতৃসুলভ ভাব পোষণ করছে। যে কোনও ব্যাপারেই হোক, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা দেখেছি, পশ্চিমবঙ্গের প্রতি কেন্দ্রের একটা অ্যালার্জি আছে। আমরা যে সমস্ত ভাল ভাল প্রস্তাব তাদের দিই সেগুলি যেহেতু পশ্চিমবঙ্গের পক্ষ থেকে এসেছে অতএব সেগুলি তারা বাতিল করে দেন। আমরা বিভিন্ন সময় দেখেছি, প্রস্তাবগুলি নীতিগতভাবে সমর্থন করলেও সেগুলি কিন্তু রূপায়িত করা হয়না বিভিন্ন রকমের অজুহাত দেখিয়ে। তারা কোনও কোনও সময় আর্থিক সীমাবদ্ধতার কথা বলেন, কোনও কোনও সময় বলেন, 'ঠিক আছে, আমরা পরে এটা বিবেচনা করব।' সম্প্রতি রেলের ব্যাপারে আমরা দেখলাম, দিল্লিতে ধর্না দেওয়ার পর রেলমন্ত্রী ঘোষণা করলেন যে, ঠিক আছে, বাজেটের সময় আমি ভেবে দেখব, পরে দেখলাম সেটা স্ট্যানডিং কমিটিতে পাঠিয়ে দেওয়া হল। অর্থাৎ, ভবিষ্যতে এটা হোক বা না হোক দেখা যাবে এইরকম একটা অবস্থা করে রেখে দেওয়া হল। স্যার, আপনি জানেন, এই প্রস্তাবটা আমাকে আজকে নতুন করে আনতে হচ্ছে। প্রায় ৫ বছর আগে আমরা কয়েকজন মিলে এই প্রস্তাবটা এনেছিলাম। এখানে অর্থের কোনও ব্যাপার নেই অর্থাৎ এই প্রস্তাব কার্যকর করতে গেলে যে কেন্দ্রীয় সরকারের কোটি কোটি টাকা খরচ হবে এমন ব্যাপার নেই। তা যদি হত অর্থাৎ কোটি কোটি টাকা খরচের ব্যাপার যদি থাকতো তাহলে কেন্দ্রীয় সরকারের যে দেউলে অবস্থা তাতে তাদের অবস্থা আরও খারাপ হয়ে যেত কিন্তু এখানে সে রকম কোনও প্রস্তাব নেই। এখানে প্রস্তাব হচ্ছে যে ফোর্ট উইলিয়ামের নাম সিরাজদ্দৌলার নামে নামাঙ্কিত হোক। এটা করা হলে নিশ্চয় মহাভারত অশুদ্ধ হয়ে যেত না বা এরজন্য কোটি কোটি টাকা খরচের ব্যাপারও নেই কিন্তু তবুও তারা একটা অজুহাত দিয়ে এটা করলেন না। আর অজুহাত যেটা দিলেন সেটাও হাস্যকর। এইভাবে তারা তাদের দায়িত্ব শেষ করে দিলেন। সেইজন্য নতুন করে আমাকে প্রস্তাব আনতে হল যাতে একটা সর্বদলীয় প্রতিনিধিদল গিয়ে এটা কার্যকর করার ব্যবস্থা করতে পারে। এই প্রসঙ্গে স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি তো বিভিন্ন সময় বিভিন্ন কাজে দিল্লিতে যান, সেই সময় এ ব্যাপারে তিনি সচেষ্ট হয়ে যদি সহযোগিতা করেন তাহলে ভাল হয়। এ ছাড়া এই প্রস্তাবে আমি দমদম বিমানবন্দরের নাম নেতাজী সুভাষচন্দ্র বসুর নামে নামাঙ্কিত করার জন্য বলেছি। আমি জানি না নেতাজী সম্পর্কে কেন্দ্রীয় সরকারের কেন এত অ্যালার্জি বা অনীহা। ভারতবর্ষের আপামর জনসাধারণ নেতাজীকে যখন একটি বিশেষ আসনে বসিয়ে রেখেছেন, পৃথিবীর মানুষ যখন নেতাজী সম্পর্কে রিসার্চ করতে আরম্ভ করেছেন তখন আমরা দেখছি কেন্দ্রীয় সরকার এ ব্যাপারে নীরব। আমরা দেখেছি, তার জন্মদিনে সামান্য সৌজন্য বোধটুকু পর্যন্ত তারা দেখান না। সেখানে কেন্দ্রীয়ভাবে টি.ভি এবং রেডিওতে তার জন্মদিনের অনুষ্ঠান সেইভাবে করা হয়না। স্যার, এই মহান স্বাধীনতা সংগ্রামী নেতাজী সুভাষচন্দ্র বসুর নামে আমি এখানে প্রস্তাবে রেখেছি যে কলকাতা বিমান বন্দরের

নামকরণ করা হোক। এ ক্ষেত্রেও কোনও আর্থিক দায়দায়িত্ব নেই। কিন্তু কেন্দ্রীয় সরকার এ ব্যাপারেও নীরব। এ সম্পর্কে কোনওরকম উচ্চ-বাচ্চা তারা করছেন না। অথচ দিল্লির বিমান বন্দরের নাম শ্রীমতী ইন্দিরা গান্ধীর নামে নামাঙ্কিত হয়েছে এবং আরও দু/একটি রাজ্যে সেখানকার স্থানীয় নেতাদের নামে বিমানবন্দরের নাম নামাঙ্কিত হয়েছে। তাহলে পশ্চিমবঙ্গের ক্ষেত্রে অসুবিধাটা কোথায়? নেতাজী তো শুধু পশ্চিমবঙ্গের মানুষ নন, তিনি তো একজন মহান স্বাধীনতা সংগ্রামী এবং ভারতবর্ষের সকলের কাছে পূজনীয় ব্যক্তি। এইরকম একজন পূজনীয় ব্যক্তির ক্ষেত্রে সম্মান প্রদর্শনের ব্যাপারে কোনওরকম অবহেলা করা উচিত নয় বলেই আমি মনে করি। তাই এই প্রস্তাব আজকে আমি আবার এনেছি এবং আশা করছি যে সর্বদলিয় প্রতিনিধিদলকে কেন্দ্রীয় সরকার আশ্বাস দেবেন এই প্রস্তাব দ্রুত কার্যকর করার জন্য। এই বলে আমার প্রস্তাবকে সমর্থন করার জন্য সকলকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Kripa Sindhu Saha that—

যেহেতু ৯ই মে, ১৯৬৯ তারিখে পশ্চিমবঙ্গ বিধানসভা। কলিকাতা বিমানবন্দরের নাম, নেতাজি সুভাষচন্দ্র বসু বিমানবন্দর এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম 'সিরাজদৌল্লা দুর্গ রাখার বিষয়ে সর্বসম্মত প্রস্তাব গ্রহণ করেছিল;

যেহেতু এই সভায় গৃহীত প্রস্তাব দুটি কাযকর করার জন্য রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রককে অনুরোধ জানানো হয়েছিল;

যেহেতু উক্ত প্রস্তাব গ্রহণের পর চার বছরের অধিককাল অতিবাহিত হওয়া সত্ত্বেও কলিকাতা বিমানবন্দরের নাম 'নেতাজী সুভাষচন্দ্র বসু বিমান-বন্দর' এবং ফোর্ট উইলিয়াম দুর্গের নাম 'সিরাজদৌল্লা দুর্গ করার বিষয়ে কোনও কাযকরি ব্যবস্থা এখনও গ্রহণ করা হয়নি,

যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত উক্ত দুটি গুরুত্বপূর্ণ সবভারতীয় সংস্থা এই রাজ্যের দুই ইতিহাস-প্রসিদ্ধ ব্যক্তিত্বের নামে নামাঙ্কিতকরণের মধ্য দিয়ে তাদের প্রতি যথাযথ সম্মান-প্রদশন করা সম্ভব;

অতএব উপরিউক্ত দুটি বিষয়ে সত্বর প্রয়োজনীয় সিদ্ধান্ত ঘোষণার বিষয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রকের সঙ্গে আলোচনার জন্য এই সভা একটি সর্বদলিয় প্রতিনিধিদল দিল্লিতে প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করছে।

was then put and agreed to.

[3-30 — 3-40 p.m.]

**Mr. Speaker :** Hon'ble Members, in course of discussion on this motion, it has been reported to me that certain unpleasant things happened and my attention has been drawn to certain statement purported to have been made by the Hon'ble Member, Md. Nizamuddin. I am sure, every member of the House is aware of his responsibilities and also of the intention to maintain the discipline, decorum and dignity of

this House. I am also sure that the Hon'ble Member, Mr. Nizamuddin has had no intention to denigrate or to show any disrespect to any Hon'ble Member. But there are occasions, when on the heat of moment, certain issues, certain things happen, when Members may lose control of themselves on emotions and certain unpleasant things take place. In all such cases we expect Members to withdraw those statements and express their apologies. I am sure, Mr. Nizamuddin will in the high tradition of this House also do the same thing. I believe that he has no intention to denigrate any Member of this House. He is a very senior Member of this House. He has full respect to this House. I would request him to withdraw the statement, if he had made any, and to express his regret.

**শ্রী মহঃ নিজামুদ্দিন ঃ** মিঃ স্পিকার স্যার, আমি দু একটি কথা বলছি। বিষয়টা হচ্ছে আমাদের ট্রান্সপোর্ট মিনিস্টার তিনি যে স্টেটমেন্ট দিয়েছেন, সে সম্বন্ধে অনারেবল মেম্বার সৌগত রায় বক্তব্য রাখেন, তখন আমি বলি যে পার্লামেন্টকে এড়িয়ে একটা একজিকিউটিভ অর্ডারের মাধ্যমে কেন্দ্রীয় সরকার সমস্ত জিনিসপত্রের দাম বাড়িয়ে দিয়েছেন, আপনারা তখন একবারও প্রতিবাদ করেন নি। গতকাল যে ঘটনা আমার অঞ্চলে হয়েছে, আমাদের পার্টি কমরেড আবু সুফিয়ান, তাকে কংগ্রেসের অ্যান্টি সোশ্যালরা খুন করার উদ্দেশ্যে কুপিয়ে মারে এবং গুলি করে। আমি হিট অব দি মোমেন্টে কাউকে উদ্দেশ্য করে কিছু বলিনি। তাসত্ত্বেও আপনি যদি বলেন আমি বলেছি, তাহলে আমি বলব হিট অব দি মোমেন্টে যদি কিছু বলে থাকি, যারা এসেছিল অ্যান্টি সোশ্যালরা, তাদের বিরুদ্ধে বলেছি যে খুন করার জন্য তারা এসেছিল। যারা এইসব অ্যান্টি সোশ্যালদের পাঠিয়েছিল তারা এই সমস্ত করেছে। আমি এখনও বলছি এই হিট অব দি মোমেন্টে এইরকম কাউকে উদ্দেশ্য করে আমি কিছু বলিনি। এইরকম শব্দ রেকর্ডে পাবেন না। আপনাকে অনার করে বলছি, এরজন্য যদি কেউ দুঃখ পেয়ে থাকেন, আমি কাউকে দুঃখ দেবার জন্য বলিনি। যদি এই ধরনের কথা বলে থাকি আমি উইথড্র করছি।

**শ্রী ননী কর ঃ** মিঃ স্পিকার স্যার, যখন এখানে প্রচন্ড গোলমাল চলছিল, নিজামুদ্দিন সাহেব কিছু বলে থাকলে তা উইথড্র করে নিয়েছেন এবং সেটা এখানে রেকর্ডেড হল। কিন্তু ওখানে যখন মাননীয় ডেপুটি স্পিকার বসেছিলেন তখন যে ঘটনা ঘটানো হল তা আমরা সকলে দেখেছি। ওখানে মাইক কেড়ে নেওয়া হল, ভাংচুর করা হল, লাইট ফেলে দেওয়া হল। আজকে আপনি যেভাবে ঘটনাটা হস্তক্ষেপ করলেন, সেইরকম ভাবে তিনিও হস্তক্ষেপ করতে চেয়েছিলেন। কিন্তু মাননীয় ডেপুটি স্পিকার এর উপর সকলের সামনে যে আচরণ করা হল, সকলের সামনে যে অশালীন আচরণ করা হল, আপনি যদি অনুগ্রহ করে এই সম্পর্কে কিছু মন্তব্য করতেন তাহলে আপনার শুধু মর্যাদা বাড়ত না, আমাদেরও বাড়ত।

[3-40 — 3-50 p.m.]

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, এই জায়গাটা হচ্ছে আলোচনার জায়গা — এটা পার্লামেন্টারি ফোরাম, এটা ডিবেটের জায়গা। একথা আমি অতীতে বলেছি, আজও বলছি

এবং আমার দৃঢ় বিশ্বাস ভবিষ্যতেও বলার সুযোগ পাব। আমরা সবাই নির্বাচিত হয়ে এসেছি এই রাজ্যের মানুষের স্বার্থের গুরুত্বপূর্ণ ব্যাপারগুলি আলোচনা করবার জন্য, ডিবেট করবার জন্য, গবেষণা করবার জন্য আর কিছু কিছু সিদ্ধান্ত নেওয়ার জন্য — সেগুলি রাজ্যের পক্ষে হবে, রাজ্যের মানুষের পক্ষে হবে। আর কিছু কিছু রাষ্ট্রীয় স্তরের ব্যাপার এবং কিছু আন্তর্জাতিক ব্যাপার নিয়েও আমরা মাঝে মাঝে আলোচনা করে থাকি। কিন্তু কখনই ভাল ডিবেট অশালীন ভাষায়, অসংসদীয় কায়দার মাধ্যমে করা যায় না, এটা ভাল করে মনে রাখতে হবে। কারণ অসংসদীয় কায়দায় সংসদ চলে না এবং এটা মানুষ আশাও করে না আমাদের কাছ থেকে। এটা আমাদের সব সময় মনে রাখতে হবে। আমরা এখানে ২৯৫ জন আছি, রাজ্যের কোটি কোটি মানুষের নির্বাচিত প্রতিনিধি হিসাবে এই কক্ষের মধ্যে বসে আছি তাদের কথা বিচার-বিবেচনা করবার জন্য। আমরা এখানে বসে খারাপ ভাষা ব্যবহার করতে পারি না. মানুষ আমাদের সে অধিকার দেয় নি। এটা সব সময় আমরা মনে রাখব। আর স্পিকার বা ডেপুটি স্পিকার একটা প্রতীক। বিরোধীরা প্রায়ই আক্রমণ করে, এটা সারা পৃথিবীতেই হয় — সরকারকে আক্রমণ করে ডিবেটের মাধ্যমে আর যখন খুব বেশি তাদের ক্ষোভ থাকে তখন স্পিকার বা ডেপুটি স্পিকার তাদের আক্রমণের টার্গেট হন। অনেক সময় চেয়ারম্যানরা থাকেন, তারাও টার্গেট হন। আমাদের পাশের রাষ্ট্র বাংলাদেশ যখন পূর্ব পাকিস্থান ছিল তখন সেখানে একজন ডেপুটি স্পিকার কক্ষের মধ্যে মারা গিয়েছিলেন, তার ওপর আক্রমণ হয়েছিল। এই ইতিহাস আছে, এটা নতুন কিছু নয়। কিন্তু একথা ঠিক যে স্পিকার বা ডেপুটি স্পিকারকে এখানে বসার দায়িত্ব আপনারা সবাই দিয়েছেন। আপনাদেরও স্পিকার বা ডেপুটি স্পিকারকে সাহায্য করার কথা যাতে ঠিকমতো সুষ্ঠুভাবে আমরা কাজ করতে পারি। আপনারা সাহায্য না করলে সংসদ চলতে পারে না। একটা কথা মনে রাখতে হবে যে, বিরোধী দলের ফোরাম এটা। পার্লামেন্ট বিলংস টু অপোজিশন — বার বার বলা হয়, কারণ তারা এটাকে ব্যবহার করবেন মানুষের স্বার্থে। রুলিং পার্টিরও দায়িত্ব আছে যাতে বিরোধীরা এটাকে ব্যবহার করতে পারেন তার ব্যবস্থা করে দেওয়ার। এটা বুঝতে হবে এটাই গণতন্ত্রের অর্থ। রুলিং পার্টি যদি বিরোধীদের কোনওদিন এই ফোরাম ব্যবহার করতে বাধা দেয় তাহলে সেদিন গণতন্ত্র শেষ হয়ে যাবে, থাকবে না। সুতরাং আপনারা সংখ্যায় যত বেশিই হোন না কেন এটা কোনওদিন ভুলে যাবেন না। কোনওদিন যদি একজন বিরোধীও থাকেন — নির্বাচনে মানুষের রায়ে একজন আসতেও পারেন, জনগণ একজন মাত্র বিরোধী সদস্যকে নির্বাচিত করে পাঠাতে পারেন, সেই একজনেরও অধিকার থাকবে বিরোধী হিসাবে তার বক্তব্য রাখার। আর সমস্ত রুলিং পার্টির লোকেদের তার কথা শুনতে হবে। সাথে সাথে এমন ব্যবস্থা করতে হবে যাতে সে তার কথা বিনা-বাধায় বলতে পারেন। একটা কথা অবশ্যই মনে রাখতে হবে যে সব সময় আমাদের ধৈর্যের দরকার আছে। অনেক সময় অনেক কথা বিরোধী সদস্য বলবেন যা শুনতে ভাল লাগবে না — অনেক সময় অসত্য কথাও বলা হবে। সংসদীয় গণতন্ত্রের এটাই নিয়ম — অসত্য কথা বলারও অধিকার আছে। মানুষ বিচার করবে কোনটা সত্য, কোনটা অসত্য, মানুষ ঠিক করবে। প্রচারের মাধ্যমে, ক্যাম্পেনের মাধ্যমে মানুষের কাছে যেতে হবে। কোনটা সত্য বলবে, কোনটা অসত্য বলবে মানুষ ঠিক করবে। মানুষ ঠিক করবে কোনটা ঠিক, কোনটা বেঠিক। ফোরামে বলতে পারবে না এটা হয়না। এখানে ব্যবস্থা করা হয়েছে বলার জন্য। সুতরাং বলার সুযোগ দিতে হবে। আমি আশা করব, সবাই মিলে-

মিশে সুষ্ঠুভাবে যাতে হাউস চলতে পারে তার ব্যবস্থা করবেন। Now, motion under rule 185

[3-50 — 4-00 p.m.]

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি ১৮৫ মোতাবেক আমাদের প্রস্তাব মুভ করেছি।

"যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন পরিচালিত ১২টি সূতাকল গভীর সঙ্কটের মধ্যে পড়েছে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে অবস্থিত এন.টি.সি পরিচালিত মিলগুলিও একই ধরনের সঙ্কটে পড়েছে;

যেহেতু প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই মিলগুলিতে নিয়মিতভাবে তুলা, কয়লা ইত্যাদি সরবরাহ করছেন না;

যেহেতু এই প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারিরা নিয়মিতভাবে আজও মজুরিলাভে বঞ্চিত হচ্ছেন;

যেহেতু কেন্দ্রীয় সরকার এই সংস্থা দ্বারা পরিচালিত মিলগুলি বন্ধ করে দেবার অভিপ্রায় ঘোষণা করেছেন;

যেহেতু এর ফলে কয়েক হাজার শ্রমিক-কর্মচারী কর্মচ্যুত হবেন;

যেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী এই মিলগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হোক এবং ট্রেড ইউনিয়নগুলির সহযোগিতায় এই মিলগুলিকে লাভজনক করে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক।

মাননীয় স্পিকার স্যার, ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন পরিচালিত পশ্চিমবঙ্গে ১২টি মিল আছে এবং গোটা ভারতবর্ষে মিল হচ্ছে ১২৪টি এবং এতে কাজ করেন ১ লক্ষ ৬০ হাজার শ্রমিক। আজকে এই সমস্ত শ্রমিকেরা এক ভয়ঙ্কর পরিস্থিতির সামনে এসেছে। এর মধ্যে পশ্চিমবাংলায় যে ১২টি মিল আছে তাতে কাজ করেন ১২ হাজার শ্রমিক। কিছুদিন আগে ছিল ১৮ হাজার শ্রমিক, কিন্তু ভি.আর.এসের ফলে ৬ হাজার কমেছে। সামনের মাস থেকে পুরোপুরি বন্ধের আওতায় আসবে কিনা এই প্রশ্ন আজ সকলের সামনে। কারণ ১৯৯৪-৯৫ সালের কেন্দ্রীয় বাজেটে যে প্রস্তাব তাতে এন.টি.সি পরিচালিত মিলগুলিকে কেন্দ্রীয় সরকার আর কোনও ভরতুকি দেবে না। বাজেটের সহায়তার উপরই এন.টি.সিকে নির্ভর করতে হয়। আচমকা সহায়তা যদি বন্ধ করে দেওয়া হয় ঐ ঠিক রোগীকে অক্সিজেন খুলে দেবার মতন ব্যাপার তাহলে যে কোনও মুহূর্তে বন্ধ হয়ে যাবে। ১৯৭৪ সালে ভারত সরকার সেন্ট্রাল টেক্সটাইল ন্যাশনালাইজেশন অ্যাক্ট করলেন। এটা ১৯৭২ সালের যে অর্ডিন্যান্স তার মধ্যে যে সমস্ত বন্ধ রুগ্ন মিলগুলি ছিল তা জাতীয়করণ করা হয়। লক্ষ্য ছিল, রুগ্ন মিলগুলিকে আবার জীবন দান করা এবং শ্রমিক কর্মচারিদের কাজের নিরাপত্তা দেওয়া।

(এই সময়ে কংগ্রেস-আই সদস্যরা সভাকক্ষে প্রবেশ করেন)

পুরানো যন্ত্রপাতি বাতিল করে নতুন উপযুক্ত যন্ত্রপাতি বসানো এবং উৎপাদনশীলতা বাড়ানো আর সস্তা দরে সাধারণ মানুষের জন্য কাপড় উৎপাদন করা। সেটা কিন্তু কার্যত কিছুই হল না। মিলগুলিকে আধুনিকীকরণ করা হল না। সামান্য যা কিছু খরচ করা হল তা অত্যন্ত ধীরে ধীরে অপরিকল্পিতভাবে করা হল। ফলে এতে কোনও উপকার হল না। এখন মূলধনের অভাবে মিলগুলি ধুকছে। ইতিমধ্যে প্রয়াত রাজীব গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন ১৯৮৫ সালে নতুন বস্ত্র নীতি ঘোষিত হয়েছিল। তখন থেকে শুধু এন.টি.সি নয়, সার্বিক সুতো শিল্পের সর্বনাশ শুরু হয়। বিদেশি ব্যবসার সাহায্যে স্টেপেল ফাইবারের গুরুত্ব তখন থেকে বাড়তে শুরু করে। আপনি জানেন, বস্ত্র শিল্প এখন পর্যন্ত ভারতের সর্ব-বৃহৎ শিল্প। মোট শিল্পজাত পণ্যের ২০ শতাংশ উৎপাদন এরা করে, ৭০ শতাংশ তুলা ভিত্তিক শিল্প উৎপাদন এর যা প্রোডাকশন তাতে এন.টি.সি'র গুরুত্বপূর্ণ ভূমিকা আছে। ১৯৯১ সালে একটি নূতন শিল্পনীতি ঘোষণা হল, তাতে অন্য রাষ্ট্রায়ত্ত শিল্পের মধ্যে এন.টি.সি. পড়ে। অন্য সকলের যেমন নাভিশ্বাস উঠেছে তেমনি এন.টি.সি'রও নাভিশ্বাস উঠেছে। আই.এম.এফ. এবং ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে সরকার নীতি নিয়েছেন যে রুগ্ন প্রতিষ্ঠান বন্ধ করা হবে। তুলার বদলে সিনথেটিকের ব্যবহার বাড়ানো হবে। বড় বড় মালিকদের নীতি, উদারতার নীতি। পুঁজিপতিদের স্বার্থে এখান থেকে সস্তা দরে ওদেশে তুলা রপ্তানি করা হবে এই সর্বনাশ করা হচ্ছে। ১৯৯১ সালে ট্রাইপার্টাইট সেটেলমেন্ট করা হয়েছিল। সমস্ত কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন যুক্ত হয়েছিল, ১১টি ট্রেড ইউনিয়ন ঐক্যবদ্ধ হয়ে মত দিলেন পশ্চিমবঙ্গে এন.টি.সি.তে শিফট টার্ম চালু হবে। কোনও ছাঁটাই হবে না। মডার্নাইজ করা হবে, আর ১৪টি মিল মিলিত হয়ে ১২টি মিলে পরিণত হবে। শ্রমিকরা শিফট টার্মে কাজ শুরু করল, কিন্তু মডার্নাইজ হল না, বরং উৎপাদন বন্ধ হল, ওরা শুরু করলেন উইভিং বন্ধ করে দেবার চেষ্টা হল, এটা ১৯৯৩ সালের অক্টোবর মাসে। বি.আই.এফ.আর যখন মতামত পাঠায় তখন আলোচনা হওয়ার পর জ্যোতি উইভিং মিল নিয়ে — জ্যোতি উইভিং মিল যেটা ১২টা তারমধ্যে একটা জ্যোতি উইভিং মিলের ওরা বললেন উইভিং বন্ধ করে দেবেন। জ্যোতি মিল বন্ধ হওয়ায় বি.আই.এফ.আর বললেন যে এখন দেখা যাক প্রসেসিং সেটা চালু রেখে এটা বাঁচানো যায় কিনা সে চেষ্টা করুন। ১৯৮৬ সালে মোহিনী মিল অধিগ্রহণ করা হল। ২ বছরের মধ্যে ডি-নোটিফায়েড করে দেওয়া হল। মোহিনী মিল চালু নেই, এই সঙ্কট অবসানের জন্য এখন যেটা প্রয়োজন কার্যকর মূলধনের ব্যবস্থা কাঁচামাল ক্রয় শ্রমিকদের বেতনের জন্য অবিলম্বে ৬ কোটি টাকা মঞ্জুর করা দ্রুত আধুনিকীকরণ শুরু করা এবং পরিচালন ব্যবস্থার ক্রটি দূর করে শ্রমিক কর্মচারিদের বেতন কাঠামোর সংশোধন করে দেশি বিদেশি পুঁজিপতিদের স্বার্থে যে নীতি তার পরিবর্তন করাই এখন জরুরি কাজ। আপনি জানেন যে ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশনের ইতিহাস হচ্ছে প্রতিশ্রুতি ভঙ্গের ইতিহাস। যখন থেকে কর্পোরেশন গঠিত হয়েছিল তখন থেকে আজ পর্যন্ত কেন্দ্রীয় সরকার যে প্রতিশ্রুতি দিয়েছিলেন একটা সিঙ্গল প্রতিশ্রুতিও কার্যকর করেন নি। ওরা আইন করে রুগ্ন মিলগুলিকে জাতীয়করণ করলেন কারণ পুঁজিপতি এবং শ্রমিক দু-দিকই রক্ষা করা হবে, শিল্প আধুনিকীকরণ করা হবে, কিন্তু তা করা হল না, পুরানো শিল্পটাকে একেবারে পর্যুদস্ত করার ব্যবস্থা করা হল। আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী আক্ষেপ করে বললেন, মাননীয় শ্রমমন্ত্রীও আক্ষেপ করে বললেন যখন আলোচনা করলেন এদের সুপারিশ অনেক ক্ষেত্রে গ্রহণ করুন, কোনও প্রতিশ্রুতি

কার্যকর করেন নি, আমি আপনাকে বলতে পারি টার্ম মানা হচ্ছে না, কার্যকর হচ্ছে না, নানাভাবে এখন নূতন নূতন প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে। পয়লা এপ্রিল থেকে এই মিলগুলির শ্রমিকরা মাইনে পাবেন কিনা সন্দেহ আছে। এখন কিছুই করা যাবে না। সকল ট্রেড ইউনিয়ন সকল দল ঐক্যমত হয়ে লড়াই করছে। বামফ্রন্ট শ্রমিকদের বন্ধু হিসাবে সহযোগিতা করছেন, কিন্তু আই.এম.এফ. ওয়ার্ল্ড ব্যাঙ্কের নির্দেশে কেন্দ্রীয় সরকারের যে অবস্থা, যে নীতি, জনবিরোধী নীতি সেই নীতিকে পরাস্ত করার জন্য সকলে সর্বপ্রকার চেষ্টা করছেন এন.টি.সি.কে বাঁচাবার জন্য, হাজার হাজার শ্রমিক তাদের পরিবারবর্গকে বাঁচাবার জন্য এই লক্ষ্য নিয়ে আগামী ৫ই মে তারিখে দিল্লিতে ধর্না দেওয়ার সিদ্ধান্ত হয়েছে এবং সেই সিদ্ধান্ত হয়েছে একটা কনভেনশন থেকে, যেখানে সমস্ত দল মতের ট্রেড ইউনিয়নগুলি সেখানে উপস্থিত ছিলেন এবং আমি আশা করি সেখানে সবাই সমর্থন করবেন। অন্যান্য শ্রমিকরা কি করবেন জানিনা, এখানে একটা আলোচনা দরকার, কেন্দ্রীয় সরকারের একটা সাবজেক্ট কমিটি ওরা কতকগুলি সিদ্ধান্ত করেছেন আমি স্যার পড়ে দিচ্ছি। Reports given by Textile Research Institution was that (1) the NTC mills as well as mills taken over for management can be made viable by modernisation; (2) We, therefore, accept the proposal of modernisation of the mills but the restructuring with modernisation has to be done at the unit level; (3) If the composite character of certain mills is not possible, then they should be made viable by running them as spinning units.

"Surplus land may be disposed of to utilise the interest free funds for modernisation, working capital and to make them viable.

(4) Modernisation/Rationalisation [without tears] should be carried out in consultation with the Unions.

(5) Professional management be introduced both in the holding company and at the subsidiary levels, and representation of trade unions should be involved from shop to board level for effective participation of workers in management at all levels from unit to holding company levels." স্যার, এটা এই সাবজেক্ট কমিটির সিদ্ধান্ত। এই সিদ্ধান্ত ওরা গ্রহণ করেন ২২শে ডিসেম্বর ১৯৯৩ সর্বসম্মতিক্রমে, কিন্তু যখন এগ্রিমেন্ট হল সেই এগ্রিমেন্টকে ওরা গ্রহণ করছেন না। সি.আই.টি.ইউ., এ.আই.টি.ইউ.সি., আই.এন.টি.ইউ.সি., সকলে মিলে কনভেনশনে যে সিদ্ধান্ত করেছেন তাতে কিছুতেই ভারত সরকারকে পিছোতে দেওয়া যায় না। এটা সকলের আন্দোলন, কাজেই এটা সকলে মিলে গ্রহণ করতে পারলে ভাল হত। এটা শুধুমাত্র সরকার পক্ষের ব্যাপার নয়। এই এন.টি.সি. মিলকে রক্ষা করতেই হবে, কারণ গোটা ভারতবর্ষের বস্ত্রশিল্পকে রক্ষা করবার জন্য এটা দরকার। হাজার হাজার কর্মচারিরা যে বিপদের মুখে আছেন তাদের রক্ষা করবার জন্য এই প্রস্তাব সর্বসম্মতভাবে গ্রহণ করতে হবে যার দ্বারা রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করবেন যাতে করে এন.টি.সি. মিল রক্ষা পায়। যে উদ্দেশ্য, আদর্শ ও লক্ষ্য সামনে রেখে মিলগুলিকে জাতীয়করণ করা হয়েছিল সেই উদ্দেশ্য আজকে ব্যর্থ হয়ে যাচ্ছে সাম্রাজ্যবাদিদের স্বার্থ রক্ষা করবার জন্য, কারণ

আজকে কেন্দ্রীয় অর্থমন্ত্রী এবং প্রধানমন্ত্রী তাদের কাছে আত্মসমর্পণ করেছেন। একে প্রতিহত করবার উদ্দেশ্যে এই প্রস্তাবকে সকলে মিলে গ্রহণ করলে নিশ্চিতভাবে আমরা অগ্রসর হতে পারব, তারজন্য আমি এই প্রস্তাব সকলের সামনে উপস্থাপিত করলাম।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এখানে শ্রী ননী কর এবং শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় এন.টি.সির বর্তমান অবস্থার কথা সামনে রেখে একটি প্রস্তাব নিয়ে এসেছেন এবং সেটা সভায় গ্রহণ করবার জন্য আবেদন রেখেছেন এতে এন.টি.সি সম্পর্কে যে কথাগুলো বলা হয়েছে সে কথাগুলো অনেকাংশে সত্যি। কিন্তু আমার কথা হচ্ছে, এন.টি.সি. সম্বন্ধে বার বার এই সভায় সরকার পক্ষ থেকে যে হতাশাব্যাঞ্জক কথা তুলে ধরা হচ্ছে, বন্ধ হয়ে যাবার কথা যা বলা হচ্ছে, সে সম্পর্কে ভারতবর্ষের অর্থমন্ত্রী, ভারতবর্ষের শ্রমমন্ত্রী, ভারতবর্ষের বস্ত্রমন্ত্রী বার বার ঘোষণা করেছেন যে, এ-সম্পর্কে বামপন্থীরা যেসব কথা বলছেন তা সম্পূর্ণ অমূলক। একথা তারা বার বার বোঝাবার চেষ্টা করেছেন। আমরা বলতে চাই, পূর্বাঞ্চলে এন.টি.সির ১৬টি মিলের একটিও বন্ধ করে দেবার কোনও পরিকল্পনা ভারত সরকারের নেই একথা ভারত সরকারের পক্ষ থেকে বলার পরও আজকে যে প্রস্তাব সভায় আনা হয়েছে তার পেছনে শুধুমাত্র এন.টি.সির কর্মচারিদের স্বার্থ অথবা দেশের অর্থনীতির স্বার্থ নয়, এরসঙ্গে রাজনীতিও জড়িয়ে রয়েছে। এই উদ্দেশ্যই আজকে এরা চরিতার্থ করবার চেষ্টা করছেন। কারণ আজকে যখন কৃষ্ণা গ্লাস ফ্যাক্টরিতে উৎপাদন বন্ধ হয়ে যাচ্ছে, কর্মচারিরা বসে বসে মাইনে পাচ্ছেন, ফলে যে কোনওদিন কারখানাটি বন্ধ হয়ে যেতে পারে, তখন তো দেখিনা, তারজন্য বিধানসভায় কোনও প্রস্তাব নিয়ে আসা হয়েছে! বিড়লার কারখানাকে সাপোর্ট করার জন্য, বিড়লার ব্যবসা যাতে ভালভাবে চলে তারজন্য কৃষ্ণা গ্লাস-এর উৎপাদন বন্ধ করে রাখা হয়েছে। বামপন্থী সদস্যদের সেসব কথা বিধানসভার মধ্যে বলতে দেখিনি। আজকে মেটাল বক্সকে অত্যন্ত লজ্জাজনক শর্তে চুক্তি করতে হচ্ছে, সেই সম্পর্কে এখানে দাঁড়িয়ে বামপন্থী বন্ধুদের একটি কথা বলতে শুনিনি। যেদিন বেঙ্গল পটারি বন্ধ হয়ে যায় সেদিন এখানে দাঁড়িয়ে বামপন্থীদের কোনও চিৎকার করতে দেখিনি। আজকে বিধানসভায় দাঁড়িয়ে কেবল রাজনীতি করার জন্য বড় বড় কথা বলে বাজার গরম করার চেষ্টা করা হচ্ছে। অথচ এই রাজ্যের কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে, আর শ্রমিকদের লজ্জাজনক শর্তে এগ্রিমেন্ট করে সেই কারখানা খুলতে হচ্ছে, তখন বামপন্থীদের এই সভায় দাঁড়িয়ে চিৎকার করতে দেখিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৭২ সালে ১২৪টি মিল নিয়ে এই এন.টি.সি তৈরি করা হয়েছিল। সেদিন ভারত সরকার এক মহান উদ্দেশ্য সামনে রেখে এই মিলগুলিকে জাতীয়করণ করেন এবং ৯টি সাবডিভিসনে ভাগ করে দিয়েছিলেন। ইস্টার্ন জোনে ডব্লিউ.বি.এ.বি'র যে ১৬টি মিল আছে, সেই ১৬টি মিল নিয়ে এই প্রস্তাব এসেছে। এই প্রস্তাব আনার আগে ভারত সরকার-এর শ্রমমন্ত্রী, বস্ত্রমন্ত্রী বার বার বলেছেন যে এগুলি বন্ধ হওয়ার কোনও আশঙ্কা নেই। কিন্তু এই বিষয়ে চিন্তিত যে এই কারখানার শ্রমিকরা ঠিক সময়ে মাইনা পাচ্ছে না। আমি নিজে ব্যক্তিগত ভাবে এন.টি.সি'র ইউনিয়নের সঙ্গে যুক্ত আছি। আমরা বহুবার বস্ত্রমন্ত্রীকে, শ্রমমন্ত্রীকে ফ্যাক্স করেছি যে শ্রমিকদের এখনও মাইনা হয়নি, এটা যাতে ঠিক সময়ে হয় সেটা দেখুন। আমরা আরও বলেছি যে তুলোর সাপ্লাই যাতে বন্ধ না হয়ে যায়, আজকে ইলেকট্রিক লাইন কেটে দেওয়া হচ্ছে, সেই টাকা যেন কেন্দ্রীয় সরকার অবিলম্বে

পাঠান। আমরা বহুবার ফ্যাক্স করে একথা তাদের বলেছি। কিন্তু এখনও দেখা যাচ্ছে যে কোনও কোনও জায়গায় মিলে সময় মতো মাইনা হচ্ছেনা, হেড অফিসের কর্মচারিরাও মাইনা পাচ্ছে না। এই কারখানাগুলিকে কিভাবে ভায়েবল ইউনিটে পরিণত করা যায় সেই বিষয়ে আমরা চিন্তিত এবং উদ্বিগ্ন। ননীবাবু বললেন যে মডার্নাইজেশনের টাকা দেওয়া হয়নি। এটা ঠিক কথা নয়। ১৯৭৮-৮৯ সালে ভারত সরকার ৩৬ কোটি টাকা দিয়েছিল মডার্নাইজেশন করার জন্য। ননীবাবু আপনি জবাব দেবেন যে এই টাকা কি ভাবে খরচ করা হয়েছিল। মডার্নাইজেশন করার জন্য এবং যে সব মেশিন কেনা হয়েছিল সেগুলি পড়ে আছে। আজকে ডেমারেজ দিয়ে যদি মেশিনগুলি আনা হয় তাহলে দেখা যাবে যে মেশিনের দামের চেয়ে ডেমারেজের কস্ট ডাবল হয়ে যাবে। এখানে যে চেয়ারম্যান আছেন, আড়াই বছর ধরে যার নেতৃত্বে এই পুর্বাঞ্চলের কারখানাগুলি ক্রমাগত লোকসানে চলেছে। ১৯৯১-৯২ সালে লোকসান হয়েছিল ৪৩ কোটি ২৪ লক্ষ টাকা, সেটা ১৯৯২-৯৩ সালে এসে দাঁড়িয়েছে ১০১ কোটি ৪৯ লক্ষ টাকায়। কেন্দ্রীয় সরকার মিলগুলি মডার্নাইজ করার জন্য টাকা দিলেন, সেই টাকা পুরোপুরি খরচ হল না, যে মেশিনগুলো কেনা হল সেইগুলি লাগানো হল না। তারজন্য আজকে ড্যামারেজ গুনতে হচ্ছে। এমন কি সেই মেশিনগুলো তুলে আনতে পর্যন্ত পারছে না এন.টি.সি কর্তৃপক্ষ। যে চেয়ারম্যানের নেতৃত্বে গত দু-বছর ধরে লসে চলছে, এন.টি.সি পূর্বাঞ্চল যেখানে লোকসান বেড়ে চলেছে আজকে আমরা শুনতে পাচ্ছি বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে সেই চেয়ারম্যানকে রাখবার জন্য চেষ্টা করছে। যার নেতৃত্বে এন.টি.সি ক্রমাগত লোকসানে চলছে কারখানা, যার দূরদৃষ্টিতার অভাবে, কর্মদক্ষতার অভাবে পূর্বাঞ্চলের ব্যবসা মার খাচ্ছে তাকে রাখার চেষ্টা হচ্ছে। এই নয় যে এন.টি.সি-র চাহিদা নেই। আমরা দেখেছি চাহিদা আছে। সেখানে যে পরিমাণ স্বজন-পোষণ এবং অন্যায় ভাবে টাকা খরচ করা হচ্ছে তাতে পূর্বাঞ্চলের এই এন.টি.সি-র মিলগুলো ভায়েবেল হতে পারে না। সেখানে যে পরিচালন ব্যবস্থা রয়েছে তাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হলে কিছু হবে না। আজকে সারা ভারতবর্ষে বিভিন্ন কেন্দ্রীয় সরকারের সংস্থায় অসটারিটি মেজার চলছে, গাড়ি কমিয়ে দেওয়া হয়েছে, ওভার টাইম কমিয়ে দেওয়া হয়েছে, অন্যান্য খরচ কমিয়ে দেওয়া হয়েছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, এইরকম একটা অবস্থার মধ্যে দাড়িয়ে গত ২ মাসের মধ্যে ৬৮ জন সুপারভাইজারকে অফিসার করে দেওয়া হল, যেখানে তাদের ৬০০০ টাকা করে মাইনে দিতে হবে। স্যার, ভাবুন ৬ জন সুপারভাইজারকে অফিসার করে দেওয়া হল, একদিকে বলছেন মাইনে দিতে পারছি না, কারখানার কাজ বন্ধ হয়ে যাচ্ছে। আমি নিশ্চয়ই আপনাদের সঙ্গে একমত হব যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে সুতা আসার কথা সেই সুতা বহু ক্ষেত্রে দেখা যায় ঠিক সময় এসে পৌঁছায় না। কয়লা তেল এইরকম প্রতিটি প্রয়োজনীয় জিনিস যথা সময়ে না পেলে কারখানার প্রোডাকশন ব্যাহত হয়। আমরা উল্লেখ করেছি এই ব্যাপারে আপনারা যদি দিল্লি যান তাহলে আমরা একসঙ্গে মিলে দিল্লি যাব, ট্রেড ইউনিয়নের স্বার্থ রক্ষা করার জন্য সমস্ত ট্রেড ইউনিয়ন মিলে ঐক্যবদ্ধ লড়াই করব। কিন্তু আমরা শুধু দাবির কথা বলব, দায়িত্বের কথা বলব না এটা এখন ভারতবর্ষে বিলাসিতা মাত্র। ট্রেড ইউনিয়ান দাবির কথা বলবে দারিত্বের কথা বলবে না? পাশাপাশি আমাদের শ্রমজীবী মানুষদের দায়িত্বের কথা বলতে হবে, তা না হলে বিলাসিতা হবে। এটা আমরা একবারের জন্যও বলি না। এন.টি.সি কারখানার টাকা-পয়সা লুট হয়ে যাচ্ছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে

যাবেন, এখানে একটা বিরাট র‍্যাকেট কাজ করছে। আমি নিজে কারখানায় গিয়ে দেখে এসেছি যারা এই কাপড়গুলো কিনে নেয় এন.টি.সি-র কাছ থেকে, মিলের অফিসারদের সঙ্গে তাদের একটা অশুভ আঁতাত তৈরি হয়েছে। তারা বলে দিল অমুক থান তৈরি করে তার মাঝখানে একটু সুতা তুলে দেবে। ফলে সেই থান যে দামে বিক্রি হবার কথা সেই দামে বিক্রি হবে না। সেটা ড্যামারেজ দেখিয়ে কম দামে বিক্রি হবে। এইভাবে কারখানার একদল অফিসারদের সঙ্গে কন্ট্রাক্টরদের একটা গোপন যোগ-সাজস তৈরি হয়েছে। এর জন্য কি কেন্দ্রীয় সরকার দায়ী? আমি নিজে বিভিন্ন কারখানা ঘুরে দেখেছি, আন্দোলন করেছি যাতে এই যোগ-সাজস, এই র‍্যাকেট বন্ধ করা যায়। শুধু তাই নয় যে মালগুলি মিল থেকে আসছে সেই মালের উপর লেখা রয়েছে ২৪ মিটারের থান, কিন্তু আসলে দেখা যাচ্ছে সেটা ৪০ মিটারের থান। ব্যাপক দুর্নীতি। এখানকার সমস্ত হাফ প্যান্ট পরা শ্রমিকরা গাড়ি চড়ে বেড়ায়, ফুল প্যান্ট পরা অফিসার তো দূরের কথা। এখানে টাকা লুট চলছে। সংবাদে বেরিয়েছে যে সংস্থা মাইনে দিতে পারছে না, অথচ সেই সংস্থায় ব্যাপক ওভার টাইম চলছে। সেখানে আমরা ট্রেড ইউনিয়ন করছি, সেখানে আমাদের কোনও দায়িত্ব নেই? এই কথা আমি আপনাদের সঙ্গে বলব যে একটা সংস্থাকে বাঁচাবার দায়িত্ব আমাদের আছে, কেন্দ্রীয় সরকারের দায়িত্ব আছে, হাজার বার বলব দায়িত্ব আছে।

[4-00 — 4-10 p.m.]

যে সরকারকে ঠিক সময়ে তুলো সরবরাহ করতে হবে, তেল সরবরাহ করতে হবে এবং অন্যান্য সাজ সরঞ্জাম সরবরাহ করতে হবে। ক্যাস লস যেটা হচ্ছে, ১৯৮৯ সালে ৩ কোটি টাকা লস হয়েছে, যেটা কেন্দ্রীয় সরকার দিয়েছেন। ১৯৯০ সালে আড়াই কোটি টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছেন। এই বছরে এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকার দিয়েছেন এক কোটি দশ লক্ষ টাকা। কিন্তু একটা কথা আমাদের ভাবতে হবে যে, দিনের পর দিন সাবসিডি দিয়ে, সাবসিডাইজড ইকনোমিতে পৃথিবীতে কোনওদিন কোনও শিল্প টেঁকেনি, কোনওদিন টিকতে পারে না। সেই সাবসিডাইজড ইকনোমির কথা ভেবে একটি ইউনিটকে ভায়াবল করার চেষ্টা না করে কেন্দ্রীয় সরকারকে টাকা দিতে হবে এই কথা বলি, তাহলে এই ব্যবসা দীর্ঘদিন চালু রাখা যাবে না। আপনারা যে প্রস্তাব এখানে এনেছেন, এর পিছনে যদি সৎ উদ্দেশ্য থাকতো এবং কেন্দ্রীয় সরকারের উপরে দায়িত্ব না চাপাতেন, আমাদের এই ব্যাপারে দায়িত্ব আছে এই কথা যদি উল্লেখ করতেন তাহলে এটিকে সমর্থন করা যেত। কেন্দ্রীয় সরকারের উপরে শুধুমাত্র দায়-দায়িত্ব চাপিয়ে দেবার জন্য এই প্রস্তাবকে সমর্থন করতে পারছি না।

[4-10 — 4-20 p.m.]

**শ্রী ক্ষীতি গোস্বামী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সুতাকল প্রশ্নে যে প্রস্তাব এখানে উত্থাপিত হয়েছে, সেই প্রস্তাবের সমর্থনে আমি বক্তব্য রাখছি। প্রশ্ন এসেছে যে, আমাদের রাজ্যে ১২টি সুতাকল ধুঁকছে। এন.টি.সি. এই সুতাকলগুলিকে পরিচালনার দায়িত্ব নিয়েছিল। কিন্তু ক্রমাগত যে অবস্থা সৃষ্টি হচ্ছে, তাতে এই সুতাকলগুলো হয়ত বন্ধ হয়ে যাবে, এমন একটা অবস্থায় এসে যাচ্ছে। শ্রমিকদের স্বার্থে এবং শিল্পের স্বার্থে সময়োচিত প্রস্তাব এখানে আনা হয়েছে। এটি নিয়ে সকলেরই খুব গভীর ভাবে ভাবনা-চিন্তা করা দরকার। আমরা

সকলেই রাজ্যের শিল্প সম্পর্কে ভাবনা-চিন্তা করব এবং সঙ্গে সঙ্গে কারখানাগুলি বন্ধ না হয় তা নিশ্চয়ই সকলের ভাবনা-চিন্তার মধ্যে আছে। সেই সঙ্গে শ্রমিকরা যাতে তাদের প্রাপ্য থেকে যাতে বঞ্চিত না হয়, সেদিকেও আমাদের নজর দিতে হবে। মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায় এটিকে কেন্দ্রীয় সরকারের সাথে জড়িয়ে ফেললেন, আমরা রাজ্য সরকার তারজন্য কতখানি দায়ী, এবং কেন্দ্র কত বেশি বেশি করছেন, এইরকম একটি দৃষ্টিভঙ্গি থেকে তার বক্তব্য তুলে ধরবার চেষ্টা করলেন। কিন্তু সমস্যাটি যদি তিনি একটু গভীর ভাবে দেখার চেষ্টা করতেন, তাহলে ভালো লাগত। এই রাজ্যের মধ্যে কারখানাগুলো থাকুক বা না থাকুক, সেই দিকে না গিয়ে কারখানাগুলিতে দুর্নীতি, স্বজনপোষণ ইত্যাদির কথা তিনি বললেন। দুর্নীতি, স্বজন-পোষণ, এগুলি হচ্ছে একটি জাতীয় ব্যাধি। যে কোনও প্রতিষ্ঠানেই যান দুর্নীতির গন্ধ আপনি পাবেন। সেখানে বহু মানুষ কাজ করছেন, বহু মানুষ ভেতর থেকে স্যাবোটেজ করার চেষ্টা করছে। এগুলো সব প্রতিষ্ঠানেই আছে, কেন্দ্র বা রাজ্য, সব প্রতিষ্ঠানেই আছে। আমরা এগুলো নিশ্চয়ই সমর্থন করছি না। এখানে যে উদ্বেগের সঙ্গে মাননীয় সদস্য ননী কর এবং শান্তশ্রী চ্যাটার্জি এই প্রস্তাব এনেছেন, এটিকে একটু বুঝতে চেষ্টা করুন। মাননীয় সদস্যদের অনুরোধ করব, এখানে অনেকেই ট্রেড ইউনিয়নের সঙ্গে যুক্ত আছেন, এই রাজ্যে যে সমস্ত শিল্প কলকারখানাগুলো আছে, সেখানে বামপন্থীরা লড়াই করেন না, মেটাল বক্সের যেগুলি আছে, আরও অনেক কারখানা যেগুলি আছে সেগুলিতে বামপন্থীদের বক্তব্য নেই, এই যে কথা বললেন তা যথাযথ নয়। আপনারা সবাই জানেন যে এই বিষয়ে লড়াই করে যাচ্ছেন এবং সমস্ত বিষয়গুলো নিয়ে সেখানে আলাপ-আলোচনা হয়েছে। এই প্রসঙ্গ বহুবার উঠেছে। দৈনন্দিন ঘটনাকে ছোট করে দেখবার জন্য এবং কেন্দ্রীয় সরকারকে খুব বড় করে বড় জায়গাতে নিয়ে যাওয়ার চেষ্টা করলেও মূল জায়গা এড়িয়ে গেলে চলবে না। আপনারা জানেন যে বহু ট্রেড ইউনিয়ন এমন কি আই এন টি ইউ সি এই নিয়ে বিশেষ চিন্তিত। আজকে যে পরিবেশ সৃষ্টি হতে চলেছে তাতে কি আই এন টি ইউ সি কি ফ্রন্ট সবাই চিন্তিত। একটা স্ট্রাকচারাল চেঞ্জ যেখানে আনা হয়েছে, কেন্দ্রীয় সরকার হঠাৎ করে একটা স্ট্রাকচারাল চেঞ্জ আনছেন। নতুন অর্থনীতি গ্রহণ করেছেন, সেই অর্থনীতি গ্রহণের ফলে পুরনো জায়গা থেকে নতুন জায়গায় তুলে আনবার ফলে একটা নতুন পরিবেশ সৃষ্টি হতে চলেছে। সেই নতুন জায়গায় যেতে গিয়ে বহু সমস্যার মধ্যে পড়তেই হবে। এবং এক্ষেত্রে অনেক কিছু জিনিস ভেঙে পড়বে। হঠাৎ করে নতুন অর্থনীতির ফলে, হঠাৎ করে নতুন দাওয়াই নীতির ফলে একটা অদ্ভুত পরিবেশ সৃষ্টি হতে চলেছে। আমদানি শুল্ক হঠাৎ করে কমিয়ে দিয়ে রপ্তানি শুল্ক বাড়ানো হল। এরফলে অসম প্রতিযোগিতার সৃষ্টি হবে। এতে অসম প্রতিযোগিতা তৈরি করার চেষ্টা করা হচ্ছে। এরফলে সুতাকল এবং বস্ত্র শিল্প এখান থেকে উঠিয়ে নেবার সিদ্ধান্ত নিয়েছে। আজকে এই অসম প্রতিযোগিতা গড়ে তোলার ফলে ১২টি সুতা কল বন্ধ হতে চলেছে। এরফলে শ্রমিকদেরও কাজ বন্ধ হতে চলেছে। আজকে নতুন শিল্প নীতির মানুষ কর্মহীন হয়ে পড়বে। সেখানে যাতে নানা জিনিস ঠিকমতো সাপ্লাই করে সঠিক পদক্ষেপ নেওয়া হয় তার দিকে দৃষ্টি দিন এবং এইভাবে শিল্পের অগ্রগতি ঘটান। সুতরাং আসুন সবাই মিলে এর বিরুদ্ধে রুখে দাঁড়াই এবং সর্বসম্মতক্রমে প্রস্তাব দিই।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় বিধায়ক ননী কর এবং শান্তশ্রী চট্টোপাধ্যায় যে প্রস্তাব এনেছেন, যেহেতু এটা রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত ভাবে এটা করা হয়েছে সেইহেতু এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। স্যার, টিপিক্যাল মানসিকতা নিয়ে শান্তশ্রী চট্টোপাধ্যায় এবং ননী কর যে প্রস্তাব এনেছেন তা আমাদের ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে অনেক আগেই আনা হয়েছিল। তাদের দৃষ্টিভঙ্গির সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির একটা পার্থক্য থাকবেই। আই এন টি ইউ সির পক্ষ থেকে সুব্রত বাবু এই সভাতে এই নিয়ে বহু আগেই চিন্তা ভাবনা করেছেন। যেভাবে এন টি সির লোকসান বেড়ে চলেছে এবং তার উপর ভরতুকি দিয়েও লাভের অংশ দেখা যাচ্ছে না এবং সরকার ক্রমশ সিক হয়ে পড়ছে আজকে পশ্চিমবঙ্গে বেশিরভাগ কারখানাই উঠে যাচ্ছে, একমাত্র ইঁটের কারখানা ছাড়া এখানে আর শিল্প বলতে নেই। মানুষকে একটা সঙ্কটের মধ্যে কাটাতে হচ্ছে। এক সময়ে আপনারাই শ্রমিকদের বলতেন তোমাদের কাজ করতে হবে না, গেট আটকে বসে থাক। সেখানে আজকে আপনারাই আবার বলছেন যে কাজ করুন, ওয়ার্ক কালচার একেবারে উঠে গেছে। মাননীয় মুখ্যমন্ত্রীও আর্তস্বরে বলছেন যে, কাজ করে আপনারা ওয়ার্ক কালচার ফিরিয়ে আনুন। যেখানে কয়েকদিন আগেই মাননীয় মন্ত্রীর উদ্বেগের কারণ ছিল না আজকে হঠাৎ এল কেন? কয়েকদিন আগে কেন্দ্রীয় লেবার মিনিস্টার এবং বস্ত্র শিল্প মন্ত্রী নিজে গিয়েছিলেন মাননীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে। সেখানে সোমনাথ চ্যাটার্জি মহাশয় ছিলেন, সেখানে ক্যাটিগোরিকালি মন্ত্রী বলেছেন কোন সময়েই একজনও শ্রমিককে ছাঁটাই করা হবে এইরকম উদ্বেগের কোনও কারণ নেই। এবং বস্ত্রমন্ত্রী বলেছেন দফায় দফায় এই মিলগুলিকে মডার্নাইজেশন করা হবে। টাকা দেওয়া হবে। এবং তিনি বলেছেন কোনও সময়েই এই মিলগুলি বন্ধ হবে না। সুতরাং যে ভাবনা-চিন্তা নিয়ে তারা বলছেন সেই ভাবনা-চিন্তার মতো কারণ কিছু নেই এটা পরিষ্কার। এই ব্যাপারে আমার বক্তব্য হচ্ছে এদের সব সময়েই কেন্দ্র বিরোধী কনফ্রনটেশনে যাওয়ার একটা মানসিকতা রয়েছে। প্রতিটি ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে আক্রমণ না করে একটি কথাও এরা বলতে পারেন না। কেন্দ্রীয় সরকারের সঙ্গে কনফ্রনটেশনে যেতে পারলে তারা মনে করেন এটাই ওদের রাজনীতি। সাধারণ মানুষকে বলা হচ্ছে কেন্দ্রীয় সরকারের জন্য মিলগুলি উঠে যাচ্ছে সাধারণ মানুষকে বলা হচ্ছে না খবরের কাগজে যে কথাগুলি বলা হচ্ছে এই মিলগুলি নিয়ে কোনও দূর্ভাবনার কোনও কারণ নেই। মাননীয় মুখ্যমন্ত্রী নিজে বঙ্গভবনে মিট করেছেন, সোমনাথ চ্যাটার্জি মহাশয়কে নিয়ে তিনি সেখানে কথা বলেছেন এবং হায়েস্ট বডি ইউনিয়ন মিনিস্টার ফর লেবার অ্যান্ড টেক্সটাইল এর সঙ্গে তারা কথাও বলেছেন তারা সেখানে দুইজনেই প্রতিশ্রুতিবদ্ধ মাননীয় মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন যে ভাবে কাজ চলছে এইভাবে কাজ চললে বেশিদিন চলতে পারে না। সেখানে এও ঠিক হয়েছে যে মডার্নাইজেশন দরকার। বিশ্বের বাজারে টেক্সটাইলস ইন্ডাস্ট্রির প্রয়োজনীয়তা আছে, আজকে বোম্বেতে যে মিলগুলি আছে তারা সেখানে যে কাপড় করছে তারা তা এক্সপোর্ট করছে। কোয়ালিটি খুব ভাল করছে, হায়েস্ট এক্সপোর্ট করছে। আজকে এই বস্ত্রশিল্পকে যদি বাঁচাতে হয় মিলগুলিতে যদি প্রোডাকশন না বাড়ানো যায় তাহলে কিছুতেই কিছু করা যাবে না। মিলগুলির উৎপাদন ক্ষমতা ক্রমশ কমে যাচ্ছে। ক্রমে ক্রমে

তাদের ব্যয় বৃদ্ধি পাচ্ছে। স্বাভাবিক ভাবে এখানে রাজনীতি করার কোনও জায়গা নেই। এইভাবে চললে সেখানে কোনও মিল চলতে পারে না, এই কথাটা বার বার করে সেখানে বলা হয়েছে। সেখানে ম্যানেজমেন্টেরও দোষ আছে। লেবারের সঙ্গে ম্যানেজমেন্টের যে ইউনিটি সেখানে মডার্ন ম্যানেজমেন্ট দরকার, প্রফেশনাল ম্যানেজমেন্টকে নিয়ে আসতে হবে। যেখানে টাকার দরকার সেখানে একসঙ্গে টাকা দিতে না পারলে বাই ফেজে কতকগুলিকে মডার্নাইজেশন করতে হবে। কেন্দ্রীয় সরকার আজকে প্রতিশ্রুতিবদ্ধ এই মিলগুলি বন্ধ হবে না। শ্রমিক ছাঁটাই সেখানে হবে না। এক কথায় এই মিলগুলিতে যাতে উৎপাদন বাড়ানো যায় কোয়ালিটি ভাল করা যায় এক্সপোর্ট করার মতো জিনিস হয় এই মিলগুলি যাতে সেইরকম ভাবে প্রোডাক্ট করতে পারে সেটা দেখা দরকার তাতে করে ক্যাপিটাল ইনভেস্ট করার দরকার আছে। নূতন করে টাকা ঢাললেই হবে না, মডার্ন ম্যানেজমেন্টে উন্নীত করতে হবে। মডার্ন ম্যানেজমেন্ট, প্রফেশনাল ম্যানেজমেন্ট-এ উন্নীত করতে হবে তারজন্য কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতিবদ্ধ। সুতরাং এখানে উদ্বেগের কারণ নেই। আপনারা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কনফ্রন্টেশনে না গিয়ে, আমরা বারে বারে বলেছি, ডিসকাশন করে সমস্যার সমাধান করতে হবে। আজকে যদি কারখানায় লেবার ছাঁটাই হয় এটা শুধু আপনাদের উদ্বেগের বিষয় নয়, এটা আমাদেরও উদ্বেগের বিষয়। আপনারা শুধু পশ্চিমবঙ্গের কথা ভাবেন, আমাদেরকে সারা ভাররতবর্ষের কথা ভাবতে হয়। কেন্দ্রীয় সরকারের সঙ্গে সহযোগিতার হাত বাড়িয়ে ডিসকাশন করে অ্যাক্রশ দি টেবিল আলোচনা করা যেতে পারে, দরকার হলে আই.এন.টি.ইউ.সি.ও থাকবে; আমরা এর আগেও বলেছি জোরালো ভাষায় প্রয়োজন হলে কংগ্রেসি বন্ধুরাও যেতে রাজি আছে। আজকে কনফ্রনটেশনে না গিয়ে সুস্থ মস্তিষ্কে ঠান্ডা মাথায় আলোচনার মাধ্যমে যাতে তাড়াতাড়ি সমস্যার সমাধান হয় ইমপ্রুভ হয়, মডার্নাইজেশন যাতে করা হয় সেটা দেখা দরকার। রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত না হয়ে আপনারা যদি এই প্রস্তাব আনতেন তাহলে ভালো হত। কেন্দ্রীয় সরকারের প্রতি সাধারণ মানুষকে ডিসগ্রেস করার জন্য আপনারা এটা করেছেন, তারজন্য এর প্রতিবাদ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে অবস্থিত এন.টি.সি পরিচালিত ১২টি সুতাকল যেভাবে গভীর সঙ্কটে পড়েছে এবং এই ব্যাপারে মাননীয় সদস্য যে প্রস্তাব নিয়ে এসেছে আমি তাকে সমর্থন করে দু-চারটি কথা এখানে বলছি। মাননীয় সদস্য শোভনদেব বাবু এবং অম্বিকাবাবুর বক্তব্য আমি শুনলাম। একটা কথা আমি বিনয়ের সঙ্গে স্মরণ করিয়ে দিতে চাই, আমি ছোট-খাট ট্রেড ইউনিয়ন করি, লোকসান করে যেমন কারখানা চালানো যায় না, তেমনি আমরা এই কথাটা কি বলতে পারি না, ঢালাও শিল্পনীতির ফলে যে বে-সরকারিকরণ হচ্ছে তাতে দেশের শিল্পটা বাঁচবে না। শোভন বাবু এন.টি.সি. নিয়ে আলোচনা করেন, তিনি ট্রেড ইউনিয়ন করেন, তিনি জানেন ১৬.৮.৯১ সালে মিঃ সাংমা ও বেঙ্কটস্বামীর মধ্যে যে চুক্তি হয়েছিল সেই চুক্তির শর্তাবলি কি ছিল। সেই চুক্তির শর্তাবলি কি আমরা আলোচনা করব না? সেই আলোচনার জেরটা খবরের কাগজে বেরিয়েছিল এবং তা ভয়ানক ব্যাপার। মডার্নাইজেশনের নামে, একত্রীকরণের নামে মিলগুলো বন্ধ হয়ে যাবে তা ঠিক নয়। আমরা চাই আধুনিকীকরণ হোক। কিন্তু চুক্তির শর্ত যেগুলো ছিল, ১৬৫ টাকা ডি.এ. চালু হবে, র ম্যাটিরিয়াল, কয়লা, পাট সমস্ত কিছু সাপ্লাই করবে গভর্নমেন্ট অফ ইন্ডিয়া এটাও

কথা ছিল। কিন্তু মার্জারের নাম করে এইগুলো বন্ধ করা যাবে না। ১৬ হাজার থেকে শ্রমিক সংখ্যা ৯ হাজারে এসে দাড়িয়েছে। আপনারা ভালো করে জানেন যে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে দুটো সমালোচনা করার জন্য এই প্রস্তাব আনা হয়নি। আজকে সুতি বস্ত্রশিল্পে সঙ্কট এসেছে কি না? আরেকটা কথা মাথাভারী প্রশাসনের জন্য অনেক জায়গায় অনেক ডিপার্টমেন্ট বন্ধ হয়ে যাচ্ছে। মার্জার করে কোনও লাভ হয়না। মনীন্দ্র টেক্সটাইল, বেঙ্গল টেক্সটাইল মার্জার করে কোনও লাভ হয়নি। মাথাভারী প্রশাসনের জন্য আজকে অনেক কারখানা বন্ধ হতে বসেছে। ব্যাঙ্ক লোনের ইন্টারেস্ট রাইট অফ করতে হবে। শ্রমিকদের ছাঁটাই করা চলবে না, মার্জার চলবে না, মিলগুলিকে মডার্নাইজেশন বা আধুনিকীকরণ করতে হবে এবং গভর্নমেন্ট অব ইন্ডিয়াকে তার টাকা দিতে হবে। এইসব করলে তবেই এই সুতিবস্ত্র শিল্প বাঁচবে। আজকে ঢালাও বেসরকারিকরণের যে শিল্পনীতি কেন্দ্রীয় সরকার নিয়েছেন তার ফলস্বরূপ এইসব ঘটনা ঘটছে। আমি এই প্রসঙ্গে কংগ্রেসি সদস্যদের কাছে আবেদন করব, এটা নিয়ে রাজনীতি না করে আসুন সকলে মিলে এই বস্ত্রশিল্পকে সঙ্কট থেকে বাঁচাবার জন্য চেষ্টা করি। একজন ভারতীয় নাগরিক হিসাবে এ ক্ষেত্রেও কিন্তু আপনাদের দায় দায়িত্ব ও কর্তব্য আছে, কাজেই আপনারাও এই প্রস্তাবকে সমর্থন করুন। এই বলে প্রস্তাবকে আবার সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-30 — 4-40 p.m.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আজ এই সভায় মাননীয় সদস্য শ্রী ননী কর এবং মাননীয় সদস্য শ্রী শান্তশ্রী চ্যাটার্জি মহাশয় পশ্চিমবাংলায় অবস্থিত এন.টি.সি'র ইউনিটের সঙ্কটজনক পরিস্থিতি নিয়ে যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি খুব দুঃখের সঙ্গে বলছি, আমি এই প্রস্তাব সমর্থন করতে পারছি না। সঙ্কট আছে ঠিকই কিন্তু সেই সঙ্কটকে নিয়ে সংকীর্ণ দলিয় মনোভাব নিয়ে যদি এগিয়ে যাওয়া হয় তাহলে সেই সুরের সঙ্গে সুর মিলিয়ে আমি কথা বলতে পারি না। কেন্দ্রীয় সরকার কোনওদিনই বলেন নি যে কোনও সঙ্কট নেই। সঙ্কট আছে সেই সঙ্কটকে দূর করার জন্য কেন্দ্রীয় সরকার বিভিন্ন সময় বিভিন্ন ট্রেড ইউনিয়ানের সঙ্গে এবং বিভিন্ন রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রীদের সঙ্গে একাধিকবার কথা বলেছেন, আলোচনা করেছেন। এন.টি.সি'র বেশিরভাগ ইউনিট আছে মহারাষ্ট্রে। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী এবং সেখানকার আই.এন.টি.ইউ.সি নেতা শ্রী হরিভাই নায়েক গত শুক্রবার যে ডেলিগেশন নিয়ে প্রধানমন্ত্রীর কাছে গিয়েছিলেন সেখানে প্রধানমন্ত্রী পরিষ্কারভাবে বলেছেন যে এন.টি.সি'র মিলগুলি বন্ধ হবে না এবং সেগুলিকে আধুনিকীকরণ করে যাতে চাঙ্গা করা যায় তারজন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। প্রধানমন্ত্রী মহাশয় সেখানে ক্যাটাগরিক্যালি বলেছেন, এন.টি.সি'র এই মিলগুলি কিভাবে আধুনিকীকরণ করা যায় তা দেখতে তিনি শ্রী সাংমা এবং শ্রী বেঙ্কটস্বামীকে নির্দেশ দিয়েছেন। আমরা জানি যে ৭৯টি ইউনিট মডার্নাইজেশনের ব্যাপারে যে সব প্রকল্প আছে বিভিন্ন ট্রেড ইউনিয়ন বিভিন্ন সময় তাতে আপত্তি করেছেন, সরকারি প্রকল্পগুলি তারা মেনে নিতে পারেন নি। এরজন্য আপনাদের দলের সাংসদ শ্রী তড়িৎ তোপদার গত ফেব্রুয়ারি মাসের ১০ তারিখে উদ্যোগ নিয়েছিলেন। কেন্দ্রীয় সরকারের প্রকল্প যেগুলি আছে সেগুলি বাস্তবায়িত করে যাতে মিলগুলি চালু করা যায় তারজন্য উদ্যোগ নিয়ে বিভিন্ন ট্রেড ইউনিয়নকে রাজিও করিয়েছিলেন কিন্তু এই প্রস্তাবে সেসব কথা আপনারা বলেন

নি। এ সম্পর্কে আরও যেসব উদ্যোগ কেন্দ্রীয় সরকার নিয়েছেন আমি আশা করেছিলাম বক্তব্য রাখার সময় সেসব আপনারা বলবেন কিন্তু তাও আপনারা বললেন না। এই তো গত পরশুদিন মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী আমাদের এখানকার মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে এ বিষয়ে কথাবার্তা বলেছেন। তাছাড়া দুজন কেন্দ্রীয় মন্ত্রীও বঙ্গভবনে গিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে এ সম্পর্কে তাকে অবহিত করেছেন। সেখানে তারা পরিষ্কার বলেছেন যে এই মিলগুলি বন্ধ করার কোনও অভিপ্রায় কেন্দ্রীয় সরকারের নেই। এগুলি আধুনিকীকরণ করে কি করে পুনরুজ্জীবিত করা যায় তারজন্য চেষ্টা করা হচ্ছে। এ সম্পর্কে যে কমিটি আছে লেড বাই ভেঙ্কটস্বামী, তারা যে সুপারিশ করেছেন সে সব কথাও দুজন কেন্দ্রীয় মন্ত্রী এবং একজন মুখ্যমন্ত্রী বঙ্গভবনে গিয়ে মুখ্যমন্ত্রীকে জানিয়ে এসেছেন। আমি বুঝতে পারছি না গত পরশুদিন যখন মুখ্যমন্ত্রীকে বেসরকারিকরণ করা হবে না বলে কথা দিয়েছেন কেন্দ্রীয় বস্ত্র শিল্পমন্ত্রী ভেঙ্কটস্বামী এবং এন.টি.সি.কে আধুনিকীকরণের জন্য তার মন্ত্রকের তৈরি প্যাকেজ কার্যকর করতে তিনি মন্ত্রীর সহযোগিতাও চেয়েছেন এবং মুখ্যমন্ত্রীও তাতে প্রতিশ্রুতি দিয়েছেন যে শ্রমিক স্বার্থ ক্ষুন্ন না হলে পুরোপুরি তাকে মেনে চলবেন, সেই পরিপ্রেক্ষিতে আজকে যখন প্রস্তাবটা নিয়ে আসা হল তখন প্রস্তাবটা নিয়ে আসার সময় দেখছি এইগুলো একবারও কেউ উল্লেখ করলেন না। শুধু মন্ত্রী সভার রাবার স্ট্যাম্পে পরিণত হয়েছে সরকারি দলের সদস্যরা, আর কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে পারলেই ওরা মনে করেন যে সবথেকে বিপ্লব করে এসেছেন। এই রাজ্যের থেকেও বেশি শিল্প রয়েছে মহারাষ্ট্রে সেখানকার শারদ পাওয়ার কিন্তু কেন্দ্রের বিরুদ্ধে লড়াই এরজন্য যাননি। তিনি নিজে ডেলিগেশনের লিডারশিপ দিয়ে এন.টি.সি'র নেতা হরিভাই নায়েকের নেতৃত্বে তিনি একটা ডেলিগেশন নিয়ে যাচ্ছে, সেখানে গিয়ে তিনি প্রধানমন্ত্রীকে কনভিন্স করবার চেষ্টা করছেন। শুধু সঙ্কটগুলোর সমাধান চান, না, রাজনৈতিক মুনাফা লোটবার জন্য সংকীর্ণ দলিয় রাজনৈতিক মনোভাব নিয়ে কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ করতে চাই? যদি কেন্দ্রের বিরুদ্ধে জেহাদ করতে চান তাহলে আমরা আপনাদের সঙ্গে থাকব কেন? আমরা তো রাজনৈতিক স্বার্থে চলিনা? একটু আগে তো রেলওয়ে প্রকল্প করার সময়, আপনারা আজকেও তো বরকত সাহেবের প্রশংসা করলেন, কিন্তু সেদিন যখন বরকত সাহেব কাজ করতে গিয়েছিলেন, আপনারা বাধা দিয়েছিলেন। আমরা কিন্তু পারলাম, সেদিনকে কাজের যেমন প্রশংসা করেছি, তেমনি আজকে যখন রেলমন্ত্রী অন্যায় করছেন, সেইগুলো আমরা প্রত্যেকটি বক্তা আমাদের পক্ষ থেকে বক্তব্য রাখতে গিয়ে সমালোচনা করেছি। আমরা রাজনীতির স্বার্থটাকে দলের স্বার্থের থেকে দেশের স্বার্থটাকে বড় করে দেখি। দুর্ভাগ্যবশত আপনাদের মধ্যে সেটা নেই। মাননীয় শান্তিবাবু যখন বক্তব্য রাখবেন, তিনি বলুন না রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে কেন্দ্রের যে দুই মন্ত্রীর কথা হল, সেই কথা হবার পর তারপর এই প্রস্তাব এই ভাবে নিয়ে আসা উচিত কি না? এইরকম একটা প্রস্তাব নিয়ে এসেছেন আপনারা। সব হয়ে যাচ্ছে, আপনারা ছায়ার সঙ্গে যুদ্ধ করে গায়ে ব্যাথা করার একটা গল্প পড়েছেন — আপনাদের অবস্থা ঠিক তাই। ছায়ার সঙ্গে যুদ্ধ করে নিজেদের গায়ে ব্যাথা করছেন। আজকে শ্রমমন্ত্রী যখন বক্তব্য রাখবেন — উনি একটা স্টেটমেন্ট দিয়েছে কিছুদিন আগে, কারণ এর আগে আমাদের সদস্য সুব্রত মুখার্জি যেদিন এখানে ইনফরমেশন দিয়েছিলেন যে টেক্সটাইল মিলগুলো বন্ধ হয়ে যাচ্ছে, আমরা তাৎক্ষণিক একটা ভেবেছিলাম সত্যই হয়তো বন্ধ হয়ে যাচ্ছে, সরকার পক্ষের অনেক সদস্য সেদিন উদ্বেগ প্রকাশ করেছিলেন, আমরাও দলমত

নির্বিশেষে সেদিন উদ্বেগ প্রকাশ করেছিলাম এবং মন্ত্রীর কাছ থেকে একটা বিবৃতি দাবি করেছিলাম — অনুরোধ করেছিলাম একটা বিবৃতি দিন। কিন্তু পরবর্তী ক্ষেত্রে দেখলাম যে উদ্বেগের কারণ ঠিক ছিল না, মিলগুলো বন্ধ হয়ে যাচ্ছে না। সেদিন যখন মিলগুলো বন্ধ হচ্ছে না আপনারা নিজেরা স্বীকার করলেন, শক্তিবাবু বক্তব্য রাখতে গিয়ে বললেন যে দিনের পর দিন পয়সা দিয়ে মিলগুলো চালু রাখা সম্ভব নয়, সাবসিডি দিয়ে চালু রাখা সম্ভব নয়, মিলগুলোকে লাভজনক করে তুলতে হবে। ঠিকই বলেছেন কিন্তু সেই লাভজনক করে তুলতে গেলে তার আধুনিকীকরণ করা দরকার, মিলগুলো চালু রাখতে গেলে যে ব্যবস্থা নেবার দরকার কেন্দ্রীয় সরকার সেখানে নিচ্ছেন এবং কেন্দ্রীয় সরকার কোনওরকম সংকীর্ণ দৃষ্টিভঙ্গিতে না গিয়ে — শুধু আজকে এটা পশ্চিমবাংলার সমস্যা নয়, গোটা ভারতবর্ষে এইরকম বহু মিল আছে, সমস্ত মিলগুলোর সমস্যা সমাধান করার জন্য কেন্দ্রীয় সরকার উদ্যোগ নিচ্ছে, যখন অন্যান্য রাজ্যের মুখ্যমন্ত্রীরা তাকে সমর্থন করছেন এবং আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী আলোচনার টেবিলে কেন্দ্রীয় সরকারের প্রচেষ্টাকে স্বাগত জানাচ্ছেন এবং সমর্থন করছেন, সেখানে কিছু মাননীয় বিধায়ক হঠাৎ এইরকম একটা প্রস্তাব এনেছেন। এটা যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে একটা কনফ্রন্টেশন-এ গেলেই বোধ হয় পশ্চিমবাংলার স্বার্থ রক্ষা হবে এইরকম একটা নোংরা রাজনীতি করার জন্য একটা সংকীর্ণ দৃষ্টিভঙ্গি নিয়ে আজকে এই প্রস্তাবটা এনেছেন। আমি অনুরোধ করব প্রস্তাবটা তুলে নিন। আসলে কি সঙ্কট সেই সম্পর্কে একসঙ্গে সকলে মিলে আসুন প্রস্তাব নিয়ে আসি। এটা নিয়েও সর্বদলিয় প্রস্তাব নিয়ে আসতে পারি। এইরকম সংকীর্ণ দৃষ্টিভঙ্গি ত্যাগ করে সত্যই যদি রাজ্যের মানুষের স্বার্থ রক্ষা করতে চান, সত্যই যদি টেক্সটাইলকে চালু রাখতে চান তাহলে আসুন একটা সর্বদলিয় প্রস্তাব আমরা নিই। তারমধ্যে সংকীর্ণতা কোনও থাকবে না। আমরা সেইরকম প্রস্তাব সমর্থন করব। এই প্রস্তাবকে তাই আমি সমর্থন করতে পারছি না, আমি দুঃখিত।

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রস্তাবটা ভাল এবং এটার মধ্যে দিয়ে একটা উদ্বেগ যেটা প্রকাশিত হয়েছে সেটা খুব স্বাভাবিক।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** শান্তিবাবু আমাদের এই আলোচনা চারটে চল্লিশ মিনিটে শেষ হবে। আমি একটু টাইম বাড়িয়ে নিচ্ছি। পাঁচটা পর্যন্ত এই আলোচনার সময় বাড়িয়ে দেওয়া হল, আশাকরি সভার এই বিষয়ে মত আছে।

**শ্রী সৌগত রায় ঃ** ফল্স।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক ঃ** স্যার, তার আগে আমি আর একটা উদ্বেগের বিষয় আপনার অনুমতি নিয়ে এখানে রাখছি। আমাদের যে এন.জে.এম.সি.-র চটকলগুলি আছে - আই.আর.বি.আই, ২৮শে ফেব্রুয়ারি একটা বিজ্ঞাপন দিয়েছে। সব কাগজে বিজ্ঞাপন দিয়েছে, সৌগতবাবু 'ফ্লস' বলছেন, কিন্তু সব কাগজেই ছাপা হয়েছে! সৌগতবাবু, আপনি যত বুদ্ধিমান, আমি তত বুদ্ধিমান নই এবং আমাদের এন.জে.এম.সি.-র লোকেরাও তত বুদ্ধিমান নন। এ বিষয়ে আই.এন.টি.ইউ.সি.-সহ সমস্ত ট্রেড ইউনিয়ন নেতারা উদ্বেগ প্রকাশ করেছেন। তারাও হয়ত আপনার মতো অত বুদ্ধিমান নন। বিজ্ঞাপনটায় আছে — বি.আই.এফ.আর.-

এর নির্দেশে আই.আর.বি.আই. বিজ্ঞাপন দিচ্ছে — এন.জে.এম.সি.-র যে কটা মিল আছে সেকটা যদি কেউ কিনতে চাও এসো, একটা কিনতে পারো, অথবা সব কটা কিনতে পার। ' যাইহোক এটা নিয়ে আমি মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছি। যখন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে তখনই আবার এই জিনিস আমরা দেখছি। যেমন ধরুন কেন্দ্রীয় সরকারের একটা প্রতিশ্রুতি ছিল বা একটা আইন ছিল 'সিটরা' আইন সিক ইন্ডাস্ট্রিস সম্বন্ধে — শোভনদেববাবু জানেন, তাতে বলা হয়েছিল কেন্দ্রীয় সরকারের কোনও সংস্থা ঐ আইনের মধ্যে যাবে না। তারপরে বললেন, 'যাবে, কিন্তু ওটা নিয়ে চিন্তা করোনা, ওটা একটা ফর্মালিটি। তারপর কি হচ্ছে, ওখানে গিয়ে যদি কিছু না হয় তাহলে সেই বি.আই.এফ.আর—তাদের ক্ষমতা আছে তারা লিকুইডিশনে দিতে পারবে, নোটিশ করতে পারবে না বিক্রি করার নোটিশ দিতে পারবে। এরকম অনেক জায়গায়ই হচ্ছে। এন.জে.এম.সি বি.আই.এফ.আর-এ গেলে পরে ম্যানেজমেন্ট একটা প্রস্তাব দিয়েছিল পুরন দেনা-টেনা রাইট-অফ করার আর কিছু টাকা ওয়ার্কিং ক্যাপিটাল হিসাবে চাই যেটা ইকুইটি শেয়ার হিসাবে কনসার্ভ ডিপার্টমেন্টে যাবে। এটার কোনও উত্তর আজও পাওয়া যায়নি, হ্যাঁ, কিনা, কিছুই বলেন নি এখনো। পরিবর্তে বি.আই.এফ.আর.-এর আই.আর.বি.আই. কনসালটিং অর্গানাইজেশন হিসাবে বলল, 'আর কোনও পথ নেই, তোমরা বিজ্ঞাপন দাও। তোমরা কো-অপারেটিভ করতে রাজি আছ কিনা? 'তার অগে সেন্ট্রাল ট্রেড ইউনিয়নগুলোর কাছে চিঠি দিয়েছিল — সৌগতবাবু বা শোভনদেববাবু জানেন কিনা জানিনা — যে, 'তোমরা কো-অপারেটিভ করতে রাজি আছ কিনা?' এক এক জায়গায় হাজার হাজার কর্মচারী, আমাদের এখানেই ১৪ হাজার কর্মচারী আছেন — প্রত্যেকটা সেন্ট্রাল ট্রেড ইউনিয়ন বলল, 'না, করা সম্ভব নয়।' সৌগতবাবু, সুব্রতবাবুকে এটা একটু জিজ্ঞাসা করবেন। তারপরে ওরা বিজ্ঞাপন দিয়েছে। এই হচ্ছে ফ্যাক্ট। আজকের কাগজেই দেখলাম শ্রমিকদের কেউ কেউ বলছে — রেল রুখবে ইত্যাদি। কঠিন ব্যাপার। এবিষয়ে চিফ মিনিস্টারের সঙ্গে কথা হয়েছে। আর একটা ব্যাপার হচ্ছে, পার্লামেন্টের একটা কনসালটেটিভ কমিটি আছে। কিন্তু সেই কমিটির মিটিং-এ এটা কোনওদিনই ওঠে নি, এন.জে.এম.সি. ওঠে নি। টেক্সটাইলটা উঠেছে। এন.জে.এম.সি. কোনও দিনই ওঠে নি। চিফ মিনিস্টার আজকেই একটা মেসেজ পাঠিয়েছেন টেক্সটাইল মিনিস্টারের কাছে — 'কীপ ইট ইন অ্যাবেয়েন্স। যদি প্রবলেম থাকে তাহলে সেটা টেক্সটাইল কমিটিতে আলোচনা করে মীমাংসার চেষ্টা করা হোক।' যেহেতু অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং একেবারে মাথার ওপরে এসে পড়েছে, সে জন্যই আমি এ কথাটা বলছি।

দ্বিতীয় কথা হচ্ছে, এই যে বার বার প্রধানমন্ত্রী থেকে শুরু করে সকলেই বলেছেন — 'ছাঁটাই করব না,' হচ্ছেটা কি? ভলান্টারি রিটায়ারমেন্ট স্কীম নেওয়া হচ্ছে। এটা সৌগতবাবু, শোভনদেববাবু জানেন — পাবলিক সেক্টরের বিভিন্ন জায়গায় এটা হচ্ছে এবং এর মধ্যে কেউ কেউ — মাননীয় ইস্পাতমন্ত্রী, তিনি তো বলেই ফেলেছেন, 'ভলান্টারি না নিলে ধাক্কা দিয়ে পাঠিয়ে দেব।' এইরকম ভাবে শ্রমিক-কর্মচারী কমানো হচ্ছে। কিন্তু বলা হচ্ছে, কেউ ছাঁটাই হবে না! আসলে হচ্ছে ছাঁটাই। ভলেন্টারির নামে কিছু টাকা-পয়সা দিয়ে ছাঁটাই হচ্ছে। ওরা বলছেন, বন্ধ হবে না। ভাল কথা, চিন্তা করি না। আরও যে সমস্ত পাবলিক সেক্টর আছে, বন্ধ হবে না, চিন্তা করি না। আমার কাছে হিসাব আছে। ট্রেড-ইউনিয়নদের কাছ থেকে

কথাবার্তা বলে এবং এছাড়া অন্যান্যদের কাছ থেকে পেয়েছি। আমাদের এখানে ১২টি সুতাকল আছে। এন.টি.সি কি পরিমাণে টাকা দিচ্ছে। আসাম থেকে শুরু করে ১৬টি মিল আছে। এরজন্য মাসে ২ কোটি টাকা দরকার। আমরা এ মাসে পেয়েছি ৪০ লক্ষ টাকা। এই হচ্ছে অবস্থা। এখন সেখানে আপনাদের বলার দরকার পড়ে না বন্ধ হবে, অটোমেটিক্যালি বন্ধ হয়ে যাচ্ছে, প্রডাকশন বন্ধ হচ্ছে, মাহিনা ইত্যাদি বন্ধ হচ্ছে। ঘটনা হচ্ছে এখন, ওয়ার্কিং ক্যাপিটালের জন্য যে ফান্ড ফ্লো দরকার সেই ফান্ড ফ্লো আসছে না। আমার কাছে তার একটা হিসাব আছে। ৯ তারিখে যে স্টেটমেন্ট করেছিলাম তাতে বলেছি এবং এ ছাড়া একটা হিসাব পেয়েছি যে টাকা ওরা দিচ্ছেন সেই টাকার মধ্যে পুরানো বকেয়া দেনা, কটন ইত্যাদির দরুন, এছাড়া ইলেকট্রিক বিল মহালক্ষ্মীর ২৬ লক্ষ টাকা ছিল আমি তাদের সঙ্গে আলোচনা করে ব্যবস্থা করেছিলাম এইসব তারা রিসোর্স জেনারেট করেছে কাপড় ইত্যাদি করে। তারপর টাকা সাপ্লাই বন্ধ। ৩।৪ মাস তারা ওখান থেকে জেনারেট করতে.পেরেছে, তুলো নিয়ে এসেছে, অন্য কাপড় ইত্যাদি তৈরি করে মাহিনা দিতে পেরেছিল। এখন কয়েক মাস টাকা আসছে না। ফাস্ট মার্চ যে টাকা রিলিজ করেছে ৪০ লক্ষ, কি ৪৩ লক্ষ হবে সেটা ১৬টির জন্য। গত বছরও তাই রিলিজ হয়। বাজেটারি সাপোর্ট দিচ্ছে না, এই হচ্ছে প্রবলেম। সুতরাং অটোমেটিক্যালি বন্ধ হয়ে যাবে। এই হচ্ছে অবস্থা। প্রস্তাবক সেই উদ্বেগের কথা প্রকাশ করেছেন ঐ প্রস্তাবনার মধ্য দিয়ে। চালু করার জন্য যে টাকার দরকার সেই দরকারের কথা আমাদের চিফ মিনিস্টারও বলেছেন, চিঠিপত্র দিয়েছেন। শুধু এন.টি.সি. নয়, আরও যে সমস্ত পাবলিক সেক্টর আছে সেখানেও ফান্ড ফ্লো রাখুন যতক্ষণ না ফাইনাল স্কীম, মডার্নাইজেশন স্কীম ঠিক হচ্ছে, ততক্ষণ ফান্ড ফ্লো রাখা উচিত। তানাহলে ইউনিটগুলি আরও বেশি সিক হয়ে যাবে এবং অটোমেটিক্যালি বন্ধ হবে। তারপর হচ্ছে, দুঃখের কথা, শোভনদেব, সৌগতবাবুর সঙ্গে সেন্ট্রাল ট্রেড-ইউনিয়নের যোগাযোগ কমই আছে টেক্সটাইলের ব্যাপারে, কিন্তু আমার কিছু কিছু আছে। ট্রাইপার্টাইট কমিটির ডিফারেন্স যেটা হয় সেটা হচ্ছে, সেন্ট্রাল টেক্সটাইল মিনিস্টার, তিনি দাবি করেন ৮০ হাজার সারপ্লাস স্বীকার করতে হবে। ওরা স্বীকার করেনি। ঐ স্টেটমেন্টে আছে ৭৯ হাজার করতে হবে। কিন্তু কিভাবে হবে, কি ভিত্তিতে ৮০ হাজার হচ্ছে সেটা নেই। দ্বিতীয় ডিফারেন্স হচ্ছে, কতকগুলি মিল অ্যামালগেট হবে। আমাদের এখানে ১৮টি ছিল, এখন ১২টি হয়েছে। আমি শুনেছি, এখন ২টি অ্যামালগামেট করার কথা বলতে চান। ১৮টির একটা লিস্ট আছে। আমি শুনেছি, একটা মিল তারা অ্যামালগামেটের জন্য চাপ দিচ্ছেন। এখন সেটা ইউনিয়নের সঙ্গে ডিফারেন্স আছে। আর একটা ডিফারেন্স হচ্ছে, ওরা বলছেন, মডার্নাইজেশন স্কীম সাবসিডিয়ারি লেভেলে হবে। কিন্তু সমস্ত সেন্ট্রাল ট্রেড ইউনিয়নদের দাবি যাদের নাম আপনি করলেন না, ইউনিট লেভেলে মডার্নাইজেশন নিয়ে আলোচনা করে কথা বলতে হবে। এগুলি মেজর জায়গা আছে। যদি কেউ ভলেন্টারি রিটায়ারমেন্টে যেতে না চায় তাকে রিটেন করতে হবে, তারজন্য অন্য রিহ্যাবিলিটেশন কিভাবে হয় তা করতে হবে। মডার্নাইজেশন প্ল্যান স্কীম যা কিছু আছে সেগুলি ট্রেড ইউনিয়নদের সঙ্গে আলোচনা ছাড়া হবে না। ৯১ যে স্কীম হয় ১৪টা হচ্ছে, ১২ হবে, ডিয়ারনেস অ্যালাউন্স প্রভৃতি সেন্ট্রাল নর্মস অ্যাকসেপ্ট করতে হবে। সেখানে দেখা যায় যে, ৩/৪ মাস ভালই চলেছিল, কটন যখন সাপ্লাই বন্ধ হয়ে গেল তারপর ক্রাইসিস দেখা গেল। সেখানে মডার্নাইজেশনের কথা হয়েছিল, মডার্নাইজেশন যেখানে সম্ভব সেখানে মডার্নাইজেসন হবে,

তাতে কোনও আপত্তি নেই কিন্তু সেটা পার্টিকুলার বিভিন্ন ইউনিটে সেটা মাননীয় অম্বিকা বাবু জানেন ওর সঙ্গে কল কারখানার পরিচয় আছে, এক একটার এক এক রকম ক্যারেক্টার, আছে, স্পেসিফিক প্রবলেম আছে সেই স্পেসিফিক প্রবলেম নিয়ে আলোচনা করে ঠিক করতে হবে মডার্নাইজেশন হলে কি ধরনের লোক সারপ্লাস হচ্ছে তাকে কি করে রি-এমপ্লয় করা হচ্ছে এইসব আলোচনাগুলি বাকি আছে। এখানে চিফ মিনিস্টারের সঙ্গে সেন্ট্রাল লেবার মিনিস্টারের কথা হয়েছে, আমি আগে টেক্সটাইল মিনিস্টার মহাশয়কে একটা চিঠি দিয়েছিলাম, কথা হয়েছে, কথা হয়েছে তাতে তিনি বলেছেন এইগুলি তিনি দেখবেন এবং যা করার তা করবেন। একই ব্যাপার সেখানে যাচ্ছে, কি হবে মাননীয় চিফ মিনিস্টার হি ইজ পারসুইং দি ম্যাটার, আবার পার্সু করবেন, কিন্তু বিপদটা আছে সেজন্য বেশি কথা বলতে চাই না। মাননীয় কংগ্রেস বন্ধুরা ট্রেড ইউনিয়ন করেন তাদের বলব ২/১ টি এক্সপ্রেশন নিয়ে কি থাকে তার উপর গুরুত্ব না দিয়ে প্রস্তাবের উদ্দেশ্য স্পিরিট দেখে বাস্তব যে কারণ আছে সেদিক থেকে প্রস্তাবটি গ্রহণ করুন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ননী কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের বলব প্রস্তাবটি পড়ুন এবং তারপরে বিরোধিতা করুন। আমি যেটা বার বার বলেছি সকল সময়ে বলছি যে কেন্দ্রীয় সরকারের প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী এই মিলগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হোক এবং ট্রেড ইউনিয়নগুলির সহযোগিতায় এই মিলগুলিকে লাভজনক করে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক। কোনও প্রতিশ্রুতির বিষয় নয়, কোনও প্রতিশ্রুতির জায়গা নয় কেন্দ্রীয় সরকার যেটা বলেছেন তাকে কার্যকর করতে বলেছি। কেন প্রস্তাব আনতে হচ্ছে? ওরা জানেন ওরা বক্তব্যে বলেছেন তারমধ্যে বিরোধিতা নেই। ওরা রাজনৈতিক কারণে নির্দেশ পেয়েছেন সেই কারণে বিরোধিতা করছেন এবং এটা তৈরি করা। এন.টি.সি মিল সেখানে ১৯৭৪ থেকে ৭২ বার অর্ডিনেন্স হয়েছে, সেই ৭৪ থেকে যে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, তার কোনটা মানেন নি। যে প্রতিশ্রুতি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শ্রমমন্ত্রীকে দিয়েছিলেন আমরা জানি, শুধু সেই প্রতিশ্রুতি কার্যকর করতে বলছি, অন্য কথা বলছি না। সেই কারণে অনুরোধ করব ওরা আর এক বার এই প্রস্তাবটি গ্রহণ করুন, মেনে নিন। দ্বিতীয় কথা হল ওরা বলছেন দুর্নীতির বিরুদ্ধে আমরা বলছি, তাহলে এখানে কেন্দ্রীয় সরকার যে ম্যানেজমেন্ট অ্যাপয়েন্ট করেছেন তার জন্য ওদের ওখানে বলতে হবে, আমাদের আপত্তি নেই। এখানে কেন দুর্নীতি করছে, কে দুর্নীতি করছে? আমরা খুশি যে ওরা দুর্নীতির কথা বলেছেন। দুর্নীতির কথা বলতে গেলে প্রথমেই শেয়ার কেলেঙ্কারির ব্যাপারে জে.পি.সি. মন্তব্য অনুযায়ী অর্থমন্ত্রী—তার বিরুদ্ধে বলতে হবে, কিন্তু ওরা তা বলতে পারবেন না। বলতে পারবেন না বলে এই কথা বলেছেন। সেজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি দীর্ঘ বক্তৃতায় যেতে চাই না, ইন্দোরে ১৯৯৪ সালে ৭/৮ ফেব্রুয়ারি এই প্রস্তাবটা গ্রহণ করেছেন। সেখানে আই.এন.টি.ইউ.সি'র নেতারা ছিলেন আই.এন.টি.ইউ.সি. বলেছিলেন আমাদের রাজ্যসভায় সভাপতি নেই, থাকলে কি বলতেন আমি জানিনা। তিনি ওখানে বসে গ্রহণ করেছেন, আমি সেই প্রস্তাব এনেছি, মাননীয় শ্রমমন্ত্রী অনেকখানি ব্যাখ্যা করেছেন, সেজন্য আমি অনুরোধ করব সকলে মিলে শ্রমিকদের, জনগণের এবং বস্ত্র স্বার্থে এটা হচ্ছে, এটা মেনে নিন। এটাই সকলের কাছে

নিবেদন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Nani Kar that

যেহেতু পশ্চিমবঙ্গে অবস্থিত ন্যাশনাল টেক্সটাইল কর্পোরেশন পরিচালিত ১২টি সুতাকল গভীর সঙ্কটের মধ্যে পড়েছে এবং ভারতবর্ষের অন্যান্য রাজ্যে অবস্থিত এন.টি.সি.-পরিচালিত মিলগুলিও একই ধরনের সঙ্কটে পড়েছে;

যেহেতু প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই মিলগুলিতে নিয়মিতভাবে তুলা, কয়লা ইত্যাদি সরবরাহ করছেন না;

যেহেতু এই প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারিরা নিয়মিতভাবে আজও মজুরিলাভে বঞ্চিত হচ্ছেন;

যেহেতু কেন্দ্রীয় সরকার এই সংস্থা দ্বারা মিলগুলি বন্ধ করে দেবার অভিপ্রায় ঘোষণা করেছেন;

যেহেতু এর ফলে কয়েক হাজার শ্রমিক-কর্মচারী কর্মচ্যুত হবেন;

যেহেতু এই সভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের নিকট অনুরোধ জানাচ্ছে যে, কেন্দ্রীয় সরকারের প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী এই মিলগুলি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হোক এবং ট্রেড ইউনিয়নগুলির সহযোগিতায় এই মিলগুলিকে লাভজনক করে তোলার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হোক। —was then put and agreed to.

**Mr. Deputy Speaker :** Now I call upon Shri Saugata Roy to move his motion under Rule 185.

[4-50 — 5-00 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, রাজ্যের মহিলাদের ইজ্জতের বিষয় নিয়ে একটি প্রস্তাব ১৮৫ ধারামতে এই হাউসে রাখছি। স্যার, আই বেগ to move that

Whereas the number of incidents of eve teasing, molestation and dowry deaths in the State have increased in recent times;

Whereas one housewife was assaulted in Chanditala Lane of Regent Park PS by anti-socials recently:

Whereas another housewife was molested and assaulted in Majinan Village of Kolaghat PS recently;

Whereas there was a mass torture on a housewife in Gangarampur Assembly segment of South Dinajpur recently;

Whereas there has been complaints about molestation of women in Kotwali PS of Midnapore district and Purbasthali PS of Burdwan district;

Whereas there has been involvement of the members of the Ruling

party in several such cases; and

whereas there has been complaints of police inaction; This House condemns the above incidents of insults to womenhood of Bengal and demands posting of women officers in all police stations and examplasy punishment to the culprits.

স্যার, পশ্চিমবঙ্গে মহিলাদের উপর অবমাননার ঘটনা ক্রমশ বেড়ে চলেছে, ভারতবর্ষে আমাদের সভ্য সমাজের যে গর্ব ছিল সেটা বামফ্রন্ট শাসনে পশ্চিমবঙ্গে ক্রমশ ধ্বংস হয়ে যাচ্ছে। সমাজের এই ঘোর অবক্ষয়ে চিন্তিত ও বিড়ম্বিত হয়ে দুঃখের সঙ্গে আমরা এই প্রস্তাব এনেছি। এটা পশ্চিমবঙ্গের বাস্তব চিত্র এবং এই চিত্রের সঙ্গে সকলে একমত হয়ে যদি এর নিন্দা করতে পারি তাহলে আমি বুঝব, বামফ্রন্টের যারা সদস্য তারা শুধু রাজনৈতিক কারণেই নয়, মহিলাদের প্রতি এই অত্যাচারের বিরুদ্ধেও রুখে দাঁড়াবার সৎ সাহস তাদের আছে।

এরপর আমি সর্বশেষে আমার বক্তব্য রাখব।

[5-00 — 5-10 p.m.]

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী** ঃ মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, বিরোধী দলের মাননীয় সদস্য শ্রী সৌগত রায় এবং ডাঃ মানস ভুঁইয়া যে প্রস্তাব এখানে উপস্থাপন করেছেন সেই প্রস্তাবের বিরোধিতা না করে এখানে কোনও বক্তব্য রাখা যায় না। মাননীয় সদস্য সৌগতবাবু প্রস্তাব উত্থাপনের সময় যে ইঙ্গিত রাখলেন সমাজের অবক্ষয় সম্পর্কে, এটা বাস্তব এবং এটা দুঃখের হলেও আমাদের স্বীকার করতে হচ্ছে। স্বাধীনতা প্রাপ্তির ৪৭ বছর পরেও ভারতবর্ষের প্রায় ৯০ কোটি মানুষ যখন একবিংশ শতাব্দীর দ্বারপ্রান্তে উপনীত হয়েছিল তখনও আমরা অনেক রাজ্যে, প্রায় গোটা দেশজুড়ে নারী নির্যাতন, বধুহত্যার ঘটনা ঘটে চলেছে এবং সেসব ঘটনার কথা আমরা কাগজে পড়ছি এবং তা মানুষের আলোচনার মধ্যে স্থান পাচ্ছে। আমরা যদি বিষয়টাকে কেবলমাত্র একটা অক্ষরের মধ্যে সীমায়িত করি তাহলে বিষয়টার গভীরে প্রবেশ করতে পারব না। আজকে এই রোগটা কেবলমাত্র ভারতবর্ষে নয়, ধনতান্ত্রিক দেশগুলোর মধ্যে এই রোগ ছড়িয়ে পড়েছে। এটা আমরা বিভিন্ন পরিসংখ্যান থেকে জানতে পারি। পৃথিবীতে ৫০০ কোটি মানুষের মধ্যে যেখানে ২৩৬ কোটি মানুষ মহিলা যারা নারী নামে খ্যাত তাদের বিভিন্নরকম অত্যাচারের শিকার হতে হয়। কিন্তু আমরা দেখছি, ধনতান্ত্রিক দেশগুলোতে আজকে নারী নির্যাতনের সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। অতি সম্প্রতি আন্তর্জাতিক নারী বর্ষে এই বছরের ৮ই মার্চ নারী নির্যাতনের ব্যাপারে অ্যামনেষ্টি ইন্টারন্যাশনাল যে রিপোর্ট পেশ করেছেন সেই রিপোর্টে বলা হয়েছে যে, পৃথিবীতে যত যুদ্ধ হচ্ছে, যত দাঙ্গা হচ্ছে, কিংবা কোনওরকম সাম্প্রদায়িক দাঙ্গা ঘটছে, সেখানে নারী আক্রান্তের প্রথম স্থানে দাঁড়িয়ে। আমরা লক্ষ্য করেছি, এটাও বেরিয়েছে, নিশ্চয়ই মাননীয় সদস্য সৌগতবাবুর নজরে আছে যে সম্প্রতি এশিয়ান ওমেনস হিউম্যান রাইটস কাউন্সিল একটি সমীক্ষায় বলেছে যে জাপানে মেয়েদের নিয়ে অপরাধমূলক ব্যবসায়ে যুক্ত করা হচ্ছে এবং ইন্দোনেশিয়ায় বাংলা দেশের মেয়েদের সেইসব জায়গায় পাচার করা হচ্ছে। এটাও আমাদের দৃষ্টি এড়িয়ে যেতে

পারেনা। অধুনা রাশিয়া, সোভিয়েত ইউনিয়ন বলতে পারছিনা, তার পরবর্তীকালে রাশিয়ায় ক্রাইম এগেনস্ট ওম্যান অনেক বাড়ছে। আমি বিভিন্ন সংখ্যা দিতে পারি কিন্তু সেটা দিতে গেলে অনেক সময় লাগবে, সেই সময় আমার নেই। আমেরিকার কথা আপনারা সকলেই জানেন। ক্রাইমে প্রথম যার নাম সেই আমেরিকা মার্কিন যুক্তরাষ্ট্রে মেয়েদের কি ভাবে নিগৃহীত করা হয়, নির্যাতিত করা হয় সেটা আপনারা সকলেই জানেন। ভারতবর্ষের সামগ্রিক চেহারা এর থেকে পৃথক হবে, অন্য ধরনের হবে, এটা কোনও শুভবুদ্ধি সম্পন্ন মানুষ সচেতন মানুষ মনে করতে পারেনা। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো, মিনিস্ট্রি অব হোম অ্যাফেয়ার্স, তারা বিভিন্ন সময়ে রিপোর্ট দেন। সেই রিপোর্টে আছে যে প্রতি ৫৪ মিনিটে আমাদের ভারতবর্ষে একজন মহিলা রেপ হয়। প্রতি ২৬ মিনিটে একজন মহিলা মলেসটেশন হয়। প্রতি ৪৩ মিনিটে একজন করে কিডন্যাপ হয়। প্রতি ৪১ মিনিটে একটি করে ইভটিজিংয়ের ঘটনা ঘটে। প্রতি এক ঘন্টা ৪২ মিনিটে আমাদের ভারতবর্ষে আজও একজন করে মেয়েকে পণ-প্রথায় বলি হতে হয়। এই জায়গায় দাঁড়িয়ে টোটাল ক্রাইমের কথা যদি ভাবি তাহলে দেখা যাবে তার ৭০ ভাগ হয় উত্তরপ্রদেশ, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ, রাজস্থান এবং দিল্লিতে। আর বাকি ৩০ ভাগ অন্য রাজ্যগুলিতে। সেখানে পশ্চিমবঙ্গের স্থান খুঁজে পাওয়া যায়না। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শারদ পাওয়ার কলকাতায় এসেছিলেন। তিনি এখানে এসে বললেন যে কলকাতায় আইন-শৃঙ্খলা নেই। কিন্তু তার জন্য এখন দ্বিতীয় স্থানে রয়েছে। ন্যাশনাল ক্রাইম রেকর্ডস ব্যুরো ৬টি বড় শহর দিল্লি, বোম্বে, মাদ্রাজ, অন্ধ্রপ্রদেশ, হায়দ্রাবাদ এবং কলকাতা নিয়ে একটি সমীক্ষা করেছিল। তাদের রিপোর্টে মহিলাদের বিরুদ্ধে অপরাধে দিল্লি প্রথম, দ্বিতীয় স্থানে রয়েছে বোম্বে শহর এবং কলকাতার স্থান সকলের শেষে। মহারাষ্ট্রের বোম্বে শহরে ১২ই মার্চ বর্ষপূর্তি হয়েছে বিধ্বংসী বোমা বিষ্ফোরণের ঘটনা এবং নারী নির্যাতনের ঘটনা দিয়ে। আজকে ভারতবর্ষে কন্যা ভ্রুণ হত্যা হচ্ছে। আমরা খবরের কাগজে দেখেছি যে কন্যা ভ্রুণ হত্যার জন্য সুইডেন থেকে আওয়াজ উঠেছে যে ভারতবর্ষকে সমস্ত সাহায্য বন্ধ করে দেওয়া হোক। কিন্তু পশ্চিমবঙ্গে এইরকম যা ঘটনা ঘটছে তারজন্য আমরা উদ্বিগ্ন এবং আমরা একথা বলিনা যে পশ্চিমবাংলায় একটা, দুটো এইরকম ঘটনা যা ঘটছে সেটা আমরা এড়িয়ে যেতে পারি। আমি একথা বলব যে পশ্চিমবঙ্গ সরকার, পশ্চিমবঙ্গের মানুষ এই সম্পর্কে যে দৃষ্টিভঙ্গি নিয়েছেন সেটা আমরা সকলে জানি। আমি এর আগেও উল্লেখ করেছি যে আমাদের স্পিকার মহাশয় যে নির্বাচন এলাকা, সেই এলাকার কংগ্রেস আই এর পঞ্চায়েত প্রতিনিধি, একজন মহিলার স্বামী বাড়ি ছিলেন না, সেই মহিলাকে রেপ করলেন। সেই আসামির কাঠগড়ায় আপনারা দাঁড়িয়ে আছেন। দক্ষিণ ২৪ পরগনার মহেশতলা থানার অন্তর্গত সাক্ষরতা ক্যাম্পের প্রশিক্ষক, সন্ধ্যা মুখার্জি, তাকে আপনারা নির্যাতন করেছিলেন, নিগৃহীত করেছিলেন, সেই আসামির কাঠগড়ায়ও আপনারা দাঁড়িয়ে আছেন। এই ঘটনা আজকে পশ্চিমবাংলা জুড়ে আপনারা ঘটাবার চেষ্টা করছেন। আমি আপনাদের বলব যে আপনারা এই পথ ছেড়ে দিন, সমাজবিরোধীদের আশ্রয় দেবেন না, সমাজবিরোধীদের সমাজবিরোধী বলুন। গতকাল বেনিয়াপুকুরে আবু সুখিয়ামকে খুন করবার জন্য যারা আক্রমণ করল, আর যাই করুন তাদের আপনারা আশ্রয় দেবেন না। তা যদি করেন তাহলে পশ্চিমবাংলায় যে ঘটনা ঘটছে তার থেকে বেরিয়ে আসতে পারবে। এটা আমরা গর্ব করে বলতে পারি পশ্চিমবাংলা এই জায়গায় আছে যে, বানতলার কথা বলছি না, নেহেরবানুর কথা বলছি না,

বটতলা থানার রঙ্গিলা খাতুনের আসামিকে গ্রেপ্তার করা হয়েছে, তার বিচার হচ্ছে, মালদার গাজলের আসামি গ্রেপ্তার হয়েছে, বিচার হবে, এই পশ্চিমবাংলায় আসামিরা প্রকাশ্য দিবালোকে ঘুরে বেড়াতে পারে না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমার একটা পয়েন্ট অফ ইনফরমেশন আছে। স্যার, গুলিতে দু-জন মারা গেছে। স্যার, বীরভূমের তারাপুরে দু-জন মারা গেছে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** না, এখন এটা হবে না। মানস ভুঁইয়া, আপনি বলুন।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** স্যার, আপনি ওনার পয়েন্ট অফ ইনফরমেশনটা শুনে নিন।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আপনারা তো একটা নিয়ম মানবেন, এটা তো আমি বিরোধী দলের কাছে আশা করব। সংসদীয় গণতন্ত্রের একটা নিয়ম তো মেনে চলবেন। একটা ইনফরমেশন যখন তখন দেওয়া যায় না। এটা শেষ হোক বলবেন।

(গোলমাল)

ঠিক আছে বলুন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, বীরভূম জেলায় তারাপিঠের কাছে তারাপুর বলে একটা গ্রাম আছে। সেখানে একটা স্বাস্থ্যকেন্দ্রে স্বাস্থ্য দপ্তর একজন ডাক্তারকে বদলির নির্দেশ দেয়। সেখানে গ্রামের মানুষ গিয়ে বলেন যে এই ডাক্তার ভীষণ উপকারি ডাক্তার, একে বদলি করে দেওয়া ঠিক নয়। সেই নিয়ে মানুষ বিক্ষোভ দেখাতে থাকে, ক্রমশ সেখানে মানুষ জমতে থাকে। তারাপুর হেলথ সেন্টারের কাছে প্রচুর মানুষ বিক্ষোভ দেখাতে থাকে। এইরকম একটা সময় সেখানে পুলিশ গিয়ে, যে পুলিশ সম্বন্ধে আমরা বার বার বলেছি যে টিগার হ্যাপি পুলিশ, সেই পুলিশ নিরীহ গ্রামবাসীর উপর গুলি চালায়। সেই গুলিতে তারাপুর হেলথ সেন্টারের সামনে দুজন নিরীহ মানুষ প্রাণ দিল। এই ঘটনার নিন্দা করার ভাষা আমার নেই।

**(এ ভয়েস ঃ— আপনি বসুন...)**

(গোলমাল)

পুলিশ যেখানে সেখানে লাগাম ছাড়া গুলি চালাচ্ছে, গুলিতে মানুষ মারা যাচ্ছে। লজ্জা করে না বলতে? তারপর আবার আপনারা বলছেন বসুন?

(গোলমাল)

[5-10 — 5-20 p.m.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় সদস্য সুদীপবাবু যেটা ইনফরমেশন আকারে আনলেন সেই ব্যাপারে গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং অবিলম্বে এই ঘটনার পুর্নাঙ্গ তদন্তের দাবি করছি। এখানে মাননীয় মন্ত্রী শ্যামলবাবু আছেন, আমি তার কাছে দোষী পুলিশ অফিসারের শাস্তির দাবি করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সময়োপযোগী প্রস্তাব আমি এবং মাননীয় সদস্য সৌগত রায় মহাশয় নিয়ে

এসেছি। এই প্রস্তাব সম্পর্কে মাননীয় সদস্যা যে আলোচনা করলেন সেটা আমি ধৈর্য ধরে শুনলাম। তিনি একজন নারী জাতির প্রতীক। তার বক্তব্যে বাংলার কৃষ্টি, সংস্কৃতি, ঐতিহ্য এবং মায়ের জাতিকে অপমান করে। তার বক্তব্যের মধ্যে দিয়ে নারী জাতির পবিত্রতা ভুলুণ্ঠিত হয়েছে। আমি আশা করেছিলাম তিনি ওই দলের সদস্যা হলেও তিনি নির্ভিকভাবে নারী জাতির প্রতীক হিসাবে তার বক্তব্য রাখবেন। কিন্তু অত্যন্ত বেদনার বিষয় যে তিনি দলের প্রতীক হিসাবে, তাকে দলের কথা বলতে যে ভাবে ব্রিফ করে দেওয়া হয়েছে, সেই ভাবে বললেন। তিনি অল ইন্ডিয়া ফিগারে চলে গেলেন। কে চাইছিল? বাংলার কথা বলুন? এই বাংলা নজরুলের, এই বাংলা রবীন্দ্রনাথের। বাংলার এই কৃষ্টি মার্কসবাদিরা তৈরি করেনি। বাংলার এই ঐতিহ্য আবহমানকাল ধরে চলে আসছে, ইতিহাস বয়ে চলেছে। এই বাংলা মাকে প্রণাম করে, নারী জাতিকে সম্মান করে। আমরা সঠিক ভাবেই বলেছি, নারী জাতির সম্মান আজ ভুলুণ্ঠিত। পশ্চিমবঙ্গে আগে কি ছিল আর এখন কি হয়েছে তা বলুন, বিহার, ওড়িষ্যার কথা বলে লাভ নেই। আমার কাছে একটি তথ্য আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি সেটি বললেন না, চেপে গেলেন। ১৯৯১ সালে এই রাজ্যে নারী ধর্ষণের ঘটনা ঘটেছে ৪৬১টি। আমার কাছে বইটি আছে, পড়ে যান। বেশি দুরের কথা নয়, '৮৭ সাল থেকে '৯১ সাল, চার বছরের ডিফারেন্সটা একটু দেখুন। '৮৭ সালে ইভটিজিং হয়েছে যেখানে ৪৮টি, '৯১ সালে সেটি ৩৫৪তে চলে গেছে, অর্থাৎ প্রায় ৬৩৭.৫ পারসেন্ট ইনক্রিজ। কি বলেন শ্যামলবাবু, কি বলেন মাননীয়া সদস্যা? সোর্সটা হচ্ছে গভর্নমেন্ট অব ইন্ডিয়ার পাবলিকেশন, 'ভায়োলেন্স এগেনস্ট উইমেন।' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী বিবৃতি দিয়েছেন, ১৯৯১ সালে পশ্চিমবঙ্গে রেপ হয়েছে ৪৬১টি, ১৯৯২ সালে হয়েছে ৬১৫টি, ১৯৯৩ সালে হয়েছে ৭১২টি - অর্থাৎ ক্রমবর্ধমান। মাননীয় চেয়ারম্যান স্যার, ইভটিজিং ১৯৯১ সালে যেখানে হয়েছে ৪৮টি, ১৯৯১ সালে তা হয়েছে ৩৫৪টি, অর্থাৎ ৬৩৭.৫ পারসেন্ট ইনক্রিজ। ডাউরি ডেথ, ১৯৮৭ সালে হয়েছে ৯৭টি, আর ১৯৯১ সালে হয়েছে ৫৩৮টি, অর্থাৎ ৪৫৪.৫ পারসেন্ট ইনক্রিজ। আপনি যাদের প্রতীক, সেই নারী জাতি কি ভাবে লাঞ্ছিত হয়েছেন দেখুন। এবারে সার্বিক ক্রাইমের ব্যাপারে আসছি। মহিলাদের উপরে সার্বিক যে অত্যাচার তা হচ্ছে ৪৩.৯ পারসেন্ট। সারা ভারতবর্ষে যেখানে ২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্র শাসিত অঞ্চল রয়েছে, পশ্চিমবঙ্গ সেখানে নবম স্থান দখল করেছে। কতবড় কৃতিত্ব। এরজন্য গোল্ড মেডেল দিতে হবে এদের। এই রাজ্যে বামফ্রন্টের নরখাদকের দল তাদের থাবা নিয়ে ঘুরে বেড়াচ্ছে নারী জাতিকে লাঞ্ছিত করার জন্য। আজকে এই রাজ্যে এই পরিস্থিতি চলছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর কারণ কি? আমরা বারে বারে চমকে উঠছি। আমি কিন্তু চমকে উঠিনি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সংবাদপত্রগুলো খুললে কি দেখতে পাচ্ছি? আমি এখানে দক্ষিণ চব্বিশ পরগনার ছোট্ট একটি উদাহরণ দিচ্ছি, কয়েকদিন আগে যেটি ঘটেছে। সেখানে মোহিনী প্রধান বলে একটি মহিলা ধর্ষিতা হলেন। তাকে পুলিশের কাছে নিয়ে যেতে পুলিশ ডায়রি নিতে অস্বীকার করেন। এতো আর সি পি এম এবং কংগ্রেসের ব্যাপার নয়, এটা দৃষ্টিভঙ্গির ব্যাপার। সেই কারণে আমাদের আবেদন থানায় একজন করে মহিলা অফিসার এবং মহিলা কনস্টেবল দেওয়ার দরকার। মোহিনী প্রধান থানায় গেলেন তার কেস নেওয়া হল না। শেষকালে এস পির বলাতে ডায়রি নেওয়া হল। সেখানে এখানে একজন মাননীয় সদস্যা তিনি এর বিরোধিতা করতে গিয়ে ভারতবর্ষে

উদাহরণ দেখালেন। আমরা আশা করেছিলাম এখানের সব মহিলারা এর প্রতিবাদে সভা থেকে অবস্থান করবেন। যেখানে এস পির বলার পরে এস ডি পি ও মোহিনী প্রধানের ডায়রি নিলেন। ডায়রি নেবার পরে তাকে গিয়ে শাসিয়ে এল ওই পুলিশ অফিসার যে, তার বিরুদ্ধে ১০ হাজার টাকার জরিমানা হবে যদি সে ওই কেস উঠিয়ে না নেয়। আমি এখানে মাননীয় মন্ত্রী আছেন, তাকে দায়িত্ব নিয়ে বলছি যে, তিনি ইনভেস্টিগেশন করুন, কোনও বেয়াদপ পুলিশ অফিসার এইরকমভাবে একজন নিরীহ মহিলার ডায়রি নেওয়ার ৭ দিন পরে তার বাড়িতে গিয়ে বলেন যে, সে যদি সাদা কাগজে সই না করে দেয় তাহলে তার উপরে ১০ হাজার টাকার জরিমানা হবে। এবং ওই ধনঞ্জয় মাইতিকে সাহায্য করার জন্য একটি কেসও ইনভেস্টিগেশন করা হয়নি। আজকে মা বোনেদের ইজ্জত যেভাবে ভুলুণ্ঠিত হচ্ছে তাতে আমাদের সবার লজ্জা। একেবারে বিবস্ত্র করে কিভাবে নগ্ন করে প্রকাশ্য দিবালোকে রাস্তায় ঘোরানো হচ্ছে। বটতলা, বানতলা, চন্ডীতলা একটার পর একটা জায়গায় এইরকম নারী নির্যাতন চলছে। আমি স্পেশাল ঘটনা কিছু বলতে চাইছি না, আজকে নারী জাতির যে অবস্থা দাড়িয়েছে তাতে আমাদের সবার চিন্তার বিষয় হয়ে পড়েছে। আজকে একটা বিপদজনক লাগামছাড়া, প্রশাসনিক লাগামছাড়া পুলিশ গুন্ডাবাহিনীর সাহায্যে সিপিএমের মদতপুষ্টরা এইরকম ভাবে নারী জাতির অসম্মান করছেন। আর পুলিশকে তো কিছু আপনাদের বলার নেই, কারণ তারা বলেই দিয়েছে যে, জোচ্চুরি করে আপনাদের তারা জিতিয়ে দিয়েছে আর কোনও ব্যাপারে তাদের উপরে হস্তক্ষেপ করতে পারবেন না। তাই আজকে পুলিশ ক্যাম্পে নিয়ে গিয়ে নেহেরবানুর মতো মহিলাদের অত্যাচার করা হচ্ছে তার কোনও বিচার হচ্ছে না। এইভাবে পুলিশের লোকেদের দ্বারা মহিলারা ধর্ষিতার ঘটনা ঘটছে। এবং প্রকাশ্য দিবালোকে নারীরা অত্যাচারিত হচ্ছে। পুলিশকে তো কিছু আপনাদের বলার নেই, তাদের সাহায্য নিয়ে আপনারা জিতে এসেছেন। এতে তো বাংলার কৃষ্টি, সংস্কৃতি এবং ঐতিহ্য ভুলুণ্ঠিত হচ্ছে। এটা তো কংগ্রেস, কমিউনিস্টের ব্যাপার নয়, নারী নির্যাতন তো সকলের কাছে নিন্দনীয়। সুতরাং এই যে প্রস্তাব এসেছে তাতে সকল সদস্যর সমর্থন করা উচিত এবং প্রতিবাদে গণ আন্দোলন গড়ে ওঠা দরকার এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য সৌগত রায় এবং মানস ভুঁইয়া আজকে যে রেজলিউশন এনেছেন সেই সম্বন্ধে কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই। আজকে যে প্রসঙ্গ নিয়ে উঠেছে তাতে নিশ্চয় আমরা বলছি না যে আমরা এর থেকে একেবারে সরে আসতে পেরেছি, তবে পশ্চিমবঙ্গে যে ধরনের ঘটনা ঘটেছে তা অন্য রাজ্যের থেকে বেশি নয়। এখানে যে ডাওরীতে মারা যায় নি, বা মলেস্টেশন হয় নি একথা বলছি না। সব থেকে দুঃখের বিষয় মাননীয় সদস্য সৌগত রায় যে প্রস্তাবটা দিয়েছেন মূল বিষয়বস্তু যেখানে সীমাবদ্ধ মহিলা পুলিশ, মহিলা কনস্টেবল দিলে নাকি সমস্যার সমাধান হয়ে যাবে। এখানে কিন্তু একটা প্রশ্ন থেকে যায় এই মহিলা কনস্টেবলদেরকে দেখার জন্য বা মহিলা পুলিশ অফিসারকে রক্ষা করার জন্য তো আবার একদল পুলিশ লাগবে। আবার সেটা নিয়ে ভাবতে হবে। সুতরাং ঐ আগড়ম্বর একটা প্রস্তাব যদি আনতে হয় তাহলে তা করতে পারেন। কিন্তু এটার দ্বারা সমস্যার সমাধান হবে না। এটা একটা সামাজিক সমস্যা। এই প্রসঙ্গে আমি বলব কংগ্রেসের মাননীয় সদস্য বললেন বামফ্রন্টের আমলে এটা সব থেকে

বেশি দেখা যাচ্ছে, এটার সঙ্গে আমি একমত নই। অল ইন্ডিয়া কনফারেন্স কংগ্রেসের সল্টলেক স্টেডিয়ামে হয়েছিল, সেখানে কত মহিলাকে অচৈতন্য অবস্থায় পাওয়া গিয়েছিল, কত মহিলাকে রেপ করা হয়েছিল এটা তো হয়েছিল আপনাদের জমানায়। কিন্তু এখন এইরকম অবস্থা নেই। এখন এইরকমভাবে এখানে মোলেস্টেশন হয়না, যদি এই ধরনের কিছু ঘটনা ঘটে তাহলে নিশ্চয় পানিশমেন্ট হবে। এই বলে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী জটু লাহিড়ী ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, সৌগতবাবু এখানে যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে আমি দু-একটি কথা বলছি। পশ্চিমবাংলার মহিলাদের যে মান-সম্ভ্রম আগে ছিল, আমরা যেটা সবাই জানতাম সারা ভারতবর্ষের মধ্যে বাংলার মা বোনেদের ইজ্জত রাখতে জানি, সেখানে কিন্তু বিগত ১০ বছর ধরে শুধু ক্ষমতায় থাকার জন্য সি.পি.এম.-এর যারা এখানে বসে আছেন এরাই পুলিশকে মদত দিচ্ছেন একটাই কারণে শুধু ক্ষমতায় থাকার জন্য। একটু আগে মাননীয় সদস্য রবীনদেব মহাশয় বলছিলেন — ওরা মিথ্যেবাদী, অসত্য কথা ওরা বলে যান, কিন্তু আজকে আমরা কি দেখছি, পুলিশ একদিকে আর সমাজবিরোধী আর এক দিকে। স্যার, এই সি.পি.এমের মদতে সারা বাংলায় একটা অরাজক অবস্থা চলছে। গয়েসপুরে সেখানে সি.পি.এমের সমাজবিরোধী গুন্ডারা ১০ হাজার টাকা চেয়েছিলেন একটি পরিবার থেকে, সেই ১০ হাজার টাকা না দিতে পারার জন্য সেই ফ্যামিলির মা এবং দুই মেয়েকে নির্মমভাবে সমাজবিরোধীরা ধর্ষণ করে, তারপরে ধর্ষণ করে তারা বলে যে আর টাকা দিতে হবে না। গয়েশপুর আজকে ফ্রি রেপড জোন এই জায়গায় চলে গিয়েছে। আর একটি ঘটনার কথা মাননীয় ডেপুটি স্পিকার মহোদয় আপনাকে বলব, আমার এলাকার একটি মেয়ে তার পিতাকে দেখবার জন্য হাওড়া হসপিটালে যায়, মেয়েটি সেখান থেকে ভুল করে সে চলে যায় সেকেন্ড হুগলি ব্রিজে, সেকেন্ড হুগলি ব্রিজে সে যখন ঘোরঘুরি করতে থাকে তখন সেই এলাকার ছেলেরা তাকে রিভার হুগলি ব্রিজ পুলিশের কাছে দেয়, এবং তাকে শিবপুর থানায় দেয় ১৫ মার্চ রাত্রি ৯টা নাগাদ। গয়েশপুরে যখন মেয়ের সন্ধানে তার মা চারিদিকে ঘুরছে সন্তানের জন্য — জগাছা থানা ডায়রি নিয়েছে, হাওড়া থানা এই ব্যাপারে ডায়রি নেয়নি-তখন ১৫ই মার্চ রাত্রিবেলায় রিভার পুলিশ শম্পা ভট্টাচার্য নামে ঐ মেয়েটিকে শিবপুর থানায় হ্যান্ড ওভার করে। মেয়েটিকে আমরা দু'দিন ধরে চারিদিকে খুঁজে চলেছি, কেউ খোঁজ দিতে পারেনি। গতকাল সেই এলাকার ছেলেরা বলল, এইরকম একটা মেয়েকে আমরা শিবপুর থানায় নিয়ে গিয়ে জমা দিয়েছি। আমরা যখন সেখানে গেলাম তখন তারা বলল না কেউ আসেনি। হুগলি ব্রিজ রিভার পুলিশ-এর কাছে হ্যান্ড ওভার করল পাড়ার ছেলেরা সেই মেয়েটাকে, কিন্তু তারা বলছে তাদের কাছে মেয়েটা জমা পড়েনি। তাহলে মেয়েটা গেল কোথায়? তিনদিন ধরে সেই মেয়েটার ট্রেস পাওয়া যাচ্ছে না। বলুন আজকে পশ্চিমবাংলা কোথায় গিয়ে দাঁড়িয়েছে। যেখানে মানুষ থানায় ডায়রি করতে যাচ্ছে, সেখানে ডায়রি নেওয়া হচ্ছে না, পাড়ার ছেলেরা যেখানে মেয়েটাকে থানায় নিয়ে গিয়ে জমা দিয়ে আসার পর মেয়েটার খোঁজ যেখানে পাওয়া যাচ্ছে না, সেখানে আমরা কি করে বলব নারীদের সম্মান আছে। পুলিশরা বলে চার বছর তিনশো চৌষট্টি দিন পুলিশের, আর একটা দিন, অর্থাৎ ভোটের দিন সি.পি.এমের। পুলিশ যেখানে যা ইচ্ছে তাই করছে। তা না

হলে চোখের সামনে বড়তলায় আলপনা ব্যানার্জিকে অপমান করা হল, ফুলবাগানের নেহারবানুকে রাস্তা থেকে তুলে নিয়ে গিয়ে থানায় ধর্ষণ করা হল, আর আমরা বলব এখানে নারির সম্মান আছে! বাণতলায় নারী ধর্ষণ হওয়ার পর রাজ্যের মুখ্যমন্ত্রী বললেন যে এইরকম ঘটনা তো ঘটতেই পারে। দিনের পর দিন আজকে এই অবস্থা চলছে। আজকে এই অবস্থায় আমরা গিয়ে পৌঁছেছি। ১৯৯২-৯৩ সালে প্রতিদিন পশ্চিমবাংলায় দু-তিনটি করে ধর্ষণের ঘটনা আমরা দেখছি, ইভটিজিং-এর মাত্রা বেড়ে যাচ্ছে দেখছি। খুন হল, ধর্ষণ হল, রেপ হল, পুলিশের কাছে ডায়রি করতে গেলে ডায়রি নেওয়া হচ্ছে না। আজকে পশ্চিমবাংলায় যে ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হয়েছে আমরা তার নিন্দা করছি এবং আমাদের আনীত এই প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী তানিয়া চক্রবর্তী ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী সদস্য মানস বাবু এবং সৌগত বাবু নারী নির্যাতন সম্পর্কে যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমার মনে হচ্ছে সংকীর্ণ রাজনৈতিক দৃষ্টিভঙ্গি দ্বারা তা পরিচালনা হয়েছে। ওনাদের এই প্রস্তাব সম্পর্কে ওনাদের দলের মাননীয় বিধানসভার সদস্যাদের অনুপস্থিতির মধ্যে দিয়ে আজকে প্রমাণ করে দিয়েছে, যে তারা এই প্রস্তাব-এর সঙ্গে সহমত পোষণ করেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার সামনে আরেকটা বক্তব্য আমি রাখছি। আমি একটা উদাহরণ দিতে চাই। নারীর মর্যাদাহানী, নারী নির্যাতনের জন্য যারা আজকে হাউসে চিৎকার করছেন, যারা আজকে রবীন্দ্রনাথের নাম করে নারীকে মা ইত্যাদি বলে সম্বোধন করছেন, তারা নাগপুরে যে ঘটনা ঘটিয়েছিল তা একটা ইতিহাস সৃষ্টি করেছিল। আপনারা ইতিহাস সৃষ্টি করেছিলেন ১৯৭০ দশকে গনা থেকে শুরু করে সুরেন জানা পর্যন্ত। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় সুরেন জানা একটা ইতিহাস সৃষ্টি করে দিয়েছিল। কোন মাননীয় সদস্য তাকে আড়াল করে রেখে দিয়েছেন আজকে তারা এর জবাব দেবেন কি? আমি আবারও বলছি, আপনারা স্মরণ করুন, বেশি দিনের কথা নয়, বিহারের জনৈক কংগ্রেসি এম.পি. কলকাতায় তার ঠিকানা খুঁজে পাওয়া গেল আমার কোন দুর্ভাগা বোন কোন নিষিদ্ধ পল্লিতে থাকে তার ঘরে। এতে অবশ্য আমরা বিস্ময় বোধ করি না কারণ এই হচ্ছে ওদের সংস্কৃতি। মুখের কথার সঙ্গে ওদের কাজের কোনও সংযোগ নেই। এরপর আমি সাক্ষরতা আন্দোলনের কর্মী সন্ধ্যা ব্যানার্জির কথা বলব। আমরা জানি সাক্ষরতা মানুষকে ব্যাপকভাবে চেতনা তৈরি করতে সাহায্য করে। সেই সাক্ষরতা আন্দোলনের কর্মী, আমার বোন সন্ধ্যা ব্যানার্জি ওদের দ্বারা নির্যাতিতা হলেন। ওদের জিজ্ঞাসা করি, আপনারা কি তার কথা হাউসে দাঁড়িয়ে বলবেন না যে কেন তিনি আপনাদের দ্বারা নির্যাতিতা হলেন? খবর নেবেন না তার? আজকে হাউসে দাঁড়িয়ে তাই আপনাদের কাছে প্রশ্ন করতে চাই, কি শাস্তিবিধান আপনারা করলেন আপনাদের কর্মিদের যাদের দ্বারা সাক্ষরতা আন্দোলনের কর্মী নির্যাতিতা হলেন? স্যার, ওদের সম্মানের দিকে তাকিয়ে আমি নাম না করেই বলতে চাই যে ওদেরই জনৈকা নেত্রী নিজের দলের নেতার দ্বারা সম্ভ্রম হারিয়ে বাধ্য হয়েছিলেন থানায় যেতে তার অভিযোগ নিয়ে। আমরা নারী আন্দোলন করি, এখানে কোথায় কি হচ্ছে, না হচ্ছে তা আমরা জানি। আমাদের এই পশ্চিমবাংলাতেও নারী নির্যাতিতা হচ্ছেন-একথা আমরা অস্বীকার করি না। আজকে আপনারা শিল্প, অর্থনীতিতে বিশ্বকরণ যেমন করছেন তার সঙ্গে সঙ্গে সংস্কৃতির ক্ষেত্রেও বিশ্বকরণ করছেন। আজকে টি.ভি'র পর্দায়

এবং বিভিন্ন জায়গায় যেভাবে নারী দেহকে প্রদর্শনী হিসাবে ব্যবহার করে হাজির করা হচ্ছে, কই, তারজন্য তো আপনারা এতটুকু প্রতিবাদ করেন না। টি.ভি.কে তো নিয়ন্ত্রণ করে দিল্লির কংগ্রেস (আই) সরকার। কই, এ ব্যাপারে তো আপনাদের মুখ থেকে প্রতিবাদ ধ্বনিত হয়না। তাই আমি আবারও বলতে চাই যে আপনার মুখের কথার সঙ্গে কাজের মিল ঘটানো। আজকে রাজনৈতিক সংকীর্ণতা নিয়ে আমাদের মা বোনেদের সম্মান নিয়ে আলোচনায় আসবেন না। কারণ সে অধিকারই আপনাদের নেই। স্যার, আমার সময় কম, আমি অন্য বিশ্লেষণে না গিয়ে এবারে কয়েকটি তথ্য উপস্থিত করতে চাই। ন্যাশনাল ক্রাইম রেকর্ড ব্যুরো, এটা আমাদের নয়, আপনারা জানেন যে পশ্চিমবঙ্গ সরকার এটা করেন না। গত তিন বছরের হিসাব-নিকাশ দিয়ে তারা যে পরিসংখ্যান উপস্থিত করেছেন ৬টি শহরের উপর তার সবগুলি শহরের নাম উল্লেখ না করে আমি মহারাষ্ট্রের কথাটা একটু বলব। কারণ মহারাষ্ট্রের মাননীয় মুখ্যমন্ত্রী, তিনি এখানে এসে নারী নির্যাতন সম্পর্কে খুব উদ্বেগ প্রকাশ করেছেন। ভারতবর্ষের রাজধানী দিল্লি আজ নারী নির্যাতনেরও রাজধানীতে পরিণত হয়েছে। ১৯৯৩ সালে দিল্লিতে ধর্ষণের ঘটনা ঘটেছে ৩০৬টি, বম্বেতে ১৩১, কলকাতায় ৩৩। শ্লীলতাহানী—দিল্লিতে ২৬০ বম্বেতে ২১৩ এবং কলকাতায় ১০৮। বধু নির্যাতন-দিল্লিতে ৭৯২, বম্বেতে ২০৮, কলকাতায় ১৩৩। পণপ্রথার জন্য মৃত্যু-দিল্লিতে ১২২, বম্বেতে ২৪, কলকাতায় ৩। ইভটিজিং-এর ব্যাপারটা ওরা নেন না সেইজন্য ওদের কাছে রেকর্ড নেই। তবে কলকাতায় এই ঘটনা হচ্ছে ২৬৯। স্যার, ওরা পুলিশ, প্রশাসন সম্পর্কে অনেক কথা বলেছেন। আমাদের এখানকার সরকার কিন্তু নির্দিষ্টভাবে বলেছেন। আমাদের এখানকার সরকার কিন্তু নির্দিষ্টভাবে বলে দিয়েছেন যে নারী নির্যাতন, শ্লীলতাহানি ইত্যাদি সম্পর্কে কোনও পুলিশ অফিসার যদি থানায় ডায়রি না নেন তাহলে তার বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হবে। শুধু তাই নয়, সেখানে উপযুক্ত শাস্তিরও ব্যবস্থা করা হবে। স্যার, এই প্রসঙ্গে ওদের একটা কথা বলি। নতুন শিল্প ও অর্থনীতির হাত ধরে আপনাদের দৌলতে ভারতবর্ষে যে নতুন সংস্কৃতির আমদানি আপনারা করেছেন তাতে গোটা ভারতবর্ষটাকে একটা পুকুর হিসাবে ধরলে দেখা যাবে তার সব জলটাই পচে গিয়েছে। তার প্রতিটি ঘাট নোংরা জলে পরিপূর্ণ। এই অবস্থায় একটা রাজ্য বিচ্ছিন্ন হতে পারে না। তবে আমাদের রাজ্য সরকার আপ্রাণ চেষ্টা করছেন গণতান্ত্রিক নারী আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়ার এবং সেই আন্দোলনের পাশে দাঁড়িয়ে তাকে সাহায্য করার যাতে এখানে নারী সমাজে সম্মান রক্ষা করা যায়। তাই এখানে চেহারাটা স্বতন্ত্র। আপনারা বেলেঘাটার কথা বললেন। আমার বোন নেহারবানু, হ্যাঁ, তিনি অত্যাচারিতা হয়েছেন কিন্তু সেখানে যে দোষী সেই নীলকমল ঘোষ সে আজ যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত সে তার চাকরি হারিয়েছে। এই বিচারটা কি ভারতবর্ষের অন্য রাজ্যে আছে? আপনারা যখন সরকার চালাতেন তখন অসীমা পোদ্দার যখন থানার মধ্যে অত্যাচারিত্ হন তখন কি এই ঘটনা ঘটেছিল? না, ঘটে নি।

[5-30 — 5-40 p.m.]

সুতরাং কত সংকীর্ণতা এর দ্বারা প্রমাণিত হয়। ওরা বানতলার কথা বলছেন, ছয় জন আসামী তার শাস্তি ভোগ করছে এবং পারেখকে দিয়ে অত্যাচার করে খুন করেছে, সেই ধনঞ্জয় চক্রবর্তী যার মৃত্যু দণ্ডাজ্ঞা হয়েছে। দুর্ভাগ্য জনক ঘটনা আজকে ভারতবর্ষের বিভিন্ন

জায়গা থেকে, পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে চিঠি আসছে, আমরা কাগজের পাতায় জানতে পারছি যে এই ঘটনা ভয়ঙ্কর কিছু নয়, সুতরাং ধনঞ্জয় চক্রবর্তীকে ক্ষমা করতে হবে। আমি তাই বলতে চাই এখানে আন্দোলন আছে, এখানে সংগ্রাম আছে, এখানে দৃষ্টান্তমূলক শাস্তির বন্দোবস্ত আছে। একটা ঘটনা ওরা প্রমাণ করুন — আমরা দেখেছি দিল্লির বুকে বাসের মধ্যে নিত্য যাত্রী মহিলা, রাত্রি নয়টার সময় কন্ডাক্টারের দ্বারা বিভৎস ভাবে অত্যাচারিত হল। তিনি যখন থানায় গেলেন তার ডায়রি নেওয়া হল না। তাকে বলা হল এইরকম করলে তুমি স্বামীর ঘর করতে পারবে না। এই হচ্ছে ওদের চিন্তা। আজকে এখানে এসে নারী দরদের কথা বলে, নারীদের সম্পর্কে প্রশস্তি গাইছেন। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, মাননীয় সদস্য সৌগত বাবুরা যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি তা সমর্থন করতে পারছি না। সমর্থন করতে পারছি না, তার কারণ এই নয় যে পশ্চিমবাংলায় কোথাও কোনও নারী নির্যাতনের ঘটনা ঘটছে না, এইরকম কোনও কথা আমরা বলতে চাই না। কারণ এইরকম হয় না কি? কংগ্রেস আই থাকবে আর নারী নির্যাতন হবে না, এটা হতে পারে না। সুতরাং কিছু হচ্ছে। আসলে ওরা যে ভাবে বলছেন, ওরা প্রস্তাবে বলেছেন, ''Whereas the number of incidents of eve teasing, molestation and dowry deaths in the State have increased in recent times;'' আমি এটা অস্বীকার করছি এবং তারা আরও বলেছেন পুলিশ ডায়রি নিচ্ছে না। এও বলছেন যে দোষিদের গ্রেপ্তার করা হচ্ছে না ইত্যাদি। আর মহিলা সেল করবার কথা বলেছেন। এইসব ওদের প্রস্তাবের অপেক্ষা রাখে না। আমরা অনেক আগেই এই মহিলা সেল তৈরি করবার কাজে হাত দিয়েছি এবং ১৬২ জন মহিলা পুলিশ তাদের ট্রেনিং দেবার জন্য পাঠানো হয়েছে, রিক্রুটমেন্ট হয়ে গেছে। কাজেই এইগুলো আমরা ওদের প্রস্তাবের জন্য অপেক্ষা করছি না, এইগুলো আমরা ইতিমধ্যে কার্যকর করেছি। সুতরাং এই প্রস্তাব এখানে তাৎপর্যবিহীন আর নির্দিষ্ট ভাবে যে অভিযোগগুলো ওরা করেছেন, সেই অভিযোগের মধ্যেও যদি ওরা আরও ভাল ভাবে অনুসন্ধান করতেন — আমি বলছি এটা ওরা ভাল করে অনুসন্ধান করেন নি, ভাল করে অনুসন্ধান করলে হয়তো সৌগত বাবুর মতো দায়িত্বশীল একজন মাননীয় সদস্য তিনি এইসব বিষয়গুলো আলোচনার জন্য তুলতেন না। নির্দিষ্ট ভাবে যদি বলা যায় যে রিজেন্ট পার্কে শ্রীমতী অঞ্জনা রায় সম্পর্কে যেটা বলা হচ্ছে, অনেক কথা তারা বলেছেন এবং সংবাদপত্রেও উঠেছে, এই যে শ্রীমতী অঞ্জনা রায়, তার সঙ্গে বচসা হয় এটা একেবারে পারিবারিক বিষয়। উনি গিয়ে পুলিশের কাছে যে এফ.আই.আর. করেছেন তাতে বলা হয়েছে যে বচসা হয়, আমাকে ধাক্কা মারে, আমি পড়ে যাই আহত হই। তার শ্লীলতা হানির কোনও ঘটনা তিনি থানায় ডায়েরি করেন নি। কিন্তু আমাদের সরকারকে আপনারা অভিযুক্ত করতে পারতেন যে এই অভিযোগের পরেও সরকার যদি চুপ করে বসে থাকতো। আমরা কর্তব্যরত যে দুজন পুলিশ অফিসার এ.এস.আই. সংবাদ পাবার সঙ্গে সঙ্গে তাদের যে দায়িত্ব পালন করা উচিত ছিল তা তারা করেন নি। সঙ্গে সঙ্গে আমরা তাদের সাসপেন্ড করেছি। ৭০ থেকে ৭৭ এর মধ্যে এই ঘটনা ঘটেছে কোনওদিন? ভারতবর্ষের কংগ্রেস শাসিত কোন রাজ্যে এই ধরনের ঘটনা ঘটে? সরকার এত তৎপরতার সঙ্গে সাসপেন্ড করে? আর ও.সি.কেও শো কজ করা হয়েছে। আমরা তৎপরতার সঙ্গে খবর পাবার সঙ্গে সঙ্গে যদি কোনও পুলিশ অফিসার তার দায়িত্ব

পালন না করে তার বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছি না, তা নয়। আর পুলিশও বহু জায়গায় তৎপরতার সঙ্গে ব্যবস্থা নিচ্ছে আপনারা আর একটা কথা বলেছেন কোলাঘাট সম্পর্কে। কি হয়েছিল কোলাঘাটে? কোলাঘাটে সেই মহিলার উপর আক্রমণের কোনও ঘটনাই ঘটেনি। লক্ষ্মীরাণী শাসমল, আপনারা জানেন ঐ পঞ্চায়েতটা কে পরিচালনা করে। গিয়ে দেখবেন, ভাল করে রিপোর্ট নেবেন। আনন্দ বাজার বলছে আর আপনারাও লাফাচ্ছেন। এই যে লক্ষ্মীরাণী শাসমল, এরসঙ্গে এক স্কুলের জমি নিয়ে এর গন্ডগোল। একটা স্কুলের কন্সট্রাকশনের কাজ চলছিল, তাদের পুকুর থেকে শ্রমিকরা জল-টল নেওয়ায় তিনি বঁটি হাতে তাদের তাড়া করেছিলেন। লক্ষ্মীরাণী শাসমল মজুরদের বঁটি হাতে তাড়া করার পর কিছু মানুষ তাকে ধরে স্কুল বিল্ডিং-এ বসিয়ে রাখেন, অর্থাৎ বেআইনিভাবে ডিটেন করেন। ওরা ওকে ধরে রেখেছিল বলে লক্ষ্মীরাণী শাসমল থানায় কোনও রিপোর্ট করেন নি। যারা ওকে ধরেছিল তারাই রিপোর্ট করেছিল। থানা তখন যথারীতি যারা ওকে ধরে আটকে রেখেছিল তাদের বিরুদ্ধে তদন্ত করে, তাদের গ্রেপ্তার করে কেস চালু করেছে। লক্ষ্মীরাণী শাসমল, যার জন্য আপনারা চেঁচাচ্ছেন, ভাবছেন বিরাট কিছু হয়ে গেছে, সেই লক্ষ্মীরাণী শাসমলের কেসের প্রধান আসামিকে? একজন পঞ্চায়েতের মেম্বার, নাম কি, অশোক গুঁছাইত। খোঁজ নিয়ে দেখুন তিনি কংগ্রেস(ই) দলের মেম্বার।

[5-40 — 5-50 p.m.]

আর একটা গঙ্গারামপুরের ঘটনা — এক মহিলা তার স্বামীকে নিয়ে সিনেমা দেখে ফিরছিলেন, সে সময়ে তার ওপর অত্যাচার হয়, রেপ করা হয়। খুবই অন্যায় ঘটনা। অনেক সময়ে এই জাতীয় ঘটনা পুলিশের কাছে আসে না, তার নানা কারণ আছে। আমাদের দেশে, আমাদের সমাজে মহিলারা সহজে বলতে চান না। এ ক্ষেত্রে ৫ তারিখের ঘটনা, পুলিশের কাছে রিপোর্ট করেছেন ৯ তারিখে। তারপর পুলিশ অ্যাকশন নিয়েছে, সঙ্গে সঙ্গে অ্যাকশন নিয়েছে, দ্রুত ব্যবস্থা নিয়ে তিনজনকে গ্রেপ্তার করেছে। আমি বলছিনা যে, কোথাও কোনও ঘটনা ঘটছে না। কিন্তু আপনাদের যা অভিযোগ তা আমরা গ্রহণ করতে পারছি না—সেটা হচ্ছে পুলিশ কোনও জায়গায় ডায়রি নিচ্ছে না, অ্যাকশন নিচ্ছে না। বরঞ্চ ঘটনা সম্পূর্ণ উল্টো—পুলিশ অ্যাকশন হচ্ছে, যখনই পুলিশ অ্যাকশন নিচ্ছে না তখনই আমরা পুলিশের বিরুদ্ধে অ্যাকশন নিচ্ছি। আমরা যতদিন সরকারে আছি এই প্রতিশ্রুতি দিতে পারি, কোনও নারী নির্যাতনের ঘটনা ঘটলে এবং পুলিশ অ্যাকশন না নিলে পশ্চিমবঙ্গে আমাদের সরকার সংশ্লিষ্ট পুলিশ অফিসারের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। এটা শুধু প্রতিশ্রুতিই নয়, এটা আমরা করছি।

তারপর পূর্বস্থলির যে ঘটনার কথা বলা হয়েছে, সেটা প্রথমে, ছিল চুরির ঘটনা। চোর চুরি করতে গিয়েছিল, মহিলা তার বিরুদ্ধে কমপ্লেন করেছিল। চোরের বাবা এবং চোরের পরিবারের অন্য লোকেরা মহিলাকে হেনস্তা করেছিল। চোরের বাবাকে বোধ হয় আপনারা চেনেন। নিঃসন্দেহে এটা নারী নির্যাতনের ঘটনা এবং পুলিশ সঙ্গে সঙ্গে ব্যবস্থা নিচ্ছে, চুপ করে বসে নেই।

যে ধরনের নারী নির্যাতনের ঘটনার কথা এখানে বলা হচ্ছে—পরিকল্পিতভাবে মেয়েদের

অসহায়তার সুযোগ নিয়ে অত্যাচার — এগুলো ঠিক তার মধ্যে পড়ে না। মহিলার সাহস আছে, কিন্তু তিনি চোরের ফ্যামিলির হাতে নিগৃহীত হয়েছেন। সেটা আমরা দেখছি।

আমার সময় অল্প, তথাপি আমি এই স্বল্প সময়ের মধ্যেই অভিযোগগুলি অস্বীকার করছি, তা হচ্ছে ইভটিজিং বাড়ছে। আমাদের কলকাতায় ইভটিজিং-এর সংখ্যা এখন ক্রমশ কমতে শুরু করেছে। আমরা পুলিশকে ব্যবস্থা নিতে বলছি, পুলিশ ব্যবস্থা নিচ্ছে। ইভটিজিং সাধারণত মেয়েদের স্কুলের সামনে, মেয়েদের কলেজের সামনে, সিনেমা হলের সামনে. বাস স্টপে হয়ে থাকে। সে সমস্ত জায়গায় প্রায়শই পুলিশ অভিযান চলছে—রিপোর্ট পেলে চলছে, নিজেদের গোয়েন্দাদের মাধ্যমে রিপোর্ট নিয়েও চলছে — ব্যাপকভাবে অভিযান চলছে, সংবাদপত্রে কিছু কিছু বেরচ্ছে।

তারপর ডাউরি, পণ প্রথার ওপর ভিত্তি করে খুনের ঘটনা '৮৯ সালে কলকাতা শহরে ৮টি ঘটেছিল—ঘটে নি বলছি না। এখনো ঘটছে, তবে বর্তমান বছরে কমে কমে তিনটিতে এসে দাঁড়িয়েছে। এখন ওরা বলছেন ইনক্রিজ করেছে। কোথায় ইনক্রিজ হয়েছে? ওরা (কংগ্রেসিরা) ১৯৯১ সালের হিসাব দিলেন। কিন্তু ১৯৯৩ সালের হিসাব দিলেন না। ২ বছর পিছিয়ে গেলেন কেন? সেই ২ বছর আগে দেখছি ইভটিজিং-এর ঘটনা আমাদের রাজ্যে ১৯৯১ সালে বেশি হয়েছিল, একটু বেড়ে ছিল। এখন সেটা অনেক কমে গেছে। ১৯৯২ সালে হয়েছিল ১১৭ আর ১৯৯৩ সালে আমাদের সরকারের ব্যবস্থাপনার ফলে সেটা এখন কমে এসে দাঁড়িয়েছে ১১তে। ডাউরি ডেথ ১৯৮৭ সালে ছিল ২৫৪, তারপর সেটা বেড়ে ১৯৮৯ সালে হয়েছিল ২৯৯। এরপর মানুষের সামাজিক সচেতনতা বেড়েছে, মানুষ প্রগতিশীল হয়েছে, মানুষের আন্দোলন বেড়েছে, মানুষ ঐক্যবদ্ধ হয়েছে, মানুষের মধ্যে চেতনা বেড়েছে এবং পুলিশ এসব ক্ষেত্রে ব্যবস্থা নেওয়ার ফলে মৃত্যুর সংখ্যা কমে এসে দাঁড়িয়েছে ৭৪তে। আপনারা সারা ভারতের কি হিসাব দিলেন? ভারতবর্ষে ২৫টি অঙ্গরাজ্য আছে। আপনারা সারা ভারতের সঙ্গে তুলনা যখন করলেন তখন প্রকৃত তুলনা আমাকে করতেই হবে। আমি কিন্তু এটা করতে চাইনি, কিন্তু যখন করলেন তখন বলি, সারা ভারতবর্ষের ২৫টি রাজ্যের মধ্যে রেপ, ডাউরি ডেথ এবং কিডন্যাপিং-এর যতগুলি ঘটনা ঘটেছে মেয়েদের উপর, এইসব ঘটনাগুলির ক্ষেত্রে আমরা ২১, ১৪ এবং ২০ নম্বর স্থানে আছি। এইসব রাজ্যগুলির মধ্যে সমস্তই হচ্ছে কংগ্রেস-শাসিত রাজ্য। সুতরাং এইসব নিয়ে কি আপনারা হিসাব দিচ্ছেন? এগুলি সবই আপনাদের মনগড়া, তৈরি করা হিসাব। সেইজন্য বলছি, এটা অত্যন্ত সিরিয়াস বিষয় নারী নির্যাতনের ব্যাপারে। এখন আমি যে কথাটা বলতে চাইছি সেটা হচ্ছে যে, আমাদের সরকার এই বিষয় সম্পর্কে অত্যন্ত সিরিয়াস, আমরা এটাকে হাল্কা করে দেখছি না। হ্যাঁ, হতে পারে, কিন্তু আমাদের রাজ্যে অনেক কম, কারণ মানুষের সচেতনতা বেশি, সেইজন্য কংগ্রেসের অন্য রাজ্যগুলি থেকে আমাদের এখানে অনেক কম আছে। এগুলি হবার কারণ হচ্ছে, এখনও সামাজিক পরিবেশ বিষাক্ত আছে, মানুষের হাতের সামনে টি.ভি. আছে, সংবাদপত্রগুলি এখন নারী নিগ্রহ, নারীদের উপর অত্যাচারের ঘটনাকে রোমহর্ষকভাবে ছাপেন। এছাড়া অবক্ষয় তো আছেই। সমস্ত কিছু মিলিয়ে সারা দেশের যে আবহাওয়া সেটা আমাদের রাজ্যে পড়ছে। সেই আবহাওয়ার মধ্যে আমরা আছি। সুতরাং তারসঙ্গে আমাদের প্রতিনিয়ত লড়াই করতে হবে। এছাড়া মেয়েদের উপর অত্যাচারের ঘটনাগুলিকে খুব নির্দিষ্টভাবে উপস্থিত

করতে হবে। এ ব্যাপারে সরকারপক্ষ, বিরোধীপক্ষ বা বামপন্থী যে দলই হোক না কেন দায়িত্বের সঙ্গে কর্তব্য পালন করতে হবে। যে কোনও ঘটনা তুলে নিয়ে এসে যদি বলা হয় ঐ পালে বাঘ পড়েছে যেদিন সত্যিই পালে বাঘ পড়বে সেদিন কিন্তু কেউই ফিরে তাকাবে না। তাই বলছি, যেকোনও ঘটনা নিয়ে যেন গল্প তৈরি করা না হয়। সেইজন্য এ ব্যাপারে রাজনৈতিক দলগুলির যেমন দায়িত্ব আছে, তেমনি সরকারেরও দায়িত্ব আছে, সামাজিক প্রতিষ্ঠানগুলির দায়িত্ব আছে, তেমনি সংবাদপত্রগুলিরও দায়িত্ব আছে। সেখানে যেন রাজনীতি না ঢোকে। পরিষ্কার করে আসল তথ্যগুলি যেন উৎঘাটিত করার চেষ্টা করা হয় এবং সেটাই করা উচিত। মানুষের মধ্যে সচেতনতা বৃদ্ধি করার দায়িত্বও আমাদের আছে। সেইজন্য নারী নির্যাতনের ব্যাপারে বিরোধীপক্ষের আনা প্রস্তাবটিকে সমর্থন করতে পারছি না। কিছু কিছু ঘটনা ঘটেছে, তবে অতীতের তুলনায় বেড়েছে এটা একেবারেই ভুল। এ ব্যাপারে আমরা সচেতন আছি। দায়িত্বশীলভাবে কাজ করার চেষ্টা করছি মানুষকে সঙ্গে নিয়ে। যেটুকু হচ্ছে তার প্রতিবিধানের জন্য আমাদের অগ্রসর হতে হবে এবং আমরা তা হচ্ছি। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এটা ৫-৫০ মিনিটে শেষ হওয়ার কথা। কিন্তু দেখছি আরও কিছু সময় লাগবে শেষ হতে। সেইজন্য সভার অনুমতি নিয়ে ৬টা পর্যন্ত সময় বাড়ালাম।

[5-50 — 6-01 p.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, খুব আশা নিয়ে নারী নিগ্রহের প্রস্তাব আমরা এই হাউসে নিয়ে এসেছিলাম। মনের কোনে একটা ক্ষীণ আশা ছিল রাজনৈতিক বিভাজন যাই হোক না কেন, প্রীতিলতা ও মাতঙ্গিনী হাজরার এই বাংলার নারী নিগ্রহের এই ঘটনায় আমরা এক জায়গায় দাঁড়াতে পারি, এক সঙ্গে দাঁড়িয়ে নিন্দা করতে পারি নারী নিগ্রহের ঘটনাকে, রাজনীতির উর্ধ্বে উঠে এসে। কিন্তু ২ জন মহিলা সদস্যা ও ১ জন মন্ত্রীর বক্তব্য শুনে আমার মনে হল কাদের কাছে আমি আশা করলাম, এরা রাজনীতির উর্দ্ধে আসবেন? যে দলের মুখ্যমন্ত্রী বানতলার অনীতা দেওয়ানের ধর্ষণের ঘটনায় বলেন এমন ঘটনা হয়েই থাকে, যে দলের মহিলা সমিতির সম্পাদিকা বিরাটির গণ ধর্ষণ হওয়ার পর বলেন যে ধর্ষিতা মহিলাদের চরিত্র খারাপ ছিল, যে দলের মাননীয় মুখ্যমন্ত্রী ফুলবাগানের নেহারবানু ধর্ষিতা হবার পরে বলেন ১০ বছরে এক বার এরকম হয়েই থাকে, ভুলে যান — ৪২টি ঘটনা ঘটেছে, পুলিশ জানে, পুলিশের লক আপে পুলিশের হেফাজতে মহিলা ধর্ষিতা হয়েছে তাদের কাছে আমি নারী নিগ্রহের প্রতিবাদ জানাতে এসেছি। আমারই ভুল হয়েছে। আশা করেছিলাম মাননীয়া মহিলা সদস্যারা অন্তত এর প্রতিবাদ করবেন। কাদের কাছে জানাতে এসেছি। দলের পক্ষ থেকে ঘোষণা করে মহিলা সমিতির সাধারণ সম্পাদিকাকে সাসপেন্ড করা হল, তার কারণ সাট্টা ডন রশিদের কাছে মহিলা সমিতির মহিলাদের যেতে হয় উপঢৌকন হিসাবে তাদের কাছে নারী নিগ্রহের প্রতিবাদ আশা করেছিলাম। কোন ঘটনা বলব? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বলব গদাই চরের ঘটনা। ১৪ জন মহিলা গণ ধর্ষিতা হলেন, এই হাউসে কিছুদিন আগে আলোচনা করেছি। মালদার গাজোলে সর্বনাশা আগুনে পুড়িয়ে মারার কথা, সেসব আমরা দেখেছি, অন্তস্বত্ত্বা মহিলার রুবিয়া বিবির ঘরে আগুন দিয়ে সি.পি.এমের ক্যাডার লুতফর রহমান তার উপর অত্যাচার করে, পেটে লাথি মারার ফলে

তার বাচ্চা পেটে মারা যায়, আমরা সেটা দেখেছি, কিন্তু এখন সেই লুতফারের কোনও শাস্তি হয়নি। সমস্ত এই হাউসে আলোচনা করা হয়েছে। প্রকাশ্য রাস্তায় আলপনা বন্দ্যোপাধ্যায় এর উপর নিগ্রহ করা হয়েছে সন্ধ্যা ৭টা থেকে ১০ টার মধ্যে বড়তলা থানার ২০০ গজের মধ্যে একজন মহিলাকে বিবস্ত্র করে তার উপর অত্যাচার করা হয়েছে পুলিশ যায় নি। কি করে যাবে? সেই বড়তলা থানার ব্যাপারে সরকারি মুখ্য সচেতন মহাশয় বলেন আমরা এ ব্যাপারে তদন্ত করার জন্য পুলিশকে অনুমতি দিয়েছি, নারী নিগ্রহ ঘটেছে তার তদন্ত করার জন্য আলিমুদ্দিন স্ট্রিট থেকে অনুমতি দিতে হবে? তার মানে যে কথা মহিলা সমিতির সম্পাদিকা বলেছেন যে যারা ধর্ষিতা হবে তাদের চরিত্র খারাপ ছিল, আবার তদন্ত করার জন্য সি.পি.এমের কাছ থেকে ক্লিয়ারেন্স নিতে হবে? পশ্চিমবঙ্গ এই জায়গায় দাঁড়িয়েছে, নারী নিগ্রহের ঘটনার কোনও স্বীকৃতি দিচ্ছেন না, অন্য রাজ্যের সঙ্গে তুলনা করছেন। এই বাংলা দেশে যেখানে বিবেকানন্দ বলেছিলেন 'না জাগিলে ভারত ললনা, এ ভারত জাগে না, জাগে না। সেই বাংলায় নারী নিগ্রহের ঘটনার কোনও প্রতিকার হচ্ছে না। ঘটনা ঘটেছে ১৯৯১ সালে ১২৮টি, ১৯৯২ সালে ১০৯টি, মাননীয় মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন, মাননীয়া সদস্যা এখানে অন্য রাজ্যের সঙ্গে তুলনা করছেন। ১৯৯৩ সালে ৭১২টি ধর্ষণের ঘটনা ঘটেছে, তার মানে দিনে দুটি করে ধর্ষণের ঘটনা ঘটেছে। এই রাজ্যে ইভটিজিংয়ের ঘটনা রেকর্ডেড ১২০টি। আমাদের অভিযোগ কোথায়, আমাদের অভিযোগ দু জায়গায়। আমাদের অভিযোগ নারী নিগ্রহের ব্যাপারে পুলিশ সময় মত যায়না পুলিশের কাছে গেলে তারা অভিযোগ নেয় না। ঘটনা ২ হচ্ছে যে অবক্ষয় ঢুকছে, বাংলাকে ক্ষতিগ্রস্ত করে কি ডেকারডান কালচার নিয়ে এসেছেন? মাননীয় মুখ্যমন্ত্রী সল্টলেক স্টেডিয়ামে রেখার পাশে বসে 'চলিকা পিছে' শ্রীদেবীর নাচ দেখছেন। এই বাংলা রবীন্দ্রনাথ, নজরুল, উৎপল দত্তের বাংলা, সেখানে চলিকা পিছে বাংলাকে নিয়ে এসেছেন। বামফ্রন্ট সরকার সেই অবক্ষয়ের পিছনে দাঁড়িয়ে এক একটা ঘটনা দেখছেন। রিজেন্ট পার্কের মহিলার নামটা — শ্যামলবাবু বললেন আমার নাম মনে থাকে না, ওনার নাম মনে থাকে না—যারা নিগৃহিত হয়েছেন এমন হৃদয়হীন যে তাদের নামটা মনে রাখারও দরকার মনে করেন না। পুলিশ গিয়েছে ৫ দিন পরে। চন্ডীতলায় কি হচ্ছে? হোমের মধ্যে সেই মহিলার কোয়াটার্সের মধ্যে ঢুকে মানসিক প্রতিবন্ধী মহিলার উপর অত্যাচার করা হয়েছে। কাগজে পড়েন নি? একটার পর একটা এইরকম ঘটনা ঘটে চলেছে। ১২ই মার্চ উনি সাফাই গাইলেন, লক্ষ্মীরাণী শাসমলকে নিগ্রহ করে গেল, যারা করল পুলিশ তাদের গ্রেপ্তার না করে সেই নিগ্রহকারিদের সঙ্গেই কথা বলে ফিরে গেল। ১২ই মার্চ হাওড়ার বংশীরামপুরে মহিলা গণ ধর্ষিতা হল, থানার ৫ মাইলের মধ্যে ঘটনা ঘটেছে, পুলিশ কোনও ব্যবস্থাই নেয় নি, নারী নিগ্রহের ঘটনায় আমরা দুঃখিত, লজ্জিত এ কথা তো আপনারা বলতে পারলেন না। এই সৎ সাহস ছিল না সেটা বললেন না। কি কি ঘটনা ঘটেছে সেটা আমি বলছি। ১২ই মার্চ এই কলকাতায় ইস্টার্ন বাইপাস এর কাছে কোহেন নামে এক অর্দ্ধ উন্মাদ তরুনিকে উদ্ধার করা হয়েছে যাকে চূড়ান্ত নিগ্রহ করা হয়েছে। আজকে বিদেশ থেকে যেসব মহিলারা রাজ্যে আসবেন তাদের সম্মানও আপনারা রক্ষা করতে পারছেন না। গত ১৭ই মার্চ মেদিনীপুর জেলার কোতোয়ালি থানার বিদ্যাসাগর পল্লিতে সুপর্ণা সামুই, অপর্ণা সিংহ এবং শিখা মাইতি নিগৃহীতা হয়েছেন। তাদের যারা নিগ্রহ করেছে তারা সবাই সি.পি.আই. সমর্থণ এবং তারজন্য সি.পি.এম. চুপচাপ। আমি শুধু মার্চ মাসের ঘটনার উল্লেখ করছি। পুর্বস্থলির

ঘটনা, সেখানকার হাটশিমলা গ্রামে লায়লা বেগম নামে এক তরুনিকে সি.পি.এম. পঞ্চায়েত সদস্য খবির মোল্লা ধর্ষণ করেছে। বলতে পারলেন না তো, ব্যবস্থা নিতে গেলে আপনাদের পার্টি পুলিশকে ধমকে তাড়িয়ে দিয়েছে! সেদিন অভিযোগ উঠেছে যে, মন্তেশ্বর থানার জামনা অঞ্চলে ময়নামপুর গ্রামে দুজন আদিবাসী মহিলা ধর্ষিতা হয়েছেন। বলতে পারলেন না তো, এরজন্য আপনারা লজ্জিত! আজকে কাগজে বেরিয়েছে যে, হাওড়া জেলার বাগনানের বাটুল গ্রামে একই পরিবারের দুই গৃহবধু শুক্লা দে এবং বুলু দেকে বিবস্ত্র করে অত্যাচার করা হয়েছে। বার বার থানায় যাওয়া সত্ত্বেও, ঘটনা সম্পর্কে বিধায়ক শ্রীমতী নিরূপমা চ্যাটার্জিকেও জানান সত্ত্বেও যারা অপরাধী তাদের বিরুদ্ধে এক মাস পরেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। বলতে পারলেন না তো, পাশের গ্রামে আপনাদের মহিলা এম.এল.এ. থাকা সত্ত্বেও মহিলাদের প্রটেকশন দেবেন বলে যে কথা বলে থাকেন সেই প্রটেকশন আপনাদের তাদের দিতে পারেননি! পাথরপ্রতিমা শ্রীধরপুর গ্রামে সনাতন প্রধানের স্ত্রীর উপর অত্যাচার করা হল। থানায় অভিযোগ জানাতে গেলে থানার পুলিশ অফিসার প্রথমে ডায়রি পর্যন্ত নিতে চাননি। পরে কলকাতা থেকে এস.পিকে বলতে হয়েছে 'ব্যবস্থা নিন' তারপর সেখানে ব্যবস্থা নেওয়া হয়েছে। ঘটনা কোথায় ঘটছে না? ঘটনা ঘটছে ব্যারাকপুর, বর্ধমানের মন্তেশ্বরে, মেদিনীপুরের কোতোয়ালি থানায়, কোলাঘাটের, মাঝিনান গ্রামে, হাওড়ার বাগনানে, শিবপুরে, ২৪-পরগনার পাথরপ্রতিমা ব্লকে। তারপর কেন একমত হয়ে এর নিন্দা আমরা করতে পারব না? কোথায় আপনাদের দুর্বলতা এই নারী নির্যাতনের সঙ্গে? আমি বলছি, This House condemns the above incidents of insults to womenhood of Bengal and demands posting of women officers in all police stations and examplary punishment to the culprits. এরমধ্যে কোথায় রাজনীতির কথা আছে? কোথায় সি.পি.এম. কংগ্রেসের কথা আছে? এতে আমরা বাংলার নারীদের প্রতি অবমাননার নিন্দা করেছি, বলেছি ডিমান্ডস posting of women officers in all police stations শ্যামলবাবু বলেছিলেন 'আমরা হাত দিয়েছি, আপনাদের কাছ থেকে শুনবার প্রয়োজন নেই।' ১৭ বছর এত ঘটনা ঘটে যাবার পর হাত দিতে শুরু করেছেন, কিন্তু কাজটা কবে শুরু হবে? আপনারা চান না, এক্ষেত্রে অপরাধিদের একজাম্পলারি শাস্তি দেওয়া হোক? আমরা সংখ্যায় হয়ত এখানে জিততে পারব না। কিন্তু আসল লড়াই হচ্ছে নৈতিকতার লড়াই। আমরা জানি যে রামায়ণে, মহাভারতে লড়াই হয়েছিল। তার কারণ রামায়ণে সীতার ইজ্জত গিয়েছিল, মহাভারতে দ্রোপদীর ইজ্জত গিয়েছিল বলে লড়াই হয়েছিল। বাংলায় আজকে নারী নিগ্রহের ঘটনা ঘটছে এবং সেই নারী নিগ্রহের ব্যাপারে নির্লজ্জ সাফাই গাওয়া সি.পি.এমকে বাংলার মানুষ ক্ষমা করবেনা। সংখ্যার দিক দিয়ে আমাদের প্রস্তাব পাস না হোক, বাংলার মায়েদের কাছে, বাংলার বোনেদের কাছে আমাদের আওয়াজ পৌঁছাক যে আজকে এরা এখানে দাঁড়িয়ে এর প্রতিবাদ করতে পারেনি। আজকে বাস্তবকে আপনারা চাপা দিয়ে রাখতে পারবেন না। যা সত্য সেটা প্রকাশিত হবেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পশ্চিমবঙ্গে নারীত্ব যেখানে অবমাননার মুখে সেখানে আমি প্রত্যেক সদস্যর কাছে আবেদন রাখছি, তাদের হৃদয়ের কাছে, তাদের বিবেকের কাছে, তাদের শ্লিলতার কাছে, তাদের সমস্ত সুক্ষ্মবোধের কাছে যে আসুন, — এক লাইন যেখানে আপনাদের পার্টির লোকের নাম নেওয়া আছে সেটা কেটে দিচ্ছি — আপনারা বাকি প্রস্তাবটাকে সমর্থন করুন। একসাথে বাংলার নারীত্বের অবমাননার বিরুদ্ধে প্রতিবাদ তুলুন,

লোকে বুঝুক যে পশ্চিমবঙ্গ এই জায়গায় সঠিকভাবে দাঁড়িয়ে আছে। তা যদি করতে পারেন তাহলে আমাদের প্রস্তাব আনার উদ্দেশ্য সাধিত হবে। এই কথা বলে আমাদের এই প্রস্তাবকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

The motion of Shri Saugata Roy that —

Whereas the number of incidents of eve teasing, molestation and dowry deaths in the State have increased in recent times;

Whereas the housewife was assaulted in Chanditala Lane of Regent Park PS by anti-socials recently;

Whereas another housewife was molested and assaulted in Majinan Village of Kolaghat PS recently;

Whereas there was a mass torture on a housewife in Gangarampur Assembly segment of South Dinajpur recently;

Whereas there has been complaints about molestation of women in Kotwali PS of Midnapore district and Purbasthali PS of Burdwan district;

Whereas there has been involvement of the members of the Ruling Party in several such cases; and

Whereas there has been complaints of police inaction.

This House condemns the above incidents of insultes to womenhood of Bengal and demands posting of women officers in all police stations and examplary punishment to the culprits — was then put and lost.

## Adjournment

The House was then adjourned at 6-01 p.m. till 11 a.m. on Monday, the 21st March, 1994. at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Monday, the 21st March, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Deputy Speaker (Shri Anil Mukherjee) in the Chair, 13 Ministers, 5 Ministers of State and 117 Members.

[11-00 – 11-10 a.m.]

### Held Over Starred Questions (to which oral answers were given)

#### মুর্শিদাবাদের নবাবদের সম্পত্তি অধিগ্রহণ

*২৭। (অনুমোদিত প্রশ্ন নং *২৮২।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

মুর্শিদাবাদের নবাবদের সম্পত্তি অধিগ্রহণের বিষয়ে রাজ্য সরকার ইতিমধ্যে কি কি পদক্ষেপ গ্রহণ করেছেন?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ**

মুর্শিদাবাদ এস্টেট (ম্যানেজমেন্ট অব প্রপার্টিস) অ্যাণ্ড মিস্‌লেনিয়াস প্রভিসনস্ অ্যাক্ট, ১৯৮০-র ৩নং ধারার ১ নং উপধারা অনুযায়ী ইতিমধ্যে মুর্শিদাবাদের নবাবদের সম্পত্তি রাজ্য সরকারে বর্তাইয়াছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, এই যে সম্পত্তি রাজ্য সরকারের অধীনে এসেছে, এই সম্পত্তির পরিমাণ কত, এবং এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোনও অনুমতি লাগবে কিনা—রক্ষণাবেক্ষণের ব্যাপারে?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** কয়েকটি ধারা সম্পর্কে কেন্দ্রীয় সরকারের অনুমতির জন্য আমরা লিখেছি, তবে কেন্দ্রীয় সরকারের অনুমতি এখনও আসেনি। এই সম্পত্তি নিয়ে সুপ্রীম কোর্টে কেস পেণ্ডিং আছে। মোট সম্পত্তি হচ্ছে—ফিশারিজ আছে ১৭টি, ৪৫০ একর জমি নিয়ে। ১৪টি বাগান আছে, ৬০০ আমের গাছ আছে। হাজারদুয়ারি কেন্দ্রীয় সরকার নিয়েছেন। এছাড়া কয়েকটি বিল্ডিং আছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই যে বললেন সুপ্রিম কোর্টে মামলা আছে, এই মামলা থেকে মুক্ত হয়ে যাবার পর এই জমিগুলি সরকার কিভাবে ব্যবহার করবেন, তারজন্য নির্দিষ্ট কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** সুপ্রিম কোর্টে মামলা নিষ্পত্তি হয়ে গেলে তারপর সরকার বিবেচনা করবেন।

**শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই মুহূর্তে বলতে পারবেন কি, এই রকম বে-আইনি সম্পত্তি আমাদের রাজ্যে বিভিন্ন নবাবদের, ইনক্লুডিং গনিখান চৌধুরি কত আছে? আর কতজন নবাবের এই রকম সম্পত্তি আছে?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** এটা আমি বলতে পারব না। নোটিশ দিলে বলতে পারব।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি, আপনি লক্ষ্মণ চন্দ্র শেঠের প্রশ্নের উত্তরে বললেন যে সুপ্রিম কোর্টের রায় বেরনোর পর বিবেচনা করবেন, সুপ্রিম কোর্টে কারা গেছে এবং তার বিচার্য বিষয় কী? এই জায়গাটা সরকার থেকে যখন অধিগ্রহণ করেছিলেন তখন কি উদ্দেশ্য ছিল, কী উদ্দেশ্যে সম্পত্তিটা নিয়েছিলেন? সুপ্রিম কোর্টের বর্তমান বিচার্য বিষয় কী এবং কারা পার্টি হয়েছে?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** জায়গাটা যখন নেওয়া হয়েছিল তখন ম্যানেজমেন্ট অব প্রপার্টিজ অ্যাক্ট অনুযায়ী সরকারে এসেছিল। তখন কিভাবে ব্যবহার হবে তার প্রশ্ন আসেনি। জায়গাটা নেওয়ার সঙ্গে সঙ্গেই মোকর্দমা আরম্ভ হয়েছে। এতদিন এটি হাইকোর্টে ছিল। এটি নেওয়া হয়েছিল ১৯৮০ সালে এবং তারপর সেটি ১৯৮৫ সাল থেকে সম্পূর্ণভাবে সরকারের হাতে এসেছে।

**শ্রী কৃপাসিন্ধু সাহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, সম্পত্তির কথা যে বলেছেন সেই সম্পত্তির মধ্যে কিছু সম্পত্তি বাইরের লোকেরা জবরদখল করে আছেন এইরকম খবর কি আপনার জানা আছে?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** না, এইরকম জবরদখল করা নেই, কিছু করা ছিল তাদের উঠিয়ে দিয়েছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, নবাবদের সম্পত্তির মধ্যে একটি অমূল্য মিউজিয়াম আছে, তাতে অমূল্য পেনটিং আছে। সেইসব সম্পত্তি রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা নিয়েছেন কি এবং ওখানে যে দেওয়ালে পেন্টিং আছে তার খুবই খারাপ অবস্থা, সেগুলো রিভাইভ করার বা রক্ষণাবেক্ষণের কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রী আব্দুল কায়ুম মোল্লা ঃ** যেগুলো হাজারদুয়ারির সেগুলো সেন্ট্রাল গভর্নমেন্ট রক্ষণাবেক্ষণ করে আর অন্যান্যগুলো স্টেট গভর্নমেন্টের এবং সেগুলো স্টেট গভর্নমেন্ট রক্ষণাবেক্ষণ করছে।

**বক্রেশ্বর তাপবিদ্যুত প্রকল্প**

*২৭৬। (অনুমোদিত প্রশ্ন নং *৮৪।) **শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

৩১শে ডিসেম্বর পর্যন্ত বক্রেশ্বর তাপবিদ্যুত প্রকল্পে কত টাকা ব্যয় করা হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

৩১.১২.৯৩ পর্যন্ত বক্রেশ্বর তাপ বিদ্যুত প্রকল্পে মোট ১৪৬ কোটি ৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই তাপ বিদ্যুত প্রকল্পের কাজের অগ্রগতি কতদূর এখনো পর্যন্ত হয়েছে এবং এর যে প্রয়োজনীয় ইউনিট তা কোন সালে চালু করতে পারবেন বলে মনে করেন?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের কাজ শুরু হয়েছে ২টি বয়লারের। সেগুলোর নং হচ্ছে ৪ এবং ৫ ইউনিট। আমরা ৫ ইউনিটের কাজ প্রায় শেষ করে এনেছি, এর ৭০ শতাংশের কাজ হয়ে গেছে। এর ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ছাড়া হাউসিং কলোনি, বিল্ডিং অ্যাডমিনিস্ট্রেটিভ ইনফ্রাস্ট্রাকচার অর্থাৎ ল্যাণ্ড, অ্যাকুইজিশন ওয়ালিং এবং পাইপ লাইন ইত্যাদির কাজ হয়ে গেছে। আর দুটির মধ্যে ১ নং এবং ২ নং ইউনিটটি নিয়ে জাপানি সংস্থা ও ই. সি. এফের সঙ্গে এগ্রিমেন্ট সম্পন্ন হয়ে গেছে। প্রথমটি ১৯৯৯ সালের জানুয়ারি মাসের মধ্যে আনতে পারব। ৫ নং বয়লারের ৭০ শতাংশ কাজ হয়ে গেছে এবং ১৯৯৫ সালে কাজ শুরু হবে। আমরা এটা নিয়ে নানা রকম প্রোপোজাল পেয়েছি, আশা করি হয়তো ১ বছরের আগেই এসে যেতে পারবে।

[11-10 — 11-20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ৮৬ সালে রাজ্য সরকার এই তাপ বিদ্যুত প্রকল্পটি গড়ে তোলার উদ্যোগ নিয়েছিলেন এবং সেই সময় এটা নিয়ে কেন্দ্রের অসহযোগিতা এইসব বিষয় ছিল এবং যে মূল্যে সরকার এটা করবেন, রক্ত-টক্ত তোলার এইসব ব্যবস্থা হয়েছিল। আমার জিজ্ঞাস্য হচ্ছে, প্রশ্নের উত্তর জানা গেল প্রথম ইউনিট চালু হবে '৯৯ সালে, এটা বিরাট ব্যাপার। এতবড় প্রকল্প তার জন্য আজ পর্যন্ত খরচ হয়েছে মাত্র ১৪৬ কোটি টাকা। আমার জিজ্ঞাস্য হচ্ছে গত চলতি বছরে '৯৩-৯৪ সালের আর্থিক বছরে বক্রেশ্বর কেন্দ্রের জন্য কত টাকা বরাদ্দ ছিল এবং শেষ পর্যন্ত কত টাকা পাওয়া গিয়েছে? এই যে ও. ই. সি. এফ.-এর সঙ্গে যে চুক্তি হয়েছে সেই চুক্তিটা কি, কি কি শর্ত আছে চুক্তিতে, এইগুলি যদি বলেন তাহলে ভাল হয়। আর এই কাজ করতে এত বিলম্ব হল কেন? সরকার যেখানে এত গুরুত্ব সহকারে '৮৬ সালে বলেছিলেন আজকে সেখানে ১৪৬ কোটি টাকা ব্যয় হয়েছে, এত বিলম্বিত হল কেন দয়া করে বলবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনারা এটা জানেন যে কোন বিদ্যুত প্রকল্প তৈরি করতে গেলে ভারত সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টের অনুমোদন দরকার হয়। '৯১ সালের জুলাই মাস পর্যন্ত যেটা কন্ট্রাক্ট ছিল সেটা একটা রাশিয়ান সংস্থার সঙ্গে কন্ট্রাক্ট ছিল। সেটা আমরা জুলাই, আগস্ট, সেপ্টেম্বর পর্যন্ত—তখনও পর্যন্ত বিদেশি সংস্থার লোনের কাজ বেশি এগোয়নি—যা খরচ করেছি সেটা সম্পূর্ণ রাজ্য সরকারের ব্যয়ে খরচ হয়েছে। তারপরে ও. ই. সি. এফ.-র সঙ্গে কথাবার্তা চলে ভারত সরকারের বিভিন্ন ডিপার্টমেন্টের মাধ্যমে, কারণ তাদের অনুমোদন নিতে হয়। সেই অনুমোদনটা আমরা গত বছরে ভারত সরকারের থ্রু দিয়ে

জাপান সংস্থার কাছে প্লেস করি, তারা ও.ই.সি.এফ ফাণ্ডিংটা দেখে এবং ঋণ প্রকল্পটি '৯১ সালের ডিসেম্বরে ফাইনালাইজ হয়। আমরা প্রথম থেকেই টেণ্ডারিং পেপারের স্পেসিফিকেশনের কাজটা শুরু করেছিলাম, সেইগুলি এখন অ্যাডভান্স পর্যায়ে আছে। ফাইনালে যেটা হয়েছে ২টি গভর্নমেন্টের মধ্যে, তারপরে আমাদের কনসালটেন্ট নিয়োগ করতে হয়েছে তারা সেটা খতিয়ে দেখছেন, এই কাজগুলি চলছে। আমরা আশা করছি এটা জুলাই মাস নাগাদ স্পেসিফিকেশন গুলি দেখা হয়ে যাবে। তারপরে আমরা টেণ্ডার করব এবং অর্ডার প্লেস হবে অ্যাট দি এণ্ড অফ দিস ঈয়ার। এই প্রকল্পে ২টি ইউনিট, পুরোপুরি ৫টি ইউনিটের জন্য জানাচ্ছি যে জিনিসগুলি লাগে, কোন হ্যাণ্ডলিং ওয়াটার সাপ্লাই, ট্রান্সমিশন লাইন, এভাকুয়েশন ২টি ইউনিট পুরোপুরি এই প্রকল্পের মধ্যে আছে। এই প্রকল্প অনুমোদন পেয়ে ভারত সরকারের কাছে সিলিং করেছেন ৩৫২.৫৩ কোটি টাকা ফর দি পার্ট অফ দিস প্রোগ্রাম। এর মধ্যে ও.ই.সি.এফ লোন দেবেন ২,৭৫৪.৫৫ কোটি টাকা। প্রায় ৮৫ শতাংশ ওরা লোন দেবেন। এই লোনের শর্ত হচ্ছে ১০.৭৫ শতাংশ হারে আমাদের রাজ্য সরকারকে সুদ দিতে হবে এবং এই লোনটা আমাদের ১০ বছরের গ্রেস পিরিয়ড, তারপরে অ্যানাদার টুয়েন্টি ইয়ারস টোটাল থার্টি ইয়ারস-এ শোধ দিতে হবে।

**Dr. Zainal Abedin :** Will the Minister-in-Charge be pleased to state that conditionalities of the foreign assistance received from Japan? Whether the Finance Department under the leadership of Hon'ble Dr. Asim Kumar Dasgupta has agreed to this proposition ?

**Dr. Shankar Kumar Sen :** There are no conditionalities except those I mentioned. i.e., the rate of interest is 10.75 per cent. per year. and the total period is 30 years including grace period. There are no other conditionalities.

**শ্রী লক্ষ্মণচন্দ শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, শুনেছি যে এই বিশাল প্রকল্পের জন্য যে পরিমাণ জল দরকার, সেই জলের সমস্যার সমাধানের ব্যাপারে কি কি পদক্ষেপ নিচ্ছেন, এই ব্যাপারে আলোকপাত করবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের যে অরিজিন্যাল স্কিম ছিল, সেখানে ছিল ময়ূরাক্ষি থেকে আমরা পাইপ লাইনের মাধ্যমে জল নিয়ে আসব। যে জলটাকে বলা হয় মেক আপ ওয়াটার। বয়লারে জল দেওয়ার পর ইভাপোরেশন হওয়ার জন্য এই জলটা লাগবে ৮৭ কিউসেক। এ ছাড়াও বক্রেশ্বর ড্যামের একটা পরিকল্পনা ১৯৯২ সাল থেকে আমরা করি। ইন অ্যাডিশনাল এই বক্রেশ্বর ড্যামের পরিকল্পনা আমরা গ্রহণ করি এবং সি. ই. এ. এটা অনুমোদন করেছে এবং এটা টেণ্ডার স্টেজে এসে গেছে। এটা আমরা নিজেরাই করব, অর্থাৎ পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন থাকবে, জাপানি লগ্নি এর মধ্যে নেই।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ১৯৯০ সালে সোভিয়েত ইউনিয়নের সঙ্গে যে চুক্তি হয়েছিল তা আপনারা খারিজ করে দিয়েছেন সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে যাওয়ার পর, সেই চুক্তিটার আর কোনও গুরুত্ব থাকেনি এবং এর জন্য আপনাদের নতুন করে চুক্তি করতে হয়েছিল জাপানি সংস্থা ও.ই.সি.এফের সঙ্গে। ও.ই.সি.এফের সঙ্গে যে চুক্তি হয়েছে

সোভিয়েত ইউনিয়নের সঙ্গে কি সেই একই চুক্তি হয়েছিল। এই পরিপ্রেক্ষিতে বক্রেশ্বর থার্মাল প্ল্যানিং কোন মডিফায়েড হয়েছে কি না? থাকলে কারণটা কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** সোভিয়েত ইউনিয়নের সঙ্গে তিনটে ইউনিটের কথাবার্তা হয়েছিল। এটার সঙ্গে সোভিয়েত দেশের যে প্রবলেম হয়েছিল তার সঙ্গে কোনও সম্পর্ক নেই। চুক্তিটি হয়েছিল টি. পি. জেড নামক একটি সংস্থার সঙ্গে, যেটা ওখানকার একটা স্টেট ট্রেডিং কর্পোরেশন। চুক্তিটি আমরাই খারিজ করেছি। আমাদের মনে সংশয় দেখা দেয়, যে এটা ওরা শেষ করতে পারবে না। তাই খারিজটা আমাদের দিক থেকেই হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী চিঠি লেখেন যে এটা আমাদের খারিজ করা হোক। আর আপনার দ্বিতীয় প্রশ্ন হচ্ছে পরিকল্পনা কোনভাবেই চেঞ্জ করা হয়নি। এটা হচ্ছে সেন্ট্রাল ইলেক্ট্রিসিটির অনুমোদন সাপেক্ষ। টোটাল প্যাকেজটা আমরাই ঠিক করেছিলাম। জাপানিদের কণ্ডিশন ছিল ওরা ফিল্ড প্রোজেক্ট কাজ করবে। সেখানে পাঁচটা ইউনিট রয়েছে, সেজন্য আমরা ইউনিটের পরিকল্পনাটা একটু চেঞ্জ করি ১.২৪-এর পরিবর্তে আমরা ওল্ড ২, ৩, ৪, ৫ করি। সুতরাং নাম্বারটা শুধু আমরা চেঞ্জ করি। ওরা গ্রীন ফিল্ড প্রোজেক্ট করতে চেয়েছিল।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় এই বক্রেশ্বর তাপ বিদ্যুত প্রকল্পের কাজকর্ম কিছু কিছু জেলা পরিষদকে দিয়ে করানো হয়েছে। কোন কোন কাজ তারা করেছে এবং তার জন্য কত টাকা জেলা পরিষদ-এর মাধ্যমে খরচ হয়েছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আপনার সেকেণ্ড প্রশ্নের উত্তর আমার কাছে নেই। বীরভূম জেলা পরিষদকে দিয়ে সেখানে অনেক কাজ করানো হয়েছে। তারা হাউসিং কমপ্লেক্স করেছে, পাওয়ার স্টেশনের চারিদিকে দেওয়াল দেওয়ার কাজ করেছে, ল্যাণ্ড ফিলিং-এর কাজ করানো হয়েছে এবং অ্যাডমিনিস্ট্রেটিভ বিল্ডিং-এর কাজ করানো হয়েছে। তবে কত টাকার কাজ করানো হয়েছে সেই একজাক্ট ফিগারটা আমার কাছে নেই। তবে সেখানে দুটো জিনিস হয়েছে পিপলস্ এবং পিপলস্ পার্টিসিপেশন ইন এ ভেরি লার্জ প্রোগ্রাম আমরা পেয়েছি। যেটা আগে কখনো দেখা যায়নি। এখানে প্রফিট মোটিভ ছিল না বলেই এটা সম্ভব হয়েছে।

[11-20 — 11-30 a.m.]

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর থেকে জানা গেল যে, ১৯৯৯ সালের প্রথম ইউনিটটি কমপ্লিট হবে। মাননীয় মন্ত্রী মহাশয় বলেন নি যে ৫টি ইউনিটই কবে কমপ্লিট হবে। দু নং কথা হচ্ছে যে জাপানের লোন পাওয়া যাবে এই শর্তে যে গ্রীন ফিল্ড প্রোজেক্ট হবে সেটা তারা দেবেন। বক্রেশ্বরের দুটি ইউনিটের ব্যাপারে ও.ই.সি.এফের সঙ্গে টাই আপ হয়েছে কিন্তু বাকি তিনটি ইউনিটের ব্যাপারে কোনও টাই-আপ হয়েছে কি, হলে তার কন্ডিশন্স কি? এই যেমন অলরেডি এ. বি. এলকে বয়লারের অর্ডার দেওয়া হয়েছে, তারা বয়লার বানাচ্ছেন। ভেলকে টারবাইনের অর্ডার দেওয়ার কথা ছিল। আমার প্রশ্ন, এই ৫টি ইউনিটের ক্ষেত্রে বয়লার কারা বানাবে এবং টারবাইন কারা বানাবে সে সম্পর্কে সিদ্ধান্ত হয়েছে কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** ভেলকে যে অর্ডারটা দেওয়া হয়েছিল সেটা রাশিয়ার প্রোপোজালটা

আমরা যখন খারিজ করি তখন ভেলেরটাও আমরা সঙ্গে সঙ্গে খারিজ করে দিই।

(গোলমাল)

আমি ১৯৯১ সালের কথা বলছি। তখন আমরা ভেলের অর্ডার খারিজ করে দিই। কিন্তু এই তিনটি সম্বন্ধে তখনও পর্যন্ত ঠিক স্থির ছিল না। জাপানি লোন যেটা আসছে ও.ই.সি.এফের—এর এটার জন্য গ্লোবাল টেণ্ডার হবে এবং তাতে দেশীয় সংস্থাগুলি তারা প্রত্যেকে টেণ্ডারে অংশগ্রহণ করতে পারেন। গ্রিন ফিল্ডের যে প্রোজেক্ট হবে যার কথা কিছুক্ষণ আগে বলছিলাম তারজন্য টেণ্ডার হবে যেটা ও.ই.সি.এফের লোনে আসছে। বাকি তিনটির জন্য—ইউনিট নং ৫ তার বয়লারের কাজ ৭০ শতাংশ হয়েছে—সে সম্বন্ধে অনেক প্রোপোজাল পেয়েছি এবং সেগুলি খতিয়ে দেখা হচ্ছে। আমাদের যা টার্গেট তাতে এণ্ড অব সেপ্টেম্বর অর আর্লি অক্টোবরে আমরা ঐ তিনটি সম্বন্ধে ডিসিসন নেব এবং আপনারা যথাসময় তা জানতে পারবেন যে পাবলিক সেক্টার আসছে কি আসছে না। মাননীয় সদস্যদের বলব, আপনারা অনেক ধৈর্য্য ধরেছেন, আর একটু ধৈর্য্য ধরুন, অক্টোবরে আপনারা জানতে পারবেন কতটা পাবলিক সেক্টারকে দিয়ে করাতে পারছি, কতটা করাতে পারছি না।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** কেন্দ্রীয় সরকার যে সুদে বৈদেশিক ঋণ নিয়ে রাজ্যগুলিকে দিচ্ছে তাতে আমরা দেখছি এটা একটা তারা মুনাফার জায়গায় চলে যাচ্ছে। সি.এম.ডি.এ.-এর ক্ষেত্রে এটা আমরা দেখেছি। আমার প্রশ্ন, ও.সি.এফ. থেকে যে লোন নেওয়া হচ্ছে তাতে রাজ্য সরকারকে যে ১০৭৫ পারসেন্ট হারে সুদ দিতে হবে সেখানে কেন্দ্রীয় সরকার কোনও মুনাফা করছেন কিনা?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমরা ভারত সরকারকে দেব ১০.৭৫ পারসেন্ট সুদ আর ভারত সরকার ও.ই.সি.এফকে দেবেন ২.৫ পারসেন্ট সুদ।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** বক্রেশ্বরের জন্য পশ্চিমবাংলার মানুষের দেহ থেকে যে রক্ত নিয়ে বেচা হয়েছিল তার থেকে কত টাকা বক্রেশ্বর প্রকল্পকে দেওয়া হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** এরজন্য সেপারেট প্রশ্ন হতে হবে। তবে এটুকু বলতে পারি যে, ১৪৫ কোটি টাকা। যেটা বললাম তার মধ্যে অন্য কোনও টাকা নেই, এটা সবটাই রাজ্য সরকারের নিজস্ব টাকা।

## রাষ্ট্রায়ত্ত সংস্থা

*২৭৭। (অনুমোদিত প্রশ্ন নং *৬০।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** শিল্প-পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এটা কি সত্য যে, এই রাজ্যে অবস্থিত কেন্দ্রীয় সরকার-পরিচালিত কিছু রাষ্ট্রায়ত্ত সংস্থা বন্ধ হতে চলেছে; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে প্রতিক্রিয়া কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ**

(ক) ও (খ) এখনো বন্ধ হয় নাই। হইবে না, এমন কথা বলা চলে না।

স্বাভাবিক কারণে সরকার সর্বপ্রকার শিল্প সংস্থা বন্ধের বিরোধী। সর্বোচ্চ সরকারি পর্যায়ে উক্ত সংস্থাগুলিকে চালু রাখার জন্য বারংবার প্রধানমন্ত্রীকে অনুরোধ করা হইতেছে। তবে এখনো কোনও আশাব্যঞ্জক সিদ্ধান্ত পাওয়া যায়নি।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কোন কোন কেন্দ্রীয় সরকারি সংস্থা যেগুলো বন্ধ হওয়ার সম্ভাবনা দেখা দিয়েছে এবং আশঙ্কিত হয়েছে শ্রমিকরা। পশ্চিমবাংলার সবগুলো ট্রেড ইউনিয়ন এই সম্পর্কে সরকারের দৃষ্টিতে এনেছেন, এই রকম কোন কোন সংস্থা আছে।

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** ১৬টা এই রকম সংস্থা আছে। আমি মাননীয় সদস্যাদের নামগুলো পড়ে দিচ্ছি। ব্রেথওয়েট কোম্পানি, স্মিথ ষ্ট্যানস্ট্রিট কোম্পানি, ভারত অপথালমিক গ্লাস কোম্পানি, সাইকেল কর্পোরেশন অব ইন্ডিয়া লিমিটেড, ন্যাশনাল ইনস্ট্রুমেন্ট কোম্পানি, ওয়েবার্ড কোম্পানি, মাইনিং অ্যান্ড মেটাল অ্যালায়েড মেশিনারি কর্পোরেশন, নিক্কো, হিন্দুস্তান ফার্টিলাইজার কর্পোরেশন, ভারত ব্রেক্স অ্যান্ড ভালভ্স, টায়ার কর্পোরেশন বেঙ্গল ফার্মাসিউটিক্যালস, বেঙ্গল ইমিউনিটি, এন. টি. সি. ওয়েস্টবেঙ্গল, আসাম, এন. জি. এম. সি.।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জনাবেন কি, যতগুলি প্রতিষ্ঠানের নাম বললেন, এতে জড়িত শ্রমিকের সংখ্যা কত, এই সম্পর্কে যদি এখন না বলতে পারেন তাহলে একটা পরে স্টেটমেন্ট করে দেবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এই তথ্যটা আমার কাছে নেই, আমি পরে দিয়ে দেব।

**শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, যেটা বললেন উচ্চ পর্যায়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা চলছে, আশানুরূপ সাড়া পাওয়া যায়নি। উচ্চ পর্যায় কি ধরনের কথাবার্তা বলেছেন, কোনও চিঠি পত্র লিখেছেন কি? উচ্চ পর্যায়ে কি ধরনের কথাবার্তা হয়েছে, আশানুরূপ সাড়া পাওয়া যায়নি মানে কি, কোনও নেগেটিভ রেসপন্স পেয়েছেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** উচ্চ পর্যায় বলতে তাদের বিভাগকে লেখা হয়েছে এবং মুখ্যমন্ত্রী এই ব্যাপারে প্রধানমন্ত্রী এবং অর্থমন্ত্রীকে লিখেছেন। কিন্তু এই রকম কোনও সাড়া পাওয়া যায়নি। শুধু দপ্তর থেকে চিঠি এসেছে, যে ভাবে লেখা হয়, দি ম্যাটার ইজ বিয়িং লুকড ইনটু—

**শ্রী সৌগত রায় ঃ** আমাদের রাজ্যের শাসক দল থেকে একটা কনস্ট্যান্ট প্রোপাগান্ডা চলছে যে কেন্দ্রীয় সরকার আমাদের রাজ্যের কিছু লস মেকিং পাবলিক সেক্টার ইউনিট বন্ধ করে দিচ্ছে, প্রশ্নটাতেও সেই ইন্ডিকেশন আছে যে বন্ধ হতে চলেছে। অন্যদিকে কাগজে

দেখেছি কেন্দ্রীয় সরকার বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থার লস কমিয়ে রিভাইভ্যাল প্যাকেজ চালু করছেন। কেন্দ্রীয় সরকারের নুতন ইন্ডাস্ট্রিয়াল পলিসি চালু হয়েছে তিন বছর। আমি মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি, এখনও পর্যন্ত এই নুতন শিল্প নীতি চালু হওয়ার পর একটা রাষ্ট্রায়ত্ত শিল্প বন্ধ হয়েছে, কিংবা একটা রাষ্ট্রায়ত্ত শিল্প থেকে একজনও ছাঁটাই হয়েছে, এই সম্পর্কে ক্লিয়ার জানতে চাই।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** আমি আগেই বলেছি, বাস্তবে এখনও পর্যন্ত কোনও সংস্থা বন্ধ হয়নি। তবে ছাঁটাই করার জন্য শ্রমিকদের বিভিন্ন ভাবে অফার করা হচ্ছে।

(গোলমাল)

ছাঁটাই কি ভাবে হচ্ছে তা সৌগতবাবু আমার চেয়ে ভাল জানেন। রিট্রেঞ্চমেন্ট কথাটা হয়ত ব্যবহার করা হচ্ছে না, কিন্তু গোল্ডেন হ্যান্ড-সেক্ হচ্ছে, অনেক লোককেই চলে যেতে বাধ্য করা হয়েছে এবং এখনও প্রক্রিয়া চালু আছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে ১৬-টি রাষ্ট্রায়ত্ত (কেন্দ্রীয়) শিল্প সংস্থা বন্ধ হওয়ার মুখে বলে আশঙ্কা প্রকাশ করছেন তাদের মধ্যে হিন্দুস্থান ফার্টিলাইজার কর্পোরেশনের হলদিয়া ফার্টিলাইজার আছে। কিছু দিন আগে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে একটা প্রস্তাব দেওয়া হয়েছিল—হলদিয়া সার কারখানাটি কোনও ব্যক্তিগত মালিকানায় দেওয়া হবে, নতুবা শ্রমিকরা চালাতে চাইলে তাদের দেওয়া হবে অথবা রাজ্য সরকার নিতে চাইলে, রাজ্য সরকারকে দেওয়া হবে। এই প্রস্তাবটি আপনার দপ্তরে এসেছে কি? যদি এসে থাকে এই প্রস্তাবের পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারের পক্ষ থেকে কী পদক্ষেপ নেওয়া হয়েছে? আগামী দিনে ছাঁটাই সহ আমাদের রাজ্যের রাষ্ট্রায়ত্ত শিল্প সংস্থাগুলিকে বন্ধ করে দেবার চক্রান্ত চলছে কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** মাননীয় সদস্যের প্রশ্নের উত্তরে বলছি, শুধু হলদিয়া ফার্টিলাইজার কর্পোরেশনেই নয়, সব জায়গায় এই প্রচেষ্টা চলছে। বলা হচ্ছে, এই রাষ্ট্রায়ত্ত সংস্থাগুলি আর রাখা যাবে না, ব্যক্তিগত মালিকানা বা ওয়ার্কার্সরা চালাতে পারবে কি না তা বিবেচনা করে দেখা হোক। তা না হলে বন্ধ করে দেওয়া হবে। বন্ধ করার দিন-ক্ষণ বলা হয়নি, কিন্তু ঐ কথা বলা হচ্ছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ। যা আমরা ইদানিং বামফ্রন্টের কাছে আশা করি না—তিনি সত্যি কথা স্বীকার করেছেন। তিনি বলেছেন, 'এখন পর্যন্ত কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন রাজ্যের কোনও শিল্প সংস্থা বন্ধ হয়নি এবং কোথাও কেউ ছাঁটাই হয়নি।" এই সত্যি কথাটা তিনি স্বীকার করেছেন, এর জন্য তাকে ধন্যবাদ। রাজ্য সরকার বিভিন্ন সময় কেন্দ্রীয় সরকারকে উপদেশ দিয়ে বলেন যে, তাদের যে সংস্থাগুলি লোকসানে চলছে সেগুলিতে এই এই ব্যবস্থা গ্রহণ করে লাভজনক সংস্থায় পরিণত করুন। তারা উপদেশ দেন যে, সংস্থাগুলিতে কি কি ব্যবস্থা নেওয়া উচিত। আমরা জানি রাজ্য সরকারেরও অনেকগুলি সংস্থা লাভজনক নয়, লোকসানে চলছে। তাহলে রাজ্য সরকার সেই

সব সংস্থাগুলির ক্ষেত্রে তারা কেন্দ্রীয় সরকারকে যে উপদেশগুলি দেন সেগুলি কার্যকর করেছেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** প্রথম কথা হচ্ছে কেন্দ্রীয় সরকার তাদের সংস্থাগুলি বন্ধ করেছেন, না করেন নি? উত্তরে হচ্ছে বন্ধ হয়নি, অর্থাৎ, মারা গেছে, কিন্তু এখনও ডাক্তার সার্টিফিকেট দেয়নি। কিন্তু মরার পরের সব ব্যবস্থা হয়ে গেছে। আর রাজ্য সরকার তার প্রতিষ্ঠানগুলোকে লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করার জন্য এখনও চেষ্টা চালাচ্ছে। লাভজনক না করতে পারি, অন্তত অ্যাট্ পার করার জন্য আমরা চেষ্টা করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাইবেন কি, আপনি যতগুলি সংস্থার কথা বললেন সেগুলি ধুকছে। সেই সমস্ত সংস্থাগুলির মধ্যে কতগুলি বি. আই. এফ. আরে পাঠানো হয়েছে। বর্তমানে যেগুলিকে পাঠানো হয়েছে তার মধ্যে হলদিয়া ফার্টিলাইজার বি. আই. এফ. আরে গেছে কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** আগেই এর উত্তর দিয়েছি। ঠিক কোনটা বি. আই. এফ. আরে বর্তমানে আছে, আমি দেখে পরে বলে দিতে পাবর।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস ঃ** এন. টি. সি.-র মিলগুলিতে কয়লা এবং তুলো সরবরাহ বন্ধ হয়ে গেছে কিনা, হয়ে থাকলে কেন হয়েছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এটা ঠিক আমার আওতার মধ্যে পড়ে না। তবুও বলছি, এইসব নিয়ে প্রশ্ন আছে—কয়লা সরবরাহ হচ্ছে না, তুলো আসছে না। তবে সঠিক কোথায় কি হয়েছে তা আমি বলতে পারব না।

**শ্রী সুভাষ বসু ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানেন, কল্যাণীতে ভারতবর্ষের বেস্ট সাইকেল কারখানা—সি. সি. আই. এল। যে সেনর‍্যালের সাইকেল ছিল সেই সাইকেল কোম্পানিতে ৭০০।৮০০ লোক কাজ করত। এর মধ্যে ৪০০ লোক চলে গেছে। এই ৪০০ লোকের মধ্যে আপনাদের লোকও (কংগ্রেসিদের) গেছে। আজকে অ্যাভন এবং হিরো সাইকেলকে মদত দেবার জন্য সেই সাইকেল কর্পোরেশন তুলে দেওয়া হল। ৯ কোটি টাকা দিলে এই সাইকেল কর্পোরেশন লাভজনক জায়গায় যেত। কিন্তু আপনারা (কংগ্রেসিরা) ভি. আরে ১৮ কোটি টাকা খরচ করলেন, তবুও এই সাইকেল কারখানাকে বন্ধ করার চেষ্টা করছেন?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এই প্রশ্নের জবাব আমার জানা নেই।

## মাদ্রাসা বোর্ড

*২৭৮। (অনুমোদিত প্রশ্ন নং *২৩৮।) **শ্রী আবদুল মান্নান ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাদ্রাসা বোর্ডের বর্তমান সভাপতি ও অন্যান্য সদস্যদের নাম কি ; এবং

(খ) তারা কি নির্বাচিত না মনোনীত।

**শ্রী আনীসুর রহমান ঃ**

(ক) মাদ্রাসা বোর্ডের বর্তমান সভাপতি ও অন্যান্য সদস্যদের নাম ঃ

১। অধ্যাপক মোস্তাফা বিন কাসেম (সভাপতি)

২। শ্রী নজরুল হক (বিধায়ক সদস্য)

৩। শ্রী জাহাঙ্গীর করিম (ঐ)

৪। শ্রী মহঃ আনসারুদ্দিন (ঐ)

৫। শ্রী মহঃ ইয়াকুব (শিক্ষানুরাগী সদস্য)

৬। অধ্যাপক এ. এম. কে. মাসুমি (ঐ)

৭। সেখ নুরুল হক (শিক্ষা প্রতিনিধি—উ ঃ মাদ্রাসা)

৮। শ্রী মোজ্জামেল হক (ঐ)

৯। শ্রী আবদুল হামিদ (ঐ—মিনি ঃ মাদ্রাসা)

১০। শ্রী মহঃ ইজাহার আলি (ঐ)

১১। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আরবি ও পারশি বিভাগের প্রধান পদাধিকার বলে।

১২। বিদ্যালয় শিক্ষা অধিকর্তা, পশ্চিমবঙ্গ পদাধিকার বলে।

১৩। অধ্যক্ষ, কলকাতা ম্াদ্রাসা (ঐ)

১৪। মহঃ সয়ফুল্লা সরকার শিক্ষক—প্রতিনিধি (জুঃ মাদ্রাসা)

১৫। পশ্চিমবঙ্গ মাধ্যমিক শিক্ষা পর্ষদের প্রতিনিধি সদস্য।

(খ)

[11-40 — 11-50 a.m.]

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কিছু কিছু মাননীয় বিধায়ক এবং শিক্ষকের নাম বললেন, তারা মনোনীত, নির্বাচিত কেউ নন। আমরা জানি অনেকেই আপনার অনুকম্পা পেয়েছেন এবং সুযোগ পেয়েছেন, সবাই প্রায় শাসকদলের লোক। মাদ্রাসা বোর্ড সম্বন্ধে ইতিমধ্যে হাইকোর্টের একটি রায় পাওয়া গেছে যে মাদ্রাসা বোর্ডের আইনগত কোনও স্বীকৃতি নেই। এই আইনগত স্বীকৃতি দেওয়ার জন্য কোনও লেজিসলেশন আনছেন কিনা এবং আনলে তার সালিয়েন্ট ফিচার্স কি হবে একটু দয়া করে বলবেন। কারণ এই আইনগত স্বীকৃতি না থাকার জন্য কলকাতা হাইকোর্ট মন্তব্য করেছেন তার পরিপ্রেক্ষিতে ছাত্র, শিক্ষক বিক্ষোভ দেখা দিয়েছে। মাদ্রাসা বোর্ডের জন্য নূতন কোনও আইন প্রণয়ন করার কথা চিন্তা করছেন?

**শ্রী আনীসুর রহমান ঃ** প্রথম যে প্রশ্নটা করলেন স্ট্যাটাস অফ দি মাদ্রাসা বোর্ড এ নিয়ে আর একটা প্রশ্ন উঠবে। তবে আপনি যখন জানতে চাইছেন তখন বলছি। আমরা ইতিমধ্যে ভেবেছি এর স্ট্যাটুটারি রূপ দেওয়ার জন্য। হাইকোর্টের রায় হয়েছে, শুধু তাই নয়,

সারা ভারতবর্ষে একটাই রাজ্য আছে বিহার, সেখানে মাদ্রাসা বোর্ড স্ট্যাটুটারি করা হয়েছে, সেটা এখানে পরীক্ষা নিরীক্ষা করে খসড়া তৈরি করে ফাইনান্স ডিপার্টমেন্টে পাঠানো হয়েছে, ফাইনান্স ক্লিয়ারেন্স দিলে স্ট্যাটুটারি রূপ দেওয়া হবে। আপনি মনোনীত বোর্ডের কথা বললেন, দুর্ভাগ্য এটার জন্ম হয়েছিল ১৯৭৩ সালে, আপনারাই এ ধরনের বোর্ডের জন্ম দিয়েছিলেন, আপনাদের কপিটা আমার কাছে আছে, ওটা দয়া করে পড়ুন, আপনারাই ঠিক করেছিলেন ৩ জন বিধায়ক এবং ৪ জন শিক্ষককে নমিনেট করতে হবে, কি তার রং হয়েছে সেটা বলা থাকলে সেই মতো ব্যবস্থা করা হত।

**শ্রী আবদুল মান্নান ঃ** আপনারা তখন হাউসে ছিলেন না, তাই নেওয়া হয়নি আমরা তো এখন হাউসে আছি, আমাদের নিতে পারতেন। তবে একটা ব্যাপারে আপনাকে ধন্যবাদ যে আপনি কংগ্রেসের পথটা অনুসরণ করেছেন। যাইহোক, আমার জানার বিষয় হচ্ছে এবং এ নিয়ে ১ বছর আগে মেনশন করেছি। ডিফেন্সে অনেক ক্ষেত্রে ওয়েস্ট বেঙ্গল মাদ্রাসা বোর্ডের পাশ করা ছাত্র ছাত্রীদের স্বীকৃতি দেওয়া হয় না, তাদের দরখাস্ত অ্যাক্সেপ্ট করা হয় না।

**শ্রী আনীসুর রহমান ঃ** সাধারণভাবে মাদ্রাসা বোর্ড সম্বন্ধে যে ধারণা আছে তাতে অন্য বোর্ডের সঙ্গে এই বোর্ডের পার্থক্য আছে। সেকেন্ডারি বোর্ড মাধ্যমিক এবং হায়ার সেকেন্ডারি বোর্ড উচ্চ মাধ্যমিক পরীক্ষা নিয়ে থাকে, কিন্তু মাদ্রাসা বোর্ডে অনেকগুলি পরীক্ষা নেওয়া হয়ে থাকে। এর আলীম, ফাজিল, হাই-মাদ্রাসা। হাই মাদ্রাসা সব দিক থেকে মাধ্যমিকের সমান। আলীম হল মাধ্যমিকের সমতূল্য। আমাদের সরকারের পক্ষ থেকে লেখা হয়েছে এই বোর্ড থেকে পাশ করা ছাত্র ছাত্রীরা সমান সুযোগ পাবে। তবে আপনার কাছে কোনও সুনির্দিষ্ট অভিযোগ থাকলে—এখানকার পাশ করা ছাত্রদের সার্টিফিকেট গ্রাহ্য হয়নি—জানাবেন, দেখে ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রী আবদুল মান্নান ঃ** ডিফেন্সে এক্সপ্লেন করা হয়নি।

**শ্রী আনীসুর রহমান ঃ** এই ব্যাপারে ডিফেন্স আমাদের স্পষ্ট করে জানাবার জন্য বলেছিলেন, সেটা ক্লিয়ার করে জানানো হয়ে গেছে।

**Shri Saugata Roy :** May, I ask the Hon'ble Minister-in-charge. If the Government considers the Madrasha system as a parallel system of education. If so, what is the purpose of politicizing the Madrasha Board ? আমি বলছি, মাদ্রাসা বোর্ডের উদ্দেশ্যটা কি ; লেফট্ ফ্রন্টের দিয়ে চালাবার কারণটা কি?

**শ্রী আনীসুর রহমান ঃ** কলকাতা ইউনিভার্সিটির জন্ম হয়েছিল এখন থেকে ১১৩-১১৪ বছর আগে, তখন ভারত স্বাধীন হয়নি, বিদেশিদের অধীনে ছিল। স্বাধীন হবার পর এই ব্যাপারে প্রথম দায়িত্ব আপনাদের ছিল। আমরা এটা উঠিয়ে দিচ্ছি না, চালাচ্ছি ; সত্যিকারের মাদ্রাসা শিক্ষার জন্য যে সামান্য পরিবর্তন করার দরকার ছিল সেটাই করেছি এবং সেটা শুধুমাত্র ছাপ নেবার জন্য নয়, শিক্ষাটা যাতে কাজে লাগে সেই কাজই আমরা করছি। তবে এটা আপনাদের ভাল লাগবে কিনা জানি না, তবে আমাদের ভাল লাগছে।

## বিদ্যুত পর্যদের কর্মচারিদের জন্য বাড়ি

***২৮১।** (অনুমোদিত প্রশ্ন নং *৭৮৮।) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, জলপাইগুড়ি জেলার ফাঁসিদেওয়া অঞ্চলে বিদ্যুত পর্যদের উদ্যোগে কর্মচারিদের থাকার জন্য কিছু বাড়ি নির্মিত হয়েছে/হচ্ছে ;

(খ) সত্যি হলে,

(১) কতগুলি বাড়ি নির্মিত হয়েছে/হচ্ছে ;

(২) এই নির্মাণকার্য শেষ হয়েছে কি না ;

(৩) হয়ে থাকলে, কবে নাগদ এই কার্য শেষ হয়েছে ; এবং

(৪) এই বাড়িগুলি বিলি করার ব্যাপারটি বর্তমানে কি অবস্থায় আছে?

**ডঃ শঙ্করকুমার সেন ঃ**

(ক) হ্যাঁ। দার্জিলিং জেলার ফাঁসিদেওয়া অঞ্চলে রাজ্য বিদ্যুত পর্যদের উদ্যোগে কর্মচারিদের থাকার জন্য বাড়ি নির্মিত হচ্ছে।

(খ)

(১) ৮৪টি বাড়ি নির্মিত হয়েছে।

(২) বাড়িগুলির (দালান) নির্মাণ কাজ শেষ হয়েছে—কিন্তু জল সরবরাহ ও নিকাশি ব্যবস্থার কাজ এখনো বাকি আছে।

(৩) বাড়িগুলির নির্মাণ কার্য ১৯৯১-৯২-তে শেষ হয়েছে।

(৪) অধিগৃহীত জমির পুরো দখল না পাওয়ার জন্য সীমানা-প্রাচীর, জল সরবরাহের লাইন এবং মূল জল নিকাশি ব্যবস্থার কাজ সম্পন্ন করা সম্ভব হয়নি বলে উক্ত বাড়িগুলি এখনও পর্যন্ত বসবাসযোগ্য করা যায়নি। সেই জন্য ঐ সব আবাসন কর্মচারিদের বন্টন করা যাচ্ছে না।

**শ্রী শক্তি বল ঃ** আপনি বলছিলেন যে, নির্মাণকার্য সম্পূর্ণ হয়ে গেছে, কিন্তু জলনিকাশি ব্যবস্থা, স্যানিটেশন এবং আদার ওয়ার্কস হয়নি বলে বিলি করা যাচ্ছে না। কিন্তু সম্প্রতি আমরা পাওয়ার সাবজেক্ট কমিটির পক্ষ থেকে সেটা দেখে এসেছি। সেখানে জেলা সভাধিপতির সঙ্গে কথাও হয়েছে যে, নির্মাণ সম্পূর্ণ হয়ে যাবার পর এইভাবে বাড়িগুলি পড়ে থাকলে সেগুলো আনঅথরাইজড ব্যক্তির দ্বারা অক্যুপাইড হয়ে যেতে পারে। সেখানে যে সব কথা হল তাতে কিন্তু জমির কোনও অসুবিধা আছে বলে শুনিনি। বাড়িগুলি কোন স্তরের কর্মীদের মধ্যে বিলি করা হবে সে ব্যাপারে আলোকপাত করলে সুবিধা হয়।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** জমিগুলি যাদের কাছ থেকে নেওয়া হয়েছিল তাদের ৮০ পারসেন্ট কমপেনসেশন দেওয়া হয়ে গেছে। এখন যখন তাদের ২০ পারসেন্ট কমপেনসেশন

দেবার কথা বলা হচ্ছে তখন আপনাদের অনেকেই বলেছন যে, তারা আগের ৮০ পারসেন্ট টাকাটা পাননি। ব্যাপারটা অনেক পুরানো হওয়ায় কাগজপত্র খুঁজে দেখতে সময় লাগছে। গত পরশুদিন এখানকার পর্ষদের ল্যান্ড রিফর্মস অফিসারের সঙ্গে এই নিয়ে কথা বলেছি। কারণ বিদ্যুত পর্ষদের ঐ অফিসারকে সেখানে তিন মাস বসিয়ে রাখলেই ব্যাপারটা সলভ হয়ে যাবে। জলপাইগুড়িতে যে ল্যান্ড অ্যাক্যুইজিশন ডিপার্টমেন্ট আছে তারা হাইলি প্রেসারাইজড, কারণ তাদের কাছে অনেক অ্যাক্যুইজিশনের ব্যাপারে আছে, তিস্তা প্রকল্পের জমির ব্যাপার আছে। এখান থেকে বিদ্যুত পর্ষদের ল্যান্ড রিফর্মস অফিসার গিয়ে সেখানে তিন মাস থাকলে হি উইল ওয়ার্ক হ্যান্ড টু হ্যান্ড ইউথ দি গভর্নমেন্ট ডিপার্টমেন্টস এবং ব্যাপারটা ক্লিয়ার করে দেবেন।

[11-50 — 12-00 Noon]

**শ্রী শক্তি বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে জেলা পরিষদের সভাধিপতি এই ব্যাপারে খুবই আগ্রহী। কাজেই জেলা পরিষদের হাতে যদি এই ব্যাপারটা ছেড়ে দেওয়া যায় এবং ডি. এম.-দের যদি এর সঙ্গে যুক্ত করা যায় তাহলে কাজটা তরান্বিত হবে। আমরা সাবজেক্ট কমিটির পক্ষ থেকে ঐ এলাকায় ভ্রমণ করে এটা বুঝেছি। সেজন্য বলছি যে এটা দয়া করে জেলা পরিষদের হাতে ছেড়ে দিন তাহলে কাজটা তাড়াতাড়ি হবে। এই বিষয়ে আপনি কোনও চিন্তা করছেন কি?

**শ্রী শঙ্করকুমার সেন ঃ** আমাদের সঙ্গে জেলা পরিষদের কথা হয়েছে এবং আমরা তাদের সঙ্গে কনট্যাক্ট রাখছি। কিন্তু যেটা প্রবলেম হচ্ছে, ওখানে ইঞ্জিনিয়ার, অফিসার আছেন, যারা অন্যান্য কাজ করেন, আমাদের ল্যান্ড অ্যাকুইজিশনের অভিজ্ঞ লোক পাঠানো দরকার। বিদুৎ পর্ষদের একজন অভিজ্ঞ লোক ওখানে যাবেন এবং ৩ মাস বসবেন। জেলা পরিষদের সভাধিপতি, ডি. এম. এবং ল্যান্ড অ্যাকুইজিশনের লোক, সকলে মিলে ওখানে বসবেন। আমার ধারণা এটা সমাধান হয়ে যাবে।

### টিটাগড় পেপার মিলস

*২৮২। (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫।) **শ্রী সুকুমার দাস ঃ** শিল্প-পুনর্গঠন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, 'টিটাগড় পেপার মিলস'-কে বেসরকারিকরণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) এর কারণ কি ; এবং

(২) কি কি শর্তে কোন সংস্থার হাতে মিলটিকে দেওয়া হচ্ছে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ**

(ক) ও (খ) ইহা বরাবরই একটি বেসরকারি কোম্পানি কাজেই বেসরকারিকরণের (Privatisation) প্রশ্ন ওঠে না।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে বোর্ড অব ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড ফিনান্সিয়াল রি-কনস্ট্রাকশনের কাছে এটাকে আগে পাঠানো হয়েছিল কিনা এবং তাদের কোনও শর্ত ছিল কিনা?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** আপনি যদি এই ব্যাপারে আমাকে প্রকৃত প্রশ্ন করেন তাহলে আমি আপনাকে ২।৩ দিনের মধ্যে সব তথ্য জানিয়ে দেব যে আজ পর্যন্ত কি হয়েছে না হয়েছে।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন, আপনার পক্ষে জানা দরকার বিকজ টিটাগড় পেপার মিলের ১ এবং ২—এই দুটো ইউনিট ৬ বছর বন্ধ হয়ে আছে, এটা বি. আই. এফ. আরে গিয়েছিল। বি. আই. এফ. আর যে প্যাকেজ দিয়েছিল সেই প্যাকেজ ব্যাঙ্করা মেনে নেয়নি। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে শেষ পর্যন্ত রাজ্য সরকার কি সিদ্ধান্ত নিয়েছেন—একটা ইউনিট বন্ধ রেখে অন্যটা খোলা হবে, নো, দুটোই একসঙ্গে চালু রাখা হবে? কারণ মনমোহন সিংয়ের বাজেটে কিছু কিছু ছাড় দেওয়া হয়েছে পেপার মিলগুলির উপরে এবং ঐ দুটো ইউনিটের ক্ষেত্রে এক্সাইজ ডিউটি রিলিফ দেওয়ার কথা হয়েছে। তারপরে ঐ দুটো খোলার ব্যাপারে আপনারা সরকারি ভাবে কি সিদ্ধান্ত নিয়েছেন বা কোন পর্যায়ে আছে জানাবেন কি?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** আপনি জানেন যে পশ্চিমবঙ্গ সরকার যেগুলির দায়িত্বে রয়েছে সবই তারা পালন করেছে। ব্যাঙ্ক, বাণিজ্যিক আর্থিক প্রতিষ্ঠানগুলি সেটা করেনি, বারে বারে আমরা তাগাদা দেওয়া সত্ত্বেও। আমরা এখনও তাগাদা দিয়ে যাচ্ছি। সম্প্রতি উদ্যোগ নেওয়া হচ্ছে, পরবর্তী পর্যায়ে কি ঘটনা ঘটছে সেটা জানিয়ে দিতে পারব।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমি জানতে চাচ্ছি লেটেস্ট পজিশন উইথ রিগার্ডস টু দি ওপেনিং অব দি মিল। এটা যদি আপনি বলেন?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** প্রথম কথা হচ্ছে যে উড়িষ্যার যে মিলটি ছিল বিক্রি হয়ে গেছে, টাকা পয়সা দেওয়া হয়েছে। দ্বিতীয় হচ্ছে, দুই নম্বর মিলের টাকাও দিয়ে দেওয়া হয়েছে।

টি. পি. এম.(১) চালু হবে। এটা চালু করতে গিয়ে ব্যাঙ্কের যে অনুমোদন পাওয়ার কথা সেটা পাওয়া যাচ্ছে না। এখন দুটি ইউনিটি চালানো যায় কিনা নূতনভাবে সেটা ভাবা হচ্ছে। দুটিকে একসঙ্গে নিয়ে চালানো যায় কিনা সেটা নিয়ে কথা হচ্ছে। আর হচ্ছে ফাইনান্সিয়াল ইনস্টিটিউট এবং ব্যাঙ্ক থেকে প্রতিশ্রুতি পাওয়ার পর নিশ্চয়ই নূতন করে চিন্তা করার অবকাশ আছে।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে জানতে চাই, দুটি ইউনিট চালু করবেন বলছেন, এখানে ৮ হাজার কর্মচারী ছিল, তার মধ্যে কত জনকে নিয়ে চালু করবেন? কত জন কর্মচারী তাদের কাজ ফিরে পাবে?

**শ্রী পতিতপাবন পাঠক ঃ** এখন এটা আমি কি করে বলব? এখন যারা চালু করবেন তারা বলতে পারবেন।

## জুনিয়র মাদ্রাসাকে হাই মাদ্রাসায় উন্নীত

***২৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২৬১।) **শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বিগত ৯২-৯৩ আর্থিক বছরে রাজ্যে কোনও জুনিয়ার মাদ্রাসাকে জুনিয়ার হাই মাদ্রাসায় উন্নতি করা হয়েছে কি না ; এবং

(খ) হয়ে থাকলে, এরূপ মাদ্রাসার সংখ্যা কত?

**শ্রী আনিসুর রহমান ঃ**

(ক) করা হয়েছে।

(খ) ৪টি।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বর্তমান আর্থিক বছর অর্থাৎ ১৯৯৩-৯৪ সালের আর্থিক বছরে রাজ্যে নূতন করে জুনিয়ার হাই-মাদ্রাসা স্কুলের অনুমোদন দেওয়ার পরিকল্পনা আছে কিনা? থাকলে কটা এবং বর্তমানে অনুমোদনের কাজটা কোন পর্যায়ে পড়ে আছে?

**শ্রী আনিসুর রহমান ঃ** আপনি ভাল করে জানেন যে কতকগুলি সমস্যা হয়ে আছে। আমরা একটা কোটা ঠিক করেছিলাম, কিন্তু সমস্যা হচ্ছে অন্য জায়গায়। মাদ্রাসা স্কুলের অনুমোদনের ব্যাপারে হাই-কোর্টের একটা নির্দেশ আছে। তার সঙ্গে কয়েকটি জেলা আবার আলাদা ভাবে কেস করেছে, তার মধ্যে বর্ধমান এবং মালদা আছে। এখনও পর্যন্ত যা অর্ডার তাতে এখনও কোনও অনুমোদন দেওয়া যাবে না। এই হচ্ছে এখন অবস্থা।

**শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জুনিয়র মাদ্রাসা থেকে জুনিয়ার হাই মাদ্রাসায় উন্নীত করা হয়েছে। এই আর্থিক বছরে কতগুলি জুনিয়ার মাদ্রাসা থেকে জুনিয়ার হাই মাদ্রাসায় উন্নীত করা হয়েছে?

**শ্রী আবদুল মান্নান ঃ** আপনি বললেন যে ৪টি অনুমোদন দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কতগুলি অ্যাপ্লিকেশন ছিল এবং কতগুলি পেন্ডিং ছিল?

**শ্রী আনিসুর রহমান ঃ** গত বার টোটাল ৩২টি কোটা ছিল। এর মধ্যে দুটি ক্যাটিগরি আছে। একটা হচ্ছে জুনিয়ার হাই মাদ্রাসা থেকে হাই মাদ্রাসা অর্থাৎ ক্লাশ এইট থেকে ক্লাশ টেন পর্যন্ত। এটার ২৩টি কোটা ছিল, তার মধ্যে ২০টি হয়েছে। যে তিনটি হতে পারেনি, মামলার জন্য হতে পারে নি। আর একটা হচ্ছে ক্লাশ সিক্সথ থেকে ক্লাশ এইট, এটার কোটা ছিল ৯টি। তার মধ্যে ৫টি হয়েছে, বাকি ৪টি মামলার জন্য হতে পারেনি।

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### বালির রয়্যালটি

*২৭৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬৪১) **শ্রী অমিয় পাত্র ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ জানাবেন কি—

বাঁকুড়া জেলার গত তিন বছরে বালি রয়্যালটি বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ কত? (বছরওয়ারি হিসাব)

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

গত তিন বছরে রয়্যালটি বাবদ আদায়কৃত অর্থের পরিমাণ নিম্নরূপ—

| | |
|---|---|
| ১৯৯০-৯১ সালে টাঃ | ৭,০২,১৮৬.০০ |
| ১৯৯০-৯২ সালে টাঃ | ২৩,০৯,৩০৬.০০ |
| ১৯৯২-৯৩ সালে টাঃ | ৭,০৭,৮৫৪.০০ |

### বাঘমুণ্ডিতে মাছচাষ

*২৮০। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৬) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** মৎস্য বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বাঘমুণ্ডিতে মাছচাষের উন্নয়নের বিশ্বব্যাঙ্কের কোনও আর্থিক সহায়তা পাওয়া গিয়েছে কি না ; এবং

(খ) এ-বিষয়ে বর্তমান অবস্থা কিরূপ?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলার বাঘমুণ্ডি ব্লকে জেলা মৎস্য চাষী উন্নয়ন সংস্থার (এফ. এফ. ডি.-এ) মাধ্যমে অন্তর্দেশীয় মৎস্য চাষ প্রকল্পে মাছ চাষের জন্য ১৯৮৭-৮৮ সাল পর্যন্ত বিশ্বব্যাঙ্কের সাহায্য পাওয়া গিয়েছিল।

বর্তমানে এরূপ কোনও আর্থিক সাহায্য পাওয়া যায়নি।

(খ) বাঘমুণ্ডিতে মাছ চাষের জন্য বর্তমানে বিশ্বব্যাঙ্ক থেকে কোনও আর্থিক সহায়তা পাবার সম্ভাবনা নাই।

### মাদ্রাসা শিক্ষা পর্যদকে স্বশাসিতকরণ

*২৮৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩১) **শ্রী তপন হোড় ঃ** ৮ই এপ্রিল ১৯৯৩ তারিখের প্রশ্ন নং *২২৫ (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭১) এবং ২৪শে জানুয়ারি ১৯৯৪ তারিখের প্রশ্ন নং *৬ (অনুমোদিত প্রশ্ন নং *১৩২)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মাদ্রাসা শিক্ষা পর্যদকে মধ্য পর্যদের অনুরূপ "অটোনোমাস" পর্ষদ হিসাবে তৈরি করার পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে ; এবং

(খ) এ-ব্যাপারে রাজ্য সরকারের আর্থিক দায়-দায়িত্বের আনুমানিক পরিমাণ কিরূপ?

**শিক্ষা (মাদ্রাসা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিষয়টি বর্তমানে অর্থ দপ্তরের বিবেচনাধীন আছে।

(খ) আনুমানিক এককালীন ব্যয় পাঁচলক্ষ টাকা এবং আবর্তক বায় ১৬ (যোলো) লক্ষ টাকা হবে।

### বিদ্যুত পর্যদের কর্মচারিদের বেতন

*২৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *৯০৫) **শ্রী মানিক ভৌমিক ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বিদ্যুত কর্মচারিদের ডি. ভি. সি. ও সি. ই. এস. সি.-র কর্মচারিদের সমান সুযোগ সুবিধা দেওয়া হয় না ;

(খ) সত্যি হলে,

(১) ইহা সমশিল্পে সমনীতির সঙ্গে কিরূপ সামঞ্জস্যপূর্ণ ; এবং

(২) সরকার এ-বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করার চিন্তা করছেন?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ডি. ভি. সি. ও সি. ই. এস. সি. কর্মচারিরা বিদ্যুত পর্যদের কর্মচারিদের তুলনায় কোনও কোনও ক্ষেত্রে বেশি অর্থনৈতিক সুযোগ-সবিধা পেয়ে থাকেন।

(খ) রাজ্য বিদ্যুত পর্যদের সর্বশ্রেণীর কর্মচারিদের পেস্কেল ও অন্যান্য সুযোগ-সুবিধা নির্ধারিত হয় রাজ্য সরকারের গঠিত পে-কমটির সুপারিশ মোতাবেক। সি. ই. এস. সি. একটি ব্যক্তি মালিকাধীন সংস্থা—উহার বিভিন্ন ইউনিয়নের সঙ্গে আলাপ আলোচনা মারাফৎ সুযোগ সুবিধা স্থির করে থাকেন। ডি. ভি. সি.-র বোর্ড সেরকম মূলতঃ ভারত সরকারের সঙ্গে আলাপ আলোচনা করে সুযোগসুবিধা স্থির করে থাকেন।

### প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট সংশোধন

*২৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৭) **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, কেন্দ্রীয় সরকার একটি মডেল রেন্টকন্ট্রোল বিল প্রস্তুত করে রাজ্য সরকারগুলির কাছে পাঠিয়েছেন ;

(খ) সত্যি হ'লে (১) ইহার কোনও অনুলিপি রাজ্য সরকার পেয়েছেন কি না ;

(২) এর মূল বিষয়বস্তু কি কি ;

(গ) এই মডেল বিল অনুসরণে এই রাজ্যে প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট সংশোধনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না ; এবং

(ঘ) থাকিলে, কবে নাগাদ ইহা বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ)

(১) হ্যাঁ, উহার অনুলিপি রাজ্য সরকার পেয়েছেন।

(২) ইহাতে মাণক (standard) ভাড়া নির্ণয় ও তাহার পুনর্মূল্যায়ণ (Revision) ভাড়াটিয়া ও বাড়িওয়ালারা করণীয় ও পালনীয় বিষয়সমূহ, উচ্ছেদ, রক্ষণাবেক্ষণ, রেন্ট ট্রাইব্যুনাল গঠন ইত্যাদি বিষয়ে বক্তব্য রাখা হয়েছে।

(গ) এই মডেল লেজিসলেশন অনুসারে নতুন একটি প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট প্রণয়ন করার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে।

(ঘ) সরকার এ বিষয়ে কতটা কি করা যায় তা পরীক্ষা করে সুপারিশের জন্য একটি কমিটি গঠন করেছিলেন। কমিটি একটি রিপোর্ট দিয়েছে। রিপোর্টটি সরকারের বিবেচনাধীন আছে।

**এন. টি. পি. সি.-র সাথে বিদ্যুত পর্ষদের চুক্তি**

*২৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৭) **শ্রী দিলীপ মজুমদার ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এন. টি. পি. সি.-র সাথে রাজ্য বিদ্যুত পর্ষদের বিদ্যুত সরবরাহ নিয়ে কোনও চুক্তি হয়েছে কি না ;

(খ) হয়ে থাকলে, চুক্তির সংক্ষিপ্ত বিবরণ কিরূপ ; এবং

(গ) গতবারের বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে এ-বিষয়ে কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) ২৫. ৫. ৯৩ এ স্বাক্ষরিত সংশ্লিষ্ট চুক্তিটির সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ ঃ

১) এটি একটি বহুমুখী চুক্তি যার একদিকে এন. টি. পি. সি. এবং অপর দিকে পূর্বাঞ্চলের সংশ্লিষ্ট সুবিধাভোগী বিভিন্ন রাজ্যগুলি আছে। এই চুক্তি ১. ১. ৯৩ থেকে বলবৎ হয়েছে।

২) এই চুক্তি উভয় পক্ষের সিদ্ধান্ত সাপেক্ষে বলবৎ থাকবে। এ ক্ষেত্রে বিদ্যুত মূল্য হারের প্রসঙ্গটি অন্তর্ভুক্ত হবে না। কারণ বিদ্যুত মূল্যের হার পরিবর্তন ভারত সরকারের সময়ান্তরে নির্দেশ অনুযায়ী হবে।

৩) এন. টি. পি. সি. থেকে বিদ্যুত সরবরাহের ক্ষেত্রে ভারত সরকারের অধীন শক্তি দপ্তরের সময়ান্তরে সিদ্ধান্ত শর্তাদি বলবৎ থাকবে।

৪) বিদ্যুত বন্টনের ক্ষেত্রে ফারাক্কা তাপ বিদ্যুত কেন্দ্র থেকে নিয়মিত ৩৪ শতাংশ বিদ্যুত এ রাজ্যকে প্রদেয়।

৫) বিদ্যুত মূল্য প্রদানের ক্ষেত্রে বস্তুত যতটা বিদ্যুত ব্যবহার হয়েছে, পূর্বাঞ্চলের সর্বত্র একই হার প্রদেয়।

(গ) গত ২. ৭. ১৯৯১ পূর্বাঞ্চলীয় গ্রিড সংক্রান্ত গোলোযোগের পরিপ্রেক্ষিতে এর কারণ ক্ষতিয়ে দেখতে এবং উপযুক্ত পরামর্শ প্রদানের জন্য শ্রী ওয়াই গম্ভীরের নেতৃত্বে একটি কমিটি গঠিত হয়।

উক্ত কমিটি উপযুক্ত স্থানে 'আন্ডার ফ্রিকোয়েন্সি বিলে' স্থাপনের পরামর্শ দেয়-এর ফলে আন্ডার ফ্রিকোয়েন্সি এবং লোডশেডিং ব্যবস্থা নিয়ন্ত্রণ করা যেতে পারে গ্রিড সিস্টেমের কোনও গোলোযোগের পরিপ্রেক্ষিতে।

এজন্য সামগ্রিকভাবে পূর্বাঞ্চলে বিপর্যয় রোধ করার জন্য 'স্বয়ংক্রিয় আন্ডার ফ্রিকোয়েন্সি' সংক্রান্ত স্কীম উদ্ভাবন করা হয়েছিল।

ইতিমধ্যে গত ২২. ১০. ৯২ তারিখে আবার গ্রিড সংক্রান্ত গোলোযোগ ঘটে। উক্ত পরামর্শ অনুযায়ী গ্রিড সংক্রান্ত গোলযোগ এড়ানোর জন্য বর্তমানে, তিনটি স্তরে আন্ডার ফ্রিকোয়েন্সি লোডশেডিং এবং আইল্যান্ড স্কীম' ব্যবস্থা চালু করা হয়েছে। গ্রিডে ৫০ হার্জের কাছাকাছি ফ্রিকোয়েন্সি রাখা দরকার। এর জন্য ফরাক্কা এন. টি. পি. সি.-সহ রাজ্যের সকল বিদ্যুত উৎপাদন সংস্থাকে সকল সময়ে ন্যূনতম বিদ্যুত উৎপাদন করতে হবে, নতুবা 'আন্ডার ফ্রিকোয়েন্সি রিলে' ঘন ঘন চালু হবে—যা জনসাধারণের ব্যতিব্যস্ততার কারণ হয়ে দাঁড়াবে।

**নদীয়া জেলায় ডি. পি. এস.-এর অর্থবন্টন**

*২৮৮। (অনুমোদিত প্রশ্ন নং *১২৪৮) **শ্রী অজয় দে ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, নদীয়া জেলায় বিগত কয়েক বছর ডি. পি. এস.-এর অর্থবন্টন বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, কারণ কি?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না, সত্য নয়। কেবলমাত্র ১৯৯২-৯৩ সালে কোনও অর্থ বরাদ্দ হয়নি।

(খ) প্রশ্ন ওঠে না।

## সাগরদিঘি তাপবিদ্যুত কেন্দ্র

*২৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৩৯) **শ্রী আবুল হাসনাৎ খান ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ তথ্য-অনুযায়ী সাগরদিঘি তাপবিদ্যুত কেন্দ্র গড়ে তোলার জন্য কি কি ব্যবস্থা এখন পর্যন্ত গ্রহণ করা হয়েছে ; এবং

(খ) এই বিদ্যুত-কেন্দ্রের জন্য কত অর্থ-ব্যয় হতে পারে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মুর্শিদাবাদ জেলার সাগরদিঘি-তে ২,০০০ মে. ও. ক্ষমতা সম্পন্ন একটি তাপ বিদ্যুত কেন্দ্র ২টি পর্যায়ে (২ × ৫০০ মে. ও. - ২ × ৫০০ মে. ও.) স্থাপনের প্রস্তাব রয়েছে। প্রকল্পটির প্রথম পর্যায়ে (২ × ৫০০ মে. ও.) স্থাপনের জন্য কোল লিঙ্কেজ রেল লিঙ্কেজ এবং কেন্দ্রীয় বিদ্যুত কর্তৃপক্ষে-র আর্থ কারিগরি অনুমোদন ছাড়া অন্যান্য ছাড়পত্র পাওয়া গেছে। প্রকল্পটি যৌথ উদ্যোগে স্থাপনের জন্য পশ্চিমবঙ্গ সরকার, পশ্চিমবঙ্গ বিদ্যুত উন্নয়ন নিগম লিমিটেড এবং কলকাতার ডেভেলপমেন্ট কনসাল্ট্যান্টস গ্রুপ অফ্ কোম্পানিদের মধ্যে গত ২১. ৯. ৯২ তারিখে একটি চুক্তি (এম. ও. ইউ) স্বাক্ষরিত হয়েছে।

(খ) জানুয়ারি, ১৯৯২-এর মূল্যোমান অনুযায়ী প্রকল্পটির প্রথম পর্যায় (২ × ৫০০ মে. ও.) স্থাপনের জন্য ব্যয় ধরা হয়েছে ৩,৩৪৬ কোটি ৫ লক্ষ টাকা (নির্মাণকার্য চলাকালীন সুদসমেত)।

## বেলডাঙ্গা ব্লকে কৃষি-ফার্মের জমি

*২৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৫৬) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ১নং কৃষি-ফার্মের জন্য ১০৪ একর খাসজমি (মৌজা সরুলিয়া দাগ নং ৫০৬) প্রদত্ত হয়েছে,

(খ) সত্যি হলে, তন্মধ্যে কত পরিমাণ জমি ফার্মের কাজে লেগেছে ; এবং

(গ) অবশিষ্ট জমি কি অবস্থায় আছে?

**ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না

(গ) প্রশ্ন ওঠে না।

## বিদ্যুত বিল বাবদ অনাদায়ি টাকা

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৫৮) **শ্রী সুশান্ত ঘোষ ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য-অনুযায়ী বিদ্যুতের বকেয়া বিল বাবদ গ্রাহকদের নিকট অনাদায়ি টাকার পরিমাণ কত?

(খ) তার মধ্যে মেদিনীপুর জেলায় অনাদায়ি টাকার পরিমাণ কত?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১শে মার্চ, ১৯৯৩ পর্যন্ত বিদ্যুতের বিল বাবদ বকেয়া টাকার পরিমাণ নিম্নে দেওয়া হইল ঃ

| | |
|---|---|
| ১) ডিসেন্ট্রালাইসড্ বাল্‌কস গ্রাহক | ১,৫৭৫.৪৬ লক্ষ |
| ২) এল. ও. এম্. ভি গ্রাহক | ৮,৪৫১.০০ লক্ষ |

(খ) মেদিনীপুর জেলায় বকেয়া টাকার পরিমাণ নিম্নে দেওয়া হল ঃ

| | |
|---|---|
| ১) ডিসেন্ট্রালাইসড্ বাল্‌কস গ্রাহক | ১,৯২.৭৭ লক্ষ |
| ২) এল্ ও এম্ ভি গ্রাহক (শুধুমাত্র সরকারি ও পৌরসভা) দের ক্ষেত্রে। | ৭৫.৮৬ লক্ষ |

## অষ্টম যোজনায় তিস্তা পরিকল্পনা

*২৯২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৮৯) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) অষ্টম যোজনার প্রথম বর্ষে (১৯৯৩-৯৪) আর্থিক বছরে তিস্তা পরিকল্পনার যোজনা কমিশনের কাছে কত টাকা চাওয়া হয়েছে ; এবং

(খ) যোজনা কমিশন কর্তৃক ঐ খাতে কত টাকা বরাদ্দ করা হয়েছে?

**উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অষ্টম যোজনার মেয়াদ কাল ১৯৯২-৯৭ সাল। সেই অনুসারে ১৯৯২-৯৩ আর্থিক বছর ঐ যোজনার প্রথম বর্ষ ও ১৯৯৩-৯৪ সাল ঐ যোজনার দ্বিতীয় আর্থিক বর্ষ।

অষ্টম যোজনার বর্ষের অর্থাৎ ১৯৯২-৯৩ আর্থিক বছরে যোজনা কমিশনের

কাছে তিস্তা প্রকল্পের জন্য মোট ৪৫ কোটি টাকার বার্ষিক পরিকল্পনা প্রস্তা পেশ করা হয়। এই প্রস্তাবিত বরাদ্দের মধ্যে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য হিসা ১৮ কোটি টাকা চাওয়া হয়েছিল।

অষ্টম যোজনার দ্বিতীয় আর্থিক বছরে অর্থাৎ ১৯৯৩-৯৪ সালে যোজনা কমিশনে কাছে এই প্রকল্পের জন্য মোট ৩৭ কোটি টাকার বার্ষিক পরিকল্পনা প্রস্তাব পে করা হয়। তন্মধ্যে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য হিসাবে চাওয়া হয় ২০ কো টাকা।

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে যোজনা কমিশন তিস্তা প্রকল্পের জন্য মোট ৪৭ কো টাকা বরাদ্দ অনুমোদন করেন। এর মধ্যে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য হিসা অনুমোদিত অর্থের পরিমাণ ছিল ২০ কোটি টাকা। প্রাপ্ত অর্থের পরিমাণ ছি ১৪ কোটি টাকা।

১৯৯৩-৯৪ আর্থিক বছরে যোজনা কমিশন তিস্তা প্রকল্পের জন্য মোট ৪০ কো টাকা বরাদ্দ অনুমোদন করেন। যার মধ্যে অতিরিক্ত কেন্দ্রীয় সাহায্য হিসা অনুমোদিত অর্থের পরিমাণ ছিল ২০ কোটি টাকা। এর মধ্যে ১৯৯৪ সালে জানুয়ারি মাস পর্যন্ত প্রাপ্ত অর্থের পরিমাণ ১২ কোটি টাকা।

## মেদিনীপুর জেলায় বৈদ্যুতিকৃত মৌজার সংখ্যা

*২৯৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯৪) **শ্রীমতী নন্দরাণী ডাল ঃ** বিদ্যুত বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য-অনুযায়ী মেদিনীপুর জেলায়

(১) বৈদ্যুতিকৃত মৌজার সংখ্যা কত ;

(২) বৈদ্যুতিকরণ হয়নি এমন মৌজার সংখ্যা কত ; এবং

(খ) ১৯৯৩-৯৪ সালে কতগুলি মৌজায় বিদ্যুত দেওয়া সম্ভব হবে বলে আশা কর যয়?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) (১) মেদিনীপুর জেলায় মোট ১০,৪৬৮টি গ্রামীণ মৌজার মধ্যে ৩১. ১২. ৯ পর্যন্ত ৫,০১১টি মৌজায় বৈদ্যুতিকরণ করা হয়েছে।

(২) ৩১. ১২. ৯৩ পর্যন্ত মেদিনীপুর জেলায় বৈদ্যুতিকরণ হয়নি এমন মৌজার সংখ্যা ৫,৪৫৭টি।

(খ) ১৯৯৩-৯৪ সালে মেদিনীপুর জেলায় ১১৪টি মৌজায় বিদ্যুত সংযোগ সম্ভব হবে বলে আশা করা যায়।

### অনিয়মিত মিটার-রিডিং

*২৯৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৫০৩) শ্রী রবীন্দ্র ঘোষ ঃ বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, বাড়ি-বাড়ি গিয়ে মিটার-রিডিং অনিয়মিতভাবে হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে,

(১) ইহার কারণ কি, এবং

(২) সেক্ষেত্রে কিভাবে বিল-তৈরির কাজ চলছে?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। কিছু কিছু ক্ষেত্রে মিটার রিডিং অনিয়মিত ভাবে হচ্ছে।

(খ) অনিয়মিত ভাবে মিটার রিডিং নেবার অভিযোগ যখনই পাওয়া যায়, তখনই সেগুলি খতিয়ে দেখে প্রতিকারের ব্যবস্থা নেওয়া হয় এবং সংশ্লিষ্ট গ্রাহককে জানানো হয়।

[12-00 — 12-10 P.M.]

## ADJOURNMENT MOTION

**Mr. Deputy Speaker :** Today, I have received four notices of Adjournment Motion. The first is from Dr. Motahar Hossain, the second is from Shri Saugata Roy and the third one is from Shri Sobhandeb Chattopadhyay on the subject of reported death of three persons in Police firing at Tarapur under Rampurhat P. S. of Birbhum district on 18. 3. 94. The fourth one is from Shri Ambica Banerjee on the subject of alleged attack on Police Personnel by some antisocial at Canal East Road under Narkeldanga P. S.

The subject matters of the motions do not call for adjournment of the business of the House. Moreover, the Members will get opportunity of discussing the subjects during General Discussion on Budget. The Members may also call the attention of the Concerned Ministers on the subjects through Calling Attentions, Questions, Mention, etc.

I, therefore, withold my consent to the Motions. One, Member may, however, read out the text of his Motion as amended.

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তাঁর কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হ'ল—

সদ্য যোগদানকারি একজন জনদরদি সুচিকিৎসকের বদলির আদেশ প্রত্যাহারের জন্য জনসাধারণের দাবির পরিপ্রেক্ষিতে গত ১৮/৩/৯৪ তারিখে বীরভূম জেলার তারাপুর স্বাস্থ্যকেন্দ্রে পুলিশ লাঠি, কাঁদানে গ্যাস, গুলি ছোঁড়ায় তিনজন নিহত সহ ১১ জন নিরস্ত্র মানুষ গুলিবিদ্ধ হয়। গুলি চালানোর পরে তারাপুর জয়সিংহ গ্রামে বাড়ি বাড়ি ঢুকে পুলিশ আবালবৃদ্ধবণিতা নির্বিশেষে সকলকে অশ্রাব্য গালাগালি ও অকথ্য নির্যাতন চালায় এবং জনসাধারণের অভিযোগ যে পুলিশ সুপার নিজে মেয়েদের বিবস্ত্র করে লাঠিপেটা করে এবং ঘরের মধ্যে বাক্স, সুটকেস, ঘড়ি রেডিওসহ অন্যান্য আসবাবপত্র ভাঙচুর করে, খাদ্যসামগ্রী তছনছ করে।

**Mr. Deputy Speaker:** Today, I have received five notices of Calling Attention, namely:

| | |
|---|---|
| i) Reported death of three persons by police firing of village Tarapur of Birbhum district on 18.3.1994. | : Dr. Motahar Hossain, Shri Sudip Bandyopadhyay, Shri Lakshman Seth, Shri Anjan Chatterjee, Shri Prabir Banerjee, Shri Abdul Mannan, and Shri Birendra Kumar Maitra |
| ii) Reported molestation of a woman by three men at Khalnelda village of Midnapur District on 15.3.1994. | : Shri Ambica Banerjee |
| iii) Reported murder of Sabhapati Bharati at Kankinara Station on the 17.3.94. | : Sri Saugata Roy |
| iv) Reported firing by some miscreants on a person at Beniapukur on 17.3.94 | : Shri Sobhandeb Chattopadhyay. |
| v) Reported assault on representatives or workers' Union of Victoria Jute Mills by the Mill-Owners on 16.3.94. | : Shr Sakti Bal. |

I have selected the notice of Dr. Motahar Hossain and others on the subject of Reported death of three persons by Police firing at Village Tarapur of Birbhum district on 18.3.94.

The Minister-in-Charge may please make a Statement to-day, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha:** On 24th March, Sir.

## LAYING OF REPORTS

### The Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board for the years 1980-81, 1981-82 and 1982-83

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Reports of the West Bengal Khadi and Village Industries Board for the years 1980-81, 1981-82 and 1982-83.

## The 18th Annual Report and Accounts for the year 1992-93 of the West Dinajpur Spinning Mills Limited

**Shri Prabodh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Reports for the year 1992-93 of the West Dinajpur Spinning Mills Limited.

## Annual Report and Budget Estimate of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation for the years 1992-93 and 1993-94 respectively

**Shri Probadh Chandra Sinha :** Sir, with your kind permission I beg to lay the Annual Reports and Budget Estimate of the West Bengal Scheduled Castes and Scheduled Tribes Development and Finance Corporation for the years 1992-93 and 1993-94 respectively.

## MENTION CASES

**শ্রী নির্মল সিন্‌হা ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কনস্টিটিউয়েন্স মগরা এটি সি এম ডি এর মধ্যেও নেই আবার সুন্দরবনের মধ্যেও নেই অর্থাৎ না ঘরকা না ঘটকা। আমাদের ডেভেলপমেন্টের স্পেশ্যাল ব্যবস্থা নেই, বিগত কয়েক বছর ধরেই এখানে কোনও উন্নয়নের কাজ হতে পারে নি। এই অবস্থাতে এখানে স্বাস্থ্যকেন্দ্র, রুর‍্যাল হেলথ সেণ্টারের অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে। যেহেতু সি এম এইচ টালিগঞ্জে অবস্থিত এবং প্ল্যানিং ডেভেলপমেন্টের ডিস্ট্রিক্ট প্ল্যান অফিস রাইটার্সে অবস্থিত সেই কারণে এই সম্পর্কে চিঠি চালাচালি এবং যোগাযোগ করতে করতে ১৯৯০ সাল থেকে এই পর্যন্ত গড়িয়ে এসেছে। ডিস্ট্রিক্ট প্ল্যানিং অফিস থেকে এখানকার প্ল্যানের উপরে জোর দিচ্ছে। বারে বারে বলা সত্ত্বেও এবং পাঠানো সত্ত্বেও কোনও কাজ হচ্ছে না। এখানে হাসপাতালের কাজ যে ত্বরান্বিত করার দরকার নেই সেই বিষয়ে কোনও গুরুত্ব দিচ্ছে না। আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যে এখানে অবিলম্বে স্বাস্থ্যকেন্দ্র করা হোক, এখানে শিডিউলড্ কাস্টরা বাস করে, তার ওপরে গরিব মুসলমানদের বাস, সুতরাং এখানে পি এইচ সি করা অত্যন্ত জরুরি। এখাতে যাতে দ্রুত পি এইচ সি করা যায় এবং তাকে যাতে দ্রুত আর এইচ সিতে রূপান্তরিত করা যায় সেই দিকটা দেখতে হবে।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বেশ কিছুদিন ধরেই মালদহ জেলায় সারের হাহাকার চলছে। মালদহ জেলায় ৫২ হাজার হেক্টর জমিতে বোরো ধানের চাষ হয়। এই চাষে সারের খুব দরকার। এরজন্য

৬ হাজার ৫০০ মেট্রিক টন পর্যন্ত সারের দরকার, কিন্তু মালদহের মানুষরা তার থেকে বঞ্চিত হচ্ছে। এই অবস্থার জেলার সমহর্তাকে জানানো হয়েছে। রতুয়া (১) এবং (২) নং, গাজল, চাঁচল, হরিশ্চন্দ্রপুর প্রভৃতি জায়গায় সার না পাওয়ার জন্য ডিলালরা বা দালালরা বেশি দামে সার বিক্রি করার চেষ্টা করছে। আজকে পঞ্চায়েতের মাধ্যমে সি. পি. এম পরিচালিত পঞ্চায়েতের মাধ্যমে এই সার দেওয়ার ব্যাপারে দলবাজি করা হচ্ছে। সুতরাং গ্রামের চাষিরা যাতে ঠিক মতো সরকারি দেওয়া সার সময়মতো পেতে পারে তার ব্যবস্থা করুন। এই অবস্থা যদি চলতে থাকে তাহলে ওখানকার চাষিরা মৃত্যুর মুখে পড়বে, অবিলম্বে এর ব্যবস্থা করুন।

স্যার আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আপনি এই ব্যাপারটি দেখুন যাতে চাষিরা সার পায়।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী সুভাষ বোস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। হঠাৎ জানুয়ারি মাসে স্বাধীনতার পর এত সুতোর দাম বাড়েনি—সুতোর দাম ৫০০ টাকা থেকে ৭৫৪ টাকা হয়ে গিয়েছে। আজকে যার ফলে সমস্ত নদীয়া জেলার তাঁত শিল্প এবং পাওয়ারলুম শিল্পর যে পিঠস্থান সেখানে দলমত নির্বিশেষে সমস্ত তাঁত মালিক তাঁত শ্রমিকরা, পাওয়ারলুমের মালিক, পাওয়ারলুমের শ্রমিকরা আজকে হাহাকার করছে এবং ধীরেধীরে সেখানকার তাঁতগুলি বন্ধ হয়ে যাচ্ছে। এই যে কৃত্রিমভাবে দাম বাড়ানো হল এটার ব্যাপারে অবিলম্বে ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** মিঃ ডেপুটি স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বলতে চাই। এখানে মানববাবু আছেন তাঁরও দৃষ্টি আকর্ষণ করছি। গত বছরের আগে মোহনবাগান ফুটবল গ্রাউণ্ডে ফিলিপস কোম্পানির পক্ষ থেকে ফ্লাড লাইটের ব্যবস্থা করে দিয়েছিল, সেই রক্ষণাবেক্ষণের অভাবে এবং পি. ডাবলিউ. ডি. বিল পেমেন্ট না করার জন্য সি. ই. এস. সি. তার লাইন কেটে দিয়েছে। সেই ফ্লাড লাইট রক্ষণাবেক্ষণের দায়িত্ব ছিল যাদের উপরে, সেই পুলিশের জন্য সেখানে তাঁবু ছিল, যাতে সেখানে চুরি না হয়, কিন্তু সেখানকার সমস্ত বালব্ চুরি হয়ে গিয়েছে। এমন অবস্থা হয়েছে যে সেখানে বহু টাকা খরচ করে আবার নুতন করে কমিশন করতে হবে, নূতন করে আবার ফ্লাড লাইটের জন্য ইলেকট্রিক কানেকশন দিতে হবে, এই বাল্বগুলিকে রিপ্লেস করতে হবে। এই জিনিসটি ঘটেছে রাজ্য সরকারের সম্পূর্ণ অনীহার জন্য। মাননীয় পি. ডাবলিউ. ডি. মন্ত্রীকে জানাচ্ছি, যেটা যতীন চক্রবর্তী মহাশয় করে গিয়েছিলেন সেটার যাতে অবিলম্বে ইলেকট্রিফিকেশনের ব্যবস্থা হয় এবং বাল্বগুলি লাগাবার ব্যবস্থা করেন সেটা দেখার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে মাধ্যমিক পরীক্ষা চলছে, উচ্চ-মাধ্যমিক পরীক্ষা আসন্ন। এই অবস্থায় তমলুকে প্রতিদিন লোডশেডিং হচ্ছে। যার জন্য পরীক্ষার্থিদের রাত্রিবেলায় পড়াশোনার ব্যাঘাত ঘটছে। প্রায়ই তারা আমাদের কাছে অভিযোগ করছে আপনি বিদ্যুতমন্ত্রীকে বলুন যাতে আমাদের পড়ার সময়ে অন্তত বিদ্যুত না যায়। প্রতিদিন সন্ধ্যাবেলায় লোডশেডিং হচ্ছে, মাঝখানে কিছুক্ষণ আলো আসছে, আবার চলে যাচ্ছে, এইভাবে প্রতিদিন লোডশেডিং হচ্ছে, সেইজন্য পড়ার সময় যাতে লোডশেডিং না হয় সেটা দেখার জন্য অনুরোধ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, আমি একটা ঘটনার কথা বলতে চাই। আবার বামফ্রন্ট সরকার কিভাবে প্রমোটারের হাতে আত্মসমর্পণ করছে তার একটা উদাহরণ আমি দিচ্ছি। মাননীয় অর্থমন্ত্রী তিনি খড়দহ বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত, সেই খড়দহর রহড়ায় একটি কেরুলিয়া বাজার বলে একটি বাজার আছে, সেখানে ব্যবসায়িরা দীর্ঘদিন ধরে ব্যবসা করছেন। ৩ ধরনের ব্যবসায়ী সেখানে আছেন। কিছু ব্যবসায়ী হচ্ছে মালিক ভাড়াটিয়া হিসাবে, কিছু ব্যবসায়ী দৈনিক তোলা হিসাবে, আর কিছু ব্যবসায়ী হচ্ছেন নিজস্ব জমি কিনে, জমির উপর নিজের খরচায় ঘর তৈরি করেন। গত ১৫ ফেব্রুয়ারি '৯৩ খড়দহ পৌরসভা হঠাৎ বাজারে এসে ৩/৪টি সাইন বোর্ড লাগিয়ে জানিয়ে দেয় যে পৌরসভা এই বাজার কিনে নিয়েছে এবং উক্ত তারিখ থেকে তারা এই বাজারের মালিক। এর আগে যে মালিক ছিল, প্রাক্তন জমিদার ক্ষেত্রমোহন চৌধুরি, তার পরিবারবর্গের কাছ থেকে পৌরসভা এই বাজার কিনে নিয়েছেন।

এখন দেখা যাচ্ছে সরকারি প্রশাসন খড়দা পৌরসভার ঐ বাজারকে আধুনিক বাজারে পরিণত করার জন্য একটা প্রোমোটারের সঙ্গে যোগাযোগ করে তার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছে। ঐ প্রোমোটার ১৯৯৩ সালে খড়দা উৎসবে একটি স্টল খুলেছিল এবং বাজারের ব্যাপারে প্রচারপত্র জনগণের মধ্যে বিলিও করেছিল। সরকারি প্রশাসন একদিকে প্রোমোটারদের বিরুদ্ধে কথা বলেন, আর অন্য দিকে খড়দা পৌরসভা রহড়া বাজারকে উন্নতি করার নাম করে প্রোমোটারদের হাতে তুলে দিচ্ছে। সরকারের এই ঘোষিত নীতির বিরুদ্ধে এই বাজার নিয়ে মামলা চলছে এবং সেই মামলার নিষ্পত্তির আগেই খড়দার বাজারকে প্রোমোটারের হাতে তুলে দিয়েছে। এই সিদ্ধান্তের বিরোধিতা না করার জন্য সি.পি.এম বাজারে মিটিং করে লোক মারফত ব্যবসায়িদের ভয় দেখাচ্ছে। অসীম দাশগুপ্তের কেন্দ্রে একটা বাজারকে কেন্দ্র করে প্রোমোটারের হাতে তুলে দেওয়া হল একটা একজিসটিং বাজারকে নষ্ট করে, যেখানে অসীমবাবু আবার নগর উন্নয়নের মন্ত্রী। এই ব্যাপারে প্রোমোটারের সাথে কোটি কোটি টাকার লেনদেন হয়েছে।

**শ্রী শক্তি বলঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে মাননীয় পরিবহন মন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বিষয়টা এই সভায় উত্থাপন করছি। আপনি জানেন প্রশাসনিক ভিত্তিতে গতকাল থেকে হাওড়া ব্রিজ দিয়ে ট্রাম চলাচল বন্ধ হয়ে গেছে, হাওড়া ব্রিজ মেরামতির জন্য। এর আগেও ১৯৬২ সালে হাওড়া ব্রিজ একবার মেরামতি হয়েছিল, তখন কিন্তু সিঙ্গেল লাইন চালু রেখে ট্রাম চলাচল করছিল। কিন্তু এখন মন্ত্রী মহাশয় ট্রাম চলাচল সম্পূর্ণ বন্ধ করে দিয়েছেন কেন জানি না। আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি সিঙ্গল লাইন চালু রেখে হাওড়া ব্রিজের উপর দিয়ে ট্রাম চালু করার জন্য। যেটা পল্যুউশন ফ্রি একটা ট্রান্সপোর্ট, সেটাকে ধীরে ধীরে আজকে কলকাতা থেকে তুলে দেওয়া হচ্ছে। আমি পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করব সমস্ত এক্সপার্টদের নিয়ে, সমস্ত ট্রেড ইউনিয়নদের নিয়ে এই ব্যাপারে আলোচনা করার জন্য। গতকাল এই ব্যাপারে হাওড়া ব্রিজের উপর যখন এ.আই.টি.ইউ.সি. বিক্ষোভ দেখাচ্ছিল, তখন পুলিশ তাদের ধরে নিয়ে গিয়ে লালবাজারে অত্যন্ত সাধারণ কয়েদির মতো তাদের সঙ্গে ব্যবহার করে এবং সারাদিন তাদের খেতে পর্যন্ত দেওয়া হয়নি। গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার যে কোনও ট্রেড ইউনিয়নেরই আছে। কিন্তু গতকাল বামফ্রন্ট সরকারের ঘোষিত নীতির বিরুদ্ধে পুলিশ

কাজ করেছে এবং লকআপে এই সমস্ত কেন্দ্রীয় নের্তৃত্বের সঙ্গে অত্যন্ত দুর্ব্যবহার করেছে। সারাদিন তাদের খেতে দেওয়া হয়নি, বিকেলে একটা রুটি এবং জল দেওয়া হয়েছে। আমি এই ব্যাপারে পরিবহন মন্ত্রীর কাছে আবেদন করব এই ব্যাপারটা পুনর্বিবেচনা করার জন্য এবং এক্সপার্টদের নিয়ে আলাপ-আলোচনা করার জন্য।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল কলকাতায় ভারতবর্ষের অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং এসেছিলেন এবং গত ১৭ বছরে এই রাজ্যে বামফ্রন্ট সরকার কিভাবে পিছিয়ে পড়েছে উন্নয়নের ক্ষেত্রে সেই ব্যাপারে সুস্পষ্ট কথা বলেছেন। তিনি যখন বিদেশে যান তখন বিদেশে গিয়ে দেশি-বিদেশি এবং এম. আর. আই, শিল্পপতিদের অনুরোধ করেন পশ্চিমবাংলায় গিয়ে শিল্পে বিনিয়োগ করতে। কালকে যখন তিনি এখানে এসেছিলেন তখন পশ্চিমবাংলার নবরূপকার ডাঃ বিধানচন্দ্র রায় এবং নেতাজি সুভাষচন্দ্র বসুর মূর্তিতে মালা দেবার একটা কর্মসূচি তিনি নিয়েছিলেন। আমার বিধানসভা কেন্দ্র হিন্দ সিনেমার কাছে একটা অ্যাম্বুলেন্স ভ্যান উদ্বোধন করার পর তিনি যখন ডাঃ বিধান রায়ের বাড়িতে যাবেন, ঠিক সেই সময়ে লোডশেডিং হয়ে যায় এবং ঝুপ করে চারিদিকে অন্ধকার নেমে আসে।

[12-20 — 12-30 p.m.]

স্যার, আপনি শুনলে আশ্চর্য্যও হয়ে যাবেন যে সেই অন্ধকার রাস্তায় অন্তত ৩৫ পা পুলিশের সহযোগিতায় তিনি কোনও রকমে ডাঃ বিধানচন্দ্র রায়ের বাড়িতে যেতে সক্ষম হয়েছিলেন। সেই সময় তার সঙ্গে ছিলেন শ্রী সৌগত রায় এবং ডাঃ মোতাহার হোসেন। কিন্তু রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে যাওয়ার মতন অবস্থা তখন তার আর হ'ল না। স্যার, ডাঃ রায় এবং সুভাষচন্দ্র বসুর মূর্তির গলায় তিনি মালা দেন এবং এই বিষয়টা হয়ত এই সরকারের কাছে মনঃপুত হয়নি এবং তাই এই ঘটনা ঘটল, মধ্য কলকাতা নিষ্প্রদীপ করে রাখা হ'ল। আমি মাননীয় বিদ্যুতমন্ত্রীকে অনুরোধ করব, তিনি এই বিষয়টা তদন্ত করে দেখুন।

**(মিঃ ডেপুটি স্পিকার পরবর্তী বক্তার নাম ডাকায় এই সময় মাইক বন্ধ হয়ে যায়)**

**শ্রী আবু আয়েশ মণ্ডলঃ** (নট প্রেজেন্ট)

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমি যে বিষয়টি উল্লেখ করছি সেটি খুবই উদ্বেগের বিষয় এবং আমি মনে করি আপনিও বোধহয় এ বিষয়ে আমার সঙ্গে একমত হবেন। রাজ্য সরকার যেভাবে পুলিশকে খুন করার লাইসেন্স দিয়ে নির্বিচারে কথায় কথায় গুলি করার এবং তা করে গণহত্যা করার অধিকার তাদের হাতে তুলে দিচ্ছেন এবং তারা একটার পর একটা ঘটনা যেভাবে ঘটাচ্ছেন তা খুবই আতঙ্কজনক। সম্প্রতি বীরভূম জেলার তারাপুরের জনৈক চিকিৎসকের অন্যায় বদলির ঘটনাকে কেন্দ্র করে সেখানকার সাধারণ মানুষ যখন শান্তিপূর্ণভাবে বিক্ষোভ দেখাচ্ছিলেন তখন পুলিশ নির্বিচারে তাদের উপর গুলি চালিয়ে তিনজনকে হত্যা করে ও ১১ জনকে গুলিবিদ্ধ করে। সেখানে এমন কি মেয়েদের উপর নির্যাতন চালানো হয়েছে। একে নিন্দা জানাবার ভাষা আমার জানা নেই। স্যার, আমি যে ঘটনাটির কথা বলতে চাই সেটা হ'ল জনৈক অভিজিত রায়চৌধুরি,

তিনি অ্যাপয়েন্টেড হবার পর এক মাসের মধ্যে দলীয় স্বার্থে তাকে বদলি করা হ'ল। সেখানে জনসাধারণ এর প্রতিবাদ করায় তার তো বিচার হলই না উল্টে তাদের উপর গুলি চালানো হ'ল। আমার দাবি, অবিলম্বে এই হাউস থেকে একটি সর্বদলীয় কমিটি গঠন করে এই ঘটনার তদন্ত করা হোক এবং দোষিদের উপযুক্ত শাস্তি দেওয়া হোক।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি আপনার মাধ্যমে আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর মাধ্যমে প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কানপুরে গঙ্গার উপর একটি বাঁধ তৈরি হচ্ছে এবং যোজনা পর্যদ তার অনুমতিও দিয়েছে। যদি এই বাঁধ হয় তাহলে এতে পশ্চিমবঙ্গের স্বার্থ ক্ষুণ্ণ হবে। কলকাতা এবং হলদিয়া বন্দর ধ্বংস হয়ে যাবে। এমনিতেই প্রায় এক লক্ষ কিউসেক জল গঙ্গা থেকে তুলে নেওয়া হচ্ছে উত্তরপ্রদেশ এবং বিহারে তার উপর কানপুরে এই বাঁধ হলে গঙ্গায় আর পাওয়া যাবে না ফলে এখানে জাহাজ চলাচল করতে পারবে না। গঙ্গায় পলি জমে যাবে এবং তারফলে কলকাতা এবং হলদিয়া বন্দর নষ্ট হয়ে যাবে, পশ্চিমবাংলায় অর্থনীতি ধ্বংস হয়ে যাবে। প্রধানমন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই বাঁধ নির্মাণের আগে পশ্চিমবাংলার সাথে আলোচনা করা হোক।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে বিদ্যুত মন্ত্রী দৃষ্টি আকর্ষণ করছি। বিদ্যুত মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তার কাছে আমি আবেদন করব, তিনি এই সম্পর্কে কিছু বলবেন। আমার আগে বামফ্রন্ট এর একজন মাননীয় সদস্য ব্রহ্মময় নন্দ তমলুকের বিস্তীর্ণ এলাকার লোডশেডিং সম্পর্কে বলেছেন। একই ভাবে আমি বলছি কাঁথি মহকুমার বিস্তীর্ণ এলাকায় সন্ধ্যার পরে প্রতিদিন নিয়মতি ভাবে লোডশেডিং হচ্ছে। এখন মাধ্যমিক পরীক্ষা চলছে, শেষ হতে চলেছে। কয়েকদিন বাদ থেকে উচ্চ মাধ্যমে আরম্ভ হবে। এই লোডশেডিং যে ভাবে হচ্ছে তাতে ছাত্রছাত্রীরা পড়াশুনা করতে পারছে না। সেইজন্য আমি অনুরোধ করব যদি প্রয়োজন হয় দিনেরবেলা লোডশেডিং করুন এবং সন্ধ্যার পরে যাতে ছাত্রছাত্রীরা পড়াশুনা করতে পারে তার ব্যবস্থা করুন।

**ডঃ শঙ্করকুমার সেন ঃ** আমাদের রাজ্যে যে সব বিদ্যুত সংস্থাগুলো বিদ্যুত উৎপাদন করে বর্তমানে তার মধ্যে ফরাক্কা একটি বিদ্যুত কেন্দ্র যেখানে তিনটে ২১০ এর ইউনিট আছে এবং দুটো ৫০০'এর ইউনিট আছে। কিছুদিন আগে কেন্দ্রীয় মন্ত্রী একটি ৫০০'এর ইউনিট সিংক্রোনাইজ করে গেলেন এবং বললেন যে এই ৫০০'এর ইউনিটটি চালানো হবে না। গতকাল ফরাক্কার চিত্র হচ্ছে ২০০'এর তিনটি পুরানো ইউনিটের মধ্যে দুটি চলছে। আজকে আমাদের রাজ্যের অন্যান্য ইউনিটগুলো পুরোপুরি চলছে। সেখানে ফরাক্কায় এটা হয়েছে। তবে আমাদের পশ্চিমবাংলায় কোনও প্রবলেম ছিল না। এখন যেটা প্রবলেম হয়েছে সেই ব্যাপারে আপনারা জানেন আমরা একটা গ্রিডের মধ্যে কনেক্টেড। তার থেকে বিহার, উড়িষ্যাও সুবিধা পাচ্ছে। বিহারে যেখানে জেনারেশন কম, উড়িষ্যায়ও জেনারেশন কম, কারণ সেখানে জলবিদ্যুত বেশি, জলবিদ্যুতের জন্য বর্তমানে জেনারেশন কমে গেছে। আমাদের যে জেনারেশন এবং যে ফ্রিকোয়েন্সি তা এদের দেবার ফলে কমে যাচ্ছে। বামরা রিলেগুলো বসিয়েছি, সেখানে প্রবলেম হচ্ছে। অল্টারনেটিভ হচ্ছে আমরা রিলেগুলো তুলে নিতে পারি। কিন্তু এর কোনও টেকনোলজিকাল সলিউশন হবে না। জেনারেশন কম হলে সমস্যা হবে। গতকাল কোনও

শর্টেজ ছিল না। তবুও মাননীয় বিধায়ক সুদীপবাবু যা বললেন সেই ব্যাপারে আমি নিশ্চয়ই সি. ই. এস. সি.-কে ডেফিনিটলি ইন রাইটিং লিখব। আর একজন বললেন যাদবপুর এরিয়ায় নাকি একটা প্রবলেম হয়েছিল, বিস্তীর্ণ এলাকায় বিদ্যুত ছিল না। আমি ফোন করে জেনেছি, ঐ এলাকায় কেবল ফল্ট হয়েছিল। কেবল ফল্ট যে কোনও জায়গায় হতে পারে, এস. ই. বি.-রও হতে পারে। আমি ব্যাপারটা দেখছি। সুদীপবাবুকে বলছি, ডোন্ট ওরি অ্যাবউট দ্যাট, তবে আপনারা যদি আগে জানাতেন তাহলে স্পেশাল কেয়ার নেওয়া সম্ভব হত।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় অনেকবার এই সম্পর্কে উল্লেখ করেছি। মন্ত্রী মহাশয় নেই, থাকলে ভাল হত, গৌতমবাবু। আমার এলাকায় আর্সেনিক দূষণের ফলে বহু মানুষ রোগাক্রান্ত হয়ে পড়েছে, সাত-আট জন মানুষ মারা গেছে। পত্র-পত্রিকায় এই সম্পর্কে খবরও বেরিয়েছে এবং এই সমস্যা মোকাবিলার জন্য কেন্দ্রীয় সরকার ১৫ কোটি টাকা পাঠিয়েছে। কিন্তু পরিকল্পনার অভাবে সেই টাকা খরচ হচ্ছে না। গৌতমবাবু আমি বলেছিলাম সাময়িকভাবে কিছু ডিপ-টিউবওয়েল করে জল সরবরাহ না করলে কত মানুষ যে এত দ্বারা ক্ষতিগ্রস্ত হচ্ছে তার হিসাব নিকাশ নেই। বারুইপুরে বহু মানুষ ধূল তৈরি করে জীবিকা অর্জন করে। তাদের হাতগুলো এমনভাবে ঐ আর্সেনিক জলে আক্রান্ত হয়েছে তারা এই কাজ করতে পারছে না। সমগ্র বারুইপুরে-এ বিশেষ করে রামনগর, কল্যাণপুর, ধপধপি এলাকার হাজার হাজার মানুষ আর্সেনিক দূষণে আক্রান্ত হয়েছে, এমন কি এক এক পরিবারে দু-তিন জন করে মারা পর্যন্ত গেছে।

অন্তত কিছু ডিপ-টিউবওয়েল পুঁতে মানুষকে যাতে বাঁচানো যায় তার জন্য ব্যবস্থা করতে আমি আপনার মাধ্যমে সরকারকে অনুরোধ করছি। স্যার, আমরা বহু কথাই বলি, কিন্তু মন্ত্রীদের কানে পৌঁছায় না। আমার এলাকায় আজকে হাজার হাজার মানুষ জলে আর্সেনিকের জন্য ক্ষতিগ্রস্ত হচ্ছে, ইতিমধ্যে বেশ কিছু মানুষ মারা গেছেন। সরকার সমস্ত মানুষকে বাঁচাবার ব্যবস্থা করুন। তানাহলে এর পরে যদি আবার মানুষ মারা যায় তাহলে আমি মৃত মানুষ বিধানসভায় নিয়ে এসে হাজির করব যাতে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারি।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর এবং বিশেষ করে এই বিধানসভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, একটা গভীর ষড়যন্ত্রের কথা আমি বলতে চাইছি, সেটা হচ্ছে—আমরা লক্ষ্য করছি শহরাঞ্চলে মমতা ব্যানার্জির মাধ্যমে বা নেতৃত্বে বিশৃঙ্খলার চেষ্টা হচ্ছে, আর সীমান্ত এলাকায় সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টির একটা গভীর ষড়যন্ত্র চলছে। আমার নির্বাচনী কেন্দ্রে নদীয়া জেলার করিমপুর থানার গোয়াস গ্রাম সম্পর্কে কাগজে বিভ্রান্তিমূলক অপপ্রচার প্রকাশিত হয়েছে। অল ইণ্ডিয়া রেডিওর মাধ্যমেও ব্রডকাস্ট করা হয়েছে—ওখানে সাম্প্রদায়িক দাঙ্গায় দু'হাজারের বেশি বাড়িঘর পুড়ে গেছে। এইভাবে অপপ্রচার চালিয়ে ঐ সমস্ত সীমান্তবর্তী এলাকায় সাম্প্রদায়িক উত্তেজনা ছড়ানো হচ্ছে। বাস্তব ঘটনাটা হচ্ছে, ওখানে কিছু হিন্দু ও মুসলমানের বাড়ি-ঘর পুড়েছে, কিন্তু সংখ্যাটা মাত্র দেড়শো। সেখানে কিছু গবাদি

পশুও মারা গেছে। বিষয়টির প্রতি আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর এবং ত্রাণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—সাম্প্রদায়িক উত্তেজনা ছড়াবার যে ষড়যন্ত্র চলছে তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করুন এবং ওখানে যে ক্ষয়-ক্ষতি হয়েছে সে সম্বন্ধে প্রয়োজনীয় ত্রাণের ব্যবস্থা করুন।

[12-30 — 12-40 p.m.]

**শ্রীমতী মায়ারাণী পাল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় পঞ্চায়েত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি মুর্শিদাবাদ জেলা পরিষদের অডিট রিপোর্ট বের হয়েছে। এই রিপোর্টে কোটি কোটি টাকার দুর্নীতির অভিযোগ তোলা হয়েছে। যে পাঁচ/ছয়টি জেলা পরিষদের সম্পর্কে অভিযোগ তোলা হয়েছে মুর্শিদাবাদ জেলা পরিষদ তাদের মধ্যে অন্যতম। একটা রিপোর্টে দেখতে পেলাম ১৯৮৫-৮৬ সালের ১ কোটি ৬৩ লক্ষ ১০ হাজার অগ্রিম দেওয়া টাকা অনাদায়ি আছে। ঐ সালেরই ৩ কোটি ৬১ লক্ষ ১ হাজার টাকার ইউটিলাইজেশন সার্টিফিকেট অ্যাকাউন্টেন্ট জেনারেলের কাছে জেলা পরিষদ আজ পর্যন্ত জমা দেয় নি। উন্নয়ন খাতের ১ কোটি ৮১ লক্ষ ৫৯ হাজার টাকা অন্য খাতে খরচ করা হয়েছে। আরও মজার ব্যাপার উন্নয়ন খাতের ৩ কোটি ১৭ লক্ষ ২৯ হাজার টাকা খরচ না করে সুদে খাটানো হচ্ছে। উন্নয়ন খাতের লক্ষ লক্ষ টাকা জেলা পরিষদের কার্যকরী সদস্য, অনুগত কর্মচারী, সরবরহাকারি এবং ঠিকাদারদের বিভিন্ন কাজ আরম্ভ করার ৮/১০ মাস আগেই অগ্রিম দেওয়া হয়েছে। তারা সেই টাকা দিয়ে কাজ করেনি বা আংশিক করেছে বা কাজ করে বাকি টাকা ফেরত দেয়নি এবং বছরের পর বছর কোনও হিসাবও দেয়নি। শুনছি সেই টাকা নাকি তারা ফিক্সড ডিপোজিটে রেখেছে। আমি সমগ্র ব্যাপারটার পূর্ণাঙ্গ তদন্তের দাবি জানাচ্ছি।

**শ্রী সুকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে এই হাউসে বামফ্রন্ট সরকারের শিক্ষা মন্ত্রীর দৃষ্টি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আকর্ষণ করছি। স্যার, যারা মাতৃভাষা মাতৃ দুগ্ধ বলতেন তারাই আবার ইংরাজি চালু করার চেষ্টা করছেন। কবে হবে, কখন হবে তা অবশ্য আমরা জানি না। কিন্তু আমরা কয়েক দিন আগেই দেখলাম ৬ষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি পড়ানো শুরু করে মাধ্যমিক পরীক্ষায় যে ইংরাজি প্রশ্ন-পত্র দেওয়া হয়েছে তা মাধ্যমিকের ছাত্র-ছাত্রিদের পক্ষে খুবই টাফ। মাতৃ ভাষার মাতৃ দুগ্ধের পরে আবার ইংরাজি হয়ত চালু হবে, কিন্তু মাঝের এই ছাত্র-ছাত্রিরা—যাদের নিয়ে ছেলে-খেলা করা হ'ল, তাদের ভবিষ্যত অন্ধকার হয়ে গেল। আমি বিশ্বাস করি আজকে আমাদের ছাত্র-ছাত্রিদের ইংরাজি ভাষা শেখা একান্ত দরকার। কিন্তু ৬ষ্ঠ শ্রেণী থেকে যেখানে ইংরাজি চালু হচ্ছে সেখানে মাধ্যমিক পরীক্ষায় যে প্রশ্ন-পত্র করা হয়েছে তা হাতে পেয়ে মফস্বলের ছেলে-মেয়েরা কাঁদতে শুরু করে দিয়েছিল। যে সমস্ত অবিবেচক এই রকম প্রশ্ন-পত্র রচনা করেছেন তাদের বিরুদ্ধে উপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমরা জানি, জনপ্রিয় বামফ্রন্ট সরকার তার সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবাংলায় বিভিন্নভাবে উন্নয়নের কাজকে শীর্ষে নিয়ে যাবার চেষ্টা করছেন। আমার বিধানসভা কেন্দ্রে গঙ্গারামপুর অঞ্চলকে

মাত্র ৩ মাস আগে মিউনিসিপ্যালিটি হিসাবে ঘোষণা করেছেন। মিউনিসিপ্যাল নির্বাচনের দিন আগামী ১৫ই মে। আজকে ঐ পৌরসভার নির্বাচন সামনে দেখে আতঙ্কিত হয়ে গেছেন কংগ্রেসি সমাজবিরোধীরা। তাদের নির্বাচনের কোনও প্রস্তুতি নেই, তাই তারা নির্বাচন বন্ধ করার দাবি রেখেছে এবং বি. ডি. ও. অফিস ভাঙচুর করেছে।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্প পুনর্গঠন মন্ত্রী শ্রী পতিতপাবন পাঠক মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার নির্বাচনী এলাকায় রিষড়া স্টিল—যেটা জে. কে. স্টিল নামে পরিচিত সেই কারখানাটি দীর্ঘদিন যাবৎ বন্ধ আছে। মাননীয় মন্ত্রী মহাশয় এই কারখানাটি খোলার জন্য চেষ্টা করেছিলেন এবং ১৯৯১ সালে উদ্যোগও নিয়েছিলেন। তিনি বিধানসভায় বলেছিলেন খোলার জন্য চেষ্টা চলছে, কিন্তু আজ পর্যন্ত ঐ কারখানাটি চালু করা যায়নি। যে কোনও কারণেই হোক, চালু হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তিনি যদি এই সম্পর্কে বলেন ভাল হয়, চালু করার ব্যাপারে তিনি কি কি উদ্যোগ নিয়েছেন। এই কারখানাটি চালু হলে বহু শ্রমিক উপকৃত হবে। বহু শ্রমিক অনাহারে মারা গেছে। এই জে. কে. স্টিল কারখানাটিতে বহু মানুষের রুজি-রোজগারের প্রশ্ন জড়িত আছে। সেইজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার নির্বাচনী এলাকায় রাজারহাটে ভি. আই. পি. রোডের ধারে নারায়ণ তলায় কিছু কিছু প্রোমোটার আছে যারা বে-আইনি বাড়ি তৈরি করছে। পঞ্চায়েত থেকে আগে অ্যাপ্রুভাল নেওয়া হয়েছিল। কিন্তু আপনি জানেন, এখন সদ্য মিউনিসিপ্যালিটি হয়েছে। এখন সেগুলিকে বলা হচ্ছে ভ্যালিডিয়েট করতে হবে। এই বে-আইনি বাড়ি করার ক্ষেত্রে বাধা দেবার জন্য আমাদের অধ্যাপক সুশান্ত দাসকে কংগ্রেসি এবং বি. জে. পি.-রা মিলে প্রচন্ড ভাবে মারধোর করেছে। আমি দোষী ব্যক্তিদের অবিলম্বে গ্রেপ্তারের দাবি জানাচ্ছি।

**শ্রী ভুপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বনগাঁ মহকুমায় একমাত্র উচ্চ মাধ্যমিক স্কুল রয়েছে যে স্কুলে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় পড়াশুনা করেছেন এবং মণিশঙ্কর এই স্কুলে পড়াশুনা করে সাহিত্যিক হিসাবে খ্যাতি অর্জন করেছেন। সেই স্কুলের পঠন-পাঠন এমন স্তরে নেমে গেছে যে প্রধান শিক্ষক থেকে আরম্ভ করে স্কুলের টিচার নিয়োগ সর্বদিক দিয়েই দলবাজি এবং রাজনীতি করা হচ্ছে। যারা হাইকোয়ালিফায়েড টিচার তারা হাইকোর্টে ইঞ্জাংশন পেয়েছে। তা সত্বেও সেই সমস্ত মাস্টারমাশাইদের নেওয়া হচ্ছে না। যারা পার্টি ক্যাডার, ইনফিরিয়র কোয়ালিফায়েড তাদের নেওয়া হচ্ছে। আমি এই সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ১৭ মার্চ সন্ধ্যা ৭টার সময় গোকর্ণ থেকে মালদার মধ্যবর্তী স্থানে ট্রান্সমিশনের গুরুতর বিপর্যয়ের ফলে উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ এলাকা অন্ধকারে ডুবে যায়। মাননীয় মন্ত্রী মহাশয় বললেন ওভারলোডিং-এর জন্য ট্রিপ করেছে লাইন। ঐ বিপর্যয়ের ফলে তার পরের দিন ১২টা পর্যন্ত ঐ এলাকার ঐ ট্রান্সমিশন লাইনে বিদ্যুত

আসেনি। যার ফলে বিস্তীর্ণ এলাকায় লোড-শেডিং হয়েছে। মাঠের ফসলে সেচের জন্য জল দেওয়া যায়নি। এছাড়া মাধ্যমিক এবং উচ্চ-মাধ্যমিক পরীক্ষার্থীরা রয়েছে। এই বিস্তীর্ণ এলাকার ট্রান্সমিশন লাইন যার উপর উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ নির্ভর করছে এবং প্রায়ই এই ঘটনা ঘটছে, এই লাইনের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয় যেন বিশেষভাবে নজর দেন।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদায় আইন-শৃঙ্খলার যথেষ্ট অবনতি হয়েছে, বিশেষ করে উত্তর মালদায়। উত্তরবঙ্গে একজন আই. জি. নূতন পোস্ট হয়েছে, দুজন ডি. আই. জি. সাব ইন্সপেক্টরের পোস্ট হচ্ছে না, কোনও কেস ইনভেস্টিগেশন হচ্ছে না। কামরূপ একই জায়গায় বার বার আক্রান্ত হচ্ছে। একজন দুষ্কৃতকারিও গ্রেপ্তার হচ্ছে না। এজন্য আমি বলছি যে, গত মাসে যে সব ক্রাইম হয়েছে সেগুলি সি. আই. ডি.-দের দিয়ে ইনভেস্টিগেশন করা হোক। সাব-ইন্সপেক্টরের পদগুলি পূরণ করা হোক।

**শ্রী বিশ্বনাথ মিত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রী মহাশয়কে অবিলম্বে একটি বিষয়ে ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের নদীয়া জেলায় ইতিমধ্যে গত এক মাসের মধ্যে সূতার দাম ৪০ থেকে ৪৫ শতাংশ বেড়ে গেছে, তার কারণ আমাদের দেশ থেকে বিপুল পরিমাণে তুলা এবং সূতা রপ্তানি হওয়ার ফলে এই সংকট তৈরি হচ্ছে। ইতিমধ্যে কয়েক হাজার তাঁত কারখানা বন্ধ হয়ে গেছে। নদীয়া জেলা এবং পশ্চিমবঙ্গে অনেক সূতার কাজে নিযুক্ত শ্রমিকদের কাজ বন্ধ হয়ে গেছে। অবিলম্বে সূতার যোগানের ব্যবস্থা না করলে খুবই মুশকিল হবে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারের পূর্ত দপ্তরের দ্বারা পরিচালিত দিল্লিতে যে বঙ্গ ভবন আছে তার দূরবস্থার সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। গত সপ্তাহে দিল্লি গিয়েছিলাম, গিয়ে কি দেখলাম। ওখানে যে এ. সি. মেশিন আছে সেটা চলছে না। কেন বন্ধ আছে জিজ্ঞাসা করায় বলা হল যে আগামী ১৪ তারিখে সি. এম. আসবেন সেজন্য সারানো হচ্ছে। এখন চলবে না। যে ঘরগুলিতে রাজ্য সরকারের সেক্রেটারিরা থাকেন শুধু সেই ঘরগুলি মেন্টেন করা হয়, বাকিগুলি মেন্টেন করা হয় না। বাথরুম অত্যন্ত অপরিষ্কার। ঘরে ময়লা, যে ফ্লোর তৈরি হয়েছিল মোজায়েক টাইল দিয়ে সেগুলি ফেটে গেছে, কোনও কিছুই মেন্টেন হয় না। একমাত্র ভি. আই. পি. গেস্ট ছাড়া এম. এল. এ. বা তাদের গেস্ট যারা যান তাদের জন্য কিছুই করা হয় না। যেহেতু সকলেই পয়সা দিয়ে থাকেন আর এই বঙ্গভবন পূর্ত দপ্তর দ্বারা পরিচালিত তাই অবিলম্বে যাতে ওখানে ভাল কাজ হয় এবং প্রত্যেকের প্রতি সম বিচার করা হয় তার জন্য আবেদন রাখছি।

**Shrimati Gillian Rosemery Hurt :** Hon'ble Speaker, in stark contrast to the shortness of time given to me stands a matter of uttermost importance, a matter that threatens to wreck the rights of the Anglo-Indian Community, anglo-Indian Schools as well as the entire system of educational success in West Bengal under the garb of "Code

of Regulations for Anglo-Indian and other listed Schools in West Bengal", published in the Calcutta Gazette on Friday, the 21st January 1994. These regulations are tantamount to a transgress of the Constitutional guarantees to Anglo-Indian minorities.

At this time, only a few salient points must suffice in the hope of reawakening intelligent, honest and practical consideration.

1) What hidden motive underlies the clubbing together of "listed Schools" with Anglo-Indian Schools under the current "Regulations" which is a complete deviation from the original Code of 1929?

2) The sudden publication of the Code without final reference to the State Board for Anglo-Indian education, the manner of publication, the late receipt of Copies by Heads—(my own copy received only of the 26th February, '94 and some Heads of Schools have not yet received their copies). All this combined with the fact it was to come into effect from 1st February 1994, smacks of a nervous haste and arbitrariness

3) The Code is supposed to benefit all members of minority institutions i.e. Heads, Teachers, Staff and Pupils. It was readily agreed by all concerned that the Staff would enjoy the benefits of more liberal Leave Rules, improved Salary Scales, Provident Fund and Gratuity, a proper process of natural justice etc. etc. All these concessions granted are the result of a long standing and well established rapport between management and staff of our Schools that provides for mutually beneficial dialogue between the two within a healthy working atmosphere of full co-operation.

   It is with deep regret and concern that one must observe that a few who claim to belong to the Anglo-Indian Community and who benefit from our Anglo-Indian institutions are attempting to barter away our birthright and that of future generations for the purpose of publicity, cheap popularity and political gain.

   By taking away our minority rights, the Code will in effect ruin our institutions and looked at through a wide spectrum, it will have far reaching consequences to the detriment of all concerned.

4) Despite lengthy discussions with the Hon'ble Minister of Pri-

mary and Secondary Education and a specific request that the most important member of the education community—'The Child'—be included in a separate chapter to be incorporated into the Code—We find that the child has been totally left of the picture and other dangerous elements have been surreptitiously slipped into the Code, making it another killing field in education.

5) Upto this point of time, minorities have felt secure in our State. Yet, Bengal that has always prided itself in thinking ahead of India, has suddenly after 44 years delivered a short—sighted blow to the very foundation of our Anglo-Indian minority rights and statu:.

6) Anglo-Indian Schools in this State have always provided quality education, despite the fact that we do not receive any financial aid from the State. The enactment of the Code by the Government of West Bengal is not reflective of the tremendous contributions that our Anglo-Indian Institutions have made to West Bengal as a whole. It bears repetition that if this is perceived in the right context, our Anglo-Indian Schools have contributed unsparingly to the growth of the educational needs of the State through turbulent times, without impinging upon the meagre resources of the State. They have unsparingly supported the cause of quality education. In fact, there is a need to bring in legislation to make the Staterun Schools, which are an enormous drain on the exchequer to be made accountable of this drain. Attempts are being made to fetter anglo-Indian Schools and stymie progress in total opposition to public appreciation and public demand.

7) The following clauses of the Code Nos. 1 (i), 3, 4, 5(i), 11(a), 13(a), 15, 17 and 24 (f) are totally arbitrary and grossly violative of the rights guaranteed to us under Article 30(i) and Article 14 of the constitution of India.

8) I refer here to some judgements made by eminent jurists that will throw some light on this sort of arbitrarily encroachment.

   a) 1975(i) S. C. R. 173, at page 235, Mr. Justice Khanna has observed that it is permissible to make regulations in respect of standards of education and regulations made in the true interests of efficiency of instruction, discipline, health, sanitation, morality, public order and the like : and

to the conditions of employment of teachers and the health and hygiene of students. At the same time it has to be ensured that under the power of making regulations nothing is done as would detract from the character of the institution as a minority educational institution or which would impinge upon the rights of the minorities to establish and administer educational institutions of their choice.

b) Justice Mathew and Justice Chandrachud stated "It may sound paradoxical but it is nevertheless true that minorities can be protected not only if they have equality but also, in certain circumstances, differential treatment".

c) Justice Mathew observed "There can be no surrender of constitutional protection of the right of minorities to popular will masquerading as the common pattern of education".

A Supreme Court Ruling : "The State can stipulate a procedure to be followed in disciplinary action to be taken against the staff in a minority educational institution receiving recognition, affiliation or grant, **without however** abridging the effective management of the institution by the minority community".

Yet another Supreme Court Ruling : It will be unconstitutional to prescribe a tribunal or a mod of Arbitration where a minority institution will have **no controlling vocice** for determining ordinary disputes between the staff and the management".

It is evident from the above that under cover of a Code of Regulations, there is not only a blatant interference but also a gross trespassing on minority rights of Anglo-Indians and Anglo-Indian Schools In fact the way in which the final text has been thrust upon us by the Hon'ble Minister and the Government, shows a total disregard of decent norms of justice.

Notwithstanding anything that may have been said by anyone about this Code, we assure you that we will continue to abide by and follow the rules of natural justice.

I can confidently say that the people of West Bengal hold our Anglo-Indian Schools on the highest esteem. The fact that our own Hon'ble Chief Minister, the Hon'ble Speaker of this Assembly and many of you, my hon'ble colleagues are products of our anglo-Indian Schools, speak loud and clearly of our contribution to West Bengal—a

contribution that I am sure will continue for many years to come especially after the offending clauses of the Code are withdrawn, as they should be.

In conclusion, Mr. Speaker Sir, I wish to make an emotional, legal and final appeal to the Hon'ble Minister for Primary & Secondary Education and to this august body that good sense prevail and the House not permit such illegality to be perpertrated upon Anglo-Indians, a law abiding Community that has done nothing but contributed greatly to the educational scenario of West Bengal making it one of the leading and foremost States in the field of education.

## ZERO HOUR

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটু আগে আপনি বীরভূম জেলার তারাপুর স্বাস্থ্যকেন্দ্রে সাধারণ মানুষের উপর পুলিশের গুলি চালানোর ব্যাপারে কলিং অ্যাটেনশন মোশন আপনি গ্রহণ করেছেন যার জবাব মাননীয় পুলিশমন্ত্রী দেবেন। আমরা স্যার প্রায়ই দেখতে পাচ্ছি, ট্রিগার হ্যাপি পুলিশ যেখানে-সেখানে দিনের পর দিন গুলি চালাচ্ছে। এটা ২১শে জুলাই কলকাতায় দেখলাম, ২২শে ফেব্রুয়ারি বারসতে দেখলাম। ওরা প্রায় বলে থাকেন যে, শ্রীমতী মমতা ব্যানার্জির হিংসাত্মক আন্দোলনের কারণেই নাকি পুলিশ গুলি চালিয়ে থাকে। কিন্তু বীরভূমের ঐ স্বাস্থ্যকেন্দ্রে তো মমতা ব্যানার্জি বা কংগ্রেসের কোনও নেতা উপস্থিত ছিলেন না, সাধারণ মানুষ সি. এম. ও. এইচ.-এর কাছে অনুরোধ জানাতে গিয়েছিলেন, কিন্তু ট্রিগার হ্যাপি পুলিশ তাদের উপর গুলি চালিয়ে তিনজনের প্রাণ কেড়ে নিল। এই ঘটনার আমরা নিন্দা করছি। এখানে স্বাস্থ্য মন্ত্রী যখন বারবার বলছেন যে, ডাক্তাররা গ্রামে যেতে চাচ্ছেন না সেখানে একজন ডাক্তার যিনি ঐ স্বাস্থ্যকেন্দ্রে গেছেন এবং জনপ্রিয় হয়ে উঠেছেন তাকে কোন অধিকারে এক মাসের মধ্যে ট্রান্সফার করেছেন? সমস্ত ব্যাপারটার দায়িত্ব তাই স্বাস্থ্যমন্ত্রীর উপর বর্তায়।

তার অ্যাকটিভিটির জন্য এই ঘটনা ঘটেছে। আজকে স্বাস্থ্যমন্ত্রীর পদত্যাগ করা উচিত। আজকে পুলিশ মন্ত্রী এর জবাব দেবেন। আপনি স্বাস্থ্য মন্ত্রীকে বলুন, তার এই হটকারি অ্যাকশনের জন্য, হটকারি কার্যকলাপের জন্য আজকে পুলিশ এখানে গুলি চালাতে বাধ্য হয়েছে, সেখানকার মানুষকে বিক্ষোভে ফেটে পড়তে বাধ্য হয়েছে। আজকে যেখানে গ্রামে ডাক্তার যেতে চায় না, সেখানে একজন ডাক্তার গ্রামে গিয়ে মানুষের সেবা করে যখন জনপ্রিয় হয়েছে, যখন গ্রামের মানুষ দলমত নির্বিশেষে, কংগ্রেস, ফরোয়ার্ড ব্লক, সি. পি. এম., সমস্ত রাজনৈতিক দলের মানুষ সেই ডাক্তারকে সেখানে রাখার জন্য দাবি জানাচ্ছে তখন স্বাস্থ্য মন্ত্রী সেই মানুষদের দাবিকে উপেক্ষা করে কোন অধিকারে এই জনবিরোধ কার্যকলাপ নিলেন, এক মাসের মধ্যে একজন ডাক্তারকে বদলি করলেন? আজেকে স্বাস্থ্য মন্ত্রীকে এর জবাব দিতে হবে। আমি স্বাস্থ্যমন্ত্রীর এই কাজের নিন্দা করছি এবং অবিলম্বে স্বাস্থ্য মন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**শ্রীমতী মিনতি ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি

গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আগামী ১৫ই মে গোটা রাজ্যের সঙ্গে গঙ্গারাম মিউনিসিপ্যালিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। এই নির্বাচনকে যাতে বাঞ্চাল করা যায় সেজন্য কংগ্রেস (আই)-এ সমাজবিরোধীরা গত ১৮ই মার্চ বি. ডি. ও. অফিসে ৪০/৫০ জন মস্তানকে নিয়ে আসে এবং সেখানে ভাঙ্গচুর করে। এই ভাঙ্গচুরের নেতৃত্ব দিয়েছে অমল সরকার, তিনি প্রদেশ কংগ্রেসের সদস্য। ননীগোপাল রায়, দক্ষিণ দিনাজপুরের জেলা যুব কংগ্রেসের সম্পাদক, যাকে নাকি ঐ আগুন খেকো নেত্রী গত ১০ই ফেব্রুয়ারি বালুরঘাটের জনসভায় দাঁড়িয়ে যুব কংগ্রেসের সভাপতি হিসাবে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে এসেছেন এবং অজিত চৌধুরি প্রমুখ এলাকার পরিচিত সমাজবিরোধীরা এই নির্বাচনকে বাঞ্চাল করার জন্য এবং বামফ্রন্টের গণমুখি উন্নয়নমূলক কার্যসূচিকে ধ্বংস করে দেবার জন্য সুপরিকল্পিত চক্রান্ত করছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন করছি যাতে এই চক্রান্তকারিদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয় এবং অবিলম্বে এদের যেন গ্রেপ্তার করা হয়।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সি. পি. এম. পরিচালিত এই পুলিশ প্রশাসনের কলঙ্কময় ইতিহাসের আর একটা অধ্যায় সংযোজিত হয়েছে গত ১৮ তারিখে এবং তার সঙ্গে সঙ্গে আমাদের মাননীয় বিধায়ক মান্নান সাহেব যেটা বললেন সেই স্বাস্থ্য দপ্তরের আর একটা কলঙ্ক জনক অধ্যায় সংযোজিত হয়েছে। একজন সৎ ডাক্তার তিনি মাত্র ১।। মাস আগে সেখানে জয়েন করেছেন। এর আগে ১০/১২ জন ডাক্তার গেছেন কিন্তু তারা কেউ ওখানে থাকতেন না। কিন্তু এই এক মাত্র ডাক্তার যিনি ওখানে রাত্রি বাস করতেন। এই অঞ্চলে বেশির ভাগ গরিব মানুষ এবং হরিজন সম্প্রদায়ের মানুষ বাস করেন। তিনি তাদের কথা শুনতেন এবং তাদের সহানুভূতি আদায় করতে পেরেছিলেন। সেই ডাক্তারকে ১।। মাসের মধ্যে ট্রান্সফার করা সেটা তারা চাননি। তাই তারা এই ডাক্তারকে যাতে ট্রান্সফার করা না হয় সে দাবি জানাতে গিয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রতিটি ঘরে ঘুরে ঘুরে দেখেছি এবং শুনেছি যে সেখানে তিন, চার শয়ের বেশি লোক হয়নি। সেখানে কি করে এই ধরনের ঘটনা ঘটল যাতে পুলিশ সেখানে গুলি চালাল, কাঁদানে গ্যাস ছুড়ল এবং লাঠি চালাল এবং যার ফলে ১৬ জন মানুষ আহত হয়েছে বুলেটে, ৩ জন মারা গেছে এবং এখনও ৮ জন আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে আছে। এটাই শেষ কথা নয়, ঐ পুলিশ ফায়ারিংয়ের পরেও পুলিশ বাড়িতে বাড়িতে গিয়ে অত্যাচার করেছে, ভাঙ্গচুর করেছে, মেয়েদের বিবস্ত্র করে লাঠি পেটা করেছে। ওখানকার স্থানীয় মানুষের অভিযোগ যে পুলিশ সুপার নিজে মেয়েদের লাঠি পেটা করেছে। তারপরে আহতদের আত্মীয়-স্বজন যারা তাদের হাসপাতালে নিয়ে আসছেন, সেখানে তাদের উপরেও পুলিশ লাঠি পেটা করছে। তারপরে অমানবিক ভাবে পোস্ট মর্টেম হবার পরে পুলিশ তাদের আত্মীয়-স্বজনদের থেকে লিখে নিচ্ছে যে ডেডবডি হ্যান্ড ওভার করা হল। কিন্তু ডেড বডি তাদের না দিয়ে পুলিশ দাহ করছে। তাদের কাছ থেকে ২৫০ টাকা করে নিয়ে পুলিশ সেই বডি দাহ করছে, কিন্তু সেই বডিগুলি নামে দাহ করছে। সাধারণ মানুষের অভিযোগ যে কেবল তাদের মাথার চুল পুড়ছে, সৎকারও হচ্ছে না। এই রকম একটা নারকীয় কান্ড পুলিশ সেখানে করছে। আমি তাই আপনার মাধ্যমে বিচার-বিভাগীয় তদন্তের দাবি করছি এবং দোষী পুলিশ-এর শাস্তি দাবি করছি এবং নিহত এবং

আহত ব্যাক্তিদের ক্ষতিপূরণের দাবি করছি। সেই সঙ্গে ডঃ অভিজিত রায়চৌধুরির ট্রান্সফার অর্ডার ক্যান্সেল করার জন্য দাবি জানাচ্ছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী বিশ্বনাথ চৌধুরি এবং স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী জ্যোতি বসু মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ঘটনাটা হচ্ছে গত ১৬ই মার্চ তারিখে, মেদিনীপুর শহরে যে গার্লস হোম আছে তার একজন আবাসিকার নাম হচ্ছে আরতি, ডাক নাম আরু, তাকে ওখানকার ক্যাজুয়াল ওয়ার্কার মহসিন হাসপাতালে নিয়ে যাওয়ার নাম করে রেপ করেছে। এই ঘটনা মেদিনীপুর জেলায় তুমল আলোড়ন সৃষ্টি করেছে। আমরা দেখতে পাচ্ছি এই রকম ঘটনা বিভিন্ন গার্লস হোমে ঘটছে। এই মহসিন, ক্যাজুয়াল ওয়ার্কার রিক্সা চালায়, তাকে রিক্সা করে নিয়ে যায়। আমি চাই এখনই তাকে গ্রেপ্তার করা হোক এবং এনকোয়ারি করে যথাযথ শাস্তির ব্যবস্থা করা হোক।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ১৮ তারিখে আচমকা বাস মালিকদের সঙ্গে পরামর্শ করে বিশ্বব্যাঙ্কের চাপে নতি স্বীকার করে মন্ত্রী মহাশয় বাস, ট্রাম ট্যাক্সি, লঞ্চ এবং যিনি বাসের ভাড়া বাড়িয়ে দিলেন। রাজ্য সরকারের এই অন্যায় অযৌতিক সিদ্ধান্তের প্রতিবাদ জানাতে এই পবিত্র বিধানসভার কাছে স্বতস্ফূর্তভাবে আমাদের দলের পক্ষ থেকে এসেছিল। এই শান্তিপূর্ণ বিক্ষোভের উপর পুলিশ বিনা প্ররোচনায় নির্বিবাদে বিধানসভার সামনে যে ভাবে লাঠি চালিয়েছে তাতে মহিলা সহ ৭১ জন আহত হয়েছে, অনেককে গ্রেপ্তার করেছে, তাদের উপর নির্যাতন করেছে, তার ধিক্কার জানানোর ভাষা আমার জানা নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যখন কেন্দ্রীয় সরকারের ডাঙ্কেল প্রস্তাবের ফলে মূল্য বৃদ্ধির বিরুদ্ধে দেশ জুড়ে একটা বাম ও গণতান্ত্রিক আন্দোলন গড়ে তোলার চেষ্টা হচ্ছে সেই রকম একটা মুহূর্তে রাজ্য সরকার যে ভাবে বাসের ভাড়া বাড়িয়ে দিল তাতে কেন্দ্রীয় সরকারের দ্বারা মূল্য বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলনকে দুর্বল করে দিল। ডিজেলের দাম যতটা বেড়েছে তার পরিপ্রেক্ষিতে মালিকদের কি অসুবিধা হচ্ছে সেই ব্যাপারে একটা কমিটি করে বাসের ভাড়া কতটা বাড়া উচিত কি না উচিত সেই ব্যাপারে কিছু ঠিক করলেন না। এক তরফা ভাবে বাসের ভাড়া বাড়িয়ে দিলেন। তার ফলে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে আন্দোলনকে দুর্বল করে দিলেন। তার সঙ্গে আমি রাজ্য সরকারের এই পুলিশি নির্যাতনের প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** অধ্যক্ষ মহাশয়, স্পিকার ইন চার্জ আমি আপনার সামনে একটা খুব ইম্পর্টেন্ট এবং আরজেন্ট ব্যাপার রাখবার চেষ্টা করছি। সাধারণভাবে আমি রাখি না। আজকে চিফ মিনিস্টার আসতে পারবেন না বলে আমি আপনার মাধ্যমে তাকে জানিয়ে দিতে চাই। আমাদের রামপুরহাটের ঘটনার ব্যাপারে অনেকে বলেছেন, আমি সেটার সম্বন্ধে যে ভাবে দেখে এসেছি—আজকে সকালে আমি এসেছি—আপনার কাছে বলতে চাই। এই বিষয়ে আমি কোনও কমেন্ট করতে চাই না। আমি আশা করি চিফ মিনিস্টার এবং আমাদের যিনি স্বাস্থ্য মন্ত্রী আছেন প্রশান্তবাবু, তারা এই সম্বন্ধে বলবেন এবং বলার পরে আমরা নিশ্চয়ই অ্যাসেম্বলিতে এই ব্যাপারটা নিয়ে আলোচনা করার কথা বলব। তার মধ্যে আমার প্রস্তাব হচ্ছে আমি কোনও অ্যাডজর্নমেন্ট মোশন মুভ আজকে করছি না।

[1-00 — 1-10 p.m.]

আমি সমস্ত অথরিটি কনসার্ন্ড এবং পার্টি, সবার সঙ্গে আলোচনা করে ঘটনাটি আপনাকে একটু বলার কথা ভেবেছি। কিন্তু এটি সাবজেক্ট টু দি অ্যাপ্রোভাল অফ দি গভর্নমেন্ট। তারা কতটা সত্য, কতটা মিথ্যা তা বলতে পারেন, দে হ্যাভ দি রাইট টু সে। আমি ঘটনাটি আপনার কাছে বলছি। যে ডাক্তার চৌধুরিকে ওখান হতে ট্রান্সফার করার ব্যাপার নিয়ে এটি হয়েছে তাকে কিন্তু রিলিজড করা হয়নি। এই এতবড় ঘটনার মধ্যে তাকে রিলিজড করা হয়নি, কিন্তু আর একজনকে পাঠিয়ে দেওয়া হয়েছিল। আমি এটি বলছি সি-এম-ও-এইচ.-এর যে স্টেটমেন্ট, সেই স্টেটমেন্ট অনুযায়ী। কালকে এস. ডি. ও.-র বাংলোতে যে আলোচনা হয়, তা থেকে বলছি। এটি একটি বিষয় যেটি কন্সিডার করা দরকার যে, রিলিজ না করে সেখানে আর একজনকে জয়েন করানো যায় কিনা? আমি কয়েকটি ইস্যু আপনার কাছে রাখছি। এই ইস্যুর পরিপ্রেক্ষিতে, এখানে কোনও পার্টিকুলার পার্টি নয় জনসাধারণ—সমস্ত জনসাধারণ বলে যে, এই লোকটা খুব ভাল কাজ করছে, যদিও সে লাস্ট উইক অব ডিসেম্বর সেখানে জয়েন করেছে, তাকে কেন সরিয়ে দিল? তাদের একটি কথা, তারা বলেছে যে, ওখানে রামপুরহাটে যাদের প্র্যাকটিস ভাল, তাদের প্র্যাকটিসটা হ্যাম্পারড করার জন্য ওকে ট্রান্সফার করানোর ব্যাপারটা করেছে। এই হচ্ছে মূল ঘটনা। মূল এই ঘটনাকে নিয়ে ব্যাপারটি হয়েছে। এই ঘটনার ব্যাকগ্রাউন্ড, এতবড় একটি ব্যাপার নিয়ে আমি আজকে চিফ মিনিস্টারের সঙ্গে দেখা করার কথা ভেবেছিলাম। দুর্ভাগ্যই বলুন আর ভাগ্যই বলুন, চিফ মিনিস্টার আজকে আসবেন না, আমি খবর নিয়ে এটা জানতে পারলাম। এই ব্যাপার নিয়ে লোকজন যায় এবং বলে যে ওকে ট্রান্সফার করতে হবে না। আমি এস. ডি. ও.-র মুখে যে কথা শুনেছি, আমি বলছি যে একটি সিরিয়াস ঘটনা, এটি নিয়ে তাদেরকে ঘেরাও করে রাখার পরে, আসলে সেই ঘেরাওয়ের পরে ইন প্রেজেন্স অব এস. ডি. ও. এই গুলি করার নির্দ্দেশ দেন। এস. ডি. ও. এই নির্দ্দেশ দিয়েছেন। তার মুখের কথা, তার উক্তিটি আমি আপনার কাছে বলছি, কালকে আলোচনা হয়েছে। এই যে একটি ব্যাপার, এটিকে কন্সিডার করার জন্য আমি এটি বলতে চাইছি, মুখ্যমন্ত্রীকে এগুলি সমস্ত অবহিত করে তিনি সভাকে বলুন কি বলতে চান। তারপর, একেবারে যার কোনও কারণ নেই, সেই ব্যাপারে গুলি চালানো হয়। গুলি চালানোর ফলে ফরোয়ার্ড ব্লকের দু'জন মারা যায়। আর একজন যে মারা যায় সে ফরোয়ার্ড ব্লকের নয়, সে ফরোয়ার্ড ব্লকের সমর্থক, হি ইজ নট অ্যান অ্যাক্টিভ মেম্বার। এটি শশাঙ্ক মন্ডলের কনস্টিটিউয়েন্সি। সেখানে তিনি পড়ে আছেন। তিনি আমরণ অনশন করবেন বলছিলেন। আমি তাকে নিবৃত্ত করেছি। আমি বলেছি, 'তুমি যদি অনশন কর তাহলে তোমাকে তারাপীঠ নিয়ে যেতে হবে। কারণ তোমার বয়স ৮৮, সেটা ভুলে যেও না।" এই যে ঘটনা ঘটেছে তার সমস্ত তদন্ত করা হোক। ঘটনাটি হচ্ছে তিনজন মারা গেছেন। দু'জন বর্ধমান হাসপাতালে আছেন, তাদের অবস্থা সংকটজনক। আর ছ'জন রামপুরহাট হাসপাতালে আছেন, তাদের অবস্থা সংকটজনক নয়। তবে বহু আঘাত আছে।

আমি এটা উইথ ফুল রেসপনসিবিলিটি বলছি, আমি ওখানকার লেফট ফ্রন্টের কো-কনভেনার, আমি ফ্যাক্টসটা প্লেস করতে চাই। কি সার্কামস্টেন্সে গুলি করা হল এবং এস. ডি. ও. সেখানে গিয়ে যে গুলি করার কথা বললেন, সেটা ঠিক হয়েছে কিনা সেটা দেখতে

হবে। এবং এস. ডি. পি. ও. রিলাকটেন্ট ছিলেন কিন্তু যেহেতু এস. ডি. ও.-র অর্ডার মেনে নেওয়া দরকার, সেইহেতু তিনি এইসব করেছেন, এটাই আমরা শুনেছি। তারপরে মেয়েদের উপরে নানারকমভাবে লাঞ্ছনা এবং মারধোর করা হয়েছে। পুলিশ পরশুদিন থেকে ওখানে যাওয়া বন্ধ করেছে। কালকে আমাদের মিটিং ছিল পুলিশ গিয়েছিল। আমি লেফট ফ্রন্টের লোক, আমাকে সমস্ত চিন্তা ভাবনা করে ফ্যাক্টসের উপরে বেস করে বলতে হচ্ছে। প্রশান্তবাবু একজন ডেপুটি ডাইরেক্টরকে পাঠিয়েছেন, তিনি আজকে রিপোর্ট দেবেন। এই সমস্ত ব্যাপারটা একজন হাইকোর্টের জাজকে দিয়ে বিচার বিভাগীয় তদন্ত হওয়া দরকার। এটাই আমাদের দলের পক্ষ থেকে দাবি করেছে। দ্বিতীয়ত, আরেকটি কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে যে, যে সব লোকেরা মারা গেছে তাদের ক্ষতিপূরণ দিতে হবে।

**(ভয়েস ঃ শ্রী রবীন মন্ডল ঃ এইভাবে বলা যায় না।)**

আমাকে আপনার কাছ থেকে শিক্ষা নিতে হবে না, আপনি দয়া করে বসুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ রাখছি যে, যারা মারা গেছে তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা হোক। চিফ মিনিস্টার এই সমস্ত ব্যাপার নিয়ে হেলথ মিনিস্টারের সঙ্গে বসে মিটিং করে একটা ওপেন স্টেটমেন্ট করুন, এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী রবীন মন্ডল ঃ** স্যার, গতকাল আমাদের ভারতবর্ষের কেন্দ্রীয় অর্থমন্ত্রী আমার কেন্দ্রে রাজারহাটে গিয়েছিলেন। তার কিছু দুরেই আমি সভা করছিলাম। ভারতবর্ষের কেন্দ্রীয় অর্থমন্ত্রী গিয়েছেন এতে তো খুশি হবারই কথা, এতো আর অন্য কিছু বিষয় নয়, এটা কংগ্রেসিদের গণ জাগরণের পদযাত্রা ছিল। কিন্তু এই গণজাগরণের পদযাত্রার নাম করে যেসব বিষয়গুলো ঘটেছে তা আমি চোখের সামনে দেখে এই সভাকে জানানোর পবিত্র দায়িত্ব আমার। সেখানে মনমোহন সিংকে উপস্থিত করা হয়েছিল রাইট ফ্রম হাওড়া টু শাসন, দে গঙ্গা সর্দারহাটি পর্যন্ত। মাননীয় সদস্য এবং অধ্যাপক সৌগত রায় অনেককে জানেন এবং সুদীপবাবুও অনেককে জানেন সেটা আমরা জানি।

[1-10 — 1-20 p.m.]

স্যার, আপনি জানেন কংগ্রেসের অর্ন্তদলীয়র কারণে দলের লোক খুন হয়েছিল, তার জন্য যে দায়ী সেই বিনোদানন্দ ব্যানার্জি তিনিও ছিলেন তাকে ঢোকাবার জন্য মমতা ব্যানার্জি বারাসতে মিটিং করেছে, সিদ্ধার্থশঙ্কর রায় যাকে ঢোকাবার চেষ্টা করেছে সেই সালাউদ্দিন, আলাউদ্দিন তিনিও ছিলেন, কংগ্রেসের সমস্ত সমাজবিরোধী সেখানে ইউনাইটেড হয়েছিলেন। সেখানে যে ভাবে কেন্দ্রীয় অর্থমন্ত্রী বক্তব্য রেখেছেন, পার্টির নেতা হিসাবে তিনি বক্তব্য রাখতে পারেন, কিন্তু সংসদীয় গণতন্ত্রে একটা নর্মস আছে, একটা ফোরাম থাকে, যেভাবে আক্রমণ করে তিনি পশ্চিমবঙ্গের মানুষকে অপমান করেছেন, আমাদের রাজ্যের জনগণকে যে ভাবে আক্রমণ করেছেন তার জন্য তাকে তীব্র ধিক্কার জানাচ্ছি। এখানে একটা নির্বাচিত সরকার আছে, ১৭ বছর ধরে আছে, তাকে উৎখাত করবার জন্য তারা বারে বারে বলছে, উনি বলছেন, এদের উৎখাত করবার জন্য সরব হন। এখানে যদি কংগ্রেস থাকে তবে আমরা আরও টাকা দেব, স্যার, এটা হচ্ছে প্রচন্ড বঞ্চনার কথা। এটা সংসদীয় গণতন্ত্রের স্বৈরাচারির কথা, এটার ব্যাপারে আমি তীব্র ধিক্কার জানাচ্ছি। এই ধরনের পদযাত্রার নাম

করে যা করা হচ্ছে, সেই পদযাত্রার প্রাক্কালে সেইগুলিকে দেখবার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ জানাচ্ছি। এতে শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হতে পারে, সেইজন্য পদযাত্রার প্রাক্কালে এইগুলি সুনির্দিষ্টভাবে দেখা দরকার। আমি পুনরায় ধন্যবাদ জানাচ্ছি, পুলিশকে, ওদের বিশৃঙ্খলার জন্য মনমোহন সিংকে মার খাওয়ার হাত থেকে বাঁচিয়েছেন বলে, তার জন্য পুলিশকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ে আমাদের সেচ বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি। হরিণখোলা নদীতে বোরো জল না পাওয়ার জন্য খানাকুল থানার বিস্তীর্ণ অঞ্চল এবং হাওড়ার অনেকগুলি অঞ্চল খানাকুল, জয়পুর, আমড়াপুর, ঝিকড়া, গাজিপুর প্রভৃতি অঞ্চলের ৫০ হাজার বিঘার জমির ধান নষ্ট হতে বসেছে। গতবারের বন্যা ক্ষতিগ্রস্থ হয়েছিল, জল না পাওয়ার জন্য। প্রথমবার জল দেওয়া হয়েছিল যার জন্য তারা চাষ করেছে, এখন সেই বোরো ধান পাকার মুখে এখন যদি জল না পাওয়া যায় তাহলে ৫০ হাজার বিঘার বোরো ধান নষ্ট হয়ে যাবে, হাজার হাজার কৃষক সর্বশান্ত হয়ে যাবে। সেইজন্য সেচ বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ২/৩ দিনের মধ্যে হরিণখোলা নদীতে বোরো চাষের জন্য জল দেওয়ার ব্যবস্থা করা হয়।

**শ্রী সৌগত রায় ঃ** স্যার, আমি জিরো আওয়ারের বক্তব্য রাখার আগে আপনার অনুমতি নিয়ে একটি পার্সোনাল এক্সপ্লানেশন দিচ্ছি। মাননীয় সদস্য রবীন মন্ডল তিনি স্বভাবতই উষ্মা প্রাপ্ত তার কারণ গতকাল তার এলাকায় মনমোহন সিং বিরাট সমাবেশে বক্তব্য রেখেছেন। এখানে উনি আমার নাম উল্লেখ করে বলেছেন আমরা নাকি সেখানে সমাজবিরোধীদের নিয়ে গিয়েছিলাম। আমি বলছি এটা সম্পূর্ণ অসত্য কথা রবীনবাবু বলেছেন। রাজারহাট এলাকায় সমস্ত সমাজবিরোধী ওদের সঙ্গে আছে, মনমোহন সিং বলেছেন পশ্চিমবঙ্গের উন্নয়নের জন্য কি কাজ করা দরকার, উনি বিদেশ থেকে কি ভাবে টাকা এনেছেন, পশ্চিমবাংলার স্বার্থে, হলদিয়ার স্বার্থে, বক্রেশ্বরের স্বার্থে সেটা বলেছেন। আমি বারে বারে বলতে চাই কোনও আসামী, কোনও দুষ্কৃতকারি আমাদের সঙ্গে ছিল না, আপনি আমার পার্সোনাল এক্সপ্লানেশন নোট করবেন, আপনি প্রোটেকশন দিন, আমার পার্সোনাল এক্সপ্লানেশনটা নোট করবেন।

স্যার, আমি জিরো আওয়ারে যে কথাটা বলতে চাইছিলাম।

(নয়েজ)

মাননীয় সদস্য ভক্তিবাবুকে আমি অভিনন্দন জানাচ্ছি। তিনি একজন স্বাধীনতা সংগ্রামী, তিনি অন্যায়ভাবে পুলিশের গুলি চালানোর প্রতিবাদ জানিয়েছে, তাঁর জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। আমাদের পক্ষ থেকে চারটে দাবি আমরা করেছি। ডাক্তার মোতাহার হোসেন বলেছেন বিচার-বিভাগীয় তদন্ত হোক ; আহত এবং নিহতদের ক্ষতিপূরণ দেওয়া হোক ; ডাক্তার অভিজিৎ রায় চৌধুরির বদলি স্থগিত রাখা হোক এবং মহিলাদের যে পুলিশ অফিসার অপমান করেছেন তাদের শাস্তি দেওয়া হোক। আমি আপনাকে অনুরোধ করব এই হাউস থেকে একটা অল পার্টি ডেলিগেশন সেখানে পাঠানো হোক। আজকে ট্রিগার হ্যাপি পুলিশ

সেখানে গুলি চালিয়েছে। ওরা বলত যেখানে মমতা সেখানে পুলিশকে গুলি চালাতে হয়। আজকে রামপুরহাটে কোন মমতা ছিল যে সেখানে পুলিশকে গুলি চালাতে হয়েছিল। এই ট্রিগার পুলিশের গুলি চালানোর আমি তীব্র প্রতিবাদ করছি, এর নিন্দা করছি। পশ্চিমবাংলায় এর বিরুদ্ধে সর্বশ্রেণীর মানুষের গর্জে ওঠার দরকার।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, আমি আপনার মাধ্যমে কারিগরি ও জনস্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। ১৯৮৫ সালে আমার বিধানসভা কেন্দ্র বঁনগা মিউনিসিপ্যালিটিতে পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট থেকে ট্যাপ ওয়াটার চালু করার কাজ আরম্ভ করেন। ইন্সিওরেন্স কোম্পানি থেকে এর জন্য ১ কোটি ৫ লক্ষ টাকা নেওয়া হয় এবং বাকি টাকা স্টেট প্ল্যান দেবে সেটা ঠিক হয়। ১৯৯৪ সালে আজ পর্যন্ত সেই কাজের কি অগ্রগতি এই ব্যাপারে আমি দাবি রাখছি তদন্ত করা হোক। প্রতি বছর ইন্সিওরেন্স কোম্পানি মিউনিসিপ্যালিটি ডেভেলপমেন্ট ফান্ড থেকে ১১ লক্ষ টাকা কেটে নিচ্ছে সুদ বাবদ এবং সেখানে ডেভেলপমেন্টের কোনও টাকা দেওয়া হচ্ছে না এবং সেখানে সেই প্রকল্পের কাজ বন্ধ হয়ে গেছে। আমার দাবি অবিলম্বে সেখানে কাজ সম্পন্ন করা হোক এবং এই বিধানসভা থেকে একটা সর্বদলীয় প্রতিনিধি দল গিয়ে সেখানে কি কাজ হয়েছে দেখে আসুক এবং সেই ব্যাপারে তদন্ত করা হোক।

**শ্রী বীরেন্দ্রনাথ মৈত্র ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহের উত্তর ভাগ হরিশচন্দ্রপুর খড়বা, রাতুয়ায় বিদ্যুতের অবস্থা অত্যন্ত খারাপ। বোরো চাষে এই সময় বিদ্যুতের প্রয়োজন হয়। পাঁচটা থেকে রাত্রি নয়টা পর্যন্ত সেখানে কোনও রোড লাইট জ্বলে না, পানীয় জল পাওয়া যায় না, ছেলে-মেয়েরা পড়াশোনা করতে পারছে না। সেখানকার গন্ডগোলটা যান্ত্রিক গন্ডগোল এবং অবহেলার গন্ডগোল। এই বোরো চাষের সময় চাষীরা যাতে জল পায় এবং ছেলে-মেয়েরা পড়াশোনা করতে পারে তার ব্যবস্থা করা হোক।

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা সবাই জানি পশ্চিমবাংলার সীমান্তবর্তী জেলাগুলিতে অনুপ্রবেশ একটি ব্যাপক সমস্যা এবং এই অনুপ্রবেশকারিদের তাড়ানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে দুটি বিশেষ উদ্যোগ গ্রহণের কথা বলা হয়েছে। সীমান্তবর্তী এলাকায় সীমান্ত বরাবর কাঁটা তার দেওয়া এবং সীমান্ত বরাবর রাস্তা করা। আমি আপনার মাধ্যমে জানাতে চাই, কেন্দ্রীয় সরকার সত্যিই এই ব্যাপারে আগ্রহী কিনা? কারণ গতবার কেন্দ্রীয় বাজেটে এই বাবদ ধরা ছিল ২০১ কোটি টাকা, আর এই বছরে ধরা হয়েছে ১৫০ কোটি টাকা। কাজেই অনুপ্রবেশকারিদের তাড়ানোর ব্যাপারে কেন্দ্রীয় সরকার তার দায়িত্ব পালন করছে কিনা সেটা অর্থনৈতিক দিক দিয়েই প্রমাণ করছে। অথচ অনুপ্রবেশকারিদের রাজনৈতিক এবং অর্থনৈতিক সমস্যা একটা বিরাট সমস্যা।

[1-20 — 2-30 p.m.] (Including adjournment)

কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের এই হাউস থেকে দাবি যাক যে কাঁটাতারের বেড়া এবং সীমান্ত বরাবর রাস্তা তৈরির বাজেট বরাদ্দ যেন কমানো না হয় বরং উল্লেখযোগ্য

পরিমাণে যেন বাড়ানো হয়।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এই হাউসে দেখি যে যখন এন. টি. সি.-র শ্রমিক কর্মচারিদের মাহিনা হয় না তখন অনেকেই উদ্বেগ প্রকাশ করেন বা হিন্দুস্তান ফার্টিলাইজারের কর্মীদের যখন মাহিনা হয় না তখন অনেকে উদ্বেগ প্রকাশ করেন এবং এর উন্নয়নের জন্য উদ্বেগ প্রকাশ করেন কিন্তু পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত যেসব সংস্থা আছে সেখানে যে প্রায়ই কাজ বন্ধ হয়ে যাচ্ছে বা কাজ বন্ধ থাকা অবস্থাতেই কর্মীদের মাহিনা দেওয়া হচ্ছে, ডেফার্ড পেমেন্ট হচ্ছে, নির্দিষ্ট সময় পেমেন্ট হচ্ছে না ইত্যাদি যেসব ঘটনা ঘটছে সেগুলি নিয়ে কিন্তু ওরা কোনও রকম উদ্বেগ প্রকাশ করেন না। আমি জানতে চাই, রাজ্য সরকারের এই ব্যর্থতা নিয়ে কেন আলোচনা হবে না? শাসক দলের সদস্যদের আমি বলব, আপনাদের রাজ্য সরকারের ব্যর্থতার জন্যই এই সংস্থাগুলি ধুঁকছে। রাজ্য সরকারের পরিচালনাধীন যে সব সংস্থা রয়েছে—ইন্ডিয়া পেপার পাল্প, নিসকো, গ্লুকোনেট, বেঙ্গল কেমিক্যাল, অ্যাঞ্জেল ইন্ডিয়া, শালিমার ওয়ার্কস, কার্টার পুলার, ব্রিটানিয়া ইঞ্জিনিয়ারিং—এই সমস্ত জায়গায় কখনও কখনও ডেফার্ড পেমেন্ট হচ্ছে, কখনও কখনও দু/তিনমাস অন্তর মাহিনা হচ্ছে, কাজেই এ বিষয়টা দেখা দরকার। আমি তাই বলব, যেমন এন. টি. সি. এবং হিন্দুস্তান ফার্টিলাইজার নিয়ে প্রস্তাব এসেছে তেমনি রাজ্য সরকারের পরিচালিত মিলগুলির ক্ষেত্রেও আলোচনা করা হোক এবং দেখা হোক যে ত্রুটি কোথায় এবং কেন এগুলি আস্তে আস্তে শেষ হয়ে যাচ্ছে। এর পেছনে অন্য কোনও চক্রান্ত থাকলে সেটা বের করার জন্য সবাই মিলে আলোচনা করা হোক। কারণ ১০ হাজারের বেশি মানুষ এইসব সংস্থাগুলিতে কাজ করেন এবং এগুলি বন্ধ হয়ে গেলে আগামীদিনে সংকট বাড়বে। এ সম্পর্কে আমি আলোচনার দাবি জানাচ্ছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্প দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন, কেন্দ্রীয় সরকারের শিল্পনীতির জন্য একদিকে যেমন সংগঠিত শিল্পগুলি বন্ধ হচ্ছে, ক্ষতিগ্রস্ত হচ্ছে তেমনি অসংগঠিত শিল্পগুলিও ক্ষতিগ্রস্ত হচ্ছে, বন্ধ হচ্ছে। স্যার, আমাদের দেশের মানুষ কৃষির পরেই সবচেয়ে বেশি নির্ভরশীল তাঁতশিল্পের উপর। কয়েক লক্ষ মানুষ এই তাঁত শিল্পের সঙ্গে জড়িত এবং এর উপর নির্ভরশীল। বর্তমানে কেন্দ্রের নয়া সুতিবস্ত্র শিল্প নীতির ফলে আমরা জানি জনতা কাপড়ের উপর থেকে ভরতুকি তুলে নেওয়া হয়েছে, রিবেট উঠিয়ে দেওয়া হয়েছে। সম্প্রতি সুতোর দাম যেভাবে হু হু করে বাড়ছে সে কথা মাননীয় সদস্য সুভাষবাবু উল্লেখ করেছেন। কয়েক মাসে সুতোর দাম ১।। গুণ হয়ে গিয়েছে। এর ফলে হস্তচালিত তাঁতগুলি প্রচন্ড সংকটের মুখে পড়েছে। স্যার, আমার এলাকার বিস্তীর্ণ অঞ্চলে কয়েক হাজার তাঁতশিল্পী রয়েছে। সুতোর দাম বাড়ার ফলে অনেক তাঁত বসে যাচ্ছে বা বন্ধ হয়ে যাচ্ছে। ৭৭ সালের পর যে সমস্ত কো-অপারেটিভ হয়েছিল সেগুলি কাঁচা মালের অভাবে বন্ধ হয়ে যাচ্ছে। স্যার, আপনার মাধ্যমে একদিকে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি এ বিষয়ে আকৃষ্ট যেমন করছি তেমনি রাজ্যের ক্ষুদ্র ও কুটির শিল্প মন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট করে বলছি অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি দেখুন। সুতোর দামের এই উর্দ্ধগতি যদি রোধ করা না যায় তাহলে তাঁতশিল্পীরা যেমন অনাহারে মধ্যে পড়বেন তেমনি অর্থনীতিরও ক্ষতি হবে

এবং মানুষের উপর চাপ বাড়বে। অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে বীরভূম এর গুলি চালনার ঘটনা নিয়ে আলোচনা হয়েছে। শুধু বীরভূম নয়, এর আগে হরিহরপাড়াতেও গুলি চালানো হয়েছে। ওখানে কোনও রাজনৈতিক দলের মিছিল ছিল না। মুখ্যমন্ত্রী একবার বীরভূমে যেতে পারতেন, বামফ্রন্টের শরিক ফরওয়ার্ড ব্লকের তিনজনকে গুলি করে মারা হয়েছে, মুখ্যমন্ত্রী ওখানে একটা স্পট ভিজিট করতে পারতেন। হরিহরপাড়ায় সাত জন মারা গেল দিল্লিতে, বাংলা বন্ধ পর্যন্ত হয়ে গেল, উনি সেখানে গেলেন না। মুখ্যমন্ত্রী বিধানসভায় আসেন না, হরিহরপাড়াতেও গেলেন না। আমার দাবি বীরভূমে অবিলম্বে মুখ্যমন্ত্রী একটা স্পট ভিজিট করুন।

**শ্রী কৃষ্ণচন্দ্র হালদার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বিধানসভার মাধ্যমে এবং আপনার মাধ্যমে একটা জাতীয় গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। বিশ্বস্ত সূত্রে জানা গেছে পাকিস্তান ছয় থেকে বারোটি অ্যাটম বোমা তৈরি করেছে এবং যা হিরোসিমাকে ধ্বংস করেছে যে বোমা তার থেকে শক্তিশালী। এর সিক্সটিন এয়ার ক্রাফ্‌ট আমেরিকা থেকে পাচ্ছে যা আনবিক পরিচালিত। তিনটে পি থার্টি সিক্স মেরিটাইম সার্ভেলেন্ট এয়ার ক্রাফ্‌ট পাচ্ছে যা আমাদের দেশের নৌ-বাহিনীকে ধ্বংস করতে পারে। এটা শুধু ভারতবর্ষের পক্ষে বিপদ নয় পূর্ব এশিয়া এই সাম্রাজ্যবাদীর দ্বারা ক্ষতিগ্রস্ত হবে। শুধু ভারতবর্ষের শান্তি বিপন্ন হতে চলেছে তাই নয়। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে আমাদের দেশের সরকার ঠিকমতো ব্যবস্থা করা হয় এবং সমস্ত আন্তজার্তিক ক্ষেত্রে এই বিষয়ে যাতে প্রতিবাদ জানানো হয় যাতে পাকিস্তান ভারত তথা দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিপদ সৃষ্টি করতে না পারে।

**শ্রী ননী কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনেছেন, আমাদের দেশের অর্থমন্ত্রী রাজারহাটে এসেছিলেন। কথা ছিল কংগ্রেস বিধায়কদের সঙ্গে ডাংকেল প্রস্তাব সম্পর্কে কথাবার্তা বলবেন। কিন্তু তা হলো না, উনি রাজারহাটে সমাজ বিরোধীদের সঙ্গে কি কথা বলেছেন জানি না। আমি যেটা বলতে চাইছি অর্থনীতি এবং শিল্পনীতি নিয়ে একটা ত্রিপাক্ষিক প্রতিবেদনে রিজার্ভ ব্যাংকের রিপোর্ট প্রকাশিত হয়েছে। তাতে বলা হয়েছে শুধু ক্ষুদ্র নয় মাঝারি শিল্পেরও অবস্থা খারাপ হচ্ছে। এই রিপোর্ট ৯১ সাল-এর মার্চ থেকে ৯২ সালের মার্চ পর্যন্ত। যার মধ্যে আট মাস হচ্ছে নরসিমা রাও-এর গভর্নমেন্ট। তাতে বলা হয়েছে প্রতি মাসে দু-হাজার করে ক্ষুদ্র শিল্পের ইউনিট বন্ধ হয়ে যাচ্ছে। এবং ভারতবর্ষে মোট ২৪ হাজার ১০৩টি ইউনিট বন্ধ হয়ে যাচ্ছে। এর মধ্যে মহারাষ্ট্র রুগ্ন হয়ে যাচ্ছে ২৬.৩ শতাংশ। গুজরাট, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, পশ্চিবঙ্গেও এই সংখ্যা বাড়ছে। এর হিসাব হচ্ছে ২।। লক্ষ মোট ইউনিট যেটা বন্ধ বা রুগ্ন হয়ে যাচ্ছে। সবচেয়ে মজার বিষয় হচ্ছে কেন্দ্রীয় সরকারের পরিচালনায়, সরকারি দায়িত্বে তো এই জিনিস দেখা যাচ্ছে, বেসরকারি প্রতিষ্ঠানও রুগ্ন হয়ে যাচ্ছে। আমাদের গ্রাম-বাংলায় একটা প্রবাদ আছে, যার এক কান কাটা সে গ্রামের বাইরে দিয়ে যায়, আর যার দু'কান কাটা সে গ্রামের মধ্যে দিয়ে হাঁটে। এই যে কংগ্রেস সরকার যারা দেশটাকে

চুরি, দুর্নীতির মাধ্যমে দেশটাকে রসাতলে দিলো তারাই আজকে পশ্চিমবাংলায় এসে বামফ্রন্টের অহেতুক দোষারোপ করছেন। এটা সহ্য করা যায় না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখন বিরতি। আমরা আবার আড়াইটার সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till—2-30 P.M.)

[2-30 — 2-40 p.m.] (After recess)

## POINT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, একটা পয়েন্ট অফ ইনফরমেশন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন যে, মাত্র দু'দিন আগে এখানে রাজ্যের বাজেট উত্থাপনের পরের দিন আমাদের কেন্দ্রীয় কয়লা মন্ত্রী বাজেটে কয়লা নিয়ে যে বক্তব্য রাখা হয়েছে তাকে চ্যালেঞ্জ করেছেন। তিনি বলেছেন—রাজ্যের অর্থমন্ত্রী অসত্য কথা বলেছেন এবং সাংঘাতিকভাবে ডিস্টর্ট করেছেন টোটাল ফ্যাক্ট। মাননীয় কয়লা মন্ত্রী শ্রী অজিতকুমার পাঁজা মহাশয় আরো কঠিন শব্দ উচ্চারণ করেছেন। স্যার, ব্যাপারটা এই কারণে গুরুত্বপূর্ণ যে, এটা বাজেট সংক্রান্ত ব্যাপার এবং কেন্দ্রীয় সরকারের দায়িত্বশীল মন্ত্রী ওঁকে চ্যালেঞ্জ করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে রয়েছেন, তিনি সেই পরিপ্রেক্ষিতে কিছু কথাবার্তা বলেছেন এবং আমাদের লিডার অফ্ দি অপোজিশনও বলেছেন। সুতরাং বিষয়টা অর্থ মন্ত্রীকে পরিষ্কার করতে হবে। সংবাদপত্রে কেন্দ্রীয় কয়লা মন্ত্রীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রীর সঙ্গে তাঁর যে সংঘাত শুরু হয়েছে তা যদি এখানে পরিষ্কার না হয় তাহলে আর কোথায় হবে? এখানে, এই হাউসেই বিষয়টা পরিষ্কার হয়ে যাক, লোকে জানুক কে সত্যি কথা বলছেন, ঘটনাটা কি? কয়লা সংক্রান্ত ব্যাপারে অর্থমন্ত্রী বাজেট ভাষণে যা বলেছেন এবং সংবাদপত্রে কেন্দ্রীয় কয়লা মন্ত্রী মাননীয় অজিতকুমার পাঁজার যে বক্তব্য প্রকাশিত হয়েছে, তার কোনটা সত্য তা মানুষের জানা দরকার। মাননীয় অর্থমন্ত্রী অন্তত আমাদের এখন এটা জানিয়ে দিন যে, তিনি চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করেছেন, তা নাহলে তিনি বলুন যে, অজিতকুমার পাঁজা মহাশয় যা বলেছেন তা সত্য, অতএব তিনি বাজেট বক্তৃতার মধ্যে কয়লাকে কেন্দ্র করে যা বলেছেন তা উইথড্র করছেন। সত্য কি কে [ * ] তা প্রমাণ হোক। অজিত পাঁজা বলেছেন, কয়লা প্রসঙ্গে বাজেটে যা বলা হয়েছে তা ভুল, ইরেলেভেন্ট, জাগলারি অফ্ ফ্যাক্টস অ্যাণ্ড ফিগার্স। মাননীয় অর্থ মন্ত্রী, আপনার সম্বন্ধে কেন্দ্রীয় কয়লা মন্ত্রী খুব কঠিন শব্দ উচ্চারণ করেছেন, আপনাকে [ * * ] বলেছেন। অতএব স্যার, আমি এখানে দাবি করছি মাননীয় অর্থমন্ত্রী যদি [ *** ] না হন তাহলে তিনি প্রমাণ করুন। স্যার, সব চেয়ে বড় কথা হচ্ছে সংসদীয় গণতন্ত্রে হাউসের চেয়ে বড় জায়গা নেই। সুতরাং ঐ চ্যালেঞ্জ মোকাবিলার এটাই সবচেয়ে বড় জায়গা। সুতরাং আমি আপনার মাধ্যমে ওঁকে অনুরোধ করছি, উনি যে মিথ্যাবাদি নন তা প্রমাণ করুন। বিষয়টা সংবাদপত্রে বেরিয়েছে। এটা কোনও ছোট ব্যাপার নয়, মামুলি ব্যাপার নয়, কেন্দ্রীয় মন্ত্রী ঐভাবে ওঁকে আক্রমণ করেছেন। উনি তাঁর মোকাবিলা করুন।

(গোলমাল)

Note * Expunged as ordered by the Chair.

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** জোচ্চোর কথাটা বাদ যাবে।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** প্লিজ টেক্ ইওর সিট। নাউ, জেনারেল ডিসকাশন অন বাজেট।

## GENERAL DISCUSSION ON BUDGET

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ দাশগুপ্ত মার্চের ১৭ তারিখে রাজ্যের ১৯৯৪-৯৫ সালের বাজেট প্রস্তাব এখানে রেখেছেন। আমি সেই আলোচনায় অংশগ্রহণ করছি। প্রথমে এই বাজেট বক্তৃতা Sir, it is a speech of the Hon'ble Finance Minister and is a curious mixture of the typical attitude of the Communist Party before independence and their attempts against August '42 revolution of Mahatma Gandhi. We are not surprised to find the observations made by the Hon'ble Finance Minister.

কোনও আশ্চর্য হইনি, ওঁনাদের এটাই চরিত্র। যখন গান্ধিজী ১৯৪২ সালে ডাক দিল করেঙ্গে ইয়ে মরেঙ্গে তখন ভারত সচিবের সঙ্গে আপনারা রাতের অন্ধকারে আপনাদের তৎকালীন অবিভক্ত কমিউনিস্ট পার্টির তৎকালীন সেক্রেটারি পি. সি. যোশি হাত মিলিয়েছিলেন। এই আন্দোলনকে বানচাল করার জন্য প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং তখন আপনাদের গেইন কি? A few communists will have to be resisted from Jail. স্বাধীনতা সংগ্রামের ডঙ্কা যখন তুঙ্গে তখন এই হাউসের আজকের যিনি মুখ্যমন্ত্রী তিনি সেদিন পার্টিশনকে সাপোর্ট করেছিলেন। সেই ইতিহাস আমরা ভুলে যাইনি। আমরা দেখেছি, আজাদ হিন্দ ফৌজকে ওরা বলেছিলেন এই আজাদি ঝুটা হ্যায়। একথা ভারতবর্ষের মানুষ ভুলে যাইনি। আজকে গোটা ভারতবর্ষে যখন একটা প্রবলেম—Where Indian unity and integration is at stake. মাননীয় মুখ্যমন্ত্রী শনিবার দিন যাওয়ার সিদ্ধান্ত নেন আর সেখানে গিয়ে বলেন ইণ্ডিয়ার ইনট্রিগেশন ইজ ওয়ান অ্যান্ড সিঙ্গল অবজেক্টস্। They view everything at their capacity of foil and disturb the integration of the nation. আজকে বক্তব্য আপনি রেখেছেন। কি প্রয়োজন ছিল এই কথাগুলি বলার? আপনি আজকে বলুন—ডাঙ্কেল প্রস্তাব দিয়ে শুরু করেছেন—১৭ বার উচ্চারণ করেছেন—আমি জিজ্ঞাসা করি ডাঙ্কেল প্রস্তাব It will be signed only in April, 1994 and will be effective from 1st July, 1994. আপনারা ক্ষমতায় এখানে আছেন জুন, ১৯৭৭। সেদিন থেকে ডাঙ্কেল প্রস্তাব চলছে। You are presiding over the paupirization of the Government. আপনি বয়স্ক মানুষ, শুনতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ডাঙ্কেল প্রস্তাব নিয়ে এখনও আলোচনা চলছে। ডাঙ্কেল প্রস্তাব স্বাক্ষরিত হয়নি, কার্যকর হয়নি। কিন্তু তাসত্ত্বেও উনি ডাঙ্কেল প্রস্তাব-এর সমালোচনা করে ১৫ পাতা পর্যন্ত চলে গেছেন। আজকে জিজ্ঞাসা করি, উরুগুয়ে অফ ডিসকাশন অফ ১৯৮৬—তারমধ্যে আপনাদের বন্ধু সরকার বি.জে.পি.র সঙ্গে জ্যোতিবাবু হাত মিলিয়ে সেই ভি.পি.সিং সরকারকে কেন্দ্রে প্রতিষ্ঠিত করলেন যখন, তখন ডাঙ্কেল প্রস্তাব নিয়ে আলোচনা চলছিল did you raise the voice of protest then? চন্দ্রশেখর, did he raise voice of protest? মানুষ আমরা জানি, আপনাদের

মধ্যে কিছু কিছু মানুষ আছেন ভারতের প্রগতির ছাপ লক্ষ্য করেন না, আপনারা কানা, চোখে দেখতে পান না, আজকে you were blind then. After V. P. Singh there has been another regine. যে বক্তব্য আপনি রেখেছেন আমি আপনাকে India To-day দেখতে বলছি, India To-day-র প্রথম পাতায় দেখবেন। ২৮শে ফেব্রুয়ারি "India's trial with liberalisation and market reforms finally seems to be paying its way. With industrial growth tripling over what it was last year, inflation is at a near standstill, and the country's foreign coffer is getting encouraging large, the situation looks rosy." India is being lauded everywhere. The question is whether we should continue as member of the GATT, as member of the multi-trade organisation. This is after the Uruguay round of talks are completed.

আজকে বিকল্প দিতে পারেন নি, চিন এসেছিল কিন্তু in the year 1947 after the achievement of independence of some nations—India is the pioneer one. আজকে চিন ফিরে গেছে, তখনকার চীয়াংকাইশেক ফিরে গেছে, আজকে লাইন দিয়েছে Right from 1986 India is planning. চিনারা আন্দোলন করে নি, বলছে না ডাঙ্কেল প্রস্তাব চাইনা, all the 117 nations, ডাঙ্কেল প্রস্তাব চায়। যদি চিন চায় it will be 118 nations. কতকগুলি সমৃদ্ধশালী দেশ আছে? জি-৭ এবং জি-১৫ বাদ দিলে 22 countries, all are poor and developing nations. সেখানে আপত্তি করেন নি। What is your object ?

যখন কংগ্রেস স্থায়ী সরকার করে ভারতের প্রগতিকে উন্নত করার চেষ্টা করছেন সেই থেকে ফাইট করছে তখন সি. পি. এম. জন্ম লগ্ন থেকে যারা দেশের সঙ্গে শত্রুতা করছে, দেশদ্রোহিতার প্রস্তাব করছে Why did you manage to forget during the regime of V. P. Singh ? I have asked you this question ? আমি যে কথা বলছিলাম এটা শেষ কথা নয়, আজকে আবার In addition to the funds raised overseas, industry has also raised another Rs. 25,000 crores from domestic stockmarkets in the past ten months. What is the future of stock market here ?

আগে before independence and during the early years of independence—এখানে ৭০/৮০ কোটি টাকার স্টক এক্সচেঞ্জ বোম্বাই, কলকাতা, সাব-সিকোয়েন্টলি মাদ্রাজ ৭০/৮০ কোটি টাকার ট্রানজাকশন হতো না, Now we can claim over 10,000 crores transaction in the stock market and stock market is the political barometer possibly you know, scholarly Dr. Asim Dasgupta I remind you again.

আজকে ইণ্ডিয়া যখনই কোনও প্রগতির পথে এগোচ্ছে, তখনই both from within and outside. এটাকে সমালোচনা করছেন? I have told you this budget is a curious imitation again, আজকে কেন্দ্রীয় সরকারের উন্নয়নের সমালোচনা করছেন তাঁদের

প্রস্তাবগুলি হুবহু নকল করেছেন। এই যে সব ছাড় দেওয়া আবার কোথাও re-structure and re-orientation of the tax structure. এটাতে It is an imitation of Dr. Manmohan Singh. He has correctly said you are successful in the art of apprenticeship. I hope you will realise what is necessary for West Bengal.

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় অর্থমন্ত্রীকে শুধু শেষ কথা বলে দিতে চাই আপনি কি অপরিসীম অসত্য তথ্য এখানে রেখেছেন। আমরা না'কি বাইরের কোম্পানিগুলিকে মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলিকে শুল্ক ছাড় দিয়ে এখানে আসার পথ করে দিয়েছি এবং আমরা এখানে এক্সাইজ ডিউটি বাড়িয়ে দিয়েছি। অসম প্রতিযোগিতার কথা না বলে অসীম প্রতিযোগিতা বললে ভাল হত। আজকে কি চেহারা? What was the export picture last year? It has become triple by now. আপনাদের বন্ধু সরকার, বি.জে.পি.র সাথে হাত মিলিয়ে মাননীয় জ্যোতিবাবু যাঁদের প্রতিষ্ঠা করেছিলেন the country was bankrupt. the state exchequer in West Bengal is bankrupt now. পিয়ারলেসের কাছে আপনি টাকা ধার নিয়েছেন, I am not economist. বাল্যকাল থেকে আমি ইকনমি বুঝিনা, এক সময়ে নিয়ম ছিল সরকার টাকা দেয় কিছু এগ্রিকালচারে, কিছু ইণ্ডাস্ট্রিতে, আজকে আপনি কলঙ্ক স্থাপন করেছেন। সরকার বে-সরকারি কোম্পানির কাছ থেকে চড়া সুদে টাকা নেয়। আপনাদের আন্ডার স্ট্যান্ডিং আন্ডার গ্রাউন্ড কি আছে জানিনা, পিয়ারলেসের কাছে আপনার এই নজির দেখে আশ্চর্য হচ্ছি। If Dr. Dasgupta is successful, why not we?

আজকে উল্টোটাই দেখছি। আপনাদের তথ্যটা যদি সত্যিই হয় তাহলে হাউ দি এক্সপোর্ট ইম্প্রুভস থ্রি টাইমস? আমাদের এমনই দেউলিয়া অবস্থা ছিল যারজন্য দুবার—একবার ২৫ টন তারপর আরও একবার ২৩ টন, মোট ৪৮ টন সোনা বিদেশে বন্ধক রেখে টাকা আনতে হল জাস্ট টু টাইড ওভার দি ক্রাইসিস, টু মেনটেন দি ক্রেডিট ওয়ার্দিনেস অফ ইণ্ডিয়া। আজকে ঐ সোনা আমরা ফেরত এনেছি, কারণ ইণ্ডিয়ান ইকোনমি হ্যাজ স্ট্রেনদেন সো মাচ। আপনাদের কেন এই কনট্রাডিকশন—হোয়ার ইজ ডঃ শঙ্কর সেন? তিনি এখানে তথ্য দিয়ে বলেছিলেন—রক্ত দিলে আমরা ওটা করে দিচ্ছি, কিন্তু সেটা হয়নি, আজকে জাপান এসে সেটা করে দিচ্ছে। এইটথ প্ল্যানে আমাদের পাওয়ার প্রোডাকশন ছিল ৩৮ হাজার মেগাওয়াট, আমাদের হয়েছে ২৮ হাজার মেগাওয়াট, কিন্তু সেখানে শর্টফল রয়েছে ৬ হাজার মেগাওয়াট—এটা করতে পারছি না। কারণটা হল, আমাদের এখানে জেস্টেশন পিরিয়ড লো এবং তারজন্য এখানে কোনও ইনডিজেনাস ইণ্ডাস্ট্রি নেই। সঠিকভাবেই পণ্ডিত জওহরলাল নেহরু কোর সেক্টরের দিকে নজর দিয়েছিলেন, ইনসেনটিভ সেক্টর যাকে বলা হয়। এখানে পাওয়ারে তো মনোপলি শুরু করে দিয়েছে সি.ই.এস.সি.। আজকে প্রয়োজন হয়েছে বলে জাপান বক্রেশ্বর করতে আসবে তাতে আপত্তি নেই, দেয়ার ইজ নো অফেন্স। বাট ইফ সার্টেন আদার কান্ট্রিজ কাম টু ইনভেস্ট ইন দি সেন্ট্রাল সেক্টর, ইউ রেইজ হিউ অ্যান্ড ক্রাই, এই কনট্রাডিকশন কেন আপনাদের? ইউ প্লিজ এক্সপ্লেন দি কনট্রাডিকশন। আজকে এর জবাব আপনাদের দিতে হবে। আমার বয়স হয়ে গেল হলদিয়ার কথা শুনতে শুনতে। এতদিন রতন টাটা, গোয়েঙ্কা এরা

আসবেন শুনতাম, এখন ওদের জায়গায় আমেরিকা আসছে শুনছি। গণশক্তিতে যারা টাকার জন্য কোকাকোলার বিজ্ঞাপন দেন তারা এসব করতে পারেন। আজকে ইউ হ্যাভ ডান ইট, ইউ হ্যাভ মেড অ্যাডভার্স অবজারভেশন এগেনস্ট দি গভর্নমেন্ট অফ ইণ্ডিয়া ইন পয়েন্ট অফ কোল সেস্। আমার কাছে একটা পেপার পাঠিয়েছেন গভর্নমেন্ট অফ ইণ্ডিয়ার কোল মিনিস্টার। Mr. Deputy Speaker, Sir, the compliments conveyed to our Finance Minister by the Central Finance Minister and also by the Hon'ble Minister-in-Charge of Coal are simple compliments. Regarding Coal cess, Your case is pending in the Supreme Court. You have lost the game here, in the High Court. The Cess is to be paid with 15 per cent interest it has to be paid.

আপনাদের অবস্থাটা কিরকম? ইউ আর রানিং টু কাবুলিওয়ালা অ্যাণ্ড পিয়ারলেস ফর স্টেট এক্সচেকার। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন, Hon'ble Members are aware that on the basis of constitutional provision and law, this State is entitled to both coal cess and royalty. Non payment of the due share of coal cess has already been mentioned. If all these resources are obtained, then of course, the State Plan size can be increased to Rs. 1706 crores. However, since in recent years, there have been great uncertainties even after the Central promises, therefore, by excluding these uncertainties, the crop plan size of the State has been fixed at Rs. 1439 crores আপনিই তো বলেছেন। আমার সেকেণ্ড অবজারভেশন হচ্ছে, অনারেবল্ ফিনান্স মিনিস্টার হ্যাজ প্রেজেন্টেড এ বাজেট টুগেদার উইথ এ ফাজেট, একটা বাচ্চা গরু দিয়েছেন এবং তার সঙ্গে একটা গাইও দিয়েছেন। ইউ হ্যাভ স্টেটেড ইফ সেস্ কামস ফ্রম কোল ইণ্ডিয়া—মাসিমার যদি গোঁফ হয় তাহলে মামা বলে ডাকব। কনস্টিটিউশনাল প্রভিসনে কোনও জিনিসের উপর সেস্ বসালে তার উপর রয়ালটি বসানো যায় না। আপনারা এখানে ট্যাক্স বসিয়েছেন, কিন্তু হেরে গেছেন। ইউ হ্যাভ স্টেটেড ইফ সেস কামস ফ্রম কোল ইণ্ডিয়া। আমরা স্বাধীনতা সংগ্রাম করি, আপনারা তার বিরোধিতা করেন। আমরা জানতে চাই এমন অবস্থা কেন? কোল প্রডাকশন এখানে হয়, কিন্তু দামটা হাইয়েস্ট বিকজ অফ দি ট্যাকসেশন স্ট্রাকচার. টেবলটা দেখলে বুঝবেন কী অবস্থা। দেখতে চাইলে কাগজটা দিয়ে দেবো। কোন কস্ট উড়িষ্যা, মহারাষ্ট্র, এম.পিতে গ্রেড-এ কোলের ৭৬৪.৮৪ টাকা।

[2-50 — 3-00 p.m.]

সেখানে পশ্চিমবঙ্গ ৯ শত প্লাস টু। বি-তে মহারাষ্ট্র ৬৬২ টাকা, আর সেখানে পশ্চিমবঙ্গ ৮২২ টাকা। সি-তে ৫৮৮ টাকা, আর ৭১৯ টাকা। সুতরাং আপনার ট্যাক্স স্ট্রাকচার কোথায় গেছে সেটা ভেবে দেখুন। আমাদের দাবি ছিল ইকোয়ালাইজেশন অব ফ্রেটে। It was agreed to, but your industry has not been able to take the opportunity because of your failure. আজকে এজন্য আমরা সুবিধা কিছু নিতে পারিনি ফ্রেট ইকোয়ালাইজেশনের। আমি মনে করি আপনাদের ভ্রান্ত নীতির ফলে পশ্চিমবঙ্গ ডুববে। আপনার সময়ে কোথায় পশ্চিমবঙ্গ এগিয়ে যাবে, সেখানে ওয়েস্ট বেঙ্গল ইজ প্রসিডিং টুওয়ার্ডস

পপারাইজেশন ডিউরিং ইওর টাইমস। আপনার কাছে এর কী ব্যাখ্যা আছে? মহারাষ্ট্রে সি-তে ১০০ টাকা টনে কমে যাবে। এখানে কেউ শিল্প করতে আসবে? মুখ্যমন্ত্রী প্রতি বছর বিদেশ যান এন. আর. আই আনতে। কয়টা এন. আর. আই এখানে ইনভেস্টমেন্ট করতে এসেছে? আমরা বারবার সেকথা বলেছি। আপনি এখানে কোন ইনসেনটিভ দিয়েছেন? We do not object to it provided you create the infrastructure here and the incentive you provide. You can attract. কেরলেও একটা কমিউনিস্ট সরকার এসেছিল কেরল গভর্নমেন্ট ডাক দিয়েছিল শিল্পপতিদের যে আপনারা এখানে আসুন শিল্প করার জন্য। এরা কাউকে ডাকতে চান না। এরা চান যে শিল্পপতিরা নিজেরা এখানে এসে কাজ করে যাবেন।" When the CPI(M)-led Government in Kerala sought to attract industry to that State, it did not find big business unwilling to listen. On the other hand, business interests word not disposed to take seriously similar pleas from the CPI(M) ministers in West Bengal here clearly encouraging conditions of disorder and terror most uncongenial to entrepreneurs.

সেই কারণে ইনভেস্টমেন্ট ইজ পুওরেস্ট হেয়ার। এখানকার আবহাওয়া আপনারা দূষিত করে ফেলেছেন। সেই কারণে এখানে ভাল শিল্পপতিরা আসেনা। আজকে মার্কসের নীতি সারা পৃথিবী থেকে যখন বের হয়ে যাচ্ছে তখন আপনারা এখানে তার গন্ধ ছড়াচ্ছেন। অনারেবল মিনিস্টার বাই হিজ লারনেড ম্যানুপুলেশন অ্যাণ্ড জাগলারি দিয়ে আমাদের বোঝাতে চেষ্টা করছেন। লাস্ট ইয়ার্স যে রিঅ্যাকশন ছিল, আমরা দেখি যে, এখানে প্ল্যান হলিডে চলছে। আজকে প্রাইস ইনফ্রেশন হচ্ছে, প্রাইস ইনক্রিজ হচ্ছে সেখানে আপনার পরিকল্পনা কত? আপনার পরিকল্পনা হচ্ছে ৯ হাজার ৯৬০ কোটি টাকা। What is the size of West Bengal vis-a-vis Orissa? Very small. What is the size of the plan there? Ten thousand. আপনি জিরো ডেফিসিট বাজেট করে চমক দিতে চেয়েছিলেন। আপনি এত বড় একজন পণ্ডিত মানুষ, আপনি কিভাবে আমাদের নিরাশ করেছেন। আপনি ফার্স্ট ইয়ার অব এইটথ প্ল্যান যেটা করেছিলেন, হোয়াট ওয়াজ দি সাইজ? তার সাইজ হচ্ছে ১৪ শত ৮৬ কোটি টাকা। হোয়াট ইজ স্পেন্ট? ৯১২ কোটি টাকা। আপনি গতবার বলেছিলেন ১৫০১ কোটি টাকার প্ল্যান করবেন। আপনি হিসাব দিয়েছিলেন যে ৮৮৭ কোটি ব্যয় করবেন। আপনি এবারে বলেছেন যে ১৫৫১ কোটি টাকা ব্যয় করবেন। আপনি আবার বলেছেন যে ১২১৪ কোটি টাকার বেশি ব্যয় করতে পারবেন না। আপনি আবার এক সময়ে বলেছেন যে ১০ ডিজিড একসিড করে যাবে। আর দিস নট ফিয়েচার অ্যালার্মিং ফর এনিবডি? মহারাষ্ট্র পরিকল্পনায় ১০ পারসেন্ট বৃদ্ধি করেছেন। মহারাষ্ট্রের পরিকল্পনা ৪।। হাজার কোটি টাকা এবং তারা এই টাকাটা ব্যয় করছে। আর এখানে মাননীয় অর্থমন্ত্রী যে প্ল্যান করেছেন, আমরা আপনার ৩ বছরের প্ল্যান দেখেছি। আপনি ৩ হাজার ২ কোটি টাকা ব্যয় করবেন, সামনের বছর ১৪৩৯ কোটি টাকা ব্যয় করবেন, তারপরের বছরে ১।। হাজার কোটি টাকা। আপনার প্ল্যান কখনই ৬ হাজার কোটি টাকার বেশি হবে না। জ্যোতিবাবু একবার ফাইনান্স মিনিস্টার হয়েছিলেন। আমরা দেখেছি যে সেই অর্থনীতির কী অবস্থা হয়েছিল? আপনারা এখানে চতুর্থ প্ল্যানে আসার সময়ে, আমাদের থার্ড প্ল্যানের শেষ বছরে

ছিল ৩০৫ কোটি টাকা। তখন এগ্রিড করা হয়েছিল গ্যাডগিল ফর্মূলা, কিন্তু সেটাও ইগনোর করা হয়েছে। তার ফলে পশ্চিমবাংলা পরিকল্পনা রহিত হয়ে গেছে। আজকে আপনারা এই ইকুয়াল প্র্যাকটিস নিয়েছেন কেন? আপনারা ডিজাইন ছাড়া কাজ করেন না। আপনার পেছনে বর্ষীয়ান মুখ্যমন্ত্রী বসে আছেন, পশ্চিমবাংলাকে পউপ্যার করছেন। এখানে বাঁচতে গেলে পারপিচুয়াল পাউপারাইজেশন, পভার্টির সঙ্গে লড়াই করতে হবে। আজকে লিটারেসি নিয়ে আপনারা আনন্দ প্রকাশ করছেন। প্রথম কথা হচ্ছে, এখানে লিটারেসি যদি শুরু করতে হয় তাহলে প্রথমে আপনার এবং জ্যোতিবাবুর স্কুলে যাওয়া উচিত। ওয়ার্ল্ড যে পথে চলেছে তার বিরুদ্ধে আপনারা চলছেন। The whole world is looking towards the Soviet Union including China.

সোভিয়েত ইউনিয়ন ডিসম্যান্টেল হয়ে গেছে। পূর্ব ইয়োরোপে বিরাট পরিবর্তন হয়ে গেল, ইগনোরিং দিস আপনারা ওয়ার্ল্ড কারেন্টের বিপরীতে চলেছেন। গোটা ওয়ার্ল্ড তাকিয়ে আছে ভারতবর্ষের দিকে। যখন মার্শাল টিটো এখানে আসেন, যখন জওহরলাল নেহেরু নন অ্যালায়েন্ট মুভমেন্টের নেতৃত্ব দিয়েছিলেন তখন আপনারা 'ন্যাম'-এর বিরোধিতা করেছিলেন। জ্যোতিবাবুর মাথা থেকে যে কথা আসবে না সেই কথা সত্যি হতে পারে না। এই ভদ্রলোক রপ্ত দেশের ক্ষতি করার জন্য, এই ভদ্রলোক রপ্ত ইতিহাসকে বিক্রীত করার জন্য আজকে আমরা দেখছি এই জিনিস। আমি যে কথা বলেছিলাম, আপনার কাছে কি এই চিঠি লেখা আছে, এই তথ্য দেওয়া আছে? আমি বার বার চিঠি লিখেছি, এখানে আছে—মুখ্যমন্ত্রীকে আমি বলছি কাম ফর অ্যাডজাস্টমেন্ট। একটা এফিডেভিট করে বলে দিলেন! একটা চিঠিতে বলে দিলেন? হাউ উইল ইট বি ফলোড? মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন এখানে চিঠিতে, তুমি অ্যাফিডেভিট কেন করলে না, তোমার সঙ্গে বসা যাবে না। এটা হতে পারে? এটা তো বিদেশি গভর্নমেন্ট নয়, It is one of the federating units of India.

এখানে আপনাকে আমি নিজে চিঠি দিলাম, এটা শুনে আমার খারাপ লাগল। আপনি বসুন, আমাদের যদি কোনও ভুল থাকে, আমাদের যদি কিছু করার থাকে উই উইল প্লে আওয়ার রোল। কিন্তু you simply ignored my letters and you did not answer to my letters.

অথচ ফিনান্স কমিশনে আপনারা দেখেছেন What is attitude of the Congress? আমরা বিরোধিতার জন্য বিরোধিতা করি না, আমাদের ডেপুটি লিডার ছিলেন সেখানে। We have shown you the documents submitted there. And you may also find out the documents submitted there. আমরা সাপোর্ট করে গেছি পার্টিকুলারলি আমাদের সব বন্ধু একমত হতে পারিনি, কিন্তু For the sake of the State of get rid of poverty and illiteracy here. সেখানে উই হ্যাভ সাপোর্ট ইউ। আপনারা ফিনান্স কমিশনে যে তথ্য দিয়েছেন—আপনারা কি বলেছেন ফিনান্স কমিশনে? আপনারা বলেছেন যে ১৯৭৫ সাল থেকে ২০০০ সালের মধ্যে সাড়ে আটত্রিশ হাজার ঘাটতি হবে আপনারা ফিনান্স কমিশনে যে কথাগুলি বলেছেন সেই ব্যাপারে বাজেট বক্তব্যে তার ধারেপাশে গেলেন না। হোয়ার ইজ দি প্রোপাজাল ফর আপগ্রেডেশন মাননীয় পুলিশমন্ত্রী

বলেছেন—আজকে তাঁকে সেলিব্রেট করা উচিত। আপনারা সবাই একটা মালা নেবেন, আমাদের দেখে চোখ জুড়াবে। পুলিশমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী বসে আছেন, এখানে I complement this forward bloc leader here, who has demanded a judicial enquiry over the Tarapur firing, you have created a directorate for the policemen. কোনওরকম প্রস্তাব কেন দিলেন না? কেন বললেন ৩৮৯ কোটি টাকা চাই? আজকে প্রপোজাল এসেছে শিক্ষার জন্য নয়, হেলথের জন্য নয়, ইনফ্রাস্ট্রাকচার রোডসের জন্য নয়, বন্যার জন্য নয়, রিজিওন্যাল ইমব্যালেন্সের জন্য নয়, আজকে ট্রান্সপোর্ট ইজ দি প্রবলেম তার জন্য নয়,—কিসের জন্য এসেছে? পুলিশের খরচ বাড়াতে হবে। এবারে ৪৪০ কোটি টাকা চাই। It is a Police Raj ? Has there been any upgradation ? Is there any modernisation of Police ? এটা কি কংগ্রেসকে গুলি করলে তাদের পুরস্কার দেবেন? হোয়ার ইজ দি সুপারভিশন? কি বক্তব্য আপনাদের এখানে।

[3-00 — 3-10 p.m.]

অ্যাডমিনিস্ট্রেশন এই যে এখানে ধরে রেখেছেন, কোন্ রাজ্যে এত গুলি চলেছে? কালকে গুলি চালিয়ে দিয়েছেন। এখানে অনারেবল্ মেম্বার, মুরার'ইএর বসে আছেন, মুরারইতে কি করেছেন? আমি নই, ওরা বলছে। যাদের পার্টি অন্য সময়ে সাবমিসিভ কাজ করে, আজকে ওরা দাবি করছে। নট জয়নাল আবেদিন, নট কংগ্রেস। ইউ হ্যাভ গন্ টু দ্যাট এক্সটেন্ট। মাননীয় মুখ্যমন্ত্রী এখানে আছেন, আপনাকে বিশেষ করে বলতে চাই যে আপনারা এই ভুল পঞ্চাশ বছর বাদে সংশোধন করে নিয়েছেন। ভুল সংশোধন করে নিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন যে নেতাজিকে ঐ কথা বলা ভুল হয়েছিল। এখন দেখছি একলক্ষ ক্যাসেট তৈরি করে তা বিলি করেছেন বিয়াল্লিশের মুভমেন্টের উপরে। আজকে পঞ্চাশ বছর পরে এসে বলছেন বিয়াল্লিশের মুভমেন্টটা আপনারা বুঝতে পারেন নি। কিন্তু এখন যে চুরি, ডাকাতি হচ্ছে, এটাকে ঠেকাবেন না? আপনারা দেশ গঠনের দায়িত্ব নেবেন না। আপনাদের সাবালক হতে পঞ্চাশ বছর সময় লাগল। গ্রাম-বাংলায় একটা কথা আছে, কারা যেন পঞ্চাশের আগে সাবালক হয় না। পঞ্চাশ বছর বাদে আপনারা নেতাজি সম্বন্ধে ভুল বুঝতে পেরেছেন। বিয়াল্লিশের মুভমেন্ট নিয়ে ক্যাসেট তৈরি করেছেন। এরপর হয়ত দেখব, কোনদিন খাদির প্রবক্তা হয়ে যাবেন। কোনদিন বলবেন না মহাত্মা গান্ধী রিয়েলি মহাত্মা ছিলেন। আজকে আমরা জাতীয়তাবাদি, এই কথাও কোনওদিন বলতে পারেন। মাননীয় অর্থমন্ত্রী, এত কথার পরেও আপনাকে জিজ্ঞাসা করি, মাননীয় মুখ্যমন্ত্রীকে বলি, ট্রাম তুলে দিচ্ছেন—হাওড়াতে কাল বিক্ষোভ হয়েছে কালকে, জোকাতে তাহলে ট্রামকে কেন নিয়ে গিয়েছিলেন এত ব্যয় করে? হোয়াই ইউ এক্সটেনডেড ইট টু জোকা? এই কথাগুলো তো আমরা বুঝতে পারছি না। এখানে তো চিকিৎসা হওয়া দরকার, শুধু ব্যাধি নিয়ে নয়। এখানে ভূমি-সংস্কারের কথা বলেছেন। ভূমি-সংস্কারটা এখানে লার্নেড অতীশ সিন্‌হা আছেন, তাঁর বাবা ল্যাণ্ড অ্যাকুইজিশানের ব্যাপারে পায়োনিয়ার ছিলেন। ল্যাণ্ড অ্যাকুইজিশান ইজ দি প্রোডাক্ট অব কংগ্রেস। ওখানে বর্ষীয়ান নেতা বসে আছেন। আজকে আপনারা কি করেছেন? ১৯৭৬-৭৭ সালে বিলি করেছে সাত লক্ষ একর। ল্যাণ্ড রেভেনিউ মিনিস্টার বিলি করেছেন ১৭ বছরে এক লক্ষ সত্তর হাজার একর জমি। আপনারা ল্যাণ্ড রেভিনিউয়ের ব্যাপারে ট্রাইবুন্যাল

করেছেন, যার ফার্স্ট সেকেণ্ড এবং থার্ড অ্যামেন্ডমেন্ট আমরা সমর্থন করছি। আপনারা ল্যাণ্ডকে মাধ্যম করে তাঁবেদার করতে চান। দ্যাট ইজ্ নট পসিব্‌ল দাশগুপ্ত। তাই জিজ্ঞাসা করি, কেন এখনও তিন লক্ষ একর জমি বিলি হচ্ছে না? কেন ৯ লক্ষ একর বিলি হল, আর তিন লক্ষ বিলি হল না? এই কথার জবাব আমরা চাই। এখানে ল্যান্ড ট্রাইব্যুনাল কেন কাজ করছে না? এখানে জুডিশিয়্যাল মিনিস্টার মিঃ মোল্লা আছেন, তিনি যদি কাজ করতে না পারেন তাহলে তিনি মসজিদে গিয়ে নামাজ পড়তে পারতেন। হাইকোর্টে দু'লক্ষের উপরে কেস পড়ে আছে। ১৫ লক্ষ কেস পড়ে আছে সাবর্ডিনেট কোর্টগুলোতে। নাইনথ্ ফিনান্স কমিশন যে টাকা দিয়েছে, সেই টাকা কি ইউটিলাইজ করেছেন, নাকি ডাইভার্ট করে অন্য খাতে ব্যয় করেছেন? আজকে সারা বিশ্বে কমিউনিজ্‌ম ভেঙে পড়েছে, একমাত্র পশ্চিমবঙ্গে কমিউনিস্ট আছে। কমিউনিজম্ থাকবে না—চেসেস্কুকে মরে যেতে হয়েছে, জ্যোতিবাবুকেও মরতে হবে। আমরা চাই না তিনি মারা যান, তিনি থাকবেন। কিন্তু যে কমিউনিজম-এর ভ্রান্ত মতবাদ, হিংস্র মতবাদ, গোটা সভ্যতার বিরোধী মতবাদ, সেটা কখনই থাকতে পারে না। এগ্রিকালচারের ক্ষেত্রে আপনারা দাবি করেছেন যে, অনেক জায়গা থেকে আপনারা প্রথম হয়েছেন। দাবি করেছেন যে, আমাদের প্রোডাকটিভিটি ফার্স্ট ইন দি কান্ট্রি। আপনারা যে প্রোডাকটিভিটিতে ফার্স্ট নন, আমি একটা তথ্য দিচ্ছি, এটা থেকে বুঝতে পারবেন। আপনারা পাঞ্জাবের অর্দ্ধেকে যেতে পারেন নি, হরিয়ানার অর্দ্ধেকও যেতে পারেন নি। প্রোডাকটিভিটি ইজ ভেরি সরি স্টেট হেয়ার। আপনারা সতের বছর এখানে ক্ষমতায় আছেন। এখানে ১৯৭৬-৭৭ সালকে ধরবেন না, ঐ সময়ে বন্যা হয়েছিল। ১৯৭৬-৭৭ সালে আট লক্ষ টন ফুড গ্রেন তৈরি হত। আপনারা বলছেন যে ১ কোটি ২৮ লক্ষ এগ্রিকালচারাল প্রোডিউস করেছেন। এই সব এগ্রিকালচারাল প্রোডিউস করেছেন তাতে আমাদের রাজ্যের কি উপকারে আসছে, আমরা যেই অন্ধকারে ছিলাম সেই অন্ধকারেই তো থেকে যাচ্ছি। আপনারা যে তথ্য দিয়েছেন সেটা আমার জানা আছে। আপনারা রাইস জাতীয় উৎপাদন ১৫ পারসেন্ট করেছেন আর হুইট জাতীয় উৎপাদন .৪ পারসেন্ট। আমাদের ৮০ হাজার টন গমের দরকার, কারণ মানুষ তো এখন পাউরুটি, রুটি খেতে শিখেছে সুতরাং ইউ রানিং টু দি আদার স্টেট বেগিং উইথ বোল। আজকে যদি মডার্নাইজেশন হত তাহলে বাংলার কৃষকরা কৃষির ক্ষেত্রে বিপ্লব আনতে পারত। গম ইত্যাদি শস্য বাইরের থেকে আনতে হত না। এবং কৃষির ক্ষেত্রে ডাইভারসিফিকেশন করলেই চলত। আপনার টোটাল প্রোডাকশনের ১৫ পারসেন্ট অফ দি রাইস, ৪ পারসেন্ট হুইট এবং মেজর উৎপাদন ২ পারসেন্ট আর সুগারক্যানে ৬.৯ পারসেন্ট। আমরা বাঙালিরা গুড় খেতে শিখেছি, চিনি খেতে পছন্দ করি। ফলে পার ক্যাপিটা কনজাম্পশন বেড়েছে। এরফলে আমাদের চিনি অন্য রাজ্য থেকে আমদানি করতে হয়। আমরা কটন এবং ম্যানমেড ফাইভারে বিশেষ উন্নতি করতে পারিনি। আমরা বিশেষ কিছু প্রোডিউস করতে পারিনি। সেখানে উত্তর প্রদেশ সাড়ে ১২ লক্ষ অর্থাৎ ৩৬.৫ পারসেন্ট এবং পাঞ্জাব একটি ছোট রাজ্য ৪৬ পারসেন্ট কটন প্রোডাকশন করতে পেরেছে, অথচ পশ্চিমবঙ্গ সেখানে অনেক নিচে রয়েছে। সেন্ট্রাল পুলে অন্যান্য রাজ্য সব দিচ্ছে কিন্তু আপনারা জাস্ট ফর দি সেক অফ দি মিনারস আন্ডারস্ট্যান্ডিং কিছু করছেন না। তারপরে আপনারা লেভি তুলে দিলে কৃষির উন্নতি করবেন কি করে আমার জানা নেই। আপনারা আবার বলছেন যে আপনারা নাকি কৃষিতে উন্নতি করেছেন, ভগবান রক্ষা করুন, কি যে উন্নতি করেছেন সে আপনারাই জানেন।

আপনাদের তো ১৪০ লক্ষ টন খাদ্য পাওয়ার কথা কিন্তু পেয়েছেন যা তাতে ১২ থেকে ১৬ লক্ষ টন তফাৎ। অর্থাৎ আপনাদের ২৪ লক্ষ টন আনতে হবে। আপনাদের খাদ্যমন্ত্রী কোথায়? তিনি কত চিনি, গুড় এবং গম আনতে পারলেন বলুন? কত টাকা লাগল তার একটা হিসাব দিন। আপনাদের রেজিমে, আপনাদের নেতৃত্বে ওয়ান পয়েন্ট সেভেন একর জমি ইরিগেশন পারপাসে ব্যবহার হচ্ছে। কন্টিনিউয়িং ৬টা মনসুন পেয়েছেন কিন্তু কৃষির কতটুকু উন্নতি করতে পেরেছেন? আপনারা নাকি মডার্নাইজেশন করতে চাইছেন। আগে তো মানুষ সার ব্যবহার করত না। আপনারা দাবি করেছেন যে, সেচ নাকি ৪৮ পারসেন্ট জেলায় যাবে। এই সবই অযৌক্তিক দাবি। নট ইভেন ১০ লক্ষ টিউবেল এখানে ফর ইরিগেশন পারপাসেস ব্যবহার করা যায়নি। আপনারা চুরি বন্ধ করতে পারেননি। আপনার ১৭ বছরের জেনারেশন করেছেন কিন্তু ট্রান্সমিশন লাইন দিতে পারেননি। সুতরাং হোয়াট ইজ দি ইন্ডেক্স বলুন। আজকে যে ট্রান্সমিশনের এই অবস্থা হাউ ডু ইউ এক্সপ্লেন দিজ?

আপনারা বিদ্যুত দিতে পারেন নি, ট্রান্সমিশন লস, চেক করতে পারেননি এবং পুলিশ ইজ সাইলেন্ট আপনাদের দয়া করে নির্বাচনে পুলিশ জিতিয়ে দিয়েছে। সুতরাং আর কিছু আপনাদের বলার নেই। কিন্তু বাজেটে তো কারচুপি করলে চলবে না, বিশ্ব আপনাদের ক্ষমা করবে না। পিয়ারলেস থেকে তো কোটি কোটি টাকা পেয়েছেন বারবার তো আর পাবেন না। নাসিক প্রিন্টিং প্রেস, রিজার্ভ ব্যাঙ্ক এবং পিয়ারলেস থেকে একবার পাবেন, বারবার টাকা পাবেন না। আপনার কনজাম্পশন অফ ইলেকট্রিসিটি ইজ নট সাফিসিয়েন্ট, এখানে কনজাম্পশন লোয়েস্ট। যেখানে জাপানে পার ক্যাপিটা ৬৫১ কে. জি. আমরা সেখানে ৭৫। আপনার বি. জে. পি., আপনাদের প্রাণের সখার সখা মুকুন্দ কে যেন আছে, তাকে জ্যোতিবাবু রেকমেন্ড করেছেন স্টিলের ব্যাপারে।

[3-10 — 3-20 p.m.]

আজকে মডার্নাইজেশন হচ্ছে না, ইউ আর হল্টিং মডার্নাইজেশন, আপনি টমকে দিন, হ্যারিকে দিন, যাকেই দিন মডার্নাইজেশন ইজ দি ক্রেম অফ দি ডে, নইলে অবসোলেট মেশিনারি দিয়ে আমরা পারব না। কেন ইসকো বসে আছে? উনি পরামর্শ দিয়েছিলেন তৎকালীন মুখ্যমন্ত্রীকে এটা নিয়ে নাও। একটা বাঙালি প্রতিষ্ঠান ছিল আপনারা নিয়ে নিলেন। আজকে আবার ফেরত দিচ্ছেন, যেন আবার অবাঙালিদের হাতে চলে যায়। এই ষড়যন্ত্রটাই জানাবার চেষ্টা করছি টু দি ওয়ার্ল্ড। দে শুড নো। আজকে কেন এই রেকমেন্ডেশন, আজকে এই জিনিস আপনাদের কাছে আমি জানতে চাইছি? এখানে রিকনস্ট্রাকশন সম্বন্ধে মন্ত্রী মহোদয় বললেন, এখানে ১৬টা কোম্পানি নাকি চলে যাচ্ছে, ধুঁকছে, সার্টিফিকেট ডিক্লেয়ার হয়নি। আজকে আপনাকে আমি যদি পাল্টা প্রশ্ন করি ইউ আর ইন ফুল সুয়িং, ১৭ বছরে স্টেবল গভর্নমেন্ট ভারতবর্ষে আর কোথাও নেই, একটা মুখ্যমন্ত্রী ১৭ বছরের রেজিমে এটা কোথাও নেই। হোয়াই ক্যানট ইউ টেক ওভার অফ দিস your achieveement is wiped out the work culture from the soil of West Bengal. কেন এইগুলির হেলথ ফিরিয়ে আনা যাবে না? ইফ ইউ আর কিন টু এন্সিওর দিস তার কারণ একটাই, ইয়োর অ্যাচিভমেন্ট ইজ ওয়াইপড আউট দি ওয়ার্ক কালচার ফ্রম দি সয়েল অফ ওয়েস্ট বেঙ্গল।

ওয়ার্ক কালচারকে আপনারা ধ্বংস করে ফেলেছেন ইউ আর নোভেলাস অ্যান্ড মার্ভেলাস কোথা থেকে জানলাম? আমরা দেখতে পাচ্ছি আজকে, ওয়ার্ক কালচার এখান থেকে চলে গেছে। এখানে ওয়ার্ক কালচার নেই, আমাদের ওয়ার্ক কালচার একদম চলে গেছে। জাপান আউট অফ আওয়ার অ্যাসেন্ট—১৯৪৫ হিরোসিমায় অ্যাটম বোম, সিঙ্গাপুর, সাউথ কোরিয়া ভাগ হয়ে গেল, আজকে দে আর দি ইকনমিক giant of Asia. Because you have wrong policy. আজকে আপনাদের এই কনফাইনমেন্ট এর জন্য, ন্যারোনেসের জন্য, প্যারোকিয়ালিজিম-এর জন্য আমরা ধুঁকছি। আমাদের ১০ গুণ পার ক্যাপিটা ইনকাম সাউথ কোরিয়ার। জাপান ইজ কমপিটিটিং with USA because there is competition. That has been possible. এখানে কেন নেই, কারণ আপনারা ওয়ার্ক কালচারকে নষ্ট করে দিয়েছেন।

"Simultaneously with political stability there is the key role played by the correct economic policies pursued by the government. Here again the experience of both Japan and Germany as well of other fast growing economies, like South Korea and Singapore in Asia, show that special care had been taken by their governments to encourage healthy growth of private capitalism. As a matter of fact, government policies were so built and used as to promote high industrial growth and not to become obstacles. In other words, liberal but well considered state policies have yielded remarkable results. Thus all the above mentioned countries are enjoying high growth rates in income, employment saving, investment and output."

আপনারা এখানে এমপ্লয়মেন্টের ৮ লক্ষ ফিগার দিয়েছেন, আমি এটা বিশ্বাস করছি না, আমি এটা অস্বীকার করছি। কারণ আপনাদের থিওরি হচ্ছে ১ লক্ষ একর জমিতে যদি ইরিগেশন করা যায় তাহলে নাকি দেড় লক্ষ পোটেন্সিয়ালিটি হবে, আই রিফিউসড টু বিলিভ ইট। আপনি যে কথাটা এখানে বলেছেন থাট্টি রুপিস, থাট্টি পর্যন্ত পার ইনডেক্স আমাদের এখানে ক্রস মাইগ্রেশন হয়ে চলে যাচ্ছে পাঞ্জাবে। ওখানে গুলি খাচ্ছে, তথাপিও ওখানে বেশি পায় বলে চলে যাচ্ছে। আমাদের এখানকার লেবার মাইগ্রেশন করে চলে যায়। হ্যাড ইট বিন ইনসেন্টিভ হেয়ার, লুক্রেটিভ হেয়ার? এরা কেউ যেত না। আজকে এই জিনিসটা আপনাদের জানা দরকার এবং এটাও জানা দরকার কিছু কিছু ডিফিকালটিস হয়েছে।

আজকে একটা বিল এনেছেন কনসোলিডেটেড বিল, আমি আশা করি সব কিছুর বিরোধিতার মতো এটারও বিরোধিতা করবেন না। কিন্তু একটা কমিটেড, কনসিয়াস অ্যান্ড ডেডিকেটেড ওয়ার্ক কালচার, ওয়ার্কিং ক্লাশ একটা দেশের সম্পদ। একটা হিরা নয়, পেট্রোল নয়, কেরোসিন নয়, খনিজ দ্রব্য নয়, একটা দেশের সম্পদ হচ্ছে ডেডিকেটেড, কনসিয়াস অ্যান্ড কমিটেড ওয়ার্ক ফোর্স। ১৯৫১-তে আমাদের পপুলেশন ছিল ৩৫ কোটি, এখন আমাদের পপুলেশন হয়েছে ৮৮ কোটি। আপনি আপনার তথ্যে বলেছেন ৭ কোটি ৫ লক্ষ হয়ে গেছে এখানে, আফটার '৯১ সেনসাস। স্বাধীনতার দিন কত ছিল এখানে, ২ কোটি ১২ লক্ষ। আজকে মোর দ্যান থ্রি টাইমস। আজকে আপনারা ভোটের সময় বাংলাদেশ থেকে কিছু নিয়ে

আসবেন, সেটা ছেড়েই দিচ্ছি, তারা চলে যাবে জানি, তা সত্ত্বেও হাউ ডু ইউ প্রোভাইড দিস এক্সট্রা পপুলেশন? আপনার প্রায়রিটি দেওয়া উচিত ছিল ফ্যামিলি প্ল্যানিং-এ একবার বোধহয় কেউ উচ্চারণ করেছেন। তারপর ইউ হ্যাভ ম্যানেজড টু ফরগেট টুগেদার। আজকে অন্য দেশে কি হচ্ছে সেটা দেখতে যাচ্ছেন। আমাদের পাশে বাংলাদেশ, এখানে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবং ডাঃ দত্ত এবং পঞ্চায়েতের ডাঃ সূর্য মিশ্র এখানে অর্গানাইজ করেছিল সেমিনার। মাই পয়েন্ট ইজ ইরেসপেকটিভ। আপনারা ওখানে অপোজিশন, আমরা এখানে অপোজিশন। উই আর লিভিং আন্ডার থ্রি স্ট্যাটাস আজকে পঞ্চায়েত এবং নগর পালিকা সেভেন্টি থার্ড এবং সেভেন্টি ফোর সংশোধনীর ফলে We are living under three administration —one central, the other state and the next Nagar Palika. This is self-government. This is not an agency to feed CPI(M) cadres. These are administrative institution। আজকে এই তিনটে ইনস্টিটিউশনের প্রোগ্রাম হচ্ছে একটা। তাহলে আমরা কেন পারব না? আমাদের জনসংখ্যাকে আপনারা কোথায় নিয়ে যাবেন? ভোটের জন্য আপনারা ওপার বাংলা থেকে লোক নিয়ে আসছেন, কিন্তু আমরা কিছু বলতে পারছি না। সিঙ্গল পয়েন্ট প্রোগ্রামে কোথায় আপনার এমফেসিস, কোথায় আপনার প্রাইওরিটি, কোথায় আপনার এখানে খরচ? আজকে ফ্যামিলি প্ল্যানিং কন্ট্রোল করতে না পারলে প্রতি বছর এখানে ১৫ লক্ষ লোক বাড়ছে। স্যার, আমি দেখছি সামবডি ইজ স্লিপিং দেয়ার possibly I cannot attract his attention, I do not deny my inability to attract his attention. আপনারা আজকে পশ্চিমবাংলায় সেই জিনিসটাই করছেন, হোয়াইল রোম ওয়াজ burning Nero was playing with the flute। আজকে সেইজন্য আমি আপনাদের কয়েকটা কথা বলতে চাই এবং এটা আমি রেকর্ড রাখার জন্যই বলতে চাই ইওর ক্যাবিনেট colleague are sleeping very soundly। আজকে আপনারা আমাদের নিউ ইকনমিক পলিসিকে ইমিটেট করেছেন। আমরা তার বিরোধিতা করতে চাই না। আপনি ছাতা-টাতার উপর কিছু ছাড় দিয়েছেন, আমরা তার বিরোধিতা করতে চাই না। আমি নিজে সিগারেট খাই বলে আমি সিগারেটের উপর রিলিফ চাইছি না। কিন্তু ধানবাদ থেকে সিগারেটওয়ালারা এখানে এসে ৮০০ টাকা রোজগার করে চলে যাবে। আজকে আমেরিকা সিগারেটকে ব্যান করে দিয়েছে, কিন্তু আমরা সেটা এখানে পারিনি। আগে জ্যোতিবাবুরা ইয়ং ডেজে চন্দননগরে উইকএন্ডে যেত, ওখানে লিকার কম পয়সায় পাওয়া যেত। তাহলে হোয়াই আর ইউ এনকারেজিং দিস। আজকে এই যে সিগারেটের ব্যাপারে ডিসক্রিপ্যান্সি দেখা দিয়েছে এতে চল্লিশ হাজার মানুষের কর্মসংস্থান নষ্ট হবে। আমি নিজে সিগারেট খাই বলে আমি আপনার ফেভার চাইছি না। কিন্তু এই ব্যাপারটা আপনি একজামিন করে দেখুন। ওরা ধানবাদ থেকেই যদি সুবিধা পায়, তাহলে সেখান থেকেই নিয়ে আসবে। আপনারা এখানে এমপ্লয়মেন্টের এত প্রবলেম, তাই আপনাকে এই ব্যাপারটা দেখতে হবে। মাননীয় মুখ্যমন্ত্রী আমি আপনাকে বলতে চাই, আজকে আপনাকে ঘিসিঙের সঙ্গে বারবার মিটিং করতে যেতে হচ্ছে, কখনও শিলিগুড়িতে, কখনও কলকাতায়। এখন আবার ঝাড়খণ্ডিরাও দাবি করছে। তাহলে আমাদের এখানে রিজিওনাল ইমব্যালান্স আছে, ইউ ক্যান্ট ডিনাই ইট। আজকে ঝাড়গ্রাম বা সুন্দরবন একাই সব দায়িত্ব নিতে পারে না। নর্থ বেঙ্গল এখনও কন্টিনিউয়াসলি নেগলেকটেড। কোচবিহারে আপনারাই সব আসন পেয়েছেন, সেখানে আমাদের কোনও আসন নেই। আজকে

সেখানে লর্ড মদনমোহনের মূর্তি মন্দির থেকে চুরি হয়ে গিয়েছে। পুলিশ মন্ত্রী হিসাবে আপনি সেই ব্যাপারে তদারকি করছেন। আমরা জানি দেবতা বিসর্জন হয়, কিন্তু ওখানে বিগ্রহ অপহরণ হয়েছে। আজকে আপনাদের রাজত্বে দেবতা অপহরণ হচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রীকে আমি জানিয়ে দিতে চাই, ওখানে টেনশন আছে, সেখানে বি. জে. পি.-র কিছু নেতা গিয়ে ভিজিট করে এসেছে। ইউ প্লিজ check that with your intelligence। আমি আপনাকে আরেকটা কথা বলতে চাই, কোরাপশন। হু ইজ নট কোরাপ্ট। আজকে এত খরচ করার পরেও এই অবস্থা। Everything, everything, has it been possible for the State Government and for that matter for the Central Government to eradicate poverty to the extent we wanted to do it ? And what are the resources you have invested for eradication of poverty ?

[3-20 — 3-30 p.m.]

আমরা পারিনি। আজকে কেন প্রপার ইউটিলাইজেশন অব রিসোরসেস এখানে হচ্ছে না? আপনাদের ক্যাডার হলে এমপ্লয়মেন্ট পেলে তাকে ভলেনটিয়ার বলে ছেড়ে দিলেন—এটা ঠিক নয়। আপনারা সত্যকে 'সত্য' বলে জানবার চেষ্টা করুন। মুখ্যমন্ত্রী তো এক আধবার ভাল ভাল কথা বলেন—সচেতনতা বাড়াতে হবে ইত্যাদি। খালি আপনাদের দলে নাম লেখালেই হবে না, সচেতনতা বাড়াতে নিশ্চয় দরকার। এ দিকটার প্রতি আপনারা নজর দিন। আর ইমব্যালেন্সটা দূর করুন। আমি যে জেলা থেকে এসেছি সেখানে তো যাওয়াই যায় না। ১৩ দিন ধরে তো আটকেই থাকলাম। এর অলটারনেটিভটা কোথায়? এখানে আলাদা একটা রুট তো দেবেন। যে রোড দিয়ে যাচ্ছি সেটাই থাকছে। এখানে তো রোড এবং অন্যান্য ইনফ্রাস্ট্রাকচার তো অযোগ্য হয়ে গিয়েছে। চলাচলের ব্যাপারটাই তো সবচেয়ে আগে দেখা দরকার। যেগুলির আরজেন্ট নেসেসিটি আছে—রোড, ক্যাপিটাল অ্যাস্টেস সেগুলি এখানে তৈরি হচ্ছে না। তা ছাড়া যেগুলি তৈরি হয়ে আছে সেগুলিও তো বন্ধ হয়ে যাচ্ছে। এই তো হাওড়া ব্রিজ বন্ধ হয়ে যাচ্ছে কারণ আপনারা তার রক্ষণাবেক্ষণ করতে পারছেন না। এখানে আপনারা ১৭ বছর ধরে আছেন, you cannot deny your responsibility. এখানে ক্যাপিট্যাল অ্যাস্টেসের রক্ষণাবেক্ষণ হচ্ছে না। আজকে আমাদের এখানে ইন্টারন্যাশনাল ফ্রেন্ডশিপের দরকার। এখানকার ট্যুরিজমের মন্ত্রী বিনয়বাবুকে নিয়ে গিয়ে 'চোলি কা পিছে' শুনিয়ে দিলেই সব কিছু হয়ে যাবে না। এটা একটা ইন্টারন্যাশনাল সেন্টার—ক্যালকাটা is the gateway of all the adjacent states. কাজেই এই চোলি কা পিছে না করে কিছু অ্যাডভান্স প্রোগাম, লুক্রেটিভ প্রোগাম নিন, ইন্সেন্টিভ দিন। আজকে এখানে একজন ইন্ডি মহিলা ঐ বাইপাশের ধারে কি ভাবে পড়ে ছিল সেটা সকলেই জানেন কাজেই এই ল অ্যান্ড অর্ডারের ব্যাপারটা ঠিক না হ'লে তো লোকে এখানে আসবে না। এসব ব্যাপার ঠিক করতে পারলে গ্লোবালাইজেশনের আমরা পরিচিত হ'তে পারব। এরপর আমি কয়েকটি কথা আপনাকে জিজ্ঞাসা করতে চাই। মাননীয় মুখ্যমন্ত্রী সম্প্রতি খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রির প্রতি কিছু উৎসাহ দেখিয়েছেন। আমাদের যে ম্যান পাওয়ার বাড়ছে, আমরা তো কমিটেড টু খাদি। উই আর গান্ধিয়ান, উই আর নট অ্যাসেমন্ড অব ইট, আপনাদের ওখানেও একজন গান্ধিয়ান আছেন। আমরা সেই ভদ্রলোককে শ্রদ্ধা করি। আপনারা এক্ষেত্রে ঠিকমতোন নজর দিন।

তারপর ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ারের কথা। পঞ্চায়েত মানেই হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন অব পাওয়ার। এখানে তো সব কিছুই হচ্ছে আলিমুদ্দিন স্ট্রিট থেকে। খাদির জন্য যে সংগ্রাম করা হবে, সংঘ করা হবে, রেশম শিল্প করা হবে বা খাদি প্রডিউস করা হবে সেখানে আলিমুদ্দিন স্ট্রিটের ক্লিয়ারেন্স না পেলে হবে না—এই ডিসেন্ট্রালাইজেশনটা করবে না। কেননা এর স্পিরিট হচ্ছে ডিসেন্ট্রালাইজেশন। ডোন্ট পলিটিসাইজ অব সাচ এ থিং। এখানে মৎস্যমন্ত্রী নেই, মৎস্যের ব্যাপারে আমরা নাকি প্রথম হয়েছি। কিন্তু তার সঙ্গে একথা বললেন না কেন যে মাছে আমরা প্রথম কিন্তু তার সঙ্গে নারী নির্যাতনেও আমরা প্রথম। অনেক ব্যাপারেই তো আমরা প্রথম। দারিদ্রে আমরা প্রথম, বেকারিতে আমরা প্রথম। আমাদের দেশে ৩ কোটি বেকার এবং সেখানে আপনারা নিজেরাই বলছেন, আমাদের এই পশ্চিমবাংলায় ৪৭ লক্ষ বেকার। তাহলে এতেও আমরা first in the country, in the republic of India. তাহলে আমরা বেকারিতে ফার্স্ট, ট্রেন রবারিতে ফার্স্ট, মহিলা নিযার্তন ফার্স্ট এবং এইভাবে অনেক ক্ষেত্রেও ফার্স্ট। কাজেই ফিসের কথাটা বলার সময় এইসব কথাগুলিও বলার দরকার আছে। তবে আমি মনে করি আপনারা তিনটি জায়গায় বাড়াতে পারেন। প্রথম হচ্ছে অয়েল সিড প্রডাকশন। ফিস প্রডাকশন-এর ব্যাপারেও আমরা এগিয়ে যেতে পারি। পালসের ক্ষেত্রেও আমরা বহু পিছিয়ে আছি। এই তিনটি ক্ষেত্রে আমাদের এনাফ স্কোপ আছে। এখানে মার্কেটিং-এর ব্যাপারে যদি অ্যাডিকোয়েট সাপোর্ট দেন তাহলে এসব ক্ষেত্রে অনেক এগিয়ে যেতে পারি। স্বাস্থ্যের ক্ষেত্রে অনেক কথা আপনারা বলেছেন। এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন, তাকে বলছি, এই স্বাস্থ্যের ব্যাপারে মানুষের মধ্যে কিন্তু বিরাট ক্ষোভ রয়েছে। আপনি বার বার বলেছেন যে ডাক্তাররা নাকি গ্রামে যেতে চাইছেন না। অথচ যে ডাক্তার গিয়েছেন আলিমুদ্দিন স্ট্রিটে থেকে বলাতে সঙ্গে সঙ্গে তাকে বদলি করে দিলেন। কোয়াকদের প্র্যাকটিস চলে যাবে বলে বাতিল করে দেবেন আর তারপর মুখ্যমন্ত্রী গুলি করে দেবেন? আজকে এইভাবে মানুষ মারা বন্ধ করুন। স্পোর্টসের ক্ষেত্রে আপনি কিছু ছাড় দিয়েছেন। I am not opposing it. কিন্তু সবই তো বাইরে থেকে আসছে, এখানে তৈরি হচ্ছে না। আপনাদের স্পোর্টস মন্ত্রী বার্থ ডে-তে কেক কাটতে পারেন কিন্তু তাকে বলব, খেলোয়াড় এখানে তৈরি হচ্ছে না। উই আর টু বরো ফ্রম আউটসাইড। এই যে আমাদের টিম নিউজিল্যান্ডে খেলতে গিয়েছে, একজনও কি সেখানে বাংলা থেকে গিয়েছে? এটা লজ্জার কথা। এগুলি ইমপ্রুভ করার চেষ্টা করুন। ঐ চোলি দিয়ে আপনাদের খেলা তৈরি হবে না। আপনারা তিস্তার কথা বলেছেন, আমি সবগুলো কথাই বলেছি। আপনি ট্যাক্সেশন সম্পর্কে প্রপোজালটা নিয়ে আসুন, আমাদের বক্তব্য রাখব। লাস্ট কথা, ওখানে বসে আছেন জ্যোতিবাবু, আমি তাকে বলি আমি জয়নাল আবেদিন মিনিস্টার ইনচার্জ পাবলিক আন্ডার টেকিং হলাম, তখন ঐ ডিপার্টমেন্ট তৈরি হল। অব দি টেন লিস্টেড আন্ডার টেকিংস অল ওয়্যার প্রফিট মেকিং, আপনাদের আমলে আপনারা ৬৯ সাল পর্যন্ত ছিলেন অল ওয়ার লুজিং। জয়নাল আবেদিন যদি সবগুলোকে প্রফিট মেকিং রাখে, আদার দ্যান কল্যাণী স্পিনিং মিল, দুর্গাপুর কেমিক্যালস, আপনাদের তাহলে কেন অল আর মরিবাড একসেপ্ট ব্রিক্স? আজকে হরিণঘাটা—আপনাদের মন্ত্রী নেই, কোথায় গেছেন জানি না ভ্রমণ করতে, ওখানে ১০ হাজার গরু দেখেছি। আমি গরু রাখি, আজকে ৫০০ গরু। আজকে কি দুঃখ ৭১ কোটি টাকা লস। কোথায় যাব, দুর্গাপুর, বর্ধমান সব জায়গায় তুলে দিয়েছেন। এটা সোশ্যাল সার্ভিস, কিন্তু দিজ আর নট হ্যাপি পিকচার্স।

আজকে কেন এই পাবলিক আন্ডার টেকিং নিয়ে আছেন টু এম্প্লিয়োর ইয়োর ওয়ার্থলেসনেস ওয়ার্কার্স যারা কাজ করবে না, এইগুলো কেন লস করবে, সেই জিনিস চলতে পারে না এইগুলো বাড়ান, কেন এইগুলো লস মেকিং হবে, অল টাইম, এভরি থিং? আপনাকে একটা রিকোয়েস্ট করতে চাই, আপনি অন্য ইন্ডাস্ট্রিতে নজর দিয়েছেন, জুটের কথা ভুলে গেছেন জুট ইজ প্রস্পেকটিভ ইন্ডাস্ট্রিজ হিয়ার অব দি ট্র্যাডিশনাল ইন্ডাস্ট্রিজ, জুট আমাদের একটা বড় কথা। এবং নর্থ বেঙ্গল কেন, আজকে সারা বাংলায় জুট হচ্ছে। জুটের সম্পর্কে কোনও কথা বলেন নি, কি ভাবছেন আপনারা? এরা রিফাইন্যান্স করবে এগ্রিকালচারে আপনি মনে করেন কিংবা অন্যতে চায়ের থেকে টাকা নিয়ে এসে? ৯০ পারসেন্ট রিফাইন্যান্স করবে মনে করেন আজকে জুট সম্পর্কে একটা ভাবনা চিন্তা করুন। বসুন, এক্সপার্টরা আসুন আর. ডি. করান ওখানে মারধোর কমিয়ে দিন, আপনার রিসার্চ সেন্টারে মারধোর করছে। আপনাদের প্রতিনিধিরা গিয়ে, জনপ্রতিনিধিরা গিয়ে, আজকে সেইগুলো আপনাকে দেখার জন্য বলছি। ক্যালকাটা এখানে মেগাসিটির কথা বলেছেন। ফর্চুনেটলি ফর আস, প্ল্যানিং কমিশন আমাদের ডেপুটি চেয়ারম্যান, হি হেলস ফ্রম বেঙ্গল, জ্যোতিবাবুর সঙ্গে সম্পর্ক ভাল, আমাদের সঙ্গে সম্পর্ক ভাল, দিস শুড বি এক্সপিডাইট। আপনাদের মজা হচ্ছে হুগলি ব্রিজ করতে ২০ বছর লাগিয়ে দিলেন। আমাদের ব্রিজগুলো আর হল না। আপনারা মেগাসিটিতে কলকাতায় আপনাদের এই সিটি চিপেস্ট ইন দি ওয়ার্ল্ড, কিন্তু এখানে অ্যামিনিটিজ নেই। আমি যেখানে থাকি জল পাওয়া যায় না, ঈদের দিন জল পাচ্ছি না। আলো চলে যাচ্ছে, পাওয়ার সারপ্লাস, এই অ্যামিনিটিজগুলো কেন পাব না, নাগরিক অ্যামিনিটিজগুলো? ওয়াটার তো আপনাকে গ্রামেও দিতে হবে। এই জিনিসটা আপনাদের কাছে আমি বলছি, এই কথাগুলো বলে মাননীয় অর্থমন্ত্রীর সমালোচনা করলাম আমার বোধ হল বলা আর চলে না, সুব্রত মুখার্জি বলেছেন হোয়াট এভার ইউনিয়ন ফাইনান্স মিনিস্টার হ্যাজ সেড, আপনি যতক্ষণ স্যাটিসফ্যাক্টরি এক্সপ্ল্যানেশন না দিচ্ছেন, পিপল উইল বিলিভ ইট, আই অ্যাফ্রেড পিপল উইল বিলিভ ইট. ওখানে কয়লা মন্ত্রী যা বলেছেন, ইফ ইউ ক্যান্ট অ্যাডিকোয়েটলি অ্যান্সার ইট, পিপল উইল বিলিভ ইট, আপনাকে আমি ডকুমেন্ট দিচ্ছি ফর দি প্রাভিটি। মাননীয় মুখ্যমন্ত্রীর লেখা কিছু চিঠি আছে, সবগুলো ফাঁস করলে উনি লজ্জায় পড়বেন, এতগুলো মানুষকে লজ্জায় ফেলার আমার কোনও বাসনা নেই। আজকে সেইজন্য উইথ দিজ ওয়ার্ডস, আই অ্যাম বাউন্ড হামবল লার্নেড ফাইনান্স মিনিস্টার টু অপোজ ইট টুথ অ্যান্ড নেল except you have read liberalisation policy in the guise of your communist attire. এখানে যা আপনি নিয়েছেন। চায়ের আমি সমর্থন করেছি, এই ছোটখাটগুলো রিসাফল্ড করেছেন, উই ডোন্ট oppose it.

আর আপনাকে শেষ কথা বলি, আপনাকে বারবার বলেছি, এটা হেনরি জর্জ ১১০ বছর আগে আমেরিকায় বলেছিলেন কোনও ডেভেলপিং নেশনের ট্যাকসেশনের প্রয়োজন হয় না। যদি ল্যান্ডে অ্যাডিকোয়েট ট্যাক্সেশনটা হয়। ডেভেলপমেন্ট হচ্ছে? আমি আপনাকে বারবার বলেছি, এখনও বলছি, আপনি কিছু স্টেপ নিয়েছেন, কিন্তু দু মাস ধরে মোহরারগুলো আর অফিসারগুলো বোধ হয় ধর্মঘট করে থাকল। এটাও আপনি আরও পরীক্ষা করুন, অ্যাডহক আপনি সিদ্ধান্ত নেবেন না, ল্যান্ডের ট্যাক্সেশন—ভ্যাল্যু ১০০ গুণ বাড়ছে, ২০০ গুণ বাড়ছে।

ট্যাক্স মেজারে আমি নয়, ইন ইয়োর ওয়ে যদি আমি কোনও কাজে লাগি, আই অ্যাম অলওয়েজ রেডি টু হেল্প ইউ। কারণ স্টেটে তো আমি বাস করি। আই অ্যাম নট মাইগ্রেটেড এনিহয়্যার, আমার কিছু লেখা পড়া আছে, ব্যাক গ্রাউন্ড ছিল, have not gone anywhere।

I am ready to serve my country-men, my poor country men. Mr. Learned Finance Minister, you have intended to ruin the economy and the prospect and progress of West Bengal. You have refused to accept in principle the liberalisation in economic restructuring. I am bound to oppose tooth and nail. With these words, I thank you.

[3-30 — 3-40 p.m.]

**শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অর্থ মন্ত্রী রাজ্য বাজেটের যে প্রস্তাব পেশ করেছেন সে প্রস্তাবকে সমর্থন জানিয়ে আমি কয়েকটা কথা উচ্চারণ করতে চাই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের ভারতবর্ষের বর্তমান ফেডারেল কাঠামোর মধ্যে রাজ্য সরকারগুলির দায়িত্ব অনেক, কিন্তু রাজ্য সরকারগুলির অধিকার কম। ভারতবর্ষের অর্থনীতিতে কোনও ঝড় উঠলে সেই ঝড়ের ঢেউ-এর ধাক্কায় প্রথমেই বিপর্যস্ত হয় রাজ্য সরকারগুলির অর্থনীতি, রাজ্যগুলির অর্থনীতি। অথচ দেশের ক্ষেত্রে অর্থনৈতিক নীতি কি হবে, এটা ঠিক করে কেন্দ্রীয় সরকার। একটা দীর্ঘ মেয়াদি মন্দার মধ্যে দিয়ে আমাদের দেশ চলছে। আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট প্রস্তাবকে সমর্থন করছি এই জন্য যে, এই দীর্ঘ মেয়াদি তীব্র মন্দার মধ্যে দাঁড়িয়ে রাজ্যের অর্থনীতিকে একটা জায়গায় দাঁড় করিয়ে রাখার যে প্রচেষ্টা তিনি নিয়েছিলেন সেই প্রচেষ্টায় তিনি সফল হয়েছেন। বিরোধী দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন 'ইণ্ডিয়া টুডে'-এর তিন বছর আগের পুরনো একটা ডাটা বুক এবং মনমোহন সিং-এর প্রবন্ধের একটা কালেকশন নিয়ে কিছু তথ্য দিয়ে প্রমাণ করবার চেষ্টা করছেন যে, আমাদের দেশের ভীষণ অগ্রগতি হচ্ছে। আমি বিরোধী দলের নেতা মাননীয় ডাঃ জয়নাল আবেদিনের দৃষ্টি আকর্ষণ করতে চাই—'ইণ্ডিয়া টুডে' থেকে বোধ হয় অনেক বেশি এফেকটিভ এই বই'টা, যেটা কেন্দ্রীয় সরকার পেশ করে দেশের সামনে, 'ইকনমিক সার্ভে—১৯৯৩-৯৪' এই বই'টার প্রতি। সব চেয়ে আশ্চর্যের বিষয়—'ইকনমিক সার্ভে—১৯৯৩-৯৪' বলছে—১৯৯০-৯১ সালে, অর্থাৎ ভি. পি. সিং. এবং চন্দ্রশেখর যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন যে জায়গায় আমাদের কৃষি উৎপাদন দাঁড়িয়েছিল ১৯৯৪ সালের মার্চ মাসে যে বছর শেষ হচ্ছে সে বছরেও কৃষি উৎপাদন সেই একই জায়গায় দাঁড়িয়ে আছে চার বছরে বৃদ্ধির হার মাত্র ০.৯%। আর গত বছরের তুলনায় কৃষি উৎপাদন এ বছর কমে গেছে ০.৯%। এই তথ্য 'ইকনমিক সার্ভে' দিচ্ছে। তিন বছর ধরে উৎপাদন বাড়ছে না, খাদ্য শস্যের উৎপাদন বাড়ছে না। জনসংখ্যা বাড়ছে প্রতি বছর ২.২% হারে ; তিন বছরে ৬.৬% জনসংখ্যা বাড়ল। অথচ খাদ্য শস্যের উৎপাদন বাড়ল না। ফল কি হয়? মাথা পিছু খাদ্যশস্য কমছে ভারতবর্ষে। মাননীয় বিরোধী দলের নেতাকে আমি জিজ্ঞাসা করতে চাই, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী শারদ পাওয়ারকে ভারতবর্ষের নয়া রূপকার বলে আপনারা গত কয়েক দিন ধরে কোট করছেন, সেই শারদ পাওয়ারকে একটু জিজ্ঞাসা করতে চেষ্টা করবেন কি—মহারাষ্ট্রের

বিদর্ভ অঞ্চলের আদিবাসী বেল্টে কী সংখ্যায় স্টারভেশন ডেথ হচ্ছে? খাদ্যশস্যের উৎপাদন বাড়ছে না, মানুষ খেতে পাচ্ছে না, স্টারভেশন ডেথ বাড়ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সব চেয়ে আশ্চর্যজনক বিষয় হ'ল—কৃষি উৎপাদন বাড়ছে না, কমছে, জনসংখ্যা বাড়ছে, তাহলে তো সরকারের হাতে খাদ্যশস্যের স্টক কমার কথা। কেন্দ্রীয় অর্থ মন্ত্রী গোটা দেশটাকে নিজের দল কংগ্রেসের মতো মূর্খের দেশ মনে করেন। তিনি কৃতিত্ব দাবি করছেন, 'আমাদের হাতে রেকর্ড স্টক আছে।' যেখানে দেশে খাদ্যশস্যের উৎপাদন বাড়ছে না, সেখানে সরকারের হাতে যদি রেকর্ড স্টক থাকে তাহলে সেটা একটা জিনিসই প্রমাণ করে যে, চাহিদা আছে, কিন্তু মানুষ কিনতে পারছে না, মানুষের কেনার ক্ষমতা নেই। এটাই ইকনমিক সার্ভে বলছে, তিন বছরের পুরনো ডাটা বুক নয়। ইকনমিক সার্ভে আরও বলছে—বছরে গড়ে ৮.৭% মূল্য বৃদ্ধি ঘটেছে, এর মধ্যে খাদ্যশস্যের মূল্য বৃদ্ধির হার ছিল ১১.৬%, চিনির ২২.৬%। কনজিউমার গুডস-এর দাম নিচের দিকে থাকলেও, খাদ্যশস্যের দাম উপরের দিকে ছিল। তাহলেই দেখা যাচ্ছে যে, গরিব মানুষের চাহিদা মেটাবার মতো জিনিসের দাম বাড়ছে। বিরোধী দলের মাননীয় নেতা ডাঃ জয়নাল আবেদিন নিশ্চয়ই তার পরবর্তী বক্তৃতায় এই কৃতিত্বর জন্য আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রীকে বাহবা দেবেন। তার অর্থনৈতিক নীতির ফলের এদেশে মারুতি গাড়ির দাম কমে, চালের দাম বাড়ে। এই হচ্ছে আমাদের অর্থনৈতিক নীতি।

উনি শিল্পের ক্ষেত্রে বললেন না—গোটা পৃথিবী নাকি টাকার ঝুলি নিয়ে ভারতবর্ষের দিকে ছুটে আসছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর দেশে ইনভেস্টমেন্ট বাড়ছে এই কৃতিত্ব কেন্দ্রীয় সরকার দাবি করছে। অথচ ইকনমিক সার্ভে বলছে, গত ৩ বছর ধরে শিল্পে উৎপাদন বাড়ছে না। এই ধাঁধাটার উত্তর আমাদের দিয়ে দেবেন। একটা দেশে বিনিয়োগ বাড়ছে অথচ শিল্পের উৎপাদন না বেড়ে এক জায়গায় দাঁড়িয়ে আছে। মাননীয় বিরোধীদল নেতা, আপনি জেনে রাখুন, এই অর্থমন্ত্রীর আমল ছাড়া গত ৪৬ বছরের কোনও সময়ে এইরকম পর পর ৩ বছর শিল্পের ক্ষেত্রে স্ট্যাগনেশন ছিল না। ইনভেস্টমেন্ট বেড়েছে। বাড়বে না কেন? হর্ষদ মেহেতা তো রাস্তা দেখিয়ে দিয়েছে। ইনভেস্টমেন্ট বেড়েছে ফাটকাবাজিতে, শেয়ার-বাজারে। মাননীয় বিরোধীদলের নেতাকে আমি চ্যালেঞ্জ করতে চাই—ভারতবর্ষের রিয়েল ক্যাপিটাল ফরমেশন কমেছে। আপনি ইকনমিক সার্ভে খুলে দেখুন স্যার, গোটা হিসাব ইকনমিক সার্ভে দেখিয়ে দেয়, আপনার গ্রস ডোমেসটিক ইনভেস্টমেন্ট মোট জাতীয় উৎপাদনের কত পারসেন্ট। ১৯৯০-৯১ সালে গ্রস ডোমেস্টিক ইনভেস্টমেন্ট অ্যাজ এ পারসেনটেজ অফ জি. ডি. পি. ছিল ২৭.৪ পারসেন্ট। ১৯৯২-৯৩ সালে সেটা নেমে গেছে ২৪.৫ পারসেন্ট। দিস ইজ দি ম্যাজিক অফ মনমোহন সিং। ওনারা বিদেশি বিনিয়োগের কথা বলেছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি কেবল একটা তথ্য উপস্থিত করতে চাই। গত বছরের এপ্রিল থেকে সেপ্টেম্বর, ১.৮ বিলিয়ন ডলার ভারতবর্ষে বিদেশি পুঁজি ইনভেস্টেড হয়েছে। তারমধ্যে শেয়ারবাজারে ফাটকাবাজিতে গেছে ১ বিলিয়ন ডলার। মাত্র ৩২৪ বিলিয়ন ডলার ডায়রেক্টলি ইনভেস্টেড হয়েছে এবং সেই ইনভেস্টমেন্ট হল চালু ভারতীয় কারখানার মালিকানায় হস্তান্তর হয়ে গেছে। বাটা আর ইণ্ডিয়ার নয়, নেসলে আর ইণ্ডিয়ার নয়। অন্তত ৩৭টি কোম্পানি হাত ছাড়া হয়ে গেছে বিদেশিদের হাতে। এই হচ্ছে আপনার বিদেশি বিনিয়োগের চিত্র। স্যার, গোটা অর্থনীতিতে যদি এইরকম মন্দা চলে তাহলে যে কোনও সরকারের ট্যাক্স

কালেকশনে ক্রাইসিস আসে। আমাদের বিরোধী দল নেতা অভিযোগ করেছেন যে, কেন আমাদের এই রাজ্যে পরিকল্পনার আয়তন বাড়ানো যাচ্ছে না। বাড়ানো যাচ্ছে না তার অন্যতম একটা কারণ হচ্ছে এই, গত ১ বছর আমাদের সরকারের ট্যাক্স রেভেনিউ বাবদ আয় কমেছে ৫৯৩ কোটি টাকা। আর কেন্দ্রীয় সরকারের গত ১ বছর ট্যাক্স রেভেনিউ বাবদ আয় কমেছে ৭ হাজার ৮১ কোটি টাকা। পরোক্ষ করগুলোর আদায় ক্রমশ কম হওয়ায় একটা অর্থনৈতিক মন্দার এটাই হল বৈশিষ্ট্য। মাননীয় বিরোধীদলনেতা খুব উদগ্রীব এবং উত্তেজিত হয়ে পড়েছেন যে আমাদের রপ্তানি বাড়ছে। কৃতিত্ব কার—বাণিজ্য মন্ত্রী শ্রী প্রণব মুখার্জির? নতুন বই ছাপিয়েছেন কেন্দ্রীয় সরকার। কৃতিত্ব যতটা বেশি প্রণব মুখার্জির, তার থেকেও কৃতিত্ব বেশি বোম্বের দাঙ্গাকারি দাউদের। কারণ ১৯৯২ সালের ৬ই ডিসেম্বর, বাবরি মসজিদ ভাঙবার পর বোম্বের ১ মাসের দাঙ্গায় বোম্বে পোর্টে গত বছর শেষ খাতে এক্সপোর্ট আটকে ছিল। এটা আমি বলছি না, আপনাদের কেন্দ্রীয় সরকারের বই বলছে। এ বছরের প্রথম থেকে গত বছরের মার্চ মাসের পর সেগুলি জাহাজে উঠেছে। গত বছরের রপ্তানির শেষ হপ্তা যেটা বোম্বে বন্দরে আটকে ছিল দাঙ্গার কারণে, সেটা এই বছরের অ্যাকাউন্টে আসার ফলে এক্সপোর্টটাতে বাড়তে দেখা যাচ্ছে। সুতরাং কৃতিত্ব প্রণব মুখার্জির নয়, বোম্বের দাঙ্গাকারিদের। আর এখানে রপ্তানি নিয়ে বক্তৃতা করছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জেনে বিস্মৃত হবেন, আমরা নাকি আধুনিক টেকনোলজি দিয়ে অর্থনীতির অগ্রগতি ঘটাব। ভারতবর্ষে এক্সপোর্ট ম্যানুফাকচার আইটেমের পারসেন্টেজ কমছে। গতবার ৭৭.৭ পারসেন্ট ছিল, এবার কমে গিয়ে দাঁড়িয়েছে ৭৫ পারসেন্ট।

[3-40 — 3-50 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কারা ম্যানুফ্যাকচারিং গুডসের এক্সপোর্ট কমায়? তৃতীয় বিশ্বের দরিদ্র দেশ আমরা ম্যানুফ্যাকচারিং গুডসের মেজর ইমপোর্ট করি। তৃতীয় বিশ্বের দরিদ্র দেশ, আই. এম. এফ. আমাদের যেখানে দেখতে চেয়েছিল আমরা সেখানে গিয়ে দাঁড়িয়ে গেছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটু ওনাদের জ্ঞাতার্থে জানাতে চাই আইন করে বাসমতি চাল বিদেশে রপ্তানি করার সময় ন্যূনতম দর বাড়ার কথা ছিল দেশের বাজারে বাসমতি চালের যা দাম বিদেশে এটা কম দামে বিক্রি করা না হয়, তুলে দেওয়া হয়েছে। ভাল জাতের গম রপ্তানি করার যে নিষেধাজ্ঞা ছিল তা তুলে দেওয়া হয়েছে। আমাদের এক্সপোর্ট বাড়ছে, আমরা প্রধানত আমাদের কৃষিজাত পণ্য রপ্তানি করছি। যেটা একটা তৃতীয় বিশ্বের দরিদ্র দেশের বৈশিষ্ট্য আমাদের দেশে কালাহাণ্ডি, আর আমরা চাল রপ্তানি করছি। এই হচ্ছে আমাদের রপ্তানির অগ্রগতির চিত্র। এই রকম একটা দীর্ঘমেয়াদি মন্দার জায়গায় দাঁড়িয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে কৃতিত্ব দিতে হবে, তিনি পরিকল্পনা খাতে তার বরাদ্দের যে সাইজ ঘোষণা করেছিলেন গত বাজেটে তিনি সেটা রক্ষা করতে পেরেছিলেন অন্তত মনোমোহন সিংয়ের মতো গত বছরের বাজেটে যেটা বলেছিলেন তার থেকে ২,৭০০ কোটি টাকা পরিকল্পনা বাবদ খরচ কমাতে বাধ্য হয়েছিলেন, আমাদের মাননীয় অর্থমন্ত্রীর অন্তত সে দুর্দশা হয়নি। উনি বক্তৃতা দিচ্ছেন পিয়ারলেসের কাছে টাকা নিয়েছেন কেন? ৩.৮ বিলিয়ন ডলার ইউরোপিয়ান ব্যাঙ্কগুলি থেকে কমার্সিয়াল বরো করেছেন আপনারা। ৫৮ হাজার কোটি টাকা হচ্ছে আপনাদের টোটাল বাজেটে ক্যাপিটাল লোন বাবদ এসেছে। মাননীয় বিরোধী

দলনেতা আমার এই প্রশ্নের উত্তর দেবেন? আজ পর্যন্ত ভারতবর্ষের কোন অর্থমন্ত্রীর এ দুর্ভাগ্য হয়েছে মনমোহন সিং ছাড়া? যার ১০০ টাকা উপার্জনের মধ্যে ৩৭ টাকা হল ধা একটা বিক্রি হয়ে যাওয়া দেউলিয়া অর্থনীতির চেহারা হচ্ছে ভারতবর্ষের মধ্যে মাননী উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রীর কৃতিত্ব এই তুমুল বিপর্যয়ের মধ্যেও আমাদে রাজ্যের অর্থনীতিকে ধরে রাখতে পেরেছেন। আমি মাননীয় বিরোধী দল নেতা এবং সৌগতবাব সাথে এক মত যে, পরিকল্পনা বাবদ আমাদের খরচ যদি আর একটু বাড়ানো যেত, ভা হত, এই ভালর তো কোনও লিমিট নেই, যত বাড়বে তত ভাল হবে। হ্যাঁ, মহারাষ্ট্রের মত ৫০০ স্টারভেশন ডেথ আমরা করব। মহারাষ্ট্র নিয়ে বক্তৃতা দেবেন, আমাদের গোটা দেশে শিল্প উৎপাদনের সিংহভাগ, মহারাষ্ট্র গোটা দেশের শিল্প উৎপাদনের ধারাবাহিক নিচে নে যাচ্ছে, এটা যদি মহারাষ্ট্রের কৃতিত্বের মধ্যে ধরেন তাহলে শারদ পাওয়ারের পদত্যাগ ক উচিত। আমাদের যে আয় আসতে পারে, রাজ্য সরকারের আপনি জানেন স্যার, তা শতকরা ২৫ ভাগ আমাদের এমন ট্যাক্সের উপর নির্ভর করতে হয় সংবিধান মতে যে ট্যাক্সের অংশ আমাদের রাজ্য দিলেও ট্যাক্সের চরিত্র এবং নীতি নির্ধারণ করেন কেন্দ্রী সরকার, এবং কালেকশন করেন কেন্দ্রীয় সরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের সেন্ট্রা ট্যাক্স যেটা রাজ্যের পাওনা সেগুলির কথা বলছি। ধরুন স্যার, ইনকাম ট্যাক্স। ইনকাম ট্যাক্সে ৮০ ভাগ রাজ্যগুলি পাবে। যদিও বিরোধী ভাবে কর্পোরেশন ট্যাক্সটা ইজ এ পার্ট অ ইনকাম ট্যাক্স তার কোনও ভাগ রাজ্যকে দেওয়া হয় না, অর্থাৎ সংবিধানের সুনির্দিষ্ট নির্দে অনুযায়ী কালেক্টেড ট্যাক্সের ভাগও রাজ্যের পাওয়া উচিত। মাননীয় বিরোধীদলের লোকজন কি অস্বীকার করতে পারবেন যে মাননীয় রাজীব গান্ধীর আমলে পর্যন্ত—ইন্টার ন্যাশনা মানিটারি ফান্ডের অন্যতম শর্ত ডাইরেক্ট ট্যাক্সের পরিমাণ কমাতে হবে, তাতে না কি ইনভেসটমেন্ট বাড়ে। ছাড় দেওয়া হচ্ছে ইনকাম ট্যাক্স, মধ্যবিত্ত অংশ ছাড় পাক, তাতে আমাদের এ ব্যাপারে কোনও আপত্তি নেই, কিন্তু উচ্চবিত্ত অংশ কেন ছাড় পাবে? মাননী সৌগতবাবু ভীষণ উত্তেজিত আপনি বলুন ৩৫ হাজার টাকা যে লোকের ইনকাম সে ছা পাচ্ছে ১ হাজার টাকা, আর ৫ লাখ টাকা যার উপার্জন এ বারের ট্যাক্সের প্রোপোজালে তা ছাড় হল ২৫,৪৮০ টাকা—বড় লোকের পা চাটতে এত ভাল লাগে ওনাদের? রাজ্যে সর্বনাশ হয়ে গেল তাতে ওনাদের কিছু দেখবার নেই এবং এবারের প্রস্তাবে ১,০৭৫ কোটি টাকা ইনকাম ট্যাক্স ছাড় দিয়ে দিলেন। এই প্রস্তাবের এফেক্ট হচ্ছে এই ১,০৭৫ কোটি টাক কম আদায় হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই ১৯৭৫ কোটি টাকার মধ্যে ৮৬০ কোটি টাকা ছিল রাজ্যের পাওনা এবং নাইনথ ফিনান্স কমিশনের ফরমূলা অনুযায়ী আমরা পশ্চিমবঙ্গ ন্যায্যত বঞ্চিত হলাম ৬৮.৬ কোটি টাকা থেকে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনাকে দুটি তথ্য দিলে আপনি বিস্মিত হবেন। আমি এই ফাণ্ডামেন্টাল প্রশ্ন করতে চাই, রাজ্যের উন্নয়নের প্রশ্নে নিশ্চয়ই কংগ্রেসি বন্ধুরা আগ্রহী। আপনারাও জানেন যে, ইনকাম ট্যাক্স বাড়লে রাজ্যের আয় বাড়ে। সেক্ষেত্রে একজিস্টিং ইনকাম ট্যাক্স রেট যা ছিল তাই রাখুন, শুধু ট্যাক্স কালেকশন সম্পর্কে আপনারা সিরিয়াস হোন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি বিস্মিত হবেন শুনলে যে, ১৯৯২-৯৩ সালে ১০ লক্ষ টাকার বেশি উপার্জন করেন এমন লোকের সংখ্যা ওরা কত দেখিয়েছেন—মাত্র ১১

হাজার ১০০ জন। এই দেশে মাত্র ১১,১০০ জন নাকি ১০ লক্ষ টাকার বেশি উপার্জন করেন। কলকাতা শহরের বড় ব্যবসায়িদের কথা ছেড়েই দিলাম, এই শহরের একজন সফল ডাক্তার বা উকিলও ১০ লক্ষ টাকার বেশি উপার্জন করেন, সেখানে ওরা গোটা ভারতবর্ষে দেখিয়েছেন ১১,১০০ জন মাত্র ১০ লক্ষ টাকার বেশি উপার্জন করেন এবং ৫ লক্ষ টাকার বেশি উপার্জন করেন মাত্র ২৯,৩০০ জন। এটা একটা হাস্যকর পরিসংখ্যান। আমাদের এখানে একটা প্যারালাল ব্ল্যাক ইকোনোমি চলছে ১ লক্ষ—কোটি টাকার। আপনাদের বিরোধী দলকেও স্বীকার করতে হবে যে, রাজ্য সরকারগুলির প্রাপ্য ন্যায্য ইনকাম ট্যাক্স আদায় করবার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের লেথার্জির ফলে আজকে দেশে ব্ল্যাক ইকোনোমি বাড়ছে এবং রাজ্য সরকারগুলি তাদের ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হচ্ছে। ভারতবর্ষে যেখানে একমাত্র শেয়ার বাজারে ঢালা হয় ১৬,০০০ কোটি টাকা সেখানে মাত্র ১১,১০০ জনের আয় ১০ লক্ষ টাকার উপর, এই রকম হাস্যকর তথ্যই প্রমাণ করে দেয় যে, ইনকাম ট্যাক্স আদায়ের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার সিরিয়াস নন, কারণ আদায়কৃত ইনকাম ট্যাক্সের ৮০ ভাগ পান রাজ্য সরকারগুলি এবং কেন্দ্রীয় সরকার পান ২০ ভাগ।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার দ্বিতীয় বক্তব্য এক্সাইজ ডিউটি সম্পর্কে। কেন্দ্রীয় সরকারের যেসব করের অংশ আমরা পাই তার একটি হচ্ছে এই এক্সাইজ ডিউটি। কিন্তু কেন্দ্রের স্ল্যাগিশ ইকোনোমির ফলে সেখানে স্ট্যাগনেশন এসে গেছে, তারফলে তাদের ইন্ডাইরেক্ট ট্যাক্স আদায় কমবে। তাই এক্সাইজ ডিউটি বাবদ আয় কমেছে গোটা দেশে ১,৮৫৫ কোটি টাকা গত এক বছরে যেখানে এক্ষেত্রে বাজেটে আদায়ের পরিমাণ ধরা ছিল ৮,০৫০ কোটি টাকা। এরফলে একা পশ্চিমবঙ্গকে হারাতে হয়েছে ৩০-৩১ কোটি টাকা। এবারে তিনি এক্সাইজ ডিউটি সম্পর্কে প্রস্তাব করলেন যে, মাত্র ১৪৮ কোটি টাকা নতুন করে এর থেকে রাজ্য সরকারগুলি পাবে। আপনারা বলতে পারেন যে, এতে তো কেন্দ্রীয় সরকারেরও ক্ষতি, কারণ এর থেকে রাজ্য সরকারগুলি ৪৫ পারসেন্ট পান এবং কেন্দ্রীয় সরকার পান ৫৫ পারসেন্ট, সেক্ষেত্রে রাজ্য সরকারগুলি যদি ১৪৮ কোটি টাকা পান তাহলে কেন্দ্রীয় সরকারও তো বেশি পাবেন না। কিন্তু আমি বলি, কেন্দ্রীয় সরকারের তো এই টাকা দরকার নেই, কারণ ইতিমধ্যে তারা অ্যাডমিনিস্টার্ড প্রাইস হাইক করে ৬,২০০ কোটি টাকা আদায় করে নিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অ্যাডমিনিস্টার্ড প্রাইস হাইক ইজ নাথিং বাট অ্যানাদার ফর্ম অফ এক্সাইজ ডিউটি। যেহেতু কেন্দ্রীয় সরকার বিশেষ আইন বলে এই ৬,২০০ কোটি টাকা আদায় করেছেন তাই তার এক-আধলাও রাজ্য সরকারগুলিকে দিতে হবে না। তাই এক্সাইজ ডিউটিতে তারা ছাড় দিয়েছেন। দুই মাস আগে অ্যাডমিনিস্টার্ড প্রাইস হাইক করে ৬,২০০ কোটি টাকা তারা তুলে নিয়েছেন যারফলে আজকে প্রতিটি জিনিসের দাম বেড়ে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনিই বলুন, কোন যুক্তিতে তারা এটা করে থাকেন, কারণ এটা ওয়ান ফর্ম অফ এক্সাইজ ডিউটি হলেও ৬,২০০ কোটি টাকার যে সার্ভিস চার্জ বসিয়েছেন তার এক-আধলা পয়সাও রাজ্যগুলিকে তারা দেবন না। আমাদের পরিকল্পনার আয়তন সম্পর্কে কটাক্ষ করা হয়েছে। আমাদের পরিকল্পনা যা আছে তার আয়তন আরও বেশি হওয়া উচিত, সেটা বাড়িয়ে দশ-পঞ্চাশ গুণ করতে পারলে ভাল হয়, কিন্তু তারজন্য কেন্দ্রকে বলুন যে, ঐ সার্ভিস ট্যাক্সের পারসেন্টেজ আমাদের দিতে হবে। ওদের বাজেটের

পৃষ্ঠায় পৃষ্ঠায় দেখুন, সেখানে কিভাবে রাজ্যগুলিকে বঞ্চনা করা হয়েছে। গত বছর ১৫০ কোটি টাকা রাজ্যগুলিকে ঋণ হিসাবে দেওয়া হয়েছিল। মার্জিনাল ফার্মারদের জন্য পেস্টিসাইড ফার্টিলাইজার ইত্যাদির জন্য সাবসিডি দিতে রাজ্যগুলিকে ঐ ১৫০ কোটি টাকা ঋণ হিসাবে দিয়েছিলেন কেন্দ্রীয় সরকার। ভাল কাজই করেছিলেন এটা। যেহেতু পশ্চিমবঙ্গে মার্জিনাল ফার্মারের সংখ্যা বেশি তাই ঐ ১৫০ কোটির মধ্যে ৩০ কোটি টাকা পেয়েছিল একা পশ্চিমবঙ্গ কিন্তু এবারে আই. এম. এফের ধমকিতে ঐ ১৫০ কোটি টাকার প্রভিসন তারা তুলে দিলেন মাননীয় কয়লামন্ত্রী কয়লার সেস্ সম্পর্কে কিছু মন্তব্য করেছেন এবং ঐ ব্যাপারে আমাদের অর্থমন্ত্রী সম্পর্কেও কিছু মন্তব্য করেছেন। এই সম্পর্কে কেউ কেউ এখানে বলেছেন;

[3-50 — 4-00 p.m.]

এখানে যে কথা আমাদের অর্থমন্ত্রী সম্পর্কে বলেছেন, কেন্দ্রীয় সরকারের কয়লা মন্ত্রী ওটা ওনাকেই মানায়। কংগ্রেসের কালচারের পক্ষে এটা কেন্দ্রীয় সরকারের দরকার। আমি জিজ্ঞাসা করতে চাই যে ঐ রকম জিনিস কংগ্রেসের মধ্যে বেশি থাকতে কেন বাইরের দিকে অত বেশি নজর দিচ্ছেন? যেকথা আমাদের অর্থমন্ত্রী সম্পর্কে বলেছেন কেন্দ্রীয় কয়লা মন্ত্রী সে সম্পর্কে পরে আসছি। এখন যে কথা বলছি, আপনাদের অধিকার আছে, আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনবেন। সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী কয়লার সেস বাবদ আমাদের Coal Department-এর কাছে ৮ শত কোটি টাকা পাওনা। পুরানো আমাদের কেন্দ্রের কাছে যেটা বকেয়া আছে সেটা হচ্ছে ৪ কোটি টাকা। এখনও এই ৪ কোটি টাকা আমরা পাইনি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। আপনি পারলে কাল সকালে আমার বিরুদ্ধে প্রিভিলেজ আনবেন। যে কথাটা কেন্দ্রীয় কয়লা মন্ত্রী আমাদের অর্থমন্ত্রী সম্পর্কে বলেছেন, সেটা তাদের নিজেদের অর্থমন্ত্রী সম্পর্কে বলছেন না কেন? ভরতুকি নিয়ে যে কথাটা মনমোহন সিং নিজেদের অর্থমন্ত্রী সম্পর্কে বলছেন না কেন? ভরতুকি নিয়ে যে কথাটা মনমোহন সিং পার্লামেন্টে বলেছেন, বাইরে বলেছন তাতে গোটা দেশকে ভাঁওতা দেওয়া হচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় বাজেট পেপার দেখলে আপনি দেখবেন যে গত ৫ বছরের মধ্যে মিনিমাম সাবসিডি দেওয়া হয়েছে এই বছর। কি ভাবে ধূর্ততার সঙ্গে সাবসিডি উইথড্র করা হয় তার একটা উদাহরণ দিলে আপনি বুঝতে পারবেন। রিভাইজড এস্টিমেটে গতবারের বাজেটে খাদ্য বাবদ সাবসিডি ছিল ৫ হাজার ২ শত কোটি টাকা। এবারের বাজেট প্রস্তাবে ৪ হাজার কোটি টাকা। আমি কেন্দ্রীয় বাজেট থেকে কোট করছি। অর্থাৎ ১২ শত কোটি টাকা কমলো। ফার্টিলাইজারের ক্ষেত্রে গতবার বাজেটে রিভাইজড এস্টিমেটে ছিল ৪ হাজার ৪ শত কোটি টাকা। আর এবারের বাজেটে বরাদ্দ হচ্ছে ৪ হাজার কোটি টাকা। এখানে ৩৪ শত কোটি টাকা কমেছে আর এগ্রিকালচার হেডের সঙ্গে ছোট-খাটো একটা জুড়ে রেখেছেন, অ্যাসিস্টেন্স ফর ফার্টিলাইজার প্রমোশন বলে একটা নূতন হেড। গতবারে এতে বরাদ্দ করা হয়েছিল ৬৩২ কোটি টাকা অ্যাসিস্টেন্স ফর ফার্টিলাইজার প্রমোশন মানে সারের দামের ক্ষেত্রে ভরতুকি। এই ৬৩২ কোটি টাকার অ্যামাউন্ট এগ্রিকালচার হেড থেকে নীরবে তুলে দিয়েছেন। কাজেই এগ্রিকালচার হেড থেকেও এই ৬৩২ কোটি টাকা কমলো। ১ হাজার ১৮২ কোটি টাকার সাবসিডি কমেছে কেবল মাত্র সারের ক্ষেত্রে। এই বিষয়ে বিন্দুমাত্র কারও আপত্তি নেই। খাদ্যে ভরতুকি কমেছে ১ হাজার ২ শত কোটি টাকা। গোটা দেশকে যারা ভাওতা দেন, আমি তাদের বলব যে

আপনারা নিজেদের দিকে একটু তাকান, আমাদের দিকে তাকানোর দরকার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব আশঙ্কার কথা বিরোধীদলের নেতা বলেছেন। তিনি বলেছেন যে আমাদের অর্থমন্ত্রী নাকি ওদের অর্থমন্ত্রীর মতো করে বাজেট করেছেন। আমি ওদের একথা বলব যে মরে গেলেও আপনাদের অর্থমন্ত্রীর মতো বাজেট আমাদের অর্থমন্ত্রী চান না। আর একটা কথা বলেছেন যে আমরা নাকি মিথ্যা প্রচার করছি যে কাস্টম ডিউটি কমিয়ে এক্সাইজ ডিউটি বাড়ানো হয়নি। কাস্টম ডিউটি কমানো মানে বিদেশি জিনিসের দাম সস্তা করা, আর এক্সাইজ ডিউটি বাড়ানো মানে দেশের জিনিসের দাম বাড়ানো। ৪টি আইটেম—আয়রন অ্যান্ড স্টিল, পেপার অ্যান্ড পেপার ওয়ার্ক, ব্লক অ্যান্ড ওয়াচেজ এবং অর্গানিক কেমিক্যালস, এই ৪টি আইটেমের উপরে এবারে সাইমালটেনিয়াসলি কাস্টম ডিউটি কমেছে এবং এক্সাইজ ডিউটি বাড়ানো হয়েছে। ভারতবর্ষের মাটিতে এখন বিদেশি ঘড়ি সস্তা, দেশীয় ঘড়ির দাম বাড়ানো হয়েছে। ভারতবর্ষের মাটিতে বিদেশ থেকে আমদানি করা যে স্টিল, সেটা সস্তা। আর দেশের তৈরি ইস্পাত, দেশের তৈরি লোহা, দেশের তৈরি লোহা ইঞ্জিনিয়ারিং এবং হেভি ইঞ্জিনিয়ারিং সংস্থাগুলি যার উপরে সবচেয়ে নির্ভর করে, সেগুলির দাম বাড়ানো হয়েছে। মাসূল সমীকরণ নীতির ফলে ফ্রেটের যে সুবিধা, সেই সুবিধা কিভাবে আটকাতে হয় সেটা ওরা ভালভাবে জানেন। মহারাষ্ট্র বা পশ্চিম ভারত জুড়ে সিমেন্ট কারখানাগুলি আমাদের এখান থেকে, পূর্ব ভারত থেকে কয়লা কেনে। সেই কয়লা যাতে কিনতে না হয়, কয়লার উপরে তারা ইম্পোর্ট ডিউটি কমিয়ে দিলেন এবং বলে দিলেন যে পশ্চিম উপকূলবর্তী সিমেন্টের কারখানাগুলি এখন বিদেশ থেকে কয়লা আনতে পারবে, পূর্ব ভারত থেকে কয়লা আনার প্রয়োজন নেই। এরা কি দেশপ্রেমিক সরকার, এরা কি দেশের ভাল করছে? আমি আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি।

অন্তত আমাদের ৬টি আইটেম আছে যে ৬টি আইটেমে কেন্দ্রীয় সরকার এবারে ট্যাক্স বাড়িয়েছেন। ফার্টিলাইজারে কেন্দ্রীয় সরকার দাম বাড়িয়েছেন, আমাদের অর্থমন্ত্রী তার কর প্রস্তাবে কমিয়েছেন। পেস্টিসাইটস, কেন্দ্রীয় সরকার বাড়িয়েছেন, আমাদেব সরকার কমিয়েছেন। মেডিসিন, ঔষধে কেন্দ্রীয় সরকার বাড়িয়েছেন, আমরা কমিয়েছি। ছাতার ক্ষেত্রে তাই, জুতার ক্ষেত্রে তাই, কাগজের ক্ষেত্রেও তাই। বেবি ফুড, দেশলাই-এ আমাদের সরকারের কর প্রস্তাব যা আছে তা সাধারণ মানুষের ক্ষেত্রে সুবিধা হবে। আপনারা কি কি জিনিসের উপর দাম বাড়িয়েছেন? এবারে আসুন, কটন ইয়ার্নের দাম বাড়িয়েছেন সুতির দাম বাড়ল, পলিয়েসটার ইয়ার্নের দাম কমিয়ে দেওয়া হয়েছে। কেন? আম্বানির টাকা নিয়ে এম. পি. কেনা-বেচা করেছেন, সেই টাকা তো ফেরত দিতে হবে আম্বানিকে। কাজেই পলিয়েসটার ইয়ার্নের ছেড়ে দেওয়া হল। স্যার, আপনি ভাবতে পারেন একটা দেশের সরকার কর প্রস্তাব করছে, ডিটারজেন্ট কেকের দাম কমল, আর জনতা সোপ, লুড্রি সোপের দাম বাড়ল। মজার ব্যাপার হল এই করে ৩০ কোটি টাকা সরকারের যে আয় হবে, এই ৩০ কোটি টাকা সরকারের বেরিয়ে যাবে। বাড়তি ৩০ কোটি টাকা কেন্দ্রীয় সরকারের আসবে না। শুধু গরিবরা ব্যবহার করে এই রকম সাবানের দাম বাড়িয়ে বড়লোকদের ব্যবহার্য সাবানের দাম কমিয়ে দিলেন। স্যার, এই দেশেই এটা সম্ভব যে, (এক) বাজেটে কালার টি. ভি.-র দাম কমে আর ব্ল্যাক অ্যান্ড হোয়াইট টি. ভি.-র দাম বাড়ে। এই দেশেই একমাত্র সম্ভব, মনমোহন সিং-এর আমলেই

সম্ভব হালকা মোটর গাড়ির দাম কমে, আর চায-বাসের জন্য যে ট্রাক্টার লাগবে সেই ট্রাক্টারের যন্ত্রাংশের দাম বাড়বে। ছাতার দাম এখানে বাড়ে, আর বড় লোকদের ঘর সাজানোর প্যানেল বোর্ডের দাম কমে। বেডিং-এর দাম বাড়ে আর রেফ্রিজারেটরের দাম কমে, ঔষধের দাম বাড়ে, মেডিক্যাল ইন্সট্রুমেন্টের দাম বাড়ে। এর পরেও আবার বলবেন এমন বাজেট হয় না। আমাদের এই রাজ্যের মানুষ রক্ষা করেছেন আমাদের অর্থমন্ত্রীকে, আন্দোলনের মধ্যে দিয়ে তারা সরিয়ে রাখার চেষ্টা করেছেন নিরাপদ দূরত্বে যে বিপদজনক রাস্তা দিয়ে কেন্দ্রের অর্থমন্ত্রী হাঁটছেন সেই বিপদজনক রাস্তা দিয়ে আমাদের অর্থমন্ত্রীকে যাতে হেঁটে যেতে না হয়। ওদের জবাব দিতে হবে—সুব্রতবাবুর কাছ থেকে আমি জানতে চাই। উনি বলুন, কেন একটা রাজ্যের অর্থনৈতিক ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের কর প্রস্তাবে অন্তত ৪টি শিল্পকে চূড়ান্ত খারাপ জায়গায় ঠেলে দিল? আমার থেকে আপনি ভাল জানেন, আপনি আই. এন. টি. ইউ. সি.-র নেতা। সেইগুলি হল, লোহা, ইস্পাত, চট এবং কটন টেক্সটাইল। এই পথে হাঁটবেন আমাদের অর্থমন্ত্রী?

(এই সময় লাল বাতি জ্বলে উঠে)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য শেষ করছি। ১৬টি সংস্থা বি. আই. এফ. আর.-এ রেফার হয়েছে। এম. এ. এম. সি.-র জন্য বাজেটে এক পয়সা ইনভেস্টমেন্ট নেই, বিকোলরির জন্য এক পয়সা ইনভেস্টমেন্ট নেই। আপনি কি বলবেন, ভারত অফথ্যালমিক-এর জন্য ১ লক্ষ টাকা ইনভেস্টমেন্ট, সাইকেল কর্পোরেশন অফ ইন্ডিয়ার জন্য ১ লক্ষ টাকার এই বছরের জন্য ইনভেস্টমেন্ট, ন্যাশনাল ইন্সট্রুমেন্টের জন্য ১ লক্ষ টাকা ইনভেস্টমেন্ট। আর এই ভদ্রলোককে দিয়েই সৌগতবাবু পারেন অন্তত সুব্রতবাবুর আত্মমর্যাদা বোধ আছে, তিনি বলেছেন মনমোহন সিং-এর সঙ্গে এক পথে হাঁটার আগে আমি বিষ খেয়ে মরব—ওনার তো আত্মসম্মান বোধ নেই, তিনি পারেন অ্যাম্বুলেন্স উদ্বোধন করাতে। তা ছাড়া অ্যাম্বুলেন্স উদ্বোধন করার আদর্শ লোক তার মতো তো নেই। কারণ যে অর্থমন্ত্রী গোটা দেশের লোককে অ্যাম্বুলেন্সে তুলে দিয়েছেন তিনি ছাড়া কেই বা অ্যাম্বুলেন্স উদ্বোধন করবেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী, যখন দেশের অর্থনীতি এই রকম একটা চূড়ান্ত অবস্থা দাঁড়িয়ে, সেই অবস্থায় তার আপ্রাণ চেষ্টার মধ্যে দিয়ে রাজ্যের অগ্রগতি ধরে রেখেছেন। গোটা ভারতবর্ষে একটা ঝড় উঠেছে, পশ্চিমবাংলা সেই ঝড়ের বাইরে থাকতে পারে না, আমাদের অর্থমন্ত্রী তার সীমিত ক্ষমতার মধ্যে দিয়ে সেই ঝড়ের হাত থেকে পশ্চিমবাংলার সাড়ে সাত কোটি মানুষকে আগলে রেখেছেন, রক্ষা করছেন। কংগ্রেসের এই কৃতজ্ঞতা বোধ নেই, তাই তারা সমর্থন করতে পারেন না। আমাদের কৃতজ্ঞতা বোধ আছে, আমরা সমর্থন করছি। সবাই এই বাজেট প্রস্তাবকে সমর্থন করুন এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-00 — 4-10 p.m.]

**শ্রী অম্বিকা ব্যানার্জি :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আজকে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন, আমি মনে করি, সেই বাজেট তার ব্যর্থতার একটি দলিল। সারা বাজেট পড়ে আমরা প্রথমে কি দেখছি, না তার তিন ভাগের একভাগ কেন্দ্রের বিরুদ্ধে শুধু

বিষোদগার করেছেন এবং তার সার্বিক যে ব্যর্থতা আজকে সতের বছর ধরে ঢাকছেন, সেটাকে ঢাকবার চেষ্টা করে এসেছেন। আজকে এই সংকটময় মুহূর্তে যেখানে আমাদের সবচেয়ে বেশি চিন্তা করার ছিল, যেখানে আমাদের বেকার সমস্যা ভয়াবহ রূপ ধারণ করেছে, যেখানে বেকার সমস্যা সারা ভারতবর্ষের মধ্যে একের তিন অংশ, যেখানে ইন্ডাস্ট্রিগুলো সারা ভারতবর্ষের মধ্যে প্রায় একের তিন অংশ বন্ধ হয়ে গেছে, বা যেগুলো আছে সেগুলো ধিক্‌ধিক্ করে চলছে, সেই সব কথার উল্লেখ নেই। একটু আগে মাননীয় মানববাবু কেন্দ্রীয় সরকারের অধীনে যেসব ইন্ডাস্ট্রিগুলো আছে সেগুলোর নাম করে বলছিলেন। কিন্তু একবারও বললেন না পশ্চিমবঙ্গ সরকার যেগুলো অধিগ্রহণ করেছেন সেগুলোর অবস্থা কি? বি. আই. এফ. আর. এখনও পর্যন্ত কোনও সময়ে বলেননি, তারা রায় দেননি। কিন্তু এটা ঠিক যে ভর্তুকিতে ভর্তুকিতে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট যেমন সিক্ হয়ে গেছে, তেমনি রাজ্য সরকারের অধিগৃহীত সংস্থাগুলিও সিক হয়ে গেছে। তবুও কেন্দ্রীয় সরকার কখনও বলেন নি যে এগুলো উঠিয়ে দেওয়া হবে, এখানে ছাঁটাই হবে, এখানে মডার্নাইজেশন হবে না, এইসব কথা কখনও বলা হয়নি। তা সত্ত্বেও মানববাবুর মুখ দিয়ে অর্থমন্ত্রীর যে বক্তব্য, তার রিপিটেশন ছাড়া আর কিছু আমরা শুনতে পেলাম না। এখানে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা বারবার করে বলা হয়েছে। কিন্তু কেন্দ্রীয় সরকার যেগুলো দিচ্ছেন, স্মল সেভিংস্ লোন, যেটা থেকে বোঝা যাচ্ছে—এটা গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল, 'অ্যাট এ গ্লাসস' থেকে নেওয়া, এখানে আমরা কি দেখছি? গত বছরে পাঁচশ কোটি টাকা যেখানে ছিল, এবারে সেটি ৮২৫ কোটি হয়েছে—১৯৯৪-৯৫ সালে এটা হয়েছে। এখন বলুন, বঞ্চনাটা তাহলে কোথায় হয়েছে? একবারও তো এই কথাটা বললেন না? এই রকম বহু আছে, আমি কয়েকটি উদাহরণ দিচ্ছি। যেখানে স্টেটের টোটাল বাজেট ১৯৯৩-৯৪-তে ছিল ৩,৫১৮ কোটি টাকা, সেখানে তারা নিজেরা কত টাকা রিয়ালাইজ করেছেন তা একবারও বললেন না। একবারও বললেন না যে তারা সম্পূর্ণভাবে বিফল হয়েছেন। সেখানে তারা করেছেন, ২,৯৬৪ কোটি টাকা। ডিফারেন্সটা একবার দেখুন, ৬০০ কোটি টাকা শর্টফল হয়েছে। একবারও বিফলতার কথা বলছেন না। ইনকাম ট্যাক্স সেন্ট্রাল সাবজেক্ট। কিন্তু সেলস্ ট্যাক্সের ক্ষেত্রে কত পারসেন্ট রিয়ালাইজ করেছেন? চারিধারে ইন্সপেক্টরদের পাঠিয়ে দিয়েছেন, তারা ঘরে ঘরে গিয়ে রেড্ করছেন। আমরা সেখানে কি দেখতে পাচ্ছি। ছোট ছোট কোম্পানিগুলোকে যেখানে তাদের উৎসাহ দেবেন, যাদের তেমন ইনফ্রাস্ট্রাকচার নেই, দু'তিনজন লোক দিয়ে যারা কাজ করে, সেখানে ঐ ইনসপেক্টররা যাচ্ছেন। ঐ সমস্ত কোম্পানিগুলোর সেলস্ ট্যাক্স-এর যে প্যারাফার্নালিয়া এবং ফর্মালিটিজ আছে, সেগুলো করবার ক্ষমতা নেই, তাদের উপরে রেড করা হচ্ছে। কিন্তু বিশাল বিশাল কোম্পানি যেগুলো সেলস্ ট্যাক্স ফাঁকি দিয়ে যাচ্ছে তাদের কতজনকে ধরেছেন, তাদের কাছ থেকে রিয়ালাইজ করছেন না কেন?

একটি নতুন ছোট কোম্পানি সে ওই ধরনের সেলস্ ট্যাক্সের রেজিস্ট্রেশন করবে কিন্তু সেখানে এত নানা রকম ফর্ম যে কাজ করতে অনেক সময় লেগে যাচ্ছে। ৪-৫টা ফর্ম ভর্তি করতে ঘণ্টার পর ঘণ্টা, মাসের পর মাস চলে যাচ্ছে অপেক্ষা করে থাকতে হচ্ছে। রেজিস্ট্রেশন পেতে যে এত দেরি হচ্ছে তারজন্য কোনও নজর নেই। এরজন্য একটা ওয়ান উইন্ডো ব্যবস্থা থাকলে ভাল হত। ব্যবসা করতে গেলে এটাকে আরও সরলিকরণ করার দরকার। সবকিছু

যাতে একটা জায়গাতে থাকে যেমন সেলস্ ট্যাক্স রেজিস্ট্রেশন, ইনকাম ট্যাক্স রেজিস্ট্রেশন, এইসব সমস্ত ফর্মালিটিজ যথা ওয়াটার সাপ্লাই ইলেক্ট্রিক সাপ্লাই কানেকশন ইত্যাদি সিস্টেম এক জায়গায় থাকার দরকার। এটা অন্যান্য রাজ্যে আছে কিন্তু পশ্চিমবঙ্গে নেই। স্টেট গভর্নমেন্টের তো মাইনে দিতেই ৩ হাজার কোটি টাকা বেরিয়ে যায়। তারসঙ্গে ইন্টারেস্ট সহ অন্যান্য যেসব প্যারাফার্নেলিয়া লোন আছে সেই লোনগুলোও শোধ করতে হয়। এরফলে ৩ হাজার কোটি টাকার সঙ্গে ৭২২ কোটি টাকা চলে যাচ্ছে। ইন্টারেস্ট এবং লোন শোধ করতেই তো সব টাকা চলে যাচ্ছে এর উপরে প্ল্যানের কাজ করবেন কি করে? ইন্টারেস্ট রিপেমেন্ট করতে গিয়ে প্ল্যানের টাকা যেটা পাচ্ছেন সেটা ঢুকে যাচ্ছে। ৫ম পরিকল্পনায় ৩ হাজার ৫০০ কোটি টাকা এসেছিল তার কত পরিমাণ খরচ করতে পেরেছিলেন? তারমধ্যে আপনারা ২৩ কোটি টাকার বেশি খরচ করতে পারেন নি। সেভেনথ প্ল্যানে ৭ হাজার কোটি টাকার মধ্যে মাত্র ৪ হাজার ৬০০ কোটি টাকা খরচ করলেন। অষ্টম পরিকল্পনায় ১৪ হাজার কোটি টাকার মধ্যে ৪ হাজার কোটি টাকা খরচা করলনে এবং ৮ হাজার কোটি টাকার উপরে খরচ করতে পারেন নি। এইভাবে কেন্দ্রের টাকা নিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বঞ্চিত করছেন। কয়েকদিন আগেই সেন্ট্রাল গভর্নমেন্ট পুলিশের ডিপার্টমেন্টের ট্রান্সপোর্টের জন্য অর্থ বরাদ্দ করলেন কিন্তু সেই টাকা সেই কাজে লাগানো হল না। গভর্নমেন্ট টাকা দিলেন ট্রান্সপোর্ট কেনার জন্য আর সেই টাকা আপনারা পুলিশের অন্য খাতে খরচ করলেন। আপনারা ভেহিক্যাল না কিনে সেই টাকা নিয়ে অপচয় করলেন। সুতরাং এর দায় দায়িত্ব সেইক্ষেত্রে আপনারা ব্যর্থ হয়েছেন এবং এর ভার কে নেবে আজকে সেটা ভাবার বিষয়। তারপরে এখানে মানববাবু স্টেট শেয়ারস্ অফ ইউনিয়নের ট্যাক্সসেস অ্যান্ড ডিউটিজের কথা বললেন। আপনারা ১৯৯৩-৯৪ সালে এই বাবদ ১৬২৬ কোটি টাকা পেয়েছেন এবং ১৯৯৪-৯৫ সালে পেয়েছেন এই বাবদ ১,৭৭৪ কোটি টাকা। কিন্তু আপনারা এতে কত খরচ করতে পেরেছেন? কেন্দ্রীয় সরকার যে উদার নীতি গ্রহণ করেছে তার কতটা আপনারা নিতে পেরেছেন। এই পলিসির মাধ্যমে এখানে অনেক শিল্প তৈরি হতে পারত কিন্তু তা না হয়ে বড় বড় বেস্ট ইন্ডাস্ট্রিগুলো এখান থেকে উঠে যাচ্ছে।

[4-10 — 4-20 p.m.]

সেখানে যেমন মহারাষ্ট্র পড়ে তার মধ্যে পশ্চিমবঙ্গও পড়ে। মহারাষ্ট্রে যেখানে ১ লক্ষ কোটি টাকা তারা ইনভেস্টমেন্টের দিকে যাচ্ছে, সেখানে এখানে মাল্টি ন্যাশনালের বিরুদ্ধে বলা হচ্ছে। কয়েক দিন আগে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ১৭ কোম্পানি লাইন দিয়ে রয়েছে পশ্চিমবঙ্গে তারা ইনভেস্টমেন্ট করবেন বলে। আমরা জানিনা তারা কারা। কিন্তু এই ১৭ টি কোম্পানি কোথা থেকে আসছে তারা কি ভারতবর্ষ থেকে আসছে? কেন্দ্রীয় সরকার যখন বলছেন মাল্টি ন্যাশনাল কোম্পানিকে নিয়ে এখানে ইনভেস্ট কর, ইনভেস্ট হলে বেশি চাকুরি হবে, অনেক বেশি ইকনমি গ্রোথ হবে। এখানে যে সমস্ত মাল্টি ন্যাশনাল কোম্পানিগুলি আসছে তারা তাহলে কি, তাও তো পারছেন না। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার বিদেশ গিয়েও পারেননি, সেটা আর একজনের মাধ্যমে নিয়ে আসছেন আমেরিকান মাল্টি বিলিয়ান ডলার কোম্পানি, অদেরকে ধরতে হয়েছে তবে হয়ত হলদিয়া পেট্রোকেমিক্যালস একটা রূপায়ণ নেবে। কিন্তু আমরা জানি না এটা কতদূর দাঁড়াবে? মাননীয় মুখ্যমন্ত্রী রিয়ালাইজেশনের কথা

বলছেন কোটি কোটি টাকা আজকে এধার ওধার হয়ে যাচ্ছে, কতকগুলি এজেন্সির জন্য সাধারণ মানুষের এই অবস্থা হচ্ছে। আমরা জানি পিয়ারলেসের কাছ থেকে সরকার টাকা ধার করেছেন, তাদেরকে প্রটেকশন দেবার জন্য কিনা জানিনা, এই সমস্ত চিট ফান্ডগুলি তারা পশ্চিমবাংলায় লক্ষ লক্ষ মানুষকে সর্বশান্ত করে দিয়ে চলে যাচ্ছে। আমরা কয়েকদিন আগে খবরের কাগজে দেখলাম ফেবারিট নামে একটা কোম্পানি ধরা পড়েছে, আবার রেনেসা এবং আরও ৫।৬টি কোম্পানি এই রকম আছে তারা, পশ্চিমবাংলার এনফোর্সমেন্ট ব্রাঞ্চ তারা বলছে আমরা বারবার বলা সত্ত্বেও এদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। এই রকম ১০/১২টি কোম্পানি মধ্যবিত্ত শ্রেণীর মানুষগুলির সর্বনাশ করছে। এনফোর্সমেন্ট ব্রাঞ্চ বারবার সরকারের নজরে এনেও কোনও অদৃশ্য কারণে তারা এদের মালিকদেরকে অ্যারেস্ট করতে পারছেন না। আমরা কি ধরে নেব পিয়ারলেসকে সাহায্য করবার জন্য তারা এই রকম করছেন। স্যার, লিবারালাইজেশন পলিসির যে অ্যাডভানটেজ সেখানে আমরা যদি ইন্ডাস্ট্রিগুলিকে বাড়াতে না পারি, যদি নূতন ইন্ডাস্ট্রি গড়তে না পারি সেইগুলি যদি ভায়াবেল বা মডার্নাইজেশন করতে না পারি এইটা করতে গেলে যেটা দরকার বেসিক ইনফ্রাস্ট্রাকচার, সেটাই আমরা পশ্চিমবঙ্গে এখনও করতে পারিনি। সল্ট লেকে যে ইলেক্ট্রনিক প্রোজেক্ট এর কথা বলা হয় আজ পর্যন্ত কয়টি ইলেক্ট্রনিক প্রোজেক্ট তারা বাইরে থেকে এনেছেন। কেন আসবে এখানে রাস্তা নেই, জলের ,ব্যবস্থা নেই, নিরাপত্তা নেই। আমি এখানে বহুবার বলেছি, তা সত্ত্বেও কোনও ব্যবস্থা সেখানে নেওয়া হয়নি। মাননীয় মুখ্যমন্ত্রী এবং অসীমবাবুকে একটি কথা বলতে চাই, শিল্পের আবহাওয়া তৈরি করতে না পারার প্রধান কারণ হচ্ছে বেসিক ইনফ্রাস্ট্রাকচার রাস্তাঘাট নেই। কল্যাণীতে দেখবেন সেখানে ওয়েবেল সেরামিক যেটা আছে সেটা জার্মান কোম্পানি তারা দেখতে এসেছি,—জ্যোতিবাবু নিয়ে আসেননি—এই ওয়েবেল হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের, এই ওয়েবেল সেরামিক সেখানে জার্মান কোম্পানি তারা দেখতে এসেছিল তারা বলেছে, এদের প্রোডাকশন আমরা বাড়াতে পারি, এদের পলিশ কোলাবোরেশানে যেটা হয়েছিল সেটা নষ্ট হয়ে গিয়েছে, তাদের মেশিনারি নেই, যন্ত্রপাতি নেই, যার সাহায্যে ভায়াবেল করা যায়, সেখানে ইমিডিয়েটলি ইনভেস্ট করতে হবে ১২০ কোটি টাকা, তবে ইনফ্রাস্ট্রাকচার দাঁড়াবে।

দেখে এসেছি সেখানে কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। সেখানে যেতে গেলে যে রাস্তার দরকার, যে ট্রেন সার্ভিসের দরকার, যে জলের দরকার সেগুলো যদি না হয়, অর্থাৎ এক কথায় ইনফ্রাস্ট্রাকচার না হয় তাহলে ওয়েবেল সেরামিক্স সেখানে যাবে কেন। এখানে যদি কোনও বিরাট কমপ্লেক্স তৈরি না হয় তাহলে কোনওদিন ওয়েস্ট বেঙ্গল কোনও ইন্ডাস্ট্রিয়ালিস্ট, বিশেষ করে ফরেন ইনভেস্টমেন্টের কোনও সুযোগ আমাদের হবে না। তাই আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে ব্যর্থতার দলিল আমাদের সামনে পেশ করেছেন, সেই দলিলকে আমরা কোনও মতেই সমর্থন করতে পারছি না।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বাজেট এখানে পেশ করা হয়েছে, এই বাজেট সম্বন্ধে আমি আপনাদের কাছে বলছি যে আমরা যারা সমাজতান্ত্রিক রাষ্ট্রের কথা বলি এবং সেই পরিপ্রেক্ষিতে যদি দেখি, তাহলে দেখব যে আমরা সেই পথে বাজেটকে নিয়ে যেতে পারিনি এই সম্বন্ধে কোনও সন্দেহ নেই। কিন্তু আজকে আমরা যে

এখানে এসেছি, এটা হচ্ছে কন্সটিটিউশনের যে ক্ষমতা, সেই ক্ষমতা বলে আমরা এসেছি এবং সেই কনস্টিটিউশন অনুযায়ী আজকে আমাদের কাছে যে বাজেট প্লেস করা হয়েছে আমাদের অর্থমন্ত্রীর এছাড়া আর কোনও উপায় ছিল না বা উপায় নেই বলে আমি মনে করি। কাজেই তিনি যে বাজেট পেশ করেছেন তাতে আমাদের চিন্তাধারার সবটাই তিনি প্রতিফলিত করতে পেরেছেন তা বলব না, কিন্তু আন্ডার দি সারকামস্টেন্সেস এবং কনস্টিটিউশনাল গন্ডির ভেতরে এটাই হচ্ছে বেস্ট বাজেট, এই কথাটা বলা যেতে পারে। এবারে আমি আলোচনার দিকে আসছি। আজকে বাজেট নিয়ে যদি আলোচনা করতে হয় তাহলে ইন্টারন্যাশনাল যে মানিটারি অবস্থা সেটাও আলোচনা করতে হবে এবং তার পর ভারতবর্ষের যে কেন্দ্রীয় সরকার তার বাজেটও আলোচনা করতে হবে এবং তারপর আমাদের পশ্চিমবাংলার কি বাজেট হওয়া প্রয়োজন ছিল সেটা আলোচনা করার প্রয়োজন বলে আমি মনে করি। মহাসাগর হচ্ছে ইন্টারন্যাশনাল কারেন্সি সিস্টেম। মনিটারিং-এর ব্যাপার যদি মহাসাগর হয় তাহলে সাগর হচ্ছে সেন্ট্রাল গভর্নমেন্ট, আর আমরা হচ্ছি উপসাগরের মতো এবং সেই পরিপ্রেক্ষিতেই বাজেটটা করতে হবে।

[4-20 — 4-30 p.m.]

আমাদের চারিদিক আজকে ইন্টারন্যাশনালি ক্ষতবিক্ষত করে দিচ্ছে। সারা বিশ্বের যে লিডারশিপ, জি. সেভেন, সেই জি সেভেন সম্পূর্ণভাবে আমাদের দেশকে শোষণ করে নিয়ে যাচ্ছে এবং সেই শোষণ করতে সাহায্য করছে ভারতবর্ষের যে সরকার সেই সরকার। কাজেই সেই সরকার সম্বন্ধে এবং পৃথিবীর শোষণ সম্বন্ধে যদি না বলি তাহলে এই বাজেটের কোনও কমাটা, কোনও ফুলস্টপটা ঠিক হচ্ছে না সেটা বলাও ভুল হবে। অন্তত যারা গভীরভাবে চিন্তা করেন নিশ্চয় তাদের এটা ভেবে দেখা উচিত। আমাদের যে বাজেটের পজিশন, সেটা নির্ভর করছে—আমি বলেছি যে সম্পূর্ণভাবে শোষণ চালিয়ে দেশকে একেবারে blade white করছে। এই অবস্থায় বলছি, এই যে জি. সেভেন....

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** স্যার, হাউসে কোরাম নেই, কোরাম বেল বাজান।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** আমি গুনে দেখেছি, কোরাম আছে, ভক্তিবাবু আপনি বলে যান।

**শ্রী ভক্তিভূষণ মন্ডল ঃ** এই বাজেটকে সম্পূর্ণভাবে সাপোর্ট করে আমি বলছি, সারা বিশ্বের যা অবস্থা, শোষণ যেভাবে চলছে সেকথাটাও আমাদের এখানকার যিনি ফাইনান্স মিনিস্টার তিনি চিন্তাভাবনা করেছেন এরজন্য তাকে আমি ধন্যবাদ দিচ্ছি। এই অবস্থায় তার ইচ্ছা থাকলেও আমরা যেটা মনে করি আইডিয়াল বাজেট সেই বাজেট উনি করতে পারেন নি। কারণ তাহলে সেটা প্রাগম্যাটিক হবে না, এই কথা আমি আপনাদের কাছে বলছি। আমরা চিন্তা করছি যেটা সেটা ভাবুন। এই যে জি. সেভেন আমাদের সমস্ত জিনিস শোষণ করে নিয়ে চলে যাচ্ছে কয়েকটা মেকানিজম এর থ্রুতে, ব্যাঙ্ক, ইন্টারন্যাশনাল মনিটারি ফান্ড, মাল্টি ন্যাশনাল ডিভ্যালুয়েশন সিস্টেম, এমন কি টেকনিক্যাল নো হাউ, তারপর গ্যাট, ডাঙ্কেল প্রস্তাব এই সমস্তগুলো আমরা বিবেচনা করেছি। আমি আপনাদের কাছে বলছি যে নিশ্চয়ই

এই বাজেট, আমরা যারা শিক্ষিত সদস্য আছি, সারা বিশ্বের সমস্ত কথা আলোচনা করার পর আমাদের বাজেট আলোচনা করতে হবে এটা আমরা মনে করি। আমি আপনাদের কাছে বললাম, আজকে এক্সপ্রয়টেশন চরম অবস্থায় এসে গেছে। জি. সেভেন যা করছে, সেটা আমাদের সেন্ট্রাল গভর্নমেন্ট তার অনুগত দাস হিসাবে যাতে এই দেশে ওটা হয় সেটা করার চেষ্টা করছে। কাজেই আজকে বাজেটের কথা যদি আলোচনা করতে হয় তাহলে তারই পরিপ্রেক্ষিতে আমাদের আলোচনা করতে হবে এবং আমি সেইজন্য দেখলাম ফাইনান্স মিনিস্টার এক এবং দুই তে যে বলেছেন, তার ভেতর দিয়ে এটা খুব পরিষ্কার রেখেছেন। এটা পরিষ্কার করার জন্য তাকে আমি ধন্যবাদ দিচ্ছি যে তার মনে অন্তত পশ্চিমবাংলার বাজেট করার সময় এইগুলো উদয় হয়েছে এবং উদয় হওয়ার জন্য তিনি সেইগুলোর পরিপ্রেক্ষিতে একটা প্রাগমেটিক বাজেট করার চেষ্টা করেছেন। আমাদের মানববাবু অনেক কথা বলেছেন, ফিগার দিয়ে বলেছেন। কিন্তু আমি ব্রড ওয়েতে কিছু কিছু বিষয়ে আলোচনা করতে চাইছি। এই যে এক্সপোর্ট ইম্পোর্টের ব্যাপারটা, এক্সপোর্ট ইম্পোর্টের ব্যাপারে যে পলিশিটা সেন্ট্রাল গভর্নমেন্ট নিয়েছেন, সেটা কত ক্ষতিকারক আপনারা ভাবনা চিন্তা করে দেখুন। প্রি ট্রেড থিওরিতে নিশ্চয়ই সকলে জানেন, যেগুলো লেস ডেভেলপড কান্ট্রি, তারা হার্ড হিটেড হয় এবং যারা ডেভেলপড কান্ট্রি তারা অত্যন্ত সুবিধা পায়। এই যে ইম্পোর্ট ডিউটিটা কমিয়ে দিচ্ছেন, এটা বললে হবে না, কার স্বার্থে কমিয়ে দেওয়া হয়েছে সেটা দেখব না? সেটা যদি দেখি তাহলে দেখব আজকে এই দেশে চলে আসবে ডেভেলপ কান্ট্রির ফিনিশড গুডস। অন্যান্য ডেভেলপ কান্ট্রি তাদের প্রযুক্তি উন্নত এবং তাদের ইনভেস্টমেন্ট বেশি হয় এবং থ্রু-মাল্টি ন্যাশনাল অ্যান্ড আদার এবং অন্য যে প্রক্রিয়াগুলো বললাম, সেইগুলো আমাদের দেশে সর্বনাশ করছে। সেইগুলো যদি ভাবনা চিন্তা না করা যায় তাহলে আমাদের বাজেটটা ঠিকভাবে করা যাবে না। কনস্টিটিউশনের মধ্যে যে অধিকার দেওয়া আছে তার ভেতরে থেকেই একটা প্রাগমেটিক ভিউ নিয়ে তিনি এই বাজেট করেছেন। তিনি ইচ্ছা করলেও বাজেটকে প্রগ্রেসিভ লাইনে নিয়ে বেশি দূর যেতে পারছেন না। এখন সবাই কি সেটাকে নিয়ে আলোচনা করেছেন?

[4-30 — 4-40 p.m.]

সেটা আলোচনা করুন। আমাদের কি কি আছে, কোনও কোনও ব্যাপারে আমাদের ক্ষমতা আছে ট্যাক্স বসাবার বা টাকা আদায় করার—তার বাইরে তো উনি কিছু করতে পারবেন না। তার বাইরে যদি উনি করতে যান তাহলে তা আল্টা-ভায়রাস হয়ে যাবে, সমস্ত বাজেটটাই বে-আইনি হয়ে যাবে। তাহলে আপনারাই ভেবে দেখুন আজকে যে বাজেট করা হয়েছে এর চেয়ে বেস্ট কিছু করা যায় কিনা এবং সেটা আমাদের জানান। আমি জিজ্ঞাসা করি, বিরোধী পক্ষে যারা আছেন তারা কি কোনও অলটারনেটিভ কথা বলতে পেরেছেন? না। বলতে পারেননি। তারা তা বলতে না পেরে—বাজেট ভাল নয়, অমুক হয়নি ইত্যাদি কথা বলছেন। আমি তাদের জিজ্ঞাসা করছি তারা অলটারনেটিভ বাজেট হিসাবে কি চিন্তা ভাবনা করছেন, সেটা জানান। তাদের বলা উচিত যে, এই এই নতুন করে, এই এই করা উচিত। তাহলে এর বিকল্প কি আছে তা আমরা জানতে পারি। সেসব কোনও কথা না বলে, তারা কেবল নেগেটিভ কতগুলি কথা বলে, বলছেন—বাজেট ঠিক হয়নি। কনস্টিটিউশনটা

কি তারা পড়েছেন? সেন্ট্রাল গভর্নমেন্ট বাজেটের ব্যাপারে যে নিয়ম নীতি করেছে, টাকা দেওয়ার ব্যাপারে যা করেছে তা একটু ভাল করে দেখুন, তারপর আমাদের বাজেটের সমালোচনা করবেন। সেই পরিপ্রেক্ষিতে আপনাদের উচিত হচ্ছে এই বাজেটকে সম্পূর্ণভাবে মেনে নেওয়া। আমাদের তো এ বাজেটকেই মেনে নিতে হচ্ছে, কারণ এছাড়া আর কোনও উপায় নেই। আমরা বা আমাদের সরকার—অল আর বাউন্ড বাই দি কন্টেন্টস অফ দি কন্সটিটিউশন। সেই কনস্টিটিউশন ট্যাক্স করার ক্ষমতা, টাকা পয়সা বাড়াবার ক্ষমতা ঠিক করে দিয়েছে, তার বাইরে আমরা কিছু করতে পারব না। তাই আমি আপনাদের বলছি, এই বিষয়টা আপনারা একটু ভাবনা চিন্তা করে দেখবেন। কেবল নেগেটিভ কথাবার্তা বলে বাজেটের বিরোধিতা করে কোনও লাভ নেই। বাজেটের মধ্যে যদি ক্রিটিসাইস করার মতো কিছু থাকে তাহলে নিশ্চয়ই তা করবেন, কিন্তু তা তো যুক্তি দিয়ে করবেন? হ্যাঁ, এই বাজেটে অনেক টাকা পয়সার কথা আছে—আপনারা ঐ কয়লার সেস নিয়ে, রয়ালটি নিয়ে একটা প্রশ্ন তুলেছেন, চ্যালেঞ্জও জানিয়েছেন। সে সম্বন্ধে কোনও কথা এখনই আমি বলতে পারছি না। তবে আমার মনে হয় আমরা নিশ্চয়ই এটাকে চ্যালেঞ্জ হিসাবে নিতে পারব যে, কয়লা মন্ত্রী যেটা বলেছেন, সেটা ঠিক নয় এবং আমরা দেখাতে পারব যে আমরা যা বলছি তাই ঠিক, আমাদের অনেক টাকা চলে যাচ্ছে। এই প্রসঙ্গে আমি আরও দু-একটা কথা বলতে চাই যে, আমাদের দেশে ইমপোর্ট ডিউটি কমিয়ে দেওয়ার ফলে আমাদের এখানে যে কি ইন্ডাস্ট্রিস বা বিজনেসগুলি আছে সেগুলি মার খাবে। কারণ হু হু করে বিদেশি জিনিস দেশীয় বাজারে অনুপ্রবেশ করবে। ফলে আমাদের শিল্প বন্ধ হয়ে যাবে। সে ক্ষেত্রে কাউন্টার অ্যাক্ট কি হবে? আমাদের বাজেট অনেকটাই রুর‍্যাল ওরিয়েন্টেড করা হয়েছে, হয়ত সবটা হয়নি, কিন্তু রুর‍্যাল ওরিয়েন্টেড করার চেষ্টা হয়েছে। এটা আপনারা একটু দেখবেন। আমার আর সময় বেশি নেই। আমি শুধু আপনাদের কাছে—বিরোধীদের কাছে—বলছি, আপনারা সমস্ত কিছু বিচার করে পশ্চিমবাংলার জন্য অলটারনেটিভ কি বলতে চাইছেন তা আপনাদের মধ্যে থেকে একজন অন্তত বলুন। আর তা যদি না বলতে পারেন, শুধুমাত্র নেতিবাচক কথা—কিছু হয়নি—বলে কোনও লাভ নেই। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট প্রস্তাবকে আর একবার সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় ১৯৯৪-৯৫ সালের যে বাজেট প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। তিনি এই বাজেট প্রস্তাবে দুমুখো নীতি নিয়েছেন। একদিকে কেন্দ্রীয় সরকারের অর্থনীতি এবং শিল্পনীতির সমালোচনা করেছেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রীর ব্যর্থতার কল্পিত কাহিনী তুলে ধরার চেষ্টা করেছেন আর একদিকে সেই কেন্দ্রীয় অর্থমন্ত্রীর যে চিন্তা ধারা তার ছায়া এই বাজেট প্রস্তাবের মধ্যে দেখা দিচ্ছে। তাই আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, নাচতে যখন নেমেছেন তখন ঘোমটা খুলেই নাচুন, ঘোমটা খুলে নাচলেই ভাল হত। কেন্দ্রীয় অর্থমন্ত্রীর নীতিকে আংশিকভাবে কার্যকর না করে যদি পুরোপুরি কার্যকর করতেন তাহলে বাজেট আরও ভাল হত এবং তখন আমরা তাকে সমর্থন করতে পারতাম। আজকে বাজেট বিতর্কে সরকার পক্ষের যে ২ জন মাননীয় সদস্য অংশগ্রহণ করলেন তার মধ্যে প্রথমেই যিনি বক্তব্য রাখলেন তার বক্তব্য মন দিয়ে শোনার চেষ্টা করলাম। কিন্তু সরকার

পক্ষের এত দৈন্য অবস্থা হয়েছে তা জানতাম না। গ্রামে একটা কথা আছে, যে দেশে গাছ নেই, সেই দেশে ভ্যারেন্ডাই সবচেয়ে বড় গাছ বলে মনে করা হয়। বামফ্রন্ট সরকারের আজকে সেই অবস্থা হয়েছে। কোনও তাত্ত্বিক নেতা নেই, যার অর্থনীতি সম্বন্ধে জ্ঞান নেই, কোনও তথ্যই জানে না, সেই মানববাবুই সরকার পক্ষের সব থেকে ভাল বক্তা এবং তিনিই প্রথম বক্তব্য রাখলেন। আমি ওনার কাছ থেকে বারবার চেষ্টা করলাম জানতে যে নাম্বারটা বলুন। উনি ইকনমিক সার্ভে ১৯৯৩-৯৪ সালের রেফারেন্স দিয়ে দিলেন যে কেন্দ্রের নাকি এগ্রিকালচার প্রোডাকশন কমে গেছে সর্বভারতীয় পর্যায়ে। উনি অঙ্কের ছাত্র কিনা জানি না, অঙ্কের ছাত্র না হলেও যে কেউ পড়তে পারবে ইকনমিক সার্ভের ১৯৯৩-৯৪-তে আছে, ১৯৯০-৯১ সালে গমের উৎপাদন ছিল ৫৫.১ মিলিয়ন টন, ১৯৯১-৯২ সালে সেটা হয়েছে ৫৫.৭ মিলিয়ন টন। ১৯৯২-৯৩ সালে ছিল ৫৬.৮ এবং ১৯৯৩-৯৪ যেটা ৫৮.৫ হওয়ার কথা, সেটা ৫৬.৫ হবে, কারণ ইয়ার শেষ হয়নি। টোটাল ফুডগ্রেন—রাইস, হুইট, কোর্স, পালসেস—এগুলি ১৯৯০-৯১ সালে ১৭৬.৪ ছিল, ১৯৯২-৯৩ সালে ছিল ১৮০—এগুলি সবই মিলিয়ন টন হিসাবে। ১৯৯৩-৯৪ সালে ১৮৮ টারগেট আছে, সেটা ১৮০ কাছা-কাছি যাবে। সুতরাং কোথা থেকে উনি এইসব হিসাব পেলেন, যে এগ্রিকালচার প্রোডাকশন কমে গেছে সর্বভারতীয় পর্যায়ে? ভুল তথ্য দিয়ে বক্তৃতা করে সরকারের বাহবা কুড়োতে চাচ্ছেন। এই হচ্ছে ওদের অবস্থা। যার হিসাব জ্ঞান নেই, সব ভুল তথ্য দিয়ে এইসব কথা বলে যাবেন—এর কি উত্তর দেব? মানববাবু তার বক্তৃতায় কোথাও রাজ্য সরকারের সাফল্যের কথা বললেন না। তিনি খালি কেন্দ্রের বিরুদ্ধে বলে গেলেন। মানববাবুর জানা উচিত, জনগণের আশীর্বাদ নিয়ে তারা যেমন ক্ষমতায় এসেছেন, তেমনি কেন্দ্রীয় সরকারও জনগণের আশীর্বাদ নিয়ে ভোটে জিতে ক্ষমতায় এসেছেন। আপনারা যেমন ৯ কোটি মানুষের ভোটের রায় নিয়ে বাহবা কিনতে চান, তেমনি কেন্দ্রীয় সরকারও ৯০ কোটি মানুষের আশীর্বাদ নিয়ে ক্ষমতায় আছেন। আপনাদের দৌড় আমাদের জানা আছে। ১৯৭৭ এবং ১৯৮৯ সালে দেখেছি, দেশের উন্নয়নের কাজ করা তো দূরের কথা, নির্বাচনে জিতেও সরকার ৫ বছর চালাতে পারেননি।

[4-40 — 4-50 p.m.]

আপনারা আবার কি কথা বলবেন? কংগ্রেস শাসন করতে জানে, দেশ চালাতে জানে। কেন্দ্রের বিরুদ্ধে কথা বলবেন না, আপনাদের দুরবস্থার কথা সকলেই জানে। কেন্দ্রে তো মাইক্রোস্কোপ দিয়ে আপনাদের দলটাকে দেখতে হয়, সেখানে তো আপনাদের বলার কিছু ক্ষমতা নেই, একটা মাইক্রোস্কোপিক পার্টি, এখানে কিছু কথা বলে আত্মসন্তুষ্টিতে ভোগেন। অ্যাসেম্বলিতে দাঁড়িয়ে মাননীয় অজিত পাঁজার বিরুদ্ধে বলে গেলেন, মূল ব্যয়টা সৌগতবাবু এবং অনেকেই দেখিয়েছেন। উনি ওনার বাজেট বক্তব্যে ২.৯ অনুচ্ছেদে বলেছেন—There has been a massive shortfall of Rs. 130 crores on account of the non-payment of coal cess by Coal India." সেখানে এই যে এত টাকা পাবেন বলেছেন ১৩০ ক্রোরস, শর্ট ফলের হিসাবটা বললেন না কেন? ১৯৯৩-৯৪ সালের কোল ভ্যালু ৪৭৬ কোটি টাকা পাবলিক সেক্টার সাপ্লাই দিয়েছে, তার মধ্যে আপনারা দিয়েছেন ৩৫৬ কোটি টাকা। ৩৫৬ কোটি টাকা কোল ইন্ডিয়া পেমেন্ট করেছেন ১২০ কোটি টাকা

পেয়েবল বাই ওয়েষ্টবেঙ্গল গভর্নমেন্ট, দিতে হবে, ১২০ কোটি টাকা, আপনারা না দিয়ে কথা বলছেন। আপনারা আলোচনায় বসুন না, কিসের এত ভয়? উনি মাননীয় মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়ে জানিয়েছেন আমার সিনিয়ার অফিসাররা যাচ্ছেন, হিসাব পত্র দেখান, আপনারা পাবেন, আমরা পাব না, হিসাব করে বুঝিয়েছেন? সমস্ত রেকর্ড আছে। মাননীয় অসীমবাবু হিসাবে বসতে পারছেন না, এখানে অসত্য ভাষণ দিয়ে ক্রেডিট নেবার চেষ্টা করছেন। আমরা মাননীয় অসীমবাবুকে সাপোর্ট করব, বিধানসভায় বাজেট বক্তব্য রেখেছেন আর মাননীয় কোনও মিনিস্টারকে বাইরে জোচ্চোর ইত্যাদি ভাষা বলছেন, আপনি সেটা প্রমাণ করে মাননীয় অজিত পাঁজার বিরুদ্ধে প্রিভিলেজ মোশন আনুন, তাকে কাঠ গড়ায় দাঁড় করান। ভুল তথ্য দিয়ে কোনও লাভ হবে না। মিঃ ডেপুটি স্পিকার স্যার, আপনি তো চেয়ারম্যান আছেন, অজিত পাঁজা মহাশয়কে শাস্তি দেন, যদি আপনাদের সাহস থাকে। ১৯৭৩ থেকে ১৯৭৬ সালে আইন দেখিয়ে কোল ইন্ডিয়া থেকে টাকা আনলেন....

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** মান্নান সাহেব, বাইরের কোনও স্টেটমেন্ট অন্য হাউসের কোনও মেম্বার তার বিরুদ্ধে এই হাউসে প্রিভিলেজ আনা যায় না।

**শ্রী আবদুল মান্নান ঃ** আমি আপনার সঙ্গে একমত। কিন্তু এই হাউসে স্টেটমেন্ট দেওয়ার পরে সমালোচনা করে এই হাউসে যেটা বলছেন সেটাকে কন্ট্রাডিক্ট করে এই রকম ভাষায় কথা বলেন, জোচ্চোর এই ভাষায় কথা বলছেন, মাননীয় অর্থমন্ত্রীর সঙ্গে আমাদের বিরোধ থাকতে পারে, রাজনীতির মত পার্থক্য থাকতে পারে, মাননীয় অর্থমন্ত্রী হাউসে, হাউসের বাইরে যে কথা হয়েছে বাজেটের পরিপ্রেক্ষিতে মাননীয় অর্থমন্ত্রী যদি হাউসে বক্তব্য রাখতে পারেন—মাঝে হাউস থেকে রেল দপ্তরে একটা অল পার্টি ডেলিগেশন গিয়েছিল—যখন যায় তখন ইস্টার্ন রেলওয়ের ম্যানেজার একটা কটূক্তি করেছিলেন, সেই কথার কোট করে একটা নিউজ বেরিয়েছিল আপনি তাকে সমন করে এখানে এনেছিলেন, হাউসে নজর আছে। মাননীয় অসীমবাবু, অজিত পাঁজা মহাশয়ের বিরুদ্ধে প্রিভিলেজ মোশন নিয়ে আসুন। বাজেট বক্তব্য কন্ডেম করে যদি তথ্য দিয়ে বোঝাতে পারেন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয়, কোল ইন্ডিয়ার অফিসারদের সঙ্গে বসে তাহলে বিরোধ মেটান। শুধু অসত্য কথা বলে কেন্দ্রের বিরুদ্ধে বলে গেলেন কেন্দ্র অমুক দেয় না, তমুক দেয় না। আমি ভেবেছিলাম ওর মধ্যে কিছুটা অন্তত সততা আছে, তার ভদ্রতাটুকু আছে সেটাকে স্বীকার করবেন। এবারে জওহর রোজগার যোজনায় কেন্দ্র ১০০ কোটি টাকা অতিরিক্ত দিয়েছেন, একবারও তো স্বীকার করলেন না বাজেট বক্তব্যে? একবার স্বীকার করেছেন যে কেন্দ্র টাকা দিয়েছেন আমরা কেন্দ্রের কাছে কৃতজ্ঞ।

স্যার, মাননীয় মন্ত্রী অনুচ্ছেদ ৩.১৭-য়ে চিট ফান্ড সম্বন্ধে বলেছেন 'চিট ফান্ড জাতীয় সংস্থাগুলির বে-আইনি কার্যকলাপের উপর আমরা কড়া নজর রাখার সিদ্ধান্ত নিয়েছি', কিন্তু কোন অ্যাকশন আপনি নিতে পেরেছেন বলুন তো? আজকে ভেরোনা, মাতঙ্গিনী, বিশ্বভারতী প্রভৃতি চিটফান্ডগুলি কোটি কোটি টাকা গ্রাম বাংলার মানুষদের কাছ থেকে লুট করছে এবং তারফলে স্বল্প সঞ্চয়ের পরিমাণ কমে যাচ্ছে, কিন্তু কোনও ব্যবস্থা নিতে পারছেন না। মন্ত্রী মহাশয় এক্ষেত্রে আইনের দোহাই দিয়েছেন, কিন্তু চালু আইনেই তো সঞ্চয়িতার শম্ভু মুখার্জিকে অ্যারেস্ট করেছিলেন। তাহলে চিটফান্ডগুলির কর্মকর্তাদের কেন গ্রেপ্তার করছেন না? এল

আই. সি.-র ক্ষেত্রেও দেখা যায়, প্রিমিয়ামের টাকা দুই-চারবার দেবার পর অনেকে বন্ধ করে দেন, কিন্তু সুপ্রিম কোর্ট রায় দিয়েছেন যে, ঐসব ক্ষেত্রে ৩০ পারসেন্ট টাকা কেটে রেখে বাকি টাকাটা পলিসি হোল্ডারকে ফেরৎ দিতে হবে। পিয়ারলেস এই রকম ৩,০০০ কোটি টাকা ফেরৎ দিচ্ছে না। কিন্তু আপনি পিয়ারলেসের প্রশংসা করেছেন এবং যেটা করেছেন যেহেতু পি. সি. সেন আপনাকে টাকা দিয়ে সাহায্য করেছেন, আপনার ফাইন্যান্সার হয়ে গেছেন এবং তারই জন্য আজকে তারা জনসাধারণের ৩,০০০ কোটি টাকা মেরে খেতে সাহস পাচ্ছে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে মাননীয় অর্থমন্ত্রী অনেক দোষ দিয়েছেন, অনেক কথা বলেছেন, কিন্তু দেখা যাচ্ছে তিনিই কোনও কাজ করতে পারছেন না। সিক্সথ ফাইভ ইয়ার প্ল্যানে পশ্চিমবঙ্গের জন্য বরাদ্দ হয়েছিল ৩,৫০০ কোটি টাকা, কিন্তু খরচ করলেন ২,৪০০ কোটি টাকা, খরচ করতে পারলেন না ১,০৬৬ কোটি ৭৩ লক্ষ টাকা। সেভেন্থ প্ল্যানে সিক্সথ প্ল্যানের দ্বিগুণ টাকা ৭,০০০ কোটি টাকার প্ল্যান ধার্য হল, কিন্তু বাস্তবে খরচ করা হল মাত্র ৪,১২৫ কোটি টাকা। টাকা খরচ করতে না পারলে কিন্তু পরবর্তী প্ল্যানের আয়তন কমে যায়। আর অষ্টম পরিকল্পনার প্রথম তিনটি বছর তো প্ল্যান হলিডে বলেই চালালেন। বার্ষিক যোজনার ক্ষেত্রে দেখা গেছে, ১৯৯০-৯১ সালের বার্ষিক যোজনা যেখানে ঠিক হয়েছিল ১,৩২৮ কোটি টাকা, সেখানে খরচ করলেন ১,১৫০ কোটি ৩৫ লক্ষ টাকা। এক্ষেত্রে ১৭৭ কোটি ৬৫ লক্ষ টাকা খরচ করতে পারলেন না। ১৯৯১-৯২ সালের বার্ষিক যোজনার আয়তন প্রথমে করলেন ১,৪৮৬ কোটি টাকা, কিন্তু পরে সেটা সংশোধন করে ১,২৭৭ কোটি টাকা করলেন। কিন্তু সেটাও খরচ করতে পারলেন না, খরচ করলেন মাত্র ৯৬০ কোটি টাকা। বার্ষিক যোজনার টাকা প্রতি বছর বরাদ্দ করতে পারছেন না। ফলে অন্যান্য রাজ্য যখন এগিয়ে চলেছে তখন আপনাদের পিছিয়ে আসতে হচ্ছে। ৮০০ কোটি টাকা আপনি খরচ করতে পারেন নি। এই রকম প্রতি বছর আর্থিক যোজনায় যেটা ধরা হয় সেটা আপনি খরচ করতে পারেন না। এবারে আপনি আর্থিক যোজনায় করেছেন ১,৫৫০ কোটি টাকা, কিন্তু আপনি সেটা খরচ করতে পারছেন না, বলছেন ১ হাজার ৫০ কোটি টাকা। এই হচ্ছে আপনার অবস্থা। অর্থমন্ত্রী কয়েক বছর ধরে শূন্য বাজেট হিসাবে খ্যাত হয়েছিলেন। আমরা দেখছি যে জ্যোতি বসুর বাজেট ছাড়া আপনি আর কাউকে ঠিকমতো টাকা দিচ্ছেন না, সব কেটে দিচ্ছেন। আপনার কাছে গিয়ে মন্ত্রীদের কাঁদতে হয়। আপনি কয়েক বছর ধরে শূন্য বাজেটের মন্ত্রী হিসাবে পরিচিত হয়েছিলেন। আপনি ১৯৮৭ সালে এসে বলেছিলেন যে শূন্য বাজেট দেব। কিন্তু আপনি হাউসের সঙ্গে তঞ্চকতা করেছেন। আপনি বলেছিলেন যে শূন্য বাজেট দেব, কিন্তু ২৬ কোটি ৩ লক্ষ টাকার ঘাটতি দেখিয়েছেন। ১৯৮৮-৮৯ সালে বলেছিলেন যে শূন্য বাজেট দেব, কিন্তু ১০ কোটি ৫৮ লক্ষ টাকা ঘাটতি দেখিয়েছিলেন। ১৯৮৯-৯০ সালে আপনি বলেছিলেন যে ঘাটতি বাজেট দেবে, কিন্তু ৯৩ কোটি ২৭ লক্ষ টাকা ঘাটতি দেখিয়েছেন। ১৯৯০-৯১ সালে বলেছিলেন যে শূন্য বাজেট দেব, কিন্তু ১৫ কোটি ৮৫ লক্ষ টাকা ঘাটতি দেখিয়েছেন। ১৯৯১-৯২ সালে বলেছিলেন যে শূন্য বাজেট দেব, কিন্তু ৫৪ কোটি ৫৫ লক্ষ টাকা ঘাটতি দেখিয়েছেন। ১৯৯২-৯৩ সালে বলেছিলেন যে শূন্য বাজেট দেব, কিন্তু ৮২ কোটি ঘাটতি দেখিয়েছেন। এই বছর কোথায় নিয়ে গিয়ে দাঁড় করাবেন সেটা আপনি নিজেও বলতে পারছেন না। এই হচ্ছে আমাদের অর্থমন্ত্রীর জালিয়াতি। অজিত পাঁজা যে জোচ্চোর বলেছিল, সেটা অনেকটা ঠিকই। আপনি পশ্চিমবাংলার মানুষকে প্রতি বছর

ধাপ্পা দিয়েছেন। আপনি বলুন কেন পশ্চিমবাংলার মানুষের সঙ্গে তঞ্চকতা করেছেন? কেন শূন্য বাজেট থেকে ঘাটতি বাজেটে আনলেন সেটা বলুন? এবারে আমি শিল্পের কথায় আসছি। এখানে শিল্পের নাকি জোয়ার বইছে। রুগ্ন শিল্প মন্ত্রী চলে গেলেন। আজকে রুগ্ন শিল্পের যে অবস্থা হয়েছে তাতে শিল্প মন্ত্রীর লজ্জা হওয়া উচিত। আমরা দেখছি যে কর্ণাটকের মুখ্যমন্ত্রী বিরাপ্পা মৈনী, তিনি পশ্চিমবঙ্গে এসে পশ্চিমবঙ্গের শিল্পপতিদের কর্ণাটকে শিল্প স্থাপনের জন্য, শিল্প প্রসারের জন্য আহ্বান জানাচ্ছেন। মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী, শারদ পাওয়ার, এখানকার শিল্পপতিদের ধরে নিয়ে যাচ্ছেন, তাদের সমস্তরকম সুযোগ-সুবিধা দিচ্ছেন তাদের রাজ্যে শিল্প স্থাপনের জন্য, শিল্প প্রসারের জন্য। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী প্রতি বছর একবার করে বিদেশ যাচ্ছেন শিল্পপতিদের ধরে আনার জন্য। আজ পর্যন্ত উনি একটা শিল্পপতিকে ধরে আনতে পারেন নি। পশ্চিমবঙ্গে শিল্পপতিরা বিনিয়োগ করার জন্য আসছে না, এতে আপনাদের লজ্জা হওয়া উচিত। রাজ্যের মুখ্যমন্ত্রী সরকারের কোটি কোটি টাকা খরচ করে বিদেশ যাচ্ছেন শিল্পপতিদের আনার জন্য। পশ্চিমবঙ্গের মানুষকে আপনারা বিবেকহীন বলে মনে করেন। আমাদের রাজ্যের শিল্পপতিদের আপনারা ধরতে পারছেন না, আপনারা বিদেশ যাচ্ছেন শিল্পপতিদের ধরতে। আজকে পশ্চিমবঙ্গ এইরকম একটা অবস্থায় এসে দাঁড়িয়েছে। আপনি বাজেটে বক্তব্য রাখতে গিয়ে কেন্দ্রের বিরুদ্ধে বললেন। আজকে এই পরিকাঠামোর মধ্যে গোটা ভারতবর্ষের অন্যান্য রাজ্যে শিল্পে উন্নয়ন করছে। আজকে উড়িষ্যাতেও এই উন্নয়ন করছে। কিন্তু আমাদের রাজ্য পিছিয়ে আছে। বিদ্যুতের ব্যাপারে আপনারা বলেছিলেন যে আমরা বক্রেশ্বর করব। আমরা বলেছিলাম যে আপনাদের ইনফ্রাস্ট্রাকচার নেই। বিদ্যুত পর্ষদের কোনও ইনফ্রাস্ট্রাকচার নেই। এটা কেন্দ্রীয় সরকারকে দিন, তারা বিনিয়োগ করুক, তাতে আপনাদের খরচ কম হবে এবং আপনারাও বিদ্যুতের একটা অংশ পাবেন। আপনারা বললেন, না, আমরা এই ভাবে করব না। আমরা সমাজতন্ত্রের ধারক-বাহক, আমরা রক্ত দিয়ে বক্রেশ্বর করব।

[4-50 – 5-00 p.m.]

আপনারা বললেন রক্ত দিয়ে গড়ব বক্রেশ্বর। তারপর সেটা আপনারা করতে পারলেন না। আপনারা গেলেন সোভিয়েত ইউনিয়নের কাছে। একটা সমাজতান্ত্রিক দেশ, তাদের সঙ্গে আপনারা চুক্তি করতে গেলেন। কেন্দ্র কংগ্রেস সরকারের কাছে গেলেন না, তাদের কথা শুনলেন না। সেখানেও আপনারা কার্যকর হলেন না। সোভিয়েত ইউনিয়ন ভেঙ্গে গেল। মার্কসবাদের ভ্রান্ত অর্থনীতির ফলে সোভিয়েত ইউনিয়ন ভেঙে গেল। শেষে আপনারা করলেন কি? তারপর আপনারা কেন্দ্রের অর্থমন্ত্রী শ্রী মনমোহন সিং-এর সঙ্গে কথা বললেন। কেন্দ্রীয় সরকার প্রথম যে বৈদেশিক ঋণ পেল, সেই ঋণ থেকে আপনাদের টাকা দিল। একদিকে আপনারা কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বলবেন, অন্য দিকে কেন্দ্রীয় সরকারের দ্বারস্থ হবেন। এই টাকা দেবার ব্যাপারে একবারও মনমোহন সিং-এর প্রতি এবং কেন্দ্রের কংগ্রেস সরকারের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করলেন না। অর্থনৈতিক ভাবে আপনাদের সুযোগ করে দিলেন সেই ব্যাপারে তাঁর প্রশংসা করলেন না। স্যার, পশ্চিমবাংলার সার্বিক উন্নয়ন নির্ভর করে গ্রামের উন্নতি দিয়ে। আপনারা গ্রাম-বাংলায় উন্নয়ন কর্মসূচি এই ১৭ বছরের রাজত্বে একটাও নিতে পারেন নি। কেন্দ্রীয় সরকার যে কর্মসূচি নিয়েছে সেইগুলিই আপনারা রূপায়ণ করেছেন।

কিন্তু সেই কেন্দ্রীয় সরকারের কর্মসূচিগুলি রূপায়ণের ক্ষেত্রে অন্যান্য রাজ্য যেভাবে ডেভেলপ করছে আপনারা সেই ভাবে পারছেন না, ক্রমশ পিছিয়ে আসছেন। আই.আর.ডি.পি.র ক্ষেত্রে আপনারা কতটা ডেভেলপ করেছেন তার যদি একটা হিসাব নেওয়া যায় তাহলে দেখা যাবে আপনারা কি করেছেন। গ্রামীণ উন্নয়ন পরিকল্পনা ১৯৯২-৯৩ কি করেছেন দেখুন। ১৯৯২-৯৩ সালে আই.আর.ডি.পিতে ১,৫৪,৪৫৭ জন বেনিফিসিয়ারিকে সুযোগ করে দেবেন বলেছেন। তাতে আপনারা সুযোগ করে দিতে পেরেছেন ৪৭,৬২৬ জনকে। অর্থাৎ লক্ষ্যমাত্রার ওয়ান থার্ডও পূরণ করতে পারেন নি, ৩০.৮৩ পারসেন্ট পূরণ করতে পেরেছেন। আই.আর.ডি.পি. মাধ্যমে ১,৫৪,৪৫৭ জন গ্রামীণ বেকার মানুষদের কর্মসংস্থানের সুযোগ করে দেওয়ার কথা দিয়ে আপনারা ৩০.৮৩ পারসেন্ট করলেন, বাকি একটা বড় অংশ করতে পারলেন না। অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিমবাংলার স্থান কোথায় গেল? পশ্চিমবাংলা ২৫তম স্থান অধিকার করল। আমাদের ভারতবর্ষে ২৭টি রাজ্য, তার মধ্যে পশ্চিমবাংলার স্থান ২৫তম। আপনারা আবার বাহবা কুড়ান, আপনাদের লজ্জা হয় না? অবশ্য আপনাদের তো লজ্জা নেই। আপনারা এস.সি.অ্যাণ্ড এস.টি-দের নিয়ে অনেক কথা বলেন। এই সময় এস.সি-দের জন্য লক্ষ্যমাত্রা ধরা হয়েছিল ১,১২,৮৮৫ জন বেনিফিসিয়ারি সুযোগ করে দেওয়া হবে। আর এস.টি-দের ২,৮৩৮ জনকে সুযোগ করে দেওয়া হবে আই.টি.ডি.পি. পরিকল্পনার মাধ্যমে। সেখানে আপনারা এস.সি যা লক্ষ্যমাত্রা ছিল তার ৩৯.১৫ পারসেন্ট এবং এস.টি.-দের জন্য মাত্র ৫.৯ পারসেন্ট পূরণ করতে পেরেছেন। অর্থাৎ আপনারা লক্ষ্যমাত্রার এস.সি.দের জন্য ৩৯.১৫ পারসেন্ট এবং এস.টি-দের জন্য ৫.৯ পারসেন্ট বেনিফিট দিতে পেরেছেন আই.টি.ডি.পি-র মাধ্যমে। এই ক্ষেত্রে অন্যান্য রাজ্যের তুলনায় আপনার রাজ্যের স্থান ২৩তম। এর পরেও আপনারা বাহবা কুড়াবেন? আপনারা সাফল্যের দাবি করবেন? আপনাদের লজ্জা থাকলে এই সাফল্যের দাবি না করে মাথা হেঁট হয়ে যেত। এই ভাবে আমি অনেক হিসাব দিতে পারি, কিন্তু আমার সময় কম, সেইজন্য অন্য দিকে যাচ্ছি। আমাদের এই অর্থমন্ত্রী এই হাউসে বলেছেন ১৫০ কোটি টাকা রাজ্য সরকারি কর্মচারিদের ডিয়ারেনে অ্যালাউন্স-এর জন্য রেখেছেন। আপনি এখানে বক্তৃতা করলেন, কিন্তু বাজেটের কাগজ দেখতে পাচ্ছি না। আপনি বাজেট বক্তৃতায় বলেছেন কিন্তু বাজেটের কাগজ কোথায় অ্যালট করেছেন? আপনি সমস্ত ডিপার্টমেন্টের উন্নয়নের টাকা কেটে নেন। যা বরাদ্দ থাকে তার ৪০ পারসেন্টও পায় না। একমাত্র পুরোটা দেন পুলিশ দপ্তরে। আজকে পুলিশ দপ্তর কি অবস্থায় আসছে! যেহেতু জ্যোতিবাবু রয়েছেন, মুখ্যমন্ত্রী হিসাবে পুলিশ দপ্তরে রয়েছেন সেইজন্য পুলিশ দপ্তরের টাকা কাটতে পারে না। আজকে এই সরকার পুলিশের উপর নির্ভরশীল সরকার।

[5-00 — 5-10 p.m.]

আজকে এই সরকার জনগণের উপর নির্ভরশীল সরকার নয়। পশ্চিমবাংলার সরকার আজকে পুলিশের উপরে নির্ভরশীল হয়ে পড়েছে। পুলিশ আপনাদের কতটা সাপোর্ট করবেন, তার উপরে নির্ভর করেই আপনাদের সংখ্যাগরিষ্ঠতা আসবে। নির্বাচনের সময়ে পুলিশ যদি মদত না দেয় তাহলে আপনাদের নির্বাচনে জেতার সম্ভাবনা নেই। পুলিশ খাতে তারজন্য এতবেশি পরিমাণে টাকা আপনারা দিচ্ছেন। এত টাকা পুলিশকে দেওয়ার ফলে প্রশাসন আজকে ভেঙে পড়েছে। আমি গতবারে এই কথা বলেছিলাম—রামপুরহাটের এম.পি.

এস.ডি.ও.কে বলেছেন, 'ও.সি. আমার কথা শোনে না, আপনি একটু বলে দিন।' মুরারই থানায় এই ঘটনা ঘটেছে। আপনারা স্বাস্থ্য ব্যবস্থাটাকে একেবারে ভেঙে তছনছ করে দিয়েছেন। গ্রাম-বাংলায় চিকিৎসা ব্যবস্থা বলে আজকে আর কিছু নেই। আপনারা গ্রাম-বাংলার হাসপাতালগুলোতে রোগিদের ওষুধ দিতে পারেন না। কংগ্রেস আমলে আপনারা আমাদের গালাগালি দিতেন। কিন্তু কংগ্রেস আমলে কি কখনও দেখেছেন যে হাসপাতালে চিকিৎসা করতে গিয়ে রোগীকে বাইরে থেকে ওষুধ কিনে আনবার জন্য বলা হয়েছে? রোগীকে কি বলা হয়েছে যে এক্সরে বাইরে থেকে করিয়ে আনুন? আপনাদের সঙ্গে আমাদের একটা তফাৎ অবশ্য ছিল। সেটি হচ্ছে, আমাদের সময়ে প্রসূতি মা হাসপাতালে গিয়ে যে শিশুর জন্ম দিতেন, সেই শিশুকে তিনি হাসতে হাসতে বাড়িতে নিয়ে আসতে পারতেন এবং তারপরে আত্মীয়-স্বজনদের মিষ্টি খাওয়াতে পারতেন। আপনাদের সময়েও প্রসূতি মা হাসপাতালে যান, কিন্তু তিনি শিশুকে বাড়ি ফিরিয়ে আনতে পারেন না, হাসপাতালের কুকুরের পেটে সেই শিশু চলে যায়। আপনাদের সঙ্গে আমাদের পার্থক্যটা হচ্ছে এই জায়গায়। এখানে মাননীয় সদস্য, প্রবীণ সদস্য ভক্তি মণ্ডল মহাশয় বলছিলেন, কংগ্রেস একটা প্রস্তাব দিন না যে কি করব। আমি ভক্তিবাবুকে বলব, আমাদের প্রস্তাব দেওয়ার দরকার নেই। আমি শুধু বলব যে, আমরা যেটুকু কাজ করেছিলাম, আমাদের সময়ে যেগুলো চালু রেখেছিলাম, দয়া করে সেইটুকুই শুধু চালু রাখুন। কংগ্রেস আমলে আমরা যে রাস্তাঘাট করেছিলাম সেটুকু আপনারা দয়া করে সারিয়ে বজায় রেখে দিন। কংগ্রেস আমলে আমরা যে হাসপাতালগুলো চালু করেছিলাম, সেগুলোতে আপনারা ওষুধপত্রের ব্যবস্থা করুন। কংগ্রেস আমলে আমরা যে কল-কারখানাগুলো করেছিলাম, দয়া করে সেগুলোকে চালু রাখুন—যে সমস্ত কাজ আমরা করেছিলাম, সেগুলো শুধু চালু রাখুন, তাহলেই হবে। এখানে শিক্ষামন্ত্রী মাননীয় আনিসুর রহমান আছেন। তিনি আমাদের সময়ে পাশ করেছিলেন বলেই আজকে শিক্ষামন্ত্রী হয়ে কাজ করতে পারছেন। আপনাদের সময়ে যারা পাশ করছে তারা পিওনের বেশি হতে পারে না। উনি আমাদের আমলে পাশ করার জন্যই, আমাদের আমলে শিক্ষিত হওয়ার জন্যই এখানে কাজ করার সুযোগটা পাচ্ছেন। আমাদের আমলের শিক্ষা ব্যবস্থার সুযোগ নিয়ে এখানে কাজ করছেন। এই সরকারের ভ্রান্ত নীতি, জনবিরোধী নীতির জন্যই আজকে সবদিকেই ব্যর্থতার ছাপ। অজিত পাঁজা মাননীয় অর্থমন্ত্রীকে যে কথা বলেছেন, আমি সেই কথার পুনরুক্তি করতে চাইছি না। এই সরকারের অর্থমন্ত্রীর দেওয়া বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী আবদুল হক ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ আর্থিক বছরে জন্য যে বাজেট পেশ করেছেন আমি সেই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করছি। সমর্থন করছি যে কারণে, সময় পেলে আমি সেই কারণ সম্বন্ধে পরে বলার চেষ্টা করব। আমাদের যে পরিকাঠামো, বা আমাদের অর্থমন্ত্রী যে পরিকাঠামোর কথা এই বাজেটের মধ্যে পেশ করেছেন, সেই পরিকাঠামোটা আগে বোঝা দরকার।

আজকে অকারণে বিরোধীদের সদস্যরা এখানে চিৎকার করছেন, আজকে সত্যি এই চেঁচামেচি করার কোনও অর্থ আছে কিনা সেটা ভেবে দেখার দরকার। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার এবং তাঁর যে অর্থমন্ত্রী এবং কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের অর্থমন্ত্রী তাদের দুজনের মধ্যে মনে বা মানসিকতার একটা বিরাট পার্থক্য আছে। দুজনের দৃষ্টিকোণ বা দৃষ্টির একটার

বিরাট পার্থক্য আছে। কংগ্রেসকে আমরা যেভাবে বারেবারে দেখে এসেছি তাতে করে স্পষ্টতই বুঝতে পারি যে কংগ্রেস সরকার ধনিকের সরকার, কংগ্রেস সরকার বণিকের সরকার, বড় জোতদারদের সরকার এবং ধনকুবের সরকার। সেই কারণে তাদের বাজেটও সেইভাবে প্রতিফলন দেখা যায়। বামফ্রন্ট সরকারের যে অর্থনীতি এবং অর্থমন্ত্রীর যে মনোভাব বা মানসিকতা এতে গড়ে উঠেছে তাতে বামফ্রন্ট সরকারের নীতি এবং আদর্শ এই দৃষ্টিভঙ্গির মধ্যে দিয়ে ফুটে উঠেছে। তার প্রতিফলনও এই বাজেটের মধ্যে দেখা যাচ্ছে। আজকে দীর্ঘ ১৭ বছর ধরে বামফ্রন্ট সরকার চালাচ্ছেন, এই ১৭ বছরের ভেতরে মেহনতি মজুরদের অবস্থা আগের চেয়ে ভালো হয়েছে। বড়লোকদের কাছ থেকে ভূমি-সংস্কারের মাধ্যমে জমি কেড়ে নিয়ে, জোতদার-জমিদারদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে গরিব প্রান্তিক চাষিদের মধ্যে বিতরণ করতে পেরেছে এই বামফ্রন্ট সরকার। এটা যদি না করতে পারত তাহলে বুঝতে হত কংগ্রেস নীতির মতো বামফ্রন্ট সরকারেরই তাই নীতি। কংগ্রেসি আমলে বড় বড় জোতদার-জমিদাররা তাদের জমি সম্পত্তি বে-আইনিভাবে রেখে দিয়েছিল এবং কংগ্রেস সরকার তা বারেবারে চাপা দেবার চেষ্টা করতেন। সেই কারণে বড় বড় ধনকুবের, বড় বড় জোতদাররা কংগ্রেসিদের পক্ষে থাকবেই। সেখানে বামফ্রন্ট সরকার তার ভূমি-সংস্কারের মধ্য দিয়ে জমি উদ্ধার করেছে। সেই জমি ক্ষুদ্র চাষি, প্রান্তিক চাষি বা বর্গাদারদের কাছে শতকরা ৭০ ভাগ জমি ফিরিয়ে দিতে পেরেছে। এইভাবে গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক চাষিদের হাতে জমি চলে এসেছে।

[5-10 — 5-20 p.m.]

আজকে যে জিনিসটা ঘটেছে, এটা একমাত্র হয়েছে গরিবের সরকার বলে, আর তার স্বার্থের প্রতিফলন ঘটেছে এই বাজেটে। তখন ক্ষেতমজুরের মজুরি ছিল ঠিক বলার মতো নয়। ৫ টাকা সাড়ে ৫ টাকা ছিল। এখন ক্ষেতমজুরের বেতন হচ্ছে ২৫/৩০ টাকা, দৈনিক মজুরি। এইজন্য গরিবদের উপকার করতে পারা গিয়েছে। সেইজন্য এই বামফ্রন্ট সরকারের প্রতি মানুষ বেশি আস্থাশীল। যার জন্য কংগ্রেসকে ১৭ বছর ধরে এখানে শত প্রচেষ্টা করা সত্ত্বেও শত অপচেষ্টা করা সত্ত্বেও বামফ্রন্ট সরকারকে তারা উৎখাত করতে পারেননি। তার জন্যই এই মেহনতি মানুষের জনগণের সরকারের প্রতিফলন এই বাজেটে ঘটেছে। সেইজন্য আমরা তাকে সমর্থন করছি। পক্ষান্তরে কেন্দ্রীয় সরকারে তাদের যে কালচার তেলা মাথায় তেল দেওয়ার পদ্ধতি তারা বারে বারে সেটা রক্ষা করে আসছেন। দেশের সর্বনাশ কেমনভাবে করতে হয় দেশকে কেমনভাবে দেউলিয়া করে দিতে হয় দেশের মেরুদণ্ড কেমনভাবে ভেঙে দিতে হয় তারা সেটা ভালভাবে জানেন। আপনারা দেখবেন কেন্দ্রের কংগ্রেস সরকার আজকে কোটি কোটি টাকা অজস্র কোটি টাকা তারা ঋণ করেছেন, এত ঋণ করেছেন যে ভারতবর্ষের প্রত্যেকটা আবাল-বৃদ্ধবণিতা নির্বিশেষে সকলের মাথায় সাড়ে ৩ হাজার টাকা করে ঋণ চাপিয়ে দেওয়া হয়েছে। এত বেশি ঋণ করা হয়েছে অথচ এই ঋণ পরিশোধ করার মতো কেন্দ্রীয় সরকারের ক্ষমতা নেই। কেন্দ্রীয় সরকার আমাদের মতো অঙ্গরাজ্যগুলির উপর সংবিধানগত ভাবে পরিকাঠামোগতভাবে নির্ভরশীল। এই রকম কোটি কোটি টাকা ঋণ করে সেই ঋণের যে গভীরতা তার যে প্রতিক্রিয়া সেটা এই অঙ্গরাজ্যগুলির উপর পড়বে। যার জন্য আজকে যদি আমাদের এই মাননীয় মন্ত্রী বাজেট কোনও দিক দিয়ে যদি মনঃপূত না হয়ে থাকে সেটা কিন্তু ইচ্ছা করে নয়, সেটা পরিকাঠামোগত বা সংবিধানগত ভাবেই দুর্বলতার

জন্য এই কথাটা আমরা মানতে পারব না ; বিশেষ করে বলি আমরা এই বাজেটকে সমর্থন করছি, এই ঋণ পরিশোধ করার ক্ষমতা আর ভারতবর্ষের নেই। যেভাবে আজকে দেশকে চালানো হচ্ছে, এতে আরো বেশি করে কুক্ষিগত হচ্ছে, অর্থনৈতিক কাঠামো যেভাবে দুর্বল করে দেওয়া হচ্ছে তাতে করে এই বড় বড় অর্থ সংস্থা থেকে যে অর্থ নেওয়া হচ্ছে ঋণ হিসাবে সেটা কিন্তু শোধ করা যাচ্ছে না। দেশের পরিস্থিতি এমন জায়গায় এখন গিয়ে দাঁড়িয়েছে ঋণ শোধ করতে হলে আবার যে সমস্ত দেশ থেকে ঋণ না নিলে শোধ করা যাচ্ছে না। এই দুরাবস্থা সৃষ্টি করেছে কেন্দ্রের কংগ্রেস সরকার এবং পরিকাঠামোগতভাবে তার প্রভাব পড়ছে অন্যান্য অঙ্গ রাজ্যের উপর এবং আমাদের রাজ্যেও। যার ফলে এই দৈন্য ভাষা আমাদের বাজেটেও দেখা যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের এই কেন্দ্রীয় সরকারের মনোভাব এবং তার দৃষ্টিভঙ্গিটা কি, বাইরের দেশের পণ্য শিল্পপণ্য আমাদের দেশে আসছে, তার শুল্কও কমিয়ে দেওয়া হয়েছে তার মানে তাদের অবাধ স্বাধীনতা দেওয়া হচ্ছে এবং আমাদের দেশে যে সমস্ত পণ্য উৎপাদিত হচ্ছে তার উৎপাদিত পণ্যর শুল্ক কমছে না।

তাহলে পরে দেশের ভিতর আমাদের উৎপাদিত জিনিসের দাম বেড়ে যাবে। যার ফলে আমাদের দেশের মানুষ সস্তায় যে জিনিস পাবে সেই জিনিসই কিনবে এবং তাতে করে বিদেশি দ্রব্যই তারা সস্তায় পাবে এবং সেটাই কিনবে। এটা করলে আমাদের দেশের কি অবস্থা হবে? আমাদের দেশে অবস্থিত লক্ষাধিক কারখানার দৈন্যদশা আরও বেড়ে যাবে। এই দেশে উৎপাদিত দ্রব্য আরও বেশি করে মার খাবে এই কংগ্রেস সরকার কেন্দ্রে থাকলে পরে। এই পরিকাঠামোয় এই অবস্থাটা আমাদের ভেবে দেখার দরকার এবং তার পরিপ্রেক্ষিতে যে বাজেট হয়েছে সেই বাজেটকে আমি সমর্থন করছি। এরই পাশাপাশি আমি কয়েকটি কথা বলতে চাই, আমাদের পশ্চিমবাংলায় শিক্ষার প্রতি একটা জাগরণ দেখা দিয়েছে সাক্ষরতা আন্দোলনের পর থেকে। ফলে আমাদের ছাত্র সংখ্যা বেড়ে গেছে, কিন্তু সেই তুলনায় শিক্ষকদের সংখ্যা বাড়ছে না। তার ফলে পঠন-পাঠনের উপযোগি শ্রেণীকক্ষ তারা পাচ্ছে না। এইদিকে আমাদের সরকারের দৃষ্টি দেওয়া দরকার। এইদিকে দৃষ্টি দিলে পঠন-পাঠনের আরও অনুকূল পরিবেশ গড়ে উঠবে। আমি এই সংক্ষিপ্ত বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ভূপেন্দ্রনাথ শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে বাজেট এনেছেন, সেই বাজেটকে আমি সম্পূর্ণভাবে বিরোধিতা করে আমি আমার বক্তব্য আরম্ভ করছি। আমি একটা গল্প বলতে চাই। আমাদের দেশের গ্রাম-বাংলায় আমরা দেখেছি যদি কোনও ভালো যাত্রা দল গ্রামে আসে এবং যদি ভালো যাত্রা হয় তাহলে শ্রোতা সেখানে জমায়েত হবে। আমাদের বামফ্রন্ট সরকার যে বাজেট এই হাউসে রেখেছেন সেটা যদি সকলের ভালো লাগত তাহলে সকলে এখানে উপস্থিত থাকত। কিন্তু তারা পরোক্ষভাবে এটার বিরোধিতা করে তারা এই হাউস ত্যাগ করে চলে গেছেন। আমি মনে করি এই বাজেট সরকারি পক্ষের কোনও সদস্যরই পছন্দসই নয়। কারণ এই বাজেট সম্পর্কে তাদের অতীতের অভিজ্ঞতা আছে। প্রতি বছর অসীম দাশগুপ্ত বাজেট নিয়ে আসেন এবং আমরা শুনেছি এবং দেখেছি এবং ট্রেজারি বেঞ্চে যেসব মন্ত্রীরা বসেন তারা এখানে হই হই করে, আবার রাতের অন্ধকারে তার কাছে ডেপুটেশনে গিয়ে বলেন কি বাজেট করলেন, আমরা তো মাইনে দিতে পারছি না, কোনও কাজ করতে পারছি না, শুধু এমবার্গো। এই ঘাটতি শূণ্য বাজেটের তিক্ত অভিজ্ঞতা তাদের

আছে বলেই তারা সকলে মিলে বয়কট করেছে। এই বাজেটের ১ থেকে ১৫ প্যারাগ্রাফ পর্যন্ত কেন্দ্রীয় সরকার এবং মনমোহন সিং-এর সমালোচনা করা হয়েছে। আপনাদের দলের লোকেরাতো পার্লামেন্টে আছেন, তারা সেখানে বসে কেন আপত্তি করেননি কেন। মনমোহন সিং বারবার ডাঙ্কেল প্রস্তাব নিয়ে আলোচনা করার জন্য ডেকেছেন কিন্তু আপনারা সাড়া দেননি। ডাঙ্কেল প্রস্তাব ১১৭টি দেশ সমর্থন করেছে। আর পশ্চিমবাংলার এক কোনও একটা অঙ্গরাজ্য যদি এর বিরোধিতা করে তাহলে এটা কি ধোপে টিকবে?

[5-20 — 5-30 p.m.]

আজকে এই বাজেটের মধ্যে শুধু ডাংকেল প্রস্তাব নিয়ে আলোচনা করা হয়েছে। পশ্চিমবঙ্গের বাজেট, যার উপর পশ্চিমবঙ্গের মানুষের ভবিষ্যত নির্ভর করছে, এখানকার গ্রাম উন্নয়ন, সেচ প্রকল্প, কৃষির উন্নয়ন নির্ভর করছে, সেকথা না বলে বাজেট বই-এর পাতাগুলি শুধু ডাংকেল প্রস্তাব নিয়ে ভর্তি করা হয়েছে। আপনাদের এসব কথা এখানকার লোকরা তা শুনছেনই না, বাইরের লোকরাও একে প্রহসন বলে মনে করছেন। সংবাদপত্রগুলি খুলে দেখলেই বুঝতে পারবেন আমার কথার সত্যতা। সংবাদপত্রগুলিতেও বলা হয়েছে যে এই বাজেটে কিছুই নেই। কাজেই স্যার, আমি এইসব কথায় না গিয়ে সাধারণ মানুষের কথা কিছু বলতে চাই। আপনারা বলেছেন যে এই বাজেটে গ্রাম উন্নয়নের ব্যবস্থা রাখা হয়েছে এবং গত বছর যে টাকা এই খাতে বরাদ্দ ছিল এবারের বাজেটে তার অংক বাড়ানো হয়েছে। অর্থাৎ আপনারা বলেছেন, এ বছরের বাজেটে গ্রাম উন্নয়ন, সেচ, বন্যা নিয়ন্ত্রণ, রাস্তাঘাট বা পরিবহন খাতে টাকা বাড়িয়েছেন গত বছরের তুলনায়। আপনারা এমনভাবে এসব কথা বলেছেন যেন মনে হয় রাস্তাঘাট সব এ বছরই ঠিক-ঠাক হয়ে যাবে। কৃষির কথা বলতে গিয়ে আপনারা ১১৬ না ১৪০ লক্ষ টন উৎপাদন করেছেন বলছেন। কিন্তু এতে আপনাদের ক্রেডিট কি আছে? গ্রাম বাংলার চাষিরা নিজেদের উদ্যোগে হাই-ইলডিং ভ্যারাইটির বীজ চাষ করে উৎপাদন বাড়িয়েছেন, এ ক্ষেত্রে আপনাদের কোনও কৃতিত্ব নেই। বলুন আপনারা সরকারি কি সাহায্য করেছেন? কংগ্রেসের আমলে যেখানে ২২১টা ফার্ম ছিল যার উদ্দেশ্য ছিল উচ্চ ফলনশীল বীজ তৈরি করে চাষিদের মধ্যে বণ্টন করা আজকে সেই ফার্মগুলির কি অবস্থা? এখানে এগ্রিকালচার সাবজেক্ট কমিটির চেয়ারম্যান মহাশয় বসে আছেন, তিনি জানেন যে সেখানে বলদ নেই, ট্রাক্টর নেই, শুধু হাজার সাতেক ক্যাডারকে সেখানে অ্যাপয়েন্টমেন্ট দিয়ে বসিয়ে রাখা হয়েছে। সেখানে তাদের কোনও কাজ নেই, ঘরদোর তারা দখল করে বসে আছে। সেখানকার কোনও উৎপাদন কৃষকরা পায় না। হাই-ইলডিং যে তিন বছর পর পর পাল্টাতে হয় সেটা ওরা জানেন না। তারপর সেচ প্রকল্পের কথায় আসি। ১৯৭৭ সালের আগে ডিপ টিউবওয়েলের যে কমান্ড এরিয়া ছিল আপনাদের সময় সেটা কমে গিয়েছে। আগে একটা ডিপ টিউবওয়েলে একশো একর কমান্ড এরিয়া ছিল এখন ৫০ একর হয়ে গিয়েছে। গ্রাম-বাংলায় রাস্তাঘাটের যা অবস্থা তাতে সেখান দিয়ে গাড়ি-ঘোড়া চলছে না। অধিকাংশ জায়গায় বাসকে লরিতে রূপান্তরিত করছে লোক কারণ বাস যাবার রাস্তা নেই। প্রায়ই অ্যাকসিডেন্ট হচ্ছে। এই অবস্থায় শুধু মনমোহন সিং এবং ডাঙ্কেল প্রস্তাবের কথা বলে বাজেটের পাতা ভর্তি করা হয়েছে।

আমি বলতে চাই এই বাজেট হচ্ছে জনবিরোধী বাজেট, এর আমি বিরোধিতা করি

এবং যারা এই বাজেটের বিরোধিতা করে এই হাউস থেকে বেরিয়ে গেছেন তাদের অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে দৃষ্টিভঙ্গিতে এই বাজেট বরাদ্দ পেশ করেছেন এবং যে বাজেট বক্তব্য রেখেছেন তাকে আন্তরিকভাবে পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই বাজেটকে সমর্থন জানাতে গিয়ে কয়েকটি তথ্য বলতে হচ্ছে। আমি মনে করেছিলাম বিরোধী পক্ষের সদস্য যারা বক্তব্য রাখলেন তাঁরা নিশ্চয়ই গঠনমূলক দৃষ্টিতে এমন কিছু কথা বলবেন যাতে চিন্তার খোরাক কিছু পাওয়া যাবে এবং পরবর্তীকালে কাজ করতে সহায়ক হবে। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের কথা সেই পথে না গিয়ে অতি কুৎসা মূলক মন্তব্য তাঁরা করেছেন এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করতে গিয়ে এবং ডাঙ্কেল ডাঙ্কেল বলে অনাবশ্যক সময় নষ্ট করেছেন। শুনে মনে হল আয়নায় নিজের মুখই যেমন দেখা যায়, নিজের মুখ দেখে অন্যের চরিত্র বিশ্লেষণ করা মূর্খামি। কংগ্রেস সদস্যরা সেটা করলেন, কেন্দ্রীয় সরকারের বাজেট নিজেরা দেখেছেন এবং সেই বাজেট পড়ে বলেছেন আমাদের অর্থমন্ত্রী মনমোহন সিংহের বাজেটকে নাকি অনুসরণ করেছেন। আসলে তারা আমাদের বাজেটটা পড়েন নি। ভূপেন শেঠ মহাশয় তাঁর বক্তব্যের শেষে বললেন জন বিরোধী বাজেট। এখানেই হচ্ছে তাঁদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির তফাত। আমাদের অর্থমন্ত্রীকে এখানে সমর্থন করছেন আমাদের রাজ্যের শতকরা ৯০ ভাগ। আর কেন্দ্রীয় বাজেটকে সমর্থন করছে শতকরা ১০ ভাগ, এখানেই হচ্ছে ওদের সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গির তফাৎ। কেন্দ্রীয় সরকার কাদের জন্য কর ছাড় দিয়েছেন, বড়লোকদের জন্য, যারা প্রসাধন দ্রব্য, বিলাস দ্রব্য, ফ্রিজ, টি.ভি. এই সব ব্যবহার করে সেই রকম শতকরা ১০ ভাগ লোকের জন্য। আর আমাদের জনগণ শতকরা ৯০ ভাগ আপামর জনগণ যারা গ্রামে খেটে খাওয়া মানুষ, কল-কারখানায় খেটে খাওয়া মানুষ সেই জনগণ। সুতরাং দৃষ্টিভঙ্গির তফাৎ থাকবে। সেই সঙ্গে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই, মাননীয় ভক্তিবাবু বলেছেন, আবার আমি স্মরণ করিয়ে দিতে চাই, আমরা পশ্চিমবাংলার অধিবাসী হলেও আমাদের দেশটা হচ্ছে ভারতবর্ষ। আমরা একটা যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে বাস করি। আমার মা বলতেন বড় গাঙে জল না থাকলে ছোট গাঙে জল থাকে না। সার্বিক সংকট ভারতবর্ষে কংগ্রেস করেছে, তার একটা অঙ্গরাজ্য পশ্চিমবাংলায় সংকট থাকবে না, এটা হতে পারে না। কিন্তু তার মধ্যে থেকেও পশ্চিমবাংলা তার একটা বিকল্প পথ খুঁজে নিয়েছে এই সংকট এড়াবার জন্য। এই পথ বার করার জন্য অর্থমন্ত্রী যে বাজেট এখানে পেশ করেছেন, পশ্চিমবাংলার জন্য নতুন পথ খুঁজে বার করার চেষ্টা করা হয়েছে সেই বাজেটকে আমি সমর্থন করতে বাধ্য। শুধু তাই নয়, আমি মনে করি পশ্চিমবাংলার জনগণ এই বাজেটে সন্তুষ্ট। কেন্দ্রে বিদেশি তোষণ নীতি তারা সমর্থন করে না। আজকে এখানে বিরোধী সদস্যরা ডাঙ্কেল ডাঙ্কেল বলে চিৎকার করছেন, ডাঙ্কেল চুক্তি সই হয়েছে কি না সেটা আমাদের চেয়ে ওরা বেশি জানেন। কিন্তু ডাঙ্কেল চুক্তিতে সই হবার আগে যদি এই অবস্থা হয়, আজকে পশ্চিমবাংলায় যদি সার না পাওয়া যায়, জিনিস পত্রের মূল্যসূচক ২৪৫ বেড়ে যায়, এটা কি ডাঙ্কেলের প্রস্তুতি পর্ব চলছে, এই প্রশ্নের উত্তর চাইছি। প্রশ্নের উত্তর চাই আজকে যে কথা জয়নাল সাহেব বলেছেন, সেই কথা আবার আমি বলছি, সুজলা সুফলা শস্য শ্যামলা ভারতবর্ষ, যেখানে নানাবিধ সম্পদ, প্রভূত পরিমাণে আছে, ঢালাও

খনিজসম্পদ আছে, প্রচুর জন সম্পদ আছে, তার মাঝখানে ৪৭ সালের স্বাধীনতার পর থেকে কেন্দ্রীয় সরকারে থাকার পর আজকে কোন অবস্থায় কোটি কোটি টাকার ঋণ হল? আর সেই ঋণটা জাতীয় আয়ের প্রায় ৪০ শতাংশ কেন? তার প্রভাবে আজকে বিদেশিদের পায়ে মাথা নত করে আজকে অর্থমন্ত্রীকে মাইকে তাদের মাউথ পিস হিসাবে ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে ব্যাখ্যা করতে হচ্ছে, তাও আবার কোথায় না রাজারহাটের মতো ছোট্ট একটা জায়গায়। এটা অত্যন্ত দুঃখের বিষয়।

[5-30 — 5-40 p.m.]

কারণটা কি? 'ঠাকুর ঘরে কে, আমি তো কলা খাই নি।' ব্যাপারটা এখানেই কেবল নিহিত নয়। এর সঙ্গে জড়িয়ে আছে আমাদের বিকল্প প্রস্তাব। এটা খুব পরিষ্কার কথা যে, আমরা ভারতবর্ষের মধ্যেই আছি, সুতরাং ভারতবর্ষের মঙ্গল আমরা চাই। সেজন্য আমরা খুব পরিষ্কারভাবে বলেছিলাম যে, বিদেশি শিল্পসামগ্রী এবং বিদেশি শিল্পপতিদের না এনে আমাদের দেশীয় শিল্পগুলিকেই কিভাবে গড়ে তোলা যায় তা ভেবে দেখা হোক। কিন্তু সে কথা ভাবা হ'ল না, দেশীয় শিল্পপতিদের প্রয়োজনীয় সাহায্য দিয়ে দেশীয় শিল্প পুনরুজ্জীবিত করা হ'ল না, নতুন নতুন শিল্প গড়ে তোলার চেষ্টা হ'ল না। পরিবর্তে কি করা হচ্ছে? রপ্তানির ওপর শুল্ক কমিয়ে, উৎপাদনের ওপর শুল্ক বাড়িয়ে দেওয়া হ'ল। ছোট ছোট কুটির শিল্পের ওপর, এমন কি ছাতার মতো ছোট কুটির বা ক্ষুদ্র শিল্পের ওপরও কর বসিয়ে দেওয়া হ'ল। এর অর্থ কী? এর অর্থ—অনেক দিন আগের একটা পুরোনো কথা আমার মনে পড়ে যাচ্ছে, "বণিকের মানদণ্ড দেখা দিল রাজদণ্ড পোহাল শর্বরী।" ইংরেজরা আমাদের দেশে প্রথম এসেছিল বাণিজ্য করবার জন্য এবং বাণিজ্য করতে গিয়ে তারা আমাদের দেশের তাঁতিদের হাত পর্যন্ত কেটে নিয়েছিল, ফলে আমাদের দেশের বস্ত্র শিল্প নষ্ট হয়ে গিয়েছিল। সেদিনের বর্বরতা আজ আর পৃথিবীর কোথাও চালানো সম্ভব নয়, সেজন্য আজকে বিদেশি পুঁজিপতিরা অন্য কৌশল অবলম্বন করেছে। তারা আজকে মহাজন, প্রভুর ছদ্মবেশে অনুপ্রবেশ করছে এবং মহাজনী কায়দায়, নতুন কৌশল আমাদের দেশের শিল্পগুলিকে ধ্বংস করার পরিকাঠামো তৈরি করছে। তারা প্রথম প্রথম সস্তায় বা কম দামে বিভিন্ন পণ্য সামগ্রী আমাদের দেশে বিক্রি করবার চেষ্টা করবে—দেশের জিনিসের দাম বেশি হ'লে এবং বিদেশের জিনিসের দাম কম হলে স্বাভাবিকভাবেই আমাদের দেশের সাধারণ মানুষ বিদেশি জিনিসই কিনবে। ফল হিসাবে একটার পর একটা দেশীয় কল-কারখানা বন্ধ হয়ে যাবে এবং বিদেশিরা ব্যবসা-বাণিজ্য করে আমাদের দেশ থেকে প্রচুর মুনাফা লুঠে নিয়ে যাবে। বোফর্স কেলেঙ্কারির, হর্ষদ কেলেঙ্কারির নায়করা এই ব্যবস্থা কায়েম করবার জন্য এখানেও চিৎকার করছেন। আর পশ্চিমবাংলা এবং ভারতবর্ষের মানুষ আজকে সার্বিক সংকটের মধ্যে পড়ছে। এর থেকে উদ্ধারের বিকল্প পথের কথা ওরা একবারও বলছেন না। বিকল্প পথটা কি? আমরা যেটা বুঝি—খেটে খাওয়া মানুষ, গ্রামের মানুষ হিসাবে ভারতের অর্থনীতি সম্বন্ধে ছেলেবেলা থেকে পড়ে এসেছি, কৃষি নির্ভর অর্থনীতি। ভারতবর্ষের শতকরা ৭০ ভাগ মানুষ প্রত্যক্ষভাবে বা অপ্রত্যক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। পশ্চিমবাংলায় আজকে বিভিন্ন ক্ষেত্রে যে সমস্ত ছোট ছোট শিল্প গড়ে উঠছে, বাজার গড়ে উঠছে, রাস্তাঘাট তৈরি হচ্ছে, এই ফ্লারিস্টমেন্টের মূলে ভূমি সংস্কার। ভূমি সংস্কারের ফলে চাষিদের হাতে জমি গিয়েছে। ছোট ছোট চাষীরা জমি

পেয়েছে, সেই জমির পূর্ণ সদ্ব্যবহার করছে। প্রাণ দিয়ে জমিকে, জমির মাটিকে মা মনে করে সেবা করছে এবং সেই জমি থেকে ফসল তুলে নিয়ে আসছে। আজকে চাষিদের এই প্রচেষ্টার উপর আঘাত হানার চেষ্টা হচ্ছে। ধরে নিলাম ডাঙ্কেল প্রস্তাব এখনও কার্যকর হয়নি। কিন্তু আই. এম. এফ. প্রভুরা বলছে বলেই সারের উপর ভরতুকি কমিয়ে দেওয়া হয়েছে। একটার পর একটা সার কারখানা পর্যন্ত বন্ধ করে দেওয়া হচ্ছে। এর ফল আজকে বোরো চাষে দেখা দিয়েছে। এই যে সার সংকট, এর জন্য দায়ী কে? আজকে বিরোধী বন্ধুদের এর জবাব দিতে হবে। (**শ্রী নাসিরুদ্দিন খান ঃ আপনারা দায়ী।**) হ্যাঁ, আমরা দায়ী। ও কথা তো বলবেনই। বুকে হাত দিয়ে বলুন তো ঠিক বলছেন কিনা? যেহেতু আমরা এটা বলছি সেহেতু আমরা দায়ী। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই জানেন যে, এই সমস্ত ব্যাপারগুলি কেন্দ্রীয় সরকার নিয়ন্ত্রণ করে। আজকে দেশের অর্থনীতিটাকে জাগ্রত করার জন্য, কৃষিকে জাগ্রত করার কি ব্যবস্থা তারা নিয়েছেন? পাট শিল্প আজকে পশ্চিমবাংলার সর্বশ্রেষ্ঠ সম্পদ। ফলে এর রপ্তানি যদি অনেক হত তাহলে বিদেশি মুদ্রা অনেক আসত। কে কে শেষ করল? একথা আজকে ঠিক করতে হবে। রাজীব গান্ধী। কেন্দ্রীয় সরকার এমন নীতি নিল যে নিত্যপ্রয়োজনীয় জিনিস পাটের থলির পরিবর্তে পলিথিন থলিতে রপ্তানি করা হবে। পাট শিল্পকে পরিকল্পিতভাবে চক্রান্ত করে শেষ করে দেবার চেষ্টা হল। উন্নততর প্রযুক্তির কথা বলছেন। হ্যাঁ, নিশ্চয়ই দরকার। আমি মনে করি, আজকের দিনে বিজ্ঞানের অগ্রগতির সঙ্গে উন্নততর প্রযুক্তি আসা দরকার। কিন্তু সেই উন্নততর প্রযুক্তি কারা আনবে—দেশের শিল্পপতিরা? না, দেশের যারা আপামর জনগণ আছেন তারা? এখান থেকে ভাল ভাল ছেলে, যারা প্রযুক্তিবিদ, যারা লেখাপড়া শিখেছে—সেই সমস্ত প্রযুক্তিবিদদের বাইরে পাঠিয়ে দেওয়া হয়েছে। ব্রেন-ড্রেন হয়ে যাচ্ছে। কি পদ্ধতি নিয়েছেন? তারা সেখানে যে প্রযুক্তি তৈরি করছে সেগুলিকে অনেক বেশি দাম দিয়ে কিনছেন আর বলছেন, প্রযুক্তি আমদানি করছি। এইসব ছেলেদের ধরে রেখে এখানকার প্রযুক্তির মান উন্নত করার জন্য কি ব্যবস্থা গ্রহণ করেছেন কেন্দ্রীয় সরকার? আমাদের রাজ্য সরকার এই ব্যাপারে যতটা পারে তার সীমিত সাধ্যের মধ্যে বিভিন্ন জায়গায় এই প্রযুক্তিগুলিকে উন্নত করার জন্য, ইলেক্ট্রনিক্স স্থাপন করার জন্য চেষ্টা করছেন। কিন্তু এইসব প্রযুক্তির পথে আপনাদের নানান টাল-বাহানা। এখানে পেট্রো-কেমিক্যালস যাতে না গড়ে উঠে তারজন্য নানা টাল-বাহানা করছেন। এখানে যাতে বিদ্যুত কেন্দ্র না হয় তারজন্য টাল-বাহানা করছেন। এক কথায় এখানকার সমস্ত অর্থ ব্যবস্থাকে তিলে-তিলে ধ্বংস করে দাও। পশ্চিমবাংলার মানুষ হিসাবে আপনাদের আমি জিজ্ঞাসা করি, তাতে আপনাদের লাভ হবে কি? কোনও লাভ হবে না। আজকে আপনারা বিদেশিদের পা চেটে কেন্দ্রীয় সরকার আজকে দেশের স্বাধীনতাকে বিপন্ন করছে। এই সংকট শুধু অর্থনৈতিক সংকট নয়, ধীরে ধীরে রাজনৈতিক সংকট তৈরি করছেন। অর্থনৈতিক স্বাধীনতাকে বিকিয়ে, রাজনৈতিক স্বাধীনতাকে বিকিয়ে দেবার চেষ্টা করছেন এবং সেই দলে আপনারা নাম লিখিয়েছেন। আমাদের অর্থমন্ত্রী প্রথমদিকে বিকল্প পথের সন্ধানের কথা বলেছেন। সেই পথে এগুলো আবার নতুন করে অর্থনীতিতে স্বয়ম্ভর হতে পারবে। তাই বলি, আপনারা এই বাজেটকে সমর্থন করুন। এই কথা বলে এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ সালের যে বাজেট প্লেস করেছেন এবং তাতে যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের বিরোধিতা করে আমি সামান্য কয়েকটি কথা বলব। কথা হচ্ছে, কতকগুলি অ্যাটিচিউডের ব্যাপার আছে। আমি পরিসংখ্যান দিয়ে কথা বলতে চাই না, আমি শুধু বলছি যে, একটা সরকারের দৃষ্টিভঙ্গি কি? শুধু নিজেদের রাজনৈতিক ফায়দা লুটবার জন্য, না, সামগ্রিকভাবে দেশের স্বার্থে এবং বিশ্বের পট পরিবর্তনের পরিপ্রেক্ষিতে বক্তব্য থাকবে? আমি মনে করি, এই বক্তব্য রাখার আগে মাননীয় অর্থমন্ত্রীর ভাবা উচিত ছিল। এক সময় গোটা দুনিয়া দুইভাগে বিভক্ত ছিল। একটা হচ্ছে, সাম্রাজ্যবাদী দুনিয়া, আর একটা হচ্ছে সমাজতান্ত্রিক দুনিয়া। কিন্তু সাম্রাজ্যবাদী দুনিয়ার অস্তিত্ব এখনও আছে। কিন্তু সমাজবাদী দুনিয়া ভেঙে চৌচির হয়ে পৃথিবীর মানচিত্র থেকে সরে গেছে। সমাজবাদী দুনিয়া দুর্বল হয়েছে বলে ব্যক্তিগতভাবে আমি খুশি নয়, তবে বুঝতে হবে, তাত্ত্বিক কথা বলা এবং ব্যবহারিক জীবনে মানুষকে উন্নত পথে নিয়ে যাওয়ার মধ্যে আকাশ-পাতাল পার্থক্য আছে। একটা দেশের সরকার শুধু ভরতুকি দিয়ে চলবে? চলবে না। একটা দেশের সরকার উৎপাদন কর্ষতার জন্য নিউ টেক্‌নোলজি, নিউ সায়েন্স অ্যাপ্লাই করবে, কি করবে না?

[5-40 — 5-50 p.m.]

এই দৃষ্টিভঙ্গিটা নিয়েই আজকের পৃথিবী তোলপাড় হচ্ছে। আমি এদের অনুরোধ করব বিশেষ করে এই দলের, বামপন্থী বন্ধুদের যিনি সমাজতান্ত্রিক দুনিয়া বলে দাবি করেন—যখন তাদের দেশের মডার্নাইজেশনের বক্তব্য রাখতে হয়, ৬০ এর দশকের মানুষ না খেয়ে মরে, এবং প্রেসিডেন্ট যখন আসেনি তিনি মডার্নাইজেশনের পক্ষে বক্তব্য রাখেন তার বক্তব্যটা পড়ে দেখতে বলি। অনুরোধ করব বইটা সংগ্রহ করে পড়ুন। এরপর রাশিয়ার অস্তিত্ব বিপন্ন, পার্টি প্রেসিডেন্ট গরবাচভ তখন তিনি গ্ল্যাসনস্থ পেশ করলেন, তার বক্তব্য তুলে ধরেন, সেই বই সংগ্রহ করুন দুটি বই নিয়ে আসবার চেষ্টা করুন, দেখবেন আজকে ভারতবর্ষের সরকার অর্থনীতির ক্ষেত্রে নূতন দিগন্তের সূচনা করবে। একটি বিষয়ে ওনারা রাজ্যের গ্রামে গঞ্জের মানুষকে ডাঙ্কেলের কথা বলে বিভ্রান্ত করছেন। আমি মনে করি ভারতবর্ষে তাদের নেতার মৃত্যুর পরে বামপন্থীরা তার মূল্যায়ণ করেন, বামপন্থিদের অনুরোধ করব তাদের দুনিয়ায় বামপন্থী নেতার মৃত্যুবরণ করার পরে মৃত্যুর অবমূল্যায়ণ করেন, কবর থেকে তুলে এনে ছুঁড়ে ফেলে দেওয়া হয়। আজকে অজানা কথা শুনি ওদের নেতার কাছ থেকে যে কংগ্রেস নাকি জওহারলাল নেহেরুর পথ বিস্মৃত হচ্ছে, ইন্দিরা গান্ধীর পথ থেকে সরে গেছে। কিছুদিন পরে শুনব রাজীব গান্ধীর পথ থেকে জাতীয় কংগ্রেস চলে গেছে, আবার নরসিংহ রাও একদিন চলে যাবেন তখন বলবেন নরসিংহ রাওয়ের পথই সঠিক পথ। মাওসেতুংয়ের বক্তব্য আজকে সারা দুনিয়া অনুসরণ করছে, চিনের দুনিয়ায় একই বক্তব্য এখানেও এরা কিছুদিন আগে বক্তব্য রেখেছেন আজকে সমাজতান্ত্রিক দুনিয়ার পতন হয়েছে আজকে পুঁজিপতিদের দুনিয়ায় কনসেশন নিয়ে নূতন সোপান খুলছে। কারণ কি, কালকে পেপারে দেখলাম, পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু বলছেন জাপান, জার্মানের উন্নতির পথ চূড়ান্ত করেছে, সেই পথে আজকে হাঁটতে হবে। তখন চিন মালটি ন্যাশনালের দিকে হাত বাড়িয়েছে, আই. এম. এফের কাছ থেকে ঋণ নেয়, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে হাত পাতে। তাতে তখন

সমাজতান্ত্রিক দুনিয়ার পথ আমাদের মুখ্যমন্ত্রী বলেন মাওসেতুং আমাদের চেয়ারম্যান এই স্ট্যান্ড নিয়ে আকাশ বাতাস মুখরিত করেছিলেন। ভাগ্যের নিষ্ঠুর পরিহাস। আমি বলি স্মরণ করুন, দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর জাপান, জার্মান বিধ্বস্ত, ধ্বংস হল, আজকে আবার তারা উঠে দাঁড়িয়েছে। ভাগ্যের পরিহাসে আমাদের দলের মুখ্যমন্ত্রী মহাশয় পশ্চিমবঙ্গে আছেন শেষ বয়সে উচ্চারণ করলেন আমাদের বাঁচতে হলে জাপানের পথ ধরে চলতে হবে। জাতীয় কংগ্রেসের বক্তব্য আমাদের বক্তব্য, আজকে ওয়ার্ক কালচার পশ্চিমবঙ্গ থেকে মুছে গেছে। শ্রমিক কর্মচারিরা কাজ করে না, এর ফলে শিল্প উৎপাদন এখানে হচ্ছে না। বাজেটে শিল্প উৎপাদনের জন্য কত কোটি টাকা রাখা হয়েছে? আমি জানতে চাই এই বাজেট নিয়ে যারা চিৎকার করছেন তাদের কাছে জানতে চাই আজ প্রথম শ্রেণী থেকে কোন শ্রেণীতে পশ্চিমবঙ্গ গিয়ে পৌঁছেছে, তার কারণ কি? আজকে রাস্তা, জল কী অবস্থায় আছে, বিদ্যুত—কাগজে কলমে রয়েছে—বিদ্যুত না হলে বক্রেশ্বর, হলদিয়া হবে না। পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে না ১৭ বছর ধরে জগদ্দল পাথর হয়ে থাকলে যে কোথায় গিয়ে পড়বে, সেদিন ভারতবর্ষের মানচিত্র থেকে পশ্চিমবঙ্গ ধুয়ে মুছে যাবে।

আজকে অস্তিত্ব বিপন্ন হবে, কিন্তু সেই চিন্তা-ভাবনা এই বাজেটের মধ্যে নেই, শুধু আছে 'ইনকাম ট্যাক্সের ভাগ দাও' এসব কথা। সেজন্য এই বাজেটের বিরোধিতা করা ছাড়া আমাদের কিছু করবার নেই। তাই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ সালের যে বাজেট সভায় পেশ করেছেন তাকে সমর্থন করছি। আমি এই সভায় বিরোধী দলের মুখ থেকে ডঙ্কেলের প্রতিধ্বনি শুনেছি। আমাদের দেশ আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্ক এবং আই. এম. এফের অনুগত হয়ে ঋণ নিয়ে আমাদের দেশের শিল্প এবং কৃষিকে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছে একথা আমাদের বুঝতে হবে। একটি স্বাধীন দেশের অস্তিত্ব নির্ভর করে হেভি ইন্ডাস্ট্রি, কি ইন্ডাস্ট্রির উপর, কিন্তু আজকে সেখানে ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কাররা ছাঁটাই হয়ে যাচ্ছেন এবং তারফলে দেশে বেকার বেড়ে যাচ্ছে। এইভাবে একটা দেশের স্বাধীনতা থাকতে পারে না। দেশের মানুষ বুঝতে পেরেছেন ডাঙ্কেলের প্রস্তাব নিয়ে ওরা কি করছেন। আমাদের পশ্চিমবঙ্গ ভারতেরই একটি অঙ্গরাজ্য, তাই দেশের বর্তমান আর্থিক পরিস্থিতির মধ্যে এই রাজ্যও এগোতে পারছে না, সেজন্য কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করতে হচ্ছে। কিন্তু আমরা দেশের স্বাধীনতা রক্ষা করতে চাই, তাই পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার একটি প্রধান কাজ—ভূমি সংস্কার করেছেন এবং তারজন্য আজকে রাজ্যের কৃষিতে উন্নতির জোয়ার এসেছে। এই জোয়ার কিন্তু ওদের রাজত্বে এখানে ছিল না। আজকে পশ্চিমবঙ্গে ক্ষেতমজুর, গরিব কৃষক, বর্গাদার চাষী, এরা স্বয়ংসম্পূর্ণ হয়ে উঠে আত্মনির্ভর হয়েছে, তাই আজকে তারা শিক্ষা, বাসস্থান, পানীয় জল ইত্যাদির দাবি তুলছেন। কিন্তু আগে তারা এসব দাবি করতে পারতেন না। আগে কংগ্রেস আমলে গ্রাম থেকে প্রতি বছর ভূখা মিছিল কলকাতায় আসত খাদ্যের দাবিতে, কিন্তু আজকে শত চেষ্টা করলেও সেই মিছিল আনতে পারবেন না। আজকে কংগ্রেস যে আমদানি নীতি নিয়েছে তাতে সস্তার মাল এখানে বিদেশ থেকে আসবে। এরফলে দেশীয় পণ্য মার খাবে এবং তারফলে বেকার বাড়বে, দেশকে পরনির্ভর হতে হবে। এর বিরুদ্ধে আজকে আমাদের আন্দোলন। অন্যদিকে এখান থেকে কাঁচামাল রপ্তানি করা হবে

এবং বিদেশ থেকে সেই কাঁচা মাল থেকে তৈরি ফিনিশড় প্রডাক্টস আমাদের বাজারে বিকোবে। এই অবস্থা থেকে উদ্ধার পাবার জন্য মাননীয় অর্থমন্ত্রী একটা বিকল্প বাজেট পেশ করেছেন যাকে আমরা সমর্থন করছি। এই বিকল্প বাজেটে গরিবের উপর ট্যাক্স কমানো হয়েছে এবং অবস্থাপন্ন মানুষের উপর ট্যাক্স বাড়ানো হয়েছে। অন্য দিকে কেন্দ্রীয় সরকার গরিবদের উপর ট্যাক্স বাড়িয়েছেন এবং বড়লোকদের উপর ট্যাক্স কমিয়েছেন যার জন্য আজকে নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে। এই ট্যাক্স বাড়াবার ফলে ছোট ছোট কল-কারখানায় তৈরি জিনিসেরও দাম বাড়ছে এবং তার পরোক্ষ ফল হিসাবে ভারতবর্ষে বেকার সংখ্যা বাড়ছে। এর উপর আসছে ডাঙ্কেল প্রস্তাব। আমরা এই দেউলিয়া অর্থনীতির বিরোধিতা করছি। মাননীয় অর্থমন্ত্রী এখানে যে বিকল্প বাজেট পেশ করেছেন সেটা যেহেতু জনস্বার্থবাদী বাজেট তারজন্য তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 — 6-00 p.m.]

**শ্রী পরেশনাথ দাস :** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয়, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এখানে উত্থাপন করেছেন, সেই বাজেটকে আমি সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। গোটা ভারতবর্ষে যে অর্থনৈতিক মন্দা চলছে তার মধ্যে দাড়িয়ে একটা অঙ্গ রাজ্য হিসাবে যে নজির এই বাজেটের মধ্যে রাখা হয়েছে সেটা উল্লেখযোগ্য এবং ভবিষ্যতের ক্ষেত্রে একটা বিকল্প পথের সন্ধান দিয়েছে। আমরা লক্ষ্য করেছি যে স্বাধীনতার পর থেকে আমাদের ভারতবর্ষে শিল্পের দিক থেকে, কৃষির দিক থেকে যে অগ্রগতি হওয়া উচিত ছিল, সেই জায়গায় আমরা যেতে পারিনি। তবুও যতখানি অগ্রগতি হয়েছে এই জায়গায় এসে আজকে স্তব্ধ করে দেবার , বন্ধ করে দেবার একটা চক্রান্ত কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন স্বাভাবিকভাবে প্রতি বছর লক্ষ্য করছি যে কেন্দ্রীয় সরকার যে বাজেট প্লেস করছে সেই বাাজেটে প্রতি বছর ঘাটতি হচ্ছে এবং সেই ঘাটতির মোকাবিলা করার জন্য তারা নোট ছাপাচ্ছে, ঋণ গ্রহণ করছে এবং এই ঋণ গ্রহণ করতে গিয়ে আই. এম. এফ., বিশ্বব্যাঙ্ক, গ্যাট চুক্তির মধ্যে দিয়ে আবদ্ধ হয়ে পড়ছে। স্বাভাকিকভাবেই তারা যে চাপ সৃষ্টি করছে কেন্দ্রীয় সরকারের উপরে সেই চাপের কাছে কেন্দ্রীয় সরকার নতি স্বীকার করছে। আমাদের দেশকে গড়ে তোলার জন্য শিক্ষার ক্ষেত্রে, স্বাস্থ্যের ক্ষেত্রে, পরিষেবার ক্ষেত্রে শিল্পের ক্ষেত্রে যে ভরতুকি প্রথা আছে, সেটা তারা তুলে দেবার চক্রান্ত করছে এবং আমাদের দেশের স্মল ইন্ডাষ্ট্রি থেকে শুরু করে মাদার ইন্ডাষ্ট্রি যেগুলি আছে, সেই সমস্ত ইন্ডাষ্ট্রিগুলোকে বি-রাষ্ট্রীয়করণ করার চেষ্টা করেছেন এবং বিদেশি বহুজাতিক কর্পোরেশনের মাধ্যমে বিদেশি মালিকদের হাতে সেগুলি তুলে দেবার চেষ্টা করেছেন। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে পশ্চিমবঙ্গ সরকার যে বাজেট তৈরি করেছেন, সেই বাজেট নিঃসন্দেহে অভিনন্দনযোগ্য। এই ক্ষমতার মধ্যে কিভাবে পশ্চিমবঙ্গেকে গড়ে তোলা যায়, কিভাবে পশ্চিমবঙ্গের সাধারণ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত মানুষকে সামান্য রিলিফ দেওয়া যায় তার জন্য প্রচেষ্টা নেওয়া হয়েছে, কিভাবে ছোট শিল্প থেকে আরম্ভ করে মাঝারি শিল্প গড়ে তোলা যায় সেইভাবে পরিকাঠামো গড়ে তোলা হয়েছে। স্বাভাবিকভাবে এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি এবং সমর্থন জানাচ্ছি। আমাদের কৃষিক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটা নজির স্থাপন করেছে। কিন্তু অমরা লক্ষ্য করছি যে কেন্দ্রীয় সরকার যে নীতি নিয়েছেন তাতে কৃষিকে শিল্পের সঙ্গে যুক্ত করার একটা প্রচেষ্টা তারা

নিয়েছেন। অথচ কৃষি আমাদের রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত। তারা এই অবৈধ কাজ করে চলেছেন। কৃষির সঙ্গে শিল্পকে যদি যুক্ত করা হয়। তাহলে কৃষিকে বহুজাতিক কর্পোরেশনের মধ্যে দিয়ে আমেরিকার সাম্রাজ্যবাদী শক্তির কাছে তুলে দিতে হবে। কারণ উন্নয়নশীল দেশগুলি কৃষির উপরে নির্ভর করে তারা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের দিকে যাবার চেষ্টা করছে। আমেরিকা সাম্রাজ্যবাদী শক্তি ডাঙ্কেল প্রস্তাব, গ্যাট চুক্তির মধ্যে দিয়ে সমস্ত খাদ্য ব্যবস্থাকে নিজেদের হাতে তুলে নিতে চাচ্ছে। আমেরিকা সাম্রাজ্যবাদ তাদের যেখানে যেখানে ঘাটতি হবে সেই সব ঘাটতিগুলি মোকাবিলা করার জন্য উন্নয়নশীল দেশগুলির মুখ থেকে তাদের আহার কেড়ে নেবার একটা চক্রান্ত শুরু করেছে। এটা আমাকে অত্যন্ত লজ্জার সঙ্গে, ক্ষোভের সঙ্গে বলতে হচ্ছে যে ভারত সরকার তাদের কাছে নতি স্বীকার করতে বাধ্য হয়েছে। বাধ্য হয়েছে এই কারণে যে খাদ্যে মোকাবিলা করার জন্য ঋণ নিয়ে তাদের কাছে মাথা নত করতে হচ্ছে। আমাদের সরকার এর পরিপ্রেক্ষিতে একটি বিকল্প পথের সন্ধান দিয়েছে এবং তারা সেই পথে এগিয়ে যাবার চেষ্টা করছে। পশ্চিমবঙ্গের ক্ষেত্রে ভূমি সংস্কার এই রকম একটি বিকল্প পথ। আমাদের ক্ষুদ্র শিল্প আছে, বড় শিল্প আছে, মাঝারি শিল্প আছে, এগুলিকে রাষ্টীয়করণের মধ্যে দিয়ে, ব্যাঙ্ক রাষ্ট্রীয়করণের মধ্যে দিয়ে, নানা ভাবে আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করা হয়েছে এই ভাবে আমরা দেশকে এগিয়ে নিয়ে যাব। এই পথে কেন্দ্রীয় সরকার বাধা সৃষ্টি করছে। স্বাভাবিকভাবেই এই পরিস্থিতির মধ্যে দাঁড়িয়ে বামফ্রন্ট সরকার যে বাজেট উত্থাপন করেছে সেই বাজেট অভিনন্দন যোগ্য। আমি আশা করি এই বাজেটকে সকলেই সমর্থন করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী শান্তি চ্যাটার্জি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ সালের জন্য যে বাজেট পেশ করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। অর্থমন্ত্রী এই যে বাজেট পেশ করেছেন এই বাজেট সাধারণ মানুষের স্বার্থের কথা চিন্তা করে, কৃষিজীবী, শ্রমজীবী মানুষের কথা চিন্তা করে পেশ করেছেন। এটা অত্যন্ত সুন্দর বাজেট হয়েছে। আজকে গোটা ভারতবর্ষ যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে কেন্দ্রীয় সরকার একটা দেউলিয়া সরকারে পরিণত হয়েছে। ক্রমাগত ঋণের বোঝা চাপার ফলে একটা অত্যন্ত খারাপ অর্থনৈতিক অবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছে। কেন্দ্রীয় সরকার যে অর্থনীতি, যে শিল্প নীতি গ্রহণ করেছেন তাতে গোটা দেশের মানুষকে তাতে দেশের স্বাধীনতাকে প্রায় নষ্ট করে দিতে চাইছে। আই এম. এফ. এবং বিশ্বব্যাঙ্কের কাছ থেকে ঋণ নিয়ে গোটা দেশকে একেবারে দেউলিয়ায় পরিণত করেছে। এই কথা চিন্তা করে, পশ্চিমবাংলার সাধারণ মানুষের কথা চিন্তা করে মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট নিশ্চয়ই অভিনন্দনযোগ্য। কেন্দ্রীয় সরকারের আওতায় যে বড় বড় শিল্প আছে সেইগুলি বন্ধ হয়ে গিয়েছে। আজকে অ্যাঙ্গাস জুট মিল, ভিক্টোরিয়া জুট মিল এবং শ্যামনগর জুট মিল বন্ধ হতে চলেছে। সেই ব্যাপারে কিন্তু কেন্দ্রীয় সরকার কোনও কর্ণপাত করছেন না। আমাদের দেশ স্বাধীন হয়েছে, কিন্তু ইংরাজদের হটানো যায়নি। ইংরাজদের বিয়ারলি নামে একজন ইংরাজ নীলকরদের মতো রাজত্ব করে বেড়াচ্ছে। সেখানে সে মিল বন্ধ করে দিয়েছে, ফলে সেখানকার শ্রমিকরা চরম অবস্থার মধ্যে এসে দাঁড়িয়েছে। যেখানে সমস্ত ট্রেড ইউনিয়ন মিলে চালাতে চেষ্টা করছে কিন্তু তারা কোনও চেষ্টা করছে না। আজকে গোটা দেশ ভয়াবহ অবস্থার মধ্যে এসে দাঁড়িয়ে আছে। আজকে ডাঙ্কেল প্রস্তাব গ্রহণ করেছে এবং গ্যাট চুক্তি করেছে, এতে সাধারণ মানুষের

অবস্থা খারাপ হয়ে পড়েছে। তাদের আর্থিক অবস্থা খারাপের দিকে গিয়েছে। আমাদের এখানে ছোট ছোট শিল্পগুলির কথা চিন্তা করে কর রেহাই দেওয়া হয়েছে, বেকার সমস্যার কিছুটা উন্নতি করা হয়েছে। মাননীয় অর্থমন্ত্রী সাধারণ মানুষের কথা চিন্তা করে কৃষিজীবী মানুষের কথা চিন্তা করে বাজেট পেশ করেছেন। আমাদের পশ্চিমবাংলায় একটা বিরাট অংশ কৃষিজীবী। এই পশ্চিমবাংলা বনসৃজনে প্রথম স্থান অধিকার করেছে। এই কথা অস্বীকার করা যায় না যে শিক্ষার ক্ষেত্রে অনেক উন্নতি হয়েছে। রাস্তা ঘাটের অবস্থা কংগ্রেস আমলে খুব খাবাপ ছিল। সেই সময় যে রাস্তা দিয়ে জুতো হাতে নিয়ে হাঁটতে হত সেখানে আজকে ট্রেকার চলছে, রিক্সা চলছে। স্বাস্থ্যের ব্যাপারটা একটু ভাল করে চিন্তা করা দরকার, স্বাস্থ্যকেন্দ্রে অনেক সময় দেখা যায় ঔষধি থাকে না।

[6-00 — 6-12 p.m.]

কিন্তু এই সমস্ত জিনিসগুলো, মাননীয় অর্থমন্ত্রীকে বলব তার দাম যেন নিয়ন্ত্রণে থাকে সেদিকে তিনি লক্ষ্য রাখেন এবং যে ছবিগুলো সিনেমায় দেখানো হয় সেগুলো অত্যন্ত খারাপ, সেগুলো যাতে বন্ধ করা যায় তার ব্যবস্থা করবেন এই দুটি কথা বলে আমি পুনরায় অর্থমন্ত্রীর আনীত বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমতী মহারাণী কোঙার ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ সালের যে বাজেট পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন করে কয়েকটি কথা আপনার সামনে রাখতে চাই। গণতন্ত্রকে হত্যা করে চোরাপথে যারা দিল্লির মসনদে বসে আছে তারা জিনিসপত্রের দাম কিভাবে বাড়িয়ে দিল দেখুন। মানুষের নিত্যব্যবহার্য জিনিসপত্র, চিনি, পেট্রোল, ডিজেল, কেরোসিন, চাল ও গম এই সমস্ত জিনিসের দাম বাড়িয়ে দিল। সবচেয়ে দুঃখের বিষয়, যারা বিরোধীপক্ষে আছেন, তারা একবারও এই কথা বললেন না। আমি চোরাপথে এইজন্যই বলছি যে, হাজার হাজার লোকের ভোট পেয়ে নির্বাচনে জিতে যে পার্লামেন্টে তারা গেলেন—গণতেন্ত্রর ধ্বজাধারিরা পার্লামেন্টে গেছে—সেই পার্লামেন্টকে আড়াল করে জিনিসপত্রের দাম বাড়ানো হল। গণতন্ত্র আছে কি? এরা গণতন্ত্রকে কি বিশ্বাস করে? তাই আমি আপনার কাছে কয়েকটি কথা না বলে পারছি না। আমাদের দেশের সামনে বিরাট বিপদ। আমাদের দেশের সত্তরভাগ মানুষ কৃষির উপরে নির্ভরশীল, এবং কৃষির উপরে নির্ভর করে জীবন যাপন করেন, সেই কৃষি আজকে প্রচন্ডভাবে বিপদের সামনে। সাম্রাজ্যবাদিদের কাছে আমাদের দেশ ঋণের দায়ে বাঁধা পড়েছে। '৮৪ সালে আমাদের বিদেশে ধার ছিল ২৪,০০০ কোটি টাকা, আর এখন আমরা কোন পর্যায়ে দাঁড়িয়েছি? এখন আমাদের ধার হয়েছে ২ লক্ষ ৮১ হাজার কোটি টাকা। দুনিয়ায় যে দেনাদার দেশগুলো আছে তাদের মধ্যে আমাদের দেশ হচ্ছে প্রথম। আয়ের বিরাট অংশ খরচ করা কষ্ট। সুদের দায় যেহেতু শোধ করা যাচ্ছে না সেজন্য নতুন করে ধার করতে হচ্ছে এবং এরফলে নতুন করে ধার হয়ে যাচ্ছে। উন্নত দেশগুলো আজকে সংকটের সম্মুখিন, শোষণ করতে করতে আজকে তারা সংকটে পড়েছে। তাদের এই সংকট দেখা দিয়েছে শিল্পে এবং কৃষিতে। যেহেতু তারা বাইরে কোনও বাজার পাচ্ছে না সেজন্য তাদের কারখানাগুলো বন্ধ হয়ে যাচ্ছে এবং তাদের নিজেদের মধ্যে রেষারেষি চলছে। এরফলে মানুষের বিক্ষোভ বাড়ছে।

কেন্দ্রীয় সরকার দেশটাকে দেওলিয়া সরকারে পরিণত করেছেন। এই কারণে দেশের শিল্প, কৃষি সব কিছুতেই আজকে মন্দা আসছে। ভারত সরকার পুঁজিপিতিদের হাতে নিজেদের বিক্রি করে দিয়েছেন। এই কারণে পৃথিবীর অন্যান্য দেশগুলো আজকে ভারতবর্ষকে গিলতে এসেছে এর থেকে রেহাই পাওয়ার তাদের কোনও উপায় নেই। সাম্রাজ্যবাদের প্রভাবে আজকে ভারতের সব কিছু বিকিয়ে দিতে হচ্ছে। বিদেশি ব্যাঙ্কের কাছে ঋণ করে এবং আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণ করে শিল্পের ক্ষেত্রে কৃষির ক্ষেত্রে একটা দুষিত পরিবেশের সৃষ্টি করেছেন। এইভাবে এই দুষিত পরিবেশের মধ্যে কেন্দ্রীয় সরকার অর্থনীতিটাকে নাকি ঢেলে সাজাবার চেষ্টা করছেন। অর্থাৎ ডাঙ্কেল প্রস্তাব তারা গ্রহণ করেছেন এবং বিদেশি অর্থনীতির কাছে তারা মাথা নোয়াচ্ছেন। সুতরাং এই ডাঙ্কেল প্রস্তাব গ্রহণ করে তারা নয়া অর্থনীতির কথা বলছেন। এরফলে একটা বিপদজনক অবস্থায় নিয়ে এসেছে। সুতরাং ওই কংগ্রেসিদের মুখে বড়বড় কথা আর শোভা পায় না। ওদের সাহায্য নিয়ে আজকে দেশের বড় বড় পুঁজিপতিরা ছোট ছোট পুঁজিপতিদের গিলে খেয়ে নিচ্ছে। এরফলে ছোট শিল্পের মালিকরা প্রতিযোগিতায় দাঁড়াতে পারছে না। এইভাবে বৃটিশ আমলে আমাদের দেশে তারা প্রভুত্ব বিস্তার করেছিল। এখন কৃষি উৎপাদনের ক্ষেত্রেও বিদেশি পুঁজিপতিদের মধ্যে সীমাবদ্ধ হয়ে গেছে। ইংরেজরা যা করেনি আজকে তাও ঘটছে। এমনকি সার কারখানা পর্যন্ত বন্ধ হতে চলেছে। যার ফলে আজকে আমাদের দেশে কৃষির বিকাশ সেরকমভাবে হতে পারছে না। আমরা ১৯৭৭ সালে পশ্চিমবঙ্গে এসেছি। আমরা এসে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে জমি দখল করতে পেরেছি। সেই জমি আমরা বড়লোকদের কাছ থেকে কেড়ে নিয়ে গরিব মানুষের মধ্যে বিতরণ করতে পেরেছি। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর এবং বর্গাদারদের মধ্যে তা আমরা ফিরিয়ে দিয়েছি। আমরা সেচের উন্নয়ন করেছি, ইরিগেশনের ব্যবস্থা করেছি। এইভাবে গ্রামের গরিব মানুষদের কর্মসংস্থানের ব্যবস্থা করেছি। আমাদের দেশে ক্ষুদিরামের মতো স্বাধীনতা সংগ্রামী মাতঙ্গিনী হাজরার মতো মহিলা জন্মেছিলেন, তারা দেশের জন্য প্রাণও দিয়েছিলেন, দেশকে স্বাধীন করা ছিল তাদের প্রধান উদ্দেশ্য। আজকে সেই কংগ্রেস সরকার স্বাধীনতা ফিরে পেয়ে আবার আন্তর্জাতিক অর্থ ভান্ডারের কাছে বিক্রি করতে চলেছেন। এইভাবে বিদেশি ঋণের বোঝা তারা মাথা পেতে নিয়ে দেশটাকে দেউলিয়া করছে। দিল্লির মসনদে বসে আজকে কংগ্রেস সরকার যা করছে তা বৃটিশ সরকারও করতে পারেনি। এরা দেশটাকে বিক্রি করে দেবে। আমি ডাঙ্কেল প্রস্তাব নিয়ে যে কেন্দ্রীয় বাজেট সেই বাজেটের বিরোধিতা করে এবং এই বাজেটকে সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

## STATEMENT UNDER RULE 346

**শ্রী বিশ্বনাথ চৌধুরি ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি মেদিনীপুর হোমে যে ঘটনা ঘটেছে সেটা বলছি, শ্রীমতি আরতি ওরফে হারু ১১ বৎসর বয়সে হোমে ভর্তি হয় এবং ১৯৭৭ সাল থেকে সে আফটার কেয়ার ইউনিট-এ আছে। সে মানসিকভাবে সম্পূর্ণ স্বাভাবিক নয়। তার বর্তমান বয়স ৩৭ বৎসর। গত ১৬. ৩. ৯৪ তারিখে রাত ১১টা নাগাদ সে অসুস্থ হয়ে পড়ায় হোম কর্তৃপক্ষ হোমের নিযুক্ত রিক্সাচালক মোঃ মহসিনের সাথে তাকে হাসপাতালে পাঠান। ১৭. ৩. ৯৪ তারিখে সে হাসপাতাল থেকে বেরিয়ে আসে। খবর পেয়ে হোম কর্তৃপক্ষের নির্দেশে মোঃ মহসিন আরতিকে ১৭. ৩. ৯৪ তারিখে বিকালে হোমে নিয়ে আসে।

পরে আরতির মুখে গলায় ছড়ে যাওয়ার চিহ্ন দেখা যায়। মেয়েটি অত্যাচারিত হয়েছে এই আশঙ্কায় হোম কর্তৃপক্ষ থানায় যায় এবং মোঃ মহসিনকে পুলিশ তার বাড়ি থেকে গ্রেপ্তার করে। মেয়েটিকে পরীক্ষার জন্য চিকিৎসকের কাছে পাঠানো হয়। প্রাথমিক পরীক্ষায় ধর্ষণের অভিযোগ প্রমাণ করার উপযোগী তথ্য পাওয়া যায়নি। মোঃ মহসিনকে মহকুমা বিচারকের এজলাসে উপস্থিত করা হয়। বিচারকের আদেশ অনুযায়ী তাকে আপাতত পুলিশ হাজতে রাখা হয়েছে। সমাজকল্যাণ অধিকর্তাকে এই ব্যাপারে তদন্তের ভার দেওয়া হয়েছে। তদন্তের পরে যথাযোগ্য প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

## Adjournment

The House was then adjourned at 6.12 p.m. till 11 a.m. on Tuesday, the 22nd March 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 22nd March 1994 at 11.00 a.m.

**PRESENT**

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 11 Ministers, 7 Ministers of State and 191 Members.

## Held Over Starred Questions
## (to which oral answers were given)

[11-00 — 11-10 a.m.]

### পরিবহন সংস্থার কর্মচারিদের পেনশন স্কিম

*৩০। (অনুমোদিত প্রশ্ন নং *৩৯২।) **শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রীদেবপ্রসাদ সরকার ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, রাজ্য সরকার রাষ্ট্রীয় পরিবহন সংস্থার অবসরপ্রাপ্ত কর্মচারিদের জন্য পেনশন স্কিমের কথা ঘোষণা করেছিলেন ; এবং

(খ) সত্যি হলে, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় অবসরপ্রাপ্ত কর্মচারির মোট সংখ্যা কত এবং তন্মধ্যে অদ্যাবধি কতজন পেনশন পেয়েছেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) অবসরপ্রাপ্ত কর্মচারির সংখ্যা ৪৭২ জন। তাহাদের মধ্যে ১৭৪ জন পেনশনের আওতাভুক্ত হওয়ার জন্য আবেদন করিয়াছেন। কিন্তু কিছু জটিলতার জন্য পেনশন স্কিম এখনও চালু করা সম্ভব হয় নি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি বলেছেন যে পেনশন স্কিম এটাকে ইমপ্লিমেন্ট করার জন্য ১৯৯২ সালে আপনি যে অর্ডারটা দিয়েছিলেন ২৩.৬.১৯৯২ সালে তাতেই পেনশন স্কিম ইমপ্লিমেন্টেড হয়েছে এবং ম্যানেজিং ডিরেক্টার এন. বি. এস. টি. সি-র নামে এটা নোটিফাই হয়েছে, নোটিফিকেশনের কপিও আমার কাছে আছে। তারপর আজ ২১ মাস অতিক্রান্ত হতে চলল, এখনো পর্যন্ত কি জটিলতা আপনার আছে যার জন্য পেনশন স্কিম চালু করা যায় নি। সেই জটিলতাগুলো কি?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** এই জটিলতার প্রথম কারণ হচ্ছে দুটো মামলা আছে কোর্টে। আমাদের যে কর্মচারী ইউনিয়ন আছে তার মধ্যে অনেক বর্তমান পেনশন স্কিম এই যে ব্যবস্থাটা করা হয়েছে নিয়ম অনুযায়ী, এটার সঙ্গে অনেকেই তারা একমত নন। এই

একমত না হওয়ার জন্য এই অসুবিধাটা হচ্ছে। যে পরিমাণ পেনশন ওরা চাইছে, সেটা আমাদের ইচ্ছা থাকলেও আর্থিক অসুবিধার জন্য সেই পরিমাণ পেনশন আমরা দিতে পারছি না।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সাপ্লিমেন্টারি প্রশ্নের উনি যে উত্তর রিপ্লাই দিয়েছেন সেই ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। উনি বলেছেন পেনশন স্কিম চালু করা হয়েছে, গভর্নমেন্ট ইমপ্লিমেন্ট করার কথাও নোটিফাই করেছে, কিন্তু এখনো চালু করা যায়নি। আমার প্রশ্নটা ছিল কি জটিলতা এবং তার উত্তরে মন্ত্রী মহাশয় বলেছেন কোর্টে কেস রয়েছে সেইজন্য একটা সমস্যা। আবার বলেছেন কর্মচারিদের যে ইউনিয়ন আছে তাদের এই স্কিম পছন্দ নয়, তাদের আপত্তি আছে। আবার বলেছেন অর্থাভাবের জন্য দেওয়া যাচ্ছে না। তাহলে প্রকৃত কোন উত্তরটা সঠিক। যদি অর্থাভাব হয় তাহলে আপনি পরিষ্কার করে বলুন অর্থাভাবের জন্য দেওয়া যাচ্ছে না।

গভর্নমেন্ট যদি ডিসিসন নেন এবং সেই ডিসিসন ইমপ্লিমেন্ট করতে গিয়ে যদি কোর্টের বাধা থাকে তাহলে সেটা পরিষ্কার করে বলুন যে এইজন্য পারা যাচ্ছে না অথবা যদি অর্থাভাব থাকে তাহলে সেটা বলুন। তা ছাড়া যদি কর্মচারিদের আপত্তির জন্য ইমপ্লিমেন্ট করতে না পারেন তাহলে সেটা পরিষ্কার করে বলুন গভর্নমেন্ট তারজন্য পিছিয়ে যাচ্ছেন কিনা? উত্তরটা যদি ভেগ হয় এবং মাননীয় মন্ত্রী মহাশয় যদি ফ্লোরে দাঁড়িয়ে এইভাবে উত্তর দেন তাহলে সেটা দুর্ভাগ্যজনক। মাননীয় মন্ত্রী মহাশয় পরিষ্কার করে বলুন যে কারণটা কি? কোন কারণে এই পেনশন স্কিম চালু করা যাচ্ছে না? কবে চালু করা যাবে? গভর্নমেন্ট এটা রিভাইজ করার কথা ভাবছেন কিনা?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার দুর্ভাগ্য যে শ্রী দেবপ্রসাদ সরকারের মতন একজন সিনিয়ার মেম্বার আমার স্পষ্ট উত্তরটা বুঝতে পারলেন না অথবা বলা যায় আমার স্পষ্ট উত্তরটা তার কাছে অস্পষ্ট থাকছে। তিনি আমার কাছে প্রশ্ন করেছেন যে কি কি জটিলতা আছে। আমি সেখানে তিনটি কারণের কথা বলেছি এবং বলেছি এইসব কারণ এরজন্য দায়ী। আমি যে তিনটি জটিলতার কথা উল্লেখ করেছি তার এক নম্বর হচ্ছে, দুটি কেস আছে—আইনত ব্যাপার। আরো একটি ইউনিয়ন পার্টি হয়েছে সেই অর্থে দুটি কেস। দু নং জটিলতা হচ্ছে, আমরা যে পরিমাণে পেনশন দিতে রাজি হয়েছি কর্মচারী ইউনিয়নগুলি অথবা তাদের একটা বড় অংশ এটা মেনে নিতে রাজি নয়, তারা আরো বেশি চাইছেন। তিন নং জটিলতা হচ্ছে, তারা যে পরিমাণে চাইছেন অর্থাভাবের জন্য সেই পরিমাণে দিতে পারছি না। আমাদের ক্ষমতা অনুযায়ী দিতে রাজি হয়েছি কিন্তু তারা যে পরিমাণে চাইছেন সেই পরিমাণে দিতে পারছি না। এই তিনটি জটিলতার মধ্যে অস্পষ্টতা কোথায় তা আমি বুঝতে অক্ষম।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় কয়েকটি কারণের কথা বললেন। আমার স্পেসিফিক প্রশ্ন, সরকার যেটা চালু করবেন বলে ভেবেছেন এই পেনশন স্কিম রেগুলেশন অনুযায়ী, এ মত্ত অবস্থায় সরকার এই পেনশন স্কিম নতুন করে আবার রিভাইজ করার কথা ভাবছেন কিনা, না, পেনশন স্কিম রেগুলেশন অনুযায়ী যেটা আছে সেটাই কার্যকর করবেন, করলে কবের মধ্যে করবেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী :** আমরা সবটা দিতে পারিনি। পর্যায়ক্রমে দিচ্ছি।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি :** কতদিনের মধ্যে দিতে পারবেন বলে মনে করছেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী :** এই বিষয়টা অর্থমন্ত্রীর সঙ্গে আলোচনা করে ব্যবস্থা করার চেষ্টা করছি।

## (Starred Question
## (to which oral answers were given)

### পরিবহন সংস্থার কর্মচারী নিয়োগ

***২৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *১২০৬।) **শ্রী প্রবীর ব্যানার্জি :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) জুন ১৯৯১ থেকে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত এই রাজ্যে (১) সি.এস.টি.সি. এবং (২) এস.বি.এস.টি.সি.-তে নতুন কতজন কর্মচারী নিযুক্ত হয়েছেন ; এবং

(খ) উক্ত নিয়োগ কী পদ্ধতিতে হচ্ছে?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী :**

(ক) (১) সি. এস. টি. সি.-তে ৩৪৫ জন এবং (২) এস. বি. এস. টি. সি.-তে ৪৭১ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে।

(খ) কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে, বিজ্ঞাপনের দ্বারা এবং মৃত্যুজনিত ক্ষেত্রে সমবেদনার দ্বারা নিয়োগ করা হইয়াছে।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মন্ত্রী মহাশয় বললেন কর্ম-বিনিয়োগ কেন্দ্র থেকে, বিজ্ঞাপনের দ্বারা এবং যারা মারা গেছেন কমপেনসেনেট গ্রাউন্ডে চাকরি দিয়েছেন। কত জন এমপ্লয়মেন্টের মাধ্যমে, কত জন বিজ্ঞাপনের মাধ্যমে এবং কত জন কমপেনসেনেট গ্রাউন্ডে চাকরি পেয়েছে?

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী :** আপনি যে সময় সীমা বলেছেন, তারমধ্যে কর্ম-বিনিয়োগ কেন্দ্র মারফত ২৫৮ জন, মৃত্যুজনিত সমবেদনার ভিত্তিতে ৭৯ জন সি. এস. টি. সি.-তে এবং বিজ্ঞাপনের দ্বারা ৮ জন অফিসার পর্যায়ে কর্মচারী নিয়োগ করা হয়েছে ঐ সময় দক্ষিণবঙ্গ রাষ্ট্রায়ত্ত সংস্থায় নিয়োগ করা হয়েছে ৪৭১ জন। তার মধ্যে কর্ম-বিনিয়োগ কেন্দ্র থেকে ১৯৮ জন আর অফিসার এবং সুপারভাইজার পদে ১৪৮ জন নিয়োগ করা হয়েছে। এছাড়া প্রতিবন্ধী এবং পর্বতারোহী যাদের তাদের নিয়োগ করা হয়েছে। এবং অতীতে যারা ক্যাজুয়াল ওয়ার্কার হিসাবে কাজ করেছেন, তাদের নিয়োগ করা হয়েছে এই নিয়ে ৪৭১ জন।

**শ্রী প্রবীর ব্যানার্জি :** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনারা বলতেন যে, আমাদের সময়ে নাকি সিগারেটের প্যাকেটে লিখে চাকরি দেওয়া হ'ত। আপনারা এখন বলেন যে, আপনাদের সময়ে সব নিয়ম পাল্টে গেছে, এখন সব চাকরি থ্রু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে হচ্ছে। অথচ

আপনি এইমাত্র বললেন এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের বাইরে থেকে বিজ্ঞাপন দিয়ে ৮ জনকে নিয়োগ করেছেন। সেটা কি পার্টি ক্যাডারদের নিয়োগ করার জন্য করেছেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** আমার দুর্ভাগ্য, মাননীয় সদস্য প্রবীর ব্যানার্জি আমাদের নীতিটা জানেন না। তিনি এটাও জানেন না যে, কোন্‌টা কর্ম-বিনিয়োগ কেন্দ্র থেকে আসে এবং কোন্‌টা সেখান থেকে পাওয়া যায় না। অফিসার এবং সুপারভাইজার ক্যাটাগোরির ৮ জন, যাঁদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে পাওয়া সম্ভব নয়, তাঁদের বিজ্ঞাপনের মাধ্যমে নিয়োগ করা হয়েছে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** আপনি বললেন আট জন অফিসারকে এস. বি. এস. টি. সি.-তে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জকে বাদ দিয়ে নিয়োগ করেছেন। সি. এস. টি. সি.-তে কত জনকে করেছেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** আপনি যদি না শুনতে পান তাহলে তো মুশকিল! তাহলে আপনাকে কানের যন্ত্র কিনতে হবে। আমি কি করতে পারি!

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এস. বি. এস. টি. সি.-র ক্ষেত্রে নিয়োগের বয়সের উর্ধ্বসীমা আগে ছিল ৩৫ বছর, এখন সেটা কমিয়ে ২৫ বছর করা হয়েছে কি ; এটা যদি সত্য হয় তাহলে কারণ কি?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** এটা ঠিকই সাধারণভাবে চাকরির বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর, কিন্তু কোনও কোনও ক্ষেত্রে ব্যতিক্রম আছে। যেমন পুলিশের চাকরির ক্ষেত্রে এবং অন্য কিছু চাকরির ক্ষেত্রে ফিজিক্যাল ফিটনেস দরকার হয়—সেখানে বয়সের উর্ধ্বসীমা ৩৫ বছর নয়, কম। আমাদের ট্রান্সপোর্টের ক্ষেত্রে, ড্রাইভার কন্ডাক্টরদের বয়সের ক্ষেত্রেও উর্ধ্বসীমাটা কমিয়ে আনা হয়েছে এবং সেটা আজকে করা হয়নি অনেক দিন আগেই করা হয়েছে। তারা যে ধরনের কাজ করেন তাতে অক্যুপেশনাল হ্যাজার্ডের জন্য তাদের একটু বয়স বেশি হয়ে গেলেই অসুবিধায় পড়তে হয়। অনেকেই ৫০/৫৫ বছর বয়স হয়ে যাবার পর আর কাজ করতে পারেন না। সুতারাং এই দুটি ক্ষেত্রে ৩৫ বছর বয়সের পরে চাকরি পেলে মাত্র ১০/১৫ বছর চাকরি করতে পারে। তাতে আমাদের অসুবিধায় পড়তে হয়, গাড়ি চলে না। অথচ আমরা তাদের চাকরি থেকে ছাঁটাইও করতে পারি না। আবার একই পদের জন্য একাধিক ব্যক্তিকে নিয়োগও করতে পারি না। সেজন্য বহু দিন আগে থেকে—হঠাৎ আজকেই নয়—৮৪-৮৫ সাল থেকে সি. এস. টি. সি.-তে এবং তারপরে অন্য জায়গায় ড্রাইভার, কন্ডাক্টরদের অক্যুপেশনাল হ্যাজার্ডস যা ভোগ করতে হয়—রাত জাগতে হয়, তার জ-
তাদের নিয়োগের ক্ষেত্রে বয়সেব উর্ধ্বসীমা চেঞ্জ করে কন্ডাক্টরদের ক্ষেত্রে ২৫ বৎস-
ড্রাইভারদের ক্ষেত্রে ৩০ বৎসর করা হয়েছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মান-ীয় মন্ত্রী মহাশয়, যখন আপন-
র্পোরেশনগুলিতে বাস অনুপাতে কর্মচারীর সংখ্যা উদ্বৃত্ত তখন ড-
গবেও কেন নতুন করে কর্মচারী নিয়োগ করতে হচ্ছে? যা-
রলেন—না কেন, দয়া করে জানাবেন কি?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** আপনার প্রশ্নটা খুবই যুক্তিসঙ্গত। আপনি যেটা বললেন সেটাই করা উচিত। আপনি শুনে নিশ্চয়ই খুশি হবেন যে, আমরা কলকাতা রাষ্ট্রীয় পরিবহনের ক্ষেত্রে মাত্র ৩৪৫ জনকে নিয়োগ করেছি ট্রাফিক স্টাফ হিসাবে। কারণ আমাদের ৩৫০-টির উপর বাস বেড়েছে। আমাদের এখনও বাস পিছু কর্মচারীর সংখ্যা নিশ্চয়ই বেশি আছে, যদিও আমরা অনেকটাই কমিয়ে এনেছি। কিন্তু নতুন বাস বের করতে গেলে ড্রাইভার, কন্ডাক্টরের প্রয়োজন হয়েছে। কাজেই নতুন বাস বের করতে আমাদের ট্রাফিক স্টাফ নিয়োগ করতে হচ্ছে।

[11-20 — 11-30 a.m.]

অফিসারদের ক্ষেত্রে ট্রাফিক স্টাফ লাগবে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের জন্য ৪৭১ জনকে নিয়োগ করা হয়েছে। তার কারণ, আগে চলত ১০০টি বাস, এখন চলে ৪০০টি বাস। এখন ১০০টি বাসের জন্য ১,৩০০ কর্মচারী ছিল। এই ১,৩০০ জন কর্মচারীকে আমরা নিউট্রিলাইজ করে ১.৭ করেছি। এত বেশি বাস বেড়েছে তারজন্য কর্মী নিয়োগ করতে হয়েছে। আপনারা খুশি হবেন, যখন কেন্দ্রীয় সরকার নিয়োগ বন্ধ করেছে, অন্য রাজ্যে যখন রাষ্ট্রীয় পরিবহনে কর্মী নিয়োগ হচ্ছে না, ছাঁটাই হচ্ছে। তখন আমাদের এখানে কয়েক হাজার তরুণ-তরুণী চাকরি পাচ্ছে রাষ্ট্রীয় কর্পোরেশনে।

**শ্রী আবদুল মান্নান ঃ** ইদানিং একটা জিনিস দেখতে পাচ্ছি, পরিবহনমন্ত্রীর যেন সব জান্তা ভাব এসে গেছে। উনি যে কোনও সদস্যকে মনে করেন যেন তারা কিছু জানে না, তাচ্ছিল্য করে, প্রচন্ড ঔদ্ধত্য এসে গেছে। ইন ফিউচার—এই মন্ত্রীকে আমরা প্রশ্ন করব কিনা তা চিন্তা করতে হবে। ওঁার তাচ্ছিল্য করার অভ্যাস দাঁড়িয়ে গেছে। উনি সৌগতবাবুকে এবং প্রবীরবাবুকে ঔদ্ধত্যপূর্ণ কথা বললেন। এই রকম যদি করেন তাহলে আমরা মন্ত্রীকে বয়কট করতে বাধ্য হব, কোনও প্রশ্ন করব না। উনি আমাদের তথ্য দেবেন, কিন্তু উনি যদি জানতে চাইলে তাচ্ছিল্য করেন—সৌগতবাবুকে বললেন মুখ্যুর ডিম—এইরকম যদি বলেন তাহলে আমরা আপনার প্রোটেকশন চাই।

**মিঃ স্পিকার ঃ** আপনার প্রশ্ন করুন?

**শ্রী আবদুল মান্নান ঃ** আপনি যে লোকগুলি নিয়েছেন সেগুলি উদ্বৃত্ত লোক। এমনিতেই নর্থ বেঙ্গল, সাউথ বেঙ্গল, ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট লসে রান করছে। সেখানে লোকগুলিকে যে নেওয়া হচ্ছে কোন কোন ক্যাটেগরিতে লোক নিয়েছেন? নিশ্চয়ই ড্রাইভার, কণ্ডাক্টর? ক্ল্যারিকাল পদে লোক নিয়োগের দরকার পড়ে না। কোন কোন ক্যাটেগরিতে লোক নিয়েছেন এবং কিসের মাধ্যমে নিয়েছেন সেটা স্পেসিফিক্যালি বলুন, কী পদ্ধতিতে নিয়েছেন?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** প্রথম কথা, যদি আমাকে আক্রমণ করে, প্রতি আক্রমণ তাকে করতেই হবে এবং তাকে সেইভাবে প্রস্তুত থাকতে হবে। তিনি যেমন আক্রমণ করবেন তেমনি তার উত্তর পাবেন। এখন আপনি যে প্রশ্ন করলেন সেটা নোটিশ ছাড়া বলা যাবে না, কারণ ৫০টি ক্যাটেগরি আছে।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** নিয়োগের বয়স কমানোর কথা আপনার উত্তরে জানা গেল। আমি জিজ্ঞাসা করছি, যেহেতু নিয়োগের বয়স কমছে সেহেতু অবসরের বয়স কি কমানো হয়েছে এবং শিডিউল কাস্টস এবং শিডিউল ট্রাইবদের নিয়োগের ক্ষেত্রে একই নিয়ম বিধি প্রয়োগ করা হচ্ছে কিনা?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** অবসর গ্রহণের বয়স কমানোর প্রশ্ন উঠে না। তার কারণ, এটা হচ্ছে উর্দ্ধসীমা। নিয়োগের ক্ষেত্রে ১৮ বছরেও নিয়োগ করা যায়। ১৮ বছরে নিয়োগ করলেও ৫৮ বছর বয়স অবধি চাকরি করতে পারে। অবসর গ্রহণের বয়স কমানোর কোনও প্রশ্ন উঠে না। আর শিডিউল কাস্টস অ্যান্ট শিডিউল ট্রাইবদের ক্ষেত্রে সাধারণ যে নিয়ম—যেটুকু রিলাকসেশন দেওয়া তা দিয়েই করার নিয়ম, যে কোনও ক্ষেত্রে। চাকরির ক্ষেত্রে বয়স যাদের ২০ বছর, এস. সি. অ্যান্ড এস. টি.-র ক্ষেত্রে ৫ বছর খানিকটা সুবিধা পাওয়া যায়।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মন্ত্রী মহাশয় বলছিলেন যে দিল্লির সরকার ছাঁটাই-এর সিদ্ধান্ত নেওয়া সত্ত্বেও আমরা কিছু কিছু চাকরি দিয়েছি। একে স্বাগত জানাবার কথা। আপনি বলছিলেন যে, দুটি সংস্থায় ২৪৫ এবং ৪৭১ জনকে চাকরি দিয়েছেন। আমাদের কাছে যে সংবাদ আছে সেটা হচ্ছে, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের ক্ষেত্রে যে পরিমাণ রিজার্ভেশন হওয়া উচিত ছিল এবং মুসলিম সম্প্রদায় থেকে যে পরিমাণ নেওয়া উচিত ছিল তা আপনি নেননি। যদি আপনি কোটা অনুযায়ী নিয়ে থাকেন তাহলে লিস্ট দিতে হবে। ...(গোলমাল)...মুসলিমদের কথা বললেই মাথা ধরে। আমার কাছে ইনফর্মেশন আছে যে, তারা প্রোটেকশন পান না।

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** মুসলিম হলেই মুসলমান দরদি সাজা যায় না। অহেতুক এখানে সাম্প্রদায়িক কথা বলছেন। মিঃ স্পিকার স্যার, এখানে উনি সাম্প্রদায়িক বিদ্বেষ ছড়াচ্ছেন। প্রথম কথা হচ্ছে, শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবদের সম্পর্কে আমরা সর্তক আছি, ব্যক্তিগতভাবে আমিও সর্তক যাতে এক্ষেত্রে কোনওরকম বঞ্চনা না হয়। আমার কাছে অতীতের এইরকম বঞ্চনার অভিযোগ আছে এবং সেটা সঠিক। কিন্তু একটা অসুবিধা হচ্ছে, এক্ষেত্রে শিডিউল্ড ট্রাইবদের পাওয়া যাচ্ছে না। সেজন্য আমরা মেদিনীপুর, পুরুলিয়া এবং বাঁকুড়া জেলায় যেখানে শিডিউল্ড ট্রাইবদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে তালিকাভুক্ত করা আছে সেখান থেকে চাইতে। প্রতিনিয়ত এইভাবেই তাদের নাম চাওয়া উচিত, কিন্তু সে-ব্যাপারে গাফিলতি আছে একথা স্বীকার করতে আমাদের কোনও অসুবিধা নেই। কিন্তু আমরা সতর্ক আছি। তবে মুসলিমদের ক্ষেত্রে কোন আইনে রিজারভেশনটা হবে সেটা দিয়ে দিলে আমি দেখব।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** ঐ দুটি সংস্থায় যত লোক নিয়েছেন তাদের মধ্যে শিডিউল্ড কাস্ট, শিডিউল্ড ট্রাইব এবং জেনারেল ক্যান্ডিডেটের সংখ্যা কত জানাবেন কি?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** নোটিশ দিলে বলে দেব।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** ১৯৯১ থেকে ১৯৯৩ সালের মধ্যে দক্ষিণবঙ্গ স্টেট ট্রান্সপোর্ট যে ৪৭১ জনকে নিয়োগ করা হয়েছে এবং তার পূর্বে যেসব নিয়োগ হয়েছে তাদের নাম

কোথা থেকে চাওয়া হয়েছে ; নামগুলি কি ডিপোর কাছাকাছি এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে চাওয়া হয়েছে?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** আমাদের সাধারণ নিয়ম হচ্ছে, যেখানে ডিপো তৈরি করি তার আশপাশের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে সেখানে এমপ্লয়মেন্ট দিয়ে থাকে।

**শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** কংগ্রেস বন্ধুরা নিয়োগ নিয়ে উৎসাহিত। ১৯৭২ থেকে ১৯৭৭ যখন ওরা জঙ্গলের রাজত্ব কায়েম করেছিলেন সেই সময়ে এস. বি. এস. টি. সি. এবং সি. এস. টি. সি.-তে কিভাবে নিয়োগ করেছিলেন জানাবেন কি?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** কোথায়ও নিয়ম মেনে নিয়োগ করেননি। বামফ্রন্ট সরকার এসে সেইসব অবৈধ পথে নিযুক্ত কর্মীদের পার্মানেন্ট করে দিয়েছেন।

### ভিডিও-শো নিয়ন্ত্রণ

*২৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *৬১৮) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ** এবং **শ্রী শক্তি বল ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ভিডিও-শো নিয়ন্ত্রণের জন্য রাজ্য সরকার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না ; এবং

(খ) করলে, কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ**

(ক) হ্যাঁ, করেছেন।

বাধ্যতামূলকভাবে সরকারের নিকট হতে বিধি অনুযায়ী অনুমতি গ্রহণ আবশ্যিকভাবে প্রমোদকর প্রদান, স্বত্ত্বাধিকারি বিধি এবং 'সেন্সরশিপের' নিয়ম প্রয়োগের সাহায্যে ভিডিও-শো নিয়ন্ত্রণ করা হয়ে থাকে।

(খ) তথ্য ও সংস্কৃতি দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদিত।

[11-30 — 11-40 a.m.]

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নিয়ম-বিধির মাধ্যমে অনুমোদন দেওয়া হয়। সুতরাং যদি নিয়ম-বিধি অনুযায়ী ভি. ডি. ও. হল চালু করতে হয় তাহলে সেই বিধি অনুযায়ী অনুমতি দেবার কর্তৃপক্ষকে সেটা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** ওয়েস্ট বেঙ্গল সিনেমা রেগুলেশন অ্যাক্ট, ৫৪, ওয়েস্ট বেঙ্গল সিনেমা রেগুলেশন অ্যান্ড পাবলিকেশন অ্যাক্ট, ১৯৫৬ এবং সেন্ট্রাল বোর্ড অব ফ্লিম সার্টিফিকেশন, এতে যে সমস্ত আইন, বিধি আছে সেই অনুযায়ী এই ভি. ডি. ও. হলের অনুমতি দেওয়া হয়। এই অনুমতি দেবার দায়িত্ব জেলা শাসক যিনি তার উপরে ন্যাস্ত করা আছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে নির্দিষ্ট নিয়ম বিধির ভিত্তিতে জেলা প্রশাসন অনুমতি দিয়ে থাকে। কিন্তু আমাদের অভিজ্ঞতা হচ্ছে, বিভিন্ন জায়গায় বিশাল পরিমাণ ভি. ডি. ও. শো বেআইনি ভাবে চলছে। এগুলি বন্ধ করার ব্যাপারে নির্দিষ্ট ভাবে কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা বা জেলা কর্তৃপক্ষ থেকে এই বেআইনি শো বন্ধ করা হচ্ছে কিনা সেটা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আমাদের কাছেও মাঝে মাঝে এই রকম খবর আসে যে বিভিন্ন জায়গায় অবৈধ ভাবে ভি. ডি. ও. হল চালানো হচ্ছে। সে ক্ষেত্রে জেলা প্রশাসন এবং সাধারণ প্রশাসনের উপরে নির্দেশ থাকে যে এই ভি. ডি. ও. হলগুলি তাড়াতাড়ি বন্ধ করবেন এবং এর প্রতি নজর রাখবেন এবং যেখানে বেআইনি ভাবে ভি. ডি. ও. চালানো হচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়, কখনও বন্ধ করা হয়, আবার কখনও ভি. ডি. ও. মেশিনগুলি বাজেয়াপ্ত করা হয়, তাদের বিরুদ্ধে মামলা করা হয়। কিন্তু তাসত্ত্বেও কখনও কখনও এই ধরনের বে-আইনি কাজ বিভিন্ন জায়গায় হয়, এই রকম রিপোর্ট আমাদের কাছে আসে।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি সমস্ত রকম নিয়ম-নীতি ভেঙ্গে, বিধায়ক না থাকা সত্ত্বেও, নজির বিহীন ভাবে দু'দুবার মন্ত্রিসভায় গ্রহণ করার জন্য বর্তমানে কান্তি বিশ্বাস মহাশয়কে নিয়ে ভি. ডি. ও. ক্যাসেট করে জনস্বার্থে ভি. ডি. ও. শো দেখাবার কোনও পরিকল্পনার কথা সরকার ভাবছেন কিনা?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই প্রশ্নের কি উত্তর দেব। প্রশ্নের জন্য ধন্যবাদ।

**শ্রীমতী মহারানী কোঙার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি যে সমস্ত ভি. ডি. ও. গ্রামে-গঞ্জে চলছে সেগুলি পুলিশের মাধ্যমে দেখা এবং সেই সম্পর্কে ব্যবস্থা নেবার কথা বললেন। আপনি ভেবে দেখবেন যে গ্রামে-গঞ্জে পুলিশের পক্ষে এই কাজ ঠিকমতো দেখা সম্ভব হচ্ছে কিনা। কারণ বহু নোংরা ছবি দেখানো হচ্ছে এবং এটা একটা কালচার হয়ে উঠেছে। আজকাল আদিবাসীদের ঘরে পর্যন্ত এগুলি সারা রাত ধরে দেখানো হয়। কাজেই এর সঙ্গে পঞ্চায়েত বা নোটিফায়েড এরিয়াকে যুক্ত করে নূতন ভাবে কোনও পরিকল্পনা নেওয়া যায় কিনা, সেটা ভেবে দেখার জন্য অনুরোধ করছি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আগে এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এই সভাকে আশ্বস্ত করেছিলেন যে পঞ্চায়েত, পৌরসভার সাহায্য নিয়ে এগুলি নিয়ন্ত্রণ করার কথা ভাবা হবে। সেই বিষয়টি বিবেচনাধীন আছে। সেই অনুযায়ী উদ্যোগ গ্রহণ করা হচ্ছে।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা একটা ওপেন সিক্রেট এবং সরকারি, বেসরকারি সমস্ত সদস্যরা এতে উদ্বেগ প্রকাশ করেছেন। নোংরা বই আজকে ভি. ডি. ও.-র মাধ্যমে গ্রামে-গঞ্জে দেখানো হচ্ছে এবং তা ক্রমশ ছড়িয়ে পড়ছে। আপনি বললেন যে এটা বিবেচনাধীন আছে। কিন্তু অনেক সময় অতিক্রান্ত হয়ে যাচ্ছে। এটা শুধু পুলিশের উপরে নির্ভর না করে, এটা অনেক আগেই পঞ্চায়েত, পৌরসভা এবং সরকার মিলে এগুলি বন্ধ করার জন্য ভাবার কথা। নির্দিষ্ট কোনও পরিকল্পনা বা আইন, এটা যদি এখনও

**বিবেচনা**ধীন থাকে, এটা যদি রূপায়িত না হয় তাহলে সমস্ত গ্রামে-গঞ্জে এগুলি আরও বেশি **করে** ছড়িয়ে পড়বে। কাজেই এই ব্যাপারে স্পেসিফিক ভাবে কোনও আইন করার কথা চিন্তা করছেন কিনা, কোনও ছক তৈরি করেছেন কিনা জানাবেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যে নিয়ম কেন্দ্রীয় সরকার এবং রাজ্যে সরকারের হাতে আছে সেই নিয়মের পর আপাতত কোনও নূতন নিয়ম করবার প্রয়োজন নেই। সেটা যদি যথাযথ প্রয়োগ করা যায় তাহলে বন্ধ করার যায়। কিন্তু আমি আপনার সাথে একমত যে এত বড় একটা রাজ্যে সাধারণ প্রশাসন এবং পুলিশের বিভিন্ন জায়গায় নজর রাখা কঠিন। পঞ্চায়েত এবং পৌরসভার সাহায্য নিয়ে একটা সুস্থ সাংস্কৃতিক আন্দোলনের মাধ্যমে জনগণকে সচেতন করে এটাকে যাতে বন্ধ করা যায় সেই ব্যাপারে উদ্যোগ নিতে হবে। একদিকে সাংস্কৃতিক আন্দোলনকে শক্তিশালী করতে হবে অন্য দিকে পঞ্চায়েত এবং পৌরসভার মাধ্যমে বন্ধ করার উদ্যোগ নিতে হবে। এই ভাবে আমি চিন্তা করছি।

**ডাঃ নির্মল সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, কতগুলি ভি. ডি. ও. হল প্রশাসনের অনুমতি নিয়ে কর দিয়ে চালাচ্ছে এবং কতগুলি ভি. ডি. ও. হল প্রশাসনকে না জানিয়ে কর ফাঁকি দিয়ে পুলিশের সঙ্গে লেনদেনের মাধ্যমে চালাচ্ছে? যেগুলি বেআইনি ভাবে চালাচ্ছে সেইগুলির ব্যাপারে কি স্টেপ নিয়েছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** যেগুলি আইন মাফিক চলছে সেইগুলির তথ্য সরকারের কাছে থাকে, যেগুলি বেআইনি ভাবে চলছে তার তথ্য সরকারের কাছে থাকে না। আইন মাফিক যেগুলি চলছে তার সংখ্যা হল ১,৪০০। এর বাইরে আমরা কখনও কখনও খবর পাই যে বেআইনি ভাবে কিছু কিছু চলছে। সেইগুলিকে বন্ধ করা হয়। এইগুলিকে বন্ধ করার জন্য সাধারণ প্রশাসন এবং পুলিশ প্রশাসনের নিয়মিত উদ্যোগ থাকে। সুতরাং এই ব্যাপারে সঠিক কোনও তথ্য নেই। খবর পেলে এইগুলিকে বন্ধ করা হয়।

**শ্রী অতীশচন্দ্র সিনহা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে বৈধ ভাবে যেগুলি চলছে তার সংখ্যা আছে এবং অবৈধ ভাবে যেগুলি চলে তার সংখ্যা নেই, সেইগুলিকে বন্ধ করার চেষ্টা করেন। আমি আপনার কাছে জানতে চাই অবৈধ ভাবে যে ভি. ডি. ও.-গুলি চালাচ্ছিল, গত ২ বছরে আপনি কতগুলিকে বন্ধ করেছেন?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** গত ২ বছরের তথ্য আপনি যদি আমাকে বিজ্ঞপ্তি দিয়ে জানতে চান তাহলে আমি বলতে পারব, কারণ গত ২ বছরের হিসাব আমার কাছে নেই। কিছু আছে। যেমন ধরুন, মালদাতে ১০ বেআইনি হল বন্ধ করেছি, উত্তর-দিনাজপুরে ৮ বেআইনি হয় বন্ধ করেছি, বর্দ্ধমানে ২ হল বন্ধ করেছি, বীরভূমে ৪টি হল বন্ধ করেছি। গত কয়েক মাসের মধ্যে আমরা এই গুলি বন্ধ করেছি। গত ২ বছরের ব্যাপারে জানতে চাইলে বিজ্ঞপ্তি দেবেন। কিন্তু পদ্ধতি আমরা চালাচ্ছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলতে চাই এটা একটা সামাজিক ব্যাধি, এই ব্যাধি কেবলমাত্র আপনার ওই প্রশাসন দিয়ে নিয়ন্ত্রণ করা যাবে না। ব্যাপক হারে যদি জন সংযোগ বৃদ্ধি করা যায়, ব্যাপক হারে সাধারণ মানুষের মধ্যে প্রচার করা যায়, সাধারণ মানুষকে সচেতন করা যায় তাহলেই এটা বন্ধ করা সম্ভব। এই ব্যাপারে পঞ্চায়েত,

পৌরসভা এবং সাংস্কৃতিক সংগঠন, গণ সংগঠনগুলি যুক্ত করা দরকার এবং এই ব্যাধির বিরুদ্ধে জোরদার প্রচার করতে হবে। তা না হলে এটাকে নিয়ন্ত্রণ করা যাবে না। পুলিশ পয়সা খেয়ে ব্লু ফ্লিম দেখাচ্ছে স্কুল কলেজের সামনে। আমার কনস্টিটিউয়েন্সিতে বড় হাই স্কুলের সামনে এই ভি. ডি. ও. চলছে, পুলিশ কিছু করছে না। সেই জন্য বলছি সমস্ত গণ সংগঠন, সাংস্কৃতিক সংগঠন গুলিকে নিয়ে ব্যাপক হারে প্রচার করে মানুষকে যদি সচেতন করা যায় তাহলে এটা বন্ধ করা সম্ভব। এই ব্যাপারে আপনি কোনও চিন্তা ভাবনা করছেন কিনা?

[11-40 — 11-50 a.m.]

**শ্রী কান্তি বিশ্বাস :** মাননীয় সদস্যের উদ্বেগ এবং উৎকণ্ঠায় আমি সহমত পোষণ করি, সাথে সাথে আমি মনে করি সুস্থ সাংস্কৃতিক আন্দোলনের মাধ্যমেই এটাকে স্তব্ধ করা যায়। এই সুস্থ সাংস্কৃতিক আন্দোলনের নিয়ামকের ভূমিকা সরকার পালন করুক এটা আমি চাই না।

আমরা চাই সরকারি আওতার বাইরে সাংস্কৃতিক আন্দোলন গড়ে উঠুক। আমরা এই নীতিতে বিশ্বাস করি। যেখানে সরকারের ভূমিকা একটা থাকে, আমরা সেই ভূমিকা পালনে ইচ্ছুক। পশ্চিমবাংলার দীর্ঘদিনের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক আন্দোলনের মাধ্যমে এটাকে সম্পূর্ণভাবে বন্ধ করা যায়। এই ক্ষেত্রে সরকারের ক্ষুদ্র সীমিত যে সুযোগ আছে, সেটা আমরা নিশ্চয়ই ব্যবহার করব।

**ডাঃ মানস ভূঁইয়া :** মাননীয় তথ্যমন্ত্রী জানাবেন কি, আমরা যেটি জানতে চাইছিলাম এবং অনেকে এখানে জানতে চেয়েছেন যে এবারে বাজেটে আমরা দেখছি, এই ভিডিও হলগুলোর উপরে ট্যাক্সের একটা সিদ্ধান্ত নিয়েছেন। আপনি বলছেন যে সরকার এর নিয়ামক হতে পারে না, এটাকে নিয়ন্ত্রণ করতে হলে আন্দোলন গড়ে তোলা দরকার। একদিকে সরকার রেভেনিউ আদায় করার জন্য, ট্যাক্স আদায় করার জন্য একটা স্ট্রাকচার করছেন, আর একদিকে বিবেকের ডাক। সরকার কোন পদ্ধতি অবলম্বন করবেন? বিবেকের ডাক, নাকি ঐ ভিডিও হল যেগুলো আছে, যেগুলো অবৈধ ভাবে চলছে, এগুলোকে রাখবেন, কোনগুলোকে প্যাট্রোনেজ করছেন?

**শ্রী কান্তি বিশ্বাস :** আমার মনে হয়, মাননীয় সদস্যকে আমি ঠিকমতো বোঝাতে পারিনি। আমরা যেটা বলছি, সাংস্কৃতিক আন্দোলনকে ঠিকমতো পরিচালিত করার জন্য পশ্চিমবঙ্গে ঐতিহ্যবাহী যে আন্দোলন আছে, তাকে জোরদার করতে হবে। আর মাননীয় অর্থমন্ত্রী ট্যাক্সের যে প্রস্তাব বাজেটে রেখেছেন, সেখানে বলা আছে যে নির্দিষ্ট দর্শকের থেকে বেশি স্থান সংকুলান যে ভিডিও হলগুলোতে আছে, তার উপরে ট্যাক্স বৃদ্ধি করে ভিডিও হলগুলোর উপরে নিয়ন্ত্রণ আনার একটা উদ্যোগ নেওয়া হচ্ছে। এই প্রস্তাব রাখা হয়েছে। আমাদের রাজ্যে সিনেমা হলগুলোর উপরে এই ভিডিও হলের আক্রমণ মর্মান্তিক আকারে দেখা দিয়েছে। আমাদের রাজ্যের সিনেমা হলগুলো এই ভিডিও হলগুলোর জন্য যথেষ্ট ক্ষতি হচ্ছে। আগে যেখানে দুশো'র বেশি দর্শক থাকত না, এখন সেখানে আধুনিক প্রযুক্তি ও মেশিনপত্র ব্যবহার করে অনেক বেশি সংখ্যক দর্শকের ব্যবস্থা হচ্ছে, অতিরিক্ত স্থান সংকুলানের

ব্যবস্থা করে দেওয়া হচ্ছে। ভিডিও হলগুলোকে বড় করা হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী শুধুমাত্র এই ভিডিও হলগুলোর, যেগুলোর কলেবর বৃদ্ধি করা হচ্ছে, যেগুলো রমরমা ব্যবসা চালাচ্ছে, সেটা যাতে বন্ধ হয় তারজন্য সেখানে নিয়ন্ত্রণ আরোপ করতে এই প্রস্তাব এনেছেন। এটা যদি কার্যকর হয় তাহলে ভিডিও হলগুলোর যে রমরমা ব্যবস্থা চলছে, সেটাকে নিয়ন্ত্রণ করা যাবে।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** এই ভিডিও হলগুলো চলার জন্য ক্যাসেটগুলো যেখান থেকে সাপ্লাই করা হচ্ছে, সেই দোকানগুলোর উপরে চেক-আপের ব্যবস্থা আছে কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই ভিডিওগুলো যেখান থেকে বিক্রি হচ্ছে, সেখানে নিয়ন্ত্রণ করবার কোনও ক্ষমতা রাজ্য সরকারের নেই। ভিডিওর ব্যবসা নিয়মিত ভাবেই বাড়ছে। গত বছরে ভারতবর্ষে ৬৫,০০০ ভিসিপি এবং ভিসিআর বিক্রি হয়েছে। আমাদের মতো দরিদ্র দেশে এটা যেভাবে বৃদ্ধি হচ্ছে, এখানে রাজ্য সরকার সরাসরি ভাবে—ভিসিপি ও ভিসিআর-এর উপরে—নিয়ন্ত্রণ আরোপ করতে পারে না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আজকে এই ভিডিও হলগুলোর জন্য চলচিত্র শিল্প মার খাচ্ছে, নতুন বই আসবার আগেই রিলিজ হওয়ার আগেই বেআইনিভাবে ক্যাসেট চালানো হচ্ছে এবং হলে চালাবার আগেই সেগুলো দেখানো হচ্ছে। আপনারা এরজন্য ট্যাক্স বসিয়েছেন, বিধানসভাতে আলোচনাও করেছেন কিন্তু এই বেআইনিভাবে ছবি রিলিজ হওয়ার আগেই ভিডিও ক্যাসেট করে দেখা হচ্ছে এরজন্য যদি কোনও পত্রক একজাম্পল পানিশমেন্ট-না করা যায় এবং জনগণ যদি সংগঠিত না হয় তাহলে এই ধরনের ব্লু ফিল্ম গ্রামে ক্রমশ বেড়েই চলবে এবং গ্রামীণ মানসিকতা নষ্ট করবে। সুতরাং এই পুলিশ দিয়ে ভিডিও ফিল্ম দেখানো বন্ধ করলে কিছু হবে না, তাদের বিরুদ্ধে ইমপ্রিজনমেন্ট বা পানিশমেন্টের কোনও ব্যবস্থা করেছেন কি?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** এই যে সিনেমা ফিল্ম তৈরি করার আগে সেগুলো ক্যাসেট করা হয়, সেগুলো প্রধানত পারিবারিক লোকেদের দেখানোর জন্য এটা করা হয়। আমরা জানি কোনও কোনও ভিডিও হল ছবি রিলিজ হওয়ার দিন সকালেই বা তার আগের দিন ক্যাসেটে দেখায়। কিন্তু এটা ইন্ডিয়ান কপি রাইট অ্যাক্ট ১৯৫৭ এর মধ্যে পড়ে এবং এটি কেন্দ্রীয় সম্পূর্ণ দেখাশোনা করেন। আপনি সঠিক বক্তব্যই রেখেছেন। তবে এর মূলগত পরিবর্তন করতে হলে ইন্ডিয়ান কপি রাইট অ্যাক্ট ১৯৫৭ এই ধারাকে আরও শক্তিশালী করতে হবে। আমরা এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করব এবং এই বিষয়টি যথোচিত মর্যাদার সঙ্গে বিষয়টি নিয়ে আলোচনা করব এবং এই বিষয়টি যথোচিত মর্যাদার সঙ্গে মনে রাখব।

**শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি বললেন সরকারি লাইসেন্স প্রাপ্ত ১,৪০০টি ভিডিও হল আছে, আমার প্রশ্ন আদালতের অনুমতি নিয়ে কতগুলো চলছে সেগুলো বলবেন কি?

**মিঃ স্পিকার ঃ** উনি জানতে চাইছেন আদালতের ইনজাংশন নিয়ে কতগুলো চলছে?

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** আপনি নোটিশ দেবেন, কোন কোন ক্ষেত্রে হস্তক্ষেপ করা হয়েছে সেটা দেখে বলে দেব।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, ভিডিও হলগুলো লাইসেন্স নিয়ে এবং ইনজাংশন নিয়ে তো চালাচ্ছে। কিন্তু আমি জানতে চাইছি যে, এই ভিডিও হলগুলো যারা বেআইনিভাবে চালাচ্ছেন তাদের বিরুদ্ধে আপনারা কি ব্যবস্থা নিয়েছেন এবং পুলিশি মদতে পুলিশি সাহায্যে তারা চালাচ্ছে।

**শ্রী কান্তি বিশ্বাস ঃ** স্বরাষ্ট্র দপ্তরের বাজেটের দিন আলোচনা করবেন, বিস্তারিতভাবে বলা যাবে।

**মিঃ স্পিকার ঃ** যদিও আমার এই চেয়ার থেকে বলা ঠিক নয় তবুও বলছি যে, যতদিন জনগণকে সংগঠিত করতে না পারা যাবে, তাদের যতদিন সচেতন করতে না পারা যাবে ততদিন এই জিনিস বন্ধ করা যাবে না। যতদিন জনগণ এগুলো দেখতে যাবে ততদিন এইভাবে চলতে থাকবে। এটা আইন করে বন্ধ করা যাবে না। জনগণ ঠিক হলে হবে, ঠিক না হলে হবে না।

**উত্তরবঙ্গগামী সি. এস. টি. সি. ও এন. বি. এস. টি. সি.-র বাস**

*২৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩৮) **শ্রী আব্দুস সালাম মুন্সি ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) কলকাতা থেকে উত্তরবঙ্গগামী সি. এস. টি. সি. এবং উত্তরবঙ্গ থেকে কলকাতাগামী এন. বি. এস. টি. সি. বাসের সংখ্যা কত (পৃথক পৃথক ভাবে) ; এবং

(খ) ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ আর্থিক বছরে বাস মেরামতের জন্য উক্ত সংস্থা দুটিতে কত টাকা ব্যয় করা হয়েছে?

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী ঃ**

(ক) সি. এস. টি. সি.-র — ১০টি

(খ) উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার — ৪৩টি

| | | | | |
|---|---|---|---|---|
| (খ) | | | | লক্ষ টাকা |
| (১) | সি. এস. টি. সি. | ৯২-৯৩ | — | ৮০৪.৪৮ |
| | (ডিসেম্বর পর্যন্ত | ৯৩-৯৪ | — | ৭৯৮.০৭ |
| (২) | উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থ | ৯২-৯৩ | — | ৬৮৩.০৭ |
| | (ডিসেম্বর পর্যন্ত | ৯৩-৯৪ | — | ৫৮৬.৮৩ |

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, ১৯৯২-৯৩ সালে উত্তরবঙ্গগামী বাসগুলো মেরামতির জন্য ৬ কোটি ৭ লক্ষ এবং ৫ কোটি ৮৬ লক্ষ টাকা খরচ করেছেন। কিন্তু বাস্তবে দেখা যাচ্ছে যে, উত্তরবঙ্গের পরিবহন ব্যবস্থা অত্যন্ত খারাপ, এমন দুরবস্থা যে বাসের লাইট নেই, সিট নেই এবং বেশির ভাগ বাসেই বসার অনুপযুক্ত, এর জবাব দেবেন কি?

[11-50 — 12-00 Noon]

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী ঃ** প্রথমে টাকার অঙ্কটা নিশ্চয় আছে, বাসের সংখ্যার উপরে, সেখানে বাস চলে ৭০০ থেকে ৮০০ মতোন। আমাদের বাসের ইউটিলাইজেশন যেটা সেটাও উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার। আমি বিশেষ করে বলতে পারি এটা অল ইন্ডিয়ার স্ট্যান্ডার্ড এর থেকেও ভাল। আমাদের সি. এস. টি. সি. বা দক্ষিণবঙ্গ যেটা আছে তার মধ্যে কিন্তু আমাদের উত্তরবঙ্গের এই অ্যাচিভমেন্টটা আছে। উত্তরবঙ্গের ক্ষেত্রে আমাদের একটা অসুবিধা আছে, তা হচ্ছে পরিকাঠামোগত যে সুযোগটা সেটা আমরা বিকশিত করতে পারি না। অর্থাৎ আধুনিক ডিপো তৈরি করা মেকানিক্যাল ব্যবস্থা রাখা, মেশিন পত্র ঠিকমতো যাতে চালু থাকে তার জন্য কর্মীদের ট্রেনিং দেওয়া, আমরা এই কাজটা শুরু করেছি, মনে হচ্ছে অতি দ্রুত আমরা এই অবস্থাটা কাটিয়ে উঠতে পারব।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, কৃষ্ণনগরে একটা বাস টার্মিনাস এর কথা ঘোষণা করেছেন, এটার কাজ কি আরম্ভ হয়েছে এবং কবে নাগাদ এটা শেষ হবে?

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী ঃ** কৃষ্ণনগরের কাজ এখনও আরম্ভ হয়নি, কিন্তু আমরা টেন্ডার দিয়েছি, প্রথম পর্যায়ে ৩৫ লক্ষ টাকার মতোন লাগবে, যতদূর মনে পড়ছে, আমার কাছে এখন কাগজ নেই, প্রথম পর্যায়ের জন্য টেন্ডার দিয়েছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মন্ত্রী মহাশয় কৃষ্ণনগরের ডিপোর ব্যাপারে যে কথা আপনি বললেন এটা কি কারণে এতদিন বন্ধ ছিল, ঐ ডিপোর জন্য এবারের বাজেটে অর্থ বাড়ানোর কথা চিন্তা-ভাবনা করছেন কি?

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী ঃ** এতদিন বলতে কি বলতে চেয়েছেন, কবে থেকে শুরু করার কথা ছিল আপনি জানতে পারেন, আমি জানি না। আমরা জমি পেয়েছি সদ্য, জমি নিয়ে মামলা ছিল কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির সঙ্গে, এই মামলাটি নেগোসিয়েট করে তোলা হয়, তারপরে ডিপোর প্রস্তাব হয় যে জায়গায় সেখানে অ্যাপ্রোচ রোড ছিল না, অ্যাপ্রোচ রোডের জন্য ল্যান্ড অ্যাকুইজিশন করতে হয়েছে, তার জন্য মামলা হতে যাচ্ছিল সেটা আবার আটকাতে হয়েছে। এখন জমিতে ঢোকার প্যাসেজ পাওয়া গিয়েছে। এবারে কাজ শুরু করব, তাই অহেতুক কোথাও বিলম্ব হয়নি, এবারে কাজ শুরু হবে।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** স্যার, কলকাতা থেকে নর্থ বেঙ্গলের বা এন. বি. এস. টি. সি-র বাস চলছে, কলকাতা থেকে যে সমস্ত প্রাইভেট বাস যাচ্ছে রাঁচি, শিলিগুড়ি, সেই সমস্ত বাসে ভিডিও চলছে, তাদের টিকিট সেলও হচ্ছে বহু, কিন্তু সরকারি বাসে অনেক সিট সেখানে ফাঁকা থাকে। এই ব্যাপারে এটাকে লাভজনক করার জন্য সরকারের থেকে ভিডিও বসানোর ব্যবস্থা হবে কিনা জানাবেন কি?

**শ্রী শ্যামল কুমার চক্রবর্তী ঃ** আমাদের কিছু কিছু বাসে ভি. ডি. ও. প্রদর্শনীর ব্যবস্থা আছে। তবে ভিডিও কোচে একটু বেশি ভাড়া লাগে। যদি আমরা দেখি ভিডিও কোচের

্যাপারে জনগণের বেশি আগ্রহ তাহলে আমরা আরও বাড়াব। এই বছরে ২।৩টি ভিডিও কাচের জন্য অর্ডার দেওয়া হয়েছে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় পরিবহন মন্ত্রী দয়া করে জানাবেন কি, এন. বি. এস. টি. সি., এস. বি. এস. টি. সি., সি. এস. টি. সি. বিভিন্ন সংস্থা আছে, আমার প্রশ্ন এন. বি. এস. টি. সি. সংক্রান্ত, বাসের সংখ্যা এবং কর্মচারী সংখ্যার রেশিও কত, এন. বি. এস.-টি. সি.-কে ভাগ করার কোনও পরিকল্পনা করছেন কিনা?

আপনি বলছেন এন. বি. এস. টি. সি.-র পারফরমেন্স খুব ভাল। সেখানে আপনারা ভাগ করে লাভটা কি হচ্ছে এবং কর্মচারিদের রেশিও কত?

**শ্রী শ্যামলকুমার চক্রবর্তী ঃ** রেশিওর ব্যাপারটাই প্রথমে বলি, সি. এস. টি. সি.-র বাস পিছু সাড়ে তেরো, এন. বি. এস. টি. সি.-র বাস পিছু আট থেকে সাড়ে আট এবং এস. বি. এস. টি. সি.-র সাত। আর আমাদের ভাগ করার কোনও প্রশ্নই নেই। আমাদের এখানে স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনগুলোকে আমরা আরও ভাল করে ডেভেলপ করতে চাইছি এবং সেখানে একটা প্রধান বাধা হচ্ছে ম্যানেজমেন্ট কালচার তৈরি করা। কিন্তু আমাদের এখানে য পরিকাঠামো বিকাশের সুযোগ আছে এবং ম্যানেজমেন্টের যে সুযোগসুবিধা আমাদের এখানে আছে, এখানে কিন্তু সেইভাবে বিকশিত হয়ে উঠেনি। খুব বেশি বড় কর্পোরেশন হলে আমাদের সামলাতে অসুবিধা হয়, এটা আমরা আমাদের অভিজ্ঞতার ভিত্তিতে দেখেছি। সেই জন্যই আমরা ছোট ছোট এলাকা নিয়ে নতুন নতুন কর্পোরেশন করছি। এতে আমাদের সারভিসন ভালোভাবে হবে, এই জন্যই নতুন কর্পোরেশন হচ্ছে। প্রকৃতপক্ষে সাউথ বেঙ্গল, ভারপেশ ট্রান্সপোর্ট এগুলো সব নতুন কর্পোরেশন। আমাদের এই রকম আরও দুটো কর্পোরেশন করবার কথা আছে। তা না হলে অনেকগুলি জেলাতে আমরা বাস চালাতে পারছি না। আমরা যদি ছোট ধরনের প্রতিষ্ঠান করি তাহলে আমরা ভাল করে এগুলো চালাতে পারব বলে আমরা আশা করি। কাউকে ভেঙ্গে কোনও কিছু করা হবে না।

## Starred Questions
### (to which written answers were laid on the Table)

### বেআইনি যাত্রীবাহী বাস

*২৪। (অনুমোদিত প্রশ্ন নং *৪৭০) **ডাঃ মানস ভুঁইয়া ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, পশ্চিমবঙ্গে বিভিন্ন রুটে বেআইনিভাবে যাত্রীবাহী বাস চলাচল করছে ; এবং

(খ) সত্যি হলে, এর বিরুদ্ধে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করছেন?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) কয়েকটি জেলায় বিভিন্ন রুটে কিছু বেআইনিভাবে যাত্রীবাহী বাস চলাচল করেছে এবং সরকার এক্ষেত্রে আইন মোতাবেক যথাযথ ব্যবস্থাদি গ্রহণ করেছেন।

## অতি বৃষ্টিতে পুরুলিয়া জেলায় ক্ষয়ক্ষতি

*২৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯২) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি ঃ** ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩ সালে অতি বৃষ্টিতে পুরুলিয়া জেলার ক্ষয়ক্ষতির পরিমাণ কত ; এবং

(খ) ক্ষতিগ্রস্ত প্রকল্পগুলি রূপায়ণে রাজ্য সরকার কি কি পরিকল্পনা গ্রহণ করেছেন?

**ত্রাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ক্ষয় ক্ষতির পরিমাণ নিম্নরূপ ঃ—

| | | |
|---|---|---|
| ক্ষতিগ্রস্ত গ্রাম | ... | ৭৮১ টি। |
| ক্ষতিগ্রস্ত লোক সংখ্যা | ... | ৬৭,৪৯০ জন। |
| গৃহ | ... | ৭,৪৫১ টি। |
| মৃত ব্যক্তির সংখ্যা | ... | ১ জন। |
| মৃত গবাদি পশু | ... | ৫১ টি। |

(যার আর্থিক মূল্য ১ লক্ষ ২৩ হাজার টাকা)

| | | |
|---|---|---|
| শস্যহানি | ... | ৪৩০ মে. টন |

ডাল, সবজি এবং ধান যার আর্থিক মূল্য—১ লক্ষ ৫০ হাজার টাকা। এবং অন্যান্য বিভাগ যেমন পূর্ত (সড়ক), বিদ্যুত, কৃষি (প্রযুক্তি), কৃষি (সেচ), জন স্বাস্থ্য কারিগরি এবং সেচ বিভাগের ক্ষতির অনুমিত পরিমাণ ১৪০ লক্ষ ৬২ হাজার টাকা।

(খ) বন্যা বা অতিবৃষ্টিতে ক্ষতিগ্রস্ত এলাকার জন্য রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করে থাকে এবং সংশ্লিষ্ট দপ্তরগুলি ত্রাণ দপ্তরের কাছে ঐ পরিকল্পনাগুলি রূপায়ণ করার জন্য অর্থ চায়। ত্রাণ দপ্তর ত্রাণ দপ্তরের বাজেট মোতাবেক ঐ অর্থ বরাদ্দ করে থাকে। সরাসরি ত্রাণ দপ্তর কোনও পরিকল্পনা গ্রহণ করে না।

## Unauthorised Khatals in Calcutta

*299. (Admitted question No. *1755) **Shri Saugata Ray** and **Shri Sobhan Deb Chattopadhyay :** Will the Minister-in-charge of the Animal Resources Development Department be pleased to state—

(a) number of unauthorised Khatals in the city of Calcutta at present ; and

(b) the steps being taken by the Government to remove them?

**Minister-in-charge of the Animal Resources Department :**

(a) According to the last Census on this number of un-authorised Khatals is 1,108.

(b) Though removal of illegal khatals from Calcutta is a declared policy of Govt., its implementation could not make much headway mainly due to pending injunctions. Some developments have taken place whereby we may be in a position to remove legal hindrances, which stood in the way of removing khatals. We are also taking steps for improving infrastructure facilities for accommodation and proper maintenance of seized cattles of evicted khatals. Attempts are being made for enforcing the West Bengal Cattle Licensing Act, 1959 towards removal of unauthorised Khatals from Calcutta through the combined efforts of Police Authorities. Municipal Authorities and A. R. D. Dept.

### তৃতীয় হুগলি সেতুর পরিকল্পনা

*৩০০। (অনুমোদিত প্রশ্ন নং *৫২৬) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হুগলি নদীতে তৃতীয় সেতু নির্মাণের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত কাজ হবে বলে আশা করা যায়?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্য সরকারের কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

### সরকারি দুগ্ধাগারের সংখ্যা

*৩০১। (অনুমোদিত প্রশ্ন নং *১২৬৫) **শ্রী আবু আয়েস মণ্ডল ঃ** প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বর্তমানে রাজ্যে সরকারি দুগ্ধাগারে (মিল্ক ডেয়ারি) সংখ্যা কত ; এবং

(খ) দুগ্ধাগার (মিল্ক ডেয়ারিগুলিতে) দুগ্ধ সরবরাহকারিদের বোনাস দেওয়ার প্রকল্প কবে থেকে চালু করা হয়েছে?

**প্রাণী-সম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে রাজ্যে সরকারি দুগ্ধাগারের সংখ্যা ৫টি ঃ—

১। কেন্দ্রীয় দুগ্ধাগার, বেলগাছিয়া,

২। হরিণঘাটা দুগ্ধাগার, নদীয়া,

৩। কৃষ্ণনগর দুগ্ধাগার, নদীয়া,

৪। বর্ধমান দুগ্ধাগার, বর্ধমান,

৫। দুর্গাপুর দুগ্ধাগার, বর্ধমান,

(খ) দুগ্ধাগারগুলিতে দুগ্ধ সরবরাহকারিদের বোনাস দেওয়ার প্রকল্প গত ১লা নভেম্বর, ১৯৯২ থেকে চালু করা হয়েছে।

**উৎপল দত্তের স্মৃতি রক্ষা**

*৩০২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৯) **শ্রী অমিয় পাত্র :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

বিশিষ্ট নাট্যকার ও অভিনেতা প্রয়াত উৎপল দত্তের স্মৃতি রক্ষার্থে কোনও পরিকল্পনা গ্রহণের বিষয় সরকারের বিবেচনাধীন আছে কি না?

**তথ্য সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

স্থায়ীভাবে স্মৃতি রক্ষার কোনও পরিকল্পনা মুহূর্তে বিবেচনাধীন নেই। তবে প্রয়াত উৎপল দত্তের জীবনী রচিত গ্রন্থ ইত্যাদি প্রকাশ করা হচ্ছে।

## Calling Attention to Matters of Urgent Public Importance :

**Mr. Sp^aker :** I have received 8 (eight) notices of Calling Attention, namely :—

| | | |
|---|---|---|
| i) Repoted burning of houses on 9. 3. 94 and 10. 3. 94 at Goas village under Karimpur P. S. of Nadia district. | : | Dr. Manas Bhunia and Shri Chittaranjan Biswas |
| ii) Alleged misbehaviour on the part of the police at Lal Bazar with the agitators protesting the withdrawal of Tram running accross Howrah Bridge. | : | Shri Sakti Bal |
| iii) Recent prices hike of yarn causing difficulties to the weaving industry in the State. | : | Shri Anjan Chatterjee |
| iv) Acute crisis of drinking water at Baidyabati Municipal areas. | : | Shri Abdul Mannan |
| v) Reported murder of Sabhapati Bharati at Kankinara Station. | : | Shri Prabir Banerjee |

vi) Reported stabbing of a girl at Barasat on 21. 3. 1994. : Shri Shish Mohammad

vii) Reported demonstration at Kasba on 21. 3. 94. : Shri Saugata Roy

viii) Failure of police to recover the idol 'Madan Mohan'. : Shri Satya Ranjan Bapuli

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of acute crisis of drinking water at Baidyabati Municipal area.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on 24th March, 1994.

## SUPPLEMENTARY ESTIMATES FOR—1993-94

**Dr. Asim Kumar Dasgupta :**

Mr. **Speaker,**

Sir,

In terms of Article 205 of the Constitution I lay before the House a Statement showing the Supplementary Expenditure for the year 1993-94 amounting to Rs. 422.15 crores (Rupees Four hundred and twenty-two crores and fifteen lakhs) of which the voted items account for Rs. 401.45 crores (Rupees four hundred and one crores and forty-five lakhs) and the charged items are for Rs. 20.70 crores (Rupees twenty crores and seventy lakhs).

2. In the booklet "Demand for Supplementary Grants, 1993-94" circulated to the Hon'ble Members, details of the Supplementary Estimates and the reasons therefor have been given. Here, I would mention only a few salient points with regard to the Demands for Supplementary Grants for the current year.

3. Out of the total Charged expenditures of Rs. 20.70 crores Rs. 18.69 crores (Rupees eighteen crores sixty-nine lakhs) is for payment of interest and the balance amount of Rs. 2.01 crores is for payment of decretal charges met out of advances from the Contingency Fund of West Bengal for which an equivalent amount is required to enable repayment to be made to that Fund during the current financial year.

[22nd March, 1994]

[12-00 — 12-10 p.m.]

The voted items aggregate to Rs. 401.45 crores and particulars of some of the important voted items are detailed below showing the amount against each.

| | (Rupees in crores) |
|---|---|
| 1. For meeting larger establishment cost for collection of sales tax. | Rs. 4.20 |
| 2. For larger establishment cost for police, for meeting loss on scale of subsidised foodstuff to Police Force and for modernisation of Police Force. | Rs. 40.13 |
| 3. For higher cost for purchase of materials for ongoing constructional works. (stock) | Rs. 11.58 |
| 4. Higher Expenditure for pensions and other Retirement benefits. | Rs. 35.47 |
| 5. For meeting larger establishment charges, Scholarship and stipend, Machinery & Equipment and Materials & Supplies on Health Care. | Rs. 5.12 |
| 6. For meeting larger expenditure under IPP IV & IPP VIII schemes and other family welfare schemes. | Rs. 14.92 |
| 7. For meeting increasing demand for Rural water Supply Schemes and conversion of dry latrines into sanitary ones in the Rural areas. | Rs. 18.16 |
| 8. For disbursement of loans under State Plan and Centrally Sponsored (New Schemes) Sectors under mega City Project which is being implemented from the current financial year. | Rs. 19.61 |
| 9. For meeting increased demands under Child Welfare Projects, Women Welfare Projects and pilot Projects for Promotion of employment. | Rs. 7.10 |

| | | |
|---|---|---|
| 10. For large scale relief operations during the floods of 1993. | | Rs. 6.30 |
| 11. For increased demand for implementing the scheme on Assistance for Fertiliser Promotion. | | Rs. 14.14 |
| 12. For larger expenditure under National Watershed Development Project in Rainfed Areas. | | Rs. 7.20 |
| 13. For giving assistance to Small and Marginal farmers under Central Sector (New Schemes) and for larger maintenance cost of Haringhata-Khalyani Complex. | | Rs. 3.76 |
| 14. For meeting larger expenditure under World Bank assisted State Plan Scheme of West Bengal Forestry Project. | | Rs. 5.41 |
| 15. For providing larger funds for the on going developmental programmes in Hill areas, for providing assistance to Darjeeling Gorkha Hill Council and for Cinchona Plantation. | | Rs. 6.61 |
| 16. For meeting larger developmental expenditure of Sunderban, Intergrated Rural Energy Planning Programme and Border Area Development Programme. | Rev.<br>Cap.<br>Total | Rs. 5.96<br>Rs. 16.25<br>Rs. 22.20 |
| 17. For larger establishment charges and developmental expenditure towards Lift Irrigation Schemes, shallow tubewells and Dugwells and also for Water rate subsidy. | | Rs. 11.31 |
| 18. For larger expenditure on account of River Lift Irrigation, Deep Tubewells and medium duty tubewells and energisation of various projects. | | Rs. 12.05 |
| 19. For meeting larger expenditure on Floor (Central Schemes). | | Rs. 3.81 |

| | | |
|---|---|---|
| 20. For larger investment in the West Bengal Power Development Corporation. | | Rs. 24.87 |
| 21. For carrying out the conversion of loan to Durgapur Projects Ltd. into equity by per centra credit to the interest receipt head. | | Rs. 24.46 |
| 22. For larger plan loans to W. B. S. E. B. on account of D. E. C. F. | | Rs. 3.84 |
| 23. For larger plan loan to West Bengal Power Development Corporation Limited. | | Rs. 3.06 |
| 24. For meeting larger cost of Development of State Roads (ADB Project) | | Rs. 3.06 |
| 25. For granting higher quantum of subsidy to C.S.T.C. | | Rs. 5.93 |
| 26. For disbursement of non-plan loan to New Central Jute Mill for modernisation and also to Jute Mills under Jute Modernisation Fund Scheme. | | Rs. 4.74 |
| | Total : | Rs.363.98 |
| | | 23.00 |
| | | Rs.340.98 |

The balance requirement of Rs. 60.47 crores under 'Voted' items has been accounted for in respect of demands under various other administrative services and schemes, a major portion being necessary for larger establishment cost.

**Mr. Speaker** : Hon'ble Members, cut motions to the Demands for Supplementary Estimate for the year 1993-94 will be received in the office upto 2.00 p.m. on Thursday, the 24th March, 1994.

## POINT OF INFORMATION

**ডাঃ জয়নাল আবেদিন** ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঘটনাটা খুব উদ্বেগের। আমি মনে করি মাই ফ্রেন্ডস্ ফাইনান্স মিনিস্টার এবং পার্লামেন্টারি মিনিস্টার এখানে আছেন, ওঁরা

যথাযথ ব্যবস্থা নেবেন। সর্বোপরি আপনি আছেন। আপনি জানেন আমাদের পার্লামেন্টে কিংবা অ্যাসেম্বলি আনইন্টারাপটেড। আমাদের কোন ইন্টারাপশন করা চলে না। আপনি জানেন আমাদের এখানে মাননীয়া সদস্যা সাবিত্রী মিত্র....She happens to be the President of the District Congress Committee, Malda. She was summoned to the West Bengal Pradesh Congress Committee by the President of Mahila Congress, WBPC sub-committee. She went there. Sir, unusually in the afternoon of yesterday there was crowd and jam and everything – possibly some extrimists were conglomerated here and movement was very slow and sluggish everywhere. After the House was over I personally was listening to Shrimati Mitra. She was sitting in the West Bengal Pradesh Congress Committee and gave me the massage. It was not a very happy one. I rushed. It took many many efforts to reach there. What I learnt is that she was summoned there and because it was very jam, she borrowed a rickshaw instead of a taxi. But even then the rickshaw could not move from kid St., MLA Hostel to No. 2 Haji Mohammad Sq. – Pradesh Mahila Congress Headquarters. While there was a jam, she struck off in the jam, in the crowd. Then she left the rickshaw, because it was nearing the crossing of Rafi Ahamed Khidwai Rd. – towards Wellesley and Haji Mohammad Mohosin Sq. She got down from the rickshaw. She wanted to go to the Pradesh Congress Committee on foot. A taxi suddenly stopped there and three men. One sitting opposite to the driver and other two behind, in the rear seat. They insisted and they made all attempts to abduct her. Fortunately the jam was then useful. People were there. The crowd swelled. So she took chances of that and hurried to the PCC. It was very nearer. She immediately found me and I told her to contact police immediately. The CP was contacted. There were three persons, and because of the jam she could not read the number of the taxi. It was not possible for her to read the number of the taxi. She hurried to the PCC. CP was contacted by the Leader of the Opposition. I also rushed to the spot after hearing this. I found that police was so much sluggish and slow in their movement from 5.30 p.m. to 6.30 p.m. They were not available. I don't know the reason. It was my complaint. For this intelligence service, this year, the Finance Minister is borrowing another forty crores for this sluggish police! But even the legislators are not safe. A day will come when Ministers will not be safe. Sir, this is a very serious matter and the latest publication in the Parliamentary Journal of the Parliament, Commonwealth – the April, 1991 – here an article has been contributed by the eminent jurist and Parliamentarian, Shri Somnath Chatterjee of CPI(M). Here he has clearly mentioned that not only within the House, not only within the precincts of the House, but

also while a member is attending session and going for it, it tantamount to contempt of privilage. So I seek your protection. I bring it to the notice of the Hon'ble Finance Minister who will immediately carry it out to the Hon'ble Home Minister and Chief Minister. I bring it to the notice to the Parliamentary Minister and all Hon'ble Members of the House, because today it happens to a Congress Member, tomorrow it will happen to anyone. Sir, there are instances that everyday we hear a motion of 185 about atrocities on women, which are increasing.

[12-10 — 12-20 p.m.]

I seek immediate redress-let the CP come. And I found him neither very responsive nor courteous. I don't know. It was not prompt on the part of the Police Commissioner. I am not happy with him. But I repeated it to the Chief Secretary also who was very prompt, but unfortunately, I don't find any response, any information so long. I told them she was coming here, because the security could not be accommodated, so she had left the security there at Malda, 'Please provide a security to the lady member of the Legislature immediately.' It was told to me that the security would be given a day after, from today's afternoon. A man is in danger and after death there'll come a doctor. Hon'ble Finance Minister, please look at it. You have demanded for another forty crores of rupees. We will object to it because of the performance. and if you want that the police will be used only to kill a congressman, then all right, you can move, because you have the brute majority.

But unfortunately, this has happened. I want your protection. and I want to know what action the police has so long taken and I want the co-operation of all members from either this side or that side of the House. I put up this case and possibily I will not be challenged because here is an article by Hon'ble jurist and eminent Parliamentarian, Shri Somnath Chatterjee, that not only within the House, a member if assaulted outside, it comes within the purview of privilege and contempt. It is upto you, and this is upto you, sir, and it is recorded here. There are numerous cases, and it is upto you, sir, as to what measures will be taken for the protection of the members. Today I bring it particularly because I have told you the other day Hon'ble Saugata Roy brought a motion with Dr. Manas Bhunia that the atrocities on women are increasing, and this is not a happy scene. You must control it by any means. Sir, I bring it to your notice and I crave your indulgence that you will ensure an effective action – at least the Police Commissioner should report this to us what action he has taken.

**Mr. Speaker :** There is no debate on it. I have heard Dr. Abedin. ie also spoke to me on the telephone before coming to the House, nd the report that he has given to me is very alarming–because not nly she is a lady, but because she is also a member of this House nd an elected representative. And it is incubment that necessary steps or her security and protection should be given, and also enquiry should e made and the culprits should be traced out as to who those people e. It is not always possible to find out the culprits as there was owd. But the police should take necessary steps in this matter and ncerely try to find it out. Because as the matter has been reported us now, it appears there was a crowd. They were in a taxi and the xi number could not be identified. But the police should nevertheless ke action about it because they have their own method to trace. nmediate measures should be taken to provide the concerned member ith the security. And effective measures should be taken to see that ie is given security at all time, day and night, when she is on the ovement, because this incidence has taken place and because she is lady member. She might have to go to various places because of her ork. She does so because she is an elected representative of the ople. She is required to go to odd places at odd times of the day d night and in response to the demand of the people. So Shri Probodh andra Sinha, you will please report the matter to the Government, nd see that effective measures are taken.

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** সি. পি. এম-এর লোক হলেও ছেড়ে দেওয়া হবে না, এটা নবেন।

**Mr. Speaker :** Mr. Bapuli, there is no need to politicise the issue. Don't reduce the gravity of the occasion by politicising it. Please don't oliticise it.

**শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, শ্রীমতী সাবিত্রী মিত্রের প্রতি যে না ঘটেছে এবং যেটা ডাঃ আবেদিন বিবৃতি করলেন, বিষয়টি গুরুতর এবং উদ্বেগের য়। নিঃসন্দেহে একজন সদস্য তো বটেই, এমনকি সাধারণ নাগরিক হলেও তার নিরাপত্তার য়টা উপেক্ষা করার ব্যাপার নয়। আমি ঘটনাটা শোনার পর স্বরাষ্ট্র দপ্তরের সঙ্গে যোগাযোগ রেছিলাম। যেটুকু তথ্য পেয়েছি তা অবগতির জন্য জানাচ্ছি। অলরেডি পার্কস্ট্রিট থানায় কটা কেস চালু করা হয়েছে। কয়েকজন নোটেড অ্যান্টি-সোশালকে ধরা হয়েছে, ইন্টারোগেশন লছে এবং পুলিশ ও প্রশাসন এ ব্যাপারে গুরুত্ব দিয়ে তৎপরতার সাথে কাজ করবে বলে রাষ্ট্র দপ্তর জানিয়েছে।

**Mr. Speaker :** Mr. Sinha, that area i.e. the junction of Rafi Ahcmd Kidwai Road and Mohasina Kidwai Square is slightly notorious in various enses. Congress party office being situated in that locality, she has to

go there and other members have to go there often and as such the area should be watched carefully.

**Shri Prabodh Chandra Sinha :** I will convey this sentiment and I assure that she will be provided security.

## MENTION CASES

**শ্রী অনিল চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় সভার সামনে বিশেষ করে আমাদের রাজ্যের মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি ১৯৮১ সালে কোন বাধা ছাড়াই ভারত সরকার চলচিত্র শিল্পের সঙ্গে যুক্ত কলা-কুশলি, কর্মীদের মঙ্গলার্থে সিনে ওয়েলফেয়ার অ্যাক্ট পাস করেছিলেন। দুর্ভাগ্যবশত ১৯৮১ সালের সেই অ্যাক্ট আজ পর্যন্ত রূপায়িত হয়নি। ঐ আইনের ধারা অনুযায়ী আজকে কর্মী, কলা-কুশলিদের আইডেনটিটি কার্ড দেওয়ার কথা, কিন্তু আজ পর্যন্ত এখানকার যিনি স্থানীয় ওয়েলফেয়ার কমিশনার আছেন তিনি আইডেনটিটি কার্ড দিচ্ছেন না। রাজ্য কমিটি তৈরির ক্ষেত্রে আমাদের শ্রমমন্ত্রীর সঙ্গে পরামর্শ করে রাজ্য কমিটি গঠন করার কথা ঐ আইনের ধারায় স্পষ্ট উল্লেখ আছে। কিন্তু দুর্ভাগ্যবশত ওয়েলফেয়ার কমিশনার তাঁর পছন্দমতো কয়েকজনকে ডেকে পঠিয়েছেন যারা শ্রমিক নন, শ্রমিক সংগঠনের সঙ্গে কোনওভাবেই যুক্ত নন, কোনওদিনও শ্রমিক আন্দোলনের সাথে অংশগ্রহণ করেন না। এই আইন তৈরি করার সময় আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা বাধা দেন নি, তাঁরা সাহায্য করেছিলেন। আমাদের চলচিত্র শিল্পের দুরবস্থার কথা মাননীয় সদস্য শ্রী সুব্রত মুখার্জি ওয়াকিবহাল ছিলেন, তিনিও আইন তৈরির সময় সাহায্য করেছেন। সুতরাং আমরা সকলে মিলে চেষ্টা করি যাতে তাড়াতাড়ি এই আইনটা ইমপ্লিমেনটেড হয়। তা নাহলে এই আইনের ধারা বলে যাকে ইন্ডাষ্ট্রি বলা হচ্ছে, অথচ ইন্ডাষ্ট্রি নয়। আমাদের কর্মীরা এবং কলা-কুশলিরা অন্য শিল্পের শ্রমিকরা যেসব সুযোগ-সুবিধা পান, তা থেকে বঞ্চিত অর্থাৎ পাচ্ছেন না। আমাদের কর্মী এবং কলা-কুশলিদের ছেলে-মেয়েদের যেখানে স্কুল-কলেজে পড়ার কথা, কিন্তু সেটা না পেয়ে পান্ডব চায়ের দোকানে চাকরি নিচ্ছে। তাই আশা করব, বিরোধীপক্ষের সদস্যরা এ ব্যাপারে সাহায্য করবেন যাতে এই ক্ষয়িষ্ণু চলচিত্র শিল্প যেটা প্রায় বন্ধ হতে চলেছে সেটা যাতে বাঁচার শেষ সুযোগ পায়। ধন্যবাদ।

[12-20 — 12-30 p.m.]

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র দিয়ে দুটি নদী—ইছামতি এবং যমুনা নদী বয়ে গেছে, কিন্তু সেখানে আর. এল. আই. প্রোজেক্ট থাকা সত্বেও এলাকার চাষিরা সেচের জল পাচ্ছেন না, কারণ ইছামতি এবং যমুনা নদী দুটি সংস্কারের অভাবে ক্রমশ মজে যাচ্ছে। দক্ষিণ ভারতে 'নর্মদা বাঁচাও' আন্দোলন হয়েছিল। আজকে তাই মাননীয় মন্ত্রীকে অনুরোধ করব, অবিলম্বে নদী দুটির সংস্কার করা হোক, কারণ বর্তমানে নদী দুটিতে জোয়ার-ভাটা পর্যন্ত বন্ধ হয়ে গেছে এবং তার ফলে আগামী দিনে সেখানকার কৃষকরা আর সেচের জল পাবেন না। এই কারণে সেখানে বহু চাষি জমি চাষ করতে পারছেন না। তাই মাননীয় সেচমন্ত্রী যাতে

বিষয়টাকে গুরুত্ব দিয়ে দেখেন তারজন্য অনুরোধ করছি। নদী দুটি সংস্কার করলে বহু মানুষের উপকার হবে।

**শ্রী শচীন হাজরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কনস্টিটিউয়েন্সি খানাকুল এলাকায় ২৪টি গ্রাম পঞ্চায়েত এবং পার্শ্ববর্তী উদয়নারায়ণপুর মিলিয়ে ৩৫-৪০ হাজার একর জমিতে বোরো ধান চাষ হয়েছে, কিন্তু দুর্ভাগ্যের বিষয় সেচের জল পাওয়া যাচ্ছে না। গত বন্যার ফলে ঐ এলাকায় ধান হয়নি, কাজেই সেখানকার চাষিদের মূল ভরসা এই বোরো ধান, কিন্তু দুর্ভাগ্যের বিষয়, ডি.ভি.সি. মুণ্ডেশ্বরি ক্যানেল দিয়ে জল না ছাড়ার ফলে চাষ নষ্ট হতে বসেছে। সেখানে মানুষ এবং জীবজন্তু পর্যন্ত জল পাচ্ছে না। এরফলে ঐ এলাকায় আইনশৃঙ্খলা বিঘ্নিত হবার যথেষ্ট আশঙ্কা রয়েছে। তাই ডি.ভি.সি. যাতে মুণ্ডেশ্বরি ক্যানেল দিয়ে জল ছাড়ে তার ব্যবস্থা করবার জন্য মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত বেদনাদায়ক একটি বিষয়ের প্রতি আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা নিয়ে আমরা খুবই উদ্বিগ্ন। গত শুক্রবার এই হাউসে একটি প্রস্তাব আমরা নিয়ে এসেছিলাম। তাতে আমরা পর্যালোচনা করেছি এবং চেষ্টা করেছি যাতে সরকারি দলের সাহায্য এবং সমর্থন পাই। বিষয়টা ছিল নারী নির্যাতন। আমার বিধানসভা কেন্দ্র সবং-এর খনাবেড়িয়া গ্রামে স্বামী পরিত্যক্তা এক মহিলা অঞ্জলি দাস তার ছয় বছরের একটি মেয়ে এবং একটি বাচ্চা মেয়েকে নিয়ে বাপের বাড়িতে বাস করেন। ঐ বাড়িতে কিছু দুষ্কৃতকারি প্রায়ই তাকে উত্যক্ত করত। গত ১৫ই মার্চ রাতে ঐ দুষ্কৃতকারিরা তার বাড়িতে দরজা জানালা ভেঙে ঢোকে এবং তার উপর নির্যাতন করে। চিৎকার চেঁচামেচি করলে তার হাত-পা বেঁধে রেখে তার শিশুকন্যাকে তুলে আছাড় মারা হয় এবং তারপর তার উপর নির্মম অত্যাচার করা হয়। অত্যন্ত অশোভন কথা বলছি, ক্ষমা করবেন, তারপর তার গোপন অঙ্গে অ্যাসিড ঢেলে দেওয়া হয়। সেই সময় তার বাবা-মা ছুটে এলে ঐ এলাকায় শাসক দলের নেতৃত্বদানকারি ঐসব দুষ্কৃতিরা শাসিয়ে বলে যে, থানায় গিয়ে কমপ্লেন করলে ফল ভাল হবে না। আমি এখানে তাদের নামও বলে দিচ্ছি। তাদের নাম—নিশিকান্ত মাঝি, সুধীর গড়াই এবং অমল পাত্র, এরাই অঞ্জলি দাসকে নিগৃহীত করেছে। অবিলম্বে এদের গ্রেপ্তার করা হোক।

**শ্রী শীশ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে মাধ্যমিক পরীক্ষা চলছে। গত ১১ তারিখ মাধ্যমিক পরীক্ষায় ইংরাজি পরীক্ষার দিন ধার্য ছিল এবং পরীক্ষা হয়েছে। আমি অত্যন্ত পরিতাপের সঙ্গে জানাচ্ছি এবং আমাকে প্রতি বছরই এটা বলতে হয়। আমাদের পশ্চিমবাংলায় ক্লাশ সিক্স থেকে ইংরাজি চালু আছে। স্যার, আমি কোয়েশ্চেন পেপার নিয়ে এসেছি। আমাদের এই বিধানসভায় অনেক বি.এ., এম.এ. কোয়ালিফায়েড লোক আছেন। একজনও যদি এই প্রশ্নের উত্তর এক ঝলকে দিতে পারেন তাহলে আমি কান কেটে ফেলে দেব। স্যার, ৪৫ মিনিট বসে থেকে তারা কোন উত্তর করতে পারেনি এবং তার ফলে বালিতে একটা ছেলে অনুশোচনায় আত্মহত্যা করেছে। এই খবর কাগজে বেরিয়েছে। গ্রামে এই রকম কত আত্মহত্যা করেছে তার ঠিক নেই। একদিকে ক্লাশ সিক্স থেকে ইংরাজি

পড়ানো শুরু হয়েছে, অন্য দিকে 'টিক' মারার জন্য যেভাবে প্রশ্ন করা হয়েছে সেইভাবে তাদের পড়ানো হয়নি, লেখানো হয়নি। তার ফলে তারা সেগুলি বলতে পারেনি। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে বলব যে এটা একটু বিবেচনা করুন, শিক্ষা পদ্ধতি এইভাবে চলবে কিনা। এতে শিক্ষার ভ্রূণ নষ্ট হবে এবং এটাতে মনে হচ্ছে যাতে তাদের চাকুরি-বাকরি না দিতে হয় সেই রকম একটা ব্যবস্থা করা হয়েছে। কাজেই আমি এই বিষয়ে চিন্তা-ভাবনা করার জন্য আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহেশতলার নূতন পৌরসভার নির্বাচন করার জন্য পৌরসভাকে ডিলিমিটেশন করা হয়েছে। আমি সেই লিস্ট দেখেছি। সেখানে কোনও জায়গায় ৯ হাজার ভোটার, কোনও জায়গায় ৫ হাজার ভোটার, আবার কোনও জায়গায় ৩ হাজার ভোটার এবং কোনও জায়গায় ৫টি ওয়ার্ড, কোনও জায়গায় ৭টি ওয়ার্ড, কোনও জায়গায় ৯টি ওয়ার্ড করা হয়েছে। সেখানে ৪টি অঞ্চলে হ্যারিকেন জ্বলে, আলো নেই, বিদ্যুত যায়নি, রাস্তা নেই, ড্রেনেজের ব্যবস্থা নেই, কিছু নেই, সেগুলিকে পৌরসভার মধ্যে আনা হয়েছে। একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে এই ডিলিমিটেশন করা হয়েছে। শুধু রাজনৈতিক দৃষ্টিভঙ্গিতে কতকগুলি অঞ্চলকে বেছে নেওয়া হয়েছে পৌরসভার মধ্যে। কাজেই অবিলম্বে এই পৌরসভার নতুন করে ডিলিমিটেশন করা দরকার এবং যে ডিসপ্যারিটিগুলি রয়েছে সেগুলি দূর করা দরকার। এগুলি দূর না করে যদি মহেশতলা মিউনিসিপ্যালিটির নির্বাচন করা হয়, তাহলে সেটাতে প্রকৃত নির্বাচন হবে না, নির্বাচনের নামে প্রহসন করা হবে। আমি দায়িত্ব নিয়ে বলছি, এটা যেভাবে করা হয়েছে তাতে গণতান্ত্রিক পদ্ধতি একটুও মেনে চলা হয়নি। সেজন্য মহেশতলার অধিবাসীরা একটা ডেপুটেশনও দিয়েছে এবং কয়েক হাজার মানুষ বলছে, আমরা যে পঞ্চায়েতের মধ্যে ছিলাম, সেই পঞ্চায়েতের মধ্যেই থাকতে চাই, আমরা পৌরসভার মধ্যে যেতে চাই না। কারণ এখানে জল নেই, বিদ্যুত নেই, রাস্তা নেই, পৌরসভার মধ্যে গেলে আমাদের ট্যাক্স বাড়বে, আমাদের পৌরসভা থেকে বাদ দেওয়া হোক। কাজেই যে সমস্ত জায়গায় বিদ্যুত যায়নি সেগুলিকে বাদ দিয়ে নতুনভাবে ডিলিমিটেশন করা হোক।

**শ্রীমতী আরতি দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকার এবং এই সভার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গত ১৪ই মার্চ থেকে পশ্চিমবঙ্গের বুকে সমস্ত শ্রমিকদের এক ঐতিহাসিক পদযাত্রা শুরু হয়েছে। এই পদযাত্রা ১৬ তারিখে কলকাতা, ২৪ পরগনা এবং অন্যান্য জেলার সঙ্গে মিলিত হয়ে মূল যে পদযাত্রা তার সঙ্গে মিলিত হচ্ছে। এই পদযাত্রার লাল পতাকার সঙ্গে তেরঙ্গা ঝাণ্ডা বেঁধে নিয়ে পশ্চিমবাংলার প্রতিটি জেলা থেকে শ্রমিকরা এসে একসাথে মিলিত হচ্ছে। বাঁকুড়া, মেদিনীপুর থেকে যে পদযাত্রা আসছে তারা রানীগঞ্জে মূল পদযাত্রার সঙ্গে মিলিত হচ্ছে। বীরভূম, মুর্শিদাবাদ, ইত্যাদি জায়গা থেকে এই পদযাত্রা এসে মিলিত হচ্ছে মূল পদযাত্রার সঙ্গে পানাগড়ে সমস্ত দেশের শ্রমিকরা একসঙ্গে পশ্চিমবাংলার শিল্পায়নের জন্য এবং পশ্চিমবাংলার ইস্কোর প্রাইভেটাইজেশনের বিরুদ্ধে এক সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে চলছে বার্ণপুরের দিকে। ২৫ তারিখে পশ্চিমবাংলার সমস্ত শ্রমিক সংগঠন এবং

গণতান্ত্রিক সংগঠন একসঙ্গে মিলিত হয়ে এক ভাষায় তাদের দাবি জানাবে যে ইস্কোকে প্রাইভেটাইজেশন করা চলবে না, চলবে না।

[12-30 — 12-40 p.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, এই রাজ্যে একটা ঐতিহ্যপূর্ণ প্রতিষ্ঠান, চিত্র শিক্ষা কেন্দ্র, ইণ্ডিয়ান কলেজ অফ আর্ট অ্যাণ্ড ড্রাফ্টম্যানশিপ আছে। এই প্রতিষ্ঠানের সঙ্গে এক সময় অবনীন্দ্রনাথ ঠাকুর যুক্ত ছিলেন। আজকে সেই কলেজটি সরকারি অবহেলায় ধ্বংস প্রাপ্তের পথে। এই কলেজটিতে ৫ বছরের ডিপ্লোমা কোর্স চালু আছে। এই কলেজটি প্রথমে ১৩১ নম্বর লেনিন সরণীতে বিল্ডিং ছিল। ১৯৮৪ সালে সংস্কারের কথা বলে কলেজটি সাময়িকভাবে স্থানান্তরিত করা হয় দমদমের মতিঝিল কলেজ হোস্টেলে। এর পর আর এই কলেজটিকে পুরানো জায়গায় ফিরিয়ে নিয়ে আসা হয় নি। ১৯৯৩ সালের সেপ্টেম্বর মাসে ১৩৯ নম্বর লেনিন সরণী যে বিল্ডিং সেটা ডিমোলাইজ করা হয়। ১৫ বছর ধরে এই কলেজে অ্যাডমিনিস্ট্রেটর রয়েছে, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে করা হয়েছে। কিন্তু একজন অ্যাডমিনিস্ট্রেটর দেড় বছরের বেশি থাকতে পারে না। যখন বিল্ডিং ভাঙা হচ্ছে এই ১৩৯ নম্বর লেনিন সরণী, তখন ফার্স্ট ল্যাণ্ড অ্যাকুইজিশন কালেক্টর ডেপুটি সেক্রেটারি (এডুকেশন) এবং অ্যাডমিনিস্ট্রেটরকে জানান যে এটা ডি-রিকুইজিশন হচ্ছে। জানা সত্ত্বেও তিনি এই কলেজ বিল্ডিংটা বাঁচাবার জন্য কোনও চেষ্টা করলেন না। আজকে এই কলেজে ৫ বছর পড়ে ডিপ্লোমা পায়, ডিগ্রি পায় না। অথচ অন্যান্য কলেজে ৫ বছর পড়াশোনা করলে ডিগ্রি পাওয়া যায়। এই কলেজের ছাত্ররা দীর্ঘ দিন ধরে দাবি করে আসছে যে এই বিল্ডিংটা অক্ষত থাকুক এবং মতিঝিল কলেজ থেকে নিয়ে চলে আসা হোক। তাদের আরও দাবি যে এই ডিপ্লোমা কোর্সের জায়গায় ডিগ্রি কোর্স দেওয়ার জন্য। এই সমস্যা নিয়ে প্রখ্যাত শিল্পী গণেশ হালুই এবং নিরঞ্জন প্রধান মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলেন এবং রাজ্যপালের দৃষ্টি আকর্ষণ করেছিলেন। রাজ্যপাল গত ৩০শে জানুয়ারি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলেন। কিন্তু অত্যন্ত দুর্ভাগ্যের বিষয় এই কলেজকে বাঁচাবার জন্য কুম্ভকর্ণের ঘুম ভাঙলো না। এই ঐতিহ্যপূর্ণ কলেজকে বাঁচাবার জন্য, কলেজটিকে পুনরুদ্ধার করার জন্য, এখানে ডিপ্লোমা কোর্সের জায়গায় ডিগ্রি কোর্স চালু করার জন্য আমি আপনার মাধ্যমে উচ্চশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই কলেজের ছাত্রদের স্বার্থে।

**ডাঃ নির্মল সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার আসার পর সীমিত ক্ষমতার মধ্য দিয়ে পশ্চিমবাংলার জনগণের উপকার করার চেষ্টা করেছে। যতটা পারা যায় রিলিফ দেবার চেষ্টা করছে। আমলাতান্ত্রিক প্রতিকূলতা, কিছু কিছু দুর্নীতিগ্রস্ত অফিসার এবং কিছু কিছু সরকারি কর্মচারিদের অবহেলা এবং গাফিলতির জন্য এই সমস্ত শুভ প্রচেষ্টা কতটা ফলপ্রসু হবে সেটা আমি বুঝতে পারছি না। এখানকার বিরোধী দল দিল্লির ক্ষমতায় আছেন, তাদের অসহযোগিতার ভূমিকা রয়েছে, তারা চান না পশ্চিমবাংলার ভাল হোক। এই সমস্ত চিন্তা ভাবনা তাদের মধ্যে থাকার ফলে আমাদের এই প্রচেষ্টাগুলি সঠিক ভাবে ফলবতি হচ্ছে না। গত কালকের একটা তিক্ত ঘটনার কথা আমি এখানে তুলে ধরছি এবং সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই সম্বন্ধে প্রতিকার করা যায়। স্যার, আমার এলাকার

একটি স্বাস্থ্যকেন্দ্র বিগত ১০ বছর ধরে তৈরি হয়ে রয়েছে, এখনও পর্যন্ত উদ্বোধন হ[illegible] পারল না। পি. ডবলু. ডি. অফিস থেকে প্রথমে ভবনটি তৈরি করার দায়িত্ব নেয়। [illegible] সেখানকার একজিকিউটিভ ইঞ্জিনিয়ার কন্ট্রাক্টরের সাথে যোগাযোগ করে বাড়িটি এমন ভ[illegible] তৈরি করে যে এটি যখন সি. এম. ও. এইচ টেক ওভার করতে যান, তখন তিনি দে[illegible] বাড়িটি ফাটা। ওখানে ইঞ্জিনিয়ারের যে ভূমিকা দেখলাম, তাতে তিনি কন্ট্রাক্টর, না ইঞ্জিনি[illegible] তা বুঝলাম না। টেক ওভারের পর দেখা যাচ্ছে যে ফাইলটি বারেবারে মিসিং হয়ে যা[illegible] গতবারে এটি ফিনান্স থেকে পাস হয়। আমি সেখানে গিয়ে যখন জিজ্ঞাসা করি যে ফাই[illegible] কোথায় আছে, তখন আমাকে বলা হয় যে এটি ডেপুটি সেক্রেটারির ঘরে আছে। তার [illegible] খোঁজ করতে গিয়ে জানতে পারলাম যে তিনি ছুটিতে আছেন। তারপরে আধঘন্টা পরে [illegible] তার পি. এ.-র সঙ্গে দেখা করলাম, তাকে জিজ্ঞাসা করায় তিনি বললেন যে ফাই[illegible] সেখানে নেই। এরপর আমি বিভিন্ন ডিপার্টমেন্টে যাই। সমস্ত জায়গায় ঘুরে জানতে পার[illegible] যে সেটি অফিসার অন স্পেশ্যাল ডিউটি-র ঘরে আছে। তার ঘরে যেতে তিনি [illegible] দেখালেন। এইভাবে পাবলিককে হ্যারাস করছে। স্যার, জনগণের কাজ যাদের উপরে দে[illegible] হয়েছে তারা কাজ করছে না, ফাইলটি মাঝে মাঝে হারিয়ে যাচ্ছে। আমি সেজন্য মাননীয় [illegible] ডবলু. ডি. মন্ত্রী মহাশয় এবং স্বাস্থ্য বিভাগের মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি, এই কাজগু[illegible] যাতে ঠিকমতো হয় এবং অফিস থেকে সহযোগিতা পাওয়া যায় তারজন্য চেষ্টা করবেন। [illegible] অনুরোধ আমি আপনার মাধ্যমে রাখছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** স্যার, বারাসতে গত মাসের এই দিনে পুলিশের [illegible] চালানোর ফলে যুব কংগ্রেসের গোবিন্দ ব্যানার্জি নিহত হয়েছিলেন, তারই প্রতিবাদে আ[illegible] একটি সভা ডাকা হয়েছে। কারণ ঐ ঘটনার কোনও বিচার বিভাগীয় তদন্ত হল না। [illegible] মারা গেল তাদের কোনও ক্ষতিপূরণ দেওয়া হল না। যারা গুলি চালিয়েছিল, সেই [illegible] পুলিশের বিরুদ্ধে কোনও শাস্তি গ্রহণ করা হল না। রাজ্য সরকার কোনও ব্যবস্থা কর[illegible] না। তারই জন্য আজকের এই সমাবেশ। সেখানে সবাই আসবেন। এই সমাবেশ [illegible] বামফ্রন্টের বিগিনিং অব দি অ্যান্ড-এর সূচনা। স্যার, এই ঐক্যের কথা শুনে ওরা চম[illegible] উঠছেন। স্যার, ওরা আমাকে বলতে দিচ্ছেন না।

(গোলমাল)

স্যার, আজকে মমতা ব্যানার্জি, সোমেন মিত্র এক মঞ্চে দাঁড়াচ্ছেন। এর ফলে ওদের নাভিশ্ব[illegible] উঠেছে। স্যার, আপনি নিজেও বারাসত মহকুমার একজন বিধায়ক। একটু পরে আমাদে[illegible] বেঞ্চের সবাই ওখানে চলে যাবেন। আমি আপনাকে অনুরোধ করব, আপনি এই সমাবেশ[illegible] কেন্দ্র করে বিধানসভা আজকে বন্ধ করে দিন। কারণ, বিরোধীরা না থাকলে বিধানস[illegible] চলবে কি করে? আমরা হচ্ছি হাতের প্রথম কড়। আপনিও ঐ সমাবেশে চলুন। আপনা[illegible] মহকুমা, আপনার কেন্দ্র আমডাঙ্গা থেকে অনেক লোকজন ওখানে আসবেন। আমি তা[illegible] আপনাকে অনুরোধ করব, আপনি প্রথম হাফের পর এই বিধানসভা বন্ধ করে দিন। দ্বিতী[illegible] পর্যায়ের এই সমাবেশে আজকে সকলে সেখানে আসবেন এবং নতুন করে রাজ্যের মানুষে[illegible] কাছে দিক নির্দেশ করবে। আপনারা যত বেশি আতঙ্কিত হবেন, তত তাড়াতাড়ি এটা থেকে মুক্ত হতে পারবেন। আজকে লক্ষ লক্ষ মানুষের সমাবেশ হবে বারাসতে।

**মিঃ স্পিকার ঃ** সুদীপবাবু, আমি এতদিন জানতাম মেনশন হয় সেইসব ঘটনার উপরে যে ঘটনা ঘটে গিয়েছে। কোনও ঘটনা যা ঘটে গেছে তার উপরে মেনশন হয়। আজকে দেখলাম, যে ঘটনা হতে যাচ্ছে তার উপরে মেনশন হচ্ছে। খুব ভাল।

[12-40 — 12-50 p.m.]

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, ঘটনাটা গত মাসে ঘটেছে, আগামী দিনের ঘটনা নয়।

**श्री ममताज हसन :** ओनरेवल स्पीकर साहव, मे आपके माध्यम से ई०सी०एल० की मनमानी की तरफ ध्यान दिलाना चाहता हूं। वहां कभी भी कोई वड़ी दुर्घटना घट सकता है। १००-२०० मीटर के अन्तर पर आप पाएगे कि जमीन धंस रहा है लेकिन ई०सी०एल० की ओर से इस ओर कोई ध्यान नही दिया जा रहा है। इलाके के लोग आशंकित है। ई० सी० एल० की ओर से कोई व्यवस्था नही किया जा रहा है। यहा से सरकार को जितना रोयाल्टी मिलता है अगर उसका १० प्रतिशत भी इलाके के प्रति खार्च किया जाता तो आज यह अवस्था नही होती। मे आपके माध्यम से इस सरकार से अनुरोध करता हूं कि जगह की सीक्युरिटी और सेप्टी के प्रति गम्भीर होकर इस ओर तुरन्त ध्यान दिया जाए।

**মিঃ স্পিকার ঃ** এইভাবে এই মাসে করবেন তার পরের মাসে করবেন এত ভাল কায়দা শিখেছেন।

**শ্রী চিত্তরঞ্জন বিশ্বাস ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্ত মন্ত্রীর একটি বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আমি নদীয়া জেলার একেবারে সীমান্তে কেন্দ্র করিমপুরের প্রার্থী। সীমানায় একটি সড়ককে মেরামতি করার জন্য আবেদন জানাচ্ছি এই ১০ কিলোমিটার রাস্তাটি কৃষ্ণনগর থেকে শিকারপুর যেতে যাত্রী সাধারণের এত কষ্ট হয় যে বলার নয়। ভয়ঙ্কর রাস্তার অবস্থা খারাপ, মেরামতির অভাবে যান চলাচল বন্ধ হয়ে আছে। অবিলম্বে এই রাস্তাটির মেরামতির দরকার। এটি একটি গুরুত্বপূর্ণ সড়ক, কেন্দ্রীয় সরকারের করা উচিত, কিন্তু করছে না। রাজ্য সরকার দায়িত্ব নিয়েছে কিন্তু কাজ এখনও হয়নি, অবিলম্বে যাতে কাজ হয় তারজন্য আবেদন করছি।

**শ্রীমতী সন্ধ্যা চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে বেশ কিছু বেসরকারি প্রাইমারি স্কুল আছে যেগুলো কোনও সরকারি সাহায্য গ্রহণ করে না। আমার বিধানসভা কেন্দ্র চন্দননগরে স্থানীয় বিদ্যাসুহৃদ ঋষি বালক কেন্দ্রম বহুদিন ধরে জুনিয়ার হাই স্কুলে অনুমোদনের জন্য শিক্ষা দপ্তরের কাছে আবেদন করেছে। এখানকার শিক্ষার মান উন্নত এবং বহু ছাত্র-ছাত্রী ক্রমশ এখানে বৃদ্ধি হচ্ছে। আমি শিক্ষা দপ্তরের কাছে আবেদন করব যে এখানে শিক্ষার মান উন্নত মান এবং ছাত্র-ছাত্রী ক্রমশ বৃদ্ধি পাচ্ছে সেই কারণে এটিকে জুনিয়ার হাইস্কুলের অনুমোদন করা হোক। যে সমস্ত বেসরকারি স্কুল আছে তাদের ক্ষেত্রে

সরকারি দায় দায়িত্ব নিতে হয় না তাদের ক্ষেত্রে অনুমোদন দেওয়া হোক এবং ৫ম শ্রেণীতে ভর্তির যে সমস্যা দেখা দিয়েছে সেটাও বন্ধ হবে।

**শ্রীমতী সাবিত্রী মিত্র ঃ** মাননীয় স্পিকার স্যার, আমি জনশিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিধানসভাতে একটি গুরুত্বপূর্ণ ঘটনার কথা উল্লেখ করছি। সার্বিক সাক্ষরতা নিয়ে যেখানে একটা বিরাট আলোড়ন চলছে এবং সাধারণ মানুষ নিজের থেকেই সাক্ষরতার কাজে এগিয়ে যাচ্ছেন সেই সময়ে আমার বিধানসভা কেন্দ্রে সি. পি. এম. পার্টির ছাত্র ফেডারেশনের জেলা সম্মেলন চলছিল। সেখানে সাক্ষরতা যে পোস্টার টাঙানো ছিল সেগুলো তারা সব মুছে দিয়ে এস. এফ. আই. ছাত্র ফেডারেশনের পোস্টার লাগিয়েছে। সার্বিক সাক্ষরতার কথা বলেন অথচ তা নিয়ে একটা মিথ্যা প্রহসন করা হচ্ছে। এর শাস্তিমূলক ব্যবস্থা কোনও কিছু নেওয়া হয়নি। এইসব ছাত্রদের কঠোর শাস্তি হওয়া উচিত। তারপরে আজকে শিক্ষার নামে মালদহ জেলায় প্রহসন চলছে। ৫টি ব্লকে সাক্ষরতার কাজ শেষ হয়নি, না হওয়ার কথা বললেই চলে। বেশির ভাগ ব্লকে তেল নেই, হ্যারিকেন নেই ফলে কাজ পিছিয়ে পড়ছে।

আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন করব যে মালদা জেলায় যদি সাক্ষরতা করতে হয় তাহলে আপনি সত্ত্বর মালদায় গিয়ে দেখুন এবং সঙ্গে সঙ্গে আমি বলতে চাই শুধু বক্তৃতা করে গেলে সাক্ষরতার কাজ হবে না।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে বিষয়টা নিয়ে বলতে চাই, এই বিধানসভাতে গতকালও এই বিষয়টা নিয়ে সুব্রতবাবু বলেছিলেন, আমিও আজকে অত্যন্ত ব্যথিতভাবে সেই বক্তব্য তুলছি। বিষয়টি হচ্ছে, ডঃ মনমোহন সিং এখানে এসেছিলেন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী হিসাবে তিনি এখানে আসেননি, কংগ্রেসের নেতা হিসাবে এসেছিলেন। পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী এবং পশ্চিমবঙ্গের শুধু নয় আপামর জনসাধারণের এবং ভারতবর্ষের বাইরেও যে মানুষটিকে লোকে শ্রদ্ধা করে মাননীয় জ্যোতি বসু সম্পর্কে যে উক্তি করেছেন, সেই উক্তি আমরা মনে করি স্বাভাবিকভাবে কোনও ভারবর্ষের শিক্ষিত, রুচিবান মানুষের মুখ থেকে এই ধরনের বক্তব্য আসতে পারে কিনা—আমার বিশেষত সন্দেহ হয় যেভাবে তিনি উক্তি করেছেন। কংগ্রেসের আর এক মন্ত্রী এইদিকে বলেছেন আমাদের মন্ত্রীর সম্পর্কে জঘন্য ভাষায় কথাবার্তা বলেছেন। আমাদের পশ্চিমবাংলার সুস্থ চেতনা সম্পন্ন মানুষ আমরা যারা এখানে উপস্থিত হয়েছি, এখানকার এই সভার ঐতিহ্য কৃষ্টিকে বজায় রাখার জন্য, আমরা মনে করি এই সমস্ত ব্যক্তি যারা পশ্চিমবাংলার কথা ভাবেন না, পশ্চিমবাংলার স্বার্থে উন্নতির কথা সম্পর্কে যদি আমাদের মন্ত্রীরা বলেন তার সম্পর্কে যদি বিকৃত রুচির কথা বলেন যারা পশ্চিমবাংলা থেকে নির্বাচিত হয়ে কেন্দ্রীয় মন্ত্রী হয়েছেন তাদেরকে ধিক্কার জানাচ্ছি, এবং পশ্চিমবাংলার মানুষও তাদেরকে ধিক্কার জানাচ্ছে।

**মিঃ স্পিকার ঃ** প্রভঞ্জনবাবু এই কথাটা আপনি বাজেট ভাষণে বলতে পারতেন, এটা মেনশনের মধ্যে কিভাবে আসে?

**শ্রী মৃণালকান্তি রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই শঙ্করপুরে যে জেটি তৈরি হয়েছে তাতে দেড়শো লঞ্চ, নৌকা

ইত্যাদি থাকার ব্যবস্থা আছে। কিন্তু বামফ্রন্ট সরকারের এই যে প্রথম উপহার মৎস্য বন্দর হল, এতে হাজার হাজার মৎস্যজীবী উপকৃত হবে। বর্তমানে সেখানে ৫০০ নৌকা লঞ্চ ইত্যাদি তারা রেজিস্ট্রি করে রেখেছে তারা এই সুযোগটা পেতে চায় বলে। শঙ্করপুরের মৎস্যজীবীদের জীবন বিপন্ন হোত আগে কিন্তু এই বন্দরটি হওয়ার ফলে এই ধরনের দুর্ঘটনা আর নেই। বর্তমানে সেখানে দ্বিতীয় জেটি নির্মাণের প্রয়োজনীয়তাও দেখা দিয়েছে। দিঘা সমুদ্র সৈকত খয়ের ফলে শঙ্করপুর সৈকত ভরাট হয়ে উঠছে। যেহেতু বন্দরটি বালিতে ভরাট হয়ে উঠছে, এটির বালি সরবার জন্য ড্রেজিং এর ব্যবস্থা করা দরকার এবং প্রয়োজনে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করা দরকার এবং আশু ব্যবস্থা নেওয়া দরকার।

[12-50 — 1-00 p.m.]

**শ্রী শিবপ্রসাদ দলুই ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, গ্রীষ্মের প্রারম্ভে জলের স্তর নেমে যাওয়ার জন্য টিউবওয়েল বন্ধ হয়ে গেছে, পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে, মাঠে, নালাতে জল শুকিয়ে গেছে, গবাদি পশু জল খেতে পাচ্ছে না। দীর্ঘদিন ধরে বৃষ্টি না হওয়ার জন্য ফসল নষ্ট হচ্ছে। এই রকম অবস্থায় আমাদের অনুরোধ এই বছর আরবান সি মেইন ক্যানেল থেকে জল দেওয়া হোক। গত বছর এই রকম পরিস্থিতিতে দশ দিন ধরে জল দেওয়া হয়েছিল। এই বছর দশ থেকে পনেরো দিন আরবান সি মেইন ক্যানেল থেকে জল দেওয়ার জন্য আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করছি। যাতে রায়না ও খন্ডকোষের মানুষকে ঐ মেইন ক্যানেল থেকে জল দেওয়া যায়।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পরিবহন মন্ত্রী এই হাউসেই আছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলকাতা-দিঘা এবং হাওড়া-দিঘা বাস চলাচল করে এবং দিঘা একটি পর্যটন কেন্দ্র হিসাবে গড়ে উঠেছে এবং সেই বাসগুলো কাঁথি শহর এবং মহকুমা শহরের উপর দিয়ে যায়। ঐ এলাকায় কোনও রেলওয়ে লাইন না থাকার ফলে সেখানকার মানুষদের বাসের উপর নির্ভর করতে হয়। তাই মাননীয় পরিবহন মন্ত্রীর কাছে আমি দাবি রাখছি কাঁথি মহকুমা শহরের উপর একটা কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা এবং দক্ষিণ বঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার একটা বুকিং অফিস চালু করা হোক। যাতে ঐ এলাকার মানুষরা নিশ্চিত করে বাসে চাপতে পারে এবং হাওড়া ও কলকাতায় আসতে পারে। এই ব্যাপারে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে আমরা আশ্বাস পেতে চাই।

**শ্রী বাদল জমাদার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিধানসভা কেন্দ্র ভাঙ্গড়ের উচ্চ মাধ্যমিক শিক্ষার সমস্যার কথা আমি এখানে তুলে ধরতে চাই। ভাঙ্গড় দুই নম্বর ব্লকে উচ্চমাধ্যমিক শিক্ষার কোনও বিদ্যালয় নেই—২০ থেকে ২৫ কিলোমিটার দূরে ভিড় ঠাসা বাসে চেপে সেখানকার ছেলে-মেয়েদের বিদ্যালয়ে যেতে হয়। পোলেরহাটে যে মাধ্যমিক বিদ্যালয়টি আছে সেখানে দু-তিন বছর আগে ইন্সপেকশন হয়ে গেছে, কিন্তু কোনও কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। উক্ত বিদ্যালয়টিকে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কেন্দ্রীয় সরকারের উদ্যোগে বিভিন্ন ক্ষেত্রে বে-সরকারিকরণ করেছে এবং রেলওয়েতেও সেই প্রক্রিয়া শুরু হয়েছে। রেলওয়ের গুরুত্বপূর্ণ কাজগুলো এখনও ঠিকাদার দিয়ে করানো হচ্ছে। এই ঠিকাদারদের আন্ডারে কয়েক হাজার শ্রমিক কাজ করে। কিন্তু তাদের যে মজুরি দেওয়া হচ্ছে এবং যে সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে তা মধ্যযুগীয়।

স্যার, যেখানে রেলের একজন ৪র্থ শ্রেণীর কর্মচারী কম করে ২ হাজার টাকা মাহিনা পান সেখানে এই ঠিকাদার শ্রমিকরা দৈনিক মাত্র ২৫ টাকা মজুরিতে কাজ করেন। তাদের যাতায়াতের কোনও সুযোগ সুবিধা নেই, কর্মরত অবস্থায় কোনও দুর্ঘটনা ঘটলে সে ব্যাপারে কোনও দায়িত্ব রেল কর্তৃপক্ষ বা ঠিকাদাররা নিচ্ছেন না। রেলের এই সমস্ত ঠিকা শ্রমিকরা দীর্ঘদিন ধরে আন্দোলন করছেন কিন্তু রেলওয়ে কর্তৃপক্ষ বা ঠিকাদার—কেউই তাদের কথায় কর্ণপাত করছেন না। যার ফলে এইসব শ্রমিকদের মধ্যে অসন্তোষ বাড়ছে। মাননীয় শ্রমমন্ত্রীর কাছে আমার আবেদন, রেলের ঠিকাদারদের এইসব শ্রমিকদের উপর যে মধ্যযুগীয় শোষণ চলছে তার অবসানকল্পে তিনি অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। তারা যাতে ন্যায্য মজুরি পায়, অ্যাক্সিডেন্ট বেনিফিট পায়, যাতায়াতের সুযোগ পায় সেটা দেখুন।

**শ্রী সৌমেন্দ্রচন্দ্র দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় তফসিলি জাতি, উপজাতি এবং আদিবাসী উন্নয়ন দপ্তরের মন্ত্রি মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, পশ্চিমবাংলার মাধ্যমিক বিদ্যালয়গুলিতে তফসিল জাতি, উপজাতি এবং আদিবাসী ছাত্রছাত্রিদের জন্য যে হোস্টেলগুলি সারা বাংলায় ছড়িয়ে আছে সেখানে মাথাপিছু মাসিক মাত্র ১৫০ টাকা বরাদ্দ রাখা হয়েছে। হিসাব করলে দেখা যাবে দৈনিক মাত্র ৫ টাকা করে একজন ছাত্র বা ছাত্রী পিছু রাখা হয়েছে তাদের দুবেলার খাবার এবং দু'বার টিফিনের জন্য। এ ছাড়া হোস্টেল সুপারিন্ডেন্টের অনুদান, রান্নার ঠাকুরের অনুদান সমস্ত কিছুই এই ৫ টাকার মধ্যে ধরা আছে। কেন্দ্রীয় সরকার রেশনে চাল, গম, চিনি, কেরোসিনের দাম বাড়িয়েছেন এবং তার সঙ্গে আজকের দিনের এই দুর্মূল্যের বাজারে দিনে ৫ টাকায় একজন ছাত্র বা ছাত্রীর চলে কিনা সেটা চিন্তা করে দেখুন। এর ফলে এই সমস্ত আদিবাসী, তফসিল জাতি, উপজাতির ছাত্রছাত্রীরা অনাহারে, অর্দ্ধাহারে দিন কাটাতে বাধ্য হচ্ছেন। আমার দাবি, সমাজের এই সমস্ত দুর্বল শ্রেণীর মানুষদের স্বার্থে হোস্টেল অনুদান কমপক্ষে মাসে ৪ শো টাকা করা হোক। উত্তরবঙ্গের ৫টি জেলা তফসিল জাতি, উপজাতি এবং আদিবাসী অধ্যুষিত এলাকা। সেখানকার এইসব ছাত্রছাত্রিদের স্বার্থ রক্ষার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রী সুকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পর্যটন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে আজকাল দিঘার পর্যটন আকর্ষণ বেড়ে গিয়েছে। কলকাতা থেকে দিঘার দুরত্ব ২শো কিঃ মিঃ মতোন। এই দীর্ঘ পথে যাতায়াতের মাঝখানে কোনও বিশ্রামাগার না থাকায় যাত্রী সাধারণ, বিশেষ করে মহিলা যাত্রীরা খুবই অসুবিধায় পড়েন। মেদিনপুর জেলার একজন আদিবাসী

হিসাবে আমরা স্বচক্ষে তাদের এই দুরাবস্থা দেখি। এই দীর্ঘ পথের বিশ্রামাগার তৈরির জন্য আমি পর্যটন দপ্তরের সাথে দেখা করেছিলাম এবং সেখানে শুনলাম যে তাদের এই বিশ্রামাগার তৈরির জন্য কিছু স্কীম আছে। মেচেদা, কোলাঘাট, নন্দকুমার, নরঘাট পয়েন্টে তাদের বিশ্রামাগার তৈরির কথা আছে। এগুলি যাতে তাড়াতাড়ি নির্মিত হয় তারজন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গে দার্জিলিং-এর পরেই পর্যটক আকর্ষণের জায়গা হিসাবে দিঘা আজ স্থান করে নিয়েছে কারণ সস্তায় সেখানে থাকা যায় এবং যাতায়াতের সুযোগও রয়েছে। এই বিশ্রামগার তৈরির জন্য মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্যণ করছি।

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি উদ্বেগের বিষয় যা আমরা বাস্তব জীবনে লক্ষ্য করছি তা আপনার মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, ভূগর্ভস্থ জলের স্তর অত্যন্ত দ্রুত নিচে নেমে যাচ্ছে। আন্ডার গ্রাউন্ড ওয়াটার সার্ভের য় রিপোর্ট তাতে আমরা এটা লক্ষ্য করলাম। মাত্র তিন/চার দিন হল গরম পড়েছে, এর মধ্যেই বহু জায়গায় জলের স্তর অনেক নিচে নেমে গিয়েছে। এখানে ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় আছেন, ক্ষুদ্র সেচের জন্য যে জল ব্যবহার করা হয়, অটো ফ্লো, শ্যালোতে আগে ৮/১০ বছর সেচের জন্য ব্যবহার করা যেত কিন্তু এখন দু বছর পরেই তাতে জল শুকিয়ে যাচ্ছে। এই অবস্থায় আগামীদিনে সারফেস ওয়াটারকে ধরে রেখে যাতে বেশি করে ব্যবহার করা যায় তারজন্য রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারকে একত্রভাবে দীর্ঘ মেয়াদি পরিকল্পনা করতে হবে। এটা যদি না করা যায়, শুধু ভূগর্ভস্থ জলের উপর সেচ এবং পানীয় জলের উপর নির্ভর করতে হয় তাহলে বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূম জেলাগুলির মতো জেলাগুলিতে নিদারুণ জলের সংকট তৈরি হবে। এই সংকট মোচনের জন্য কোনও রাস্তা খুঁজে পাওয়া যাবে না। এটাই ঠিক সময়, আমরা বর্ষার সময় সার্ফেস ওয়াটার কতটা ধরে রাখতে পারি, সেই সার্ফেস ওয়াটার গবাদি পশুর জন্য, মানুষের ব্যবহারের জন্য ব্যবহার করতে পারব সেটাই নির্ভর করছে। কারণ এত বেশি ভূগর্ভস্থ জলের উপর আমাদের নির্ভর করতে হচ্ছে, যার ফলে একটা বিরাট সংকট সৃষ্টি হচ্ছে। এই ব্যাপারে একটা পরিকল্পনা করে তা রূপায়ণ করা দরকার। কিন্তু এই পরিকল্পনা করতে গেলে শুধু মাত্র রাজ্য সরকারের পক্ষে তা সম্ভব নয়। রাজ্য এবং কেন্দ্র যৌথভাবে বিষয়টি দেখবেন, এই বিষয়ে মাননীয় ক্ষুদ্র সেচ মন্ত্রী এখানে উপস্থিত আছেন, তার দৃষ্টি আকর্যণ করে আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ ওমর আলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিধায়ক যথার্থই বলেছেন যে এখানে পশ্চিমবাংলার কিছু কিছু জেলার কিছু কিছু ব্লকে জলের স্তর অনেক নেমে গেছে। আমাদের রাজ্যের ৩৫৪টি ব্লকের মধ্যে আটটি জেলার ৩৬টি ব্লকের এলাকার কিছু কিছু অংশে জলের স্তর অনেক নেমে গেছে। সেইজন্য সেই সব এলাকার মাটির তলার জল সেচের কাজে যথেচ্ছভাবে ব্যবহার যাতে না করা হয়, সেইজন্য কতকগুলো উদ্যোগ গ্রহণ করেছি। আমি মনে করি একমাত্র উত্তরবঙ্গের কয়েকটি জেলা ছাড়া দক্ষিণবঙ্গের জেলাগুলির বেশির ভাগে মাটির তলার জল ব্যবহার করার ক্ষেত্রে সতর্কতা নিতে হবে। আবার সাথে সাথে কৃষির জন্য সেচের জল দিতে হবে। কারণ আমাদের রাজ্যকে খাদ্যে স্বয়ম্ভর করতে হবে। সেই জন্য মাটির উপরের জল ব্যবহার করার জন্য আমরা একটা বিস্তারিত পরিকল্পনা

গ্রহণ করেছি। সেই ক্ষেত্রে আমরা পশ্চিমবাংলাকে তিনটে ভাগে ভাগ করেছি। একটা ভা হচ্ছে ল্যাটারাইট জোন, কাঁকর এলাকা। যেমন মেদিনীপুর, জেলার পশ্চিমাংশ, বাঁকুড়া জে পুরুলিয়া, বীরভূম জেলায় যে সব প্রাকৃতিক জোড় বাঁধগুলো আছে, সেইগুলোকে ডেভেল করে সেচের ব্যবস্থা করতে পারলে সেচ যেমন বাড়বে, তেমনি আর্টিফিশিয়াল রিচার্জ বাড় এবং অন্য জায়গায় জলের স্তর ঠিক রাখবে। আর মুর্শিদাবাদ জেলা সহ উত্তরবঙ্গে জেলাগুলোতে যেখানে বড় বড় বিলগুলো আছে সেইগুলোতে জল ধারণের ক্ষমতা বাড়ি সেচ এর ব্যবস্থা করার জন্য পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। এছাড়া দক্ষিণ বঙ্গের মেদিনী জেলা, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া যেখনে স্যালাইন জোন আছে, সেখানে অসং খাল আছে, সেই খালগুলো প্রধানত নিকাশি খাল, সেই খালগুলো সংস্কার করে জ ধারণের ক্ষমতা বাড়ানো। এছাড়া মোহনার মুখে ডিজাইন করে নূতন ধরনের স্লুইশ গে করতে হবে যাতে ড্রেনেজ কাম ইরিগেশনের কাল হয়। এইভাবে পশ্চিমবাংলার মাটি উপরের জল ব্যবহারের একটা বিস্তারিত উদ্যোগ নেওয়া হয়েছে এবং এটা ঠিকই এ অনেক টাকা খরচ হবে। এটা কেবল মাত্র রাজ্য সরকারের পক্ষে করা সম্ভব নয়। এ পরিকল্পনা প্রস্তুত হলে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে আর্থিক সাহায্যের জন্য যাব, অথ কেন্দ্রীয় সরকারের মাধ্যমে বিদেশি কোনও সরকারের কাছ থেকে আর্থিক সাহায্য পাবার জ চেষ্টা করব।

**শ্রী হৃষিকেশ মাইতি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অপনার মাধ্যমে একটি গুরুত্ব বিষয়ে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবাংলার হাসপাতালগুলোর পরিচালন ক্ষেত্রে সাহায্য, পরামর্শ দান করার জন্য একটা ভিজিটিং কমিটি ছিল। এবং সেই ভিজি কমিটিতে বিধায়কগণ সভ্য ছিলেন। সম্প্রতি আমরা শুনলাম মনিটরিং কমিটি বলে এক কমিটি করা হয়েছে এবং সেই কমিটিতে নাকি বিধায়কদের স্থান নেই। এটা আমি অব বিশ্বাস করতে পারছি না। হয়ত কোথাও কিছু ভুল হচ্ছে—তাই আমি আপনার মাধ্য মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি—মনিটরিং কমিটির নাম দিন, আর য নাম দিন, যদি কোনও কমিটি করা হয়ে থাকে তাহলে অবশ্যই তার মধ্যে বিধায়কদে ইনক্লুড করবেন।

**শ্রীমতী মায়ারাণী পাল ঃ** মাননীয় স্পিকার, স্যার, আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী কাছে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই এবং বিষয়টির প্রতি তার দৃষ্টি আকর্ষ করতে চাই। গতকাল বহরমপুর শহরে কয়েক হাজার হকারকে প্রশাসন আচমকা উচ্ছে করেছে। প্রায় হাজার দুয়েক পরিবারের রুজি-রোজগার বন্ধ হয়ে গেছে। যেখানে খোদ কলকাতা বুকে কয়েক লক্ষ বে-আইনি হকার আছে, যেখানে সমগ্র পশ্চিমবঙ্গ আজ বেকারির জ্বালা ধুঁকছে, যেখানে খুন, ডাকাতি, ধর্ষণ হলে প্রশাসন অপরাধীকে খুঁজে পায় না সেখানে প্রশাস বহরমপুর শহরে হকারদের পুনর্বাসনের ব্যবস্থা না করেই প্রায় ১০ হাজার মানুষকে অন্ধকারে ঠেলে দিল। আমার মনে হয় এর ফলে বহরমপুর শহরে নানা রকম অপরাধ বাড়বে। তা আমি আপনার মাধ্যমে বহরমপুরের হকার ভাইদের পুনর্বাসনের দাবি জানাচ্ছি।

**শ্রী সুশীল বিশ্বাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি

মাধ্যমিক বিভাগের ভারপ্রাপ্ত শিক্ষামন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা '৭২ সাল থেকে '৭৭ সালের অন্ধকার রাজত্বের কথা শুনেছি। সেই সময়ের মতো আবার পরীক্ষা ভণ্ডুল করার জন্য নদীয়া জেলার কৃষ্ণগঞ্জে ব্লক কংগ্রেসের নব নির্বাচিত সভাপতি গত ১৯ তারিখ মাধ্যমিক ইংরাজি পরীক্ষায় নকল করতে দেওয়ার দাবিতে—তার ভাইপোকে কংগ্রেসি গুন্ডাদের পরীক্ষা কেন্দ্রে হামলা করেন। পরীক্ষা ভণ্ডুলের চেষ্টা করেন। স্যার, এই ঘটনার ফলে এলাকায় উত্তেজনা বৃদ্ধি পায়। উত্তেজনা বৃদ্ধি পাওয়ার জন্য আমি গতকাল সেই পরীক্ষা কেন্দ্রে গিয়েছিলাম। আমি সেখানে গিয়ে পুলিশের ব্যবস্থা করে এসেছি। আমি একথা এই কারণে বলছি যে, একটা বিশেষ রাজনৈতিক দলের নেতারা আবার পরীক্ষা ব্যবস্থাকে '৭২-'৭৭ সালের স্তরে নিয়ে যেতে চাইছেন। তারা দাবি করছেন—ছাত্র-ছাত্রিদের নকল করতে দিতে হবে। ঐ ঘটনার ফলে মাধ্যমিক পরীক্ষার্থিদের মধ্যে আতঙ্ক তৈরি হয়েছে। সরকারকে অবিলম্বে এ বিষয়টির দিকে দৃষ্টি দিতে হবে। যারা অশান্তি সৃষ্টি করার চেষ্টা করছে, পুরনো দিনের রাজত্ব ফিরিয়ে আনার চেষ্টা করছে তাদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তি দেবার জন্য আমি বিষয়টির প্রতি মাধ্যমিক শিক্ষা মন্ত্রীর এবং স্বরাষ্ট্র দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রী আবদুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে আমাদের দলের নেতা ডাঃ জয়নাল আবেদিন সাহেব গতকালের মাননীয়া সদস্যা শ্রীমতী সাবিত্রী মিত্রকে কিডন্যাপ করার ঘটনা উল্লেখ করেছেন। সেই পরিপ্রেক্ষিতে আপনি যে ব্যবস্থা নিয়েছেন এবং যে উদ্বেগ প্রকাশ করেছেন তার জন্য আমরা আপনার কাছে কৃতজ্ঞ, আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, তবুও আপনার অবগতির জন্য একটা কথা এখানে উল্লেখ করতে চাই—এই ঘটনা ঘটত না যদি আগে থাকতে বা কিছু দিন আগেই ব্যবস্থা গ্রহণ করা যেত। সাবিত্রী মিত্রর সিকিউরিটি গার্ড ছিল। সেই গার্ডকে কয়েক মাস আগে তার জেলার পুলিশ সুপার সরিয়ে নেন এবং পরিবর্তে অপর একজন সিকিউরিটি গার্ডকে দেওয়া হয়, যার অসম্ভব ঔদ্ধত্যপূর্ণ ব্যবহার। ফলে পুলিশ সুপারকে বার বার জানানো হয়েছিল—পুরনো সিকিউরিটি গার্ডকে ফিরিয়ে দেওয়া হোক।

[1-10 — 1-20 p.m.]

পুলিশ সুপার তার কথায় কর্ণপাত না করার ফলে আমি নিজে ডি. জি., ডি. আই. জি (আই. বি) এবং হোম সেক্রেটারির সঙ্গে কথা বলি এবং সবাইকে অনুরোধ করি, শ্রীমতী সাবিত্রী মিত্র যে সিকিউরিটি গার্ড চাচ্ছেন তাকে রাখার ব্যবস্থা করুন। কিন্তু সিকিউরিটি গার্ড রাখা তো দূরের কথা, পুরনো সিকিউরিটি গার্ডকে মাহিনা পর্যন্ত ঠিকমতো দেওয়া হচ্ছে না। এইরকম বিভিন্ন জেলায়—আমার জেলাতেও যতগুলি কংগ্রেস এম. এল. এ. আছেন তাদের সিকিউরিটি গার্ড দেওয়ার ক্ষেত্রে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন মনে করেন দয়া করছেন। কংগ্রেস এম. এল. এরা সারা দিন কাজ করেন, তাদের জন্য ২ জন সিকিউরিটি গার্ড চাইলে দেওয়া হয় না, অথচ সি. পি. এম., এম. এল. এদের ক্ষেত্রে ২ জন পুলিশ গার্ড দেওয়া হয়। কংগ্রেস এম. এল. এদের সিকিউরিটি গার্ড দেওয়ার ক্ষেত্রে পুলিশ প্রশাসন যে অসহযোগিতা করেন সেটা দুর্ভাগ্যজনক। শ্রীমতী সাবিত্রী মিত্রর ক্ষেত্রে পুলিশ প্রশাসন, হোম সেক্রেটারি এবং ডি. জি.-কে বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। আপনি এই ব্যাপারটি

হস্তক্ষেপ করুন, কংগ্রেস এম. এল. এদের অসহযোগিতা যেন না করেন। ২ জন সিকিউরিটি গার্ড যেন দেওয়া হয় সেই ব্যবস্থা করুন।

**শ্রী আবদুস সালাম মুন্সি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বিদ্যুতমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের নদীয়া জেলায় দীর্ঘ দিন যাবৎ বিদ্যুতের জন্য নতুন ট্রান্সফর্মার সাপ্লাই নেই। যে সমস্ত জায়গায় বিদ্যুতের ট্রান্সফর্মার চুরি হয়ে যায় বা পুড়ে যায় সেই সমস্ত জায়গায় পুরানো যে ট্রান্সফরমারগুলি আছে সেগুলি মেরামত করে আসতে অনেক দেরি হয়ে যায়। যার ফলে বোরো চাষের খুবই অসুবিধা হয়। এখন বোরো চাষ চলছে, সেচের খুবই দরকার। যেগুলি পুড়ে যায় সেগুলি মেরামত করে আসতে অনেক দেরি হয়। সেইজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, নদীয়া জেলায় ২।৩টি নতুন ট্রান্সফরমার যেন বসানো হয়। আর যে সমস্ত ট্রান্সফরমারগুলি পুড়ে যায় সেগুলি সংশ্লিষ্ট এলাকার কনজিউমারদের দিয়ে যদি সারিয়ে নেবার ব্যবস্থা করা হয় তাহলে তাড়াতাড়ি সেগুলি সারানো যায় এবং সেচের কাজে মানুষ বিদ্যুতের সাহায্য পেতে পারে। কিন্তু তা না করে কতকগুলি কন্ট্রাক্টরের মাধ্যমে সারাবার ব্যবস্থা করা হয়। এরফলে ট্রান্সফরমার পেতে অনেক দেরি হয়। তাই মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি, অবিলম্বে নদীয়া জেলায় নতুন ট্রান্সফরমার সাপ্লাই করে চাষীদের বিশেষ করে সেচের অসুবিধার হাত থেকে বাঁচান।

**শ্রীমতী বিলাসিবালা সহিস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার পুরুলিয়া জেলায় রঘুনাথপুর মহকুমায় একটি মাত্র কলেজ আছে, কিন্তু সেখানে বাণিজ্য বিভাগ চালু নেই। এই বাণিজ্য বিভাগ না থাকার জন্য মহকুমার ছাত্র-ছাত্রীরা যারা বাণিজ্য নিয়ে উচ্চ শিক্ষা লাভ করতে চায় তাদের ক্ষেত্রে প্রচন্ড অসুবিধা হয় এবং প্রপার পুরুলিয়াতে যেতে হয়। সেইজন্য আমি ঐ কলেজে বাণিজ্য বিভাগ খোলার জন্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এবং উদ্বেগের সঙ্গে মাননীয় শিল্প পুনর্গঠন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এশিয়ার বৃহত্তম ট্যানারি কারখানা, ন্যাশনাল ট্যানারি ১৯৯১ সালের মে মাস থেকে বন্ধ হয়ে আছে। রাজ্য সরকার হাইকোর্টের মাধ্যমে ৫০ লক্ষ টাকার শেয়ার অ্যাডমিট করে নিয়েছিল। মাত্র ৩ কিস্তিতে ১৫ লক্ষ টাকা দিয়েছে। তারপর আমি জানি না, কেন কিস্তির শেয়ার মিট-আপ করতে পারছে না। কয়েক হাজার শ্রমিকের স্বার্থ জড়িত। শুধু শ্রমিক নয়, এটা এমন একটি ট্যানারি কারখানা যার সমস্ত মডার্ন ইক্যুইপমেন্ট বন্ধ হয়ে পড়ে আছে। এখন কমিটির কাছে ৮ লক্ষ টাকা আছে। আমি আবেদন করছি, তাড়াতাড়ি ইন্টারিম রিলিফ হিসাবে সেই টাকা দেওয়া হোক এবং শ্রমিকদের সঙ্গে আলোচনা করে কারখানাটি খোলা হোক।

**শ্রীমতী মমতা মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমার জেলা পুরুলিয়ার ২০টি ব্লকের সাধারণ মানুষ আই. সি. ডি. এস. প্রকল্পের মাধ্যমে যে সুযোগ-সুবিধা পাচ্ছেন তারই ভিত্তিতে জানাতে চাই, এখনও পর্যন্ত পুরুলিয়ার পাঁচটি ব্লক—বাঘমুন্ডি, ঝালদা, আরসা, পুরুলিয়া-১ এবং বড়াবাজার, এই পাঁচটি ব্লকে ঐ প্রকল্প এখনও পর্যন্ত চালু হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় সমাজকল্যাণ মন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি, অবিলম্বে ঐ

াচটি ব্লকে আই. সি. ডি. এস. প্রকল্পের অনুমোদন দেওয়া হোক।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগেও আমি এই হাউসে বলেছি যে, ্রম পড়বার সঙ্গে সঙ্গে কলকাতায় তীব্র জলকষ্ট শুরু হয়েছে। আমার বিধানসভা কেন্দ্র ালিপুর, ভবানীপুর এবং চেতলায় আট ফুট পর্যন্ত জলের প্রেসার উঠছে না, বস্তির এলাকার মস্ত নলকূপগুলিও ড্রাই হয়ে গেছে। দক্ষিণ কলকাতার দশজন কাউন্সিলার হাজরা রোড বরোধ করলেন, কিন্তু তাতেও জলের প্রেসার বাড়েনি। গার্ডেনরিচ পাম্পিং স্টেশন ২৪ ন্টা চালাতে হবে দাবি করেছিলাম, কিন্তু সেটা চালানো হচ্ছে না। আমি ব্যাপারটা নিয়ে রবার নগর উন্নয়ন মন্ত্রীকে বলায় জলের প্রেসার দুই ফুট মাত্র বেড়েছে। আজকে অসীমবাবু াটিং ডেকেছেন, সেখানে আমাদের কাউন্সিলাররা আসছেন। এরপরও যদি জলের প্রেসারের ন্নতি না হয় তাহলে জলের জন্য এই হাউসে আমি অনশন করব, নির্জ্জলা অনশন। সল্ট লকে পর্যন্ত জল নেই এবং তারজন্য বিকাশ ভবনে উচ্চশিক্ষা মন্ত্রী পর্যন্ত ঘেরাও হয়ে ায়েছেন। কলকাতার মানুষরা কি তাহলে জল পাবেন না? আমাদের কি এক ফোঁটা জলের ন্য চাতক পাখির মতো চিৎকার করতে হবে? তাই জলের ব্যবস্থা যদি না হয় তাহলে ামি এই হাউসে অনশন করব, নির্জ্জলা অনশন।

**মিঃ স্পিকার ঃ** সৌগতবাবু, জলের জন্য অনশন করলেই কি এই সমস্যার সমাধান য়ে যাবে?

**শ্রী সৌগত রায় ঃ** নিশ্চয়ই হবে, আমি মারা গেলেও অন্যেরা যদি জল পান।

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের একটি ংস্থা ও. এন. জি. সি. পশ্চিমবঙ্গকে বঞ্চনা করতে সাম্প্রতিক যে সিদ্ধান্ত নিয়েছেন তার তিবাদ জানাচ্ছি। আমি আশা করব, বিরোধী দলের সদস্যরাও এই বিষয়ে আমার সঙ্গে কমত পোষণ করবেন। ও. এন. জি. সি. পশ্চিমবঙ্গে তিনটি রিগ চালাচ্ছেন—নদীয়ার ছাপুরে দুটি এবং দক্ষিণ ২৪-পরগনার বোড়ালে একটি, কিন্তু ও. এন. জি. সি.-র বিজনাল থরিটি সিদ্ধান্ত নিয়েছেন যে, তিনটির মধ্যে দুটি রিগ তুলে নেওয়া হবে। ইছাপুরে ১৯৯২ ালে তেল পাওয়া গেছে, গত মাসে বোড়ালেও তেল পাওয়া গেছে। এতদ্ সত্ত্বেও ও. এন. জি সি.-র এইরূপ একটি নক্কারজনক সিদ্ধান্ত নিয়ে পঃ বঙ্গ কি বঞ্চিত করতে চাইছে। তাই ামি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন চিফ সেক্রেটারি বা হাম সেক্রেটারির মাধ্যমে ও. এন. জি. সি.-র চেয়ারম্যানের সঙ্গে আলোচনা করে এই রিগ াতে .... না হয় তার ব্যবস্থা করেন।

[1-20 — 2-00 p.m.](including adjournment)

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ ঘটনার প্রতি মাননীয় পৌরমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাতে চাই যে প্রশাসনের র্বলতা এবং ক্রটি আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে। স্যার, ১৫টি মিউনিসিপ্যালিটি এবং ২টি পৌরসভার নির্বাচন অনুপস্থিত হচ্ছে। ২৪ তারিখ থেকে নমিনেশন দেওয়া শুরু হচ্ছে। াজপুর এবং সোনারপুর মিউনিসিপ্যালিটি যে ভাবে নুতন করে তৈরি হয়েছে তাতে এই

মিউনিসিপ্যালিটির কোন কোন বুথ কোন কোন ওয়ার্ডের আওতায় আসবে সেটা আজ পর্য জেলাশাসকের কাছে গিয়ে, এস. ডি. ও.-র কাছে গিয়েও জানতে পারা যাচ্ছে না। পরশুদি থেকে নমিনেশন দেওয়া শুরু হবে, অথচ এখনও পর্যন্ত জেলা শাসক, এস. ডি. ও. বলতে পারছেন না যে একটা ওয়ার্ডের সীমানা কতখানি। কাজেই আপনার মাধ্যমে পৌরমন্ত্রীর অনুরোধ করব যে অবিলম্বে এই সীমানা নির্ধারণ করার নির্দেশ দিন, তা না হলে এ নির্বাচন হবে না।

**শ্রী পান্নালাল মাঝি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূ বিষয়ে বিদ্যুত মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার এলাকার উদয়নারায়ণপুরে অনেকগুলি কোল্ড স্টোরেজ আছে—সরকারি এবং বে-সরকারি। কিন্তু ওখানে ভোল্টেজ এত কম তাতে রেফ্রিজারেশন মেশিনগুলি চলছে না। জেনারেটর দিয়ে তাদের চালাতে হচ্ছে, কি তাতে খরচ অনেক বেশি পড়ে যাচ্ছে এবং সেটাও ২৪ ঘন্টা চালানো যায় না, কার মেশিনগুলিকে মাঝে মাঝে রেস্ট দিতে হয়। সেখানে চাষীরা আলু রাখে এবং বিশেষ করে সেখানে আলুর বীজ থাকে। সেজন্য বিদ্যুতের যদি অভাব হয় তাহলে এই আলুর বীজ ন হয়ে যাবে এবং লক্ষ লক্ষ টাকার ক্ষতি হয়ে যাবে। কাজেই আপনার মাধ্যমে বিদ্যুত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এই বিষয়টি বিশেষ গুরুত্ব দিয়ে দেখুন এবং ঐ এলাকা যাতে বিদ্যুতের ভোল্টেজ বাড়ে তার জন্য ব্যবস্থা গ্রহণ করবেন।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা উদ্বেগজনক ঘটনার কথ আপনার মাধ্যমে এই সভায় ব্যক্ত করতে চাই। আমি হাউস থেকে বাইরে যাবার যে ঘট দেখেছি সেটা এখানে বলছি। স্যার, পুলিশের শৃঙ্খলা নিয়ে আমাদের পুলিশ মন্ত্রী ও মুখ্যমন্ত্রী গর্ববোধ করেন। আজকে বিধানসভা চত্তরের মধ্যে একজন এ. সি. ও. একজন ডি সি. তারা নিজেদের মধ্যে মারামারি করছে, ঘুসোঘুসি করছে। এই জিনিস দেখে মানুষ পালিয়ে যাচ্ছে এবং বিধায়করাও অনেকে পালিয়ে গেছেন। এই ঘটনা আপনার চেম্বার থেকে এক দুরে ঘটেছে। আজকে এ. সি. এবং ডি. সি.-দের মধ্যে যদি এই জিনিস ঘটে তাহলে অবস্থা কোন পর্যায়ে চলে গেছে সেটা আপনি সহজেই অনুমান করতে পারেন। আজকে বিধায়করাও নিরাপত্তার অভাব বোধ করছে। সেজন্য এই ঘটনাটা আমি আপনাকে জানালাম।

**মিঃ স্পিকার ঃ** এখন বিরতি, আমরা আবার ২টোর সময়ে মিলিত হব।

(At this Stage the House was adjourned till 2-00 a.m.)

[2-00 — 2-10 p.m.]

## POINT OF INFORMATION

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমাদের সর্বময় কর্তা আপনার কাছে জানতে চাইছি আমরা কোথায় আছি। সকালের দিকে আপনার অনুমতি নিয়ে এই হাউসের মাননীয়া সদস্যার লাঞ্ছনার কথা আপনার গোচরে এনেছি। আমি সকল সদস্যের কাছে জানিয়েছি রাজনৈতিক মতাদর্শের উর্ধ্বে উঠে এর সমাধান করতে। গভর্নমেন্টের

র্লামেন্টারিয়ান মিনিস্টার জানিয়েছেন কি প্রোগ্রেস হয়েছে। আমরা চেয়েছি পুলিশ কমিশনার চ কাম অ্যান্ড রিপোর্ট দিস। আমরা খুশি নই কালকের আচরণে। হাউসের জন্য পুলিশের বস্থা আছে। মান্নান সাহেব যে কথা বলেছেন সেই ব্যাপারে আপনার বক্তব্য বা সরকারের ক্তব্য জানি না। এখানে যারা রক্ষার দায়িত্বে রয়েছে, সিকিউরিটির দায়িত্বে রয়েছে তারা জেরা যদি অসংলগ্ন হয়, ডিসহ্যালটিং হয়, আই শুড সে ইমব্যালেন্স হয় তাহলে কি অবস্থা ব? ফৌজদারিতে আছে আপনি ভাল করে জানেন, ইউ আর এ ভেরি ফেমাস ক্রিমিনাল য়্যার, আপনি জানেন ড্রাঙ্ক অবস্থায় থাকলে নাকি বিচার হয় না। এই অ্যাসেম্বলির রক্ষার য়িত্বে যে সমস্ত গার্ডেরা রয়েছে তাদের মধ্যে ডি. সি.-র চেয়ারে এ. সি. এসে বসে পড়লে রামারি হবে, মহিলা পুলিশ অ্যাসল্ট হবে এই অবস্থা যদি পুলিশের মধ্যে চলে তাহলে এটা ই হাউসে আমদানি হতে আর কতক্ষণ বাকি থাকবে? আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে নতে চাই আমরা আর কত দূর যাব? ১৯৯৩-৯৪ সালের বাজেটে ৩৭৯,২০,২২,০০০ কা দিয়েছিল, ৪ কোটি টাকা রিফান্ড গিয়েছে এবং ৩৭৫ কোটি টাকা ব্যয় হয়েছিল কভারির পরে আজকে আর ৪০ কোটি টাকা পুলিশের জন্য সাপ্লিমেন্টারি দাবি করেছেন। । ছাড়া আপনি জানেন টেন্থ ফিনান্স কমিশনে এই সরকার দাবি করেছে সাড়ে ৩১ হাজার াটি টাকা ফর্ম ১৯৯৫ টু ২০০০ এ. ডি.। নাইন্থ ফিনান্স কমিশনে ওদের দাবি ছিল অ্যাবাভ ৩ ক্রোরস। এর মধ্যে একটা দাবি ওদের ছিল আপ গ্রেডেশন অফ দি পুলিশ অ্যান্ড পুলিশ াাডমিনিস্ট্রেটিভ মডার্নাইজেশন। তার ফল কি এই হচ্ছে? আজকে হাউসের চারিদিকে রক্ষার য়িত্বে এখানে যারা রয়েছে তারা এই আচরণ করবে? আজকে বিভিন্ন জায়গায় ডেমনেস্ট্রেশন চ্ছে, এমন অবস্থা রাস্তা চলাচল করতে পারা যাচ্ছে না।

যারা দায়িত্বে আছে তারা অসংলগ্ন অবস্থায় উন্মাদের ন্যায় আচরণ করবে, আমরা মুখ খাব কোথায়? কোথাও আছে এই জিনিস? এতে উৎসাহিত হওয়ার কারণ নেই। আমরা কলের কাছে জানতে চাইছি, আপনারা এই অবস্থাটা সমর্থন করেন? আজকে আমি এই থাটা জানতে চাইছি। (গোলমাল) স্যার, ওয়েলটা আপনি সরিয়ে দিন, রবীনবাবুরা নৃত্য রুন আর দু'নয়নে অন্তত তৃপ্তি লাভ করি। আমরা এটা জানতে চাইছি। এটা লঘু কথা নয়। কাথায় নিয়ে গেছেন পুলিশকে? For a small political gain ; and one who spoils he administration is not better than a buccaneer...আজকে ডি. সি.-র চেয়ারে া. সি. কি করে বসেন, এটা আমরা জানতে চাইছি? এটা না বললে হাউস চলবে না। ামরা জানতে চাইছি, কি প্রতিকার করছেন?...now you are in the Chair, it is vithin you domain to take effective action to the Government's ilence...এমন জায়গায় পৌচেছে যে, আজকে পশ্চিমবঙ্গে দুর্নাম হচ্ছে। পশ্চিমবঙ্গের নিরাপত্তা, শ্চিমবঙ্গের সুনাম সব জায়গায় আজকে বিঘ্নিত হচ্ছে। আজকে সি. পি. মাস্ট কাম এবং াপনি অ্যাডভোকেট জেনারেলকে ডাকুন। কি ব্যবস্থা করবেন? Remove this, Convert t into a court-try these cases; as much as their behaviour is :oncerned....আপনাকে আমি আগেই রেফার করেছি যে, এই বইটি আপনি সার্কুলেট করেছেন। You are one of the prominent members of the CPA. These ncidents are also serious, and those who are responsible for these, they

committed constructive contempt of the House. The House should be converted into a court. Let it be converted into a Bar and those culprits should be brought and tried according to the law of the land and as per our procedure....

....(noise)...

আপনি আমাদের কাস্টোডিয়ান। এটা না করলে আমাদের পক্ষে পার্টিসিপেট করা সুবিধা হবে না, আমাদের পক্ষে সম্ভব হবে না। আজকে এটা কি হচ্ছে—পুলিশে পুলিশে মারামারি হচ্ছে। মন্ত্রিসভার যদি উস্কানি না থাকে, প্রশ্রয় না থাকে, প্ররোচনা না থাকে তাহলে এই জিনিস কখনও হয়? (গোলমাল) আপনাদের লজ্জা বলে কোনও কিছু নেই। মন্ত্রিসভার প্ররোচনা না থাকলে এই জিনিস কখনও হয়? কিন্তু আপনি মন্ত্রীর উর্ধ্বে। ইউ আর দি সুপ্রিম হেড আপনার কম্পাউন্ডে, উইদিন দি কম্পাউন্ড ঘটনাটা ঘটেছে। আপনার রুলিং আমরা চাই, আপনার যদি বিকল্প কিছু বলার থাকে, আপনি যুক্তি দিয়ে আমাদের তা বলার চেষ্টা করবেন। কারণ আপনিও আইনের মধ্যে। এখানে...Within the House even if a visitor is molested, it becomes a question of privilege and contempt..

আজকে যারা দায়িত্বে আছেন...While they are in Assembly duty, they are staff and officers of the Assembly. Let it be treated like this, and they have misbehaved. They used weapons;...আজকে মন্ত্রিসভার প্রশ্রয় না থাকলে এই জিনিস হয় না। আমরা বারবার বলে আসছি, এই জিনিস কোথাও হয়নি। আজকে এখানে খুনোখুনি পর্যন্ত হয়ে যাবে? আমরা জানতে চাইছি, আপনি এখানে কি প্রতিকার করছেন

[2-10 — 2-20 p.m.]

**Mr. Speaker :** My attention was drawn before recess by the Hon'ble Member Shri Abdul Mannan that something has happened between two police officers in the compound of the Assembly. I have directed the Assembly Secretary to make an enquiry because an enquiry has to be made to ascertain as to what has happened. Without knowing what has happened no steps can be taken nor can I make any arrangement. I cannot act on the hit of the moment or do something on heresay. I have to make enquiries, I have to wait for the Secretary's report. He will make an enquiry and let me know the report and then we will decide what steps have to be taken. I only remind the Hon'ble member that police indiscipline in the Assembly premises is nothing new. More Serious incidents had taken place in the past. But that does not mean that police has to be indiscipline. We are taking serious note of the situation. We are here to see that in the Assembly premises police acts as a disciplined force. I just want to say that Dr. Zainal Abedin must not forget the history that there had been several incidents of police indiscipline in the past. I can give you a list

of it. I remind you of one incident when the policemen came with the deadbody of a constable and ransacked Assembly premises. You forget history. I am just reminding you of your past history. So keep that in mind and let us not lose our cool and patience. You have to understand things. We live in a society where such things take place and appropriate measures have to be taken according to the demand of the situtation. We must be patient and keep ourselves cool. Let the enquiry take place and let the report come. Appropriate steps will taken at the appropriate time. There is nothing to be impatient about. Now we take up the debate.

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আজকে অসীমবাবু বাজেট বক্তৃতার উপরে আলোচনা করব কিন্তু মাননীয় অর্থমন্ত্রী অনুপস্থিত। আমি অপেক্ষা করে আছি, উনি আসুন তার উপরে বক্তৃতা করব। উনি অনেক বে-আইনি কাজ করছেন, আজকে সাপলিমেন্টারি ডিমান্ড প্লেস করেছেন কিন্তু বই এসে উঠেনি বলে সার্কুলেট করেন নি। প্রেস থেকে ছেঁপে আসেনি (প্রেস থেকে বেরিয়ে আসেনি।) অথচ সাপলিমেন্টারি ডিমান্ড প্লেস করে দিলেন। যার ফলে আমাদের কাটমোশন দেওয়ার কথা ছিল দেওয়া হয়ে উঠেনি। এটাকে কখনও ছোট করে দেখা উচিত নয়। আজ পর্যন্ত সাপলিমেন্টারি ডিমান্ড প্লেস হয়ে গেছে প্রেস থেকে ছেপে বই আসেনি এটা হয়নি। এটা একটা সিরিয়াস ইরেগুলারিটিজ। আপনি বই আনার চেষ্টা করুন। দুটোর সময়ে সভা শুরু, এখন ২.১৫ মিঃ হয়ে গেছে। এখনও মাননীয় মন্ত্রীর দর্শন নেই, এখনও অনুপস্থিত। সুতরাং আমি বলব না। **(এই সময়ে মাননীয় সদস্য বসে পড়েন।)**

**(মিঃ ডেপুটি স্পিকার লক্ষ্মণ শেঠকে বলতে বলেন কিন্তু ডাঃ মানস ভুঁইয়া অর্থমন্ত্রীর অনুপস্থিতি নিয়ে বলতে উঠেন।)**

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা সংসদীয় রীতিনীতির গর্হিত কাজ। বাজেট বিতর্ক যখন চলছে তখন রাজ্যের অর্থমন্ত্রী সভায় উপস্থিত না থেকে বাইরে আছেন। আপনার দৃষ্টি আকর্ষণ করছি দলের পক্ষ থেকে। এটা অত্যন্ত দুঃখের এবং পরিতাপের বিষয়ে যে যখন বাজেট বিতর্ক শুরু হয়েছে এবং মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায় বিতর্কে অংশ গ্রহণ করেছেন সেই সময়ে অর্থমন্ত্রী অনুপস্থিত। অল রেডি ১৫ মিঃ হয়ে গেছে। তিনি হাউসকে অবজ্ঞা করে সংসদীয় রীতিকে প্রত্যাখ্যান করেছেন। এই মানসিকতার আমি তীব্র বিরোধিতা করছি। এর বিরুদ্ধে প্রতিবাদ করছি এটা হচ্ছে আমার ১নং দাবি এবং ২নং দাবি হচ্ছে যে, আপনি এখুনি ফিনান্স মিনিস্টারকে সামন করুন। সারা রাজ্যের অগ্রগতিকে এই ভদ্রলোক গলা টিপে হত্যা করেছেন।

সারা রাজ্যের অগ্রগতির পথকে উনি গলাটিপে হত্যা করেছেন, সারা রাজ্যের সমস্ত উন্নয়নকে স্তব্ধ করে দিয়েছেন। সারা রাজ্যের মধ্যে একটা বন্ধা অবস্থা সৃষ্টি করেছেন। অত্যন্ত পরিতাপের বিষয় আমাদের রাজ্যের অর্থমন্ত্রী তার প্রতি এখনও পর্যন্ত দৃষ্টি দেননি। আমি

আপনার কাছে অনুরোধ করছি হাউস আপনি অ্যাডজোর্ন করুন, হাউস মুলতুবি রাখুন, মন্ত্রীকে সামন করুন, তারপরে আমাদের মাননীয় সদস্য সুদীপবাবু বক্তব্য রাখবেন।

(গোলমাল)

**মিঃ ডেপুটি স্পিকার :** আপনারা বসুন। সংসদীয় মন্ত্রীর মাধ্যমে আমি খবর পাঠিয়েছি, সুদীপবাবু আপনি ততক্ষণ বক্তব্য রাখুন।

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, আপনি হাউস অ্যাডজোর্ন করুন। আমাদের মাননীয় সদস্য সুদীপবাবু অন প্রটেস্ট বলবেন না, আপনি মন্ত্রীকে সামন করে নিয়ে আসুন। এমন উদ্ধত অর্থমন্ত্রী সংসদীয় রীতিনীতিকে তিনি আজকে পায়েদোলে অসম্মান করেছেন, আপনি মন্ত্রীকে সামন করে নিয়ে আসুন, ততক্ষণ পর্যন্ত হাউস অ্যাডজোর্ন করা হোক, তারপরে আমাদের মাননীয় সদস্য বক্তব্য রাখবেন। নিয়ে আসুন ওকে সামন করে, এত উদ্ধত অর্থমন্ত্রী, এই সাহস কোথা পায়, আজকে অ্যাসেম্বলি চলছে, হাউস চলছে, উনি এখানে নেই।

(গোলমাল)

**(এই সময় অর্থমন্ত্রী সভায় প্রবেশ করেন)**

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় ডেপুটি স্পিকার স্যার, কলকাতায় জলের একটা সমস্যা দেখা দিয়েছে, এর জন্য সমস্ত দক্ষিণ কলকাতার সমস্ত কাউন্সিলার এবং জোনাল চেয়ারম্যানদের নিয়ে মিটিংটা আছে, আমি দেড়টায় মিটিংটা শুরু করেছি। আমার ধারণা ছিল আড়াইটায় এটা হবে, মিটিংটা চলছে। আমি এই হাউসে আছি, একটু শুনে আমাকে অনুমতি দিতে হবে ঐ মিটিংটার কনক্লুড করে আবার চলে আসব।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় :** মাননীয় অর্থমন্ত্রী আপনি ছিলেন না, আমি একটি বিষয়ে এখানে তুলেছিলাম। আপনি সাপ্লিমেন্টারি ডিমান্ড প্লেস করলেন, সাপ্লিমেন্টারি ডিমান্ড-এর কপি সার্কুলেট-করলেন না। সাপ্লিমেন্টারি ডিমান্ডের কপি সার্কুলেট না করলে আমরা কাটমোশন দেব কি করে? এখনও ছাপাখানা থেকে আসেনি, এই যে মিস ম্যানেজমেন্ট, লেথারজেটিক, ইনকমপিটেন্স এই অবস্থায় কি করে কাজ করবেন? এটা কখনও হয়নি, সাপ্লিমেন্টারি ডিমান্ডের কপি এখন সার্কুলেট করা হয়নি। বক্তৃতা হয়ে গেছে বহু আগে। আমি আপনার বাজেটের বিরোধিতা করছি এবং আমার বক্তব্যের সমর্থনে কিছু বলব।

[2-20 — 2-30 p.m.]

আপনার এই বাজেট বিরোধিতার আমাদের প্রধান যে অভিযোগ সেটা হচ্ছে এই রাজ্যে ১৭ বছরে কোনও প্লান তৈরি হল না। এই ১৭ বছরে প্ল্যানটা তৈরি না করতে পারার কারণে এই বাজেট ডিরেকশন লেস এবং এই বাজেটের কোনও স্ট্রাইকিং অ্যাঙ্গেল নেই। সেন্ট্রাল গভর্নমেন্ট যখন একটা বাজেট পেশ করে পার্লামেন্টে তখন সেটা নিয়ে আলোচনা হয়, সমালোচনা হয়, তার পক্ষে মত থাকে, তার বিপক্ষে মত থাকে এবং একটা বিতর্কের

অবকাশ থাকে। কিন্তু রাজ্যের বাজেট আপনি এমনভাবেই খাড়া করেছেন যে তা নিয়ে মানুষের কোনও মাথা-ব্যাথা থাকে না। কারণ এই বাজেটে স্পেসিফিক কোনও ডিরেকশন না থাকার ফলে এবং প্রতি বছর ঘাটতি শূন্য বাজেটের চমক থাকার ফলে বাংলার মানুষ এর আকর্ষণ হারিয়ে ফেলেছে। আমাদের পশ্চিমবাংলার প্রথম প্ল্যান হয়েছিল ১৯৫১-৫৬ সালে, পাঁচ বছরের জন্য সেই সময় প্লান আউট লে ছিল ৭৬ কোটি টাকা। নর্মালি পাঁচ বছর পরে সেটা ডাবল হয়ে যায়। সুতরাং ফার্স্ট প্লানে যখন ৭৬ কোটি টাকা ছিল, তখন স্বভাবতই দ্বিতীয় প্ল্যানে ১০২ কোটি টাকা হওয়া উচিত এবং ১৯৫৬-৬১ সালে দ্বিতীয় প্লানে ১০২ কোটি টাকায় ধরা হয়েছিল। এরপর থার্ড প্লানে এটা আবার ডাবল হওয়া উচিত, প্রায় ৩০০ কোটি টাকা হওয়া উচিত। কিন্তু থার্ড প্ল্যান আউট লে ছিল ৩০০ কোটি টাকার কিছু কম, ২৫০ কোটি টাকা। এরপর ফোর্থ প্ল্যান আউট লে ৫০০ কোটি হওয়া উচিত। কিন্তু ফোর্থ প্ল্যান আউট লে হল ৩২২ কোটি টাকা। এই ফোর্থ প্ল্যানটা ১৯৬৯ সালে আপনাদের সরকারই তৈরি করেছিল। এই ফোর্থ প্ল্যান থেকেই পশ্চিমবাংলার মূল অর্থনীতির কোমরের পতন এবং ভাঙ্গন শুরু হয়। আবার ফিফথ প্ল্যানের সময় কংগ্রেস গভর্নমেন্ট আসে এবং তারা ৩২২ কোটি টাকার প্ল্যান আউট লে টাকে ১২৪৬ কোটি টাকায় নিয়ে যায়। কংগ্রেস লিফট্ করে সেটাকে ১২৪৬ কোটি টাকায় নিয়ে যায়। তারপর আবার সিক্সথ প্লানের সময় আপনারা এলেন এবং অসীমবাবু সেটাকে ডাবল না করে করে দিলেন তিন হাজার ৫০০ কোটি টাকায়। তার মধ্যে ইউটিলাইজেশন হল ২,৪৩৩ কোটি টাকা, আর নন-ইউটিলাইজেশন হল ১,১০০ কোটি টাকা। আপনারা ফোর্থ প্লানে অর্থনীতির কোমরটাকে আবার ডেস্ট্রয়েড করে দিলেন। ১,১০০ কোটি টাকা আপনারা খরচ করতে পারলেন না।

৩৫শো কোটি টাকার মধ্যে ২,৪৩৩ কোটি টাকা। এইভাবে আমরা প্রতি মুহূর্তে দেখছি যে পশ্চিমবাংলার ক্ষেত্রে প্ল্যান আউট লে গুলি কি ভাবে মার খাচ্ছে। এর ফলে রাজ্যের অর্থনৈতিক অবস্থা বা ইকনমিক ডেভেলপমেন্ট, সেটা কখনও কখনও এগুতে পারছে না, স্তব্ধ হয়ে যাচ্ছে। আর ওরা কুয়োর ব্যাঙ-এর মতোন মুখ লুকিয়ে বসে আছেন। বারবার ওদের বলা হচ্ছে যে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার একটা শিল্পনীতি ঘোষণা করেছেন এবং এই শিল্প নীতির সুযোগটা আপনারা গ্রহণ করুন কিন্তু ওরা অন্যরকম সব কথাবার্তা বলছেন। এই শিল্পনীতির সুযোগ গ্রহণ করে ভারতবর্ষের মধ্যে এমন রাজ্য আছে যারা প্রতি নিয়ত ডেভেলপমেন্টের দিকে এগুচ্ছে, তাদের রাজ্যে ইন্ডাস্ট্রি আরও বেশি বেশি করে হচ্ছে কিন্তু এরা সেসব কথা শুনছেন না। শুধু মহারাষ্ট্র নয়, মহারাষ্ট্রের শারদ পাওয়ার তো কলকাতায় এসে আপনাদের চোখ খুলে দিয়ে গিয়েছে। মহারাষ্ট্রে বোমা বিস্ফোরণের পর এক বছর হয়নি সেখানে ১ লক্ষ ৪ হাজার কোটি টাকা ইনভেস্টমেন্টের প্রতিশ্রুতি পাওয়া গিয়েছে—৫০ হাজার কোটি টাকা এন. আর. আই. আর ৫০ হাজার কোটি টাকা দেশি শিল্পপতিদের কাছ থেকে। এই পরিস্থিতির মধ্যে আজকে আপনারা দাঁড়িয়ে আছেন। এম. আর. টি. পি. ওপেন হয়ে গেল, ফ্রি লাইসেন্সিং-এর ব্যাপার হয়ে গেল কিন্তু তার সুযোগ আপনারা গ্রহণ করতে পারলেন না। একদিকে শুধু কেন্দ্রীয় সরকারের সমালোচনা আর অপরদিকে সেই একচেটিয়া পুঁজিপতিদের দিয়ে করব, এন. আর. আইদের সঙ্গে কন্ট্রাক্ট করব, বক্রেশ্বরে জাপান আসবে, তাদের সাহায্য নেব, হলদিয়ায় মার্কিন কোম্পানির সহযোগিতা নেব আবার দেশীয় পুঁজিপতিদের

সঙ্গে সহবস্থান করব অথচ কেন্দ্রীয় শিল্পনীতির সমালোচনা করব—এই নীতি নিয়ে আপনারা চলেছেন। কেন্দ্রীয় অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং অসীমবাবুকে বলেছেন, He is learning show. আমি বলছি, অসীমবাবু দেরি করে ফেলেছেন, ডঃ মনমোহন সিং কিন্তু প্রথম থেকেই ঠিক পথে আছেন। আজকে আপনাদের সঙ্গে কেন্দ্রের শিল্পনীতির বিরোধ কোথায় সেটা আমাদের কাছে পরিষ্কার হচ্ছে না। তবে একটা জিনিস পরিষ্কার যে একটা রাজ্যে শিল্প তৈরি করতে গেলে তারজন্য পরিকাঠামো দরকার। শিল্পের পরিকাঠামোর সঙ্গে সঙ্গে ওয়ার্ক কালচারও তৈরি করা দরকার। গত ১৭ বছরে সেটা আপনারা নিঃশেষ করে দিয়েছেন। এখানে প্রডাকটিভিটির কোনও কথা নেই। আর প্রফিটেবিলিটি যা ছাড়া একটা শিল্পের পরিকাঠামো কখনও তৈরি হতে পারে না সেটাও এই বাজেটের মধ্যে কোথাও পরিলক্ষিত হচ্ছে না। ওয়ার্ক কালচার, প্রডাক্টিভিটি, প্রফিটেবিলিটি—এই তিনটি বিষয়কে বাদ দিয়ে একটা রাজ্যের শিল্প পরিস্থিতি কখনও তৈরি হতে পারে না যার জন্যই হলদিয়া, বক্রেশ্বর নিয়ে এই অবস্থা। হলদিয়াতে আপনারা কি করলেন? প্রথমে হলদিয়াতে টাটাদের সঙ্গে চুক্তি করলেন। দরবারি শেঠ সেদিন দর্শক আসনে উপস্থিত ছিলেন যেদিন মুখ্যমন্ত্রী ঘোষণা করলেন যে টাটা টি'র সঙ্গে এই প্রকল্প হবে। তারপর তারা চলে গেলেন। মুখ্যমন্ত্রীর মান বাঁচাতে টাটা সেন্টার থেকে একটা জয়েন্ট স্টেটমেন্ট দেওয়া হ'ল এবং সেটা হাউসে সার্কুলেট করা হল যে টাটা টি সরে যাচ্ছে কিন্তু আমরা কমিটেড রইলাম হলদিয়া পেট্রো-কেমিক্যালস প্রসঙ্গে। আজকে বাইরে থেকে, জাপান থেকে ও. ই. সি. এফ আসছে বক্রেশ্বরের জন্য। ভারতবর্ষের অর্থমন্ত্রী নিজে তাতে উৎসাহ দিয়েছেন এবং তিনি তাদের বলেছেন যে বক্রেশ্বরে গিয়ে টাকা ঢালুন। কলকাতায় তিনি সমালোচনার মধ্যেও বলেছেন যে, পশ্চিমবঙ্গে অর্থ বিনিয়োগের জন্য আমি বিদেশি শিল্প সংস্থাকে বলি বা যখন বাইরে যাই তখন বিদেশি শিল্পপতিদেব বলি যে পশ্চিমবঙ্গে টাকা বিনিয়োগ করুন। এইজন্য কোথায় আপনারা মনমোহন সিংকে অভিনন্দন জানাবেন, তা নয়, আপনারা তার কলকাতা সফর নিয়ে চিৎকার করছেন। তাই আপনাদের বলছি, হলদিয়া, বক্রেশ্বর নিয়ে আগে ভালভাবে জানুন, তারপর বক্তব্য রাখুন। আজকে ভারতবর্ষের যে সব পেট্রো-কেমিক্যাল সংস্থা সেখানে হলদিয়ার স্থান কোথায় সেটা একটু চিন্তা করে দেখুন। প্রথম হচ্ছে, গান্ধার প্রোজেক্ট, তারপর আই. পি. সি. এল., নাসলির, গোরেখাদের মাদ্রাজে এবং তারপর আসবে হলদিয়া। তাছাড়া হলদিয়াতে যেসব প্রোডাক্ট তৈরি হবে—ইথিলিন, প্রপিলাইন, বুটাডাইন—তখন সেগুলির বাজারে চাহিদা থাকবে কিনা সেটা কিন্তু বিবেচনা করে দেখা দরকার। আমরা সেইজন্য বলেছি, গোটা বিষয়টি নিয়ে অনুসন্ধান করে দেখুন।

[2-30 — 3-40 p.m.]

আমরাও চাই হলদিয়া হোক, আমরাও চাই বক্রেশ্বর হোক। কিন্তু কেন্দ্রের সঙ্গে সংঘাতে গিয়ে হবে না। আপনাদের কেন্দ্রের সঙ্গে সহযোগিতা করে এই হলদিয়া, বক্রেশ্বর প্রকল্প রূপায়ণ করতে হবে। আজকে পশ্চিমবাংলার সরকার সম্পর্কে আমাদের যা অভিযোগ যে এখানে সম্পদ সংগ্রহ হচ্ছে না, প্ল্যান আউটলে তে মার খাচ্ছে, সমস্ত পরিকল্পনা এক একটা দপ্তরের জন্য কোটি কোটি টাকা বরাদ্দ হচ্ছে, কিন্তু সেই দপ্তরগুলো টাকা পাচ্ছে না। এক টাকার হিসাব ধরলে ৯১ পয়সা খরচ হয়ে যাচ্ছে নন-প্ল্যানে পরিকল্পনা বহির্ভূত খাতে। এক টাকার মধ্যে খরচ হচ্ছে ৯১ পয়সা রাজ্য সরকারের দেওয়া হিসাব অনুযায়ী আর নয় পয়সা

খরচ হচ্ছে প্ল্যানে বরাদ্দ হচ্ছে। সেই নয় পয়সার ৫০ থেকে ৬০ ভাগ খরচ হচ্ছে, এই রকম একটা দৈন্য চিত্র নিয়ে কি করে আপনারা রাজ্যের প্ল্যান করবেন বিভিন্ন প্রকল্পে কেন্দ্রীয় সরকার টাকা দিচ্ছে, কিন্তু ম্যাচিং গ্রান্ট দিতে পারছেন না আপনারা, ম্যাচিং গ্রান্ট দিতে না পারার ফলে সেই প্রকল্পগুলো মার খাচ্ছে, আর আয়ের দিকে নজর দিচ্ছেন না বলে এই সরকার ঋণের বোঝা মাথায় নিয়ে বসে আছে, যার ফলে প্রতিটি দপ্তরে কম বেশি একটা ভয়ানক অর্থ কষ্টে ভুগছে। আজকে আমরা জানি যে স্বাস্থ্য, শিক্ষা, সেচ, পরিবহন, পূর্ত, পৌরসভা প্রতিটি দপ্তরে তাদের এক রকম বরাদ্দ হচ্ছে টাকা, বাস্তবে সেই টাকা আজকে সেইভাবে তারা পাচ্ছে না। এর আগে অভিযোগ ছিলো কংগ্রেস সরকারের বিরুদ্ধে মাসুল সমীকরণ নীতি নিয়ে, লোহা, ইস্পাতের উপর থেকে মাসুল সমীকরণ নীতি প্রত্যাহার হয়ে গেল, বছরে আরও ৫৮ কোটি টাকা অতিরিক্ত রাজ্য কোষাগারে আসছে, তাই নিয়ে শিল্প মন্ত্রী সন্তোষমোহন দেব যে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন, সেই সম্পর্কে একবারের জন্যও তো বিধানসভায় তাকে ধন্যবাদ দিলেন না? যে মাসুল সমীকরণ নীতির প্রশ্নে দীর্ঘদিন ধরে আপনাদের দাবি ছিল, আমরাও বলেছিলাম মাসুল সমীকরণ নীতি প্রত্যাহার করার প্রশ্নে, সেখানে লোহা, ইস্পাতের উপর থেকে মাসুল সমীকরণ নীতি প্রত্যাহার হয়ে যাবার পর লোহা এবং ইস্পাত তার থেকে আপনারা কোনও রকম ভাবে এই শিল্প দপ্তরকে, কেন্দ্রীয় সরকারকে আপনারা অভিনন্দন জানাননি। আর একটা জিনিস, এবার রাজ্যের বাজেটে আপনারা ক্লেম করেছেন যে সিগারেট এর থেকে বিলাস কর বসিয়ে ৪০ কোটি টাকা আদায় করবেন। ট্যাক্সেশন করবেন। আজকে আমরা সংবাদপত্রে পড়লাম, গতকাল আই. টি. সি., ভাজির সুলতান টোবাকো, গোল্ডেন টোবাকো এবং গোল্ড ফ্লেক, ফিলিপস ইন্ডিয়া এরা ভারতবর্ষের বড় বড় সিগারেট প্রস্তুতকারক সংস্থা। তারা বলছে যে সিগারেটের দাম ১০ পারসেন্ট বিলাস কর বাড়িয়ে দেবার ফলে সিগারেটের মূল্য বৃদ্ধি যা ঘটবে, তাতে বাজারে সিগারেট কেনার লোকের সংখ্যার চাহিদা কমে যাবে এবং ওরা বলছে যে মহারাষ্ট্র সরকার, অন্ধ্রপ্রদেশ সরকার এর গত দু বছর ধরে ১০ পারসেন্ট করে ট্যাক্স করেছিল। কিন্তু সেই ট্যাক্স বসানোর পরে বাজারে দেখা গেছে, যারা সিগারেট বেশি মাত্রায় খেতেন তাদের সিগারেট খাওয়া কমে গেছে, রেভিনিউ কমছে, সরকার সেই ট্যাক্স তুলে নিয়েছে। সুতরাং আপনাদের যদি টার্গেট থাকে যে শুধু সিগারেটের উপর বিলাস কর বসিয়ে ৪০ কোটি টাকা তুলবেন এবং এর ফলে একটা আতঙ্ক দেখা দিচ্ছে যে এতে বেশি চোরাচালান হবে, বিহার থেকে স্মাগল হবে, পশ্চিমবাংলায় ঢুকবে সিগারেট এবং আমাদের যেটা আতঙ্কের কারণ, তাতে আই. টি. সি. যেটা ভারতবর্ষের সর্ব বৃহৎ সংস্থা, ইন্ডিয়া টোবাকো কোম্পানি, আই. টি. সি. বলছে, আমরা আমাদের অফিস আগামী দিনে সেটাকে ডেভেলপ করার জন্য আরও যে সমস্ত পরিকল্পনা ছিল আমরা সেই প্ল্যান বন্ধ করে দেব এবং আই. টি. সি. কোম্পানি তুলে নিয়ে গেলেও আশ্চর্য হব না, এই রকম একটা আশঙ্কার পরিস্থিতি দেখা দিয়েছে। সুতরাং আপনার যেটা মূল টার্গেট, এর আগে আপনি টার্গেট করতেন সেলট্যাক্সের ক্ষেত্রে। প্রত্যেক বছর বিধানসভায় দাঁড়িয়ে বলতেন, আমাদের আগামী বছর বিক্রয় কর থেকে রেভিনিউ আদায় হবে এত।

কিন্তু প্রত্যেক বছর দেখা গেছে বিক্রয় করে থাকে সম্পদ সংগ্রহে ডেফিসিট হয়েছে এবং আপনি এগজ্যাজারেট করে এক একটা বাজেট পেশ করেছেন। পরের বছরই বাস্তবের

মুখোমুখি হয়ে দেখতে পেয়েছেন যে, সেলস ট্যাক্স থেকে যতটা আদায় করার কথা ভেবেছেন ততটা সেলস ট্যাক্সের মাধ্যমে আদায় করতে পারছেন না। আজকে এমন অবস্থা হয়েছে যে, সিগারেট কোম্পানিগুলি নতুন করে অর্থ লগ্নি করবে কিনা সে বিষয়ে তাদের মধ্যে সন্দেহ দেখা দিচ্ছে। আমি মাননীয় অর্থ মন্ত্রীকে বলব, এটা নিয়ে বিতর্কের কোনও ব্যাপার নেই, এটা গুরুত্ব দিয়ে দেখুন, না হলে বাজেটের প্ল্যান বা পরিকল্পনা সম্পূর্ণভাবে মার খাবে।

এবারে আমি যে প্রসঙ্গে আসব মূলত আমি সেটা নিয়েই আলোচনা করতে চাই। ডাঙ্কেল প্রোপজাল নিয়ে বা গ্যাট চুক্তিকে কেন্দ্র করে প্রকাশ্যে আমরা যখন তার পক্ষে কিছু কথা বলছি তখন আমরা নিশ্চয়ই বিষয়টা নিয়ে একটা হেলদি ডিবেট এক্সপেক্ট করছি মাননীয় অর্থমন্ত্রীর কাছ থেকে, সরকারি দলের সদস্যদের কাছ থেকে। এই চুক্তির পক্ষে কিছু কথা নিশ্চয়ই আছে। আপনারা যেমন কয়লার সেস সম্বন্ধে একটা সমস্যার কথা তুলে ধরেছেন আমাদের কাছে—গতকাল ডাঃ জয়নাল আবেদিন সাহেব সে বিষয়ে বলেছেন এবং অজিত কুমার পাঁজা কালই গৌহাটি থেকে কিছু কাগজ-পত্র পাঠিয়েছেন, আমি সেগুলি মাননীয় অর্থমন্ত্রীর কাছে দেব। তার আগে আমি ডাঙ্কেল প্রস্তাব নিয়ে যে কথা বলছি তা হচ্ছে, ডাঙ্কেল প্রোপজাল নিয়ে সি. পি. এম. এবং বি. জে. পি. একই সুরে কথা বলছে, কোনও পার্থক্য নেই। এই নতুন দৃষ্টিভঙ্গি আমরা দেখতে পাচ্ছি। আমরা দেখছি ডাঙ্কেল নিয়ে সি.পি.এম এবং বি.জে.পি., দুটো দলের মিল হয়েছে। ডাঙ্কেল নিয়ে দুটি পরস্পর বিরোধী দল সমানভাবে একই কথা বলে চলেছে। এই জন্যই ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে আজকে আমি আপনার সামনে আমাদের দলের বক্তব্য আর একবার উপস্থাপিত করব। এর আগের দিন যখন এখানে ১৮৫ ধারার মোশনে ডাঙ্কেল নিয়ে আলোচনা হয় তখন মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রী এখানে উপস্থিত ছিলেন না, তাঁরা তাঁদের কোনও জবাব বা বক্তব্য রাখেননি। সে কারণে সেদিন সেই আলোচনার গুরুত্ব লাঘব হয়েছিল—যদিও আমাদের বক্তাদের কাছে আপনাদের দাঁড়াবার কোনও সুযোগ ছিল না। তা সত্ত্বেও আমি বিষয়টা নিয়ে বিস্তারিত আলোচনা করতে চাই। তার কারণ ডাঙ্কেল প্রস্তাব বা গ্যাট চুক্তি আই. এম. এফ.-এর ফল আপনাদের বাজেটে কি ভাবে প্রতিফলিত হচ্ছে তা আপনারা বার বার বলবার চেষ্টা করেছেন। আপনাদের ঐ বক্তব্যের জবাবে আমি বলতে চাই যে, গ্যাটের শুরু ১৯৪৮ সালে। মাত্র ২২টা দেশ নিয়ে শুরু হয়েছিল এবং ভারতবর্ষ গ্যাট-এর ফাউণ্ডার মেম্বার। সেই ২২-টা দেশের গ্যাটের সদস্য সংখ্যা এখন হয়েছে ১১৭। আপনারা জানবেন এই ১১৭-টি দেশই স্বাধীন এবং সার্বভৌম দেশ। ২২-টি দেশ নিয়ে এখন ১৯৪৮ সালে গ্যাটের যাত্রা শুরু হয়েছিল তখন চিনও গ্যাটের সঙ্গে যুক্ত ছিল। কিন্তু ১৯৪৯ সালে চিন বেরিয়েছিল গ্যাট থেকে। বলেছিল 'আমরা নেই এর সঙ্গে।' ডিসোসিয়েট করে চিন ১৯৪৯ সালে গ্যাট থেকে বেরিয়ে গিয়েছিল। আবার ১৯৮৬ সালে আবেদন করল, 'আমাদের সদস্য করা হোক'। কিন্তু গ্যাটে এখনো চিনকে সদস্য করা হয়নি। '৮৬ থেকে আবেদন করছে, আজ ৯৪ সাল, ৭ বছর আবেদন করছে, নিবেদন করছে সদস্য হবার জন্য। সুতরাং চিন যেখানে সদস্য হবার জন্য চেষ্টা করছে, সেখানে ভারতবর্ষ সদস্য থাকা সত্ত্বেও ভারতবর্ষকে সেখান থেকে জোর করে বের করে আনতে হবে।

[2-40 — 2-50 p.m.]

এটা কি ধরনের ব্যাপার? আজকে সেই কারণে জানতে হবে চুক্তি যখন স্বাক্ষর হয়ে যাবে যা এখন হয়নি, সেই চুক্তি স্বাক্ষর হয়ে গেলে এই ডাঙ্কেল প্রোপোজাল নামটা আর থাকবে না, তখন এটা হয়ে যাবে গ্যাট ১৯৯৩। সেই চুক্তি সই হলে গোটা ব্যাপারটা জেনারেল এগ্রিমেন্ট ট্রেড অন ট্যারিফ - গ্যাট ১৯৯৩ নামে এটা তখন প্রতিষ্ঠিত হবে। এখন আপনারা গ্যাটের বিরুদ্ধে যেসব অভিযোগগুলি তুলেছেন সেইসব অভিযোগগুলি কি কি? অভিযোগগুলি হল এইরকম, (১) দেশের সার্বভৌমত্ব ক্ষুণ্ণ হবে, (২) চাষিদের ক্ষতি হবে, বেশি দামে বীজ কিনতে হবে, সংরক্ষণের অধিকার থাকবে না, (৩) কৃষিজাত পণ্য আমদানি করতে দিতে হবে এবং এর ফলে উৎপাদিত শস্য বাজারে বিক্রি হবে না, (৪) কৃষিতে সাহায্য করার জন্য ভর্তুকি দেওয়া যাবে না, (৫) মেধা সম্পত্তির অধিকার হস্তক্ষেপ করা, (৬) পেটেন্ট আইন সংশোধন করে ওষুধের দাম তারফলে হু হু করে বেড়ে যাবে। এই ৬টি বক্তব্য আপনাদের সামনে আছে। আমি আর একটা যোগ করে দিচ্ছি, মাল্টি-ন্যাশনাল কোম্পানি দখল করে নিচ্ছে। আমি একটার পর একটা উত্তর দিতে চাই এবং উত্তরগুলির জবাব আপনাদের কাছ থেকেও শুনতে চাই। প্রথমে আমি বলব, ভারতবর্ষের স্বাধীন সার্বভৌমত্ব ক্ষুন্ন হয়ে যাবার যে কথা বলেছেন সেই প্রসঙ্গে বলছি, ১১৭টি স্বাধীন সার্বভৌমত্ব দেশ এই চুক্তিতে সই করেছে। এর আগে কি হয়েছিল? ১৯৪৮ সালে ভারতবর্ষ কমনওয়েলথের মেম্বার হয়েছিল। তখন একটা আওয়াজ উঠেছিল স্বাধীন ভারতবর্ষের সার্বভৌমত্ব ক্ষুন্ন হয়ে গেল। ১৯৭১ সালে যখন ভারত-রুশ মৈত্রী চুক্তি হল, তখন আওয়াজ উঠল ভারত রাশিয়ার তাঁবেদার হয়ে গেল, ভারতবর্ষের সার্বভৌমত্ব ক্ষুন্ন হয়ে গেল। ১৯৮৩ সালে যখন আই. এম. এফ লোন সম্পর্কে চুক্তি হচ্ছে, আন্তর্জাতিক ধন-ভাণ্ডারের সঙ্গে তখন বলল, ভারতবর্ষের সার্বভৌমত্ব শেষ হয়ে গেছে। এরপর ভারতবর্ষ যখন ন্যামের সদস্য হল তখন বলল, ভারতবর্ষের সার্বভৌমত্ব শেষ হয়ে গেছে। সার্বভৌমত্বের ব্যাপারে কংগ্রেস দল, কংগ্রেস সরকার কি কমিউনিস্টদের কাছ থেকে শিখবে নাকি? সারা অতীত যার বিশ্বাসঘাতকার ইতিহাসে পরিপূর্ণ, পৃথিবী থেকে যাদের ধ্বজাটুকু আস্তে-আস্তে উঠে যাচ্ছে—সার্বভৌমত্ব অত ঠুনকো জিনিস নয় সে সহজে চলে যাবে। ভারতবর্ষের সার্বভৌমত্ব ধরে রাখতে এই দেশের ৮০ কোটি মানুষ অঙ্গীকারবদ্ধ। সুতরাং ভারতবর্ষের সার্বভৌমত্ব যাবে না এটা আপনাদের জানিয়ে রাখা দরকার। চাষির ক্ষতি হচ্ছে—চাষীর ক্ষতি কেন? পেটেনটিং অফ সীড হচ্ছে না এবং যেটা বলা হচ্ছে যে প্যাকেট করে বীজ সংরক্ষণ করা যাবে না। এই অংশটুকু সত্য যে প্যাকেটে বীজ রাখা যাবে না, কিন্তু বীজ এক্সচেঞ্জ করা যাবে। আর একটা বীজের সঙ্গে আর একটা বীজ এক্সচেঞ্জ করতে পারেন কিন্তু প্রিজার্ভ করা যাবে না। এই পোরশনে আপত্তি থাকতে পারে। গ্যাট চুক্তিতে ১১৭টি দেশ সই করেছে। এতে ভালর দিক যেমন থাকবে, তেমনি মন্দের দিকও থাকবে। পাল্লা যতটা বেশি যার দিকে হবে সেটাই গ্রহণ করতে হবে এবং আমার মতে পাল্লা ভারি। Gatt agreement will serve India's interest more. এর কারণ ১১৭টি দেশের সঙ্গে আমাদের যে চুক্তি হবে সেই চুক্তি যদি না হয় তাহলে ১১৭টি দেশের সঙ্গে দ্বি-পাক্ষিক চুক্তি করতে হবে আলাদা-আলাদাভাবে। কিন্তু এটা একই সার্কেলের মধ্য থেকে একসঙ্গে চুক্তি হবে। এই প্রসঙ্গে আমি পরে আসছি। সুতরাং চাষিদের

ক্ষেত্রে পেটেন্টের প্রশ্নে কোথায়ও কোনও ক্ষতি হবে না।

আমাদের দেশে কৃষিজাত পণ্য আমদানি করতে হয় ৩ থেকে ৫ পারসেন্টের মতো। আমেরিকা এবং কানাডা থেকে গম আসে এবং জাপান থেকে চাল আসে। অভিযোগ উঠেছে যে, জাপান থেকে চাল এসে গোটা ভারতবর্ষের বাজারকে দখল করে নেবে। এমনও অভিযোগ উঠেছে যে, চাল আমদানি করবার রাস্তাটা যদি পুরোপুরি খুলে দেওয়া হয় তাহলে ভারতবর্ষে এই শস্য যারা উৎপাদন করেন—চাষি, তাদের শস্য আর বাজারে বিক্রি হবে না, সেখানে বিদেশি শস্য কেনার আগ্রহ দেখা দেবে। কাজেই আপনাদের জানতে হবে যে, কত পরিমাণ ডিউটি দিয়ে এসব আমদানি করা হবে। এক্ষেত্রে ডিউটির পরিমাণ খাদ্যশস্যের ক্ষেত্রে ১ পারসেন্ট তৈরি কৃষিজাত দ্রব্যের ক্ষেত্রে ১৫০ পারসেন্ট এবং ভোজ্য তেলের ক্ষেত্রে ৩০০ পারসেন্ট। এই পরিমাণ শুল্ক দিয়ে কৃষিপণ্য আমদানি করে আমাদের দেশে উৎপাদিত খাদ্যশস্যের মুখোমুখি হওয়া সম্ভব? সুতরাং এর উপর একটা ব্যালান্স অফ পেমেন্টের কভারেজ থেকে যাচ্ছে এটাও আমাদের মনে রাখতে হবে। কাজেই খাদ্যশস্য আমদানির ফলে এখানকার কৃষকদের স্বার্থ মার খাবে এটা একটা ভ্রান্ত ধারণা, সত্য নয় এটা।

এরপর কৃষিতে ভরতুকির কথায় আসতে চাই। এই ভরতুকি তুলে দেবার কোনও প্রশ্ন নেই। এক্ষেত্রে আমাদের যত টাকা ভরতুকি দিতে বলেছে তার ধারে কাছেও আমরা যেতে পারব না। ২২টি এগ্রিকালচারাল কমোডিটিজের উপর আমরা মিনিমাম সাপোর্ট প্রাইস দিচ্ছি এই ভারতবর্ষে। এই এগ্রিকালচারাল সাপোর্ট প্রাইস দেবার ফলে কি হচ্ছে? গ্যাট বলেছে যে, পরপর তিন বছরে টোটাল এগ্রিকালচারাল প্রোডাকশন যা হবে তার এক বছরের গড় উৎপাদনের যা টোটাল ভ্যালু তার ১০ পারসেন্ট দিতে হবে সাবসিডি এবং এটা ধনী রাষ্ট্রগুলি দেবেন ৫ পারসেন্ট। এক্ষেত্রে তারা ভারতবর্ষকে ১৯৮৬-৮৭, ১৯৮৭-৮৮ এবং ১৯৮৮-৮৯ এই তিনটি বছরকে ভিত্তি বছর ধরতে বলেছেন। এই তিনটি বছরকে যদি আমরা ভিত্তি বছর ধরি তাহলে এই তিনটি বছরের কৃষিজাত পণ্যের এক বছরের গড় দাম হবে ১১৩ লক্ষ কোটি টাকা। এই ১১৩ লক্ষ কোটি টাকার ১০ পারসেন্ট দিতে হবে ভারতীয় কৃষকদের সাবসিডি। এর ১০ পারসেন্ট হচ্ছে ১১ লক্ষ কোটি টাকা, সুতরাং এই ১১ লক্ষ কোটি টাকা আমাদের সাবসিডি দিতে বলেছেন, কিন্তু আমরা পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে মিনিমাম সাপোর্ট প্রাইস এবং ট্রায়বাল ওয়েলফেয়ার সাবসিডি ২৫টি রাজ্য এবং ৭টি কেন্দ্র-শাসিত রাজ্য মিলিয়ে টোটাল সাবসিডির পরিমাণ ২৭ হাজার কোটি টাকার বেশি অতিক্রম করে না। সুতরাং গ্যাট যে হারে আমাদের সাবসিডি দিতে বলেছে সেই রেটে কৃষকদের সাবসিডি দেওয়া যাবে না। তাই গ্যাট চুক্তিতে সই করলে ভারতীয় কৃষিতে ভরতুকি বন্ধ হয়ে যাবে এবং কৃষকরা লাভ থেকে বঞ্চিত হবেন এই অভিযোগগুলির বিন্দুমাত্র যুক্তি নেই। বরং ভারত যদি গ্যাট চুক্তিতে সই করে তাহলে ভারত সরকার বাধ্যতামূলকভাবে কৃষকদের ভরতুকি দিতে প্রতিশ্রুতিবদ্ধ থাকবেন। তবে ওষুধের মূল্যবৃদ্ধি সম্পর্কে যে অভিযোগ করা হয়েছে সেটা কিছুটা সত্য ; ১৫ পারসেন্ট ওষুধের দাম বাড়বে, কিন্তু ৮০ ভাগ ওষুধ, যেসব ওষুধ সাধারণ মানুষ ব্যবহার করে থাকেন তার মূল্যবৃদ্ধি হবে না। এখন এর প্রডাক্টের উপর পেটেন্ট হয়নি, প্রসেসের উপর পেটেন্ট হয়েছে, কিন্তু গ্যাট বলেছে যে, দুটোকেই এর মধ্যে আনতে হবে।

[2-50 — 3-00 p.m.]

আজকে সাধারণ মানুষ যে সমস্ত ওষুধ ব্যবহার করছে তার শতকরা ৮৫ ভাগ ওষুধের দাম বাড়ার কোনও কারণ নেই। ১৫ পারসেন্ট ওষুধ পেটেন্ট আইনের আওতায় পড়বে। কিন্তু ভবিষ্যতে পেটেন্ট আইন পরিবর্তন করার জন্য আমরা দুই হাজার পাঁচ সাল পর্যন্ত সময় পাব গ্যাট চুক্তি অনুযায়ী। এই দুই হাজার পাঁচ সাল পর্যন্ত যে সময় পাব তাতে আমাদের যা করতে হবে সেটা হচ্ছে, রিসার্চ অ্যাণ্ড অ্যানালিটিক্যাল ডেভেলপন্টে-এর জন্য আমাদের আরো টাকা ইনভেস্ট করতে হবে এবং রিসার্চ অ্যাণ্ড অ্যানালিটিক্যাল ডেভেলপমেন্ট আমরা যদি এই ১০ বছরে নিজেদেরকে তৈরি করতে পারি তাহলে এই পেটেন্ট আইনের মধ্যে পড়লেও, আমাদের যে প্রযুক্তি, আমাদের দেশের মেধাসহ যে সমস্ত বৈজ্ঞানিকরা আছেন, কেমিস্টরা আছেন, সায়েন্টিস্টরা আছেন, তাদের মেধাশক্তিকে যদি কাজে লাগাতে পারি তাহলে এই ১৫ পারসেন্ট মেডিসিনের দাম বাড়ার যে আশংকা করা হয়েছে, দুই হাজার পাঁচ সাল পর্যন্ত সময় যেটা আমরা পাব, এই সময়ের মধ্যে আমরা নিজেদের ঠিক করে নিতে সক্ষম হব। এরপরে যেকথা বলতে চাই সেটা হচ্ছে খোলা বাজার, বহুজাতিক সংস্থা সম্পর্কে। (গোলমাল).......(**এ ভয়েস : আর কতবার বলবেন।**) আপনারা ১৭ বার ডাঙ্কেল, আর গ্যাট নিয়ে বলবেন আর আমরা চুপ করে বসে থাকব। সে সব দিন আপনারা ভুলে যান। আজকে রাস্তায় রাস্তায় গ্যাট নিয়ে আলোচনা হবে। আপনারা হলদিয়ার কথা বলবেন, গোর্খা ল্যাণ্ডের কথা বলবেন। আপনাদের ধারণা ছিল যে ডাঙ্কেল ডাঙ্কেল করে চেঁচাবেন আর কংগ্রেস ভয় পেয়ে ঘরের মধ্যে চুপ করে বসে থাকবে। আপনারা এই রাজ্যকে দেউলিয়া করেছেন। আমরা ভারতবর্ষকে দেউলিয়া করতে দেব না। We will not allow India to be bankrupt. you have made Bengal a bankrupt State. আপনারা পিয়ারলেসের কাছে অর্থ ধার করে সরকার চালান, তাতে আপনাদের লজ্জা করেনা। আমরা ভারতবর্ষকে দেউলিয়া হতে দেব না। ভারতবর্ষের সার্বভৌমত্ব বজায় রেখে আমরা সেই ভাবে দেশকে চালাব। আজকে গ্যাট চুক্তিতে ভারতবর্ষ সই করবে এবং এটাই হচ্ছে দেশের উদার অর্থনীতি। আজকে আপনারা মানুষকে উল্টোপাল্টা বুঝিয়ে তাদের বিভ্রান্ত করার চেষ্টা করছেন। তারপরে যে কথা বলতে শুরু করেছিলেন সেটা হচ্ছে যে বহুজাতিক সংস্থা, মাল্টিন্যাশনালরা বাজার দখল করে নেবে। মাল্টিন্যাশনালরা আসবে এবং সমস্ত দখল করে নেবে। আপনাদের জেনে রাখা দরকার যে নিম্নলিখিত সেক্টরগুলিতে মাল্টিন্যাশনাল আসবে না। কোন্ কোন্ সেক্টরে বহুজাতিক সংস্থা আসতে পারবে না সেটা আমি বলে দিচ্ছি। অ্যাটমিক সেক্টর—Will not be allowed in atomic sector, neuclear, defence and ordinance sector, textile industry, engineering industry and power industry. এই সমস্ত জায়গায় কোনও অবস্থাতেই মাল্টিন্যাশনাল আসতে পারবে না। এই রকম ২২৬টি স্মল স্কেল সেক্টরকে রিজার্ভ রাখা হয়েছে। এই ২২৬টি স্মল স্কেল সেক্টরের ক্ষেত্রে কোন অবস্থাতেই বহুজাতিক সংস্থা আসতে পারবে না।

আমদানি কি কি করতে হবে? আমাদের ভারতবর্ষকে ১৯৯২-৯৩ সালে, আমি লাস্ট ইয়ারের কথা বলছি, যেটা আমদানি করতে হয়েছিল তার পরিমান হচ্ছে ২২০০ কোটি টাকা অর্থাৎ ২২ বিলিয়ান ইউ. এস. ডলার আর আমরা রপ্তানি করেছি ১৮ বিলিয়ান ইউ. এস.

ডলার। আমরা কি কি জিনিস আমদানি করছি? একটা হচ্ছে পেট্রোল, পেট্রোলিয়াম প্রোডাক্ট কেরোসিন অয়েল, ডিজেল এবং মেশিনারি যেগুলি ইঞ্জিনিয়ারিং প্রোডাক্টের জন্য লাগে শিল্প কারখানাতে। ৩০ পারসেন্ট পেট্রোলিয়াম প্রোডাক্ট আমাদের আনতে হবে, এইগুলি আমাদের আমদানি করতেই হবে। আমরা যখন এইগুলি আমদানি করবই তখন এটা করতে গেলে বৈদেশিক মুদ্রার দরকার হবে। তাহলে এই বৈদেশিক মুদ্রা আসবে কোথা থেকে? এই বৈদেশিক মুদ্রা আনতে গেলে আমরা আমেরিকা, ইংলণ্ড, ফ্রান্স, জার্মান, জাপান, গ্রীস স্ক্যান্ডানিডিয়ান কানট্রিজ যেগুলি আছে তাদের কাছে রপ্তানি করতে হবে।

(এ ভয়েস : আপনি কি বলছেন কি?)

আমি গ্যাট বোঝাচ্ছি। আপনাদের অসীমবাবু আমাদের ১৭ বার ডাঙ্কেল বুঝিয়েছেন উনি যদি আমাদের ডাঙ্কেল ১৭ বার বোঝান তাহলে আমি আপনাদের ১১৭ বার গ্যাট বোঝাবো। সুতরাং এই দেশগুলোতে গ্যাট চুক্তির অন্তর্ভুক্ত দেশগুলোতে আমাদের কিছু রপ্তানি করতে হবে। এই রপ্তানি যখন করতে যাচ্ছি তখন এই জি (১০) এবং জি (১৫) দেশ গুলোকে আমাদের কাছ থেকে মাল কিনতে হবে। আমরা যদি গ্যাট চুক্তি থেকে বেরিয়ে আসি তাহলে এই যে ১১৭টি দেশ যারা এই গ্যাট চুক্তির সঙ্গে যুক্ত আছে তাদের সঙ্গে আলাদা করে বাই-ল্যাটারাল চুক্তি করতে হবে। আমরা যদি সই না করি তাহলে এই ১১৭টি দেশের সারকেল থেকে আমাদের বেরিয়ে যেতে হবে এবং প্রতিটি দেশের সঙ্গে আলাদা আলাদাভাবে এগ্রিমেন্ট করতে হবে। গ্যাট চুক্তির মাধ্যমে এই ১১৭টি দেশের সঙ্গে আলাদা করে বাই-ল্যাটারাল এগ্রিমেন্ট করতে হবে না আমরা সেখানে রপ্তানি করতে পারব। তাহলে আমাদের চামড়া, বস্ত্র, চা যেগুলি আমরা বিদেশে রপ্তানি করি তার এক্সপোর্টের পরিমাণ আজকে যা আছে প্রচুর পরিমাণে বৃদ্ধি পাবে। একটা বৈজ্ঞানিক ভিত্তিক পন্থা, একটা সাইনটিফিক প্রসেস শুরু হয়েছে গ্যাট চুক্তির মাধ্যমে। তা ছাড়া আমরা ১১৭টি দেশের সঙ্গে সম্পর্ক রাতারাতি শেষ করে দিয়ে চলে আসতে পারি না, সেটা সম্ভব নয়। আপনাদেরও বলতে হবে এই কথা। 'গ্যাট' নিয়ে আলোচনা শুরু হয়েছিল ১৯৮৬ সাল থেকে। ১৯৮৯ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত আপনাদের বন্ধু সরকার ছিল, সেই সময় ভি.পি.সিং-এর সরকার ছিল। সেই ১৯৮৯ সাল থেকে ১৯৯১ সালের মধ্যে আপনারা কেন এই 'গ্যাট' নিয়ে আলোচনা থেকে বেরিয়ে আসতে পারেননি? সেই সময় সিদ্ধান্ত নিয়ে ভারতবর্ষ 'গ্যাট' থেকে বেরিয়ে আসতে পারত। কিন্তু আপনাদের বন্ধু সরকার, ভি.পি.সিং-এর সরকার বেরোতে পারেন নি আসলে ভারতবর্ষ আলাদাভাবে একা বেরিয়ে আসতে পারে না। আসলে একটা রাজ্য চালাতে গিয়ে দেওয়ালে লিখে গ্যাট চুক্তির বিরোধিতা করা যায়।

[3-00 — 3-10 p.m.]

একটা রাজ্যে নির্বাচনী বৈতরণী পার হব, একটা রাজ্যে ইলেকশনকে অতিক্রম করব, এটা করতে গেলে ডাঙ্কেলের নামে মারাত্মক ভয়াবহ কিছু করে তোল। তারপরে যা ইচ্ছা তাই কর, যা ইচ্ছা তাই প্রচার কর। কিন্তু বন্ধু সরকার থাকার সময়ে গ্যাট চুক্তি থেকে কেন বেরিয়ে আসেন নি, তা নিয়ে কোনও পরিষ্কার জবাব নেই। তাই প্রি-কনসিভড় আইডিয়াস যে উদার অর্থনীতি সারা ভারতবর্ষে চালু হয়েছে, সেই উদার অর্থনীতি থেকে আপনার

সুযোগ গ্রহণ করবার চেষ্টা করুন। আমরা সেই কারণে বারবার চাইছি যে আমাদের বাস্তবমুখি হতে হবে। রিয়ালিস্টিক আউটলুক ছাড়া এটা কখনও কোনও অবস্থাতেই সম্ভব নয়, রাজ্যের অর্থনৈতিক উন্নয়ন কখনও সম্ভব হবে না। দু'দিন আগে কলকাতায় যখন মনমোহন সিং এসেছিলেন তখন তার সঙ্গে আমি কথা বলেছি। তাঁর সঙ্গে সকাল থেকে রাত্রি পর্যন্ত থাকার সুযোগ আমার হয়েছিল। রাজ্য সরকারের পক্ষ থেকে যে বইটি আমাদের অসীমবাবু দিয়েছেন—সেখানে সৌগতবাবুও ছিলেন—সেই বইটি দেখিয়ে আমরা স্পেসিফিক রিকোয়েস্ট করেছিলাম। আমরা বলেছিলাম যে আমরা দলমত নির্বিশেষে সবাই বলেছিলাম, ছাতা ব্যবসায়িদের উপরে আপনি যে ট্যাক্স চাপিয়েছেন, এটা সেন্ট্রাল গভর্নমেন্ট ঠিক করেন নি। এর ফলে ছাতা ব্যবসায়িরা হিমসিম খাচ্ছে। মহারাষ্ট্র সরকার তাদের স্টেট ডিউটির সবটা তুলে দিয়েছেন। অসীমবাবু ৯ পারসেন্ট থেকে কমিয়ে চার-পাঁচ পারসেন্ট এই রকম কিছু করেছেন। আমরা তাঁকে অনুরোধ করেছিলাম তুলে নেওয়ার জন্য। এই অনুরোধ রাজ্য সরকার করেন নি। এই অনুরোধের পরিপ্রেক্ষিতে, ছাতার প্রশ্নে তিনি আমাদের বলেছেন যে দিল্লিতে গিয়ে বিষয়টি নিজে অনুসন্ধান করে দেখবেন। তিনি বলেছেন যে তার কাছে খবর ছিল যে কিছু ছাতা ব্যবসায়ীর বার্ষিক টার্ন ওভার ৩০ লক্ষ টাকার উপরে। তবে আপনারা যেহেতু বলছেন, তখন ফিরে গিয়ে এই প্রসঙ্গে তার মতামত পরে জানাবেন। আমরা রাজ্যের ইন্টারেস্টে এটা তাকে বলেছি। স্বল্প সঞ্চয়ের বিষয়ে আপনাদের আগে অভিযোগ ছিল। এখন নিশ্চয়ই স্বল্প সঞ্চয় নিয়ে সেই অভিযোগ নেই। এবারে আমি রাজ্য সরকারের পারফরম্যান্স নিয়ে বলছি। আপনারা একটা বই, ইকনোমিক রিভিউ বার করেছেন, তার পেজ ১৫০, টেবিল নং ৬.২৭ থেকে বলছি, ফিনান্সিয়াল রেজাল্ট অব সাম ইম্পর্ট্যান্ট পাবলিক আন্ডারটেকিং, গভর্নমেন্ট অব ওয়েস্ট বেঙ্গল। আমাদের পশ্চিমবঙ্গ সরকার কিছু কিছু শিল্প নিজেরা চালায়। নিজেরাই সরকার থেকে এই যে ইকনোমিক রিভিউ বইটা বার করেছেন, এতে দেখা যাচ্ছে যে এই রকম ৭০টি শিল্প সংস্থার মধ্যে ৬০টি লসে রান করছে। অর্থাৎ ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সি নেই। আপনাদের কোনও আউট লুক নেই। আপনাদের হিসাবের এই বই থেকে দেখা যাচ্ছে যে বিপুল পরিমাণে লস হয়েছে। আমি আরও কয়েকটি জিনিস দেখলাম বইটির পাতা উল্টাতে উল্টাতে। ১৯৯২-৯৩ সালে স্টেট ট্রান্সপোর্টের ক্ষেত্রে লেখা আছে 'এন. এ.', অর্থাৎ নট অ্যাভেলঅ্যাবল। অ্যাভেলঅ্যাবল হবে কোথা থেকে? সর্বত্রই তো বিপুল পরিমাণে লস। আপটিল নাউ ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্টকে দিতে হচ্ছে ৫০ কোটি টাকা, ট্রামকে দিতে হচ্ছে ১০ কোটি টাকা। আর. এস-বি-এস-টি-সি.-তে দিতে হচ্ছে ৩০ কোটি টাকা। স্টেট ট্রান্সপোর্টের সর্বত্রই লস। সি-এস-টি-সি, এস-বি-এস-টি-সি., এন-বি-এস-টি-সি. সর্বত্রই লসে চলছে। কলকাতার ট্রাম কোম্পানি হিমসিম খেয়ে যাচ্ছে। নন-পলিউটেড যানবাহনের মধ্যে এটিই একমাত্র ছিল, সেটি হঠাৎ করে তুলে দিচ্ছেন। আপনাদের কোনও আউটলুক নেই। অথচ শ্যামলবাবুর মন্ত্রিত্বকালেই বেহালা পর্যন্ত ট্রাম লাইন নিয়ে গেছেন, মানিকতলা পর্যন্ত ট্রাম লাইন নিয়ে গেছেন। সেটিকে আজকে তুলে দিচ্ছেন। রাজ্য সরকারের নিজস্ব যে রিপোর্ট তার মধ্যে দিয়ে একটা ভয়ঙ্কর চেহারা প্রতিফলিত হচ্ছে, এটা আমরা দেখতে পাচ্ছি।

ইকনোমিক রিভিউতে বেরিয়েছে যে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকরিক্ট্রসিটি বোর্ডের লস সীমাহীন। সীমাহীন পর্যায়ে এটা পৌছে গেছে। এই লস মেক আপ করাও সম্ভব নয়। গ্রামীণ

বৈদ্যুতিকরণে ভাতবর্ষের মধ্যে ১৪টি রাজ্য ১০০ পারসেন্টে পৌছে গেছে সেখানে পশ্চিমবঙ্গের স্থান ৭৩ পারসেন্টের আশেপাশে ঘোরাফেরা করছে। রুর‍্যাল ইলেকট্রিফিকেশনের কোনও চেষ্টাই নেই। এইদিক দিয়ে আপনারা পুরোপুরি ব্যর্থ। এই বিষয়ে আপনাদের কোনও ইম্যাজিনেশনই নেই। আজ পর্যন্ত কোনও প্ল্যানই তৈরি হল না। আপনারা ১৭ বছরে গভর্নমেন্টে আছেন, এই গভর্নমেন্ট চলছে কিন্তু জ্যোতিবাবুর মুখ্যমন্ত্রী থাকাকালীন প্রবলেম হচ্ছে যে উনি কোনও ফারসাইটেডনেসে যেতে চাইছেন না, আমলা নির্ভরশীল হয়ে পড়েছেন। আমলা নির্ভরশীল সরকার চলছে। পশ্চিবঙ্গের অফিসাররা যা বলে দিচ্ছেন বুরোক্র্যাটিকরা যা বলে দিচ্ছেন আমলারা সেগুলোই অনুসরণ করে চলছেন। আমরা বারেবারে বলা সত্ত্বেও, অভিযোগ সুনির্দিষ্ট ভাবে দেওয়া সত্ত্বেও কোনও গ্রাহ্য করা হচ্ছে না। আসলে পুরো জিনিসটাই টোটাল বুরোক্রেটিক ডিপেন্ডেন্ট হয়ে পড়েছে। আপনি জেনারেল বাজেট পেশ করবার আগে রেভিনিউ তৈরি করুন। আপনি অবশ্যি তারজন্য সেলস ট্যাক্স নিয়ে সিলেক্ট কমিটিতে বসেছিলেন। বিধানসভাতে এই নিয়ে সিলেক্ট কমিটি হয়েছিল এবং তাতে মতামতও সদস্যরা ডিটেলস ভাবে দিয়েছে। কিন্তু পশ্চিমবঙ্গের যে উৎপাদিত চাল স্মাগল্ড হয়ে বাংলাদেশ, নেপালে চলে যাচ্ছে তারজন্য কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বাজেটে কেবল কয়লা না নিয়ে বলে এমন কিছু বলুন যাতে স্পেসিফিক পলিসি অ্যানাউন্স হতে পারে এবং যার দ্বারা রাজকোষে কিছু অর্থ সংগৃহীত হয়। কিছু প্রোকিওরমেন্ট হয়। এই প্রোকিওরমেন্ট করতে গেলে উৎপাদন বাড়াতে হয়। প্রফুল্লচন্দ্র সেন যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি এই প্রোকিওরমেন্টের উপরে জোর দিয়েছিলেন। কিন্তু তখন তাকে এই নীতি আনার জন্য বিদায় নিতে হয়েছিল। প্রোকিওরমেন্ট করার ফলে মূল্যামান স্থিতিশীল থাকতে পারে। কিন্তু আপনারা তো তা করবেন না। আপনারা প্রোকিওরমেন্টের যে টারগেট ঠিক করেছেন তাতে তার লক্ষ্যমাত্রার ৫ পারর্সেন্টেও পৌছতে পারবেন না। এখানে প্রোকিওরমেন্ট হচ্ছে না। চাল স্মাগল্ড হয়ে বাইরে চলে যাচ্ছে। এরফলে মজুতদাররা মজুত করছেন। কিন্তু এই যে মজুতদারদের ধরা হচ্ছে তাদের কি শাস্তি হচ্ছে তার কোনও হিসাব নেই। আমরা যখনই বিধানসভাতে প্রশ্ন করি তখনই আপনারা প্রশ্নোত্তর পর্বে সালওয়ারি হিসাব দেখান। তখনি ১৯৯০, ৯১, ৯২ সালে কতজনকে গ্রেপ্তার করা হল জানান। কিন্তু তাদের শেষ পর্যন্ত শাস্তি হল কিনা এবং how many persons have been imprisoned and punished ? তার কিছু বলেন না। আপনারা মজুতদাররা যে মজুত করল তার কতটা কনফিসকেটেড করেছেন তার একটা হিসাব সভাতে জানান। এটাতো একবারও জানালেন না। আপনারা তো অ্যান্টি কারাপশন ড্রাইভের ব্যাপারে সিদ্ধান্ত নিলেন, রাজ্য সরকার সিদ্ধান্ত নিলেন, রাজ্য সরকার সিদ্ধান্ত নিল কিন্তু ব্ল্যাক মার্কেটার্স, হোর্ডারস এবং অ্যাডালটারেশনের ব্যাপারে আপনারা কোনও সিদ্ধান্ত নিতে পারলেন না। যখন কোনও কিছুই পারলেন না তখন কয়লা নিয়ে পড়লেন, কয়লার সেস নিয়ে একটা বিতর্কের সৃষ্টি করলেন। এখানে বলা হল যে অজিত পাঁজা নাকি বলেছেন যে কোল ইন্ডিয়ার অ্যাকাউন্ট থেকে টাকা কাটলে নগদে পশ্চিমবঙ্গ সরকারকে কয়লা কিনতে হবে। এরফলে কি দাঁড়াবে সেটা নিয়ে আজকে একটা বিরাট আলোড়ন সৃষ্টি হয়েছে। অজিত পাঁজা কি বলেছেন, তার চিঠি আমি পড়ে শোনাচ্ছি, ১৯শে জানুয়ারি, ৯৪ এটাই ওনার দেওয়া লাস্ট চিঠি, তার কপি আমি আপনার কাছে উপস্থিত করছি।

তাতে উনি বলছেন—

"Dear Chief Minister,

You may kindly recall that Coal India Limited and the power utilities of the Government of West Bengal have the continued problem of payments of cess on coal collected by coal companies payable to the State Government and the coal sales dues payable to CIL by the power utilities of the Government of West Bengal. According to my present information these outstanding dues as on 31. 12. 1993 are as under."

অ্যাকর্ডিং টু সেন্ট্রাল কোল মিনিস্টার তিনি কি বলছেন, তিনি বলছেন কোল ট্যাক্স সেটা কেন্দ্রীয় সরকারকে দিতে হবে। অ্যাকর্ডিং অজিত পাঁজা কেন্দ্রীয় মন্ত্রী লিখেছেন, সেই চিঠির কপি আপনাকে আমি দিচ্ছি। রাজ্য সরকার কোল সেস বাবদ পাবে ৪৩৬.৯২ কোটি টাকা। তারপরে বলছেন—"Coal cess dues payable to CIL companies by power utilities of Government of West Bengal (including disputed dues of Rs. 15.11 crores) Rs. 442.69 crores." অর্থাৎ রাজ্য সরকার তার বিদ্যুত কেন্দ্রগুলির জন্য যে যে খাতে কোল ইন্ডিয়া লিমিটেডের কাছ থেকে কয়লা নিয়েছে তার জন্য বলছেন কয়লা দপ্তর রাজ্য সরকারের কাছ থেকে পাবে ৪৪২.৬৯ কোটি টাকা। তাহলে কি আমরা ধরব যে একটা কেন্দ্রীয় মন্ত্রী তিনি রাজ্যের অর্থমন্ত্রীর বক্তব্য এবং বিবৃতিকে যেটা বলেছেন উনি [***] করছেন এবং উনি বলেছেন [***] সমর্থন করছেন মুখ্যমন্ত্রী স্বয়ং। এই ব্যাপারে মুখ্যমন্ত্রীর ঘরে ১০ মাস আগে একটা মিটিং হয়েছিল সোমনাথ চ্যাটার্জি মহাশয়ের মধ্যস্থতায়, সেখানে অজিতবাবু এবং অসীমবাবু ছিলেন। কিন্তু তারপরে ১০ মাসের মধ্যে আর একবারও সোমনাথবাবু সময় পাননি অজিতবাবু এবং অসীমবাবুকে নিয়ে মুখ্যমন্ত্রীর ঘরে যে মিটিং হয়েছিল সেটাকে বাস্তবে কার্যকর করতে বা রূপদান করতে।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** জোচ্চুরি কথাটা বাদ যাবে।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আমি বলছি না জোচ্চুরি করছেন, কেন্দ্রীয় মন্ত্রী বলছেন, যেটা দেশশুদ্ধু লোক জানে। আমি বলছি, এই কথা বলার জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে তলব করা হোক, তাকে ডেকে এনে এখানে জিজ্ঞাসা করা হোক কি তার বক্তব্য এবং কোন যুক্তির ভিত্তিতে এই কথা বলেছেন। আমার সঙ্গে গতকালকে এবং আজকে সকালেও কথা হয়েছে, তিনি আমার মাধ্যমে সভাকে জানাতে বলেছেন, বিধানসভা থেকে যদি তাকে ডাকা হয়, তিনি বিধানসভায় এসে এই বিতর্কে সম্পূর্ণ অংশগ্রহণ করতে রাজি আছেন। সুস্থ বিতর্কের মধ্যে দিয়ে একটা জ্বলন্ত অগ্নিগর্ভ সমস্যার যদি সমাধান হয় একটা রাজ্য সরকারের বাজেটে তার প্ল্যান আউটলে....?

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** উনি একটি অন্য হাউসের সদস্য, সেই হাউসের সদস্যকে এই

Note * Expunged as ordered by the Chair.

বিধানসভায় ডেকে আনা যায় না এবং প্রিভিলেজও আনা যায় না। প্রিয়রঞ্জন দাশমুন্সি এই হাউসের সম্পর্কে একবার বলেছিলেন, এখানে রেকর্ড আছে, অন্য হাউসের সদস্য হলে তাকে ডেকে আনা যায় না, এইগুলি জেনে নেবেন।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** আপনি বলেছেন, আমি মেনে নেব, কিন্তু আপনি আইন বেশি জানেন, কিন্তু অজিতবাবু আপনার থেকে কম আইনজ্ঞ নন। আমি নিশ্চয় জেনে নেব, আইনের মধ্যে তার এই কথাটা এখানে বলার সুযোগ আছে কিনা, যদি সুযোগ না থাকে তাহলে তিনি নিশ্চয় আসতে পারবেন না বা আলোচনায় অংশগ্রহণ করতে পারবেন না।

**মিঃ ডেপুটি স্পিকার ঃ** এখানে যে অল ইন্ডিয়া প্রিসাইডিং অফিসার কনফারেন্স হয়েছিল সেখানে বলা হয়েছিল অন্য মেম্বার, বা অন্য হাউসের মেম্বারদের বিরুদ্ধে কিছু বলা যাবে না। এই বিষয়ে বহুবার আলোচনা হয়েছে এবং গত ২০ বছর ধরে সর্বভারতীয় আলোচনায় এই সিদ্ধান্ত হয়েছে। সংসদীয় কতগুলো রীতিনীতি আছে, কাজেই অন্য হাউসের মেম্বারদের সম্পর্কে এই হাউসে আলোচনা করা যায় বা, বলা যায় না।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** সংসদীয় রীতিনীতির ব্যাখ্যা এটা আনচ্যালেঞ্জড নয়, এই ব্যাপারে মতামতের অবকাশ থাকে। সুতরাং আমি এই বিষয়টা নিয়ে নিশ্চয় দেখব। আমার এখনও কিছু বলার আছে, এই রাজ্য সরকারের বিরুদ্ধে আমাদের যে মূল অভিযোগ যে একটা রাজ্য সরকার পশ্চিমবাংলাকে সম্পূর্ণভাবে ব্যাঙ্করাপট, অর্থাৎ দেউলিয়া করে দিয়েছে। পিয়ারলেস-এর মতো সংস্থাগুলোর কাছ থেকে টাকা ধার নিয়ে একটা রাজ্য সরকারকে চলতে হচ্ছে। বিশ্বব্যাঙ্কের টাকায় পশ্চিমবাংলার সাতটি দপ্তর চলে। কোন কোন দপ্তর চলে সেটা আমি বলছি। বিশ্বব্যাঙ্কের টাকায় পরিবহন দপ্তর চলে ; বিশ্বব্যাঙ্কের টাকায় মৎস্য দপ্তর চলে; বিশ্বব্যাঙ্কের টাকায় নগরোন্নয়ন দপ্তর চলে ; বিশ্বব্যাঙ্কের টাকায় ক্ষুদ্র সেচ দপ্তর চলে। বিশ্বব্যাঙ্কের টাকায় এইসব দপ্তরগুলো চলে। আপনারা এটা অস্বীকার করতে পারবেন না। বিশ্বব্যাঙ্কের টাকার কাছে আপনারা নতি স্বীকার করেছেন। আপনারা বলেন আই. এম. এফের কাছে কেন্দ্রীয় সরকার নতি স্বীকার করেছে এবং তার শর্তাবলী জানানোর জন্য আপনারা দাবি করেন। এই রাজ্য সরকার বিশ্বব্যাঙ্কের কাছ থেকে কোন কোন শর্তে টাকা ধার নিয়েছে সেই শর্তাবলী জানানো হোক। আজকে এখানে জলকর বসানোর জন্য কথা হচ্ছে। গৌতমবাবু জলকর বসাতে চাইছেন, কিন্তু নগরোন্নয়ন দপ্তর জলকর বসাতে চাইছেন না বড়লোকদের উপরে। আপনারা ভারতবর্ষের কথা কংগ্রেসকেই ভাবতে দিন। কারণ আপনারা এই ছোট্ট রাজ্যটাকেই যেভাবে দেউলিয়া করেছেন, সেইভাবে ভারতবর্ষকে দেউলিয়া করতে আমরা দেব না। ভারতবর্ষ আগামী দিন প্রমাণ করবে এই দেশ স্ব-নির্ভরতার পথে এগিয়ে যাচ্ছে কেন্দ্রীয় সরকারের বর্তমান প্রধানমন্ত্রী নরসিমা রাওয়ের নেতৃত্বে। আর জ্যোতিবাবু এই রাজ্যটাকে ক্রমশ অন্ধকারের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, তাই তিনি আজকে অন্ধকার বসু নামে পরিচিত হয়েছেন। আমি আশা করব অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় সরকারের কাছে গিয়ে কিছু শিক্ষা গ্রহণ করুন। এই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করব।

[3-20 — 3-30 p.m.]

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দীর্ঘ ১ ঘন্টা ১৫/২০ মিনিট সময়

ধরে বিরোধীদের মাননীয় সদস্য সুদীপবাবু যে ভাষণ দিয়ে গেলেন আমার সময় অল্প হওয়ার তার সব প্রশ্নের জবাব আমি দিতে পারছি না খালি মৌলিক প্রশ্ন যেগুলি তিনি তুলেছেন সেগুলি সম্পর্কে কয়েকটি কথা বলছি। তার সঙ্গে সঙ্গে আমার নিজের কিছু কথাও আমি বলব। স্যার, সুদীপবাবু বলেছেন যে, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে কোনও পথের নির্দেশ নেই সুতরাং এই বাজেট নিয়ে আলোচনা করার ব্যাপার নেই। তার মানে সুদীপবাবু স্বীকার করেছেন যে আমাদের বাজেটের উপর তাদের কোনও আলোচনার সুযোগ নেই। তার মানে এই দাঁড়ায় যে আমাদের বাজেটে একটা সুনির্দিষ্ট নীতির দ্বারা পরিচালিত, একটা সুনির্দিষ্ট আদর্শের দ্বারা পরিচালিত। স্বাভাবিকভাবেই সুদীপবাবু তার জবাব দিতে পারবেন না তাই তিনি এইসব কথা বলেছেন। আমরা জানি, সুদীপবাবুরা একটা বিশেষ শ্রেণীর প্রতিনিধিত্ব করেন, একটা নীতির দ্বারা পরিচালিত হ'ন। আর আমাদের এই বাজেটে একটা নীতির দ্বারা পরিচালিত এবং এই বাজেটের মধ্যে দিয়ে আমাদের সেই নীতি প্রতিফলিত হচ্ছে। আমাদের নীতি হ'ল, দেশের খেটে খাওয়া মানুষ—শ্রমিক, কৃষকদের স্বার্থ রক্ষা করার চেষ্টা করা। স্বাভাবিকভাবেই সুদীপবাবু তার জবাব দিতে পারবেন না। উনি বলেছেন, ১৯৬৯ থেকে ১৯৭৪ সালের পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে যে পরিমাণ অর্থ বরাদ্দ হয়েছিল তার পরিমাণ খুবই সামান্য—মাত্র ৩৭০ কোটি টাকা। তিনি আরও একটা হিসাব দিয়েছেন যে পরিবর্তীকালে ষষ্ঠ যোজনাকালে—১৯৮০/৮৫ সালে ৩।। হাজার কোটি টাকা বরাদ্দ হলেও সেখানে খরচ হয়েছে মাত্র ২ হাজার ৪ শো কোটি টাকা। এটা ঠিকই কিন্তু তার কারণটা কি? তার কারণ হল, আমাদের রাজ্যের প্রতি কেন্দ্রীয় সরকারের ধারাবাহিক বঞ্চনা। রাজ্যের অর্থ সংগ্রহের উৎস সংকুচিত করা হয়েছে। দু নং হল কেন্দ্রীয় সরকারের অর্থনীতির ফলে দেশে মুদ্রাস্ফিতির পরিমাণ বাড়ছেই। আর এই মুদ্রাস্ফিতির পরিণাম হ'ল জিনিসপত্রের দাম বাড়া। মুদ্রাস্ফিতি মানে মূল্যস্ফিতি। তার মানে মালিকদের মুনাফাস্ফিতি। এর ফলে জনগণের অবস্থা শোচনীয় হতে বাধ্য। কারণ একটা প্রকল্পের জন্য যে অর্থ বরাদ্দ করা হল মুদ্রা স্ফিতির কারণে সেই অর্থে সেই সময়ের মধ্যে সেই প্রকল্প সম্পূর্ণ হতে পারল না ফলে প্রকল্পের জন্য খরচ বেড়ে গেল। আর একটা ব্যাপার মুদ্রাস্ফিতির জন্য ঘটে সেটা হ'ল, সাধারণ মানুষদের পকেটে টান পড়ে। কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে একটা রাজ্য সরকার সুনির্দিষ্টভাবে তার পরিকল্পনা করতে পারেন না। সুদীপবাবু কিন্তু এই বিষয়টা এড়িয়ে গিয়েছেন। স্যার, কি ভাবে আমাদের রাজ্যের আয়ের উৎস সংকুচিত করা হচ্ছে তার কয়েকটি জ্বলন্ত দৃষ্টান্ত আমি আপনার মাধ্যমে এখানে তুলে ধরতে চাই। প্রথমত, আইন করা হ'ল শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী সেই সময়ে যে গুডস অন ন্যাশনাল ইম্পর্টেন্স, জাতীয় ক্ষেত্রে যেগুলি গুরুত্বপূর্ণ দ্রব্য তার উপর রাজ্য সরকারগুলি কর চাপাতে পারবেন না। যেসব দ্রব্য রাজ্য থেকে বিদেশে রপ্তানি হবে তার উপর ৪ শতাংশ-এর বেশি কর চাপানো যাবে না। তা ছাড়া মাসুল সমীকরণ নীতির কথা আপনারা সকলেই জানেন। এই নীতি দীর্ঘদিন চালু থাকার জন্য এই রাজ্যকে কেন্দ্র একেবারে ছিবড়ে করে দিয়েছে। এই রাজ্যের সম্পদ অন্য রাজ্যে চলে গিয়েছে গত ৪৫/৪৬ বছর ধরে। এর ফলে আমাদের রাজ্যের অর্থনীতিকে ওরা একেবারে মরুভূমিতে পরিণত করে দিয়েছেন।

তারপর আবার কি আছে, স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যাতে রাজ্যের অগ্রগতি না হয় তার

জন্য কেন্দ্রীয় সরকার, কংগ্রেস সরকার আমাদের যে তফসিলি ভুক্ত যে সমস্ত ব্যাঙ্ক আছে তার সুদের হার বাড়িয়ে দিলেন। স্বাভাবিকভাবে স্বল্প সঞ্চয় মার খেল। আর একটা কথা, ৮ম অর্থ কমিশন এই রাজ্যের বিশেষ আর্থ কাঠামো বিচার করে অতিরিক্ত ৩২৫ কোটি টাকা ধার্য করেছিলেন, প্রনববাবু তখন অর্থমন্ত্রী ছিলেন, তিনি তা দিলেন না। সেই টাকা পেলে আমাদের রাজ্যের পরিকল্পনায় ছাঁটকাট করতে হত না। সেই টাকা যদি উন্নয়ন খাতে বরাদ্দ করতে পারতাম তাহলে রাজ্যে স্থায়ী সম্পদ সৃষ্টি হত। এই সংকটে পশ্চিমবঙ্গ রাজ্যকে পড়তে হত না। কেন্দ্রীয় সরকারের যে সুবিধা আছে রাজ্য সরকারের সেই সুবিধা নেই। কেন্দ্রীয় তহবিলে যদি টাকা না থাকে তাহলে নোট ছাপিয়ে তারা ঘাটতি পূরণ করতে পারে। কিন্তু এর ফলে মুদ্রাস্ফিতি হয় এবং তার ফলে রাজ্যের আয়ের সঙ্গে ব্যয়ের সামঞ্জস্য থাকে না। ফলে পরিকল্পনা খাতে প্রয়োজনীয় অর্থ ব্যয় করা সম্ভব হয় না। আমরা সেই জন্য উন্নয়ন এর পথে এগোতে পারছি না। সুদীপবাবু মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থানের কথা বললেন। কিন্তু মহারাষ্ট্র, গুজরাট, রাজস্থান নিয়ে তো ভারতবর্ষ নয়, এই তিনটি রাজ্য এবং তামিলনাড়ু, কর্ণাটক ছাড়া বাকি রাজ্যগুলোর কি অবস্থা? এই কয়েকটি রাজ্য ছাড়া ভারতবর্ষের আর কোনও রাজ্যে শিল্পের অগ্রগতি হয়েছে? ভারতবর্ষের শুধুমাত্র কয়েকটি রাজ্যের উন্নয়নের জন্য ঢালাও ভাবে অর্থ খরচ করা হয়েছে। কেন্দ্রীয় সরকারের এই বৈষম্যমূলক আচরণের ফলে আমরা দেখেছি লাগাতারভাবে কেন্দ্রীয় সরকারের এই শিল্প নীতি এবং অর্থনীতির ফলে একটা অঞ্চলের উন্নতি হয়েছে আবার অন্য অঞ্চলগুলির অবনতি হয়েছে। এর ফলে ভারসাম্য নষ্ট হয়ে গেছে। সুতরাং একটা জাতীয় সরকার তার জাতীয় কর্তব্য পালন করতে পারেনি। তার ফলে ভারতবর্ষের উন্নয়ন শ্লথ হয়ে গেছে, স্তব্ধ হয়ে গেছে। মাননীয় সদস্য আরও বলেছেন ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে, তিনি ভালই করেছেন, অর্থমন্ত্রী তার জবাব দেবেন। আমার সময় অল্প তবু আমি এই সম্পর্কে দু-একটি কথা বলব। প্রথমত গতকাল জয়নাল সাহেব বললেন—ওরা ডাঙ্কেল নিয়ে চিৎকার করছে, কিন্তু ডাঙ্কেল চুক্তি তো এখনও সই হয়নি। ঠিক কথাই তিনি বলেছেন, ৯৫ সালে কার্যকর হবে। কিন্তু মাননীয় সদস্যের অবগতির জন্য জানাই, ডাঙ্কেল চুক্তি কার্যকর না হলেও ইতিমধ্যে ডাঙ্কেল চুক্তির কিছু কিছু ব্যবস্থা ভারত সরকার রূপায়ণ করতে শুরু করেছেন। এর ফলে বৈদেশিক বৃহৎ শিল্প, আমাদের দেশের শিল্পের অধিকাংশ শেয়ার কেনার ক্ষমতা পাবে। কেন্দ্রীয় সরকার ব্যাঙ্ক, বিমা এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের জন্য নরসিংহম কমিটি এবং মালহোত্রা কমিটি বসিয়েছিলেন, সেই কমিটি ইতিমধ্যে তাদের সুপারিশ কেন্দ্রীয় সরকারের কাছে পেশ করেছে। সেই সুপারিশে বলা হয়েছে ব্যাঙ্ক, বিমা ইত্যাদি পরিষেবামূলক শিল্পের জন্য বিদেশি পুঁজির দরজা খুলে দিতে। অর্থাৎ এই সমস্ত পরিষেবামূলক প্রতিষ্ঠানগুলোর জন্য তার খানিকটা বেসরকারিকরণের পক্ষে সুপারিশ দিয়েছে। এটা তো ডাঙ্কেল প্রস্তাবেরই নামান্তর। একটা দেশের অর্থনীতির বুনিয়াদ তৈরি হয় পরিষেবামূলক কাজের মাধ্যমে। শুধু তাই নয়, ডাঙ্কেল প্রস্তাবে বলা হয়েছে ইন্টাল্যাকচ্যুয়াল প্রপার্টি রাইট অনুযায়ী এখন থেকে বস্তুর উপর—কেবলমাত্র পেটেন্টের উপর নয়—রয়ালিটি দিতে হবে। ফলে আমাদের দেশের গবেষকরা, বিজ্ঞানীরা যে ধরনের বস্তু নিয়েই কাজ করুন না কেন সেই বস্তুর জন্য ডাঙ্কেল প্রস্তাব বা গ্যাট চুক্তি অনুযায়ী রয়ালিটি দিতে বাধ্য হবেন। সেটা পাবে সাম্রাজ্যবাদীরা। এর ফলে ওষুধের দাম বাড়বে এবং ইতিমধ্যেই দাম বাড়তে শুরু হয়ে

[3-30 — 3-40 p.m.]

গেছে। সুতরাং ডাঙ্কেল প্রস্তাবে যে বিষয়গুলি আছে যা আনুষ্ঠানিকভাবে লাগু হবার কথা ১৯৯৫ সালে, তা আমাদের কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই লাগু করতে শুরু করে দিয়েছেন। আনুষ্ঠানিকভাবে চুক্তি রূপায়ণের আগেই কেন্দ্রীয় সরকার সাম্রাজ্যবাদীদের পদলেহন শুরু করে দিয়েছেন। ইতিমধ্যেই ডাঙ্কেল প্রস্তাবের অনেকগুলি বিষয় রূপায়িত করে ফেলেছেন, কার্যকর করেছেন। সুদীপবাবু চীনের কথা বলেছেন। চিন গ্যাট চুক্তির অন্তর্ভুক্ত হলে ডাঙ্কেল প্রস্তাব অনুযায়ী যে গ্যাট চুক্তি হতে চলেছে তাতে চিন খুশিই হবে। চিনের সঙ্গে আমাদের পার্থক্যটা সুদীপবাবু বুঝতে পারেন নি। আসলে সুদীপবাবু প্রণববাবুর পাঠশালায় লেখাপড়া শিখেছেন তো, তাই বুঝতে পারেননি। চিন যদি গ্যাটের সদস্য হয় তাহলে চিন অবশ্যই গ্যাট চুক্তিতে আগ্রহী হবে। কারণ এতে তো চিনের লাভ। এটা আজ সকলেই জানেন যে চিনের শিল্প উৎপাদন ১৬ শতাংশ বেড়ে চলেছে। তাদের জাতীয় উৎপাদন, জাতীয় আয় সুপার পাওয়ারকে অতিক্রম করতে চলেছে। সুতরাং স্বাভাবিকভাবেই চিন যদি গ্যাট চুক্তির সদস্য হয় তাহলে তার লাভ হবে। তার অভ্যন্তরীণ উৎপাদন গ্যাটের অন্যান্য দেশে বিক্রি করার ফলে তার রপ্তানি বাড়বে এবং সে তার দেশের অর্থনীতিকে আরও স্বনির্ভর করতে পারবে। কিন্তু আমাদের অবস্থা উল্টো। আমাদের ভারতবর্ষের অভ্যন্তরীণ উৎপাদন কোথায়? রপ্তানি, মোট আন্তর্জাতিক বাণিজ্যের ১%-এর বেশি নয়। এই অবস্থায় আজকে বলা হচ্ছে ভারতবর্ষের অর্থনীতিকে আন্তর্জাতিক অর্থনীতির অন্তর্ভুক্ত করা। তাতে আমাদের কি লাভ হবে? কেউ কি আমাদের ঢুকতে দেবে? ভারতের পণ্যকে আন্তর্জাতিক বাজরে কি কেউ ঢুকতে দেবে? আমেরিকা, জাপান, জামার্নি নিজেদের মধ্যে ট্রেড ওয়ার শুরু করে দিয়েছে, বাণিজ্য যুদ্ধ চলছে কে পৃথিবীর বাজার দখল করবে—তাই আমেরিকা, কানাডা, মেক্সিকো 'ন্যাফটা' যুক্তি করেছে, ইকনমিক ব্লক তৈরি করেছে। জাপানের নেতৃত্বে দক্ষিণ-পূর্ব এশিয়ায় ইকনমিক ব্লক তৈরি হয়েছে বাজারের জন্য। শিল্প উন্নত দেশগুলিতে যে অর্থনৈতিক মন্দা দেখা দিয়েছে, তার ফলে উৎপাদন সামগ্রী বিক্রি করতে পারছে না, একটার পর একটা কারখানা বন্ধ হয়ে যাচ্ছে, শ্রমিক কর্মচারিরা বেকার হয়ে পড়ছে। এমন কি কৃষিতে পর্যন্ত মন্দা দেখা দিয়েছে। ফলে কেউ কাউকে বাজার ছেড়ে দিচ্ছে না। ঐ সমস্ত পালোয়ান দেশের সঙ্গে আমাদের একটা লিলিপুট দেশ লড়বে এবং লড়ে জিততে পারবে, কখনই পারবে না। সুতরাং ডাঙ্কেল প্রস্তাবে সই করার মানে, ডাঙ্কেল প্রস্তাব মেনে নেওয়ার মানে আমাদের দেশের সার্বভৌমত্বকে বিপন্ন করা। সেইজন্যই আমি সুদীপবাবুকে বলব যে, চিনের সঙ্গে আমাদের তুলনা করবেন না। আসল কথা হল সবটা না বুঝে উনি বলছেন।

মাননীয় সদস্য সুদীপবাবু যে কথা বলে তার বক্তব্য শেষ করেছেন সেই কথা দিয়েই শুরু করে আমি তাকে একটা কথা বলতে চাই যে, উনি বললেন, 'বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গকে দেউলে করে দিয়েছে।' মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা ঠিক যে, পশ্চিমবাংলাকে আর সোনার বাংলায় পরিণত করা সম্ভব নয়। গোটা ভারতবর্ষের অর্থনীতি দেউলে হয়ে যাবে আর ভারতবর্ষের তৈরি করা অর্থনৈতিক কাঠামোর মধ্যে দাঁড়িয়ে একটা রাজ্য স্বর্ণসৌধ নির্মাণ করবে, এটা অবাস্তব চিন্তা ভাবনা। সারা ভারতবর্ষ ধ্বংসের মুখে দাঁড়িয়ে আছে, সেই ধ্বংস স্তুপের উপর দাঁড়িয়ে একটা রাজ্যে স্বর্ণসৌধ হবে, একথা ভাবা যায় না। মাননীয়

উপাধ্যক্ষ মহাশয়, পরিসংখ্যান দিয়ে আমি প্রমাণ করব যে, দেশ স্বাধীন হবার পর থেকে কিভাবে কংগ্রেস দেশটাকে তৈরি করেছে। কংগ্রেসের শাসনকে মূলত দুই অধ্যায়ে ভাগ করা যায়। প্রথম অধ্যায় হচ্ছে ১৯৪৭ সাল থেকে ১৯৯১ সাল পর্যন্ত, এর মাঝখানে আড়াই বছর, ৩ বছর জনতা দলের সরকার ছিল—এই একটা অধ্যায়। ১৯৯১ সালের পর থেকে আজকের যে অধ্যায় সেটা হচ্ছে দ্বিতীয় অধ্যায়। আমি পরিসংখ্যান দিয়ে প্রমাণ করছি কংগ্রেসের প্রথম অধ্যায়ে, কংগ্রেসের শাসনে দেশকে দেউলিয়াতে পরিণত করেছেন। কংগ্রেসের দ্বিতীয় অধ্যায়ের শাসনে দেশকে বিক্রি করার ষড়যন্ত্রের শাসন। কিভাবে? প্রথম অধ্যায়ের শাসনের মধ্য দিয়ে আমাদের দেশের অর্থনীতির ৩টি চেহারা দেখতে পাচ্ছি। একটা হচ্ছে, দেশের জনগণ দেউলিয়া হয়ে গেছেন, নথিভুক্ত বেকারের সংখ্যা ৪ কোটি। সাড়ে ৪ লক্ষ কারখানা বন্ধ। ভারতবর্ষের কোটি কোটি মানুষ দারিদ্র সীমার নিচে, ভারতবর্ষের অর্দ্ধেক মানুষ দারিদ্র সীমার নিচে। এখনও ৫৫ ভাগ মানুষ নিরক্ষর। ২০ কোটি মানুষের মাথার উপর কোনও বাসস্থান নেই। লক্ষ লক্ষ মানুষ ফুটপাথে বাস করে, পাইপের মধ্যে জন্ম নিচ্ছে, সেখানেই স্বামী-স্ত্রীর দাম্পত্য জীবন কাটাচ্ছে, সেখানেই মৃত্যু হচ্ছে, সেখানেই ভালবাসা হচ্ছে। এইভাবে ওরা দেশকে দেউলিয়া করেছে। এইভাবে ভারতবর্ষের মানুষের সর্বনাশ করেছে। প্রথম অধ্যায়ে কংগ্রেসের শাসনে ভারত সরকার তার তহবিল দেউলিয়া ঘোষণা করেছেন। বিদেশি ঋণের পরিমাণ ৩ লক্ষ কোটি টাকা। শুধু বিদেশিদের কাছ থেকে ঋণ নিয়েছে তা নয়, অভ্যন্তরীণ ঋণ—দেশের মালিকদের কাছ থেকে যে ঋণ গ্রহণ করেছেন তার পরিমাণ ১ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে গেছে। সুতরাং কে ভারতবর্ষকে দেউলিয়া করেছে? এর জবাব কংগ্রেসকে দিতে হবে। অন্যদিকে একটি কথা উনি বলেন নি, ভারতবর্ষের কংগ্রেসি শাসনের প্রথম অধ্যায়ে দেশের মানুষ দেউলিয়া হয়েছে, দেশের সরকার দেউলিয়া হয়েছে, একটা শ্রেণী শুধু দেউলিয়া হয়নি, তাদের সম্পত্তি বেড়েছে, ঐ কংগ্রেসিরা যাদের হচ্ছে সেবাদাস। ঐ ধনিক শ্রেণী, ভূস্বামী, বণিক তাদের সম্পত্তি বেড়েছে। ১৯৮০ সালে যেখানে টাটার সম্পত্তির পরিমাণ ছিল সাড়ে ৫ হাজার কোটি টাকা, ১৯৯১ সালে সেই টাটার সম্পত্তির পরিমাণ বেড়ে হয়েছে সাড়ে ৮ হাজার কোটি টাকা। রিলায়েন্স এবং ধীরুভাই আম্বানি যার সঙ্গে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রীর দহরম-মহরম, সেই ধীরুভাই আম্বানির ১৯৮০ সালে যেখানে সম্পত্তির পরিমাণ ছিল ১ হাজার ৬০০ কোটি টাকা, ১৯৯১ সালে সেই সম্পত্তির পরিমাণ বেড়ে হয়েছে ৩ হাজার ৬০০ কোটি টাকা। কি করে সম্পত্তির পরিমাণ বাড়ছে? ভগবানের আশীর্বাদ? কপালের গুণে? নাকি টাকা ছাপানোর যন্ত্র আছে? নাকি টাকার বাচ্চা হয়, প্রসব করে? কি করে সম্পত্তির পরিমাণ বাড়ছে? আমাদের খেটে-খাওয়া শ্রমিকের রক্ত শোষণ করে করেছে। শোষণ কিভাবে হয়? জিনিসপত্রের দাম বাড়িয়ে, ওষুধে ভেজাল দিয়ে হয়, তেলে ভেজাল দিয়ে হয়, শ্রমিকদের ন্যায্য মূল্য দেয় না। কংগ্রেস শাসনের এই চিরস্থায়ী শোষণের মুনাফার ফলে ধনিক শ্রেণী সম্পত্তির পাহাড় তৈরি করেছে। গরিবের কান্না, ঘাম, রক্তের বিনিময়ে সম্পত্তির পাহাড় তৈরি করেছে আর দেশে কালো টাকার বাজার চলছে। সরকারি হিসাব মতে ৫০ হাজার কোটি কালো টাকা। আর বেসরকারি হিসাব মতে ৭৫ হাজার কোটি কালো টাকা। দেশের কংগ্রেস সরকার এই কালো টাকা ধরার কি কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন? গ্রহণ করেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯১ সালে নির্বাচন হয়ে গেল, কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতা

পায়নি। কংগ্রেস দলের মধ্যে সব সময় দলাদলি থাকে। কে প্রধানমন্ত্রী হবেন—শারদ পাওয়ার হবেন, না পি. ভি. নরসিমহা রাও হবেন—এই নিয়ে কংগ্রেস এম. পি.-দের মধ্যে ভাগাভাগি হয়ে গিয়েছিল। তাকে ঐক্যবদ্ধ করার জন্য শিল্পপতিরা দিল্লিতে অফিস খুললেন। কারা নরসিমহা রাওয়ের পক্ষে, কারা শারদ পাওয়ারের পক্ষে এবং বিভিন্ন কংগ্রেস এম. পি.-দের ৫০ লক্ষ টাকা থেকে ১ কোটি টাকা দিয়ে কেনা শুরু হয়ে গেল। সেদিনের আনন্দবাজার পত্রিকা খুলে দেখুন—এই সংবাদ বেরিয়েছিল। সুতরাং কালো টাকা আপনারা ধরতে পারবেন না, কারণ কালোটাকা দিয়েই রাজনীতিতে আপনাদের উত্থান-পতন ঘটে। সুতরাং আপনাদের ক্ষমতা নেই কালো টাকা ধরার, তাই কালো টাকার উৎসকে আপনাদের রক্ষা করতে হবে।

[3-40 — 3-50 p.m.]

সেই কারণে কালো টাকার গায়ে ওরা হাত দিচ্ছেন না। আজকে ভারত সরকার দেউলিয়া হয়ে যাবার ফলে বিদেশ থেকে ঋণ করছেন এবং ঐ ঋণের ফলে সাম্রাজ্যবাদী দেশগুলি আমাদের দেশের উপর চেপে বসবার চেষ্টা করছে। এবারে কেন্দ্রের যে বাজেট হল তাতে আমদানি শুল্কের উপর একটার পর একটা আইটেমে ছাড় দেওয়া হয়েছে। আই. এম. এফ., বিশ্বব্যাঙ্ক—তারা ভারত সরকারকে কি মুখ দেখে ধার দিয়েছে? আজকে তারা ধার দেবার কারণে বলছে—আমাদের এর জন্য সুযোগ দিতে হবে। কারণ তাদের দেশের উৎপাদিত সামগ্রী তারা বিক্রি করতে পারছে না। এমন কি, আমেরিকার ৫৫ শতাংশ কৃষিজমিতে কৃষকরা চাষ করছেন না, কারণ উৎপাদিত ফসলের দাম তারা পাচ্ছেন না। তাই তারা ভারত সরকারকে আমদানি শুল্ক কমাতে চাপ দিচ্ছে, কারণ ভারত সরকার অধমর্ণ এবং তারা উত্তমর্ণ। তাই আজকে জাপান, আমেরিকা প্রভৃতি রাষ্ট্রের স্বার্থে আমদানি শুল্ক কমানো হচ্ছে। এমন কি, ক্ষুদ্র শিল্পে যেসব জিনিস এখানে উৎপন্ন হয় তার উপরও কর চাপানো হচ্ছে। লৌহ-ইস্পাতের বহিঃশুল্কের ক্ষেত্রে কর ছাড় দেওয়া হয়েছে ৩১৯ কোটি টাকা এবং অভ্যন্তরীণ উৎপাদনে একই জিনিসের উপর নতুন কর চাপানো হয়েছে ৪২১ কোটি টাকা। এর থেকে কি বলব, এই সরকার দেশপ্রেমিক সরকার? জৈব রাসায়নিক দ্রব্যের ক্ষেত্রে বহিঃশুল্ক ১,২৮৫ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে, কিন্তু দেশীয় একই জিনিসের উপর এক্সাইজ ডিউটি বাড়ানো হয়েছে ১১২ কোটি ১৭ লক্ষ টাকা। কাঠবোর্ড শিল্পের ক্ষেত্রে বহিঃশুল্ক কমানো হয়েছে ১১ কোটি টাকা অপরদিকে একই জিনিসের উপর অন্তঃশুল্ক বাড়ানো হয়েছে ৭২ কোটি টাকা। বিদেশি ঘড়ির উপর বহিঃশুল্ক কমানো হয়েছে ১ কোটি টাকা, কিন্তু দেশীয় ঘড়ির উপর কর বাড়ানো হয়েছে ৭ কোটি টাকা। দেখা যাচ্ছে, আমদানিকৃত পণ্যের উপর কর ছাড় দেওয়া হয়েছে, কিন্তু দেশীয় পণ্যের উপর কর চাপানো হয়েছে। কিছুদিন আগে দেখলাম, হাওড়ার ছোট লৌহ শিল্প-কারখানাগুলি ধর্মঘট করেছে, কারণ আগের দামের চেয়ে রড ইত্যাদির দাম টন প্রতি ১৫ থেকে ২৫ শতাংশ বেড়ে গেছে। এরফলে এর ব্যবহার কমে যাবে এবং তারফলে শ্রমিক ছাঁটাই হয়ে যাবে। তারই জন্য স্মল ইন্ডাস্ট্রিজ অ্যাসোসিয়েশন নোটিশ দিয়েছেন যে, যদি এর উপর শুল্কের বর্ধিত হার প্রত্যাহার করে নেওয়া না হয় তাহলে সারা দেশে তারা ৪ লক্ষ কারখানা বন্ধ করে দেবেন। বাজেটের মধ্যে দিয়ে একটি সরকারের শ্রেণী চরিত্র কিভাবে প্রতিফলিত হয় এবারকার কেন্দ্রীয় বাজেট তারই উদাহরণ। এবারে তারা যে কর-

নীতি চালু করেছেন তার মধ্যে দিয়ে ধনী বণিক স্বার্থ রক্ষা করা হয়েছে, অপরদিকে গরিব মানুষদের মেরে ফেলার ব্যবস্থা করা হয়েছে। কারণ দেশীয় পলিয়েস্টার শিল্পে যেখানে ছাড় দেওয়া হয়েছে ১০৫ কোটি টাকা, সেখানে গরিব মানুষ যে সুতো দিয়ে জনতা কাপড় তৈরি হয় সেই সুতোর উপর নতুন করে কর বসানো হয়েছে ৪৫০ কোটি টাকা। নাইলন পলিয়েস্টার ইত্যাদি কারা ব্যবহার করেন? তাহলে এটা কাদের সরকার বলব? ডিটারজেন্টের ক্ষেত্রে ৩০ কোটি টাকা ছাড় দেওয়া হয়েছে। এই ডিটারজেন্ট কারা ব্যবহার করেন? অন্যদিকে জনতা সাবান যা সাধারণ মানুষ, ছোট ছোট লন্ড্রি, এরা ব্যবহার করেন, তার উপর কর চাপানো হয়েছে ৩০ কোটি টাকা। যা বলছি সবটাই ওদের বাজেট বই থেকে বলছি। এবারে দাম কমানো হয়েছে, কিন্তু সেটা রঙ্গিন টি. ভি.-র ক্ষেত্রে কমানো হয়েছে, কিন্তু দাম বাড়ানো হয়েছে সাদা-কালো টি. ভি.র। মোটর গাড়ির দাম কমানো হয়েছে, কিন্তু কৃষকরা ব্যবহার করেন যে ট্রাক্টর তার দাম বাড়ানো হয়েছে। এরফলে কৃষির উন্নতি হতে পারে?

এই তথ্য যদি দেখেন তাহলে বুঝতে পারবেন যে কৃষির কি অবস্থা করেছেন। ১৯৯০-৯১ সালে কৃষির উৎপাদন যা হয়েছিল, দীর্ঘ তিন বছর তা বাড়েনি। ১৯৯০ সাল থেকে আজ পর্যন্ত কৃষি উৎপাদন বাড়েনি, কখনও কখনও কমেছে। এই সময়ে জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে ২.২। জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে, কিন্তু কৃষির উৎপাদন বাড়েনি। কি করে বাড়বে? যদি ট্রাক্টরের উপরে কর বসানো হয়, যদি কৃষির উপরে ভরতুকি কমানো হয়, যদি আমাদের দেশের কৃষকের অবস্থা এই হয় তাহলে কি করে কৃষির উৎপাদন বাড়বে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, চিনে যেখানে এক হেক্টর জমিতে কৃষির ফলন হয় ৪০ কুইন্টাল সেখানে আমাদের দেশে এক হেক্টর জমিতে উৎপাদন হয় ১৪ কুইন্টাল। কাজেই কি করে দেশের উন্নতি হবে? আমাদের দেশে অনেক প্রাকৃতিক সম্পদ আছে। আমাদের দেশ প্রাকৃতিক সম্পদের দিক থেকে পৃথিবীর ৬।৭টি দেশের পরে। সেই সম্পদকে কাজে লাগানো হয়নি, ভূমি সংস্কার করা হয়নি। প্রথম অধ্যায়ে কৃষককে উপেক্ষা করা হয়েছে। পুঁজিকে কেন্দ্রীভূত করা হয়েছে, জমিকে কেন্দ্রীভূত করা হয়েছে, কালোবাজারি তৈরি করা হয়েছে, দেশকে দেউলিয়া করে দেওয়া হয়েছে এবং তার ফলে ১৯৯১ সাল থেকে দেশকে বিক্রি করে দেবার চক্রান্ত চলেছে। আন্তর্জাতিক অর্থ ভান্ডারের চাপে, বিশ্বব্যাঙ্কের চাপে, দেশের অর্থনীতি, দেশের স্বনির্ভরতা, দেশের বুনিয়াদকে এরা ভেঙ্গে দিয়েছে। একটা দেশের অর্থনীতি যদি স্বাধীন না থাকে, যদি বিদেশিদের হাতে বিকিয়ে দেওয়া হয়, বিদেশি অর্থনীতির উপরে যদি নির্ভর করতে হয় তাহলে দেশের সমস্ত বুনিয়াদ শেষ হয়ে যায়। আজকে ভারতবর্ষের অর্থনীতি কোথায় গিয়ে দাঁড়িয়েছে? আজকে যদি জাপানের সঙ্গে ভারতবর্ষের তুলনা করা যায় তাহলে জাপানকে ধরতে ভারতবর্ষের ৩ শত বছর লেগে যাবে। এই কথা 'বলে এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাত্ত্বিককুমার রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ এই সভায় পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের বক্তব্য আমি শুনেছি এবং কালকে আমাদের সদস্য রবীন দেবের বক্তব্যও আমি শুনেছি। আমাদের দেশের অর্থ মন্ত্রী দিল্লি থেকে ছুটে এসেছেন পদযাত্রা করতে। আমাদের সদস্য রবীনবাবু বলেছিলেন যে অনেক সমাজবিরোধী জুটেছিল, ধাক্কা-ধাক্কিতে তিনি

পদযাত্রা করতে পারেন নি। তিনি ফিরে এসে কতকগুলি মন্তব্য করলেন আমাদের অর্থমন্ত্রী সম্পর্কে। তিনি বলেছিলেন যে অসীমবাবু বেশ চটপট করে শিখছেন। তার উত্তরে আমাদের অর্থমন্ত্রী বলেছেন যে উনি দেরি করে শিখছেন। আমার মনে হয় পদযাত্রা করতে না পেরে ওনার মাথা খারাপ হয়ে গিয়েছিল, সেজন্য এই সব কথা বলেছেন। আমি আমাদের অর্থমন্ত্রীকে এই সব বিষয়ে গুরুত্ব না দিতে অনুরোধ করব।

[3-50 — 4-00 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী প্রথমেই বলে দিয়েছেন, প্রথমেই তিনি বাজেটের মধ্যে ইঙ্গিত করেছেন যে ১৯৯৪-৯৫ সালের জন্য যে বাজেট তিনি রচনা করেছেন সেটা আমাদের দৃষ্টিভঙ্গি দিয়ে করেছেন, কংগ্রেসের দৃষ্টিভঙ্গি দিয়ে নয়। গরিব মানুষের কথা চিন্তা করে, গরিব মজুরদের কথা চিন্তা করে যে সব জিনিসের দাম কমানো উচিত, যে জিনিসগুলি গরিব মানুষ ব্যবহার করে সেই সমস্ত জিনিসের উপর তিনি কর ছাড় দিয়েছেন। এই জন্য তাকে আমি সাধুবাদ জানাচ্ছি। গতকাল জয়নাল আবেদিন সাহেব এই কথা একবারও বললেন না। কেন্দ্রীয় মাননীয় অর্থমন্ত্রী বাজেটের আগে যে চিনি, ডাল, চাল, কেরোসিন তেল, ডিজেলের দাম বাড়িয়ে দিলেন এবং সেই দাম বাড়ানোর ফলে সেটা যে গরিব মানুষের উপর চাপবে সেই কথাটা তিনি ভুলেও একবার বললেন না। আমরা যারা বামপন্থী এখানে আছি, তারা পশ্চিমবাংলায় বিশেষ করে গরিব মানুষ এবং মধ্যবিত্ত মানুষের কথা চিন্তা করে এই সব করছে। আজকে গোটা ভারতবর্ষে যদি ভূমি সংস্কার না হয়, যদি ভূমি সংস্কার করা না যায় তাহলে কোনও দিনই ভারতবর্ষের উন্নতি হবে না। আজকে ভূমিসংস্কারের ক্ষেত্রে পশ্চিমবাংলার সকলের উর্ধ্বে আছে গোটা ভারতবর্ষের মধ্যে পরিসংখ্যান তো তাই বলে। মাননীয় কংগ্রেস সদস্যদের আমি অনুরোধ করব, এই সব কথা বলতে গেলে ওনারা আবার একটু রেগে যান, আপনারা একটু চিন্তা ভাবনা করে দেখুন, আমাদের দেশের ছেলে, আমার জেলার ছেলে প্রণববাবুকে আপনারা একটু বলুন যে আমাদের অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে বিশিষ্ট অর্থনীতিবিদ ভবতোষ দত্ত থেকে শুরু করে সকল বাণিজ্য সভা গণমুখি বাজেট বলেছেন। ১৯৮০-৮১ সাল থেকে ১৯৮৯-৯০ সাল পর্যন্ত যে খাদ্য শস্য উৎপাদন এখানে হয়েছে ভারতবর্ষের সমস্ত রাজ্যের মধ্যে পশ্চিমবাংলা প্রথম হয়েছে। ৬.৩ শতাংশ হয়েছে। এরপর পাঞ্জাব আছে। আমাদের এখানে খাদ্য শস্য উৎপাদন যে বৃদ্ধি হয়েছে এর মূল কারণ হচ্ছে আমাদের কৃষিনীতির জন্য এবং আমাদের পশ্চিমবাংলায় ভূমিসংস্কারের জন্য। কৃষকদের মজুরি বৃদ্ধি পেয়ে হয়েছে ২৭ টাকা ১৫ পয়সা। আবার ধান কাটার সময় এই মজুরি বৃদ্ধি ৩০ টাকা পর্যন্ত হয়ে যায়। মৎস্য উৎপাদনের ক্ষেত্রে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। অনেক বার এর জন্য রাষ্ট্রপতি পুরস্কার পেয়েছে। সুতরাং আপনারা যে সমালোচনাটা করছেন সেই সমালোচনাটা একটা ভাল করে চিন্তা করে করুন। আমাদের অর্থমন্ত্রী এবারের বাজেটে ৪ কোটি টাকার ঘাটতি রেখেছেন এবং এটা খুবই কম। তা সত্ত্বেও আমি বলছি, মাননীয় অর্থমন্ত্রীকে আমি বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করছি এই ঘাটতিটাও থাকত না যদি আপনার প্রশাসনিক দপ্তর বিভিন্ন খাতে সঠিকভাবে ট্যাক্স আদায়ের দিকে মনোযোগ দিত। এই ব্যাপারে আপনাকে অনুরোধ করছি, আপনি একটা স্পেশ্যাল সেল তৈরি করুন। বালিতে রেভিনিউ

পাওয়া যায় না, পাথর থেকে রেভিনিউ আদায় হয় না। কয়লার কথা তো ছেড়েই দিলাম। বিভিন্ন ভাবে মাদ্রাজ, পাঞ্জাব, হরিয়ানায় পাচার হয়ে যাচ্ছে, তার কোনও সেস পাওয়া যাচ্ছে না। এই সমস্ত ক্ষেত্রে আপনি যদি নিয়মিত ভাবে কর আদায় করতে পারেন তাহলে আপনি উন্নয়ন খাতে আরও বেশি টাকা বরাদ্দ করতে পারতেন, আপনার বাজেটটা আরও সাকসেসফুল হত।

এই সময়ে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি। প্রণববাবুকে কংগ্রেসি ভায়েরা অনুরোধ করুন যাতে যোজনা কমিশনে স্থিরিকৃত ২৬৭ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকারকে তারা যেন দিয়ে দেন। এরজন্য তারা যদি তদ্বির করেন তাহলে আমাদের রাজ্যের অনেক উপকার হবে, আমরা অনেক উন্নয়নের কাজকর্ম করতে পারব। আপনারা এইসব দিকে না গিয়ে খালি আমাদের সমালোচনা করছেন, ডাঙ্কেল-এর চুক্তি নিয়ে নানা কথাবার্তা বলছেন। তাতে কি আমাদের দেশের উপকার হবে? আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি, তিনি যে বাজেট করেছেন সেটি সত্যিই খুব ভাল। আপনারা ছাতার উপরে ট্যাক্স বসিয়েছেন। স্কুটারে করে যাবার সময় আপনারা ডানলপের তৈরি ওয়াটার প্রুফ জামা পরেন, দেশের বেশির ভাগ মানুষ কিন্তু তা পরেন না। তারা ছাতা ব্যবহার করেন। এখানে মাননীয় অর্থমন্ত্রী ছাতার উপরে ট্যাক্স কমিয়ে দিয়েছেন। চামড়া, বেবিফুড, দেশলাই, কাগজ এই সমস্ত নিত্যপ্রয়োজনীয় জিনিসের উপরে দাম কমিয়েছেন আমাদের অর্থমন্ত্রী। আর আপনারা ছাতার উপরে ট্যাক্স বসিয়ে দিয়েছেন। মদের উপরে আমাদের অর্থমন্ত্রী ট্যাক্স বাড়িয়েছেন, এতে আপনারা যারা মদ ব্যবহার করেন তাদের একটু অসুবিধা হতে পারে। কিন্তু আমি বলব যে, মদের উপরে ট্যাক্স বাড়ানো-টা ঠিক হয়েছে। আমাদের দেশে যে সমস্ত প্রান্তিক চাষী আছেন, তাদের ব্যবহৃত সারের উপরে ট্যাক্স কমিয়ে দিয়েছেন কি আপনারা? এখানে আপনারা বলছেন গ্যাট চুক্তি, ডাঙ্কেল ইত্যাদির কথা। এইসব নিয়ে আপনারা যে প্রচার আরম্ভ করেছেন তা পশ্চিমবাংলার মানুষ বুঝতে পেরেছেন এবং সেজন্য তারা গর্জে উঠেছেন। আপনারা তাই বিভিন্ন জায়গায় বিভিন্ন কথা বলে মানুষকে ধাপ্পা দেবার চেষ্টা করছেন, এটা আমরা দেখছি। ডাঙ্কেল চুক্তির ফলে আমাদের দেশের সর্বনাশ হয়ে যাবে। সেজন্য আমরা এই ব্যাপারে চিন্তা-ভাবনা করছি। কর বৃদ্ধির জন্য প্রয়োজন হচ্ছে কর আদায়ের দিকে ভাল করে নজর দেওয়া, এইদিকে জোর দেওয়া দরকার। কারণ আপনি জানেন, যে সমস্ত সেলস ট্যাক্স আদায় হয় তা সবটা আদায় হয় না, অধিকাংশই আদায় হয় না। অধিকাংশ দোকান থেকে যে লিস্ট দেয় তার ভিত্তিতে ট্যাক্স আদায় করা হয়, এরফলে সরকার সম্পূর্ণভাবে ফাঁকিতে পড়ছে। আমাদের রাজ্যে যে সমস্ত খনি এলাকা আছে, বালিঘাট এবং ইট-ভাটা আছে, সেখানে বেআইনি ভাবে বিনা লাইসেন্সে, বিনা পারমিটে ট্রাকগুলো চলছে। এটা দেখা যায় যে এক একটা ট্রাক বছরে সাত হাজার টাকা ট্যাক্স দিচ্ছে। অথচ পঞ্চাশ-ষাট হাজার টাকা ট্যাক্স তাদের কাছ থেকে আদায় হতে পারে। এই সমস্ত খাদানে এবং কোলিয়ারিতে এই যে ট্রাকগুলো কাজ করে তাদের যদি আর. টি. এ.-এর কর্মচারিদের দিয়ে ধরা যায় তাহলে আমার মনে হয় ৩০-৪০ কোটি টাকা বেশি আদায় হতে পারে। আমরা যারা খাদানের সঙ্গে যুক্ত আছি, আমরা বললেও আপনার দপ্তরে কিছু অসাধু কর্মচারী আছে, তাদের সহায়তায় এই সমস্ত জিনিস চলে আসছে। আমরা বন সৃজনের ক্ষেত্রে অনেকটা এগিয়েছি। কিন্তু ফরেস্ট ডিপার্টমেন্টের কিছু অসাধু কর্মচারীর

সঙ্গে চোরাকারবারিদের যোগাযোগ আছে এবং এর ফলে তারা বহু গাছ নষ্ট করছে, বাইরে বিক্রি করে দিচ্ছে। মন্ত্রিসভাকে বলে এগুলো যাতে রাখা যায় তারজন্য আমি অর্থমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আপনি যে বাজেট রেখেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে আমার বক্তব্য আমি শেষ করছি।

**শ্রী নাসিরুদ্দিন খান ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন তাতে আলোচনায় অংশগ্রহণ করতে উঠে গাদা গাদা বই থেকে পড়ে আমি আপনাকে ছোট করতে চাই না। ইকনোমিক রিভিউ, ইন্ডিয়া টু ডে প্রভৃতি কাগজ পড়ে আমি আপনাকে ছোট করতে চাই না। আমি আপনার বাজেট বই পড়েছি এবং তাতে যা লিখেছেন তা হচ্ছে ২৯ পাতার বক্তৃতা এবং তারমধ্যে ১৪ পাতা অবধি কেবল কেন্দ্রীয় সরকারের সমালোচনা করেছেন, তার সমালোচনা করতেই উন্মত্ত হয়ে পড়েছেন। সেই কারণে আমি আপনার বক্তৃতার সমালোচনা করব না তা নিয়ে আলোচনা করব বুঝতে পারলাম না। আপনার এই বাজেট বক্তৃতার মধ্যে একটা জায়গাতেও নিজেদের কি করতে পেরেছেন তার কোনও উল্লেখ নেই। আপনারা যে টাকা ধার্য করেছেন এবং তার কতটুকু পেয়েছেন তাই কেবল বলে গেছেন কিন্তু আপনারা নিজের থেকে কোনও পরিকল্পনা কেন নিতে পারেন নি? আজকে ভারতবর্ষের যে বিরাট সমস্যা বেকার সমস্যা, সেই সমস্যার আপনারা ১৭ বছরে থেকে কতটুকু সমাধান করতে পেরেছেন? একটার পর একটা দৃষ্টান্ত যদি দেখাই তাহলে দেখা যাবে যে এই দীর্ঘ ১৭ বছরে বেকারের সংখ্যা এত দ্রুত বেড়েছে যে ভারতবর্ষের আর কোনও রাজ্যে এত বাড়েনি। মাননীয় অর্থমন্ত্রী তার বাজেট বক্তৃতায় বারে বারে বলেছেন যে কেন্দ্রীয় সরকার বঞ্চিত করেছে, কেন্দ্র কম দিচ্ছে, বিমাতৃসুলভ আচরণ করছে। কিন্তু আমি আপনাকে মাননীয় উপাধ্যক্ষের মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই যে, কেন্দ্রীয় সরকারের টাকা ছাড়া আপনারা যে টাকা আয় করেন তাতে অর্থাৎ ইনকাম করেন তার তো শতকরা ৯১ পার্সেন্ট আপনাদের শুধু মাইনে দিতেই ফুরিয়ে যাচ্ছে তার কি খেয়াল আছে আপনাদের?

[4-00 — 4-10 p.m.]

৯১ শতাংশ টাকা তো আপনি মাহিনা দিতেই শেষ করেন, বাকি কত শতাংশ টাকা তাহলে থাকল? আপনি পঞ্চায়েতের মাধ্যমে সমস্ত পরিকল্পনা রূপায়ণ করবার জন্য চিন্তা করছেন, আপনার বক্তৃতার মধ্যে আছে। বেশ তো, এই পঞ্চায়েতের জন্য যে টাকা এখানে খরচ হয়, আমি এম. এল. এ. হিসাবে জানি শতকরা ৮০ ভাগ টাকা কেন্দ্রর টাকা। এই কেন্দ্রের টাকা নিয়েও দেওয়া নেওয়া করেও আপনি বলছেন কেন্দ্র আপনাকে বঞ্চিত করছে অর্থ থেকে, সাহায্য করা থেকে, এটা কোথা থেকে তাহলে পেলেন বলুন। আপনারা কেন্দ্রর ম্যাচিং গ্রান্টের টাকা খরচ করতে পারছেন না বলে কেন্দ্রর টাকা ফেরৎ যাচ্ছে। এতে লজ্জা পাচ্ছেন না? ছিঃ ছিঃ ছিঃ আপনি নিজস্ব সম্পদ সংগ্রহ করতে পারেননি, রেভিনিউ আদায় করতে পারেননি যার জন্য সমস্ত পরিকল্পনাগুলি মার খাচ্ছে। আর সব দায় কেন্দ্রের উপরে আপনি ফেলছেন। এবারে নূতন একটা কথা পেয়েছেন, ডাঙ্কেল এখন আপনাদের মাথায় ঢুকেছে। এখনও সেটা সই হয়নি। আই. এম. এফে. কি ভারত অংশীদার নয়? ভারত সদস্য নয়? ভারত হচ্ছে আই. এম. এফের ফাউন্ডার মেম্বার। এটা কি জন্য প্রস্তুত হল? আই.

এম. এফ. থেকে আপনার কয়টি দপ্তর টাকা নিয়েছে, সেটা সুদীপবাবু বলেছেন, আপনারা ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে টাকা নেন, আপনার কয়টি দপ্তর টাকা নিয়েছে সেটা কি আপনি জানেন না? অথচ সেই আই. এম. এফ. সম্পর্কে ডাঙ্কেল সম্পর্কে আপনারা বলছেন। ছাতা নিয়ে আপনারা বলেছেন, ছাতার দাম কেন বাড়িয়ে দিয়েছে, এত শুল্ক বেড়েছে, এতে আমরা খুশি নই। আমরা সেইদিন এই ব্যাপারটি নিয়ে আলোচনা করেছি, মনমোহন সিংকে বলেছি, এই ব্যাপারটি নিয়ে ভেবে দেখতে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একচেটিয়া যদি এরা বলতে থাকেন তাহলে শুনবে কে? এরা যদি না শোনে তাহলে শিক্ষা নেবে কোথা থেকে? এরা যেটা শেখবার জন্য এতদিন পর্যন্ত স্বপ্ন দেখছিল সেই দেশতো শেষ। এখন শিখতে তো আমাদের কাছ থেকেই হবে। এরা এত পাকা যে শিখতেও চায় না, সুতরাং নেচে কিছু লাভ নেই, ভেবে কিছু লাভ নেই। এবারেই শেষ। আর আসতে হবে না। আইডেন্টিটি কার্ড চালু করব আর তারপরে যা করব সেটাতো বুঝতেই পারবেন। তখন ইলেকশন করে বুঝিয়ে দেব। কিন্তু তখন তো আর কেউ এরা থাকবে না তখন কাকে বোঝাব?

[4-10 — 4-20 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, অসীমবাবু এখানে হাজির আছেন। অসীমবাবু শুধু কাউকে দোষ দিয়ে নিজেকে বাঁচাবার জন্য শত চেষ্টা চালিয়ে গেছেন। অসীমবাবু ৪৭ বছর হয়েছে আমাদের দেশ স্বাধীন হয়েছে, এই ৪৭ বছরে কংগ্রেস গভর্নমেন্ট সেন্ট্রালে মাত্র তিন বছর ছিল না। এই তিন বছর আপনাদের সহানুভূতিশীল, সহানুভূতি প্রাপ্ত, আপনাদের সাহায্য প্রাপ্ত একটা সরকার কেন্দ্রে এসেছিল এবং তাদের তিন-চার জন প্রধানমন্ত্রী তিন বছরও থাকতে পারেনি। ঐ সময়ে ৫০ টন সোনা বিদেশের কাছে বেচে দেওয়া হল আর সেই সোনা কারা উদ্ধার করে আনল বলতে পারেন। আচ্ছা আমরা ৪৭ বছরে আমাদের দেশকে ৪৭ বার বন্ধক দিয়েছি আর বেচে দিয়েছি আই. এম. এফের কাছে, ওয়ার্ল্ড ব্যাঙ্কের কাছে এবং আমরা আবার গ্যাটের কাছেও দিতে চলেছি। কিন্তু ভারত তার কৃতিত্ব অনুযায়ী এবং আদর্শকে নিয়ে এখনও যথাযথভাবে বেঁচে আছি এবং ভারত বেঁচে থাকবে। আপনাদের মতো কমিউনিজম ভারতের কোথাও আসার কোনও সম্ভাবনা নেই। তা যদি হত তাহলে অসীমবাবুকে আমেরিকায় গিয়ে লেখাপড়া শিখতে হল কেন। আপনাদের মুখ্যমন্ত্রী তেইশ বার একবার ইউ. কে. একবার আমেরিকা, একবার লন্ডন যাচ্ছে কেন। বক্রেশ্বর নিয়ে শেষে আপনাদেরকে জাপানের সঙ্গে চুক্তি করতে হল। যাদের আপনারা ধরে নিয়ে আসার চেষ্টা করছেন তারা কোন দেশ সাম্রাজ্যবাদের দেশ না সাম্যবাদের দেশ। আমি যদি আপনাদের দলে থাকতাম, তাহলে কিন্তু আমাকেও অসীমবাবুর বক্তৃতাকে সমর্থন করতে হত। আপনাদের কথা অনুযায়ী ডাঙ্কেল চুক্তিতে সই করলে আমরা আমাদের দেশকে আবার একবার বেচব। কিন্তু আমি তো বুঝতে পারছি না, আমাদের দেশ চলছে এবং চলবে। আপনাদের ঐ বন্ধ সরকারের তিন বছরে চারবার প্রধানমন্ত্রী পাল্টায়, কিন্তু আমাদের তা নয়। আজকে সকালে শ্যামলবাবুকে আমি প্রশ্ন করেছিলাম এবং সেই প্রশ্নের উত্তরে পরিবহনমন্ত্রী বলেছেন যে তার বিভাগে মোটামুটি ৮০০ জনকে চাকরি দেওয়া হয়েছে।

এই ৮০০ চাকরির মধ্যে শিডিউল কাস্ট, ট্রাইবস এবং মুসলমানদের কত চাকরি

হয়েছে? স্যার, সেখানে দেখবেন যে মুসলমানরা বঞ্চিত-সংখ্যালঘু মুসলমানরা বঞ্চিত। এসব কথা আমি বললেই আমি হলাম সাম্প্রদায়িক আর যারা বঞ্চিত করছেন তারা সাম্প্রদায়িক নন। এ এক অদ্ভুত ব্যাপার। উনি যদি হাউসে জবাব দিতেন যে মুসলামানদের প্রোপোরশনেটলি না দিলেও কিছু দিয়েছি তাহলে বুঝতাম কিন্তু স্যার, এই ৮০০ চাকরির মধ্যে মাত্র ৮ জনকে দিয়েছেন তাও ফোর্থ গ্রেডে ঝাড়ুদার ইত্যাদিতে। লজ্জা করে না আপনাদের। আর এসব কথা আমি বলতে গেলেই আমি হলাম সাম্প্রদায়িক। আপনার বক্তৃতায় এসব নেই কিন্তু যেহেতু এটা দফাওয়ারি আলোচনা নয়, সাধারণ আলোচনা তাই এইসব কথা আমাকে বলতে হচ্ছে। সাবিত্রী মিত্র মহোদয়া একজন মাননীয় সদস্যা, কালকে তার কি ঘটেছে সেটা আপনারা আগেই শুনেছেন। কাজেই নিরাপত্তা কোথায়? একজন সদস্যাকে পর্যন্ত আপনারা নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছেন। আজকে এখানে আলোচনা হবার পরও যথেষ্ট পরিমাণে অ্যাসিওরেন্স তিনি পেলেন না। আমি নিজে গত ১৯৯১ সালের বাজেটের আগে বক্তব্য রেখেছিলাম যে আমার কেন্দ্রে রেজিনগর থানায় যথেষ্ট রকমের অত্যাচার আমার উপর করা হয়েছে, আমাকে পুলিশ প্রহার করেছে এবং সেদিন লিডার অব দি অপজিশন শ্রী সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় সে সম্পর্কে বক্তব্য রেখেছিলেন। তারপর প্রিভিলেজ মোশনটি গেল, এনকোয়ারি হল কিন্তু আজ পর্যন্ত তার যে কি হ'ল তা জানা গেল না। একজন সদস্য হাউসে দাঁড়িয়ে বলছেন যে আমার নিরাপত্তার অভাব, এস. পি.-কে বলেছি যে আমার একজন সিকিউরিটি আছে, আর একজন সিকিউরিটি গার্ড দিন, এই তো অবস্থা কাজেই বিষয়গুলি আপনি নিশ্চয় বিবেচনা করে দেখবেন। আপনি এবারে এই খাতে অতিরিক্ত ৪০ কোটি টাকা চেয়েছেন, নিন আপত্তি নেই কিন্তু মানুষের নিরাপত্তা কোথায়? আপনার লিমিটেড সম্পদের ভেতরে আপনি কাকে বেশি দেবেন, কাকে কম দেবেন সেটা আপনার ব্যাপার, পুলিশ বাজেটে অতিরিক্ত দিলেও তো মানুষের নিরাপত্তা নেই। এমন কি একজন এম. এল. কেও আপনারা নিরাপত্তা দিতে পারছেন না। এসব কথা বলতে গেলে অনেক কথাই এসে যায়। একটি ৬ মাসের বাচ্চার উপর কি অত্যাচার হয়েছে সে কথা মুখে আনা যায় না। এ রাজ্যে কি আইন আছে, না, নিরাপত্তা আছে? তারপর দেখছি যে পুলিশ দিনের পর দিন গুলি চালিয়ে যাচ্ছে এবং এই গুলি চালানোর ব্যাপারে তারা নির্বিকার। গুলি করে তারা মানুষ মারছে। প্রতিদিন এইসব ঘটনা ঘটছে। তারপর দেখলাম, শ্যামলবাবু কোনও রকম ইনফরমেশন না দিয়ে, আমাদের সঙ্গে আলোচনা না করে রাতের অন্ধকারে সিদ্ধান্ত নিয়ে ট্রাম, বাসের ভাড়া সাংঘাতিকভাবে বাড়িয়ে দিলেন। হাউস চলছে, হাউসে আলোচনা হল না।

আমরা জানতে পারলাম না, এই নুতন নুতন অধ্যায় আপনারা সৃষ্টি করছেন। দেখা গেল সকাল বেলা বাসের ভাড়া বেড়ে গেল। আপনারা বলছেন কেন্দ্র নাকি রাতের অন্ধকারে আপনাদের সঙ্গে কোনও আলোচনা না করে অনেক কিছু করে ফেলেছেন। তাহলে কি আপনারা কেন্দ্রীয় সরকারের অনুকরণ করছেন? ১৯৫২ সালের কথা আমার মনে আছে, এক পয়সা ট্রামের ভাড়া বাড়ানোর জন্য আপনারা ২৮টা ট্রাম পুড়িয়েছিলেন। কংগ্রেসিরা কোনওদিন একটা ট্রাম বা বাস পুড়িয়েছে? এই যে ভাড়া বাড়ল, কোথাও আগুন জ্বলেছে? কংগ্রেসিরা শান্তিপূর্ণভাবে আন্দোলন করে, আপনারা হচ্ছেন জুলুম বাজ। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ইলেক্ট্রিসিটি সম্পর্কে ওদের যা বক্তব্য—গ্রামীণ বৈদ্যুতিকরণ সম্পর্কে আমি বলব,

সেটা একটা ভয়াবহ চিত্র। ইকনমিক রিভিউ এর ইনফর্মেশন যদি দেখা যায় তাহলে দেখা যাবে গ্রামীণ বৈদ্যুতিকরণ আমাদের হয়েছে ৭৩ পারসেন্ট। সেখানে অন্ধ্র, কেরালা, মহারাষ্ট্র, পাঞ্জাব, তামিলনাড়ু, হিমাচল প্রদেশ, এই সমস্ত স্টেটে দেখা যাচ্ছে সেন্ট পারসেন্ট বৈদ্যুতিকরণ হয়েছে। গ্রামীণ বৈদ্যুতিকরণ ১০০ পার্সেন্ট হয়েছে। আজকে ডবলিউ. বি. এস. ই. বি. লসে রান করছে। আপনাদের সরকারি ৭০টা সংস্থার ভেতর ৬০টা প্রতিষ্ঠান লসে রান করছে। আপনারা অস্বীকার করতে পারেন? আপনারা সরকারের আসার আগে আপাদের যা চিন্তাধারা ছিল, আপনারা সেই সময় যে বক্তব্য রেখেছিলেন তা যদি আজকে আপনাদের কাছে পেশ করি তাহলে আপনাদের লজ্জা হবার কথা। আপনারা চেয়েছিলেন সমস্ত লোকের যে মালিকানা সত্ব সেটাতে আপনারা সমস্ত রাষ্ট্রায়ত্ত করবেন। আপনারা একে একে যা নিলেন সমস্ত প্রতিষ্ঠানে লস হচ্ছে। স্টেট ট্রান্সপোর্টে দেখা যাচ্ছে প্রভূত লোকসান। এইভাবে যদি দেখা যায় তাহলে দেখব ৬০টা সংস্থা লোকসানে চলছে। কৃষি ক্ষেত্রে এবং ভূমি সংস্কার—ভূমি সংস্কার ওরা একটা জিনিসের উপর খুব আস্ফালন করেন, আপনারা কি জানেন, সেই আস্ফালনটা কি? বৃটিশ আমলে, ভারত স্বাধীন হবার আগে ব্যক্তি বিশেষের জমির পরিমাণের ক্ষেত্রে কোনও লিমিটেশন ছিল না। একটা মানুষ তার নিজস্ব জমি শত শত, হাজার হাজার বিঘা রাখতে পারত। ভূমি সংস্কার আইন কারা করেছিল? কাদের আইনের ফলে এক দিনে হাজার হাজার বিঘা জমি সরকারের হাতে চলে এসেছিল? কংগ্রেস সেই কাজ করেছিল। এটা আমি খুব দায়িত্ব নিয়ে বলছি। আপনারা ভূমি সংস্কার, ভূমি সংস্কার, ভূমি সংস্কার বলে চিৎকার করেন—ভূমি সংস্কার কাদের আমলে হয়েছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যারা আগে জমিওয়ালা মানুষ ছিলেন তাদের জমি কি কোথাও বেড়েছে? তাদের জমি নিয়ে নেওয়া হয়েছে, তাদের জমি বাড়েনি, কমেছে। কিন্তু যারা আস্তে আস্তে পরবর্তী সময়ে জমি কিনেছে তাদের এখনও শত শত বিঘা জমি আছে। তাদের আপনারা ধরতে পারছে না। আপনারা যাদের পৈতৃক সম্পত্তি ছিল তাদেরই কেবল ধরে বেড়াচ্ছেন। আমি এটা লিস্ট দিয়ে প্রমাণ করে দিতে পারি। সেই জন্য আমি আপনার এই বাজেট ভাষণের পূর্ণ বিরোধিতা করছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি স্বীকার করি যে, কৃষিতে আমাদের যথেষ্ট উন্নতি হয়েছে। এ বিষয়ে কোনও সংশয় নেই। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন, নলকূপ বসানোর ক্ষেত্রে নতুন পদ্ধতি চালু করতে চাইছেন। আপনি যা ভাবছেন তা মোটেই কোনও নতুন পদ্ধতি নয়। আপনি আজকে যা ভাবছেন তা পূর্ববর্তী সময়ে আমি এবং সাত্তার সাহেব কার্যকর করে গেছি। ১৯৭১ সালে এবং ১৯৭২ সালে আমরা ক্লাস্টার প্রোগ্রাম ভেবে করে রেখে গিয়েছিলাম কিন্তু আপনারা তা চালাতে পারেন নি। আপনারা সেগুলোকে বিদ্যুত দিতে পারেন নি। আমরা যা কিছু করেছিলাম সেগুলিকে আপনারা বহাল রাখতে পারেন নি। আপনারা সার দিতে পারছেন না, বিদ্যুত দিতে পারছেন না, রাস্তা গড়ে দিতে পারছেন না। আমরা যতটুকু যা গড়ে গিয়েছিলাম ততটুকুও আপনারা রক্ষা করতে পারছেন না। এই অবস্থায় আমি এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-20 — 4-30 p.m.]

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় যে বাজেট বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে সমর্থন করে সংক্ষেপে কিছু বক্তব্য

রাখছি। প্রথমেই যেটা আমার মনে হচ্ছে তা হচ্ছে—মাননীয় সদস্য নাসিরুদ্দিন সাহেব বার বার বললেন, যা কিছু আমাদের আছে, সব কিছুই নাকি কেন্দ্রের দান। কিন্তু একথাটা বললেন না যে, কেন্দ্র টাকা কোথায় পায়। দেশটা কি কেন্দ্রের কোনও পৈতৃক সম্পত্তি যে দয়া করে পশ্চিমবঙ্গ সরকারকে কিছু দিচ্ছেন? এখন কেঁচো খুড়তে গিয়ে সাপ বেরতে পারে, সুতরাং আমি আর সেদিকে যাচ্ছি না। তারপর মাননীয় সদস্য বললেন যে, ডাঙ্কেল প্রস্তাব অনুযায়ী গ্যাট চুক্তিতে কেন্দ্রীয় সরকার সই করবেনই। তা এটা তো জানা কথা, যে কোনও ভাবেই হোক ওরা সই করবেনই। সই করার পরে আমাদের দেশের সাধারণ মানুষের মঙ্গল হবে, কি হবে না, সেই বিতর্কের মধ্যে আমি এখন যাচ্ছি না। তবে বাজেট প্রস্তাবের পরিপ্রেক্ষিতে যেগুলি একান্ত বলা দরকার সেগুলি আমাকে বলতে হচ্ছে। যে সময়ে আমরা আমাদের এই বাজেট প্রস্তাব নিয়ে আলোচনা করছি সে সময়ে আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের ঋণের শর্ত মেনে ডাঙ্কেল প্রস্তাবের চাপের কাছে নতি স্বীকার করে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যে অসম অর্থনৈতিক নীতি গ্রহণ করেছেন, তারফলে এই সময়ে আমাদের রাজ্য বাজেট এর চেয়ে আর কিছু ভাল আশা করা যায় না। এটা ভাল করে জানতে হবে। এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে কথা বলেছেন সেকথা ওরাও স্বীকার করেছেন যে, কৃষি ক্ষেত্রে পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে একটা বিশেষ স্থান অধিকার করেছে এবং চাল উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। এবং চালের উৎপাদনের ক্ষেত্রে একেবারে প্রথম স্থান দখল করেছে আমাদের পশ্চিমবঙ্গ। তারপর পাঞ্জাব এবং অন্যান্য রাজ্য। এটা আমাদের কাছে খুবই গর্বের এবং মঙ্গলের। পশ্চিমবঙ্গ কৃষি ক্ষেত্রে প্রথম স্থানে হলেও আমাদের পশ্চিমবঙ্গে ভূমি বন্টন যেভাবে হয়েছে সেটা অনস্বীকার্য। তবে এমন কিছু বিষয় আছে যেটা সত্যিই ভাবিয়ে তুলেছে। অজস্র মিথ্যা মামলায় সি. আর. সিভিল রুলে ইনজাংটেড ল্যান্ড পড়ে আছে। যে জমিগুলি কৃষকদের হাতে আছে, যেটাতে তারা চাষ করছেন, খাস জমি তাদের হাতে আছে, কিন্তু তাদের রায়তি পাট্টা দেওয়া যাচ্ছে না, বা বর্গার প্রমাণ-পত্র তাদের হাতে দেওয়া যাচ্ছে না। এটা কৃষকের কাছে খুবই দুঃখের ব্যাপার। আমরা যারা কৃষক আন্দোলন করি, তাদের নানারকম প্রশ্নের সম্মুখীন হতে হয়। এরফলে—পাট্টা বা বর্গার প্রমাণপত্র থাকলে তারা যে ব্যাঙ্ক ঋণের সুবিধা পেতেন সেই সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। আমি ইতিপূর্বে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এই বিষয়টি নিয়ে ভাবা দরকার। আমরা জানি, বর্গাদাররা আর সেই পর্যায়ে নেই, অপেক্ষাকৃত স্বচ্ছল অবস্থায় আছে। এখন মানসিকতা দেখা দিচ্ছে জমির মালিক হওয়ার। কিন্তু নির্দিষ্ট কোনও পরিকল্পনা যদি না থাকে তাহলে অসুবিধার সৃষ্টি হয়। সুতরাং চাষবাসের ক্ষেত্রে উৎসাহ সৃষ্টি করতে হলে, ব্যাঙ্কের মাধ্যমে ঋণের ব্যবস্থা করে বর্গাদারদের জমি কেনানোর ব্যবস্থা করতে হবে। এখন যে ফসল উৎপন্ন হয়—মালিকরা একটা পোরশন পায় এবং বর্গাদাররাও নির্দিষ্ট পোরশন পায়। এখন জমির মালিক যদি বর্গাদার হতে চান, জমি কিনতে চান, তাহলে কে কত অংশ পাবে সেটা সুনির্দিষ্টভাবে নেই। এটা দেখার দরকার আছে। কৃষি মজুরির ব্যাপারে বলি, কৃষি মজুরেরা এখন সরকারি ন্যায্য মজুরির চেয়ে এখন বেশি মজুরি পান। কিন্তু এরা বেশির ভাগই সেশনাল ওয়ার্কার। নির্দিষ্ট সময়ে চাষ করেন, ধান রোয়া বা ধান কাটার সময় ছাড়া বাকিটা সময় এরা বেকার থাকেন। সেইজন্য যে সময়ে তারা মজুর খাটেন সেই সময়ে মালিক বেশি

টাকা মজুরি দিতে বাধ্য হন। কিন্তু যে সময় এরা বেকার থাকেন সেই সময়ে তাদের জন্য কোনও বিকল্প ব্যবস্থা থাকে না। তখন অন্ন সংস্থানের জন্য বিভিন্ন জায়গায় গ্রাম থেকে শহরে যেতে বাধ্য হয় এবং সেখানে খুব কম মজুরিতে খাটতে বাধ্য হন। সুতরাং আমি সুনির্দিষ্ট প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখছি, যে এলাকায় দুই ফসল হয় না, এক ফসল হয়, সেই এলাকায় কৃষি মজুরদের যেহেতু কাজের গ্যারান্টি দেওয়া যাবে না—পশ্চিমবঙ্গ সরকার ২ মাসের জন্য চালের ভরতুকির যে ব্যবস্থা করেছেন, সেখানে সেটা বাড়িয়ে দেওয়া হোক যাতে তারা বাঁচতে পারেন। এছাড়া কৃষি মজুর যারা বৃদ্ধ তাদের বার্দ্ধক্যজনিত যে পেনশনের ব্যবস্থা করা হয়েছে ৬০ টাকা থেকে ১০০ টাকা, সেই টাকা এমন কিছু নয়। কিন্তু সামান্য টাকা হলেও অসুবিধা যেটা হচ্ছে, সেটা হল, যে সিস্টেমে তাদের হাতে টাকা যাচ্ছে তা তারা পাচ্ছে ১৭ থেকে ২০ মাস পরে। সিস্টেমটা হচ্ছে, পোস্ট অফিসের মাধ্যমে সার্টিফিকেট সংগ্রহ করে জানাতে হবে যে ঐ বৃদ্ধ বেঁচে আছেন কিনা। এই প্রমাণপত্র দিতে, ঘুরিয়ে ফিরিয়ে এত দেরি হয় যে ১৮।১৯ মাস বাদে হয়ত তিনি ৩০০ টাকা পেলেন। ফলে তাদের মধ্যে একটা সাংঘাতিক রকমের বিক্ষোভ দেখা দিয়েছে। আর একটি বিষয়ে মাননীয় অর্থমন্ত্রী মহাশয়ের কাছে বলব। আমি খুব কৃতজ্ঞ যে তিনি একটা সময়ে যখন সুন্দরবনে বিপর্যয় ঘটে তখন তিনি দেখতে গিয়েছিলেন। কিন্তু কেন্দ্রীয় সরকারের কেউ আসেনি। অবশ্য আমরা তা আশাও করি না। আমাদের অর্থমন্ত্রী মহাশয় সেখানে দৌড়ে গিয়েছিলেন।

[4-30 — 4-40 p.m.]

আমি সুন্দরবন অঞ্চল থেকে নির্বাচিত। ঐ এলাকায় যে ঘূর্ণিঝড় হয়েছিল তাতে গ্রামের পর গ্রাম ছিন্নভিন্ন হয়ে গিয়েছিল, বহু মানুষের প্রাণও গিয়েছিল সেই ঝড়ে। সে সময় ঐ অঞ্চল ঘুরে দেখে এসে মাননীয় অর্থমন্ত্রী দুটো জিনিস ঘোষণা করেছিলেন, কিন্তু পরবর্তীকালে তার সবটা রূপায়িত হয়নি। তিনি বলেছিলেন যে, প্রতিটি গ্রাম পঞ্চায়েতকে হ্যান্ড ট্রাক্টর দেওয়া হবে এবং সেটা দিয়েছিলেনও, কিন্তু সেগুলো সব অচল হয়ে রয়েছে। ব্যাপারটা আমরা জেলা পরিষদকে জানিয়েছিলাম, কিন্তু তারা বলেছেন যে, এ-ব্যাপারে তারা কিছু বলতে পারছেন না। আজকে যদি ঐসব ট্রাক্টর কাজে লাগানো যেত তাহলে অনেক উপকার হত। কাজেই ব্যাপারটা একটু দেখা দরকার। আর একটি ঘোষণা যা তিনি করেছিলেন সেটাও তিনি করে দিয়েছিলেন, পঞ্চায়েতে টেলি যোগযোগ ব্যবস্থা করে দেওয়া হয়েছিল। এটা খুবই ভাল কাজ হয়েছে, কারণ এর দ্বারা মহকুমা এবং জেলার সঙ্গে যোগযোগ স্থাপন করা গেছে, কিন্তু কিছুদিন আগে সেখানে যান্ত্রিক ত্রুটি দেখা দিয়েছে। লোকাল টেলিফোন অফিস এ-ব্যাপারে কিছু বলতে পারছেন না। বেশির ভাগ টেলিফোনই সেখানে খারাপ হয়ে রয়েছে। কাজেই এটাও একটু দেখা দরকার।

সর্বশেষে আমি বলব, কিছু কিছু দপ্তরের কথা আপনাকে ভাবতে হবে, কারণ সেগুলো গুরুত্বপূর্ণ দপ্তর, কাজেই তাতে বরাদ্দ বেশি হওয়া উচিত। এরকম একটি দপ্তর হল সেচ দপ্তর। আমরা যারা নদীর কাছাকাছি থাকি তাদের অবস্থা সেখানে খুবই করুণ, কারণ বর্ষার সময় ছয় মাস ধরে কখন জমি বাড়ি চলে যায় এই অবস্থা। এসব রক্ষা পাওয়ার কোনও গ্যারান্টি সেখানে নেই, কিন্তু বিভাগীয় কর্তৃপক্ষকে কাজের কথা বললেই তারা বলেন যে, টাকা নেই। ঐ দপ্তরের হাতে যে টাকা দেওয়া হচ্ছে তাতে ঠেকনা দেবার কাজ হয়, স্থায়ীভাবে

কিছু করা যায় না। ওখানকার বিপর্যয়ের কথা আমরা বারবার বলেছি, কিন্তু কাজ হচ্ছে না যার জন্য সুন্দরবনের মানুষ যে কোনও মুহূর্তে বিক্ষোভে ফেটে পড়তে পারেন। তাই আমার অনুরোধ, সারা সুন্দরবনকে নিয়ে এ-ব্যাপারে একটা মাস্টার প্ল্যান গ্রহণ করুন যাতে সেচ, শিক্ষা, পরিবহন ইত্যাদি সবকিছু থাকবে। আজকে সারা বিশ্বের ধনতান্ত্রিক দেশগুলির কাছে এবং দেশের বড় বড় মানুষের কাছে সুন্দরবন লোভনীয়, কারণ কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা আজকে সুন্দরবনের চিংড়ি থেকে আমদানি হচ্ছে। কিন্তু আমরা ঐ চিংড়ি শুধুমাত্র চোখেই দেখি, কারণ তার এক কেজির দাম ৩০০-৪০০ টাকা। আজকে সুন্দরবন থেকে কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা লাভ করেছেন তার উন্নয়নের দায়িত্ব কেন্দ্রীয় সরকার গ্রহণ করুন, এই দাবি আজকে আপনার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে যাবে এটা আশা করছি। আজকে একটি সঠিক পরিকল্পনা গ্রহণ করুন সুন্দরবন সম্পর্কে যা সুন্দরবন পরিদর্শনকালে মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের দিয়ে এসেছিলেন। আগামী ২৬শে মার্চ গোসাবা-বাসন্তী এলাকায় ব্রিজ নির্মাণের শুভ সূচনা করতে মাননীয় পূর্তমন্ত্রী সেখানে যাচ্ছেন। ঐ ব্রিজের জন্য আট-নয় কোটি টাকা খরচ হবে, কিন্তু এবছর তারজন্য বরাদ্দ ধরা হয়েছে মাত্র ৫০ লক্ষ টাকা। কাজেই কয় বছরে ঐ কাজটা শেষ হবে জানি না। কাজেই এরজন্য টাকার কথাটা ভাবতে হবে। এ-ব্যাপারে গত ১৯শে মার্চ সেখানকার সাধারণ মানুষ মাননীয় রাজ্যপালের কাছে ডেপুটেশন দিয়েছেন। অন্য দিকে যে পরিমাণ টাকা সেই দপ্তরের জন্য বরাদ্দ হয়েছে তাতে সুন্দরবনের পৃথকভাবে উন্নয়ন করা যায় না। সেদিক থেকে এই রাজ্যের মানুষের অনেক ক্ষোভে পুঞ্জিভূত হয়েছে। তাই, আমি আপনার মাধ্যমে এটা দৃষ্টি আকর্ষণ করে, এই বাজেট বরাদ্দের দাবি যেটা এখানে রাখা হয়েছে, তাকে সমর্থন করছি এবং আশা করি যে বিষয়ের প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করেছি সেটা বিবেচনা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 p.m.]

**শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে কিছুদিন আগে যখন মনমোহন সিং পদত্যাগ করেছিলেন তখন তিনি বলেছিলেন যে তিনি যন্ত্রী, আর আমাদের প্রধানমন্ত্রী হচ্ছেন যন্ত্রী। এই যন্ত্র আর যন্ত্রী, এই দু'জনে মিলে যা শুরু করেছেন, তাদের বিষাক্ত নিঃশ্বাসে আমাদের দেশ জর্জরিত হয়ে গেছে। আমরা দেখছি যে ভয়াবহ বেকারি, বল্গাহীন মূল্যবৃদ্ধি, নীরবিচ্ছিন্ন মালিক তোষণ নীতি, এই সমস্ত কিছু জনজীবনকে বিপর্যস্ত করেছে। অন্য দিকে মাল্টিন্যাশনালদের অবাধ মৃগয়ার ক্ষেত্র এখানে তৈরি হয়ে উঠেছে। এই রকম পরিস্থিতিতে কোনও একটা অঙ্গরাজ্যের পক্ষে একটা জনকল্যাণমুখী বাজেট রচনা করা খুব দুরূহ, প্রায় অসম্ভব।সেই প্রায় অসম্ভব এবং দুরহ কাজটি সুসম্পন্ন করার ক্ষেত্রে আমাদের অর্থমন্ত্রী যে বলিষ্ঠ প্রয়াস নিয়েছেন এবং বাজেট রচনার মাধ্যমে একটা অঙ্গ রাজ্যের সীমাবদ্ধতার মধ্যে দাঁড়িয়ে যে বিকল্প পথের মাধ্যমে আমাদের রাজ্যকে এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছেন, সেজন্য আমি এই বাজেটকে সমর্থন করছি। আপনি জানেন যে আমাদের অর্থ মন্ত্রী যে বাজেট প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, তার ৪টি মূল ভিত্তি আছে। প্রথম হচ্ছে, স্বনির্ভরতা, দ্বিতীয় হচ্ছে, কর্মসংস্থান, তৃতীয় হচ্ছে, বিকেন্দ্রীকরণ এবং এর মাধ্যমে এই রাজ্যের যথা সম্ভব উন্নয়ন করা। আমরা যদি গত বছরের এই রাজ্যের উন্নয়নের

হিসাব পরীক্ষা করে দেখি তাহলে অল্প-স্বল্প ক্ষেত্রে ব্যর্থতা যে নেই, তা নয়। কিন্তু পশ্চিমবাংলার যে অগ্রগতি, তার যে হার অব্যাহত রয়েছে সেজন্য তাকে আমি সাধুবাদ জানাই। আজকে পশ্চিম বাংলায় আপনি যে বিকল্প পথ গোটা ভারতবর্ষের সামনে দাঁড় করাবার চেষ্টা করেছেন, সেটা সফল হোক, এটা আমরা চাই। এর মধ্যে দিয়ে কতকগুলি আশঙ্কা দেখা দেবে সেটা আমি এখানে বলতে চাই। পশ্চিমবাংলায় ভূমি সংস্কার করেই আমাদের রাজ্যের অগ্রগতি, কিন্তু সম্প্রতি সেই ভূমি সংস্কার করা থমকে আছে। দ্বিতীয় এবং তৃতীয় ভূমি সংস্কার আইনকে রূপায়িত করা যাচ্ছে না। ল্যান্ড ট্রাইব্যুনাল এখানে আজ পর্যন্ত গঠিত হচ্ছে না এবং পশ্চিমবাংলায় এই ভূমি সংস্কারকে আরও বেশি অগ্রসর করে নিয়ে যাবার ক্ষেত্রে—আগের বক্তা যে বক্তব্য রেখেছেন, সেই বক্তব্যের যুক্তিকতা আছে—বর্গাদার আর বর্গাদার থাকার প্রয়োজনীয়তা নেই, তাদের জমির মালিক করা উচিত এবং সেই ভাবে আইন সংশোধিত হওয়া উচিত। ভূমি রাজস্ব আদায়ের ক্ষেত্রে আমাদের মস্ত বড় ঘাটতি হয়ে গেছে। আমাদের পশ্চিম বাংলায় ভূমি রাজস্ব দেয় মাঝারি এবং ধনী কৃষকরা। সেচ এলাকায় ৪ একর এবং অসেচ এলাকায় ৬ একর পর্যন্ত ছাড় আছে যাদের মধ্যে থেকে ভূমি রাজস্ব আদায় হওয়ার কথা। দরিদ্র, প্রান্তিক চাষী, তাদের কাছ থেকে আদায় হওয়ার কথা নয়। আমাদের এস্টিমেটেড টার্গেট হচ্ছে ৩১৯ কোটি কয়েক লক্ষ টাকা। ১৯৯২ সালে টার্গেট ছিল ১৭০ থেকে ১৭২ কোটি টাকা। গত বছর রিভাইজড বাজেটে হয়েছে ১৮০ থেকে ১৮২ কোটি টাকার মতো। এবারে বাজেটে সেই টার্গেট ধরা আছে ৩১৯ কোটি টাকা। আমার যেটা প্রশ্ন, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বাজেট বক্তৃতায় বলেছেন, পশ্চিমবাংলায় ভূমি সংস্কারকে সাফল্য করার ক্ষেত্রে একদিকে কৃষক আন্দোলন এর ভিত্তি হিসাবে কাজ করেছে, অন্য দিকে প্রশাসনও একটা ভূমিকা পালন করেছিল। সেই প্রশাসনের পশ্চিমবাংলার মতো রাজ্যে, যেখানে ক্রমাগত কেন্দ্রীয় সরকারের বঞ্চনা চলছে, যেখানে ভূমি রাজস্ব আদায় হয় ধনী এবং উচ্চবিত্ত কৃষকের কাছ থেকে, সেখানে এই ধনী এবং উচ্চবিত্ত কৃষকের কাছ থেকে রাজস্ব আদায়ের ক্ষেত্রে এত অনীহা কেন? এটাকে দূর করার জন্য মাননীয় মন্ত্রীকে দেখার জন্য অনুরোধ করছি। আপনি বলেছেন ২৭৪ কোটি টাকা ট্যাক্স আদায়ে ঘাটতি দেখা দিয়েছে। আমি দেখেছি গত ৩ বছর ধরে আপনার আন্তরিক প্রয়াসের ফলে ট্যাক্স আদায়ে উন্নতি ঘটেছে। এই যে ২৭৪ কোটি টাকা ঘাটতি দেখা দিয়েছে তার জন্য বলেছেন শিল্পে মন্দ, চিটা গুড় ডিকন্ট্রোল করেছে কেন্দ্রীয় সরকার তার ফলে হয়েছে। এটা ঠিক যে কিছুটা কারণ এটা আছে। তবুও এটা ফ্যাক্টর নয়। প্রশাসনিক গাফিলতি এখানে রয়েছে। এটা দূর করতে না পারলে আগামী বছরের জন্য যে নূতন ৮২ কোটি টাকা ট্যাক্স আদায় করতে চান এটা এই অ্যাডমিনিস্ট্রেটিভ মেশিনারি দিয়ে টোটাল ট্যাক্স রিকভার করতে পারবেন না। আমি বিশেষ করে জোর দিতে চাই, এই ট্যাক্স আদায়ের ক্ষেত্রে ব্যর্থতা দূর করার জন্য সেই রকম পলিটিক্যাল উইল আমি দেখতে পাচ্ছি না। আমি শ্রদ্ধার সঙ্গে বলি মাননীয় অর্থমন্ত্রী পলিটিক্যাল উইল নিয়ে চলছেন, মাননীয় মুখ্যমন্ত্রী পলিটিক্যাল উইল নিয়ে চলছেন। শুধু মাননীয় অর্থমন্ত্রী এবং মুখ্যমন্ত্রী এই পলিটিক্যাল উইল নিয়ে চললে হবে না It is the collective responsibility of the cabinet as a whole. এই পলিটিক্যাল উইল, এই ডিটারমেশন, এই অ্যাডমিনিস্ট্রেশন এবং তার মনিটারিং ছাড়া এখন যে ঘাটতি থেকে যাচ্ছে সেটা রিকভার করা যাবে না। আমরা দেখতে পাচ্ছি আমাদের রাজ্য সরকারকে সমস্তটা না হলেও বেশি করে নির্ভর করতে

হচ্ছে স্মল সেভিংসের উপর। এখানে এখন স্মল সেভিংস একটু বেশি হচ্ছে তার প্রধান কারণ হল পশ্চিমবাংলায় ভূমি-সংস্কার হয়েছে, তাতে কৃষকদের উন্নতি হয়েছে, সাধারণ মানুষ, মধ্যবিত্ত এবং নিম্ন-মধ্যবিত্ত মানুষের আয় কিছুটা বেড়েছে এবং তার ফলে সেটা সঞ্চয়ের মধ্যে আসছে। ৫০০ কোটি টাকা যেখানে ধরা ছিল সেটা ৮০০ কোটি টাকা হয়েছে। এখানে কিছু দুর্বলতা রয়েছে, ইনহ্যারেন্ট দুর্বলতা রয়েছে। এটা আমাদের অর্থমন্ত্রী ভাল করে জানেন। পশ্চিমবাংলায় ইনডাস্ট্রি পোটেনসিয়ালিটির কথা বলছি, এখনও পর্যন্ত সেটা লাগু হয় নি। তাই স্মল সেভিংসটা হচ্ছে। যখন ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের দিকে এগিয়ে যাবে তখন আর এই ক্যাপিটাল ফরমেশন হবে না, ওই দিকে চলে যাবে। সুতরাং স্মল সেভিংসটা আর সেইভাবে হবে না। পরবর্তীকালে আমাদের বাজেট রচনা করতে গিয়ে যদি একটা বড় অংশ এর উপর নির্ভর করে করতে হয় তাহলে আমরা মার খাব। এর জন্য আমি বলতে চাই ট্যাক্স আদায় করার ক্ষেত্রে, ঘাটতি যেটা আছে তা দূর করার ক্ষেত্রে যা অ্যাডমিনিসট্রেটিভ ব্যবস্থা নেওয়া দরকার তা এখুনি নেওয়ার প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। এই বিষয় নিয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকারের বাধা আছে, বঞ্চনা আছে, তার মধ্যে দাঁড়িয়ে আমাদের রাজ্য সরকারে কিছু করণীয় আছে সেটা আমি সবিনয়ে উল্লেখ করতে চাই। আমাদের রাজ্যে অ্যাডমিনিস্ট্রেটিভ ইনফ্রাস্ট্রাকচারে উন্নতি ঘটেছে। কিন্তু আমার চোখে পড়েছে তিনটি ক্ষেত্রে আমাদের দুর্বলতা রয়েছে। সেইগুলিকে আমাদের ওভারকাম করতে হবে। একটা হচ্ছে, যদিও সেই ব্যাপারে রাজ্য সরকার ডাইরেক্ট জড়িত নয় তবুও পশ্চিমবাংলায় আছে বলে বলছি। পশ্চিমবাংলায় যে ব্যাংক আছে সেই ব্যাংকের ম্যানেজমেন্ট এবং সেই ব্যাংকে যারা কাজ করে সেই সব কর্মচারী, ইন্ডাস্ট্রিয়ালিস্টরা যারা ছোট-খাটো ব্যবসা করতে আসে তাদের হ্যারাস করে, দিনের পর দিন তাদের ঘোরায়। লোন দেওয়ার ব্যাপারে একটা অনীহা আছে। এই অনীহাটা কাটানো দরকার। ব্যাংকের ম্যানেজমেন্ট এবং ব্যাংকের ট্রেড ইউনিয়নের সঙ্গে রাজ্য সরকারের পক্ষ থেকে উদ্যোগ নিয়ে কথা বলতে হবে। ক্ষুদ্র শিল্প স্থাপন করার জন্য ব্যাংকে গেছে এই রকম লোক আমার কাছে এসেছে। তারা বলেছে ব্যাংকে গেছি ছোট ব্যবসা করার জন্য, তারা এতো ঘোরায়, তার জন্য সমস্ত ছেড়ে দিয়ে বসে আছি, পারলে ছোট ব্যবসা করে খাব। এই বিষয়টা আমাদের দেখার দরকার আছে। তাদের কমিটমেন্টের মধ্যে আনতে হবে, পশ্চিমবাংলায় কাজ হচ্ছে। শুধু সেন্ট্রাল গভর্নমেন্টের ক্রেডিট রেশিও ডিপোজিট সেটা একটা ফ্যাক্টর নয়, এখানে ব্যাংকের যারা অফিসার আছে, এমপ্লয়ি আছে তাদের অ্যাটিচুডটা একটা মস্ত বড় ফ্যাক্টর। ওটা আমাদের ওভারকাম করার চেষ্টা করতে হবে। দ্বিতীয়ত হল নতুন ইন্ডাস্ট্রি তৈরি করার ক্ষেত্রে নন-প্রোডাকটিভ কিছু কিছু অসামাজিক ফোর্স এমন হামলা করে, আতংকের সৃষ্টি করে তাতে অনেক এন্টারপ্রেনারস্ ভয়ে বেরিয়ে যাচ্ছে। এটা দূর করতে হবে। তৃতীয়ত, হচ্ছে এই কথা ঠিক যে মালিকদের যে হামলা তার বিরুদ্ধে দৃঢ়তার সঙ্গে আমাদের শ্রম দপ্তরকে লড়তে হবে, তাদের বিরুদ্ধে শ্রমিকদের সঙ্গে নিয়ে শ্রম আন্দোলন সংগঠিত করতে হবে, তাদের রাইট আমাদের রক্ষা করতে হবে। তেমনি শ্রমিকদের ওয়ার্ক কালচার, শ্রমিকদের যে রেসপনসিবিলিটি সেটা পালন করতে হবে।

[4-50 — 5-00 p.m.]

নইলে পশ্চিমবাংলায় ইন্ডাস্ট্রিয়ালাইজেশনের যত সম্ভাবনাই থাকুক না কেন, এই তিনটি

দুর্বলতা যদি আমরা ওভারকাম করতে না পারি তাহলে ইণ্ডাস্ট্রিয়ালাইজেশন করা যাবে না। আমি দুঃখের সঙ্গে বলবো, একমাত্র মুখ্যমন্ত্রী ছাড়া অন্য কাউকে বলতে শুনি না, দৃঢ়তার সাথে তিনিই শুধু এই কথা বলে যাচ্ছেন। এটা একা মুখ্যমন্ত্রীর দায়িত্ব নয়, এটা অর্থমন্ত্রীর দায়িত্ব নয়, পশ্চিমবঙ্গে শিল্পায়নের পথে কেন্দ্রীয় সরকারের যে বঞ্চনা রয়েছে, তার বিরুদ্ধে দাঁড়িয়ে আমাদের এখানে শিল্প গড়তে হবে। কেন্দ্রের তীব্র বঞ্চনা রয়েছে, এখানে দাঁড়িয়ে আমাদের যদি ইণ্ডাস্ট্রিয়ালাইজেশনের পথে যেতে হয়, আমাদের দুর্বলতাকে তাহলে ওভারকাম করতে হবে। যে বাজার, যে পোটেনশিয়ালিটি এবং যে ইনফ্রাস্ট্রাকচার আছে তাকে যদি আমরা ডেভেলাপ করতে পারি তাহলেই আমরা এটা করেত পারব, আর তা নাহলে আমরা করতে পারব না। আমি আশা করব যে, মাননীয় অর্থমন্ত্রী এই বিষয়টিকে গুরুত্ব দিয়ে বিবেচনা করে দেখবেন। আমাদের গভর্নমেন্ট আন্ডারটেকিং যেগুলো আছে, সেগুলো লসে রান করছে। আমরা এত বছর সরকারে আছি, এর জাস্টিফিকেশন কোথায়? আমরা কেন লসে রান করব? ফ্রম ট্রান্সপোর্ট টু টালি কারখানা, প্রত্যেকটাতেই লস্ হচ্ছে। আমরা অজুহাত দিতে পারি যে এই কারণে লস হচ্ছে। কিন্তু তাকে ওভারকাম করার জন্য আমাদের কিছু ব্যবস্থা নিতে হবে। প্রত্যেকটা ক্ষেত্রে আপনি স্পেশ্যাল রিভিউ কমিটি করুন। পাবলিক আণ্ড গভর্নমেন্ট আন্ডারটেকিংয়ের প্রত্যেকটিতে কলোস্যাল লসের জন্য আপনি রিভিউ কমিটি করুন, তাতে আপনি শ্রমিকদের প্রতিনিধি নিন, এক্সপার্টদের নিন, গভর্নমেন্ট থাকুন এবং আপনি একটা টাইম-বাউণ্ড প্রোগ্রাম করুন, যে সময়ের মধ্যে এই লস্কে আমাদের ওভারকাম করতেই হবে। আমরা সোস্যাল ওয়েলফেয়ারের পথে চলেছি, কিন্তু সেখানে আমরা একস্ট্রা বেনিফিট দিতে পারছি না। এই অবস্থায় আমরা লস্টা যদি বন্ধ করতে পারি তাহলে রেভিনিউ আমাদের হাতে আসবে। আমরা যদি এই লস ওভারকাম করতে পারি তাহলে পশ্চিমবঙ্গের অর্থ ভাণ্ডারের আরও বেশি অর্থের যোগান দিতে হবে। এটা আমাদের দৃঢ়তার সাথে দেখতে হবে। আমরা ১৭ বছর ক্ষমতায় আছি। এদের পাপের বোঝা আমাদের বইতে হচ্ছে, এত বছর পরেও আমরা এই লস্কে দূর করতে পারছি না। আমি আপনাকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি, আপনি পাবলিক ডিস্ট্রিবিউশনের জন্য এখানে যে শস্য ভাণ্ডার গড়ে তুলেছেন তারজন্য অভিনন্দন জানাচ্ছি। সারা ভারতবর্ষে কেন্দ্রীয় সরকার এই পাবলিক ডিস্ট্রিবিউশনকে বানচাল করে দেওয়ার চেষ্টা করছেন মার্কিন লবির চাপে ও ডাঙ্কেলের চাপে। আপনি এই প্রয়াস শুরু করেছেন তা খুব ভাল। আপনি ফ্লাড কন্ট্রোল সম্বন্ধে এবারের বাজেটে বলেছেন যে আমরা প্রায় ৫০ পারসেন্ট ল্যাণ্ডকে ইরিগেটেড করতে পারব। এখানে কিন্তু আপনাকে সেকেন্ড মেজর ফ্যাক্টর হিসাবে মনে রাখতে হবে যে, পশ্চিমবঙ্গ ১০০ পারসেন্ট আমনের উপরে নির্ভরশীল। এখানে আমাদের খাদ্যশস্যে ঘাটতি রয়েছে প্রায় ১৪ লক্ষ মেট্রিক টন। এটা আমরা মেটাতে পারি যদি আমরা পশ্চিমবঙ্গে বন্যা নিয়ন্ত্রণের কাজটি করতে পারি। কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে কিছু দেবে না। এবারে তারা কেলেঘাই সম্বন্ধে বলেছেন যে কিছু দেবেন, কিন্তু ওঁদের কাছে আমরা খুব বেশি ভরসা করি না। তাহলে আমাদের রাজ্যের রিসোর্সের উপরেই এটা করতে হবে। আমাদের রাজ্যের ১৪টি জেলা হচ্ছে ফ্লাড প্রোন। এই ১৪টি জেলায় লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে। ফ্লাড কন্ট্রোল সেক্টরে এমন একটা সেক্টর, যেখানে ইভেন মেজর ইরিগেশন, মিডিয়াম ইরিগেশন, স্মল ইরিগেশন বা অন্যান্য যে কোনও কাজ,—শিক্ষা বলুন, পরিবহন বলুন, চিকিৎসা বলুন, অন্য সমস্ত সেক্টরে

ব্যক্তি পুঁজি কাজ করে—কিন্তু ফ্লাড কন্ট্রোল পারহ্যাপ্স ইজ দি অনলি সেক্টর, যেখানে ব্যক্তি পুঁজি কোনও কাজ করে না।

সুতরাং সীমাবদ্ধ আর্থিক ক্ষমতার মধ্যে থাকা সত্ত্বেও আমি বলব যে ফ্লাড কন্ট্রোলে বাড়ানো যায় কিনা সেটা একটু সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখবেন এটাই আমি আশা করব। আমি দাবি করছি যে, ক্ষেত মজুরদের সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে চাষিদের জন্য যেমন একটা ফাণ্ডের কথা বলছেন তেমনি ক্ষেত মজুরদের জন্যও সামাজিক নিরাপত্তার ক্ষেত্রে একটা তহবিল করা যায় কিনা ভেবে দেখবেন। ডাঙ্কেল প্রস্তাব শুধু যে চাষিদের শেষ, করবে তাই নয়, ক্ষেত মজুররাও এর থেকে ছাড় পাবে না। সুতরাং গোটা বিষয়টা একটু ভেবে দেখবেন। কৃষি উৎপাদনে বামফ্রন্ট সরকার কৃষির ক্ষেত্রে যতটা উন্নতি করেছে তার একটি হচ্ছে ভূমি-সংস্কার এবং অপরটি হচ্ছে জল। কৃষি উৎপাদনে এর ফলে মূলত সমূহ উন্নতি করা সম্ভব হয়েছে। একে যাতে আরো এগিয়ে নিয়ে যাওয়া যায় তারজন্য এগ্রিকালচারাল সার্ভিস এবং মার্কেটের উপর জোর দিতে হবে। এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা বলব সেটা হচ্ছে যে, ট্যাক্স ইত্যাদি রাজকোষ বাড়িয়ে আরো অর্থসংগ্রহ করা যায় সেই দিকটা দেখতে হবে। আমি এই বিষয়ে প্রস্তাব রাখছি যে, প্রতি বছরে ২০০ কোটি টাকা থেকে ২৫০ কোটি টাকা মতো চিংড়ি বাইরের বাজারে রপ্তানি হচ্ছে এবং তার টাকাটাই কেন্দ্রীয় সরকার পাচ্ছে। এক্ষেত্রে নতুন কোনও কর বসানো যায় কিনা সেটা দেখতে একটু অনুরোধ করছি। তাহলে পর আমাদের কিছু টাকা পয়সা বাড়তে পারে। তাছাড়া জর্দ্দাকে ছেড়ে দেবেন কেন? জর্দ্দার উপরেও কর ছাড়বেন না কারণ গ্রামের লক্ষ লক্ষ কোটি লোক তো আর জর্দ্দা খায় না। একটা জর্দ্দা পানের দাম ১ টাকার থেকে ১.২৫ পয়সা। সুতরাং এর উপর ট্যাক্স বসান। তারপরে বিড়ি, খুব সেনসিটিভ হলেও, সামান্য হলেও বিড়ির উপরে ট্যাক্স বসানো উচিত। কারণ নেশা মাত্রই ক্ষতিকর এবং কোনও কোনও ক্ষেত্রে এই ব্যাপারে ফার্মও হওয়ার দরকার। তারপরে আরেকটি বিষয়ে আপনার কাছে প্রস্তাব রাখছি যে, গ্রামে এখন অনেক রুর‍্যাল রিচ তৈরি হয়েছে। আমরা এসে ভূমি-সংস্কার এবং কৃষি-সংস্কারের উন্নয়নের ফলে গ্রামে গ্রামে অসংখ্য রুর‍্যাল রিচ তৈরি হয়েছে। তাদের ইনকামও হাজার হাজার কোটি কোটি টাকা। আমাদের রাজকোষের টাকা এদের জন্য ব্যয়িত হচ্ছে তাহলে এরা কেন ট্যাক্স দেবে না? হোয়াই শুড নট দে বি ট্যাক্স্‌ড? রুর‍্যাল রিচ যাদের নিয়ে একটা নতুন অ্যাফ্লুয়েন্ট ক্লাশ তৈরি হয়েছে তাদের উপর ট্যাক্স বসান। আমাদের রাজকোষের সমস্ত রসদ তাদের জন্য জলে যাবে আর এরা কোনও অর্থ আমাদের উন্নয়নের জন্য দেবে না সেটা হতে পারে না। যে রসদ এবং নীতি নিয়ে পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ গঠনের জন্য অর্থমন্ত্রী বাজেট তৈরি করেছেন সেইদিক থেকে সফলতার সঙ্গে এড়িয়ে যান এইকথা বলে এই বাজেটকে পূর্ণ সমর্থন করে এবং ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ১৯৯৪-৯৫ সালের জন্য অর্থমন্ত্রী ডাঃ অশোক মিত্র মহাশয় যে বাজেট আপনাদের সামনে উপস্থিত করেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা আপনার কাছে নিবেদন করতে চাই। মাননীয় অর্থমন্ত্রী রাজ্যের বাজেট পেশ করতে গিয়ে কেন্দ্রীয় সরকারের বাজেটের বিশেষ করে বিরোধিতা করেছেন এবং কতগুলি কথা বলেছেন যে কেন্দ্রের শিথিল শিল্পনীতি, উদার শিল্পনীতি এবং শর্তযুক্ত বাণিজ্য

নীতি এবং বিশ্বব্যাংক থেকে ঋণ গ্রহণ এবং আগামীদিনে ডাঙ্কেল প্রস্তাবে স্বাক্ষর হলে তার কুফল কি হবে এইসব কথাগুলো বলতে গিয়ে তিনি বাজেট বক্তৃতার মধ্যে স্বাধীন ভারতের সার্বভৌমত্ব এবং "স্বাধীনতা যে বিকিয়ে দেওয়া হচ্ছে সেকথা বারেবারে স্মরণ করিয়ে দেবার চেষ্টা করেছেন। আমি এই বাজেট বিতর্কে অংশগ্রহণ করে অত্যন্ত বিনয়ের সঙ্গে নিবেদন করতে চাই যে ভারতবর্ষের জাতীয় ঐক্য ওই সি.পি.এম.-এর কাছ থেকে, ওই কমিউনিস্টদের কাছ থেকে ভারতবর্ষের স্বাধীনতা এবং সার্বভৌমত্ব রক্ষা করবার তালিম নিতে হবে না।

[5-00 — 5-10 p.m.]

ভারতবর্ষের স্বাধীনতা লাভের পর ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু দুই বৃহৎ শক্তির কাছে কোন জায়গায় নত স্বীকার না করে তিনি বলেছিলেন আমরা এই দুইয়ের মধ্যে গোষ্ঠী নিরপেক্ষ নীতি অবলম্বন করে চলবো। আমরা সব কিছু বজায় রাখব নিজেদের স্বার্থে। আজকে এই কথা ঠিক কমিউনিস্ট কিছু নয়, আমরা ভারতবর্ষের স্বাধীনতার সময় থেকে আছি, ৪৬ বছর ভারতবর্ষের জাতীয় কংগ্রেস ছাড়া আর মাত্র কয়েকদিনে জন্য অকংগ্রেসি সরকার বসেছিলেন কেন্দ্রে। তখন থেকে আজ পর্যন্ত ভারতবর্ষে যে কংগ্রেস সরকার বারে বারে এসেছে, এরা যদি স্বাধীনতা ও সার্বভৌমত্বকে বিপন্ন করে দিতে চায় তাহলে বারংবার কেন্দ্রে কেন কংগ্রেস সরকার ফিরে এসেছে, সেটা বলবেন কি? এই ঘটনা নতুন নয়। গত ৯১ সালে ভারতবর্ষের জনগণের রায়ে ভারতবর্ষে এককভাবে কোন দলকে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা এনে দেয়নি, কিন্তু আমরা সেদিন সংখ্যালঘু সরকার গড়েছিলাম। কিন্তু কিছু মানুষ কিছু সাংসদ তারা এই কথা মনে করেছেন যে খেলা মার্কসবাদিরা শুরু করেছিল সেই খেলা বি. জে. পি.-রা শুরু করেছিল, সেই খেলা অন্তবর্তী নির্বাচনের মধ্য দিয়ে ভারতবর্ষকে ঠেলে দেওয়ার চেষ্টা করে তারা ভারতবর্ষের কংগ্রেসিদের হাত ধরে কংগ্রেসকে সংখ্যাগরিষ্ঠতায় পরিণত করেছে। আর ঐ বি.জে.পি.র হাত ধরে এই সি.পি.এম. কংগ্রেস সরকারকে ফেলার জন্য চেষ্টা করেছিল। স্যার, এই কথা ভারতবর্ষের সমস্ত মানুষ জানে, সারা পৃথিবীর মানুষ জানে। ভারতবর্ষের ইতিহাস জাতীয় কংগ্রেসের ইতিহাস, এই ভারতবর্ষের উত্থান পতনের ইতিহাস, ভারতবর্ষের জাতীয় কংগ্রেসের ইতিহাস, ভারতবর্ষের অগ্রগতির কাহিনী কংগ্রেসের কাহিনী, আজকে ডাঙ্কেল প্রস্তাব, বিশ্বব্যাঙ্ক থেকে ধার আন্তর্জাতিক অর্থভাণ্ডার থেকে ঋণ নেওয়া তার বিরোধিতা এরা করেছেন কেন, আমরা সার্বভৌমত্বকে বিকিয়ে দিচ্ছি। স্যার, আপনার মনে আছে স্বাধীন ভারতবর্ষে যখন যাত্রা শুরু করেছিল আমাদের দেশে তখন খাদ্যাভাব, গমের অভাব, সেদিন আমেরিকার সাথে যে ৪৮০ চুক্তি স্বাক্ষর হয়েছিল তখনও কমিউনিস্ট এক ছিল, অবিভক্ত হয়নি, সেই সময় কি দেখেছিলাম স্বাধীনতা ও সার্বভৌমত্বকে বিকিয়ে দিচ্ছে, আমরা সেদিন বারবার এই কথা বলেছিলাম দেশের প্রয়োজনে, জাতির প্রয়োজনে ৪৮০ চুক্তির প্রয়োজন আছে। যথা সময়ে সেইখান থেকে আমরা বেরিয়ে আসব। বুকে হাত দিয়ে বলুন আজকে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ কিনা? আজকে আমরা ৪৮০ চুক্তি করে সার্বভৌমত্বকে বিকিয়ে দিইনি। অবিলম্বে এই কথা আমরা স্পষ্টভাবে বলতে চাই যে এই সার্বভৌমত্ব স্বাধীনতা বহু কষ্টের বিনিময়ে রক্তের বিনিময়ে বহু ত্যাগের বিনিময়ে আমরা এটা পেয়েছি। একে বুক দিয়ে আগলে রাখব। আপনাদের সামনে এই কথা বলতে চাই, যে কথা

আমাদের কালকে নেতা জয়নাল আবেদিন সাহেব বলেছিলেন বিভিন্ন আলোচনার মধ্য দিয়ে এবং আজকে আমাদের মাননীয় সদস্য ও সুদীপবাবুও বিস্তারিতভাবে সেই ব্যাপারে আলোচনা করেছেন।

আপনারা ডাঙ্কেল চুক্তির ভয়ঙ্কর রূপ সম্বন্ধে জনগণের কাছে কংগ্রেস-এর বিরুদ্ধে বলবার চেষ্টা করেছেন। আমি বুঝতে পারিনা একজন অর্থনীতিবিদ, অর্থনীতি শাস্ত্রে পণ্ডিত ব্যক্তি অসীম দাশগুপ্ত মহাশয় কেন তার বাজেটে ১৫ কোটি টাকা ধরেছেন ডাঙ্কেল প্রস্তাব কার্যকর হলে যে ক্ষতিটা হবে তার জন্য। উরুগুয়ে স্তরে যে আলোচনা চলছিল, সেই আলোচনা চলছে এবং সেই আলোচনা আগামী এপ্রিল মাসে শেষ হবে এবং ভারতবর্ষ স্বাক্ষর করলে তা কার্যকর হবে ১৯৯৫ সালের পয়লা জানুয়ারি থেকে, তার আগে নয়, সুতরাং এই যে ১৫ কোটি টাকা ধরা হয়েছে বাজেটে এটা অসীমবাবুর চাতুরিপণা ছাড়া আর কিছু নয়। সেইজন্য আজকে আমি বলতে চাই যখন এই রাজ্যে ১৭ বছর ধরে একটা সরকার চলছে তারা প্রতিটি ক্ষেত্রে চরমভাবে ব্যর্থ। লাফিয়ে লাফিয়ে বেকারের সংখ্যা দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। শিক্ষা, স্বাস্থ্য, পরিবহণের ক্ষেত্রে এই রাজ্য ব্যর্থ। আজকে যখন আস্তে আস্তে করে এই সরকারের বিরুদ্ধে মানুষ জেহাদ ঘোষণা করছে, তখন ডাঙ্কেল, ডাঙ্কেল করে তাদের দৃষ্টি অন্য দিকে ঘুরিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। আজকে আমাদের ভাবতে হবে কেন্দ্র কেন আজকে এই নীতি অবলম্বন করছে, এটা আজকে পরিষ্কার করে বলা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সংবিধানের মুখবন্ধে আমরা লিখে দিয়েছি ভারতবর্ষ একটা স্বাধীন সার্বভৌম, গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক, প্রজাতান্ত্রিক রাষ্ট্র। আজকে সারা বিশ্বের প্রেক্ষাপটে দাঁড়িয়ে যখন দেখতে পাচ্ছি সত্তর বছরের কমিউনিস্ট শাসিত রাশিয়া ভেঙে গেছে, ১৫টি অঙ্গরাজ্য স্বাধীন রাষ্ট্রে পরিণত হয় তখন ভারতবর্ষকে সেই প্রেক্ষাপটে দাঁড়িয়ে ভাবতে হয় নতুন করে, বার্লিনের প্রাচীর ভেঙে পূর্ব জার্মানি, পশ্চিম জার্মানি যখন মিলেমিশে এক হয়ে যায় তখন সেই অবস্থায় ভারতবর্ষকে ভাবতে হয় এবং নতুন জিনিস ভাবতে গিয়ে কোথাও কোথাও বেসরকারি সংস্থাকে আজকে উৎসাহ দিতে হয়। আজকে আপনাদের বলবার সৎ সাহস নেই হলদিয়া পেট্রোকেমিক্যালকে কেন বেসরকারি হাতে দেওয়া হচ্ছে। স্যার, আমি মেদিনীপুর জেলার লোক, সেখানে প্রচার করা হল পেট্রোকেমিকেল হলে লক্ষ বেকার যুবকের চাকরি হয়ে যাবে। দু-দুটো নির্বাচনের আগে আমরা দেখেছি—লোকসভা এবং বিধানসভা নির্বাচনের আগে—প্রচার করা হল পেট্রোকেমিকেল হয়ে গেলে লক্ষ লোকের চাকরি হবে। সেই পেট্রোকেমিকেল করার জন্য বিশ্বের মূলধনী জগতের প্রবাদ পুরুষ জনসোরেসকে ডেকে আনতে হচ্ছে। আপনাদের লজ্জা করে না, আপনারা বহুজাতিক সংস্থার বিরোধিতা করেন। তাই আজকে এইভাবে লুকোচুরি না খেলে সোজাসুজিভাবে বলুন।

[5-10 — 5-20 p.m.]

এইভাবে চাতুরিপনা না করে, মানুষের সাথে প্রতারণা না করে, শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য বক্তৃতা না করে রাজ্যের মানুষের স্বার্থে খোলাখুলি সব কিছু বলুন। একটু আগে সুন্দরবনের একজন মাননীয় বিধায়ক বলছিলেন, আমাদের নাসিরুদ্দিন সাহেব বলেছেন যে ৮০ ভাগ টাকা কেন্দ্র দেয়। আমরা বলছি, নিশ্চয় কেন্দ্র দিতে বাধ্য। কিন্তু

সেকথা আপনারা স্বীকার করেন না কেন? আমরা জানি যে একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে নিশ্চয় কেন্দ্র রাজ্যগুলিকে উন্নয়নের জন্য টাকা দেবে। শ্রীমতী ইন্দিরা গান্ধী যখন প্রধানমন্ত্রী ছিলেন তখন তিনি এইসব নিয়ম-নীতি করেছিলেন কিন্তু এসব কথা আপনারা স্বীকার করেন না যে এরজন্য এখানকার সরকার বেঁচে আছেন। এই তো আজকাল গ্রামাঞ্চলে যে দুটি কর্মসূচি ভীষণভাবে চালু এবং যে দুটি কর্মসূচির জন্য গ্রাম-বাংলায় বামফ্রন্ট সরকার জীবিত আছেন মনে হয় সেই দুটি প্রকল্প হল কেন্দ্রীয় সরকারের জওহর রোজগার যোজনা এবং আই.আর.ডি.পি.। কেন্দ্র এইসব প্রকল্পের কথা কিন্তু আপনারা স্বীকার করেন না। এই প্রসঙ্গে মাননীয় অর্থমন্ত্রীকে জিজ্ঞাসা করি, আপনি একটা পরিকল্পনার নাম করুন যেটা আপনার রাজ্যে তৈরি করেছেন গ্রামের অর্থনীতির বিকাশের জন্য, বেকারদের কর্মসংস্থানের জন্য। কংগ্রেস এখানে ক্ষমতায় এলে বেশি টাকা দেওয়া হবে বলে ডঃ মনমোহন সিং বলেছেন বলে আপনারা তাকে বিদ্রূপ করছেন কিন্তু কেন তিনি একথা বলেছেন সেটা একটু চিন্তা করে দেখছেন না। তিনি একথা বলেছেন তার কারণ, আপনারা একদিকে টাকা দিলে খরচ করতে পারেন না অপরদিকে যেখানে খরচ হয় সেখানে সেই টাকার প্রচণ্ডভাবে মিস ইউজ হয়। কাজেই একথা বলে তিনি অন্যায় কিছু করেন নি। স্যার, আমরা দেখেছি, মাননীয় অর্থমন্ত্রী এখানে পরপর কয়েকবার ঘাটতি শূন্য বাজেট পেশ করলেন কিন্তু তার সেই ফাঁকি ধরা পড়ে গিয়েছে। ১৯৯৩-৯৪ সালে বাজেট দেখলাম তিনি সীমিত ঘাটতির বাজেট এনেছিলেন। তখন তিনি বলেছিলেন প্রায় ২৮ কোটি টাকার মতন ঘাটতি হবে কিন্তু এখন হিসাব-নিকাশ করে বলছেন যে সেটা ১১ কোটিতে দাঁড়িয়েছে। কিন্তু স্যার, ইকমনিক রিভিউ থেকে জানা যাচ্ছে যে গত বছর স্ট্যাম্প ডিউটি, বিক্রয় কর ইত্যাদি থেকে তিনি যা সংগ্রহ করবেন বলে স্থির করেছিলেন যা আশা করেছিলেন তার থেকে ২৭৪ কোটি টাকা কম আদায় হয়েছে। তাহলে ঘাটতিটা কি করে কম হল? এই প্রশ্নের মূল্যায়ন করতে গিয়ে দেখা গেল যে রাজ্যে ক্ষুদ্র সঞ্চয় থেকে তিনি যে টাকা ধার নিতেন তার থেকে গতবার তিনশো কোটি টাকা বেশি ধার নিয়েছেন। স্যার, ধারটা নিশ্চয় সম্পদ সংগ্রহ বলা যায় না। কাজেই অ্যাকচুয়্যালি এটা ১১ কোটিতে নেমে আসে নি। এই ঘাটতি অনেক বেশি। শুধু হিসাবের কারচুপি দেখিয়ে, ঘাটতি কম দেখিয়ে ১১ কোটি টাকা ঘাটতি এটা প্রমাণ করবার চেষ্টা করছেন। আমি গত বছরের ইকনমিক রিভিউতে দেখতে পাচ্ছি কোথায় কীভাবে অর্থ খরচ হয়েছে না হয়েছে। মোটামুটি কয়েকটি জায়গায় খরচ করতে পেরেছেন এবং কয়েকটি জায়গায় খরচ করতে পারেন নি। মন্ত্রীদের জন্য ১ কোটি ১২ লক্ষ ৩৫ হাজার টাকা বরাদ্দ হয়েছিল, কিন্তু খরচ হয়েছে ১ কোটি ৩৪ লক্ষ ৭৫ হাজার টাকা। আমরা দেখতে পাচ্ছি খরচ কোথায় বেশি হয়েছে, এককালে যে শ্লোগান আপনারা দিতেন এবং কংগ্রেসিদের আসামির কাঠগোড়ায় দাঁড় করাতেন এবং বলতেন পুলিশের জন্য এত বেশি খরচ করা হচ্ছে কেন, সেখানে আমরা দেখতে পাচ্ছি ৯৩-৯৪ সালে পুলিশের জন্য খরচ বাবদ ৩৭৫ কোটি টাকা বরাদ্দ ছিল, ৪১৫ কোটি টাকা খরচ হয়েছে। সাধারণ শিল্প যেখানে ১৮৯৭ কোটি টাকা বরাদ্দ ছিল, সেখানে খরচ কম হয়েছে। শিক্ষাখাতে দু'হাজারের কোটি টাকা ধরা হয়েছিল, সেখানে মাত্র ১৬ শত ২১ কোটি টাকা খরচ হয়েছে। জনস্বাস্থের মতো গুরুত্বপূর্ণ দপ্তরের জন্য আপনারা বলেছিলেন ৫০০ জন মানুষের পিছনে একটা করে পানীয় জলের উৎস সৃষ্টি করবেন, সেখানে দেখতে পাচ্ছি জনস্বাস্থ্য বিষয়ে ৬৪ কোটি ৭৯ লক্ষ টাকা ধরা হয়েছিল, সেখানে ৬০ কোটি টাকা খরচ

হয়েছে। সামাজিক নিরাপত্তা, সমাজ কল্যাণ দপ্তরের জন্য ১৮ কোটি ১৬ লক্ষ টাকা খরচ ধরা হয়েছিল, সেখানে অনেক কম খরচ করা হয়েছে। এমনি করে দেখতে পাচ্ছি যেগুলো মানুষের সেবার জন্য, ওয়েলফেয়ারের জন্য, মানুষের দৈনন্দিন জীবন এবং জীবিকা নির্বাহ করার জন্য খরচ করা দরকার, সেখানে আপনারা খরচ করতে ব্যর্থ হয়েছেন। তবু এই বাজেটকে আমরা সমর্থন করব? এই একটা বাজেট যেটা ভয়ানক জনবিরোধী বাজেট। এই বাজেটের মধ্যে বলা হয়েছে ৮ লক্ষ কর্মদিবস সৃষ্টি করবেন, সেখানে দেখতে পাচ্ছি দিনের পর দিন লাফিয়ে লাফিয়ে বেকার যুবকের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তাই আমি এই বাজেটের আলোচনায় অংশ নিয়ে এই কথা বলতে চাই, অর্থমন্ত্রী শুধু কেবলমাত্র কেন্দ্রের বাজেটের সমালোচনা না করে, কেন্দ্রের পরিবর্তিত পরিস্থিতিতে দাঁড়িয়ে যেমনভাবে সমস্ত অন্যান্য অঙ্গরাজ্য যেখানে দ্রুত এগোবার চেষ্টা করছে, যেখানে অন্যান্য রাজ্য দ্রুত এগিয়ে গিয়ে আমাদের পিছনে ফেলে যাচ্ছে, সেই জায়গায় আপনি মার্কসীয় দৃষ্টিভঙ্গিতে আচ্ছন্ন না থেকে, সেই চিন্তাধারায় নিজেদের দৃষ্টিকে আচ্ছন্ন না রেখে আগামী দিনে যাতে এই রাজ্য আস্তে আস্তে নিখাদে তলিয়ে না যায় তার থেকে রক্ষা করার চেষ্টা করবেন। সেই জন্য এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-20 — 5-30 p.m.]

**শ্রী দীপক মুখার্জিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মৌলিক দিক দিয়ে বাজেটকে যেভাবে বিচার করা দরকার সেভাবে সেটা করতে বিরোধী পক্ষ যে ব্যর্থ হয়েছে, এটা পরিষ্কার। বাজেট শুধু আয়-ব্যয়ের হিসাব নয়। বাজেট একটা সরকারের শ্রেণী চরিত্রের প্রতিফলন। আমরা জানি আমাদের সরকার সমস্ত রকম ত্রুটি মুক্ত নয়। আমরা জানি আমাদের কিছু সমস্যা আছে। আমরা জানি আমাদের কিছু ত্রুটি বিচ্যুতি আছে। কিন্তু যেটা লক্ষ্য করতে হবে সেটা হচ্ছে— প্রবণতা। আমরা জানি আমাদের রাজ্যের অর্থমন্ত্রী অসীম যন্ত্রণায় কষ্ট পাচ্ছেন। তথাপি তিনি কেন্দ্রীয় সরকার তাঁদের যে দানবীয় নীতিগুলি রূপায়িত করার প্রচেষ্টা করছেন সেগুলির আঘাত থেকে আমাদের রাজ্যের মানুষদের কিছুটা আড়াল করার নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রীর বাজেট প্রস্তাবটি চারটি মূল স্তম্ভের উপর দাঁড়িয়ে আছে। বাজেটের কী-নোট্‌টি বুঝতে ভুল করেছেন আমাদের বিরোধীপক্ষের নেতারা। আমরা জানি, আপনিও দেখবেন স্যার যে, উনি ওঁর বাজেট বক্তৃতায় বিশেষ করে এই কথা বলেছেন যে, আমাদের রাজ্য সরকারের এই বাজেট দাঁড়িয়ে আছে স্বনির্ভরতা, কর্মসংস্থান, বিকেন্দ্রীকরণ এবং উন্নয়ন—এই চারটি মূল স্তম্ভের উপর। এই চার মূল স্তম্ভের ওপর দাঁড়িয়ে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব রচনা করেছেন এবং যে প্রস্তাব এখানে উত্থাপন করেছেন আমি তাকে সমর্থন করছি।

এটা আমাদের সৌভাগ্যের বিষয় যে, ডঃ মনমোহন সিং-এর কাছ থেকে আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত কিছু শেখেন নি। এতে আমরা একদিক থেকে বেঁচেছি যে, ঐ ওয়ার্ল্ড ব্যাঙ্কের প্রাক্তন কর্মচারির কাছ থেকে শিখলে রাজ্যটা কোন্ পথে যেতে পারত সেটা আমার বন্ধু মানব মুখার্জি কালকে বলেছেন। আমিও দু'একটা বিষয় এখানে উল্লেখ করতে

চাই। প্রতিশ্রুতির বড় বড় জাল বুনে তারপর সেই প্রতিশ্রুতি রক্ষা করতে না পারা—এটা যদি মনমোহন সিং-এর কাছ থেকে শিখতে হয়—আমরা তা শিখতে রাজি নই এবং তা অস্বীকার করে ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় আমাদের রাজ্যবাসীর মর্যাদা বৃদ্ধি করেছেন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডঃ মনমোহন সিং গতবারে যেটা বলেছিলেন সেটা নিশ্চয়ই আপনি জানেন। বিষয়টা হচ্ছে—আমাদের দেশের যে বেহাল অর্থনীতি তার সিঙ্গেল মোস্ট ইমপর্টেন্ট ইণ্ডিকেটর ছিল—তিনি বলেছিলেন যে, আমাদের ১৯৯১-৯২ সালে ফিস্‌ক্যাল ডেফিস্টি ৬.৫% জি.ডি.পি.-র হবে। ১৯৯২-৯৩ সালে ফিস্‌ক্যাল ডেফিস্টি কমে ৫% জি.ডি.পি.-র হবে এবং ১৯৯৩-৯৪ সালে তা আরো কমে ৪.৭% জি.ডি.পি.-র হবে। কিন্তু বাস্তব কি হয়েছে? স্যার, তথ্য উপস্থিতির মধ্য দিয়ে আপনি তা নিশ্চয়ই বুঝতে পারবেন এবং ওঁরাও নিশ্চয়ই একটু মিলিয়ে নিতে পারবেন। ওঁরা প্রায়ই তুলনা করে বলেন,— ১১ মাসের বিশ্বনাথপ্রতাপ সিং-এর সরকারের পর থেকেই নাকি আমাদের ভারতবর্ষের অর্থনীতি বেহাল হয়ে গেছে। স্যার, সে সময় এবং তারপর সস্ ডোমেস্টিক্ প্রোডাক্টের গ্রোথ কত হয়েছে? ১৯৮৮-৮৯ সাল থেকে ১৯৯০-৯১ সালে কত হয়েছে? ৭.১% থেকে কমে হয়েছে ২.৯%; ১৯৯৩-৯৪ সালে ওঁরাই জি. ডি. পি.-র টার্গেট করেছিল ৬%; হ'ল কত? ৬% থেকে ওটা কমে হয়েছে ৩.৮%। যা ছিল প্রায় তাই রইল।

তারপর ইণ্ডাস্ট্রিয়াল গ্রোথ্ ১৯৮৮-৮৯ সালে ছিল ৮.৫% ; ১৯৯১-৯২ সালে কমে হয়েছিল ১.৭% এবং ১৯৯৩-৯৪ সালে সেটা আরো কমে হ'ল ১.৫%।

একইভাবে মুদ্রাস্ফীতি ৮.৩% থেকে বেড়ে ১০.৫% হয়েছিল। এখানে আবার ডবল ভিজিট্ ইনফ্লেশনের আশঙ্কা রয়ে গেছে, গোটা দেশ সেই আশঙ্কার সামনে দাঁড়িয়ে আছে।

এক্সপোর্ট ঐ সময়ের মধ্যে ১৪.৫% থেকে কমে ৬.৬% হয়েছিল।

এর সাথে সাথে বৈদেশিক ঋণের হার ১৯.৬% থেকে বেড়ে ৩০.৪% দাঁড়িয়েছিল।

ডঃ মনমোহন সিং বলেছিলেন, "চারটি গুরুত্বপূর্ণ দিকে আলোকপাত করে ভারতবর্ষের অর্থনীতিকে স্টেবিলাইজ্ করব।" ফল কি দাঁড়িয়েছে? উনি গতবার বলেছিলেন ফিস্‌ক্যাল ডেফিস্টি ৪০,১৭৩ কোটি টাকা থেকে ৩৬,৯৫৯ কোটি টাকায় নামাবেন। রেভিনিউ ডিফিস্টি কমিয়ে ১৭,৬০০ কোটিতে আনবেন। প্রকৃতপক্ষে এই দুটি ক্ষেত্রে কি হয়েছে? ফিস্‌ক্যাল ডেফিস্টি হয়েছে ৫৮,৫৫১ কোটি টাকা এবং রেভিনিউ ডেফিস্টি হয়েছে ৩৪,০৫৮ কোটি টাকা।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটা দিক উল্লেখ করতে চাই যাতে বোঝা যাবে দেশটাকে ওঁরা কোন্ অবস্থায় এনে দাঁড় করিয়ে দিয়েছে এবং কোন্ প্রেক্ষাপটে আমাদের মাননীয় অর্থমন্ত্রীকে তাঁর বাজেট প্রস্তাব আনতে হয়েছে।

স্যার, নন-প্ল্যান এক্সপেণ্ডিচারের ক্ষেত্রে উনি আবার রাজ্যের কথা বলেন? ১৯৯০-৯১ সালের আর্থিক বছরে ছিল ৭৬ হাজার ১৯০ কোটি টাকা, ১৯৯৩-৯৪ সালে সেটা এসে দাঁড়িয়েছে ৯০ হাজার ৭২ কোটি টাকা। এটা গেল নন-প্ল্যান এক্সপেণ্ডিচারের ক্ষেত্রে। সেই

সঙ্গে সাংঘাতিক ব্যাপার—অর্থনীতির ভাষায় ক্যাপিটাল এক্সপেন্ডিচার কমে গেছে। ৩১ হাজার ৮০০ কোটি টাকা যেটা ছিল, সেটা কমে এসে দাঁড়ালো ২৯ হাজার ৪৮৪ কোটি টাকা। এটা মনে রাখতে হবে টাকার অবমূল্যায়ন হয়েছে ৪৩ ভাগ, তার উপর দাঁড়িয়ে এই ঘটনা ঘটেছে। ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের জনসাধারণের প্রতি যে দায়-দায়িত্ব আছে তারা সেটা ভুলে গেছেন। সমস্ত কমিটমেন্ট ছুঁড়ে ফেলে দিয়েছেন। বিদেশিদের ডেকে ওনারা (কংগ্রেসিরা) বলছেন, তোমরা দেশের দায়িত্ব নাও, তোমরা দেশে শিল্প গড়বে, আমরা তোমাদের রাষ্ট্রায়ত্ত শিল্প তোমাদের কাছে বেচে দেব, তোমাদের কাছে আমাদের স্বাধীন উদ্যোগগুলি তুলে দেব। এই প্রক্রিয়ার ফলে ইতিমধ্যে—নাসিরুদ্দিন সাহেব জানেন না—টমকোকে নিয়েছে হিন্দুস্থান লিভার, ইউনিলিভারও নিয়ে নিয়েছে, গোদরেজ নিয়েছে প্রোকটার অ্যাণ্ড গ্যাম্বেল, পেপ্সিকে ভোলটাসের শেয়ার বিক্রি করে দিতে হয়েছে। আমি কয়েকটি উদাহরণ তুলে দিলাম, এইরকম আরো অনেক আছে। কোকাকোলা পার্লের সব কিনে নিয়েছে। এইসব তথ্য জানা আপনাদের কথা নয়, এইসব জানতে গেলে পড়াশুনা করতে হবে। এই জায়গায় দাঁড়িয়ে আমরা কি দেখছি? কেন্দ্রীয় সরকার যে অবস্থা তৈরি করেছেন সেটা হচ্ছে, বিদেশিরা আমাদের মঙ্গল করবেন, তারা কারখানা চালাবেন, তারা বেকার সমস্যার সমাধান করবেন। তারা আমাদের দেশকে সুন্দর করে গড়ে দেবেন। তাহলে প্রশ্ন এসে দাঁড়াচ্ছে, আমাদের পার্লামেন্টের মাথায় যে তেরঙ্গা পতাকা উঠছে—যেকোনও দিন ওদের (বিদেশিদের) ডেকে বলবেন, কিংবা পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠের জোরে একটা প্রস্তাব পাস করিয়ে নিয়ে বলবেন, কংগ্রেসিরা স্বাধীনতার লড়াই করে ভুল করেছে, ১৯৪৭ সালে স্বাধীনতা নিয়ে ভুল করেছে, বৃটিশদের সঙ্গে লড়াই করে ভুল করেছন—সেইজন্য ঐ পার্লামেন্টের মাথার উপর থেকে তেরঙ্গা পতাকাটা নামিয়ে ইউনিয়ন জ্যাক তুলে দিলেই ভাল হত—ওরা এইভাবে কথা বলবেন বলে আমার মনে হচ্ছে। পরিস্থিতিকে সেইদিকেই ওরা নিয়ে যাচ্ছেন এবং এটাই বাস্তব দিক। আর একটা কথা আমি জানতে চাই। মাননীয় সদস্য সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় আমাদের পরিকল্পনার আকার নিয়ে কথা বললেন। প্রথম প্রথম পরিকল্পনায় পশ্চিমবঙ্গকে—মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই জন্য বলছি, কোন্ পরিস্থিতিতে এইসব হয়েছে সেটা জানতে গেলে আগে কোন্ অবস্থা ছিল সেটা জানা দরকার। প্রথম পরিকল্পনায় পশ্চিমবঙ্গের আয়তন ছিল ১৫৪ কোটি টাকা। তারপর সেটা কমে হয় ১৪৫ কোটি টাকা। তারপর হয়, আড়াই কোটি টাকা, তারপর সেটা বেড়ে হয় ৩২২ কোটি টাকা। এখানে সুদীপবাবু একটা অসত্য কথা বললেন, এটা নাকি দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার আসার ফলে হয়েছিল। আমি আবার বলছি, ঐ পরিকল্পনা চূড়ান্ত করে গিয়েছিলেন তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রী প্রফুল্লচন্দ্র সেন। সুদীপবাবু এটা না জানতেও পারেন, তবুও আমি তাকে মনে করিয়ে দিচ্ছি, সেই সময় উনি অশোক মেহেতার সঙ্গে কথা বলে ব্যবস্থা করতে পেরেছিলেন। তারপর সুদীপবাবু মহারাষ্ট্রের কথা বলেছেন এবং আবার দেখিয়েছেন গুজরাটের অবস্থা কি ছিল? মহারাষ্ট্র এবং গুজরাজ যুক্তভাবে ২টি রাজ্যের প্রথম পরিকল্পনার আয়তন ছিল ২২৪ কোটি টাকা। সেখানে পশ্চিমবঙ্গের ছিল ১৫৪ কোটি টাকা। দ্বিতীয় পরিকল্পনায় তারা পেলেন ৩৫০ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গের ২৫০ কোটি টাকা। পরবর্তীকালে তারা পেলেন ৬২৫ কোটি টাকা। তারপর যখন আমাদের রাজ্যের পরিকল্পনার আয়তন ৩২২ কোটি টাকা তখন তারা পেলেন ১ হাজার ৩৫৩ কোটি টাকা। এইরকম একটা ব্যতিক্রম অবস্থার মধ্য দিয়ে, বৈষম্যের মধ্য দিয়ে পশ্চিমবাংলার সরকারকে গত ১৭

বছর ধরে চলতে হচ্ছে। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের কথা বলে ওদের আর বাড়তি লজ্জা দিতে চাই না। আমরা জানি, ভারতবর্ষে রপ্তানি ১৯৫১-৫২ সালে ছিল ১ হাজার ৩৭৩ কোটি টাকা। সেটা পরে হয় ১ হাজার ৭২৫ কোটি টাকা। ১৯৬৫-৬৬ সালে ওদের আমলে পশ্চিমবঙ্গে কারখানার সংখ্যা বেড়েছে ২ হাজার ৩৬, সেখানে মহারাষ্ট্রে হয়েছে ২ হাজার ৮৩৫। পরিকল্পিত উন্নয়নে পশ্চিমবঙ্গে ছিল না। উৎপাদনের লক্ষ্যমাত্রা ধীরে ধীরে উঠিয়ে নিয়ে যাওয়া হচ্ছিল বঞ্চনার মধ্য দিয়ে। এই জিনিসগুলি ওদের বুঝতে হবে। আজকে ওরা বোঝেনি বলেই ৪২-তে এসে দাঁড়িয়েছেন। এখনও যদি ওরা এইসব করেন তাহলে পশ্চিমবাংলার জনগণ ওদের এই সংখ্যাকে ধীরে ধীরে মুছে দেবেন। এখানে সুদীপবাবু চিনের কথা, গ্যাট চুক্তির কথা বললেন। প্রকৃত ঘটনা হচ্ছে, চিন গ্যাট থেকে ১৯৪৭ সালে বেরিয়ে এসেছিল। আমরা জানি, চিন এই সময় দাঁড়িয়ে যে কথা বলছে এটা হচেছ তাদের একটা গুরুত্বপূর্ণ সময়। চিনের এখন বাণিজ্য সারপ্লাস ১৩২৭ ইউ. এস. ডলার।

[5-30 — 5-40 p.m.]

সে সময়ে ভারতবর্ষের বাণিজ্য ঘাটতি ৩০৩ বিলিয়ন ইউ. এস. ডলার। এ-অবস্থায় একজন এগিয়ে আসেন, একজন পিছিয়ে যান। এ-ব্যাপারে ওয়ার্ল্ড ডেভেলপমেন্ট রিপোর্ট, ১৯৯৩ যা বেরিয়েছে তাতে দেখতে পাচ্ছি চিন সুবিধাজনক অবস্থায় দাঁড়িয়ে গ্যাট চুক্তিতে সই করতে যদি বাধ্য হয় তাহলে সুফলই তুলবে, কিন্তু ভারতবর্ষ অধঃপাতে যাবে। তৃতীয় বিশ্বের দেশগুলি এভাবে নিজেদের দেশের সর্বনাশ করেছে। তার থেকে শিক্ষা না নিয়ে এরা এই কাজটা করছেন। কংগ্রেসিরা চেঁচাচ্ছেন, কারণ এর বেশি বলা ওদের পক্ষে সম্ভব নয়। ডঃ মনমোহন সিংহ এসেছিলেন, তিনি সাউথ কমিশনের সেক্রেটারি-জেনারেল ছিলেন। তিনি তার রিপোর্টে 'চ্যালেঞ্জ টু দি সাউথ'-এ বলেছিলেন যে, রাষ্ট্রীয়করণ জরুরি। সেদিন তিনি ঐ মত প্রকাশ করেছিলেন, কিন্তু আজকে রাষ্ট্রীয়করণের ব্যাপারে ভিন্ন কথা বলছেন, কিন্তু মত বদলের কারণ তিনি ব্যাখ্যা করেননি। আজকে দেশের শিল্প-বাণিজ্য অসম প্রতিযোগিতার মধ্যে দিয়ে আমরা দেশের উদ্যোগগুলোক যখন ধ্বংস করবার চেষ্টা করা হচ্ছে, ক্ষুদ্র ও কুটির শিল্পের উপর আঘাত আসছে, তখন রাজ্যের অর্থমন্ত্রী তার সীমিত ক্ষমতা দিয়ে সেই আঘাত বাঁচাবার চেষ্টা করছেন। তিনি তার বাজেট ভাষণে পরিষ্কার ভাষায় বলেছেন যে, দেশীয় শিল্পকে সমান প্রতিযোগিতার মধ্যে দাঁড়াতে হবে, অসম প্রতিযোগিতার মধ্যে দাঁড়িয়ে আমরা শিল্পকে বাঁচাতে পারব না। এই জায়গাটা ভুলে যেতে পারেন কংগ্রেসিরা, কিন্তু এ-সম্পর্কে আমাদের প্রাক্তন অর্থমন্ত্রীর একটি কথা মনে পড়ছে। তিনি বলেছিলেন—স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে কে বাঁচিতে চায়। তিনি বলেছিলেন—কেউ যদি বাঁচতে চান তার মধ্যে কংগ্রেসিরা আছেন। আমি দেখেছি, রাজ্যে বাজেটে আমাদের অর্থমন্ত্রী যার উপর কর বসিয়েছেন সেগুলি হল নন-ইলাস্টিক আইটেম, কিন্তু মনমোহন সিং ইলাস্টিক আইটেমের উপর কর বসিয়েছেন। আজকে ওদের বাজেট যদি বিশ্লেষণ করা যায় তাহলে দেখা যাবে যে, তারা নন-ইলাস্টিক আইটেমের উপর কর বসিয়ে দিয়েছেন, কিন্তু ইলাস্টিক আইটেমের উপর কর বসিয়েছেন। আজকে এই এই পরিপ্রেক্ষিতে আমরা রাজ্য বাজেটকে বিচার করব। এখানে কংগ্রেসিরা কোনওদিন একথা বলেননি যে, গোটা দেশের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানগুলির সদর দপ্তর কেন বোম্বেতে হবে? অতীতে আমরা দেখেছি, মহারাষ্ট্রকে ঢালাওভাবে শিল্প-লাইসেন্স দিয়ে দেওয়া

য়েছে। ওরা যদি আমাদের সঙ্গে একমত হয়ে বলতেন যে, আর্থিক প্রতিষ্ঠানগুলি সদর দপ্তর র্বাঞ্চলে হোক, কলকাতায় হোক, খুশি হতাম। সাধারণ মানুষের উপর চাপ বাড়লে ওরা শি হন এবং তারজন্য অ্যাডমিনিস্টার্ড প্রাইস হাইককে ওরা সমর্থন করেন এবং বলেন যে, -ছাড়া উপায় ছিল না ; রাজ্য বাজেটে যদি কিছু রিলিফ দেবার চেষ্টা করা হয় তার বিরুদ্ধে রা কথা বলেন এবং সেক্ষেত্রে বলেন যে, এর দ্বারা জনসাধারণের স্বার্থ সিদ্ধি হবে না। াজকে আমাদের রাজ্যের সামনে একটা পরিষ্কার চ্যালেঞ্জ এসে দাঁড়িয়েছে। আমরা খোলামেলা লতে চাই, আমরা ওদের আর্থিক নীতি, শিল্পনীতির বিরোধী, কিন্তু বিরোধী বলেই তার রোধিতা করি-না, কিভাবে তার মোকাবিলা করতে হয় তার চেষ্টা আমরা করি এবং এটাই চ্ছে একটা দায়িত্বশীল সরকারের কথা। সেই দায়িত্বজ্ঞানের ভিত্তিতেই আজকে ডঃ অসীমকুমার শগুপ্ত তার বাজেট উপস্থিত করেছেন। ইউনিয়ন গভর্নমেন্টের যিনি অর্থমন্ত্রী তিনি আমাদের াজ্যের ফিসকাল ডেফিসিট বাড়িয়ে দিয়েছেন। তিনি যা বলেছিলেন তার চেয়ে অনেক উপরে লে গেছেন, কথা রাখতে পারেননি, ইম্পর্টেন্ট ইন্ডিকেটর হিসাবে যেসব কথা বলেছিলেন ার একটাও মেলেনি এবং তারফলে ভারতবর্ষ সর্বনাশের কিনারায় এসে দাঁড়িয়েছে। সেটা ঝতে পারছেন না বলেই ডাঙ্কেল প্রস্তাবের মধ্যে কি বিপদ লুকিয়ে আছে ধরতে পারছেন া। এসব কথা বিবেচনায় না এনে, তাদের নিজেদের সরকারের প্রকাশিত ইকোনোমিক ার্ভের গুরুত্বপূর্ণ দিকগুলো জানতেন না বলেই এখানে ওদের অহেতুক বামফ্রন্ট সরকারের রোধিতা করতে হয়, অসীম দাশগুপ্ত ও জ্যোতি বসুর বিরোধিতা করতে হয়, রাজ্যের রোধিতা করতে হয়। মানুষ অনেক কিছু ভুলে যাবেন, আপনারা জানেন পৃথিবীর ইতিহাস, ারা ইচ্ছা করেই অনেক কিছু মনে রাখেন না। মির্জাফরের নাম তারা মনে রাখেননি ইচ্ছা রেই। নাসিরুদ্দিন সাহেব, জয়নাল সাহেব যতই আমাদের বিরুদ্ধে চিৎকার করবেন, যতই ামাদের বিরুদ্ধে বলবেন, যতই নরসিমা রাওয়ের হয়ে দাঁড়াবেন, মনমোহন সিংহের হয়ে াড়াবেন, যতই সাধারণ মানুষের বিরুদ্ধে যাবেন, আমাদের স্থির বিশ্বাস যে আগামী দিনে শ্চিমবাংলার মানুষ তাদের সন্তানদের নাম নাসিরুদ্দিন, জয়নাল রাখবেন না। আমরা বিশ্বাস রি পশ্চিমবঙ্গে যে যন্ত্রটা আমাদের শোষণ করছে, আমাদের নিংড়ে নিচ্ছে, তাকে আমরা াল্টে দিতে পারব না, সেই দাবিও আমরা করি না। কারণ সেই শক্তি নিয়ে, সেই ক্ষমতা য়ে আমরা আসিনি। আমরা সাংবিধানিক কাঠামোর মধ্যে আছি, পুঁজিবাদী কাঠামোর মধ্যে াছি, এই কাঠামোর মধ্য দিয়ে সেই যন্ত্রটাকে পাল্টে দিতে পারব না। তবে তার কলকব্জা ামরা ঢিলে করে দিতে পারবো যাতে শোষণ কম হয়। পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার াছে বলে শোষণ হবে, এটা বলতে পারব না। কারণ এই কাঠামোটাই হচ্ছে পুঁজিবাদী াঠামো। এই কাঠামোটাকে আমরা ঢিলে করে দিতে চাই। এই কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর াজেট বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

## 56th Report of the Business Advisory Committee

**Mr. Speaker :** I now present the 56th Report of the Business Advisory Committee as follows :

23.3.94, Wednesday : (i) The Indian Stamp (West Bengal Amendment)

| | | | |
|---|---|---|---|
| | | Bill, 1994 (Introduction, Consideration and Passing) | .. 1 hours |
| | | (ii) General Discussion on Budget | .. 2 hours |
| 29.3.1994, Tuesday | : | (i) The West Bengal Finance Bill, 1994 (introduction, Consideration and Passing) | .. 2 hour |
| | | (ii) The West Bengal Luxury Tax Bill, 1994 (Introduction, Consideration and Passing) | .. 2 hour |
| 30.3.94, Wednesday | : | (i) The West Bengal Appropriation (Vote on Account Bill, 1994 (Introduction, Consideration and Passing) | .. 2 hour |
| | | (ii) The West Bengal Appropriation Bill, 1994 (Introduction, Consideration and Passing) | . 2 hour |
| 31.3.94, Thursday | : | (i) Demand No. 36—Housing Department | .. 2 hour |
| | | Demand No. 49—Animal Resources | |
| | | Demand No. 50—Development Department | .. 2 hour |

I now request the Parliamentary Affairs Minister to move th motion for acceptance of the House.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 56t Report of the Business Advisory Committee, as presented in the House be agreed to.

The motion was then put and agreed to.

**শ্রী যোগেশচন্দ্র বর্মন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪ ৯৫ সালের যে বাজেট বরাদ্দের প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন কর কয়েকটির কথা বলতে চাই। মাননীয় অর্থমন্ত্রী যে আসনটিতে বসে আছেন সেই আসনটি প্রতি পশ্চিমবাংলার অগণিত সাধারণ মানুষ, মেহনতি মানুষের শভেচ্ছা রয়েছে। স্বাভাবি কারণে তার যে বাজেট বরাদ্দ তাতে সাধারণ মানুষ কিছুটা স্বস্তি পাক এবং কিছুটা তাদে উপকার হোক, এটা তিনি চেয়েছেন। এটাতে বিরোধী বন্ধুদের গাত্রোদাহ হয়েছে। দীর্ঘক্ষণ ধ আমি তাদের বক্তব্য শুনেছি। আমাদের এই ভারতবর্ষ হচ্ছে কৃষিপ্রধান দেশ। এখানে ৭ থেকে ৮০ ভাগ মানুষ কৃষির উপরে নির্ভরশীল। পশ্চিমবঙ্গ ছাড়া তারা দেখাক যে আ কোন জায়গায় ভূমি-সংস্কার আন্দোলন সার্থক হয়েছে? আমরা জানি তারা দেখাতে পারে না। কিছুক্ষণ আগে মাননীয় সদস্য বললেন যে এটা নাকি তাদেরই আইন। আইন তৈরি কর সেটা শোকেসে তুলে রাখলে সেটা বাস্তবে কার্যকর হয় না।

[5-40 — 5-51 p.m.]

পশ্চিমবাংলায় বিগত দিনে যুক্তফ্রন্ট সরকার এবং এখনকার বামফ্রন্ট সরকার এখ এখানকার ভূস্বামিদের কাছ থেকে জমি কেড়ে নিয়ে সাধারণ মানুষ এবং গরিব মানুষদের মধ্যে

বিলি-বন্টন করেছে, ভূমিহীনদের ভূমি দিয়েছে। তাই আজকে কৃষিতে এত সাফল্য। আজকে কংগ্রেস শাসিত যে সমস্ত রাজ্য আছে সেখানে কেন এই আইন চালু হল না? নাসিরুদ্দিন সাহেব এবং শৈলজাবাবু জবাব দেবেন কি? কেন আজকে অন্ধ্রপ্রদেশে, উত্তরপ্রদেশে এবং রাজস্থানে এক-একজন ভূস্বামী হাজার হাজার বিঘার মালিক, তারা কেন সেখানে জমিদার হয়ে প্রজা শাসন করছে? কিছুদিন আগে এখানে কাঁসিরামের মিটিং হয়ে গেল দেখলাম, সেই মিটিং-এ ভারতবর্ষের অন্যান্য জায়গা থেকে প্রচুর লোক এসেছিল, গতকাল এখানে আর একটা মিটিং হয়ে গেল, সেখানেও বেশ কিছু লোক এসেছিল। আমরা দেখলাম সেই লোকগুলোর কি অসহায় অবস্থা, গায়ে কোনও জামা নেই, তারা অত্যন্ত দীন-দরিদ্র জন মজুর। আমাদের পশ্চিমবাংলার লোকেদের এই রকম চেহারা নয়? এই অবস্থা আছে কংগ্রেস এবং বি. জে. পি. শাসিত রাজ্যে। কাজেই ওদের মুখে মানায় না যে ওরা এই ভূমি সংস্কার আইন করেছেন। আর একটা ব্যাপার আমাদের মনে আঘাত করে তাদের বক্তব্যের মাধ্যমে। তারা বলছেন, বহুজাতিক সংস্থাগুলোকে উদার আমদানি নীতির মাধ্যমে স্বাগত জানাচ্ছি। ডাঙ্কেল প্রস্তাব কার্যকর করার একটা একটা পদক্ষেপ। এই বহু জাতিক সংস্থা উন্নত দেশ থেকে আসে। ভারতবর্ষের মতো অর্ধ উন্নত দেশে এখানকার মাঝারি শিল্প এবং ছোট শিল্প তাদের সঙ্গে প্রতিযোগিতায় পেরে উঠবে না। সেই ব্রিটিশ আমলে একই ঘটনা ঘটেছে। যাদের সামান্য ইতিহাসের জ্ঞান আছে তারা জানে যে তাদের মিল থেকে যে মিহি কাপড় আসত সেই মিহি কাপড় আসার ফলে আমাদের দেশীয় তাঁত শিল্প নষ্ট হয়ে গিয়েছিল। সেই সময় পুঁজিবাদী কারবার স্থানীয় বাজারকে দখল করে ফেলেছিল। স্বাধীনতার পর আজকে বাণিজ্যিক চুক্তি অনুযায়ী তারা দেশ দখল করতে চায় না, বাজার অর্থনীতি দখল করে নেয় এবং তাদের একটা পেটোয়া সরকার তৈরি করে দেয় যাতে তাদের লাভ আরও বেশি করে হয়। আমরা সেই সার্বভৌমত্বের কথা বলছি। কিন্তু তারা এটা বুঝেও বুঝতে পারছেন না। তার-স্বরে তারা বলছেন সার্বভৌমত্ব কমিউনিস্টদের কাছে শিখব না। আমাদের স্বাধীনতা ল্যাটিন আমেরিকার দেশগুলির মতো হয়ে যাবে। আপনারা গ্যাট চুক্তির প্রশস্তি গাইছেন, গ্যাট চুক্তি সই হবার আগে সারে ভর্তুকি, ঔষধে ভর্তুকি এইগুলো কোথায় গেল? চড় চড় করে দাম বেড়ে গেল কেন? তারফলে পশ্চিমবাংলার ক্ষুদ্র এবং প্রান্তিক চাষিদের আজকে অসহায় অবস্থা। আজকে পশ্চিমবাংলায় যা ক্ষুদ্র এবং প্রান্তিক চাষী আছে ভারতবর্ষের অন্য জায়গায় তা নেই। কারণ সেখানে ভূমিসংস্কার হয়নি। এর ফলে তাদের যতটা না ক্ষতি, পশ্চিমবাংলার ক্ষতি বেশি হয়েছে। তাই মাননীয় অর্থমন্ত্রী বিক্রয় কর ছাড়ের মধ্যে দিয়ে যতটা ছাড় দেওয়া সম্ভব ততটা ছাড় দিয়ে পশ্চিমবাংলায় কৃষিজীবী মানুষের উপকার করার চেষ্টা করেছেন এই বিষয়ে কোনও সন্দেহ নেই। এটা প্রশংসার যোগ্য। আপনারা এখানে ক্ষমতা বিকেন্দ্রীকরণের কথা বলছেন। কিন্তু আমরা যা দেখছি কংগ্রেস শাসিত কোনও রাজ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়েছে এটা আমাদের জানা নেই। শায়ত্ত শাসনের মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে ক্ষমতা পৌঁছে দেওয়ার অভিযান পশ্চিমবাংলা ছাড়া আর কোথায় আছে?

তাই বলছিলাম যে পশ্চিমবাংলার অগণিত মানুষ, খেটে খাওয়া মানুষের শুভেচ্ছা নিয়ে বারে বারে এই বামফ্রন্ট সরকার এই পবিত্র সভায় আসীন। এতে আপনারা যতই চিৎকার করুন না কেন—কিছুক্ষণ আগে মাননীয় সদস্য মিরজাফরের সুরে বলেছিলেন, সেই মিরজাফরের সারিতে আপনাদের দাঁড়াতে হবে। যতবার বলবেন, ততবারই দাঁড়াতে হবে। এখানে জওহরলাল

নেহেরুর কথা বলছিলেন উনি। জওহরলাল নেহেরুর যে নিরপেক্ষ নীতি ছিল, আজকে মনমোহন সিংহের কংগ্রেসের, নরসিমা রাওয়ের মধ্যে কি তা আছে? ভারতবর্ষের শিল্পায়নের ক্ষেত্রে আমরা যতটুকু দাঁড়িয়েছি, আমরা লক্ষ্য করেছি যে তা সম্ভব হয়েছিল রাশিয়ার সহযোগিতায়। ওরা বলছেন, কোথায় গেল রাশিয়ার সহযোগিতা। ওরা বলছেন, কোথায় গেল রাশিয়া। ওখানে এখন কুখ্যাত জাররা এসেছে। আর এতে এখানে ওরা অট্টহাসি হাসছেন। কাজেই, আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট বরাদ্দ পেশ করেছেন ১৯৯৪-৯৫ সালের জন্য, তাকে সমর্থন জানিয়ে আমার ক্ষুদ্র বক্তব্য এখানেই শেষ করছি।

**শ্রী ব্রহ্মময় নন্দ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী, ডঃ অসীমকুমার দাশগুপ্ত গত ১৭ই মার্চ ১৯৯৪-৯৫ সালের যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি পরিপূর্ণভাবে সমর্থন করছি। স্যার, সাধারণ মানুষের প্রতি মাননীয় অর্থমন্ত্রীর অসীম ভালবাসা এই বাজেটে আমরা দেখতে পেয়েছি। কারণ এই বাজেট বিকল্প অর্থনৈতিক নীতির বাজেট এবং এই বাজেটে কৃষিজাত ক্ষেত্রে গ্রামোন্নয়ন, সেচ, বন্যা নিয়ন্ত্রণ, নগর উন্নয়ন, পানীয় জল, শিক্ষা-সংস্কৃতি, জনস্বাস্থ্য এই সমস্ত খাতে ব্যয়-বরাদ্দ বাড়িয়েছেন। সাধারণ মানুষের দিকে তাকিয়ে তিনি এগুলো করেছেন। কারণ বড়লোকদের ব্যবহৃত জিনিসপত্রের দাম কেন্দ্রীয় সরকার কমিয়েছেন, আর সাধারণ মানুষ নিত্য যা ব্যবহার করে, সেইসব জিনিসপত্রের দাম কমিয়েছেন রাজ্য সরকার। ওষুধ, কাগজপত্র, বেবিফুড, ছাতা, ব্যাটারি, দেশলাই এইসব জিনিসের দাম রাজ্য বাজেটে কমানো হয়েছে। সুতরাং এই বাজেটকে আমাদের অভিনন্দন জানাতে হবে। আমরা দেখছি, এই রাজ্য বন সৃজনে নোবেল পুরস্কারের তুল্য আন্তর্জাতিক সম্মান লাভ করেছে। মৎস্যচাষ, খাদ্যশস্য উৎপাদনে প্রথম স্থান অধিকার করেছে। লক্ষ লক্ষ নিরক্ষর মানুষকে সাক্ষরিত করার কৃতিত্ব অর্জন করেছে এই রাজ্যের সরকার। এইসব সত্ত্বেও এই রাজ্যের কংগ্রেসিরা বস্ত্র, শিক্ষা এবং গঠনমূলক যে কর্মসূচি তাকে বাঞ্চাল করবার জন্য তৎপর হয়েছে। পরিকল্পনা খাতে বাজেটের ৫৯ শতাংশ অর্থ ব্যয় করা হবে জেলায় এবং ব্লক স্তরে, এটা আমরা দেখলাম। গত তিন বছর ধরে বিকেন্দ্রীকরণের যে নীতি চলছে, তাতে রাজ্যের উন্নয়ন তরান্বিত হয়েছে। রাজ্যস্তরে স্বনির্ভরতার উপরে সবচেয়ে বেশি জোর দেওয়া হয়েছে এই বাজেটে। কেন্দ্রীয় সরকার যেখানে সাধারণ মানুষের উপর করের বোঝা বেশি করে চাপাচ্ছেন, রাজ্য সরকার তার সীমাবদ্ধ ক্ষমতার মধ্যেও সেই কর কিছুটা ছেড়ে দিয়েছেন। কেন্দ্রীয় সরকার চলছে বিশ্বব্যাঙ্কের নির্দেশে সাধারণ মানুষকে উপেক্ষা করে।

আর অন্যদিকে এই রাজ্য সরকার সাধারণ মানুষকে সেবা করার ব্রতি নিয়ে এগিয়ে চলেছে। সেখানে কেন্দ্রীয় সরকার মানুষের স্বাধীনতাকে কেড়ে নিতে চাইছে এবং দেশকে পরাধীনতার দিকে এগিয়ে নিয়ে গিয়ে দেশের অমর্যাদা করছেন। আমরা জানি আমাদের দেশের স্বাধীনতার শেষ সূর্য পলাশির প্রান্তরে হেরে যায় এবং সেই জায়গাতে শেঠ মিরজাফরের দল ভারতবর্ষের ঐতিহ্যকে দুমড়ে মুচড়ে ফেলে ভারতবর্ষকে পরের হাতে তুলে দেবার চেষ্টা করেছিল। ভারতবর্ষের মানুষ তাদের কোনওদিনই ক্ষমা করবে না, ঠিক সেই রকম এত দিনের স্বাধীন ভারতবর্ষকে কেন্দ্রীয় সরকার বিদেশি রাষ্ট্রের কাছে বিকিয়ে দিতে চলেছেন, এখনও ভারতবর্ষের মানুষ ক্ষমা করবে না এই কথা বলে এই বাজেটকে সর্বান্তকরণে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 5-51 p.m. till 11-00 Hours on Wednesday, the 23rd March, 1994, at the Assembly House, Calcutta

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Wednesday, the 23rd March, 1994 at 11.00 a.m.

### P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 10 Ministers, 6 Ministers of State and 107 Members.

[11-00 — 11-10 a.m.]

### Starred Questions
### (to which oral answers were given)

**প্রাথমিক স্তরে ইংরাজী পুনঃ প্রচলন ঃ**

*৩০৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৯) শ্রী আব্দুল মান্নান ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) প্রাথমিক স্তরে পুনরায় ইংরাজি শিক্ষা-ব্যবস্থা চালু করার কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, কোন বছর এবং কোন শ্রেণী থেকে উক্ত ব্যবস্থা চালু হবে বলে আশা করা যায় ; এবং

(গ) (ক) প্রশ্নের উত্তর 'না' হলে—রাজ্যে বেসরকারি যে-সমস্ত শিক্ষাপ্রতিষ্ঠানে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা চালু আছে সেগুলি বন্ধের জন্য কোনও ব্যবস্থা সরকারি তরফে নেওয়া হবে কিনা?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ**

ডঃ মিত্র কমিশন পঞ্চম শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর সুপারিশ করেছেন। ব্যাপারটি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

**প্রাথমিক স্তরে ইংরাজির পুনঃপ্রচলন**

*৩১০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৬) শ্রী দেবপ্রসাদ সরকার ঃ শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানোর কোনও পরিকল্পনা রাজ্য সরকারের আছে কিনা;

(খ) থাকলে,

(১) কোন বছর থেকে এই পরিকল্পনা কার্যকর করা হবে বলে আশা করা যায়, এবং

(২) বিদ্যালয়ের প্রাথমিক স্তরে ঠিক কোন শ্রেণী থেকে ইংরাজি পড়ানো হবে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** ডঃ মিত্র কমিশন পঞ্চম শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর সুপারিশ করেছেন। ব্যাপারটি বর্তমানে রাজ্য সরকারের বিবেচনাধীন।

**শ্রী আব্দুল মান্নানঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে মিত্র কমিশন সুপারিশ করেছে এবং রাজ্য সরকারের সেটা বিবেচনাধীন। আমি 'গ' প্রশ্নের মধ্যে বলেছি, রাজ্যে বেসরকারি যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষা চালু আছে সেইগুলি বন্ধের জন্য কোনও ব্যবস্থা সরকারি তরফে নেওয়া হবে কিনা? এর উত্তরে আপনি কি বোঝাতে চাইছেন এটা বিবেচনাধীন নন গভর্নমেন্ট যে সমস্ত প্রাইমারি স্কুল আছে সেটা বন্ধ করার ব্যাপারে সরকার কোনও ব্যবস্থা নিচ্ছেন কিনা, তাহলে কি সেটাও বিবেচনাধীন।

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** যেগুলি এখন চালু আছে, সেইগুলির সম্পর্কে আমরা যখন নতুন করে নিয়ম নীতি ঠিক করব তখন প্রযোজ্য হবে। যা চলছে তাকে বন্ধ করতে এখনও কিছু ঠিক করা হয়নি, যখন নতুন নিয়ম নীতি ঠিক হবে তখন ভাবা হবে।

**শ্রী আব্দুল মান্নানঃ** আমাদের এখানে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু করাব কথা বলা হয়েছে, কিন্তু কিছু প্রাইমারি স্কুলে ইংরাজি শেখানো হচ্ছে, অথচ সরকারি স্কুলগুলিতে শেখানো হচ্ছে না, এতে একশ্রেণীর কিছু লোক সুযোগ পাচ্ছে, এই বঞ্চনার যাতে প্রতিকার হয় তার জন্য বলেছিলাম আপনি সমস্ত স্কুলগুলিতে এটা চালু করুন, যতদিন না নতুন নীতি চালু করতে পারছেন ততদিন এই সমস্ত প্রাইমারি স্কুলগুলিতে ইংরাজি পড়ানো বন্ধ করবেন কিনা জানাবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি একটু স্পষ্ট করে জানাই মাতৃভাষার মাধ্যমে শিক্ষা, আর ইংরাজি কোন ক্লাস থেকে চালু হবে, দুটো সম্পূর্ণ বিপরীত। আমাদের মাতৃভাষার মাধ্যমে শিক্ষা ব্যবস্থা চালু আছে, তার সঙ্গে ইংরাজি কোন ক্লাশ থেকে থাকবে সেটা সম্পর্ক যুক্ত নয়। ইংরাজি ভাষা কোন ক্লাশ থেকে চালু হবে সেটার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকার কোঠারী কমিশনের সিদ্ধান্ত অনুযায়ী করেছে ৪।৫টি রাজ্য ছেড়ে দিলে ভারতবর্ষের ৩১টি রাজ্যে ইংরাজি না রেখে মাতৃভাষার উপরে জোর দেওয়া হয়েছে। ইংরাজি ভাষা হিসাবে আছে আমাদের রাজ্যে ৬ষ্ঠ শ্রেণী থেকে। যাদের মাতৃভাষা ইংরাজি অ্যাংলো ইন্ডিয়ান তারা কিন্তু ক্লাশ ওয়ান থেকে শিখে আসে। এই ব্যাপারে দুইটি বিষয়কে একসঙ্গে গুলিয়ে ফেললে হবে না।

**শ্রী আব্দুল মান্নানঃ** মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, আমাদের মুখ্যমন্ত্রী সংবাদপত্রে তার বিবৃতি দিলেন যে প্রাথমিক স্তর থেকে ইংরাজি চালু করার ক্ষেত্রে তিনি তার

অভিমত প্রকাশ করেছেন। মুখ্যমন্ত্রীর এই বিবৃতি আমরা সংবাদপত্রে দেখেছি এবং সমস্ত সংবাদপত্রেই সেটা বেরিয়েছে। তাহলে সরকার কবে নাগাদ প্রাথমিক স্তর থেকে ইংরাজি চালু করবেন, এটা বলবেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মাননীয় মুখ্যমন্ত্রী যে কথা বলেছে এবং যেটা সংবাদপত্রে বেরিয়েছে তা অশোক মিত্র কমিশনের সুপারিশকে ভিত্তি করে এবং বিধানসভায় কবে নাগাদ তা চালু করা হবে সেটা বিধানসভায় জানিয়েই করা হবে।

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি রাজ্যের মুখ্যমন্ত্রী একাধিকবার দিল্লিতে অ্যাকাদেমি উদ্বোধন করতে গিয়ে খুব স্পষ্ঠ ভাষাতে বলেছেন আমরা প্রাথমিক স্তর থেকে ইংরাজি তুলে দিয়েছিলাম। কিন্তু দেখা যাচ্ছে রাজ্যের জনগণ এক রকম চাইবে, আর আমরা এক রকম ভাবব সেটা চলতে পারে না। তাই প্রাথমিক স্তর থেকে ইংরাজি পুনঃপ্রবর্তন করার কথা বলেছেন আপনার কাছে আমার জিজ্ঞাস্য স্পেসিফিকভাবে যে বলুন, সরকারের এই বিবেচনাধীনটা কোন পর্যায়ে। এটা কি কারেক্ট ডিসকাশন হয়েছে বা এটার জন্যকোনও কমিটি করা হয়েছে। এটা কোন পর্যায়ে বিবেচনাধীন এবং কত দিনের মধ্যে এই সম্পর্কে সরকারের নীতি ঘোষিত হবে।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** এক নম্বর কথা হচ্ছে মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন এবং উনি উল্লেখ করেছেন যে কিছু মানুষের অভিমত এবং এছাড়া অশোক মিত্রর সুপারিশও আছে এবং হিসাব অনুযায়ী শিক্ষা দপ্তরই ব্যাপারটা পর্যালোচনা করবেন। তবে যখন কার্যকর করা হবে তখন সেটা ক্যাবিনেটে এবং বিধানসভায় উল্লেখ করা হবে। আমি মাননীয় বিধানসভার সদস্যদের আশ্বস্ত করতে চাই সরকার নিশ্চয় চেষ্টা করছেন। তবে আমরা চেষ্টা করছি এই বাজেট সেশনের ভেতরেই বিধানসভায় যাতে এটা রাখা যায়।

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমার জিজ্ঞাস্য এই প্রাথমিক স্তরে ইংরাজি তুলে দেওয়ার ফলে পঠন-পাঠনের যে সিদ্ধান্ত নিয়েছিল সরকার তার ফলে ১৫-১৬ বছর ধরে রাজ্যের ছাত্র-ছাত্রীদের মাসুল দিতে হচ্ছে। এই জন্যই মাধ্যমিকের রেজাল্ট খারাপ হয়। এই যে সরকারের ভ্রান্ত ভাষানীতি এর জন্য ছাত্র-ছাত্রীদের মাসুল দিতে হচ্ছে। এটা কি ঠিক।

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায়ঃ** মাননীয় সদস্যর এটা রাজনৈতিক মতামত এবং এটা মুষ্ঠিমেয় ব্যক্তির মতো। এর দ্বারা পশ্চিমবাংলার জনমত প্রতিফলিত হয় না। এই ভাষা নীতি চালু করার পর বহু নির্বাচন হয়ে গেছে এবং এই নির্বাচনের মাধ্যমে মানুষ তার মতামত জানানোর সুযোগ পেয়েছে। এখন পরিস্থিতি অনুযায়ী সরকার তার নীতি পুনর্বিবেচনা করবে। এই বিষয়ে কোনও ক্ষতি হয়েছে বলে মনে করি না।

[11-10 – 11-20 a.m.]

**শ্রী দেবপ্রসাদ সরকারঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে অশোক মিত্র কমিশনের যে সুপারিশ এই প্রাথমিক স্তরে ইংরাজি পড়ানোর ব্যাপারে তাতে অশোক মিত্র কমিশন বলেছেন

যে, ৫-ম শ্রেণী থেকে ইংরাজি পড়ানোর কথা। মাননীয় মন্ত্রী মহাশয় যেটা পুনর্বিবেচ করবেন বলেছেন যে ক্ষেত্রে আমার জিজ্ঞাস্য, ৫-ম শ্রেণী থেকে যদি ইংরাজি পড়ানোর ক চিন্তা করেন তাহলে ইংলিশ মিডিয়াম স্কুলে যারা পড়বে বা যাদের টাকা পয়সা আছে তা একেবারে নিচের ক্লাশ থেকে ইংরাজি পড়ার ফলে সেখানে বৈষম্যটা থেকে যাবে। সুতর ৫-ম শ্রেণী থেকে না করে একেবারে প্রাথমিক স্তরের গোড়া থেকে ইংরাজি পড়ানোর কথা পুনর্বিবেচনা করবেন কিনা মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** আমি একথাই বলতে চাই, যা সুপারিশ আছে তা হচ্ছে লারি ইংলিশের সঙ্গে সামঞ্জস্য রেখে। যদি কিছু করতে হয় তাহলে যে সুপারিশ তারা করেছে সেই অভিমতকে মনে রেখেই এটা করব। মাননীয় সদস্য তাতে সন্তুষ্ট হতে না পারে আমাদের কিছু করবার আছে বলে মনে করি না।

**শ্রী প্রভঞ্জন মন্ডলঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন, মে মাস থেকে নতুন সেশ শুরু হবে। অশোক মিত্র কমিশনের যে সুপারিশ সেটা ইন টো টো গভর্নমেন্ট গ্রহণ করবে কিনা সেটা গভর্নমেন্টের বিচার্য বিষয় কিন্তু যেটা গ্রহণ করবেন উইথ রিগার্ড টু ইংলিশ—ক্লা ফাইভ থেকে যদি হয় তাহলে সেই ঘোষণাটা মে মাসের আগেই করবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** মাননীয় সদস্যের পরামর্শ অবশ্যই আমরা স্মরণে রাখব।

**শ্রী নারায়ণ মুখার্জিঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, ইংরাজি যেহেতু দ্বিতীয় ভাষ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ, এই দ্বিতীয় ভাষা প্রাথমিক পর্যায় থেকে শিক্ষা করা বা শিক্ষা দেওয়া এ কি আপনার মতে বৈজ্ঞানিক পদ্ধতি, এতে কি বৈজ্ঞানিক যুক্তি আছে? অর্থাৎ আমি জানতে চাই, প্রাথমিক স্কুল থেকে এই দ্বিতীয় ভাষা শিক্ষা দেওয়া—এর ভেতরে কি কোনও বিজ্ঞা আছে, কোনও যুক্তি আছে? আপনি এ বিষয়ে কি মনে করেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** এটা তো আমার মনে করার উপর নির্ভর করেনি। বিশি শিক্ষাবিদ যারা, বিশেষ করে আমি উল্লেখ করছি, কোঠারী কমিশনে উল্লেখ করা ছিল যে আমাদের মতোন অনুন্নত দেশে মাতৃভাষার মাধ্যমে শিক্ষা দেওয়া উচিত। তারপর, একটা স্টেজে ওঠার পর দ্বিতীয় ভাষাকে সামনের সারিতে আনা উচিত যাতে অতি অল্প সময়ের মধ্যে তারা সেই ভাষাটা শিখতে সক্ষম হয়। সেটাই ভারতবর্ষে গ্রহণ করা হয়েছে।

**শ্রী শৈলজাকুমার দাসঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ইংরাজিটা কোন ক্লাশ থেকে শুরু হবে সেটা সরকারের বিবেচনাধীন। আগামী মে মাসের মধ্যে এ বিষয়ে তারা সিদ্ধান্ত গ্রহণ করবেন। আমি জানতে চাই, প্রাথমিক পর্যায়ে চতুর্থ শ্রেণীতে পরীক্ষা পদ্ধতি তুলে দিয়ে মূল্যায়ন পদ্ধতি যেটা চালু হয়েছিল সেখানে পুনরায় পরীক্ষা চালু করবেন কিনা সুস্পষ্টভাবে সেটা জানাবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** মাননীয় সদস্য যদি ভুল করে ফেলেন তাহলে আমার কিছু করার নেই। মূল্যায়ন পদ্ধতিটা হচ্ছে পরীক্ষা পদ্ধতি। কোঠারী কমিশনের যে সুপারিশ তা যদি আপনারা দেখেন এবং প্রাক্তন প্রধানমন্ত্রী শ্রী রাজীব গান্ধীর যে নিউ এডুকেশন পলিসি,

অর্জুন সিং মহাশয়ের যে নতুন এডুকেশন পলিসি, অ্যাকশন প্লান তাতে বলা হচ্ছে যে প্রাথমিক স্তরে পাশ, ফেল—নো ডিটেনশন। যেটা করা হয়েছে সেটা হচ্ছে নো ডিটেনশন—পাশ, ফেল নেই। পরীক্ষা পদ্ধতি আছে এবং সেটার অপর নাম হচ্ছে মূল্যায়ন। আর যদি বলেন পাশ, ফেল আর মূল্যায়ন এক—সেটার সঙ্গে অনেকেই একমত নন। অতএব মূল্যায়ন পরীক্ষা আছে। পরীক্ষা চলছে।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** আমার প্রশ্ন, পশ্চিমবঙ্গে বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ইংরাজি প্রাথমিক স্তর থেকে পড়ানো হয়, তার সংখ্যা কত?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** সরকার অনুমোদিত যে সমস্ত প্রতিষ্ঠান আগে থেকে হয়ে আছে, তার সংখ্যা জানতে হলে নোটিশ দেবেন বলে দেব। তবে প্রাইভেটে যেটা করছে, সেটা হচ্ছে ফান্ডামেন্টাল রাইট, বাড়িতে বসে ইংরাজি পড়ালে সেটা তাদের ফান্ডামেন্টাল রাইট এর মধ্যে পড়ে।

**শ্রী আবদুস সালাম মুন্সী ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় গতকাল এই বিধানসভাতে মাননীয় সদস্য শীশ মহম্মদ সাহেব এবারের মাধ্যমিকের ইংরাজি প্রশ্ন নিয়ে এসে এখানে বললেন যে এই প্রশ্নোত্তর করা বিশেষ করে গ্রাম বাংলার ছাত্রছাত্রীদের পক্ষে কঠিন হয়েছে। অতএব মাধ্যমিকের ইংরাজি পড়াটা ক্লাশ সিক্স থেকে নয়, প্রাথমিক স্তর থেকে এটা যেন আরম্ভ হয়। আপনি একটু আগে বললেন পঞ্চম শ্রেণী থেকে চালু করার ব্যাপারে বিবেচনাধীন আছে। সুতরাং তৃতীয় শ্রেণী থেকে ইংরাজি শিক্ষা চালু করবার সিদ্ধান্ত নেবেন কি?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** শীশ মহম্মদ যেটা বলেছেন, তাতে ইংরাজি প্রশ্ন পত্রের চার নং প্রশ্ন যেটা আছে সেটা সম্পর্কে বলেছেন, এটা টেক্সট বুকের মধ্যে আছে, এবং তার উত্তরও ওখানে দেওয়া আছে। লিখিত উত্তরও ওর মধ্যে আছে। এই নিয়ে বলা যায় না যে কোয়েশ্চেন খারাপ হয়েছে। আরও অন্য মত এসেছে যে প্রশ্ন পত্র ভাল হয়েছে। শীশ মহম্মদ সাহেব উনার একটা ভুল মত সেটা এখানে ব্যক্ত করেছেন। আমি আরও বিকল্প দিতে পারি, ছাত্রছাত্রীরা জাতীয় ক্ষেত্রে আরও কৃতিত্ব দেখাতে পেরেছে।

**শ্রী শক্তিপ্রসাদ বল্ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি, প্রাথমিক স্তর থেকে গত ১৫ বছর ইংরাজি তুলে দেবার পরে, আমাদের রাজ্যের প্রতিযোগিতামলূক কোনও পরীক্ষাতে আমাদের রাজ্যের ছাত্রছাত্রীরা কী পিছিয়ে গেছে, যার জন্য পুনরায় ইংরাজি প্রবর্তনের কথা ভাবা হচ্ছে?

**শ্রী অচিন্ত্যকৃষ্ণ রায় ঃ** এটা কোনও বিচার্য নয়, আমাদের যেখানে নানা নজির আসছে, তাতে দেখতে পাচ্ছি, এন. সি. আর. টি. তারা মাধ্যমিক পরীক্ষার বিভিন্ন বোর্ডগুলোর সমীক্ষা করেছেন, তাতে দেখা গেছে পশ্চিমবাংলার ছাত্রছাত্রীরা উন্নতির দিকে রয়েছে। এটা প্রমাণিত যে আমাদের মাধ্যমিক শিক্ষা উন্নতির দিকে গেছে।

[11-20 – 11-30 a.m.]

**ডাঃ মোতাহার হোসেন ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন আপনাদের শিক্ষা নীতি

গৃহীত হবার পর থেকে রাজ্যে শিক্ষার মানের উন্নতি হচ্ছে। আপনি কি জানাবেন আপনাদের এই শিক্ষা নীতি চালু হবার পর থেকে এ রাজ্য থেকে কত জন আই. এ. এস. এবং কতজন আই. পি. এস. হয়েছেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** গত বছর একজন বাঙালি মহিলা আই. এ. এস. পরীক্ষায় ফার্স্ট হয়েছেন। মাননীয় সদস্যকে আমি অনুরোধ করছি, একটা জিনিস তাকিয়ে দেখবেন—আমাদের ছাত্র-ছাত্রীরা বর্তমানে বেশি সংখ্যায় জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা দিচ্ছে এবং খড়গপুর সহ দেশের বিভিন্ন আই. আই. টি.-তে আমাদের রাজ্যের বাংলা মিডিয়ামে পড়া ছাত্র-ছাত্রীরা বেশি সংখ্যায় লেখাপড়া করছে এবং বহু ছাত্রছাত্রী বিদেশেও লেখাপড়া করতে যাচ্ছে। আগে আই. এ. এস., আই. পি. এস. লুক্রেটিভ জব ছিল। এখন আই. এ. এস., আই. পি. এস. ছাড়াও অন্যান্য ক্ষেত্র প্রস্তুত হয়েছে। তা ছাড়া আমাদের শিক্ষা নীতি চালু হবার পর যে সমস্ত ছাত্র-ছাত্রীরা শিক্ষা গ্রহণ করতে শুরু করেছেন তাঁদের এখনও আই. এ. এস., আই. পি. এস. পরীক্ষায় বসার সময় হয়নি। সুতরাং মাননীয় সদস্য যে ধারণাটা পোষণ করছেন তা ঠিক নয়।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষঃ** অতীতে মাধ্যমিক স্তরে যখন ইংরাজি শিক্ষা চালু ছিল তখন প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণী থেকে যে সংখ্যক ছাত্র-ছাত্রী ড্রপ আউট হ'ত বর্তমানে তা বেড়েছে, না কমেছে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** সারা ভারতবর্ষে ড্রপ আউটের যা ফিগার, আমাদের পশ্চিমবাংলায়ও সেই একই ফিগার। এর কারণ আর্থ-সামাজিক। শিক্ষা ব্যবস্থার সঙ্গে এর বিশেষ কোনও সম্পর্ক নেই। তবে আমরা দেখছি বর্তমানে আপনাদের রাজ্যে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির সংখ্যা, এনরোলমেন্ট প্রতি বছরই ক্রমাগত বাড়ছে।

**শ্রী প্রশান্তকুমার প্রধানঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, এ রাজ্যে নতুন সিলেবাস চালু হবার পরে যাঁরা লেখাপড়া শিখতে শুরু করেছেন তাঁদের এখনও ২২ বছর বয়স হয়নি। কিন্তু সিলেবাস চালু হবার পর থেকে যে ছাত্র-ছাত্রীরা লেখাপড়া শিখতে শুরু করেছেন তাঁরা এখন পর্যন্ত যে সমস্ত স্তরে লেখাপড়া করছেন সেই সমস্ত স্তর পর্যন্ত আমাদের রাজ্যে শিক্ষার কতটা উন্নতি হয়েছে? অতীতে যখন ইংরাজি চালু ছিল প্রাথমিক স্তরে তখনকার অবস্থা থেকে বর্তমানের অবস্থার মধ্যে কোনও উন্নতি ঘটেছে কি? এবিষয়ে আপনার কাছে কোনও স্ট্যাটিসটিক্স আছে কি? যদি থাকে তাহলে সেটা হাউসে সার্কুলেট করবেন কি বা কোনও বিবৃতি দেবেন কি? বর্তমানে ৬ষ্ঠ শ্রেণী থেকে ইংরাজি শিক্ষা চালু করার পর বাংলা ভাষার মাধ্যমে শিক্ষাদানের মধ্যে দিয়ে শিক্ষার অগ্রগতি কতটা হয়েছে এবং আগে অবস্থাটা কি ছিল, সেই স্ট্যাটিস্টিক্সটা আমাদের জানাবেন কি?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায়ঃ** আমি ইতিপূর্বেই বলেছি যে, এবিষয়ে আপনারা যদি কোনও নোটিশ দেন তাহলে হোম (পার্সোনাল) ডিপার্টমেন্টের মাধ্যমে খোঁজ নিয়ে আমি আপনাদের জানাতে পারব। কেন্দ্রীয় সরকার এই পরিসংখ্যানটা সংগ্রহ করেন, তাঁদের কাছ থেকে আমাদের জানতে হবে।

**শ্রী পদ্মনিধি ধর :** মাননীয় মন্ত্রী মহাশয়, এটা কি সত্য যে, বিশ্বকবি রবীন্দ্রনাথ তাঁর শিক্ষা প্রবন্ধ মালা'য় 'শিক্ষার সাঙ্গীকরণ' প্রবন্ধে ৫ম শ্রেণীর পর থেকে দ্বিতীয় ভাষা চালু রার কথা বলেছেন এবং গান্ধীজি তাঁর 'নৈতালীয়'-এ ৬ষ্ঠ শ্রেণী থেকে দ্বিতীয় ভাষা চালুর থা বলেছেন?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় :** মাননীয় সদস্য সঠিক কথাই বলেছেন। আমাদের বিরোধী সদস্যগণ, শেষ করে যাঁরা কংগ্রেসি বেঞ্চে আছেন তাঁরা গান্ধীজির এ' কথাটা একটু পড়ে দেখলে পকৃত হবেন।

**শ্রী নাজমুল হক :** বর্তমানে ভারতবর্ষের ক'টি রাজ্যে প্রাথমিক স্তরে ইংরাজি শিক্ষাদানের বস্থা চালু আছে?

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় :** এখন আমি দিতে পারছি না, তবে একটু আগে বললাম, ৩১টি ছাট বড় রাজ্যের মধ্যে ৫।৬টি রাজ্যে মাত্র চালু আছে। এগুলি হচ্ছে, মিশনারীরা সাধারণত লু করেছিল ভারতবর্ষের পূর্বাঞ্চলে। বড় বড় রাজ্যগুলির সবকটিতেই ফোর ফাইভ কিম্বা ক্স থেকে চালু আছে।

*৩০৫। হেল্ড ওভার

## সরকারে ন্যস্ত জমির পরিমাণ

*৩০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০০৮) **শ্রী অতীশচন্দ্র সিন্‌হা :** নগর উন্নয়ন বিভাগের ারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ আর্থিক বছরে আরবান ল্যান্ড সিলিং অ্যাক্ট অনুযায়ী ত জমি রাজ্য সরকারে ন্যস্ত হয়েছে ;

(খ) এই অ্যাক্ট কার্যকর করতে সরকার কি কোনও অসুবিধার সম্মুখীন হচ্ছেন ;

(গ) হলে, তা কি কি ; এবং

(ঘ) তা দূর করবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :**

(ক) ১৯৯০-'৯১ আর্থিক বছরে ৫০,৯৯০.৯৯ বর্গমিটার ও ১৯৯২-'৯৩ আর্থিক ছরে ৪০,৮১৯.৪৪ বর্গমিটার জমি আরবান ল্যান্ড (সিলিং এবং রেগুলেশন) অ্যাক্ট, ১৯৭৬ নুযায়ী সরকারের ন্যস্ত হয়েছে।

(খ) আরবান ল্যান্ড (সিলিং এবং রেগুলেশন) অ্যাক্ট, ১৯৭৬ কার্যকর করতে সরকারের নেকগুলি বিষয়ে অসুবিধার সম্মুখীন হতে হচ্ছে। যথা,

(১) বেশ কিছু ব্যক্তি আছেন তাঁরা যথাসময়ে রিটার্ন জমা দেননি। কেউ স্বতঃপ্রবৃত্ত হয়ে

রিটার্ন জমা না দিলে সরকারের পক্ষে সেই ব্যক্তির উদ্বৃত জমির সন্ধান করা ও উদ্ধার করা খুবই কঠিন হয়ে ওঠে।

(২) জমি অধিগ্রহণের বিষয়টি বিভিন্ন স্তরের মধ্য দিয়ে যায়। অনেক ব্যক্তি বিভিন্ন স্তরের পরেই আদালতের শরণাপন্ন হন। অধিগ্রহণ বিলম্বিত হয়।

(৩) আইনের বিভিন্ন ধারা ও উপধারা লঙ্ঘনের শাস্তির বিশেষ কোনও গুরুদণ্ডের ব্যবস্থা নেই। সুতরাং বহু ব্যক্তি আইনভঙ্গ করেন।

(৪) বহু অভিজ্ঞতার মধ্য দিয়ে দেখা গিয়েছে ১৯৭৬ সনের এই আইন বিনা সংশোধনে কার্যকর করা দুঃসাধ্য।

এই সকল অসুবিধা বিবেচনা করে কেন্দ্রীয় সরকার ও বিভিন্ন রাজ্য সরকার এই আইন সংশোধনের জন্য নানা প্রস্তাব দিয়েছে। কিন্তু পঃ বঙ্গ সরকার বিশ্বাস করে স্থানীয় সমস্যাগুলির বিচার করে এই বিষয়ে রাজ্য আইন প্রণয়ন সমীচীন। রাজ্য সরকার সেই মর্মে কেন্দ্রীয় সরকারের কাছে প্রস্তাব রেখেছে।

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** এই যে প্রস্তাবগুলি, যে অসুবিধাগুলির কথা বললেন সেই অসুবিধাগুলি দূর করবার জন্য নির্দিষ্ট কি কি প্রস্তাব কেন্দ্রীয় সরকারের কাছে পাঠানো হয়েছে যাতে আরবান ল্যান্ড সিলিং অ্যাক্টের পরিবর্তন সাধন করা যায়?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** অনেকগুলি প্রস্তাব আছে। এক এক করে বলছি। প্রথমত হচ্ছে, একটা হচ্ছে, যেটার আরবানের অ্যাগলোমারেশনের রি-ডেফিনেশন গ্রহণ করছি—(২) আমরা মনে করছি, মাকসিমাম লিমিট অফ কমপেনসেশনের যে অ্যামাউন্ট হবে সেটার কিছুটা লিবারাইজ করা দরকার বটে, এগুলি ওদের সঙ্গে আমরা সহমত হয়েই বলছি। এ ছাড়া আমরা বলেছি, যেখানে সিক্ ইন্ডাস্ট্রিয়াল ইউনিট আছে সেগুলির ক্ষেত্রে দৃষ্টিভঙ্গি নিতে যাতে সেগুলি নিয়ে পুনর্বিবেচনা করা যায়। এছাড়া বলেছি, যখন আলোচনা পরে হয়েছে, শাস্তির যে বিষয়টা আছে সেটা মূলত শাস্তি নয়, ম্যালাফাইডি ডিক্লেয়ার করা যায়। এটা নিয়ে কথাবার্তা বলেছি এবং চেষ্টা করতে বলেছি শাস্তির দন্ডটা বেশি করতে হবে। চতুর্থত, মহামান্য হাইকোর্টের কাছে কতকগুলি মামলা আটকে আছে। এখানে আমরা যেমন ট্রাইব্যুনাল আরবান ল্যান্ড সিলিং-এ করেছি, সেইরকম আর একটা ট্রাইব্যুনাল গঠন করার প্রস্তাব রেখেছি। সর্বশেষে বলেছি, গত জুন মাস থেকে শুরু হয়েছে, আইনের ৬ ধারা অনুযায়ী রিটার্ন দাখিল করার পর সমস্ত বিষয়ে প্রথমে ভেসটিং, পরে পজেশন, তারপর ডিসট্রিবিউশন কার্যগুলি হয়। সরকার নিজের উদ্যোগি হয়ে কলকাতা, ব্যারাকপুর এবং আলিপুর এলাকায় পজিশন রাস্তার ধারে অতিরিক্ত রেভেনিউ অফিসারের পোস্ট সৃষ্টি করে—গত জুন-জুলাই থেকে এই কাজ শুরু করেছে। নিজেরা উদ্যোগী হয়ে খুঁজে বার করতে শুরু করেছি।

[11-30 – 11-40 a.m.]

এটা আমরা কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি, এটাই হচ্ছে মূল।

**সিন্‌হা ঃ** আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি যে এ পর্যন্ত ডান [illegible] া স্বত:প্রণোদিত হয়ে রিটার্ন দাখিল করে সেগুলি ওঁরা গ্রহণ করেন। শেষ কালে বললেন যে রাস্তা ধরে জমিগুলো দেখার চেষ্টা করছেন। আমার স্পেসিফিক প্রশ্ন এ পর্যন্ত কতগুলি রিটার্ন দাখিল হয়েছে কতগুলি শেষপর্যন্ত ফাইনালি ডিসপোস অফ হয়েছে। আমার কাছে তথ্য আছে একেই রিটার্ন কম দাখিল হয়েছে এবং রিটার্ন আটকাবার জন্য এটাকে বাই পাশ করার জন্য রিটার্ন দেয়নি, যারা রিটার্ন দিয়েছেন সেই রিটার্নগুলি আপনার দপ্তরে পড়ে রয়েছে ফাইনালাইজ হচ্ছে না, এই রকম আপনাদের হিসাব অনুযায়ী কতগুলি দরখাস্ত ডিসপোজড হয়ে ফাইনাল হয়েছে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমার কাছে যে যে তথ্যগুলি আছে আমি আপনার কাছে দিচ্ছি। এই পর্যন্ত রিটার্ন জমা পড়েছে ৩২৪৬৮, আরও কিছু জমা পড়তে পারে। আমরা যে কাজটা শুরু করেছি আরও অন্তত ৬ মাস গেলে তবে আপনাকে জানাতে পারব। কিন্তু ডিসপোজ করা গেছে কেস নম্বর দিতে পারব না, তবে জমির আয়তন বলছি। তার থেকে আমাদের সমস্যা যেটা হয়েছে তার উত্তর দিচ্ছি। ভেস্টিং যেটা সম্ভব হয়েছে আপনি জানেন বিভিন্ন স্তরের মধ্যে গিয়ে সেটা ১৭ লক্ষ ৯৫ হাজার স্কোয়ার মিটারের মতো। ফাইনাল হওয়ার পরে পজেশন নেওয়া গেছে তার স্তর ৭ লক্ষ ৩ হাজার স্কোয়ার মিটার। কোথায় কোথায় আছে এর মধ্যে সেটা বলতে পারি। মাননীয় অতীশ সিন্‌হা মহাশয় অবগত আছেন ৬ ধারায় একটা অ্যাগ্রোমারেশন মধ্যে জমি থাকে, ৭ ধারার মধ্যে একাধিক অ্যাগ্রোমারেশনের মধ্যে থাকে, এটা দেওয়ার পরে ৮ ধারা অনুযায়ী ড্রাফ্‌ট স্টেটমেন্ট করা হয়। এক মাসের মধ্যে অবজেকশন এবং অবজেকশনের হিয়ারিং এর জন্য ১২ জন কমপিটেন্ট অথরিটি আছেন। কলকাতা ছাড়া এঁরা এস. ডি. ও. লাইনের হন, কলকাতায় ল্যান্ডস রেকর্ডিং লেবেলে ডেপুটি ডিরেক্টার আছেন, এখানে একটু দেরি হয়, ৯ ধারা অনুযায়ী ফাইনালাইজ করা যখন হচ্ছে তখন অ্যাপীল করতে পারবেন। অ্যাপীলের অথরিটি আছে ১০(ক) অনুযায়ী নোটিফিকেশন করার পরে এখানে আমাদের যে দেরিটা হয়, কারণ এটার পরে মহামান্য হাইকোর্টে যেতে পারেন। আমাদের সবচেয়ে বেশি কেস মহামান্য হাইকোর্টের কাছে ৫৭২টি পেনডিং আছে। অ্যাপীল সমস্ত ৯২৭টি পেনডিং প্রায় ১০ লক্ষ স্কোয়ার মিটার এ' ব্যাপারে আটকে আছে। এরপর আমি পরিষ্কারভাবে পজেশন দেওয়ার পরেও কোনও কোনও ক্ষেত্রে ডিসট্রিবিউশন এর একটু অসুবিধা হচ্ছে। আমরা সাধারণত মেট্রো রেলকে পজেশন দিই, কর্পোরেশন, মিউনিসিপ্যালিটিগুলিকে দিই, নির্দিষ্ট স্কীম হচ্ছে কিনা দেখা দরকার। এই প্রক্রিয়া চলছে।

**শ্রী নাসিরুদ্দীন খান ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে হিসাবটা দিলেন এই হিসাব আমি চাইছি না। আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট যা আছে তাতে সমগ্র ভারতবর্ষে কলকাতা, দিল্লি, বোম্বাই এবং মাদ্রাজ এই নিয়ে ৫টা টোটাল শহরের ভিতরে—আমরা যা জানি—একজন মানুষ ৭ কাটার বেশি জমি রাখতে পারেন না। ভেস্টেড ল্যান্ডের এই বিশাল ব্যাপারটা যদি রিটার্ন দেবার সদিচ্ছা কারও না থাকে তাহলে কি করে এই জমি উদ্ধার করা যাবে সে সম্বন্ধে একটু বলবেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি একটু সংশোধন করে দিচ্ছি, এটা সাড়ে সাতকাঠার মতো দাঁড়ায়। এর আবার চারটি ক্যাটাগরি অফ অ্যাগ্লোমারেশন ডেফিনেশন আছে। এটা কলকাতা এবং মহানগরীগুলির ক্ষেত্রে, দুর্গাপুরে আর একটু বেশি আছে। তবে গত জুন জুলাই থেকে কাজটা শুরু হলেও ৬ ধারা অনুযায়ী রিটার্নটা সবাই স্বতঃপ্রণোদিত হয়ে দেবেন এটা হবে না, কারণ এতে শাস্তির বিধান বেশি কিছু নেই ; যা আছে সেটাও যথেষ্ট নয়, যা আছে সেটা ম্যালাফাইড হিসাবে আছে। তাই আমরা বিকল্প হিসাবটা করছি, তিনটি জায়গায়—কলকাতা, আলিপুর এবং ব্যারাকপুরে রেভিনিউ অফিসার নিয়োগ করে রাস্তা ধরে ধরে ইনস্পেকশন এনকোয়ারী করে তাদের রিপোর্ট দাখিল করতে বলেছি। এইজন্য আমাকে ছয় মাস সময় দিন, তারপর কি করেছি সেটা বলতে পারব।

**ডাঃ মোতাহার হোসেন ঃ** পশ্চিমবঙ্গে ভূমি-সংস্কারের যে সাফল্য দাবি করেন আরবান ল্যান্ড সিলিং-এর ক্ষেত্রে সেটা করা যাচ্ছে না কেন, গাফিলতিটা কোথায়, ভূমি সংস্কারের ফলে ভেস্টেড ল্যান্ডের সঙ্গে এর সামঞ্জস্য নেই কেন, আরবান ল্যান্ড সিলিং-এর ক্ষেত্রে তৎপরতা নেই কেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** দুটি আইন কিন্তু ভিন্নরকম। এই আইনটা একটা স্পনটিনিটির উপর ছেড়ে দেওয়া ছিল। এটা কেন্দ্রীয় আইন আপনারা অবগত আছেন। আমরা সেটা পরিবর্তন করবার কথা ভাবছি। আমরা মনে করছি যাতে ট্যাক্স ট্রাইব্যুনাল করা যায়। আমার কথা হচ্ছে, ১০(ক) ধারা অনুযায়ী নোটিফাই করবার পর অনেকে মহামান্য হাইকোর্টে চলে যাচ্ছেন। কিন্তু মহামান্য হাইকোর্টের চাপ বেশি, সেক্ষেত্রে একটা স্টেট ট্যাক্স ট্রাইব্যুনাল করে যদি কেসগুলি ডিসপোজ অফ্ করা যায় তাহলে অন্তত ১০ লক্ষ বর্গমিটার জমি পাওয়া যাবে। কিন্তু রাস্তা ধরে ধরে ডাইরেক্ট অ্যাকশনের ক্ষেত্রে সাধারণ মানুষকেও যুক্ত করতে হবে। তা থেকে যদি নিম্নবিত্ত মানুষের বাড়ি করব এইরকম কর্মসূচি নিয়ে এগিয়ে চলি তাহলে জিনিসটা একটা জায়গায় যাবে। আমরা সেই জায়গায় যাবার চেষ্টা করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী সবটাই অ্যান্টিসিপেটরি ফিউচার কোর্স অফ অ্যাকশনের কথা বলেছেন। আজকে আরবান ল্যান্ড সিলিং অ্যাক্টের ৫০০-র মতো কেস মহামান্য হাইকোর্টে রয়েছে এবং গ্রামাঞ্চলে ভূমি সংস্কারের ক্ষেত্রে ১.৫ লক্ষ কেস ঝুলে আছে। আমার প্রশ্ন, ১৭ বছরের স্প্যান অফ লাইফ অফ দিস গভর্নমেন্ট আরবান ল্যান্ড সিলিং ইমপ্লিমেন্টেশনের ক্ষেত্রে এত শিথিল গতিতে এগিয়েছেন কেন ; হোয়াট আর দি রিজনস্ বিহাইন্ড ইট?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমার উত্তরটা কিন্তু আমি ফিউচার টেন্সে দিইনি, পাস্ট পারফেক্ট টেন্সে দিয়েছি। আমি জানি না, এটা অন্য রাজ্যগুলি শুরু করেছেন কিনা, তবে এই কাজটা আমরা ১৯৯৩ জুন থেকে শুরু করেছি এবং এখন মহামান্য হাইকোর্ট থেকে ল্যান্ড ট্রাইব্যুনালের মধ্যে আনতে চেয়েছি। দুটোই কিন্তু পাস্ট পারফেক্ট।

**শ্রী প্রভঞ্জন মন্ডল ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, ১০(১) এবং ১০(২)-এতে একবার নিয়ে তারপরে ভেস্টেংয়ের ক্ষেত্রে অসুবিধা কোথায় হচ্ছে? অর্থাৎ ১০(১) অ্যাপলিকেশন হল, তারপরে ১০(২) করতে গিয়ে অসুবিধা কোথায় হচ্ছে জানাবেন কি?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** ১০(১) করার পরে, আমার কাছে কলকাতার কেস হিস্ট্রি আছে, সবচেয়ে বেশি সংখ্যক মানুষ হাইকোর্টে যাচ্ছেন। আর আমার কাছে তথ্য আছে, নাসিরুদ্দিন সাহেব চেয়েছিলেন ভারতবর্ষের অন্যান্য মেট্রোপলিটন শহরের, কিছু মনে করবেন না। আমরা হিসাব নিয়েছি, তুলনামূলকভাবে আর কোনও পদক্ষেপ নেওয়া হয়নি। সারা ভারতবর্ষে প্রথম আমরা ডাইরেক্ট অ্যাকশন শুরু করেছি।

**শ্রী সৌগত রায় ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় যে জবাব দিয়েছেন তাতে উনি ১৯৯১-৯২ সাল, এই দুটির হিসাব দিয়েছেন যে ৫০ হাজার বর্গ মিটার, হিসাব করলে ৩৭ বিঘার মতো হয়, সেই জমি ভেস্ট হয়েছে। এখানে দেখা যাচ্ছে যে প্রাকটিক্যালি আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্টের কোনও এফেক্ট নেই। কলকাতায় প্রোমোটাররা যে বাড়ি করছে সবই একজিস্টিং স্ট্রাকচারে আছে। দোতলা বাড়ি ভেঙ্গে সেই জায়গায় মাল্টি স্টোরিড বাড়ি করছে। আপনার আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট তাদের উপরে অ্যাপলিকেশন করতে পারছেন না। আর এই যে জমি ভেস্ট হল, ৩৭ বিঘা জমি, আপনি কোনও হিসাব দিতে পারেন যে এগুলি সরকারের কি কাজে লেগেছে? হোয়াট ইজ দি রেজাল্ট দ্যাট পিপল আর গেটিং আউট অব দিস ইমপ্লিমেন্টেশন অব দিস অ্যাক্ট?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমার একটা হিসাব আছে, এটা কলকাতা কর্পোরেশন এবং বোধ হয় ৭টা মিউনিসিপ্যালিটি এবং কতকগুলি শিক্ষায়তনকে দেওয়া হয়েছে। আপনি যদি চান আমি সেটা পরে দিয়ে দিতে পারি। আমি এটা লে করে দেব।

**শ্রী সৌগত রায় ঃ** আপনার একজামশন ত্রুটিপূর্ণ আপনি যাদের একজামশন দেন সেটা কিসের ভিত্তিতে দেন? যেখানে যেখানে ভেস্টেড জমি দিয়েছেন যেমন চ্যাপলিন পার্ক, বালিগঞ্জে সেটা নিয়ে ভীষণ গন্ডগোল হয়েছে, লোকাল লোকেরা আপত্তি করেছেন। এই লিস্ট করে আপনি বছরে বছরে বিধানসভায় রাখছেন না কেন?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চ্যাপলিন পার্কের প্রশ্ন এখানে আসছে কেন আমি বুঝতে পারছি না। সেখানে তো কোনও একজাম্পশন দেওয়া হয়নি।

**শ্রী সৌগত রায় ঃ** চ্যাপলিন পার্কে একজাম্পশন দেওয়া হয়নি, সেখানে পাঠভবন স্কুলকে দেওয়া হয়নি, তারা বাড়ি করছে না?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** এই তথ্য আমার কাছে নেই। আমরা যা যা করেছি তার লিস্ট দেওয়া হয়েছে। আর যেটা প্রোমোটারের সঙ্গে যুক্ত করে বললেন, সেটা অন্য কোনও রাজ্যে করেনি। টাউন অ্যান্ড কান্ট্রি প্ল্যানিং অ্যাক্ট অনুযায়ী এই ডেভেলপমেন্ট রেগুলেশন রুলস্, সেটা আপনারা জানেন। কলকাতা-হাওড়া বাদ দিয়ে সব জায়গায় ১৪.৫ মিটারের বেশি কোনও বাড়ি তুলতে দেওয়া যাবে না, কোনও পুকুর বোজানো যাবে না। কলকাতার উপরে ও. পি. ডিটা হয়ে গেছে, তারপরে এগুলি থেমে যাবে। হাওড়ায় এই ডেভেলপমেন্ট রেগুলেশন রুল্স অনুযায়ী করা উচিত বলে হাওড়ার মেয়র আমাদের জানিয়েছেন। এটা করলে হাওড়াকে থামাতে পারব। কিন্তু তার সঙ্গে আর্বান ল্যান্ড সিলিং-এর যোগাযোগ নেই এবং ঐ ঘটনা ঠিক নয়।

**শ্রী সৌগত রায় ঃ** আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্টে কি আছে? যদি কোনও বড় জমি থাকে সাড়ে সাত কাঠার উপরে তাহলে সেটা সরকার ভেস্ট করবে এবং সরকারের অনুমতি ছাড়া সেখানে কোনও বিল্ডিং অ্যাকটিভিটিজ হবে না। এখন ধরুন ১০।১৫ কাঠার উপরে একটা বাড়ি আছে প্রোমোটাররা খালি জমি না কিনে সেইবাড়ি শুদ্ধ জমিটা কিনল। তারপরে সেইবাড়িটা ভেঙ্গে দিয়ে তার উপরে বিল্ডিং করল। আপনার প্রেজেন্ট যে ল' আছে তাতে এটাকে রেসকিউ করার কোনও উপায় নেই এবং কলকাতায় সমস্ত পুরানো বাড়ি কিনে প্রোমোটাররা সেগুলি ভেঙ্গে ফেলে সেখানে বড় বাড়ি করছে। সেখানে আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্ট অ্যাপলাই করছে না।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি আবার বলছি, যেখানে আর্বান ল্যান্ড সিলিং অ্যাক্টের ৬ ধারা অনুযায়ী কেউ রিটার্ন দাখিল করেননি, পুরানো বাড়ি ছিল, সেটা ভেঙ্গে হাই রাইস করেছেন, দুই ধরনের আইন তাদের উপরে জারি করা যায়। একটা হচ্ছে, আর্বান ল্যান্ড সিলিং রেগুলেশন রুল্‌সে করা যায় এবং তার জন্য স্ট্রীটওয়াইজ ইনকোয়ারি শুরু করেছি।

**শ্রী সৌগত রায় ঃ** পুরানো বাড়ি ভেঙ্গে করছে, একটা কেসও কলকাতায় হয়নি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একথা বলছি যে সারা ভারতবর্ষের মধ্যে আমরা প্রথম শুরু করেছি। আমরা এনকোয়ারীর ভিত্তিতে এটা করছি। ৬ মাসের মধ্যে কি হয়েছে আমরা জানাব।

সব চেয়ে বেশি পেয়েছে মেট্রো প্রোজেক্টে এখানে আমি দেখতে পাচ্ছি নর্থ ব্যারাকপুর।

**মিঃ স্পিকার ঃ** এটা আপনি টেবিলে লে করে দেবেন।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কলকাতায় সাড়ে সাত কাঠার বেশি জমি রাখা যাবে না, তাহলে সেটা ল্যান্ড সিলিং অ্যাক্টের মধ্যে পড়ে যাবে। পশ্চিমবাংলায় আপনি নতুন করে আসানসোল, শিলিগুড়ি এবং চন্দননগরকে কর্পোরেশন বলে ঘোষণা করেছেন।। এই সমস্ত এলাকায় এখন বহু খালি জমি পড়ে আছে। আমার প্রশ্ন হল এখানেও কি সাড়ে সাত কাঠার বেশি জমি রাখতে পারবে না? যদি না পারে তাহলে কত জমি এই সমস্ত এলাকায় সরকারের হাতে ভেস্ট হবে?

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** আমি যেটা বললাম সেটা শুধু কলকাতার জন্য। এই এলাকাগুলির সিলিং কলকাতার চেয়ে বেশি। আমার কাছে জেলাওয়ারি হিসাব আছে। আমার হাতের কাছে দুর্গাপুর এবং আসানসোল আছে। দুর্গাপুরে হচ্ছে ১ লক্ষ ৪০ হাজার একর এবং আসানসোলে ৮০ হাজার একর।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** পশ্চিমবাংলায় যে ধরনের ভূমিসংস্কার আইন চালু হয়েছে, এখানে যে ভাবে ভূমিহীনদের মধ্যে জমি বন্টন করা হয়েছে এইরকম ভারতবর্ষের মধ্যে অন্য কোনও রাজ্যে বা বিশেষ করে কংগ্রেস শাসিত রাজ্যে এইভাবে ভূমিসংস্কার হয়েছে কিনা বলবেন কি?

**মিঃ স্পিকার ঃ** এই প্রশ্ন ওঠে না।

**কলকাতায় লেদার কমপ্লেক্স**

*৩০৭। (অনুমোদিত প্রশ্ন নং *৫০৯) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) কলকাতায় লেদার কমপ্লেক্স গড়ে তোলার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, কোথায় ; এবং

(গ) এ ব্যাপারে কি পদক্ষেপ নেওয়া হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ**

(ক) এবং (খ) কলকাতায় নয়, তবে কলকাতার উপকণ্ঠে দক্ষিণ ২৪ পরগনা জেলার ভাঙ্গড় ১ নং ব্লকে কড়াইডাঙ্গা ভাতিপোতা ও গঙ্গাপুর মৌজায় লেদার কমপ্লেক্স গড়ে তোলার পরিকল্পনা সরকার রূপায়িত করতে চায়।

(গ) এই ব্যাপারে প্রয়োজনীয় জমির পরিমাণ ১০০০ একরের মতো এবং তন্মধ্যে ৫২৫ একরের মতো রায়তি জমি অধিগ্রহণ করা হয়েছে।

জমি ভরাট, রাস্তা নির্মাণ, বিদ্যুতের ব্যবস্থা, জলের ব্যবস্থা, কমন এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ করা হবে। প্রকল্পের স্থলের জমি ভরাট, রাস্তাঘাট ও বিদ্যুতের ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরগুলির সঙ্গে কথাবার্তা চলছে। ট্যানারি শিল্পের প্রতিনিধি ও রাজ্য সরকারের যৌথ উদ্যোগে একটা সংস্থা গঠন করার চেষ্টা করা হচ্ছে।

জাপান, বিশ্বব্যাঙ্ক, ডাচসংস্থা ইউরোপীয়ান ইকনমিক কমিউনিটি প্রভৃতি সংস্থার সাথে সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা হচ্ছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ১ হাজার একর জমি নিয়ে এই কমপ্লেক্স হবে। তার মধ্যে রায়তি জমি ৫২৫ একর অধিগ্রহণ করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি বাকি জমি সরকারি খাস জমি নিয়ে এই প্রকল্প তৈরি করবেন? আমি জানতে চাই এই কাজ কবে নাগাদ শুরু হবে?

[11-50 – 12-00 Noon]

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা খাস জমি। আগামী বছর থেকে পুরোপুরি কাজ শুরু হবে। এখন প্রাথমিক কাজ শুরু করা হয়েছে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, এই প্রকল্প বাবদ কত টাকা লাগবে, এবং কি ধরনের ব্যয় হবে, সেই অর্থ রাজ্য সরকারের কাছ থেকে, না অন্য কোনও উৎস থেকে আসবে বলবেন কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** যে সমস্ত ট্যানারি আছে, এগুলোকে আমরা তিনভাগে ভাগ করে করব বলে ঠিক করেছি। প্রথমত যে সমস্ত ট্যানারি আছে, তাদের জন্য প্রায় ২০০ কোটি টাকা দরকার হবে।

**শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল এবং বলেছিল যে, বর্তমানে যে এলাকায় ট্যানারিগুলো আছে সেগুলো পরিবেশ দূষণ করছে, সেজন্য নির্দিষ্ট সময়ের মধ্যে সেখানে বিকল্প লেদার কমপ্লেক্স গড়ে তুলতে হবে। সেই নির্দিষ্ট সময়সীমা চলে গেছে কিনা না গিয়ে থাকলে কবে তা চলে যাবে এবং আপনি কী ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** সুপ্রিম কোর্ট কোনও নির্দিষ্ট সময়ের কথা বলেননি, দ্রুত গড়ে তুলতে বলেছেন। সুপ্রিম কোর্টে আমরা এফিডেভিট করে জানিয়েছি যে এটা করতে গেলে চার বছর সময় লাগবে এবং টাকা পয়সা যদি পাওয়া যায় তবেই চার বছরে হতে পারে।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কমপ্লেক্স গড়তে গিয়ে যে সমস্ত মানুষ স্থানচ্যুত হয়েছে, তাদের পুনর্বাসনের জন্য ভাবনা-চিন্তা করছেন কিনা, এবং আপনি কী পদক্ষেপ নিয়েছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** ওখানে যে রায়ত জমি, আমরা তাদের বিকল্প ব্যবস্থা করে বাড়িঘড় করে দেব। আর যাদের জমি যাবে তাদের পরিবার থেকে আগামী দিনে যাতে কাজ পায় তার ব্যবস্থা আমরা করব।

**শ্রী অঞ্জন চ্যাটার্জি ঃ** মাননীয় মন্ত্রী মহোদয় বললেন যে এই গোটা কমপ্লেক্সটা রচনার ক্ষেত্রে দুটি ভাগে মোট ২৯৫ কোটি টাকা লাগবে। এই অর্থের সংস্থান কিভাবে হবে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** আমি আগেই বলেছি যে যৌথ উদ্যোগে এটি করার কথা ভাবা হচ্ছে। এই যে দু কোটি টাকা, এটি ব্যক্তি মালিকদের কাছ থেকে পাওয়া যাবে, আর আমরা আশা করছি, ভারত সরকার এবং বিভিন্ন বিদেশি সংস্থার কাছ থেকে বিভিন্ন গ্রান্টস্ এবং কম সুদে, সুবিধাজনক সুদে টাকা পাওয়া যাবে।

**শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ** এই যে প্রকল্প রয়েছে ট্যানারি ইন্ডাস্ট্রিকে নিয়ে যাবার জন্য এতে একজিস্টিং যারা তারা যাবে। কিন্তু নতুন মডার্ন ট্যানারি তৈরি করার জন্য আপনার জায়গা আছে কিনা? সেই সঙ্গে সঙ্গে রিসার্চ এবং ডেভেলপমেন্টের জন্য আপনি কি ব্যবস্থা নিচ্ছেন?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এখন আমরা যে প্রকল্প করছি, পুরনো যেগুলো আছে, সেগুলোকে প্রথম পর্যায়ে ওখানে স্থান দেওয়া হবে এবং নতুন যে ট্যানারি হবে, সেগুলো আধুনিক ট্যানারি হবে। প্রথম পর্যায় শেষ হলে আমরা দ্বিতীয় পর্যায়ে যাঁরা নতুন ট্যানারি করতে চান তাঁদের সুযোগ দেব। আধুনিক পদ্ধতিতে সেই কাজটা করতে হবে।

আর অ্যান্ড ডি ইত্যাদিতে সমস্ত রকমের কমপ্লেক্স ইন্ডাস্ট্রি থাকবে। আর অ্যান্ড ডি সেন্টারে কেমিক্যাল ইন্ডাস্ট্রি থাকবে, গারমেন্ট ইন্ডাস্ট্রি থাকবে একটা বিরাট কমপ্লেক্স এর মধ্যে

থাকবে।

**শ্রী সুন্দর হাজরা ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, এই কমপ্লেক্স শেষ হলে কতজন লোকের কাজ হবে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এই কমপ্লেক্স শেষ হলে ৮০ হাজার লোকের কাজ হবে।

**শ্রী সৌগত রায় ঃ** এটা ঠিকই হলদিয়ার মতোই অবস্থা। মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে ৮০ হাজার লোকের কাজ হবে। এখানে একজিসটিং যারা আছে ট্যানারিতে তাদের আগে কাজ হবে শিফ্ট হিসাবে কিছু এমপ্লয়মেন্ট হতে পারে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই যে এই যে ট্যানারি বানতলাতে প্রতিষ্ঠিত করা হবে তারজন্য কি ইটালি সরকারের সঙ্গে কোনও কথাবার্তা হয়েছে কেননা ইটালী সরকার লেদার গুড্সে খুবই অ্যাডভান্স। সুতরাং তাদের সঙ্গে কি টেকনিক্যাল টার্মস অ্যান্ড ফিনান্সিয়াল টার্মসে কথা হয়েছে?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এখানে যে ট্যানারি করা হচ্ছে এতে এটা ছাড়া আরও অনেকগুলো কারখানা করা হবে। কেমিক্যাল ইন্ডাস্ট্রি, গারমেন্ট ইন্ডাস্ট্রি, সু ইন্ডাস্ট্রি ইত্যাদি হবে। এতে সব মিলিয়ে ৮০ হাজার লোকের কর্মসংস্থান হবে এবং ডাইরেক্ট কর্মসংস্থান হবে। ইটালি সংস্থা এসেছে তাদের সঙ্গে কথাবার্তা চলছে। এখনও কোনও একটা চূড়ান্ত পর্যায়ে যায় নি। ইটালি গভর্নমেন্টের সঙ্গে কথাবার্তা চলছে এবং প্রাইভেট অরগ্যানাইজেশনের সঙ্গেও কথাবার্তা চলছে।

**শ্রী আব্দুল করিম চৌধুরি ঃ** বেলডাঙ্গাতে যে ক্ষুদ্র শিল্প গড়ার জন্য একটা জায়গা একোয়ার করেছিলেন সেই জায়গার কী অবস্থা জানাবেন কি?

**মিঃ স্পিকার ঃ** নট অ্যালাউড।

**শ্রী আবুল হাসনাৎ খান ঃ** এই লেদের কমপ্লেক্স গড়ে ওঠার জন্য আগামী দিনে লেদারের বিরাট ডেভেলপমেন্ট হবে, এই ধরনের কমপ্লেক্স কি সারা ভারতবর্ষের মধ্যে এটি প্রথম এখানে গড়ে উঠছে কি?

**শ্রী প্রবীর সেনগুপ্ত ঃ** এটা ভারতবর্ষের মধ্যে শুধু প্রথম নয় বিদেশ থেকে যে সমস্ত সংস্থা এসেছে তাদের সঙ্গে কথা বলেছি, তারা বলেছেন পৃথিবীর মধ্যে এত বড় ধরনের কেমিক্যাল কমপ্লেক্স আর কোথাও হয় নাই।

## উপজাতি সম্প্রদায়ের পরিচয়পত্র

***৩০৯।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩৩) **শ্রী সুভাষ নস্কর ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে বর্তমানে 'মাহাতো' পদবীধারী উপজাতি সম্প্রদায়ের মানুষ পরিচয়পত্র (সার্টিফিকেট) পাওয়া থেকে বঞ্চিত হচ্ছেন ; এবং

(খ) সত্যি হলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন/করেছেন?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ**

(ক) এ রাজ্যে 'পদবী' ভিত্তিতে তফসিলি জাতি বা আদিবাসী পরিচয়পত্র প্রদান করা হয় না। কারণ পদবী দ্বারা জাতি সূচিত হয় না।

(খ) প্রশ্ন ওঠে না।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয় ঠিকই বলেছেন যে মাহাতো পদবী ধারী ইতিপূর্বে তফসিলি উপজাতির মধ্যে পড়ত অর্থাৎ তাদের সাবকাস্ট মুন্ডা ওরাং এদের আগে পরিচিতি দেওয়া হত। কিন্তু এখন সেই ধরনের কোনও ক্ল্যারিফিকেশন না করে মাহাতো পদবীর ক্ষেত্রে পরিচিত দেওয়া বন্ধ করে দিয়েছেন। সেখানে মাহাতো পদবী ধারী মুন্ডা, ওরাংদের ক্ষেত্রে যদি পরিচয় পত্র দেওয়া হয় তাহলে মাহাতোদের ক্ষেত্রে এটা বন্ধ করা হল কেন জানাবেন কি?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সার্টিফিকেটের জন্য যখন তদরখাস্ত করে তখন ঠিক পদবী কিনা, তখন সে কোনও ট্রাইব, কাস্ট বিলং করে সেটা তারা লিখেছেন, কেউ যদি মুন্ডা, ওঁরাও লিখে থাকেন এবং তৎকালীন অফিসার বিশ্বাস করে থাকেন সেটা তিনি দিয়েছেন, সেটা বিভ্রান্তি হয়েছে। কাজেই এখন যারা দরখাস্ত করছেন তারা নির্দিষ্টভাবে ট্রাইব ও কাস্ট এর নাম লিখছেন এবং বর্তমানে যারা তদন্ত করে তারা যদি দেখে যে কাস্ট বলে দাবি করছেন সেই কাস্টের লোক সেটায় অ্যাপ্লিকান্ট নয়, সেই ক্ষেত্রে তাকে দেওয়া হচ্ছে না।

**শ্রী সুভাষ নস্কর ঃ** মাননীয় মন্ত্রী মহাশয়, আমরা জানি এই পরিচয়পত্র পেতে হলে প্যাটার্নাল সাইড সম্পর্কে অর্থাৎ পিতৃপুরুষের পরিচয় দিয়ে পেতে হয়। ইতিপূর্বে যারা এই ধরনের লোকেরা সার্টিফিকেট পেয়েছেন তাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হবে কিনা?

**শ্রী দীনেশচন্দ্র ডাকুয়া ঃ** সাধারণত পূর্ব পুরুষের সার্টিফিকেট তদন্ত করতে সাহায্য করে, পূর্ব-পুরুষের সার্টিফিকে এ যদি ভুল থাকে সেটা গ্রহণ করা হয়না তবে সাধারণভাবে হয়।

## Starred Questions

## (to which written answers were laid on the Table)

### ময়না ব্লকে কংসাবতীর ভাঙ্গন

***৩০৮।** (অনুমোদিত প্রশ্ন নং *৯০৯) **শ্রী মানিক ভৌমিক ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, গত ১৯৯৩ সালের বন্যায় মেদিনীপুর জেলার ময়না ব্লকের 'কংসাবতী' নদীপাড়ে বিষ্ণুমিশ্র চক এলাকায় ভাঙন প্রতিরোধে কর্মরত শ্রমিকদের পারিশ্রমিক স্থানীয় ব্লক পঞ্চায়েত দপ্তর হতে বি. ডি. ও মারফৎ দেওয়া হয়েছে, এবং

(খ) সত্যি হলে, তাতে কোনও অনিয়ম হয়েছে কিনা?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(গ) না। যেহেতু ঐ ভাঙ্গন প্রতিরোধের সম্পূর্ণ ব্যয়ভার ময়না ১নং পঞ্চায়েত সমিতি বহন করছেন, সুতরাং পঞ্চায়েত সমিতি কর্তৃক কর্মরত শ্রমিকদের পারিশ্রমিক দেওয়ার কোনও অনিয়ম হয়নি।

## তারকেশ্বর ডিগ্রি কলেজ

***৩১১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৯৫৯) **শ্রী বিদ্যুতকুমার দাস ঃ শিক্ষা (উচ্চতর)** বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

হুগলি জেলার তারকেশ্বর ডিগ্রি কলেজে গণিত, স্ট্যাটিস্টিক্স, ভূগোল ও কমার্স বিষয়ে পঠন-পাঠন অনুমোদনের কোনও প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

## Small Scale Industries at Howrah

*312. (Admitted Question No. *1763) **Shri Ambica Banerjee :** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) the total number of registered Small Scale Industries in the district of Howrah ;

(b) the number of them are lying closed ;

(c) the reasons for their closure ?

**Minister-in-charge of the cottage and small scale Industries deptt.**

(a) 39,646

(b) 665

(c) Due to Managerial and financial problems, partnership disputes etc., of the units concerned.

## দামোদর উপত্যকা সেচ-প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

***৩১৩। (অনুমোদিত প্রশ্ন নং *২৬৫) শ্রী আবু আয়েশ মন্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯২-৯৩ আর্থিক বছরে দামোদর উপত্যকা সেচ-প্রকল্পে রাজ্য সরকার কোনও অর্থ বরাদ্দ করেছেন কিনা ; এবং

(খ) করে থাকলে, ঐ বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ। ১৯৯২-৯৩ আর্থিক বছরে দামোদর উপত্যকা সেচ প্রকল্পে রাজ্য সরকার অর্থ-বরাদ্দ করেছেন।

(খ) ১৯৯২-৯৩ আর্থিক বছরে দামোদর উপত্যকা সেচ প্রকল্পে রাজ্য সরকার কর্তৃক বরাদ্দকৃত অর্থের পরিমাণ ১৪৯৯.৯৭ (এক হাজার চারশত নিরানব্বই দশমিক নয় সাত) লক্ষ টাকা। যোজনা এবং যোজনা বহির্ভূত খাতে এই বরাদ্দকৃত অর্থের বিভাজন নিম্নরূপ ঃ

| | | |
|---|---|---|
| যোজনা খাতে | - | ২৪০.২১ লক্ষ টাকা |
| যোজনা বহির্ভুত | - | ১২৫৯.৭৬ লক্ষ টাকা |
| মোট | - | ১৪৯৯.৯৭ লক্ষ টাকা |

## হাজি সোলেমান চৌধুরি জুনিয়র হাইস্কুলের গৃহ-সংস্কার

***৩১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৬৮) শ্রী নুরুল ইসলাম চৌধুরি ঃ** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা ১ নং ব্লকের মীর্জাপুর হাজি সোলেমান চৌধুরি জুনিয়র হাইস্কুলের গৃহ-সংস্কার বাবদ কোনও অর্থ মঞ্জুর করা হয়েছে কিনা?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

## তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড

***৩১৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৮৪) শ্রী রতনচন্দ্র পাখিরা ঃ** তফসিলি জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড বাড়ানোর কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

**তফসিলি জাতি ও উপজাতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

এখন নেই।

## কৃষ্ণনগর সরকারি কলেজে ছাত্র-ছাত্রী ভর্তি

*৩১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১০৪৭) **শ্রী শিবদাস মুখার্জি ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) ১৯৯৩ সালের শিক্ষাবর্ষে কৃষ্ণনগর সরকারি কলেজে এগার ক্লাশের এবং প্রথম বর্ষের 'কলা' বিভাগে কতজন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হয়েছে ;

(খ) ভর্তির ব্যাপারে অনিয়মের কোনও অভিযোগ সরকারের কাছে আছে কিনা ; এবং

(গ) থাকলে, এ ব্যাপারে সরকার কি ব্যবস্থা নিয়েছেন/নিচ্ছেন?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

১৯৯৩-৯৪ শিক্ষাবর্ষে এগার ক্লাশে 'কলা' বিভাগে ১৫৯ জন এবং প্রথমবর্ষে 'কলা' বিভাগের (পাশ এবং অনার্সে) ২৪৭ জন ছাত্রছাত্রী ভর্তি করা হয়েছে।

(খ) না।

(গ) প্রশ্নই ওঠে না।

## ক্যানিং মেগাসিটি প্রকল্প

*৩১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯০৪) **শ্রী বিমল মিস্ত্রী ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, ক্যানিং শহরকে মেগাসিটি নির্মাণ প্রকল্পের অন্তর্ভূক্ত করার পরিকল্পনা সরকারের আছে ; এবং

(খ) সত্যি হলে, বর্তমানে পরিকল্পনাটি কি অবস্থায় আছে?

**নগর উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সত্য নহে।

মেগাসিটি প্রকল্প সি. এম. ডি. এলাকার ক্ষেত্রে প্রযোজ্য।

(খ) প্রশ্ন ওঠে না।

**লেকচারার ও অধ্যক্ষ পদের শিক্ষাগত যোগ্যতা**

***৩১৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৭৭) ডাঃ মোতাহার হোসেন ঃ** শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

বর্তমানে রাজ্যে কলেজ শিক্ষক তথা লেক্‌চারার ও অধ্যক্ষ পদের জন্য শিক্ষাগত যোগ্যতা কী?

**শিক্ষা (উচ্চতর) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

সরকারি এবং বেসরকারি কলেজগুলির ক্ষেত্রে এ ব্যাপারে সরকারি আদেশনামা, নং ৭৬-ই. ডি. এন. (এ) তাং ১৩.১.১৯৭৮, নং ১৫৩৭-ই. ডি. এন. (এ), তাং ২১.৯.৯১ নং-২০৩৬-ই.ডি.এন. (সি. এস.) তাং ২০.৮.৯১, নং ৪৭১-ই. ডি. এন. (সি. এস.) তাং ১২.৪.৮৯ এবং নং-১৪৯-ই. ডি. এন. (সি. এস.) তাং ২২.২.৯৪ এর অনুলিপি বিধান সভার লাইব্রেরিতে পেশ করা হইল। ইঞ্জিনিয়ারিং/কারিগরী কলেজগুলির ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ :

**অধ্যক্ষ পদ** (১) ইঞ্জিনিয়ারিং কারিগরি বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি সহ পি. এইচ. ডি. ডিগ্রি।

(২) শিক্ষকতা শিল্প গবেষণা ক্ষেত্রে অ্যাসিস্ট্যান্ট প্রফেশর বা সমতুল্য স্তরে ৫ বৎসরের আবশ্যিক অভিজ্ঞতা সহ ১০ বৎসরের অভিজ্ঞতা।

**দ্রষ্টব্য ঃ** শিল্প। স্বীকৃত প্রফেসনের ক্ষেত্রে জাতীয় বা আন্তর্জাতিক স্তরে ডক্টরেট এর সমতুল্য সর্বোচ্চমানে নিযুক্ত ব্যক্তিগণও উপযুক্ত বলিয়া বিবেচিত হইতে পারেন।

(৩) দায়িত্বপূর্ণ পদে অ্যাডমিনিস্ট্রেটিভ অভিজ্ঞতা।

**লেকচারার পদ ঃ** ইঞ্জিনিয়ারিং/কারিগরি বিষয়ে ১ম শ্রেণীর স্নাতক ডিগ্রি।

**THE CALCUTTA GAZETT, EXTRAORDINARY JANUARY 14, 1978**

Explanation : A "consistently good academic record" shall mean an average of at least 50 per cent, marks or B at each examination beginning from the Madhyamik or equivalent and prior to the Master's degree stage.

(ii) An M. Phil. degree or a recognised degree beyond the Master's degree level, relaxable at the discretion of the Public Service Commission, West Bengal, subject to the condition laid down in Note II below.

Good power of expression in Bengali—spoken and written.

**Age :** Not more than 35 years on the 1st January of the year of advertisement, relaxable for well-qualified and experienced candidates and for persons holding substantive appointment in the teaching branch of the Education Department, Government of West Bengal.

Note : I : In respect of specific posts requiring special qualifications, Government may, after consultation with the Public Service commission, West Bengal, issue notification prescribing specific quialifications for them.

Note : II : A selected candidate, who does not have an M. Phil. degree or a recognised degree beyond the Master's degree level at the time of selection, shall have to obtain the same within five years of his appointment, failing which he shall not be considered fit for earning increment of pay.

Note : III : Existing Lecturers in Government colleges and those who will be recruited in future will continue to be designated as Lecturers and the Lecturers who will opt for the University Grants Commission scale of Rs.700—40—1,100—50—1,300—Assessment—50—1,600 will be designated as Assistant Professors after they complete at least six years of service on 1st March 1974 or on any subsequent date.

By order of the Governor,
D. K. Guha,
Education Commissioner and Secy. to the Govt. of West Bengal.

**Government of West Bengal**
**Education Department**
**(Appointment Branch)**
**Writers' Building, Cal-1**
Dated Calcutta the 21st September, 1991.

**NOTIFICATION**

Sub: Revision of pay scales and service conditions of professors of

Govt. Colleges/Vice-Principals of Govt. Teachers Training Colleges belonging to W.B.S.E.S.,

After the revision of payscales of the Govt. colleges teachers belonging to WBES and WBSES made in G.O. No.213-Edn(A) dt.2.3.89, some complications regarding pay scales and related service conditions of professors of Govt. Colleges/Vice-Principals of Govt. Teachers' Training Colleges belonging to WBSES were under examination of the Govt.

After due consideration of the above complications and other guidelines in the matter, the Governor has been pleased to decide as follows :-

1. There should be two scales of pay for the existing professors of Govt. Colleges/Vice/Principals of Govt. Teachers Training Colleges, namely,

    (a) Grade I Rs. 4500-150-5700-200-7300/-

    (b) Grade II Rs. 3900-125-4950-150-5700/-

2. Those among the existing Professors of Govt. Colleges/Vice-Principals of Govt. Teachers' Training Colleges, who will fulfill the following criteria through a process of Screening by the PSC, WB will be placed in the aforesaid Gd. I

    (a) Eminent Scholar with Doctorate degree or published research work of equivalent standard or academic publication of high standard ;

    (b) Contribution toward development of colleges ;

    (c) Experience in administrative and co-curricular activities ;

    (d) Satisfactory record of performance.

3. Those among the existing Professors of Govt. colleges/Vice-Principals of Govt. Teachers Training Colleges, who would not be considered suitable by the PSC for the aforesaid Gd. I scale of pay, shall continue in the aforesaid Grade-II scale of pay which is the existing pay scale of WBSES.

4. The P.S.C., West Bengal will conduct the aforesaid screening process

on the basis of bio-date and other papers required by the Commission in respect of the existing Professors of Govt. Colleges/Vice Principals of Govt. Teachers' Training colleges belongings to WBSES to the furnished by Department of Higher Education of this Govt.

Henceforth, the Principals of Govt. colleges and Grade-I professors of Govt. colleges shall be interchangeable and Grade-I professors of Govt. colleges shall be posted as Principals of Govt., colleges by rotation through a process of departmental selection, similarly the Principals of Govt. Teachers' Training colleges and Grade-I Vice-Principals of Govt. Teahcers' Training colleges shall be interchangeable and Grade-I Vice-Principals of Govt. Teachers' Trg. colleges by rotation through a process of departmental selection.

For this purpose, suitable amendment of the recruitment rules for he posts of Principals of Govt. colleges and Govt. Teachers' Trg. olleges will be made in due course.

6. In future, posts of Professors of Govt. colleges/Vice-Principals of Govt. Teachers' Trg. colleges shall be filled up only by direct recruitment through P.S.C., W.B. in the aforesaid Grade-I scale of pay. uitable amendment in the existing recruitment rules for these posts rescribing qualifications and other conditions of eligibility for direct ecruitment will be made in due course.

This issues with the concurrence of Finance Department vide their J.O.No.720GP 'P' dt.2.4.91

By order of the Governor
Sd/- D. Bhattacharyya
Secretary

**Government of West Bengal**
**Education Department**
**C.S. Branch**

No.2036-Ed(CS) Dated Calcutta the 20th August 1991

From : Shri Dilip Bhattacharyya, I.A.S.
Secretary to the Govt. of West Bengal.

To : The Secretary
West Bengal College Service Commission
Calcutta-29

Sub : Amendment to the Qualifications for recruitment to the post o Principal in Nom Govt. affiliated degree college.

Sir,

I am directed to refer to the Deptt. No.471-Edn(CS) dt.12.4.89 on the above subject and to say that the Governor is pleased to amend the qualifications for recruitment to the post of Principal as under :-

Essential Qualifications for recruitment to the post of Principal

1. For general degree colleges.

A. i) Master's degree in Arts/Science/Commerce/Music fine arts with at least 55% marks or its equivalent grade and good academic records plus.

ii) Ph. D. degree or evidence of equivalent published work of high standard having five publications in reputed and standard journals

or

b) Serving as Reader in any affiliated degree college or University for at least 16 years preferably with administrative experience.

C. Age :

Not below 40 years and not above 55 years on the closing date of advertisement.

II. For B.Ed, college.

A. Academic qualifications :

i Master's degree in Arts/Science/Commerce/Music/Fine Arts with at least 55% marks or its equivalent grade and good academic records. PLUS

) Ph.D. degree or evidence of equivalent published work of high standard having five publications in reputed and standard journals, and

iii) B.T. B.Ed. Degree/Post Graduate Basic Training or equivalent Diploma or

b) Servising as Reader in any affiliated college or University with total teaching experience not less than 16 years.

B. Experience : Teaching experience in an affiliated college for at least 16 years of which at least five years shall be in a B.Ed. college or B.Ed. Deptt. of affiliated degree college or Teachers' Training college or Teachers' Training college of equivalent status.

C. Age : Not below 40 years and not above 55 years on the closing date of the advertisement.

III Existing Principals in any affiliated college are eligible to apply for the post of Principal in other affiliated college provided they have a minimum 50% marks in Masters degree and good academic record and 10 year experience as Principal.

Yours faithfully,
Sd/- D. Bandyopadhyya
Secretary to the Government of West Bengal.

**Government of West Bengal**
**Education Department**
**C. S. Branch**

No.471-Edn(CS) Dated, Calcutta, the 12th April, 1989.
4A-20/84 Pt.

From : Shri S. Sengupta,
Deputy Secretary to the Government of West Bengal.

To : The Secretary,
West Bengal College Service Commission,
137A Rash Behari Avenue, Calcutta-700029

Sub. : Prescription of Qualifications for recruitment to the posts of Lecturer and Principal in Non-Govt. affiliated degree colleges.

Sir,

I am directed to say that censequent on the recent enhancement of scales of pay of Lecturers and Principals of non-Govt. affiliated degree college in the State it has become necessary to revise the qualifications for recruitment to the above posts.

In pursuance of sub-clause 2 of Regulation 4 of the West Bengal College Service Commission (Mannor of Selection of Persons for Appointment to the posts of Teachers including Principals) Regulations 1980 the Governor is accordingly pleased, in supersession of all previous orders prescribing qualifications for recruitment to such posts, to determine the qualifications, as indicated in the Annexure, for recruitment to the posts of Lecturer and Principal in non-Govt. affiliated degree colleges.

2. Recruitment to the post of Lecturer shall be in the basic grade of Rs.2200-75-2800-100-4000. In order to attract talented persons the Governor is pleased to decide that a candidate who does not held appointment as a Lecturer in any affiliated degree college at the time of recruitment to the post of Lecturer henceforth shall an appointment as a Lecturer be given one advance increment if he possesses M. Phil degree and three advance increments if he possesses Ph.D. Degree at the time of recruitment. The benefit of advance increment(s) shall be admissible to candidates recruited on the basis of advertisement to be issued indicating the revised qualifications new determined and other terms and conditions as given above.

3. The commission may advertise the existing vacancies with qualifications new determined and indicating in the advertisement other terms and conditions as given in the foregoing para and prepare a panel.

An advertisement for preparing a second panel shall not be issued ithout consulting the Department.

Yours faithfully,
Sd/- S. Sengupta
Deputy Secretary

**Annexure**

G.O. No.471-Edn(CS) dt.12.4.89
Qualifications for recruitment to the post of Lecturer

**Academic qualifications :**

| | |
|---|---|
| I. For colleges other than B.Ed. colleges and B.Ed.Deptt.'s of General Degree colleges. | Master's degree with at least 55 % marks plus Hons. degree in the relevant subject with unifermly good academic report. |
| II. For B.Ed. colleges and B.Ed. Department of General Degree Colleges | Master's degree with at least 55% marks plus Hons. degree in the relevant subject and a B.Ed. degree/B.T. Degree/Post Graduate Diploma in basic Education or equivalent qualifications with uniformly good academic record. |
| **Age** | Upper age limit is 35 years on the 1st January of the year of advertisement. The uper age limit is relaxable in the case of candidates who are already serving as Lecturer in affiliated degree colleges provided that their total length of serving in such capacity is equal to or more than the excess period over the prescribed limit |

**Qualifications for recruitment to the post of Principal**

I. **For General Degree Colleges**

A. **Academic Qualifications :**

i) Master's degree in Arts/Science/Commerce/Music/Fine Arts with at least 55% marks or its equivalent grade, and good academic records ;

ii) Ph. D.Degree or plus of equivalent published work of high standard having five publications in reputed and standard journals.

B. **Experience :**

Teaching experience in an affiliated degree college for at least 20 years peferably with administrative experience.

C. **Age :**

Not below 45 years and not above 55 years on the closing date of advertisement.

II. **For B.Ed. Colleges**

A. **Academic qualifications :**

i) Master's degree in Art/Science/Commerce/Music/Fine Art with at least 55% marks or its equivalent grade and good academic records ;

ii) Ph.D. Degree or evidence of equivalent published work of high standard having five publications in reputed and standard journals, and

iii) B.T./B.Ed. Degree/Post Graduate Basic Training or equivalent diploma.

B. **Experience :**

Teaching experience in an affiliated college for at least 20 years of which at least five years shall be in a B.Ed College or B.Ed. Deptt. of affiliated degree college or

Teachers' Training College or Teachers' Training College of equivalent status.

C. **Age**

Net below 45 years and not above 55 years on the Closing date of advertisement.

**Governmeent of West Bengal**
**Education Department**
**C. S. Branch**
**Bikash Bhavan, Salt Lake, Cal-91**

No.149-Edn(CS) Dated, Calcutta, the 22nd Feb., 1994.

From : Shri D. Bhattacharyya,
Secretary to the Government of West Bengal.

To : The Secretary,
West Bengal College Service Commission,
6B, Bhavani Dutta Lane, Cal.

Sub. : Recruitment qualifications for the post of Principal in Non-Govt. College Revision of—

Sir,

I am directed by order of the Governor to say that adequate number of eligible applicants to the posts of Principal in the non-Govt. colleges are not available on the basis of recruitment qualifications prescribed in this Deptt.'s Govt. order No.2036-Edn(CS) dt.20.8.91, resulting into chronic shortage of candidates for the post of principal and as such the question of modifying the existing recruitment qualifications has been engaging the attention of the state Govt. for sometime past, keeping in view of the dignity as well as scale of pay attached to the post.

After careful consideration, the Governor is now pleased to order that henceforth the qualifications for recruitment to the posts of Principal in non-Govt. degree colleges should be as follows :-

I. **For general degree colleges**

A. Academic qualifications :

(a) Master's degree in Arts/Science/Commerce/Music/Fine Arts wit at least 55% marks of its equivalent grade and good academic record Ph.D. degree or evidence of equivalent published work of high standar having five publications in reputed and standard journals ; and teachin experience in an affiliated degree college or University for at least 1 years preferably with administrative experience.

or

(b) Serving as Reader in any affiliated college or University with total teaching experience of not less than 16 years.

or

(b) Serving as Reader in any affiliated college or University with total teaching experience of not less than 16 years.

or

(c) Good academic record and serving as Academic Administrator equivalent to Reader in any University or Research Institute with at least 10 years' teaching experience in any affiliated college or University plus six years' administrative experience.

or

(d) Serving as selection grade lecturer in any affiliated college with at least 55% marks at the Master's level and good academic record with teaching experience of not less than 16 years with authenticated administrative experience of at least 5 years in any academic Institution

B. Age

Not below 40 years and not above 55 years on the closing date of advertisement.

II. **For B.Ed. Colleges**

A. Academic qualifications :

(a) Master's degree in Arts/Science/Commerce/Music/Fine Arts with at least 55% marks or its equivalent grade and good academic record. Ph.D. Degree or evidence of equivalent published work of high standard having five publications in reputed and standard journals ; and

teaching experience in an affiliated college for at least 16 years preferably with administrative experience.

or

(b) serving as Reader in any affiliated college or University with total teaching experience not less than 16 years.

or

(c) Good academic record and serving as Academic Administrator equivalent to Reader in any University or Research Institute with at least 10 years teaching experience in any affiliated college or University plus 6 years' administrative experience.

or

(d) Serving as Selection grade teacher in any affiliated college with at least 55% marks at the Master's level and good academic record with teaching experience of not less than 10 years with authenticated administrative experience with at least 5 years in any Academic Institution.

B. Other essential qualifications.

(i) B.T/B.Ed. degree/Post Graduate Basic Training or equivalent diploma (ii) Out of total period of teaching experience at least 5 years shall be in a B.T./B.Ed. Deptt. of affiliated degree college or Teachers' Training college or Teachers' Training college of equivalent status.

C. **Age.**

Not below 40 years and not above 55 years on the closing date of the advertisement.

III. Existing principal in any affiliated college are eligible to apply for the post of Principal in other affiliated colleges, provided they have a minimum 50% marks in Master's Degree and good academic record and 5 years' experience as Principal.

This cancels G.O. No.2036-Edn(CS) dt.20.8.91.

Yours faithfully,

Secretary

No.149/1(15)-Edn(CS)

Copy forwarded for information to the :-

1. Registrar..................................................................University

2. Director of Public Instruction, West Bengal,

3. Deputy Director of Public Instruction (P & S), West Bengal.

4. Assistant Director of Public Instruction (N.G.C.), West Bengal.

5. Assistant Director of Public Instruction (Trg), West Bengal.

6. C.S. (Trg)/Apptt./University Branch of this Department.

Calcutta,

The 22nd Feb. 1994 Deputy Secretary

## উলুবেড়িয়া জেটিঘাটা নদীর ভাঙ্গন

*৩১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১২০) **শ্রী রবীন্দ্রনাথ ঘোষ :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া জেটিঘাট নদীর ভাঙ্গন রোধে সরকার কত টাকা মঞ্জুর করেছেন ;

(খ) ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত কত টাকা খরচ হয়েছে ; এবং

(গ) কাজটি কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

ক) উলুবেড়িয়া জেটিঘাটায় নদীর ভাঙ্গন রোধে সরকার ৪০.১৮ লক্ষ টাকা মঞ্জুর করেছেন।

খ) ৩১শে ডিসেম্বর '৯৩ পর্যন্ত ১২,৪০,০০৫.২৬ টাকা খরচ হয়েছে।

গ) জমি হস্তান্তরের ব্যাপারে, জনসাধারণের সহযোগিতা পাইলে কাজটি আগামী ৩০শে জুন, ১৯৯৪ এর মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## সরকারি উচ্চবিদ্যালয়ে পরিচালন সমিতি

*৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৫৬) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

সরকারি উচ্চবিদ্যালয়গুলিতে কোনও নির্বাচিত পরিচালন সমিতি আছে কিনা?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

না।

**পাটজাত দ্রব্য থেকে ক্ষুদ্রশিল্প**

*৩২১। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৬৫) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** কুটির ও ক্ষুদ্রায়তনশিল্প ভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) পাটজাত দ্রব্য থেকে ক্ষুদ্রশিল্প করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকলে, নদীয়া জেলায় উক্ত পরিকল্পনার আওতাভুক্ত শিল্প কি কি?

**কুটির ও ক্ষুদ্রায়তন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) এবং (খ) এ ধরনের কোনও সরকারি বা আধাসরকারি শিল্প স্থাপনের পরিকল্পনা কারের নেই, তবে শিল্পোদ্যগীদের ক্ষুদ্র শিল্প দ্রব্যাদি উৎপাদনে কারিগরি সহায়তা ও পননের সাহায্য করা হয়।

**নন্দীগ্রামে বাউন্ডারী বাঁধ পুনর্নির্মাণ**

*৩২২। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯০) **শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** সেচ ও জলপথ বিভাগের রপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নন্দীগ্রাম বিধানসভা কেন্দ্রের সোনাচূড়া হতে কেঁদেমারী পর্যন্ত বাউন্ডারী বাঁধ (সোনাচূড়া—কেঁদেমারী রিক্লামেশন স্কীম) পুনর্নির্মাণের কাজ কবে নাগাদ শুরু ও শেষ হবে বলে আশা করা যায় ; এবং

(খ) ঐ বাঁধ পুনর্নির্মাণে মোট কত টাকা ব্যয় হবে বলে ধার্য হয়েছে?

**সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

ক) সোনাচূড়া—কেন্দুমারী ঘের বাঁধটি উঁচু ও মজবুত করার প্রকল্পটি বর্তমানে প্রশাসনিক অনুমোদনের অপেক্ষায় আছে। অনুমোদন লাভের পর কাজটি শীঘ্রই শুরু করা যাবে বলে আশা করা যায়। শুরু করার পরে পাঁচ বছর সময়কালের মধ্যে প্রকল্পটি শেষ করা সম্ভবপর হবে।

উক্ত প্রকল্পটি রূপায়ণের জন্য আনুমানিক ব্যয় নির্ধারিত হয়েছে ৫৯.৮৪ লক্ষ টাকা

**বেসরকারি বিদ্যালয়ের জন্য সি. বি. এস. ই. ও আই. সি.এস.ই.-র অনুমোদন**

*৩২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৩) **শ্রী মনোহর তিরকী :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) রাজ্য থেকে কতগুলি বেসরকারি ও ব্যক্তি মালিকানাধীন বিদ্যালয়কে নো অবজেকশন দিয়ে সি.বি.এস.ই. ও আই.সি.এস.ই.-র অনুমোদনের জন্য দিল্লি পাঠানো হয়েছে (জানুয়ারি ১৯৯১ থেকে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত)

(খ) তন্মধ্যে ৩১শে ডিসেম্বর ১৯৯৩ পর্যন্ত কতগুলির অনুমোদন পাওয়া গেছে ; এবং

(গ) জলপাইগুড়ি জেলায় কতগুলি?

**শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) মোট ৩১টি বেসরকারি ও ব্যক্তি-মালিকানাধীন বিদ্যালয়ের ঐ সময়ের মধ্যে এ রাজ্য থেকে 'অনাপত্তি' সার্টিফিকেট দেওয়া হয়েছে।

(খ) অনুমোদন দেবার পর সি.বি.এস.সি ও আই.এস.সি.ই. কাউন্সিল আমাদের জানায় না। কাজেই এ সম্পর্কে কোনও নির্ভরযোগ্য তথ্য আমাদের কাছে নেই।

(গ) একটিও নয়।

## ADJOURNMENT MOTION

**Mr. Speaker :** To-day I have received one notice of Adjournment Motion from Dr. Manas Bhunia on the subject of acute crisis of drinking water in the State especially in Midnapore, Purulia, and Bankura districts.

The subject matter of the Motion does not warrant Adjournment of the business of the House. Moreover, the Member will get opportunity to raise the subject matter during General Discussion on the Budget. The Member may also call the attention of the concerned Minister on the subject through Calling Attention, Question, Mention, etc.

I, therefore, withhold my consent to the Motion.

The Member may, however, read out the text of his Motion as amended.

**ডাঃ মানস ভুঁইয়া :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং

সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন, বিষয়টি হল—সমগ্র পশ্চিমবঙ্গে বিশেষ করে মেদিনীপুর, পুরুলিয়া ও বাঁকুড়া জেলায় প্রায় প্রতিটি গ্রামে তীব্র পানীয় জলের সঙ্কট দেখা দিয়েছে। অধিকাংশ পানীয় জলের নলকূপ অকেজো হয়ে পড়ে আছে। জেলা পরিষদ পঞ্চায়েত সমিতি ও গ্রাম-পঞ্চায়েতগুলি উদাসীন। কেন্দ্রীয় সরকার ও ইউনিসেফের সাহায্যে ও অর্থনৈতিক সহযোগিতার প্রকল্পগুলিতে সঠিকভাবে কাজ হচ্ছে না। জনস্বার্থে কারিগরি দপ্তরের ইঞ্জিনিয়ারদের সাহায্য নেওয়া হচ্ছে না ফলে অবস্থা অপরিবর্তীত সাধারণ গ্রামের মানুষ পানীয় জলের সঙ্কটের শিকার।

## Calling Attention

**Mr. Speaker :** To-day, I have received five notices of Calling Attention, namely :-

| | |
|---|---|
| i) Reported lockout in J.K. Steel at Rishra. | : Shri Abdul Mannan |
| ii) Implementation of 'Prime-Minister's Razgar Yojana' in the State. | · Shri Lakshman Seth |
| iii) Reported critical situation in handloom industry on account of increase in the price of thread. | : Shri Anjan Chatterjee |
| iv) Unruly behaviour of an A.C. of Calcutta Police in Assembly premises on 22.3.1994. | : Shri Saugata Roy, Shri Shish Mohammad and Shri Id Mohammad |
| v) Establishment of Junior High School at Kishorepur, Sadhu-bazar, Baurgram, Barea villages at Nadia district. | : Shri Kamalendu Sanyal |

I have selected the notice of Shri Abdul Mannan on the subject of reported lock out in J.K. Steel at Rishra.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, the statement will be made on the 29th March, 1994.

## PRESENTATION OF REPORT

**Presentation of the Seventh Report of the Subject committee on Welfare, Tourism and Sports & Youth Services, 1993-94.**

**Shrimati Minati Ghosh :** Sir, I beg to present the Seventh Report of the Subject Committee on Welfare, Tourism and Sports & Youth Services, 1993-94.

**Mr. Speaker :** There will be no Mention Hour, no Zero Hour. shall go straight to the legislation.

## LEGISLATION

**The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg leave to introduce the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994.

(Secretary then read the Title of the Bill)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to more that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994, be taken into consideration.

**শ্রী আব্দুল মান্নান :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডাঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় যে ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ এনেছেন আমরা সেই বিলটার বিরোধিতা করছি না। বিলটা আনতে গিয়ে মন্ত্রী মহাশয় স্টেটমেন্ট অব অবজেক্টে বলেছেন যে এটাকে টেন পারসেন্ট করা হল। আমরা এই ব্যাপারটাতে অপোজ করছি না। কিন্তু আমরা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষন করব কতগুলি বিষয়ে। এর আগে বাজেটে তিনি স্ট্যাম্প ডিউটির হার নির্ধারন করেছিলেন এবং সেটা রাষ্ট্রপতির অনুমোদন পায় এবং সেটা চালু হয়। তারপর থেকে আমরা দেখতে পাচ্ছি বিভিন্ন রেজিস্ট্রি অফিসগুলোতে রেজিস্ট্রেশন বন্ধ হয়ে যাচ্ছে। ডীড রাইটাররা হাইকোর্টে চলে। বাজার দরে রেজিস্ট্রেশন হওয়ার কথা, তার ফলে রেজিস্ট্রাররা দায়িত্ব নিতে চাইছে না। ফলে সাধারণ মানুষকে একটা অসহায় অবস্থার মধ্যে গিয়ে পড়তে হয়। এর ফলে সরকারের কয়েক কোটি টাকা রেজিস্ট্রেশন ফি বাবদ যা কালেকশন হত, সেটা থেকে সরকার বঞ্চিত হল। রেজিস্ট্রি অফিসগুলোতে মানুষ রেজিস্ট্রি করতে গিয়ে যদি সুযোগ-সুবিধা না পায় এবং স্ট্যাম্প সেটা যদি সহজে না পাওয়া যায় তাহলে মানুষের ভোগান্তির একশেষ। অনেক জায়গায় অফিসার থাকে না, বহু জায়গা আছে যেখানে এক একজন রেজিস্ট্রারকে দু-তিনটে রেজিস্ট্রি অফিস সামলাতে হয়। এর ফলে কোরাপ্শন অনেক বেশি পরিমাণে হচ্ছে। বিশেষ করে মূল্য নির্ধারনের ব্যাপারে বেশি কোরাপশন

হচ্ছে। তাছাড়া যে সমস্ত ফর্ম ফিল আপ করতে হয় সেগুলো খুবই কঠিন। তার আপনি একটা করেছেন যে ডীড রাইটারদের সাথী হতে হবে। আপনি বাজার দরে রেজিস্ট্রেশন করছেন কিনা সেইজন্য ডীড রাইটারদের সাক্ষী হতে হবে এবং তারা এই দায়িত্ব নিতে চাইছে না। আপনি নিজে জানেন এক এক প্লটের জমি এক এক রকম দাম এবং সেইসব জমির বাজারদর ক্ষেত্রে একটা কোরাপশন-এর সুযোগ থেকে যায়। যারা অনেস্ট রেজিস্ট্রার তারা দায়িত্ব নিতে চায় না। আর ডিসঅনেস্ট রেজিস্ট্রাররা এই সুযোগে টাকা নিচ্ছে।

[12-10 – 12-20 p.m.]

আমাদের তো অভিজ্ঞতা হচ্ছে যে বাজার দরের চেয়ে কম দরে সরকার জমি অধিগ্রহণ করেন। সরকারকে জমি দিতে মানুষ ভয় পায়, কারণ সরকারের রেট সাধারণভাবে কম। এখন সরকার যে জমি অধিগ্রহণ করবেন সে ক্ষেত্রে কি নীতি অবলম্বন করা হবে সেটা মাননীয় মন্ত্রী মহাশয় আশা করি বলবেন কারণ বাজার দর যদি নির্ধারণ করে জমি রেজিস্ট্রি হয় তাহলে তো সাধারণ মানুষ তার থেকে কম দামে জমি দেবে না। তারপর আর একটি সমস্যার প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটা জমির হয়ত দুজন অংশীদার, এ ক্ষেত্রে এক অংশীদার অপর অংশীদারকে জমি দেবেনা বলে হয়ত বাজার দরের চেয়ে বেশি দাম দেখাতে চাইছেন যাতে আর একটা পার্টি জমি নিতে না পারেন। তাহলে সে ক্ষেত্রে কি হবে সেটাও বলবেন। কারণ কম দামে করাটা যেমন অন্যায় তেমনি বেশি দামে যাতে রেজিস্ট্রি করাতে না পারে সে ব্যাপারটাও দেখা উচিত। মাননীয় মন্ত্রী মহাশয় ব্যাপারটি ক্লারিফিকেশন দিলে ভাল হয়। মাননীয় মন্ত্রী মহাশয় একজন অর্থনীতিবিদ কিন্তু তার এক্স পেরিমেন্টের ঠেলায় সাধারণ মানুষরা নাজেহাল হয়ে যাচ্ছেন। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যে তিনি এই এক্সপেরিমেন্ট করা বন্ধ করুন। হটকারী সিদ্ধান্ত না নিয়ে স্পেসিফিক বিল নিয়ে আসুন। এরপর আমি পাট্টা জমি লিজের ব্যাপারে আসছি। এগুলিও রেজিস্ট্রেশনের ভেতরে কি করে আনা যায় তিনি সেটা দেখুন। এই বিলে এমন কিছু নেই, আমরা অপোজ করছি না কিন্তু সাধারণ মানুষরা যাতে অসুবিধার মধ্যে না পড়েন সেটা দেখুন। কারণ দু মাস ধরে রেজিস্ট্রি অফিসগুলিতে যা চলেছে তা আমরা দেখেছি, রেজিস্ট্রেশন সব বন্ধ হয়ে পড়ে ছিল। রেজিস্ট্রেশন অফিসগুলিতে মারামারি পর্যন্ত হয়েছে। এগুলি বন্ধ করার জন্য আপনি কি কি ব্যবস্থা নিয়েছেন আশা করি সেটা বলবেন। তারপর আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্ট্যাম্পের জন্য অযথা যাতে মানুষকে হয়রানির মধ্যে পড়তে না হয় সেটা তিনি দেখুন। কারণ স্ট্যাম্পের জন্য রেভিনিউ কালেকশন না হলে সরকার যেমন একদিকে তার প্রাপ্য রেভিনিউ থেকে বঞ্চিত হবেন অপর দিকে তেমনি মানুষ অসুবিধার মধ্যে পড়বেন। এসব ব্যাপারে কি কি পদক্ষেপ তিনি নিচ্ছেন বা নিয়েছেন আশা করি সেটা বলবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ইদানিংকালে

`সবচেয়ে বিতর্কিত একটি বিষয়ের উপর এই ইন্ডিয়ান স্ট্যাম্প ওয়েস্ট বেঙ্গল (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪ নিয়ে এসেছেন। বিতর্কিত এই কারণে বলব যে উদ্দেশ্য তার মহৎ হলেও বাস্তব অভিজ্ঞতার সঙ্গে মিল না থাকায় এবং শহুরে জীবনের প্রতিনিধি হিসাবে গ্রামীণ অর্থনীতির উপর একটি মূল্যায়নের প্রতিচ্ছবি এই বিলে তোলার চেষ্টা করায় বাস্তবে প্রতি মুহূর্তে ঘাত প্রতিঘাতের তিনি সম্মুখীন হয়েছেন। তার ফল স্বরূপ নিজেকে কঠোরতর এবিষয়ে একজন প্রতীক হিসাবে প্রতিফলিত করার ফলে পশ্চিমবঙ্গের প্রতিটি জেলার প্রতিটি ব্লকে যে রেজিস্ট্রি অফিসগুলি ছিল তার একরোখা মানসিকতার জন্য সেখান থেকে সরকার কোটি কোটি টাকার রেভিনিউ লস করেছেন।

দ্বিতীয় দিক, একটা অহেতুক সংঘাত, যেটা উনি খুব পছন্দ করেন, প্রতি মুহূর্তে উনি কেন্দ্র বিরোধী স্লোগান তোলেন, যখনই উনি বিপদে পড়েন। আবার নিজের দপ্তরের সঙ্গে উনি সংঘাতে নেমে পড়েন, কারণ ওঁর ধারণা, উনি যা ভাবছেন, যা ঠিক করছেন সেটাই ঠিক, আর বাকিরা সমস্ত বুঝতে পারছে না, তারা অবুঝ। আমরা মাননীয় অর্থ মন্ত্রীকে এই বিষয়টা বারবার করে যেটা দেখছি, সেটা হল এই যে বিষয়টা নিয়ে অহেতুক সংঘাতের রাস্তাকে এগিয়ে নিয়ে গেছেন সমন্বয় সাধনের কোনও রাস্তা বার না করে, এটাই আমাদের মূল অভিযোগ। আমি এই বিলের বিরোধিতা করছি না, কিন্তু ওর যে পদ্ধতিগত এক রোখা লাইফ এ স্প্যানিশ বুল, এই যে গোঁতানোর অভ্যাস, এই জায়গাটাতে আমাদের আপত্তি আছে। আজকে গ্রামাঞ্চলে, উনি শহরের প্রতিনিধি হিসাবে সার্বিক প্রতিফলনের রূপটা না ভেবে চিন্তে আজকে বিপদে ফেলে দিয়েছেন গ্রামের মানুষকে। আজকে বাবা তার মেয়ের বিয়ে দেবার জন্য জমি বিক্রি করতে পারছে না, উনি আজকে এক নম্বর আসামী। আপনাকে আজকে ট্রায়াল করা উচিত এর জন্য। বাপ তার মেয়ের বিয়ে দিতে পারছে না গত তিন মাস ধরে। গ্রামে জমি বিক্রি করে আজকে বিয়ে দিতে হয়, আপনি জানবেন না, কারণ আপনি শহরের প্রতিনিধি। আপনি জানেন না আজকে কী অবস্থার মধ্যে পড়েছে, ওখানে যে সমস্ত দলিল লেখকরা, তাদের পরিবারের সঙ্গে যুক্ত কয়েক লক্ষ মানুষ সারা পশ্চিমবঙ্গে, তারা আজকে নিরন্ন অবস্থায় দিন কাটাচ্ছে। আর আপনার আই. জি. স্ট্যাম্প, তিনি পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বলছেন, বন্ধুগণ বাংলার মানুষ, কোনও চিন্তা নেই, রেজিস্ট্রেশন অফিসে চলে যান, আমাদের সঙ্গে যোগাযোগ করুন, রেজিস্ট্রেশন হচ্ছে। এই তো বিপদজনক ব্যাপার। এতো নায়কের মতো কথাবার্তা। এইভাবে অর্থনীতিটাকে ভেঙে দিয়েছেন পশ্চিমবঙ্গে। জলাঞ্জলি দিয়েছেন। জিরো ডেফিসিট বাজেটের নাম করে সারা পশ্চিমবঙ্গকে জিরোর জায়গায় নিয়ে চলে গেছেন। এবার স্ট্যাম্পে হাত দিয়েছেন। হাজারে ১৮ টাকা আপনি স্ট্যাম্প ডিউটি ঠিক করলেন, কত টাকা তুলতে পেরেছিলেন বিগত বাজেটে? এবারে এটা নিয়ে ঝগড়া শুরু করে দিয়েছেন, করুন আমাদের কোনও আপত্তি নেই, নিশ্চিতভাবে গভর্নমেন্টের রেভিনিউ বাড়বে, আমরা দু-হাত তুলে আপনাকে সমর্থন করব, কিন্তু কী হচ্ছে? জেদ করতে গিয়ে, ঝগড়া করতে গিয়ে সমন্বয়ের অভাবে, ব্যক্তিগতভাবে বাস্তব অভিজ্ঞতার অভাবে আজকে আপনাকে

যে সমস্ত আই.এ.এস. অফিসার্স, ব্যুরোক্রাটরা যা বোঝাচ্ছে, আপনি বুঝে যাচ্ছেন। আজকে সেই জায়গায় সংঘাতটা হচ্ছে, এই জায়গায় বিরোধী আমরা। এবং আজকে আপনি যে একটা স্ল্যাবে ডিউটিটা তুলবেন বলছেন, বলুন তো আজকে যদি নিজের বাবা তার ছেলেদের নামে দান পত্র করতে চায়, সেখানে যে রেজিস্ট্রেশনটা হবে, সেখানে কে সাক্ষী হবে, মাননীয় অর্থমন্ত্রী? এর কে সাক্ষী দাঁড়াবে, কে অ্যাসেসমেন্ট করবে? এবং এখানে আজকে আপনি একজন ল'ইয়ারকে অথবা যে ডিড লিখবে, দলিল লেখককে আজকে মাঝখানে দাঁড় করাতে পেরেছেন। আজকে আপনি বলবেন, আমার প্রশ্নের উত্তরে যে প্রতিটি রেজিস্ট্রেশন অফিসে জেলাওয়ারী আপনি রেজিস্ট্রেশন দিতে পেরেছেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে নিশ্চয়ই অবাক হবেন, টিল ডেট এখনও পর্যন্তও এক একটা রেজিস্ট্রেশন অফিসে সপ্তাহে মাত্র একদিন কি দু দিন খোলা থাকে। রেজিস্ট্রার দিতে পারছেন না, সাব রেজিস্ট্রার দিতে পারছেন না, স্ট্যাম্প জালিয়াতি হচ্ছে। আর একটা বিষয় ট্রেজারি থেকে আপ টু রেজিস্ট্রি অফিস পাঁচ টাকার স্ট্যাম্প পাওয়া যাচ্ছে না। স্ট্যাম্পের জালিয়াতি, ট্রেজারির জোচ্চুরি এবং সার্বিকভাবে আজকে এই জালিয়াতি কারবার চলছে। রেভিনিউ বাড়ুক আমাদের আপত্তি নেই কিন্তু না বুঝে সমন্বয়ের অভাবে সংঘাত করতে গিয়ে আপনি পশ্চিমবাংলার অর্থনীতিতে একটা গভীর সঙ্কট ডেকে আনছেন। আপনি বেশি পয়সা ইনকাম করতে গিয়ে অনেক টাকা লস্ করেছেন। আজকে রেভিনিউ কস্ট বেনিফিট ভ্যালু যদি তিন মাস ধরে দেখি, কত টাকা ক্ষতি করেছেন আপনার জিদ বজায় রাখতে গিয়ে, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্তর জিদ বজায় রাখতে হবে, অফিসাররা নেমে পড়লেন বাজারে।

[12-20 – 12-30 p.m.]

আর বাংলার মানুষের গত তিন মাস ধরে রেজিস্ট্রি বন্ধ, জমি হস্তান্তর হচ্ছে না। এ জায়গায় কোনও জেদাজেদির ব্যাপার নেই, সঠিক সমন্বয় সাধন করে আইন যাতে ঠিকমতো রূপায়িত হয় সেটা আপনাকে দেখতে হবে।

দ্বিতীয় কথা, মান্নান সাহেব বলেছেন, আমি তার সঙ্গে একটু অ্যাড করতে চাই। যদি দু'জন শরিকের মধ্যে জমির মালিকানা ভাগের প্রশ্ন দেখা দেয়—একজন যদি তার পার্টনারকে ডিপ্রাইভ করতে চায় তাহলে সে ক্ষেত্রে কি হবে? যেখানে হায়ার ভ্যাল্যুয়েশন করে নিজের ভাই বা নিজের রিলেশনকে ডিপ্রাইভ করবে সে জায়গায় এই আইনের কি প্রভিসন থাকছে, সেটা আপনাকে খুব পরিষ্কার করে বলতে হবে।

তৃতীয় কথা, কোনও ট্রাস্ট, কোনও সেবামূলক প্রতিষ্ঠান, কোনও দান, কোনও সামাজিক কাজে দান ইত্যাদির ক্ষেত্রে কি হবে? এবিষয়ে আপনি পরিষ্কার করে কিছু বলেননি। আপনি একটা স্লাবের কথা বলছেন। আমরা চিরকাল মধ্যস্বত্বভোগী উচ্ছেদের কথা বলি, মিডিয়েটর সরিয়ে দেবার কথা বলি—আপনারাও চিরকাল দালালদের সরিয়ে দেবার কথা বলেছেন। কিন্তু এই প্রথার মধ্যে দিয়ে নতুন দালাল মধ্য স্তরে আমদানি করছেন। একটা লোককে

শিখন্ডী খাড়া করে তার ভ্যাল্যুয়েশন অনুযায়ী জমির ভ্যাল্যুয়েশন করছেন। এটা একটা বুরোক্রেটিক অ্যাটিচ্যুড, এর মধ্যে দিয়ে আপনি বাস্তব থেকে ২ হাজার মাইল দূরে থাকছেন আপনি অর্থনীতিবিদ, আই.এ.এস. অফিসার নন—ইউ আর ইন দি ট্রাপ অফ বুরোক্রেটিক নেটওয়ার্ক। আপনি শহরের প্রতিনিধি, আপনি গ্রাম বাংলার মানচিত্র ভুলে গেছেন অর্থমন্ত্রী থেকে থেকে। আপনি বলছেন যা, তা আপনাকে দিয়ে আই. এ. এস.-রা বুরোক্রাটরা বল হচ্ছে। আপনি এ বুরোক্রেটিক দুষ্ট-চক্র থেকে বেরিয়ে এসে তথাকথিত মার্কসবাদী অর্থনীতিবি হিসাবে যে কথা দাবী করেন তার প্রতিফলন ঘটান—মধ্যস্বত্বভোগী দালালদের কাছ থেকে গ্রাম বাংলার মানুষদের বের করার কথা বলেন, অথচ এখানে বলছেন উকিলকে রাখতে হবে। একজন দালাল বলে দেবেন কত দাম, তাই লেখা হবে, কী বিপদজনক অবস্থা অর্থমন্ত্রীর কি আত্ম-দম্ভে মাথা খারাপ হয়ে গেছে? তিনি কয়লা মন্ত্রীর সঙ্গে ঝগড়া করছেন জিরো ডেফিজিট নামে পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থা জিরোতে নামিয়ে এনেছেন। আবার স্ট্যাম্প ডিউটি অ্যাক্ট এমন করেছেন যে মধ্যস্বত্বভোগীদের সেখানে বিরাটভাবে সুযোগ করে দিচ্ছেন, মধ্যস্বত্বভোগী উৎখাতের স্লোগান দেওয়া রাজনৈতিক দল নতুন করে মধ্যস্বত্বভোগীদের প্রতিষ্ঠিত করছে। ইন্ডিয়ান স্ট্যাম্প ডিউটি অ্যামেন্ডমেন্ট অ্যাক্ট, ১৯৯৪-এর মধ্যে দিয়ে যেন তা না হয় এটা দেখতে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সৌগত রায়ঃ** স্যার, আগেই আমাদের দলের পক্ষ থেকে বলা হয়েছে যে, যেহেতু 'দি ইন্ডিয়ান স্ট্যাম্প (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৯৪' সামগ্রিকভাবে স্ট্যাম্প ডিউটি ব্যবস্থাকে সরলীকরণ করার জন্য আনা হয়েছে সেহেতু আমরা নীতিগতভাবে এটার বিরোধিতা করছি না। আমরা মনে করি সব ক্ষেত্রেই—সেটা সেল্স ট্যাক্স হোক, সরকারের যে কোনও ডিউটির ক্ষেত্রে হোক নাম্বার অফ্ স্লাব্স কমিয়ে যদি ইউনিফরমিটি আনা যা আইনের ক্ষেত্রে, নিশ্চয়ই সরল হবে হিসাব করতে, ক্যালকুলেশন করতে সুবিধা হবে। কি আমি এই কথা বলেও এই উপলক্ষে মাননীয় মন্ত্রীকে দু'চারটি কথা বলছি। প্রথমেই আমি মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চেষ্টা করছি যে, শেষ পর্যন্ত উনি যে আইন ১৯৯০ সালে এনেছিলেন তা করে সরকারের লাভ হয়েছে কিনা? মার্কেট ভ্যাল্যু-র কনসেপ্ট এনে শেষ পর্যন্ত সরকারের লাভ করাতে পেরেছেন কিনা, না আরও বেশি কমপ্লিকেশন অ্যারাইজ করেছে?

স্যার, এই স্ট্যাম্প অ্যাক্ট পুরানো অ্যাক্ট ১৮৯৯। আগে ছিল Conveyance (as defined by section 2 (10) not being a Transfer charged or exempted under No.62.

সেখানে বলছে, "Where the amount or value of the consideration of such conveyance as set forth therein or the market value of the property which is the subject of such conveyance, whichever is greater." ইত্যাদি। এখন ১৯৯০ সালে আপনি একটা অ্যামেন্ডমেন্ট নিয়ে এলেন। নিয়ে এসে হঠা

এভার ইজ গ্রেটার কনসেপ্ট ছিল সেই জায়গায় উনি বললেন For the word value or amount of the consideration, the word market value shall be substituted. তার মানে আগে দুটো অলটারনেটিভ ছিল। অ্যামাউন্ট অফ ভ্যালু কিম্বা মার্কেট ভ্যালু বা বাজার দর সেটা ঠিক করলেন। এই আইনটা পাস হল ১৯৯০ সালের ১২ই মে অর্থাৎ আজ থেকে ৪ বছর আগে। তারপর এটা প্রেসিডেন্টের অ্যাসেন্টের জন্য গেল, অ্যাসেন্ট পাবার পর রুল্‌স তৈরি হল। রুলস তেরি হবার পর গত বছর আপনি চালু করলেন। এখন চালু করার পর রেজাল্ট কি হল? রেজাল্ট হল, এ বছরের প্রথম থেকে টোটাল স্ট্রাইক হয়ে গেল। যারা দলিল রাইটার ছিল তারা স্ট্রাইক করল। আপনি এর জবাব দেবেন। রিসোর্স মবিলাইজেশনের বড় প্রবলেম দেখা গেল। ১৯৯২-৯৩ সালে স্ট্যাম্প ডিউটি আদায় ছিল—আপনি বাজেট করলেন ২০০ কোটি টাকা—সেই জায়গায় আদায় করলেন ২১৫ কোটি টাকা। ১৯৯২-৯৩ সালে বাজেটের রিভাইস্‌ড এসটিমেট করলেন। ১৯৯৩-৯৪ সালে আপনি ভেবেছিলেন অনেক টাকা কালেকশন বাড়াবেন। সেইজন্য আপনি বাজেট করলেন ২৬৫ কোটি টাকা। সেই জায়গায় আদায় হয়েছে কত—স্ট্রাইক হওয়ার পরে? আপনি বলছেন, আপনার ডিপার্টমেন্ট স্মুথ্‌লি চলছে—আপনার বাজেট অ্যাট এ গ্লান্স বলছে, আপনি ২৬৫ কোটি টাকা বাজেট ফিগারে দেখিয়েও সেই জায়গায় ১৯০ কোটি টাকা মাত্র আদায় করেছেন। অর্থাৎ ৭৫ কোটি টাকা এই রাজ্যে লস ইন রেভেনিউ হয়েছে। আপনি পশ্চিমবাংলার অর্থমন্ত্রী, আপনাকে আমি অ্যাকিউস্‌ড করছি। রাজ্যের এই লস রেভেনিউর জন্য কে দায়িত্ব নেবে? যেখানে আগের বছরে কালেক্ট করলেন ২১৫ কোটি টাকা, সেখানে গত বছরের বাজেটে ২৬৫ কোটি টাকার জায়গায় ১৯০ কোটি টাকা মাত্র কালেক্ট করলেন। Resulting a direct loss to the state exchequer কেন হল? এটা ঠিকই, মার্কেট ভ্যালুর কনসেপ্ট নতুন। ডিড রাইটারদের ক্ষেত্রে আপনারা ভেবেছিলেন এলিমিনেটেড হয়ে যাবে। অ্যাকচুয়াল যে মার্কেট ভ্যালু সেটার উপর অ্যাসেস করা দরকার। আপনি বলুন, মার্কেট ভ্যালুর অ্যাসেসমেন্টের ব্যাপারে যে রুল্‌স তেরি করেছেন, যে সাবর্ডিনেট লেজিসলেশন তৈরি হয়েছে সেই অ্যাসেসমেন্টের পুরো সিস্টেমটাই ফলটি। আপনি বলছেন, ইনক্যাম ট্যাক্স যারা ডিক্লারেশন দেবে তার থেকে অ্যাসেসমেন্ট করতে হবে। ইনক্যাম ট্যাক্সের অ্যাসেসমেন্ট কোথায় অ্যাপ্লিকেবল? শহরাঞ্চলে হচ্ছে, যেখানে ইনক্যাম ট্যাক্স লোকে দেয়, জমি-জায়গার সুযোগ আছে। কিন্তু গ্রামাঞ্চলে যেখানে লোকের জমি বিক্রি করা কমন জিনিস, সেখানেকার অধিকাংশ লোকই ইনক্যাম ট্যাক্স দেয় না। সেখানে অ্যাসেসমেন্টের কি ব্যবস্থা করেছেন? যেটার সম্পর্কে একটু আগে ডাঃ মানস ভুঁইয়া বললেন,—একজন উকিল ঠিক করতে হবে, মিড্‌লম্যান ঠিক করতে হবে, তারপর মার্কেট ভ্যালু ঠিক করা হবে কেন? আপনি হল প্রসেসটাই কমপ্লিকেটেড করে দিয়েছেন। এখন দলিল রাইটারদের স্ট্রাইক মিটে গেছে। আপনি যে নতুন কনসেপ্টে নিয়ে এসেছেন—আপনি হয়তো বলবেন গুজরাটের কথা, সেখানেও নতুন মার্কেট ভ্যালুর কনসেপ্ট নিয়ে এসেছে, ৬ মাস হল—সেখানেও স্ট্রাইক হয়েছিল। A State like Gujrat can afford to loose but a state like West Bengal which is perinially

bankrupt state, cannot afford to loose so much revenue. আমি আপনার কাছে জানতে চাইছে, এ বছর আপনি সাহস করেননি বাজেটারী এসটিমেট বেশি রাখতে। যেখানে ২৬৫ কোটি টাকার স্ট্যাম্প ডিউটি গতবারের হিসাবে দেখিয়েছেন সে পর্যন্ত যেতে সাহস করেননি, এসটিমেট ফরমুলেট করলেন ২৫৫ কোটি টাকায়।

[12-30 – 12-40 p.m.]

আমি আপনার কাছে জানতে চাই, আপনি এস্টিমেটে নিশ্চয় রীচ করার চেষ্টা করবেন, তাহলে ফলটি স্ট্যাম্প ডিউটি কালেকশন এটা আপনি কেন অ্যাকসেপ্ট করছেন এবং আপনাদের বেসিক কালেকশন হ্যাজ বিন গন ডাউন। এই প্রশ্নটা জিজ্ঞাসা করছি আপনাকে, কিন্তু আই নেভার সাপোর্ট যে রকম আগে ছিল অরিজিন্যাল অ্যাক্ট where it exceeds Rs.50 but does not exceeds Rs. 100.

এতবড় একটা টেবল ছিল। পুরো ব্যাপারটা এলিমিনেট করতে চেয়েছেন। This is simplification of law.

আপনাকে এভরিবডি সাপোর্ট করবে, এ ব্যাপারে কোনও বক্তব্য নেই, যেগুলি ট্যাক্সের ক্ষেত্রে, ট্যাক্স এত করেন এ ধরনের সিম্পলিফিকেশন করতে পারবেন? আমার মনে হয় এতে যারা অ্যাফেক্টেড তারা উপকৃত হবে এবং সেই ক্ষেত্রে যেহেতু এই রেজিস্ট্রেশন-এর ব্যাপারটা আমাদের মাননীয় মানসবাবু উল্লেখ করেছেন। গ্রামের মানুষ তাদের কাছে জমিটা কম অ্যাসেট নয়, জমি কেনা বেচার উপর কনজামশন এক্সপেন্ডিচার, সোশ্যাল এক্সপেন্ডিচার হয়, সব কিছু হয় সেখানে নিশ্চয়ই এই সিম্পলিফিকেশন প্রসেস এগুলি আমরা সমর্থন করি কিন্তু আপনি আজকে হাউসে ক্লারিফাই করবেন। মার্কেট ভ্যালুটা অ্যাসেস করার যে সিস্টেমটা চালু আছে সেই সিস্টেমটাকে আপনি চেঞ্জ করতে পারবেন না। এখন কারণটা আরবিট্র্যারিনেস। মার্কেট ভ্যালু অ্যাসেসমেন্টের ক্ষেত্রে যে কারণগুলি রয়েছে সেগুলি চেঞ্জ করবেন কিনা। It is a common Knowledge বারবার বলছেন under—Valuation of the property is the most commonest thing regarding tax evasion.

আপনি ১০ পারসেন্ট করেছেন আমার মতে ১০ পারসেন্ট ইজ কোয়াইট হাই। রেভিনিউয়ের সোর্স নেই, তাই আপনি এই ক্ষেত্রে ১০ পারসেন্ট করেছেন তাতে আপত্তি করতে চাই না যেখানে আন্ডার ভ্যালুয়েশন অফ প্রপার্টি হচ্ছে শহর এলাকায় বড় বড় আমি জায়গা ট্রান্সফারের ক্ষেত্রে সেখানে আন্ডার ভ্যালুয়েশন বন্ধ করতে পারবেন না। আপনার ১০ পারসেন্ট স্ট্যাম্প ডিউটি এড়াবার জন্য বিক্রেতা এবং ক্রেতা উভয় মিলে ষড়যন্ত্র করে অ্যাসেসমেন্ট কমিয়ে দিয়েছে। ইনকাম ট্যাক্স ডিপার্টমেন্ট সব জায়গায় ধরতে পারে না। ইনকামট্যাক্সের হাতে ক্ষমতা আছে, তারা কলকাতায় কিছু বড় বড় বাড়ি ক্রোক করে নিয়েছে। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে আপনি কি ড্র্যাসট্রিক পদক্ষেপ নিচ্ছেন বলুন। evasion of stamp duty.

একটা সাধারণ ব্যাপার। আন্ডার ভ্যালুয়েশনের ক্ষেত্রে শহরাঞ্চলে বন্ধ করতে কি ব্যবস্থা নিচ্ছেন সেটা স্পেসিফিকালী আপনার কাছে জানতে চাই। এর সঙ্গে এটাও জানতে চাই যে গ্রামাঞ্চলের মার্কেট ভ্যালুর যে কনসেপ্ট যে প্রবলেম সৃষ্টি হচ্ছে মিডলম্যানেরা রুল করছে উকিল নিয়ে আসার যে কনসেপ্ট করছে সেটাকে দূর করার জন্য কি করতে চান তা আপনার কাছে জানতে চাই। আপনার এই স্ট্যাম্প ডিউটি থেকে যে আর্নিং বাড়াতে চান কিন্তু তা ব্যর্থ হচ্ছে, ভবিষ্যতে স্ট্যাম্প ডিউটি কি বেসিসে বাড়ানো যায় কি ব্যবস্থা গ্রহণ করতে চান সেটা বলবেন। আমি আগেই বলেছি since this is essentially simplification of Tax Law.

আমি এটাকে বেসিক্যালি বিরোধিতা করতে চাইনা কিন্তু আমি মনে করি যে ফিনান্স মিনিস্টার হিসাবে আপনার দায়িত্ব আছে, এই রাজ্যের মানুষের কাছে এক্সপ্লেন করবেন আপনি কেন জেনারেলি আয় বাড়াতে পারছেন না, কেন শর্টফল হচ্ছে? বাজেটে কালেকশনের ক্ষেত্রে আপনি দেখেছেন টোটাল ট্যাক্স রেভিনিউর ব্যাপারে বাজেটে যেটা বলেছেন সেটা একটু ডিটেলে বলবেন। যেখানে আসার কথা ৩২০০ কোটি টাকা সেখানে ২৯৬৪ কোটি টাকা এসেছেন। মেন শর্টফলের ৩টি ক্ষেত্র আছে। একটি হচ্ছে ল্যান্ড রেভিনিউ, স্ট্যাম্প ডিউটি এবং সেল্‌স ট্যাক্স, এই ৩টি ক্ষেত্রে as a collecting ministry.

আপনি দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছেন। যে রাজ্য কেন্দ্রের কাছে আরও রিসোর্সের কথা বলেন যে রাজ্যে আপনারা সব সময়ে কেন্দ্র আপনাদের ন্যায্য পাওনা দিচ্ছে না বলেন, কেন্দ্রের যে শেয়ার সেটা বেড়ে যাচ্ছে, আপনাদের শেয়ার কমে যাচ্ছে। আপনাদের রাজ্যের যা এস্টিমেটস বাজেট তার থেকে ৬০০ কোটি টোটাল ট্যাক্স রেভিনিউ কম কালেকশন করেছেন সেজন্য You owe an explanation to the people of the state. আপনি এই ব্যাপারে কেন ব্যর্থ হয়েছেন আমাদের পরিষ্কার করে বলবেন। আমি এই কয়টি পয়েন্ট বললাম। আমি বলেছি যেহেতু এই বিল প্রধানত সিম্পলিফিকেশনের জন্য, সেজন্য আমরা সেভাবে এর বিরোধিতা করছি না। আমি মনে করি এতে লোকের সুবিধা হবে কিন্তু মার্কেট ভ্যালু নিরুপণ করার ক্ষেত্রে আপনাদের যে পেরিনিয়েল সমস্যা। সেগুলি দূর করে অ্যাসেসমেন্টের একটা নির্দিষ্ট বেসিস ঠিক করা দরকার। এটা দূর করতে পারলে পশ্চিমবঙ্গের মানুষ উপকৃত হবে। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে মাননীয় বিরোধীদলের সদস্যদের ধন্যবাদ জানাব, কারণ আজকে যে বিলটা আপনার কাছে উত্থাপন করেছি সেই বিলটার সঙ্গে আপনারা সহমত হয়েছেন। সহমত হয়ে কতকগুলি প্রশ্ন করেছেন, আপনাদের এক-একটার উত্তর আমি দিচ্ছি। প্রথমত এটা বলা উচিত যে খুব পুরনো একটা আইন এটা বস্তুত ১৮৯৯ সালের স্ট্যাম্প আইন, সেটা ১৯৯০ সালে সেটা আমরা আপনাদের কাছে অ্যামেন্ডমেন্টের জন্য রাখি এবং অ্যামেন্ডেড হয়। আগের আইনে যে কোনও স্থাবর সম্পত্তি

হস্তান্তর করার সময়ে তার যে দাম সেটা কনসিডারেশন মানি বলে একটা কথা বলা হত, যিনি কিনছেন তিনি একটা দাম উল্লেখ করতেন তার ভিত্তিতে স্ট্যাম্প ডিউটি, তার যে হার ছিল সেটা ধার্য হত। সেটা লাগাতেন রিসার্চের যে ফি সেটা সাধারণত ১০ ভাগের ১ ভাগ, এই রকম ছিল।

১৯৯০ সালে এটা বিল আকারে গ্রহণ করি এবং তারপর প্রেসিডেন্সিয়াল অ্যাসেন্টের জন্য পাঠাই। মাননীয় সদস্যগণ লক্ষ্য করবেন, তখন কিন্তু বাজার দামের ভিত্তিতে মূল্যায়ন চালু করতে পারিনি। এটা চালু করতে পারলাম ৩১শে জানুয়ারি ১৯৯৪ থেকে। প্রশ্ন হচ্ছে, আমরা এই বাজার মূল্যের ভিত্তিতে গেলাম কেন। বিষয়টা আগে অর্থ দপ্তরের মধ্যে ছিল না, আগে এটা বিচার বিভাগের সঙ্গে যুক্ত ছিল। আমি এখানে দায়িত্ব নিয়ে বলছি, আমরা শহরাঞ্চলে ওয়ার্ড ভিত্তিতে এবং গ্রামাঞ্চলে মৌজাভিত্তিতে যা পেয়েছি সেই তথ্য অনুযায়ী আমরা দেখলাম যে, বালিগঞ্জ সার্কুলার রোডে ১৯৯৩ সালের জুন মাসে—এই আইন তখনও চালু হয়নি—একটা সম্পত্তি হস্তান্তর হয়েছে কাঠাপ্রতি ৪৮৭ টাকা দরে, আলিপুর পার্ক রোড—সৌগত বাবুর এলাকা, নিশ্চয়ই তিনি অবগত আছেন—সেখানে ১১,২২৪ টাকা কাঠা দরে জমি হস্তান্তর করা হয়েছে। এটা দেখবার পর বুঝলাম, স্ট্যাম্প ডিউটি যেটা বর্তমানে ১৫০ থেকে ২০০ কোটির মধ্যে রয়েছে সেটা ১,০০০ কোটিকেও অতিক্রম করানো যায়, এবং বুঝলাম, এরমধ্যে কালো টাকা লুকিয়ে রয়েছে। তবে এটা করবার ব্যাপারে অফিসাররা আমাকে কোনও দুর্বুদ্ধি দেননি ; একজন জনপ্রতিনিধি হিসাবে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করে, অফিসার এবং আইনজ্ঞদের সঙ্গে আলোচনা করে কাজটা শুরু করি। তবে জমিই শুধু বিক্রি হয় না, ফ্ল্যাটও বিক্রি হয় এবং সেক্ষেত্রে শহরাঞ্চলে পার স্কয়ার ফিট-এর দামটা আপনারা জানেন। আমি শুধু পি. ডব্লু. ডি. ফ্ল্যাটের রেট উল্লেখ করছি, সেটা পার স্কয়ার ফিট ৩০০ প্লাস্ টাকা। সেখানে মানিকতলায় ফ্ল্যাট বিক্রি হয়েছে ৭ টাকা পার স্কয়ার ফিট ; বিবেকানন্দ রোডে ৫ টাকা পার স্কয়ার ফিট, লোয়ার সার্কুলার রোডে ১ টাকা পার স্কয়ার ফিট দরে ফ্ল্যাট বিক্রি হয়েছে। এসব দেখবার পর আমরা মার্কেট ভ্যাল্যুর কনসেপটটা লাগু করতে হবে সিদ্ধান্ত নিই। **(গণশক্তি জমি কিনতে গিয়ে স্ট্যাম্প ডিউটি কত দিয়েছে?—কংগ্রেস বেঞ্চ থেকে ধ্বনি....)** যেহেতু প্রশ্নটা উঠল, গণশক্তি যে জমি কিনেছে তার মার্কেট ভ্যাল্যু অনুযায়ীই স্ট্যাম্প ডিউটি দিয়েছে, এটা আমি খুব সহজ কথায় বলছি।

[12-40 – 12-50 p.m.]

**মিঃ স্পিকার :** আমি এটা বুঝি না, কারণ কোনও পলেটিকাল পার্টি যখন কোনও জমি কিনতে যান তখন সেটা তারা হাফ দামেও কিনতে পারেন, আবার কেউ সেটা তাদের দান হিসাবেও দিতে পারেন। সেজন্য হাউ ইট ইজ রিলেটেড? ইট ইজ নট রিলেটেড হিয়ার। অনেক লোক কম দামে জমি বিক্রি করে দেন পলিটিকাল পার্টি বা ট্রেড ইউনিয়নের কাছে। কাজেই ইট ইজ নট রিলেটেড হিয়ার।

**ডঃ অসীমকুমার দাসগুপ্ত ঃ** ওখানে যে বাজার মূল্য, তার যে রেট, ১৮ থেকে ২০ শতাংশ হারে সমস্ত পাই-পয়সা আমরা পেয়েছি। আপনারা যদি ডিটেলস চান তাহলে আমি পরে সেটা দিয়ে দেব। আমরা এখন একটা শক্ত মাটির উপরে দাঁড়িয়ে আছি। স্ট্যাম্প ডিউটির ক্ষেত্রে একটা সিদ্ধান্ত নিতে আমরা চিন্তা করেছি। সেটা হচ্ছে, এই মার্কেট ভ্যালু, সেটা অ্যাসেস করবে কে এবং কিসের ভিত্তিতে অ্যাসেস করবে? আমরা আই. এস. আইকে দিয়ে বা বোর্ড অব রেভিনিউয়ের লোককে দিয়ে জমির আলাদাভাবে তথ্য জোগাড় করতে পারতাম। কিন্তু এই সময়ে সুপ্রীম কোর্টে দুটো সিদ্ধান্ত হয়। আপনারা অবগত আছেন যে গতবারের আগের বছর সুপ্রীম কোর্ট নির্দেশ দেয় যে এ ক্ষেত্রে জমির বাজার মূল্যের উপর থেকে কেউ যেন সেন্ট্রালি ডাইরেক্ট না করে, স্থানীয় পরিস্থিতির ভিত্তিতে রেজিস্ট্রেশন অফিস এটা নির্ধারণ করবেন। আমরা সুপ্রীম কোর্টের সিদ্ধান্ত লাইন বাই লাইন ধরে জানুয়ারি মাসের শেষে সেই অর্ডার দিয়েছি। দ্বিতীয় হচ্ছে, কোন যান্ত্রিক গড় নয়। কোনও এলাকার জন্য কোনও যান্ত্রিক গড় আমরা নির্দিষ্ট করিনি। আমরা কেন গড় করব? কারণ অনেক জায়গা উঁচু আছে, অনেক জায়গা নিচু আছে, কাজেই সেখানে গড় করা উচিত নয়। সেজন্য স্থানীয় পরিস্থিতি বিবেচনা করে বাজার মূল্য কি হবে সেটা রেজিস্ট্রী অফিসাররা মাথায় রেখে করবেন। আমরা কি ধরনের তথ্য দিতে পারতাম? আমরা নির্দেশ দিয়েছি যে দেখুন ঐ এলাকায় কোনও সি. আই. টি জমি বিক্রয় হয়েছে কিনা, কিম্বা হাই কোর্টের নির্দেশে কোনও জমি বিক্রয় হয়েছে কিনা, এই ধরনের তথ্য দিয়ে মার্কেট ভ্যালু ফিক্সড করার কথা বলা হয়েছে। দ্বিতীয় হচ্ছে, দলিল দাখিল করার সময়ে দুইজন লোক লাগতো। এটা বোধ হয় আপনাদের সময়ে চালু হয়েছে। একজন দলীল লেখক অর্থাৎ ডীড রাইটার, আর একজন হচ্ছে উকিল। তৃতীয় একজনকে আমরা যোগ করেছি। যিনি কিনতে যাচ্ছেন, তিনি লিখতে পারেন বা সোজা রেজিস্ট্রেশন অফিসারের কাছে গিয়ে বলবেন যে আমি 'ক', আমি 'খ' এর জমি কিনতে চাচ্ছি। যদি কেউ এই ধরনের পরামর্শ দিয়ে থাকেন, মানববাবু যেটা বললেন তাহলে সেটা তিনি না জেনে দিয়েছেন অথবা তিনি মধ্যসত্বভোগীদের খপ্পরে পড়েছেন। তৃতীয় হচ্ছে, দলিল লেখকরা একটা স্ট্রাইক করেছিল, সেই স্ট্রাইক মিটে গেছে। সারা রাজ্যব্যাপী এদের সংগঠন, অনেক দিনের সংগঠন-এর মধ্যে নানা কারণ আছে, আপনারা এটা জানেন, আমি তার মধ্যে যাচ্ছি না—সেই সংগঠনের সঙ্গে আমাদের যোগাযোগ হয়েছে। ওরা আমাদের সঙ্গে এসে দেখা করেছে যেদিন আমি বাজেট পেশ করি। তারা দেখা করে বলেছেন যে আমরা এটা মিটিয়ে নিতে চাই। ঐ সময়ে যখন স্ট্রাইক চলছিল তখন কোন জেলায় কত দলিল রেজেস্ট্রি হয়েছে, কত দামে হয়েছে, তার একটা হিসাব আমি দিয়ে দিয়েছি। ১৬,৪৪২টি দলিল এই

(গোলমাল)

সময় নথিভুক্ত হয়েছে। এটার চেয়ে বড় কথা কোন দামে নথিভুক্ত হয়েছে। ঠিক তার আগের বছর এই মাসে বা আগের বছরে গড়ে এক-একটা দলিল থেকে—এই কাজের সম্পূর্ণ হিসাব

তো এখনও আসেনি, ভয় পাবেন না উত্তর দিচ্ছি—৯২০ টাকা গড়ে যেখানে পাওয়া যেত এরই মধ্যে যেখানে দলিল লেখকরা আসেনি, দলিল পিছু ২০০০ টাকা উঠে গেছে। ৯০০ টাকা থেকে দলিল পিছু ২০০০ টাকা, প্রায় দ্বিগুণ হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাদের বলছি যে দিকে গতি চলেছে, আমার কাছে যা খবর আসছে, কলকাতার কথাটা বললাম না, সেটা গড়ে ৫ গুণ দলিল পিছু বৃদ্ধি হতে শুরু করেছে। সৌগতবাবু, এটা শুরু হয়েছে এই বছরের ফেব্রুয়ারি থেকে।

(গোলমাল)

শুনুন, মূল জায়গাটা জানবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সাবধানী মানুষ, আপনারা তো নানান আঘাত হানেন, তাই আমি একটু কশান রাখি। এই জন্য জানবেন যেটা ২০০ রেঞ্জে হল সেটা বহু বৃদ্ধি পেতে চলেছে। ইতিমধ্যে স্ট্রাইক মিটে গেছে। সাধারণ মানুষের সহযোগিতা চাচ্ছি। মধ্যসত্ত বিলোপ করা হয়েছে এবং আমি মনে করি, এটা এক বছরে কতটা পারব বুঝতে পারছি না, কিন্তু এটাকে ১০০০ কোটি টাকাকে অতিক্রম করা যায়। একটা কথা খোলাখুলি বলছি যখন মারকেট ভ্যালুটা বৃদ্ধি হয়নি, যখন এটা এইভাবে কম দাম দেখানো হয়েছিল তখন আমরা ভাবলাম রেটটা বাড়বে। কিন্তু এখন তো মারকেট ভ্যালুর ভিত্তিতে শুরু হয়েছে। এখন যাতে কমপ্লায়েন্সটা ভাল হয় তার চেষ্টা হচ্ছে। রেটটা ১০ পারসেন্ট হারের চেয়ে বেশি ২০ পারসেন্ট ছিল তা নয়, অত্যন্ত জটিল রেট ছিল এবং তাতে একটা হত কি, রেটটা পড়তে গেলেও আপনার বিরক্তিকর লাগবে। যেমন ১০০০ টাকা পর্যন্ত ১০ পারসেন্ট প্লাস, ১০০১ টাকা থেকে ১০,০০০ টাকা তার চেয়ে উঁচু প্লাস, ১০,০০১ টাকা থেকে ৫০,০০০ টাকা প্লাস। এটাতে দুটো জিনিস হত। একটা হচ্ছে, দামটা চেপে দেখানো হত তা নয় বিভাজন শুরু হত। ১০ ভাগে ভাগ করে দেখিয়ে কম দামের সুবিধা নিতেন। তার জন্য কমপ্লায়েন্স এবং অবাধ বেআইনি বিভাজন না হয় তার জন্য প্লাস রেটটা কমিয়ে যেটা ২০ শতাংশ পর্যন্ত উর্দ্ধসীমা ছিল সেটা কমিয়ে ১০ শতাংশ করা হয়েছে। সৎ এবং সাধারণ মানুষের কথা মানসবাবু বললেন, যাদের পাশে আমরা দাঁড়াচ্ছি, আশাকরি আপনারা দাঁড়াবেন, তাদের স্বার্থের কথা মনে করে এই ১০ শতাংশ কমালাম। জানবেন ইতিমধ্যে দ্বিগুনেরও বেশি দলিল প্রতি আয় শুরু হয়ে গিয়েছে। আমরা ছাপিয়ে যাব লক্ষ্য মাত্রা। এই বছর এক মাসে পারব না, সামনের বছরে পারব। আপনাদের সহযোগিতা চেয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা জিনিস বলতে ভুলে গিয়েছিলাম।

(গোলমাল)

অ্যাসেসমেন্ট সুপ্রিম কোর্টের আইনে যে ভাষা ব্যবহার করা হয়েছে তাতে রেজিস্ট্রেশন অফিসারকে যা বলা হয়েছে সেই ব্যাপারে। প্রথমত ধরুন, সৌগত রায় একজন সৎ মানুষ—আমি হাইপোথিটিক্যালি বলছি—উনি যদি একটা জমি কেনেন, সব চেয়ে সোজা কথা উনি যে দামে কিনেছেন লিখলেন। আবার শুনুন রেজিস্ট্রেশন অফিসার কি করতে পারেন। তিনি যার ভিত্তিতে বলছেন এই যে মারকেট ভ্যালু এটা লিখে রাখতে হবে। কেন লিখে রাখতে হবে? কারণ জানবেন এই প্রথম জেলা শাসককে অ্যাডিশনাল আই. জি. আর-এর ক্ষমতা দেওয়া হল। তিনি কিন্তু স্যামপেল চেক করতে শুরু করবেন।

এটা জানবেন যে এতে অ্যাপিল করার প্রভিসন রাখা হয়েছে। কারও যদি মনে হয় যে, কেউ খবরদারি করছে, জুলুম করছে, সঙ্গে সঙ্গে তার অ্যাপিল করার প্রভিসন রাখা হয়েছে। এর পরে দলিল লেখকরা আমার কাছে এসে বলেছেন মিটে গেছে। আপনি যেটা বলছেন, তার উত্তরে বলছি, প্রতিদিনের রেজিস্টার থাকবে। আর আপনি যেটা বললেন, কোথাও কোথাও সাব-রেজিস্ট্রী অফিস ভগ্ন অবস্থায় আছে, এগুলো আমরা পূরণ করব। আমরা আপনাদের সহযোগিতা চাইছি। ধন্যবাদ জানিয়ে আমি এখানেই শেষ করছি।

The motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp West Bengal Amendment) Bill, 1994 to be taken into consideration was hen put and agreed to.

**Clauses 1 - 3 & Preamble**

The question that clauses 1 to 3 & Preamble do stand part of the Bill was then put and agreed to.

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that the Indian Stamp West Bengal (Amendment) Bill 1994 as settled in the Assembly, be passed.

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আরও কিছু প্রশ্ন ছিল। আপনার এই জটিলতা, অফিসের জটিলতা, আপনি একজন অফিসারকে দিয়ে তিনটে অফিস চালাচ্ছেন, স্ট্যাম্প পাওয়া যায় না। ডিনোমিনেশন স্ট্যাম্প পাওয়া যায় না। এগুলো বলা হয়েছে। কিন্তু আপনি পাশ কাটিয়ে গেলেন। এগুলো ব্লাক মার্কেট থেকে কিনতে হয়। স্ট্যাম্পটা এইভাবে কিনতে হবে কেন? এটা বলে দিন। আর বলে দিন যে সব সময় স্ট্যাম্প সাপ্লাই থাকবে, অফিসার সব সময় থাকবেন। তাঁকে জিজ্ঞাসা করলে যেন না বলতে হয় যে অন্য অফিসে যেতে হয়েছিল। সনাক্ত করার ব্যাপারটা আগে ছিল, যে আইন ছিল তাতে একজনকে সনাক্ত করার দরকার ছিল, তাই এটা ছিল। আপনি এখন সেটা বাদ দিতে চাইছেন। এটা যদি অ্যাটেস্ট না করা হয় তাহলে কি হবে? চলে যাবে? আপনি যে রেট্‌টা বললেন, আপনি খুব আশাবাদী। আমরা আগে একাধিকবার বলেছি। স্পিকার সাহেব আশা করেননি যে আমি

দ্বিতীয়বার এখানে আসি। তবে এসে গেছি। আপনাদেরই লোক, ঋষি টলষ্টয়, রিজারেকশন বইতে হেনরী জর্জের কথায় বলেছেন যে, ল্যান্ড রেভেনিউ ক্যান কমপেনসেট এভরিথিং। আপনি যে আশা ব্যক্ত করেছেন, এক হাজার টাকার কথা বলেছেন, আমরা সেটা ছাড়িয়ে যেতে চাই। কিন্তু ল্যান্ড ট্রানজাকশনটা যদি ঠিকমতো করতে পারেন তাহলে এটা সম্ভব হবে। এই তিনটি কথা আপনি বলুন। আর অ্যাকচুয়ালি ওখানে যে রকম প্রাইস লিস্ট তাঁরা, এগ্রিকালচারাল কমিশন করে দেন, এগ্রিকালচার ইনকাম ট্যাক্স করে দেন, তাঁরা বলে দেন বাজার দর ধরবেন, তাঁরা বলেন প্রাইস লিস্টটা তাঁরা ধরবেন না। আপনার এই ট্রানজাকশনটা যারা দেখবে, অ্যাসেসমেন্টটা যাতে ঠিকমতো হয় তারজন্য মেশিনারিকে ঠিকঠিক ভাবে পরিচালিত করতে হবে। উল্টোটা আবার বলা হয়েছে, যে রকম আন্ডার ভ্যালু দেখানো হয়, প্রিএম্পশনের সম্ভাবনা থাকলে একশো গুন দাম বাড়িয়ে দেয়। কেউ যদি প্রিএম্পশন না পায় তাহলে সে কি করবে? এটা দয়া করে বলুন।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত :** মাননীয় জয়নাল আবেদিন সাহেব, আমি খুব সতর্কতার সাথে আশা করেছিলাম যে বাজেটের সাধারণ বিতর্কে আপনি অংশগ্রহণ করার সময় আমাকে প্রায় অভিনন্দন জানিয়ে ফেলেছিলেন, আমি তার উত্তর দেব বলে ঠিক করেছিলাম। কিন্তু আপনি এখানে আমাকে বলার সুযোগ করে দিয়েছেন। আমরা যেটা ধরার চেষ্টা করছি—ক্যাপিটাল গেন্স—ক্যাপিটাল গেনস্টা গ্রামাঞ্চলে সাধারণভাবে বলছি, আন্ডার ভ্যালুয়েশন হয় না। আমি যেটা পাচ্ছি, ৩০ পারসেন্ট। মূলত আধাশহর, মানসবাবু, আপনার এলাকার মানুষকে আমি আশ্বস্ত করতে চাইছি।

ওখানে যেটা বেড়েছে সেটা দেখলাম যে ৩০ পারসেন্ট মতো বেড়েছে। আমি মনে করি এটা গ্রামাঞ্চলের সমস্যা। দ্বিতীয়ত আপনি যেটা বলছেন প্রশাসনিক দিক থেকে আমাদেরও দায়িত্ব থাকবে দুটি ক্ষেত্রে—অফিসার থাকা এবং সময়ে থাকা। আর স্ট্যাম্পগুলো পাওয়ার দায়িত্বও আমাদের থাকছে। তিন নং হচ্ছে, আমি জানি সমস্যাটা, আপনি যেটা বললেন সেটা আমার মাথাতেও ঝিলিক খেলেছিল ওই লিস্ট টাঙ্গিয়ে দেওয়ার ব্যাপারে, কিন্তু সুপ্রিম কোর্টের সর্বশেষ রায় অনুযায়ী এটা হওয়া উচিত নয়। এটা বলাও হয়েছে অত্যন্ত ভালো রায়, এতো ভালো রায় হয় না। ধরুন, শোভনবাবু চলে গেলেন, ওঁনার বারুইপুর ওয়ার্ডে ২০টির মতো ওয়ার্ড আছে, সরি, ওখানে ১১টা ওয়ার্ড আছে। ওই ওয়ার্ডের মধ্যে বা অচিন্ত্য রায়ের বাঁকুড়ার নাম জমি বা তার জমির মধ্যে এত ব্যবধান মৌজায় আছে যে এটা সাবরেজিস্টারি অফিসের আন্ডারে আছে। সেখানে কোনও গড় লিস্ট টাঙ্গানো উচিত নয়। তাছাড়া সুপ্রিম কোর্ট ক্যাটিগোরিক্যালি বলে দিয়েছে যে এটা টাঙ্গাবেন না। তবে একটা তথ্য গোছের টাঙ্গিয়ে রেখেছি এবং যেহেতু শহরাঞ্চলের সি আই টির জমি কিনছি সেটার তথ্য খুবই ফার্ম। পার্ক স্ট্রিট এইরকম ৫ হাজার টাকার কাঠা জমি দেখানো হয়েছে একটা অফিস করবার জন্যে, একটা কনসোলেট অফিস জমি বিক্রি করেছিল। এখানে একটা ফার্ম দামটা কি সঙ্গে সঙ্গে পেয়ে গেলাম। এখানে ফার্ম ফিগার থাকছে। এই তথ্যগুলো তাদের রাখছি

একই কারণে যে তাদের মাইন্ডটা অ্যাপলাই করতে হবে। কিন্তু এখানে সুপ্রিম কোর্টের নির্দেশ আছে, এটা হচ্ছে ৩ নং যে যদি সেখানে কোনও জুলুমদারী করে ফেলে কেউ তারজন্য ডি এমের মাধ্যমে সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের কাছে যেতে পারে এবং তারজন্য সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের ব্যবস্থা আছে। এরজন্য রেজিস্ট্রেশন দপ্তরের মধ্যে একটু মন খারাপের ব্যাপারে ছিল এবং তার জন্যই আনতে হবে সিভিল অ্যাডমিনিস্ট্রেশনকে। আমি দেখছি আপনারা তো ততটা রেগে নেই এবং সভায় আপাতত উল্লেখও করেছেন। আর সর্বশেষে যেটা বলতে চাই সেটা হচ্ছে যে, আমরা কমিউনিস্ট কিন্তু ক্লান্তিহীনভাবে আশাবাদী। মস্কোর রাস্তায় আজকেও ইয়লৎসীন দাঁড়াতে পারেন না। আজকেও লালঝান্ডা উড়ছে এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** ডাঃ আবেদিন, ডঃ দাশগুপ্ত বলছেন যে আপনি প্রায় অভিনন্দন জানিয়ে ফেলেছেন তাকে আপনি তো ১৯৯১ সালের ইলেকশনের আগেকার ইলেকশনে প্রায় গত হয়ে গেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত গত হয় নি, আবার ফিরে এসেছেন। অতএব সবই প্রায়ের ব্যাপার, এই প্রসঙ্গে একটা গল্প মনে পড়ছে। গ্রামে তো সব বৈঠকখানা থাকে সেখানে সব আড্ডা-টাড্ডা মারে। সেখানে একটা অন্ধ বয়স্ক লোক বসে আছেন আর সন্ধ্যের সময়ে একজন লোক হেঁটে যাচ্ছেন। তিনি তাকে ডাকছেন কে যায়, জামাই? প্রায়। তার মানে জামায়ের ছোট ভাই। সুতরাং এটা সবই প্রায়ের কারবার বুঝছেন তো।

**Mr. Speaker :** The motion of Dr. Asim Kumar Dasgupta that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994, as settled in the Assembly, be passed—was then put and agreed to.

## GENERAL DISCUSSION ON BUDGET

**শ্রী অতীশচন্দ্র সিন্‌হা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৪-৯৫ সালের জন্য মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট আমাদের সামনে পেশ করেছেন সেই বাজেটের বিরোধিতা করছি। প্রাথমিকভাবে বাজেটের যে ঘাটতি দেখানো হয়েছে তা ৪ কোটি টাকার মতো। কিন্তু আমার ধারনা হচ্ছে যে, স্ট্যাম্প ডিউটি যতই আদায় করুন না কেন প্রকৃতপক্ষে ঘাটতি অনেক বেশি দেখা যাবে। একটু পরেই ফিগার করে দেখিয়ে দেব যে এবং তার থেকে পরিষ্কার বোঝা যাবে যে, রাজস্ব আদায় এবং রাজস্ব ব্যয়ের মধ্যে তফাৎ ক্রমশই বছরের পর বছর বেড়ে চলেছে এবং একটা ভয়ঙ্কর আকার ধারণ করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজস্ব আদায়ের ব্যাপারে বাজেটে যে ধরা ছিল ১৯৯৩-৯৪ সালে তা হল ৬ হাজার ৫১২ কোটি টাকা।

কিন্তু প্রকৃতপক্ষে দেওয়া হয়েছে ৬ হাজার ১২২ কোটি টাকা। অর্থাৎ প্রায় ৪০০ কোটি টাকা কম। রাজস্ব খাতে ব্যয় হচ্ছে '৯৩-'৯৪ সালে আমরা দেখছি ৭,৩৩৭ কোটি টাকা, অর্থাৎ রাজস্ব খাতে আদায় এবং ব্যয়ের মধ্যে পার্থক্য আছে অর্থাৎ ব্যয় বেশি হয়েছে ৯১৫ কোটি টাকা। এই বছরে যে বাজেট পেশ করেছেন '৯৪-'৯৫ সালের আর্থিক বাজেট, সেই

বাজেটে এই বছরে আমরা দেখছি রাজস্ব খাতে আদায় ধরেছেন ৬,৮৭০ কোটি টাকা, ব্যয় হবে ৮,২০৬ কোটি টাকা। অর্থাৎ এই ২টির মধ্যে যে ব্যবধান ছিল ৯১৫ কোটি টাকা সেটির ব্যবধান বেড়ে দাঁড়াল ১৩৩৬ কোটি টাকা। যে কথাটি প্রথমে বলেছিলাম রাজস্ব খাতে আদায় এবং ব্যয়ের মধ্যে আমাদের আশঙ্কা শেষ পর্যন্ত যে টাকা পাওয়া যাবে বিভিন্ন খাতে সেখান থেকে মিট করা হবে। যার ফলে পরিকল্পনা বহির্ভূত যে বরাদ্দ সেটা শেষ পর্যন্ত উনি বজায় রাখতে পারবেন কিনা এই ব্যাপারে যথেষ্ট সন্দেহ আছে। এই গেল বছরে আমরা দেখলাম পরিকল্পনার যে অংশ হওয়ার কথা ছিল সেটার ক্ষেত্রে উনি টোটালটা থেকে কমাতে বাধ্য হয়েছেন, যদিও মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন, পরিকল্পনার বরাদ্দর জন্য শতকরা ১০০ ভাগ টাকা উনি দিয়েছেন বিভিন্ন দপ্তরের জন্য, আমরা জানি '৯৩-'৯৪ সালে পরিকল্পনা বাবদ ধরা হয়েছিল যে টাকা সেই টাকা তিনি শতকরা ১০০ ভাগও দিতে পারেননি ফলে বহু দপ্তরকে তার পরিকল্পনা ছাঁটাই করতে হয়েছে। এবং পরিকল্পনা এর ফলে যথেষ্ট ব্যাহত হয়েছে। আমরা মাননীয় মন্ত্রীর কাছে এই ব্যাপারে একটু ব্যাখ্যা চাইছি, যেটা ওর বক্তব্যের মধ্যে আমি খুঁজে পেলাম না, সেটা হচ্ছে বাজেটের শেষ পৃষ্ঠায় ২৯ পাতায় তিনি বলেছেন, যোজনা কমিশনের সহিত স্থিরীকৃত অনুমিত অতিরিক্ত সম্পদ বাবদ পাবেন ২৬৭ লক্ষ টাকা। এটা কোথা থেকে আসবে, এটা ওঁর বক্তব্যের মধ্যে থেকে খুঁজে পেলাম না। এই ২৬৭ লক্ষ টাকা যোজনা কমিশনের সহিত স্থিরীকৃত অনুমিত সম্পদ যেটা বলেছেন এটা কি ভাবে আসবে, কি বাবদ দেবে, কি কথা হয়েছে তার বিস্তারিত বিবরণ আমরা নিশ্চয় অর্থমন্ত্রীর কাছ থেকে পেলে খুশি হব। আমরা দেখেছি মাননীয় অর্থমন্ত্রী এই বাজেটের প্রথমে এবং অনেকগুলি প্যারাগ্রাফে তিনি একটা আশঙ্কা ব্যক্ত করেছেন সেটা হচ্ছে, আমরা নাকি ভারতবর্ষের বাইরে থেকে ক্রমাগত ঋণ নিচ্ছি, এবং ঋণের দায়ে এতই জর্জরিত হয়ে পড়েছি যে আমাদের শেষ পর্যন্ত সব কিছু বিক্রি করে দিতে হবে, এই আশঙ্কা উনি প্রকাশ করেছেন। কিন্তু এবারে আমি পরিষ্কার করে বলতে চাই ডঃ মনমোহন সিং যে বাজেট পেশ করেছেন তার থেকে, সেখানে পরিষ্কারভাবে বলা আছে, বর্তমানে আমরা ঋণের অবস্থায় কোথায় আছি, উনি বলছেন ১০ প্যারাগ্রাফে our external dept which is a cause of concern এটা ঠিক আমরা বহির্দেশের সঙ্গে ঋনের ব্যাপারে সবাই চিন্তিত, এটা কম হোক, এই ব্যাপারে আমরা সকলেই একমত, এই ব্যাপারে সকলেই চিন্তা করছেন, এটা বাড়তে দেওয়া ঠিক হবে না।

"is growing more slowly now. It grew by about 6 billion per year on an average in the latter half of the 1980s." যখন ভি. পি. সিং প্রধানমন্ত্রী ছিলেন, আপনাদের বন্ধু সরকার তখন "In 1990-91 the debt grew by over 8 billion. In 1991-92 and 1992-93, the increase averaged only about 3 billion." তার মানে ৩০০ মিলিয়ান ডলার। "In the first half of 1993-94, external debt has increased by hardly 300 million." তার মানে প্রায় ৩০ কোটি টাকা, অর্থাৎ এক দশমাংশ কমে এসেছে। "Furthermore, the recent increase in debt

has been more than off set by the sharp increase in our foreign corrency reserves.

Hon'ble Members are aware that some of our external debt is owed to the IMF. We have approached the Fund in our hour of difficulty. Now that our payments situation has improved considerably and our reserves have been rebuilt to comfortable levels, we are in a position to repay the Fund somewhat ahead of schedule." সুতরাং এই ঋণ সম্বন্ধে যে হতাশার চিত্র মাননীয় অর্থমন্ত্রী এই ১৯৯৪-৯৫ সালে বাজেট বক্তৃতায় রেখেছেন, প্রকৃতপক্ষে সেই হতাশার চিত্র কিন্তু মনমোহন সিং রাখেননি। আমরা আই. এম. এফের কাছ থেকে ঋণ নিয়েছি ঠিকই, কিন্তু আমাদের ফরেন এক্সচেঞ্জ এখন অনেক ভাল। যার জন্য আমরা আই. এম. এফের ঋণ নির্দিষ্ট সময়ের আগেই ফেরত দিয়ে দেব। যখন ভি. পি. সিং প্রধানমন্ত্রী ছিলেন এবং তার পরে যখন চন্দ্রশেখর প্রধানমন্ত্রী হন তখন আমাদের দেশের সোনা বিদেশের কাছে পাঠাতে হয়। তখন আর্থিক অবস্থা এতটাই খারাপ ছিল। কিন্তু গত তিন বছরের মধ্যে এই সমস্ত সোনা আমাদের দেশে ফেরত নিয়ে আসা হয়েছে এবং আমাদের আর্থিক অবস্থা এবং ফরেন এক্সচেঞ্জের পরিমাণও এখন যথেষ্ট শক্তিশালী। যার ফলে আমরা এখন বাণিজ্যের দিক থেকেও অনেক উন্নতি সাধন করতে পেরেছি। ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ এখন প্রায় ৪০ হাজার কোটি টাকাতে এসে পৌঁচেছে। যেটা ফার্স্ট জুন, ১৯৯১ সালে মাত্র তিন হাজার কোটি টাকা। আপনি কেন্দ্রের উদারনীতির সমালোচনা করেছেন আপনার বাজেটের প্রতি ছত্রে ছত্রে। এই উদার নীতির ফলে আমাদের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ ফেরত দেবার যে সময়সীমা তার আগেই তা ফেরত দেওয়া সম্ভব হয়েছে। লিবারালাইজেশন এবং উদারনীতির ফলে আমাদের ফরেন এক্সচেঞ্জ রিজার্ভ দু-তিন মাসের মধ্যে প্রায় তিন হাজার কোটি টাকাতে এসে পৌছায় এবং বর্তমানে সেটা ৪০ হাজার কোটি টাকাতে এসে পৌছেছে। লিবারালাইজেশন বা উদার নীতির অনুসরণ করার ফলে আপনি এখানে যে আশঙ্কা প্রকাশ করেছেন তা ঠিক নয়। আপনি বলেছেন বাইরের বিদেশি জিনিস এসে আমাদের বাজারকে ছেয়ে ফেলবে, আর আমাদের দেশের যে কোম্পানি, যারা জিনিস তৈরি করবে, তারা নাকি আর বাজারে জিনিস তৈরি করতে পারবে না। এই উদারনীতি অনুসরণ করার ফলে আমাদের ইমপোর্ট বাড়েনি, আমাদের এক্সপোর্ট বেড়েছে। সুতরাং মাননীয় অর্থমন্ত্রী শুধু শুধু বাজেটে আশঙ্কা এবং ভয়-ভীতির একটা পরিস্থিতি গড়ার চেষ্টা করেছেন।

এখানে আবার আমি ডঃ মনমোহন সিং-এর বাজেট স্পিচ থেকে তুলে ধরছি। সেখানে তিনি বলেছেন, "Despite all the fears that liberalization would lead to a flood of imports, the dollar value of our imports during April-January 1993-94 was less than one per cent higher than imports during the corresponding period of 1992-93. For the fiscal year 1993-94 imports are likely to be lower than even 1990-91" "Our exports have increased

by a remarkable 21 per cent in dollar terms in the first ten months of 1993-94."

সুতরাং আপনারা দেখছেন যে আমাদের এক্সপোর্ট বাড়ছে, ইমপোর্ট কমছে। সুতরাং এই উদারনীতি অনুসরণ করার ফলে যে আশঙ্কা এখানকার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে ফুটিয়ে তোলার চেষ্টা করেছেন সেটা অমূলক, সেই আশঙ্কা অসত্য এবং প্রকৃতপক্ষে ভারতবর্ষের অর্থনীতি প্রগতির দিকে যাচ্ছে, ভারতবর্ষের অর্থনৈতিক অবস্থা আরও ভালোর দিকে যাচ্ছে সে বিষয়ে কোনও সন্দেহ নেই। আপনারা জানেন যে ব্যালেন্স অব পেমেন্টের সমস্যা বা অসুবিধা এর আগে অনেক ছিল, অনেক পার্থক্য থাকত। সেই ব্যালেন্স অব পেমেন্টের যে তফাৎ সেটা ক্রমশ কমে আসছে যার ফলে আমাদের ফরেন এক্সচেঞ্জের অবস্থা খুব ভাল অবস্থার মধ্যে দাঁড়িয়েছে। আমাদের বৈদেশিক ঋণ যে সময় ফেরত দেওয়ার কথা তার অনেক আগেই আমরা তা ফেরত দিতে পারব। গ্রামীণ অর্থনীতি নিয়ে বা গ্রামীণ অর্থনৈতিক কর্মসূচি নিয়ে আপনারা অনেক কথা বলেন। গ্রামীণ কর্মসূচিতে ৭-ম যোজনায় যেখানে ৬ হাজার কোটি টাকা মাত্র বরাদ্দ ছিল এই ৮-ম যোজনায় সেটা ৫ গুন বাড়িয়ে ৩০ হাজার টাকা ধার্য করা হয়েছে বা কোনও নীতি অনুসরণ করার ফলে এটা সম্ভব হয়েছে। আজকে দেখলাম আমাদের এখানকার অর্থমন্ত্রী স্ট্যাম্প ডিউটি সংক্রান্ত একটি বিল পাশ করলেন এবং এরমধ্যে দিয়ে তিনি চেষ্টা করছেন পশ্চিমবঙ্গের ভেঙ্গে পড়া অর্থনীতিকে যাতে বাঁচিয়ে তোলা যায়, রাজস্ব আদায় যাতে বাড়ে। ভারতবর্ষের অবস্থাও তো পশ্চিমবঙ্গের থেকে খুব একটা ভিন্ন নয়। দেশের গরিব মানুষ, বিশেষ করে যারা গ্রামে বাস করেন তাদের আর্থিক অবস্থায় উন্নয়নের জন্য নিশ্চয় প্রচুর অর্থের প্রয়োজন। সেটা যাতে আরও বেশি করে যোগান দেওয়া যায় তারজন্য ভারত সরকার চেষ্টা করছেন। কি ভাবে করছেন সেটা আমাদের প্রধানমন্ত্রী মহাশয় নিজেই বলেছেন। উনি কর্নাটকে গিয়েছিলেন দুটি মেগা প্রোজেক্টের উদ্বোধন করতে। সেই মেগা প্রোজেক্ট উদ্বোধন করতে গিয়ে তিনি বলেছেন, "I would like to congratualate the Government of Karnataka for having got these two mega projects. Few days back we got one mega project from another country, a big refinery project run by gas, for which the gas also is going to come all the way from that country, may be through 2000. 3000 kilometres under the sea. They are going to fund all this. It is going to be four to five billion dollars, which means some Rupees Twenty thousand crore. As that—" এটা হচেছ ফান্ডামেন্টাল জিনিস, ভালো করে শুনুন। "As that Rupees twenty thousand crore is coming from outside. we can divert our resources to that extent to projects like Jawahar Rojgar Yojna or use it for building schools in the village." বাইরের দেশের লোকরা এসে যখন এখানে বিনিয়োগ করছে তখন আপনারা বলছেন যে বাইরের দেশের লোক এসে বাজার দখল করে নিলো, আমাদের দেশের সর্বনাশ হয়ে গেল। বাইরের দেশের লোকরা এসে আমাদের এখানে বিদ্যুত উৎপাদন থেকে আরম্ভ করে বিভিন্ন ধরনের জিনিস

যেগুলি দরকার সেগুলিতে লগ্নি করলে আমাদের বাজেট থেকে গ্রামীণ অর্থনীতির বিকাশের জন্য সেই টাকাটা আমরা ব্যয় করতে পারব। এই পরিকল্পনা বা এই উদ্দেশ্য নিয়েই কেন্দ্রীয় সরকার বৈদেশিক লগ্নিকারী সংস্থা—এন. আর. আই বা যারা লগ্নি করতে চান তাদের আহ্বান করছেন এখানে লগ্নি করতে। যেমন অপারগ হয়ে হলদিয়া, বক্রেশ্বরের জন্য আপনারা বাইরের লোককে ডাকছেন। আমরা ডাকলেই দোষ হয়ে যাচ্ছে ১৬/১৭ বছর হয়ে গেল, হলদিয়া, বক্রেশ্বর হল না, এখন আপনারা চাইছেন বাইরের অর্থলগ্নি সংস্থাকে। আপনারা বলছেন, তারা এসে হলদিয়া, বক্রেশ্বর করে দিক। আপনারা ডাকলে দোষ হয় না। আপনারা যখন আমেরিকার কোনও কোম্পানিকে ডাকেন, আপনাদের কোনও কোম্পানিকে ডাকেন এবং বলেন যে আমাদের পশ্চিমবঙ্গের এই যোজনাটা করে দাও তখন কোনও দোষ হয় না। কিন্তু যখন কেন্দ্রীয় সরকার বাইরের কোনও কোম্পানিকে ডেকে বলেন যে ভারতবর্ষের এই কোম্পানিগুলো করে দাও, এই কাজগুলো করে দাও তখনই আপনারা দোষ দেখতে পান। এই দু-মুখো নীতি আপনাদের চলতে পারে না। আজকে কেন্দ্রীয় সরকার কী ভূমিকা গ্রহণ করেছে যে ৩০ হাজার কোটি টাকা আমরা ৮ম যোজনার জন্য বরাদ্দ করেছি, তার কারণ ৩০ হাজার কোটি টাকা অন্যান্য জায়গায় লগ্নি করার কথা। কিন্তু সেখানে সেই টাকা কেন্দ্রীয় সরকারকে লগ্নি করতে হচ্ছে না। সেই অর্থ বেঁচে যাচ্ছে সেটা গ্রাম উন্নয়নের জন্য নিয়োগ করা হচ্ছে। আজকে যে সব বিভিন্ন কেন্দ্রীয় সংস্থা চলবে না, সেইগুলো বন্ধ করার বিরুদ্ধে আপনারা সোচ্চার হয়েছেন। এই রাজ্যের মুখ্যমন্ত্রী কী বলেছেন, সল্ট লেকে ওয়েবেল কোম্পানির গৃহ উদ্বোধন কবতে গিয়ে? উনি কোম্পানিগুলোর সঙ্গে যখন মিটিং হয় তখন এক রকম কথা বলেন, চেম্বার অব কমার্সের মিটিংএ এক রকম কথা বলেন, ময়দানে আর এক রকম কথা বলেন আর দিল্লিতে অন্য রকম বলেন, আর এই হাউসে আর এক রকম কথা বলেন। আজকে এই রাজ্যের মুখ্যমন্ত্রীর যে বিবৃতি বেরিয়েছে, তিনি বলেছেন যতগুলো কোম্পানি কেন্দ্রীয় সরকারের হোক বা রাজ্য সরকারের হোক, যে সব সংস্থায় টাকা লগ্নি হচ্ছে, কিন্তু অচল অবস্থা থেকে উদ্ধার পাওয়া যাচ্ছে না, সেই কোম্পানিগুলোতে আর টাকা ঢেলে কোনও লাভ আছে কি না সেই বিষয়ে চিন্তা করতে হবে। আমরা চাই না সেই কোম্পানিরা বন্ধ হয়ে যাক, সেই আন্ডার টেকিং বন্ধ হয়ে যাক এবং সেখানকার কর্মচারিরা বেকার হয়ে যান। কিন্তু একটা জায়গায় চিন্তা-ভাবনা করার দরকার আছে এবং এক সুরে কথা বলতে হবে। ধরুন একটা সংস্থা আছে পশ্চিমবঙ্গ সরকারের ডি. পি. এল., যখন ১৯৭৬-৭৭ সালে ছিলাম, তখন আমরা চার কোটি টাকার কাছে লাভ করে এসেছি। বর্তমানে সেখানে প্রতি বছর ১৩/১৪/১৫ কোটি টাকা লোকসান হচ্ছে। আপনাদের এই সংস্থাগুলো কল্যানী স্পিনিং মিল, ওয়েসটিং হাউস স্যাক্সবি ফার্মার, দুর্গাপুর কেমিকেল্‌স লিমিটেড, ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, এই সব আন্ডারটেকিংগুলোতে, এই সব কোম্পানিগুলোতে কোটি কোটি টাকা লোকসানের পর লোকসান হয়ে যাচ্ছে। আপনারা যদি মনে করেন যে লোকসানের দায় আপনারা বহন করবেন, বছরের পর বছর এই রকমভাবে চলবে তাহলে আমাদের কোনও আপত্তি নেই। কিন্তু আপনারা এখানে স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, ডি. পি. এল., ডি. সি. এল.,

কল্যানী স্পিনিং মিল এই সবই চালু রাখতে গিয়ে আপনাদের যা রাজস্ব আদায় হচ্ছে তার থেকে হাজার হাজার কোটি কোটি টাকা এইগুলোকে চালু রাখবার জন্য খরচ হয়ে যাচ্ছে, কোন লাভ আপনারা পাচ্ছেন না ফলে গ্রামের উন্নয়ন হচ্ছে না, গ্রামের রাস্তা হচ্ছে না, গ্রামের বিদ্যালয় ভবন হবে না। আপনাদের উন্নয়নমূলক কাজ আপনারা করতে পারছেন না। কেন্দ্রীয় সরকার সেই জন্য ঠিক করেছেন যেগুলো চলবে না সেইগুলোকে বি. আই. এফ. আর. এ পাঠানো হচ্ছে এবং তারা বিচার বিবেচনা করে দেখছে এইগুলোকে বন্ধ করে দেওয়া যায় কি না। আমরা বন্ধ করে দিতে চাই না, কারণ আমাদের বেকার সমস্যা জটিল, সেই কারখানাগুলো বন্ধ হয়ে গেলে শ্রমিকদের অন্য কারখানায় অ্যাবজর্ভ করতে হবে। এটা ঠিক যে ভাবে বেকারত্ব বেড়ে চলেছে, বৈদেশিক সংস্থাগুলো যদি আমাদের দেশে অর্থ লগ্নি করে তাহলে সেই বেকারত্ব অনেকাংশ দূর হবে। সে আমেরিকার কোম্পানি আসুক বা জাপানের কোনও কোম্পানি আসুক বা জার্মানির কোনও কোম্পানি আসুক তারা ভারতবর্ষে এসে যদি কারখানা করে, তারা তো নিজের দেশ থেকে লেবার নিয়ে আসবে না, তাদেরকে ভারতবর্ষেরই শ্রমিক নিয়োগ করতে হবে। ম্যানেজমেন্টের বড়জোর দু' একজন সে দেশ থেকে আসতে পারেন। কিন্তু শতকরা ৯৯ ভাগ এদেশের মানুষই চাকরি পাবেন। সুতরাং তাঁরা এলে আমাদের ক্ষতি কী? এটা ঠিক যে আমাদের যে সংস্থাগুলিতে ক্ষতি হচ্ছে সেই সংস্থাগুলির ক্ষতি বন্ধ করতে হবে অথবা ক্ষতি যাতে আর না হয় তার জন্য ব্যবস্থা করতে হবে। সেই সংস্থাগুলিতে যে অর্থ ভরতুকি দেওয়া হয় তা কমিয়ে সেই টাকা যাতে গ্রাম-গঞ্জের দরিদ্র মানুষের উপকারে লাগে তার জন্য আমাদের চিন্তা ভাবনা করতে হবে। আমরা কী দেখছি? এই বাজেটের সরকার আমাদের যে হিসাব দিয়েছেন তাতে দেখছি আমাদের রাজ্যে ১৯৯৪-৯৫ সালে আদায় হবে ৬৮৭০ কোটি টাকা। আমরা জানি এর অর্দ্ধেকেরও বেশি টাকা, শতকরা ৬০ ভাগ টাকা যাবে সরকারি এবং আধা-সরকারি কর্মচারিদের বেতন দিতে। তারপরেও কিছু টাকা পরিবহনে এবং পৌর সংস্থাগুলিতে ভরতুকি দিতে হবে এবং প্রশাসনিক খরচ মেটাতে হবে। এরপর মাননীয় অর্থমন্ত্রী, আপনার হাতে আর কতটুকু উদ্বৃত্ত থাকবে? এটা আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাইছি—আপনার হাতে আর কত টাকা উদ্বৃত্ত থাকবে যা দিয়ে আপনি পশ্চিমবাংলার মতো রাজ্যের পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করতে পারবেন এবং পশ্চিমবাংলায় যে বেকারত্বের সমস্যা আছে—আপনারা বলছেন ৪৭ লক্ষের মতো মানুষ বেকার হয়ে গেছে—সেই বেকার সমস্যার সমাধান করতে পারবেন? আপনারা ১৬/১৭ বছর ধরে হলদিয়া হবে হবে করে এখনো কিছুই করতে পারেননি। রক্ত দিয়ে বক্রেশ্বর করব বলে—আমরা কয়েক দিন আগে বক্রেশ্বরে গিয়ে দেখে এলাম সেখানে একটা ইউনিট খানিকটা তৈরি হয়েছে মাত্র, তা ছাড়া বাকি ৪/৫-টা ইউনিটের কাজের বিন্দু মাত্র অগ্রগতি হয়নি। আপনারা এখন চিন্তা ভাবনা করছেন জাপানের ও. ই. সি. এফ-এর কাছ থেকে টাকা এলে শেষ পর্যন্ত বক্রেশ্বর হবে। আপনারা ভেল-কে অর্ডার দিয়েছেন, দুর্গাপুরের এ. সি. সি.-কে অর্ডার দিয়েছেন, তাঁদের বলে দিয়েছেন, 'আমাদের কাছে টাকা নেই, গো স্লো, আস্তে আস্তে তৈরি করো, এখন টাকা দিতে পারবো না।' এই হচ্ছে অবস্থা

বক্রেশ্বরের! আর বিদ্যুত মন্ত্রী বলছেন—পশ্চিমবঙ্গের বিদ্যুতের অবস্থা খুব ভাল। পশ্চিমবঙ্গের সব কারখানা যদি বন্ধ থাকে তাহলে তো বিদ্যুতের অবস্থা এমনিতেই ভাল হবে। যদি কারখানাগুলি চলে তাহলে আবার বিদ্যুতের হাল ৪/৫ বছর আগে যা ছিল, যে জায়গায় ছিল সে জায়গায় পৌঁছে যাবে। আর আপনাদের মধ্যে যাঁরা গ্রামে-গঞ্জে থাকেন তাঁরা সেখানকার বিদ্যুতের অবস্থা নিশ্চয়ই জানেন। আমি অর্থমন্ত্রীকে আমার কেন্দ্রে ইন্‌ভাইট করছি, আহ্বান জানাচ্ছি—আপনি আমার কেন্দ্রে চলুন, দেখতে পাবেন সন্ধ্যা ৬-টার পর সেখানে আলো থাকে না থাকারই মতো—সেখানে ভোল্টেজ এত কম, ১০০ পাওয়ারের বাল্ব জ্বালার পরেও প্রদীপ বা লণ্ঠন না জ্বেলে কাগজ দেখা বা পড়া যায় না। স্টেট ইলেকট্রিসিটি বোর্ডকে বার বার বলা সত্ত্বেও, মন্ত্রীকে বহু চিঠি লেখা সত্ত্বেও এই সমস্যার সমাধান হয়নি। আপনারা গ্রামীণ বৈদ্যুতিকরণের কথা বলেন। আপনারা এখানে যাঁরা বসে আছেন তাঁরা বুকে হাত দিয়ে বলুন তো কোনও গ্রামে বৈদ্যুতিকরণের কাজ হচ্ছে? একটা গ্রামেও কাজ হয়নি। আমাদের সময়ে একটা স্কীম ছিল, আপনারা এখন সেটা গ্রহণ করেছেন—ইন্টেনসিফিকেশন অফ্ মৌজা স্কীম। যে মৌজায় একাধিক গ্রাম আছে সেখানে একটা বা একটা পথে ইলেকট্রিফিকেশনের কাজ শেষ হয়ে গেছে সেখানে সেই জায়গার পর থেকে গ্রামটাকে বা মৌজাটাকে ইলেকট্রিফায়েড করা। তার জন্যই ইনটেনসিফিকেশন অফ্ মৌজা স্কীম আছে। আমি এবারে বিধানসভায় নির্বাচিত হবার পরে '৯১ সালে খোঁজ নিয়েছিলাম—ওঁরা বললেন, 'আমরা আমাদের এলাকায় ৩৬-টা মৌজাকে ইন্টেসিফিকেশনের মধ্যে নিয়েছি, প্রতি বছর ৩/৪-টে করে মৌজা টেক্ আপ করে কাজ করব, আপনি প্রায়রিটি করে পাঠিয়ে দিন।' আমি প্রায়রিটি করে পাঠিয়েছিলাম। আপনারা শুনলে আশ্চর্য হবেন, মাত্র একটা মৌজায় কাজ আরম্ভ হয়েছিল, অর্দ্ধেক কাজ হয়ে তা বন্ধ হয়ে পড়ে আছে। এখন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড কিছু টাকা জমা দিতে বলছে। আমি আবার সেই লোকগুলিকে ৫০০ টাকা প্রতি কানেকশন পিছু জমা দিতে বললাম। ৪ মাস পরে কাজ এগুলো, কিন্তু আবার বন্ধ হয়ে গেল। আবার বললাম, তখন বলল, ৮০ টাকা করে জমা দিতে হবে। এই হচ্ছে স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের অবস্থা। এদিকে লোকদ্বীপ প্রকল্প উঠে গেছে। আজকে এই অবস্থার মধ্যে গ্রামে-গঞ্জের মানুষকে এসে পৌঁছতে হচ্ছে। একটু আগে আমাদের ডাঃ জয়নাল আবেদিন বলে গেলেন আর ৫ বছর পরে নদী দিয়ে আর জল বইবে না, মধু বইবে—এইরকম একটা অবস্থার মধ্যে নিয়ে যাচ্ছেন পশ্চিমবঙ্গকে এবং এই কথাই প্রচার করবার চেষ্টা করছেন। তাই বলছি, বাস্তব কথা বলুন। আপনারা সত্যিই যদি চেষ্টা করেন রাজস্ব আদায় বৃদ্ধি করবার, ব্যয়-সংকোচ করবার তাহলে নিশ্চয়ই আপনাদের সমর্থন করব এবং তা করা উচিত। কিন্তু যদি মুখ্যমন্ত্রীর এক-একটা মিটিং করতে ১৫ থেকে ২০ লক্ষ টাকা খরচ হয়ে যায়, তিনি যদি বার বার প্রমোদ ভ্রমণ করবার জন্য সুন্দরবনে বেড়াতে যান কিম্বা দিঘাতে যান কিম্বা অন্য কোথাও গিয়ে কয়েক লক্ষ খরচ করেন—তারজন্য কি আপনাদের সমর্থন করতে হবে? নিশ্চয়ই ব্যয় সঙ্কোচ করার দিকে আপনাদের লক্ষ্য রাখতে হবে। যেখানে গ্রামের মানুষ খেতে পাচ্ছে না, যেখানে মানুষ চাকরি না পেয়ে আত্মহত্যা করছে, সেখানে রাজ্যের মুখ্যমন্ত্রী কিম্বা

মন্ত্রী সভার সদস্যরা এক-একটা জায়গায় যাচ্ছেন এবং লক্ষ লক্ষ টাকা খরচ হয়ে যাচ্ছে। এগুলো করবেন না। আপনারা খাদ্য উৎপাদনের কথা বলেছেন। আপনারা বলছেন, পশ্চিমবাংলায় নাকি বিপ্লব সাধিত হয়েছে। আমি খাদ্যের একটা হিসাব দিচ্ছি। ১৯৯১-৯২ সালে পশ্চিমবাংলায় খাদ্য উৎপাদন হয়েছিল ১ কোটি ৮০ লক্ষ টন। ১৯৯২-৯৩ সালে সেটা কমে হয়েছে ১ কোটি ২৩ লক্ষ টনে। আপনারা যে বলছেন—কোথায় উৎপাদন বেড়েছে? সেদিন মানসবাবু বলছিলেন ভারতবর্ষে নাকি উৎপাদন একেবারে স্থিতিশীল অবস্থার মধ্য আছে। মোটেও তা নেই। ১৯৯১-৯২ সালে ভারতবর্ষে খাদ্য উৎপাদন হয়েছিল ১৬ কোটি ৭০ লক্ষ টনে। ১৯৯২-৯৩ সালে সেটা বেড়ে হয়েছে ১৭ কোটি ৬০ লক্ষ টনে। যেখানে ১৯৯১-৯২ সালের চেয়ে ১৯৯২-৯৩ সালে উৎপাদন বাড়ল সেই জায়গায় পশ্চিমবাংলায় খাদ্যের উৎপাদন কমে গেল। এছাড়া রেকর্ড খাদ্য-শস্যের ভান্ডার তৈরি করা হচ্ছে। একদিকে খাদ্যের উৎপাদন হচেছ, অন্যদিকে ভারতসরকার পশ্চিমবাংলার মতোন রাজ্যের মানুষগুলিতে খাওয়াবার জন্য, ডেফিসিট স্টেটগুলিকে খাওয়াবার জন্য রেকর্ড পরিমাণ খাদ্যশস্যের ভান্ডার তৈরি করেছে। আর আপনারা কি করছেন? একদিকে বলছেন আমরা খাদ্য উৎপাদনের ক্ষেত্রে রেকর্ড বৃদ্ধি করেছি—ধান গম অমুক, তমুক ইত্যাদিতে প্রথম স্থান অধিকার করেছি—খাদ্য বাজেট নিয়ে যেদিন আলোচনা হবে সেদিন আমি নজির দিয়ে দেখিয়ে দেব আপনারা প্রথম স্থানে আছেন, না পঞ্চম স্থানে আছেন। আপনারা কত প্রোকিওরমেন্ট করেছেন? এখানে চিৎকার করছেন? কেবল কেন্দ্র থেকে খাদ্য নিয়ে রেশনে খাদ্য বিলি করবেন—এছাড়া আর কিছু আপনাদের নেই। আপনারা খাদ্যের উৎপাদন বেড়েছে বলছেন, কিন্তু খাদ্যের জন্য প্রোকিওরমেন্ট কতটা করেছেন? এবারের বাজেটে বলেছেন, শস্য ভান্ডার তৈরি করবেন। ভাল কথা, শস্য ভান্ডার তৈরি করছেন। কিন্তু সেই সদিচ্ছা এতদিনে ছিল কোথায়? ১৭ বছর ধরে তো আপনারা ক্ষমতায় আছেন। ৫০ হাজার, ৭০ হাজার কিম্বা ১ লক্ষ টনের বেশি কোনও বছরই সংগ্রহ করতে পারেননি। সমস্ত কিছুর জন্য কেন্দ্রীয় সরকারের উপর আপনাদের নির্ভর করতে হবে। আপনারা মানুষকে ভাঁওতা দেবার চেষ্টায় ব্রতী হয়েছেন। ভারতবর্ষে রেকর্ড খাদ্য শস্যের ভান্ডার তৈরি হয়েছে জুন, ১৯৯৩ সালে। এই খাদ্য ভান্ডার হয়েছে আড়াই কোটি টন। আমি আর একটি কথা বলে শেষ করছি, সেটা হচ্ছে ভূমি-সংস্কারের ব্যাপারে। এই প্রসঙ্গে আমি বারবার আপরনাদের বলি। এখানে এই বক্তব্যে এবং অর্থনৈতিক সমীক্ষায় অনেক বক্তব্য রেখেছেন। পশ্চিমবঙ্গে ভূমিসংস্কার প্রায় শেষ হয়ে গেছে। এখন ভূমিসংস্কার কিছুই হচ্ছে না। মাননীয় অর্থমন্ত্রী খুব ভাল করেই জানেন। বর্গারেকর্ডিং আর হচ্ছে না, বন্ধ হয়ে গেছে। ১৪ লক্ষ ৪০ হাজার বর্গা রেকর্ডিং প্রায় ৩ বছর থেকে একই জায়গায় দাঁড়িয়ে আছে। নূতন করে জমি আর ভেস্টিং হচ্ছে না, হলেও বছরে ৩/৪ হাজার একরের বেশি জমি ভেস্টিং হচ্ছে না। আপনাদের ২, ৩ সংশোধনী যা এখানে আমরা পাস করেছি এবং প্রেসিডেন্টের সম্মতি পেয়েছি, এই ২,৩ সংশোধনীতে আর বর্গা করতে সাহস পাচ্ছে না। আমরা জোর দিয়ে বলছি, তার কারণ আজকে গ্রামে গঞ্জে জোতদাররা আপনাদের দিকে গেছে। সেজন্য আপনারা ভয় পাচ্ছেন, ২,৩ সংশোধনী কার্যকর করার জন্য এবং এর মধ্যে সেল্ফ কন্ট্রাডিকশন

আছে, ভূমি-সংস্কার নিয়ে আলোচনার দিন আমি বলব। আপনারা বলছেন পুকুর ভেস্টিং হবে, বাগান ভেস্টিং হবে, আবার একদিকে এইগুলির ক্যারেক্টার চেঞ্জ করা হচ্ছে। আমবাগান থাকলে তার ক্যারেক্টার চেঞ্জ করা হচ্ছে। আমি সবিনয়ে মাননীয় অর্থ মন্ত্রীকে কি জিজ্ঞাসা করতে পারি একটা পুকুর, আম-বাগান কি করে সেটাকে বিলিবন্টন করবেন? তার কোনও আইন আপনার কাছে আছে কি? সুতরাং আপনি বলছেন ভূমি-সংস্কার মানুষের মধ্যে একটা জাগরণ আনবে সে বুঝতে পারছে যে জমি আমার, ফসল আমার তাই সে প্রাণপণে ফসল ফলাচ্ছে, খাদ্যোৎপাদন বেড়ে গেছে, এটা যদি ভাবেন তাহলে আপনারা মূর্খের স্বর্গে বাস করছেন। মানুষ খাদ্য তৈরি করছে তার নিজের পরিবারকে খাওয়াবার জন্য, পূরনো প্রসিডিংসের কপি আমার কাছে নেই, ১৯৭৭-৭৮ সালে মাননীয় অসীমবাবু অর্থমন্ত্রী ছিলেন না, ডঃ অশোক মিত্র ছিলেন তাঁকে আমি জিজ্ঞাসা করেছিলাম যে নূতন করে পশ্চিমবঙ্গে ডিপ টিউবওয়েল বসান, আমরা যেটা চালু করে গিয়েছিলাম সেটা বন্ধ করে দেওয়া হয়েছিল, আশ্চর্যের ব্যাপার রিভারলিফ্‌ট ডিপটিউবওয়েল চালু করলে জমির মালিকেরা উপকৃত হত। আপনারা এতদিন পরে সেটা বুঝতে পারছেন, যেমন ৫০ বছর পরে বুঝতে পেরেছেন যে নেতাজী সুভাষচন্দ্র বসু প্রকৃতই দেশ প্রেমিক ছিলেন, কাজেই এই জিনিসটাও আপনাদের বুঝতে ১৫ বছর সময় লাগছে। কৃষির জন্য সেচ ব্যবস্থার প্রয়োজন, এখন সেচের উপর জোর দিয়েছেন, এখনও অনেক বাকি আপনাদের দীর্ঘ পথ অতিক্রম করতে হবে। সেই দীর্ঘ পথ কন্টকাকীর্ণ পথ। আমি আর বক্তব্য দীর্ঘায়িত করতে চাই না। আমি এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি যে, যে বাজেট মাননীয় অর্থমন্ত্রী এনেছেন সেটার মধ্যে শুধু হতাশার চিহ্ন এবং কেন্দ্রীয় সরকারের সমালোচনায় দীর্ঘ স্থান পেয়েছে, তাই এর বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী কালীপ্রসাদ বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রী শ্রদ্ধেয় অসীম দাশগুপ্ত মহাশয় যে বাজেট প্রস্তাব ১৯৯৪-৯৫ সালের জন্য রেখেছেন তাকে পূর্ণ সমর্থন করছি। আমি কিছুক্ষণ আগে মাননীয় বিরোধী দলের সদস্য মাননীয় অতীশ সিনহা মহাশয়ের বক্তব্য শুনছিলাম। উনি প্রথমেই একটা জিনিস বলেছেন যে, রাজ্য বাজেটে পশ্চিমবঙ্গের উন্নয়নের কোনও লক্ষণ উনি দেখতে পাননি। আমি জানিনা, মাননীয় বিরোধী পক্ষ রাজ্যের উন্নয়ন বলতে সাধারণ মানুষের জীবন জাপনের মানের উন্নয়ন বলতে কি বোঝেন? আমি এই প্রসঙ্গে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। তিনি দেশের উন্নতি শীর্ষক একটি প্রবন্ধে উন্নতি হয়েছে কি? মাননীয় অতীশ সিন্‌হা মহাশয় যে কথা বলেছেন যে পশ্চিমবঙ্গের উন্নয়ন ব্যাহত হয়েছে আমি প্রথমেই বলি পশ্চিমবঙ্গে উন্নয়ন বলতে যা বোঝায় তা হল এই যে, এখানে অধিকাংশ জায়গাই হচ্ছে গ্রাম্য এলাকা। তাই গ্রামের উন্নয়ন এবং গ্রামের উন্নয়ন বলতে বোঝায় গ্রামে যাঁরা বাস করেন তাঁদের মধ্যে শতকরা ৭০ ভাগ কৃষিজীবী মানুষ, সেই কৃষিজীবী মানুষের জীবনের মানের উন্নয়ন বোঝায়।

সেই দৃষ্টিভঙ্গিতে বলতে হবে, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে উন্নয়নের কথাই প্রতিফলিত হয়েছে। গ্রামের মানুষদের মধ্যে যদি জমি বন্টন না হয়, কৃষিজ যন্ত্রপাতি যদি কৃষিজীবী মানুষদের হাতে না পৌঁছায়, তাহলে তাদের অর্থনৈতিক উন্নতি সম্ভব নয়। আর জমি যদি তাদের হাতে দেওয়া যায় তাহলে তাদের অর্থনৈতিক উন্নয়ন সম্ভব এবং জমি দিতে গেলে তা চাষের জন্য প্রয়োজনীয় উপকরণ—সার, বীজ, জল ইত্যাদি দিতে হয়। সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন সেই বাজেটের মধ্যে দিয়ে কৃষিজীবী মানুষদের আঘাত করা হয়েছে। রাজ্য বাজেটে বলা হয়েছে যে, সারা দেশে বন্টিত ৪৮ লক্ষ একর জমির মধ্যে পশ্চিমবঙ্গেই বিলি করা হয়েছে তার শতকরা ২০ পারসেন্ট, অথচ এই রাজ্যে চাষযোগ্য জমির পরিমাণ দেশের মোট চাষযোগ্য জমির ৩.৬ পারসেন্ট মাত্র। যেখানে সারা দেশে জমি বন্টিত হয়ে ৪৮ লক্ষ একর, সেখানে পশ্চিমবঙ্গে বিলি করা হয়েছে ৯ লক্ষ একর—শতকার ২০ ভাগ। এখানে এই জমি ভূমিহীন কৃষকরা পেয়েছেন, তারা তাতে ফসল ফলাচ্ছেন এবং তার ফলে গ্রামের মানুষের ক্রয়ক্ষমতা বৃদ্ধি পেয়েছে। কেন্দ্রীয় সরকার সারের দাম, কীটনাশক ওষুধের দাম বাড়িয়ে দিয়ে চাষীদের উপর আঘাত হেনেছেন, কিন্তু আমাদের সরকার সীমিত ক্ষমতায় বাজেটের মধ্যে দিয়ে তাদের প্রটেকশন দিয়েছেন। তাই এখানে সারের উপর বিক্রয় কর তুলে দেওয়া হয়েছে, গত বছরের ৩.৪৫ পারসেন্টের জায়গায় এবারে সেটা ৩ পারসেন্টে নামানো হয়েছে, কীটনাশক ওষুধের ক্ষেত্রে গত বছরের ৪.৬ পারসেন্টের জায়গায় ৪ পারসেন্টে নামানো হয়েছে। এটা কি উন্নয়ন নয়? কেন্দ্রীয় সরকারের বাজেটে নাকি অনেক কিছু করা হয়েছে, অতীশবাবু বলছিলেন। আমি তাকে জিজ্ঞাসা করতে চাই, গ্রামে আগে টিউবওয়েল বসাতে গেলে খরচ হত ৮,০০০ টাকা, কিন্তু এখন ১২ থেকে ১৪ হাজার টাকা খরচ হচ্ছে, এরজন্য কে দায়ী? এরজন্য কে দায়ী? এরজন্য অসীমবাবুর রাজ্য বাজেট দায়ী, নাকি কেন্দ্রীয় সরকারের লোহা, ইস্পাত, ডিজেল, পেট্রোল ইত্যাদির দাম বাড়াবার ফলে পরিবহন খরচ বেড়ে যাবার ফলে জিনিসপত্রের দাম বেড়ে যাওয়াটা দায়ী? এর ফলে আজকে গ্রামের উন্নয়ন ব্যহত হচ্ছে। বাস্তব সত্য হল, পশ্চিমবঙ্গের উন্নয়নের চাবিকাঠি এই রাজ্য বাজেটের মধ্যে দিয়ে প্রতিফলিত হয়েছে। বর্তমান কেন্দ্রীয় বাজেটে শিল্প উন্নয়নের কোনও কথা নেই। রিজার্ভ ব্যাঙ্ক তাদের সমীক্ষায় বলেছেন, সারা ভারতবর্ষে বেসরকারি শিল্প-কারখানা গত এক বছরে প্রায় লক্ষ্যাধীক বন্ধ হয়ে গেছে। এরজন্য কি মাননীয় অসীম দাশগুপ্ত দায়ী? আজকে গোটা ভারতের শিল্পনীতিকে কেন্দ্রীয় সরকার যেভাবে পরিচালনা করছেন তারই ফলে শিল্প কারখানাগুলি বন্ধ হয়ে যাচ্ছে। শিল্পে উদার নীতির কথা বলা হয়েছে। আমি খুব বিনয়ের সঙ্গে জিজ্ঞাসা করছি, এই বছর কেন্দ্রীয় বাজেটে অন্তঃশুল্ক ১৫ পারসেন্ট বাড়ানো হয়েছে, কিন্তু আমদানি শুল্ক ২৫ পারসেন্ট কমানো হয়েছে, এটা কাদের তোষণ করা? এরই নাম কি উদার নীতি? বিদেশি পুঁজিকে আমন্ত্রণ করে ডেকে এনে দেশীয় ধ্বংসের মুখে ঠেলে দিয়ে দেশের শিল্পক্ষেত্রে কি উন্নতি আশা করছেন? এইরকম একটা অবস্থার মধ্যে দাঁড়িয়ে, চরম অর্থনৈতিক দুরবস্থার মধ্যে দাঁড়িয়ে সীমিত ক্ষমতায় রাজ্য বাজেটের মধ্যে দিয়ে শিল্পকে রক্ষা করবার চেষ্টা করা হয়েছে। কেন্দ্রীয় সরকার শিল্পের উপরে আঘাত এনেছেন। আর

আমাদের অর্থমন্ত্রী রাজ্যের বাজেটে ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে, অল্প দামের যে সমস্ত জিনিস তার উপরে কিছু কর কমিয়ে দিয়ে সেই শিল্পকে রক্ষা করার চেষ্টা করেছেন। কাজেই আপনার যে বক্তব্য সেটা তথ্যের সঙ্গে মেলেনা, যুক্তির সঙ্গে মেলেনা। আমি আপনাদের আরও বলব, আপনারা পশ্চিমবঙ্গের উন্নয়নে শিক্ষার যে উন্নয়ন হয়েছে সেটাকে মাপকাঠি হিসাবে ধরেননি। গত বছর সাক্ষরতা কর্মসূচির মধ্যে দিয়ে শতকরা ১০ ভাগ সাক্ষরতার হার বেড়েছে। গোটা ভারতবর্ষের কোন রাজ্যে এটা হয়েছে বলতে পারেন? শিক্ষার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের যে অগ্রগতি হয়েছে, সেটা আপনারা অস্বীকার করতে পারেন? আজকে পশ্চিমবাংলা মৎসচাষের ক্ষেত্রে গোটা ভারতবর্ষের মধ্যে প্রথম স্থান অধিকার করেছে। আজকে এটা কি আপনারা অস্বীকার করতে পারেন? আপনারা কি অস্বীকার করতে পারেন, বন সৃজনের ক্ষেত্রে গোটা পশ্চিমবঙ্গ আজকে দিশারী হয়ে পথ দেখাচ্ছে? আজকে এই বিষয়ে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে। কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী বাজেট, যেটা শিল্পের উপরে আঘাত এনেছে, যেটা কৃষির উপরে আঘাত এনেছে, তাকে মোকাবিলা করতে আমাদের রাজ্যের অর্থমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন, সেই বাজেট গ্রামের গরিব মানুষের ক্ষেত্রে, শিল্পকে রক্ষার ক্ষেত্রে কিছুটা সহায়ক হবে। এই কথা বলে মাননীয় অর্থ মন্ত্রী যে বাজেট এখানে রেখেছেন, তাকে আবার সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী ঈদ মহম্মদ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী ১৯৯৪-৯৫ সালের যে বাজেট বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। ভারতবর্ষের সংসদীয় যুক্ত রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে পশ্চিমবঙ্গ একটি অঙ্গ রাজ্য হিসাবে মাননীয় অর্থমন্ত্রী এই যে বাজেট পেশ করেছেন, এর থেকে ভাল বাজেট আর হয় না। ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার যে ভাবে বিশ্বব্যাঙ্কের কাছে শর্তসাপেক্ষে লোন নিয়ে দেশকে বিক্রি করে দেবার ব্যবস্থা করেছেন, ডাঙ্কেল প্রস্তাব মেনে নিয়ে ভারতবর্ষকে পৃথিবীর মার্কিন সাম্রাজ্যবাদী শক্তির কাছে পাকাপোক্তভাবে বিক্রির ব্যবস্থা করেছেন, সেই অবস্থার উপরে দাঁড়িয়ে, ভারতবর্ষের অর্থনৈতিক দেউলিয়াপনার উপরে দাঁড়িয়ে, পশ্চিমবাংলার যে জনমুখি বাজেট, সেই বাজেট এর থেকে ভাল হয় না। আমরা দেখেছি যে বিদেশী যে ঋণের বোঝা, সেই ঋণের যে সুদ হয়, সেই সুদ শোধ করতে গিয়ে আবার ঋণ নিতে হয়। এইভাবে ক্রমশ ঋনের জালে জড়িয়ে পড়তে হয় এবং সেই ঋণের বোঝা এসে আমাদের ঘাড়ে পড়ে। আজকে ডাঙ্কেল প্রস্তাবের শর্তসাপেক্ষের কাছে যেভাবে কেন্দ্রীয় সরকার আত্মসমর্পণ করেছেন, তার বিরুদ্ধে দাঁড়িয়ে এই গণমুখি বাজেট। আজকে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন তাতে দেখছি যে বড় লোকেরা যে সমস্ত জিনিস ব্যবহার করে সেগুলির উপরে কর ছাড় দেওয়া হয়েছে। আর গরিব মানুষের ব্যবহার্য জিনিসের উপরে কর বসানো হয়েছে। যেমন—রঙ্গীন টি. ভি'র দাম কমানো হয়েছে। অন্য দিকে গ্রাম-বাংলার মানুষ যে ছাতা ব্যবহার করে তার উপরে দাম বাড়ানো হয়েছে। এই অবস্থার মধ্যে দিয়ে দেশ চলছে। এই অবস্থার মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষ আজকে বেকার সমস্যায় জর্জরিত। সেখানে বেকার সমস্যা সমাধান তো

দূরের কথা, সমস্ত শিল্পে বিদায় নীতি নেওয়ার ফলে আরও শ্রমিক বসিয়ে দিচ্ছে, গোলডেন হ্যান্ডসেকের নামে শ্রমিকদের বসিয়ে দেওয়া হচ্ছে। ফলে আরও বেকার সৃষ্টি হচ্ছে। এর ফলে আমরা দেখতে পাচ্ছি এই বছর আরও ১০ লক্ষ বেকার যোগ হচ্ছে। ইন্দিরা গান্ধীর আমল থেকে এটা শুরু হয়েছে, ঠিক কেন্দ্রীয় বাজেট পেশ করার আগে ফতোয়া জারি করে, অর্ডিনেন্স জারি করে সমস্ত জিনিসপত্রের দাম বাড়িয়ে দেওয়া হচ্ছে। এবারে কেন্দ্রীয় সরকারের অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং বাজেট পেশ করার আগে ডিজেলের দাম বাড়িয়ে দিলেন, কেরোসিন তেল রান্নার গ্যাস, চাল গম চিনির দাম বাড়িয়ে দিলেন। এর ফলে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বেড়ে যাচ্ছে এবং সেই বোঝা আমাদের ঘাড়ে এসে চাপছে। পশ্চিমবাংলায় আমরা গণবন্টন ব্যবস্থা সঠিকভাবে চালু রাখতে চাই, কিন্তু কেন্দ্রীয় সরকার সেটা বন্ধ করে দিতে চায় বলে রেশনে চাল গম চিনির দাম বাড়িয়ে দিল। সেই দিকে তাকিয়ে এবং ডাঙ্কেল প্রস্তাবের মাধ্যমে কৃষি ব্যবস্থা ভেঙে না পড়ে তার জন্য আমাদের অর্থমন্ত্রী ব্যবস্থা রেখেছেন। গণবন্টন ব্যবস্থা যাতে ব্যহত না হয় তার জন্য তিনি শস্য ভান্ডার তৈরি করার প্রস্তাব রেখেছেন। এটা অত্যন্ত আনন্দের বিষয় এবং একটা সাধু প্রস্তাব। সারা ভারতবর্ষে যখন সমস্ত রাজ্য কৃষিতে মার খাচ্ছে সেখানে পশ্চিমবঙ্গে কৃষি ব্যবস্থায় উন্নতি হয়েছে। আজকে ভূমিসংস্কারের মাধ্যমে বর্গাদার এবং ছোট এবং প্রান্তিক কৃষকদের হাতে জমি দেওয়া হয়েছে, বর্গাদারদের পাট্টা দেওয়া হয়েছে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি পশ্চিমবাংলায় কৃষিতে উন্নতি করেছে। সেইজন্য চাল উৎপাদনে পশ্চিমবাংলা প্রথম এবং পাঞ্জাব দ্বিতীয়। যেখানে আগে পাঞ্জাব প্রথম স্থানে ছিল এবং পশ্চিমবাংলা দ্বিতীয় স্থানে ছিল। আলু উৎপাদনে আমরা দ্বিতীয় হয়েছি। বনসৃজনে পশ্চিমবাংলা প্রথম স্থান অধিকার করেছে। কিছু দিন আগে মন্ত্রী বনমালি রায় মহাশয় সেই ব্যাপারে পুরস্কার এনেছেন। মৎস চাষে পশ্চিমবাংলা বেশ কয়েক বছর ধরে প্রথম স্থান অধিকার করে আসছে। পশ্চিমবাংলার সাধারণ মানুষের দিকে তাকিয়ে কর ব্যবস্থা এমনভাবে করা হয়েছে যাতে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমে। কেন্দ্রীয় সরকারের বাজেটের মাধ্যমে যে সমস্ত নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম বাড়ানো হয়েছে, আমাদের অর্থমন্ত্রী কর প্রস্তাব এমনভাবে করেছেন যাতে সেই সব জিনিসের দাম কমে তার চেষ্টা তিনি করেছেন। এখানে বিদ্যুতের উন্নতি হয়েছে। গ্রামীন বৈদ্যুতিকরনের ব্যাপারে কংগ্রেস আমলে যে নিয়ম চালু ছিল সেটার পরিবর্তন করতে হবে। যে ইনটেনসিফিকেশন স্কীমের কথা বলা হল গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে সেটা আরও জোরদার এবং তরান্বিত করতে হবে, এই স্কীমগুলি দ্রুত করতে হবে। কংগ্রেস আমলে যেটা ছিল যে গ্রামের মধ্যে দিয়ে নয়, মাঠের মধ্যে দিয়ে কয়েকটা খুঁটি পুঁতে দেওয়া হল, তাতে তার লাগানো হল কি না হল সেই ক্ষেত্রে বলা হত যে মৌজা ইলেকট্রিফিকেশন হয়ে গেছে। গ্রামের মধ্যে একটা আলো জ্বললে বলা হত গ্রামের বৈদ্যুতিকরণ হয়ে গেছে। কংগ্রেস আমলে আমরা দেখেছি তার টাঙানো হল, তারপর তার চুরি হল, খুঁটি নিয়ে চলে গেল বা ট্রান্সফরমার চুরি হয়ে গেল, সেখানে আর বৈদ্যুতিকরণ হত না। সেই অবস্থার পরিবর্তন করতে হবে এবং যাতে তাড়াতাড়ি রিভিটাইজ স্কীম চালু করে গ্রামে বিদ্যুত দেওয়া যায় তার ব্যবস্থা করতে হবে। কৃষিতে উন্নতি করার জন্য সেচ

ব্যবস্থা আরও সম্প্রসারিত করা হচ্ছে। এইবারের বাজেটে বলা হয়েছে ৫০ পারসেন্ট জমিকে সেচ সেবিত এলাকার মধ্যে আনা হবে। এটা যদি করা যায় তাহলে কৃষিতে উন্নতি হবে, খাদ্য উৎপাদনে আমরা এগিয়ে যাব। তার ফলে সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবাংলাকে আশার আলো দেখাবে এই কৃষি ব্যবস্থার মাধ্যমে এই বাজেটের মধ্যে গণমুখি প্রস্তাব রাখা হয়েছে। তাই আমি এই বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী, মাননীয় অসীম দাশগুপ্ত যে বাজেট পেশ করেছেন সেই বাজেটকে পরিপূর্ণভাবে সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি। রাজ্যের এই বাজেট বিকল্প উদারনৈতিক বাজেট, কেন্দ্রের বাজেটের চেয়ে লক্ষগুণ ভাল বাজেট। কেন্দ্রীয় সরকার যখন নয়া অর্থনীতি, শিল্পনীতি এবং ডাঙ্কেল প্রস্তাবের ফলে আই. এম. এফ.'এর ঋণ এবং আমেরিকান লবির কাছে পুরোপুরি আত্মসমর্পণ করে দিয়েছে, দেশের আত্মনির্ভরশীলতা হারিয়েছে, সেই অবস্থায় সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে আমাদের এই বাজেট উল্লেখযোগ্য। তাদের মূল ডাইরেকশন, জিনিসটা হচ্ছে, কেন্দ্রীয় সরকার যে সমস্ত জিনিসের উপরে ট্যাক্স বসিয়েছেন, আমাদের অর্থমন্ত্রী সমস্ত নিত্যব্যবহার্য জিনিস থেকে আরম্ভ করে শতাধিক জিনিসের উপর থেকে ট্যাক্স ছাড় দিয়েছেন। ওষুধ থেকে আরম্ভ করে বিভিন্ন জিনিসের উপর এই কর ছাড় দেওয়া হয়েছে। এই বাজেটকে সেজন্য একটা রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক চ্যালেঞ্জ বলা যায়। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এটা আজকে জোর দিয়ে বলা যায়। এই বাজেটকে আমাদের বিকেন্দ্রীয়করণ, উন্নয়ন বা কর্মসংস্থানমুখী বাজেট বলে আমি মনে করি। নিত্যব্যবহার্য জিনিসের উপরে একদিকে যেমন ট্যাক্স ছাড় দেওয়া হয়েছে, তেমনি বিলাস ব্যাসন—সিগারেট, মদ ইত্যাদির উপরে ট্যাক্স বসিয়ে প্রায় শতাধিক কোটি টাকা আদায় করবার ব্যবস্থা করেছেন। এই বাজেট শুধু আয় বৃদ্ধির পথ নয়, এটি নির্ভরশীলতার পথ বলে আমি মনে করি। সেজন্য সকলেই এই বাজেটকে সমর্থন করেছেন। এই বাজেট নিয়ে আগামীদিনে যদি সঠিকভাবে চলতে হয় তাহলে যোজনা কমিশনের কাছে ২৬৭ কোটি টাকা পাওনা আছে বলে বাজেটে যেটা উল্লেখ আছে, সেই টাকা পাওয়ার ব্যাপারে সক্রিয়ভাবে চেষ্টা করতে হবে। গতবারে কেন্দ্রের রাজ্যের প্রতি বঞ্চনার জন্য যে টাকা আমরা পাইনি, সেই টাকা যেন হারিয়ে না যায় তা দেখতে হবে এবং এরজন্য কেন্দ্রের কাছে লবিটা এমনভাবে করা দরকার যাতে ঐ টাকাটা আমরা পেতে পারি। তা না হলে বাজেটের হিসাবটা সব গোলমাল হয়ে যাবে। রাজ্যের কর ব্যবস্থা সরলীকরণ'এর ফলে এখানে ইন্ডাস্ট্রিয়াল ক্লাইমেট সৃষ্টির সুযোগ এসেছে। এই প্রসঙ্গে আমার একটু বলার আছে। রাজ্যে শিল্পায়নের যে সম্ভাবনা আছে, এই ক্লাইমেটকে বজায় রাখতে গেলে প্রথমে যে ত্রুটির কথা বলতে হয় তা হচ্ছে, ব্যাঙ্ক ক্রেডিট রেশিও খুবই হতাশাব্যঞ্জক। এর ফলে এই রাজ্য থেকে ইন্ডাস্ট্রিয়ালিস্টরা অন্যান্য রাজ্যে চলে যাচ্ছে। প্রশাসনিক জটিলতা এবং ব্যাঙ্ক ক্রেডিট রেশিও হতাশাব্যঞ্জক বলে শিল্পপতিরা অন্য রাজ্যে চলে যায়, তারা টেকনিক্যালি কোনও হেল্প পায় না।

আমি আপনার কাছে এই ব্যাপারে লক্ষ্য দিতে অনুরোধ করব। এই ব্যাপারে আমি আপনাকে উল্লেখ করে বলতে চাই যে, কুচবিহারে একটা গ্রোথ সেন্টার আছে সেটা ১১০ একর জমি অ্যাকুইজিশন করেছে কিন্তু তার ইনফ্রাস্ট্রাকচারও আছে কিন্তু প্রয়োজনীয় ব্যবস্থা এখনো নেওয়া যাচ্ছে না। বিভিন্ন ক্ষেত্রে আজকে এমন একটা অবস্থার সৃষ্টি হয়েছে যে আগামীদিনে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হবে। বিশেষ করে ব্যাঙ্কের ক্ষেত্রে এমনভাবে কনজারভেটিভলী ব্যবস্থা করুন যে এর টেকনিক্যাল হ্যারাস বন্ধ হয়। আমাদের এখানে যে প্রকল্প আছে তাতে অনেক কিছু করা যায় কিন্তু ব্যাঙ্কের থেকে ঠিকমতো টাকা না পাওয়ার জন্য অনেককে বাইরের থেকে এসেও ফিরে যেতে হচ্ছে। আমি শেস্রু প্রকল্প নিয়েও অনেক কথা বলতে পারি, দরকার হলে পরে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এর কিছু তথ্য দেব। ব্যাঙ্কের ক্রেডিটের অভাব কিভাবে শেস্রু প্রকল্পগুলো পিছিয়ে যাচ্ছে তার একটা তথ্য ওঁনাকে দেব। এর ফলে বহু এন আর ই ফিরে চলে যাচ্ছে। এই নয়া শিল্পনীতি, নয়া অর্থনীতির ফলে রাষ্ট্রায়ত্ত শিল্পগুলোর উপরে আঘাত আসছে। আমি আশা করি মাননীয় মন্ত্রী এই ব্যাপারে চিন্তা-ভাবনা করছেন। আজকে এই ডাঙ্কেল প্রস্তাবের ফলে অবাধ উদার শিল্পনীতি কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন এবং এর ফলে আজকে কারখানাগুলোতে লক আউট, ক্লোজার, ছাঁটাই ইত্যাদি চলছে। হলদিয়া সার কারখানা থেকে শুরু করে বহু কারখানা আজকে বি আই এফ আরের স্মরণাপন্ন হতে চলেছে। আজকে কেন্দ্রীয় সরকারের গোল্ডেন হ্যান্ডসেকের ফলে এবং বেসরকারিকরণ করার জন্য বহু শিল্প বন্ধ হতে চলেছে। আপনি দয়া করে এই বাজেট বক্তৃতার সময়ে এই ব্যাপারে এনলাইট করবেন। আজকে ডাঙ্কেল প্রস্তাব নিয়ে বলতে উঠে বিরোধীদলরা উচ্ছ্বসিত, সুদীপবাবুর বক্তৃতা এবং অতীশ সিন্‌হা মহাশয়ের বক্তৃতা শুনলাম, আমি বলি কি, এতে এতো ধেই ধেই করে নাচার কি দরকার আপনাদের? আপনারা তো সাম্রাজ্যবাদিদের হাতে দেশটাকে বিকিয়ে দিয়েছেন এবং ডাঙ্কেল প্রস্তাব গ্রহণের ফলে দেশের সব উন্নয়নমূলক কর্মসূচি ব্যর্থ করে দিতে চাইছেন। তৃতীয় বিশ্বের দেশগুলোর কাছে, আমেরিকান সাম্রাজ্যবাদের লবি তো ইতিমধ্যেই আপনারা তৈরি করে দিতে চলেছেন। সাম্রাজ্যবাদি শক্তির কাছে আপনারা মাথা নত করতে চলেছেন। তৃতীয় বিশ্বের দেশগুলো কেন্দ্রীয় সরকার আমন্ত্রণ করছে। আমি আরেকটি কথা বলে শেষ করব সেটা হচ্ছে আজকে বাজারে কোকাকোলা ছাড়া কিছু পাওয়া যাচ্ছে না। বাজারে আর লোক্যাল ব্রান্ড জাতীয় কোনও সফ্‌ট ড্রিঙ্ক নেই। সমস্ত লোক্যাল ব্রান্ডগুলো বাজার থেকে উধাও হয়ে গেছে। কয়েকদিন আগে আমি নাতনীকে নিয়ে বাজারে গিয়ে সফ্‌ট ড্রিঙ্ক কিনতে গিয়ে দেখলাম কোথাও লোক্যাল ব্রান্ডের কোনও সফ্‌ট ড্রিঙ্ক নেই। বাজারের দোকানদার বললে যে আর সিট্‌রা, ক্যাম্পাকোলা, থামস্‌ আপ জাতীয় ড্রিঙ্ক আর বাজারে পাওয়া যাবে না। এখন শুধু কোকাকোলাই বাজারে পাওয়া যাবে। আসলে এই ডাঙ্কেল প্রস্তাবের ফলে দেশটাকে তো পরাধীন করে দিয়েছেন তাই আমেরিকা, বৃটিশ সরকারের মতো সাম্রাজ্যবাদিদের কাছে দেশটাকে বিকিয়ে দিয়েছেন। আগে তো দেশটা পরাধীন ছিল তার থেকে কোনও রকমে রক্ষা পেয়েছিল আবার এই কেন্দ্রীয় সরকারের নীতির ফলে দেশটা পরাধীন হতে চলেছে। আজকে বৃটিশ এবং আমেরিকান সাম্রাজ্যবাদের অর্থনৈতিক

পরাধীনতার জালে ভারত জড়িয়ে পড়েছে আজকে ডাঙ্কেল প্রস্তাব গ্রহণের ফলে দেশের স্বনির্ভরশীলতা বিঘ্নিত হতে বসেছে। এইকথা বলে অর্থমন্ত্রী আনীত বাজেট বরাদ্দকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ঃ** মিঃ স্পিকার স্যার, আমাদের রাজ্যের অর্থমন্ত্রী '৯৪-'৯৫ সালের যে বাজেট পেশ করেছেন সেই ব্যাপারে আমি অর্থমন্ত্রীকে বলি এটা হল কবরের উপর ফুল সাজিয়ে মৃতের শ্রীবৃদ্ধি করবার একটা প্রচেষ্টা আপনি করেছেন, মৃতের দেহে প্রাণ সঞ্চারের ইচ্ছা নেই। উনি বারবার চেষ্টা করেছেন। যদিও সমান হলেও ধন্যবাদ দেব যে রাজ্য বাজেটকে উনি মহাশূন্যে ভাসিয়ে দিয়েছিলেন সেই অবস্থা থেকে ফিরে এসেছেন এবং আস্তে আস্তে আমাদের দেশের অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং যে রাস্তায় হাঁটছেন উনিও একইভাবে দেরিতে বোধহয় হলেও সেই রাস্তায় হাঁটছেন। উনি বাজেটে শিল্পকে নিয়ে যে ভাবে এগুচ্ছেন যে মৃতদেহ নিয়ে বলে চলেছেন তাতে খুব বেশি দূর অগ্রসর হতে পারবেন না বলে আমি মনে করি। মাননীয় অর্থমন্ত্রী একটু আগে বলছিলেন আমরা কমিউনিস্ট, বস্তুবাদী দ্বন্দ্বে বিশ্বাস করেন, সেই দলীয় দ্বন্দ্বে আপনারা ভুগছেন। আপনারা না পারছেন, নিজের রাস্তায় হাঁটতে আবার আপনারা দলীয় দ্বন্দ্বের মধ্যে ডুবে রয়েছেন তার জন্য আজকে উন্নয়নের রাস্তা ১৭ বছরে স্তব্ধ হয়ে গেছে। আপনার বাজেট বিশ্লেষণ করলে দেখা যাবে এই বাজেটে উন্নয়নের বিশেষ কথা নেই। শিল্প সম্পর্কে দু-একটি কথা বলবার চেষ্টা করেছেন, চা-এর যারা উৎপাদক আছেন তাদের কিছু কর ছাড় দিয়ে বলেছেন তারা এই রাজ্যে আরও বিনিয়োগ করলে ছাড় পাবে। এই রাজ্যে শিল্পের পরিকাঠামো নেই, শিল্পের পরিবেশ নেই যে কারণে এখানে শিল্প সম্পূর্ণ মৃত হয়ে গেছে। নূতন করে এই রাজ্যে কেউ ব্যবসা করতে আসছেন না। অনেক ব্যবসায়ীকে জ্যোতি বসুর সঙ্গে চা খেতে দেখেছি, প্রশংসাও করতে শুনেছি, কিন্তু শিল্পপতি আপনাদের এখানে এসে ব্যবসা করতে আসে না। বক্রেশ্বর নিয়ে আপনারা অনেক চিন্তা-ভাবনা করেছেন, তাকে কিন্তু আপনার মেটিরিয়ালাইজ করতে পারছেন না। হলদিয়া নিয়েও একই পরিস্থিতি, বহু শিল্পপতির সঙ্গে কথা বলেছেন কিন্তু তারা পশ্চিমবঙ্গে এসে শিল্প করছেন না। দুর্ভাগ্য হচ্ছে, আমাদের রাজ্য থেকে মুখ্যমন্ত্রী অনেকবার বিদেশে গিয়েছেন এন. আর. আই. ধরে আনার জন্য কিন্তু গত তিন বছরে এই রাজ্যে কত টাকা বিনিয়োগ হয়েছে এন. আর. আই. দের থেকে—এই প্রশ্নটি পার্লামেন্টে করা হয়েছিল, তার উত্তরে কেন্দ্রীয় মন্ত্রী জানিয়েছেন, গত তিন বছরে সাড়ে ১২ কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এই নিয়ে আপনারা আনন্দে আত্মহারা। যে রাজ্যের মুখ্যমন্ত্রী ৪৫০ দিন বিদেশে কাটিয়েছেন তার জন্য কত খরচ হয়েছে, সেটা কি সাড়ে ১২ কোটি টাকার বেশি কিনা, মাননীয় অর্থমন্ত্রী আপনি বলবেন। মুখ্যমন্ত্রী সাড়ে চারশো দিন বিদেশে গিয়েছেন, আর গত তিন বছরে কত কোটি টাকা এন. আর. আই. ইনভেস্টমেন্ট ইন ওয়েস্ট বেঙ্গল, আজকে এটা ভাবতে হবে। এই বাজেট করতে আপনারা স্বাস্থ্যের কথা চিন্তা করেননি, শিল্পের কথা চিন্তা করেননি, শিল্পের জন্য যে টাকা রেখেছেন তাতে করে আপনি যে আর্থিক সমীক্ষা দিয়েছেন এর মধ্যে যে স্ট্যাটিসটিক্স আছে

তাতে দেখতে পাচ্ছি ৬৭টির মধ্যে ৬টি মাত্র শিল্প লাভ করেছে, বাকি সমস্ত শিল্প লোকসান করেছে। এই অবস্থার মধ্যে দাঁড়িয়ে শিল্পে পুনরুজ্জীবন হবে না। স্বাস্থ্যের জন্য যে টাকা বরাদ্দ করেছেন ৩০ কোটি টাকা এই বরাদ্দ শুনে সবাই টেবিল চাপড়ে দিল, আর প্রত্যেকবার বাজেটের সেশনে দেখেছি এরাই আবার স্বাস্থ্য দপ্তরের সমালোচনা করে। আপনারা বলেছেন খাদ্যের উৎপাদন বৃদ্ধি হয়েছে, কিন্তু খাদ্য উৎপাদনে বৃদ্ধি হওয়া সত্ত্বেও রাজ্যের জিনিসপত্রের দাম আপনারা কমাতে পারেননি, অথচ খাদ্য উৎপাদন বৃদ্ধি হচ্ছে। অথচ পাশাপাশি দ্রব্যমূল্য বৃদ্ধিকে আপনারা কন্ট্রোল করতে পারলেন না। আপনি বাজেট বক্তৃতায় বেশির ভাগ অংশে ধান ভাঙতে শীবের গীত গেয়েছেন ছত্রে ছত্রে, আই. এম. এম. ডাঙ্কেল, বিশ্বব্যাঙ্ক নিয়ে নানান কথা তুলে ধরবার চেষ্টা করেছেন। আমি আপনাকে প্রশ্ন করি আপনি তো পন্ডিত মানুষ আপনি তখন পার্টি করতেন কিনা জানিনা, আমি দেখেছি অবিভক্ত কমিউনিস্ট পার্টি রাস্তায় রাস্তায় স্লোগান দিত। যখন পি. এল. ৪৮০ চুক্তি করা হয়েছিল, তখন বলা হয়েছিল ভারতবর্ষকে আমেরিকা কাছে বিক্রি করে দিচ্ছে সেদিনও আপনারা স্বাধীনতা বিপন্ন বলে চিৎকার করেছিলেন, স্বাধীনতা বিপন্ন বলেও চিৎকার করেছিলেন। চল্লিশের দশকে আপনারা যে কথা বলেছিলেন আজকে নব্বইয়ের দশকে এসে আপনারা কি সেই কথা বলতে পারবেন। আমরা বাফার স্টক তৈরি করেছি, আমরা নিজেদের পায়ে দাঁড়িয়েছি। যে কোনও উন্নয়নশীল দেশকে বৈদেশিক ঋণের উপর নির্ভরশীল হতে হয়। দেশের উন্নয়নের গতিটাকে অব্যাহত রাখবার জন্য এই ঋন নিতে হয়। ষাটের দশকে আপনারা ম্যাকনামারাকে দমদম এয়ারপোর্টে নামতে দেননি। আপনাদের দলের নেতারা—যারা তখন ছাত্র নেতা ছিলেন—যারা বড় বড় নেতা তারা শহিদ মিনারে দাঁড়িয়ে বড় বড় কথা বলেন। আপনাদের লজ্জা করে না আপনারা ম্যাকনামারাকে দমদম এয়ারপোর্ট থেকে নামতে দেননি, আবার সেই ম্যাকনামারার কাছে আপনাদের দলের একজন মন্ত্রী প্রশান্ত শূর ছুটে গিয়েছিলেন টাকা ধার নেবার জন্য। আমরা কাগজে বড় বড় ছবি দেখতে পেলাম,—বর্তমান কাগজ আছে, আজকাল আছে—একদিকে জ্যোতি বসু, অন্যদিকে মৎস্যমন্ত্রী কিরণময় নন্দ বসে আছেন। বিশ্বব্যাঙ্কের ১০০ কোটি টাকা দিয়ে মৎস্য দপ্তরের কাজ করছেন। আপনাদের লজ্জা হওয়া উচিত। কমিউনিস্ট পার্টির কাছ থেকে দেশের সার্বভৌমত্বর কথা, দেশের স্বাধীনতার কথা কংগ্রেস শিখবে না। যারা এক সময় ব্রিটিশ সাম্রাজ্যবাদের দালাল ছিল, কুকুর ছিল, যারা রাস্তাঘাটে পয়সা কালেকশন করত, আজকে তাদের কাছে শিখতে হবে দেশের স্বাধীনতার কথা। কংগ্রেস সেটা কোনওদিন স্বীকার করবে না। এই বাজেটে বেশিরভাগ জায়গা জুড়ে আছে কেন্দ্রীয় সরকারের সমালোচনা। আপনি কি করতে পেরেছেন, কি দিতে পেরেছেন তার কথা এই বাজেট বক্তৃতায় একবারও উল্লেখ করেননি। এক থেকে নয় নম্বর অনুচ্ছেদে বলেছেন ডাঙ্কেল প্রস্তাব সম্বন্ধে। আমাদের দেশে নাকি গণবন্টন ব্যবস্থাকে কন্ট্রোল করা হচ্ছে। এক কথায় আপনারা অপপ্রচার করতে চাইছেন। কোথাও বলা নেই গণবন্টন ব্যবস্থাকে সঙ্কুচিত করতে হবে। আমাদের দেশের অভ্যন্তরীণ নীতির ব্যাপারে আমরা কারোর সাথে কম্প্রোমাইজ করিনি। আমরা জানি হিটলারের গোয়েবেলসের কায়দায় একটা অপপ্রচারকে আপনারা বার বার মানুষের কাছে তুলে ধরতে

চাইছেন। আমি আপনাদের বলি আপনারা অনেক সমালোচনা করেছেন কেন্দ্রীয় সরকারের। যখন ভি. পি. সিং. প্রধানমন্ত্রী ছিলেন তখন আমাদের দেশটা বিক্রি হয়ে যাবার মতো অবস্থা হয়েছিল। সোনা বিক্রি করে দিয়েছিল, দেশে সমস্ত জিনিসের দাম বেড়ে গিয়েছিল। কিন্তু আমরা ক্ষমতায় ফিরে আসার পর—পি. ভি. নরসিমা রাওয়ের নেতৃত্বে—অর্থনীতিকে একটা শক্ত ভিতের উপর দাঁড় করাবার চেষ্টা করেছি, সেই সোনা আমরা ফেরত নিয়ে এসেছি, ইনফ্লেশনটাকে কমিয়েছি। আজকে মনমোহন সিং অর্থনীতিকে একটা সবল জায়গায় নিয়ে পৌঁছেছি।

আজকে ১৩ বিলিয়ন ডলারে পৌঁছে দিয়েছি। কেন্দ্রীয় সরকারের সার্থকতায় আপনাদের অসুবিধা হ'তে পারে, আপনারা জ্বলবেন, এখানে চিৎকার করবেন কিন্তু সত্যকে তো অস্বীকার করতে পারবেন না অসীমবাবু যে আমরা বৈদেশিক মুদ্রার সঞ্চয় ১ বিলিয়ন ডলার থেকে ১৩ বিলিয়ন ডলারে পৌঁছে দিয়েছি। তারপর আই. এম. এফের লোন নিয়ে আপনারা অনেক চিৎকার করেন। আপনারা শুনে রাখুন, কেন্দ্রীয় অর্থমন্ত্রী বলেছেন, আই. এম. এফের লোন শোধ করার জন্য যে সময় সীমা নির্দিষ্ট করা আছে তার এক বছর আগেই ১.৪ বিলিয়ন ডলার শোধ করে দেওয়া হবে। একটা দেশ যদি তার নিজের পায়ে শক্ত জমিতে দাঁড়াতে না পারে তাহলে কেমন করে এক বছর আগেই সে আই. এম. এফের লোন শোধ করতে পারে সেটা আপনাদের চিন্তা করা উচিত। আমরা অবশ্য জানি এসব কথা কমিউনিস্টদের মাথায় ঢুকবে না, তারা চিৎকার করে যাবেন কিন্তু এইসব কথার জবাব দেওয়ার ক্ষমতা তাদের নেই। এরপর আমি এক্সপোর্টের কথায় আসছি। এক্সপোর্ট যে কোনও দেশের ভিত্তিকে শক্তিশালী করে। আমাদের দেশ এ ক্ষেত্রেও একটা শক্ত জায়গায় এসে দাঁড়িয়েছে এবং গত এক বছরে আমরা ২১ পারসেন্ট এক্সপোর্ট বাড়াতে সক্ষম হয়েছি। এই প্রসঙ্গে অসীমবাবুকে স্মরণ করিয়ে দিতে চাই যে আপনারা বলেছিলেন, ইমপোর্ট ডিউটি কমার জন্য ব্যাপক ইনফ্লেশন হবে এবং তার ফলে দেশের অর্থনীতির উপর প্রচন্ড চাপ পড়বে। কিন্তু আমাদের ওয়ান পারসেন্ট মাত্র ইমপোর্ট বেড়েছে। একদিকে ২১ পারসেন্ট এক্সপোর্ট বৃদ্ধি অপর দিকে এক পারসেন্ট ইমপোর্ট বৃদ্ধি—এটা আমাদের দেশের অর্থনীতিকে একটা সফল জায়গায় দাঁড় করাতে পেরেছে। এর পর আমি রেট অব ইনফ্লেশনের কথায় আসছি। ১৯৯১ সালে যেখানে রেট অব ইনফ্লেশন ছিল ১৭ পারসেন্ট বর্তমানে সেই রেট অব ইনফ্লেশন হচ্ছে মাত্র ৮.৫ পারসেন্ট। অসীমবাবু নিশ্চয় বক্তৃতার সময় বলবেন যে গত বছর আরও কম ছিল। হ্যাঁ, ছিল কিন্তু অসীমবাবু এই মুহূর্তে চিনের রেট অব ইনফ্লেশন কত তা জানাবেন কি? চিনের রেট অব ইনফ্লেশন হচ্ছে ২০ পারসেন্ট আর আমাদের দেশের রেট অব ইনফ্লেশন হচ্ছে ৮.৫ পারসেন্ট। আপনারা গণশক্তিতে অবশ্য এসব তথ্য পাবেন না, সেজন্য আপনাদের অন্য বইপত্র পড়তে হবে। কাজেই অসীমবাবু, আপনি নিশ্চয় স্বীকার করবেন যে আমরা ইনফ্লেশনকে কনট্রোল করতে পেরেছি। আমাদের দেশের অর্থনীতি যদি একটা বলিষ্ঠ বনিয়াদের উপর না দাঁড়াত তাহলে কখনওই এটা সম্ভব হ'ত না। তারপর স্যার, কয়েকদিন আগে মানববাবু

বলছিলেন, আমাদের খাদ্যের উৎপাদন নাকি কমেছে। আমি জানি না এসব তথ্য তিনি কোথায় পেলেন। আমাদের দেশে খাদ্যের ব্যাপারে আমরা তো ২৩ মিলিয়ন টনের একটা বাফার স্টক করতে সক্ষম হয়েছি। এই যেখানে আমাদের দেশের খাদ্যের অবস্থা সেখানে এই কমিউনিস্ট দলের সদস্যদের জিজ্ঞাসা করি, কিউবা যা একটা কমিউনিস্ট দেশ সেখানে আমাদের দেশ থেকে জাহাজে করে খাদ্য পাঠাতে হ'ল কেন তার জবাব দেবেন কি? আমাদের দেশকে কিন্তু অন্য দেশের কাছে খাদ্যের জন্য হাত পাততে হয়না। লজ্জাবোধ করে না, পৃথিবীর কোনও কমিউনিস্ট রাষ্ট্র আছে আজকে বলুন যে অনুন্নত দেশগুলোকে খাওয়াতে পারে? একটা কমিউনিস্ট দেশ, ফিদাল কাস্ট্রোর কিউবাতে আমাদের এই খিদিরপুর ডক থেকে খাবার যাচ্ছে কিউবার মানুষকে বাঁচিয়ে রাখতে। আজকে আপনাদের লজ্জায় মাথা নত হয় না কেন? আমাদের দেশের উৎপাদনের লক্ষ্যমাত্রা ছিল, সেই উৎপাদনের লক্ষ্য মাত্র আমরা বাড়াতে সক্ষম হয়েছি। যদিও আমরা টার্গেটে রিচ করতে পারিনি। কিন্তু উৎপাদনের লক্ষ্যমাত্রা বাড়াতে সক্ষম হয়েছি। কেন্দ্রীয় সরকার গ্রাম উন্নয়নের জন্য ৪০ পারসেন্ট বরাদ্দ বৃদ্ধি করেছেন। আর আজকে এখানে অসীমবাবু গ্রামোন্নয়নের ব্যাপারে কৃতিত্ব দাবি করছেন। কিন্তু এই গ্রামোন্নয়নের ৮০ পারসেন্ট টাকা কেন্দ্রীয় সরকারের টাকা, ওঁর এতে কৃতিত্ব কী? ঝড়ে বক মরে আর শিকারীর কেরামতি বাড়ে। কেন্দ্রীয় সরকার টাকা দিয়েছেন গ্রামোন্নয়নের জন্য আর অসীমবাবু এখানে কৃতিত্ব দাবি করছেন। কেন্দ্রীয় সরকার ৫ হাজার ১০ কোটি টাকা থেকে ৭ হাজার ১০ কোটি টাকা বাড়িয়ে দিয়েছেন। এছাড়া অনেক পরিকল্পনা আছে যেমন জওহর রোজগার যোজনা, ডি. আর. ডি. এ., আই. আর. ডি. পি. ইত্যাদি। গ্রামীণ অর্থনীতির ভিতকে শক্ত করার যে পরিকল্পনা, সেই পরিকল্পনার ৮০ পারসেন্ট টাকা কেন্দ্রীয় সরকার দিচ্ছেন। আর আজকে এখানে অসীমবাবু তাঁর কৃতিত্ব দাবি করছেন। স্যার আমার অনেক কিছু বলার ছিল, বলতে পারলাম না, শুধু একটা কথা বলছি। আপনাদের যে প্ল্যান আউট লে ছিল পরিকল্পনা খাতে যা ধার্য করা হয়েছিল—আপনারা তো ৬ষ্ঠ পরিকল্পনা থেকে পেছোচ্ছেন। আপনারা ৬ষ্ঠ পরিকল্পনায় প্ল্যান আউট লে করেছিলেন ৩৫শ কোটি টাকা, সেটা কমিয়ে ২৩০০ কোটিতে আনলেন। ৭ম পরিকল্পনায় প্ল্যান আউট লে ছিল ৭ হাজার কোটি টাকা, সেটা করলেন ৪।। হাজার কোটি টাকা। অর্থাৎ ২।। হাজার কোটি টাকা কম করলেন। ৮ম পরিকল্পনায় করলেন ১৪ হাজার কোটি টাকা, সেটা দাঁড়াল গিয়ে ৯।। হাজার কোটি টাকাতে। আজকে আপনারা তিল তিল করে সর্বনাশ ডেকে নিয়ে আসছেন। আজকে বেকারত্বের জ্বালা চারিদিকে। মুখ্যমন্ত্রী '৯১ সালে বলেছিলেন যে ৫ লক্ষ বেকারকে চাকরি দেবেন। আপনি কত দিয়েছেন? সেশ্রু প্রকল্পে '৯১-'৯২ সালে চাকরি দিয়েছেন ১৯ হাজার ৩৭৭, '৯২-'৯৩ সালে দিয়েছেন ৮ হাজার ৪১৫, '৯৩-'৯৪ সালে ২ হাজার ৯৭১। কোথায় গেল সেই প্রতিশ্রুতি? আমরা '৭৭ সালের আগে প্রতি বছর ৫০ হাজার করে নতুন চাকরির সুযোগ সৃষ্টি করেছি, কিন্তু আপনাদের আমলে প্রতি বছর ৫০ হাজার লোকের চাকরি চলে যাচ্ছে। আমরা চাকরি দিয়েছি ১ লক্ষ ১৪ হাজার আর আপনারা ১৭ বছরে চাকরি দিয়েছেন মাত্র ১ লক্ষ ৭১ হাজার। আজকে এই রকম ভাবে পশ্চিমবঙ্গকে শ্মশানে পরিণত করেছেন।

তাই এই বাজেটকে তীব্র ভাষায় বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী পদ্মনিধি ধর ঃ** মাননীয় চেয়ারম্যান, স্যার, মাননীয় অর্থমন্ত্রী বিধানসভায় ১৯৯৪-৯৫ সালের যে বাজেট প্রতিবেদন রেখেছেন আমি তাকে জনমুখি, বিকল্প অর্থনীতির বাজেট বলে অবিহিত করে সমর্থন করছি। আজ তিন দিন ধরে বিরোধী পক্ষের বক্তারা যা বলছেন তা শুনে আমার মনে হচ্ছে বিরোধী পক্ষের সদস্যরা পশ্চিমবাংলার লোক নন। আমার পূর্ববর্তী বক্তা বললেন, 'আমরা টাকা দিয়েছি।' উনি কে? কাদের পৈতৃক সম্পত্তির টাকা কে কাকে দিচ্ছে? আমাদের ঘাম অর্জিত যে ট্যাক্সের টাকা কেন্দ্রীয় সরকার—কোটি কোটি টাকা—নিয়ে যাচ্ছে, তার অংশ বিশেষও আমাদের দিচ্ছেনা, আমাদের বঞ্চিত করছে। শুধু পশ্চিমবঙ্গকেই নয়, দীর্ঘদিন ধরে গোটা পূর্বাঞ্চলকে বঞ্চিত করছে। আর ওঁরা এ'কথা বলছেন! ওঁদের কণ্ঠস্বর শুনে মার্কোস এবং নগ-দিন-দিয়েন-এর কথা মনে পড়ে যাচ্ছে। ফিলিপিন্স-এর মার্কোস এবং ভিয়েতনামের নগ-দিন-দিয়েন তাঁদের দেশকে সাম্রাজ্যবাদিদের দালালি করে সাম্রাজ্যবাদিদের কাছে বেচে দিয়েছিলেন। কিন্তু ফিলিপিন্সে মার্কোসের এবং ভিয়েতনামে নগ-দিন-দিয়েনের কি পরিণতি হয়েছিল তা আমরা জানি। কিন্তু আমরা আশ্চর্য হয়ে লক্ষ্য করছি ওঁরা সেই শিক্ষা গ্রহণ করেননি। ওঁদের আমি তাদের কথা স্মরণ করতে অনুরোধ করছি।

মাননীয় চেয়ারম্যান, স্যার রাজ্য বাজেট সমর্থন করতে গিয়ে আমি বলতে বাধ্য হচ্ছি যে, ভারতের সংসদে কেন্দ্রীয় অর্থমন্ত্রী ভারতের স্বনির্ভরতা ধ্বংস করে, বিদেশি ঋণের চাপে দেশি, বিদেশি একচেটিয়া পুঁজিপতিদের স্বার্থে জনস্বার্থ বিরোধী মূল্য বৃদ্ধির উর্ধ্বগতির যে বাজেট পেশ করেছেন তাকে নিন্দা করার ভাষা আমার জানা নেই। উভয় বাজেটের তুলনা করার মতো সময় আমার বেশি নেই। আমাদের সময় খুবই অল্প, বিরোধী পক্ষের সদস্যরা সময় বেশি পান তাই তাঁরা বস্তা-পচা কতগুলি বুলি এখানে ছাড়েন। আমি সময় পেলে দেখাতে পারতাম যে, কেন্দ্রীয় বাজেট এবং রাজ্য বাজেটের মধ্যে আসমান জমিন ফারাক।

মাননীয় চেয়ারম্যান, স্যার, এই প্রসঙ্গে আমি একটা রূপকের আশ্রয় নিচ্ছি। কবি নজরুল 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় যা বলেছিলেন—আমাদের দেশটা ৯০ কোটির দেশ, একটা ৯০ কোটি যাত্রী বোঝাই তরণী দুঃখ দারিদ্রের সমুদ্র পার হয়ে সমাজতন্ত্রের স্বর্ণ দ্বারে গিয়ে পৌঁছবে, এটা আমরা ৪৭ বছর আগে আশা করেছিলাম। কিন্তু আমাদের দেশের কান্ডারীদের, নাবিকদের অযোগ্যতা, অপদার্থতা এবং দেশদ্রোহিতার ফলে আজকে ভারতবর্ষ—৯০ কোটি যাত্রী বোঝাই তরণী বিপদসঙ্কুল সমুদ্রে হাবু-ডুবু খাচ্ছে জি-7'এর হুঙ্কারে। আমেরিকা, কানাডা, ইংল্যান্ড, ফ্রান্স, জার্মানি, ইতালি এবং জাপান হাঁ করে বসে আছে আমাদের ৯০ কোটি মানুষের রক্ত খাবার জন্য। সেই পথ করে দিচ্ছে ভারতবর্ষের আজকের অযোগ্য কান্ডারীরা। তাই আমি বলছি, আজকে আর কান্ডারীদের হুঁশিয়ার দেবার সময় নেই। কারণ এই কান্ডারীদের দিয়ে আর চলবে না। তাই আমি বলছি—'দুলিতেছে তরী, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ, ছিঁড়িয়াছে পাল কে ধরিবে হাল, আছে কার হিম্মত্?' গোটা ভারতবর্ষের

মধ্যে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের সেই হিম্মত্ আছে। আমরা এখনো ডুবন্ত জাহাজের মাস্তুলের ওপর বসে আছি। তবে আমরা জানি জাহাজখানা ডুবে গেলে পশ্চিমবঙ্গও আর থাকবে না। এখন পর্যন্ত এই ডুবন্ত জাহাজের ওপর দাঁড়িয়ে আমাদের কর্ণধার মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু এবং আমাদের অন্যতম নাবিক আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত হানাহানি করে কেন্দ্রের সঙ্গে গুরু-ভারকে টেনে নিয়ে চলেছেন।

মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের রাজ্য টেনে নিয়ে চলেছেন, ডুবন্ত জাহাজকে রক্ষা করছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, কেন্দ্রীয় অর্থমন্ত্রী বিশ্বব্যাঙ্ক, আই. এম. এফ এবং গ্যাটের মৎসুদ্ধি। ১৯৯৩-৯৪ সালের বাজেট বক্তৃতায় তিনি ভারতের বৈষয়িক উন্নয়নের লক্ষ্যে অর্থনৈতিক সংস্কার এখন তুঙ্গে উঠেছে বলেছেন। সংবাদপত্রের ব্যাখ্যায় উন্নয়নের টেক্ অফ স্টেজ ভারতে এসেছে অর্থাৎ ভারতে টেক্ অফ স্টেজ শুরু হয়ে গেছে। ৩টি বাজেট পেরিয়ে চতুর্থ বাজেটটি আর্থিক ঘাটতির পঙ্কিল নর্দমায় পা পিছলে দেশের শিল্পে ও কৃষি বিকাশের সঙ্কট জালে আটকে পড়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি আর্থিক সমীক্ষা যে বেরিয়েছে তা থেকে, তাতে অর্থমন্ত্রী ডঃ মনমোহন সিং এর ৩টি বাজেট বর্ষে মোট খাদ্যশস্যের উৎপাদন বেড়েছে মাত্র ১.৯ শতাংশ। যেখানে প্রত্যাশা ছিল ৩ বছরে বাড়বে ৯ শতাংশ। অথচ দেশে খাদ্যগ্রহণকারীর সংখ্যা বেড়েছে ৭ শতাংশ। ১৯৯০-৯১ সালে খাদ্যশস্যের উৎপাদন বেড়েছিল ৩ শতাংশের উপর। শিল্প প্রসঙ্গে অন্ধকার আরও নিবিড়। মনমোহন সিং-এর পরিকল্পিত ৩টি বাজেটের কৃপায় মোট শিল্পের উৎপাদন বৃদ্ধি ঘটেছে ৩.৪ শতাংশ। অথচ ১৯৯০-৯১ সালে শিল্প বিকাশ ঘটে ৮.৩ শতাংশ। সেবার ১ বছরে যা ঘটেছে মনমোহন সিং-এর ৩টি আর্থিক বছরে তা ঘটেনি। এমন কি ঐ বছরে মোট জাতীয় অভ্যন্তরীণ বৃদ্ধি ঐ ৩ বছরের গড়ের চেয়ে বেশি। মনমোহন সিং গদিতে বসে বিশ্বব্যাঙ্কের পায়ে মাথা ঠেকিয়ে দেশের বৈষয়িক উন্নয়নের কোনও বিকাশ ঘটাতে পারেননি। শিল্প এবং কৃষিতে পশ্চাৎপদতা বাড়িয়ে দিয়ে কেবল বিদেশি পুঁজির অবাধ বিচরণ ক্ষেত্র হিসাবে ভারতবর্ষকে পরিণত করেছে। বিদেশি পুঁজির এই শেয়ার বাজারে এরা মন্ডের গোয়ালে নাম লিখিয়েছে। তাই বলছি, আজকে উড়োজাহাজ মধ্য পথে, বিতর্কের কোনও কারণ নেই। শিল্প এবং কৃষিতে মোট জাতীয় আয় কমিয়ে দিয়ে পশ্চাৎপদ টেক-অফ স্টেজ পেরিয়ে চতুর্থ বাজেট নিয়ে এসে নয়া অর্থনীতির সর্বনাশের পথে অগ্রসর হয়েছে। এবার আমি মাননীয় অর্থমন্ত্রী মহাশয়কে বলব, আপনি বাজেটে অনেক ছাড় দিয়েছেন, কিন্তু চায়ের উপর আয় করের ছাড় দেননি। এই বিষয়টি আপনি দেখবেন। কেননা প্রতিযোগিতার বাজারে—আমাদের এই চায়ের বাজারটার উন্নতি করতে চাই। সুতরাং এ ব্যাপারে আপনি ভেবে দেখবেন চায়ের উপর আয়কর ছাড় দিতে পারেন কিনা—এই অনুরোধ আমি করছি। সর্বশেষে আজকে আই. এম. এফের ২.৬১ লক্ষ কোটি টাকার যে বৈদেশিক ঋণ, সামরিক আইনের, সামারিক অস্ত্রশস্ত্র কেনার জন্য যে টাকা ঋণ নিয়েছেন ৩ লক্ষ টাকা, অভ্যন্তরীণ সাড়ে ৩ লক্ষ কোটি টাকার এই যে ঋণ নিয়ে গোটা দেশটাকে তার স্বনির্ভরতা, স্বাধীনতাকে বিকিয়ে দেবার যে বন্দোবস্ত করছে এই কংগ্রেস দল তাদের কিছু লোক এখানে এসেছে তারা

কেন্দ্রের জয়গান করছে। আপনাদের শেষের দিন ঘনিয়ে এসেছে, স্মরণ রাখবেন আপনারাও ছাড় পাবেন না। এই কথা বলে এই বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডাঃ অনুপম সেন ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় যে বাজেট অর্থনৈতিক বাজেট পেশ করেছেন, উনি যে প্রস্তাব করেছেন আমি তার বিরোধিতা করছি। কি কি কারণে বিরোধিতা করছি তা আমি আপনার কাছে বলছি। কৃষি ক্ষেত্রে আমাদের মাননীয় মন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাতে তিনি একটু কাল্পনিক উৎপাদনের হিসাব দেখিয়েছেন। ইকনমিক সার্ভে যেটা না'কি প্রকাশ পেয়েছে সেই ইকনমিক সার্ভেতে আমরা দেখতে পাচ্ছি গত বছরে সারের ব্যবহার পশ্চিমবঙ্গে ৩ পারসেন্ট অর্থাৎ ২৩ হাজার মেট্রিক টন কম হয়েছে, জমির চাষের পরিমান ৩ পারসেন্ট অর্থাৎ ১৭৩ হাজার হেক্টর জমির চাষ কম হয়েছে। ক্ষুদ্র ও বৃহত সেচ ১ লক্ষ ৪৫ হাজার হেক্টর জমিতে কম হয়েছে। এইগুলি যদি হিসাব করা যায় তাহলে আমার যেটা মনে হয় যেটা আমরা দেখতে পাচ্ছি ১৯৯০-৯১ সালে পশ্চিমবঙ্গে উৎপাদন হয়েছিল ১ কোটি ৪ লক্ষ টন। ১৯৯১-৯২ সালে উৎপাদন হয়েছিল ১ কোটি ৯ লক্ষ টন কিন্তু ১৯৯২-৯৩ সালে যদিও সারের ব্যবহার কমেছে জমি চাষের পরিমাণ কমেছে আবার জল সেচের পরিমাণ কমেছে। কিন্তু উনি দেখিয়েছেন ১ কোটি ২০ লক্ষ হেক্টর উৎপাদন হয়েছে। আগে আমরা দেখেছি যে উৎপাদনকে অ্যাসেস করার জন্য সমীক্ষা করা হত, এখন সমীক্ষা উঠে গিয়েছে। এখন ঠান্ডা ঘরে বসে একটা আনুমানিক এত লক্ষ টন খাদ্য উৎপাদন হয়েছে বসে রিপোর্ট আসছে এবং আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় সেটা বিশ্বাস করে নিচ্ছেন। আমি আপনাকে একটা কথা বলতে চাই, ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে উৎপাদন হয়েছিল আপনাদের হিসাব মতো ৭৫ লক্ষ মেট্রিক টন, সে বছরে আমি এম. এল. এ. ছিলাম, সেই বছর একটা খরার বছর ছিল, কিন্তু ১৯৭৫-৭৬ সালে তখনও আমি সভ্য ছিলাম। তখন উৎপাদন হয়েছিল ৯০ লক্ষ মেট্রিক টন। আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে এবারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন ১ কোটি ২০ লক্ষ মেট্রিক টন হয়েছে। কিন্তু সারের ব্যবহার, জমি এবং সেচের পরিমাণ সব যদি কম, তাহলে এটা কি করে সম্ভব? আমি আপনার কাছে বলতে চাই যে এখানে আমরা কি দেখতে পাচ্ছি। উত্তরবঙ্গ থেকে আমরা দেখতাম ওয়েস্ট দিনাজপুর, সাঁইথিয়া এসব জায়গা থেকে চাল আসত এখন দেখা যায় লরি লরি ভর্তি চাল শিলিগুড়ি, জলপাইগুড়ি, কুচবিহার এই সব জায়গায় অন্ধ্র প্রদেশ থেকে চাল আসছে, উৎপাদন যদি এত হয়ে থাকে তাহলে ডেফিসিট মেক আপ করার জন্য অন্ধ্র প্রদেশ থেকে চাল আনতে হবে এই কথা মেনে নিতে আমি রাজি নই।

আপনি নিশ্চয়ই জানেন যে, পশ্চিমবঙ্গে চাষের জমি ক্রমশ কমে যাচ্ছে, বিশেষ করে উত্তরবঙ্গে এটা লক্ষ্য করেছি। বিষয়টা বিধানসভাতেও উল্লেখ করেছি, সেখানকার চাষের জমিকে চা বাগানে রূপান্তরিত করা হচ্ছে। ইতিমধ্যে সেখানে ১১০টা আনঅথরাইজড চা

বাগান তৈরি হয়েছে। আমি বিভাগীয় কর্তৃপক্ষের কাছে এই ব্যাপারে ডিটেলস জানতে চেয়েছিলাম, কিন্তু তারা কিছু জানাতে চাচ্ছেন না। এর ফলে জলপাইগুড়ি, দার্জিলিং এবং উত্তর দিনাজপুরের চাষ যোগ্য জমির পরিমাণ কমে গেছে। উত্তরবঙ্গের বৃহত্তম এবং রাজ্যের দ্বিতীয় বৃহত্তম প্রকল্প হচ্ছে তিস্তা মাস্টার প্ল্যান। ঐ প্রকল্পের জন্য বিধানসভা থেকে রেজলিউশন করে কেন্দ্রীয় সেচমন্ত্রী, অর্থমন্ত্রী এবং প্ল্যানিং কমিশনের চেয়ারম্যানের সঙ্গে দেখা করেছিলাম। সেখানে প্ল্যানিং কমিশনের চেয়ারম্যান বলেছিলেন যে, তাঁরা ৫০ : ৫০ রেশিওতে শেয়ারে টাকা দেবেন। সেইমতো কেন্দ্র থেকে গত বছর ৩০ কোটি টাকা দেওয়া হয়েছিল, কিন্তু পশ্চিমবঙ্গ থেকে ১২ কোটি টাকা দেওয়ায় ১৮ কোটি কেন্দ্রীয় সরকারের টাকা ফেরত চলে গেছে যার ফলে তিস্তা প্রকল্পের কাজ পিছিয়ে গেছে। এখানে পাবলিক আন্ডারটেকিং শিল্প ৬৭টি রয়েছে পশ্চিমবঙ্গ সরকারের। কিন্তু ইকোনোমিক সার্ভেতে দেখতে পাচ্ছি, ঐ ৬৭টির মধ্যে প্রফিট আসছে ৬টা থেকে, লসে রান করছে ৬১টা। তার ফলে আজকে ঐসব সংস্থার কর্মচারিদের যদি বসিয়ে বসিয়েও মাইনে দেওয়া হয় তাহলে ৪০ কোটি টাকার সাশ্রয় হবে। যে শিল্পকে রান করানো যাবে না, লাভজনক অবস্থায় পৌঁছাবে না, সেগুলোকে চালিয়ে রেখে রাজ্যের মানুষের অর্থনৈতিক অবস্থা দিন দিন খারপ করবার যুক্তি আছে বলে আমার বিশ্বাস হয় না। আর একটি কথা, মৎস্য উৎপাদনের ক্ষেত্রে চাহিদা যোগানের ব্যবধান ১৯৮৭-৮৮ সালে ছিল ৪২ পারসেন্ট, সেটা ১৯৯২-৯৩ সালে হয়েছে ২২ পারসেন্ট। আর ১৯৯২-৯৩ সালে হয়েছে ২২ পারসেন্ট। অর্থাৎ আমাদের সব চেয়ে বড় যে সমস্যা সেটা হচ্ছে মাছের সমস্যা, কথায় বলে যে বাঙালি মাছে-ভাতে মানুষ, সেই সমস্যা আমাদের মৎস্যমন্ত্রী কাগজে-কলমের মাধ্যমে সমাধান করে দিয়েছেন। মাননীয় চেয়ারম্যান, স্যার, সত্যি কথা বলতে কি আপনি যদি যান তাহলে দেখবেন যে সকাল থেকে শত শত ট্রাক চাল, মাছ নিয়ে উত্তরবাংলার জেলাগুলিতে যাচ্ছে। শিলিগুড়ি হচ্ছে এর সেন্টার। আমি বাড়ি থেকে দেখতে পাই যে ওখানে পেট্রোল পাম্পে ৫।৭ খানা করে ট্রাক এসে দাঁড়ায় এবং তারপরে একটা, দুটো করে ডুয়ার্স, জলপাইগুড়ি জেলায় বিভিন্ন জায়গায় যাচ্ছে। আজকে তারা বেঁচে আছে অন্ধ্রের মাছ, চাল, ডিমের উপরে। তা যদি হয় তাহলে মাছের উৎপাদন বেড়েছে বলে যে দাবি করা হয়েছে তার কোনও চিহ্ন আমরা দেখছি না। পশ্চিমবঙ্গের ৫টি জেলায় আমরা তার কোনও চিহ্ন দেখছি না। কাজেই কি করে আমরা ধরে নেব যে মাছের উৎপাদন বেড়েছে? আজকে মন্ত্রী মহাশয় যে কথা তার বিভাগ সম্পর্কে বলেছেন, তার সঙ্গে বাস্তবের কোনও সংযোগ আছে বলে আমার মনে হয় না। তাই এই বাজেটকে সমর্থন করতে পারছি না। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী প্রভাত আচার্য:** মাননীয় চেয়ারম্যান, স্যার, আজকে যে বাজেট আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এখানে পেশ করেছেন, আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। তিনি এই বাজেট এনে এইটুকু প্রমাণ করতে পেরেছেন যে সারা পৃথিবীতে সাম্রাজ্যবাদিদের স্তাবক যারা আছেন, যারা দেশের স্বাধীনতাকে বিকিয়ে দেবার পরিকল্পনা করেছেন, তার মাঝখানে কেউ

কেউ বলতে চেয়েছেন যে আমরা স্বাধীনভাবে থাকতে চাই, আমরা স্বনির্ভর থাকতে চাই, আমরা মানুষ হিসাবে বেঁচে থাকতে চাই ক্লিনটন কীর্ণ পৃথিবীতে। সোভিয়েট রাশিয়ার পতনের পরে এই আগ্রাসন নিয়ে আমেরিকা সমস্ত পৃথিবীকে তার নিজের আয়ত্বে আনতে চাচ্ছে। একদিকে ইউ. এন. ও তার স্তাবক হয়ে দাঁড়িয়েছে। তারা অন্যায় ভাবে ইরাকের উপরে বোমা ফেলছে। অন্য দিকে আই. এম. এফ-এর ঋণের মাধ্যমে যন্ত্রপাতি দিয়ে নিজেদের অনুগত করার চেষ্টা করছে এবং তাদের কিছু কিছু অনুগত মানুষকে দেশের অভ্যন্তরীণ জীবনের গুরুত্বপূর্ণ কিছু পদে বসিয়ে দেওয়া হয়েছে যাতে অন্য দেশের স্বাধীনতা নষ্ট করা যায়। আজকে কেন্দ্রীয় সরকারের বাজেট যে ভাবে করা হয়েছে তাতে সেই ইঙ্গিত বহন করছে। ভারতবর্ষের ক্ষেত্রে নেহেরুর বা ইন্দিরা গান্ধীর যে অনুসৃত পথ, যেখানে সমাজতান্ত্রিক ধাঁচে একটা নূতন বাজেট থাকবে, পাবলিক সেক্টর আন্ডারটেকিং থাকবে, কৃষক, মেহনতি সমস্ত মানুষের জন্য উন্নতি সাধন করা হবে, সেখানে এরা আজকে তার ঠিক উল্টোপথে দেশকে পরিচালিত করছে, এরা সাম্রাজ্যবাদিদের দাসানুদাসে পরিণত হয়েছে। কংগ্রেসের যে সব সদস্য এখানে বক্তব্য রেখেছেন, তাদের মধ্যে অনেকেই মনমোহন সিংয়ের তারিফ করেছেন, তার কাজের স্তাবকতা করেছেন। আবার কংগ্রেসের মধ্যে কিছু কিছু সদস্য ছিল যারা এই ধরনের স্তাবকতা করতে পারেন নি। যার ফলে হিন্দি বলয়ে তাদের একটা ক্ষোভ ছিল এবং যার জন্য নেতাজীকে এক সময়ে বলতে হয়েছিল যে সীতারামাইয়া ডিফিট ইজ মাই ডিফিট এবং তার জন্য নেতাজীকে অন্য পার্টি করতে হয়েছিল। কংগ্রেসের মধ্যে যারা স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন, তাদের মধ্যে এই ধরনের স্তাবকতা আমরা দেখিনি, যে স্তাবকতা দেখছি মনমোহন সিংকে সমর্থন করার মধ্যে দিয়ে, যে স্তাবকতা দেখছি গ্যাট চুক্তি, ডাঙ্কেল প্রস্তাবকে সমর্থন করার মধ্যে দিয়ে। আপনারা যে কতটা এদের প্রতি অনুরক্ত তা আপনাদের স্তাবকতার মধ্যে দিয়ে পরিষ্কার হয়ে যাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী, অসীমকুমার দাশগুপ্ত যে বাজেট এখানে পেশ করেছেন তাতে এক থেকে ১০ স্তবক-এর মধ্যে কেন্দ্রীয় সরকার অর্থনীতিকে কোন সর্বনাশার দিকে নিয়ে যাচ্ছেন সেকথা তিনি স্পষ্ট করে বলেছেন। আপনাদের ডাঙ্কেল-আঙ্কেলের কৃতদাসত্ব খুব ভাল লাগে। সেই ভালত্ব নিয়ে অন্যায় কাজকে সমর্থন করে যাচ্ছেন। আপনারা ধনী রাষ্ট্র, ডেভেলপিং কানট্রিজের কথা বলেছেন আমার আগের বক্তা যেমন জাপান, জার্মান, ইটালী, গ্রেট বিটেন এবং আমেরিকা এদের অনুগত স্তাবকে পরিণত হয়েছেন। ওদের দেশের মন্দা শুরু হয়েছে, জেনগাল বটল্স কারখানা বন্ধ হয়ে গেছে, শত শত বেকার হয়ে পড়েছে। এই মন্দার হাত থেকে বাঁচবার জন্য মন্দাক্রান্ত হয়ে আপনাদের কাছে এসেছে, মনমোহন সিং-এর কাছে এসেছে। তৃতীয় বিশ্বের বৃহৎ এবং শক্তিশালী দেশ, জনসংখ্যায় যারা পৃথিবীতে দ্বিতীয় স্থানে আছে তাদের কাছে এসে বলছে তোমাদের ১০ কোটি মধ্যবিত্তের বাজার আমরা চাই। আমেরিকার দূত হিসাবে মনমোহন সিং সেই কাজ করছে। আর আপনারা বগল বাজিয়ে বলছেন আমাদের দেশকে ক্রীতদাস হতে দেব না, দেশ এগিয়ে যাচ্ছে। এই এগিয়ে যাওয়া কি? দেশের অভ্যন্তরীণ ঋণ এবং বিদেশি ঋণের সুদ দিতে চলে যায় ২০০ বিলিয়ন ডলার। এই নির্যাতিত রাষ্ট্রগুলো থেকে ২০০ বিলিয়ন ডলার

প্রতি বছর উন্নত রাষ্ট্রগুলো নিচ্ছে। তারপর আপনারা বলছেন আমাদের কারখানাগুলি বিদেশি মালটিন্যাশনালের হাতে তুলে দেবেন। এই ব্যাপারে বম্বে ক্লাবে আমাদের ভারতবর্ষের ইন্ডাস্ট্রিয়ালিস্টরা মিটিং করে বলেছেন এই সুযোগ আমাদের না দিয়ে বঞ্চিত করলে দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করা হবে। আপনারা জানেন দেশের প্রতি বিশ্বাসঘাতকতা করে বিদেশিদের আনা হয়েছিল, মিরজাফর এসেছিল। সমগ্র বিশ্বে হায়নারূপী আমেরিকাকে আনছেন, তাদের অনুগত হয়ে তাদের আশ্রয় দিচ্ছেন। সেই পরিপ্রেক্ষিতে যে কথা উঠেছে, স্বাধীনচেতা মানুষ, স্বাধীনতা প্রিয় মানুষ, সারা ভারতবর্ষের শান্তিপ্রিয় মানুষ, শ্রমিক কৃষক তারা বলছেন এই দুর্যোগপূর্ণ অবস্থায় একটাই বাজেট এসেছে তারা বলছেন 'স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় রে, কে বাঁচিতে চায়'। এই মুহূর্তে কেউ কেউ বাঁচতে চায় কিন্তু কংগ্রেস চায় না। কংগ্রেস দেশটাকে বিকিয়ে দিতে চায়। আজকে সারা ভারতবর্ষে আন্দোলন চলছে, শ্রমিকরা বারে বারে মিছিল করে দিল্লির পথ লাল করে দিয়েছে। তারা বলছেন যে না, এটা করা চলবে না। কংগ্রেস বিরুদ্ধে এখন লড়াই চলছে। এক দিন পশ্চিমবাংলা থেকে কংগ্রেস ক্ষীণ থেকে ক্ষীণতর হয়ে যাবে, একদিন কর্পূরের মতো তারা উবে যাবে, আগামী দিনে দেখা যাবে কংগ্রেস আর এখানে থাকবে না। তাঁরা আজকে ডাঙ্কেলকে আঙ্কেল বলে বসাচ্ছেন, তার ফলে একদিন পাবেন। এই কথা বলে এই বাজেটের প্রতি আনুগত্য এবং সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট প্রস্তাব এখানে উত্থাপন করেছেন, আমি আশা করেছিলাম যে সারা দেশে যখন কেন্দ্রীয় সরকারের নয়া অর্থনীতি, নয়া শিল্প নীতি এবং ডাঙ্কেল প্রস্তাব সর্ব্বাত্মক আক্রমণ জন-জীবনে নেমে এসেছে গোটা দেশের অর্থনীতির উপর সেই পটভূমিতে দাঁড়িয়ে এই রাজ্যের বামফ্রন্ট সরকার একটা অঙ্গ রাজ্য হিসাবে সীমিত ক্ষমতার মধ্যে এমন একটা বাজেট প্রস্তাব উত্থাপন করবেন যার দ্বারা রাজ্যে শ্রমিক চাষী, খেটে খাওয়া মানুষ সস্তির আশ্বাস পাবে। যদিও তাঁরা বলেছেন যে তাঁদের এই বাজেট প্রস্তাব কেন্দ্রীয় সরকারের যে অনুসৃত অর্থনীতি তার বিকল্প, বিকল্প দৃষ্টিভঙ্গি তাঁদের বাজেট প্রস্তাবের মধ্যে প্রতিফলিত হয়েছে। ব্যাখ্যা করতে গিয়ে বলেছেন স্বনির্ভরতা, বিদেশি ঋণের প্রতি কম নির্ভরতা, শিল্পে উন্নতি, কৃষি উৎপাদন বৃদ্ধি কর্মসংস্থা, মূল্যবৃদ্ধি সংহত করা ইত্যাদি সব বলেছেন।

মূল্যবৃদ্ধিকে সংহত করা এই সমস্ত কথা। আমার প্রথম জিজ্ঞাস্য হচ্ছে, তিনি যে বিকল্প নীতির কথা বলছেন, সেই বিকল্প নীতির যথার্থতা তাঁর এই বাজেট তথা রাজ্যের অর্থনীতিতে প্রতিফলিত হচ্ছে কিনা? তিনি যে স্বনির্ভরতার কথা বলছেন, আমি বিনীতভাবে মাননীয় অর্থমন্ত্রীর কাছে এই প্রশ্ন রাখছি, তিনি স্বনির্ভরতার কথা বলছেন, কিন্তু কেন্দ্রীয় সরকারের অর্থনীতি, সেটা যেমন বিদেশি ঋণের জালে, ঋণের ফাঁদে জড়িয়ে আছে, রাজ্যের অর্থনীতিও কিন্তু বিরাট অভ্যন্তরীণ ঋণের ফাঁদে জড়িয়ে আছে, যার পরিমাণ প্রায় তের হাজার কোটি টাকার মতো। গত পাঁচ বছরে গড়ে এক হাজার কোটি টাকা করে এই ঋণ বেড়েছে

এবং দশম অর্থ কমিশনের যে রিপোর্ট, সেখানে স্মারকলিপি যেটা আপনি পেশ করেছেন, তাতে আপনি বলেছেন যে যোজনা বহির্ভূত খাতে যে ব্যয় হয়, কেন্দ্রীয় সরকারের ঋণ পরিশোধ করতে চলে যায়। এই রকম চিত্র কী স্বনির্ভরতার পরিচয়? আমি জানতে চাইছি যে, আজকে রাজ্য সরকারের কোনও দপ্তর, কোনও প্রকল্পের কাজ ওয়ার্ল্ড ব্যাঙ্ক, আই. এম. এফ.—বিদেশি সহায়তার উপরে নির্ভরশীল নয় আপনি বলতে পারবেন? বনসৃজন থেকে আরম্ভ করে মৎস্যচাষ, মৎস্য দপ্তর, রাষ্ট্রীয় পরিবহন প্রকল্প বিশ্ব ব্যাঙ্কের ঋণ নিয়ে, নগর উন্নয়ন প্রকল্প বিশ্ব ব্যাঙ্কের ঋণ নিয়ে, বক্রেশ্বর তাপবিদ্যুত কেন্দ্র জাপানের ঋণ নিয়ে হচ্ছে। এমন কি পরিকাঠামো তৈরি করার ব্যাপারে সেখানে মার্কিন সংস্থার কাছ থেকে রাজ্য বরাদ্দ নিচ্ছে। এই পরিকাঠামো কি করে উন্নয়ন করা যায়, সেই ব্যাপারে তারা পরামর্শ দেবে, অর্থাৎ বেসরকারিকরণ। আপনি স্বনির্ভরতার কথা বলছেন, অথচ বেসরকারিকরণের কথা বলছেন আপনার শিল্পমন্ত্রী। তিনি বলছেন যে শিয়ালদহ থেকে শিলিগুড়ি পর্যন্ত পাঁচশ কি.মি. যে হাইওয়ে, সড়ক নির্মাণ, শিয়ালদহ থেকে কল্যানী পর্যন্ত স্পেশ্যাল ট্রেন, বিভিন্ন জেলায় রাজ্যের অভ্যন্তরে আকাশপথে, বিমানে যোগাযোগের জন্য এবং কলকাতা থেকে ফলতা, হলদিয়া, এগুলোতে জলপথকে আধুনিক জলপথ হিসাবে যোগাযোগের ব্যবস্থা নিয়ে কাজ, এইসব কাজ নাকি বেসরকারিকরণের হাতে তুলে দেওয়া হবে। সম্প্রতি পিয়ারলেসের হাসপাতাল উদ্বোধন করতে গিয়ে মাননীয় মুখ্যমন্ত্রী বললেন যে হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, হেল্‌থ ক্লিনিক্স এগুলোতে যাতে ব্যবসায়ীরা, বেসরকারি সমস্ত উদ্যোগের সবাইকে আহ্বান জানিয়েছেন, তিনি আমন্ত্রণ জানিয়েছেন। তাহলে কোন জায়গাটা বাদ থাকল? এমনকি পূর্ত দপ্তরের কাজ, সেতু, রাস্তাঘাট নির্মান ইত্যাদিতে বেসরকারি সংস্থা রয়েছে। তাহলে আমার বক্তব্য হচ্ছে যে কেন্দ্রীয় সরকারের অর্থনীতির যে সমালোচনা আপনি করছেন, বিকল্প অর্থনীতির কথা বলছেন, কার্যক্ষেত্রে রাজ্য সরকার কিন্তু বেসরকারিকরণ থেকে শুরু করে বিদেশি ঋণ নিয়ে যা করছেন, স্বনির্ভর অর্থনীতির ভাষ্য যেটা আপনি রাজ্যবাসীকে শোনাচ্ছেন, আপনি বাজেটে যেটা বলেছেন, এই ঘোষনা বাস্তবে প্রতিফলিত হচ্ছে না। ফলে আমার ব্যক্তিগত ধারণা বিকল্প অর্থনীতির যে কথা বলছেন কোথায় বিকল্প অর্থনীতি, দৃষ্টিভঙ্গির তো কোনও পার্থক্য নেই। এই তো সেদিন জল প্রকল্প নিয়ে জার্মান ব্যাঙ্ককে এফ ডব্লিউ এর সঙ্গে চুক্তি হয়েছে। একশো কোটি টাকার দুটি জল প্রকল্প একটি বীরভূমের বোলপুরে এবং আরেকটি পুরুলিয়ার রঘুনাথপুরে করা হবে। এতে শর্তটা কি আছে—(১) নং হচ্ছে এই প্রকল্প তৈরি করার ব্যাপারে রাজ্য সরকার কোনও রকম নাক গলাতে পারবে না। প্রকল্পটি রক্ষণাবেক্ষণ করবে যারা ওই জেলার লোকেরা ব্যবহার করবে তারাই এর দায়িত্ব গ্রহণ করবে এবং ব্যবহারকারিদের জলকর দিতে হবে। সমস্ত কাজটাই বেসরকারি সংস্থার হাতে পরিচালিত হবে এবং রূপায়িত হবে, সরকার এতে নেই। রাজ্য সরকার এই শর্ত সম্পূর্ণ ভাবে মেনে নিলেন কি করে? পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিংয়ের ডিপার্টমেন্টের মন্ত্রী শ্রী গৌতম দেব এই তো সেদিন এই প্রকল্পটি তৈরি করার জন্য তাদের শর্ত মেনে নিতে রাজি হয়েছেন। একশো কোটি টাকা দিয়ে এই প্রকল্পটি তৈরি করা হচ্ছে। জনস্বাস্থ্য বিভাগ এতদিন পর্যন্ত জল সরবরাহ করেছে তারজন্য কোনও

জলকর নেয়নি, এখন এমন কি হল যে, বীরভূম এবং পুরুলিয়ার রঘুনাথপুরের মতো জেলা যেখানে শতকরা ৬০ ভাগ লোকই আদিবাসী এবং দুস্থ তাদের উপরে জলকর বসানো হচ্ছে। আপনিও সেই শত কন্টকিত বিদেশি ঋণ তার উপরে নির্ভর করে বিভিন্ন দপ্তরের প্রকল্পগুলো রূপায়িত করছেন। আপনি যে বিকল্প অর্থনীতি গ্রহণ করেছেন কোথায় করেছেন দয়া করে সেটা আপনার জবাবি ভাষণে বলবেন। আপনি যোজনা উন্নয়ন খাতের কথা বলেছেন। বাস্তবিকই গোটা রাজ্যের উন্নতির যোজনার মাথা পিছু ব্যয়ের উপরে নির্ভরশীল। যোজনা খাতে আপনার সরকার মাথা পিছু যোজনা খাতে কত ব্যয় করেছেন তার একটা হিসাব দিচ্ছি। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনাতে ৩টে বছরে মাথাপিছু যোজনা সারা ভারতবর্ষের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান সবচেয়ে নিচে। সেখানে হিসাব করলে দেখা যাবে যে, ১৯৯৪-৯৫ সালে মাথাপিছু যোজনা ব্যয় ২৫১ কোটি টাকা। যেখানে সর্বভারতীয় মাথাপিছু গড় যোজনা ব্যয় ৪৬২ কোটি টাকা, সেখানে পশ্চিমবঙ্গে ২৫১ কোটি টাকা। প্রায় অর্দ্ধেক। সর্বভারতীয় যে ইনডেক্স দেওয়া আছে অতি নগন্য এবং পশ্চিমবঙ্গর যে যে আইডিয়াল পিকচার তার যে ডিসমিল তা আরও নগন্য। এই নিয়ে কি আপনারা অগ্রগতির কথা বলছেন। উন্নয়নের কথা বলছেন অথচ আমরা দেখছি কর্মসংস্থানের ক্ষেত্রে আপনারা কোনও ব্যবস্থা করতে পারছেন না। এমপ্লয়মেন্টে এক্সচেঞ্জের রেজিস্টার্ড বেকার ছিল ৫৪ লক্ষ, তার থেকে এতটুকু কমাতে পেরেছেন? একজন ৩৫ বছরের বয়স হয়ে গেলেও তাকে ডাকা হচ্ছে না, তার কোনও কল আসছে না। নাম নথিভুক্ত নেই তার সংখ্যা তো বলার নয়। ৮ হাজার লোককে সরকারি এবং বেসরকারি সংস্থায় আপনারা কাজ দিতে পেরেছেন। সরকারি অফিসগুলোর পদ শূন্য, অধ্যাপকের পদ শূন্য, শিক্ষকের পদ শূন্য কিন্তু তবুও চাকরির কোনও ব্যবস্থা নেই। তারপরে স্বনিযুক্ত প্রকল্পের ক্ষেত্রে একটা মারাত্মক অবস্থা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে ১৯৮৬ সাল পর্যন্ত ৮ লক্ষ যেখানে স্বনিযুক্ত কর্ম প্রকল্প তারমধ্যে ৩ লক্ষ বেকারের নাম নথিভুক্ত করা হয়েছিল। কিন্তু সেখানে দেখা গেল যে এই ৮ লক্ষ স্বনিযুক্ত কর্ম প্রকল্পের মধ্যে মাত্র ১১ হাজার লোক ঋণ পেয়েছে এই কর্ম প্রকল্পের আওতায়। সুতরাং দিস ইজ দি পিকচার।

আপনি ভূমি সংস্কারের কথা বলেছেন, ভূমিসংস্কার দিয়ে আপনাদের মাত্রা শুরু. কি সংস্কার করেছেন, আজকে ২।৩টি ভূমিসংস্কার আইন আছে তাকে ক্ষেতমজুর, ভূমিহীন চাষীদের ক্ষেত্রে সেটাকে রূপায়ণ করতে পেরেছেন, আজ পর্যন্ত যে ভেস্টেড ল্যান্ড-আছে সেটা আজও বিলি করতে পারলেন না। এই রকম অবস্থায় আপনারা বলেছেন রেকর্ড ফলন হচ্ছে, কৃষিতে এই রকম কথা বলেছেন। কিন্তু সেই রেকর্ড ফলনের কে বেনিফিট পাচ্ছে? পিপিল পাচ্ছে, উইকার সেকশন পাচ্ছে, শ্রমিকরা পাচ্ছে, গ্রামের দুর্বল শ্রেণীর মানুষ পাচ্ছে? আজকে তাদের কি দুরাবস্থা, পশ্চিমবাংলার গ্রামবাংলার ক্ষেতমজুরদের কি অবস্থা। আজকে সারা বছরে ৩ মাসের বেশি কাজ থাকে না, বাকি ৯ মাস হা অন্ন করে দিন কাটে। আজকে এই সমস্ত দরিদ্র শ্রেণীর লোকেদের অবস্থা খুব খারাপ, তাদের জন্য কি করেছেন আপনারা? তাদের

বাঁচার জন্য যেটা নূন্যতম প্রয়োজন সারা জীবনের নিশ্চয়তা এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট, সেই অ্যাক্টকে চালু করা সেটা আপনারা করেননি, কেন্দ্রীয় সরকারও কিছু করেননি। এর জন্য তো পাইলট এমপ্লয়মেন্ট স্কীম করে, এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট করে এদেরকে সামাজিক স্তরে উন্নয়ন করা দরকার। তার জন্য যে সংগ্রাম করা দরকার যে লড়াই করা দরকার, আপনারা সেই আন্দোলন করেননি। আপনাদের উন্নয়নমুখী দৃষ্টিভঙ্গি থাকলে শুধু কেন্দ্রীয় সরকার কিছু করছে না বলে হাত গুটিয়ে বসে থাকলে চলবে না। এই সরকারকেও এই ব্যাপারে চিন্তা করতে হবে। মহারাষ্ট্রের ক্ষেতমজুরদের জন্য সেখানে এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট চালু হয়েছে '৭১ সাল থেকে সেখানে এই আইন চালু আছে। অন্ধ্রপ্রদেশের ৬টি জেলায় পাইলট এমপ্লয়মেন্ট স্কীম চালু করেছে। এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট তামিলনাড়ুতে করেছে ৪টি জেলায়, ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে চেষ্টা হচ্ছে আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য, অথচ রাজ্য সরকার ১৭ বছর ধরে থেকেও ক্ষেতমজুরদের জন্য কোনও আইন করতে পারলেন না। এই আইন প্রণয়নের জন্য আমি এখানে প্রস্তাব এনেছিলাম রাজ্য সরকার সেই এমপ্লয়মেন্ট গ্যারান্টি অ্যাক্ট যাতে প্রণয়ন করেন, আপনারা সেখানে অ্যামেন্ডমেন্ট এনে একটা দায়িত্ব স্খালন করে কেন্দ্রীয় সরকারের উপর ছেড়ে দিলেন। এটা কি পজিটিভ অ্যাটিচুড? আজকে ইন্ডাস্ট্রিজ ক্ষেত্রে যদি দেখা যায়, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কি হচ্ছে, জুট ইন্ডাস্ট্রি থেকে শুরু করে সর্বক্ষেত্রে চট শিল্পকে কি ভাবে বাঁচানো যায়, শ্রমিকদের কি ভাবে বাঁচানো যায় সেই ব্যাপারে আপনি বাজেটে কোনও পথ দেখাতে পারলেন না। আপনার অর্থনীতি খুব সীমাবদ্ধ, কিন্তু সেখানেও আপনার যে বাজেট সেই বাজেটে যে আর্থিক ব্যয়, সেই ব্যয় নির্বাহ করার ক্ষেত্রে আপনার যে দৃষ্টিভঙ্গি সেখানে দেখা গেল আপনাদের রাজ্যের মন্ত্রীদের বেতন ভাতা ১ কোটি ১২ লক্ষ থেকে রিভাইসড বাজেটে ১ কোটি ৩৪ লক্ষ হয়ে গেল। পুলিশ বাজেট যেটা ছিল ৩৭৫ সেখানে থেকে রিভাইসড বাজেটে হয়ে গেলে ৪১৫ ; হোয়ার অ্যাজ সাধারণ শিক্ষা খাতে ১৮৯৭ থেকে কমে দাঁড়াল ১৬২১। রুর‍্যাল এমপ্লয়মেন্ট খাতে কমে গেল, সামাজিক নিরাপত্তা, সামাজিক কল্যাণ খাতে কমে গেল, বন্যা নিয়ন্ত্রণ খাতে কমে গেল এই হচ্ছে আপনাদের দৃষ্টিভঙ্গি। এই দৃষ্টিভঙ্গি কি জনমুখি দৃষ্টিভঙ্গির পরিচয়? সামাজিক উন্নয়নের উপর দাঁড়িয়ে আপনি যেসব কথা বলেছেন, এটা কি সমান প্রতিযোগিতা? আজকে আপনি যে বিকল্প অর্থনীতির কথা বলেছেন, সেটা কতটা কার্যক্ষেত্রে রূপায়িত হবে। না এটা পার্লামেন্টারি চমক! গোটা দেশের জনগণ, রাজ্যের জনগণ যখন কেন্দ্রীয় সরকারের জনবিরোধী অর্থনীতির জন্য বিপর্যস্ত, তখন এই রকম একটা জায়গায় দাঁড়িয়ে আপনি এর বিরোধিতা করেছেন, বলেছেন বিকল্প দৃষ্টিভঙ্গি দিয়ে বাজেট উপস্থাপিত করছে, কিন্তু কার্যক্ষেত্রে আপনিও একই পথের অনুসরণকারী এবং কেন্দ্রীয় সরকারের এই জনবিরোধী নীতির বিরুদ্ধে যে গুরুত্ব দেওয়া উচিত ছিল, সেটাকে এর মাধ্যমে লঘু করে দেওয়া হয়েছে, গণ-আন্দোলন নৈতিক ভিতটাকে নষ্ট করে দেওয়া হয়েছে। যেটা বলেছেন সেটাকে কার্যক্ষেত্রে প্রয়োগ করবার চেষ্টা করুন, নইলে কোনও কাজ হবে না।

## PRESENTATION OF 57TH B.A. COMMITTEE REPORT

**Mr. Speaker :** I beg to present the 57th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber to-day i.e. on 23.3.94 and recommended the following Revised programmes of Business for 24th, 25th, 29th and 30th March, 1994.

| | | | |
|---|---|---|---|
| 24.3.94-Thursday | | General Discussion on Budget | .. 4 hours. |
| 25.3.94-Friday | (i) | Business Remaining from 24.3.94 | .. |
| | (ii) | Motion for Vote on Account | .. 5 hours. |
| | (iii) | Motion for Demands for Grants of all Departments | .. |
| 29.3.94-Thesday | | Discussion and voting on Supplementary Estimates for the year 1993-94 | .. 4 hours |
| 30.3.94-Wednesday | (i) | The West Bengal Luxury Tax Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 1 hour. |
| | (ii) | The West Bengal Finance Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 2 hours. |
| | (iii) | The West Bengal Appropriation (Vote on Account) Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. 3 hours. |
| | (iv) | The West Bengal Appropriation Bill, 1994 (Introduction, Consideration & Passing) | .. |

There will be no Mention Cases on 25.3.94 and Question for Oral Answer and Mention Cases on 30.3.94.

**Shri Prabodh Chandra Sinha :** Sir, I beg to move that the 57th Report of the Business Advisory Committee, as presented to the House, be adopted.

The motion was then put and agreed to.

## GENERAL DISCUSSION ON BUDGET

**श्री ममताज हसन :** जनाव, स्पीकर साहव, पश्चिम वंगाल के वित्त मंत्री माननीय डाक्टर असीम दासगुप्त ने जो वजट पेश किए हैं। मैं अपनी तरफ से और अपनी पार्टी की और से इसका समर्थन करते हुए कुछ वात जो कहने को मजवूर हूँ और दिल की गहराई तक इस वात का नतीजा ला सकता हैं। मैं अपनी वात रखने के पहले कहना चाहूँगा–

लाज रखनी हैं अदाए महफिल की,
विन पिए ही डगमगाने लगे॥

जैसे की आप सभी जानते हैं कि हमारी पार्टी का वाममोर्चा सरकार के साथ चोली दामन की तरह हैं। चाहे इन्टेलेकच्युअल वहुत सारे वात हमारे मेम्वर महोदय वोल रहे थे। लगता है हमारे आपोजीशन के साथी हर हाल में सिर्फ अपना काम अपोज करना वना लिए हैं। अगर को सरकार कहेगी कि आदमी को दो आंख होती हैं तो अपोज कर वोलेंगे कि नही एक आंख होती हैं चुकि गलतियाँ खोज नही पाते हैं फिर विरोध करना हैं। जव ऐसा सेन्टीमेन्ट वना लिए हैं जो कि छुपाए नही छुपाया जा सकता।

जव दोस्तो ने दिया हैं हर कदम पर फरेव।
भला शिकायत हम दुश्मनों से क्या करे॥

आप जानते हैं जव भी इलेकशन होता हैं खासकर राजसभा के चुनाव के टाइम दाम आंका जाता हैं। खासकर मैं मुमताज हसन एम० एल० ए० जनता दल का दाम लगाया जाता हैं खवरो मे पोस्टरो मे खवर आती हैं। हेन्ड विल मे 2 लाख 3 लाख दाम आँका जाता हैं, फिर भी वो भोट पाने से वंचित हो जाते हैं। हालाकि यहाँ इसका उल्लेख करने का कोई जरूरत नही था, लेकिन कुछ ऐसा हुआ कि कि यहाँ बोलना पड़ा। मुझे अफसोस होता हैं कि हमारी वन्धु सरकार मुझे टाइम भी नही दे पाती हैं। जहाँ प्रायः सभी को टाइम देते हैं अधा घन्टा 10 मिनट वहाँ मुझे टाइम मिला हैं 5 मिनट, 5 मिनट का टाइम दिया गया हैं। इस 5 मिनट मे मैं इतना ओर क्या वोल सकता हूँ। अतः समय निर्धारित करते समय उचित फेसला लेंगे।

यह बजट देखने में वहुत अच्छा हैं जो इसीलिए मैं इसका समर्थन भी किया हूँ। लेकिन इसके साथ ही दुख होता हैं कि इसमे गरीवो के लिए, किसानो के लिए,

मजदूरो के लिए बिशेष कुछ नही कहा गया हैं। जिस डन्कल प्रस्ताव पर इस केन्द्रीय सरकार की आलोचना करते हैं जिस डन्कल प्रस्ताब के बारे में वोलते हैं, जो जिस डन्कल प्रस्ताव पर मुद्धो की लड़ाई लड़ रहे हैं, नीति की लड़ाई लड़ रहे हैं, लेकिन इसपर वित मंत्री कुछ विशेष नहीं वोल पाए हैं। जिस क्षेत्र से मैं चुनकर आया हूँ बिशेषकर नियामतपूर की तरफ ध्यान दिलाना चाहूंगा स्कुलो की तरफ 65 लड़के हैं। टीचर हैं, 200 लड़के हैं और। टीचर हैं, 5 लड़के हैं और वहाँ 4 टीचर हैं। यैसे बहुत सारे उदाहरण हैं। सर, शहरों मे रास्ता की अवस्था पर तो मंत्री महोदय यह कहकर टाल देते हैं कि ट्राफिक जाम रहता हैं जिससे रास्ता की यह अवस्था रहती हैं। लेकिन मैं देहातो की ओर ध्यान दिलाना चाहता हूँ देहानो के अन्दर रास्ता-घाट की अवस्था देखे। कई जगहो पर रास्ता वर्षो से टुटा हुआ हैं मरम्मत नही होती हैं। अभी भी देहातो मे दो-दो, चार-चार किलोमीटर पीने का पानी लाना पड़ता हैं। पोखर का पानी पीना पड़ता हैं, जिससे तरह-तरह के विमारियों का शिकार हो जाते हैं। गरमी मे वो भी पोखर का पानी सूख जाता हैं। सर, 40 वर्ष की आजादी के बाद भी ये अवस्था हैं, और फिर लोकप्रिय वामफ्रन्ट की सरकार 17 साल से शासन मे हैं, इस 17 साल के शासन मे भी लोगो का दुख शितम जारी हैं। आज भी मजदूरो पर किसानो पर कठिनाईयो का वोझ लदा हुआ हैं। मैं वित्त मंत्री से जानना चाहूँगा कि वे किसानो के लिए, भूमिहीनो के लिए, कमजोर वर्गो के लिए क्या किए। देहातो के लिए क्या किए देहातो मे क्या सुविधा उपलब्ध कराए।

साँ-ही-साँ मे कहना चाहूँगा कि जन विरोधी केन्द्रीय सरकार ने चीनी और राशन का दाम वड़ाया। तो यह हमारे वित मंत्री असीम दासगुप्ता महाशय द्वारा पेश वजट मे सिमेन्ट का दाम बड़ाया गया, सिगरेट का दाम वड़ाया गया और शराव का दाम बड़ाया गया। चमड़ा के सामान का दाम घटाया गया। वैसे चीजों का दाम वड़ाया गया हैं जिसके साथ गरीव लोगों का ताल्लुकात अधिक हैं। गरीवों के हित और अहित का अनदेखी कर दिया गया हैं। चमड़ा के समान का दाम वड़ाया गया, छोटे-छोटे व्यवसायी जो चमड़ा के समान का धन्धा करते हैं उनकी रोटी-रोजी इससे प्रभावित होगी। शराव पर कभी पावन्दी लगाते हैं तो इसवार उसका दाम वड़ाया गया हैं। आपके नीति से गरीव लोगों के सामने समस्या खड़ी न हो जाए इस ओर ध्यान देना चाहिए। आज जहाँ हम सव मिलकर डन्कल प्रस्ताव के विरूद्ध एकजुट होकर आवाज बुलन्द कर रहे हैं ओर आवाज वुलन्द करने की जरूरत भी हैं। कांग्रेस के साथ मिलकर चन्द्रशेखर सरकार ने देश का सोना गिरवी रख दिया, वेच दिया

फिर भी सोना का दाम नही बढ़ा हैं। लेकिन आवश्वक वस्तुओ का दाम बढ़ गया हैं। पेट्रोल का दाम, रेल इनभेलप, इनलेन्ड का दाम बढ़ा हैं, जिससे आम जनता की तकलीफे बढी हैं। लेकिन इसपर नही बोलेंगे, आवश्यकता हैं विधान सभा, में कांग्रेस के साथी अपोजीशन के बन्धु क्रिटिसाइज करे। कांग्रेस के रूप को देखकर बड़ा ही अजीब लगता हैं। देश मे उत्पादन बड़ाने के नाम पर तो आज 40 साल हो गये, कांग्रेस शासन कर रही हैं क्या किया आज राष्ट्रीय सम्प्रभूता खतरे मे पड़ गयी हैं। नेशनल इन्ट्रीटी के साथ खिलवाड़ किया जा रहा हैं। इस डन्कल प्रस्ताब से हमारे किसान प्रभावित होंगे। हमारे देश मे डभलपमेन्ट का काम ठप्प पड़ जाएगा। इसी कन्टरी मे जहाँ हमारे पूर्वजों ने, हमारे स्वतंत्रता सेनानियो ने ओथ लिया था विदेशी कम्पनी के बायकाँट करने को आज वही इम विदेशी कम्पनी को आमंत्रित कर रहे हैं। कितनी शर्मिन्दगी महसूस होती हैं। इसी सव दिनों के लिए हमारे पूर्वजों ने कुर्वानीयाँ दी थी। 40 वर्षो से आपने क्या किया हैं हिन्दु ओर मुसलमानो की भावनाओं के साथ खिलवाड कर वो भेट की राजनीति के शिवा। आज लगता हैं देश का कल्चर की आप लोग भूल गए हैं।

किसी भी देश के विकास के लिए एजुकेशन का होना अनिवार्य हैं। आज हमारे देश मे शिक्षा का स्तर कितना गिर गया। आज स्कुलो मे भी भ्रष्टाचार पहुच गया हैं, वह भी अपना पैठ जमा लिया हैं। कुछ अच्छे स्तर के जो स्कूल हैं उसमे एडमिशन मिलना साधारण परिवार के लिए मुमकिन ही नहीं हैं। बिना डोनेशन के एडमिशन संभव ही नही हैं। एजुकेशन मे किसी तरह का भेदभव नही होना चाहिए। इससे सारा जेनेरेशन प्रभावित होता हैं। इण्डियण कल्वर दुनिया मे अपने तरह का एक अलग कल्चर माना जाता हैं। पाश्चात्य कल्वर की दोड़ में हमारा ट्रेडिशन मे किसी तरह की गड़वड़ी न हो। लोगों के वीच जो पाश्चात्य कल्वर कीललक पैदा हो रहा हैं उसको चेन्ज करना होगा। हमारी कल्वर से सारी दुनिया सीख लेती हैं, हमे किसी के पीछे भागने की जरूरत नही हैं।

डन्कल प्रस्ताव से देश एक बार फिर विदेशी कम्पनी के सामने नत मस्तक हो जाएगा। देश मे क्राइस बढेगा। क्रिमिनल लोगों का हौसला बढेगा। कालाबाजारी होगा। देश के अन्दर जो छोटे-वड़े फैक्टरी हैं, जो छोटे-वड़े कल-कारखाने हैं उसके उत्पादन पर बुरा प्रभाव पड़ेगा। इससे देश का लिटरेचर प्रभावित होगा, हमारा कल्वर प्रभावित होगा। इस प्रस्ताव के खिलाफ हमारी पार्टी आन्दोलन छेड़े हुए हैं और इसमे

वामपन्थी पार्टी भी बढ-चढकर हिस्सा ले रही हैं। डन्कल प्रस्ताव से हरेक जवान लोगों के लिए, आम जनता के लिए यह बहुत बड़ा अभिशाप हैं।

इन्ही चन्द शब्दो के साथ जो बजट पेश किया गया हैं मैं उसका समर्थन करता हूँ अपनी तरफ से और अपनी पार्टी जनता दल की तरफ से। सारा ही जो कुछ त्रुटियाँ रह गयी हैं इस बजट में उसमे सुधार करने का निबेदन करता हूँ।

**শ্রী ত্রিলোচন দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী মাননীয় ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় যে '৯৪-'৯৫ সালের ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করে দু'চারটি কথা বলতে চাই। আজকে দীর্ঘক্ষণ ধরে তাঁর বাজেটের উপর বক্তৃতা আমি মন দিয়ে শুনেছি। কিন্তু কংগ্রেসি, যারা বিরোধী পক্ষে রয়েছেন তাদের বক্তব্যের মধ্যে এমন কোনও যুক্তি নেই যেখানে রাজ্যের পক্ষে এই বাজেটকে সমর্থন করা যেতে পারে না। বিরোধিতা করতে হয় বলে এই বাজেটের তারা বিরোধিতা করেছেন। এমন কোনও বক্তব্য তাদের মধ্যে নেই, যা গঠনমূলক। আজকে এই প্রসঙ্গে বলতে বাধ্য, সাথে সাথে কেন্দ্রীয় সরকার যে বাজেট পেশ করেছেন সেই বাজেটে ডাঙ্কেল প্রস্তাবের যে সর্বনাশা নীতি নেমে এসেছে, বিশেষ করে কৃষি এবং ঔষুধের ক্ষেত্রে, এই দুই ক্ষেত্রে একটা চরম বিপর্যয় দেখা দেবে। সাথে সাথে আমি বলতে চাই পশ্চিম বাংলায় বিগত ১৭ বছর ধরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় রয়েছে এবং গ্রাম-বাংলার মানুষ এই সরকারের দ্বারা বিভিন্ন ক্ষেত্রেই উপকৃত হচ্ছেন। সমগ্র দেশের মধ্যে ভূমি-সংস্কারের ক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান প্রথম। সমগ্র দেশে প্রায় ৪৮ লক্ষ একর সিলিং-এর উর্ধ্বের জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বন্টন করা হয়েছে, তার মধ্যে প্রায় ১৯.২ শতাংশই হয়েছে পশ্চিমবঙ্গে। এ রাজ্যে ভূমি সংস্কারের মাধ্যমে জমি বন্টনের মধ্যে দিয়ে ২১.৪৬ লক্ষ কৃষক উপকৃত হয়েছেন। এদের মধ্যে শতকরা ৫৮ জনই তফসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ভুক্ত। এই কাজ ভারতবর্ষের অন্য কোনও রাজ্যে এখনও পর্যন্ত হয়নি। ভূমি-সংস্কারকে ভিত্তি করে বিভিন্ন পদক্ষেপ নেওয়ার ফলে পশ্চিমবঙ্গ আজকে খাদ্যশস্য উৎপাদনে গোটা দেশের মধ্যে একটা বিশেষ স্থান অধিকার করেছে। চাল উৎপাদনে পশ্চিমবঙ্গ প্রথম স্থান অধিকার করেছে এবং আলু উৎপাদনের ক্ষেত্রেও প্রথম স্থান অধিকার করেছে। ভূমি-সংস্কারের সাফল্যটা গ্রামীণ মানুষ উপলব্ধি করেছেন। কিন্তু আমাদের বিরোধী বন্ধুরা সেটা আজও উপলব্ধি করতে পারলেন না। যার জন্য তাঁরা এখানে নানান কথা বলছেন। ভূমি-সংস্কারের মাধ্যমে যেমন ভূমিহীনদেরও মধ্যে জমি বন্টন করা হয়েছে, তেমন সেই জমি চাষ করার জন্য মিনিকিট বন্টন করা হয়েছে, অন্যান্য কৃষি যন্ত্রপাতি ভরতুকির মাধ্যমে সরবরাহ করা হয়েছে। এই প্রসঙ্গে আমাদের স্মরণ রাখা দরকার যে, ডাঙ্কেল প্রস্তাব অনুযায়ী গ্যাট যুক্তি রূপায়িত হলে আমাদের দেশের গরিব মানুষদের সর্বনাশ হয়ে যাবে। এই সামগ্রিক অবস্থার মধ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানাচ্ছি। আমি মাননীয় অর্থমন্ত্রীকে আরও ধন্যবাদ জানাই—তিনি পশ্চিমবঙ্গে খেলা-

ধূলার সামগ্রীর—ব্যাট, বল ইত্যাদির কর মকুব করেছেন। এতে রাজ্যের খেলা-ধূলার জগৎ উৎসাহী হবে। এই ক'টি কথা বলে মাননীয় অর্থমন্ত্রীর বাজেট প্রস্তাবকে আর একবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী নাজমুল হক:** মিঃ স্পিকার, স্যার, ১৯৯৪-৯৫ আর্থিক বছরের জন্য মাননীয় অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় যে বাজেট বিবৃতি উপস্থাপন করেছেন আমি তাকে আন্তরিকভাবে সমর্থন করছি। সমর্থন করছি এই কারণে, সারা ভারতবর্ষের জন্য গৃহীত বাজেটের যে দৃষ্টিভঙ্গি তার সম্পূর্ণ বিকল্প দৃষ্টিভঙ্গি, নীতি এবং কর্মসূচির ভিত্তিতে এই বাজেট উপস্থাপিত করা হয়েছে বলে। এমনই একটা সময়ে এই বাজেট উপস্থাপিত করা হয়েছে যে সময়ে আমাদের সারা দেশের গৃহীত বাজেটের বিরুদ্ধে সারা দেশের মেহনতি মানুষ সমবেত হয়ে বিক্ষোভ দেখাচ্ছে, আন্দোলন করছে, ধিক্কার জানাচ্ছে। কেন্দ্রীয় সরকারের বাজেটের বিরুদ্ধে বিক্ষোভ জানাতে আগামী ৫ই এপ্রিল সারা দেশের বাম-পন্থী ট্রেড ইউনিয়নগুলির ডাকে সারা দেশের মেহনতি মানুষরা ভারতবর্ষের পার্লামেন্টের সামনে হাজির হবেন। অনুরূপভাবে ধিক্কার জানাতে, নিন্দা করতে এই বাজেটের—যে বাজেট ভারতবর্ষের আত্মনির্ভরতা, দেশবাসীর আত্মমর্যাদাবোধ—শুধু তাই নয়—আগামীদিনে দেশের সার্বভৌমত্বকে বিপন্ন করবে—এই আশঙ্কা অত্যন্ত প্রত্যক্ষ হয়ে উঠেছে। অন্যদিকে এই কংগ্রেসের অপরিনামদর্শিতার অভাবে কিছু গৃহীত নীতির দয়ায় পশ্চিমবাংলার সামনে যে নিদারুণ প্রতিকূলতা, যে আর্থিক অবরোধ, যে রাজনৈতিক বৈষম্য এবং বঞ্চনা তার মুখে দাঁড়িয়ে বিগত ১৭ বছর ধরে অত্যন্ত সফলভাবে পশ্চিমবাংলার কৃষিজীবী গ্রামীণ মানুষ শহরাঞ্চলের মেহনতি মানুষ এবং অন্যান্য অংশের গণতান্ত্রিক মানুষকে এগিয়ে নিয়ে যেতে যে কর্মকান্ড গ্রহণ করা হয়েছে তার সাফল্য অর্জন করা সম্ভব হয়েছে এবং এর প্রতিফলনগুলি ঘটেছে বর্তমান বাজেট সহ বিগত বাজেটগুলির প্রণয়নকালের মধ্য দিয়ে। সেই কারণে এই বাজেটকে আমি আন্তকিভাবে সমর্থন জানাচ্ছি। আমি সংক্ষেপে কয়েকটি কথা বলছি। স্যার, পশ্চিমবাংলার নিদারুণ আর্থিক প্রতিকূলতা আজকের সৃষ্ট নয়, ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত বিগত ৩০ বছর ধরে এই রাজ্যে কংগ্রেস যেভাবে রাজত্ব চালিয়েছে তার ফলে সৃষ্টি হয়েছে আজকে এই প্রতিকূলতা। আপনি জানেন, দেশ ভাগের নীতি আমাদের রাজ্যের পাট শিল্প নিদারুণভাবে আহত করল। পাটকলগুলি রয়ে গেল আমাদের রাজ্যে আর পাট চাষের জমিগুলি পূর্ব বাংলা যেটা বর্তমানে বাংলাদেশ সেখানে পড়ল। সারা ভারতবর্ষের ভৌগলিক মাত্রার ২.৭ শতাংশ এই পশ্চিমবঙ্গে আর সারা ভারতবর্ষের মোট জনসংখ্যার ৮ শতাংশ এই পশ্চিমবাংলার মানুষ। এটা কেন হল? এটা হয়েছে কংগ্রেসের নীতির জন্য। স্বাধীনতার পরবর্তীকালে বাস্তুহারা মানুষ পশ্চিমদিক এবং পূর্বদিক থেকে ভারতবর্ষে অনুপ্রবেশ করল। পশ্চিমদিকে যারা প্রবেশ করল তাদের জন্য জাতীয় পুনর্বাসন নীতি কার্যকর করা হয়েছে, শত শত কোটি টাকা তাদের ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল, কিন্তু পূর্ব দিক থেকে যে সমস্ত বাস্তুহারা মানুষ পশ্চিমবাংলায় এসেছিলেন তাদের পুনর্বাসনের জন্য একটা পয়সাও কেন্দ্রীয় সরকার খরচ করেননি এবং সংখ্যাধিক্যও ঘটেছে।

এইভাবে আমাদের পশ্চিমবাংলার অর্থনীতিকে আহত করেছে। কংগ্রেসিদের মুখে এইসব কথা বলা শোভা পায় না। ১৯৫৬ সালে বাংলার রূপকার ডাঃ বিধানচন্দ্র রায় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ছিলেন ঐ সময়ে প্রয়াত প্রধানমন্ত্রী জওহরলাল নেহেরু সারা দেশে নতুন শিল্পায়নের জোয়ার আনবেন এই স্লোগানের আড়ালে মাসুল সমীকরণ নীতি চালু করলেন। এর ফলে আহত করলেন আমাদের প্রাকৃতিক সম্পদ লোহা, ইস্পাত এবং কয়লার উপর মাসুল সমীকরণ নীতি চালু করে। দীর্ঘ ৩৫ বছর অর্থাৎ ১৯৫৬ সাল থেকে ১৯৯২ সাল পর্যন্ত বছরে ১৩০ কোটি টাকার ক্ষতি স্বীকার করতে হয়েছে পশ্চিমবাংলার মানুষকে। স্বাভাবিকভাবেই অর্থনৈতিক কারণে আমরা পঙ্গু হয়েছি। শুধু এখানেই শেষ নয়, কেন্দ্রীয় সরকার শিল্প লাইসেন্স প্রদান করার যে নীতি দীর্ঘ সময় ধরে অনুসরণ করেছেন বিশেষ করে ১৯৬৬ সাল থেকে ১৯৮৭ সাল পর্যন্ত—এই ২১ বছর ধরে বৃহৎ এবং মাঝারি শিল্পের কোনও রকম অনুমতিপত্র না দিয়ে পশ্চিমবাংলাকে শুকিয়ে মারার নিদারুণ ষড়যন্ত্র কেন্দ্রীয় সরকার করেছেন। এরজন্য আমরা ক্ষতিগ্রস্ত হয়েছি। এটাই শেষ নয়, বর্তমান সমীক্ষা তুলে ধরলে আমরা কোন চিত্র পাই? মাথা পিছু যোজনার সহায়তা সপ্তম যোজনায় ১৯৮৫ থেকে ১৯৯০ যেখানে হরিয়ানা পেয়েছে ৩০৫.৭ শতাংশ, মহারাষ্ট্র পায় ২৮৪.২ শতাংশ আর পশ্চিমবঙ্গের ব্যাপারে মাত্র ২২৩.১ শতাংশ মাথা পিছু যোজনার সহায়তা। শুধু এখানেই বঞ্চনার কথা বললে শেষ হয়ে যাবে না। অন্য রাজ্যগুলির তুলনায় পশ্চিমবঙ্গের সমস্যা অনেক বেশি হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকারের সরকারি এবং বেসরকারি রাষ্ট্রায়ত্ত শিল্পগুলির ক্ষেত্রে পুঁজি বিনিয়োগ এই রাজ্যে সর্বাপেক্ষা কম। একটা হিসাব দিলেই আমার কথার সত্যতা প্রমাণিত হবে। কেন্দ্রীয় সরকারের পরিচালিত রাষ্ট্রায়ত্ত ক্ষেত্রে কেন্দ্রের বিনিয়োগ মহারাষ্ট্রে হয়েছিল ৮ হাজার ৯৬২ কোটি টাকা আর পশ্চিমবাংলায় বিনিয়োগ হয়েছিল ৩ হাজার ৯৯২ কোটি টাকা। ১৯৮০-৮১ সালে মহারাষ্ট্র পেল ৮.৯ শতাংশ, পশ্চিমবঙ্গ ৮.১ শতাংশ। ১০ বছর পরে ১৯৯১-৯২ সালে মহারাষ্ট্র পেল ১৬ শতাংশ, পশ্চিমবঙ্গে কমে হয়েছে ৬.৩ শতাংশ, এই হল বঞ্চনার ইতিহাস। এ ছাড়া ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাঙ্ক, ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্স কর্পোরেশন তাদের নির্লজ্জ বেসাতি, নির্লজ্জপনা পরিসংখ্যান দিয়ে বলতে হবে। নিদারুণ বঞ্চনার উপর দাঁড়িয়ে পশ্চিমবঙ্গের বাজেট রচনা করা হয়েছে একটা বিকল্প দৃষ্টিভঙ্গি নিয়ে, যে দৃষ্টিভঙ্গির মূল কথা হল পশ্চিমবঙ্গের মানুষের স্বনির্ভরতা এবং আত্মমর্যাদাকে টিকিয়ে রাখা। আপনারা যে বাজেট গ্রহণ করেছেন—যে বাজেটে বাইরে থেকে লোহা, ইস্পাত আমদানি হয় এবং যে লোহা ইস্পাত আমদানির উপর শুল্ক ছাড় দেওয়া হয় ২৫ শতাংশ। একইভাবে ভারতবর্ষের মধ্যে লোহা, ইস্পাত পণ্যের উপর ১৫ শতাংশ হারে বৃদ্ধি করেছেন। বিদেশি ঋণ নিতে নিতে কোন অবস্থায় গেছেন, এই ধরনের ন্যক্কারজনক কাজ করতে বাধ্য হলেন। এমন অর্থনীতির প্রচুর পরিসংখ্যান আছে, পরিসংখ্যান হল এই, একটা দেশের অভ্যন্তরে গ্রস ন্যাশনাল প্রোডাক্ট সেখানে ৩০ শতাংশ বিদেশি ঋণ গ্রহণ করে ফেলে তাহলে অভ্যন্তরীণ ঋণ জালে জড়িয়ে পড়ে, এমনভাবে জড়িয়ে ফেলেছেন বর্তমান সময়ে তা ৪০ শতাংশ অতিক্রম করে গেছে। এই অবস্থায় বিদেশি পণ্য আমাদানিকে উৎসাহিত না করে আপনাদের উপায় নেই।

১৯৫২ সালে নির্বাচনের মুখে দাঁড়িয়ে ভারতবর্ষের মানুষকে স্বনির্ভরতার কথা শুনিয়েছিলেন, স্বনির্ভরতার কথা শুনিয়ে সে বাসে বৈতরণী পার হয়েছিলেন, পরবর্তী ৫ বছরে এ স্বনির্ভরতার কথা বললেন, ১৯৫৭ সালে এই দেশের মানুষকে শুনিয়েছিলেন সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা রচনা করে ভারতের মানুষকে সমৃদ্ধি এনে দেবার স্লোগান দিয়ে সেবারেও আপনারা জিতেছিলেন, পরবর্তীকালে তাঁর পর থেকে অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা রূপায়িত হচ্ছে, বিদেশে কোনও জায়গায়—মাননীয় নরসিংহ রাও আসার আগে—ভারতবর্ষের বিদেশি ঋণ ছিল ১.৬৩ লক্ষ কোটি টাকা, এই সরকার চালু থাকার ৩ বছরে এই ঋণের পরিমাণ দাঁড়িয়েছে ৩ লক্ষ কোটি টাকা, এই জায়গাতে কংগ্রেস রাজত্ব করছে। সারা দেশের শিল্প ব্যবস্থাকে কাটিয়ে ফেলে বিদেশি পুঁজিপতি, সাম্রাজ্যবাদী শক্তি এবং পুঁজিকে আমন্ত্রণ জানিয়ে এনেছেন। নিজেদের দেশের বাজারকে সঙ্কুচিত করে নিজেদের দেশে কর্মসংস্থানের খোয়াব দেখছেন। একটা দেশের মানুষের যদি গুণগত মানের পরিবর্তন না হয়, ক্রয় ক্ষমতা না বাড়ে, দেশের অভ্যন্তরে বাজার তৈরি না হয়, শিল্প গড়ে ওঠে না, আর দেশে শিল্প তৈরি না হলে কর্মসংস্থানের সম্ভাবনা চিরতরে রুদ্ধ হয়ে যায়। আমি স্যার, আর দু-একটি কথা বলে শেষ করছি। উন্নয়ন প্রসঙ্গে অনেক কথা বলেছেন, উন্নয়নের ব্যাপারে এ পুঁজিপতি আই. এম. আইকে আমরা বিশ্বাস করিনা। জনগণকে দূরে সরিয়ে রেখে উৎপাদন ব্যবস্থায় সামন্ততান্ত্রিক ব্যবস্থাকে না ঘাঁটিয়ে যে উন্নয়ন সেই উন্নয়নকে আমরা বিশ্বাস করি না। আমরা আমাদের উন্নয়নের নীতি ধরে চলছি। আপনাদের রাজত্বে যে কৃষক সোনার ধান ফলায় সেই কৃষক গো খাদ্য খেয়েছিল। তখন জনসংখ্যা কম ছিল, আবাদ যোগ্য জমির পরিমাণ বেশি ছিল, বর্তমানে জনসংখ্যা বেড়ে হয়েছে ৭ কোটি মানুষ। তারা কিন্তু ভুষি খাচ্ছে না। মহাজনদের কাছে মাথা লুটিয়ে দিচ্ছে না, আপনাদের উন্নয়নের ধারণার সঙ্গে আমাদের ধারণা মেলে না। তখন বনসৃজন নামে কোনও দপ্তর ছিল না। কিন্তু পঞ্চায়েত তো ছিল, সেই পঞ্চায়েতকে বাস্তু ঘুঘুদের দালালি করা ছাড়া আর কি ভাবে ব্যবহার করেছেন বলতে পারেন? ১৯৭২ সালে পদক্ষেপ নিয়ে একটা আইন প্রণয়ন করেছিলেন। কার্যকর করেননি কেন? বর্তমানে কংগ্রেস রাজত্বে অনুরূপ আইন কার্যকর করে দেখেছেন না কেন? ঋণ নেওয়ার প্রসঙ্গে দু-একটি কথা বলেছেন, ঋণ দু ভাবে গ্রহণ করা হয়ে থাকে। আমরা বিশ্বব্যাঙ্ক থেকে কিছু ঋণ নিয়েছি পশ্চিমবঙ্গবাসীর স্বার্থে, তাদের আগলাতে। পশ্চিমবঙ্গের আত্ম মর্যাদাকে ক্ষুন্ন করে আপনাদের মতো আমরা ঋণ গ্রহণ করি না। এই কথা বলে বাজেটকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

## Adjournment

The House was then adjourned at 3.36 P.M. till 11 a.m. on Thursday, the 24th March, 1994 at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Thursday, the 24th March, 1994 at 11.00 a.m.

### PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 3 Ministers of State and 99 Members.

### OBITUARY REFERENCES

[11-00 —11-04 A.M.]

**Mr. Speaker :** Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Prof. Nirmal Bose,** a veteran parliamentarian, educationist, freedom fighter, leader of All India Forward Bloc Party, ex-Minister of Government of West Bengal who passed away on 22nd March, 1994 at a Nursing Home in Calcutta. He was 63.

Prof. Nirmal Bose was born on 10th September, 1930 at Jalpaiguri town, West Bengal. After completion of school and college education from his home town he obtained his Master's Degree in political science from the Calcutta University. He took active part in freedom movement and was eventually imprisoned in 1946. He came to political limelight as one of the leading organisers of the anti-Berubari transfer movement. His career as a legislator started in 1964 when he was elected to the West Bengal Legislative Council. He was later on elected to the West Bengal Legislative Assembly from Jalpaiguri Constituency as a A.I.F.B. candidate successively in 1977, 1982 and 1987. From 1982 to 1991 he had been a prominent Member of the State Cabinet and played a significant role as such while holding diverse portfolios such as Co-operation, Education, Commerce and Industries and Food and Supplies.

He was essentially an educationist. Until his induction in the State cabinet he was a lecturer of the Uluberia College in Howrah. During his life-time he was always associated with the endeavour for overall development of education in this State. He was a Member of the Senate and the Executive Council of the Calcutta University for a long time. He wrote many books on Education. He was the Chairman of the State Co-operative Union and the West Bengal Essential Commodities Corporation. He visited Soviet Union in 1980 as the leader of a Delegation of the National Co-operation.

He also held important portfolios in various national level organisations like Indian Political Science Association, International Political Science Association, Indian Council of World Affairs and Indian Institute of Public Administration. He visited many countries and attended many International Seminars and Congress and made valuable contributions there in.

He was Member of the Central as well as State Committee of the All Indian Forward Bloc. He was elected to Rajya Sabha from this State Legislative Assembly in February last but unfortunately his sudden death prevents him from being sworn in as a Member thereof.

At his death, the State has lost a veteran politician, devoted educationist and an able and experienced statesman.

Now I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(After two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

**Adjournment**

The House was then adjourned at 11.04 a.m. till 11 a.m. on Friday, the 25th March, 1994 at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Friday, the 25th March, 1994 at 11.00 a.m.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 3 Ministers of State and 98 Members.

## OBITUARY REFERENCE

[11-00 — 11-05 A.M.]

**Mr. Speaker :** Hon'ble Members. I rise to perform a melancholy duty to refer to the sad demise of **Shri Sankar Das Banerjee**, Ex-Speaker, veteran parliamentarian, an outstanding legal practitioner and former Minister of the Government of West Bengal who passed away on 24th March. 1994 at his residence in Calcutta. He was 91.

Born in Calcutta on January 22, 1903 in an illustrious and affluent family, Shri Banerjee had his education from Hindu School, Vidyasagar College and the Calcutta University. Later he went to England to study Law. A Barrister-at-Law. Shri Banerjee was called to Bar from Lincoln's Inn in 1927. He soon shot into prominence as a leading member of the Bar and built up a fabulous practice. His brilliant performance in a number of important cases such as Patna firing case. Calcutta Police firing case, 1959, Surajmal Nagarmal case. Surupa Guha case and Coal Products Ltd. Case made him all the more eminent as an outstanding Criminal Lawyer. He had the distinction of being the Standing Counsel as well as the Advocate General of the State for years together. He was also the Chairman of the Bar Council of West Bengal. During his life time he became a legend in the arena of the legal profession.

His association with the Indian National Congress originated in 1936 during the heyday of the country's freedom movement. But his parliamentary career started in 1952 when he was elected to the erstwhile West Bengal Legislative Council as a candidate of the party. He successfully contested the Assembly elections is 1957 and 1962 from Tehatta Constituency in Nadia and had been a Member of the West Bengal Legislative Assembly from 1957 to 1967. He was elected the Speaker of the Assembly in June, 1957 and made a mark as the Presiding Officer of the House. He was appointed the Finance Minister of the State in 1962. He was also the Minister-in-Charge of Small Savings and

Transport departments. As a President of the Nadia District Congress Committee, he deftly organised the party's activities in the district as an astute politician.

Shri Banerjee was also associated with social and philanthropic activities. He set up a school near his ancestral village, Debagram, in Nadia. He also built a hospital there. Shri Banerjee was a Fellow of the Senate of the Calcutta University and the President of the National Medical College. He was a trustee of the Victoria Memorial Hall.

At his death, the State has lost a veteran politician, a legal luminary and an able statesman.

Now, I would request the Hon'ble Members to rise in their seats for two minutes as a mark of respect to the deceased.

(At this stage Hon'ble Members stood in silence for two minutes in their seats)

(After two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will send the message of condolence to the members of the bereaved family of the deceased.

### Adjournment

The house was then adjourned at 11.05 a.m. till 10.00 a.m. on Tuesday, the 29th March, 1994 at the Assembly, House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India**

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta, on Tuesday, the 29th March, 1994 at 10-00 A.M.

## PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 22 Ministers, Ministers of State and 155 Members.

[10-00 — 10-10 A.M.]

## 58TH REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

(গোলমাল)

**Mr. Speaker :** আপনারা এক মিনিট বসুন, আগে আমকে বিজনেস অ্যাডভাইসরি কমিটির রিপোর্টটা পড়তে দিন তারপরে I beg to present the 58th Report of the Business Advisory Committee. The Committee met in my chamber and recommended the following revised programme of business.

| | | | |
|---|---|---|---|
| [29.3.1994, Tuesday Forenoon Session (10-00 a.m) | (i) | Business remaining from 25.3.94 | 3 hours |
| | (ii) | Motion for Vote on Account | 1 hour |
| | (iii) | Motions for Demands for Grants for all Departments | |
| Afternoon Session | | Discussion and Voting on Supplementary Estimates for the year 1993-94 | 3 hours |

There will be no Mention Cases 29.3.94]

## POINT OF INFORMATION

**শ্রী মহঃ ইয়াকুব :** স্যার, নেতাজি সুভাষচন্দ্র বসু সম্পর্কে সংবাদপত্রে যে ধরনের কটূক্তি করা হয়েছে তারজন্য আজকের প্রশ্নোত্তর পর্ব মুলতুবি রেখে এই সভায় আলোচনা করার সুযোগ করে দিতে হবে। আমি আপনার কাছে দৃষ্টি আকর্ষণ করে এইকথা বলছি যে, গত ২৫ তারিখে আনন্দবাজার পত্রিকা কাগজে নেতাজি সুভাষচন্দ্র বসু সম্পর্কে যে মন্তব্য কুতসিৎ ভাষায় প্রকাশ করেছে তা অত্যন্ত নিন্দনীয়।

**মিঃ স্পিকার :** ডাঃ জয়নাল আবেদিন আপনি বলুন।

**ডাঃ জয়নাল আবেদিন :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে মাধ্যমিক পরীক্ষায়

অঙ্কের যে পরীক্ষা গত ২৫ তারিখে হয়েছে তা একটা অভাবনীয় ঘটনা ঘটে গেছে। এই পরীক্ষা মধ্যশিক্ষা পর্ষদের মন্ত্রী যিনি আছেন, তিনিই নিয়ন্ত্রণ করেন। আজকে পশ্চিমবঙ্গে তার সুপারিভশন এবং অ্যাডমিনিস্ট্রেশন কোথায় গেছে যে আউট অফ সিলেবাস কোয়েশ্চেন হচ্ছে? এর জবাব আজকে ওদের দিতে হবে। যেখানে সাড়ে ৪ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যত জড়িত সেখানে এই ধরনের ঘটনা কি করে ঘটল? আজকে শুধু যে সাড়ে ৪ লক্ষ ছাত্র-ছাত্রী নয়, তাদের অভিভাবকরাও একটা দুর্ভাবনা এবং অনিশ্চয়তার মধ্যে এক হতাশার মধ্যে পড়ে গেছে, এর জবাবদিহি করতে হবে। মধ্যশিক্ষা পর্ষদ মন্ত্রীর কোনও নৈতিক অধিকার নেই he must resign, he must explain. সেখানে অন্য একটা প্লি এনে ব্যাপারটা ধামা চাপা দেবার চেষ্টা করা হচ্ছে। আজকে এখানে একটা অরাজকতার রাজত্ব চলছে। আজকে সংবাদপত্রের কণ্ঠরোধ করতে চাইছেন আর ছাত্রছাত্রীদের নিয়ে একটা ছিনিমিনি খেলেছেন। একটা দুভাবনার মধ্যে ফেলে দিলেন এর কি জবাব দেবেন, আপনাদের কোনও অধিকার নেই let the Chief Minister come and present the Board Secretary's resignation before the House. আপনারা কি বাংলার ছাত্র-ছাত্রীদের নিয়ে জুয়ো খেলা খেলছেন, পাণ্ডিত্য দেখাচ্ছেন? সুতরাং এই পরীক্ষায় কারা কোয়েশ্চেন করেছেন তাদের নাম হাউসে জানান এবং তাদের এনে এখানে হাজির করুন। আমরা জানতে চাই পাণ্ডিত্য ফলাবার এটাই কি জায়গা? আজকে সিলেবাস বহির্ভুত প্রশ্নপত্র করে সারা পশ্চিমবাংলায় আগুন জ্বালিয়েছেন, আমাদের সাত পুরুষের ভাগ্য ভাল আপনাদের ট্রিগার হ্যাপি পুলিশ সেখানে গুলি করেনি, গুলি করলে সেটা অসম্ভব কিছু নয় এর পরের ক্ষেত্রে ওরা প্রস্তুত হচ্ছেন গুলি করবার জন্য। এটাও যাতে সংবাদপত্রে ঠিকমতো পরিবেশিত না হয় তার জন্য সংবাদপত্রকে ওরা আক্রমণ করেছেন। আপনাদের পদত্যাগ করতে হবে। আপনাদের পার্টির পক্ষ থেকে কথায় কথায় আপনারা গণ আন্দোলন করেন, আপনারা পেয়েছেনটা কি? জমিদারি হিসাবে ব্যবহার করছেন, পাটোয়ারি সুলভ মনোভাব? আপনি মন্ত্রীসভার দায়িত্ব পালন করবার পক্ষে অযোগ্য। আমরা এর তীব্র নিন্দা করছি। সব বিষয়ে আপনারা সেক্রেটারি দিয়ে তদন্ত করাবেন, বোর্ডের প্রেসিডেন্টকে দিয়ে তদন্ত করাবেন, এইসব হবে না। লেট দেয়ার বি জুডিশিয়াল প্রোভ ইনটু দি ম্যাটার, আজকে ছাত্রছাত্রীর জীবন নিয়ে আপনারা ছেলেখেলা খেলছেন, আপনারা পেয়েছেনটা কি?

**শ্রী রবীন দেব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক পরীক্ষার অঙ্কর প্রশ্নপত্র নিয়ে ইতিমধ্যে আমাদের রাজ্য সরকার ও মধ্যশিক্ষা পর্ষদ ব্যবস্থা নিয়েছেন। আমি এখানে উল্লেখ করতে চাই যারা বিরোধী সদস্যরা এখানে চিৎকার করছেন ২৬ তারিখে মধ্যশিক্ষা পর্ষদের অফিসের সামনে বোমা ফেলা হয়েছে, মধ্যশিক্ষা পর্ষদের অফিসে হামলা করা হয়েছে, তাদের উদ্দেশ্যে বলছি, সেন্ট্রাল বোর্ড অফ সেক্রেটারি এডুকেশনের যে প্রশ্নপত্র নিয়ে যা হয়েছিল তাতো বলার কথা নয়। আজকে এখানে যারা পরীক্ষার্থী তাদের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে যে ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে ইতিমধ্যে রি-একজামিনেশনের ডেট জানানো হয়েছে : এই ব্যাপারে আমি বিরোধী দলের নেতার উদ্দেশ্যে বলছি, আপনারা কি প্রস্তুত, আপনাদের যদি অঙ্ক পরীক্ষার্থীদের জন্য চোখের জল এসে থাকে তাহলে সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন প্রশ্নপত্র নিয়ে সেখানে যে টাকার লেনদেন হয়েছিল, সেই সময় এর কথা কি ভুলে গেছেন? আপনারা ৭২ সালে টাকা নিয়ে পরীক্ষার ব্যবস্থা করেছিলেন, আজকে আমি তাদের

উদ্দেশ্যে বলতে চাই এই পশ্চিমবাংলায় পরীক্ষার্থীদের জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে এবং মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হয়েছে। অথচ পাশাপাশি আমরা দেখছি এরা এখানে হামলা করতে চাইছে, শিক্ষায় বিশৃঙ্খলা করতে চাইছে, এদের বিরুদ্ধে এখুনি ব্যবস্থা নেওয়ার জন্য আমি আবেদন জানাচ্ছি।

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে এখানে আলোচনা করার সুযোগ দিয়েছেন। আমরা কৃতজ্ঞ। কিন্তু দুর্ভাগ্যের বিষয়, আজকে পশ্চিমবাংলায় সাড়ে ৪ লক্ষ ছেলেমেয়ের ভবিষ্যৎ নিয়ে যিনি ছেলেমানুষী খেলেছেন তিনি প্রধান আসামি, তিনি এই হাউসে বসে আছেন। আপনি নির্দেশ দিন ওকে পদত্যাগ করতে, প্রয়োজনে আপনি বিশেষ ক্ষমতার বলে এই আসামিকে গ্রেপ্তার করতে বলুন। সারা পশ্চিমবাংলায় সাড়ে ৪ লক্ষ ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎকে এই আসামি জলাঞ্জলি দিয়েছে। ১৭ বছর ধরে এই সরকার শিক্ষার উপরে রাজনৈতিক প্রভাব বিস্তার করে প্রাথমিক শিক্ষা থেকে বিশ্ববিদ্যালয় পর্যন্ত এরা রাজনৈতিক ভাবে গ্রাস করেছে তারই ফলশ্রুতি আজকে ঘটেছে ছাত্রছাত্রীদের ভবিষ্যৎ নিয়ে ছেলেমানুষী খেলা। স্যার, দুর্ভাগ্যজনকভাবে হাউসের আজকে প্রধান আসামি এখানে বসে আছেন, এর জায়গা হওয়া উচিত ছিল জেলে, এই বিধানসভার ভেতরে বসে আছেন। স্যার, আমি আপনার মাধ্যমে অনুরোধ করছি, মুখ্যমন্ত্রীকে বলুন ওকে তাড়িয়ে দিতে, আপনি প্রয়োজনে এর মেম্বারশিপ কেড়ে নিন। উনি সারা পশ্চিমবাংলার ছাত্রছাত্রীদের নিয়ে ছেলেমানুষী খেলছেন।

[10-10 — 10-20 A.M.]

**শ্রী সমর বাউরা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সমগ্র পশ্চিমবাংলা জুড়ে বামফ্রন্ট বিরোধী শক্তি বামফ্রন্টের বিরুদ্ধে ক্রমাগত চক্রান্ত চালিয়ে যাচ্ছে। এই চক্রান্তের অংশ হিসাবে বিভিন্ন জায়গায় যেমন খুন-জখম করা হচ্ছে, তেমনি গত পরশু দিন কালনা হাসপাতালের মধ্যে কিছু সমাজ-বিরোধী হাসপাতালের অভ্যন্তরে ঢুকে একটা রোগীকে হত্যা করেছে। যাকে হত্যা করা হয়েছে সে উগড়া থানার একজন কোলিয়ারি শ্রমিক। শুধু খুন করা হল তাই নয়, এই চক্রান্তকে আরও জটিল করা হয়েছে মানুষের জনপ্রিয় হোলি উৎসবের সময় থানায় বিক্ষোভ দেখানো হয়েছে। আমার দাবি এই ব্যাপারে তদন্ত করা হোক কোন মহল থেকে কোন বামফ্রন্ট বিরোধী শক্তি হোলি উৎসবে আইন-শৃঙ্খলাকে কেন্দ্র করে এই চক্রান্ত চালিয়েছে। সি পি এমের ঘাড়ে এই ঘটনার দোষ চাপানো হচ্ছে। এই গভীর চক্রান্তের মোকাবিলা করবে পশ্চিমবঙ্গের জনগণ। তেমনি বামফ্রন্ট সরকারের কাছে আমার দাবি, তারা তাদের প্রশাসনিক তরফ থেকেও সতর্ক থাকুক এবং এই ধরনের চক্রান্ত প্রতিরোধ করার ব্যবস্থা করুন।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সব চেয়ে আশ্চর্যের ঘটনা হল শিক্ষামন্ত্রী এখানে নির্লজ্জের মতো বসে আছেন। উনি প্রশ্নকর্তা তার নাম বলেননি। আমি আপনার কাছে জানাচ্ছি স্যার, সবচেয়ে অবাক ব্যাপার এটা সি পি এমের সঙ্গে যোগসূত্রের ব্যাপার। উনি যার জন্য কিছুতেই নাম বলছেন না। এতবড় একটা মারাত্মক ঘটনায় কে শাস্তি পাবে? হয় উনি শাস্তি পান, না হলে পর্ষদের সভাপতি শাস্তি পান, না হলে প্রশ্নকর্তা শাস্তি পান। প্রশ্ন কর্তাকে আমি আপনাকে তা জানাচ্ছি। পর্ষদের ডেপুটি সেক্রেটারি গনেনবাবু, তার স্ত্রী,

মণীন্দ্র চন্দ্র কলেজের অধ্যাপিকা এবং এরা দুজনেই সি পি এম কর্মী তার দ্বারা এই প্রশ্নপত্র রচিত হয়েছে। আজকে কিছুতেই নাম বলছেন না এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করছেন না। পর্ষদের ডেপুটি সেক্রেটারি গনেনবাবু তার স্ত্রী মণীন্দ্রচন্দ্র কলেজের গণিতের অধ্যাপিকা, তাকে দিয়ে প্রশ্ন করিয়েছেন এই ধরনের জিনিস করিয়েছেন। করিয়েছেন কে অনিল বিশ্বাস, সি পি এমের নেতা। তার বিরুদ্ধে আজকে পর্ষদ টুঁ শব্দ করছে না। স্বভাবতই অনিল বিশ্বাসের নির্দেশে গনেনবাবুর স্ত্রী, মণীন্দ্রচন্দ্র কলেজের অধ্যাপিকা আজকে তাকে এখনই অধ্যাপনা থেকে ইস্তফা দিতে বাধ্য করুন। এখনই তাকে ঘোল ঢেলে মাথা ন্যাড়া করার তো কিছু নেই ন্যাড়া তো হওয়াই আছে গাধার পিঠে চাপিয়ে সারা কলকাতা ঘোরানো হোক। এটাই আমাদের দাবি।

**মহঃ ইয়াকুব ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, নেতাজি সম্পর্কে যে কুৎসিত ভাষা আনন্দ বাজার পত্রিকা প্রচার করেছে, তাতে আমাদের দেশের সাধারণ মানুষের মনে বিশ্বাসে আঘাত হানছে। সে সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি, এই কথা বলতে চাই। অনারেবল স্পিকার স্যার, আপনি প্রশ্ন উত্তর পর্ব মুলতুবি করে আজকে এই বিষয়টা আলোচনা করার সুযোগ আমাদের দেবেন। স্যার, নেতাজি সম্পর্কে ২৭-৩-৯৪ তারিখে আনন্দবাজার যেভাবে প্রচার করেছে বিজ্ঞাপনের মাধ্যমে তার নিন্দা করার ভাষা আমাদের কিছু নেই। আর সেইজন্য আপনার কাছে বলছি, এটা দেশের মানুষের বিশ্বাসের উপর মার্কিন সাম্রাজ্যবাদের দালাল আনন্দবাজার পত্রিকা আঘাত হানছে। সেই জন্য আপনার কাছে আমি বলছি, আপনি আমাদের এই ব্যাপারে আলোচনা করার সুযোগ করে দেবেন।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মধ্যশিক্ষা পর্ষদের মাধ্যমিক পরীক্ষার গণিতের যে অঘটন ঘটে গিয়েছে সেকথা সকলেই স্বীকার করবেন। স্যার, এটা পশ্চিমবাংলার ইতিহাসে একটি নজিরবিহীন ঘটনা। পশ্চিমবাংলার শিক্ষা জগতে আজকে যে অরাজকতা চলছে, অব্যবস্থা চলছে, সরকার যে চরম দায়িত্ব জ্ঞানহীনতার পরিচয় দিচ্ছেন মধ্যশিক্ষা পর্ষদের গণিতের পরীক্ষাই তার জ্বলন্ত দৃষ্টান্ত। শুধু পেপার সেটার নয়, পেপার সেটার মর্ডারেটার ইত্যাদি এতগুলি চেক অ্যান্ড ব্যালেন্সের চেক অ্যান্ড ভেরিফিশেনের ব্যবস্থা থাকা সত্ত্বেও আমি জানতে চাই এরকম জঘন্য নক্কারজনক সিলেবাস বহির্ভুত প্রশ্ন হয় কি করে? স্যার, এ ব্যাপারে আমাদের যেটা আশঙ্কা সেটা হচ্ছে যারা দোষী সরকার সেই দোষীদেরই আড়াল করার চেষ্টা করছেন এবং যারা দোষী তাদের উপরই তদন্তের ভার দেওয়া হচ্ছে। আমার দাবি এ ব্যাপারে অবিলম্বে উচ্চ পর্যায়ে তদন্ত হোক, বিচার বিভাগীয় তদন্ত হোক। আমি মধ্যশিক্ষা পর্ষদের প্রেসিডেন্টের পদত্যাগ দাবি করছি। অবিলম্বে তিনি পদত্যাগ করুন অথবা তাকে সরিয়ে দেওয়া হোক।

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মধ্যশিক্ষা পর্ষদের প্রশ্নপত্র নিয়ে এখানে অনেক আলোচন্না হয়েছে। একথা ঠিকই, প্রশ্নপত্র যা হয়েছে সেটা ছাত্রছাত্রীদের কাছে যেমন একটা বড় আঘাত ঠিক তেমনি আমি মনে করি সাধারণ মানুষ যারা মধ্যশিক্ষা পর্ষদের ইতিহাস সম্পর্কে জানেন তাদের কাছেও এটা অনভিপ্রেত এবং দুঃখের। আমাদের মধ্যশিক্ষা দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ইতিমধ্যেই তিনি যেভাবে যে দৃষ্টিভঙ্গিতে এটা দেখতে চেষ্টা

করছেন তাতে এটা ঠিকই যে, যে দায়িত্ব বিরোধীপক্ষ চাপিয়ে দিচ্ছেন পার্টিগত ভাবে, একটা পার্টির নাম করে, বামফ্রন্ট সরকারের মন্ত্রীর নাম করে অর্থাৎ যে দৃষ্টিভঙ্গিতে বিরোধী পক্ষ এটা দেখছেন সেটা দেখার দরকার নেই কেননা

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** চাকর বাকরের মতোন কথা বলবেন না।

(তুমুল হট্টগোল)

(একাধিক সদস্য এই সময় উঠে দাঁড়িয়ে বলতে থাকনে।)

**মিঃ স্পিকার ঃ** মাননীয় সদস্যগণ, এখানে আমি বার বার বলেছি যে ভাষাটা শোভনীয় হওয়া উচিত। এখানে কারুকে ডেনিগ্রেট করা উচিত নয়। আমি মেম্বারদের কাছে বার বার অনুরোধ করেছি যে এইসব ভাষা ব্যবহার করা উচিত নয়। আমি সবাইকে আবার অনুরোধ করছি, এখানে এমন কোনও ভাষা প্রয়োগ করবেন না যেটা শোভনীয় নয়। হাউসে এসব করবেন না। এটা ঠিক নয়।

(গোলমাল)

[10-20 — 10-30 A.M.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** আমি যে কথা বলছিলাম যে আমাদের মধ্যশিক্ষা দপ্তরের মন্ত্রী ইতিমধ্যে সকলে আমরা দেখেছি যে তিনি সমস্ত বিষয় জানার পর মার্জনা চেয়েছেন। যদিও তার প্রত্যক্ষ দায়িত্ব এই ক্ষেত্রে নেই এবং যাদের এখানে প্রত্যক্ষ দায়িত্ব আছে, সেই ক্ষেত্রে তারা সেই দায়িত্ব পালন করেছে এবং ভুল ভ্রান্তি যেটা হয়েছে সেটা রেকটিফাই করেছে। যেটা ভুল হয়েছে এই মুহূর্তে রেকটিফাই করা ছাড়া উপায় নেই। তারজন্য যে ব্যবস্থা রেখেছেন পরীক্ষার্থীরা যারা আবার পরীক্ষা দিতে চান তারা আবার পরীক্ষা দিতে পারবেন, আর যারা পরীক্ষা দিতে চাইবেন না, তাদের নিয়ম অনুযায়ী যে সুযোগ সুবিধা তা দেওয়া হবে। কিন্তু আমি এই কথা বলব পাশাপাশি ভাবে বিরোধী পক্ষ যে কথা বলেছেন সেটা যুক্তিপূর্ণ। একটা ব্যাপরে যারা এই কাজ করলেন, আমরা বামপন্থীরা নিশ্চয়ই কাজটা ভাল চোখে দেখছি না। যারা এই কাজ করলেন, তাদের চিহ্নিত করা এবং তাঁদের বিরুদ্ধে সঠিক ব্যবস্থা গ্রহণ করা, কারণ ছাত্র-ছাত্রীদের মানসিকতায় দারুণ আঘাত লেগেছে। এই সম্পর্কে তদন্ত নিশ্চয়ই হওয়া উচিত এবং এটা দেখা উচিত যারা এই প্রশ্ন পত্র তৈরি করল, মডারেটার যার ছিলেন, তারা প্রশ্ন সেইভাবে করার যে চেষ্টা করলেন, তার ভেতরে কোনও অন্তর্ঘাত মূলক মনোভাব ছিল কি না, যাতে বামফ্রন্ট সরকারের শিক্ষার ক্ষেত্রে যে অ্যাচিভমেন্ট রাখতে পেরেছেন তাকে কালিমালিপ্ত করার চেষ্টা হয়েছে কি না। ৭০ থেকে ৭৭ সালে শিক্ষা যে জায়গায় ছিল, পরীক্ষা যে জায়গায় ছিল, পরীক্ষা প্রহসনে পরিণত হয়েছিল, সেই কথাগুলো যদি স্মরণ করি তাহলে আজকে যে ঘটনাগুলো ঘটেছে সেটাকে শুধু মাত্র দুর্ঘটনা বলা যেতে পারে। কিন্তু যারা পরিকল্পিত ভাবে দিনের পর দিন পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নকল করতে উৎসাহিত করত, যারা স্কুলে কলেজের আঙিনাকে অপবিত্র করে রেখেছিল, তাদের মুখ থেকে এই কথা আজকে শোভা পায় না। তাই আমি একটা কথাই অনুরোধ করব, যে

কাজ হয়েছে এটা অন্তর্ঘাত মূলক কাজ কি না সেটা দেখবার জন্য একটা তদন্ত করা হোক এবং সরকার আজকে যে ভূমিকা গ্রহণ করেছেন আমি সেই জন্য সরকারকে ধন্যবাদ জানাচ্ছি।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ২৫ তারিখের যে নক্কার জনক ঘটনা ঘটেছে, পশ্চিমবাংলার ইতিহাসে মধ্য শিক্ষা পর্ষদের ইতিহাসে তার নজির মেলা ভার, কোনওদিন এই রকম দেখা যায়নি। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে আছেন, আমি তাকে অনুরোধ করছি, আপনাকে এই প্রশ্ন পত্রটা দিচ্ছি, আপনি দয়া করে যদি আড়াই ঘণ্টার মধ্যে পার্ট টু কোয়েশ্চেন উত্তরটা দিতে পারেন তাহলে আমরা যে সমস্ত বক্তব্য রেখেছি, সমস্ত উইথড্র করে নেবো। আপনি এই চ্যালেঞ্জ অ্যাকসেপ্ট করুন। আপনি শিক্ষামন্ত্রী, আপনি এখানে বলুন। আমি অঙ্কের টিচার আমি প্রায় দুই দশক ধরে অঙ্কের শিক্ষকতা করছি, আমি ক্লাশ টেনে এই রকম কোনও প্রশ্ন করিনি বা এই ধরনের কোনও প্রশ্ন দেখিনি। আজকে যে হারে আপনি প্রশ্ন করেছেন, আপনি মাননীয় মন্ত্রী, উঠে দাঁড়িয়ে বলুন যে আপনি এখানে যে প্রশ্ন করেছেন তাতে আপনি বলেছেন, ৮(এ) অঙ্ক চক্রবৃদ্ধি, মাধ্যমিক কোনও সিলেবাসে চক্র বৃদ্ধির অঙ্ক আছে? এই সম্পর্কে বলুন। ৮(সি) প্রশ্নতে ৮৫.৫৬ পয়সা দেওয়া হয়েছে। ৮৫.৮৬ পয়সা বলতে আপনি কি বোঝাচ্ছেন শিক্ষামন্ত্রী উত্তর দিন। আপনি এখানে ৯(এ) কোয়েশ্চেনে করেছেন ৯(এ)(১) সাইন (এ প্লাস বি) × সাইন (এ) কস্(এ) প্লাস কস (বি) প্লাস সাইন (বি) এই কম্পাউন্ড অ্যাঙ্গেলের ফর্মুলা মাধ্যমিকের কোন সিলেবাস আছে, আপনি দয়া করে বলুন। আজকে প্রতিটি প্রশ্ন যেভাবে করেছেন, এরিথমেটিকের প্রশ্ন, ৮(এ) করেছেন যেখানে চক্রবৃদ্ধির প্রশ্ন শুধু নয়, আপনি এক হাজার টাকা এন এস সি এই যে কথাটা ব্যবহার করেছেন এটা মাধ্যমিকের সিলেবাসে কোথায় কিভাবে ব্যবহার করা হয় জবাব দিন। আমি আপনাকে অনুরোধ করছি, আমাদের বিরোধী পক্ষের লোক আপনার কোনও সমালোচনা করব না, আপনি দয়া করে এই কোয়েশ্চেন পেপারটা নিন, এই প্রশ্নের উত্তরটা আড়াই ঘণ্টার মধ্যে দিয়ে দিন। আপনি যদি উত্তর দিতে পারেন, আমরা সমস্ত অভিযোগ প্রত্যাহার করে নেব। আর যদি না পারেন, আপনার মধ্য শিক্ষা পর্ষদের সভাপতিকে ইমিডিয়েট গ্রেপ্তার করুন আর আপনি নিজে পদত্যাগ করুন। এই চ্যালেঞ্জ আপনি অ্যাকসেপ্ট করুন।

**শ্রীমতী অনুরাধা পুতাতুন্ডা ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন গত ২৫ তারিখে পশ্চিমবাংলার বুকে আর একটা কালোদিন তৈরি হয়েছে। স্যার, গত ২৫ তারিখে আমার নির্বাচনী এলাকায় মগরাহাটে, সেখানে কংগ্রেস দল গণ হত্যালীলা চালিয়েছে। সেদিন যখন সূর্য উঠছে সেই ভোর বেলা কংগ্রেস দলের ২০-২১ জন সমাজ বিরোধী যারা ব্লক কংগ্রেসের সভাপতির সঙ্গে ঘুরে বেড়ায় যারা কিছু দিন আগে রাজ্যের সভাপতি ওখানে সভা করতে গিয়েছিলেন, সেখানে প্রকাশ্যে অস্ত্র নিয়ে সেই সভায় হাজির হয়েছিল। যে সময়ে সূর্য উঠছিল সে সময়ে কতগুলো লোক সেই এলাকার উপ-প্রধান এবং সি পি আই (এম) দলের নেতার বড়িতে সশস্ত্র অবস্থায় প্রবেশ করে গোলাম মুন্সি লস্কর, ১৮ বছরের ছেলে নুরুল হুদা লস্কর এবং ১৯ বছরের ছেলে জাকির খানকে গুলি করে হত্যা করে। স্যার, শুধু হত্যাই করে নি, বন্দুকের কুঁদো দিয়ে বুকের পাঁজরাগুলো গুঁড়ো গুঁড়ো করে দিয়েছে। স্যার, আমি এখানে বলতে চাই, একটা রাজনৈতিক দলের নেতা এবং নেত্রীরা সব সময় মানুষ খুনের স্বপ্ন দেখছে

এবং প্রত্যেক সময়ে খুন জখমে উস্কানি দিচ্ছে। কিছু দিন আগে ঐ দলের রাজ্য সভাপতি ওখানে সভা করে এসেছেন। কয়েক দিন আগেই ব্লক কংগ্রেসের সভাপতি এস ইউ সি দলের এক নেতাকে নিয়ে ওখানে সভা করেছেন। স্যার, এটা খুবই উদ্বেগজনক ঘটনা। গোলাম মুন্সি, নুরুল হুদা, জাকির খানের মায়েদের কাছে আজকে ওদের জবাব দিতে হবে যে, তারা কি অন্যায় করেছিলেন যার জন্য তাদের কোল আজকে ওরা খালি করে দিলেন। আজকে ওরা জবাব দিন যে, আর কত রক্ত কংগ্রেস দলের চাই? তারা মানুষের আর কত রক্ত নেবেন? স্যার, আমি আপনার মাধ্যমে এই ঘটনার সঙ্গে জড়িত সকল আসামির অবিলম্বে গ্রেপ্তার দাবি করছি। তাদের অবিলম্বে গ্রেপ্তার করে উপযুক্ত শাস্তি দেবার ব্যবস্থা করতে হবে।

[10-30 — 10-40 A.M.]

**শ্রী সৌগত রায় ঃ** পশ্চিমবাংলায় মাধ্যমিক পরীক্ষার অঙ্কের প্রশ্নপত্র নিয়ে যে নক্কারজনক অবস্থার সৃষ্টি হয়েছে, তা নিয়ে আলোচনা করতে দিয়ে আপনি সঠিক কাজই করেছেন। এই সময়ে এখানে আনন্দবাজার, মগরাহাটে কি হয়েছে, কালনায় কি হয়েছে, এসব না তুলতে দিলেই ভাল হত, ব্যাপারটার গুরুত্ব বজায় থাকত। কারণ প্রশ্নের ব্যাপারটা ছোট-খাট ব্যাপার নয়। সাড়ে চার লক্ষ ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকদের নিয়ে ব্যাপার। আমাদের দলের পক্ষ থেকে আগে যারা বলেছেন তারা সবাই প্রশ্নের সম্পর্কে বিস্তারিতভাবে বলেছেন যে, প্রশ্নপত্রে শুধু কঠিন প্রশ্নই নয়, সিলেবাসের বাইরে প্রশ্নও দেওয়া হয়েছে এবং তার সঙ্গে এমন প্রশ্ন দেওয়া হয়েছে যার নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তর দেওয়া যাবে না। এই রকম সব প্রশ্ন দেওয়া হয়েছে। সাধারণত যারা পরীক্ষায় প্রশ্ন পত্র করেন—আমরা করেছি, আমরা চেষ্টা করি যে, যারা মাঝারি ছেলে তারা যাতে পাশ করতে পারে তার মতো সুযোগ রেখে তারপরে ভাল ছেলেদের জন্য কয়েকটা কঠিন প্রশ্ন রাখতে। কিন্তু এই অঙ্কের প্রশ্নপত্র এমন হয়েছে যে, সাধারণ ছেলে মেয়েরা ১০ থেকে ২০ নম্বরের বেশি পেতে পারবে না। আর খুব ভাল ছেলেরা ৪০ থেকে ৫০ নম্বরের উত্তর দিয়েছে। সেদিন পরীক্ষার হলে যে সীন হয়েছে তা আমরা সকলে ইতিমধ্যেই অবগত হয়েছি। আমাদের বিধানসভায় কয়েকজন কর্মচারির ছেলে-মেয়ে পরীক্ষা দিয়েছে। মেয়েরা সারা দিন শুধু কেঁদেছে। আমি এই প্রসঙ্গে ২-৩টি ব্যাপার আপনার মাধ্যমে মন্ত্রীর কাছে বলতে চাইছি যে, একটা প্রশ্ন পত্র তৈরি করার জন্য একজন পেপার সেটার থাকেন এবং দুজন মডারেটর থাকেন। আমি জানতে চাইছি কে এই লোকেরা? সুব্রত মুখার্জি ইতিপূর্বে প্রসঙ্গে কয়েকটি কথা বলেছেন। তথাপি আমি মন্ত্রীর কাছে এটা জানতে চাইছি। কে এই লোকেরা, তাদের পিন-পয়েন্ট করে, তাদের নাম অবিলম্বে জানানো হোক। প্রশ্নপত্র কঠিন হয়েছে, পরীক্ষা বাতিল করা হবে, এই সিদ্ধান্ত কখন হল? সংবাদপত্র থেকে জানা যাচ্ছে—গণশক্তি-র অডিটর অনিল বিশ্বাস ফোন করে মধ্য শিক্ষা পর্ষদে বলেছিলেন। তারপরে তারা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছিলেন। তারপরে পরীক্ষা বাতিল হল। সি পি এম পার্টি অফিস থেকে নির্দেশ পাওয়ার পর—এক্সট্রা কনস্টিটিউশনাল অথরিটির নির্দেশে পরীক্ষা বাতিলের নির্দেশ গ্রহণ করা হয়। পাঁচটার সময় পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত গৃহীত হয়, কিন্তু ৬টার সময় শ্যামবাজারের মোড়ে নিরীহ ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের ওপর পুলিশ লাঠি চার্জ হয়। যে ছেলে-মেয়েরা রাস্তা অবরোধ করেছিল তারা যদি জানতে

পারত যে, পরীক্ষা বাতিল হয়ে গেছে তাহলে তাদের আর রাস্তা অবরোধের জন্য পুলিশের লাঠি খেতে হত না। যে পুলিশ কর্মাচারিরা ছাত্র-ছাত্রীদের ওপর নির্মমভাবে লাঠি চার্জ করেছে তাদের বিরুদ্ধে এখনও কোনও ব্যবস্থা নেওয়া হয় নি। তাই আমার বিশেষ দাবি—(১) কে পরীক্ষক ছিলেন, কে মডারেটর ছিলেন, তাদের নাম অবিলম্বে প্রকাশ করতে হবে। (২) আজকে যিনি মধ্য শিক্ষা পর্ষদের সভাপতি তাকে অবিলম্বে বরখাস্ত করতে হবে। (৩) যিনি প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষা মন্ত্রী, তাকে অবিলম্বে পদত্যাগ করতে হবে। চার নম্বর হচ্ছে, হাইকোর্টের একজন বিচারপতির মাধ্যমে এই এগজামিনেশন স্ক্যান্ডাল প্রশ্নপত্র নিয়ে যে কেলেঙ্কারি তার তদন্ত করতে হবে। পাঁচ নম্বর হচ্ছে, পুরো পরীক্ষাটা বাতিল করতে হবে। এখন এরা প্যাঁচ কষছেন যারা ইচ্ছা করবে তারা নতুন পরীক্ষা দিতে পারবে। অর্থাৎ আগেকার পরীক্ষাটা বহাল রহিল। আমি চাই, পুরো পরীক্ষাটা বাতিল করে ১৯ এপ্রিল যে পরীক্ষা হচ্ছে সবাই যাতে পরীক্ষা দেয় তার ব্যবস্থা করতে হবে। এই ধরনের ঘটনা যাতে না ঘটে তারজন্য ব্যবস্থা নিতে হবে। শিক্ষায় রাজনীতিকরণ এবং এক্সট্রা কনস্টিটিউশনাল অথরিটি যেভাবে শিক্ষায় এসেছে সেই ব্যাপারটা বন্ধ করতে হবে।

**শ্রী পার্থ দে ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অল্প কয়েকটি কথা বলব। প্রথম কথা হচ্ছে, এখানে ভাব দেখানো হচ্ছে, যেন এই প্রথম মাধ্যমিক পরীক্ষা হচ্ছে যেটা আগে কখনও হয়নি, এখন সেটা হচ্ছে। এখন যেটা হয়েছে সেটা হল, একটা বিশেষ পত্রে ছাত্র-ছাত্রীদের অসুবিধা হয়েছে তারজন্য খুব তাড়াতাড়ি এর চেয়ে আর হয় না—মধ্যশিক্ষা পর্ষদের যারা কর্তৃপক্ষ তারা সেটা বুঝে সঙ্গে সঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, যে সমস্ত ছাত্র-ছাত্রীরা মনে করে আর একবার পরীক্ষা দেবে তারা আর একবার পরীক্ষা দিতে পারবে—এই কথা ঘোষণা করে দিয়েছে অথরিটি। আর যারা (ছাত্র-ছাত্রীরা) নতুন পরীক্ষা দেবে না সাধারণ এই ধরনের প্রশ্নপত্র হলে যে ধরনের অ্যাওয়ার্ড দেওয়া হয়—নিয়ম আছে, রেগুলেশন আছে, এগুলির টাইম টেসটেড ব্যাপার আছে স্বাধীনতার আগে থেকেই এই পরীক্ষা ব্যবস্থা চলছে সারা পৃথিবীতে মোটামুটি সভ্য জগতে স্বীকৃত যদি প্রশ্নপত্র সিলেবাস বহির্ভুত বোঝা যায় তাহলে সেই প্রশ্নে যদি কোনও ছাত্র-ছাত্রী চেষ্টা করে থাকেন, অ্যাটেম্পট করে থাকেন তাহলে কিছু তারা অ্যাওয়ার্ড পাবে। এগুলির সব নিয়ম-কানুন আছে। অনেকে এই ব্যাপারটি জানেন না, ওদের (কংগ্রেসিদের) লেখাপড়ার সঙ্গে সম্পর্কটা একটু দূরে, সেইজন্য ওদের বুঝতে অসুবিধা হচ্ছে। আমার কথা হল, যারা ছাত্র-ছাত্রী এবং ছাত্র-ছাত্রীর অভিভাবক তারা পর্ষদ কর্তৃপক্ষের এই সিদ্ধান্ত ঘোষণা করার পর খুশি এবং যারা যারা পরীক্ষা দেবে বলে ঠিক করেছে তারা পড়াশুনায় মন দিয়েছে। কিন্তু তারা উদ্বিগ্ন যারা ছাত্র-ছাত্রী কেউ নয়, ছাত্র-ছাত্রীর অভিভাবক কেউ নয়, এবং যারা অল্প কিছুদিন ছাত্র-ছাত্রী ছিল এই রকম কেউ নয়, ছাত্র-ছাত্রীর মাসি-পিসিরা কেউ নয়, পাতানো কাকু মাসীমারা তারাই গন্ডগোল শুরু করেছে। সুতরাং এটা বন্ধ না করলে পরের দিন যে পরীক্ষা হবে তাতে যারা পরীক্ষা দেবে তারা উদ্বিগ্ন যে তারা নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারবে কিনা? ওদের কথাবার্তায় আমি এটাই বুঝলাম যে ওরা প্ররোচনা সৃষ্টি করার চেষ্টা করছে। মাননীয় বিরোধী দলের সদস্যদের এবং তাদের দলের নেতার মুখ দিয়ে যে ধরনের কথা বেরুলো তাতে আমি বলব সাবধান হোন, প্ররোচিত হবেন না। ছাত্র-ছাত্রীদের জন্য যে পরীক্ষা ব্যবস্থা করেছেন তা অতি দ্রুত ব্যবস্থা করেছেন, তারজন্য প্রশংসা করা উচিত। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সাধন পান্ডে ঃ** মাননীয় স্পিকার স্যার, আজকে এই আলোচনা সভায় করতে দিয়েছেন বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই, উনি বাইরে ক্ষমা চেয়েছেন কাগজে দেখেছি। মরালিটির দিক থেকে আপনার রেজিগনেশন পত্র মুখ্যমন্ত্রীকে দিলে আরও আপনার গ্লোরি বাড়তো এবং যে পদে আপনি বসে আছে সেই পদের গ্লোরি বাড়ত, কিন্তু আপনি তো করেননি। আপনার একটা বক্তব্য শুনেছি এবং আশ্চর্য হয়েছি, মডারেটর, যারা প্রশ্ন কর্তা, কোয়েশ্চেন মেকার তাদের নাম রিভিল করলে ভবিষ্যতে আর কোনও মডারেটর বা প্রশ্নপত্রের সেটার আপনি নাকি পাবেন না। আমার বক্তব্য, যদি রাজনৈতিক কারণে এই অ্যাপয়েন্টমেন্টগুলি না দেওয়া হয় তাহলে কোনও চিন্তা করার কারণ নেই। আপনি মডারেটর পাবেন না? আমার কথা হচ্ছে, এদের একজেমপ্লারি পানিশমেন্ট দেওয়া দরকার বলে আমি মনে করি। মাননীয় মন্ত্রী মহাশয়কে বলছি, এটাকে প্রেসটিজ ইস্যু হিসাবে নেবেন না। বামপন্থী সদস্যদের বলছি, এইরকম শিক্ষায় কেলেঙ্কারি এ একটা চরম নিদর্শন। টোকাটুকির ব্যাপারে আপনারা অনেকেই বলেছেন। স্টেটসম্যান কাগজে গত ৩দিন ধরে ধারাবাহিকভাবে বেরিয়েছে কিভাবে গণ-টোকাটুকি চলছে। মাননীয় মন্ত্রী মহাশয় এক্ষেত্রে কি ব্যবস্থা নিয়েছেন? ওনার মুখ থেকে কোনও কথা শুনছি না। ওদের এম এল এ টোকাটুকির ব্যাপারে লিপ্ত হয়েছে এবং তা প্রকাশ পেয়ে গেছে। সুতরাং আপনার পদত্যাগ করা উচিত। মুখ্যমন্ত্রী মহাশয়কে ডাকুন, এ সম্বন্ধে তিনি বক্তব্য রাখুন। স্যার, একটা কথা বলা দরকার এবং বলতে বাধ্য হচ্ছি যে, মাননীয় মন্ত্রী মহাশয় রাইটার্স বিল্ডিংয়ে বসে আনন্দবাজার পোড়ানোর খবরকে সমর্থন করেছেন। তাকে তিরস্কার করা হোক, তিনি কি করে একটা সংবাদপত্র পোড়ানোর ব্যাপারকে উস্কানি দিতে পারেন? তার সম্বন্ধে বিচার করা হোক।

**শ্রী শক্তিপ্রসাদ বল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাধ্যমিক পরীক্ষায় অঙ্কের প্রশ্নপত্র নিয়ে গত ২৫শে মার্চ আমাদের দেশে যে দুর্ভাগ্যজনক ঘটনা ঘটেছে সে ব্যাপারে আমি একটা কথা বলতে চাই। মাননীয় বিরোধীদের সদস্যরা এটাকে বিধানসভায় উত্থাপন করে যা বলার চেষ্টা করছেন সেটাকে নিছক রাজনীতি বলে আমি মনে করি। আমি এই কথা বলতে চাই যে, মাধ্যমিক শিক্ষা পর্ষদের মাননীয় শিক্ষামন্ত্রী এব্যাপারে যে ধরনের ব্যবস্থা গ্রহণ করেছেন সে ব্যবস্থা রাজ্যের এবং পরীক্ষার্থীদের পক্ষেও সন্তোষজনক হয়েছে এবং এটা যথেষ্ট হয়েছে বলেই আমি মনে করি। মাননীয় শিক্ষামন্ত্রী এখানে উপস্থিত আছেন, আমি তাকে একটা কথা চিন্তা করতে বলছি, আগামী দিনে যে তদন্তের কথা বলেছেন—ইতিমধ্যে নানা প্রশ্ন উঠেছে—যে সিলেবাসের বহির্ভূত প্রশ্ন হয়েছে তাই নয় বাহির থেকে যে সিলেবাস পড়ানো হয় না সেই সিলেবাসের অন্তর্ভুক্ত প্রশ্ন আনা হয়েছে। যেটা মাধ্যমিক পর্ষদের অনুমোদিত সিলেবাস নয়, বাহিরের সিলেবাস, সেটা নিয়ম বহির্ভূত কাজ হয়েছে, এটা আদৌ হয়েছে কিনা সেটা দেখতে বলব। আর একটা কথা পরীক্ষার ঐ অবস্থা হওয়া সঙ্গে সঙ্গে দুপুরের মধ্যে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি মহাশয় পুনরায় পরীক্ষা গ্রহণ করা হবে এই কথা ঘোষণা করেছিলেন, কিন্তু ছাত্র-ছাত্রীদের কাছে এই সংবাদটা ঠিক সময়ে না পৌছানোর জন্য গন্ডগোল হয় এবং পুলিশ অযথা ছাত্র-ছাত্রীদের হয়রান করে, এটারও তদন্ত হওয়া উচিত।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** স্যার, আমাদের মূল যে বিষয়ে অভিযোগ তা হল এই ১৭ বছর ধরে ছাত্র-ছাত্রীদের ভবিষ্যত নিয়ে ছিনিমিনি খেলা চলছে। স্যার, ওয়ান থেকে ফোর

পর্যন্ত পাশ ফেল তুলে দেওয়া হল। ইংরাজি তুলে দেওয়া হল। তারপর অশোক মিত্র কমিশনের সুপারিশ ক্রমে আবার নতুন করে ইংরাজি ব্যবস্থাপনা প্রবর্তন করার জন্য নতুন করে চিন্তা ভাবনা করছেন। প্রতি মুহূর্তে ভুল সিদ্ধান্ত নেওয়া হচ্ছে এবং সেই অনুযায়ীই কাজ করা হচ্ছে। ১৭ বছর ধরে রাজ্যের এডুকেশন সিস্টেমটাকে পলিটিসাইজ করে দিয়েছেন। সি পি এমের দলের প্রতি অনুগত্য থাকলে তবে বোর্ডের প্রধান হওয়া যাবে। সি পি এমের প্রতি যদি আনুগত্য না থাকে তাহলে কোনও পদের দায়িত্ব ভার পাবেন না। আজকে সেজন্য আমাদের দাবি বোর্ডের সভাপতির শিক্ষাগত যোগ্যতার প্রতি গুরুত্ব দিয়ে যেন এই পদে নিয়োগ করা হয়। যার আমলে এটা হল সেই সভাপতিকে দিয়ে তদন্ত করানো হলে সেটা মেনে নেওয়া যায় না। তার হাত থেকে সেই ভার কেড়ে নিয়ে হাইকোর্টের একজন মাননীয় বিচারপতিকে দিয়ে তদন্ত করাতে হবে। মন্ত্রী মহাশয় সহ সেই সভাপতির পদত্যাগ আমাদের দলের পক্ষ থেকে দাবি করা হয়েছে, ওনারা পদত্যাগ করুন। মাননীয় মান্নান সাহেব যে প্রস্তাব দিয়েছেন যে মাননীয় মন্ত্রী মহাশয় নিজে ঐ অঙ্ক করার চেষ্টা করুন, ১০০-র মধ্যে কত নম্বার প্রশ্নের জবাব তিনি দিতে পারবেন। আজকে সেজন্য আমাদের মূল অভিযোগ ১৭ বছর ধরে ছাত্রদের নিয়ে ছিনিমিনি খেলছেন সেই রাজ্য সরকারের নিন্দা করছি এবং এই ব্যবস্থাকে ঘৃণা করে মাননীয় মন্ত্রীর পদত্যাগ দাবি করছি।

**মিঃ স্পিকার ঃ** সুদীপবাবু আমার মনে হয় শুধু মন্ত্রী নয়, সব এম এল এদের একটু পরীক্ষা দেওয়া উচিত।

[10-40 — 10-50 A.M.]

**শ্রীমতী নিরুপমা চাট্যার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অঙ্কের প্রশ্নপত্র নিয়ে যে বিতর্ক দেখা দিয়েছে সে ব্যাপারে আমি বলব, আমার কেন্দ্রের সাধারণ জনগণ সেই প্রশ্নপত্র সম্পর্কে যে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বামফ্রন্ট সরকার নিয়েছেন তাকে অভিনন্দন জানিয়েছেন। বিরোধী দল বলেছেন যে, এই সরকার নাকি শিক্ষা নিয়ে ছিনিমিনি খেলছেন, কিন্তু ওরাই শিক্ষা নিয়ে ছিনিমিনি খেলেছেন। আজকের যুবকেরা বলছেন, যারা ১৯৭২ সালে পাশ করেছেন, তারা কোনও চাকরির পরীক্ষায় বসতে গেলে জিজ্ঞাসা করা হচ্ছে, কোন সালে পাশ করেছেন। কারণ সেই সময় গণ-টোকাটুকি করে সবাই পাশ করেছেন। তারা মাস্টার মশাইদের খুন করেছেন। আজকে তারাই বলছেন যে, শিক্ষা-ব্যবস্থাকে নষ্ট করে দেওয়া হচ্ছে। এবারের ঐ পরীক্ষা সম্পর্কে বামফ্রন্টের শিক্ষামন্ত্রী যে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন তাকে গ্রামের মানুষ অভিনন্দন জানিয়েছেন এবং এতে তাড়াতাড়ি সিদ্ধান্ত নেবার জন্য মুখ্যমন্ত্রীকে আশীর্বাদ করছেন। আমি বলব, এটা সঠিক সিদ্ধান্ত হয়েছে। এর বিরুদ্ধে কাগজগুলি যেসব কথা লিখছেন সেটা বিরোধিতা করবার জন্যই বিরোধিতা করা হচ্ছে।

**শ্রী শৈলজাকুমার দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষার ক্ষেত্রে কেলেঙ্কারি ওদের রাজত্বে কোনও বিচ্ছিন্ন ঘটনা নয়। একের পর এক কেলেঙ্কারি আজকে পশ্চিমবঙ্গে শিক্ষা ব্যবস্থার উপর কালিমা লিপ্ত করেছে। অতীতে সবচেয়ে বড় প্রহসন হয়েছিল মুখ্যমন্ত্রীর ছেলের বেঙ্গল ল্যাম্প কেলেঙ্কারির তদন্ত ডঃ অসীম দাশগুপ্তকে দিয়ে করান, আর আজকের এই শিক্ষা কেলেঙ্কারি যার মদতে হল, প্রধান অভিযুক্ত যিনি, সেই মধ্যশিক্ষা পর্যদের প্রেসিডেন্টকে

দিয়ে তদন্ত করাবার সিদ্ধান্তটা একটা চূড়ান্ত প্রহসন হয়েছে। আমাদের দাবি, অবিলম্বে ঐ প্রহসন বন্ধ করে তার হাত থেকে তদন্ত করবার অধিকার কেন নেওয়া হোক। আজকে শিক্ষা কেলেঙ্কারির কেন্দ্র মধ্যশিক্ষা পর্ষদকে মার্কসবাদী পর্ষদে রূপান্তরিত করা হয়েছে। আজকে তাদের এই কেলেঙ্কারি সমস্ত দিক তুলে ধরবার জন্য সি বি আই বা হাইকোর্টের একজন সিটিং জাজকে দিয়ে বিষয়টা তদন্ত করা হোক এই দাবি করছি। এখানে নিরুপমাদি বলেছেন যে, নতুনভাবে পরীক্ষা গ্রহণের সিদ্ধান্তকে জনগণ আশীর্বাদ করেছেন, কিন্তু জনগণ জুতো ছুঁড়ে মারবেন যদি বাইরে দাঁড়িয়ে একথা বলেন।

**শ্রীমতী কুমকুম চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশ কিছুক্ষণ ধরে মধ্যশিক্ষা পর্ষদের কোয়েশ্চেন স্ক্যান্ডালের উপর আলোচনা শুনলাম, কিন্তু যারা আলোচনা করলেন তাদের এই অধিকার আছে কিনা জিজ্ঞাসা করতে চাই। কারণ যে সময় ওরা পশ্চিমবঙ্গে দায়িত্বে ছিলেন সেই সময় ১৯৫৪ সালে ইতিহাসে আউট অফ সিলেবাস কোয়েশ্চেন এসেছিল। তখন বিধানচন্দ্র রায় ছিলেন মুখ্যমন্ত্রী এবং হরেন্দ্রনাথ চৌধুরি ছিলেন শিক্ষামন্ত্রী। সেই সময় কংগ্রেস দলের পক্ষ থেকে তো বোর্ড প্রেসিডেন্ট বা শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করা হয়নি! এটা ওরা জানেন না যে, শিক্ষা পর্ষদের সেক্রেটারি, প্রেসিডেন্ট এরা কোয়েশ্চেন দেখতে পান না গোপনীয়তা রক্ষার স্বার্থে। বর্তমানে কেন্দ্রীয় সরকার স্বাধীনতা লাভের ৪৭ বছর পর যখন শিক্ষা খাতে বাজেটের মাত্র ১.৫ পারসেন্ট টাকা খরচ করছেন তখন আমাদের এই পশ্চিমবঙ্গে বাজেটের ২৫ ভাগ টাকা শিক্ষাখাতে খরচ করা হচ্ছে। আজকে মধ্যশিক্ষা পর্ষদের পরীক্ষা যখন হয়, পরিবহন দপ্তর থেকে ছাত্র-ছাত্রীদের জন্য ট্রান্সপোর্টের ব্যবস্থা করা হয়। অপর দিকে দেখা গেছে, গত ৭ই মার্চ দিল্লিতে সি বি এস সি-র পরীক্ষায় পরীক্ষার্থীরা পরীক্ষা কেন্দ্রে যেতে পারেনি যানজট এবং ট্রাফিক প্রবলেমের কারণে। গত মার্চ মাসের প্রথম সপ্তাহে সি বি এস সি-র যে অঙ্ক পরীক্ষা হয়ে গেল তাতে আউট অফ সিলেবাস সব অঙ্ক এসেছে। এই নিয়ে তো আপনারা কোনও কথা বলেনি! আজকে এখানে শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবি করছেন, কিন্তু সি বি এস সি-র পরীক্ষায় যেটাকা লেনদেন হয় তা নিয়ে তো আপনারা পদত্যাগ দাবি করেন না। শিক্ষা ব্যবস্থাকে রক্ষা করবার জন্য এখানকার সরকার উদ্যোগ গ্রহণ করেন, কিন্তু ১৯৭২ সালে আপনারা প্রধান শিক্ষককে ক্লাস রুমের মধ্যে তার পায়ে পেট্রোল ঢেলে আগুন জ্বালিয়ে হত্যা করেছেন, শিপ্রা সাহা নামে একটি ছাত্রীকে গুলি করে হত্যা করেছেন। যারা নিজেরা টোকাটুকিতে মদত দিয়েছেন, আজকে তারাই বিধানসভায় বসে শিক্ষার পক্ষে সব কথা বলছেন। কিন্তু গত ২৬শে মার্চ ছাত্র পরিষদের নেতৃত্বে মধ্যশিক্ষা পর্ষদে হামলা চালানো হয়েছে। গতকালও সেখানে হামলা করা হয়েছে মধ্যশিক্ষা পর্ষদে ২৬শে মার্চ এই ছাত্র পরিষদের নেতৃত্বে আপনারা হামলা করেছেন। গতকালও আপনারা হামলা করেছেন। আপনাদের হাতে শিক্ষার্থী ছাত্র-ছাত্রীরা নিরাপত্তার অভাব বোধ করছে। আজকে এর বিরুদ্ধে আমাদের দায়িত্ব নিতে হবে এবং সরকার যেন সেই দায়িত্ব নেন। এই দাবি জানিয়ে আপনাকে ধন্যবাদ দিয়ে, আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামল চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শৈলজা দাস গোলমালের মধ্যে কি বললেন, আমি বুঝতে পারলাম না। উনি যদি আর একবার বলেন ভাল হয়। সরস্বতীর কমল বনে মত্ত হস্তির দাপাদাপি দেখতে পাচ্ছি। উনি কি বললেন, উনি কাকে দিয়ে এনকোয়ারি

করাতে চান? উনি কি সি আই এ-কে দিয়ে এনকোয়ারি করবার কথা বলেন, সেটা আমি জিজ্ঞাসা করছি?

**শ্রী শৈলজাকুমার দাস :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বুঝতে পারলাম না মন্ত্রী কি বললেন। মন্ত্রী কি হঠাৎ পাগল হয়ে গেলেন, তিনি হঠাৎ চিৎকার করে উঠলেন। আমি স্পষ্ট করে বলেছি এবং এখনও বলছি, আপনারা যখন আদর্শের কথা বলেন, নীতির কথা বলেন, তখন আপনাদের লজ্জা করে না? এখনও সেই মন্ত্রী বহাল তবিয়তে বিধানসভায় দাঁড়িয়ে শিক্ষা নিয়ে যে কেলেঙ্কারি হয়ে গেল সেটাকে তারিফ করছেন, সমর্থন করছেন। আপনারা বোর্ডের প্রেসিডেন্টকে দিয়ে তদন্ত করাতে চাইছেন। সেই তদন্ত কি বেরিয়ে আসবে? আসলে যারা দোষী তাদের আড়াল করার জন্য বোর্ডের সভাপতিকে তদন্ত করার জন্য বহাল করেছেন।

**শ্রী সুব্রত মুখার্জি :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা খুব উদ্বিগ্নবোধ করছি। আমরা এই হাউসে গণতন্ত্রের কথা বারে বারে বলি এবং বাইরেও আমরা গণতন্ত্রকে চোখের মণির মতো রক্ষা করছি বলে গর্ব করে থাকি। পশ্চিমবঙ্গ এমন একটি রাজ্য যেখানে সরকার পক্ষ এবং বিরোধীদল সকলে মিলে আমরা গণতন্ত্রের পুজারি। কিন্তু অদ্ভুত ব্যাপার হচ্ছে, আনন্দ বাজার পত্রিকায় একটা সংবাদ প্রকাশিত হয়েছে নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে। তার পরের দিন তার প্রতিক্রিয়া হিসাবে একেবারে গণতন্ত্রের কবরস্থান করে তোলা হয়েছে এবং সারা ভারতবর্ষের কাছে আমাদের যে ঐতিহ্য আমাদের যে কৃষ্টি, আমাদের যে সংস্কৃতি তাকে ধূলায় লুণ্ঠিত করা হয়েছে। আজকে ফরওয়ার্ড ব্লকের মতো একটি দল, যারা বামফ্রন্টের শরিক দল বলে গর্ব করে, নেতাজির কথা বলে বাজার গরম করে, নেতাজিকে বিক্রি করে বছরের পর বছর খায়, এই ধরনের একটা উচ্ছিষ্টভোগী রাজনৈতিক দল বারে বারে নেতাজিকে বিক্রি করে এদের রাজনীতি সব কিছু আজকে করা হয়েছে। এই নিঃস্ব রাজনৈতিক দল, আজকে আমাদের লজ্জায় পর্যবসিত করেছে বাংলার কয়েক কোটি মানুষকে। আজকে এখানকার মন্ত্রী সরল দেব, নিজে উস্কানি দিয়েছে এবং দাবানলের মতো আনন্দবাজার পত্রিকা পোড়ানো হয়েছে। এই লজ্জা আমাদের ঢাকবার জায়গা নেই। নেতাজিকে বিক্রি করে প্রতি বছর এরা ২২শে জানুয়ারি, ২৩শে জানুয়ারি নেতাজিকে বিক্রি করে। আজকে নেতাজির পরিবারের যারা এখনও নেতাজিকে চোখের মণির মতো রক্ষা করার চেষ্টা করে, স্যার, এই দালাল, উচ্ছিষ্টভোগীরা নেতাজিকে নিয়ে ব্যবসা করতে গিয়ে, যে আনন্দবাজার পত্রিকা নেতাজিকে তুলে ধরেছিল যে, আনন্দবাজার পত্রিকা নেতাজির পূজারি, সেই আনন্দবাজার পত্রিকাকে পুড়িয়েছে। আজকে গণতন্ত্রকে ধুলিসাৎ করা হয়েছে। আজকে আমাদের মান-সম্মান রক্ষা করার জায়গা নেই, লজ্জা ঢাকবার জায়গা নেই।

[10-50 — 11-00 A.M.]

(গোলমাল)

**মিঃ স্পিকার :** বসুন বসুন, প্লিজ টেক ইয়োর সিট।

**শ্রী মহম্মদ ইয়াকুব :** স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই, গত ২৫শে মার্চ আনন্দবাজার পত্রিকায় একটা বিজ্ঞাপন আকারে সংবাদ প্রকাশিত হয়েছে,

সেখানে আমাদের দেশের মহান যোদ্ধা নেতাজি সুভাষ বসু সম্পর্কে কুৎসিত ভাষা ব্যবহার হয়েছে। যে ভাষা বিভিন্ন সিনেমার অভিনেতা অভিনেত্রীদের সম্পর্কে নানাভাবে প্রকাশিত হয় তার চেয়ে অনেক বেশি কুৎসিত ভাষা আমাদের দেশের একজন মহান নেতার সম্পর্কে বিজ্ঞাপনের মধ্যমে প্রচার করা হয়েছে। বিজ্ঞাপন দিয়ে যে কথাগুলি উল্লেখ করা হয়েছে দেখা গেল আনন্দবাজার পত্রিকার রবিবাসরীয় প্রবন্ধে কৃষ্ণ বসুর বক্তব্যে যে সব বিষয় আছে তার কোনও ব্যাপার নেই, তার কোনও সম্পর্ক নেই। অথচ দেখা গেল তারা উল্লেখ করেছে বিজ্ঞাপনের মাধ্যমে অপ্রকাশিত পত্রাবলি, যেগুলি আদান প্রদান হয়েছে সেইগুলি রবিবাসরীয় প্রবন্ধে প্রকাশিত হবে। কিন্তু এই গুলি ইতিপূর্বে প্রকাশিত হয়েছে। আমাদের আপত্তি এই বিজ্ঞাপন সম্পর্কে। আনন্দবাজার পত্রিকা সাম্রাজ্যবাদের দালাল। দেশের মানুষের কোনও কথা উল্লেখ না করে হঠাৎ ২৩শে মার্চ, নেতাজির জন্ম দিবস উপলক্ষ্যে যেসব প্রবন্ধ প্রকাশিত হয়েছে, তা আজকে এই প্রসঙ্গে আসার মানে রাখে না। হঠাৎ যুব ছাত্র সমাজের বিশ্বাস, দেশের কোটি কোটি মানুষের বিশ্বাসের উপর তারা আঘাত হেনেছে। এর আমি প্রতিবাদ জানাচ্ছি। আপনার কাছে আবেদন করছি প্রশ্ন উত্তর পর্ব মুলতুবি রেখে এই ব্যাপার নিয়ে ১ ঘণ্টা আলোচনার সুযোগ দেবেন।

**ডাঃ মানস ভূঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টা অত্যন্ত সংবেদনশীল। নেতাজি শুধু ফরওয়ার্ড ব্লকের নিজস্ব পৈতৃক সম্পত্তি নয়, ভারতবর্ষের প্রতিটি দেশপ্রেমিক মানুষের সম্পদ। ভারতবর্ষের প্রতিটি সন্তান নেতাজিকে শ্রদ্ধা করে, ভালবাসে, নেতাজি সকলের মধ্যে আছেন। আমি ফরওয়ার্ড ব্লক বিধায়কদের বলব অহেতুক উত্তেজনা সৃষ্টি করে নেতাজিকে তাদের নিজস্ব সম্পদ বলে মনে করবেন না। নেতাজি ভারতবর্ষের সম্পদ, সারা বিশ্বের সম্পদ। আমি আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, এই বিতর্ক হতে পারে। কৃষ্ণা বসু প্রবন্ধ লিখেছেন আনন্দবাজার পত্রিকার রবিবাসরীয়তে। ইতিহাস ইতিহাস, সাহিত্য-সাহিত্য, লেখা-লেখা, সেই বিষয় নিয়ে উত্তেজিত হওয়া ঠিক নয়। জওহরলাল নেহেরু সম্পর্কে অনেকে অনেক কথা লিখেছেন, রবীন্দ্রনাথ সম্পর্কে অনেকে অনেক কথা লিখেছেন। নানা ভাবে অনেক মন্তব্য করা হয়েছে। সেই বিষয়ে যদি বা সেই মন্তব্যের ব্যাপারে যদি কোনও বিতর্ক থাকে তাহলে সেটা জাতীয় স্তরে বিতর্ক হবে। কিন্তু গণতন্ত্রের যেটা অন্যতম পীঠস্থান, গণতন্ত্রের প্রতিভূ সাংবাদিক, সংবাদ মাধ্যম তাকে প্রকাশ্যে প্রসাশনের সহযোগিতায় পুড়িয়ে দেওয়া হল! আবার কোনও মন্ত্রী বলছেন পুড়িয়েছি বেশ করেছি! এতে ফ্যাসিস্ট মানসিকতা প্রমাণ পাচ্ছে। এই হাউসে মন্ত্রী আছেন, তথ্যমন্ত্রী আছেন, তথ্যমন্ত্রী উঠে দাঁড়িয়ে বলুন।

**শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বিতর্কিত এই বিজ্ঞাপনটা আমার নজরে এসেছে। আমার মনে হয় এটি অত্যন্ত হীন উদ্দেশ্যপ্রণোদিত। যে ভাষায় এটি খবরের কাগজে তোলা হয়েছে, এ সম্পর্কে আরও গভীর গবেষণা করা দরকার। যারা এইসব বিজ্ঞাপন দিয়েছেন এবং যেভাবে দিয়েছেন, তাদের অনেক বেশি সাবধানতা অবলম্বন করা উচিত। গণতন্ত্র নিশ্চয়ই আছে, কিন্তু গণতান্ত্রিক সুবিধা গ্রহণ করার একটা রীতি-নীতি আছে। সুযোগ এইভাবে, অশালীনভাবে এই রকম প্রচার করার অর্থ হল দেশের যারা সম্মানীয় ব্যক্তি তাদের প্রতি অসম্মান প্রদর্শন করা। আমি মনে করি খবরের কাগজগুলো যথেষ্ট সর্তক হবেন। এই সঙ্গে সঙ্গে আমি এটা মনে করি না যে স্বাধীনতা আছে বলে খবরের কাগজ

পোড়াতে হবে, খবরের কাগজ পুড়িয়ে এর সমাধান হবে। গণতান্ত্রিক পদ্ধতি অনুযায়ী সেটা হওয়া উচিত। কংগ্রেস সুভাষচন্দ্র সম্পর্কে যে কথা বলছে, আমার মনে হয় ওরা ইতিহাস পড়েন নি। ত্রিপুরি কংগ্রেসে কংগ্রেসের সভাপতি নির্বাচনে নেতাজির পক্ষে মাত্র ৩৭টি ভোট পড়েছিল। পরবর্তীকালে ৩৭টি গাধা নিয়ে কলকাতার রাজপথে মিছিল হয়েছিল এবং প্রথম গাধাটির গলায় প্লাকার্ডে প্রফুল্ল ঘোষের নাম ছিল। যারা নেতাজিকে ভোট দিয়েছিলেন তাদের নাম দিয়ে কলকাতার রাজপথে গাধার মিছিল শো করা হয়েছিল। সুভাষ চন্দ্র বসু সম্পর্কে কংগ্রেসের কোনও কথা বলার অধিকার নেই। গান্ধীজির নাম করে দলটি চলছে, কিন্তু ওরা গান্ধীজির নীতি, আদর্শ সবকিছু বিসর্জন দিয়েছে। ভারতবর্ষের মানুষ কংগ্রেসের এই খেলা বুঝে নিয়েছে। আমি সমস্ত ঘটনার তীব্র নিন্দা করছি। এটাই আমি আপনার মাধ্যমে সভাকে জানাতে চাই।

[11-00 — 11-10 A.M.]

**শ্রী শশাঙ্কশেখর মন্ডল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অতি বৃদ্ধ, ৮৮ বৎসর বয়সের একজন বিধানসভার সদস্য। উনি রাগ করে আমার দিকে যেভাবে কাগজ ছুঁড়লেন আমার উপর ঐ রকম রাগ করে কাগজ ছোঁড়ার কি আছে? আমি তো ওদের সঙ্গে ঐ রকম খারাপ ব্যবহার করিনি। আপনারা যে রকম ব্যবহার করেন, আমি বহু দিন থেকে এখানে আছি, এর আগে আরও কংগ্রেসি লোকেরা এখানে এসেছিলেন, তারা কিন্তু আপনাদের মতো ঐ রকম ছোট কাজ করতেন না। আমার বক্তব্য হল উনি তো নেতাজি সুভাষচন্দ্র বসু সম্পর্কে কথা বলতে বলতে মারমুখী হয়ে গেলেন। এই রকম মারমুখী এবং উত্তেজিত হওয়ার কি হল বুঝলাম না। স্যার, আমার নিবেদন হল, এই রকম আচরণ ভবিষ্যতে যাতে না হয় এবং আমার মতো দুর্বল মানুষের উপরে বীর বিক্রমে ঝাঁপিয়ে না পড়েন, এটা আপনি দেখবেন। সুব্রতবাবু প্রতিবাদ করছেন করুন কিন্তু আমাকে কেন মারতে আসবে, আমার দিকে ছুঁড়ে দেবেন কেন? আমি জানি আমার কেন্দ্রে ওরা ৩-৪জনকে গুলি করে মেরেছে। সুতরাং নেতাজি সম্পর্কে যে মন্তব্য কাগজে বেরিয়েছে আমি তার প্রতিবাদ জানাচ্ছি।

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় স্পিকার মহাশয়, আমি মনে করি নেতাজি সম্পর্কে যেভাবে কাগজে বেরিয়েছে এবং তার প্রতিবাদে কাগজ যে সরকারি পক্ষ থেকে পোড়ানো হয়েছে এবং সেটা যে ঠিক হয়েছে বলে সমর্থন করা হয়েছে তার প্রতিবাদে আমি মনে করি এই হাউসে আমার কিছু বলা যুক্তি সঙ্গত এবং সেই ব্যাপারে বলতে গিয়ে যদি মাননীয় সদস্যকে আমি আঘাত করে থাকি তারজন্য আমি দুঃখিত। এই ৮৮ বছরের যুবক যিনি এখানে বসে আছেন তার গায়ে যদি আমি কাগজ ছুঁড়ে থাকি তারজন্য আমি দুঃখিত। কিন্তু সরলদেব এবং কলিমুদ্দিন শামস যেভাবে আনন্দবাজার পত্রিকাকে যেভাবে সি আই এর এজেন্ট বলেছিলেন সেই সময়েও যদি তিনি প্রতিবাদ করতেন তাহলে বুঝতাম তার একটা সমান ব্যালেন্স আছে। আজকে এমন কি সরকারি মদতে রবীনবাবুর মতো লোকও এই কাগজ পোড়ানোকে সমর্থন করলেন। নেতাজি শুধু সারা ভারতবর্ষের নয়, পৃথিবীর কাছে তিনি প্রিয় নেতা। আনন্দবাজার পত্রিকা যেভাবে মন্তব্য করেছে তারজন্য সেই কাগজ পোড়ানো এই নীতি আমরা গ্রহণ করি না। আনন্দবাজার পত্রিকা তো আমাদের পক্ষে যেমন লেখে

তেমনি অনেক সময়ে এবং বেশির ভাগ সময়েই বিপক্ষে লেখে কিন্তু তারজন্য তো আমরা কাগজ পোড়াই না।

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সদস্য ডাঃ মানস ভূঁইয়া এবং শ্রী সুব্রত বাবু যে বক্তব্য রেখেছেন তা সঠিকভাবেই বলেছেন। নেতাজি সুভাষচন্দ্র বসু শুধু ফরওয়ার্ড ব্লকেরই সম্পত্তি নয়, সমস্ত রাজনৈতিক দলেরই তিনি সম্পত্তি। সুতরাং নেতাজিকে নিয়ে আঘাত করলে যেকোনও দেশপ্রেমী মানুষেরই আঘাত লাগবে। আনন্দবাজার পত্রিকা যেভাবে সমালোচনা করে তা অনেক সময়েই আমাদের পছন্দ হয় না। কিন্তু ম্যালেরিয়া রোগ হলে যেমন কষ্ট করেও কুইনাইন ওষুধ খেতে হয় তেমনি গণতন্ত্র প্রিয় মানুষকে এটা জেনে রাখতে হবে সংবাদপত্র সংবাদ অপ্রিয় হলেও তা সহ্য করতে হয়। নেতাজিকে অশ্রদ্ধা করা হয়েছে বলে আজকে ওনারা যে চিৎকার করছেন এক সময়ে তারা কি করেছিল সেকথা কি ভুলে গেছেন। এক সময়ে এই নেতারাই নেতাজিকে তোজর কুকুর বলে পিপলস ইন্ডিয়া তে ছাপিয়েছিল, তখন একমাত্র আনন্দবাজার পত্রিকাই এর প্রতিবাদ করেছিল। আজকে যারা ফরওয়ার্ড ব্লকে আছেন তারা এটাকে ফায়দা লোটবার জন্য এবং মন্ত্রী হওয়ার জন্য এই ধরনের বক্তব্য করছেন। আজকে নেতাজিকে নিয়ে বলার কোনও অধিকার নেই ওদের। ১৯৮৪ সালে কমিউনিস্ট পার্টি যে ২৫ দিনের জন্য আনন্দবাজার পত্রিকা বন্ধ করে দিলেন তখন তো হামলা হয়েছিল আপনাদের মুখে কোনও কথা বেরোয় নি। আজকে ফরওয়ার্ড ব্লক যে গর্বের সঙ্গে এই কাগজ পোড়ানোকে প্রশ্রয় দিচ্ছেন এর ধিক্কার করা উচিত। কমিউনিস্ট দলের নেতা শ্রী শৈলেন দাশগুপ্ত এই কাগজ পোড়ানোকে যেভাবে নিন্দা করেছেন সেইভাবে এখানে কমিউনিস্টদের করা উচিত ছিল। আজকে আনন্দবাজার কাগজকে পোড়ানোতে যারা গর্ব বোধ করছেন তার উপরে বক্তব্য রেখেছেন তাদের আমি ধিক্কার জানাচ্ছি এবং এই ব্যাপারে একটা প্রস্তাব আনা উচিত।

**শ্রী নির্মল দাস ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় নেতাজি সুভাষচন্দ্র বসু শুধু দেশের নেতা নয়, তিনি সারা ভারতবর্ষের এবং পৃথিবীর অন্যতম শ্রেষ্ঠ নেতা। স্বাধীনতা সংগ্রামের যুগে এই আনন্দবাজার পত্রিকা এই দেশপ্রেমী সম্পর্কে একটি বিশেষ ভূমিকা নিয়েছিল কিন্তু গত ২৫ তারিখে যে ভাষায় নেতাজি সুভাষচন্দ্র বসুর উপরে প্রেমের উপাখ্যান নিয়ে কৃষ্ণা বসু বিজ্ঞাপন দিয়েছেন এটা অত্যন্ত লজ্জাজনক বিষয়। আজকে এটাই আমাদের ভাবতে লজ্জা করে যে আনন্দবাজারের মতো কাগজে কৃষ্ণা বসু এই ধরনের বক্তব্য রাখলেন এবং তিনি নিজেও এটা উপলব্ধি করবেন। সুব্রত বাবু এই বিষয় যে আসল কথাটি বলতে গেছিলেন, কিন্তু বলতে গিয়ে তিনি খেই হারিয়ে অন্য প্রসঙ্গে চলে গেলেন, সেই বিষয়ে আমি বলতে চাই যে, এটা খুবই সংবেদনশীল ব্যাপার। আমরা জানি এক সময়ে নেতাজিকে কালিমা লিপ্ত করে তোজর কুকুর বলা হয়েছিল এবং কেন্দ্র সব সময়ে তাকে ভালো চোখে দেখেনি যার জন্য পন্ডিত নেহেরু তাকে তরবারি দিয়ে স্বাগত জানিয়েছিল। কিন্তু দেশপ্রেমী মানুষের কাছে তিনি একটা বিরাট ভূমিকা নিয়ে আছেন এবং সেই ব্যাপারে তার বিরুদ্ধে বিরূপ মন্তব্য হলে বিক্ষোভ আমরা জানাবোই।

**শ্রী দেবপ্রসাদ সরকার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিষয়টি খুবই সংবেদনশীল স্পর্শকাতর।

ভারতবর্ষের স্বাধীনতা সংগ্রামের অপোষহীন যোদ্ধা মহান চরিত্র নেতাজি দেশপ্রেমী মানুষ তার প্রতি সম্মান প্রশ্নাতীত। তার প্রতি এই রকম হলে নিশ্চয় সেটা নিন্দনীয়। আনন্দবাজার পত্রিকায় গত রবিবার যে সাপ্লিমেন্টারি প্রবন্ধ বেরিয়েছে তাতে নিন্দনীয় বা দোষের কিছু নেই, এটা ঠিকই। কিন্তু যে বিজ্ঞাপন বেরিয়েছে সেটা সত্যিই কুরুচিপূর্ণ। আমি মনে করি এই ধরনের বিজ্ঞাপন বেরুনো উচিত নয়। কিন্তু এই কথা ঠিক যে মহাপুরুষের বিবাহিত জীবন সেটাও মহাপুরুষেরই তুল্য। সেখানে জীবন আলেখ্যে আলোচিত হতে পারে, কিন্তু বিক্ষিপ্তভাবে এই ভাবে রচনা প্রবন্ধ বের করা এই মহান চরিত্রের তার সংগ্রামী জীবনকে কিছুটা হাল্কা করতে সাহয্য করে। আমি বিশেষ করে এই বসু পরিবারের যারা এইভাবে পত্রিকা বিক্রি করে ব্যবসা করছে, ব্যবসার উদ্দেশ্য নিয়ে, আমি সেই বসু পরিবারের ব্যবসাকে কনডেম করি। সাথে সাথে আনন্দবাজার পত্রিকাকে যেভাবে পোড়ানো হয়েছে তার তীব্র নিন্দা করছি। এই সম্পর্কে যদি কারুর কোনও বক্তব্য থাকে নিশ্চয় তারা চিঠিপত্র দিয়ে তার বক্তব্য জানাতে পারে, কিন্তু প্রতিবাদ জানাবার এটা গণতান্ত্রিক পদ্ধতি নয়, আমি সেটাকেও নিন্দা করছি।

[11-10 — 11-20 A.M.]

**শ্রী অনিল মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি প্রথমেই ধন্যবাদ দিই। আপনি এই রকম একটা জাতীয় নেতার প্রতি যে অশ্রদ্ধা পরিকল্পিতভাবে করা হয়েছে সেই ব্যাপারে আপনি আজকে আলোচনা করার সুযোগ দিয়েছেন এই বিধানসভায়। অতীতে এই বিধানসভার ইতিহাস নিশ্চয় মনে আছে। গ্রানাডার টিভিতে নেতাজিকে নিয়ে এই শিশির বসু এবং ঐ নেতাজি রিসার্চ ব্যুরোর ডাইরেক্টর, গ্রানাডাকে স্ক্রিপ্ট লিখে দিয়েছেন, যেখানে নেতাজিকে মত্ত অবস্থায় দেখা গিয়েছে। এই অজিতকুমার পাঁজার টিভিতে, যখন তিনি প্রচার মন্ত্রী ছিলেন, তখন নেতাজিকে মত্ত অবস্থায় দেখিয়েছেন তিনি। জনপ্রতিবাদে সেই সিনেমা, টিভিতে দেখানো বন্ধ হয়েছে। কিছুদিন যাবৎ আমরা দেখছি আমাদের জাতীয় নেতা যারা এমন কি মহাত্মা গান্ধীরও আজকে নিন্দা সাম্রাজ্যবাদী পুঁজিবাদীর চক্রান্তের হাত থেকে রেহাই পায়নি—মায়াবতী দেবী কিছুদিন আগে জাতির জনক, যিনি পরম শ্রদ্ধেয় সেই তাঁকেও তারা অপমান করেছে এবং জাতির নেতাদের একটা অপমান করা, তাদের নিয়ে একটা ছেলেখেলা করা, কাগজ বিক্রি করার একটা প্রবণতা ভারতবর্ষের কিছু কিছু সংবাদপত্রের ঐ পুঁজিবাদী সংবাদপত্রের মধ্যে এটা এসেছে। আমি রাজনীতিগতভাবে আশা করেছিলাম এই কংগ্রেসি বন্ধুরা এই বিজ্ঞাপনের ঘটনায় বিশেষ করে সুব্রতবাবু যিনি বামপন্থী একটা ভূমিকায় এখানে মাঝে মাঝে অবতীর্ণ হন, তার কাছ থেকে নেতাজি সম্পর্কে অন্তত কারও কাছ থেকে না হোক, অধ্যাপক সৌগত রায়ের কাছ থেকে আমরা এটা আশা করিনি। কারণ কংগ্রেসের একটা ইতিহাস আছে, যে ইতিহাসে নেতাজি একটা বিশিষ্ট ভূমিকা পালন করেছিল। আনন্দবাজার যে বিজ্ঞাপন দিয়েছিল, যে প্রোভোকেশন দিয়েছিল—সেই প্রোভেকেশনের পরের দিন একটা ঘটনা ঘটেছে। রবিবাসরীয় আনন্দবাজারে কি বেরিয়েছে, অনেকেই হয়ত সেটা পড়েননি। সেখানে লেখা হয়েছে—তিনি নিজেই বলেছিলেন, ''আমার প্রথম এবং একমাত্র ভালবাসা আমার দেশ''। কিন্তু সুভাষচন্দ্রের ভালবাসার সেটাই শেষ কথা নয়। জার্মান-তনয়া এমিলিয়ের প্রেমে রীতিমতো হাবুডুবু খেয়েছিলেন তিনি এবং শেষে গোপনে বিয়েও। সেই প্রেম পর্বের

না-জানা বহু কথা দু'জনের এ যাবৎ অপ্রকাশিত পত্রাবলীর ভিত্তিতে লিখেছেন কৃষ্ণা বসু। কৃষ্ণা বসুর লেখাতে কিন্তু এর নাম গন্ধ নেই। কিন্তু এই প্রোভোকেশনটা কেন দেওয়া হল? পরিকল্পিতভাবে এই প্রোভোকেশনটা দেওয়া হয়েছে এবং ইচ্ছা করেই এটা করা হয়েছে। একজন জাতীয় নেতার চরিত্র হনন করার জন্য কাগজে এই বিজ্ঞাপন দেওয়া হয়েছে। এই অপপ্রচার এবং কুৎসা রটানোর পিছনে আজকে মানুষকে বিকৃত রুচিতে ভারতবর্ষের যুবসমাজকে সুড়সুড়ি দিয়ে আজকে এইসব খবরের কাগজওয়ালারা আজকে তাদের বিপথগামী করছে এবং তারই পরেরদিন বহ্ন্যুৎসব হচ্ছে, তার প্রকাশ। প্রোভোকেশন দেওয়ার জন্যই এই ঘটনা ঘটেছে। আমার পিতাকে যদি কেউ হত্যা করে, আমি সেখানে আইন নিজের হাতে তুলে নেব এবং সেখানে নিশ্চয় যত অপরাধ হোক আমি করব। আর এই আনন্দবাজারের দালালরা এখানে দাঁড়িয়ে কথা বলছে, আজকে এই সমস্ত দালালদের চিনে রাখতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতীতেও আমরা দেখেছি নেতাজি সুভাষচন্দ্র বসুকে রামাইয়া কংগ্রেস থেকে বিতাড়িত করেছিল। ভারতবর্ষের রাজনীতিতে কংগ্রেস থেকে নেতাজিকে বিতাড়িত করা হয়েছিল, সেইজন্য কংগ্রেস কখনও অনুশোচনা করেননি। তারা আজ পর্যন্ত কখনই বলেননি কংগ্রেস ভুল করেছিল নেতাজিকে দল থেকে তাড়িয়ে। আজকে তারই প্রতিধ্বনি এবং সেই সুর এখনও কংগ্রেসে বাজছে। তারা আজকে আনন্দবাজারের মতো বহুজাতিক ব্যবসায়ী, একচেটিয়া, পুঁজিপতিদের স্বার্থ রক্ষা করে এবং এটাই স্বাভাবিক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটাই তাদের স্বভাবসিদ্ধ কাজ। নেতাজিকে আজকে যে বিজ্ঞাপনের মাধ্যমে অপমানিত করা হয়েছে, তাকে আজকে কংগ্রেস সমর্থন করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি। আমি অনুরোধ করব এবং এই কাজের আমি তীব্র নিন্দা করছি এবং ক্ষোভ প্রকাশ করছি।

**শ্রী কামাখ্যাচরণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আনন্দবাজারে যে বিজ্ঞাপন বেরিয়েছে তা আমি দেখেছি। এই রকম ঘটনা আনন্দবাজারে প্রথম নয়। সারা ভারতবর্ষের চারিদিকে সাম্রাজ্যবাদী শক্তি আমাদের দেশের জাতীয় যেসব নেতা আছেন, তাদের বিরুদ্ধে ওরা কুৎসা প্রচার করছে। জওহরলাল নেহেরু সম্পর্কে ইংরাজি একটা মাসিক পত্রিকায় একটি লেখা বেরিয়েছিল। আমাদের দেশের যুবকদের সামনে আমাদের জাতীয় নেতাদের সম্বন্ধে তারা অপপ্রচার চালাচ্ছে। কাজেই আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমি আশা করব আনন্দবাজার পত্রিকা এটা শুধরে নেবেন।

**ডাঃ জয়নাল আবেদিন ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে এত গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হচ্ছে এবং সরকার পক্ষের মাননীয় মন্ত্রীও হাউসে আছেন। সরকারের প্রকৃত অবস্থাটা কোথায় সেটা তিনি বলছেন না। ডেপুটি স্পিকার এখানে আইন হাতে তুলে নেবার কথা বললেন। তারপরেও কি ডেপুটি স্পিকার মহাশয় ডেপুটি স্পিকার হিসাবে থাকবে, না এই হাউসের সদস্য থাকবে। আইন কতবার আপনারা নিজের হাতে তুলে নিয়েছেন?

(গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যেটা বড় প্রশ্ন সে ব্যাপারে আমি আপনার কাছে স্পষ্ট রুলিং চাই। আপনার ডেপুটি স্পিকার কি একথা বলতে পরেন যে, আমি আইন

নিজের হাতে তুলে নেব? আমি পরিষ্কারভাবে এসম্পর্কে আপনার কাছে জানতে চাই। দু নং কথা হল, আপনি এখানে অবজারভ করেছেন যে এখানে আমাদের সংযত হয়ে কথা বলা দরকার। মন্ত্রী সভার সদস্যরা বলবেন, আনন্দবাজার সি আই এ-এর এজেন্ট? আমি স্যার, অবস্থাটা পরিষ্কার করে জানতে চাই, মন্ত্রী সভার সদস্য বলবেন, 'আনন্দবাজার পুড়িয়েছি, বেশ করেছি'? আমরা জানতে চাই, আজকে এই জঙ্গলের রাজত্বে মাননীয় মুখ্যমন্ত্রী কি বলেন? বামফ্রন্ট মন্ত্রী সভার সিদ্ধান্ত কি? সংবাদপত্রের স্বাধীনতা থাকবে কিনা?

(গোলমাল)

স্যার, এই সি পি এম যখন আনডিভাইডেড ছিল তখন নেতাজি সম্বন্ধে এরা কি না বলেছে? নেতাজিকে কোথায় নিয়ে গিয়েছে—কুকুর, শেয়ালের সঙ্গে তুলনা করেছে। আর এদের আজকে নেতাজি না থাকলে অবস্থান থাকে না। এদের বাইরে ধোলাই হবে সেইজন্য আজকে এরা নেতাজিকে জপমালা করছে। আজকে স্যার, এ সম্পর্কে সরকারের অবস্থানটা আমি পরিষ্কার ভাবে জানতে চাই। আমি তিনটি বিষয় রুলিং চাই। আমি তো এটা প্রিভিলেজ আনতে বলব সুব্রতবাবু, সৌগতবাবুদের ডেপুটি স্পিকার যে কথা বলেছেন সেটা যদি আপনি এক্সপাঞ্জ না করেন। আমি তাহলে প্রিভিলেজ আনবার জন্য আমার দলকে অনুরোধ করব। দু নং কথা হচ্ছে, এর আগে যে বিষয়টা এখানে এসেছে, মাননীয় মুখ্যমন্ত্রী এখন এখানে নেই কিন্তু সংশ্লিষ্ট মন্ত্রী আছেন, সে সম্পর্কেও সরকারের অবস্থানটা কি সেটা আমরা জানলাম না— তদন্ত হবে, কি হবে না? এরা বরখাস্ত হবেন, কি হবেন না? পদত্যাগ করবেন, কি করবেন না? আজকে যে মহিলার নামটা উঠেছে রবীন মন্ডল এখানে গোপনে এসে ওর নামটা বলতে চাইছেন না কারণ তার উপর হামলা হতে পারে। মহিলাদের উপর হামলা হবার প্রবণতা দেখা দিয়েছে। আপনারা গোপন রাখুন, তাকে প্রোটেকশন দিন কিন্তু মানুষের কাছে ধিক্কার তার প্রাপ্য। তারপর আমি আর্টিকেল ১৯-এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করব। আপনি কি এটা পারেন করতে .......

(গোলমাল)

স্যার, এই এম এল এ-রা পরীক্ষা দিতে গিয়ে নকল করে। রিগিং করে পাশ করেছে, পরীক্ষা দিয়ে পাশ করে নি। নকল করে পাশ করেছে। এখানে রিগিং করে জিতে এসেছে। সবটাতে রিগিং চলে না ভাই। আজকে একটা ডিগবাজি খাও। মহাত্মা গান্ধীর নাম যেন কে করল এখানে। এর পর মহাত্মা গান্ধী জাতীর জনক, তোমরা বল যে মহাত্মা গান্ধী আমাদের বাবা, আমরা মেনে নেব। এসব করলে হওয়া যায় না। এখানে কান্তিবাবু আছেন, তার কাছে জানতে চাই, আপনাদের সরকারের সংবাদপত্র সম্পর্কে নীতি কি? তাদের পুড়িয়ে দেবেন না, তাদের স্বাধীনতা থাকবে? Whether democracy will be raped in full view of the world? আর অচিন্ত্যবাবুর কথাও আমরা শুনতে চাই। আর ডেপুটি স্পিকার যদি এটা প্রত্যাহার না করেন, আপনি এক্সপাঞ্জ না করেন সুব্রতবাবুদের আমি অনুরোধ করব, we will move a motion of privilege ওর তো চেয়ারম্যান থাকার অধিকার নেই। কোনওটাই যদি না করেন তাহলে আমরা টোকেন ওয়াক আউট করতে বাধ্য হব। আমরা এখানে এর পরে বসতে পারি না। স্যার, আপনি রুলিং দিন।

[11-20 — 11-30 A.M.]

**শ্রীমতী ছায়া ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় বলতে চাই। তখন থেকে অবাক হয়ে আমরা লক্ষ্য করলাম যে আমাদের মাননীয় বিরোধী বিধায়কগণ নেতাজিকে বাদ দিয়ে আনন্দবাজার পত্রিকা নিয়ে তারা খুব লাফালাফি করলেন। খুব দুঃখ লাগলো দেখে। কারণ নেতাজি সুভাষচন্দ্র বসু—এটা ঠিকই তিনি শুধু ফরওয়ার্ড ব্লকের নয়, সারা বিশ্বের একজন বিপ্লবী নেতা বলে তিনি পরিচিতি এবং সমস্ত মানুষ আজকে তাকে ভালবাসে এবং আমরা যখন লক্ষ্য করলাম কিছুদিন ধরে নেতাজি সম্পর্কে সমস্ত ভারতবর্ষের মানুষ জানতে চাইছে, বুঝতে চাইছে এবং তার পথ অনুকরণ করতে চাইছে, সেই মুহূর্তে আজকে এই ধরনের আনন্দবাজার পত্রিকার মতো একটা পত্রিকা, যে পত্রিকা বহুল প্রচারিত এবং আমরা প্রত্যেকে সেটা পড়ি, তারা এই কাজ করল। ৭৬ সালে শিয়ালদহ স্টেশনে আপনারা 'বাংলাদেশ' পত্রিকাটাকে পোড়ালেন। যারা ৭৬ সালে বাংলাদেশ পত্রিকা পুড়িয়েছিলেন তারাই আজকে গণতন্ত্রের কথা বলে গেলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অত্যন্ত বিস্ময়ের সঙ্গে লক্ষ্য করছি, কোনও বিপ্লবী জন্ম গ্রহণ করলে, দেশকে ভালবাসলে, তার জীবনে যেন প্রেম ভালবাসা আসতে পারে না, এটা ঠিক নয়। আসতেই পারে। কিন্তু সেটা এখন কুরুচি পূর্ণ ভাবে আনন্দবাজার পত্রিকা পরিবেশন করেছে সেটা শুধু আমাদের নয়, ভারতবর্ষের মানুষের নয়, আজকে প্রত্যেকের মনে একটা লজ্জা জাগায়। তাই আপনার মাধ্যমে আনন্দবাজার পত্রিকাকে আমি অনুরোধ করি যে এই পত্রিকাটি বহুল প্রচারিত, সারা ভারতবর্ষে প্রচারিত, সেই রকম একটা পত্রিকার কাছ থেকে আজকে এই ধরনের বিজ্ঞাপন সাংঘাতিক ভাবে রিপারকশন সৃষ্টি করেছে মানুষের মধ্যে এবং গোটা গণতন্ত্রপ্রিয় মানুষের মধ্যে। আমরা গণতন্ত্রপ্রিয় মানুষ, গণতন্ত্রের প্রতি বিশ্বাসী মানুষ, আমরা চাই যে সঠিক তথ্যটা আজকে প্রকাশ হোক এবং আরও চাই আনন্দবাজার পত্রিকা, যে পত্রিকায় আজকে এই ধরনের একটা বিজ্ঞাপন প্রকাশিত হয়েছে, তারা এটা প্রকাশ করার জন্য মানুষের কাছে, গণতন্ত্রপ্রিয় মানুষের কাছে এবং নেতাজি সুভাষচন্দ্র বসুর প্রতি যারা বিশ্বাসী, আস্থাশীল সেই মানুষদের কাছে এটা তারা বলুন যে হ্যাঁ তাদের অন্যায় হয়েছে এবং যে কৃষ্ণা বসু এই ধরনের বার বার একটা ব্যবসা, করবার করার চেষ্টা করছে এবং তার ফ্যামিলির প্রত্যেকে নেতাজি সুভাষচন্দ্র বসুকে নিয়ে যে ব্যবসা করছে সেই সঠিক তথ্যটাই আনন্দ বাজার পত্রিকার মাধ্যমে এটা প্রকাশিত হক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমরা খুব চিন্তিত এবং আমরা আজকে খুব বিভ্রান্ত, আনন্দবাজার পত্রিকার মতো আজকে অন্যান্য কোনও পত্রিকা যদি এই ভাবে অনুসরণ করে তবে হয়তো একটা দুর্ঘটনা ঘটে যাবে, কারণ যে ঘটনা ২৫ তারিখে ঘটেছে, এটা একটা প্ররোচনা মূলক এবং একটা প্রভোকেশন সৃষ্টি করা হয়েছে আনন্দবাজার পত্রিকার মাধ্যমে। কাজেই তাদের কাছে আমাদের অনুরোধ আজকে অ্যাসেম্বলির মাধ্যমে আমরা আনন্দবাজার পত্রিকাকে জানাতে পারি যে পরবর্তী ক্ষেত্রে তারা এই ভাবে কৃষ্ণা বসুর চিঠি ছাপিয়ে এবং তার ফ্যামিলি নেতাজি সুভাষচন্দ্র বসুর চরিত্র হনন করে যে সমস্ত কথাবার্তা বললেন, তারা যেন এই ভাবে তা না ছাপান। আমরা প্রতিবাদ জানিয়েছি এবং পরবর্তী ক্ষেত্রে আমি এটা বলে দিতে চাই, এটা আইনকে হাতে নেওয়া নয়, আমরা এটা স্পষ্ট ভাবে বলে দিতে চাই, পরবর্তী ক্ষেত্রে কোনও পত্রিকায় নেতাজি সম্বন্ধে

যদি কোনও কটুক্তি সংবাদপত্রের মাধ্যমে যদি বেরোয় ফরওয়ার্ড ব্লক নিশ্চয়ই তার প্রতিবাদ করবে, ফরওয়ার্ড ব্লকের ছেলেরা করবে এবং ফরওয়ার্ড ব্লকের বাইরের বহু মানুষ রয়েছেন যে সমস্ত জনগণ, যারা নেতাজি সুভাষচন্দ্র বসুকে ভালবাসেন তারা প্রতিবাদ করবেন। হয়তো অনেকে প্রতিবাদ করতে পারেন নি, কিন্তু ২৫ তারিখে যে প্রতিবাদ হয়েছে তার জন্য বহু মানুষ আজকে সন্তুষ্ট পশ্চিমবাংলার, এই বলে আমি আনন্দবাজার পত্রিকাকে অনুরোধ জানাই যে পরবর্তী ক্ষেত্রে এই ধরনের তারা যেন নেতাজি সম্বন্ধে, শুধু নেতাজি নয়, আমাদের জাতীয় কোনও নেতা সম্পর্কে এই ধরনের বিজ্ঞাপন যেন না ছাপান। তাদের প্রতি রিগার্ড আনন্দবাজার পত্রিকার থাকুক, এটাই তাদের কাছে আমাদের প্রত্যাশা।

**Mr. Speaker :** There will be no question today. There is no time for question.

## Starred Questions
## (to which written answers were laid on the Table)

### জেলাখানাতে বন্দির অস্বাভাবিক মৃত্যু

*৩২৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২) **শ্রী আব্দুল মান্নান ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যের জেলখানাগুলিতে ১৯৯০ থেকে ১৯৯৩ সালের ডিসেম্বর পর্যন্ত কতজন বন্দির অস্বাভাবিক মৃত্যু হয়েছে ; এবং

(খ) ঐ মৃত্যুর কারণ অনুসন্ধানে কি কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের জেলখানাগুলিতে ১৯৯০ থেকে ১৯৯৩ সালের ডিসেম্বর পর্যন্ত ১৮ (আঠার) জন বন্দির অস্বাভাবিক মৃত্যু হয়েছে।

(খ) উল্লেখিত অস্বাভাবিক মৃত্যুর ফরেন অনুসন্ধানে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করা হয়েছে—

(১) ম্যাজিস্ট্রেট পর্যায়ে অনুসন্ধান (ইনকোয়েস্ট) ও ময়না তদন্ত (পোস্ট মর্টেম)।

(২) স্থানীয় থানায় এই মৃত্যু সংক্রান্ত কেস রুজুকরন।

(৩) বিভাগীয় তদন্ত ও কারণ নির্ণয়।

### শস্যহানির জন্য ক্ষতিপূরণ

*৩২৫। (অনুমোদিত প্রশ্ন নং *১২১) **শ্রী শিবপ্রসাদ মালিক ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩ সালের বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে এই রাজ্যে শস্যহানির পরিমাণ কত ; এবং

(খ) ক্ষতিগ্রস্ত কৃষকদের ক্ষতিপূরণ ও আর্থিক সাহায্য দেওয়ার কোনও পরিকল্পনা সরকারের পক্ষ থেকে নেওয়া হয়েছে কি না?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৯৯৩ সালে বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে এ রাজ্যে মোট ১ লক্ষ ৪৪ হাজার ৩ শত ৭৭ হেক্টর জমির ফসল নষ্ট হয়েছে। ফসল হানির মোট পরিমাণ ২ লক্ষ ২১ হাজার ৩ শত ৪১ টন যার আনুমানিক মূল্য ৭৯ কোটি ১ লক্ষ ৬৬ হাজার ৮ শত টাকা।

(খ) হ্যাঁ, হয়েছিল। বিভিন্ন শস্যবীজের মোট ৬ লক্ষ ৬৯ হাজার ২ শত ৭২টি মিনিকিট ও ৫ কোটি টাকার স্বল্প মেয়াদি কৃষি উপকরণ ঋণ ক্ষতিগ্রস্ত কৃষকদের মধ্যে বিতরণ করা হয়েছিল। এ ছাড়া ভরতুকিতে শস্যবীজ বিতরণ করা হয়েছিল ৩ হাজার ৫ শত ১৩ টন ৫০ কিলোগ্রাম।

**দমদম জেলে মানসিক প্রতিবন্ধীর মৃত্যু**

*৩২৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৮) শ্রী মানিক ভৌমিক ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দমদম জেলে অক্টোবর ৯৩ থেকে জানুয়ারি ৯৪ পর্যন্ত সময়ে ১৫ জন মানসিক প্রতিবন্ধী বন্দি মারা গেছেন ;

(খ) সত্যি হলে, এর কারণ কি ;

(গ) এই ঘটনায় কোনও তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে কি না ; এবং

(ঘ) বর্তমানে উক্ত জেলে কতজন মানসিক প্রতিবন্ধী বন্দি আছে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১লা অক্টোবর ৯৩ থেকে ৩১শে জানুয়ারি ৯৪ পর্যন্ত দমদম জেলে ৭(সাত জন মানসিক প্রতিবন্ধী বন্দি মারা গেছেন ১৫ জন নয়। এর মধ্যে ৩ জনের মৃত্যু কলকাতা মেডিকেল হাসপাতালে ও ৪ জনের মৃত্যু জেল হাসপাতালে হয়েছে।

(খ) এই ৭ (সাত) জন প্রতিবন্ধী বন্দি দীর্ঘদিন নানাবিধ রোগে ভুগছিলেন। এরা সকলে জেল হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। বিশদ পরীক্ষা ও পরামর্শের জন্য এদের একাধিকবার বাইরে সরকারি হাসপাতালে পাঠানো হয়েছিল। দীর্ঘ রোগ ভোগের পর এদের মৃত্যু হয়। এদের সকলের মৃত্যু স্বাভাবিক।

(গ) উপরোক্ত ৭ (সাত) জনের মৃত্যুর ক্ষেত্রে যেহেতু কোনওটাই অস্বাভাবিক মৃত্যুর পর্যায়ে পড়ে না, এ ব্যাপারে কোনও তদন্তের নির্দেশ দেওয়া হয়নি।

(ঘ) বর্তমানে দমদম জেলে মোট ১৯৩ জন মানসিক প্রতিবন্ধী বন্দি আছে। তার মধ্যে নিরপরাধ মানসিক প্রতিবন্ধী বন্দি ও অপরাধী মানসিক প্রতিবন্ধী বন্দির সংখ্যা যথাক্রমে ১২৫ ও ৬৮ জন।

## রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় ভরতুকি

*৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৮০) **শ্রী তপন হোড় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহন সংস্থাগুলিকে ১৯৯৩-৯৪ আর্থিক বছরে (ডিসেম্বর মাস পর্যন্ত) মোট কত টাকা ভরতুকি দেওয়া হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— মোট ২৯২২.০৬ লক্ষ টাকা

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— মোট ৯২০.০০ লক্ষ টাকা

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা— মোট ৬৩৩.৪২ লক্ষ টাকা

কলকাতা ট্রামওয়েজ কোং লিমিটেড— মোট ১৪২৬.৪৭ লক্ষ টাকা

## উন্নতমানের বীজ সরবরাহে ডাঙ্কেল প্রস্তাবে শর্তাবলী

*৩২৮। (অনুমোদিত প্রশ্ন নং *১০১১) **শ্রী অতীশচন্দ্র সিনহা :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ডাঙ্কেল প্রস্তাব বাস্তবায়িত হলে উন্নতমানের বীজ সরবরাহের ক্ষেত্রে কোনও অসুবিধা দেখা দেবে কি না ; এবং

(খ) দেখা দিলে সেগুলি কি কি, এবং তা দূর করার জন্য সরকার কোনও চিন্তা ভাবনা করছেন কি না?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) উন্নতমানের বীজ সরবরাহের ক্ষেত্রে ডাঙ্কেল প্রস্তাবের শর্তাবলী কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সরকারিভাবে এখনও কৃষি বিভাগে এসে পৌছায়নি। তাই সুবিধা বা অসুবিধার কথা এখনই বলা সম্ভব নয়।

(খ) উন্নতমানের বীজ সরবরাহের শর্তাবলী পেলে সেগুলো পরীক্ষা করে কিকি অসুবিধা দেখা দেবে আমরা জানতে পারব এবং তা দূর করার জন্য ব্যবস্থা নেবার চিন্তা ভাবনা করতে পারব।

### রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র

*৩২৯। (অনুমোদিত প্রশ্ন নং *৬২৭) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনের বিষয়টি এখন কি অবস্থায় আছে?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

রডন স্কোয়ারে প্রস্তাবিত কলকাতা সংস্কৃতি কেন্দ্রের খসড়া প্রকল্প ও নক্‌সা বিস্তারিত নিরীক্ষা ও প্রয়োজনীয় সংশোধনের জন্য সি এম ডি এ কর্তৃপক্ষের বিবেচনাধীন রয়েছে। প্রতিবেদন পাওয়া গেলে প্রকল্পটি নক্‌সা সহ চূড়ান্ত করা হবে।

*330-Heldover

### কৃষি পেনশন

*৩৩১। (অনুমোদিত প্রশ্ন নং *৬৯০) **শ্রী সুরেন্দ্রনাথ মাজি ঃ** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় মোট কত জন গরীর বৃদ্ধ চাষী কৃষি পেনশন পেয়ে থাকেন ; এবং

(খ) পঞ্চায়েত সমিতিভিত্তিক তার সংখ্যা কত?

**কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) পুরুলিয়া জেলায় মোট ১১৯৩ জন গরীব চাষী কৃষি পেনশন পেয়ে থাকেন।

(খ) পঞ্চায়েত সমিতি ভিত্তিক তার সংখ্যা নিম্নরূপঃ—

| | | |
|---|---|---|
| ১। | ঝালদা (১) | ৪৩ জন |
| ২। | ঝালদা (২) | ৪৫ জন |
| ৩। | জয়পুর | ১৬ জন |
| ৪। | আরসা · | ৭৫ জন |
| ৫। | বাগমুন্ডি | ১১১ জন |
| ৬। | বলরামপুর | ৬৮ জন |
| ৭। | বরাবাজার | ৭৪ জন |
| ৮। | বানদোয়ান | ৩৩ জন |
| ৯। | মানবাজার (১) | ৩৫ জন |
| ১০। | মানবাজার (২) | ১৮ জন |
| ১১। | রঘুনাথপুর (১) | ৪০ জন |

| | | |
|---|---|---|
| ১২। | রঘুনাথপুর (২) | ২০ জন |
| ১৩। | নেতুড়িয়া | ২০ জন |
| ১৪। | সাঁতুড়ি | ৭৫ জন |
| ১৫। | কাশীপুর | ১০৪ জন |
| ১৬। | হুড়া | ১১১ জন |
| ১৭। | পুঞ্চা | ১২৫ জন |
| ১৮। | পুরুলিয়া (১) | ৫৩ জন |
| ১৯। | পুরুলিয়া (২) | ৩২ জন |
| ২০। | পারা | ৮২ জন |
| ২১। | রঘুনাথপুর মিউনিসিপ্যালিটি | — |
| | | মোট ১১৯৩ জন। |

**রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম**

*৩৩২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৪৫) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** কৃষি (ক্ষুদ্রসে বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম আছে ; এবং

(খ) এর মধ্যে কতগুলি ডিজেল দ্বারা ও কতগুলি বিদ্যুত দ্বারা চালিত হয়?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪২৬টি।

(খ) ডিজেল দ্বারা চালিত রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীমের সংখ্যা ৩৩৪টি এবং বিদ্যু চালিত রিভার লিফ্‌ট ইরিগেশনে স্কীমের সংখ্যা ৯২টি।

*333-Heldover

**মহিলা বন্দিদের নিরাপত্তা**

*৩৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১৯১) **শ্রী শক্তি বল ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) রাজ্যের জেলখানাগুলিতে মহিলা বন্দিদের নিরাপত্তার কিরূপ ব্যবস্থা রয়েছে ; এব

(খ) সম্প্রতি বন্দিনীদের নিরাপত্তাহানিকর কোনও ঘটনা কোনও একটি জেে ঘটেছে—একথা সত্যি কি না?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের জেলখানাগুলিতে মহিলা বন্দিদের উপযুক্ত নিরপাত্তার ব্যবস্থা রয়েছে। মহিল

বন্দিদের আবাসন (মহিলা ওয়ার্ড), পুরুষ বন্দিদের আবাসন (পুরুষ ওয়ার্ড) থেকে সম্পূর্ণ আলাদা জায়গায় অবস্থিত। সেখান থেকে পুরুষ বন্দিদের আবাসন দেখাও যায় না। মহিলা বন্দিদের নিরাপত্তার জন্য দিন রাত্রি মহিলা কারারক্ষীরা দায়িত্বে থাকেন। মহিলা বন্দিরা যখন আদালতে বা অফিসে যান, তখনও মহিলা কারারক্ষীরা নিরাপত্তার খাতিরে তাদের সঙ্গে থাকেন। মহিলা ওয়ার্ডের ভিতর তাদের জন্য পৃথক ব্যবস্থা হাসপাতালে আছে। মহিলা ওয়ার্ডে পুরুষ কর্মীদের প্রবেশের ব্যাপারে বিশেষ কড়াকড়ি আছে। জরুরি প্রয়োজনে একমাত্র মহিলা কারারক্ষী ও হেড ওয়ার্ডারের উপস্থিতিতেই সেখানে যাওয়া যায়। এছাড়া রাত্রিবেলা মহিলা ওয়ার্ড খোলার প্রয়োজন হলে জেলারকে সঙ্গে থাকতে হয়।

(খ) সম্প্রতি এরকম কোনও ঘটনার অভিযোগ পাওয়া যায় নি।

## বন্ধ হিমঘর

*৩৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৩২২) **শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে বন্ধ হিমঘর-এর সংখ্যা কত ;

(খ) হিমঘরগুলি চালু করার জন্য সরকারি কি পদক্ষেপ গ্রহণ করেছেন ; এবং

(গ) রাজ্যে নতুন কোনও সমবায় হিমঘর করার প্রস্তাব রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি না?

**কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৫৩টি।

(খ) বন্ধ হিমঘরগুলির অধিকাংশই বেসরকারি। মালিকদের সঙ্গে যোগাযোগ করে এগুলি চালু করা যায় কিনা চিন্তা ভাবনা চলছে।

(গ) এ বিভাগে এরূপ কোনও প্রস্তাব নেই।

## মেদিনীপুর সেন্ট্রাল জেলে সাজাপ্রাপ্ত বন্দি

*৩৩৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৩৯০) **শ্রীমতী নন্দরানী দল ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে মেদিনীপুর সেন্ট্রাল জেলে সাজাপ্রাপ্ত বন্দির সংখ্যা কত ; এবং

(খ) এদের মধ্যে কত জন বন্দির সাজার মেয়াদ শেষ হয়েছে?

**স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে মেদিনীপুর সেন্ট্রাল জেলে সাজা প্রাপ্ত বন্দির সংখ্যা—৫২২ (পুরুষ) এবং ৯ মহিলা।

(খ) এদের মধ্যে কাহারও সাজার মেয়াদ শেষ হয়নি।

**আলিপুরদুয়ারে সুকান্ত ভবন**

*৩৩৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৪৩) **শ্রী নির্মল দাস :** তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) আলিপুরদুয়ারের সুকান্ত ভবন নির্মাণে আর্থিক বরাদ্দ কত ;

(খ) কত বছর ধরে নির্মাণ কাজ চলছে ; এবং

(গ) কবে নাগাদ উক্ত কাজ শেষ হবে বলে আশা করা যায়?

**তথ্য ও সংস্কৃতি বিষয়ক বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) আলিপুরদুয়ারের শিশু সুকান্ত ভবন নির্মাণের জন্য এ পর্যন্ত ২,৫০,০০০ টাকা সরকারি অনুদান মঞ্জুর করা হয়েছে।

(খ) ১৯৮০ সালে নির্মাণ কাজ শুরু হয়।

(গ) বেসরকারি সুকান্ত ভবন নির্মাণ কমিটির সম্পাদকের মতে অর্থের সংস্থান হলে এক বছরের মধ্যে নির্মাণের কাজ সমাপ্ত হবে।

*338-Heldover

**দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ডিপো**

*৩৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮০) **শ্রী মৃণালকান্তি রায় :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দিঘাতে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ডিপো নির্মাণে বিলম্ব হবার কারণ কি ;

(খ) দিঘা উন্নয়ন কর্তৃপক্ষ থেকে যে বাস টার্মিনাসটি নেওয়ার কথা ছিল তা নেওয়া হয়েছে কি না ; এবং

(গ) নেওয়া হলে, কি শর্তে নেওয়া হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) ডিপো নির্মাণের জন্য সম্পূর্ণ জমি এখনও হস্তান্তর হয় নাই।

(খ) এখনও হস্তান্তর হয় নাই।

(গ) সরকারি নির্দেশে বর্তমান বাস স্ট্যান্ড ম্যানেজমেন্ট কমিটির ১২ জন কর্মীকে চাকুরি দেওয়ার শর্তে জমি হস্তান্তরের সিদ্ধান্ত হইয়াছে।

**দুধের চাহিদা ও যোগান**

*৩৪০। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৭৭) **শ্রী অমিয় পাত্র :** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে বর্তমানে দুধের দৈনিক গড় চাহিদা কত ;

(খ) চাহিদার কত অংশ সরকারি ব্যবস্থায় সরবরাহ করা হয় ;

(গ) দুধের চাহিদা পূরণের জন্য অন্য রাজ্য থেকে তরল দুধ/গুঁড়ো দুধ আনতে হয় কি না ; এবং

(ঘ) হলে, তার পরিমাণ কত?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) দৈনিক মাথাপিছু ২১০ গ্রাম হারে রাজ্যে দৈনিক দুধের গড় চাহিদা আনুমানিক ১৪,২৮০ মেট্রিক টন।

(খ) রাজ্যে দৈনিক দুধের গড় সরবরাহ আনুমানিক ৯,০৪১ মেট্রিক টন।

(গ) হ্যাঁ।

(ঘ) রাজ্য সরকার দৈনিক গড়ে ৩০ হাজার লিটার তরল দুধ, ১০ টন গুঁড়ো দুধ ও ১ টন মাখন বাইরে থেকে আনেন। এছাড়া মাদার ডেয়ারি দৈনিক গড়ে ৮১.৫১ টন তরল দুধ এবং ৩.৪৫ টন গুঁড়ো দুধ বাহিরে থেকে আনে।

### আলিপুরদুয়ার-রাঁচী উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহনের বাস

*৩৪১। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৭৬) **শ্রী মনোহর তিরকী ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

আলিপুরদুয়ার থেকে রাঁচী পর্যন্ত উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার আরও বাস চালাবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

বর্তমানে নাই।

### মেদিনীপুর জেলায় নিয়ন্ত্রিত বাজার

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৯২১) **শ্রী প্রশান্ত প্রধান ঃ** কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় কতগুলি এবং কোথায় কোথায় নিয়ন্ত্রিত বাজাব আছে ; এবং

(খ) ভগবানপুর ব্লকের অন্তর্গত বাজকুলে নিয়ন্ত্রিত বাজার স্থাপনের কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

**কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) মেদিনীপুর জেলায় বর্তমানে চারটি নিয়ন্ত্রিত বাজার কমিটি আছে যার নাম হল

(১) বাঁকুড়া নিয়ন্ত্রিত বাজার কমিটি

(২) চন্দ্রকোনা নিয়ন্ত্রিত বাজার কমিটি

(৩) তমলুক নিয়ন্ত্রিত বাজার কমিটি

(৪) মেদিনীপুর সদর (নর্থ) নিয়ন্ত্রিত বাজার কমিটি।

(খ) ভগবানপুর থানা সহ সমগ্র কন্টাই মহকুমা নিয়ে কন্টাই নিয়ন্ত্রিত বাজার কমিটি গঠনের প্রস্তাব সরকারি পর্যায়ে বিবেচনাধীন আছে।

**সুন্দরবনে মোবাইল ভেটেরিনারি স্কীম**

*৩৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৩০) **শ্রী সুভাষ নস্কর :** প্রাণিসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সুন্দরবনে মোবাইল ভেটেরিনারি স্কীমের কাজকর্ম বর্তমানে বন্ধ আছে ; এবং

(খ) সত্যি হলে, উক্ত স্কীমটি চালু করতে সরকার কি পদক্ষেপ নিয়েছেন/নিচ্ছেন?

**প্রাণিসম্পদ-বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) সুন্দরবনের বাসন্তী, গোসাবা, পাথরপ্রতিমা, হাসনাবাদ ও সন্দেশখালি ১নং ব্লকগুলিতে সুন্দরবন উন্নয়ন পর্ষদের অনুমোদনে ভ্রাম্যমান ভেটেরিনারি স্কীম (যন্ত্রচালিত নৌকার দ্বারা) চালু ছিল। কিন্তু বর্তমানে সুন্দরবন উন্নয়ন পর্ষদের অনুমোদন না পাওয়ায় বাসন্তী ও পাথর প্রতিমাতে এই স্কীমটা চালানো সম্ভব হয়নি। বিভাগীয় উদ্যোগে আর্থিক সীমাবদ্ধতার মধ্যে দক্ষিণ চব্বিশ পরগনার গোসাবাতে এবং উত্তর চব্বিশ পরগনার হাসনাবাদ ও সন্দেশখালি ১নং এ এই স্কীমটি চালু রাখা গেছে।

(খ) বাসন্তী কেন্দ্রটি অতি শীঘ্র চালু করার ব্যবস্থা নেওয়া হচ্ছে।

**পুরুলিয়া জেলায় রেগুলেটেড মার্কেট**

*৩৪৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৩২৭) **শ্রী নিশিকান্ত মেহেতা :** কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলায় কতগুলি রেগুলেটেড মার্কেট আছে ;

(খ) ঝালদা ও রঘুনাথপুর মহকুমাকে নিয়ে নতুন রেগুলেটেড মার্কেট গঠন করার কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(গ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনা কার্যকর হবে বলে আশা করা যায়?

**কৃষি (কৃষি-বিপনন) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :**

(ক) পুরুলিয়া জেলায় বর্তমানে একটি রেগুলেটেড মার্কেট কমিটি আছে।

(খ) হ্যাঁ আছে। সত্বর বলে আশা করা যায়।

## Unstarred Questions
## (to which written answers were laid on the Table)

### কয়লাখনি কর্মী

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১২৩) শ্রী শিবপ্রসাদ মালিক : শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

রাজ্যের কয়লাখনিগুলিতে নিযুক্ত স্থায়ী ও অস্থায়ী কর্মীর সংখ্যা এবং তাদের মজুরির হার কত?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

রাজ্যের কয়লাখনিগুলিতে স্থায়ী কর্মীর সংখ্যা ১,৪৬,২৭৩ জন এবং অস্থায়ী কর্মীর সংখ্যা ৫৭০ জন।

মজুরির হার সম্বন্ধে একটি বিবরণী নিচে দেওয়া হল।

**List of Executives and Non-executives under different groups as per Ministry of Finance**

| Groups | Executives | Non-executives under NCWA-III other than Assam Coalfields Ltd. | |
|---|---|---|---|
| | | Grade/Category | Scale of Pay |
| | | | Rs |
| | E-2 | | 2500-5150/- |
| | E-3 | | 3700-5900/- |
| | E-4 | | 4600-6470/- |
| | E-5 | | 5200-6875/- |
| | M-1 | | 5750-7325/- |
| | M-2 | | 6250-7475/- |
| | M-3 | | 7250-8250/- |
| | E-1 Rs. 2250-4150/- | Tech. & Supv | 1317-2537/- |
| | | Gr.A Spl. Cat. (E&V) Daily rated | 57.30-97.42 |
| | (Monthly rated Tech. & Supv.) | Gr. 'B' | 1292-2426/- |
| | | Gr. 'C' | 1222-2230/- |
| | | Gr. 'D' | 1158-2006/- |

| Groups | Executives | Non-executives under NCWA-III other than Assam Coalfields Ltd. | |
|---|---|---|---|
| | | Grade/Category | Scale of Pay |
| | | | Rs |
| | | Gr. 'E' | 1095-1613/- |
| | Clerical | Gr. Spl. | 1290-2426/- |
| | | Gr. I | 1222-2230/- |
| | | Gr. II | 1158-2006/- |
| | | Gr. III | 1095-1613/- |
| | Daily rated (Excv. workers | Cat. -A | 53.58-93.90 |
| | | Cat. -B | 50.47-87.15 |
| | | Cat.-C | 48.60-80.94 |
| | | Cat.-D | 45.90-70.68 |
| | | Cat.-E | 41.63-57-73 |
| | Daily rated workers | Cat.-IV | 47.70-77.38 |
| | | Cat.-V | 44.50-67.18 |
| | | Cat.-VI | 42.16-60-65 |
| | Piece rated workers | Group-III | 40.79 |
| | | Group-IV | 41.13 |
| | | Group-V | 42.96 |
| | | Group-VA | 43.31 |
| | | Trainer | 42.96 |
| 'D' | | Gr.-F | 1075-1495/- |
| | | Gr.-G | 1050-1428/- |
| | | Gr.-C | 1027-1349/- |
| | Daily rated workers | Cat.-I | 38.47-48.27 |
| | | Cat.-II | 39.34-51.24 |
| | | Cat.-III | 40.70-55.00 |
| | Piece rated workers | Group-I | 30.02 |
| | | Group-II | 39.59 |

## অসামরিক প্রতিরক্ষা দপ্তরে নার্স নিয়োগ

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং ৩৩৯) শ্রী সৌগত রায় ঃ স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) একথা কি সত্যি যে, সম্প্রতি অসামরিক প্রতিরক্ষা দপ্তর কর্তৃক প্রায় নয় শত নার্স নিয়োগ করা হয়েছে ;

(খ) সত্যি হলে, ঐ নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা ও নিয়োগ পদ্ধতি কি ছিল ; এবং

(গ) উক্ত নিয়োগের ক্ষেত্রে নিয়মবিধি যথাযথভাবে মেনে চলা হয়েছিল কি না ?

**স্বরাষ্ট্র (অসামরিক প্রতিরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) অসামরিক প্রতিরক্ষা দপ্তর কর্তৃক কোনও 'নার্স' নিয়োগ করা হয় নি। স্বাস্থ্য দপ্তরের ঘোষিত শূন্যপদের পাঁচ শতাংশ হিসাবে মোট ৪৭ জন 'ট্রেনি নার্স' নিয়োগ করা হয়েছে।

(খ) ১। প্রার্থীকে অসামরিক প্রতিরক্ষা বাহিনীর স্বেচ্ছাসেবী হতে হবে।

২। প্রার্থীকে উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩। প্রার্থীর বয়স ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

৪। অবিবাহিত/বিধবা হতে হবে।

ঐ পদে নিয়োগের পদ্ধতি হল—বৈধ আবেদনকারীদের মধ্য থেকে উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ক্রমানুযায়ী নির্বাচিত করা হয়।

(গ) হ্যাঁ। এতদ্ব্যতীত ঐসব প্রশিক্ষণপ্রাপ্ত স্বেচ্ছা সেবিকাদের অসামরিক প্রতিরক্ষার কাজের দক্ষতা বিচার করে তাদের নিয়োগ করা হয়েছে।

## সবং ব্লকে মৎস্য দপ্তর কর্তৃক রাস্তা নির্মাণ

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৭) ডাঃ মানস ভূঁইয়া ঃ মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, মৎস্য দপ্তর মেদিনীপুর জেলার সবং ব্লকে কয়েকটি গ্রামীণ মোরাম রাস্তা নির্মাণের কাজ মঞ্জুর করেছেন ; এবং

(খ) সত্যি হলে,—

(১) কয়টি রাস্তা এবং কোন কোন রাস্তা মঞ্জুর করা হয়েছে ;

(২) ঐ রাস্তাগুলির জন্য কত পরিমাণ টাকা মঞ্জুর করা হয়েছে (পৃথকভাবে) ; এবং

(৩) ঐ রাস্তাগুলি নির্মাণ করার দায়িত্ব কাদের উপর ন্যস্ত হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৯২-৯৩ আর্থিক বছরে উক্ত ব্লকে ৫টি এবং ১৯৯৩-৯৪ আর্থিক বছরে মোট ২টি রাস্তা মঞ্জুর হয়েছে। রাস্তাগুলির নাম নিচে উল্লেখ করা হল ঃ

১৯৯২-৯৩ আর্থিক বছরে পাঁচটি রাস্তা—

(ক) বিষ্ণুপুর বাজার থেকে কাহাদহচক গ্রামীণ রাস্তা ;

(খ) বিষ্ণুপুর পশ্চিম বাঁধ থেকে বিষ্ণুপুর বাজার পর্যন্ত গ্রামীণ রাস্তা ;

(গ) কামারপোতা বাজার থেকে বিষ্ণুপুর পশ্চিম বাঁধ (হরিহাড়োয়াড়া মোড়) পর্যন্ত গ্রামীণ রাস্তা ;

(ঘ) বিষ্ণুপুর সমান প্রাথমিক বিদ্যালয় থেকে কামারপোতা বাজার পর্যন্ত গ্রামীণ রাস্তা ;

(ঙ) কামারপোতা বাজার থেকে নারায়ণগড় প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত গ্রামীণ রাস্তা ;

১৯৯৩-৯৪ আর্থিক বছরে ২টি রাস্তা—

(চ) হাড়া (রতিরপুকুর) থেকে ধামাসাই খেয়াঘাট পর্যন্ত গ্রামীণ রাস্তা ; এবং

(ছ) মহীনবাজার থেকে স্যান্ডালপুর (খড়িকা) পর্যন্ত গ্রামীণ রাস্তা।

(২) (১) নং-এর (ক) বর্ণিত রাস্তার জন্য ১,৫০,০০০ টাকা

(১) নং-এর (খ) বর্ণিত রাস্তার জন্য ১,৫০,০০০ টাকা

(১) নং-এর (গ) বর্ণিত রাস্তার জন্য ১,০০,৫০০ টাকা

(১) নং-এর (ঘ) বর্ণিত রাস্তার জন্য ১,৫০,০০০ টাকা

(১) নং-এর (ঙ) বর্ণিত রাস্তার জন্য ১,৫০,০০০ টাকা

(১) নং-এর (চ) বর্ণিত রাস্তার জন্য ১,১৬,৮০০ টাকা

(১) নং-এর (ছ) বর্ণিত রাস্তার জন্য ১,৭৫,০০০ টাকা

**৯,৯২,৩০০ টাকা**

(৩) মেদিনীপুর (পঃ) জেলার সহ-মৎস্য-অধিকর্তার উপর দায়িত্ব ন্যস্ত করা হয়েছে।

**ইঁট, বালি ও পাথরের রয়্যালটি সংগ্রহ**

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ৬৪৬) **শ্রী অমিয় পাত্র ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজস্ব বৃদ্ধির জন্য ইঁট, বালি, পাথরের রয়্যালটি সংগ্রহের দায়িত্ব পঞ্চায়েতগুলিকে দেওয়ার প্রস্তাব সরকার বিবেচনা করছেন কি না ; এবং

(খ) করলে, কিভাবে ও কবে নাগাদ এই প্রস্তাব কার্যকর করা যাবে বলে আশা করা যায়?

**ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বাণিজ্য ও শিল্প বিভাগের সংশ্লিষ্ট আদেশবলে, এই দায়িত্ব জিলা সমাহর্তা ও ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের বিভিন্ন আধিকারিকদের উপর ন্যস্ত আছে। তবে পঞ্চায়েত সংস্থাগুলি এ-বিষয়ে সাহায্য করতে অনুরুদ্ধ হয়েছে এবং সাহায্য করছেন। আদায়ের বৃদ্ধির এটিই একটি প্রধান কারণ। অন্য কোনও প্রস্তাব ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

**সল্ট লেকে জমি হস্তান্তর**

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ৮১১) **শ্রী রবীন দেব ঃ** নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, সল্ট লেকে কিছু জমি বে-আইনিভাবে হস্তান্তর হচ্ছে ; এবং

(খ) সত্যি হলে, এই হস্তান্তরের বিরুদ্ধে সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন/করছেন?

**নগর-উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) হ্যাঁ, এই রকম কিছু ঘটনা সরকারের নজরে এসেছে।

(খ) সল্ট লেকে জমির বেআইনি হস্তান্তর সম্বন্ধে অভিযোগ পাওয়া গেলে উপযুক্ত তদন্তের ব্যবস্থা হয় এবং এজন্য একটি তদন্ত কমিটি গঠিত হয়েছে। অভিযোগের ভিত্তিতে ৭১৩টি ক্ষেত্রে অনুসন্ধান শুরু হয়েছে। প্রয়োজনবোধে রাজ্য গোয়েন্দা দপ্তর ও কেন্দ্রীয় আয়কর কর্তৃপক্ষের সাহায্য চাওয়া হয়েছে। অভিযোগ প্রমাণিত হলে সরকার কর্তৃক জমি পুনরধিগ্রহণের নোটিশ জারি করা হয়। ইতিমধ্যেই কয়েকটি ক্ষেত্রে পুনরধিগ্রহণের জন্য ৬ মাসের নোটিশ জারি করা হয়েছে।

**উত্তর ২৪-পরগনা জেলায় সাক্ষরতা প্রকল্প**

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ৮৫৩) **শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনা জেলায় গত তিন বছরের সাক্ষরতা প্রকল্পে কত টাকা খরচ করা হয়েছে ;

(খ) ঐ প্রকল্পে ৩১-১২-৯৩ তারিখ পর্যন্ত কত জন সাক্ষর হয়েছেন ; এবং

(গ) সাক্ষরতা প্রচারে ঐ জেলায় উক্ত সময় পর্যন্ত মোট কত টাকা ব্যয় করা হয়েছে?

**শিক্ষা (প্রথাবহির্ভূত) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বিগত তিন বছরে মোট ৪৪৪.২৪ লক্ষ টাকা খরচ হয়েছে।

(খ) ৩১-১২-৯৩ তারিখ পর্যন্ত মোট ৮.০৬ লক্ষ জন ব্যক্তি সাক্ষর হয়েছেন।

(গ) কেবলমাত্র প্রচার কার্যের জন্য ১৯৯১-৯২, ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪-এর ৩০শে নভেম্বর পর্যন্ত উক্ত জেলায় মোট খরচ হয়েছিল ৩৪.৯৪ লক্ষ টাকা।

**ট্যাঙ্গন নদীর উপর কংক্রীট ব্রিজ**

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৭৮) **শ্রীমতী মিনতি ঘোষ ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) দক্ষিণ দিনাজপুর জেলায় বংশীহারী ব্লকে অবস্থিত ট্যাঙ্গন নদীর উপর পুরানো সেতুর পরিবর্তে আর সি সি কংক্রীট ব্রিজ তৈরির কোনও পরিকল্পনা আছে কি না ; এবং

(খ) থাকলে, কবে নাগাদ কাজ শুরু হবার সম্ভাবনা আছে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আছে।

(খ) দক্ষিণ দিনাজপুর জেলা পরিকল্পনা সমিতি কর্তৃক অর্থ-বরাদ্দকরণের ওপর এবং তৎ-পরবর্তীকালে প্রশাসনিক কাজকর্ম সমাধানের ওপর প্রধানত নির্ভর করছে।

**Kandi Municipality**

91. (Admitted Question No. 1006) **Shri Atish Chandra Sinha :** Will the Minister of State-in-charge of the Municipal Affairs Department be pleased to state—

(a) the tenure of Kandi Municipality ; and

(b) the time of next election to be held in the above Municipality?

**Minister-in-charge of Municipal Affairs Department:**

(a) Five years from the date appointed for the first meeting of the Board of Commissioners after the last General Election held on 27.5.90.

(b) The election will be held before the expiry of the tenure of the present Board of Commissioners.

**উলুবেড়িয়া বাস স্ট্যান্ড**

৯২। (অনুমোদিত প্রশ্ন নং ১১১৯) **শ্রী রবীন্দ্র ঘোষ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উলুবেড়িয়া বাস স্ট্যান্ডের নির্মাণ কবে নাগাদ সম্পন্ন হবে বলে আশা করা যায়;

(খ) উক্ত বাস স্টান্ডের জন্য কত টাকা মঞ্জুর করা হয়েছিল; এবং

(গ) মঞ্জুরিকৃত অর্থের কত অংশ এ-পর্যন্ত ব্যয় হয়েছে?

**পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উলুবেড়িয়া বাস স্ট্যান্ডের নির্মাণ কাজ আরম্ভ হয়েছে, তবে কবে নাগাদ সম্পন্ন হবে তা এখনই বলা যাচ্ছে না।

(খ) এ-পর্যন্ত ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) মঞ্জুরিকৃত অর্থ মোট ৬,০০,০০০ (ছয় লক্ষ) টাকাই ব্যয় হয়েছে।

**অযোধ্যা বিদ্যুত সরবরাহ কেন্দ্র**

৯৩। (অনুমোদিত প্রশ্ন নং ১১৮২) **শ্রী সঞ্জীবকুমার দাস ঃ** বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) সর্বশেষ প্রাপ্ত তথ্য-অনুযায়ী হাওড়া জেলার শ্যামপুর থানার অযোধ্যা বিদ্যুত-সরবরাহ কেন্দ্রের আওতায় মোট কতগুলি মিটারের চাহিদা আছে;

(খ) উক্ত মিটারের অভাবে কতগুলি ক্ষেত্রে সর্বাপেক্ষা অধিক কত দিন যাবৎ বিদ্যুত সংযোগের আবেদন পড়ে রয়েছে; এবং

(গ) ঐ অফিসের আওতায় ক্ষতিগ্রস্ত মিটারের সংখ্যা কত?

**বিদ্যুত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ১৫-২-৯৪ তারিখ পর্যন্ত মোট ৩৪১টি মিটারের চাহিদা (প্রয়োজন) আছে।

(খ) প্রাপ্ত হিসাব-অনুযায়ী উল্লিখিত ৩৪১টি আবেদনকারী মধ্যে ১০৯ জন ১৯৯২ সালে, ২১৯ জন ১৯৯৩ সালে এবং বাকি ১৩ জন ১৯৯৪ সালে বিদ্যুত সংযোগের জন্য প্রয়োজনীয় টাকা জমা দিয়েছেন। বকেয়া বিদ্যুত-সংযোগ দেওয়ার জন্য ইতিমধ্যে প্রয়োজনীয় সংখ্যক মিটার সরবরাহের ব্যবস্থা করা হয়েছে এবং আশা করা যাচ্ছে যে, খুব শীঘ্রই উল্লিখিত বকেয়া আবেদনকারীদের বাড়িতে বিদ্যুত সংযোগ দেওয়া শেষ হবে।

(গ) ১৫-২-৯৪ তারিখের হিসাব অনুযায়ী অযোধ্যা গ্রুপ বিদ্যুত সরবরাহ কেন্দ্রে মোট ১৯৭টি বিকল মিটার আছে।

## ক্ষুদ্রসেচ প্রকল্পের সেচসেবিত জমি

৯৪। (অনুমোদিত প্রশ্ন নং ১৩১৪) **শ্রী কালিপ্রসাদ বিশ্বাস ঃ** কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে সেচসেবিত জমির পরিমাণ কত ; এবং

(খ) উক্ত প্রকল্পের আওতায় আরও কি পরিমাণ জমি আনার পরিকল্পনা আছে?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৩১-৩-৯৩ তারিখ পর্যন্ত রাজ্যে ক্ষুদ্রসেচ প্রকল্পের মাধ্যমে সেচসেবিত জমির পরিমাণ ২৭.০৪ লক্ষ হেক্টর।

(খ) ১৯৯৩-৯৪ আর্থিক বছরে উক্ত প্রকল্পের মাধ্যমে অতিরিক্ত এক লক্ষ হেক্টর জমি সেচের আওতায় আনার পরিকল্পনা আছে।

## মুর্শিদাবাদ জেলায় 'উদরাময়ে' আক্রান্ত ও মৃত

৯৫। (অনুমোদিত প্রশ্ন নং ১৪১৭) **শ্রী মোজাম্মেল হক ঃ** স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯৩-৯৪ সালে মুর্শিদাবাদ জেলায় মোট কত জন 'উদরাময়' রোগে আক্রান্ত হয়েছিল ; এবং

(খ) তন্মধ্যে কোন ব্লকে কত জন মারা গিয়েছে?

**স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৪,৯১১ (চার হাজার নয়শো এগারো)।

(খ) ব্লকওয়ারি মৃতের সংখ্যা নিম্নরূপ ঃ

| | |
|---|---|
| (১) বহরমপুর | ১১ |
| (২) বেলডাঙ্গা (১) | ১৩ |
| (৩) বেলডাঙ্গা (২) | ২২ |

| | | |
|---|---|---|
| (৪) | ডোমকল | ২ |
| (৫) | নওদা | ১২ |
| (৬) | হরিহরপাড়া | ২ |
| (৭) | মুর্শিদাবাদ-জিয়াগঞ্জ | ৯ |
| (৮) | ভগবানগোলা | ১১ |
| (৯) | রানীনগর (১) | ১১ |
| (১০) | ভরতপুর (১) | ২ |
| (১১) | ভরতপুর (২) | ৪ |
| (১২) | সমশেরগঞ্জ | ১৭ |
| | | ১১৬ |

### নদীয়া জেলায় আই সি ডি প্রকল্প

৯৬। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৮) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলায় অনুমোদিত আই সি ডি প্রকল্পের সংখ্যা কত ;

(খ) তারমধ্যে কতগুলি চালু হয়েছে ; এবং

(গ) ১৯৯০-৯১ সালে অনুমোদনপ্রাপ্ত কৃষ্ণনগর-১ প্রকল্পটি চালু না হওয়ার কারণ কি?

**সমাজ-কল্যাণ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

**(ক) ১০টি।**

**(খ) ৯টি প্রকল্প চালু হয়েছে।**

**(গ) কৃষ্ণনগর-১ প্রকল্পটি এখনও চালু করা যায় নি, কারণ কয়েকবার বিশেষ কারণে সিলেকশন কমিটির মিটিং স্থগিত রাখতে হয়েছে। এরমধ্যে সি ডি পি ও বদলি হয়ে যাওয়ায় প্রকল্পটি চালু করতে কিছু দেরি হচ্ছে।**

### গাজনা-বাজিতপুর রাস্তা

৯৭। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৫৯) **শ্রী সুশীল বিশ্বাস ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) নদীয়া জেলার গাজনা-বাজিতপুরের ভায়া শিবনিবাস রাস্তাটির কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে ; এবং

(খ) কবে নাগাদ ঐ রাস্তাটির কাজ শেষ হবে?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) ৯.৬৪ কি মি দীর্ঘ বাজিতপুর-শিবনিবাস রাস্তাটির প্রথম পর্যায়ের (০ থেকে ৪.৫ কিমি পর্যন্ত) কাজটি প্রায় শেষ হয়ে এসেছে।

(খ) দ্বিতীয় পর্যায়ের (৪.৫০ কি মি থেকে ৯.৬৪ কি মি পর্যন্ত) কাজটি সম্পন্ন করার বিষয়টি মূলত প্রয়োজনীয় অর্থসংস্থান করার সম্ভাব্যতার উপর নির্ভর করছে।

**মহিপাল-উদয়পুর-মাগুড়াকুড়ি রাস্তার অনুমোদন**

৯৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৮৫) **শ্রী নর্মদাচন্দ্র রায় ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) এটা কি সত্যি যে, দক্ষিণ দিনাজপুর জেলার কুশমন্ডী থানায় বংশীহারী-মহিপাল পাকা রাস্তাটির মহিপাল থেকে উদয়পুর-মাগুড়াকুড়ি পর্যন্ত অংশটুকু অনুমোদন থাকা সত্ত্বেও হচ্ছে না ; এবং

(খ) সত্যি হলে, কত দিনে ঐ অসমাপ্ত রাস্তার কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) আংশিক সত্য।

(খ) এখনই বলা সম্ভব নয়।

**সড়ক সেতু থেকে টোল-ট্যাক্স আদায়**

৯৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৯৩) **শ্রী মনোহর তিরকী ঃ** পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) রাজ্যে কোন কোন সড়ক সেতু থেকে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে টোল-ট্যাক্স বাবদ কত টাকা আদায় হয়েছে ; এবং

(খ) এই টাকা কোন কোন খাতে খরচ করা হয়?

**পূর্ত (সড়ক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) রাজ্যের সংশ্লিষ্ট সড়ক সেতুগুলি থেকে ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ আর্থিক বছরে টোল ট্যাক্স বাবদ মোট আদায় নিম্নরূপ—

| সড়ক-সেতু | মোট আয় | |
|---|---|---|
| | ১৯৯১-৯২ | ১৯৯২-৯৩ |
| | টাকা | টাকা |
| । আর সি টোল সেতু, আলিপুর | ৪,৪৬,২৮৯.০০ | ৪,৯২,১০৯.০০ |
| । সংকোশ সেতু, আলিপুরদুয়ার | ১৫,৪৪,৬৩০.০০ | ১৪,৭০,০০.০০ |
| । কৃষক সেতু, বর্ধমান | ৯,২৯,০৬২.০০ | ১০,১১৭৮০.০০ |
| । অজয় সেতু<br>। ময়ূরাক্ষী সেতু, বীরভূম<br>। ব্রাহ্মণী সেতু | ১৯,১৩,৯১৯.০০ | ২০,৫৪,৭৫৬.০০ |
| । রামানন্দ সেতু, বাঁকুড়া | ৯,৫১,৬৫০.০০ | ৯,১৪,৩৮৮.০০ |
| । ভৈরব সেতু, বহরমপুর | ৩,০১,৬৫৪.০০ | ২,৯৭,২৭৫.০০ |
| । মুন্ডেশ্বরী সেতু, হুগলি | ১৮,০১,৪৩১.০০ | ১৯,০৭,৯৩৪.০০ |
| ০। মাতঙ্গিনী হাজরা সেতু, হলদিয়া | ৯,০৮,৮৫৯.০০ | ৮,৯০,০৯২.০০ |
| ১। ডায়না সেতু, জলপাইগুড়ি | ৫,৯৪,৪৫৫.০০ | ৫,২০,৪৪১.০০ |
| ২। তিস্তা সেতু | ২৪,৩৭,৪৩২.০০ | ৩৫,১৩,৫২৬.০০ |
| ৩। দেশপ্রাণ শাসমল সেতু, মেদিনীপুর | ২০,৮৭,৬১০.০০ | ২৩,৭৫,৪৫৯.০০ |
| ৪। রসুলপুর সেতু, মেদিনীপুর | ৩,৬৪,৬২০.০০ | ৪,০৮,৭৩৩.০০ |
| ৫। তিলপাড়া সেতু, বীরভূম | ৩,১৮,২৩৩.৫০ | ৪,০১,৫১৬.০০ |
| ৬। গৌরাঙ্গ সেতু, নবদ্বীপ | ৫,৩৭,৪৩৮.০০ | ৫,১৩,০০৯.০০ |
| ৭। কাশীরাম দাস সেতু, বর্ধমান | ৩,৩৬,৭৪০.০০ | ৪,৪৪,৮২৪.০০ |
| ৮। ঈশ্বরগুপ্ত সেতু, কল্যাণী | ১৮,৬৩,৭২৫.০০ | ২৩,৪৪,৭১৫.০০ |
| ৯। নলিনী বাগচি সেতু, মুর্শিদাবাদ | ২,২৬,৪৩০.০০ | ২,২৯,৬৮৪.০০ |
| **মোট :** | **১,৭৫,৬৪,১৬৭,৫০** | **১,৯৭,৯০,২৪১.০০** |

(খ) (১) টোল কর্মীদের বেতন খাতে।

(২) রাজ্যের সেতুনির্মাণ খাতে।

**বেলডাঙ্গা গো-প্রজনন কেন্দ্র ও পশুখাদ্য উৎপাদন ফার্ম**

১০০। (অনুমোদিত প্রশ্ন নং ১৬৬০) **শ্রী নুরুল ইসলাম চৌধুরি :** প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ১৯৯০-৯১, ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ সালে মুর্শিদাবাদ জেলার বেলডাঙ্গা কৃত্রিম

গো-প্রজনন কেন্দ্র ও পশুখাদ্য উৎপাদন ফার্মের অধীন আবাদযোগ্য জমিতে উৎপন্ন শস্যের পরিমাণ কত ; এবং

(খ) উক্ত শস্যের মধ্যে পশুখাদ্যের পরিমাণ কত?

**প্রাণিসম্পদ বিকাশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) উৎপন্ন শস্যের পরিমাণ—

১৯৯০-৯১ সালে ১৭৩.২৬ কুইন্টাল

১৯৯১-৯২ সালে ২০১.৫০ কুইন্টাল

১৯৯২-৯৩ সালে ১০৮.৫৫ কুইন্টাল।

(খ) ১৯৯০-৯১ সালে ১৫৮.০৬ কুইন্টাল

১৯৯১-৯২ সালে ২০১.০৫ কুইন্টাল

১৯৯২-৯৩ সালে ১০৮.৫৫ কুইন্টাল।

## "Lokdeep" Programme

101. (Admitted Question No. 1766) **Shri Ambica Banerjee** and **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Power Department be pleased to state—

(a) the number of housholds covered by the "Lokdeep" Scheme in 1991-92, 1992-93, 1993-94 (up to 31.12.93) ; and

(b) the amount spent on the scheme in these years and the State's share in the same?

**Minister-in-charge of the Power Department :**

(a) The following households (districtwise break-up) were given electric connections under the "Lokdeep" Programme in 1991-92, 1992-93, 1993-94 (up to 31.12.93) in West Bengal :

| Sl. | Name of District | No. of electrified households | | |
|---|---|---|---|---|
| | | 1991-92 | 1992-93 | 1993-94 (up to 31.12.93) |
| 1. | Bankura | 1,122 | 310 | — |
| 2. | Birbhum | 1,491 | 245 | 16 |
| 3. | Burdwan | — | — | — |
| 4. | Cooch Behar | 703 | 295 | 103 |

| Sl. | Name of District | No. of electrified households | | |
|---|---|---|---|---|
| | | 1991-92 | 1992-93 | 1993-94 (up to 31.12.93) |
| 5. | Darjeeling | 103 | 225 | — |
| 6. | Hooghly | 6,368 | 1,205 | 414 |
| 7. | Howrah | 195 | 137 | — |
| 8. | Jalpaiguri | 799 | 235 | 206 |
| 9. | Malda | 1,839 | 1,352 | — |
| 10. | Midnapore | 1,568 | 150 | — |
| 11. | Murshidabad | 49 | 275 | — |
| 12. | South 24-Parganas | — | 145 | 25 |
| 13. | North 24-Parganas | — | 125 | — |
| 14. | Nadia | — | — | — |
| 15. | Purulia | 2,663 | 132 | 238 |
| 16. | West Dinajpur | — | 335 | — |
| | Total : | 16,600 | 5,166 | 1,002 |

(b) Expenditure incurred for the scheme are indicated below :

| 1991-92 | 1992-93 | 1993-94 (up to 31.12.93) |
|---|---|---|
| Rs. 15,46,000 | Rs. 30,99,600 | Rs. 6,01,200 |

State's share in above expenditure

| | | |
|---|---|---|
| Rs. 15,77,000 | Rs. 10,33,200 | Rs. 2,00,400 |

## রামনগর ব্লকে গুচ্ছ স্যালো

১০২। (অনুমোদিত প্রশ্ন নং ১৮৪০) শ্রী মৃণালকান্তি রায় ঃ কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার রামনগর ১ নং ও ২ নং ব্লকে গুচ্ছ স্যালো বসানোর কোনও পরিকল্পনা আছে কি না ;

(খ) থাকলে, কত সংখ্যক স্যালো বসানো হবে ; এবং

(গ) কতদিনের মধ্যে ঐ কাজ সম্পন্ন হবে বলে আশা করা যায়?

**কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**সামুদ্রিক মৎস্যজীবীদের প্রশিক্ষণ**

১০৩। (অনুমোদিত প্রশ্ন নং ১৯৪৯) **শ্রী শৈলজাকুমার দাস ঃ** মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য সরকারি প্রশিক্ষণ কেন্দ্রে সংখ্যার কত ;

(খ) প্রশিক্ষণ-গ্রহণকারীদের নির্বাচন করার পদ্ধতি কি

(গ) বিগত তিনটি আর্থিক বছরে কত জনকে উক্ত প্রশিক্ষণ দেওয়া হয়েছে ; এবং

(ঘ) এ-জন্য মোট কত অর্থ ব্যয় করা হয়েছে?

**মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ**

(ক) সামুদ্রিক মৎস্যজীবীদের জন্য এই রাজ্যে দুটি প্রশিক্ষণ কেন্দ্র আছে—

(১) একটি দক্ষিণ ২৪-পরগনা জেলার নামখানায় ;

(২) অপরটি মেদিনীপুর জেলার রামনগর।

(খ) স্থানীয় পঞ্চায়েতের মাধ্যমে প্রশিক্ষণ-গ্রহণকারীদের নির্বাচন করা হয়ে থাকে।

(গ) রাজ্যের দুটি প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রাপ্ত মৎস্যজীবীর সংখ্যা নিম্নরূপ—

| আর্থিক বছর | মৎস্যজীবীর সংখ্যা |
|---|---|
| ১৯৯০-৯১ | ২৮০ জন |
| ১৯৯১-৯২ | ৩৬০ জন |
| ১৯৯২-৯৩ | ৯৭ জন |

(ঘ) এ-জন্য মোট অর্থব্যয়ের পরিমাণ নিম্নরূপ—

| আর্থিক বছর | ব্যয়ের পরিমাণ |
|---|---|
| ১৯৯০-৯১ | ৩,০৩,৬৩৫.০০ |
| ১৯৯১-৯২ | ৩,৫৭,৪৯২.০০ |
| ১৯৯২-৯৩ | ৭৪,৯৫৯.০০ |

## Adjournment Motion

**Mr. Speaker :** Today I have received three notices of Adjournment Motions. The first is from Shri Abdul Mannan and the second is from Shri Saugata Roy both on the subject of difficulties of students for inordinate stiff question paper of Mathematics in 1994 Madhyamik Examination. The third is from Shri Sudip Bandyopadhyay on the Subject of arson and snatching of Ananda Bazar Patrika for publishing an article derogating Netaji Subhas Chandra Bose.

The subject matters of the Motions do not call for Adjournment of the business of the House. Moreover, the Members may get opportunity of discussing the subjects during Genearal Discussion on the Budget. The Members may also call the attention of the concerned Ministers on the subjects through Calling Attention, Question, Mention etc.

I, therefore, withhold my consent to the Motions. One Member may, however, read out the text of his Motion as amended.

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় স্পিকার স্যার, জনসাধারণের পক্ষে গুরুত্বপূর্ণ জরুরি এবং সাম্প্রতিক একটি নির্দিষ্ট বিষয়ে আলোচনার জন্য এই সভা আপাতত তার কাজ মুলতুবি রাখছেন। বিষয়টি হল—

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ১৯৯৪ সালের মাধ্যমিক পরীক্ষায় ২৫শে মার্চ, ৯৪ অনুষ্ঠিত অঙ্ক বিষয়ে পরীক্ষার প্রশ্নপত্র অস্বাভাবিক ভাবে কঠিন ও সিলেবাস বহির্ভূত হওয়ার ফলে রাজ্যের সাড়ে চার লাখের বেশি ছাত্র-ছাত্রী এক অসহায় অবস্থায় মধ্যে পড়ে প্রতিবাদ জানাতে গেলে পুলিশ নির্মমভাবে ছাত্র-ছাত্রীদের উপর হামলা করে। বহু ছাত্র-ছাত্রী আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। ছাত্রীরাও পুলিশের অত্যাচারের হাত থেকে রেহাই পায় নি। শিক্ষামন্ত্রী ও পর্ষদ সভাপতি দুজনেরই পদত্যাগ করা উচিত। এই ঘটনায় অবিলম্বে অপরাধীদের নাম প্রকাশ্যে ঘোষণা করা হোক এবং তাদের কঠোর শাস্তির ব্যবস্থা করা হোক।

## CALLING ATTENTION

**Mr. Speaker :** Today, I have received four notices of Calling Attention, namely :-

| | | |
|---|---|---|
| 1. Serious irregularities in Mathematics question paper in Madhaymik Examination | : | Dr. Manas Bhunia, Shri Sakti Prasad Bal and Shri Abdul Mannan |
| 2. Reported lack of supply of preventive injection of Hydrophobia to Government Hospitals | : | Shri Subhas Naskar |
| 3. Reported attack on Ananda Bazar Patrika on 27.3.1994 | : | Shri Sudip Bandyopadhyay and Shri Nirmal Das |

4. Demand for making ten-class schools of Debnathpur, Jannagar, Benode-nagar and Natna eight-class schools of Tehatta : Shri Kamalendu Sanyal

I have selected the notice of Dr. Manas Bhunia, Shri Saktiprasad Bal and Shri Abdul Mannan on the subject of serious irregularities in Mathematics question paper in Madhyamik Examination.

The Minister-in-charge may please make a statement today, if possible or give a data.

[11-30 — 11-40 A.M.]

## STATEMENT ON CALLING ATTENTION

**শ্রী অচিন্তকৃষ্ণ রায় :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য আব্দুল মান্নান, মানস ভূঁইয়া এবং অন্যান্যরা বিগত ২৫শে মার্চ ১৯৯৪ তারিখের মাধ্যমিকের অঙ্ক পরীক্ষার বিষয়ে যে দৃষ্টি আকর্ষণ করেছেন সে বিষয়ে আপনি অনুমতি দিয়েছেন বলে আমি নিবেদন করতে চাই এই যে, শিক্ষা পর্ষদের যে মাধ্যমিক পরীক্ষা এ বছর নেওয়া হচ্ছিল তার প্রধান পরীক্ষাগুলির শেষ দিন ছিল গত ২৫ তারিখ। সেদিন ছিল গণিত পরীক্ষা। গোটা পশ্চিমবাংলায় ছাত্র-ছাত্রীরা বেলা ১২টা থেকে ৩টে পর্যন্ত সুষ্ঠুভাবেই গণিত পরীক্ষা দিয়েছে। কিন্তু স্বাভাবিকভাবেই দেখা গিয়েছিল যে, প্রশ্নপত্রে তিন ধরনের গলদ ঘটেছে। প্রথমত অন্যান্য বছরের তুলনায় এ বছর প্রশ্নপত্র কিঞ্চিত কঠিন হয়েছে। দ্বিতীয়ত প্রশ্নপত্র সিলেবাস বহির্ভূত হয়েছে। তৃতীয়ত প্রশ্নপত্রে ভুল আছে। এই কারণে ছাত্র-ছাত্রীদের মধ্যে পরীক্ষার সময়ে অসন্তোষ ছিল এবং পরীক্ষা হয়ে যাবার পরবর্তীকালেও তাদের এবং তাদের পিতা-মাতা বা অভিভাবকদের মধ্যে অসন্তোষ ছিল। পরীক্ষা পদ্ধতির মধ্যে পরীক্ষা চলাকালীন বিভিন্ন জেলায় এবং কেন্দ্রীয়ভাবে কলকাতায় যে পরিদর্শক টিম থাকেন তারা এই অসন্তোষ গিয়ে দেখে এসেছেন। পর্ষদ সচিব প্রতিদিনই পরীক্ষা কেন্দ্রে যান পরীক্ষা দেখতে, সেদিনও গিয়েছিলেন। তারাও ছাত্র-ছাত্রীদের এবং অভিভাবকদের অসন্তোষ লক্ষ্য করে এসেছিলেন। সেই কারণে তারা ফিরে আসবার পর তারা দেখেছেন ৩ ধরনের গলদ ঘটেছে। সেই কারণে একটা অসন্তোষের মাত্রা বিবেচনা করে তারা দেখেছেন এই পরীক্ষা পুনরায় নেওয়া উচিত এবং পুনরায় পরীক্ষা নেওয়ার জন্য এই সিদ্ধান্ত সঙ্গে সঙ্গে ঘোষণা করলেন যে, যারা ইচ্ছুক আছেন পরীক্ষা দিতে, তারা পরীক্ষা দিতে পারবেন এবং ৩০ তারিখের মধ্যে পরীক্ষার দিন ঘোষণা করা হবে। তবে যারা পরীক্ষা দিতে কোনও কারণে পারবেন না তাদের ক্ষেত্রে বিধিমতো ব্যবস্থা করা হবে বলে পর্ষদের পক্ষ থেকে সভাপতি বলেন। আমি পর্ষদে পরের দিন নিজে উপস্থিত থেকে সমস্ত ঘটনার পর্যালোচনা করি। ঘটনার পর্যালোচনা করার পরে দেখা যায় যে হ্যাঁ, এই প্রশ্ন পত্র নতুন করে তৈরি করে আবার পরীক্ষা নেওয়া উচিত এবং নতুনভাবে পরীক্ষা নিতে গিয়ে যারা পরীক্ষা আগে নিয়েছিলেন কিন্তু কোনও কারণে নতুন পরীক্ষা আর-দিতে না পারেন তাহলে তাদের প্রতি সুবিচার করা উচিত। তৃতীয় কথা হচ্ছে,

প্রশ্নপত্র তৈরি করার সময় কি কারণে গলদ ঘটেছে সেটাও খতিয়ে দেখা হয়। সেই গলদ খতিয়ে দেখতে গিয়ে দেখা গেছে, পরীক্ষা নেওয়ার পদ্ধতির মধ্যে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থায় কোনও রকমেই পর্ষদের যারা উপর তলার কর্তৃপক্ষ সভাপতি বা সচিব তারা কেউই প্রশ্নপত্রের ধারে কাছে থাকেন না। প্রশ্নপত্র যারা করেন মডারেশন করেন তাদের মাধ্যমেই অত্যন্ত গোপনীয়তা রক্ষা করা হয় গোপনভাবে বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পাঠিয়ে দেওয়া হয়। সেই কারণে কোনও গলদ ঘটলে প্রথমেই সিদ্ধান্ত নেওয়া হয় এরজন্য দায়ী কে? ভবিষ্যতে আর কোনওদিন যাতে ওই ঘটনা না ঘটে—প্রকৃতপক্ষে এই ঘটনার গলদ কোথায়? যারা প্রশ্ন করেছেন তারা এর মধ্যে আছেন কিনা, পর্ষদের কেউ আছেন কিনা এই সমস্ত তদন্ত করতে সময় লাগবে। এই সময়ের মধ্যে তদন্ত করে তারা সরকারের কাছে রিপোর্ট দেবেন। সরকার এই ব্যাপারে দেখবে যাতে যথাযথ ব্যবস্থা নেওয়া হয়। আপনারা ইতিমধ্যেই দেখেছেন, পর্ষদের সভাপতি ঘোষণা করে দিয়েছেন ১৯ তারিখে অঙ্ক পরীক্ষা নেওয়া হবে। ১৮-১৯ তারিখে যে পরীক্ষাগুলি ছিল সেগুলি স্কুলে-স্কুলে নিজেদের কেন্দ্রেই হয়ে থাকে। সেই পরীক্ষাগুলি আগামী ২৫-২৬ তারিখে অনুষ্ঠিত হবে। আর পরীক্ষা হয়ে যাবার আগে উত্তর কলকাতায় কিছু কিছু ছাত্র-ছাত্রী এবং তাদের অভিভাবকরা দুশ্চিন্তাগ্রস্ত হয়েছিলেন। তারা প্ররোচিত হয়ে রাস্তায় উপস্থিত হয়েছিলেন। সেখানে পুলিশ কি করেছে, না করেছে এবং সেখানে কি ঘটনা ঘটেছে সেই সম্বন্ধে আমি কিছু বলছি না। তবে পুলিশের আরও সংযত হওয়া উচিত ছিল, তৎক্ষনাৎ পুলিশের এগিয়ে আসার প্রয়োজন ছিল না ব্যবস্থা নেওয়ার জন্য। সরকার এই ঘটনাকে দুর্ভাগ্যজনক বলে মনে করে। পশ্চিমবাংলায় যে পরীক্ষা পদ্ধতি চলে আসছে তা যেন অব্যাহত থাকে। সকল শিক্ষাবীদ এবং জনদরদি মানুষের কাছে আহ্বান করি—আমাদের দেশের যারা ভবিষ্যত নাগরিক সেই সমস্ত ছাত্র-ছাত্রীরা যাতে নির্বিঘ্নে পরীক্ষা দিতে পারে তারজন্য সকলের সহযোগিতা কামনা করি। আর বিরোধী পক্ষের সদস্যরা যে কথা বলছেন তাদের ক্ষেত্রে আমি এই কথা বলি, শিক্ষার ব্যাপারে তারা যেন বেশি কথা না বলেন। শিক্ষাক্ষেত্রে বামফ্রন্ট সরকার সমস্ত রকমের সুষ্ঠুতা বজায় রেখেছেন। মধ্যশিক্ষা পর্ষদ ঠিক সময়ে পরীক্ষা নেওয়া এবং পরীক্ষা নেওয়ার ৯০ দিনের মধ্যে ফল প্রকাশ করে শিক্ষা সম্পর্কে যে নিশ্চয়তা এনেছেন সেটা যাতে নষ্ট না হয় সেই ব্যাপারে সরকার দেখছেন এবং মাননীয় বিধায়কগণও এই ব্যাপারে সহযোগিতা করবেন এই আবেদন আমি সরকারের পক্ষ থেকে জানাতে চাই।

## STATEMENT ON CALLING ATTENTION

**Mr. Speaker :** Now the Minister-in-charge of Industrial Reconstruction Department to make a statement on the subject of steps taken by the State Government to re-open the J.K. Steel at Rishra.

(Attention called by Shri Abdul Mannan on the 23rd March, 1994)

**শ্রী পতিতপাবন পাঠক :** ১৯৮৫ সালে জে কে সিন্থেটিকসের পরিচালকমন্ডলী জে কে স্টিল (যা বর্তমানে রিষড়া স্টিল নামে পরিচিত) সংস্থাটিকে তার কর্মপদ্ধতি পুনর্মূল্যায়ন করে চালু অবস্থায় সরকারের অনুমতি সাপেক্ষে ইহার সমস্ত সম্পত্তি দায়মুক্ত করে মেসার্স রিষড়া

স্টিলে হস্তান্তরিত করেন। যার মুখ্য উদ্দেশ্য ছিল কর্মচারিদের স্বার্থ সংরক্ষিত করে ইহার পুনরুজ্জীবন করা। নতুন পরিচালন কর্তৃপক্ষ কারখানাটি আধুনিকীকরণ এবং সংরক্ষণের জন্য একটি পুনরুজ্জীবন প্রকল্প তৈরি করে আই আর বি আই এবং এলাহাবাদ ব্যাঙ্কের কাছে আর্থিক সাহায্যের আবেদন করেন। আর্থিক সহযোগিতা কর্মসূচি প্রকল্প অনুযায়ী আই আর বি আই নীতিগতভাবে অন্যান্য সর্বভারতীয় আর্থিক সংস্থাগুলি যেমন আই ডি বি আই, আই সি আই সি আই এবং আই এফ সি আই-এর সহযোগিতায় রিষড়া স্টিলের জন্য ২৫১ লাখ টাকার একটি দীর্ঘ মেয়াদী ঋণ মঞ্জুর করেন। এই পুনরুজ্জীবন প্রকল্পে রাজ্য সরকারের তরফ থেকে যে সমস্ত সুযোগ সুবিধার প্রস্তাব ছিল তা সরকারের সুবিবেচনাধীন ছিল। এই ঋণ গ্রহণের জন্য কোম্পানিটি তার শর্ত পূরণে অক্ষম হওয়ায় আই আর বি আই এই পুনরুজ্জীবন প্রকল্পে অংশগ্রহণ করেন নাই। কারখানাটি বর্তমানে লিক্যুইডেশন অবস্থায় আছে। রাজ্য সরকারের লক্ষ্য যদি কোনও শিল্পোদ্যোগী এই কারখানায় সংশ্লিষ্ট সমস্ত কর্মচারির স্বার্থরক্ষা এবং উৎপাদনমুখী করে অধিগ্রহণ করেন তবে তাকে আইন অনুযায়ী সবরকম সাহায্য করা হবে। এই মর্মে রাজ্য সরকারের পক্ষে মহামান্য উচ্চ আদালতের নিকট আবেদন করা হয়েছে যে তারা যেমন কারখানাটি বিক্রয় সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে রাজ্য সরকারের প্রস্তাবগুলি সুবিবেচনা করেন। বিগত ৪ঠা ডিসেম্বর ১৯৯৩ সুরেখা শিল্পগোষ্ঠীর প্রতিনিধি শ্রী জে এস সুরেখা উক্ত সংস্থার কর্মচারিদের সহিত একটি সমঝোতা দলিলে (মেমোরন্ডাম অফ আন্ডারটেকিং) স্বাক্ষর করেন। উহার পরিপ্রেক্ষিত কারখানাটা উৎপাদনমুখী করিয়া উহার দায়িত্ব গ্রহণ করিবার জন্য কলকাতা হাইকোর্টে বিবেচনাধীন তাহার আবেদনটি সরকারকে সমর্থন করিবার জন্য শ্রী সুরেখা অনুরোধ করেন। শ্রী সুরেখার আবেদনটি সরকারি নীতির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়ায় উক্ত আবেদন শুনানির জন্য কলকাতা হাইকোর্টে উঠিলে সরকারি তরফে উহা সমর্থন করিবার জন্য অ্যাডভোকেট অন রেকর্ডসকে নির্দেশ দেওয়া হইয়াছে।

## PRESENTATION OF REPORT

### Presentation of Sixth Report of the Subject Committee on Power and Commerce and Industries, 1993-94.

**Shri Santasri Chattopadhyay :** Sir, I beg to present the Sixth Report of the Subject Committee on Power and Commerce and Industries, 1993-94 on the Greater Calcutta Gas Supply Corporation Limited.

## GENERAL DISCUSSION OF BUDGET

**Mr. Speaker :** Hon'ble Members please note, ten per cent time will be deducted from each member.

[11-40 — 11-50 A.M.]

**শ্রী সৌগত রায় :** স্যার, এই বাজেট বরাদ্দে বিরোধিতা করতে উঠেছি, কিন্তু এর আগে ৩ দিন ধরে বাজেট আলোচনা হয়েছে এবং মোটামুটি যা সমালোচনার বিষয় সবই আলোচনা হয়ে গিয়েছে। তাই আমি আপনার ভাষায় কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম করব। কিছু

কিছু সমালোচনার জায়গা আছে, কোথাও কোথাও স্বাগত জানাবার বিষয়ও আছে দুটিই বলব। কিন্তু আমি বাজেট নিয়ে বলার আগে রাজ্য সরকারের মাননীয় মুখ্যমন্ত্রীকে দু—একটি ব্যাপারে ধন্যবাদ জানাচ্ছি। প্রথম জয়েন্ট সেক্টরে ওয়েবেল টেলিম্যাটিকস বলে যে কোম্পানিটি ছিল তার সমস্ত শেয়ার সিমেন্সকে বিক্রির সিদ্ধান্ত নিয়েছেন। এটা একটা বৈপ্লবিক সিদ্ধান্ত এবং সেক্ষেত্রে মাত্র ১৪ টাকা করে সিমেন্সকে শেয়ার বিক্রি করে দেওয়া হচ্ছে। আমি আশা করি, বামফ্রন্ট সরকারের এই সিদ্ধান্তকে সবাই সমর্থন জানিয়েছেন। এরপর আর ব্যাঙ্কের শেয়ার বিক্রি করে দেবার ব্যাপারটা বলতে পারেননি। সম্প্রতি একটি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তিনটি ইম্পর্টেন্ট ঘোষণা করেছেন। ঘোষণা তিনটি হল ১) রুগ্ন রাষ্ট্রায়ত্ত্ব শিল্পকে বন্ধ করে দিতে হবে, ২) ট্রেড ইউনিয়নগুলি দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে, ওয়ার্ক কালচারের কথা ভাবতে হবে, এবং ৩) ধর্মঘট শ্রমিকদের শেষ অস্ত্র হওয়া উচিত। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে এই সিদ্ধান্ত ঘোষণা করবার জন্য স্বাগত জানাই। আমি আশা করব, এরপর বামফ্রন্ট সরকার এ সম্পর্কে সরকারিভাবে ঘোষণা করে দেবেন। বর্তমানে হলদিয়ার ব্যাপারে টাটাকে ছেড়ে দিয়ে আমেরিকান মাল্টি ন্যাশনাল ধরেছেন। ওটি চার হাজার কোটি টাকার প্রজেক্ট। অর্থমন্ত্রী তার বাজেট ভাষণে বলেছেন যে, মুখ্যমন্ত্রী এ সম্পর্কে শীঘ্রই ঘোষণা করবেন। আমি এটাকেও স্বাগত জানাচ্ছি মাল্টি ন্যাশনাল এসে যাবেন বলে। আমি আশা করব, এরপর আর বামফ্রন্ট ময়দানে দাঁড়িয়ে মাল্টি ন্যাশনালের বিরুদ্ধে ভাষণ দেবেন না। বক্রেশ্বরে জাপানি সংস্থা ও ই সি এফ ঋণ দিচ্ছেন এবং তার পরের ইউনিটগুলির জন্য জার্মানি ঋণ দেবে শুনেছি। একেও আমি স্বাগত জানাচ্ছি। আশা করি, এরপর আর বিদেশি ঋণের বিরুদ্ধে আর বেশি বক্তৃতা বাইরে দেবেন না। এখানে বিশেষ করে অসীমবাবুকে ধন্যবাদ জানাচ্ছি, কারণ বাজেটে যে ৪ কোটি টাকা ঘাটতি সেটা হচ্ছে ৩.৭ পারসেন্ট অফ এস ডি পি যেটা আই এম এফের নির্দেশে মনমোহন সিংও মানতে পারেননি, কিন্তু অসীমাবাবু মেনেছেন। একটি কাগজে কোট করে বলা হয়েছে Asim shows how to keep deficit within IMF stipulated norms তার মানে হল, অসীমবাবু আই এম এফের অঙ্গুলি হেলনে চলছেন এবং তারজন্য তাকে ধন্যবাদ। তৃতীয় আর একটি বিষয়ে ধন্যবাদ জানাচ্ছি, তিনি জিরো ডেফিসিট বাজেটের গিমিক এবার ছেড়ে দিয়েছেন এবং ডেফিসিটের পরিমাণ কম হলেও সেটা মেনে নিয়েছেন প্র্যাকটিকাল হয়ে। এর আগে সিদ্ধার্থবাবু ফিগার দিয়ে দেখিয়ে দিয়েছিলেন যে, জিরো ডেফিসিট বাজেট বলে যা বলতেন ধাপ্পা ছিল সেটা। এবারে উনি আর ঐ রাস্তায় যাননি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বামফ্রন্ট সরকার লেদার ইন্ডাস্ট্রি করবার চেষ্টা করছেন এবং এ ব্যাপারে ইটালির সঙ্গে কথাও বলেছেন। আমিও চাই, সমস্ত লেদার ইন্ডাস্ট্রিগুলোকে নিয়ে একটা মডার্ন লেদার কমপ্লেক্স গড়ে উঠুক। কলকাতায় মেগাসিটি প্রোজেক্টের কাজ এ বছর থেকে স্টার্ট করা হচ্ছে। এরজন্য প্ল্যানিং কমিশন ২০ কোটি টাকা দেবেন। আমরা এই প্রোজেক্টকে সমর্থন করব যদি দলবাজি না করেন। তবে আমি বলব, মেগাসিটি প্রকল্প সম্পূর্ণভাবে মেনে নিয়েছেন বলে প্রণববাবুকে ধন্যবাদ দেওয়া উচিত ছিল। তবে গল্পেতে একটি কথা আছে উইল দি রিয়াল ম্যান স্ট্যান্ড আপ? আমরাও আসল যিনি অসীমবাবু তিনি দাঁড়িয়ে উঠুন এটা চাই, কিন্তু প্রথম অনুচ্ছেদে যা লেখা হয়েছে তাতে মনে হচ্ছে, আলিমুদ্দিন স্ট্রিটের তৈরি করা পার্টির কেন্দ্রবিরোধী প্রচারপত্র হচ্ছে এক নম্বর অনুচ্ছেদ। ৪নং

অনুচ্ছেদে ট্যাক্সের উপর রিলিফ দিয়েছেন এবং মনে হচ্ছে, মনমোহন সিং-এর সবচেয়ে মনযোগী ছাত্র হচ্ছেন অসীমবাবু। কোনটা রিয়াল অসীমবাবু দাঁড়িয়ে উঠে বলুন যে, আই এম এফের কথা শুনছেন যে অসীমবাবু সেই অসীমবাবু সঠিক, নাকি আলিমুদ্দিন স্ট্রিটের কথা যিনি শুনছেন সেই অসীমবাবু সঠিক। তিনি তার বক্তব্যে আউট অফ কনটেস্ট অনেক কিছু বলেছেন এবং একজন শিক্ষিত লোক হয়ে হাউসে একটা ভুল ইমপ্রেশন দেবার চেষ্টা করেছেন। ভুলটা কি? আমি বলব, অসীমবাবুকে এর জবাব দিতে হবে। আমি হাউসে দাঁড়িয়ে যে তথ্যগুলো দিচ্ছি তার একটি তথ্যও যদি ভুল প্রমাণিত হয় তাহলে যে কোনও শাস্তি মাথা পেতে নিতে রাজি আছি। এবারে আমি বলছি যে, অসীমবাবু কেন্দ্রীয় বাজেট নিয়ে লিখেছেন, কিন্তু একটা গ্রেস থাকা উচিত ছিল। কেন্দ্রীয় অর্থনৈতিক নীতি সবচেয়ে ভাল, একথা কেউ বলতে আসেনি এবং আমরাও বলেছি যে ডেফিসিট-এর ব্যাপারে, ফিসক্যাল ডেফিসিটের কেন্দ্রে যতটা হয়েছে, ৭.৩ পারসেন্ট, এটাতে চিন্তার ব্যাপারে আছে। এটাতে আমরাও চিন্তিত এবং মনমোহন সিংও চিন্তিত। Capital growth industry যে রকম স্লো, এটা চিন্তার ব্যাপার। এটাতে আমরাও চিন্তিত এবং মনমোহন সিংও চিন্তিত। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে স্ট্রাইকিং অ্যাচিভমেন্ট, অসীমবাবু বাজেটে খুব ক্লেভারলি তার উল্লেখ করেন নি। সেগুলি কি? প্রথমত হচ্ছে, বৈদেশিক মুদ্রার ভান্ডার ১৯৯১ সালের জুনে এক বিলিয়ন ডলার থেকে বেড়ে ১৩ বিলিয়ন ডলার হয়েছে সাম্প্রতিককালে। দ্বিতীয় হচ্ছে, রপ্তানি, ১৯৯৩-৯৪ সালের প্রথম ১০ মাসে ২১ শতাংশ in dollar terms বেড়েছে। তৃতীয় হচ্ছে, আমদানি ১৯৯৩-৯৪ সালে ওরা যা বলেছেন তাকে মিথ্যা প্রমাণিত করে, বাড়েনি, ১৯৯০-৯১ সাল থেকে কম হয়েছে। চতুর্থ হচ্ছে, টাকা পার্শিয়ালী কনভার্টেবল করার পরেও টাকার যে মূল্য আন্তর্জাতিক বাজারে সেটা স্টেবেল থেকে গেছে। পঞ্চম হচ্ছে, এক বছরে তিন বিলিয়ন US ডলার foreign investment হয়েছে। যারা হিসাবটা জানেন না, তাদের জন্য বলছি। এক বিলিয়ন ডলার মানে হচ্ছে এক শত কোটি ডলার, অর্থাৎ ৩ হাজার কোটি টাকা। এক বছরে ভারতবর্ষে ৯ হাজার কোটি টাকা ফরেন ইনভেস্টমেন্ট হয়েছে। এটা মনমোহন সিংয়ের সাফল্য। ষষ্ঠ হচ্ছে, খাদ্যের বাফার stock আজকে ২৩ মিলিয়ন টন হয়েছে। উনি ১৫ কোটি টাকার বাফার stock বানাবেন। দেশে যেখানে ২৩ মিলিয়ন টন অর্থাৎ ২ কোটি ৩০ লক্ষ টন বাফার stock আছে, সেখানে অসীমবাবু ১৫ কোটি টন বাফার stock দিয়ে কি করবেন, আমি জানি না। সপ্তম হচ্ছে, রেজিস্টার্ড আনএমপ্লয়েড সারা দেশে ১.৪ পারসেন্ট কমেছে, যেখানে ওরা একজিস্টিং পলিসির ফলে আনএমপ্লয়মেন্টের সংখ্যা বেড়ে যাবে। অষ্টম হচ্ছে, আপনাদের ধন্যবাদ দেওয়া উচিত ছিল, ভারতবর্ষ দেখিয়েছে যে, ঋণের ফাঁদে নয়, আই এম এফ-এর লোন ১.৪ বিলিয়ন ডলার এক বছর আগে রি-পেমেন্ট হয়েছে। কিন্তু যেহেতু আলিমুদ্দিন স্ট্রিটে নির্দিষ্ট প্রচার পত্র লিখতে হচ্ছে সেজন্য এই সত্যগুলি অসীমবাবু তার বাজেটে স্বীকার করতে পারেন নি। অসীমবাবু বাজেটে ডাঙ্কেল নিয়ে অনেক কথা বলেছেন। ডাঙ্কেল নিয়ে সুদীপ আগে বিস্তৃত ভাবে বলেছেন। আমি আর তা নিয়ে হাউসে পুনরাবৃত্তি করতে চাচ্ছি না। ডাঙ্কেল নিয়ে সমালোচনা করুন। আমি বলিনি যে ডাঙ্কেল নীতি নিয়ে কোনও চিন্তার ব্যাপার নেই। আমি শুধু একথা বলতে চাই যে, অসীমবাবু আগে আই এম এফ-এর লোন নিয়ে সমালোচনা করতেন। আমরা বলেছিলাম যে, আই এম এফ-এর লোন নেওয়া ছাড়া বিকল্প কি আছে সেটা আপনারা বলে দিন? আপনারা কোনও

কল্প পথ দেখাতে পারেন নি। আমরা বলেছি যে ১১৭টি দেশ যেখানে সই করেছে, সেখানে ারতবর্ষ যদি সই না করে তাহলে এক ঘরে হবে কিনা সেটা আপনারা বলে দিন? সেই হজ সত্যটা ওরা বলতে চাচ্ছেন না। ওরা এটাও বলতে চাচ্ছেন না যে, সারা পৃথিবীতে শত বিলিয়ন ডলার ব্যবসা বাড়বে এবং এক বিলিয়ন ডলার ভারতবর্ষেও ব্যবসা াড়বে—সেটা ভাল কিনা? ওরা এটাও বলতে চাচ্ছেন না যে, মাল্টি ফাইভার এগ্রিমেন্ট উঠে াল ভারতবর্ষের টেক্সটটাইল ইন্ডাস্ট্রি, গার্মেন্ট ইন্ডাস্ট্রিতে আমাদের এক্সপোর্ট ব্যাপক ভাবে াড়বে। ওরা বার বার মেধা নিয়ে বলেছেন ভারতবর্ষের মধ্যে যদি রিসোর্স করতে পারি তা ার খাবে না। অসীমবাবু যে মেধাসত্ত্বর কথা বলেছেন তা হচ্ছে ইমিটেটিভ রিসার্চ। আমেরিকার ার করা ওষুধ এখানে এনে রিসার্চ করে কতকগুলি তৈরি হয়েছিল, তারপরে সেটাকে ালাদা ভাবে তৈরি করলাম। অসীমবাবুরা হচ্ছেন আজকে ইমিটেটিভ রিসার্চের সবচেয়ে বড় মর্থক। ওরা যদিও টাটাকে ছেড়ে মাল্টি ন্যাশনালের দিকে যাচ্ছেন। আজকে অসীমবাবুর রো বক্তৃতায় উনি বলেছেন যে প্রয়োজনে সময় নিয়ে আমাদের দেশকে প্রতিযোগিতার জন্য তরি হতে হবে। আর কত সময় দেব? ৮০ দশক চলে গেছে। ইন্দোনেশিয়া, তাইওয়ান, চন, আমাদের থেকে এগিয়ে গেছে। এটুকু দেশ সিঙ্গাপুর, তাদেরও এক্সপোর্ট আমাদের চেয়ে বশি। অসীমবাবুদের প্রয়োজনীয় সময়ের জন্য পৃথিবী আটকে থাকবে না। ওরা সেই পুরানো থা আজও বলে চলেছেন। এবারে অসীমবাবু কিভাবে ফিগার দিয়ে হাউসকে মিসলীড করার চষ্টা করেছেন, সেটা আমি এক এক করে ওর বক্তৃতার অনুচ্ছেদ ধরে দেখিয়ে দেব। উনি প্রথমে বলেছেন যে দেশে বিদেশি ঋণের বোঝা ছিল ২ কোটি ৮১ লক্ষ টাকা। তারপরে উনি বলেছেন যে, দেশের অর্থনীতি, যদি দেশকে বিদেশি ঋণের ফাঁদে জড়িয়ে ফেলে তাহলে কি বপদ হবে! অসীমবাবু ইচ্ছা করে এটা দিয়েছেন, যে ফিগার দিয়েছেন ১৯৯১ সাল থেকে এই বছর বেড়েছে। কিন্তু যেটা আসল সত্য মনমোহন সিং বাজেট বক্তৃতায় বলেছেন, সেটা তনি অ্যাভয়েড করেছেন। It is not Convicing.

[11-50 — 12-00 Noon]

মনমোহন সিং কি বলেছেন Our external debt which is a cause of con- cern is growing more slowly now. It grew by about 6 billion per year on an average in the latter half of 1980s. In 1990-91 the debt grew by about 8 billion. In 1991-92 and 1992-93 the increase averaged only about 3 billion. In the first half of 1993-94, external debt has increased by hardly by 300 million. তার মানে কি? এক্সটার্নাল ডেট যেভাবে বাড়ছিল সেই রেটটা কমে এসেছে। তার একটা একজামপেল হচ্ছে আই এম এফ লোন প্রিপে করে দিচ্ছে। তার সঙ্গে মনমোহন সিং বলেছেন, There is no question of India falling into debt trap. In fact we propose to respond to the easier payment position by the retiring some of the high cost debt we have incurred in the past. অসীমবাবু বক্তব্য শুনে মনে হচ্ছে এই ঋণ বেড়ে যাচ্ছে আর মনমোহন সিং-এর বক্তব্য শুনে মনে হচ্ছে ঋণ কমে আসছে। সময়ের আগে ঋণ শোধ দিচ্ছে। অসীমবাবু ওই কথা বলতে অসুবিধা আছে বলে বলছেন না। তারপর ১.৪ নম্বর অনুচ্ছেদে ফ্যাক্ট দিয়েছেন তাতে তিনি বলছেন যে দেশের শিল্প উৎপাদনের সূচক কমে যাচ্ছে। উনি বলেছেন উৎপাদন

সূচক ১৯৯০-৯১ সালে যেখানে ছিল ২০৭.৮ তা ১৯৯২-৯৩ সালে কমে হয়েছে ২০৭.১। অসীমবাবুর নিজের ইকনমিক রিভিউ-এর পাতায় উনি যা বলেছেন তার উল্টো। ওনার ইকনমিক রিভিউতে দেখতে পাচ্ছি পশ্চিমবাংলা কমছে আর ভারতবর্ষের শিল্প উৎপাদনের ইনডেক্স বাড়ছে। আমি ওনার ইকনমিক রিভিউয়ের স্টাটিসটিক্যাল অ্যাপেনডিক্স-এর ১১৫ পাতা থেকে বলছি ইনডেক্স ছিল ১৯৯১ সালে ২১২, ১৯৯২ সালে ছিল ২১৮ এবং ১৯৯৩ সালে ২১৮.৪। আপনার ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ওয়েস্ট বেঙ্গলে আমরা দেখতে পাচ্ছি ১২৬.৪ ছিল ১৯৯১ সালে এবং সেটা বেড়েছে এবং সেটা বেড়ে হয়েছে মাত্র ১২৬.৯। অর্থাৎ ভারতবর্ষে বেড়েছে ৬, সেই জায়গায় পশ্চিমবাংলায় বেড়েছে মাত্র .৫। অসীমবাবু নিজের ফিগার থেকে দেখা যাচ্ছে ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনে ভারতবর্ষ বেড়ে গিয়েছে আর পশ্চিমবাংলা কমে গিয়েছে। সকলকে মিসলিড করার জন্য রং ফিগার দিয়ে হাউসকে মিসলিড করছেন। আজকে উনি বলছেন কেবল মাত্র নথীভুক্ত বেকারের সংখ্যা ৩.৬৩ কোর্স, বেকারি আরও ব্যাপক এবং ভয়াবহ রূপ ধারণ করবে। অ্যাকচুয়াল ফ্যাক্ট কি? অ্যাকচুয়াল ফ্যাক্ট হচ্ছে গত বছর এই সংখ্যা কমেছে। স্যার আপনি ফিগারটা শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে No. of applicants on the live Register of Employment Exchanges at the end of November, 1993 was 362.52 lakhs as against 367.75 lakhs, At the end of February, 1992 it decreases by 1.4%.

কি রকম মিথ্যাচার দেখুন, এমনভাবে লিখেছেন যে বেকার বাড়তে বাড়তে ৩.৬৩ কোর্স হয়েছে এবং আরও বাড়বে। কিন্তু বেকার কমেছে ১.৫ পারসেন্ট। অসীমবাবু ফিগারকে ফাঁকি দিয়ে সত্যকে এড়িয়ে গেলেন দেখে আমার আশ্চর্য লাগলো। এর পর আমরা দেখতে পাচ্ছি কি? তিনি একটা জায়গায় বলেছেন ভারতবর্ষে নাকি পাবলিক ডিস্ট্রিবিউশন তুলে দেওয়া হল ডাঙ্কেলের চাপে। কি রকম? আপনি একটা হিসাব দিয়েছেন। উনি বলেছেন সারা দেশে গণ বণ্টন ব্যবস্থার মধ্যে খাদ্য শস্যের সরবরাহ যেখানে ১৯৯১ সালে ছিল ২.০৮ কোটি টন তা ১৯৯৩ সালে কমে হয়েছে ১.৫১ কোটি টন। না আসল ফিগার কি? আসল ফিগার হচ্ছে খাদ্য শস্য সরবরাহে অ্যালোকেশন যা ছিল ১৯৯১ সালে তা তাই আছে। রাইস অ্যান্ড হুইট অ্যালোকেশন ১৯৯২-৯৩ সালে ছিল ২০.৬০ এবং সেটা ১৯৯৩ সালে দাঁড়িয়েছে ২১.৬০। তার মানে অ্যালোকেশন পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমে রাইস অ্যান্ড হুইটে ১৯৯৩ তে বেড়েছে ১৯৯২-৯৩ সালের তুলনায় এমন কি ১৯৯১-৯২ সালের তুলনায়ও। তাহলে ডিফারেন্সটা কোথায়? ডিফারেন্সটা হচ্ছে অফটেক। ডিফারেন্সটা হচ্ছে হুইটের অফটেকে, এটা কমে গিয়েছে। তার এক্সপ্লানেশন আছে ইকনোমিক সার্ভেতে। সেখানে অসীমবাবু একটা তথ্য দিয়ে বলেছেন। আপনি মিসলিড করেছেন। সেখানে কারণ হিসাবে বলা হয়েছে যে বাজারে যে দাম সে সম্বন্ধে বইতে বলা হয়েছে, The decline in off take of wheat is a result of narrow price differential between market price and PDS price after the PDS issue price was revised in January, 1993. কেন্দ্র এক ছটাক কমায় নি। পি ডি অ্যালোকেশনে অফটেক কম হয়েছে। তার কারণ পি ডি এস-এর প্রাইস আর মার্কেট প্রাইসের মধ্যে তফাৎ কম। অসীমবাবু, আপনি মিসলিড করেছেন। এরা চোরকে বলেন চুরি করতে, আর গৃহস্থকে বলেন সজাগ থাকতে। রেশনে দাম বাড়ানো হয়েছে বলে বলেছেন। এর কারণ হচ্ছে কৃষকদের সংগ্রহ মূল্য বেশি দেওয়া হচ্ছে বলে। অসীমবাবু তার

ধার দিয়েও গেলেন না। উনি বলে দিলেন ডাঙ্কেলের চাপে সমস্ত পি ডি এস তুলে দেওয়া হচ্ছে। দ্বিতীয় অনুচ্ছেদে একই রিপিটেটিভ কথা, ভূমি সংস্কার করে অবস্থাটা এখানে একেবারে পাল্টে দিয়েছেন। সারা ভারতবর্ষের ক্ষেত্রে ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের হাতে যেখানে জমির পরিমাণ ৮৯ শতাংশ, পশ্চিমবাংলায় সেখানে তার পরিমাণ হচ্ছে ৬০ শতাংশ। অসীমবাবু, এই লাইনটা চেঞ্জ করুন। তিন বছর এই একই লাইন, ভূমি সংস্কারের চাবুক নিয়ে কত বললেন? ভূমি সংস্কার ইজ অ্যান ওল্ড হর্স। এই কথা দিয়ে নির্বাচনের কাজে ব্যবহার করছেন, আর এখানে একই সেনটেন্স বলছেন বারে বারে। বর্গাদারদের হাতে সাত শতাংশ জমি দেওয়া হয়েছে। গত বছর এবং প্রতি বছরের বাজেট বক্তৃতায় একই কথা বলে যাচ্ছেন। এর পরে সবচেয়ে সিরিয়াস ফাজিং আমার অভিযোগ হচ্ছে দ্যাট ইজ উইথ রিগার্ড টু ফুড প্রোডাকশন। মানববাবু বলে দিলেন যে ভারতবর্ষে ফুড প্রোডাকশন কমে যাচ্ছে, পশ্চিমবাংলায় বেড়েছে। হোয়াট ইজ দি অ্যাকচুয়াল প্রোডাকশন? উনি বলেছেন, ভারতবর্ষের রেট অব ইনক্রিজ কমে যাচ্ছে, আর পশ্চিমবাংলার ক্ষেত্রে তা সবচেয়ে বেশি। এটা একটা পিকিউলিয়ার ব্যাপার, উনি একটা ভিত্তি বৎসরকে বেছে নিয়েছেন ১৯৮০-৮৩ এবং ১৯৮৯-৯২। একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সময় হিসাবে ধরলে না হয় বুঝতাম, উনি তা না করে ঐভাবে ভিত্তি বৎসর চুজ করলেন। ফিগার ফাজিংয়ের একটা লিমিট থাকা দরকার। সেখানে আমরা কি দেখছি? ১৯৯১-৯২ ১৬৮.৩৭ মেট্রিক টন এবং ১৯৯২-৯৩ তে যেখানে ভারতবর্ষের ক্ষেত্রে ছিল ১৮০ মেট্রিক টন অর্থাৎ ১০.৬ পারসেন্ট বেড়েছে। পশ্চিমবাংলায় সেখানে ঐ সময়ে ১৯৯১-৯২তে ছিল ১২৮.৫৬ শতাংশ সেটা ১৯৯২-৯৩ তে কমেছে। ১৯৯১-৯২ তে ছিল ১২৮.৫৬ লক্ষ মেট্রিক টন, সেটা কমে দাঁড়িয়েছে ১২৬.৮০ লক্ষ মেট্রিক টন। পাঁচ বছরে কি ছিল দেখলে দেখব যে পশ্চিমবাংলায় বেড়েছে মাত্র ১০ পারসেন্ট। সেখানে ঐ সময়ে পাঞ্জাবে বেড়েছে ১৭ পারসেন্ট, মহারাষ্ট্রে বেড়েছে বাই অলমোস্ট ২০ পারসেন্ট। সুতরাং আপনাদের বেড়েছে মাত্র ১০ পারসেন্ট। আপনি একটা অবসকিওর ফিগার, মাঝখানে একটা স্ট্যাটিসটিক্স দিয়ে প্রমাণ করার চেষ্টা করেছেন যে ভূমি সংস্কার করে আমাদের নাকি খাদ্য শস্য সবচেয়ে বেশি বেড়ে গিয়েছে। অসীমবাবু, দেয়ার সুড্ বি সাম্ লিমিট টু জাগলারি রাইটিং ফর অ্যান এডুকেটেড ম্যান লাইক ইউ। আমি পজিটিভলি বলতে চাই যে এখানে আপনি হাউসকে মিসলিড করছেন। আপনি একটা জায়গায় এর মধ্যে সত্যিকথা বলেছেন যে আজকে ১৭ বছর ধরে আপনাদের ভূমি সংস্কার চলছে। আপনি স্বীকার করেছেন যে, উই আর নট সেল্ফ সাফিশিয়েন্ট ইন ফুড। আপনি স্বীকার করেছেন যে, আমাদের প্রয়োজন, চাহিদা হচ্ছে ১৪০ লক্ষ টন। সেখানে উৎপাদন হয় ১২৬ লক্ষ টন। ১৭ বছরে ইউ আর নো হোয়্যার নিয়ার সেল্ফ সাফিশিয়েন্সী। সেন্ট্রালের পি ডি এস থেকে ২০ লক্ষ টন এলে এই রাজ্য চলে।

[12-00 — 12-10 P.M.]

আপনি সেই কথাটা স্বীকার করছেন না। মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে ডাঙ্কেল প্রস্তাব এলে নাকি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেম উঠে যাবে। এখানে মাননীয় মৎস্যমন্ত্রী কিরণময় নন্দ এত লাফান যে মাছের চাষ বেড়েছে বলে এর কোনও কারণ নেই। এখানে পশ্চিমবঙ্গ মাছ চাষের যে প্রথম তার কারণ হচ্ছে রাজ্যের বহু লোক মাছ খায়? সেখানে চাহিদার

তুলনায় যোগান বেশি এবং এই কথাটা মাননীয় অর্থমন্ত্রী স্বীকার করেছেন। এই একটি ক্ষেত্রেই তিনি খুব সত্যি কথা বলেছেন। হোল বাজেটের মধ্যে এইটুকুই সত্য কথা। মাননীয় অর্থমন্ত্রী কেন্দ্রের বিরুদ্ধে বলেছেন তার বাজেটে যে, কেন্দ্রের অবিচার নাকি নেমে এসেছে এবং নতুন নতুন কর্মে তা নেমে আসছে। বাজেট অ্যাট এ গ্লান্সে দেখুন তো আপনারা কি করেছেন— বাজেট অ্যাট এ গ্ল্যান্সে ইউ হ্যাভ টোটালি ফেল্ড টু মোবিলাইজ রিসোর্স। ট্যাক্স রেভিনিউয়ের ক্ষেত্রে ৩ হাজার ৫৫৮ কোটি টাকা পাওয়ার কথা সেখানে হয়েছে ২ হাজার ৯৬৪ কোটি টাকা। সুতরাং ইউ আর শর্ট বাই ৫০০ হান্ড্রেড অলমোস্ট সিক্স হান্ড্রেড ক্রোর্স ইন রেভিনিউ কালেকশন। আপনার স্ট্যাম্প ডিউটিতে দু মাসের কালেকশন কম হয়েছে, সেখানে ৭৫ কোটি টাকা লোকসান হয়েছে। সেলস ট্যাক্সের ক্ষেত্রে ১৪০ কোটি টাকা কম কালেকশন করেছেন। ল্যান্ডের ক্ষেত্রে ১৩০ কোটি টাকা কম কালেকশন হয়েছে। আপনি যে ডেফিসিট কমিয়েছেন বলছেন কাগজে তার বিরূপ মন্তব্য বেরিয়েছে। আজকে কেন্দ্রীয় সরকার দয়া করে বেশি টাকা দিচ্ছেন বলে আপনাদের ডেফিসিট হচ্ছে না তা না হলে কোথায় যেতেন আপনারা। আজকে যে এই ৬০০ কোটি টাকার শর্টফল দেখানো হয়েছে তা কি হবে। আজকে সেন্ট্রাল যদি টাকা না দিত তাহলে কোথায় যেত? তারপরে গ্রান্টস ইন এড ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট সেখানে ১০৫২ কোটি টাকার জায়গায় এবারে ১২১৩ কোটি টাকা দিয়েছে। অর্থাৎ ১৬০ কোটি টাকা বেশি দিয়েছে। তারপরে সবচেয়ে বড় জিনিস হচ্ছে যে, যা নিয়ে আপনারা গতবারও অভিযোগ করেছিলেন যে স্মল সেভিংসে আপনারা নাকি মার খাচ্ছিলেন। এইবছর সেটা কেন্দ্রীয় সরকার ৫০০ কোটি টাকার জায়গায় ৮০০ কোটি টাকা করেছেন। অথচ স্মল সেভিংসের ক্রেডিট নিচ্ছেন আপনারা এবং প্রচার করে বেড়াচ্ছেন যে পোস্ট অফিসে লোক নাকি বেশি বেশি করে এন এস সি ইত্যাদি করার জন্য টাকা বেড়েছে। অবশ্য এতে আপনার কৃতিত্ব নেই, এ কৃতিত্ব লোকেদের। এরফলে আপনি অভ্যন্তরীণ ঋণের জালে জড়িয়ে পড়ছেন। আপনার বাজেটের পাতায় বলা আছে যে, ৩ হাজার কোটি টাকার বেশি মাইনে দিতেই চলে যাচ্ছে। তার উপরে আবার ১৩৪২ কোটি টাকা ইনটারেস্ট দিতেই চলে যাচ্ছে। সুতরাং বাজেটের অর্দ্ধেকের বেশি টাকা মাইনে এবং ইন্টারেস্ট দিতেই চলে যাচ্ছে। ওই টাকা আপনারা অন্য কাজে খরচ করতে পারবেন না। সুতরাং রিসোর্স মোবিলাইজেশনে আপনারা টোটালি ফেল করেছেন। সেন্ট্রাল যদি টাকা বেশি করে না দিত তাহলে তো আরও ক্ষতিগ্রস্ত হত। আপনারা ল্যান্ডের ক্ষেত্রে বীভৎস ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং রাজ্যের একটা বিরাট সর্বনাশ হয়ে যাচ্ছে। আপনার সিক্সথ প্ল্যানের অ্যালোকশনে ছিল সাড়ে ৩ হাজার কোটি টাকা, তারমধ্যে খরচ হয়েছে ২৩ কোটি টাকা। সেখানে সেভেন্থ প্ল্যানে ডবল হওয়ার কথা তার জায়গায় আপনারা করলেন ৪ হাজার ৫১১ কোটি টাকা। সুতরাং সিক্সথ প্ল্যানে ২৩ কোটি টাকা খরচ হয়েছে অর্থাৎ ৩ বছর প্ল্যানিংয়ের চিত্রটা কি? ১৯৯১-৯২ সালে ১৪৮৬ কোটি টাকা ছিল সেখানে খরচ করেছেন ৯১২ কোটি টাকা। তার মানে ৬১ পারসেন্ট খরচ করেছেন। ১৯৯২-৯৩ সালে ১৫.১ কোটি টাকা তারমধ্যে ৮৮৭ কোটি টাকা খরচ করেছেন। তারপরে ১৯৯৩-৯৪ নতুন কায়দা করলেন দুটি লেবেলে অর্থাৎ প্ল্যানিংয়ের ফাস্ট লেবেলে ১৫৫০ কোটি টাকার জায়গায় ১২১৭ কোটি টাকা খরচ করলেন। সিক্সথ প্ল্যানে শর্টফল হয়েছে ১২০০ কোটি টাকা, সেভেন্থ প্ল্যানে শর্টফল ২৫ শত কোটি টাকা, এইটথ প্ল্যানে দেখানো হয়েছে ১৫২১ কোটি টাকা, টোটাল শর্টফল হচ্ছে ৫,২০০ কোটি টাকা। দেখা

যাচ্ছে সিকস্থ প্ল্যানে প্ল্যান ইমপ্লিমেন্টেশন থেকে রাজ্য খালি শর্টফল হচ্ছে। আমাদের রেজাল্ট ইমিডিয়েটলি বাড়ছে না। আমাদের স্টেট ডোমেস্টিক প্রোডাকট ভ্যালু কি, মহারাষ্ট্রের তুনলায় আমরা কোন পর্যায়ে রয়েছি। আমাদের এখানে স্টেট ডোমেস্টিক প্রোডাকট টোটাল ৩৫ হাজার ৮২৭, মহারাষ্ট্রে স্টেট ডোমোস্টিক প্রোডাকট ৬২ হাজার ৯৮, উত্তরপ্রদেশে স্টেট ডোমোস্টিক প্রোডাকট ৫৬ হাজার ৩৮১, এমন কি পার ক্যাপিটাতেও ৬টি রাজ্যের নিচে ৫ হাজার ৩৮৩ সেখানে মহারাষ্ট্রে পার ক্যাপিটা, স্টেট ডোমোস্টিক প্রোডাকট হচ্ছে ৮ হাজার ১৮০। এই রাজ্যে আপনারা ক্রমশ প্ল্যান ইমপ্লিমেনটেশন ফেলিওরের জন্য ডুবতে ডুবতে শেষ পর্যায়ে এসেছেন। আমি এখানে একটি ব্যাপারে বলতে চাই, মহারাষ্ট্রের সঙ্গে একটা ব্যাপারে আপনাদের অভিযোগটা ঠিক, এখানে ক্রেডিট ডিপোজিট রেশিও কম, প্ল্যানে কম্পারিজন হচ্ছে ১৪ হাজার, মহারাষ্ট্র সেখানে করেছে ৪ হাজার ৪০০ কোটি টাকা। ৯২ সালে টোটাল ইমপ্লিমেন্টেড ইন্ডাস্ট্রিয়াল প্রোজেক্ট হচ্ছে ৪৯২ মহারাষ্ট্রে সেখানে ইন্ডাস্ট্রিয়াল ইনভেস্টমেন্ট প্রোপোজাল হচ্ছে এই বছরে ১ লক্ষ ৪ হাজার কোটি টাকা। শুধু আর পি জি আর মিত্তেলের সাথে পাওয়ার সেক্টারে ৬ হাজার কোটি টাকা ওখানে ইন্ডাস্ট্রির জন্য দিচ্ছে। হোয়ার অ্যাজ দি বিগ ইনভেস্টমেন্ট প্রোপোজাল, সেখানে আপনি এই রাজ্যে ভয়াবহ বেকারিকে দূর করতে পারেন, আপনি সেটা এখনও পর্যন্ত আমাদের বলেননি। আমরা অন্ধকারের মধ্যেই রয়ে গেছি। এবারে আমি আমার বক্তব্য সাম-আপ করব। এবারে আমি স্টেট ট্যাক্স সম্বন্ধে বলব। আপনি স্টেট ডোমোস্টিক প্রোডাক্টে পিছিয়ে আছেন, ফুড প্রোডাকশন ইনএফিসিয়েন্ট, বিদ্যুতের ক্ষেত্রে ৭৫ ভাগ গ্রামে বিদ্যুত দিতে পারছেন না, ইনফ্রাস্ট্রাকটার নেই, রাস্তা ভাল নয়। বার বার প্রতি বছর প্ল্যান অ্যালোকেশন শর্টফলের ফলে রাজ্যে এত বন্ধ হয়েছে, আপনি এত বছর পরে সঠিক রাস্তায় হাঁটাতে শুরু করেছেন। আপনার সম্বন্ধে পত্রিকাগুলিতে বলেছে, মনমোহনের রাস্তায় হাঁটলেন অসীমবাবু, অনেক কাগজেই এটা উল্লেখ করা হয়েছে, আপনি মনমোহন সিং-এর রাস্তায় হাঁটলেন। উনি কেমব্রিজের ছাত্র, আপনি এম আই টি-র ছাত্র হয়ে হয়ত তাড়াতাড়ি হাঁটছেন। সেন্ট্রাল বাজেটের অ্যালোকেশনগুলি দেখুন, কোথায় অ্যালোকেশন বেড়েছে। সেন্ট্রাল বাজেটে মনমোহন সিং প্ল্যানে বাড়িয়েছে ১৭ পারসেন্ট আপনি বাড়িয়েছেন ১৮ পারসেন্ট। রুর‍্যাল ডেভেলপমেন্ট হচ্ছে ৪০ শতাংশ। ট্যাক্সের ক্ষেত্রে যে ছাড় দিচ্ছেন তার জন্য আমি ওয়েলকাম করছি আপনি ট্যাক্স ন্যাশনালাইজেশন করেছেন। এই রাস্তা মনমোহন সিং দেখিয়েছিলেন, আপনি সঠিক রাস্তায় হাঁটছেন। আপনি দেখবেন ট্যাক্স সিগারেটের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে, আপনিও বাড়িয়েছেন। লিকারে কেন্দ্রীয় সরকার বাড়িয়েছে, আপনিও বাড়িয়েছেন। আপনার বাজেট প্রোপোজাল দেখলে মনে হয় মনমোহন সিং-এর বাজেট কেউ টুকে দিয়েছে।

[12-10 — 12-20 P.M.]

আপনারা কি করেছেন, আপনারা ট্যাক্স কমিয়েছেন। আপনারা ফার্টিলাইজারে ট্যাক্স কমিয়েছেন, ইনসেকটিসাইডসে ট্যাক্স কমিয়েছেন, মেডিসিনে ট্যাক্স কমিয়েছেন, লেদার গুডসে ট্যাক্স কমিয়েছেন, আমব্রেলায় ট্যাক্স কমিয়েছেন, পেপারে ট্যাক্স কমিয়েছেন, মোটর গাড়ির চ্যাসিসে ট্যাক্স কমিয়েছেন, টায়ার টিউবে ট্যাক্স কমিয়েছেন, আপনি সফটওয়ার কম্পিউটারে ট্যাক্স কমিয়েছেন। আপনার এই সমস্ত জিনিসগুলোর উপর ট্যাক্স কমানোকে আমি সমর্থন

করছি। আই থিংক দিজ আর স্টেপস ইন রাইট ডিরেকশন। তবে আমব্রেলার ক্ষেত্রে আমাদের বক্তব্য যা আছে সেই টোটাল সেলস ট্যাক্সটাই আপনি তুলে দিন। মহারাষ্ট্র সরকার আমব্রেলার ক্ষেত্রে সেলস ট্যাক্স তুলে দিয়েছে। আমরা মনমোহন সিংকেও এই ব্যাপারে বলেছি। কারণ আমব্রেলা একটা ছোট ইন্ডাস্ট্রিতে তৈরি হয়। আপনার কাছে আমাদের আবেদন আপনি ফাইভ পারসেন্ট সেলস ট্যাক্স এখানে রাখবেন না। এটা রাখার কোনও দরকার নেই। পেপারের ক্ষেত্রে আপনি আড়াই পারসেন্ট সেলস ট্যাক্স ধরেছেন। পেপার বোর্ড থেকে তৈরি হয়। পেপারের ক্ষেত্রে আপনি ছাড় দিয়েছেন। টী-র ক্ষেত্রে আপনি যে কনসেশন দিয়েছেন, ইট ইজ নো কনসেশন। আপনি এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ৮৩ পারসেন্ট করেছেন। ইট ইজ ভেরি হাই। আসাম টী-র ক্ষেত্রে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স করেছে ৬০ পারসেন্ট। এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স আরেকটু কমানোর সুযোগ আপনার আছে। আর অ্যাবোলিশন অফ এন্ট্রি ট্যাক্স অন টী আপনি যেটা করেছেন সেটা আমরা দেখেছি। কলকাতা মার্কেটে অকশনে যে চা বিক্রি হচ্ছে তা সেসের ব্যাপারে আপনি যেটা করেছেন সেটা আমরা দেখেছি। আমাদের বক্তব্য কয়লার সেসের ব্যাপারেও আপনি সেই রকম কিছু একটা করুন। অজিতবাবুর সাথে আপনার ঝগড়া লেগেই আছে। আপনি জানেন কয়লার সেসের ব্যাপারে ১৯৮৯ সালে সুপ্রীম কোর্টে একটি মামলা হয়েছিল এবং আইনটা চেঞ্জ করার জন্য, আমার বক্তব্য টী সেসের ব্যাপারে আপনি যে রকমভাবে মিটিয়ে নিয়েছেন, কয়লার সেসের ব্যাপারটাও আপনি সেইভাবে অজিতবাবুর সাথে মিটিয়ে নেবেন। সুপ্রীম কোর্টে এই আইনটার ফয়সালা হলে এবং সুপ্রীম কোর্ট যদি বলে সেস বে-আইনি তাহলে আপনাদের দু হাজার কোটি টাকা ফেরত দিতে হবে এবং সেই দু হাজার কোটি টাকা ফেরত দিতে গিয়ে আপনাদের সরকার বিক্রি হয়ে যাবে। কয়লার এই সেসের ব্যাপার নিয়ে অজিতবাবুকে একটা প্রোপোজাল দিয়েছেন। আপনি সেটা মেনে নিন, অনর্থক লোকের সাথে ঝগড়ায় যাবেন না। আপনার স্ট্যাম্প ডিউটি থেকে টাকা তোলার স্কোপ অনেক বেশি। কিন্তু গত বছরে আপনি সেখান থেকে বেশি টাকা আদায় করতে পারেননি। দিল্লিতে স্ট্যাম্প ডিউটির রেট আট পারসেন্ট করেছে। স্ট্যাম্প ডিউটির রেটটা কমিয়ে দিলে আপনার আরও বেশি টাকা আদায় হবে। এস এস আই ইউনিটগুলোকে রিফান্ডের ব্যাপারে আপনি যে প্রোপোজাল দিয়েছেন সেটাকে আমরা সমর্থন করছি। টুরিজিমের ব্যাপারে কেন্দ্রীয় বাজেটে মনমোহন সিং একটা ছাড় দিয়েছেন। আপনাকে টুরিজিম বাড়াবার জন্য এই ছাড় দেওয়ার কথা আমি বলছি। কারণ এটা একটা সার্ভিস ইন্ডাস্ট্রি এতে বেশি লোকের চাকরি হয়। টুরিজিমে ছাড় দেবার কোনও সুযোগ আছে কিনা সেটা আপনি দেখবেন। আপনি মেনশন করেননি আপনার বাজেট বক্তৃতায় আরেকটা জিনিস, সেটা হচ্ছে ৬৭টি পাবলিক সেক্টর আন্ডারটেকিং আছে তার মধ্যে মাত্র ছয়টি লাভ করছে। আর ৬১টি লোকসানে চলছে। আপনার বাজেট বক্তৃতায় একবারও কি আপনি এটা বলবেন না! আপনার বাজেট বক্তৃতায় বলেননি সিটুর প্রভাব কমে যাবে বলে কি? নন-ব্যাঙ্কিং প্রতিষ্ঠানগুলো পশ্চিমবাংলায় প্রায় ১০০ কোটি টাকার ব্যবসা করছে। নন-ব্যাঙ্কিং প্রতিষ্ঠানের আমি কয়েকটা উদাহরণ দিচ্ছি, যেমন রেঁনেসাস, উদয়ন, ইন্দ্রদীপ ইত্যাদি এই সমস্ত কোম্পানিগুলো মানুষকে ঠকাচ্ছে। তারা বাজারে মাইকে করে প্রচার করছে, আর আপনারা বসে বসে দেখছেন। কারণ সি পি এমের লোকেরা সব লোয়ার লেভেলে এর সঙ্গে যুক্ত আছে। আপনি যদি এইগুলো বন্ধ করতে পারতেন তাহলে সেই টাকাটা আপনার স্টেট এক্সচেকারে আসতে পারত—এই ১০০

কোটি টাকার মতো। আপনি সেলস ট্যাক্স নাশ্যনালাইজেশন করেছেন। আপনার ট্যাক্স বাড়িয়ে কোনও লাভ হয়নি, এটা আপনি বুঝেছেন। এই সেলস ট্যাক্সের রেজিস্ট্রেশন ফর্ম পেতে লোকের জীবন জেরবার হয়ে যাচ্ছে। সেলস ট্যাক্সের অফিসগুলো আজকে দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। একটা ডিক্লেয়ারেশন ফর্ম সেখানে পাওয়া যাচ্ছে না। আপনি রাইটার্স বিল্ডিং থেকে রাজ্য শাসন করছেন, কিন্তু বাস্তব অবস্থাটা কি সেটা আপনি নিজে গিয়ে দেখছেন না। এখন আপনি সঠিক পথে যাওয়ার চেষ্টা করছেন, কিন্তু বড্ড দেরি হয়ে গেছে। বার বার আপনার প্ল্যান ফেলিওর হয়েছে। আনলেস ইউ ডু এনিথিং ড্রামাটিক। আগামী দিনে আপনাদের ইলেকশনে পরাজিত হয়ে চলে যেতে হবে। কারণ এই বাজেট এবং প্ল্যান ফেলিওরের বিরুদ্ধে জনসাধারণের কাছে আপনাদের জবাব দিতে হবে, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**মিঃ স্পিকার ঃ** সৌগতবাবু, টাইম অ্যালটমেন্টের কাগজ যেটা আসে সেটা হচ্ছে proposal, not binding on speaker. স্পিকার সেটা কমাতে বাড়াতে পারেন।

**শ্রী সৌগত রায় ঃ** হ্যাঁ, স্যার।

[12-20 — 12-30 P.M.]

**শ্রী অমিয় পাত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য বাজেটের উপর গত তিনদিন ধরে যে বিতর্ক হয়ে গিয়েছে সেই বিতর্কে একটি জিনিসই ঘুরেফিরে এসেছে সেটা হচ্ছে ডাঙ্কেল প্রস্তাব। স্যার, এবারের রাজ্য এবং কেন্দ্রীয় বাজেটের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি যদি পর্যালোচনা করা যায় তাহলে দেখা যাবে যে কেন্দ্রের বাজেট রচনা করা হয়েছে মূলত ডাঙ্কেল প্রস্তাবের উপর ভিত্তি করে যেটা আত্মসমপর্ণের পথ। আর আমাদের রাজ্যের বাজেট রচনা করা হয়েছে রাজ্যের যে সম্পদ আছে মূলত তার উপর নিভর করে যেটা আত্মনির্ভরতার পথ। অর্থাৎ ডাঙ্কেল প্রস্তাবের বিকল্প পথে সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে আমাদের রাজ্য সরকারের বাজেটে উন্নয়নের কথা বলা হয়েছে। স্যার, আপনি জানেন, রাজ্য বাজেট প্রত্যক্ষভাবে কেন্দ্রীয় বাজেটের সঙ্গে সম্পর্কযুক্ত। রাজ্যের আয়ের একটা অংশ কেন্দ্রীয় সাহায্য ঋণ এবং কেন্দ্র কর্তৃক আদায়ীকৃত শুল্কের অংশ থেকে এসে থাকে। আবার রাজ্যের ব্যয়-মূল্যবৃদ্ধি, মুদ্রাস্ফীতি এবং কেন্দ্র কর্তৃক নতুন কর আরোপ সহ কেন্দ্রীয় আর্থিক নীতির উপর নির্ভর করে। এবারে কেন্দ্রীয় বাজেট দেখলে দেখবেন আয়করে ছাড় দেওয়া হয়েছে ১০৭৫ কোটি টাকা, যেটা বড় লোকদের ব্যাপারে এবং তার ফলে আমাদের রাজ্যের ক্ষতি হবে ৬৮.৬ কোটি টাকা। রাজ্য পরিকল্পনায় কেন্দ্রীয় সহায়তাও হ্রাস পেয়েছে—১৯৯৩-৯৪ সালে সংশোধিত বরাদ্দ ছিল ২০ হাজার ১৩ কোটি টাকা, ১৯৯৪-৯৫ সালে বাজেট বরাদ্দ হল ১৮ হাজার ৭৪১ কোটি টাকা। এর পর রাজ্যগুলি আয়ের ক্ষেত্রে যে ধাক্কাটা খেল সেটা হচ্ছে আবগারি শুল্ক খাতে। আবগারি শুল্ক কম আদায় হয়েছে ১৮৫৫ কোটি টাকা, এর ফলে রাজ্যের ক্ষতি হবে ৩০.৩১ কোটি টাকা। তারপর যেটা করা হল সেটা হচ্ছে, কেন্দ্র প্রশাসনিক নির্দেশে জিনিসপত্রের দাম বাড়িয়ে বাড়তি ৬ হাজার ২০০ কোটি টাকা সংগ্রহ করলেন ফলে এর অংশ থেকে রাজ্যগুলি বঞ্চিত হবে। এর সঙ্গে আছে মুদ্রাস্ফীতি এবং মূল্যবৃদ্ধির সমস্যা। ৮.৫ পারসেন্ট হারে মুদ্রাস্ফীতি এবং ৮.৬ শতাংশ হারে মূল্যবৃদ্ধি ঘটেছে। এর ফলে রাজ্যগুলি সাংঘাতিক একটা

অবস্থার মধ্যে পড়েছেন। এর পর যে ধাক্কাটা আছে সেটা হল বিভিন্ন কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলির ভূমিকা। আপনারা যদি লক্ষ্য করেন, বিভিন্ন কেন্দ্রীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি—আই এফ সি আই, আই ডি বি আই, ন্যাবার্ড—যে ভূমিকা পশ্চিমবঙ্গের ক্ষেত্রে গ্রহণ করছেন তাহলে দেখতে পাবেন যে আমাদের এই রাজ্যকে কিভাবে তারা বঞ্চিত করেছেন। এরা সবাই মিলে অন্ধ্রপ্রদেশেকে যেখানে দিয়েছেন ৬৯৭৯ কোটি টাকা, পশ্চিমবঙ্গকে সেখানে দিয়েছেন ৪২৫২ কোটি টাকা ইন্ডাস্ট্রিয়াল ফাইনান্সিয়াল কর্পোরেশন তারা আমাদের রাজ্যে কি ভূমিকা পালন করছে, আই ডি বি আই কি ভূমিকা পালন করছে, ন্যাবার্ড কি ভূমিকা পালন করছে, তাহলে আমরা দেখব আমাদের রাজ্যে তাদের বিনিয়োগ সবচেয়ে কম। যদি শুধু অন্ধ্র প্রদেশের সঙ্গে তুলনা করা যায় তাহলে দেখব সমস্ত আর্থিক প্রতিষ্ঠান মিলিয়ে যেখানে অন্ধ্র প্রদেশ তারা ডিসবার্সমেন্ট করেছে ৬ হাজার ৯৬৯ কোটি টাকা সেখানে পশ্চিমবাংলাকে দিয়েছে ৪ হাজার ২৫২ কোটি টাকা। ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্সিয়াল কর্পোরেশন অন্ধ্রে দিয়েছে ৯.২ পারসেন্ট, তাদের যা কালেকশন পশ্চিমবাংলায় ৩.৩ পারসেন্ট। আই ডি বি আই, তারা যে ডিসবার্সমেন্ট করেছে অন্ধ্রে ৪ হাজার ৫৪ কোটি টাকা, পশ্চিমবাংলায় ২ হাজার ৬২ কোটি টাকা। এছাড়া কর্ণাটক, তামিলনাড়ু, মহারাষ্ট্র, গুজরাট, এই রাজ্যগুলোর সঙ্গে যদি তুলনা করা যায় তাহলে দেখা যাবে পশ্চিমবাংলায় এদের লগ্নি সবচেয়ে কম। অন্য দিকে এই বাজেটে যে সমস্ত অ্যালোকেশন কমেছে, আর্থিক প্রতিষ্ঠানগুলোর যে বৈষম্য, তার পরিপ্রেক্ষিতে দাঁড়িয়ে যদি আমরা পশ্চিমবাংলার বিগত বাজেটগুলোর সাফল্য, এটা বিচার বিশ্লেষণ করি—আমি কয়েকটা সিলেকটেড ক্ষেত্রে যেতে চাই, প্রথম হচ্ছে কর্ম সংস্থান, আমি একটা পরিসংখ্যান দেখছি ৮০ সাল থেকে ৯২ সাল এই সময়ের মধ্যে রাজ্য সরকারি দপ্তর, আধা সরকারি দপ্তর, স্থানীয় সংস্থা, নথীভুক্ত কলকারখানা এবং অন্য বাণিজ্যিক প্রতিষ্ঠান সব ক্ষেত্রে পশ্চিমবাংলায় এমপ্লয়মেন্ট বেড়েছে। এমপ্লয়মেন্ট, কমেছে কেন্দ্রীয় সরকারি দপ্তরে। এমপ্লয়মেন্ট কমেছে কেন্দ্রীয় সরকারের আন্ডার টেকিংগুলোতে। এই সময়ের মধ্যে শুধু কয়লা শিল্পে ছাঁটাই হয়েছে ১৯ হাজার মানুষ আর কেন্দ্রীয় সরকারের অন্যান্য দপ্তরে ছাঁটাই হয়েছে ১৭ হাজার মানুষ অথচ পশ্চিমবাংলাতে যারা কাজ পেয়েছেন তার সংখ্যা হয়েছে ১ লক্ষ ৮৬ হাজার ১৯৮ জন। আর কংগ্রেসের বন্ধুরা মহারাষ্ট্রের সঙ্গে তুলনা করেন, আমি একটা ছোট্ট তথ্য আপনাদের সামনে উল্লেখ করতে চাই যে মহারাষ্ট্রে ১৯৬১ সালে নথীভুক্ত বেকারের সংখ্যা ছিল ১.৬ লক্ষ। ৯০ সালের সেটা দু হাজার পারসেন্ট বেড়ে গিয়ে হল ৩০.৫ লক্ষ। আর যদি অন্য দিক থেকে বিচার করেন তাহলে ৬১ সালে প্রতি লাখ জনসংখ্যাতে ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্ক ফোর্স ছিল ১৯৯০ জন, ৯০ সাল ১ লক্ষ পুপলেশনে ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কারের সংখ্যা দাঁড়িয়েছে ১৫৩৩ জন। বম্বে, থানে, পুনে, এটা ইন্ডাস্ট্রিয়াল বেল্ট, এই বেল্টে আমি দেখছি, সেখানে টোটাল যে ইন্ডাস্ট্রিয়াল ওয়ার্কার তার ৭৭ পারসেন্ট ছিল ৬১ সালে ৯০ সালে গিয়ে দাঁড়িয়েছে ৬২ পারসেন্ট। কাজেই এই হচ্ছে মহারাষ্ট্রের অবস্থা, সেখানেও এমপ্লয়মেন্ট কমছে। আমাদের কৃষির ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে সেটা বলছি, যা নিয়ে সৌগত বাবু উষ্মা প্রকাশ করলেন, কৃষির ক্ষেত্রে আমরা দেখছি পশ্চিমবাংলায় উৎপাদনশীলতা আমাদের বেড়েছে হেক্টর প্রতি আলুর উৎপাদন সর্বোচ্চ, আমরা যেখানে হেক্টর প্রতি ২২ টন উৎপাদন করি, ভারতবর্ষে সেখানে অ্যাভারেজটা হচ্ছে ১৫ টন। চালের ক্ষেত্রে আমরা হেক্টরে প্রতি ২ হাজার ১০ কেজি চাল উৎপাদন করছি, যেখানে ভারতবর্ষের গড়টা

ছ ১৭৪৪ কেজি। পাটের ক্ষেত্রে ১৯৫১ কেজি আমাদের হেক্টর প্রতি প্রোডাকশন। পাটের ত্রে সারা ভারতের গড় হচ্ছে ১৮৪৮। আবার যদি আমরা দেখি যে মোট ভারতে ৎপাদিত ক্ষেত্রে পশ্চিমবাংলার অংশ কত, তাহলে চালের ক্ষেত্রে পশ্চিমবাংলা ১৫.৮ পারসেন্ট, ভারতবর্ষের কোনও রাজ্যের ধারে কাছে যেতে পারে না। পাটের ক্ষেত্রে ৬০.৫ পারসেন্ট ভারতবর্ষের কোনও রাজ্য এর ধারে কাছে যেতে পারে না। আলুর ক্ষেত্রে ৩০.৪ যেটা রতবর্ষের সর্বোচ্চ। এমন কি উচ্চ ফলনশীল ধান চাষের এলাকা ৮০-৮১ সালের থেকে ২ পর্যন্ত বেড়েছে ১৪২ পারসেন্ট, দ্বিগুণের বেশি হয়েছে। বছরে মোট চাষ যোগ্য জমির ৫ পারসেন্ট ছিল উচ্চ ফলনশীল এলাকা, এখন হয়েছে ৮৬ পারসেন্ট। মাথা পিছু খাদ্যশস্যের না শস্যের বরাদ্দ সেটা আমাদের রাজ্যেই সব থেকে বেশি ভারতবর্ষের মধ্যে। বিদ্যুতের ত্রে আমরা দেখছি ইনস্টল ক্যাপাসিটি গত বছর থেকে এই বছর ৬৮ মেগাওয়াট বেড়েছে। দ্যুতের জেনারেশন বেড়েছে ৩৭ পারসেন্ট। ইন্ডাস্ট্রির ক্ষেত্রে আমাদের গ্রোথ রেট ২.৫ রসেন্ট, যেখানে ভারতবর্ষের গ্রোথ রেট হচ্ছে ১.৬। তবু আমাদের ২.৫ পারসেন্ট থেকে রও বাড়তে পারত যদি কয়লা শিল্পের এই হালটা না হত। ফরেস্ট্রিতে আমরা দেখেছি, ্যাফরেস্টেশন হয়েছে আমাদের ১.৫ পারসেন্ট, আর যদি সোশ্যাল ফরেস্ট্রি ধরি তাহলে ৯.৫ পারসেন্ট এই যে অগ্রগতি, এই অগ্রগতির কারণ হচ্ছে আমরা পশ্চিমবাংলাতে কেন্দ্রীভূত ভাবে কাজ করছি এবং পরিকল্পনা করছি এবং পঞ্চায়েতকে এই কাজের সঙ্গে নভলভ করছি। একটা ওপিনিয়ন পোল আমি আপনাদের সামনে উপস্থিত করছি। পঞ্চায়েতের জ কর্ম সম্পর্কে একটা ওপিনিয়ন পোল হয়েছে, সেখানে জিজ্ঞাসা করা হয়েছে দুই ধরনের নুষকে। বেনিফিশিয়ারি যারা পঞ্চায়েতের থেকে উপকৃত তারা যারা পঞ্চায়েতের থেকে পকার পাননি নন-বেনিফিশিয়ারি। তাদের প্রথম প্রশ্ন করা হচ্ছে পঞ্চায়েতের কাজকর্ম কি ন্তোষ জনক? যারা বেনিফিশিয়ারি তাদের ৮১ পারসেন্ট বলল, হ্যাঁ সন্তোষ জনক। যারা বনিফিশিয়ারি নয়, তাদের ৪৬ পারসেন্ট বলল, হ্যাঁ সন্তোষ জনক। নন-বেনিফিশিয়ারিদের ধ্যে না বলব শতকরা ৩০ জন। আর বিভিন্ন প্রশ্নে তারা হ্যাঁ বলেছে, কোনটাতে না লেছে। এই রকম মিশ্র ওপিনিয়ন দিয়েছে ১৮ পারসেন্ট। ওপিনিয়ন পোলের দ্বিতীয় বিষয়টি ল পঞ্চায়েতের সদস্যরা কী দুর্নীতিগ্রস্ত? সেখানে যারা নন-বেনিফিশিয়ারি তাদের ৭৮.৫ লছেন না, দুর্নীতিগ্রস্ত নয়। আর যারা বেনিফিশিয়ারি তাদের শতকরা ৬২ জন বলছে, না র্নীতিগ্রস্ত নয়। তৃতীয় প্রশ্নটা হচ্ছে সমাজের জীবন যাপনের ক্ষেত্রে যারা পঞ্চায়েতের সদস্য াদের লাইফ স্টাইলটা কি চেঞ্জ করা গেছে? বেনিফিশিয়ারিদের ৬৮% বলছেন, না চেঞ্জ করে নি। আর নন-বেনিফিশিয়ারিদের ৮০ জনই বলছেন, না চেঞ্জ করে নি। এই যে অগ্রগতি, এটা হচ্ছে পশ্চিমবাংলার উন্নয়নের অগ্রগতি। অগ্রগতির এই প্যারামিটার ভারতবর্ষের আর কোনও রাজ্যে কি আছে? যদি থাকে তাহলে সেটা আমাদের কংগ্রেসি বন্ধুরা একটু উল্লেখ করুন। যারা উন্নয়ন এবং অগ্রগতি নিয়ে চিন্তা ভাবনা করেন তাদের কাছে এর যথেষ্ট গুরুত্ব আছে।

আমি দ্বিতীয় যে প্রশ্নে যেতে চাইছি তা হচ্ছে, কেন্দ্রীয় বাজেটকে সমর্থন করতে গিয়ে আমাদের বিরোধী বন্ধুরা ডাঙ্কেল প্রস্তাব এবং গ্যাট চুক্তিকে সমর্থন করলেন এবং বললেন এটা নাকি ভাল হচ্ছে। আমি শুধু তাদের একটা কথাই বলতে চাই যে সব সময় আমাদের দেশের সঙ্গে পৃথিবীর উন্নত দেশগুলির তুলনা করা উচিত নয়। প্রথমত আমাদের দেশটাকে

কংগ্রেস প্রথম থেকে নিজস্ব পথে পরিচালিত করতে গিয়ে ক্ষতি করেছে এবং দ্বিতীয়ত তারা এখন নিজস্ব পথ ছেড়ে দিয়ে অপরের কথা অনুযায়ী চলতে শুরু করেছে। এখন গ্যাট বলে দিচ্ছে, ঐ পথে নয়, ঐ পথ ছেড়ে দিয়ে, ঐ পথে চলো, ওরা তাই করছে। ওরা এখন লিবারেলাইজেশনের পথ ধরেছে। সংস্কারের আর এক নামই হচ্ছে লিবারেলাইজেশন। আমরা জানি প্রত্যেকটা দেশেরই নিজস্ব একটা প্ল্যানিং আছে। তার মাইক্রো লেভেলে প্ল্যানিং থাকে, একটা ন্যাশনাল লেভেলে প্ল্যানিং এবং একটা ইন্টারন্যাশনাল লেভেলে প্ল্যানিং। প্রতিটি ডেভেলপিং কান্ট্রির ক্ষেত্রেই এটা আমরা দেখতে পাই। কিন্তু আজকে আমরা দেখছি গ্যাট চুক্তি ডেভেলপিং কান্ট্রিগুলোকে এক্সপ্লয়েট করছে। গ্যাট চুক্তি ইন্টারন্যাশনাল লেভেলে প্ল্যানিং-এর ক্ষেত্রে লিবারেলাইজেশনের কথা বলছে। বিরোধী দলের মাননীয় সদস্য এই জায়গাটাকেই প্রশংসা করলেন—লিবারেলাইজেশনের তিনি প্রশংসা করলেন। আমাদের ভারতবর্ষ যে সমস্যাগুলির ওপর দাঁড়িয়ে আছে লিবারেলাইজেশনের ফলে সেই সমস্যাগুলির সমাধান হবে না, বরঞ্চ সেগুলি আরও বাড়বে। ইতিমধ্যেই লিবারেলাইজেশন করতে গিয়ে আমাদের বহু খেসারত দিতে হয়েছে। আমরা দেখছি কাস্টমস ডিউটির ক্ষেত্রে আমাদের সাড়ে পাঁচ হাজার কোটি টাকার খেসারত দিতে হয়েছে। টাকার অবমূল্যায়ন ঘটিয়েও আমাদের খেসারত দিতে হয়েছে। ৩১শে ডিসেম্বর ৯১ আমাদের বিদেশি ঋণের পরিমাণ ছিল ৯৯,৭৫৪ কোটি টাকা, টাকার অবমূল্যায়নের ফলে ঐ একই দিনে তা হয়ে গিয়েছে ১,৩৭,৬৯৩ কোটি টাকা। ডিভ্যালুয়েশনের সঙ্গে সঙ্গে আমাদের ৩৮ হাজার কোটি টাকার খেসারত দিতে হয়েছে। এখন আবার বলা হচ্ছে দেশীয় শিল্পকে শিল্পের সঙ্গে প্রতিযোগিতায় নামতে হবে। আমি যদি এই প্রসঙ্গে আমাদের বিরোধী দলের নেতা জয়নাল আবেদিন সাহেবকে বলি আপনাকে আমেরিকার বেন জনসনের সঙ্গে দৌড় প্রতিযোগিতায় নামতে হবে, তাহলে তার কি ফলাফল হবে তা নিশ্চয়ই আমরা সকলে জানি। গোটা দেশটাকে প্রতিযোগিতার জন্য তৈরি করা হল না, কিন্তু তাকে অসম প্রতিযোগিতার দিকে ঠেলে দেওয়া হচ্ছে। দেশটাকে আগে উন্নত দেশগুলির সঙ্গে প্রতিযোগিতায় নামার উপযোগী করে গড়ে তুলে তারপর লিবারেলাইজ অ্যাকশন নেওয়া উচিত ছিল। তা আমরা করলাম না। এই যে লিবারেলাইজেশন হচ্ছে, এর উদ্দেশ্যটা কি? ভারতবর্ষের মূল সমস্যাগুলির সমাধানের উদ্দেশ্য কি? না, মোটেই তা নয়। ওরা যা বলছে আমরা তাই গ্রহণ করছি। আমেরিকা আমাদের যে প্রস্তাব দিচ্ছে, যে পরামর্শ দিচ্ছে, আমরা তাই মেনে নিচ্ছি। অথচ আমেরিকা কিন্তু নিজেরা লিবারেল নয়। আমি এই প্রসঙ্গে এখানে কয়েকটা কথা বলতে চাই। জাপান এবং আমেরিকা একে অপরের সঙ্গে বাণিজ্য নিয়ে ঝগড়া করছে। জাপান আমেরিকায় গিয়ে এবং আমেরিকা জাপানে গিয়ে বাণিজ্য করে। বর্তমানে এই বাণিজ্যের ক্ষেত্রে দেখা যাচ্ছে আমেরিকার ট্রেড ডেফিসিট হচ্ছে ৬০ বিলিয়ন ডলার। এই ট্রেড ডেফিসিট কমাবার জন্য ক্লিনটন সাহেব বলছেন, জাপান যদি তার বাণিজ্যের পরিমাণ না কমায় তাহলে তিনি সুপার-৩০১ প্রয়োগ করবেন। আমেরিকার ট্রেড সেক্রেটারি মিকি ক্যান্টর বলছেন, যদি জাপান আমাদের দেশে এসে তার বাণিজ্যের পরিমাণ না কমায় তাহলে তার কাছ থেকে আমদানিকৃত সমস্ত জিনিসের ওপর আমদানি শুল্ক বাড়িয়ে দেব। তাহলে তারা সব ক্ষেত্রেই লিবারেল নয়। তারা ঠিক করছেন কার জন্য তাদের দরজা খোলা রাখবেন, কাকে কাকে প্রবেশ করতে দেবেন, কাকে কাকে বাধা দেবেন—সেই অনুযায়ী সেখানে অন্যে প্রবেশের অধিকার পাবে। অথচ আমাদের এখানে কোনও পরিকল্পনা নেই, কোনও শক্তি

সামর্থ নেই, আমরা সকলের জন্য দরজা খুলে দিচ্ছি! আমেরিকা বাণিজ্য ক্ষেত্রে আপনাকে বাধা দেবার জন্য উত্তর আমেরিকার দেশগুলোকে নিয়ে 'ন্যাফটা' (নর্থ-আমেরিকান ফ্রি ট্রেড অ্যাসোসিয়েশন) গঠন করেছে। এর প্রধান উদ্দেশ্যই হচ্ছে তাদের পছন্দের তালিকায় নেই এমন কেউ গিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের বাজারে গিয়ে যাতে বাণিজ্য করতে না পারে। কেউ তা করতে গেলে তাকে তা করতে দেবে না। উদাহরণ হিসাবে আমি এখানে নাইজেরিয়ার কথা বলতে পারি। একটা সময়ে নাইজেরিয়া প্রচুর পরিমাণে আমেরিকা থেকে খাদ্যশস্য আমদানি করত। সম্প্রতি ৮৮ সালে তারা একটা ব্যান অর্ডার ইস্যু করেছে যে, আমেরিকা থেকে আর খাদ্যশস্য আমদানি করবে না। 'কারগিল কর্পোরেশন' খাদ্যশস্য আমদানিকারী ছিল। তাদের ওপর নিষেধাজ্ঞা জারি করেছে যে, খাদ্যশস্য আমদানি করা যাবে না। তারা বলেছিল, 'আমদানি করার জন্য যে ডেফিসিট হচ্ছে সেটা দিয়ে আমরা নিজের পায়ে দাঁড়াব, খাদ্যশস্যে নিজেরা নিজেদের স্বনির্ভর করব।

[12-30 — 12-40 P.M.]

সঙ্গে সঙ্গে মার্কিনীরা টেক্সটাইলের উপর সমস্ত এইডস যেগুলি দেওয়ার কথা ছিল সেগুলি বন্ধ করে দিয়েছে। নাইজিরিয়াতে প্রচার করা হচ্ছে তাদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে। ভারতবর্ষের বিরুদ্ধেও দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার কথা উঠেছে। শ্রীলঙ্কার ক্ষেত্রেও দেখলাম তারা কয়েকটি গ্যাস লাইন জাতীয়করণ করার সঙ্গে সঙ্গে যেগুলি আগে মার্কিন কোম্পানির ছিল—দৃষ্টান্তমূলক শাস্তি দেবার জন্য হুমকি দিলেন। আমাদের বিরোধী দলের বন্ধুরা সাবসিডি বন্ধ করে দেবার কথা বার বার বলেছেন। কিন্তু আমি বলছি, সাবসিডির পরিকল্পনা নিশ্চয়ই থাকবে। ১৯৬০-৬১ সালে ভারতবর্ষে খাদ্য উৎপাদনের যে অবস্থা ছিল সেই জায়গা থেকে নাকি এগিয়ে গেছে। ভাল কথা। এই ব্যাপারে আমাদের দেশের তৎকালীন প্রধানমন্ত্রী (কংগ্রেস দলের) যদি খাদ্য উৎপাদনের পরিকল্পনা করে থাকেন নিশ্চিতভাবে সেটা ভাল কথা। কিন্তু খাদ্য উৎপাদন বৃদ্ধির করার জন্য কতটা সাবসিডি দিতে হয়েছে? কংগ্রেসদলকে উন্নত প্রযুক্তি বৃদ্ধি করার জন্য ফার্টিলাইজারের জন্য, সেচের জন্য পুরোপুরি সাবসিডি দিতে হয়েছে। কিন্তু আজকে সেক্ষেত্রে সাবসিডি বন্ধ করে দেবার কথা বলা হয়েছে। এই ব্যাপারে সত্যিই ভেবে দেখার দরকার আছে। যারা আজকে ভরতুকি বন্ধ করে দেবার কথা বলছেন তারা আজকে তাদের দেশে কি ভরতুকি দিচ্ছেন না? মার্কিন যুক্তরাষ্ট্র তাদের দেশে প্রচুর সাবসিডি দিচ্ছেন। যেখানে আমাদের দেশে প্রতি হেক্টর ৪.৩ ডলার সাবসিডি দেয়, সেখানে মার্কিন যুক্তরাষ্ট্রে দেওয়া হচ্ছে ১৮৫.৫, ইউরোপিয়ান কমিউনিটি দেশগুলিতে ২৩৮.৪, জাপানে ২৫৯। আর আমাদের দেশে সাবসিডি বন্ধ করে দেবার কথা বলছেন। মার্কিন যুক্তরাষ্ট্র খাদ্যশস্য বিদেশে যা এক্সপোর্ট করে সেই এক্সপোর্টের ক্ষেত্রে তারা প্রচুর পরিমাণে সাবসিডি দিচ্ছে, ৩০ বিলিয়ন ডলার। এমন কি অন্য যে সমস্ত ইউরোপিয়ান কমিউনিটি যেমন জাপান তারা গ্যাটে যখন এগ্রিকালচার নিয়ে আলোচনা হয় তখন মতপার্থক্যের কথা বলেছেন যে আমরা এটা মেনে নিতে পারব না। কিন্তু আমাদের দেশ থেকে যারা এই আলোচনায় অংশ গ্রহণ করেছিলেন তারা কিন্তু সেই সময় কোনও উচ্চবাচ্য করেননি। আমাদের বিদেশ সচিব মুচকুন্দ দুবে যখন ছিলেন আমি তার কথা উল্লেখ করতে চাই। সত্যিই আমাদের দেশের ভাল হবে কিনা? গ্যাটে আমরা লিবারাইজেশন করলাম, সাবসিডি আমরা মেনে নিচ্ছি, এটা কি

আমাদের দেশের ভাল হবে আমাদের দেশের অভিজ্ঞতার উপর দাঁড়িয়ে? মুচকুন্দ দুবে বলছে, আমরা ঠিক করেছি It we oppose the treatty we would be the only country opposing it. We get totally isolated. We have been afraid of mobilising the support of other developing countries সুতরাং এটা আমাদের বোঝা দরকার যে ওদের পায়ের জুতো আমাদের প্রধানমন্ত্রী শ্রী নরসিংহ রাওয়ের পায়ে লাগবে কিনা? যারা উন্নত দেশগুলির স্বার্থ রক্ষা করে তারা ভারতবর্ষের মতোন অনুন্নত দেশগুলির স্বার্থে কখনই ভাল করতে পারবে না। তারা বলছে, ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন করা আজকের পরিস্থিতিতে দরকার নেই। আজকের পরিস্থিতিতে দরকার হল ব্যাঙ্ক বি-জাতীয়করণ করে দেওয়া, আজকের পরিস্থিতিতে কারখানাগুলি বেসরকারিকরণ করে দেওয়া, তার শেয়ার বিক্রি করে দেওয়া। কৃষি ক্ষেত্রে বিদেশি অনুপ্রবেশ নাকি আজকের পরিস্থিতি। আমি একটি কথা বলতে চাই, আজকে যারা এই পরিস্থিতি তৈরি করছে সেই কংগ্রেস দলকে ভারতবর্ষের মানুষ মনে করছে যে ওদের আর দরকার নেই। এই পরিস্থিতির পরিবর্তন করতে হবে। গ্যাটের রাজনীতির উর্দ্ধে উঠে আপনারা বিচার করে দেখুন। ভারতবর্ষের সব জায়গায় সব দুয়ার যদি খুলে দেওয়া হয় তাহলে কিন্তু ভারত সরকারের লিবারালাইজেশন থাকবে না।

(এই সময় মাইক অফ করে দেওয়া হয়)

**শ্রী জটু লাহিড়ী :** মাননীয় স্পিকার স্যার, আমি মাননীয় অর্থমন্ত্রীর এই বাজেট প্রস্তাবের বিরোধিতা করছি এবং বিরোধিতা করে আমার বক্তব্য রাখছি। মাননীয় অর্থমন্ত্রী এই নিয়ে পর পর ৭ বার তার বাজেট এখানে রেখেছেন এবং প্রথম বারে পাতায় পর পাতা জুড়ে উনি ভেল্কিবাজির কথা বলেছেন। এর আগে দেখেছি, জিরো ডেফিসিট বাজেট, কিন্তু এই ২ বছর ধরে দেখছি বাজেটে ঘাটতি দেখানো হচ্ছে। সেই ঘাটতিকেও তিনি অদ্ভুত কায়দায় একটা যাদু করে নিয়ে একটু কমিয়ে আনার চেষ্টা করেছেন। গত বারে ২৮ কোটি টাকার ঘাটতি বাজটে কে কমিয়ে নিয়ে এলেন এবারে দেখিয়েছেন ৮৬ কোটি টাকার ঘাটতি বাজেটকে অনেক যাদু কায়দা করে এনে নাকি ৪ কোটি টাকাতে নামিয়ে আনবেন। যেখানে তার বাজেট বক্তব্যে শুধু কেন্দ্রীয় সরকারের বিরোধিতা—এটা শুধু এই বছরের বাজেট বক্তব্যে নয়—প্রতি বছর বাজেট বক্তৃতায় আমরা এই জিনিস দেখে আসছি। কোনও সময় দেখি বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে লোন নিয়ে দেশের উন্নয়ন করা, সেটা নাকি দেশের স্বাধীনতার বিকিয়ে দেওয়া হচ্ছে। কোনও বারে বলেছেন আই এম এফের কাছ থেকে লোন নিয়ে 'বণিকের কাছে শাসনের মানদন্ড তুলে দেওয়া হবে।' এবারে বলেছেন ডাঙ্কেল, গ্যাট চুক্তির মধ্যে দিয়ে নাকি আবার আমরা দেশকে বিকিয়ে দিচ্ছি। একটা দেশকে কত ভাবে, কত বার বিক্রি করা যায়, কতবার তার স্বাধীনতা নষ্ট করা যায় মাননীয় অর্থমন্ত্রী এই কথাটা ভেবে দেখবেন। যিনি ৭ বার বাজেট পেশের মধ্যে দিয়ে—প্ল্যান বাজেটে টাকা বরাদ্দ থাকে প্রতি বছর কমে যায়, আর নন-প্ল্যানে বার বার বেড়ে যায়, এ ব্যাপারে আমরা বারে বারে দেখছি। আমরা যখন দেখি যে রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী নিজের যে ইনকাম সোর্স সেখানে একটা অদ্ভুত ভাবে প্রতি বছর বাড়িয়ে বাড়িয়ে দেখান, পরে এস্টিমেটেড বাজেটে দেখি অদ্ভুত ভাবে কমে যায়, অর্থাৎ একটা অযোগ্য যে ওয়ার্ক কালচার থাকলে যে কাজের পরিবেশ থাকলে রাজ্যের উন্নয়ন এবং

উন্নয়নের জন্য যে টাকা চাই তার ব্যবস্থা মাননীয় অর্থমন্ত্রী করতে পারেন নি। ১৯৯৩-৯৪ সালের যে বাজেট আমরা দেখেছিলাম এবং ১৯৯৪-৯৫ সালের বাজেট উনি পেশ করেছেন, তাতে আমরা কি দেখছি? রিসিপ্ট খাতে ট্যাক্স অন এগ্রিকারলচারাল ইনকাম যেখানে ১৯৯৩-৯৪-তে উনি এস্টিমেট বাজেট দেখিয়েছেন ২০ কোটি টাকা, রিভাইজড বাজেটে ১৬ কোটি, ৪ কোটি টাকা কম হল। ল্যান্ড রেভিনিউতে দেখানো হল ৩১৯.২০ কোটি টাকা, আদায় করলেন কত ১৮৯.৭০, কম হল কত ১২৯.৫০ ক্রোরস। স্ট্যাম্প রেজিস্ট্রেশন সেটাতেও দেখছি ২৬৫ ক্রোরস, রিভাইজড বাজেট কি বলছে ১৯০ ক্রোরস, কম কত ৭৫ ক্রোরস। সেলস ট্যাক্স ২ হাজার ৪০ কোটি, আদায় করলেন কত ১৯৯০ কোটি, কম ১৪০ কোটি টাকা। ট্যাক্স অন সার্টেন প্যাসেঞ্জারস গুডস ১৭৭.১৫ কোটি, আদায় করলেন কত ১৭০ কোটি ৭.১৫ ক্রোরস। স্টেট এক্সাইজ ২৪০ কোটি টাকা, আদায় করলেন ২১৫ কোটি কম কত ২৫ কোটি। শুধু একটা খাতে রাজ্যের যে রেভিনিউ রাজ্যের যা আদায় শুধু এই একটা খাতে ১৯৯৩-৯৪তে প্রায় ৩৮০.৬৫ কোটি। এই গোটা আদায়ের অবস্থা। যে কেন্দ্রীয় সরকারের বঞ্চনার কথা ওনারা বলেন, যে কেন্দ্রের কংগ্রেস সরকারকে গালাগালি না দিয়ে ওনারা জল খান না সেই কেন্দ্রীয় সরকারের দিক থেকে কি বঞ্চনা করা হয়েছে? তারা কি দিয়েছেন ট্যাক্স অন ইনকাম আদার দ্যান কর্পোরেশন ট্যাক্স কি দিয়েছেন? ওনারা চেয়েছেন ৫৬৯.১৭ কোটি, পেয়েছেন কত? ৬১৮.৪৬ কোটি টাকা। যা চেয়েছিলেন তার থেকে বেশি পেলেন, কত বেশি পেলেন? ৪৯.২৯ কোটি টাকা। গ্রান্টস ইন এড ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট এস্টিমেট বাজেট কত ছিল? ছিল ১০৫২.৮১ ক্রোরস পেলেন কত ১২১৩.২৮ ক্রোরস কত বেশি পেয়েছেন? ১৬০ কোটি টাকার উপর বেশি পেয়েছেন।

[12-40 — 12-50 P.M.]

লোনস অ্যান্ড অ্যাডভান্স ফ্রম সেন্ট্রাল গভর্নমেন্ট এটা চেয়েছিলেন ১১৭৮.১৮ কোটি টাকা, কিন্তু পেলেন ১২৯৯.৭৫ কোটি টাকা, ১২১ কোটি টাকার উপর বেশি পেলেন। যেখানে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে বঞ্চনার কথা বলেন সেখানে সবক্ষেত্রেই তারা বেশি টাকা দিচ্ছেন। রাজ্যের সঙ্গে কেন্দ্রীয় সরকারের এখানেই পার্থক্য। দীর্ঘদিন ধরে এইভাবে কংগ্রেস বিরোধিতা করে আপনারা রাজ্যের মানুষকে বোকা বানাবার চেষ্টা করেছেন এবং আপনাদের এই প্রবণতার ফলে রাজ্য ক্রমশ পিছিয়ে যাচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এবারে এক্সপেন্ডিচারের কথা বলি। ক্ষুদ্র সঞ্চয়ের ক্ষেত্রে ৫০০ কোটির জায়গায় কেন্দ্র ৮০০ কোটি টাকা দিলেন, তিনশ কোটি টাকা তারা বেশি দিলেন, কিন্তু আপনারা এক্সপেন্ডিচারের ক্ষেত্রে টাকার পরিমাণ কমিয়ে দিলেন। জেনারেল এডুকেশনে যেখানে এস্টিমেটেড বাজেট ছিল ১৮৯৭.০৭ কোটি টাকা, সেখানে খরচ করলেন ১৬২১.৫০ কোটি টাকা, ১৭৫.৫৭ কোটি টাকা কম খরচ করলেন। এইভাবে প্রতি খাতে খরচ কম করেছেন। পাবলিক হেলথের এস্টিমেটেড বাজেট যেখানে ছিল ৬৪.৭৯ কোটি টাকা, সেখানে খরচ করা হল ৬৩.১১ কোটি টাকা, ১.৬৮ কোটি টাকা খরচ কম করলেন। এদের দাবি, ভূমি সংস্কারের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ শুধুমাত্র ভারতবর্ষের মধ্যে নয়, যেন পৃথিবীর মধ্যে প্রথম স্থান অধিকার করেছে, কিন্তু এই ভূমি সংস্কারের প্রথম সূচনা কিন্তু কংগ্রেস সরকারই এখানে করে গেছেন। সুতরাং এরমধ্যে আপনাদের কোনও কৃতিত্ব নেই। ১৭ বছর ধরে আপনারা এইরকম একটা প্রচার চালিয়ে

আসছেন, কিন্তু আপনাদের প্রচারের দিন শেষ হয়ে গেছে। রুর‍্যাল এমপ্লয়মেন্টে এস্টিমেটেড বাজেট ধরেছিলেন ৫৭৪.৮৯ কোটি টাকা, সেটা রিভাইজড বাজেটে করলেন ৩৯০.৪৯ কোটি টাকা, কমালেন ১৮৪.৪০ কোটি টাকা, কিন্তু আপনারা বলছেন এমপ্লয়মেন্ট দেবেন। এবারের বাজেট বক্তৃতায় বলেছেন যে, সেল্ফ এমপ্লয়মেন্ট এবং আরও নানাভাবে নাকি আপনারা ৮ লক্ষ বেকারের কর্মসংস্থান করবেন। ১৯৭৭ সালে ১১ লক্ষ রেজিস্টার্ড বেকার ছিলেন পশ্চিমবঙ্গে, কিন্তু আজকে রেজিস্টার্ড বেকারের সংখ্যা ৫৫ লক্ষ। প্রতি বছর এই রাজ্যে প্রায় ৫ লক্ষ নতুন বেকার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম রেজিস্ট্রি করেন। কিন্তু বর্তমানে বেকারদের মনে একটা সংশয় এসে গেছে, কারণ ১০-১৫ বছর নাম রেজিস্ট্রি করেছেন এমন অনেক বেকার আছেন যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কোনও কল পাননি। তারফলে আজকে অনেক বেকার আর এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে নাম লেখাতে যাচ্ছেন না এবং তারফলে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ রেজিস্টার্ড বেকারের সংখ্যা কমে যাচ্ছে। মাননীয় অর্থমন্ত্রীকে আমার জিজ্ঞাস্য, আজকে আট লক্ষ বেকারের কর্মসংস্থান কিভাবে করবেন? এর আগে বাজেটে বলেছিলেন যে সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমের মাধ্যমে ৫ লক্ষ বেকারকে চাকুরি দেবেন, স্বনির্ভর করবেন। কিন্তু কতজনকে তিনি স্বনির্ভর করতে পেরেছেন এই ৫ লক্ষের মধ্যে? আজকে সেল্ফ এমপ্লয়মেন্ট স্কীমে যেটা স্যাংশন হয় কিন্তু ব্যাঙ্ক টাকা দেয় না। যেখানে ৩৫ হাজার টাকার স্কীম থাকে সেখানে ১৫ হাজার টাকা স্যাংশন হয়, অনেক সময়ে তাই তারা দেয়না। আমি নিজে অনেক সময়ে ব্যাঙ্কের সঙ্গে কথা বলেছি। ব্যাঙ্ক থেকে বলছে যে রাজ্য সরকার সাবসিডির টাকা দেয়না। ১৯৯২-৯৩ সালের সাবসিডি ছিল ৪৫ কোটি টাকা কিন্তু রাজ্য সরকার সেই টাকা দেয়নি। কাজেই এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[12-50 — 1-00 P.M.]

**শ্রী বীরেন্দ্রকুমার মৈত্র ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন, আমি তাকে সমর্থন করছি। কারণ তিনি এই অভাবের সংসারে যেভাবে এই বাজটে উত্থাপন করেছেন সেজন্য তাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এখানে মানননীয় সদস্য সৌগতবাবু,অনেক কথা বলেছেন। আজকে ডাঙ্কেল প্রস্তাবের কথা আমরা যখন বলি তখন তারা বার বার আমাদের বলেন যে আমরা ডাঙ্কেল প্রস্তাব নিয়ে বৃথা আতঙ্কিত হচ্ছি। আমি এখানে প্রধান মন্ত্রীর একটি উক্তি তুলে ধরছি। আজকে বিজ্ঞান ভবনে জি-১৫-এর তিনদিন ব্যাপী শীর্ষ সম্মেলনের উদ্বোধন করে প্রধানমন্ত্রী পি ভি নরসিমা রাও বলেন, "উরুগুয়ে রাউন্ডে ধনী ও বিকাশশীল দেশগুলির মধ্যে আলোচনায় ঠিক হয় আন্তর্জাতিক বাণিজ্য জগতে যাতে গরিব এবং বিকাশশীল দেশগুলি অবাধে ঢুকতে পারে তার জন্য গ্যাট চুক্তিতে বিশেষ ব্যবস্থা থাকবে। কিন্তু চুক্তি সম্পাদনের দিন যতই এগিয়ে আসছে ততই ধনী দেশগুলি তাদের স্বমূর্তি ধারণ করতে শুরু করেছে। ব্যবসা বাণিজ্যের সঙ্গে কোনও সম্পর্ক নেই, এমন সব বিষয় তুলে ওরা এখন গ্যাট নির্দিষ্ট সেই সব সুযোগ সুবিধা বিকাশশীল দেশগুলিকে না দেবার তাল করছে।' এই যে কথাটা আজকে প্রধানমন্ত্রী বলেছেন, এই কথাটা আমরা অনেক আগেই বলেছি। তিনি বুঝতে আরম্ভ করেছেন এবং ভবিষ্যতে আরও বুঝবেন। আমরা জানি যে এটা একবার আমাদের উপরে চাপিয়ে দিলে আমরা এর থেকে আর বের হতে পারব না। আজকে প্রধানমন্ত্রী চুক্তি স্বাক্ষর করতে যাচ্ছেন, তার আগে

তিনি এসব কথা বলেছেন। আমরাও এই কথা বলেছিলাম কিন্তু তখন তিনি সেটা বুঝতে পারেন নি। এখন উনি সেকথা বুঝতে পেরেছেন আমরা জানি যে মির্জাফরও প্রথমে বুঝতে পারেনি, পরে সে বুঝেছিল। একটা কাগজে লিখেছিল যে দেশকে পরাধীন করেছিল ২ শত বছর আগে একজন বাঙালি, তার নাম ছিল মির্জাফর। আর ২ শত বছর পরে গ্যাট চুক্তি সই করে আবার দেশকে পরাধীন করতে যাচেছন যিনি, তিনিও একজন বাঙালি। সৌগতবাবু অনেক কথা বলেছেন, কিন্তু তিনি একটি কথা বলেননি যে আমাদের অর্থমন্ত্রী জাতীয় বিতর্কের মতো একটা বিল উত্থাপন করেছেন, এটা নিয়ে জাতীয় বিতর্ক হওয়া উচিত। তিনি একটা বিকল্প প্রস্তাব রেখেছেন এখানে ছাপিয়ে, কোনও জিনিস গোপন করেন নি। সৌগতবাবু অনেক ফিগার দিয়ে বলেছেন। আমাদের মাননীয় অর্থমন্ত্রী তার জবাব দেবেন। কিন্তু সৌগতবাবু একটা কথা চেপে গেছেন। আমাদের অর্থমন্ত্রী বলেছিলেন যে আমাদের এখানে যে ৫০ হাজার কোটি কালো টাকা আছে, সেটা যদি উদ্ধার করা যায় তাহলে আমাদের গ্যাট চুক্তির মধ্যে যেতে হবে না। কিন্তু সেই টাকাটা উদ্ধার করা হচ্ছে না। সেই কথার জবাব সৌগতবাবু দেন নি। তিনি বললেন সমস্ত বস্তা পচা কথা ভূমি সংস্কার সম্বন্ধে বলছেন। এটা কি উনি অস্বীকার করতে পারবেন সমগ্র দেশে ৪৮ লক্ষ একর সিলিং উদ্বৃত্ত জমি বণ্টন করা হয়েছে, তার মধ্যে ১৯.২ শতাংশই হয়েছে পশ্চিমবাংলায়, যদিও দেশের মাত্র ৩.৬ শতাংশ জমি আছে এই রাজ্যে যাই হোক আমার আর সময় নেই, আমার আরও অনেক কিছু বলার ছিল, আমি কয়েকটি কথা মাননীয় অর্থমন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। নগর উন্নয়নের জন্য টাকা দেওয়া হয়েছে, এটা আমার কোনও আপত্তি নেই। কিন্তু পল্লী উন্নয়নের জন্য আমি মনে করি কম দৃষ্টি দেওয়া হয়েছে। আমি আগেও বলেছি উত্তরবঙ্গে যে পশ্চাৎপদ এলাকা আছে সেই পশ্চাৎপদ এলাকার জন্য একটা উত্তরবঙ্গ ডেভেলপমেন্ট বোর্ড করা হোক। এটা এখনও করা হয় নি। এই ব্যাপারে আমি ওনাকে বিবেচনা করতে বলব। ওনাকে আমি বার বার বলেছি ভি ডি ও থেকে গ্রাম থেকে যা পাচ্ছেন—গ্রামের সঙ্গে শহরের একটা পার্থক্য আছে—ভিডিও থেকে গ্রামে গভর্নমেন্টের কাছে টাকা আসছে না, পুলিশের পকেটে যাচ্ছে, গ্রামে ভি ডি ও পুলিশকে টাকা দিয়ে চালাচ্ছে। এই ব্যাপারটা দেখার জন্য অনুরোধ করছি।

**শ্রী প্রবীর ব্যানার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী ডঃ অসীম দাশগুপ্ত মহাশয় যে বাজেট বক্তব্য রেখেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শুরু করছি। আজকে তার এই বাজেট বক্তব্যে দেখতে পাচ্ছি প্রথম থেকে তিনি কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে অ্যাটাক করেছেন। এই বাজেটের মাধ্যমে পশ্চিমবাংলার কি উন্নয়ন হবে, পশ্চিমবাংলা কোনও পথে চলবে এই নিয়ে কোনও কথা না বলে—শেষ দিকে কিছুটা টাচ করেছেন মাত্র। ডাঙ্কেল প্রস্তাব আগামী দিনে ভারতবর্ষের কি ক্ষতি করতে পারে সেই ডাঙ্কেল প্রস্তাব নিয়ে বক্তব্য রেখেছেন। ডাঙ্কেল প্রস্তাব নিয়ে সারা পৃথিবী জুড়ে বির্তক হচ্ছে। সেই বিতর্কের মধ্যে আপনারা যদি যেতে চান তাহলে সেমিনার করে সেখানে সমস্ত কিছু বলতে পারেন। তা না করে হাউসের মধ্যে এই নিয়ে বক্তৃতা করছেন। আমাদের প্রধানমন্ত্রী ডাঙ্কেল প্রস্তাব নিয়ে পরিষ্কার বলেছেন যে Farmers are the backbone of our country. Agriculture is the foundation of our economy. I want to declare that the Congress will not take any step that would hurt the farmers of our country. I want to assure that will be protecting their interest both inside and

outside the country. Congress can never do anything or accept anything which is detrimental to their interest. পার্লামেন্টে আমাদের প্রধানমন্ত্রী এই কথা বলেছেন। আমাদের কমার্স মিনিস্টার প্রণববাবু বলেছেন So far as the tax is concerned I would like to declare that the Government has not accepted anything and would not accept any obligation which jeopardise our farmers, their researches etc. Naturally the contents are not acceptable to us.. আজকে শুধুমাত্র ডাঙ্কেল প্রস্তাবকে সামনে রেখে এই বাজেট বক্তৃতার মাধ্যমে মানুষের চোখটা মাননীয় অর্থমন্ত্রী অন্য দিকে ঘুরিয়ে দেবার চেষ্টা করছেন। আজকে আমরা কি দেখতে পাচ্ছি? প্রতিটি বাজেটে যে টাকা মাননীয় অর্থমন্ত্রী রাখছেন।

তার সিংহ ভাগ খরচ করেন সরকারি কর্মচারিদের মাইনে দিতে এবং তাদের ডি এ দিতে। যে প্লান করছেন, বছরের শেষে আমরা দেখতে পাচ্ছি গোঁজামিল দিয়ে বাজেট মেলাচ্ছেন কোনও প্ল্যান সফল হচ্ছে না। ১৭ বছর ধরে এই সরকার ক্ষমতায় আছে, তা সত্ত্বেও একই ধরনের বাজেট বক্তব্য, সেই জোলো কথা, ভুমি সংস্কার নিয়ে কথা, ডাঙ্কেল নিয়ে কথা। পাশাপাশি কৃষি বলুন, বিদ্যুত বলুন রুর‍্যাল ডেভেলপমেন্ট বলুন, আবাসন বলুন এবং আর যে সমস্ত দপ্তরগুলির আছে প্রতিটি দপ্তরের সমস্ত কাজ অচল হয়ে পড়ে আছে। একটা কথা আছে না, 'নুন আনতে পান্তা ফুরায়' এই সরকারের অবস্থা তাই। সারা বছরের জন্য একটা সেক্টর প্ল্যান, একটা স্টেট প্লান সেন্টাল থেকে কিছু পাওয়ার পরে গোঁজামিল দিয়ে একটা বাজেট তৈরি করা হয়, বছরের শেষে দেখতে পাচ্ছি সরকার যা রাখছে তার সিংহভাগ খরচা করা হয় সরকারি কর্মচারিদের মাইনে দিতে। এখানে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আমার প্রশ্ন হচ্ছে, এই বাজেট কি শুধুমাত্র সরকারি কর্মচারিদের মাইনে দেওয়ার জন্য? আপনারা ক্ষমতায় এসে ঘোষণা করেছিলেন যে কেন্দ্রীয় হারে কর্মচারিদের ডি এ দেবেন। এখন পর্যন্ত ১৪ কিস্তি ডি এ বাকি পড়ে আছে। পরবর্তীকালে সেন্ট্রাল গভর্নমেন্ট আর এক কিস্তি ডি এ ঘোষণা করেছেন। রাজ্য সরকারি কর্মচারিরা ডি এ পাবেন কিনা, বকেয়া দেওয়া হবে কিনা তার উল্লেখ বাজেটের মধ্যে নেই। আপনারা শিক্ষার কথায় বলেছেন যে ১০৩.১৩ কোটি টাকা রাখা হয়েছে। আপনারা দায়িত্ব নিয়ে বলুন তো গত ১৭ বছরে পশ্চিমবাংলার বুকে কটা শিক্ষা প্রতিষ্ঠান করেছেন? কটা কলেজ হয়েছে, কটা নতুন স্কুল হয়েছে? নতুন কোনও প্রাইমারি স্কুল করেছেন কিনা এবং কতজন নতুন শিক্ষক নিয়োগ করেছেন? এইসব কিছুই করতে পারেন নি, উপরন্তু আমরা দেখছি প্রশ্নপত্র ফাঁস হচ্ছে। আপনারা হেলথের জন্য চেয়েছেন ৩০ কোটি ৯৬ লক্ষ টাকা। আমরা বারে বারে একটা কথা বলি, আমাদের সঙ্গে সঙ্গে অপোজিশনে যারা আছেন, রুলিং পার্টির মেম্বাররা জিরো আওয়ারে মেনশন করে চিৎকার করে বলেন যে পশ্চিমবাংলার স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়েছে। আজকে হাসপাতালগুলোতে ডাক্তার নেই, ওষুধপত্র নেই। হাসপাতালগুলো সব নরককুন্ড হয়ে গেছে। এই সরকার বলছেন যে দু'হাজার সালের মধ্যে "সকলের জন্য স্বাস্থ্য" সকলের কাছে এটা পৌছে দেবেন। কিন্তু এ সম্পর্কে বাজেটের মধ্যে কোনও প্রস্তাব রাখতে পারেন নি। আমার সময় অল্প, তাই আর বলতে পারছি না। এই কথা বলে, এই বাজেট বক্তব্যের বিরোধিতা করে আমার বক্তৃতা শেষ করছি। (এই সময়ে লাল আলো জ্বলে ওঠে।)

[1-00 — 1-10 P.M.]

**শ্রী ক্ষিতি গোস্বামী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় খুবই অল্প, সেজন্য দীর্ঘ আলোচনা করার কোনও অবকাশ নেই। তাহলেও কয়েকটি কথা আমাকে বলতে হবে। মাননীয় অর্থমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তার সমর্থনে আমার বক্তব্য আমি রাখছি। কেন্দ্রীয় সরকার এবং তার অর্থমন্ত্রীর যে দাওয়াই, সে সম্পর্কে এখানে যে সমস্ত প্রশংসাবাণী উচ্চারণ করা হয়েছে, আশারবাণী উচ্চারণ করা হয়েছে, সে সম্পর্কে আমি দু'একটি কথা বলতে চাই। প্রথমত আমার বিরোধী বন্ধুদের নিশ্চয়ই স্মরণে আছে, ক্ষমতায় আসার আগে কেন্দ্রীয় সরকার, বিশেষ করে নরসীমা রাওয়ের নেতৃত্বাধীনে ক্ষমতায় আসার আগে তারা প্রতিশ্রুতি দিয়েছিলেন, যে এক বছরের মধ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমিয়ে দেবেন। ক্ষমতায় তারা এলেন। নিত্য প্রয়োজনীয় জিনিসের দাম দশটি জিনিস বলতে পারেন, চোদ্দটি জিনিস বলতে পারেন আমরা যেমনভাবে বুঝেছি, কমিয়ে দেবেন। কিন্তু আমাদের বর্তমান অর্থমন্ত্রী, তিনি মন্ত্রিত্বলাভের পরে প্রথমে যে সাংবাদিক সম্মেলন করেছিলেন, সেখানে ঘোষণা করেছিলেন, নির্বাচনী ইস্তাহারে অনেক কিছু প্রতিশ্রুতি থাকে, কিন্তু জিনিসপত্রের দাম কমিয়ে আনা সম্ভব নয়। আপাতত মূল্যবৃদ্ধির উর্ধ্বগতি নিয়ন্ত্রণ করতে পারলে অনেক কাজ হবে। এই স্বীকারোক্তি তিনি করেছেন। নির্বাচনে আসার আগে অনেক প্রতিশ্রুতি দেওয়া যায়। কিন্তু নির্বাচনে জিতে আসার পরে সেই প্রতিশ্রুতি রাখা যায় না। আমাদের কেন্দ্রীয় অর্থমন্ত্রী রাজনীতিবিদ নন, তিনি একজন ইকনো টেকনোক্রাট। একজন ইকনো টেকনোক্রাটকে ভাড়া করে নিয়ে নরসীমা রাও তাকে অর্থমন্ত্রী হিসাবে বসিয়ে দিয়েছেন। এই ভদ্রলোক, যিনি আমাদের অনেক কথা শুনিয়েছেন। ১৯৮৩ সালের মার্চ মাসে রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর হিসাবে টি টি কৃষ্ণমাচারি স্মারক সভায় বক্তৃতা দিতে গিয়ে তিনি বলেছিলেন (১) যে শিল্পের প্রসারে বড় আকারে দেশি বা বড় আকারে দেশি বা বিদেশি বিনিয়োগ করতে হয়, সেখানে লাইসেন্স প্রথা জরুরি। (২) মজুরি বৃদ্ধিই মূল্যস্ফীতির জন্য প্রধানত দায়ী, একথা বলা যায় না। (৩) প্রযুক্তির স্বার্থে জরুরি না হলে বিদেশি পুঁজিকে ডাকার দরকার নেই। আমি আবার স্মরণ করিয়ে দিচ্ছি মনমোহন সিং রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর হিসাবে ১৯৮৩ সালের ডিসেম্বর মাসে শ্রীরাম স্মরণ বক্তৃতায় তার অন্যতম বক্তব্য ছিল যে আন্তর্জাতিক সাহায্যের প্রক্রিয়াটি একটি গভীর রাজনৈতিক প্রক্রিয়া। যারা সাহায্য নেয় তারা তুলনায় দুর্বল, যারা সাহায্য দেয় তারা শক্তিশালী। সুতরাং আন্তর্জাতিক সাহায্যের ওপর কোনও দেশ যদি অতিমাত্রায় নির্ভর করে তা হলে তার নীতি নির্ধারণের স্বাধীনতা খর্ব হওয়ার আশঙ্কা থাকেই। তারপরে মনমোহন সিং ১৯৯০ সালে আরেকটি রিপোর্ট পেশ করতে গিয়ে তৃতীয় বিশ্বের সমস্যার কথা বলতে গিয়ে শিল্পোন্নত ধনী দেশগুলির কঠোর সমালোচনা করা হয়েছিল, সেই সূত্রে কটু কথা বলা হয়েছিল বিশ্ব ব্যাঙ্ক ও আন্তর্জাতিক অর্থ ভান্ডার সম্পর্কেও। সেই রিপোর্টের কয়েকটি বাক্যের মমার্থ এইরকম বিশ্বব্যাঙ্ক ও আই এম এফ এর নির্দেশিত নীতিগুলি অনিবার্যভাবেই পক্ষপাতদুষ্ট। আসলে এসব নীতি ধনী দেশগুলির নির্দেশে নির্ধারিত হয়। তৃতীয় বিশ্বের নানা সমস্যার জন্য ধনী দেশগুলি অনেকাংশে দায়ী। কিন্তু সে দায়িত্ব তারা মানতে রাজি নয়। রাজি নয় আত্মসংশোধনেও। উল্টে তারা দরিদ্র দেশগুলিকে পরামর্শ দেয় কোমরের কোষি শক্ত করে বেঁধে নিজেদের সমস্যা নিজেরাই সমাধান কর। তাদের স্বার্থ সিদ্ধির তাড়নায় তৃতীয় বিশ্বের সংকট, আবার

সেই সঙ্কট সমাধানও করতে হবে তাদের স্বার্থের কথা মনে রেখে। তাহলে দেখা যাচ্ছে যে এই মনমোহন সিং কেন্দ্রীয় অর্থমন্ত্রী এক সময়ে বৈপ্লবিক বামপন্থী কথা বলেছেন। তিনিই আজকে আবার উদার নীতির কথা বলছেন। উদার শিল্পনীতি কোন জায়গায় নিয়ে যাচ্ছেন যে দেশের আর্থিক অবস্থার বেহাল করে ফেলেছেন। আজকে গ্যাট চুক্তির ফলে আন্তর্জাতিক অর্থ ভান্ডার, ওয়ার্ল্ড ব্যাঙ্ক সমস্ত জায়গায় ঋণের দায়ে জড়িয়ে গেছেন। এই প্রসঙ্গে বিরোধীপক্ষকে একটি কথা বলতে চাই যে, এখানে আপনারা প্রায়ই বলেন যে মনমোহন সিংয়ের স্কুলে এই রাজ্যের অর্থমন্ত্রীকে পড়াশুনা করতে। কিন্তু খোদ ভারত সরকারের রিজার্ভ ব্যাঙ্কই যে দেশের অর্থমন্ত্রীর শিক্ষণ রীতির ওপর আস্থা রাখতে পারছে না। রিজার্ভ ব্যাঙ্কের সাম্প্রতিক রিপোর্ট মুদ্রাস্ফীতি সম্পর্কে বলা হয়েছে সেখানে মুদ্রাস্ফীতির হার ১২ই ফেব্রুয়ারি ১৯৯৪ সালের প্রাথমিক পণ্যের ক্ষেত্রে এক লাফে উঠেছে ৯.৩ শতাংশ। অথচ, গত বছর একই সময়ে এই হার ছিল ৪.২ শতাংশ। ১৯৯৪ সালের জানুয়ারি মাসে শিল্প শ্রমিকদের জন্য ভোগ্যপণ্যের মূল্যসূচক বেড়েছে ৮.২ শতাংশ, গত বছরের জানুয়ারিতে এই বৃদ্ধি হার ছিল ৫.২ শতাংশ। সেখানে ১৯৯৪ সালে সেই বৃদ্ধির হারই দাঁড়িয়েছে ৮.৮ শতাংশ। অর্থাৎ এর থেকে বোঝা যাচ্ছে আর্থিক বছরে শেষ হচ্ছে ১০ শতাংশ বার্ষিক মূল্যবৃদ্ধির বোঝা সাধারণ মানুষের ঘাড়ে চাপিয়ে। অর্থাৎ এমন দাওয়াই দিয়েছেন সমস্ত ক্ষেত্রে অগ্রগতি স্তব্ধ হয়ে গেছে। সুতরাং দেশের উন্নতির আশা কমে গেছে এবং মুদ্রাস্ফীতির হার ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এইকথা বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাজেট আলোচনার শেষ দিনে এবং আপনি এই বাজেট ভাষণের উপরে বক্তৃতা রাখবেন। গত ১৭ বছরে এই বামফ্রন্ট সরকারের আমলে অর্থমন্ত্রী হিসাবে মাননীয় অশোক মিত্র ছিলেন এবং এরপরে আপনি আছেন। আজকে এই ১৭ বছরে আপনারা অর্থনীতিকে কোন জায়গায় নিয়ে গিয়েছেন তার একটা ছোট নমুনা রেখে আমি আমার বক্তব্য আরম্ভ করতে চাই। গত ১৭ বছরে দেখা গেছে যে পিয়ারলেস থেকে টাকা ধার করে সরকারি কর্মচারিদের মাইনে দিচ্ছেন। সাধারণ গরিব শিক্ষকদের প্রভিডেন্ট ফান্ডের টাকা নিয়ে সরাকারি কর্মচারিদের মাইনে দিচ্ছেন। আর ৩২ লক্ষ বেকার ছিল সেটা বেড়ে ৫০ লক্ষতে দাঁড়িয়েছে। বেসরকারি শিল্পপতিদের হাতে শিল্প তুলে দেবার চেষ্টা করেছেন। শিল্পপতিদের দিয়ে রাস্তা, হাসপাতাল ইত্যাদিগুলো করার চেষ্টা করছেন। তারপরে বিদ্যুতকেন্দ্র তাও বিক্রি করার চেষ্টা করছেন। এমবার্গো বলে টাকা ব্যাঙ্কে রেখে সুদ নিয়ে সরকারি কর্মচারিদের মাইনে দিচ্ছেন। এই ১৭ বছরে একটা চরম দুর্নীতিগ্রস্ত প্রশাসন তৈরি করেছেন। পুলিশ প্রশাসনকে একটু বেশি টাকা দিয়ে একটা নারী ধর্ষণ বাহিনী তৈরি করেছেন, মন্ত্রী মহোদয়দের সংখ্যা বাড়িয়ে তাদের দিয়ে একটা দুর্নীতিগ্রস্ত মন্ত্রী সভা তৈরি করেছেন। অভ্যন্তরীণ ঋণের জালে জড়িয়ে আপনারা পশ্চিমবাংলায় একটা দুর্নীতি সৃষ্টি করেছেন, আর একটা পঙ্গু শাসন ব্যবস্থা তৈরি করেছেন। উপাধ্যক্ষ মহাশয়, অর্থমন্ত্রী পন্ডিত লোক, তিনি যে বাজেট এখানে রেখেছেন সেই ব্যাপারে বলতে গিয়ে আমি যদি গত বছর থেকে আলোচনা করি এবং তার মাধ্যমে যে জিনিসটা আমি প্রমাণ করতে চাচ্ছি সেটা হচ্ছে একমাত্র পুলিশ বাজেটেই টাকা এসেছে ৩৭৫ কোটি টাকা, সেখানে খরচ হয়েছে ৪১৫ কোটি টাকা বেশি খরচ হয়েছে। আর দেখা গিয়েছে, শিল্পে টাকা খরচ কম হয়েছে, জনস্বাস্থ্যে টাকা

খরচ কম হয়েছে, গ্রামীণ উন্নয়ন খাতে খরচ কম হয়েছে, বিদ্যুতে এবারে টাকা বেশি দিয়েছেন। এখানে মাননীয় অর্থমন্ত্রী আছেন, ওনার একটু দৃষ্টি আকর্ষণ করি। আপনি যদি বলেন একটু সময় করে বিধান রায়ের বাজেট বই আনিয়ে দেখে নিন, সেই সময় শিক্ষা খাতে যে পরিমাণ দেওয়া ছিল তার চেয়েও পারসেন্টেজে এবারে কম আছে, বিধান রায়ের আমলে রোডসে টোটাল বাজেটের ৭-৮ পারসেন্ট ছিল, এবারেও তাই দেওয়া আছে গতবারের বাজেটে স্বাস্থ্যে ছিল ২.৩, এবারে সেখানে কমিয়ে দিয়েছেন ২.২ পারসেন্ট কম দিয়েছেন। আপনি স্বাস্থ্যে কমিয়েছেন, শিক্ষায় কমিয়েছেন, যে ২টি মৌলিক অধিকার জনগণের, সরকার সেখানে সেই শিক্ষা খাতে স্বাস্থ্য খাতে কমিয়েছেন, যেখানে এটা বাড়াতে হয়। কারণ শিক্ষায় লোকে শিখছে এবং প্রতিদিন মানুষের সংখ্যা যেখানে বাড়ছে সেখানে শিক্ষা দপ্তরে টাকা, স্বাস্থ্য দপ্তরের টাকা গতবারের চেয়ে পারসেন্টেজে কম, কোন যুক্তিতে কমিয়েছেন—রোগ কমে গিয়েছে, না হাসপাতাল কমে গিয়েছে? মাননীয় অর্থমন্ত্রী আপনি সেটা আপনার ভাষণে বলবেন। আমি অডিট রিপোর্টের কথা বলছি, ৯২-৯৩ সালে কেন্দ্রীয় যোজনায় ছিল ৮৩৯ কোটি ১৪ লক্ষ টাকা, অষ্টম যোজনায় প্রথম ২ বছরে খরচ করতে হবে ৮৪ শতাংশ সেখানে আপনি তিন বছরে খরচ করেছেন মাত্র ১৬ শতাংশ এটা এ জি-র রিপোর্টে ধরা পড়েছে। আপনারা কংগ্রেসের কথা বলেন, আমি বলি ৮৩ থেকে ৯২ সাল পর্যন্ত আপনারা যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ এর বেকারের হিসাব দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে, ৪৮ লক্ষ ৩৪ হাজার ; ৭৭ থেকে ৯২ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ১৩ বছরে চাকরি দিয়েছেন ১ লক্ষ ০৩ হাজার ৭৫৪, আপনারা প্রতিবারে কংগ্রেসের সঙ্গে তুলনা করেন, ৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত ৫ বছরে আমরা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ-এর মাধ্যমে চাকরি দিয়েছি। ১ লক্ষ ১১ হাজার ৫৯৬ জনকে, আপনারা সেটা ১৩ বছরে করেছেন, আমরা সেটা ৫ বছরে আপনাদের থেকে বেশি দিয়েছি।

[1-10 — 1-20 P.M.]

যেখানে রাস্তার দৈর্ঘ্য ১৮ হাজার কিলোমিটার, সেখানে আপনি ২০ পারসেন্ট বা ৩০ পারসেন্ট টাকা যদি দেন তাহলে কয়েক কিলোমিটার রাস্তা করতেই আপনার সব টাকা খরচ হয়ে যাবে। ডাক্তার রায়ের আমলে ৭৮ পারসেন্ট টাকা রোডসের জন্য দেওয়া হত। আপনি সেইখানে আজকে কোনও জায়গায় দাঁড়িয়ে আছে। আপনার রাস্তার অবস্থা আজ দুর্বিসহ। পশ্চিমবাংলায় মানুষ আজকে যে রাস্তার উপর সবথেকে বেশি নির্ভরশীল, সেখানে আজকে এই রকম অবস্থা। আমি দুটো জিনিস এ জি রিপোর্ট থেকে বলছি। একটা হচ্ছে জওহর রোজগার যোজনা এবং অপরটি হচ্ছে নেহেরু রোজগার যোজনা। এই জিনিস দুটির উপর আজকে বামফ্রন্ট সরকার দাঁড়িয়ে আছেন। গ্রামে জওহর রোজগার যোজনার মাধ্যমে আপনারা কি কাজ করেছেন? ১৯৯২-৯৩ সালের প্রথম দশ মাসে আপনি একটু ব্যাপারটা নোট করে নিন, আমি এ জি রিপোর্ট থেকে বলছি—আপনি পেলেন ৮৫ কোটি ৬১ লক্ষ টাকা। সেই টাকাটা আপনি খরচ করতে পারলেন না। জওহর রোজগার যোজনায় মোট টাকার ৮০ পারসেন্ট কেন্দ্রদেবে এবং ২০ পারসেন্ট রাজ্য দেবে। কিন্তু আপনি সেখানে কি করলেন? ফার্স্ট ইনস্টলমেন্ট আপনি ১৭৬.৫০ লক্ষ টাকা পেলেন ; সেকেন্ড ইনস্টলমেন্টে আপনি ৪৪.১৩ লক্ষ টাকা পেলেন। সব মিলিয়ে আপনি পেয়েছেন ২২০.৬৪ লক্ষ টাকা। সেখানে

আপনি ম্যাচিং গ্রান্ট বাবদ দুই কিস্তিতে আপনার দেওয়ার কথা ছিল ৯২ কোটি ৩৮ লক্ষ টাকার মধ্যে ২৩ কোটি ৯ লক্ষ ২২ হাজার টাকা। কেন্দ্রের দেওয়া ২০১ কোটি টাকা আপনারা খরচ করতে পারেননি। ১৯৯৪ সালের মার্চ মাসে আপনার দপ্তর যে হিসাব পাঠাচ্ছে, তাতে দেখছি আপনারা খরচ করতে পেরেছেন ৬১ কোটি ৩৭ লক্ষ ৮ হাজার টাকা। শহরাঞ্চলের জন্য নেহেরু রোজগার যোজনায় ১৯৮৯-৯০, ১৯৯০-৯১ এবং ১৯৯১-৯২ সালে এই তিনটি বছরের জন্য কেন্দ্রীয় সরকার দিয়েছে ৮৮৯.৭৩ কোটি টাকা, আর সেখানে আপনার রাজ্য সরকার একটাও টাকা দেননি। ফলে আজকে শহরাঞ্চলে বা গ্রামাঞ্চলে জওহর রোজগার যোজনা এবং নেহেরু রোজগার যোজনার মাধ্যমে আপনার যে কাজ করেছেন বা যে কাজ দেখিয়েছেন তা কেন্দ্রের দেওয়া টাকায় হয়েছে। নেহেরু রোজগার যোজনার জন্য আপনারা কেন্দ্র থেকে যে টাকা পাচ্ছেন তা দিয়ে আপনারা সরকারি কর্মচারিদের মাইনে দিচ্ছেন, রিজার্ভ ব্যাঙ্কে রেখে দিচ্ছেন, উৎসবে খরচ করছেন এবং ফাংশনে খরচ করছেন। শান্তি ঘটক মহাশয় আলিপুরে একটা বক্তৃতায় সময় একটা বই দিয়েছিলেন, সেখানে দেখা যাচ্ছে ১৯৯০-৯১, ১৯৯১-৯২ এবং ১৯৯২-৯৩ সালে স্পনসর্ড সেসরু স্কীমে আপনারা পেয়েছেন ৯ কোটি ২১ লক্ষ ৯৬ হাজার টাকা, সেখানে মাত্র ২৩ হাজার ৭৬৯ টাকা দেওয়া হয়েছে। ১৬ই মার্চ, ৯৪ সালে এই বইটা বিলি করা হয়েছে। তাহলে দেখা যাচ্ছে আপনারা সেই টাকাটা ডিসপোজাল করতে পারেননি। দেখা যাচ্ছে যে শহরাঞ্চলে নেহেরু রোজগার যোজনায় পরিকল্পনা খাতে গত তিন বছর আপনারা টাকা দেন নি ফলে টাকা খরচ হয়নি। গ্রামাঞ্চলে জওহর রোজগার যোজনায় ম্যাচিং গ্রান্টের টাকা আপনারা দেন নি ফলে ৮০ পারসেন্ট টাকা খরচ হয়নি। এই দুটি স্কীমেই কেন্দ্রীয় সরকার থেকে টাকা পাওয়া যায় কিন্তু সেখানে আপনারা ম্যাচিং গ্রান্টের টাকা আপনারা দিতে না পারার জন্য সেই টাকা খরচ করা যায় নি। সেখানে ব্যাঙ্কের ম্যাটিং গ্রান্টের টাকা আপনারা ঠিকমতোন দিতে পারেন নি। আমি Report of comptroller and Auditeor General for the year ended March, 1990. থেকে একটা বলি, অনেক আছে, তারমধ্যে একটা বলছি। পেজ ২৪ মাননীয় মন্ত্রী মহাশয় নোট করে নিন। "A test check revealed that out of 758 cases selected at random, assessments in respect of 598 cases were completed in the fourth year and the percentage of disposal in the 4th year was as high as 79. There was a tendency, thus, on the part of assessing officers to compete assessments in the fourth year just before they become time-barred under the Act which resulted in delay in completion of assessments and thereby resulting in avoidable blocking of revenue of Rs. 8.58 crores in 161 cases."

আমি আপনার কাছে জানতে চাই যে যে সমস্ত অফিসারের জন্য টাইমবার্ড হয়ে যাচ্ছে যারা ঠিকমতোন অ্যাসেস করছে না তাদের কতজনের বিরুদ্ধে কি অ্যাকশন নিয়েছেন, কতজনকে পেনালাইজ করেছেন-যারা আপনার ট্যাক্স আদায় করেন নি সেটা আমরা আপনার কাছ থেকে জানতে চাই। আমি সব অর্ডিট রিপোর্ট থেকে বলছি delay in disposal of certificate cases. এখানে অডিট রিপোর্টের মধ্যেই আছে দেখবেন, "delay in disposal of certificate cases resulted in non-realised. Out of 247 cases involving rev-

nue of 19.38 lakhs in respect of 4 districts, only 21 cases involving ;venue of Rs. 0.90 lakhs were disposal of by the certificate officers uring 1986-87 to 1988-89 reflecting a disposal of 8.5 percent only of ıe total number of cases filed."

[1-20 — 1-30 P.M.]

শুধু তাই নয়, টাকা খরচ করতে পারেননি তাই নয়, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে য় টাকা নিয়েছিলেন তা রিজার্ভ ব্যাঙ্কে রেখে সুদে খাটিয়েছেন এবং সেই টাকাতে মাহিনা য়েছেন। এর ফলে রুর‍্যাল বেল্টে কাজ করতে পারেন নি। এই যদি অবস্থা হয় তাহলে ামীণ উন্নয়ন হবে কি করে? আপনারা নেহেরু রোজগার যোজনা, জওহর রোজগার যোজনায় ্যাচিং গ্রান্ট দিতে পারেন নি ফলে উন্নয়ন হয়নি এবং এইভাবে চললে উন্নয়ন হতে পারে া। আপনারা কেন্দ্রের বিরুদ্ধে নিশ্চয় বলবেন এটা লেনিনের ভাষায় কার খোঁয়াড় বলে, সেটা ক না—তা যদি না হয়, এটা যদি বিধানসভা হয় ল মেকিং অর্গান হয়, তাহলে কোনও বধানসভার সদস্য যদি এই কথা বলে, আমার মনে হয় তার পরের দিন তার পদত্যাগ করা উচিত। তা নাহলে সকলে মিলে তাকে পদত্যাগ করার জন্য বাধ্য করা উচিত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একটা তথ্য রাখছি রোডস অ্যান্ড রোডস ট্যাক্সের—৭২ থেকে ৭৭ just see the revenue collected from the road and road tax সবচেয়ে বেশি। এবার আপনাদের কি অবস্থা, তার চেয়ে ৫ থেকে ৬ পারসেন্ট কম হয়ে গেছে এ জি-'র' রিপোর্টে। এ জি-র রিপোর্টে বলছে আমি বলছি না। তার একটা কারণ আপনারা রাস্তার অবস্থা অত্যন্ত শোচনীয় করে ফেলেছেন। মাননীয় ফাইনান্স মিনিস্টার আমার কয়েকটা প্রশ্নের নিশ্চয়ই জবার দেবেন। আমি একটা প্রশ্ন রাখছি, হিসাবে কারচুপি আপনি করেন নি? আপনার ইন্টারন্যাল অডিট কিভাবে করেছেন, আপনারা একটা টাকা ডিপার্টমেন্টে দিলেন, দিয়ে এমবার্গো করে দিলেন। তার মানে ছয় মাস পড়ে রইলো এমবার্গো হয়ে, সেই টাকা সুদ খাটছে, ছয় মাস করে এমবার্গো করে রেখেছেন, টাকা দিয়ে এমবার্গো করে রেখেছেন। টাকা দিয়ে এমবার্গো করে খরচ করতে দিলেন না, ফলে দেখা গেল কোনও ডিপার্টমেন্টে কাজ এগোতে পারল না, যে সময়ের মধ্যে কাজ করা উচিত ছিল, সেই সময়ের মধ্যে করতে পারেননি। আপনারা চান সরকারে থাকতে তাতে যেভাবে হোক থাকতে গেলে ঐ পুলিশকে সঙ্গে রাখতে হয়, কিন্তু আপনাকে বলি আপনারা দেশের অনেক ক্ষতি করেছেন। ঠিক এর আগে যখন রাজীব গান্ধী ছিলেন, সারা ভারতবর্ষের কাছে আপনারা একটা বোফর্স কামানের কথা তুলে সারা ভারতবর্ষে একটা অস্থিরতা এনেছিলেন। আমাদের প্রধানমন্ত্রী বর্তমানে যিনি আছেন, তার বিরুদ্ধে বললেন যে এক কোটি টাকা চুরি করেছে, ফলে আর একটা সারা বিশ্বের কাছে ভারতবর্ষের মাথা ছোট করছেন। শুধু ক্ষুদ্র রাজনীতির স্বার্থে ক্ষমতায় থাকার জন্য। আমি বলি, মনমোহন সিং চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে, একটা নতুন অর্থনীতির মধ্যে দিয়ে, খোলা বাজারে নতুন শিল্পনীতির মধ্যে দিয়ে বাঁচতে গেলে বাঁচা যায়, তবেই সারা ভারতবর্ষে অর্থনীতি হয়। আপনি বলছেন, আমরা একটা বিকল্প অর্থনীতি দেখাচ্ছি, what do you forget the state ? আর ভুলে যাচ্ছেন কেন পশ্চিমবঙ্গ একটা স্টেট। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখন ভারতবর্ষের অর্থমন্ত্রীকে সারা ভারতবর্ষ দেখতে হয়,

আপনি পশ্চিমবাংলার অর্থমন্ত্রী, পশ্চিমবাংলার মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি দেখেন, আপনার পার্টি দেখেন, তার জন্যই বাজেট, তার জন্যই টাকা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি বলব আপনারা পশ্চিমবাংলায় থাকার জন্য সারা ভারতবর্ষের কাছে দেশদ্রোহিতা প্রমাণ করেছেন, দু দুটো প্রধানমন্ত্রীর বিরুদ্ধে অকারণ অভিযোগ এনে, আজকে তাই বলব মনমোহন সিং যে পথে হাঁটছে, সেই পথকে আপনারা সমর্থন করুন। ডাঙ্কেল প্রস্তাব আপনাদের শুধু বাঁচাবে না, সারা ভারতবর্ষকে বাঁচাবে। সারা ভারতবর্ষকে পৃথিবীর ইতিহাসে একটা স্থানে পৌঁছে দেবে। তার জন্য মনমোহন সিং একটা নতুন পদক্ষেপ নিয়েছেন, আপনারা তাকে স্বাগত জানান, আপনারা তার বিরোধিতা করবেন না। আপনারা কেন্দ্রের বিরুদ্ধে বিরোধিতা করার জন্যই বিরোধিতা করেন। সেইজন্য এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৯৪-৯৫ সালের প্রস্তাবিত রাজ্য বাজেটের বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে আমি প্রথমে বিরোধী দলের সদস্যরা যে প্রশ্নগুলো রেখেছেন, যেটুকু সময় আপনি দিয়েছেন তার মধ্যে যতগুলো পারব উত্তর দবো এবং তারপর মূল বাজেটের কথা আরও একবার সংক্ষেপে বলব। যে প্রশ্নগুলো মাননীয় বিরোধী দলের সদস্যরা উল্লেখ করেছেন, এক নং হচ্ছে কেন রাজ্যের বাজেটে কেন্দ্রীয় আর্থিক নীতির কথা, কেন আন্তর্জাতিক অর্থ ভান্ডার থেকে ঋণের শর্তের কথা, ডাঙ্কেল প্রস্তাবের কথা কেন বলা হয়েছে, কেন সমালোচনা করা হয়েছে এটা এক নম্বর। এবং আপনারা যেটা বলছেন,, সেটা সত্যই বিকল্প কি না, নাকি, সেটা সেই ধরনের—এটা এক ধরনের প্রশ্ন। দুই নং হচ্ছে রাজ্যের নিজস্ব কর সংগ্রহ বিশেষ করে বিক্রয় কর ইত্যাদি কেন যথেষ্ট হয়নি। একটু আগে মাননীয় সত্য বাপুলি মহাশয়ও বললেন, তিন নং হচ্ছে রাজ্যের পরিকল্পনার আয়তন কেন আরও বড় করা যাচ্ছেনা মহারাষ্ট্রের মতো ইত্যাদি। চার নং হচ্ছে কতগুলো করের ক্ষেত্রে যেটা মাননীয় সুদীপবাবু আমাকে বলতে অনুরোধ করেছিলেন, সিগারেটের ক্ষেত্রে কেন কর বসানো হচ্ছে, আরও কতকগুলো নির্দিষ্ট ছোটখাট প্রশ্ন আছে। যেমন চিট্ ফান্ড সম্বন্ধে কিছু বলা হয়েছে, জে আর ওয়াই সম্বন্ধেও কিছু প্রশ্ন পেয়েছি, আমি সেগুলির উত্তর দিচ্ছি। সর্বশেষে আমাদের বাজেটের দৃষ্টিভঙ্গির কথা আর একবার বলব।

কেন্দ্রের আর্থিক নীতি, আই এম এফ-এর লোন, ডাঙ্কেল প্রস্তাব ইত্যাদি সম্বন্ধে আমাদের বলতে হয়েছে, কারণ এগুলোর প্রভাব সমগ্র দেশের ওপর বিশেষ করে দেশের শিল্প ক্ষেত্রের ওপর পড়ছে এবং তার মধ্যে দিয়ে আমাদের রাজ্যের ওপরও পড়ছে। পড়ছে কর্মসংস্থান সমস্যার ক্ষেত্রে এবং রাজ্যের রাজস্ব আদায়ের ক্ষেত্রে।

মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় সুনির্দিষ্টভাবে ডাঙ্কেল প্রস্তাব সম্পর্কে আমাদের বলতে বলেছেন। আমাকে একজন বলেছিলেন, এখানে কেন বলবেন, সেমিনারে বলবেন। আমি এখানে একটু সংক্ষেপে বলছি। তার আগে আমি এখানে একটা কথা বলি যে, মাননীয় সদস্য সৌগত রায় কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষা থেকে কিছু তথ্য তুলে বক্তব্য রাখলেন। আমিও সেখানে থেকেই তথ্য নিয়েই বলছি যে, ১৯৯০-১৯৯১ সালে আই এম এফ-এর কাছে ঋণ ছিল ১ কোটি ৬৩ লক্ষ কোটি টাকা, সেটা ১৯৯২-৯৩ সালে ২ কোটি ৮১ লক্ষ কোটি টাকা হয়েছে। এটায় নিশ্চয়ই ওর দ্বিমত নেই!

উনি আমাকে বলতে বললেন বলেই আমি বলছি যে, ঋণের পরিমাণ ক্রমশ বাড়ছে এবং বস্তুত এই তিন বছরে দু গুণের মতো বৃদ্ধি পেয়েছে, ভারতবর্ষের ইতিহাসে যা কখনও হয় নি। এত সত্ত্বেও উনি বলছেন, 'শেষের দিকে ঋণের পরিমাণ একটু তো কমছে, সেটা না বলে আপনি হাউসকে বিভ্রান্ত করছেন।'

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি মাননীয় সদস্য সৌগত রায়ের দৃষ্টি আকর্ষণ করছি। উনি কেন্দ্রীয় সরকারের আর্থিক সমীক্ষাটা পড়েছেন, কিন্তু খুঁটিয়ে পড়েন নি। ঋণের ১.৫ প্যারায় আই এম এফ-এর ঋণের কথা আলাদা করে বলা হয়েছে। ১৯৯০-৯১ সালে আই এম এফ-এর কাছ থেকে ঋণ নেওয়া হয়েছিল ১,২১৪ মিলিয়ন ডলার। ১৯৯২-৯৩ সালে সেটা বেড়ে হয়েছে ১,২৮৮ মিলিয়ন ডলার। অর্থনীতির একটা সাধারণ গ্রাহ্য বিষয় হচ্ছে—যদি কখনও কোনও দেশের ঋণের বোঝা কোনও একটা বছরে মোট উৎপাদনের ৩০ ভাগকে অতিক্রম করে তাহলে দেশটা ঋণের ফাঁদে জড়িয়ে পড়েছে ধরা হয়। আমাদের ক্ষেত্রে সেটা ৪০% এসে গেছে। সুতরাং কেন ঋণের ফাঁদের কথা বলেছি তা এই তথ্যের মধ্যেই উল্লিখিত আছে।

এখন আমার কথা হচ্ছে, আন্তর্জাতিক অর্থ ভান্ডারের ঋণের শর্তের পরেও ডাঙ্কেল প্রস্তাবের কথা কেন আসছে? এ সম্বন্ধে আমাকে এক মিনিট বলতেই হবে। আন্তর্জাতিক অর্থ ভান্ডারের ঋণের শর্ত আমাদের মেনে চলতেই হবে। কারণ কি? যেহেতু পশ্চিমী দুনিয়ার দেশ গুলি গত প্রায় ৬ বছর ধরে একটা মন্দার মধ্যে দিয়ে চলছে, বিশেষ করে তাদের শিল্প ক্ষেত্রে মন্দা চলছে সেহেতু তাদের দেশের উৎপাদিত পণ্য বিক্রি করার জন্য তাদের বাজার খুঁজতে হচ্ছে। সেজন্যই ঋণের শর্তের মধ্যে বলা হয়েছে—আমদানি শুল্ক প্রয়োজনে কমাতে হবে। সে অনুযায়ী গত দু বছরে আমদানি শুল্ক কমিয়ে কমিয়ে, ৫ হাজার কোটি টাকার বেশি কমিয়ে দেওয়া হয়েছে। এ বছরে কমানো হচ্ছে প্রায় ২,২৮২ কোটি টাকা। আমি এটাই উল্লেখ করেছি। একদিকে দেশীয় পণ্যের উৎপাদন শুল্ক বৃদ্ধি করা হচ্ছে—বিশেষ করে লৌহ, ইস্পাত, যেগুলি আমাদের রাজ্যের এবং পূর্বাঞ্চলের গুরুত্বপূর্ণ শিল্প যেখানে আমদানি শুল্ক ৮০ শতাংশ থেকে ৫০ শতাংশ করা হচ্ছে সেখানে উৎপাদন শুল্কর ক্ষেত্রে অ্যাড ভেলোরেম্ পরিমাণ থেকে মূল্য বৃদ্ধি করে কোথাও ৩০ শতাংশ, কোথাও ৩৫ শতাংশ মূল্য বৃদ্ধি হচ্ছে। এর ফলে কোনও কোনও জায়গায়—যেখানে আগে উৎপাদন শুল্ক ছিল না সেখানেও সেটা এসে আঘাত করছে। ছোট শিল্পপতিদেরও ওপরও আঘাত নেমে আসছে। তাই আমরা ওটা বলেছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর ফলে সামগ্রিকভাবে শিল্পে উৎপাদন কমেছে। এই নিয়ে এখানে প্রশ্ন তোলা হয়েছে যে, আমরা কোন তথ্যের উল্লেখ করেছি?

[1-30 — 1-40 P.M.]

ইনডেক্স অফ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশনের ৩টি অংশ থাকে। একটা ম্যানুফ্যাচারিং পার্ট একটা হল, মাইনিং পার্ট আর একটা হল ইলেক্ট্রিসিটি পার্ট। আমি এর মধ্যে ম্যানুফষাকচারিং পার্টে বলছি যেহেতু প্রশ্ন হয়েছে—এবং একই তথ্য এসেছে—১৯৯০-৯১ সালে ম্যানুফ্যাকচারিং

পার্টে-এর বেস-ইয়ার ১৯৮০-৮১ সালে ১০০ ধরে—২১২.৬ ছিল। ৩ বছরের মধ্যে বলা হয়েছিল শিল্পের উর্ধ্বগতি হবে, ২১২.৬ থেকে বৃদ্ধি পাবে। কিন্তু সেখানে হল ২০৯.৮। মাননীয় সদস্য শ্রী সৌগত রায় আমাকে বলেছেন সামগ্রিক চিত্র দেননি। আমি তাই সামগ্রিক চিত্র দিলাম, ২১২.৬ এর জায়গায় ২০৯.৮। আমি সারা ভারতবর্ষের ক্ষেত্রে বলছি। আমার বইতে দেওয়া আছে, ম্যানুফ্যাকচারিং-এর ক্ষেত্রে ভেঙে দেওয়া আছে। কিন্তু দুটো তুলনা করলে একই বোরোয়, তথ্যের অসঙ্গিত নেই। আর একটি কথা বলি, বন্ধ কলকারখানার সংখ্যা ১৯৯০-৯১ সালে যেখানে ছিল ২.২১ লক্ষ, ১৯৯২ সালে সেটা হচ্ছে ২.৪৮ লক্ষ। সংগঠিত শিল্পের ক্ষেত্রে, সবচেয়ে রুগ্ন শিল্প মহারাষ্ট্রে ৩০০ অতিক্রম করে গেছে। অন্ধ্রপ্রদেশে, গুজরাটে এবং পশ্চিমবাংলায় ১৫০ থেকে ১৭০। আজকে কোনও রাজ্য বাকি নেই। পশ্চিমবাংলার ব্যারাকপুরে একটা বেকার যুবক বন্ধ কলকারখানা দেখে যদি তার মনে হয় এটা বুঝব পশ্চিমবাংলার সমস্যা, মহারাষ্ট্রের একজন বেকার যুবকের মনে হচ্ছে এটা মহারাষ্ট্রের সমস্যা, তেমনি গুজরাট এবং অন্ধ্রপ্রদেশের একজন বেকার যুবকের মনে হচ্ছে এটা গুজরাট এবং অন্ধ্রপ্রদেশের সমস্যা। তাই যদি হয় তাহলে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা পশ্চিমবাংলা, মহারাষ্ট্র, গুজরাট এবং অন্ধ্রপ্রদেশের আলাদা সমস্যা নয়, একত্রিত করলে এটা গোটা দেশের সমস্যা এবং তার দিকেই আমি দৃষ্টি আকর্ষণ করেছি। মূল্যবৃদ্ধির ক্ষেত্রে আমরা আশঙ্কা প্রকাশ করছি ১০ শতাংশ অতিক্রম করে যেতে পারে। আমি এই কারণে বললাম, কেন্দ্রীয় আর্থিক সমীক্ষায় বলা হয়েছে—মূল্যবৃদ্ধির যে তথ্য দেওয়া হয়েছে—সর্বশেষ প্রশাসনিক দাম বৃদ্ধি যেটা হয়েছে সেটাকে বাদ দিয়ে ধরা হয়েছে, সেটা ধরলে এইরকম বৃদ্ধি পাবে। তাই আমাদের আশঙ্কা প্রকাশ করেছি। না ধরেও সমস্যা থেকে যাচ্ছে।

আমদানি কিন্তু যথেষ্ট বাড়ল না। তাহলে লক্ষ্য করুন, তৃতীয় বিশ্বের যে দেশগুলি তাদের যে সমস্যা—মাননীয় সদস্যগণ লক্ষ্য করুন—এখানে ডাঙ্কেলের প্রস্তাব অত্যন্ত তীক্ষ্ণভাবে প্রবেশ করেছে। এই জায়গাটা ব্যাখ্যা করার জন্য ডাঙ্কেল প্রস্তাবের ইতিহাসের মধ্যে আমি যাচ্ছি না, এখানে অনেক বিজ্ঞজনেরা আছেন। যখন যাত্রা শুরু হয়েছিল ১৯৪৮ সালে, গ্যাটের প্রথম যে সভা হয়েছিল তখন অনেক পবিত্র কথা বলা হয়েছিল। সেই কনফারেন্সের লর্ড কেন্ট প্রিসাইড করেছিলেন। সেখানে ওয়েলফেয়ার স্টেটের কথা বলেছিলেন। তারা আন্তর্জাতিক সংস্করণ হিসাবে এগুলি তারা চিন্তা করেছিলেন এবং তারা চিন্তা করেছিলেন আন্তর্জাতিক পণ্য বাণিজ্য বৃদ্ধি তৃতীয় বিশ্বের দেশগুলির ক্ষেত্রে কি করে করা যায় এগুলি তাদের চিন্তার মধ্যে ছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দৃশ্য ক্রমেই পরিবর্তন হতে শুরু করে। ১৯৮৬ সালে যখন বিশেষ একটা কনফারেন্স হয় তাতে আমাদের ভারতবর্ষ থেকে প্রথমে যে বক্তব্য রাখা হয়েছিল সেটা ভাল বক্তব্য ছিল। সেই বক্তব্যে বলা হয়েছিল যে তৃতীয় বিশ্বের দেশগুলির স্বার্থ রক্ষা করতে হবে। কিউবা, নাইজেরিয়া এবং তানজানিয়া-এরা কিন্তু তখন ভারতবর্ষকে সমর্থন করেছিলেন। কিন্তু সেই চিত্র বদলাতে শুরু করে। লক্ষ্য করা উচিত, ১৯৮৬ সালের আমেরিকা যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বলা হয়, শুধু পণ্য নয়, পণ্য ছাড়াও বিনিয়োগের ক্ষেত্রে এবং মেধা স্বত্বের ক্ষেত্রে এবং পরিবেশের ক্ষেত্রে এই গ্যাট যেন তার আলোচনার পরিধি বিস্তার করে। ভারত কিন্তু তখন আপত্তি করেছিল। তারপরের ইতিহাস হচ্ছে, ক্রমে-ক্রমে মাথা নিচু করার ইতিহাস। ১৯৯১ সালে ডাঙ্কেলের যে প্রস্তাব হয়

সেই প্রস্তাব ভারতের পশ্চাৎপদের ইতিহাস বলা উচিত। আজকে আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে আমেরিকা যুক্তরাষ্ট্র কোন কোন জিনিস রপ্তানি করতে পারে? সত্যিই যেটা প্রতিযোগিতা করতে পারে ওদের ভাষায় প্রতিযোগিতা না, গাড়ির ক্ষেত্রে পারেন না। জাপানের সঙ্গে ইলেকট্রনিক্স-এর ক্ষেত্রে পারেন না। আমেরিকা শুধু যেখানে অধিকার করতে চায়, সে রপ্তানি করতে পারে। কৃষিপণ্য সার বীজ, ওষুধ এবং পরিষেবার ক্ষেত্রে পারে। লক্ষ্য করুন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি, এখানেই কিন্তু ডাঙ্কেল প্রস্তাবকে আনা হল, এবং আমদানি শুল্ক কমানোর পরেও ভারতবর্ষে কিন্তু আমেরিকা থেকে আমদানি করা চাল বা গম কিনবেন না, কারণ আমাদের এখানে অনেক সস্তা। তাহলে তো মহা বিপদ, তাহলে কি করে বিক্রি করতে পারে, তখন আলোচনা হল যে গণবন্টন ব্যবস্থা যদি থাকে বা চালু হয় তাহলে গরিব মানুষ তো কিনবে তাহলে গণ বন্টন ব্যবস্থায় দামটা বাড়িয়ে দিন, ওখানে ভরতুকি, টুরতুকি রাখা উচিত নয়। আমি তো আবার তথ্যটা বলব, মাননীয় সৌগত বাবুর সঙ্গে আমার বক্তব্যের কোনও তফাত নেই, দাম বাড়ানোর পর দেখা যাচ্ছে ১৯৫১ সালে ২.০৮ কোটি টাকা গণবন্টন ব্যবস্থার মাধ্যমে মানুষ যা কিনতে পেরেছিলেন সেটা দু বছর পরে ১.৫১ কোটি টাকা, মানে দু কোটি থেকে দেড় কোটি তে কমে যায়। মাননীয় সদস্যগণ তার পরেও সমস্যা মানুষকে স্পর্শ করবে না? আমেরিকার গম বা চাল—এখানে দুটো জিনিস এসে যাচ্ছে এটা সব চেয়ে হাস্যকর যে আমেরিকা যুক্তরাষ্ট্র ১৮৯০ সালে ম্যাকনি অ্যাক্ট করে সবচেয়ে বেশি ট্যারিফ নিজের দেশে করেছিলেন এবং প্রায় ৭০ বছর সেই ট্যারিফ ছিল। বৃদ্ধির পরে জাপান তৃতীয় বিশ্বের হাত থেকে নিজের ট্যারিফ ওয়াল তুলে এখানে কি বললেন? বললেন যে, এত আমদানি শুল্ক তুলে নিয়ে বিক্রি করা যাচ্ছে না। যেটা এপ্রিল মাসে সই হতে পারে, সেখানে বললে না, না, আমদানি শুল্ক শুধু কমলে চলবে না। আমরা যা খাদ্য শস্য গ্রহণ করি তা ৩ শতাংশ জোর করে আমদানি করতেই হবে। মাননীয় সদস্যগণ এখানে আমাদের যা প্রয়োজন তার আধ শতাংশ মাত্র আমরা আমদানি করি সেটাকে পরে তিন শতাংশ বৃদ্ধি করার কথা বলা হচ্ছে, তার পরেও থাকবে এবং এখানেও লক্ষ্য করুন, সবচেয়ে সমস্যা যে, যেহেতু বীজ যদি ভারতবর্ষের গবেষক সস্তায় তৈরি করতে পারেন তাহলে তার পরেও পারবেন না, এখানে যে ক্লজটির কথা বলা হচ্ছে সুইজেনারেসিং ক্লজ সেটা কিন্তু মিসলিডিং ক্লজ, তাই বলা হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে চাল এবং ধানের ক্ষেত্রে। বোরো ধানের, উচ্চ ফলনশীল, গবেষণা কোথায় হয়েছিল? কল্যাণী কৃষিবিশ্ববিদ্যালয়ে হয়েছিল। এটা আমাদের গবেষণা, তাতে কি বলেছিলেন? সুইজেনারেসিং ক্লজে ওরা বললেন যে না, একজন গবেষক গবেষণা করতে পারেন, তার চিলে কোঠায় বসে, কিন্তু বিক্রি করতে পারবেন না। একজন কৃষক তার কুঁড়ে ঘরে বসে গবেষণা করতে পারেন কিন্তু বিক্রি করতে পারবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় যদি সেই বিজ্ঞানী বহুজাতিক সংস্থার কর্মচারী হন তাহলে পারবেন, যদি কৃষক ঐ বহুজাতিক সংস্থার নিয়ন্ত্রণে হন তাহলে পারবেন। তার মানে, মেধা শর্তকে সম্পূর্ণ নিয়ন্ত্রণ করতে চান। যেটা পুঁজি তাকে নিয়ন্ত্রণ করেছেন, মেধা নিয়ন্ত্রণ করছেন, পরিষেবার মাধ্যমে বাণিজ্যিক পুঁজিতে আসতে হচ্ছে। পরিশেষে জমি, মাননীয় জয়নাল আবেদিন সাহেব, আপনার জেলায় অবিভক্ত জেলায় যে লেক বা বিখ্যাত হ্রদ বা বড় জলাশয়গুলি ছিল সে আপনার তখন হতে পারে, মহীপাল হতে পারে, আলতা হতে পারে, নতুন আইনে আপনার অনুমতির

কোনও দরকার নেই। কোনও টেক্সাসে যদি কোনও ধনকুবের কিনে নিতে চান কিনে নিতে পারবেন। জানবেন আমাদের দেশের জমি, বীজ, মেধা পুঁজির উপর আক্রমণ হল, স্বাধীনতার উপর আক্রমণ। এখানে দাঁড়িয়ে আমরা বিকল্প প্রস্তাব রাখছি, এই দুটি প্রস্তাব এক করলে যা করেছেন, অন্যগুলিকে গুলিয়ে দেবার চেষ্টা করেছেন। আমরা বলছি, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় খুবই সহজ কথায় বলছি। খুবই সহজ বক্তব্য এই ওরা যেটা করছেন সেটা অসম প্রতিযোগিতা। বাহিরে বহুজাতিক সংস্থার সঙ্গে দেশের শিল্পের বিরুদ্ধে।

[1-40 — 1-50 P.M.]

ওরা যে উদার নীতির কথা বলছেন সেটা অসম উদার নীতি। আমরা তার বিকল্পটা বলছি। আমরা বলছি—আমরা প্রতিযোগিতা চাই, কিন্তু সমস্ত প্রতিযোগিতা দেশের মধ্যে শুরু হোক ; উদার-নীতি চাই, কিন্তু বিকল্প উদার নীতি দেশের মধ্যে শুরু হোক ; আমরা দেশের শিল্পকে রক্ষা করতে চাই এবং সমান প্রতিযোগিতার স্বার্থে স্বনির্ভরতা চাই। স্বনির্ভরতার মানে কি? তার মানে হল, আমাদের যে খাদ্যশস্যের প্রয়োজন, পরিধেয় বস্ত্রের প্রয়োজন, ওষুধপত্রের প্রয়োজন তার নিশ্চয়তা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের প্রাকৃতিক সম্পদ, মেধা সম্পদ তা দিয়ে দেশের মধ্যে সমান প্রতিযোগিতায় যাতে যেতে পারি আমরা সেই প্রস্তাব রেখেছি এবং তারপর যেটা প্রয়োজন সেটা রেখেছি। ওরা ছোট শিল্পের ক্ষেত্রে বলছেন ছোট শিল্প ধ্বংস হোক, কিন্তু আমরা বলছি ছোট শিল্পের কাছে যাওয়ার মানে প্রতিযোগিতায় যাওয়া। কৃষিতে প্রতিযোগিতার মানে কি? এর মানে হল, জমির ক্ষেত্রে সকলের সমান অধিকার, তার মানে ভূমিসংস্কার।

(গোলমাল)

একথা বললে আপনারা ক্ষেপে যান কেন? আর একটি প্রতিযোগিতার কথা বলছি। এর মানে হচ্ছে, কেন্দ্র রাজ্য সম্পর্কের ক্ষেত্রের পুনর্বিন্যাস, কারণ আমরা চাই দেশের মধ্যে সমান প্রতিযোগিতা, সাধারণ মানুষের স্বার্থে উদার নীতি। এটা আপনারাদের নীতির সঙ্গে গুলিয়ে দেবেন না। করের ক্ষেত্রে আপনারা বক্তব্য রেখেছেন যে, পশ্চিমবঙ্গ সরকার কর যথেষ্ট আদায় করছেন না। করের ক্ষেত্রে বিক্রয় করের উদাহরণ দিচ্ছি যে, ১৯৯২-৯৩ সালে বিক্রয় কর ১৬২২ কোটি টাকা ছিল, বাজেটে বলেছিলাম ২ হাজার ৪০ কোটি টাকা আদায় করব ; কিন্তু আমরা ২,০৪০ কোটি টাকা পারিনি, ১,৯০০ কোটি টাকা তুলছি। এটা ১৭ পারসেন্ট বৃদ্ধি। এক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের তুলনীয় আদায়ের হারটা দেখেন। ১৯৯২-৯৩ সালে তারা এক্ষেত্রে ৯০০ কোটি টাকা আদায় করেছিলেন এবং এই বছর ৯০১ কোটি টাকা আদায় করেছেন ; বৃদ্ধির হারটা শূন্য শতাংশ, যেখানে আমাদের বৃদ্ধির হার ১৭ শতাংশ। এটা সর্বভারতীয় গড় হার থেকে শুধু বেশিই নয়, নবম অর্থ কমিশনের রিপোর্ট অনুযায়ী যে কমিশনের মেম্বারদের ওরাই নোমিনেট করেছেন এবং করে থাকেন, তার ১১১ নম্বর পৃষ্ঠায় বলা হয়েছে, নিজস্ব কর আদায়ের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ প্রথম স্থানে—১৭ শতাংশ বৃদ্ধি হয়েছে। সারা ভারতবর্ষে কর আদায় বৃদ্ধির হার শূন্য শতাংশ সেখানে এটা ১৭ শতাংশ আমরা বৃদ্ধি করেছি। বিরোধীপক্ষ এখানে একটি কথা বলেছেন যে, যে টাকা আমরা দিই সেটা কেন্দ্রীয় সরকারের টাকা। আমি আবার বলছি, আমাদের রাজ্য এক একটি বছরে ওরা নিয়ে যান

৬,০০০ কোটি টাকা বিভিন্ন কর থেকে, কিন্তু ফেরত দেন সমস্ত করের অংশ মিলিয়ে জওহর রোজগার যোজনা এবং যত যোজনা আছে তার মধ্যে দিয়ে ফেরত দেন ২,৮২৩ কোটি টাকা—৫০ শতাংশ। আপনাদের ধন্যবাদ জানাব, বুঝে করেছেন কিনা জানি না, ১০ম অর্থ কমিশনের কাছে আপনারা এই হারটা বৃদ্ধি করবার কথা বলেছেন। এটা বৃদ্ধি করলে অবস্থটা কোথায় যায় দেখুন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে বলা হয়েছে—রাজ্য আজকে ঋণের জালে জানিয়ে পড়ে কোথায় গিয়ে দাঁড়িয়েছে বোঝাটা। হ্যাঁ, রাজ্যের ঋণের বোঝা ১ হাজার কোটি টাকা, কিন্তু তারমধ্যে ৭০০ কোটি টাকা সুদ। এই ঋণের বোঝার ৮০ ভাগ হচ্ছে কেন্দ্রীয় সরকারের সৃষ্টি। কারণ পরিকল্পনা বরাদ্দ বলে যা দেন তার চেয়ে বেশি তারা আদায় করেন। এটা শুধু পশ্চিমবঙ্গ নয়, প্রতিটি রাজ্যের ক্ষেত্রে প্রযোজ্য। প্রতিটি রাজ্য মহারাষ্ট্র হোক, গুজরাট হোক, পশ্চিমবঙ্গ হোক, বিহার হোক, সকলকে একই জায়গায় তারা এনেছেন। তারা যা সাহায্য হিসাবে দেন তার ৭০ ভাগ ঋণ হিসাবে দেন এবং সুদের হার ৮ শতাংশ থেকে বৃদ্ধি করতে করতে অনেক বেড়ে গেছে। আর একটা কথা বার বার বললেও বিরোধী দলের সদস্যরা বুঝতে চান না বলে আমার ধারণা। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যেটা আসল ফেরত দেবার, সেটা আমরা দিয়ে দেই এবং যেটা সুদ সেটাও আমরা দিয়ে দেই। একটা বছরে ১৫ শত কোটি যদি স্বল্প সঞ্চয়ে মানুষ রাখে, আর যদি ৫ শত কোটি টাকা ম্যাচিওর করে, সেই ৫ শত কোটি টাকা আমরা ফেরত দিয়ে দেই। তারপরে যে সুদের হার তার জন্য ২৫ ভাগ কাটা হয়। এটা দেবার পরে যেটা আমাদের এন ডি সি-র সর্বদলীয় কমিটি বলেছিলেন যে, আমাদের রাজ্যের লায়েবিলিটি হিসাবে ট্রিট না করতে, যেহেতু সুদ আসল দেবার পরে যেটা পড়ে থাকে, যেহেতু শেয়ার কেলেঙ্কারি হয়েছে, সেটা বৃদ্ধি পেয়ে ৮ শত কোটি টাকা ছাড়িয়ে গেছে, এটা কিন্তু সকল রাজ্যের সম্পদ হিসাবে মেনে নেন, যোজনা কমিশনও মেনে নেন, কিন্তু এরা এটা কেন মানছেন না, আমি জানি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এরপরে মূল একটা জায়গায় যাচ্ছি। পরিকল্পনার আয়তনের ক্ষেত্রে আপনাদের প্রতিটি প্রশ্ন আমি খন্ডন করছি, উত্তর দিচ্ছি, সেজন্য আপনারা একটু অসুবিধায় পড়েছেন। পরিকল্পনা ব্যয়ের ক্ষেত্রে এরা বলেছেন যে, মহারাষ্ট্রে এত বেশি কেন? আমরা দেখলাম যে, ৫ম যোজনার সময়ে এরা ছিলেন। তখন পঞ্চম যোজনার জন্য ছিল ১ হাজার ২৪৬ কোটি টাকা। এরা খরচ করতে পেরেছেন ৮৩৯ কোটি টাকা অর্থাৎ ৬৪ শতাংশ। কিন্তু তখনই মহারাষ্ট্র পরিকল্পনার আয়তন দ্বিগুণ করে ফেলেছে। এবারে লক্ষ্য করুন, আমাদের এই জায়গা সম্পর্কে আসছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন, হাউস অবগত আছেন যে, ১৯৯০-৯১ সালে একটা বছরে পরিকল্পনার আয়তন ১৫ শত কোটি টাকা আমরা নিয়েছিলাম। তারপরে লক্ষ্য করুন যে, কোন আঘাতগুলি এসেছে। স্বল্প সঞ্চয়ের উপরে আঘাত ৪০০ কোটি টাকা আপনারা আনেন। কোল সেস না দিয়ে, যে তথ্য আমার কাছে আছে, ১৫০ কোটি টাকা আমাদের যায়। কোল রয়েলটি ২ শত কোটি টাকা আমরা পাইনি। এটা যদি যুক্ত করি তাহলে জানবেন যে প্রায় ৮ শত কোটি টাকা হবে। এই ৮ শত কোটি টাকা যদি ১৪ শত কোটি টাকার সঙ্গে তখনই যোগ করা যেত তাহলে প্রায় ২ শত কোটিতে আমরা ১৯৯০-৯১ সালে পৌঁছে যেতাম এবং কোলের রয়্যালটি প্রতি বছর আমাদের যা প্রাপ্য তা যদি যুক্ত হয়

তাহলে আমরা ৩ হাজার কোটি অতিক্রম করে ৪ হাজার কোটির কাছে চলে যেতে পারতাম। যোজনা কমিশনের কাছে এই কারণে অর্থ না পাবার জন্য আমরা লিখেছি। আসুন না, এখানে আপনারা সহযোগিতা করুন। মাননীয় জয়নাল আবেদিন সাহেব, কিছু মনে করবেন না, আপনারা যখন ১০ম অর্থ কমিশনে আমাকে সাপোর্ট করেছেন তখন এটাই মূলত ছিল। আপনারা না জেনে সাপোর্ট করে ফেলেছেন। এই কোল রয়্যালটি যদি যুক্ত হয়, যা বকেয়া আছে, আমরা ৪ হাজার কোটিতে আজকে পৌঁছাতে পারি। আর একটা কথা হচ্ছে, এরা বার বার গোলমাল করে ফেলে মুদ্রাদোষের মতো। আমাদের ৯ হাজার কোটি টাকার বাজেটে কর্মীদের মাহিনা বরাদ্দ ২০ শতাংশ যায়। মাননীয় শিক্ষক মহাশয়দের জন্য ১৬ শতাংশ। অন্যান্য রাজ্যগুলির ক্ষেত্রে, খুব পরিষ্কার করে বলে রাখি, মাননীয় শিক্ষক মহাশয়দের যেভাবে আমরা সম্মান জানাই সমস্ত দিয়ে কভার করে, এটা কেউ করে না। আমরা যদি এখানে অন্য রাজ্যের মতো করতাম—মাসে মাসে আমাদের বেতন বাবদ ২৮৫ কোটি টাকা যায়। শিক্ষক মহাশয়দের জন্য ১২০ কোটি টাকা যায়। তাহলে ৬০ কোটি টাকা বাঁচত ঠিকই এবং তাকে যদি ১২ দিয়ে গুণ করেন তাহলে ৭২০ কোটি টাকা পাওয়া যেত। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেটা আমরা করিনি। এগুলিযুক্ত করলে যা ব্যয় হয় তাকে ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার বলা হয়। প্ল্যানিং কমিশন এখন তার দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করছেন। ডেভেলপমেন্ট এক্সপেন্ডিচার, সমস্ত ইকনমিক সার্ভিস একত্রিত করলে ৫ হাজার ৮০০ কোটি টাকার কাছে চলে যায়, এটা মনে রাখবেন।

[1-50 — 2-00 (including Adjournment)]

আমি সরাসরি উন্নয়নের ক্ষেত্রে চলে আসছি। এখানে বলা উচিত ১৩০ কোটি টাকার ব্যাপারে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খুচরো কতকগুলি প্রশ্ন এসেছিল তার উত্তর দিতে দিতে যাই। একটা কথা এখানে বলা হয়েছে তিস্তা প্রকল্পের ক্ষেত্রে আমরা নাকি কম খরচ করছি। আপনারা এখানে যা বলেছেন তার বাস্তব হচ্ছে ১৮০ ডিগ্রি বিপরীত। ১৯৯৩-৯৪ সালে আমাদের ২৭ কোটি টাকা দেওয়ার কথা ছিল, এই ২৭ কোটি টাকা আমরা দিয়ে দিয়েছি। কেন্দ্রে যোজনা কমিশনের ২৭ কোটি টাকা দেওয়ার কথা ছিল, এখন পর্যন্ত ১২ কোটি টাকার বেশি আসেনি। আপনারা যেটা বলেছেন তার উত্তর দিয়ে দিলাম। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর এখানে প্রশ্ন রাখা হয়েছিল মন্ত্রী সভার ব্যয় বেড়েছে কেন? এটা আপনারা ভাল করে পড়ার সময় পান নি। এই যে ১ কোটি ১২ লক্ষ টাকা থেকে ১ কোটি ৩৪ লক্ষ টাকায় যেটা বৃদ্ধি হয়েছে তা বৃদ্ধি হয়েছিল ২০ লক্ষ টাকা যেটা টি এ বাবদ রেখেছিলাম সেটা ৪০ লক্ষ টাকা হয়। গত বছর সেটা ৫২ লক্ষ টাকা ছিল। এবারে ৫২ লক্ষ টাকার জায়গায় ৪০ লক্ষ টাকা হয়েছে। আমাদের কম। আমরা যদি কেন্দ্রীয় সরকারের সঙ্গে তুলনা করি তাহলে মোটামুটি ১০০ গুণ বেশি ওদের মাথা পিছু মন্ত্রীদের খরচ। এটা আপনারা জেনে রাখবেন। চিট ফান্ডের উপর কেউ কেউ জিজ্ঞাসা করেছেন। আমাদের হিসাব অনুযায়ী ৩০টি চিট ফান্ড কাজ করছে। তার মধ্যে ৬টিকে আমরা ধরেছি এবং বাকিগুলো আমরা এর মধ্যে ধরব, আমি মনে করছি ধরতে পারব। জওহর রোজগার যোজনার ব্যাপারে আপনারা জিজ্ঞাসা করেছেন। জওহর রোজগার যোজনার ক্ষেত্রে অন্য রাজ্যের চেয়ে বেশি দ্রুত গতিতে খরচ করার জন্য সব চেয়ে বেশি অর্থ কেন্দ্রের কাছ থেকে আমাদের রাজ্যে আসছে। মাননীয়

উপাধ্যক্ষ মহাশয়, এছাড়া আর একটা জায়গায় আপনারা বলেছেন যে উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে আপনাদের খারাপ লেগেছে, কেন কৃষি উৎপাদন বৃদ্ধির ব্যাপারটা বারে বারে বলছি। এই জায়গাটা একটু স্পষ্ট করে বলা উচিত। কৃষি উৎপাদনের জায়গাটা আমি একটু স্পষ্ট করে বলি। একজন মাননীয় সদস্য বলেছেন যে আপনারা কেন ঐ ১৯৮০ থেকে ১৯৮৩ এবং ১৯৮৯ থেকে ১৯৯২ এই বছরটা বাছলেন? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের কোনও উপায় নেই। সর্বশেষ যে সর্বভারতীয় তথ্য আমরা পাচ্ছি সি এম আই থেকে এবং মুভিং অ্যাভারেজ ট্রিমিয়াম করে তার ভিত্তিতে পাচ্ছি যে খাদ্য শস্য বৃদ্ধির হার সব চেয়ে বেশি এবং প্রথম স্থানে পশ্চিমবাংলা এবং তার পরে পাঞ্জাব। ওদের খারাপ লাগলে কি করতে পারি? প্রথম স্থানে পশ্চিমবঙ্গ, তারপরে পাঞ্জাব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুধু তাই নয়, হেক্টর প্রতি উৎপাদনের গড়ের ভিত্তিতে আমরা প্রথম। এছাড়া আর একটা কথা এখানে বলি। কর-এর ক্ষেত্রে একটা বক্তব্য এখানে এসেছে। ওনারা সাধারণ ভাবে সমর্থন করেছেন এবং সরলীকরণ ইত্যাদির কথা বলেছেন। আমি এখানে একটা কথা খালি বলছি, কর-এর ক্ষেত্রে ওনারা ঠিক বুঝতে পারেন নি যে কোন জায়গায় মূল তফাত মনমোহন সিং-এর বাজেটে সঙ্গে আমাদের এখানে হয়েছে। উনি ছোট শিল্পের উপর আঘাত এনেছেন। এই ছোট শিল্পগুলি যা কর ওদের দেবেন আমরা তার ৯০ ভাগ তাদের ফেরত দেব। উনি আঘাত এনেছেন ডাঙ্কেলের উপর ভিত্তি করে। আপনারা আঘাত এনেছেন ফার্টিলাইজারের উপর, আঘাত এনেছেন ইনসেকটিসাইটসের উপর, আঘাত এনেছেন চামড়ার উপর, ওষুধের উপর। এই রকম ক্ষেত্রে ওরা যেখানে বাড়িয়েছে, আমরা সেখানে কমিয়েছি। এটা বুঝতে নিশ্চয়ই পারেন, আপনাদের অসুবিধা হবে বলে আর বলছি না। আর একটা কথা বলি, এটা আমাদের সরকারের পক্ষ থেকে এসেছে এবং বিরোধী পক্ষ থেকে এসেছে যে চায়ের ক্ষেত্রে ইনকাম ট্যাক্সের হারটা একটু কমানো যায় কিনা। হারটা যাতে কমানো যায় তার চেষ্টা করবেন। আমরা ভাবছি, তবে যতটা বলছেন ততটা পারব না। সিগারেটের ব্যাপারে একটা প্রশ্ন আপনারা রেখেছেন সেই ব্যাপারে বলি। সিগারেটের ক্ষেত্রে একটু বলা প্রয়োজন। এই লাক্সারির উপর যে কর বসানো যায় এটা সংবিধানের রাজ্য তালিকায় আছে। এখানে প্রশ্ন দুটি উঠেছে। আর তো কোনও রাজ্য করছে না আপনারা করছেন, তাই স্মাগলিং হবে। তাই এর জন্য এখানে কর্মসংস্থান কমবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একটু বলে রাখি, এই মদের ক্ষেত্রে আশে পাশে রাজ্যের চেয়ে আমাদের ডিউটি দ্বিগুণ হবে। আমরা স্মাগলিং হতে দিই নি, এখানেও দেব না। প্রতিটি ট্রাক চেক করা হবে। আর আপনাদের ভাল লাগবে কিনা জানি না, বোধ হয় আমাদের দেখাদেখি করেছে কিম্বা নিজেরা করেছেন কিনা ঠিক জানি না আমাদের পরে বাজেট হয়েছে, তামিলনাডু সরকার এই লাক্সারি ট্যাক্স সিগারেটের উপর বসালেন, তার কিছু দিন আগে রাজস্থান সরকার বসালেন। আপনারা দেখবেন, ঠিক একইভাবে প্রত্যেক রাজ্য যাবে, সেটা আমি আরও একবার বলে রাখলাম। কৃষিতে আমরা প্রথম স্থানে চলে গিয়েছি। শিল্পে আমরা লম্বা দৌড় শুরু করলাম। আপনারা এটা দেখবেন ষাটের দশকে শিল্পের সূচক যেটা ১২৫ ছিল, ওদের সময়ে ১৯৭৫ সালে সেটা ১০৩ নেমে এসেছিল। এখন বৃদ্ধি পেতে পেতে ১৫০কে অতিক্রম করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওদের থেকে ভিন্ন ধরনের, আমরা যেভাবে এগোচ্ছি তাতে আমরা ছোট শিল্পের উপরে জোর দিয়ে এখানে শিল্পায়ন আনব, এটা জানবেন। এইক্ষেত্রে যে যে বাধাগুলো ছিল, মাসুল সমীকরণ চলে

যাওয়ার ফলে আমাদের সুবিধা হয়েছে। ব্যাঙ্কের ঋণের ক্ষেত্রে যে টাকাগুলো এখানে জমা পড়ে, সোজা কথায় বলছি রাষ্ট্রায়ত্ব ব্যাঙ্কগুলোকে, তা এখানে দিন। আর ক্রেডিট ডিপোজিট রেশিওর ক্ষেত্রে ৮৫ শতাংশ মানুষকে বলব ছ হাজার সমবায় ব্যাঙ্ক—এখানে রাখবেন, যাদের কাছ থেকে ছোট শিল্পপতিরা টাকা পেতে পারবেন। আমরা ভিন্ন পথে যাচ্ছি। এটা জানবেন যে, এই সম্ভাবনা কৃষির ক্ষেত্রে যুক্ত হয়েছে, এই সম্ভাবনা শিল্পগুলির ক্ষেত্রে সৃষ্টি হয়েছে। এই সম্ভাবনা চামড়া শিল্পের ক্ষেত্রে সৃষ্টি হয়েছে। আমরা বিশ্বাস করি এবং মনে করি যে ওষুধের ক্ষেত্রে আমরা এক নতুন জায়গায় যাব। এছাড়া ইলেক্ট্রনিক্স-এর সফ্‌ট ওয়ারের ক্ষেত্রে আগামী দিনের শিল্প শ্রমিকদের দক্ষতার উপরে যেটা নির্ভর করবে, এখানে আমাদের অনেক সুবিধা হবে। এই যে দূরপাল্লার দৌড় আমরা শুরু করলাম—কৃষিতে যখন এই দৌড় আমরা শুরু করেছিলাম তখন ওরা বলেছিলেন, আপনারা পারবেন না—এটা জানবেন, এটা দেখবেন যে এই শিল্পে গোটা দক্ষিণ পূর্ব এশিয়ায় যে শহর সবচেয়ে কাছে আছে, এই পশ্চিমবঙ্গে আমরা একটা নতুন ইতিহাস তৈরি করব। এই কথা বলে এই বাজেটের সমর্থনে—এটা একটা বিকল্প বাজেট, এটা সমান প্রতিযোগিতার উপরে ভিত্তি করে করা হয়েছে—আমার বক্তব্য শেষ করছি।

## MOTION FOR VOTE ON ACCOUNT

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum not exceeding Rs. 2769 crores 49 lakhs 32 thousands only be granted on account for or towards defraying the charges for the following services and purposes during the year ending onthe 31st day of March, 1995 ; the details of estimate of which is laid on the Table and may be seen in the budget publication which has already been put in the House.

| Demand No. | Service and Purposes | Sums not exceeding |
|---|---|---|
| 1 | 2 | 3 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **A—General Services** | |
| | (a) Organs of State | |
| | | Rs |
| 1 | 2011—State Legislatures | 1,67,10,000 |
| 3 | 2013—Councils of Ministers | 48,95,000 |
| 4 | 2014—Administration of Justice | 11,89,45,000 |
| 5 | 2015—Elections | 7,66,35,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | *(b) Fiscal Services* | |
| | (i) Collection of Taxes on Income and Expenditure | |
| 6 | 2020—Collection of Taxes on Income and Expenditure | 94,30,000 |
| 7 | 2029—Land Revenue<br>CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT<br>C—Capital Account of Economic Services<br>(i) Capital Account of Gerneral Economic Services<br>5475—Capital Outlay on Other General Economic Services | 34,52,50,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **A—General Services** | |
| | *(b) Fiscal Services* | |
| | (ii) Collection of Taxes on Property and Capital Transactions | |
| 8 | 2030—Stamps and Registration | 6,00,35,000 |
| 9 | 2035—Collection of Other Taxes on Property and Capital Transactions | 6,95,000 |
| | (iii) Collection of Taxes on Commodities and Services | |
| 10 | 2039—State Excise | 5,35,10,00 |
| 11 | 2040—Sales Tax | 8,33,35,000 |
| 12 | 2041—Taxes on Vehicles | 1,36,85,000 |
| 13 | 2045—Other Taxes and Duties on Commodities Services | 3,29,10,000 |
| | (iv) Other Fiscal Services | |
| 14 | 2047—Other Fiscal Services | 1,41,60,000 |
| | *(c) Interest Payment and Servicing of Debt* | |
| 16 | 2049—Interest Payments | 10,35,000 |
| | *(d) Administrative Services* | |
| 18 | 2052—Secretariat General Services | 8,31,70,000 |
| 19 | 2053—District Administration | 8,33,80,000 |
| 20 | 2054—Treasury and Accounts Administration | 5,81,40,000 |
| 21 | 2055—Police | 1,47,00,00,000 |
| 22 | 2056—Jails | 9,37,80,000 |
| 24 | 2058—Stationery and Printing | 4,08,85,000 |
| | 2059—Public Works (Public Works Under Functional Heads)<br>**B—Social Services**<br>*(a) Education, Sports, Art and Culture*<br>2202—General Education (Buildings) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 2203—Technical Education (Buildings) | |
| | 2204—Sports and Youth Services (Buildings) | |
| | 2205—Art and Culture (Buildings) | |
| | *(b) Health and Family Welfare* | |
| | 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings) | |
| | 2210—Medical and Public Health (Public Health) (Buildings) | |
| | 2211—Family Welfare (Buildings) | |
| | *(e) Water Supply, Sanitation, Housing and Urban Development* | |
| | 2216—Housing (Buildings) | |
| | *(f) Labour and Labour Welfare* | |
| 25 | 2220—Labour and Employment (Buildings) | 60,20,60,000 |
| | *(g) Social Welfare and Nutrition* | |
| | 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings) | |
| | *(h) Others* | |
| | **C—Economic Services** | |
| | *(e) Agriculture and Allied Activities* | |
| | 2401—Crop Husbandry (Buildings) | |
| | 2403—Animal Husbandry (Buildings) | |
| | 2404—Dairy Development (Buildings) | |
| | 2406—Forestry and Wild Life (Buildings) | |
| | 2408—Food, Storage and Warehousing (Buildings) | |
| | *(f) Industry and Minarals* | |
| | 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) | |
| | 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) | |
| | 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings) | |
| | *(j) General Economic Services* | |
| | 3475—Other General Economic Services (Buildings) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **A—Capital Account of General Services** | |
| | 4059—Capital Outlay on Public Works (Capital Outlay on Public Works under Functional Heads) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **B—Capital Account of Social Services** | |
| | *(a) Education, Sports, Art and Culture* | |
| | 4202—Capital Oulay on Education, Sports Art and Culture (Buildings) | |
| | *(b) Health and Family Welfare* | |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings) | |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings) | |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings) | |
| | 4211—Capital Outlay on Family Welfare (Buildings) | |
| | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | |
| | 4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Buildings) | |
| 25 | 4216—Capital Outlay on Housing (Buildings) | |
| | *(d) Information and Broadcasting* | |
| | 4220—Capital Outlay on Information and Publicity (Buildings) | |
| | *(g) Social Welfare and Nutrition* | |
| | 4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare) (Buildings) | |
| | *(h) Others* | |
| | 4250—Capital Outlay on Other Social Services (Buildings) | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(a) Capital Account of Agriculture and Allied Activites* | |
| | 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings) | |
| | 4404—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) | |
| | 4403—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings) | |
| | 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings) | |
| | *(g) Capital Account of Rural Development* | |
| | 4515—Capital Outlay on Other Rural Development | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | Programme (Panchayati Raj) (Buildings) | |
| | 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development) (Buildings) | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| | 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings) | |
| | 4851—Capital Outaly on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) | |
| | 4853—Capital Outlay on Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings) | |
| | 4885—Other Capital Outlay on Industry and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **A—General Services** | |
| | *(d) Administrative Services* | |
| 26 | 2070—Other Administrative Services (Fire Protection and Control) | 10,76,40,000 |
| 27 | 2070—Other Administrative Services (Excluding Fire Protection and Control)<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>*(a) Capital Account of General Services*<br>4070—Capital Outlay on Other Administrative Services | 20,10,85,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **A—General Services** | |
| | *(e) Pension and Miscellaneous General Services* | |
| 28 | 2071—Pensions and Other Retirement Benefits<br>2075—Minscellaneous General Services | 108,82,75,00 |
| 29 | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>*(A)—Capital Account of General Services*<br>4075—Capital Outlay on Miscellaneous General Services | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(a) Education, Sports, Art and Culture* | |
| | 2202—General Education | |
| 30 | 2203—Technical Education | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 2205—Art and Culture | |
| | **CAPTIAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **B—Capital Account of Social Services** | |
| | *(a) Education, Sports, Art and Culture* | |
| 30 | 4202—Capital Outlay on Eduction, Sport, Art and Culture | 703,92,85,000 |
| | **F—Loans and Advances** | |
| | 6202—Loans for Edcuation, Sports, Art and Culture | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(a) Education, Sports, Art and Culture* | |
| 31 | 2204—Sports and Youth Services | 7,36,20,000 |
| | *(b) Health and Family Welfare* | |
| | 2210—Medical and Public Health (Excluding Public Health) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **B—Capital Account of Social Services** | |
| | *(b) Health and Family Welfare* | |
| 32 | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) | 134,05,40,000 |
| | **F—Loans and Advances** | |
| | 6210—Loans for Medical and Public Health (Excluding Public Health) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(b) Health and Family Welfare* | |
| | 2210—Medical and Public Health (Public Health) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | B—Capital account of Social Services | |
| 33 | *(b) Health and Family Welfare* | 22,38,45,000 |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) | |
| | **F—Loans and Advances** | |
| | 6210—Loans for Medical and Public Health (Public Health) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(b) Health and Family Welfare* | |
| | 2221—Family Welfare | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **B—Capital Account of Social Services** | |
| | (b) Health and Family Welfare | |
| 34 | 4211—Capital Outlay on Family Welfare | 23,03,65,00 |
| | **F—Loans and Advances** | |
| | 6211—Loans for Family Welfare | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | (c) Water Supply, Sanitation, Housing and Urban Development | |
| | 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air & Water Pollution) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **B—Capital Account of Social Services** | |
| 35 | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | 33,65,10,000 |
| | 4215—Capital Outlay on Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) | |
| | **F—Loans and Advances** | |
| | 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | |
| | 2216—Housing | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **B—Capital Account of Social Services** | |
| 36 | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | 17,62,00,000 |
| | 4216—Capital Outlay on Housing | |
| | **F—Loans and Advances** | |
| | 6216—Loans for Housing | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | |
| 37 | 2217—Urban Development<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>*B—Capital Account of Social Services*<br>(c) Water Supply, Sanitation, Housing and Ubran Development<br>4217—Capital Outlay on Urban Development<br>**F—Loans and Advances**<br>6217—Loans for Ubran Development | 86,21,85,00 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(d) Information and Broadcasting* | |
| 38 | 2220—Information and Publicity<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**B—Capital Account of Social Services**<br>*(d) Information and Publicity*<br>4220—Capital Outlay on Information & Publicity<br>**F—Loans and Advances**<br>6220—Loans for Information and Publicity | 5,73,25,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(f) Labour and Labour Welfare* | |
| 39 | 2230—Labour and Employment | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(g) Social Welfare and Nutrition* | |
| 40 | 2235—Social Security and Welfare (Rehabilitation)<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**B—Capital Account of Social Services**<br>*(g) Social Welfare and Nutrition*<br>4235—Capital Outlay on Social Security and Welfare (Rehabilitation)<br>**F—Loans and Advances**<br>6235—Loans for Social Security and Welfare (Rehabilitation) | 8,46,85,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 41 | **REVENUE ACCOUNT**<br>**B—Social Services**<br>*(a) Education, Sports, Art and Culture*<br>2202—General Education (Tribal Areas Sub-Plan)<br>2203—Technical Education (Tribal Areas Sub-Plan)<br>2204—Sports and Youth Services (Tribal Areas Sub-Plan)<br>*(b) Health and Family Welfare*<br>2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan)<br>2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan)<br>*(c) water Supply, Sanitation, Housing and Urban Development*<br>2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan)<br>*(e) Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes*<br>2215—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes<br>*(g) Social Welfare and Nutrition*<br>2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan)<br>2236—Nutrition (Tribal Areas Sub-Plan)<br>2250—Other Social Services (Tribal Areas Sub-Plan)<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activites*<br>2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan)<br>2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan)<br>2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan)<br>2405—Fisheries (Tribal Areas Sub-Plan)<br>2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan)<br>2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan)<br>2425—Co-operation (Tribal Areas Sub-Plan)<br>2435—Other Agriculture Programmes (Tribal Areas Sub-Plan)<br>*(b) Rural Development*<br>2501—Special Programmes for Rural Development (Tribal Areas Sub-Plan) | 54,58,80,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 2506—Land Reforms (Tribal Areas Sub-Plan) | |
| | *(c) Special Areas Programmes (Tribal Areas Sub-Plan)* | |
| | 2515—Other Rural Development Programmes (Community Development) (Tribal Areas Sub-Plan) | |
| | 2575—Other Special Areas Programmes (Tribals Areas Sub-Plan) | |
| | *(d) Irrigation and Flood Control* | |
| | 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan) | |
| | *(f) Industry and Minerals* | |
| | 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) | |
| 41 | CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT | |
| | **B—Capital Account of Social Services** | |
| | *(b) Health and Family Welfare* | |
| | 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) | |
| | *(e) Welfare of Scheduled Castes, Seheuled Tribes and Other Backward Classes* | |
| | 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes | |
| | *(h) Others* | |
| | 4250—Capital Account of Other Social Services (Tribal and Areas Sub-Plan) | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(a) Capital Account of Agriculture and Allied Activities* | |
| | 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) | |
| | 4402—Capital Outlay on Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan) | |
| | 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) | |
| | 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan) | |
| | 4435—Capital Outlay on Other Agriculture Programmes (Tribal Areas Sub-Plan) | |
| | *(d) Capital Account of Irrigation and Flood Control* | |
| | 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan) | |
| | 4705—Capital Outlay on Command Areas Development (Tribal Areas Sub-Plan) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 41 | *(f) Capital Account of Industry and Minerals*<br>4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)<br>*(g) Capital Account of Transport*<br>5404—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan)<br>**F—Loans and Advances**<br>6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes<br>6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan)<br>6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)<br>6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan)<br>6575—Loans for Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan)<br>6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) | |
| | REVENUE ACCOUNT<br>*(g) Social Welfare and Nutrition* | |
| 42 | 2235—Social Security and Welfare (Social Welfare)<br>CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT<br>**B—Capital Account of Social Services**<br>*(g) Capital Account of Social Welfare and Nutrition*<br>4235—Capital Outlay on Social Security and Welfare (Social Welfare)<br>**F—Loans and Advances**<br>6235—Loans for Social Security and Welfare (Social Welfare) | 36,58,55,000 |
| | REVENUE ACCOUNT<br>**B—Social Services**<br>*(g) Social Welfare and Nutrition* | |
| 43 | 2236—Nutrition<br>CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT<br>**B—Capital Account of Social Services**<br>4236—Capital Outlay on Nutrition<br>**F—Loans and Advances**<br>6212—Loans for Nutrition | 3,05,50,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | (g) Social Welfare and Nutrition | |
| 4 | 2245—Relief on account of Natural Calamities | 40,00,00,000 |
| | *(h) Others* | |
| 5 | 2251—Secretariat—Social Services | 3,46,75,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(h) Others* | |
| 46 | 2250— Other Social Services<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**B—Capital Account of Social Services**<br>4250—Capital Outlay on Other Social Services<br>**F—Loans and Advances**<br>6250—Loans for Other Social Services | 6,49,60,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(a) Agriculture and Allied Activities* | |
| 47 | 2401—Crop Husbandry<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(a) Agriculture and Allied Activites*<br>4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings)<br>**F—Loans and Advances**<br>6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings) | 29,22,70,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities*<br>2402—Soil and Water Conservation<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services** | |
| 48 | *(a) Capital Account of Agriculture and Allied Activities*<br>4402—Capital Outlay on Soil and Water Conservation<br>**F—Loans and Advances**<br>6402—Loans for Soil and Water Conservation | 4,96,15,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities*<br>2403—Animal Husbandry<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services** | |
| 49 | *(a) Capital Account of Agriculture and Allied Activities*<br>4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)<br>**F—Loans and Advances**<br>6403—Loans for Animal Husbandry | 17,04,20,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>(a) Agriculture and Allied Activities<br>2404—Dairy Development<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(a) Capital Account of Agriculture and Allied Activites* | |
| 50 | 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)<br>**F—Loans and Advances**<br>6404—Loans for Dariy Development (Excluding Public Undertakings) | 27,87,35,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities* | |
| 51 | 2405—Fisheris<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(a) Capital Account of Agriculture and Allied Activities*<br>4405—Capital Outlay on Fisheries<br>**F—Loans and Advances**<br>6405—Loans for Fisheries | 9,95,35,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities* | |
| 52 | 2406—Forestry and Wild Life<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>*C—Capital Account of Economic Services*<br>*(a) Capital Account of Agriculture and Allied Activities*<br>4406—Capital Outlay on Forestry and Wild Life | 28,36,70,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities* | |
| 53 | 2407—Plantations<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(a) Capital Account of Agriculture and Allied Activities*<br>4407—Capital Outlay on Plantations<br>**F—Loans and Advances**<br>6407—Loans for Plantations | 66,70,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(a) Agriculture and Allied Activities* | |
| 54 | 2408—Food, Storage and Warehousing<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(a) Capital Account of Agriculture and Allied Activities* | 37,78,50,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) | |
| | **F—Loans and Advances** | |
| | 6408—Lcans for Food, Storage and Warehousing | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | (a) Agriculture and Allied Activities | |
| | 2415—Agricultural Research and Education | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| 55 | *(a) Capital Account of Agriculture and Allied Activities* | 9,14,85,000 |
| | 4415—Capital Outlay on Agriculture Research and Education (Excluding Public Undertakings) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(a) Agriculture and Allied Activites* | |
| | 2425—Co-operation | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| 57 | *(a) Capital Account of Agriculture and Allied Activities* | 9,74,60,000 |
| | 425—Capital Outlay on Co-operation | |
| | **F—Loans and Advances** | |
| | 6425—Loans for Co-operation | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | (a) Agriculture and Allied Activities | |
| | 2435—Other Agricultural Programmes | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| 58 | **C—Capital Account of Economic Services** | 5,50,90,000 |
| | *(a) Capital Account of Agriculture and Allied Activities* | |
| | 4435—Capital Outlay on Other Agricultural Programmes | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(b) Rural Development* | |
| 59 | 2501—Special Programme for Rural Development | 11,58,60,000 |
| 60 | 2505—Rural Employment | 213,16,85,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 61 | 2506—Land Reforms | 5,52,55,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(b) Rural Development* | |
| 62 | 2515—Other Rural Development Programmes (Panchayati Raj)<br>*(b) Grants-in-Aid and Contributions*<br>3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj)<br>**CAPITAL EXPENDITURE OUTSDIE THE REVENUE ACCOUNT**<br>*C—Capital Account of Economic Services*<br>*(b) Capital Account of Rural Development*<br>4515—Capital Outaly on Other Rural Development Programmes (Panchayati Raj)<br>**F—Loans and Advances**<br>6215—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj) | 33,44,20,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(b) Rural Development* | |
| 63 | 2515—Other Rural Development Programmes (Community Development)<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(b) Capital Account of Rural Development*<br>4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development)<br>**F—Loans and Advances**<br>6515—Loans for Other Rural Development Programmes (Community Development) | 15,34,97,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(c) Special Areas Programme* | |
| 64 | 2551—Hill Areas<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(c) Capital Account of Special Areas Programme* | 19,43,80,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 4551—Capital Outlay on Hill Areas<br>**F—Loans and Advances**<br>6551—Loans for Hill Areas | |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(c) Special Areas Programme* | |
| 65 | 2575—Other Special Areas Programme<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(c) Capital Account of Special Areas Programme*<br>4575—Capital Outlay on Other Special Areas Programme | 16,84,25,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(d) Irrigation and Flood Control* | |
| 66 | 2701—Major Medium Irrigation<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(d) Capital Account of Irrigation and Flood Control* | 100,00,00,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(d) Irrigation and Flood Control* | |
| 67 | 2702—Minor Irrigation<br>2705—Command Area Development<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(d) Capital Account of Irrigation and Flood Control*<br>4702—Capital Outlay on Minor Irrigation<br>4705—Capital Outlay on Command Area Development<br>**F—Loans and Advances**<br>6705—Loans for Command Area Development | 51,92,10,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| 68 | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(d) Irrigation and Flood Control*<br>2711—Flood Control<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(d) Capital Account of Irrigation and Flood Control*<br>4711—Capital Outlay on Flood Control Projects<br>**F—Loans and Advances**<br>6711—Loans for Flood Control Projects | 26,14,25,000 |
| 69 | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(e) Energy*<br>2801—Power<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(e) Capital Account of Energy*<br>4801—Capital Outlay on Power Projects<br>4806—Capital Outlay on Consumer Industries<br>**F—Loans and Advances**<br>6801—Loans for Power Projects<br>6860—Loans for Consumer Industries | 99,85,50,000 |
| 72 | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(e) Energy*<br>2810—Non-Conventional Sources of Energy<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(e) Capital Account of Energy*<br>4810—Capital Outlay on Non-Conventional Sources of Energy | 33,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(f) Industry and Minerals* | |
| | 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| 73 | *(f) Capital Account of Industry and Minerals* | 26,97,20,000 |
| | 4851—Capital Outaly on Village and Small Industries (Excluding Public Undertakings) | |
| | **F—Loans and Advances** | |
| | 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(f) Industry and Minerals* | |
| | 2852—Industries (Closed and Sick Industries) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| | 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries) | |
| | 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries) | |
| 74 | 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries) | 12,67,45,000 |
| | 4885—Other Capital Outlay on Industries and Minerals (Closed and Sick Industries) | |
| | **F—Loans and Advances** | |
| | 6857—Loans for Chemical & Phamaceutical Industries (Closed and Sick Industries) | |
| 74 | 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) | |
| | 6850—Loans for Consumer Industries (Closed and Sick Industries) | |
| | 6885—Loans for Other Industries and Minerals (Closed and Sick Industries) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(f) Industry and Minerals* | |
| 75 | 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(f) Capital Account of Industry and Minerals*<br>4858—Capital Outlay on Engineering Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)<br>**F—Loans and Advances**<br>6858—Loans for Engineering Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) | 9,12,05,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(f) Industry and Minerals* | |
| 76 | 2853—Non-Ferrous Mining and Metallugical Industries<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(f) Capital Account of Industry and Minerals*<br>4853—Capital Outlay on Non-Ferrous Mining and Metallurgical Industries<br>**F—Loans and Advances**<br>6853—Loans for Non-Ferrous Mining and Metallurgical Industries | 50,15,000 |
| | **REVENUE ACCOUNT**<br>**C—Economic Services**<br>*(g) Transport* | |
| 77 | 3051—Ports and Lighthouses<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>*C—Capital Account of Economic Services*<br>*(f) Capital Account of Transport*<br>5051—Capital Outlay on Ports and Lighthouses | 36,20,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(g) Transport* | |
| | 3053—Civil Aviation | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | 14,45,000 |
| 78 | *(g) Capital Account of Transport* | |
| | 5053—Capital Outlay on Civil Aviation | |
| | **F—Loans for Civil Aviation** | |
| | 7053—Loans for Civil Aviation | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | (g) Transport | |
| | 3054—Roads and Bridges | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| 79 | *C—Capital Account of Economic Services* | 80,00,00,000 |
| | *(g) Capital Account of Transport* | |
| | 5054—Capital Outlay on Roads and Bridges | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(g) Transport* | |
| | 3055—Road Transport | |
| | 3056—Inland Water Transport | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(g) Capital Account of Transport* | |
| 80 | 5055—Capital Outlay on Road Transport | 36,29,00,000 |
| | 5056—Capital Outlay on Inland Water Transport | |
| | 5075—Capital Outlay on Other Transport Services | |
| | **F—Loans and Advances** | |
| | 7055—Loans for Road Transport | |
| | 7056—Loans for Inland Water Transport | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(g) Transport* | |
| | **F—Loans and Advances** | |
| 81 | 7075—Loans for Other Transport Services | 14,00,00,000 |
| | **REVEUNE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) Science, Technology and Environment* | |
| 82 | 3425—Other Scientific Research | 1,10,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| 83 | 3451—Secretariat—Economic Services | 5,69,20,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| 84 | 3452—Tourism<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(i) Capital Account of General Economic Services*<br>5452—Capital Outlay on Tourism | 1,32,70,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| 85 | 3454—Census, Surveys and Statistics | 1,52,35,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| 86 | 3456—Civil Supplies | 1,00,00,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| 87 | 3465—General Financial and Trading Institutions<br>**CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT**<br>**C—Capital Account of Economic Services**<br>*(i) Capital Account of General Economic Services* | 92,55,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 5465—Investments in General Financial and Trading Institutions | |
| | **F—Loans and Advances** | |
| | 7465—Loans for General Financial and Trading Institutions | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(i) General Economic Services* | |
| | 3475—Other General Economic Services | |
| 88 | **F—Loans and Advances** | 1,07,60,000 |
| | 7475—Loans for Other General Economic Services | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **B—Social Services** | |
| | *(c) Water Supply, Sanitation, Housing and Urban Development* | |
| | 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution | |
| 89 | **C—Economic Services** | 2,89,00,000 |
| | *(a) Agriculture and Allied Activites* | |
| | 2406—Forestry and Wild Life (Zoological Park and Lloyd Botanic Garden Darjeeling) | |
| | **REVENUE ACCOUNT** | |
| | **D—Grants-in-Aid and Contributions** | |
| 90 | 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institution (Excluding Panchayati Raj) | 67,50,60,000 |
| | **REVENUE ACCOUNT** | |
| | **C—Economic Services** | |
| | *(f) Industry and Minerals* | |
| | 2851—Village and Small Industries (Public Undetakings) | |
| | 2852—Industries (Public Undetakings) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(a) Capital Account of Agriculture and Allied Activities* | |
| | 4401—Capital Outlay on Crop Husbandry (Public Undetakings) | |
| | 4403—Capital Outlay on Animal Husbandry (Public Undertakings) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | 4404—Capital Outlay on Dairy Development (Public Undertakings) | |
| 92 | 4408—Capital Outaly on Food, Storage and Warehousing (Public Undertakings) | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| | 4851—Capital Outlay on Village and Small Industries (Public Undetakings) | |
| | 4852—Capital Outlay on Iron and Steel Industries (Public Undertakings) | |
| | 4855—Capital Outlay on Fertiliser Industries (Public Undertakings) | |
| | 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Public Undertakings) | |
| | 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Public Undertakings) | |
| | 4858—Capital Outaly on Engineering Industries (Public Undertakings) | |
| | 4860—Capital Outlay on Consumer Industries (Public Undertakings) | |
| | 4885—Other Capital Outlay on Industries and Minerals (Public Undertakings) | |
| | **F—Loans and Advances** | |
| | 6401—Loans for Crop Husbandry (Public Undertakings) | |
| | 6404—Loans for Dairy Development (Public Undertakings) | |
| | 6408—Loans for Food, Storage and Warehousing (Public Undertaking) | |
| | 6801—Loans for Power Projects (Public Undertakings) | |
| 92 | 6851—Loans for Village and Small Industries (Public Undertakings) | 9,70,95,000 |
| | 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings) | |
| | 6858—Loans for Engineering Industries (Public Undertakings) | |
| | 6860—Loans for Consumer Industries (Public Undertakings) | |
| | 6885—Loans for Other Industries and Mineral (Public Undertakings) | |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| 93 | 4855—Capital Outlay on Fertiliser Industries (Excluding Public Undertakings)<br>4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings)<br>4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings)<br>4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings)<br>4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) | 14,88,40,000 |
| | **F—Loans and Advances** | |
| | 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings) | |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Industry and Minerals** | |
| 94 | 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries<br>**F—Loans and Advances**<br>6859—Loans for Telecommunication and Electronics Industries | 2,50,05,000 |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| 95 | 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Clossed and Sick Industries)<br>**F—Loans and Advances**<br>6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)<br>6880—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) | 6,10,00,000 |

| 1 | 2 | 3 |
|---|---|---|
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| 96 | 4875—Capital Outlay on Other Industries (Excluding Closed and Sick Industries)<br>**F—Loans and Advances**<br>6875—Loans for Other Industries<br>6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries) | 3,70,00,000 |
| | **CAPITAL EXPENDITURE OUTSIDE THE REVENUE ACCOUNT** | |
| | **C—Capital Account of Economic Services** | |
| | *(f) Capital Account of Industry and Minerals* | |
| 97 | 4885—Other Capital Outlay on Industry and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)<br>**F—Loans and Advances**<br>6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) | 27,35,000 |
| | **F—Loans and Advances** | |
| 99 | 7610—Loans to Government Servants etc<br>7615—Miscellaneous Loans | 26,09,85,000 |
| | **Grand Total** | **2769,49,32,000** |

The motion was then put and agreed to.

## Motions for demands for grants of all departments for the year 1994-95

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move the Demands for Grants for the different heads of expenditure included in the financial statement of the Government of West Bengal 1994-95 be granted. Detailed estimates for the different heads of expenditure and demands for them along with the explanatory statement thereon by the respective Ministers-in-charge are laid on the Table of the House.

The total demands for Grants is Rs. 80,44,79,84,000 (Rupees eight thousand forty-four crores Seventy nine lakhs and eighty-four thousand)

only for the year 1994-95, of which a sum of Rs. 27,69,49,32,000 (Rupees Two thousand and seven hundred sixtynine crores forty-nine lakhs and thirty-two thousands) only is already voted on account.

### DEMAND No. 1

### Major Head : 2011—Sate Legislatures

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 5,01,22,000 be granted for expenditure under Demand No.1, Major Head : "2011—State Legislature".

(This is inclusive of a total sum of Rs. 1,67,10,000 already voted on account)

### DEMAND No. 3

### Major Head : 2013—Council of Ministers

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,46,75,000 be granted for expenditure under Demand No.3, Major Head : "2013—Council of Ministers".

(This is inclusive of a total sum of Rs. 48,95,000 already voted on account)

### DEMAND No. 4

### Major Head : 2041—Administration of Justice

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 35,68,23,000 be granted for expenditure under Demand No.4, Major Head : "2014—Aministration of Justice".

(This is inclusive of a total sum of Rs.11,89,45,000 already voted on account)

### DEMAND No. 5

### Major Head : 2015—Elections

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 22,99,00,000 be granted for expenditure under Demand No.5, Major Head : "2015—Elections".

(This is inclusive of a total sum of Rs. 7,66,35,000 already voted on account)

## DEMAND No. 6

### Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,82,88,000 be granted for expenditure under Demand No.6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure".

(This is inclusive of a total sum of Rs.94,30,000 already voted on account)

## DEMAND No. 7

### Major Head : 2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,03,57,47,000 be granted for expenditure under Demand No.7, Major Head : "2029—Land Revenue and 5475—Capital Outlay on Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 34,52,50,000 already voted on account)

## DEMAND No. 8

### Major Head : 2030—Stamps and Registration

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.18,01,00,000 be granted for expenditure under Demand No.8, Major Head : "2030—Stamps and Registration".

(This is inclusive of a total sum of Rs.6,00,35,000 already voted on account)

## DEMAND No. 9

### Major Head : 2035—Collection of Other Taxes on Property and Capital Transaction

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 20,72,000 be granted for expenditure under Demand No.9, Major Head : "2035—Collection of Other Taxes on Property and Capital Transaction".

(This is inclusive of a total sum of Rs. 6,95,000 already voted on account)

## DEMAND No. 10

### Major Head : 2039—State Excise

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.16,05,16,000 be granted for expenditure under Demand No.10, Major Head : "2039—State Excise".

(This is inclusive of a total sum of Rs.5,35,10,000 already voted on account)

**DEMAND No. 11**

**Major Head : 2040—Sales Taxs**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,00,00,000 be granted for expenditure under Demand No.11, Major Head : "2040—Sales Tax".

(This is inclusive of a total sum of Rs.8,33,35,000 already voted on account)

**DEMAND No. 12**

**Major Head : 2041—Taxes on Vehicles**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,10,50,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles".

(This is inclusive of a total sum of Rs.1,36,85,000 already voted on account)

**DEMAND No. 13**

**Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.9,87,27,000 be granted for expenditure under Demand No.13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services".

(This is inclusive of a total sum of Rs.3,29,10,000 already voted on account)

**DEMAND No. 14**

**Major Head : 2047—Other Fiscal Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,24,70,000 be granted for expenditure under Demand No.14, Major Head : "2047—Other Fiscal Services".

(This is inclusive of a total sum of Rs.1,41,60,000 already voted on account)

## DEMAND No. 16

### Major Head : 2049—Interest Payments

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.31,00,000 be granted for expenditure under Demand No.16, Major Head : "2049—Interest Payment".

(This is inclusive of a total sum of Rs.10,35,000 already voted on account)

## DEMAND No. 18

### Major Head : 2052—Secretariat—General Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 24,95,00,000 be granted for expenditure under Demand No.18, Major Head : "2052—Secretariat—General Services".

(This is inclusive of a total sum of Rs.8,31,70,000 already voted on account)

## DEMAND No. 19

### Major Head : 2053—District Administration

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,01,38,000 be granted for expenditure under Demand No.19, Major Head : "2053—District Administration".

(This is inclusive of a total sum of Rs.8,33,80,000 already voted on account)

## DEMAND No. 20

### Major Head : 2054—Treasury and Accounts Administration

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,44,15,000 be granted for expenditure under Demand No.20, Major Head : "2054—Treasury and Account Administration".

(This is inclusive of a total sum of Rs.5,81,40,000 already voted on account)

## DEMAND No. 21

### Major Head : 2055—Police

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,40,14.00,000 be granted

for expenditure under Demand No.21, Major Head : "2055—Police".

(This is inclusive of a total sum of Rs.1,47,00,00,000 already voted on account)

DEMAND No. 22

Major Head : 2056—Jails

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 28,13,38,000 be granted for expenditure under Demand No.22, Major Head : "2056—Jails".

(This is inclusive of a total sum of Rs.9,37,80,000 already voted on account)

DEMAND No. 24

Major Head : 2058—Stationery and Printing

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 12,26,45,000 be granted for expenditure under Demand No.24, Major Head : "2058—Stationery and Printing".

(This is inclusive of a total sum of Rs.4,08,85,000 already voted on account)

DEMAND No. 25

Major Head : 2059—Public Works, 2202—General Education (Buildings), 2205—Art and Culture (Buildings, 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 2216—Housing (Buildings), 2230—Labour and Employment (Buildings), 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings), 2401—Crop Husbandry (Buildings), 2403—Animal Husbandry (Buildings), 2404—Dairy Development (Buildings), 2406—Forestry and Wild Life (Buildings), 2408—Food, Storage and Warehousing (Buildings) 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital

**Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Housing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) and 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings).**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,80,61,13,000 be granted for expenditure under Demand No.25, Major Heads : "2059—Public Works, 2202—General Education (Buildings), 2205—Art and Culture (Buildings, 2210—Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 2216—Housing (Buildings), 2230—Labour and Employment

(Buildings), 2235—Social Security and Welfare (Social Welfare) (Buildings), 2401—Crop Husbandry (Buildings), 2403—Animal Husbandry (Buildings), 2404—Dairy Development (Buildings), 2406—Forestry and Wild Life (Buildings), 2408—Food, Storage and Warehousing (Buildings), 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings), 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries (Buildings), 4059—Capital Outlay on Public Works, 4202—Capital Outlay on Education, Sports, Art and Culture (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan) (Buildings), 4210—Capital Outlay on Medical and Public Health (Public Health) (Buildings), 4211—Capital Outlay on Family Welfare (Buildings), 4216—Capital Outlay on Houing (Buildings), 4220—Capital Outlay on Information and Publicity (Buildings), 4250—Capital Outlay on Other Social Services (Buildings), 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings) (Buildings), 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings) (Buildings), 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Buildings), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) (Buildings) and 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries) (Buildings)".

(This is inclusive of a total sum of Rs.60,20,60,000 already voted on account)

## DEMAND No. 26

**Major Head : 2070—Other Administration Services (Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 32,29,15,000 be granted for expenditure under Demand No.26, Major Head : "2070—Other Administration Services (Fire Protection and Control".

(This is inclusive of a total sum of Rs.10,76,40,000 already voted on account)

## DEMAND No. 27

**Major Head : 2070—Other Administration Services (Excluing Fire Protection and Control)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 60,32,42,000 be granted for expenditure under Demand No.27, Major Head : "2070—Other Administration Services (Excluding Fire Protection and Control)".

(This is inclusive of a total sum of Rs.20,10,85,000 already voted on account)

**DEMAND No. 28**

**Major Head : 2071—Pensions and Other Retirement Benefits**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,26,48,13,000 be granted for expenditure under Demand No.28, Major Head : "2071—Pensions and Other Retirement Benfits".

(This is inclusive of a total sum of Rs.1,08,82,75,000 already voted on account)

**DEMAND No. 29**

**Major Head : 2075—Miscellaneous General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,05,45,000 be granted for expenditure under Demand No.29, Major Head : "2075—Miscellaneous General Services".

(This is inclusive of a total sum of Rs.2,01,85,000 already voted on account)

**DEMAND No. 30**

**Major Heads : 2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 21,11,78,37,000 be granted for expenditure under Demand No.30, Major Heads : "2202—General Education, 2203—Technical Education, 2205—Art and Culture and 6202—Loans for Education, Sports, Art and Culture".

(This is inclusive of a total sum of Rs.7,03,92,85,000 already voted on account)

DEMAND No. 31

Major Head : 2204—Sports and Youth Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 22,08,47,000 be granted for expenditure under Demand No.31, Major Head : "2204—Sports and Youth Services".

(This is inclusive of a total sum of Rs.7,36,20,000 already voted on account)

DEMAND No. 32

Major Heads : 2210—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,02,16,15,000 be granted for expenditure under Demand No.32, Major Heads : "2201—Medical and Public Health (Excluding Public Health) and 4210—Capital Outlay on Medical and Public Health (Excluding Public Health".

(This is inclusive of a total sum of Rs.1,34,05,40,000 already voted on account)

DEMAND No. 33

Major Head : 2210—Medical and Public Health (Public Health)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 67,15,35,000 be granted for expenditure under Demand No.33, Major Head : "2210—Medical and Public Health (Public Health)".

(This is inclusive of a total sum of Rs.22,38,45,000 already voted on account)

DEMAND No. 34

Major Head : 2211—Family Welfare

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 69,10,91,000 be granted for expenditure under Demand No.34, Major Head : "2211—Family Welfare".

(This is inclusive of a total sum of Rs.23.03,65,000 already voted on account)

DEMAND No. 35

**Major Heads : 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,95,14,000 be granted for expenditure under Demand No.35, Major Heads : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution) and 6215—Loans for Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)".

(This is inclusive of a total sum of Rs.33,65,10,000 already voted on account)

DEMAND No. 36

**Major Heads : 2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 52,85,78,000 be granted for expenditure under Demand No.36, Major Heads : "2216—Housing, 4216—Capital Outlay on Housing and 6216—Loans for Housing".

(This is inclusive of a total sum of Rs.17,62,00,000 already voted on account)

DEMAND No. 37

**Major Heads : 2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,58,65,38,000 be granted for expenditure under Demand No.37, Major Heads : "2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and

6217—Loans for Urban Development".

(This is inclusive of a total sum of Rs.86,21,85,000 already voted on account)

DEMAND No. 38

**Major Heads : 2220—Information and Publicity, 4220—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,19,67,000 be granted for expenditure under Demand No.38, Major Heads : "2220—Information and Publicity, 4420—Capital Outlay on Information and Publicity and 6220—Loans for Information and Publicity".

(This is inclusive of a total sum of Rs.5,73,25,000 already voted on account)

DEMAND No. 39

**Major Head : 2230—Labour and Employment**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,09,80,000 be granted for expenditure under Demand No.39, Major Head : "2230—Labour and Employment".

(This is inclusive of a total sum of Rs.13,69,95,000 already voted on account)

DEMAND No. 40

**Major Heads : 2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 25,40,39,000 be granted for expenditure under Demand No.40, Major Heads : "2235—Social Security and Welfare (Rehabilitation) and 6235—Loans for Social Security and Welfare (Rehabilitation)".

(This is inclusive of a total sum of Rs.8,46,85,000 already voted on account)

DEMAND No. 41

Major Heads : 2202—General Edcuation (Tribal Areas Sub-Plan), 2204—Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention) of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation (Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2515—Other Rural Development Programmes (Community Development) (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Area Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes

**and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agriculture Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Clasess, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575—Loans for Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan) and 6851— Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,63,74,90,000 be granted for expenditure under Demand No.41, Major Heads : "2202—General Edcuation (Tribal Areas Sub-Plan), 2204—Youth Services (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Excluding Public Health) (Tribal Areas Sub-Plan), 2210—Medical and Public Health (Public Health) (Tribal Areas Sub-Plan), 2215—Water Supply and Sanitation (Excluding Prevention) of Air and Water Pollution) (Tribal Areas Sub-Plan), 2225—Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 2235—Social Security and Welfare (Social Welfare) (Tribal Areas Sub-Plan), 2236—Nutrition (Tribal Areas Sub-Plan), 2250—Other Social Services (Tribal Areas Sub-Plan), 2401—Crop Husbandry (Tribal Areas Sub-Plan), 2402—Soil and Water Conservation

(Tribal Areas Sub-Plan), 2403—Animal Husbandry (Tribal Areas Sub-Plan), 2405—Fisheries (Tribal Areas Sub-Plan), 2406—Forestry and Wild Life (Tribal Areas Sub-Plan), 2408—Food, Storage and Warehousing (Tribal Areas Sub-Plan), 2425—Co-operation (Tribal Areas Sub-Plan), 2435—Other Agricultural Programmes (Tribal Areas Sub-Plan), 2501—Rural Development (Tribal Areas Sub-Plan), 2515—Other Rural Development Programmes (Community Development) (Tribal Areas Sub-Plan), 2575—Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan), 2702—Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Area Sub-Plan), 4225—Capital Outlay on Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classes, 4250—Capital Account of Other Social Services (Tribal Areas Sub-Plan), 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan) 4425—Capital Outlay on Co-operation (Tribal Areas Sub-Plan), 4435—Capital Outlay on Other Agriculture Programmes (Tribal Areas Sub-Plan), 4702—Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan), 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan), 5054—Capital Outlay on Roads and Bridges (Tribal Areas Sub-Plan), 6225—Loans for Welfare of Scheduled Castes, Scheduled Tribes and Other Backward Classess, 6250—Loans for Other Social Services (Tribal Areas Sub-Plan), 6425—Loans for Co-operation (Tribal Areas Sub-Plan), 6575—Loans for Other Special Areas Programmes (Tribal Areas Sub-Plan) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings) (Tribal Areas Sub-Plan)".

(This is inclusive of a total sum of Rs.54,58,80,000 already voted on account)

## DEMAND No. 42

### Major Head : 2235—Social Security and Welfare (Social Welfare)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,09,75,60,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)".

(This is inclusive of a total sum of Rs.36,58,55,000 already voted on account)

## DEMAND No. 43

### Major Head : 2236—Nutrition

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 9,16,37,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition".

(This is inclusive of a total sum of Rs.3,05,50,000 already voted on account)

## DEMAND No. 44

### Major Head : 2245—Relief on account of Natural Calamities

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 80,00,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities".

(This is inclusive of a total sum of Rs.40,00,00,000 already voted on account)

## DEMAND No. 45

### Major Head : 2251—Secretariat—Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,40,25,000 be granted for expenditure under Demand No.45, Major Head : "2251—Secretariat —Social Services".

(This is inclusive of a total sum of Rs.3,46,75,000 already voted on account)

## DEMAND No. 46

### Major Heads : 2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 19,48,59,000 be granted for expenditure under Demand No.46, Major Heads : "2250—Other Social Services, 4250—Capital Outlay on Other Social Services and 6250—Loans for Other Social Services".

(This is inclusive of a total sum of Rs.6,49,60,000 already voted on account)

DEMAND No. 47

**Major Heads : 2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401—Loans for Crop Husbanday (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 87,68,03,000 be granted for expenditure under Demand No.47, Major Heads : "2401—Crop Husbandry, 4401—Capital Outlay on Crop Husbandry (Excluding Public Undertakings) and 6401—Loans for Crop Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.29,22,70,000 already voted on account)

DEMAND No. 48

**Major Heads : 2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 14,88,39,000 be granted for expenditure under Demand No. 48, Major Heads : "2402—Soil and Water Conservation and 4402—Capital Outlay on Soil and Water Conservation".

(This is inclusive of a total sum of Rs.4,96,15,000 already voted on account)

DEMAND No. 49

**Major Heads : 2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,12,52,000 be granted for expenditure under Demand No.49, Major Heads : "2403—Animal Husbandry and 4403—Capital Outlay on Animal Husbandry (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.17,04,20,000 already voted on account)

**DEMAND No. 50**

**Major Heads : 2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 83,61,92,000 be granted for expenditure under Demand No. 50, Major Heads : "2404—Dairy Development and 4404—Capital Outlay on Dairy Development (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.27,87,35,000 already voted on account)

**DEMAND No. 51**

**Major Heads : 2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,85,87,000 be granted for expenditure under Demand No. 51, Major Heads : "2405—Fisheries, 4405—Capital Outlay on Fisheries and 6405—Loans for Fisheries".

(This is inclusive of a total sum of Rs.9,95,35,000 already voted on account)

**DEMAND No. 52**

**Major Heads: 2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 80,05,70,00 be granted for expenditure under Demand No. 52,, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life".

(This is inclusive of a total sum of Rs.28,36,70,000 already voted on account)

**DEMAND No. 53**

**Major Heads : 4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,00,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Heads : "4407—Capital Outlay on Plantations and 6407—Loans for Plantations".

(This is inclusive of a total sum of Rs.66,70,000 already voted on account)

**DEMAND No. 54**

**Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1.07,35,33,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.35,78,50,000 already voted on account)

**DEMAND No. 55**

**Major Heads : 2415—Agriculture Research and Education and 4415—Capital Outlay on Agriculture Research and Education (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,44,49,000 be granted for expenditure under Demand No. 55, Major Heads : "2415—Agriculture Research and Education and 4415—Capital Outlay on Agriculture Research and Education (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.9,14,85,000 already voted on account)

**DEMAND No. 57**

**Major Heads : 2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,23,44,000 be granted for

expenditure under Demand No. 57, Major Heads : "2425—Co-operation, 4425—Capital Outlay on Co-operation and 6425—Loans for Co-operation".

(This is inclusive of a total sum of Rs.9,74,60,000 already voted on account)

## DEMAND No. 58

### Major Heads : 2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Agricultural Programmes

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,52,60,000 be granted for expenditure under Demand No. 58, Major Heads : "2435—Other Agricultural Programmes and 4435—Capital Outlay on Other Argicultural Programmes".

(This is inclusive of a total sum of Rs.5,50,90,000 already voted on account)

## DEMAND No. 59

### Major Head : 2501—Special Programmes for Rural Development

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 46,75,75,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development".

(This is inclusive of a total sum of Rs.15,58,60,000 already voted on account)

## DEMAND No. 60

### Major Head : 2505—Rural Employment

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 6,39,50,47,000 be granted for expenditure under Demand No. 60, Major Head : "2505—Rural Employment".

(This is inclusive of a total sum of Rs.2,13,16,85,000 already voted on account)

## DEMAND No. 61

### Major Head : 2506—Land Reforms

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,57,60,000 be granted for

expenditure under Demand No. 61, Major Head : "2506—Land Reforms".

(This is inclusive of a total sum of Rs.5,52,55,000 already voted on account)

**DEMAND No. 62**

**Major Heads : 2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,00,32,50,000 be granted for expenditure under Demand No. 62, Major Heads : " 2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for Other Rural Development Programmes (Panchayati Raj)".

(This is inclusive of a total sum of Rs.33,44,20,000 already voted on account)

**DEMAND No. 63**

**Major Heads : 2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)**

Dr. Asim Kumar Dasgupta : Sir, on the recommandation of the Governor, I beg to move that a sum of Rs. 46,04,71,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads : " 2515—Other Rural Development Programmes (Community Development), 4515—Capital Outlay on Rural Development Programmes (Community Development) and 6515—Loans for Other Rural Development Programmes (Community Development)".

(This is inclusive of a total sum of Rs.15,34,97,000 already voted on account)

DEMAND No. 64

**Major Heads : 2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 58,31,23,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads : "2551—Hill Areas, 4551—Capital Outlay on Hill Areas and 6551—Loans for Hill Areas".

(This is inclusive of a total sum of Rs.19,43,80,000 already voted on account)

DEMAND No. 65

**Major Heads : 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 50,52,66,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes".

(This is inclusive of a total sum of Rs.16,84,25,000 already voted on account)

DEMAND No. 66

**Major Heads : 2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,90,32,81,000 be granted for expenditure under Demand No. 66, Major Heads : "2701—Major and Medium Irrigation and 4701—Capital Outlay on Major and Medium Irrigation".

(This is inclusive of a total sum of Rs.1,00,00,00,000 already voted on account)

DEMAND No. 67

**Major Heads : 2702—Minor Irrigation,**

**2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,41,19,78,000 be granted for expenditure under Demand No. 67, Major Heads : "2702—Minor Irrigation, 2705—Command Area Development, 4702—Capital Outlay on Minor Irrigation and 4705—Capital Outlay on Command Area Development".

(This is inclusive of a total sum of Rs.51,92,10,000 already voted on account)

**DEMAND No. 68**

**Major Heads : 2711—Flood Control and 4711—Capital Outaly on Flood Control Projects**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,42,68,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : " 2711—Flood Control and 4711—Capital Outaly on Flood Control Projects".

(This is inclusive of a total sum of Rs.26,14,25,000 already voted on account)

**DEMAND No. 69**

**Major Heads : 2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power and 6860—Loans for Consumer Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,99,71,00,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads : "2801—Power, 4801—Capital Outlay on Power Projects, 6801—Loans for Power and 6860—Loans for Consumer Industries".

(This is inclusive of a total sum of Rs.99,85,50,000 already voted on account)

**DEMAND No. 72**

**Major Head : 2810—Non-Conventional Sources of Energy**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 99,00,000 be granted for expenditure under Demand No. 72, Major Head : "2810—Non-Conventional Sources of Energy".

(This is inclusive of a total sum of Rs.33,00,000 already voted on account)

### DEMAND No. 73

**Major Heads : 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 80,91,27,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : " 2851—Village and Small Industries (Excluding Public Undertakings) 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs.26,97,20,000 already voted on account)

### DEMAND No. 74

**Major Heads : 2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6857—Loans for Che-mical and Pharmaceutical Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for, Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 38,01,92,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "2852—Industries (Closed and Sick Industries), 4858—Capital Outlay on Engineering Industries (Closed and Sick Industries), 4860—Capital Outlay on Consumer Industries (Closed and Sick Industries), 4875—Capital Outlay on Other Industries (Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Closed and Sick Industries), 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs.12,67,45,000 already voted on account)

**DEMAND No. 75**

**Major Heads : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,36,15,000 be granted for expenditure under Demand No. 75, Major Heads : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 9,12,05,000 already voted on account)

**DEMAND No. 76**

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,50,44,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries".

(This is inclusive of a total sum of Rs. 50,15,000 already voted on account)

**DEMAND No. 77**

**Major Head : 3051—Ports and Lighthouses**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,08,52,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and

Lighthouses".

(This is inclusive of a total sum of Rs. 36,20,000 already voted on account)

DEMAND No. 78

Major Head : 3053—Civil Aviation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 43,30,000 be granted for expenditure under Demand No. 78, Major Head : "3053—Civil Aviation".

(This is inclusive of a total sum of Rs. 14,45,000 already voted on account)

DEMAND No. 79

Major Heads : 3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,86,09,73,000 be granted for expenditure under Demand No. 79, Major Heads : "3054—Roads and Bridges and 5054—Capital Outlay on Roads and Bridges".

(This is inclusive of a total sum of Rs. 80,00,00,000 already voted on account)

DEMAND No. 80

Major Heads : 3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,08,32,18,000 be granted for expenditure under Demand No. 80, Major Heads : "3055—Road Transport, 3056—Inland Water Transport, 5055—Capital Outlay on Road Transport, 5056—Capital Outlay on Inland Water Transport and 7055—Loans for Road Transport".

(This is inclusive of a total sum of Rs. 36,29,00,000 already voted on account)

DEMAND No. 81

Major Head : 7075—Loans for Other Transports Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 27,90,42,000 be granted for expenditure under Demand No. 81, Major Head : "7075—Loans for Other Transport Services".

(This is inclusive of a total sum of Rs. 14,00,00,000 already voted on account)

**DEMAND No. 82**

**Major Head : 3425—Other Scientific Research**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,25,000 be granted for expenditure under Demand No. 82, Major Head : "3425—Other Scientific Research".

(This is inclusive of a total sum of Rs. 1,10,000 already voted on account)

**DEMAND No. 83**

**Major Head : 3451—Secretariat—Economic Services**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 17,07,60,000 be granted for expenditure under Demand No. 83, Major Head : "3451—Secretariat—Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 5,69,20,000 already voted on account)

**DEMAND No. 84**

**Major Heads : 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,98,00,000 be granted for expenditure under Demand No. 84, Major Heads : 3452—Tourism and 5452—Capital Outlay on Tourism".

(This is inclusive of a total sum of Rs. 1,32,70,000 already voted on account)

**DEMAND No. 85**

**Major Head : 3454—Census, Surveys and Statistics**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 4,57,00,000 be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics".

(This is inclusive of a total sum of Rs. 1,52,35,000 already voted on account)

## DEMAND No. 86

### Major Head : 3456—Civil Supplies

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,98,00,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies".

(This is inclusive of a total sum of Rs. 1,00,00,000 already voted on account)

## DEMAND No. 87

### Major Heads : 5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,77,50,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : " 5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions".

(This is inclusive of a total sum of Rs. 92,55,000 already voted on account)

## DEMAND No. 88

### Major Head : 3475—Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,22,79,000 be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services".

(This is inclusive of a total sum of Rs. 1,07,60,000 already voted on account)

## DEMAND No. 89

### Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 8,67,00,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)".

(This is inclusive of a total sum of Rs. 2,89,00,000 already voted on account)

**DEMAND No. 90**

**Major Head : 3604—Compensation and Assignments to Local Bodies and Panchyati Raj Institutions (Excluding Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,02,51,70,000 be granted for expenditure under Demand No. 90, Major Head : " 3604—Compensation and Assignments to Local Bodies and Panchyati Raj Institutions (Excluding Panchayati Raj)".

(This is inclusive of a total sum of Rs. 67,50,60,000 already voted on account)

**DEMAND No. 92**

**Major Heads : 4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6401—Loans for Crop Husbandry (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860— Loans for Consumer Industries (Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 29,12,50,000 be granted for expenditure under Demand No. 92, Major Heads : "4408—Capital Outlay on Food, Storage and Warehousing (Public Undertakings), 4857—Capital Outlay on Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6401—Loans for Crop Husbandry (Public Undertakings), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Public Undertakings), 6858—Loans for Engineering Industries (Public Undertakings) and 6860—

Loans for Consumer Industries (Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 9,70,95,000 already voted on account)

DEMAND No. 93

**Major Heads : 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Un-dertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 44,65,00,000 be granted for expenditure under Demand No. 93, Major Heads : " 4856—Capital Outlay on Petro-Chemical Industries (Excluding Public Undertakings), 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings), 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings) and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Public Undertakings)".

(This is inclusive of a total sum of Rs. 14,88,40,0000 already voted on account)

DEMAND No. 94

**Major Heads : 4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,50,00,000 be granted for expenditure under Demand No. 94, Major Heads : "4859—Capital Outlay on Telecommunication and Electronics Industries and 6859—Loans for Telecommunication and Electronics Industries".

(This is inclusive of a total sum of Rs. 2,50,05,000 already voted on account)

**DEMAND No. 95**

**Major Heads : 4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 18,28,00.000 be granted for expenditure under Demand No. 95, Major Heads : "4860—Capital Outlay on Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries), 6857—Loans for Chemical and Pharmaceutical Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 6,10,00,000 already voted on account)

DEMAND No. 96

**Major Heads : 6875—Loans for Other Industries and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,10,00,000 be granted for expenditure under Demand No. 96, Major Heads : " 6875—Loans for Other Industries and 6885—Loans for Other Industries and Minerals (Excluding Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 3,70,00,000 already voted on account)

DEMAND No. 97

**Major Head : 4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, on the recommendation of the

Governor, I beg to move that a sum of Rs. 82,00,000 be granted for expenditure under Demand No. 96, Major Head : "4885—Other Capital Outlay on Industries and Minerals (Excluding Public Undertakings and Closed and Sick Industries)".

(This is inclusive of a total sum of Rs. 27,35,000 already voted on account)

## DEMAND No. 99

### Major Heads : 7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs.53,29,43,000 be granted for expenditure under Demand No. 99, Major Heads : "7610—Loans to Government Servants, etc. and 7615—Miscellaneous Loans".

(This is inclusive of a total sum of Rs. 26,09,85,000 already voted on account)

**Mr. Speaker :** Before I adjourn the House for a Recess, I would like to inform that all the Hon'ble Members and also the members of the Press are invited to the Lunch which has been arranged at the eastern lawn of the Assembly premises.

(At this stage, the House was adjouned till 3-00 P.M.)

[3-00 — 3-10 P.M. (After Adjournment)]

## PIONT OF INFORMATION

**শ্রী সুব্রত মুখার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর আগে আমি রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সম্পর্কে কিছু তথ্য, অভিযোগ আপনার কাছে রেখেছিলাম এবং তার কপিও আপনাকে দিয়েছিলাম অনেকগুলো ইরেগুলারেটিজ এবং করাপশন নিয়ে আপনাকে বলেছি, এবার তারসঙ্গে সংযোজন করতে চাই আরেকটি বিষয়। আপনাকে ধন্যবাদ যে আপনি আমাকে বলবার সুযোগ দিয়েছেন। এখানে যিনি আগে ভাইস চ্যান্সেলর ছিলেন ভবতোষ চ্যাটার্জি, তিনি ৪ বছরের পূর্তি হবার আগেই রিজাইন দিয়ে চলে গেছিলেন। তার জায়গায় প্রোটেম ভাইস চ্যান্সেলর হিসাবে পবিত্র সরকার মনোনীত হন। ৩১-৩-৯৯ সালে তিনি মনোনীত হয়েছিলেন। আমাদের যে আইন আছে, রবীন্দ্র ভারতী ইউনিভার্সিটির যে অ্যাক্ট তাতে স্থির হয় যে ৪ বছর হলে পরে টার্ম শেষ হবে। সেই অনুযায়ী ৩১-৩-৯৪ তারিখে কার্যকাল শেষ হবার কথা। কিন্তু তিনি নতুন করে একটা বিধি তৈরি করার চেষ্টা করেছেন। সেখানে প্রোটেম টাইমটাকে ধরা হবে না এইভাবে বিধি তৈরি করার চেষ্টা করছেন কিন্তু ক্লজ ৯-এর বি তে বলা আছে যে Such period shall be held to include any period for which a person is appionted to exercise the powers and performs

the duties of V.C. under the demand of Sub-section অমি আপনার কাছে উল্লেখ করতে চাই যে, একটা মানুষ নিজের স্বার্থের জন্য আইন করবেন এবং সামনে রবীন্দ্র জয়ন্তী এই অজুহাত দেখিয়ে সুবিধা নেবেন এ হতে পারে না। এখানে শিক্ষামন্ত্রী বসে আছেন, তার সামনে বলছি যে, এই ব্যাপার আমরা এল আরের কাছে অভিযোগ করতে দেবেন কিনা জানি না কিন্তু ভিজিলেন্সের কাছে কাগজপত্র দিয়েছি। কিন্তু এত অভিযোগ থাকা সত্ত্বেও এক্সট্রা সময় নিতে চান সামনে রবীন্দ্র জয়ন্তী উৎসবের নাম করে এ হতে পারে না, এর একটা ব্যবস্থা নেওয়া দরকার। আইন বহির্ভূত, বিধি বহির্ভূত এইভাবে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নতুন করে বিধি করতে পারবেন না। এই ব্যাপারে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করতে অনুরোধ করছি। এখানে তো শিক্ষামন্ত্রী আছেন, তিনি এই ব্যাপারে আলোকপাত করুন। মাননীয় শিক্ষামন্ত্রী তো কথায় কথায় সামান্যতম, ক্ষুদ্রতম এইসব কথা বলেন। আমি বলি এটা কোনও রাজনীতির ব্যাপার নয়, এতে আপনার ছেলেমেয়েও পড়ছে, আমার ঘরের ছেলে মেয়েও পড়ছে, সুতরাং তাদের পড়ার ক্ষতি হবে এ কাজ আপনি করবেন না। এইভাবে উপাচার্য বেআইনি কার্যকলাপ করার কোনও নৈতিক অধিকার নেই এবং এর দায়-দায়িত্ব আপনাকে গ্রহণ করতে হবে। সেই কারণে আমি অনুরোধ করছি শিক্ষামন্ত্রীকে যে অন্তত আধ ঘণ্টা এই বিষয় নিয়ে একটু আলোকপাত করুন।

**শ্রী শান্তশ্রী চ্যাটার্জি ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই হাউসের কাছে একটি গুরুত্বপূর্ণ সংবাদ জানাতে চাই। মাননীয় শ্রমমন্ত্রী হাউসে উপস্থিত আছেন তিনি যদি এই ব্যাপারে কিছু বলেন আরও ভালো হয়। আজকে পশ্চিমবাংলায় ৩৪ হাজার সূতাকলের যারা শ্রমিক কর্মচারী, ১১টি সূতাকলের যে শ্রমিক ফেডারেশন, সিটু, আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি, সমস্ত ট্রেড ইউনিয়নগুলি, শ্রমিক ইউনিয়নগুলি, ফেডারেশনগুলি যুক্তভাবে তাদের চ্যাটার অফ ডিমান্ডস দিয়েছেন সেটা কার্যকর না হওয়ার ফলে তারা একদিনের প্রতীক ধর্মঘট করছেন। এর আগে তারা প্রত্যেকের কাছে ডেপুটেশন দিয়েছেন, এন টি সি-র কাছে ডেপুটেশন দিয়েছেন, রাজ্যের সূতাকলের মালিকদের কাছে ডেপুটেশন দিয়েছেন। স্যার ইঞ্জিনিয়ারিং ওয়ার্কারস চটকল ওয়ার্কারসরা লড়াই করে তারা তাদের দাবি আদায় করতে পেরেছে, সেখানে সূতাকলের শ্রমিকদের সঙ্গে চটকলের শ্রমিকের মাইনের পার্থক্য হচ্ছে ৫০০ টাকা। অপরদিকে এন টি সি-র ১২টি মিল বন্ধ হওয়ার মুখে, এখানে কয়লা নেই, তুলা নেই ফলে রাজ্য সরকারের যে মিলগুলি আছে সেখানেও অসুবিধা দেখা দিচ্ছে। আজকে সমস্ত ট্রেড ইউনিয়নগুলি একসাথে হুঁসিয়ারী দিয়েছে সমস্ত সূতাকলের শ্রমিকদের ন্যায্য দাবির মীমাংসা করতে হবে অবিলম্বে। এটা সমস্ত ট্রেড ইউনিয়ন শ্রমিকের দাবি, এই দাবি আমিও জানালাম।

**শ্রী ননী কর ঃ** মাননীয় স্পিকার স্যার, যে কথাটা শান্তশ্রীবাবু আপনার সামনে বললেন সূতাকলের সমস্ত সেন্ট্রাল ট্রেড ইউনিয়নের শ্রমিক কর্মচারিরা তারা সকলে আজকে ধর্মঘট করছে এবং যে দাবি সনদ দীর্ঘদিন ধরে পড়ে আছে সেই দাবি সনদ মানাবার দাবিতে আজকে সমস্ত স্তরের ট্রেড ইউনিয়ন, এবং আই এন টি ইউ সি, সি আই টি ইউ তাদের যে ১১টি ফেডারেশন তারা সকলে মিলে এই ধর্মঘট ডেকেছেন। ৩৩টি ইউনিট আছে, তার মধ্যে ১২টি হচ্ছে এন টি সি ৫টি হচ্ছে রাজ্য সরকারের, ১৬টি হচ্ছে প্রাইভেট, এই সমস্ত

কারখানাগুলি আজকে বন্ধ হয়ে যাবে। সেইজন্য বলছি, এতেও যদি না মেটে স্থায়ীভাবে তাহলে বড় আন্দোলনের জন্য যেতে হবে। এই বিধানসভাতে এই ব্যাপারে আলোচিত হয়েছে। আজকে এন টি সি-র যে ১২টি মিল আছে তারা বেতন পাবে কিনা সেইগুলি চলবে কিনা সেটা নিয়ে সংশয় দেখা দিয়েছে। সেইজন্য বলব, এখানে শ্রমমন্ত্রী উপস্থিত আছেন, তার কাছে আবেদন করব, আপনি এই ব্যাপারে সাহায্য করুন এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[3-10 — 3-20 P.M.]

**শ্রী শান্তিরঞ্জন ঘটক :** স্যার, আমাদের রাজ্যে ৩৭টি সুতাকল আছে, তারমধ্যে ১২টি হচ্ছে এন টি সি-র, ৫টি দীর্ঘদিন বন্ধ। সুতাকলের শ্রমিকদের দাবি-দাওয়ার ব্যাপারে বলি অনেকদিন মাইনেপত্র বাড়েনি শিল্পের ভিত্তিতে, তার একটা কারণ আছে, সেটা হচ্ছে সারা দেশে সুতাকল শিল্পের সঙ্গে আমাদের রাজ্যেও সঙ্কট আছে, এটা সত্য। ট্রেড ইউনিয়ন শ্রমিকরা এই কথাটা মনে রেখেছে। মনে রেখে তারা তাদের দুঃখ কষ্ট সত্ত্বেও সুতাকলগুলি যাতে চালু থাকে সেই চেষ্টা করেছে। ইতিমধ্যে স্যার, কয়েকটা মিলে, বিশেষ করে কয়েকটি স্পিনিং মিলে কিছু চুক্তি হয়েছে। যেখানে চুক্তি হয়েছে সেখানে ডিয়ারনেস অ্যালাউন্স অনেক বেশি। যেখানে অন্য মিলগুলোতে ১.৩০ পয়সা, সেখানে তাদের হয়েছে ১.৬৫ পয়সা। অন্যদিকে সমস্ত ইউনিয়ন এবং শ্রমিকরা মেনে নিয়েছেন তা এই ইনক্লুডিং এন টি সি মিলস্ এবং কয়েকটা স্পিনিং মিলস্ যেমন, জয়শ্রী, ইস্টার্ন স্পিনিং মিলস্ কেশোরাম ইত্যাদি এবং সেখানে অবস্থার উন্নতি হয়েছে। তারপর সমস্ত সুতাকল শ্রমিকরা একটা দাবি সনদ পেশ করে। এর আগে ওরা ডেপুটেশন দিয়েছিল, ইনক্লুডিং মালিকরা। আমরা তখন সেটা চেষ্টা করি শিল্পগতভাবে যখন তারা কিছু করছেন না তখন আলাদা আলাদা ভাবে আমরা কিছু ব্যবস্থা করতে পারি কিনা। ইতিমধ্যে, এন টি সি মিলে অনেক সঙ্কট বেড়েছে, আপনারা সেইসব জানেন। আট ট্রেড ইউনিয়ন মিলে সেই দাবি সনদ পেশ করেন এবং সেই দাবি সনদের উপর আলোচনা হয় এবং আমি নিজেও সেখানে আলোচনা করি। পরে আমি ওদের বলি অ্যাশোসিয়েশন এবং ট্রেড ইউনিয়ন এই দুপক্ষ বসে একটা কথা বলি। শ্রমিকদের প্রধান দাবি হচ্ছে অবিলম্বে ৪০০ টাকা মাইনে বাড়াতে হবে, সিট্রা ননস্ মেনে নিতে হবে, ডিয়ারনেস অ্যালাউন্স দু টাকা করতে হবে এবং আরও অনেক দাবি তাদের আছে। কিন্তু সেই দাবির কোনও সমাধান হয়নি। একটা জিনিস দেখা দিচ্ছে সব ট্রেড ইউনিয়নই বলছে তারা প্রোডাকটিভিটির দিকে নজর দেবে। মালিকদের বক্তব্য হচ্ছে প্রোডাকটিভিটি লিঙ্ক ওয়েজেস চালু করার জন্য। আমাদের রাজ্যে এই প্রোডাকটিভিটি লিঙ্ক ওয়েজেস নেই। মালিকরা এই দাবি করছে এবং এটার এখনও ফয়সালা হয়নি, ইনক্লুডিং এন টি সি মিলস। এইসবের জন্য আজকে স্ট্রাইক হয়েছে এবং সেটা খুব সাকসেসফুল স্ট্রাইক। আমি লেবার কমিশনারকে বলেছি এবং আমি নিজেও দেখব, আমি আশা করব দু পক্ষই একটা বাস্তব বুদ্ধির পরিচয় দেবে এবং তাহলেই সমাধান সম্ভব হবে।

**শ্রীমতী মায়ারানী পাল :** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহরমপুরে হরিদাস মাটিতে এক কংগ্রেস কর্মীকে গতকাল বিকেল পাঁচটায় গুলি করে হত্যা হয় এবং সঙ্গে সঙ্গে সে মারা যায়। ঐ অঞ্চলটি এবারে কংগ্রেসের

দখলে এসেছিল। আমি মুখ্যমন্ত্রীর কাছে দাবি করছি অবিলম্বে দোষীদের গ্রেপ্তার করা হোক এবং দোষী যাতে শাস্তি পায় তার ব্যবস্থা গ্রহণ করা হোক।

## Discussion and Voting on Demands for Supplementary Grants of the Government of West Bengal for the year 1993-94

### DEMAND No. 1

### Major Head : 2011—Sate Legislatures

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 18,01,000 be granted for expenditure under Demand No.1, Major Head : "2011—State Legislature" during the current year.

### DEMAND No. 3

### Major Head : 2013—Council of Ministers

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 22,00,000 be granted for expenditure under Demand No.3, Major Head : "2013—Council of Ministers"during the current year.

### DEMAND No. 4

### Major Head : 2041—Administration of Justice

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 1,64,54,000 be granted for expenditure under Demand No.4, Major Head : "2014—Aministration of Justice" during the current year.

### DEMAND No. 5

### Major Head : 2015—Elections

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 83,50,000 be granted for expenditure under Demand No.5, Major Head : "2015—Elections"during the current year

### DEMAND No. 6

### Major Head : 2020—Collection of Taxes on Income and Expenditure

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 23,10,000 be granted for expenditure under Demand No.6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current year.

### DEMAND No. 7

### Major Head : 2029—Land Revenue

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of

Rs. 2,26,33,000 be granted for expenditure under Demand No.7, Major Head : "2029—Land Revenue" during the current year.

**DEMAND No. 11**

**Major Head : 2040—Sales Taxs**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 4,19,73,000 be granted for expenditure under Demand No.11, Major Head : "2040—Sales Tax"during the current year.

**DEMAND No. 12**

**Major Head : 2041—Taxes on Vehicles**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 16,42,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles"during the current year.

**DEMAND No. 13**

**Major Head : 2045—Other Taxes and Duties on Commodities and Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs.1,91,64,000 be granted for expenditure under Demand No.13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services"during the current year.

**DEMAND No. 18**

**Major Head : 2052—Secretariat—General Services**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 1,95,000 be granted for expenditure under Demand No.18, Major Head : "2052— Secretariat—General Services"during the current year.

**DEMAND No. 19**

**Major Head : 2053—District Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 23,74,000 be granted for expenditure under Demand No.19, Major Head : "2053—District Administration" during the current year.

**DEMAND No. 20**

**Major Head : 2054—Treasury and Accounts Administration**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of

Rs. 2,25,64,000 be granted for expenditure under Demand No.20, Major Head : "2054—Treasury and Account Administration" during the current year.

DEMAND No. 21

Major Head : 2055—Police

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 40,12,78,000 be granted for expenditure under Demand No.21, Major Head : "2055—Police"during the current year.

DEMAND No. 22

Major Head : 2056—Jails

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 19,19,000 be granted for expenditure under Demand No.22, Major Head : "2056—Jails" during the current year.

DEMAND No. 24

Major Head : 2058—Stationery and Printing

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 17,44,000 be granted for expenditure under Demand No.24, Major Head : "2058—Stationery and Printing" during the current year.

DEMAND No. 25

Major Head : 2059—Public Works

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 11,58,16,000 be granted for expenditure under Demand No.25, Major Head : "2059—Public Works" during the current year.

DEMAND No. 27

Major Head : 2070—Other Administration Services (Excluing Fire Protection and Control)

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 77,50,000 be granted for expenditure under Demand No.27, Major Head : "2070—Other Administration Services (Excluing Fire Protection and Control)" during the current year.

## DEMAND No. 28

**Major Head : 2071—Pensions and Other Retirements Benefits**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 35,46,86,000 be granted for expenditure under Demand No.28, Major Head : "2071—Pensions and Other Retirements Benfits" during the current year.

## DEMAND No. 32

**Major Head : 2210—Medical and Public Health (Excluding Public Health)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 5,12,19,000 be granted for expenditure under Demand No.32, Major Head : "2201—Medical and Public Health (Excluding Public Health)" during the current year.

## DEMAND No. 34

**Major Head : 2211—Family Welfare**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 14,92,48,000 be granted for expenditure under Demand No.34, Major Head : "2211—Family Welfare" during the current year.

## DEMAND No. 35

**Major Head : 2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 19,37,50,000 be granted for expenditure under Demand No.35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current year.

## DEMAND No. 36

**Major Heads : 2216—Housing, 4216—Capital Outlay on Housing**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 1,60,82,000 be granted for expenditure under Demand No.36, Major

Heads : "2216—Housing, 4216—Capital Outlay on Housing" during the current year.

### DEMAND No. 37

**Major Heads : 2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 19,81,60,000 be granted for expenditure under Demand No.37, Major Heads : "2217—Urban Development, 4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the current year.

### DEMAND No. 39

**Major Head : 2230—Labour and Employment**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 73,36,000 be granted for expenditure under Demand No.39, Major Head : "2230—Labour and Employment"during the current year.

### DEMAND No. 41

**Major Heads : 2501—Special Programme for Rural Development (Tribal Areas Sub-Plan) 4702— Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 1,53,33,000 be granted for expenditure under Demand No.41, Major Heads : "2501—Special Programme for Rural Development (Tribal Areas Sub-Plan) 4702— Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)"during the current year.

### DEMAND No. 42

**Major Head : 2235—Social Security and Welfare (Social Welfare)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 7,09,78,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)" during the current year.

## DEMAND No. 43

### Major Head : 2236—Nutrition

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 84,28,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current year.

## DEMAND No. 44

### Major Head : 2245—Relief on account of Natural Calamities

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 6,30,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities"during the current year.

## DEMAND No. 45

### Major Head : 2251—Secretariat—Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 52,47,000 be granted for expenditure under Demand No.45, Major Head : "2251—Secretariat —Social Services"during the current year.

## DEMAND No. 46

### Major Head : 2250—Other Social Services

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 1,00,06,000 be granted for expenditure under Demand No.46, Major Head : "2250—Other Social Services" during the current year.

## DEMAND No. 47

### Major Head : 2401—Crop Husbandry

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 14,14,24,000 be granted for expenditure under Demand No.47, Major Head : "2401—Crop Husbandry" during the current year.

## DEMAND No. 48

### Major Head : 2402—Soil and Water Conservation

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 8,94,07,000 be granted for expenditure under Demand No. 48, Major

Head : "2402—Soil and Water Conservation" during the current year.

DEMAND No. 49

**Major Head : 2403—Animal Husbandry**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 4,40,59,000 be granted for expenditure under Demand No.49, Major Head : "2403—Animal Husbandry" during the current year.

DEMAND No. 50

**Major Head : 2404—Dairy Development**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 46,37,000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "2404—Dairy Development" during the current year.

DEMAND No. 52

**Major Heads : 2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 5,85,09,000 be granted for expenditure under Demand No. 52,, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life" during the current year.

DEMAND No. 53

**Major Head : 6407—Loans for Plantations**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 20,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Head : "6407—Loans for Plantations" during the current year.

DEMAND No. 54

**Major Heads : 2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 24,96,25,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital

Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current year.

DEMAND No. 55

**Major Head : 2415—Agriculture Research and Education**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 64,35,000 be granted for expenditure under Demand No. 55, Major Head : "2415—Agriculture Research and Educatio" during the current year.

DEMAND No. 58

**Major Head : 4435—Capital Outlay on Other Argicultural Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 11,90,000 be granted for expenditure under Demand No. 58, Major Head : "4435—Capital Outlay on Other Argicultural Programmes" during the current year.

DEMAND No. 59

**Major Head : 2501—Special Programmes for Rural Development**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 2,50,08,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development" during the current year.

DEMAND No. 62

**Major Head : 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 38,11,000 be granted for expenditure under Demand No. 62. Major Head : " 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj)" during the current year.

DEMAND No. 63

**Major Head : 2515—Other Rural Development**

**Programmes (Community Development)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 38,63,000 be granted for expenditure under Demand No. 63, Major Head : " 2515—Other Rural Development Programmes (Community Development)" during the current year.

**DEMAND No. 64**

**Major Heads : 2551—Hill Areas, 6551—Loans for Hill Areas**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 6,90,63,000 be granted for expenditure under Demand No. 64, Major Heads : "2551—Hill Areas, 6551—Loans for Hill Areas" during the current year.

**DEMAND No. 65**

**Major Heads : 2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 22,19,75,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the current year.

**DEMAND No. 66**

**Major Head : 2701—Major and Medium Irrigation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 53,26,000 be granted for expenditure under Demand No. 66, Major Head : "2701—Major and Medium Irrigation" during the current year.

**DEMAND No. 67**

**Major Heads : 2702—Minor Irrigation and 4702—Capital Outlay on Minor Irrigation**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 23,44,82,000 be granted for expenditure under Demand No. 67,

Major Heads : "2702—Minor Irrigation and 4702—Capital Outlay on Minor Irrigation" during the current year.

**DEMAND No. 68**

**Major Heads : 4711—Capital Outaly on Flood Control Projects**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 3,80,75,000 be granted for expenditure under Demand No. 68, Major Heads : "4711—Capital Outaly on Flood Control Projects"during the current year.

**DEMAND No. 69**

**Major Heads : 4801—Capital Outlay on Power Projects, 4860—Capital Outlay on Consumer Industries, 6801—Loans for Power and 6860—Loans for Consumer Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 78,16,73,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads : "4801—Capital Outlay on Power Projects, 4860— Capital Outlay on Consumer Industries, 6801—Loans for Power and 6860—Loans for Consumer Industries" during the current year.

**DEMAND No. 73**

**Major Heads : 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 1,44,41,000 be granted for expenditure under Demand No. 73, Major Heads : " 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)" during the current year.

**DEMAND No. 74**

**Major Heads : 6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 2,94,45,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the current year.

**DEMAND No. 75**

**Major Head : 2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 2,88,95,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current year.

**DEMAND No. 76**

**Major Head : 2853—Non-Ferrous Mining and Metallurgical Industries**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 56,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the current year.

**DEMAND No. 77**

**Major Head : 3051—Ports and Lighthouses**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 15,18,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the current year.

**DEMAND No. 79**

**Major Head : 5054—Capital Outlay on Roads and Bridges**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 3.06.13.000 be granted for expenditure under Demand No. 79, Major Head : "5054—Capital Outlay on Roads and Bridges" during the current year.

**DEMAND No. 80**

**Major Head : 3055—Road Transport**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of

Rs. 5,93,10,000 be granted for expenditure under Demand No. 80, Major Head : "3055—Road Transport" during the current year.

## DEMAND No. 83

### Major Head : 3451—Secretariat—Economic Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 14,06,000 be granted for expenditure under Demand No. 83, Major Head : "3451— Secretariat—Economic Services" during the current year.

## DEMAND No. 85

### Major Head : 3454—Census, Surveys and Statistics

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 30,12,000 be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics" during the current year.

## DEMAND No. 86

### Major Head : 3456—Civil Supplies

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 26,03,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current year.

## DEMAND No. 87

### Major Head : 5465—Investments in General Financial and Trading Institutions

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 1,50,000 be granted for expenditure under Demand No. 87, Major Head : " 5465—Investments in General Financial and Trading Institutions" during the current year.

## DEMAND No. 88

### Major Head : 3475—Other General Economic Services

**Dr. Asim Kumar Dasgupta** : Sir, I beg to move that a sum of Rs. 10,14,000 be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services" during the current year.

## DEMAND No. 89

**Major Head : 2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 2,30,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current year.

## DEMAND No. 95

**Major Head : 6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)**

**Dr. Asim Kumar Dasgupta :** Sir, I beg to move that a sum of Rs. 4,73,50,000 be granted for expenditure under Demand No. 95, Major Head : "6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current year.

**Mr. Speaker :** There are cut motions to Demand No. 3 and Demand No. 28. All the Cut motions are in order.

## DEMAND No. 3

**Shri Deba Prasad Sarkar :** Sir, I beg to move that the amount the Demand be reduced by Rs. 100/-

## DEMAND No. 21

| | |
|---|---|
| Shri Athish Chandra Sinha<br>Shri Deba Prasad Sarkar | Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/- |

[3-20 — 3-30 P.M.]

**ডাঃ মানস ভুঁইয়া ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আজ ১৯৯৩-৯৪ সালের জন্য যে ৪০১ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার টাকার সাপ্লিমেন্টারি গ্রান্ট এই সভায় অনুমোদনের জন্য উপস্থিত করেছেন সে সম্পর্কে আমাদের একজন সিনিয়ার লিডার ডেপুটি লিডার যে কথাটা বললেন সেই কথার সূত্র ধরেই আমি কয়েকটি কথা বলতে চাই। কথটা হচ্ছে, মাননীয় অর্থমন্ত্রী যদি গত আর্থিক বছরে এই ৪০১ কোটি টাকা ঘাটতি দেখিয়ে

বাজেটটা পেশ করতেন তাহলে এইভাবে তাকে আর সাপ্লিমেন্টারি গ্রান্ট আনতে হত না। স্যার, উনি কথার জালে যেভাবে বিগত তিন বছর ধরে জিরো ডেফিসিট বাজেট, তারপর কিছুটা ঘাটতি বাজেট, তারপর ঘাটতি কমিয়ে সেটা পরিপূর্ণ করার কায়দা রপ্ত করে বাজেট পেশ করেছেন তা আমরা দেখেছি। আমরা দেখেছি, কথা এবং ফিগারের জাগলারি করে আমাদের অর্থমন্ত্রী মহাশয় প্রতি বছর তার ব্যয় বরাদ্দে আসল বাস্তব সত্যটাকে এড়িয়ে গিয়ে দেখাতে চান যে তিনি ভারতবর্ষে একটা বিকল্প অর্থনৈতিক রূপরেখা উপস্থিত করতে চান। এই জায়গাতেই আমাদের আপত্তি। স্যার, এই সাপ্লিমেন্টারি বাজেটের প্রতিটি পর্যায় আমি পর্যালোচনা করে দেখিয়ে দেব যে কি বিপদজনকভাবে এই অর্থমন্ত্রীর হাত দিয়ে সারা পশ্চিমবঙ্গ বঞ্চিত হচ্ছে স্যার, যার বিরুদ্ধে এই বামপন্থীরা বিপ্লব করতে, আন্দোলন করতেন, সংগ্রাম করতেন রাস্তায় নেমে সেই পুলিশ বাহিনীর জন্য এরা কত টাকা চেয়েছেন? ডিমান্ড নং ২১, ১৯৯৩-৯৪ সালের চিফ মিনিস্টার তথা হোম মিনিস্টার জ্যোতি বসু মহাশয় এই হাউসে পুলিশের জন্য বাজেটে চেয়েছিলেন গত বছর ৩৭৯ কোটি ২০ লক্ষ ২২ হাজার টাকা। এই টাকাতেও জ্যোতিবাবুর টিগার হ্যাপি পুলিশের, অর্থমন্ত্রীর টিগার হ্যাপি পুলিশের কুলালো না। যারা বাংলার মানুষকে খুন করে গুলি চালিয়ে, যারা একটা অস্বস্তিকর অবস্থার সৃষ্টি করেছে সেই পুলিশের জন্য অর্থ মন্ত্রী মহাশয় আরও টাকা চাইছেন। পুলিশের জন্য আরও ৪০ কোটি ১৭ লক্ষ ৪৩ হাজার টাকা তিনি চেয়েছেন। কি বিপদজনক অবস্থা মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি একটু লক্ষ্য করুন। এই কমিউনিস্ট নেতারা অতীতে এই বিধানসভায় দাঁড়িয়ে এই পুলিশের বিরুদ্ধে নানান কথা বলতেন। তারা বলতেন পুলিশ রাজ্যের সরকার অতএব পুলিশের জন্য টাকা দেওয়া যাবে না। তারা ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে, প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের আমলে এবং এমন কি সিদ্ধার্থ বাবুর আমলেও এইভাবে পুলিশকে আক্রমণ করেছেন। আজকে সেই বামপন্থীরা জ্যোতিবাবুর নেতৃত্বে যে সরকার চালাচ্ছেন তারা পুলিশের জন্য আরও টাকা চাইছেন। আর আমাদের অর্থমন্ত্রী, তিনি বলছেন, পুলিশের জন্য টাকা কম হয়ে যাচ্ছে অতএব আরও দিতে হবে। পুলিশ, যারা মানুষকে গুলি করে খুন করে, যারা থানার মধ্যে ধর্ষণ করেছে, বাচ্চা ছেলের বুকে বুলেট চালিয়েছে, যারা শিক্ষককে খুন করেছে, যারা জলের দাবি করার জন্য কৃষকের উপর গুলি চালিয়েছে, যারা যুবককে খুন করছে, যারা নিরীহ মহিলাদের উপর অত্যাচার করছে, সেই পুলিশের এক নং এজেন্ট হিসাবে বাংলার অর্থমন্ত্রীকে বাংলার মানুষের পকেট থেকে ৩৭৯ কোটি ২২ হাজার টাকা চেয়েছেন, এরপরও পুলিশের জন্য আরও ৪০ কোটি টাকা চাইছেন। কেন দেব? এই রাজ্যে কুচবিহারে মদন মোহনের মূর্তি চুরি হয়েছে বলে প্রতিবাদ করতে চাইব, সেই পুলিশ বাহিনীর জন্য কেন টাকা দেব? নিরীহ মহিলার গোপন অঙ্গে আপনাদের দলের গুন্ডারা অ্যাসিড ঢেলে মারছে, সেখানে পুলিশ তাদের মদত দিচ্ছে, তাদের গ্রেপ্তার করা হচ্ছে না, সেই পুলিশের জন্য টাকা দেব কেন? একটাকা দেব না। আজকে মাথাভারী পুলিশ প্রশাসন করা হয়েছে, আগে একজন ডি জি ছিল এখন তিনজন ডি জি ডজন খানে আই জি, ডি আই জি, ২ ডজন এইভাবে মাথাভারী প্রশাসন করেছেন।

যে পুলিশ ফুল বাগান ধর্ষণ করে, যারা ছাত্র হত্যা করে যারা নারী নির্যাতন করে, যারা দিনের পর দিন গুলি চালায় এই সব নারী ধর্ষণকারী অত্যাচারী রক্ত লোলুপ পুলিশের

জন্য ৪০ কোটি টাকা আমরা দেব না। এবং সেই প্রশাসনের জন্য আপনার হাত দিয়ে আমরা এই টাকা কিছুতেই মঞ্জুর হতে দেব না। বাংলার মানুষকে বলব পুলিশ খাতে এই অত্যাচারী সরকারের অর্থমন্ত্রী, এর দুটো হাত রক্তে লাল হয়ে রয়েছে, এই রক্ত পিপাসু অর্থমন্ত্রী, এর হাতে পুলিশ খাতে একটা পয়সাও দেওয়া যায় না তাই এর বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি ফ্লাডের জন্য টাকা ধরেছেন। কি পরিহাস দেখুন, ফ্লাড কন্ট্রোলের জন্য অর্থমন্ত্রী টাকা চাইছেন ৩৭ হাজার টাকা। সেখানে ফ্লাড কন্ট্রোল প্রোজেক্টের জন্য দেখানো হয়েছে ৩ কোটি ৯৯ লক্ষ ৯৯ হাজার ৩০১ টাকা। এই যে টাকা চাইছেন, এর কি ভাবে খরচ হয়েছে, আমাদের কাছে তথ্য আছে। অর্থমন্ত্রী মহাশয় এই সম্পর্কে বলবেন। আপনি, সেচমন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং আমরা প্ল্যানিং কমিশনের ডেপুটি চেয়ারম্যানের সঙ্গে তিস্তা প্রকল্পের জন্য একটা সার্বিক রূপ দেবার জন্য সকলে মিলে বলেছিলাম। এবং কথা ছিল কেন্দ্রীয় সরকার ৩০ কোটি টাকা দেবে এবং রাজ্য সরকার ৩০ কোটি টাকা দেবে। আমরা জানি যে কেন্দ্র যে ৩০ কোটি টাকা দিয়েছে সেটা ডিপার্টমেন্টাল ম্যাচিং গ্রান্ট হিসাবে সেচ দপ্তরের বাজেটারি প্রভিসন থেকে ফ্লাড কন্ট্রোলের ৩০ কোটি টাকা মাচিং গ্রান্ট হিসাবে দেওয়া হয়েছে।

এর পরেও এক্সট্রা টাকা কেন চাচ্ছেন? আপনি কাজ করলেন না, আপনার রাজত্বে সেচদপ্তর তথা সারা বাংলা অবহেলিত হয়েছে, সেচের কাজ অবহেলিত হয়েছে, আপনি পঞ্চায়েতের লোকদের দিয়ে নদীবাঁধ রক্ষাবেক্ষণের দায়িত্ব দিয়েছেন। সেচ দপ্তরের চিফ ইঞ্জিনিয়ার, একজিকিউটিভ ইঞ্জিনিয়ার, সুপারিনটেনডিং ইঞ্জিনিয়ারের আর দরকার নেই, পঞ্চায়েতকে দিয়ে বাঁধ বাধব। you have become a redundant part of the administration মাননীয় অর্থমন্ত্রী মহাশয় আপনি জানেন, এ বছর ১০০ কোটি টাকা আপনি এক্সট্রা পেয়েছেন। কেন্দ্রকে আপনি যতই গালাগালি করুন ২২০০ কোটি টাকা আপনি জওহর রোজগার যোজনার টাকা পান। এ বছর আমরা সবাই মিলে কেন্দ্রীয় সরকারকে গিয়ে বললাম, বাংলার জন্য আরও টাকা দিতে হবে। কেন্দ্রীয় সরকার এক্সট্রা টাকা দেয়নি? ১০০ কোটি টাকা জওহর রোজগার যোজনা বাবদ অ্যাডিশনাল টাকা হিসাবে দিয়েছেন। সেচ দপ্তরকে সেই টাকার পুরো অংশ দিতে হবে। যদিও আপনি বুদ্ধি কষে বলেছেন, না, সেচ দপ্তর মাস্টার রোল তৈরি করবে আর শুধু দেখবে। কাজ করবে পঞ্চায়েত। এইখানেই আপনি বিপদ করে দিয়েছেন। এই অ্যাডিশনাল টাকায় কোনও কাজ হচ্ছে না, খালি দুর্নীতি হচ্ছে, চুরি হচ্ছে, কোনও সেচ প্রকল্প হচ্ছে না, নদীবাঁধ রক্ষণাবেক্ষণ হচ্ছে না। একটা নদীবাঁধ সংস্কার হলনা, নতুন করে নদী সংস্কার প্রকল্প হচ্ছে না। দক্ষিণবঙ্গে সুবর্ণরেখা প্রকল্প হচ্ছে না, কংসাবতীর মডার্নাইজেশন নেই, কেলেঘাই, কপালেশ্বরী, নন্দীগ্রাম মাস্টার প্ল্যান, তমলুক মাস্টার প্ল্যান, ঘাটাল মাস্টার প্ল্যান সব অ্যাবানডান্ট হয়ে গেছে। ঘাটাল মাস্টার প্ল্যান গত অর্থনৈতিক বছরে অ্যাবানডান্ট করে দিয়েছেন। এর পরেও এই হেডে টাকার দাবি কেন? সুতরাং আপনি যে ব্যয় বরাদ্দের দাবি করেছেন তারজন্য আমরা একটি পয়সাও দেব না। এরপর আমি হেলথ আসি। গুণধর স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে বসে আছেন। আজকে হেলথের কি অবস্থা? ওনার দলেরই লোক ওনাকে তাড়া করেছে মালদায়। যাদের ভাঙিয়ে ভাঙিয়ে আপনারা অ্যাশোসিয়েশন করেছেন সেই আপনাদের দলের ডাক্তাররাই হেলথ মিনিস্টারকে তাড়া করেছে। ওনাকে ওরা

উদ্বোধনী ভাষণ দিতে নিয়ে গিয়েছিলেন। তার দলের ডাক্তাররাই বলেছেন, আপনি পাগলের মতোন প্রলাপ বকছেন, এইসব বন্ধ করুন। এরা সব আপনার দলেরই লোক। স্যার, আজকে স্বাস্থ্যকেন্দ্রগুলোর কি অবস্থা? সাপে কামড়ানো রোগীর কোনও চিকিৎসা হয় না, চারিদিকে জলাতঙ্ক রুগীতে ভর্তি হয়ে গেছে। আপনি আশ্চর্য হয়ে যাবে, ১৯৯৪ সালেও মানুষ জলাতাঙ্ক এখনও মরছে। কোনও অ্যান্টি রাবিট ভ্যাকসিন কোনও স্বাস্থ্য কেন্দ্রে এই মন্ত্রী সাপ্লাই দিতে পারছেন না। আমি স্টেরয়েডের কথায় পরে আসছি, বড় বড় ওষুধের ক্ষেত্রে পরে আসছি, অনেক দামী ওষুধের কথায় পরে আসছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ওন্দার মানুষ আমি মেদিনীপুরের মানুষ। মাননীয় মন্ত্রী প্রশান্তবাবু টালিগঞ্জের এম এল এ ওনার সামনে শম্ভুনাথ পন্ডিত হাসপাতাল, ওনার সামনে বিদ্যাসাগর হাসপাতাল, ওনার সামনে পি জি হাসপাতাল, ওনার সামনে নীলরতন সরকার হাসপাতাল, ওনার সামনে চিত্তরঞ্জন হাসপাতাল, ওনার সামনে মেডিক্যাল কলেজ, ওনার সামনে আর জি কর হাসপাতাল আর আমাদের আছে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং সাবসিডিয়ারি হেলথ সেন্টার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তবু আপনার এলাকায় মেডিক্যাল কলেজ আছে, আমাদের জেলার তাও নাই। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি, ঐ সমস্ত স্বাস্থ্য কেন্দ্রে অ্যান্টি রাবিট ভ্যাকসিন নেই। তাহলে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলুন, আপনার হাত দিয়ে এই গুণধর স্বাস্থ্য মন্ত্রীর দপ্তরে ৫ কোটি ১৩ লক্ষ ৪৮ হাজার টাকা বরাদ্দের অনুমোদন কেন দেব? যেখানে সাপে কামড়ানো রুগীর চিকিৎসার জন্য অ্যান্টি ভেনাস দিতে পারছেন না, যেখানে কুকরে কামড়ানো রুগীর জন্য অ্যান্টি রাবিট ভ্যাকসিন দিতে পারছেন না, যেখানে অ্যান্টি টিউবারকুলোসিস ড্রাগস সাপ্লাই করতে পারেন না, মাঝপথে হাওয়া হয়ে যায়, বিভিন্ন ওষুধের দোকান ওষুধ নিয়ে জালিয়াতি করে, বেশি দামে বিক্রি করে, গজ ব্যান্ডেজ সেখানে সাপ্লাই দিতে পারেন না, যেখানে স্বাস্থ্য দপ্তরের পরিকাঠামো ধরে রাখতে পারেন না, সেই ক্ষেত্রে স্বাস্থ্য দপ্তরের ৫ কোটি ১৩ লক্ষ ৪৮ হাজার টাকা ব্যয় বরাদ্দের যে দাবি উনি করছেন তা কি দেওয়া যায়? একটা পয়সাও দেওয়া হবে না। মাননীয় অর্থমন্ত্রী পরিহাস করেন, মাঝে মাঝে উত্তেজিত হয়ে যান এবং উত্তেজিত হয়ে চিৎকার করে বলেন। উনি একজন শিক্ষক, কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন কৃতি ছাত্র ছিলেন এবং অধ্যাপক ছিলেন, এখনও যুক্ত আছে নাম। আমি ওনাকে জিজ্ঞাসা করি, উনি পেনশনের জন্য টাকা দিচ্ছেন ৩৫ কোটি ৪৬ লক্ষ ৮৯ হাজার টাকা।

[3-30 — 3-40 P.M.]

আজকে আপনি উঠে দাঁড়িয়ে বলুন— পশ্চিমবঙ্গের সরকারি কর্মচারী থেকে শুরু করে শিক্ষক অবধি তারা আর্তনাদ করছেন যে তারা পেনশন পাচ্ছেন না। মাননীয় অর্থমন্ত্রী জালিয়াতি করার পরে আজকে ৩৫ কোটি ৪৬ লক্ষ ৮৯ হাজার টাকার অনুমোদন চাইছেন শিক্ষক এবং সরকারি কর্মচারিদের পেশনের জন্য। ওর পেছনেই বসে আছেন প্রাক্তন শিক্ষামন্ত্রী, বর্তমানের তথ্যমন্ত্রী, যিনি একটা স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক, তিনি পেনশন পেয়ে গেছেন। কিন্তু বাংলায় বাকি হাজার হাজার শিক্ষক এবং সরকারি কর্মচারী এখনও পেনশন পায় নি। তাহলে কাদের জন্য মাননীয় অর্থমন্ত্রী পেনশন খাতে ৩৫ কোটি ৪৬ লক্ষ ৮৯ হাজার টাকা অনুমোদন চাইছেন? বিভিন্ন দিনে, বিভিন্ন সময়ে এখানে সরকার পক্ষের এবং বিরোধী পক্ষের

বিভিন্ন সদস্য উল্লেখ করেছেন যে, অমুক অবসর প্রাপ্ত শিক্ষক দীর্ঘদিন আগে অবসর গ্রহণ পরে আজও পেনশন না পেয়ে অনাহারে দিন কাটাচ্ছেন অমুক সরকারি কর্মচারী পেনশন না পেয়ে আত্ম-হত্যা করেছেন। আমরা যাদের শিক্ষার ধারক-বাহক বলি সেই প্রাথমিক শিক্ষক এবং মাধ্যমিক শিক্ষক থেকে শুরু করে বিভিন্ন স্তরের সরকারি কর্মচারিরা পেনশন থেকে বঞ্চিত হচ্ছেন। তাদের মুখের ভাত কেড়ে নেওয়া হচ্ছে, তাদের অধিকার কেড়ে নেওয়া হচ্ছে। আমি মনে করি তাদের জন্য আমদের মাননীয় অর্থমন্ত্রী ৩৫ কোটি ৪৬ লক্ষ ৮৯ হাজার টাকার অনুমোদন চাইছেন না, তিনি জালিয়াতি করার জন্য চাইছেন। সেইজন্য আমরা তাকে এই অনুমতি দিতে পারি না। সেই জন্য আমরা এর বিরোধিতা করছি। এই সাপ্লিমেন্টারি ডিমান্ড অনুমোদন করতে পারি না। কারণ উনি যাদের জন্য এই টাকার অনুমোদন চাইছেন তাদের জন্য এই টাকা ব্যয় করেন নি, এই টাকা অন্য বিভিন্ন ক্ষেত্রে ডাইভার্ট করেছেন। এক জায়গায় খরচ করেছেন। তাই আমরা এটা অনুমোদন করব না, আমরা এর বিরোধিতা করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, জেলা প্রশাসনের জন্য ২৩ লক্ষ ৮০ হাজার টাকার অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি উত্থাপন করা হয়েছে। এই টাকা কোন জেলাকে দেওয়া হবে বা হয়েছে? প্রতিটি জেলার ডি এম-দের জেলা পরিষদের এক নম্বর চাকর বানিয়ে ফেলা হয়েছে। এই সরকার এস ডি ও-দের পঞ্চায়েত সমিতির চাকর করেছেন এবং বি ডি ও-দের পঞ্চায়েতের চাকর করেছেন। বি ডি ও, এস ডি ও ডি এম-দের কাছে সাধারণ মানুষের দরখাস্ত করে যে বিচার চাইবার অধিকার ছিল এই সরকারের বিকেন্দ্রীকরণ নীতি এবং বিকল্প অর্থনৈতিক নীতির চিন্তাভাবনা সেই ন্যূনতম অধিকারটুকু কেড়ে নিয়েছে। বি ডি ও অপলা সরকারকে এই সরকার অবলা বানিয়ে দিয়েছে। ডি এম, এস পি-দের জেলার পার্টি অফিসের কথা শুনে না চললে ঘাড়ে মাথা থাকবে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতাটি খুব মনোযোগ দিয়ে শুনেছি—কেন্দ্র, ডাঙ্কেল, আই এম এফ, মনমোহন সিং থেকে শুরু করে বিকল্প অর্থনৈতিক নীতির প্রসঙ্গ এখানে উত্থাপন করলেন। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই যে আপনার বিকল্প চিন্তা ধারা সেই বিকল্প চিন্তা ধারাটা কি? এই রাজ্য দু হাজার মাইল স্পিডে পিছনের দিকে ছুটবে? আপনার বিকল্প চিন্তা ধারায় কি হয়েছে? ১৯৯৩-৯৪ সালে ১৫৫৫ কোটি টাকা প্ল্যান বাজেট ১০৫৫ কোটি টাকায় শেষ হবে, ৫০০ কোটি টাকা খরচা করতে পারলেন না। ১৯৯২-৯৩ সালে আপনার তৈরি করা সেস্রু ৮ হাজার যুবক পাবে, ১৯৯৩-৯৪ সালে ২ হাজার যুবক পাবে এটা কি আপনার চিন্তা ধারার প্রতিফলন যে দু হাজার মাইল স্পিডে পিছন দিকে ছুটছে। আমার প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রীরা দিয়েছেন আপনি স্বনির্ভর প্রকল্পের কথা ম্যাক্সিমাম জেলাতে বলেছেন গতবারে, এবারে, তার জন্য কত টাকা রুরাল ডেভেলপমেন্টের জন্য চেয়েছেন? এখানে আমি সেই প্রশ্নের উত্তরটা জানতে চাই। কতকগুলি পরিসংখ্যান জানতে চাই। দয়া করে বলবেন, ১৯৯২-৯৩ এবং ১৯৯৩-৯৪ ট্রানসেম টারগেট ছিল কত? কত চেয়েছেন দয়া করে বললেন। সেস্রু, আপনার তৈরি করা সেস্রু সি ইউ প্রকল্প অনুসরণ করতে গিয়ে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আপনিও সেই মিটিং অ্যাটেন্ড করেছিলেন লেটেস্ট ব্যাঙ্কিং লেভেলের মিটিংয়ের রেজলিউশন

আমার কাছে আছে, তাতে কি দেখছি? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় এখানে সেস্রু বেকার যুবকদের জন্য সেই সেস্রু স্বনির্ভর করার অন্যতম হাতিয়ার হিসাবে এখানে করেছেন টার্গেট ফিক্সড করেছেন কত ১৯৮২৭, সেখানে কতগুলি দেওয়া গেল? সেখানে দেওয়া গেল ৭৫৬৮টি। গোটা রাজ্যে মাননীয় অর্থমন্ত্রী নিজে মনিটারিংয়ের দায়িত্বে আছেন, তার নিজের দপ্তরের জিনিস, ক্ষুদ্র কুটির শিল্পের সঙ্গে যুক্ত থেকে লেবার ডিপার্টমেন্টের সঙ্গে যুক্ত থেকে সেই ডিপার্টমেন্ট একটা সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রোগ্রাম সেস্রু তার টার্গেট ফিক্স হল ১৯৭২৮, ওর নেতৃত্বে হল ৭৫৬৮টি, এটা কি পশ্চিমবঙ্গের অগ্রগতির ধারক বাহক, এটা কি পশ্চিমবঙ্গের বিকল্প অর্থনীতির চিহ্ন যা মাননীয় অসীমবাবুর নেতৃত্বে ৫ হাজার মাইল স্পিডে ছুটছে। অল্টারনেটিভ ইকনমিক পাওয়ারে তিনি ধারক বাহক, তিনি কি চাম্পিয়ন, এটা কি ভাবা যায়? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গ্রামীণ উন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় একটি লিখিত প্রশ্নের উত্তরে এই সেসনে দিয়েছেন তিনি কি বলেছেন? কি ভয়াবহ ব্যাপার, কি বিপদ জনক অবস্থা এখানকার। দেখুন ১৯৯৩-৯৪ এবং ১৯৯২-৯৩ সালের টার্গেট বেকার যুবক যুবতী স্বনির্ভর করার জন্য ট্রেনিং দেওয়ার পরিকল্পনা ট্রাইসেম, সেই ট্রাইসেমে ১৬৫০৪ জন লক্ষ্য মাত্রায় ছিল, পূর্ণ করতে পেরেছেন ১৫২২৩, এক হাজার করতে পারেন নি মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি ওদের লোক, আমি সবংয়ের লোক, বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া, হুগলি আমাদের গ্রামের বেকার যুবক যুবতী ট্রাইসেম ট্রেনিং দেওয়া হচ্ছে না। এক হাজার কেন হল না? আপনি রুর‍্যাল ডেভেলপমেন্টের জন্য টাকা চেয়েছেন দেওয়া যাবে? না, কেন দেব? অল্টারনেটিভ ইকনমিক পাথওয়েতে ২৪১১৫ টার্গেট ছিল, মাননীয় অসীম বাবু করেছেন কত? কি বিপদজনক অবস্থা, ৭৪৪১ জন মানে ৩ ভাগের ১ ভাগও নয়, তাহলে এই মাননীয় অর্থমন্ত্রী বুক চিতিয়ে বলছেন ভারতবর্ষের মাটিতে দাঁড়িয়ে দেখ হে, আমি ডক্টর অসীম দাশগুপ্ত আমার নেতা মাননীয় জ্যোতি বসু আমরা ভারতবর্ষের মাটিতে একটা অল্টারনেটিভ ইকনমিক পাথ একটা বিকল্প অর্থনীতির পথ নতুন চিন্তা ধারা ভারত এবং পৃথিবীর সামনে হাজির করছি। কোথায় কোথায় যুবক যুবতীরা? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, তাই আমরা দুশ্চিন্তাগ্রস্ত, উদ্বিগ্ন। এই মাননীয় অর্থমন্ত্রী কোন পথে চলেছেন এবং গত বছরে প্ল্যানে হলিডে গুলি ২-৩ বছর ধরে, প্রতি বছরে উনি আপনার কমিটমেন্ট থেকে অনেক দূরে সরে এসেছেন। তার বরাদ্দ খরচের দিক থেকে কার্যকর করে তাহলে আজকে যদি উল্টো দিক থেকে ধরে বলি ১৯৯৩-৯৪ সালের প্ল্যান আউটলে বাজেটে ছিল ১৫৫৫ কোটি টাকা, খরচ করলেন ৫০০ কোটি টাকা কম, এবারে সাপ্লিমেন্টারি গ্রান্টস চেয়েছেন ৪০১ কোটি টাকা ভোটিংয়ের জন্য।

[3-40 — 3-50 P.M.]

তাহলে টোটাল প্রায় ৯০০ কোটি টাকা ডেফিসিট ইন রিয়ালিটি। এই জোচ্চুরি কতদিন চলবে? কত দিন চলবে এই বিকল্প অর্থনীতির স্বপ্ন দেখে দেখে? কতদিন চলবে এই মার্কসবাদী চিন্তাধারা এবং ওর নিজের রাজনৈতিক এবং অর্থনৈতিক চিন্তা-ধারার সংঘাত। আমি বিশ্বাস করি, Asimbabu is suffering from suffocating condition between the Marxist doctrine and his economic theory উনি নিজে যে রাজনৈতিক চিন্তাধারায় বিশ্বাস করেন, এবং নিজের যে অর্থনৈতিক চিন্তাধারা, এই দুই এর মধ্যে একটা

বিপদজনক সংঘাত হচ্ছে এবং তারফলে বাংলার মানুষ সাফার করছেন, বাংলার অর্থনীতি পিছিয়ে পড়ছে, অল্টারনেটিভ ইকনমিক পাথের কথা বলে আজকে বাংলার অগ্রগতিকে পিছিয়ে দিয়েছেন। গোটা রাজ্যে আজকে ৫২ লক্ষ বেকার যারা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের দুয়ারে মাথা ঠুকে মরছে। গত বছর এই অবস্থায় সরকারি স্তরে ভ্যাকান্সি ডিক্লেয়ার হয়েছে মাত্র ১২,০০০ এবং রেজিস্টার্ড আনএমপ্লয়েড ইউথের সংখ্যা যেখানে ৫২ লক্ষ সেখানে প্লেসমেন্ট হয়েছিল মাত্র ৭,০০০। এটাই কি বিকল্প অর্থনীতির প্রতিফলন? আজকে শ্রমদিবস নষ্ট হবার দিক থেকে এই রাজ্য সারা ভারতবর্ষের মধ্যে নাম্বার ওয়ান। সারা ভারতবর্ষে সবচেয়ে বেশি শ্রমদিবস নষ্ট হয়েছে সার্বিক ক্ষেত্রে শিল্পজগতে পশ্চিমবঙ্গে। এর থেকে বেরোবার জন্য কোনও নতুন বিকল্প চিন্তাধারা দেখতে পাচ্ছি না। যদি এই ফেডারাল স্ট্রাকচারের মধ্যে থেকে এই অর্থনৈতিক কাঠামোতে মহারাষ্ট্র, গুজরাট, অন্ধ্রপ্রদেশ, তামিলনাড়ু, আসাম, এমনকি উত্তর-পূর্বাঞ্চলের ছোট ছোট রাজ্যগুলি এগিয়ে যেতে পারে তাহলে বাংলার মতো একটি রাজ্য যেখানে র'ম্যাটেরিয়ালস এর প্রাচুর্য রয়েছে সেখানে কোনও ইনফ্রাস্ট্রাকচার গড়ে উঠবে না? আজকে মুখে বলছেন যে, পাওয়ার সেক্টরে প্রায়রিটি দিয়েছেন বলে প্রোডাকশন বাড়বে, কিন্তু সেক্ষেত্রে ট্রান্সমিশনের ব্যবস্থা কোথায়? বলছেন যে, রাজ্যে শিল্পক্ষেত্রে প্রোডাকশন বেড়েছে, কিন্তু দেখতে পাচ্ছি, ট্রান্সমিশনের অভাবে গ্রামবাংলা ধুঁকছে। মন্ত্রী ওমর আলি নিজে অভিযোগ করেছেন যে, ৬৩ হাজার একর জমির বোরো ধান আজকে বিদ্যুতের অভাবে নষ্ট হয়ে যাবে। এই অবস্থায় আমি কি ডঃ অসীম দাশগুপ্ত মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি আমাদের পক্ষে তার সাপ্লিমেন্টারি বাজেটের অনুমোদন দিতে পারি কিনা? বিদ্যুত মন্ত্রীর অবহেলায় আজকে ৬৩ হাজার একর জমির বোরো চাষ বিদ্যুতের অভাবে নষ্ট হচ্ছে গ্রামবাংলার। বিদ্যুত সরবরাহের ক্ষেত্রে দুর্নীতির কথা বিদ্যুতমন্ত্রীকে বারবার জানিয়েছি। আজকে রাজ্যের পাওয়ারের পজিশন সবচেয়ে ভাল হওয়া সত্ত্বেও তার সুষ্ঠু ট্রান্সমিশন হচ্ছে না। অ্যাডিশনাল ২৪.৮৭ কোটি টাকা পাওয়ারের জন্য দিতে আপত্তি নেই, পারবেন কিন্তু গ্রামবাংলায় সুষ্ঠুভাবে বিদ্যুত সরবরাহ করতে? বিদ্যুত মন্ত্রী বলছেন রাজ্যে পাওয়ার উদ্বৃত্ত হয়ে গেছে, কিন্তু অপর ক্ষেত্রে রাজ্যের ক্ষুদ্রসেচ মন্ত্রী বলছেন বিদ্যুতের অভাবে বোরো চাষ নষ্ট হচ্ছে। আজকে বিদ্যুতের অভাবে কৃষকের চাষ মাঠ শুকাচ্ছে, তফসিলি সম্প্রদায়ের জন্য কুটিরজ্যোতি, লোকদীপ প্রকল্প বিদ্যুত পাচ্ছে না, গ্রামীণ বৈদ্যুতিকরণেও পশ্চিমবঙ্গ পিছিয়ে রয়েছে সারা ভারতবর্ষের মধ্যে। আমার জেলা মেদিনীপুর পশ্চিমবঙ্গের মধ্যে সবচেয়ে পিছিয়ে রয়েছে গ্রামীণ বৈদ্যুতিকরণের ক্ষেত্রে। তারপরও আমাদের ২৪.৮৭ কোটি এক্সট্রা সাপ্লিমেন্টারি বাজেট অনুমোদনের দাবিকে সমর্থন করতে হবে আপনার এই জালিয়াতি, ব্যভিচারিতা, ভ্রষ্ট্রাচারিকে মদত দেবার জন্য? তাই এই অ্যাডিশনাল টাকার দাবির প্রতিবাদ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা ব্যবস্থা কোন পর্যায়ে এসে দাঁড়িয়েছে সেটা আপনি চিন্তা করে দেখুন। এখানে আমাদের সামনে শিক্ষা মন্ত্রী বসে আছেন, আপনি তখন উত্তেজিত হয়ে নেতাজি নিয়ে কথা বলেছিলেন, ওর এখানে থাকা উচিত নয়, আলিপুর জেলে থাকা উচিত। আজকে সারা পশ্চিমবঙ্গের লক্ষ লক্ষ ছাত্রছাত্রীর ভবিষ্যত নিয়ে যারা ছিনিমিনি খেলছেন, তার নায়ক এখানে বসে আছেন। আজকে সরকারের প্রতিনিধি হিসাবে মাননীয় অর্থমন্ত্রী যে এক্সট্রা সাপ্লিমেন্টারি বাজেট চেয়েছেন, তার পরিপ্রেক্ষিতে কোন অধিকারে এই

টাকা দেবার কথা তিনি বলছেন? যে সরকার একটা পঙ্গু সরকার, যে সরকার অর্থনৈতিক দিক থেকে সম্পূর্ণ একটা ক্লীব সরকার, যে সরকার বাংলাকে পিছিয়ে দিয়েছে, যে সরকার ৫২ লক্ষ বেকারের জন্ম দিয়েছে, যে সরকার গ্রামীণ বৈদ্যুতিকরণকে পিছিয়ে দিয়েছেন, সেই সরকার পুলিশ খাতে ৪০ কোটি টাকা এক্সট্রা বরাদ্দ চেয়েছেন আরও বেশি করে নারী নির্যাতন করার জন্য, আরও বেশি করে হত্যা করার জন্য। সাধারণ মানুষের নিরাপত্তা যে সরকার দিতে পারে না, সেই সরকার আজকে দাবি করছে ৪০১ কোটি টাকার সাপ্লিমেন্টারি বাজেট। আমাদের আপত্তি সেই জায়গায়, আমাদের প্রতিবাদ সেই জায়গায়, তাই, অর্থমন্ত্রীকে এই কথা জানিয়ে দিতে চাই যে দৃষ্টিভঙ্গিতে আপনি এই এক্সট্রা সাপ্লিমেন্টারি টাকা চেয়েছেন, সেই টাকা চাইবার কোনও অধিকার আপনার নেই। কারণ আপনি প্ল্যান বাজেটের টাকা খরচ করতে পারেন নি। এই টাকা কেন আপনি খরচ করতে পারেন নি তার জবাব আজকে আপনাকে দিতে হবে। আপনি জিরো ডেফিসিট বাজেট করলেন, কিন্তু সেটা আপনি প্রমাণ করতে পারলেন না। পরবর্তী পর্যায়ে আপনি প্ল্যানিংকে পিছিয়ে নিয়ে যাচ্ছেন, আর কেন্দ্রীয় সরকারকে দোষ দিচ্ছেন যে কেন্দ্র অর্থনৈতিক পুনর্বিন্যাসের স্ট্রাকচারকে আঘাত করছে। আর বলছেন যে ডাঙ্কেল, আই এম এফ-এর প্রভাবে ভারত যে পথে চলেছে, তার প্রভাব আমাদের পশ্চিমবঙ্গের উপরেও পড়বে এবং ভারতবর্ষের সার্বভৌমত্ব এতে বিনষ্ট হচ্ছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা কেন্দ্রে একটা বন্ধু সরকার প্রতিষ্ঠিত করেছিল। ভি পি সিংয়ের নেতৃত্বে—আমরা দেখেছি যে এদিকে অটলবিহারী বাজপেয়ী, আর অন্য দিকে জ্যোতি বসু এবং মাঝখানে বাবা ভি পি সিং—এরা একটা বন্ধু সরকার প্রতিষ্ঠিত করেছিল। তখন আমাদের ফরেন কারেন্সি রিজার্ভ ছিল ৩,৩৮৮ কোটি টাকা। আজকে আমাদের সুযোগ্য প্রধান মন্ত্রীর নেতৃত্বে, মনমোহন সিংয়ের নেতৃত্বে ৯০ কোটি মানুষের দেশ এই ভারতবর্ষ মাথা উঁচু করে অর্থনৈতিক বুনিয়াদ তৈরি করেছে, সারা বিশ্বের কাছে একটা উন্নয়ন অর্থনীতি তুলে ধরেছে। ভারতবর্ষের শ্রমজীবী মানুষের সাহায্যে আজকে ফরেন কারেন্সি রিজার্ভ ৩,৩৮৮ কোটি টাকা থেকে বেড়ে ৩৪ হাজার ২২৫ কোটি টাকায় এসে দাঁড়িয়েছে এবং লেটেস্ট হচ্ছে প্রায় ৪০ হাজার কোটি টাকা। এর পরেও আপনারা ভারতবর্ষ সম্পর্কে বলছেন যে ভারত সরকার আজকে সার্বভৌমত্বকে বিসর্জন দিয়ে এমন একটা জায়গায় এসেছে যার প্রতিফলন একটা অঙ্গ রাজ্য হিসাবে আমাদের এই রাজ্যে পড়ছে। আজকে অর্থমন্ত্রী কয়লা নিয়ে একটা বিতর্কের ঝড় তুলেছেন। কয়লার রয়্যালটি, সেস নিয়ে একটা বিতর্কের ঝড় তুলেছেন। তার

[3-50 — 4-00 P.M.]

কারণ সামনে আসানসোলের কর্পোরেশনের ইলেকশন, সে জন্য সম্পূর্ণ ভাবে একটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে কেন্দ্রীয় কয়লা মন্ত্রী অজিত পাঁজার বিরুদ্ধে অহেতুক একটা প্ররোচনা মূলক বক্তব্য তুলে ধরেছেন এবং এই বাজেটের মধ্যে দিয়ে দেখাতে চেয়েছেন যে কেন্দ্রীয় কয়লা দপ্তর পশ্চিমবঙ্গের প্রাপ্য সেস না দিয়ে পশ্চিমবঙ্গের মানুষকে বঞ্চিত করেছেন। আপনাকে আমি এই কথা বলতে চাই, আপনারা কয়লার যে সেস পান সেই টাকায় কয়লা অঞ্চলের মানুষের জন্য কোনও উন্নয়ন করেছেন? আপনারা সেখানকার কোনও উন্নয়ন করেন নি। আপনারা সেই টাকা অন্য খাতে ব্যয় করেছেন। আমি আপনাকে একথা বলতে চাই যে বিভিন্ন বিদ্যুত উৎপাদন কেন্দ্রগুলিতে কেন্দ্রীয় সরকার যে কয়লা দেয় সেই বাবদ কেন্দ্রীয়

সরকার কত টাকা পায় সেটা আপনি হিসাবের মধ্যে রাখবেন না কেন? সেজন্য যে সরকার নারী নির্যাতনের সরকার, যে সরকার কৃষক হত্যার সরকার, যে সরকার স্বামী হত্যার সরকার, যে সরকার যুবক হত্যার সরকার, যে সরকার উন্নয়নের অগ্রগতিকে স্তব্ধ করে দেয়, যে সরকার সার্বিকভাবে অর্থনীতি ভেঙে চুরমার করে দিয়েছে, যে সরকার পুলিশ রাজের সরকার, সেই সরকারের সাপ্লিমেন্টারি বরাদ্দ কিছুতেই মঞ্জুর করতে পারি না। আমি তার বিরোধিতা করে, প্রতিবাদ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী জগদীশ দাস ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি গ্রান্ট চেয়েছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা আমি রাখছি। আমাদের দুর্ভাগ্য যে এই ১৭-১৮ বছরের মধ্যে আমাদের ডান পাশে বসা যে বিরোধী দল আছে তারা সাবালক হতে পারল না। বুঝে শুনে কথা বললে, জেনে শুনে কথা বললে সাবালক হয় আর না বুঝে, না জেনে কথা বললে নাবালক বলে। তাই আমি ওনারার সাবালক হলেন না এই জন্য বলছি ওনারা না বুঝে না জেনে সমস্ত কিছু বললেন। বয়সের দিক থেকে ওনারা সাবালক হয়েছেন কিন্তু বুদ্ধির দিক থেকে ওনারা সাবালক হন নি। উনি বললেন ৪০১ কোটি টাকা যেটা গতবারের টোটাল বাজেট তার উপরে আরও ৪০১ কোটি টাকা ঘাটতি হয়েছে। এই কথাটা উনি বলার চেষ্টা করছেন। না, সাপ্লিমেন্টারি হচ্ছে পারমুটেশন কমমিনেশন। গতবারে যে বরাদ্দ হয়েছে তার মধ্যে কোনও খাতে কম খরচ হয়েছে, কোনও খাতে বেশি খরচ হয়েছে। বেশি টাকাটা অনুমোদন নেবার জন্য প্রস্তাব এনেছেন। অর্থাৎ যে খাতে যে টাকাটা বরাদ্দ ছিল সেই খাতে আরও বেশি টাকা খরচ হয়ে গেছে, সেই বেশি খরচের টাকাটার তিনি আবার বরাদ্দ চেয়েছেন। এটা ওনারা বোঝেন নি। না বুঝে ওনাদের দলের প্রধান বক্তা অভিযোগ তুললেন আরও ৪০১ কোটি টাকা ঘাটতি হয়েছে। গত বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী বলেছেন গত বারে ঘাটতি ছিল ২৮ কোটি টাকা সেই ২৮ কোটি টাকা কমে দাঁড়িয়েছে ১১ কোটি টাকায়। এই কথাটা থেকেও তো বোঝা উচিত ছিল ১১ কোটি টাকা ঘাটতি। আসলে সমস্ত জিনিসটা পড়েন নি তাই এই কথা বলছেন। বাজেটটা যে পড়েন নি তার আর একটা প্রমাণ হচ্ছে উনি বলেছেন পাওয়ারের জন্য ২৪ কোটি ৮৭ লক্ষ টাকা সাপ্লিমেন্টারি গ্রান্ট চাওয়া হয়েছে। এটা উনি ভুল করে বলেছেন, উনি ঠিক ভাবে পড়েন নি। এটাতে উনি চেয়েছেন ৭৮ কোটি ১৬ লক্ষ ৭৩ হাজার টাকা। সেই জায়গায় উনি বলছেন ২৪ কোটি ৮৭ লক্ষ টাকা। ডিমান্ড নাম্বার ৬০-এর ক্যাপিটাল আউটলে দেখবেন আপনার ২৪ কোটি ৮৭ লক্ষ, ২৪ কোট ৪৫ লক্ষ ৭৩ হাজার টাকা, ২৫ কোটি টাকা এবং ৩ কোটি ৮৪ লক্ষ টাকা, মোট ৭৮ কোটি ১৬ লক্ষ ৭৩ হাজার টাকা পাওয়ারের জন্য চেয়েছেন। একটা চেয়েছেন ক্যাপিটাল আউটলে অন পাওয়ার প্রোজেক্টস, আর একটা হচ্ছে ক্যাপিটাল আউটলে অন কনজিউমার ইন্ডাস্ট্রি, আর একটা হচ্ছে লোন ফর পাওয়ারে প্রোজেক্টস এবং আর একটা হচ্ছে লোন ফর কনজিউমার ইন্ডাস্ট্রিজ। এই ৪টি জায়গায় ৭৮ কোটি টাকা। কাজেই বাজেটটা উনি পড়েন নি। তিনি বক্তৃতা দিয়ে অনর্থক সময় নষ্ট করেছেন। না জেনে না শুনে তিনি যে বক্তৃতা দিয়ে গেলেন সেটা এই মুহূর্তে বোঝা গিয়েছে। গত বারের যে ৯৯টি ডিমান্ড তার উপর ৬৮টি গ্রান্টে তিনি সাপ্লিমেন্টারি গ্রান্ট চেয়েছেন।

৯৯টি ডিমান্ড তার মধ্যে ৬৮টি চেয়েছেন, বাকিগুলোতে চান নি। তারমধ্যে কিছু সমান

সমান খরচ হয়েছে। বাকিগুলোতে যা আছে, তার থেকে কম খরচ হয়েছে। উনি মোট ৪০১ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার টাকা চেয়েছেন, যেটাকে আমরা গতবারে পাস করে দিয়েছি। যেটাতে আমরা স্যাংশন দিয়েছি, তারমধ্যে এই টাকা রয়েছে। কাজেই এর বাইরের টাকা নয়। এখানে যে কথা বলা হয়েছে যে, অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে, সেটা ঠিক নয়। সেটা না জেনেই বলেছেন। সাপ্লিমেন্টারি ঘাটতি নয়। (গোলমাল) সাপ্লিমেন্টারিটা হচ্ছে খরচ যেটা বেশি হয়েছে তারজন্য চেয়েছেন। এখানে বলা হয়েছে যে পুলিশের জন্য ৪০ কোটি টাকা যেটা চাওয়া হয়েছে, এটা কেন চাওয়া হয়েছে? সেটা চাওয়া হয়েছে টু মিট পেমেন্ট টু ওয়াউস লস অন সেল অফ সাবসিডাইজড ফুডস্। পুলিশকে যে রেশন দেওয়া হয় সেই রেশনে সরকারকে বেশি দামে কিনে পুলিশকে কম দামে দিতে হয়, তারজন্যই এই ঘাটতি হয়েছে। জেলে যদি একজন লোককে বিচার করে শাস্তি দিয়ে জেলে পাঠিয়ে দেওয়া হয়, তাকে তো খেতে দিতে হবে? এখানেও সেই পুলিশ খুনি হোক আর যাই হোক, তাদের তা খাওয়াতে হবে। পুলিশ আইনটা ব্রিটিশের তৈরি আইন, ৪৮ বছর আগের আইন। আপনারা এই আইনের পরিবর্তন করেন নি। পুলিশ আইনটা কেন্দ্রের আইন। পুলিশ স্টেট সাবজেক্ট হলেও আইনটা কেন্দ্রের। সাম্রাজ্যবাদীদের তৈরি করা পুলিশ আইন, কলোনিয়াল আইন, আপনারা আজ পর্যন্ত তার কোনও পরিবর্তন করেন নি। পুলিশ এখন যেমন আপনাদের মাথায় ডান্ডা মারছে, আগে আমাদের মাথায় মারতো। আপনারা যে কাজ করেন তারজন্য পুলিশ আপনাদের ডান্ডা মারছে, সেটা আমরা সমর্থন করি। কাজেই পুলিশের কথা আপনারা আর বলবেন না। পুলিশকে খাওয়াতে হবে, তাদের সাবসিডাইজড দামে ফুড দিতে হবে এবং তারজন্য ৪০ কোটি টাকা খরচ হয়েছে। আপনারা সমস্ত সিরিয়ালসের দাম বাড়িয়েছেন। কেন্দ্রীয় সরকার সমস্ত সিরিয়ালস, চা চিনি সমস্ত কিছুর দাম বাড়িয়েছেন। তারজন্য রাজ্য সরকারকে বাড়তি দামে ঐ সমস্ত জিনিস কিনে কম দামে পুলিশকে দিতে হচ্ছে। তারজন্যই এই ৪০ কোটি টাকা ভরতুকি দিতে হচ্ছে, সে জন্যই এই অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে। তার নাহলে পুলিশের রেশন বন্ধ হয়ে যাবে। আইনানুগ এবং সামাজিক অপরাধের ক্ষেত্রে শাস্তির দায়িত্ব যাদের উপরে, তাদের জন্য মাননীয় অর্থমন্ত্রী এখানে সঠিক কাজ করেছেন। সেদিক থেকে তার ডিমান্ডকে আমি সমর্থন করি। এখানে তিনি পাওয়ারের জন্য ৭৮ কোটি ১৬ লক্ষ টাকা চেয়েছেন, পাওয়ার ডেভেলপমেন্টের জন্য যা চেয়েছেন, তার অতিরিক্ত টাকা তিনি চেয়েছেন। একটু আগে বিরোধী পক্ষের মাননীয় সদস্য বললেন যে বিদ্যুত মন্ত্রী এখানে নেই, পাওয়ারের ক্ষেত্রে অসুবিধা দেখা দিয়েছে। পাওয়ারের যে অসুবিধা তা দূর করতে হবে এবং তা দূর করার জন্যই, বিদ্যুতের অসুবিধা দূর করার জন্য আরও বেশি করে টাকা দরকার এবং তারজন্যই ৭৮ কোটি টাকা যা গতবারের বাজেটে ছিল, তার উপরে টাকা চাওয়া হয়েছে। সেই টাকা প্রয়োজন এবং সেজন্য এই টাকা চেয়ে উনি সঠিক কাজ করেছেন। কংগ্রেসি বন্ধুরা বিদ্যুতের সেই অসুবিধা দূর হোক এটা চান না, আর সেজন্য তারা এই টাকা দিতে চান না। তার মানেটা তাহলে কি দাঁড়াচ্ছে? তার মানেটা দাঁড়াচ্ছে এই যে, পাওয়ারের সমস্যাটা এখানে থাকুক। বিদ্যুতের মতো একটি বিষয়েক রাজনৈতিক ইস্যু করতে চাইছেন। এটাকে রাজনৈতিক বিষয় হিসাবে দেখার প্রয়োজন নেই। কারণ কংগ্রেসের ঘরে যেমন বাতি জ্বালাবার প্রয়োজন আছে, তেমনি সি পি এম-এর ঘরেও বাতি জ্বালাবার প্রয়োজন আছে, সকলের ঘরেই বাতি জ্বালবার প্রয়োজন আছে। কাজেই এটিকে নিয়ে রাজনীতি করার দরকার নেই।

[4-00 — 4-10 P.M.]

সামাজিক পরিবর্তনের জন্য এবং সামাজিক উন্নয়নের জন্য এই মত পরিবর্তন করে বিরোধীপক্ষের সমর্থন করা উচিত। আশা করি সামগ্রিক কথা ভেবে তারা তাদের মত পরিবর্তন করবেন। ইরিগেশন একটা মস্তবড় দিক—এতে ২৩ কোটি ৯৮ লক্ষ টাকা চেয়েছেন। স্মল ইরিগেশন, স্যালো টিউবেল, ডিপ টিউবেল, রিভার লিফট্ ইত্যাদি খাতে এই টাকা ধরা হয়েছে। আজকে পশ্চিমবঙ্গ যে খাদ্যে স্বনির্ভরশীল হয়েছে, কৃষি উৎপাদন বেড়েছে তার কারণ হচ্ছে যে, স্যালো টিউবেল, ডিপ টিউবেল রিভার লিফট ইত্যাদি ক্ষেত্রে জল সেচের ব্যাপারে উন্নতির ফলে কৃষি উৎপাদন বেড়েছে এবং একথা আজকে অস্বীকার করলে হবে না যে বেড়েছে বলেই অন্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের খাদ্য দ্রব্যের দাম নিচের দিকে। এটাই হচ্ছে এই রাজ্যের কৃতিত্ব এবং বিরোধীপক্ষরা এটা চায় না বলেই বিরোধিতা করছেন। আজকে ২৩ কোটি ৯৮ লক্ষ টাকা চাওয়া হয়েছে ইরিগেশন ক্ষেত্রে সঠিক ভাবেই চাওয়া হয়েছে। কংগ্রেসি দলের বিরোধিতা করার কারণ হচ্ছে যে তারা চাইছে না কৃষকদের জল দিতে, জল সেচের যাতে ব্যবস্থা হয় সেটা চাইছে না। অর্থাৎ কৃষি বিরোধী মনোভাব তাদের বক্তব্যে প্রতিফলিত হচ্ছে। রুর‍্যাল ডেভেলপমেন্টের ব্যাপারে একটু আগেই ওদিক থেকে বলা হল যে কিছুই করা হয় নি। এই বাবদ ৪ কোটি ৪৫ লক্ষ টাকা ধরা হয়েছে। রুর‍্যাল ডেভেলপমেন্টে যে টাকা বরাদ্দ ছিল তার উপরে এই টাকা চাওয়া হয়েছে। তারমধ্যে আই আর ডি পি, ডিপ টিউবেল ডেভেলপমেন্ট, স্যালো টিউবেল, এবং ডেভেলপমেন্ট ওয়াকাস রয়েছে। সুতরাং গ্রামীণ দিক থেকে উন্নয়নের জন্য যে টাকা ধরা হয়েছে তার উপরে আবার ৪৫ লক্ষ টাকা চাওয়া হয়েছে। কিন্তু ওরা এই টাকা দিতে চান না কারণ তা হলে তো রুর‍্যাল ডেভেলপমেন্ট বন্ধ হয়ে যাবে। গ্রামের মানুষের কোনও উন্নতি হবে না। সেইকারণে আজকে গ্রামের মানুষ বামফ্রন্ট সরকারকে সমর্থন করছে, আপনাদের সেখানে কোনও স্থান নেই। এইভাবে আপনারা সমস্ত ব্যাপারটাকে পলিটিক্যালি মোটিভেটেড চাইছেন, এছাড়া সাধারণভাবে এর বিরোধিতা করার কোনও কারণ নেই। পাবলিক ওয়ার্কস এতে ১৮ লক্ষ ৭০ হাজার টাকা চাওয়া হয়েছে। মেডিক্যাল বাবদ ৫ কোটি ১৯ হাজার টাকা চাওয়া হয়েছে। বিরোধীপক্ষ থেকে সব সময়ে চিৎকার করা হয় যে হাসপাতালে নাকি অ্যান্টি র‍্যাবিট ওষুধ পাওয়া যায় না। কিন্তু আমাদের কল্যাণী হাসপাতালে এই অ্যান্টি র‍্যাবিট ওষুধ পাওয়া যায়। এখানে ৩টি হাসপাতাল আছে কোথাও অ্যান্টি র‍্যাবিট ওষুধ নেই এইরকম কথা শুনি না। সুতরাং চিকিৎসা বাবদ সেই কারণে ৫ কোটি ১২ লক্ষ ১৯ হাজার টাকা ধরা হয়েছে। কোনও এক বিরোধী পক্ষের মাননীয় সদস্য বললেন যে তারা এই চিকিৎসা বাবদ অর্থ বরাদ্দ মানবেন না। তারা মানবেন না এইকারণে যে তারা তো চান এটা ত্রি-পিল হয়ে যাক এবং সেটাই করে দিতে চান। সেইকারণে বাজেট বাড়াবার পরিবর্তে একে খর্ব করে বন্ধ করে দিতে চাইছেন।

[4-10 — 4-20 P.M.]

আমাদের মাননীয় অর্থমন্ত্রী কিছুক্ষণ আগে তার বক্তব্য রাখার সময়ে উনি বলেছিলেন ওকে ইন্টারেস্ট দিতে হচ্ছে বছরে ৭০০-৮০০ কোটি টাকা। এই সুদটা নেয় আপনাদের

কেন্দ্রীয় সরকার। যে সরকারের প্রধানমন্ত্রী নরসিমা রাও, অর্থমন্ত্রী মনমোহন সিং। আমার মনে হয় এই ব্যাপারে আমাদের মাননীয় অর্থমন্ত্রী কিছু কম বলেছেন। গত বছরের বাজেটে আমি দেখছি ধরা ছিল ১১৪৭ কোটি ৪৮ লক্ষ ৯১ হাজার টাকা রিভাইসড বাজেটে সেখানে আছে ১১শত ৬৫ কোটি ৯১ লক্ষ ৪৪ হাজার টাকা, বাড়তি দিতে হচ্ছে ১৮ কোটি ৪৮ লক্ষ ৫৩ হাজার টাকা। গত বছরের জন্য এতগুলি টাকা সুদ আমাদেরকে দিতে হচ্ছে। তাহলে কি কেন্দ্রীয় সরকার সুদ নেওয়ার জন্য সরকার যে সরকার আমাদের কাছ থেকে নিচ্ছে ৬ হাজার কোটি টাকা, তারা আমাদেরকে ফেরত দিচ্ছে ২৭-২৮ শত কোটি টাকা। যেটা ফেরত দিচ্ছে সেটাও আবার ধার হিসাবে দিচ্ছে। সেই ধারের জন্য আমাদের কাছ থেকে ১১শত ৬৬ কোটি টাকা সুদ নিচ্ছে। এতো আমাদের দেশে যে কাবুলিওয়ালা আছে, কুখ্যাত কিস্তিওয়ালা তারাও এই কাজটা করেন না। যে কাজটা মনমোহন সিং করছেন। আজকে যদি এই সুদ নেওয়া বন্ধ হয়ে যায় তাহলে অনেক কাজ হতে পারে। আপনারা যদি পশ্চিমবাংলার উন্নতি চান তাহলে আপনারাও বলুন এই সুদ নেওয়াটা বন্ধ হোক। নাহলে নামমাত্র সুদে ওয়ান পারসেন্ট টু পারসেন্ট সুদ নেওয়া হোক। আপনারা তো পশ্চিমবাংলার মানুষ, আপনারা কি এই ব্যাপারে প্রতিবাদ করবেন না। গতবারে যে বরাদ্দ ছিল তার চেয়ে এবারে বাড়তি দিতে হয়েছে ১৮ কোটি ৪৮ লক্ষ ৫৩ হাজার টাকা, এই যে টাকাটা উনি চেয়েছেন এটা ওর নিজের জন্য চায়নি, এটা পশ্চিমবাংলার মানুষের জন্য উনি চেয়েছেন। শুধু বিরোধিতার জন্য আপনারা বলছেন পজিটিভ সে আপনাদের নেই, পশ্চিমবাংলার মানুষের অবস্থার পরিবর্তন ঘটুক এইদিকে দৃষ্টি দিয়ে আপনারা কোনও কাজ করেন না। অর্থমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তার ব্যাপারে আপনাদের রিঅ্যাকশন কি জানতে চাওয়ার জয়নাল আবেদিন সাহেব তিনি বলেছেন, কাগজে যা বেরিয়েছে, ১৭ তারিখে, বাজেট আতঙ্কবাহী, শিল্পে কর্মসংস্থানে ক্ষতিগ্রস্ত হবে, উৎপাদন ব্যাহত হবে, রাজ্যের সামগ্রিক বৃদ্ধি বন্ধ, হতাশাব্যঞ্জক জনবিরোধী। মানস ভুঁইয়া মহাশয় বলেছেন, বিভ্রান্তির বাজেট, রাজ্য পিছিয়ে যাচ্ছে। সাধন পান্ডে মহাশয় বলেছেন, পরিকল্পনাহীন বাজেট এই করকাঠামোর গন্ডগোল আছে। অথচ আপনারা এখানে বললেন এই বাজেট নাকি মনমোহন সিং-এর পদাঙ্ক অনুসরণকারী বাজেট। কংগ্রেসের একজন সদস্য বাজেটের দিন এখানে একটা পোস্টার নিয়ে এসেছিলেন, তাতে মনমোহন সিং অসীম দাশগুপ্তকে বলছে শিখতে কেন এত দেরি হল। ওরা বলছেন মনমোহন সিং-এর অনুকরণ নাকি এই বাজেট তৈরি হয়েছে। সেই বাজেট সম্বন্ধে তার মত পোষণ করলেন আতঙ্ককারী পশ্চিমবঙ্গের পক্ষে ক্ষতিগ্রস্তকারী বাজেট। যদি অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত মহাশয়ের বাজেট পশ্চিমবঙ্গের পক্ষে ক্ষতিগ্রস্ত হয় এবং অসীম বাবু যদি মনমোহন সিং-এর পথ অনুসরণ করে থাকে, তাহলে মনমোহন সিং-এর বাজেটতো ভারতবর্ষের পক্ষে ক্ষতিগ্রস্ত। মনমোহন সিং-এর বাজেট ক্ষতিগ্রস্তকারীই বাজেট এবং অসীম দাশগুপ্ত মহাশয়ের বাজেট তার অনুসরণকারী বাজেট নয়। অর্থমন্ত্রী সিগারেটের উপর কর চাপিয়েছেন এবং তার জন্য অনেক কংগ্রেসি বন্ধু সমালোচনা করছেন-যদিও আমি সিগারেট খাইনা—আমার মনে হয় উনি সিগারেটের উপর কর চাপিয়ে ঠিক কাজই করেছেন। কংগ্রেসি বন্ধুরা বাজেটের ফাস্ট রি-অ্যাকশনে যেভাবে সমালোচনা করেছেন, তাতে আমি তাদের বলব আপনারা দায়িত্বশীল হোন এবং পশ্চিমবাংলাকে এগিয়ে নিয়ে যাবার জন্য আমাদের এই বাজেটকে সমর্থন করুন, এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ** মাননীয় ডেপুটি স্পিকার মহাশয় ১৯৯৩-৯৪ সালের জন্য যে সাপ্লিমেন্টারি গ্রান্ট মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন আমি তার বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনগুলোকে আমি সমর্থন করছি। সাপ্লিমেন্টারি ডিমান্ডের মধ্যে একটা এডিশন নিয়ে একটা বিতর্ক দেখা দিয়েছে। আমাদের তরফ থেকে বলা হয়েছে ১৯৯৩-৯৪ সালে যে বাজেট বরাদ্দ তার এডিশনে একটা টাকা এসেছে এবং সেই টাকাটাই মাত্র আপনারা ভোটে এসেছে ৪০১ কোটি ৪৫ হাজার টাকার মতো এবং চার্জ ২০ কোটি ৬৯ লক্ষ ৬০ হাজার ৯৭২। এই দুটো মিলে ৪২২ কোটি টাকা। কিন্তু আমরা ভোটেড পেলাম ৪০১ কোটি টাকা এবং সেই মূলটাকে ঠিক রেখে অন্যভাবে এটাকে অ্যালোকেশন করা হয়েছে। তাহলে এই ৪০১ কোটি টাকা কে দেব, কোথা থেকে দেবে। তাহলে কিছু দপ্তর নিশ্চয় ক্ষতিগ্রস্ত হবে। কোন দপ্তর থেকে এই টাকাটা আপনি কিভাবে কাটলেন। সেটা যতক্ষণ পর্যন্ত না আমাদের সামনে উপস্থাপিত করতে পারছেন ততক্ষণ পর্যন্ত আমরা নিশ্চয় ধরে নেব ৪০১ কোটি টাকা আপনি বাইরে থেকে আনছেন। আপনি প্ল্যান খাতে ১৫৫০ কোটি টাকার মধ্যে মাত্র ১০৫০ কোটি টাকা ইমপ্লিমেন্ট করতে পেরেছেন। সাপ্লিমেন্টারি ডিমান্ডের নামে যে টাকা আপনি নিয়ে এসেছেন সেই টাকাটা আপনি অতিরিক্ত ব্যবহার করেছেন। আমি দুটো হেড সম্বন্ধে আমার প্রতিক্রিয়া জানাব। স্বাভাবিকভাবে আপনি এই দুটো ডিমান্ড সম্পর্কে আলোচনা করবেন না বলেই আমার মনে হয়।

এর পর আর একটি বিষয় হচ্ছে ইন্টারেস্ট পেমেন্ট। যদিও এটা আলোচনায় আসে না কিন্তু যেহেতু জগদীশবাবু আলোচনায় আনলেন সেহেতু আমি এ সম্পর্কে কয়েকটি কথা বলছি। ১৯৯৩-৯৪ সালে আপনাকে সুদ গুনতে হবে ১১৪৬ কোটি ৯১ লক্ষ টাকা। টাকা ধার নিলে তার ইন্টারেস্ট দিতে হবে। ইন্টারেস্ট পেমেন্ট করতে গিয়ে এই টাকা যদি শোধ করতে হয় তাহলে স্বভাবতই ব্যাঙ্কক্রাপসি এসে যাবে। আরও একটা ব্যাপার যেটা সাপ্লিমেন্টারি ডিমান্ডের আলোচনায় আসে না কিন্তু তা সত্ত্বেও রেকর্ডে রাখার জন্য Demand No. 98 Loan and advance from the Central Government ১৯৯২-৯৩ সালে আপনি লোন নিয়েছিলেন ৩৩৭ কোটি ৪০ লক্ষ টাকা। ১৯৯৩-৯৪ সালে আপনি লোন নিয়েছিলেন ৩৪৯ কোটি ৪ লক্ষ ১৮ হাজার টাকা। আর ১৯৯৪-৯৫ সালে আপনি loan and advance from the Central Government ধরেছেন ৩০৮ কোটি ৭৪ লক্ষ ৪১ হাজার টাকা। অর্থাৎ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আপনি টাকা নিয়ে ঋণের বোঝায় জর্জরিত হয়ে আছেন। কেন্দ্রের কাছে ঋণের বোঝায় জর্জরিত হয়েও এবং কেন্দ্রের সহায়তা নিয়েও কিন্তু আপনি প্ল্যান আউট লে যেটা তৈরি করেছেন সেটাও সম্পদ সংগ্রহ করতে না পারার জন্য সেই প্ল্যান করতে পারছেন না ফলে এখানে প্ল্যান মার খাচ্ছে। আপনি নিজেই স্বীকার করেছেন, যে সেলস ট্যাক্সে আপনার ৪০০ কোটি টাকা কম আদায় হয়েছে। ৫০০ কোটি টাকা আপনার প্ল্যান আউট লে তে ঘাটতি হচ্ছে। এবারে আমি ডিপার্টমেন্ট ওয়াইজ কিছু কথা বলতে চাই। প্রথমেই আমি আসছি Demand No. 3 head of account 2013 Council of Ministers এরমধ্যে আমি একটি বিশেষ জায়গার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি মন্ত্রীদের ট্যুর এক্সপেন্স সম্পর্কে বলতে চাই। ১৭ বছর ধরে মুখ্যমন্ত্রী বিদেশে যাচ্ছেন, এই ১৭ বছরে মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের জন্য ব্যয় হয়েছে ৭ কোটি টাকা।

এই ৭ কোটি টাকার হিসাব break-up accounts of Chief Minister foreign tour. বিদেশে মুখ্যমন্ত্রী যে সফর করেছেন সে সম্পর্কে হিসাব আজ পর্যন্ত বিধানসভায় একদিনের জন্য হাজির করা হচ্ছে না কেন? কিসের জন্য রাজ্য সরকার এই একটা বিষয় বার বার করে চেপে যাচ্ছেন। আজকে আমি আপনার কাছে জানতে চাই যে মুখ্যমন্ত্রীর বিদেশ সফরের হিসাব নিয়ে লুকোচুরি হচ্ছে কেন? ১৯৯২-৯৩ সালে মন্ত্রীদের এ ব্যাপারের জন্য খরচ ধরা হয়েছিল ৫২ লক্ষ ১২ হাজার ২৩১ টাকা। ১৯৯৩-৯৪ সালের রিভাইজডে আছে, অ্যাকচুয়ালটা এখনও আসে নি ৪০ লক্ষ টাকা, সাপ্লিমেন্টারিতে আছে ২২ লক্ষ টাকা। তাহলে ১৯৯৩-৯৪ সালে মন্ত্রীদের সফরের জন্য ৬২ লক্ষ টাকা মোট বরাদ্দ হয়েছে। আমরা জানি এই বরাদ্দগুলি মন্ত্রীদের নামে থাকলেও মূলত এই বরাদ্দ খরচ হয় মুখ্যমন্ত্রীর সফরের জন্য এবং বিশেষ করে তার বিদেশ সফরকে কেন্দ্র করে। সেইজন্য আমরা আশা করব যে মুখ্যমন্ত্রীর বিদেশ সফর সংক্রান্ত বিস্তারিত বিবরণ এই বিধানসভায় জানাবেন। এর পর আমি Demand No. 20 head of accounts 2059 মানসবাবু এই সম্পর্কে বলেছেন। আলিপুর নজরতখানার কেলেঙ্কারির ব্যাপারে বি সি মুখার্জি কমিটির রিপোর্ট আমরা বিধানসভায় পেলাম না কেন? কেন সংবাদপত্রের মাধ্যমে বি সি মুখার্জির কমিটির রিপোর্ট আমাদের দেখতে হবে? কিসের জন্য? আলিপুর নজরতখানার কেলেঙ্কারি সম্পর্কে মানুষের অভিযোগ ছিল, জানবার আগ্রহ ছিল।

[4-20 — 4-30 P.M.]

কিন্তু বিধানসভাতে দাঁড়িয়ে এই সম্পর্কে কোনও রিপোর্ট সভাকে জানালেন না। প্রাইমাফেসি ৭৫ লক্ষ টাকা তছরূপের অভিযোগ প্রমানিত হয়েছে। সেই কারণে হেড অব অ্যাকাউন্ট ডিমান্ড নং ২০ তে টাকা দেবার বিরোধিতা করেছি। যেমন আমরা বিরোধিতা করেছি মন্ত্রীদের ট্যুর এক্সপেন্সের বিষয়ে, ডিমান্ড নং থ্রীতে। ডিমান্ড নং ২১, হেড অব অ্যাকাউন্ট ২০৫৫, পুলিশ খাতে পাঁচ বছর আগে কত হত? পাঁচ বছর আগে ৮৯-৯০ সালে পুলিশ খাতে অ্যাকচুয়াল ছিল ২৪০ কোটি ২৪ লক্ষ ৫০ হাজার টাকা। ৯৩-৯৪ সালে সেই বাজেট রিভাইজড আকারে এখনও আসেনি সামনের বছর পাব রিভাইজড আকারে। ৯৩-৯৪ সালের বাজেট হয়েছে ৪১৫ কোটি ৭ লক্ষ ৬৬ হাজার টাকা। চার বছরে সেই বাজেট দ্বিগুণ হয়ে গেলে। স্বাস্থ্য খাতে বাজেট বরাদ্দ গত পাঁচ বছরে কত বৃদ্ধি পেয়েছে, শিক্ষার ক্ষেত্রে বাজেট কত বৃদ্ধি পেয়েছেন, বিদ্যুতে কত বৃদ্ধি পেয়েছে, সেচের ক্ষেত্রে কত বৃদ্ধি পেয়েছে, আজকে তুলনা মূলকভাবে গত পাঁচ বছরে এই রাজ্যে ব্যয় বরাদ্দের প্রশ্নে যদি দৃষ্টি নিবদ্ধ করি তাহলে দেখতে পাব, পুলিশ খাতে যে বরাদ্দ গত পাঁচ বছরে শতকরা আনুপাতিক হারে যেভাবে বৃদ্ধি পেয়েছে, সেই তুলনায় আজকে ডিসিপ্লিন্ড পুলিশ বাহিনীতে পরিণত করতে পারলেন না। একটা শৃঙ্খলাবদ্ধ পুলিশ বাহিনী গঠন করতে পারলেন না। লালবাজার থেকে মাত্র ২০০ মিটার দূরে সাট্টা ডন কুখ্যাত রসিদ খান, তার ডেরাতে যে বিস্ফোরণ ঘটল, তাতে ৮৭ জন মানুষে কিভাবে মৃত্যু হয়েছিল এটা কলকাতা পুলিশের লজ্জা। আগে কলকাতা পুলিশকে স্কটল্যান্ডে ইয়ার্ডের পুলিশের সঙ্গে তুলনা করা হত, সারা দেশে কলকাতার পুলিশের গোয়েন্দা বিভাগের নাম ছিল, কলকাতা পুলিশের ইনটেলিজেন্সকে সকলে রেকগনাইজ করত। সেই কলকাতা পুলিশের আজকে কি অবস্থা, স্টোন ম্যান ধরতে কলকাতা পুলিশের লোককে

বম্বেতে গিয়ে ট্রেনিং নিয়ে আসতে হয়। কলকাতা পুলিশের হেড কোয়ার্টারের ২০০ মিটার দূরে জুয়ার আড্ডা চলে, সাট্টার আড্ডা চলে, কলকাতা পুলিশ জানতে পারে না। আজকে কলকাতাকে জুয়ার আড্ডায় পরিণত করেছে এই কলকাতা পুলিশ। তেমনি এই সরকার রাজ্য পুলিশকেও পঙ্গু করে দিয়েছে। সেই পুলিশকে আমরা সস্তায় রেশন দেব কেন? হেড অব অ্যাকাউন্ট ৪,৪০৮, যেটা জগদীশ বাবু বলেছেন, ৯৩-৯৪ সালে ৭৯ কোটি টাকা ধরা হয়েছে এই খাতে, তার সঙ্গে সাপ্লিমেন্টারি ২৩ কোটি টাকা। এই ইনডিসিপ্লিন পুলিশকে ডিসিপ্লিন্ড করতে পারলেন না। এবারে আসছি ডিমান্ড নং ২৮, হেড অব অ্যাকাউন্ট ২ হাজার ৭১। এটাতে পেনশন এবং আদার রিটায়ারমেন্ট বেনিফিটের ব্যাপার আছে। এতে ৯৩-৯৪-এর রিভাইজড বাজেট ধরা হয়েছে ২৯০ কোটি ৭৯ লক্ষ ৭২ হাজার টাকা এবং তারপর সাপ্লিমেন্টারি আছে ৩৫ কোটি ৪৬ লক্ষ ৮৬ হাজার টাকা। আমাদের যেটা অভিযোগ, পেনশন পেতে যে অসুবিধা, বিশেষ করে শিক্ষকরা অবসর গ্রহণের পর ভোগ করেন, এই বিপুল অর্থ থাকা সত্ত্বেও পেনশন পাবার ক্ষেত্রে যে অভিযোগ তাদের মধ্যে দেখতে পাচ্ছি, বহু শিক্ষক অবসর গ্রহণের পরে মৃত্যুর আগে পর্যন্ত পেনশন পান নি। এখন পর্যন্ত কতজন শিক্ষক জীবদ্দশায় পেনশন পেয়েছেন সেই হিসাবটা আমরা জানতে পারছি না। আজকে সরকারের পেনশন স্কীম মানুষকে ভীষণভাবে এ্যাফেক্ট করছে। আমার ধারণা পেনশনের জন্য যে ফান্ড বরাদ্দ হয়েছিল সেই ফান্ড ডাইভারশন হয়েছে। প্রতি বছরই আমরা দেখছি বরাদ্দ একই রেখে এক খাতের টাকা আর এক খাতে নিয়ে যাওয়া হচ্ছে। পেনশন বা রিটায়ারমেন্ট বেনিফিটের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল আমার ধারণা সেই ফান্ডের টাকাই সব চেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে। মাননীয় অর্থমন্ত্রী আমি এসম্পর্কে আপনার সুস্পষ্ট বক্তব্য দাবি করছি। কারণ পেনশনের জন্য বরাদ্দকৃত অর্থ অন্য খাতে ব্যয়ে হবে, মানুষ অবসরের পর পেনশন পাবে না, এটা কখনই মেনে নেওয়া যায় না।

এরপরে আমি টুরিজম-এর প্রশ্নে আসছি, যদিও এ ক্ষেত্রে কোনও সাপ্লিমেন্টারি ডিমান্ড নেই, তবুও আপনাদের বলব যে, আপনারা টুরিজম-এর প্রতি একটু দৃষ্টি দিন। কাশ্মীরে ট্যুরিস্ট ট্রাফিক বন্ধ হয়ে গেছে। আগে প্রতি বছর লক্ষ লক্ষ বাঙালি শ্রীনগর যেত। আমরা জানি ভারতবর্ষের পর্যটকদের শ্রীনগর বিশেষভাবে আকর্ষণ করে। কিন্তু বর্তমানে সেই শ্রীনগরে ট্যুরিস্ট ট্রাফিক, টোটালি বন্ধ হয়ে গেছে। শ্রীনগরের বিকল্প হিসাবে আমরা দার্জিলিং-কে বেছে নিতে পারি। যদি আমরা দার্জিলিংকে সঠিকভাবে প্রোমোট করতে পারি তাহলে আমাদের দেশের মানুষদের দার্জিলিং নিশ্চয়ই অ্যাট্রাক্ট করতে পারবে। আজকে দার্জিলিং সেইভাবে ট্যুরিস্টদের অ্যাট্রাক্ট করতে পারছেনা। কারণ আপনারা ট্যুরিজমকে সেইভাবে প্রোমোট করতে পারছেন না। আপনাদেরই ইকনমিক রিভিউতে দেখতে পাচ্ছি—অক্যুপেন্সী ইন দি ট্যুরিস্ট * লজেস দিন দিন ক্রমশ কমে যাচ্ছে পশ্চিম বাংলায় টোটাল নাম্বার অফ ট্যুরিস্ট প্রতি বছর কমছে। অথচ সুন্দরবন এবং দার্জিলিংকে কেন্দ্র করে ট্যুরিজমকে সম্প্রসারিত করার আমাদের যথেষ্ট সুযোগ রয়েছে। যদি এই দুটো জায়গাকে ঠিকমতো প্রোমোট করা যায় তাহলে এই দুটো জায়গা থেকে আপনারা বিদেশি মুদ্রা অর্জন করতে পারবেন, ভারতবর্ষের নয়া অর্থনীতিতে কিছু কন্ট্রিবিউট করতে পারবেন। মাননীয় অর্থমন্ত্রী, আপনার ১৯৯৩-৯৪ সালের ট্যুরিজম-এর জন্য বাজেট বরাদ্দ ছিল মাত্র ৪ কোটি টাকা, ৪ কোটি ১৫ লক্ষ ৫৩ হাজার

টাকা। এবং রিভাইসড বাজেটে সেটা কমে হল ৩ কোটি ৭১ লক্ষ ১২ হাজার টাকা। ট্যুরিজম ডিপার্টমেন্টের ট্যুরিজমকে প্রোমোট করার জন্য প্ল্যান আউটলে হচ্ছে বড় জোর ৯০ লক্ষ থেকে ১ কোটি টাকার! এই সামান্য পরিমাণ টাকা দিয়ে আপনারা রাজ্যের ট্যুরিজমকে কী প্রোমোট করবেন! এ দিয়ে কোনও ভাবেই কোনও কিছু হবে না। সেজন্য আমি একান্তভাবে আপনাদের অনুরোধ করছি—সুন্দরবন এবং দার্জিলিং-কে একটা প্যাকেজ প্রোগ্রামের মধ্যে নিয়ে এসে বরাদ্দ বৃদ্ধির মধ্যে দিয়ে রাজ্যে ট্যুরিজম-এর সম্প্রসারণ ঘটাতে পারেন কিনা সে বিষয়ে চিন্তা ভাবনা করে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করুন। মাননীয় অর্থমন্ত্রীকে আমি এবিষয়ে বিশেষ ভাবে অনুরোধ করছি। কারণ বিষয়টাকে কেবলমাত্র ট্যুরিজম মন্ত্রীর হাতে ছেড়ে দিলে হবে না। উনি চোলিকে পিছে নিয়ে এতই ব্যস্ত যে অন্য কোনও বিষয়ে ওর পক্ষে চিন্তা করা সম্ভব নয়। সেই জন্য আমি বলছি বিষয়টা নিয়ে মাননীয় অর্থ মন্ত্রী নতুনভাবে চিন্তা ভাবনা করে পরিকল্পনা গ্রহণ করুন। এরপর আমি ডিমান্ড নং ৬৪ হেড অফ অ্যাকাউন্ট ২৫৫১—হিল এরিয়াস সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। আমি এটা এই কারণেই বলছি যে, ট্যুরিজম-এর সঙ্গে হিল এরিয়ার একটা গভীর সম্পর্ক রয়েছে। সুতরাং দুটোকে যুক্ত করে দেখতে আমি অনুরোধ করছি। মাননীয় অর্থমন্ত্রী, আপনি বলেছেন আপনি ওয়েস্ট বেঙ্গল টি ডেভেলপমেন্ট কর্পোরেশনকে ৩০ লক্ষ টাকা দিয়েছেন এবং ১৯৯৩-৯৪ সালের জন্য হিল এরিয়াস-এর বরাদ্দ ছিল ৬০ কোটি ৭৫ লক্ষ ৮ হাজার টাকা। আমি জানতে চাইছি হিলে যে টাকা খরচ হচ্ছে তার হিসাব এখন ঠিকমতো পাচ্ছেন তো? দু বছর আগে মুখ্যমন্ত্রী সহ আপনাদের সকলেরই অভিযোগ ছিল—সুভাষ ঘিসিংকে আপনারা যে খাতে যে টাকাই পাঠান না কেন, সেই টাকা সে কোনও অডিট রিপোর্ট পাঠাচ্ছে না। আমি একবার দার্জিলিং সফরে গিয়ে সুভাষ ঘিসিং-এর কাজে জানতে চেয়েছিলাম, 'রাজ্য সরকার আপনাদের বিরুদ্ধে অভিযোগ করছে, আপনারা তাদের কাছে অডিটেড অ্যাকাউন্ট প্লেস করেন না।' উনি আমাকে তাচ্ছিল্যের সঙ্গে বললেন, আমি কি ইকনমিস্ট যে আমি রোজ রোজ সমস্ত কিছু অডিট করব আর রোজ রোজ রাজ্য সরকারের কাছে অডিট রিপোর্ট পাঠিয়ে তাদের সাটিসফাই করব?

[4-30 — 4-40 P.M.]

রাজ্য সরকার গত বছর কেন্দ্রীয় সরকারের কাছ বিভিন্ন খাতে খরচ হিসাবে ঠিক ঠিকমতোন পাঠাননি। উনি এইরকম একটা অভিযোগ করলেন। যাইহোক, এখন দার্জিলিং শহরে জল কষ্ট তীব্র। মাস দেড়েক আগে আমি দার্জিলিং শহরের সার্কিট হাউসে গিয়ে নোটিশ দেখেছি, কোন কোন সময়ে জল ব্যবহার করা যাবে। অর্থাৎ হিল এরিয়ার জন্য যে টাকা দিয়েছেন ৬০ কোটি ৮৫ লক্ষ টাকা যেটা গত বছরে ১৯৯৩-৯৪ সালে বাজেট বরাদ্দ করলেন এবং তারপর ডব্লু বি টি ডি সিকে আরও যে ৩০ লক্ষ টাকা ধরেছেন, আমি বলছি এ বছর তার খরচের সঠিক হিসাবটা নিতে হবে। এই কাজ ঠিকমতো এগুচ্ছে কিনা হিল ডেভেলপমেন্টের প্রশ্নে সেই ব্যাপারে আপনার থরো নজরদারি রাখতে হবে। কেবলমাত্র কংগ্রেসের সঙ্গে জি এন এল এফদের সঙ্গে গাঁটছড়া ছিন্ন করে দিয়েছি আর আপনাদের ২ জন এম এল কে ছেড়ে দিয়ে কৃতার্থ করেছে বলে তাদের সব মাফ হয়ে যাবে 'এই দৃষ্টান্ত স্থাপন করবেন না। রাজ্য সরকারকে প্রাওরিটি দিয়ে দার্জিলিং-এর কথা বিবেচনা করতে হবে

এবং দার্জিলিং-এর বিষয়ে নিয়ে আমাদের এখানে আপনি অবহিত করুন। এর পরে আসছি, ডিমান্ড নাম্বার ৬১। এখানে অনেকগুলি হেড অফ অ্যাকাউন্টস আছে। মানসবাবু একটি বলেছেন, জগদীশবাবু টোটাল হেড অফ অ্যাকাউন্টের কথা বললেন। আমি পার্টিকুলারলি হেড অফ অ্যাকাউন্ট ৬৮০১, লোন ফর পাওয়ার প্রোজেক্ট, একজেমপ্লারি মেমোরান্ডামে বলেছেন অ্যাডিশনাল প্রভিসন ইজ রিকোয়ার্ড ফর ডিসবার্সমেন্ট অন অ্যাকাউন্ট অফ ও ই সি এফ। আমি জানতে চাইছি, ও ই সি এফ যেটা বলেছেন সেটা কি বক্রেশ্বরের জন্য? জাপানের ও ই সি এফের সঙ্গে কি বক্রেশ্বর হচ্ছে? এই অ্যাডিশনাল প্রভিসন যেটা আপনি করেছেন সেটা কোন সালের জন্য করেছেন? আমি এর পরে আসছি ডিমান্ড নাম্বার ২৭ যেটার হেড অফ অ্যাকাউন্ট ২০৭০। এখানে আছে মেইনটেনান্স অফ গভর্নমেন্ট এয়ারক্রাফ্ট। একটা হেলিকপ্টারের জন্য সাপ্লিমেন্টারি ডিমান্ড চাইছেন ৬০ লক্ষ টাকা। এই হেলিকপ্টার রেখে লাভ কি? একটা হেলিকপ্টার পোষা মানে হচ্ছে হাতির খরচ। এটা কিসের জন্য? বছরে এটা কদিন ব্যবহার হবে? হেলিকপ্টারের যদি প্রয়োজন হয় তাহলে ভাড়া করে নেবেন। আপনি এই ব্যাপারে হিসাব করে দেখেছেন? আপনি একজেমপ্লারি প্রিসিডেন্ট রাখতে পারবেন যদি নন প্ল্যান এক্সপেনডিচারকে কাট করতে পারতেন। আপনি যখন কোনও প্ল্যান আউটলের কথা ভাবেন তখন আপনাকে নন প্ল্যান এক্সপেনডিচার রিডিউসড করতে হবে। সুতরাং এই মেইনটেনান্স অফ এয়ারক্রাফটে যে ৬০ লক্ষ টাকা বরাদ্দ আছে এটা যাতে কমানো যায় তা দেখবেন। এর পরে রোড ট্রান্সপোর্টের ক্ষেত্রে আসছি। আপনি ক্যালকাটা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশনকে সাবসিডি হিসাবে সাপ্লিমেন্টারি গ্রান্ট দিচ্ছেন ৫ কোটি ৯৩ লক্ষ টাকা। ইকনমিক রিভিউতে দেখলাম, গভর্নমেন্টের যে সেক্টরগুলি যেগুলি লসে রান করছে, যেমন, সি এস টি সি, এন বি এস টি সি, সি টি সি এগুলির ক্ষেত্রে সব এন এ লেখা কেন? লজ্জা ঢাকতে কি লেখা হয়েছে? ইয়ারলি লস কত সেগুলি জানাতে দ্বিধা কেন? ইকনমিক রিভিউতে এটা সম্পূর্ণভাবে চেপে গেছেন, এটা ঠিক হয়নি। ডে টু ডে হিসাব থাকার কথা। নিশ্চয়ই আমরা এই ব্যাপারে দাবি করতে পারি, কেন হিসাব নেই? কেন এন এ লেখা থাকবে? এইরকম গুরুত্বপূর্ণ জায়গা আমরা মেনে নিতে রাজি নই। টোটাল হিসাব আমরা পেতে চাই। আমরা এর জন্য বলতে চাই আপনাদের রাজ্য সরকার যেটা চালাচ্ছেন সেটা টোটাল একটা অ্যাডহক অ্যারেঞ্জমেন্টের মধ্যে দিয়ে চলছে এবং একটা আমলা নির্ভরশীল প্রশাসনে পরিণত হয়েছে একটা ফারসাইটনেস নিয়ে। একটা ম্যানেজেরিয়াল এফিসিয়েন্সির অভাব দেখা দিয়েছে এই সরকার পরিচালনার ক্ষেত্রে এবং ওয়ার্ক কালচার প্রোডাকটিভিটি, প্রফিটেবিলিটি যে তিনটি কথা বাজেটে বলেছেন এর জবাব আমরা শুনতে পাইনি, এই তিনটির কথা বাদ দিয়ে গোটা রাজ্যের শিল্প উন্নয়ন, অর্থনৈতিক উন্নয়ন হতে পারে না। যে তিনটি কথা আপনার বাজেটে কোথাও ছিল না, তার জন্য সাপ্লিমেন্টারি বাজেট আনার প্রশ্ন আসে না। অতিরিক্ত ব্যয় বরাদ্দ এটা কখনই প্রযোজ্য নয়, সেজন্য আমি এর বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 — 4-50 P.M.]

**শ্রী নির্মল দাস ঃ** স্যার, আমি প্রথমেই মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি গ্রান্টস ১৯৯৩-৯৪ চেয়ে এখানে যে বক্তব্য রেখেছেন, যা প্লেস করেছেন আমি তাকে সমর্থন করছি।

আমার ভাল লাগল যে মাননীয় সুদীপবাবু অকপটে স্বীকার করলেন যে কেন্দ্র চালিত কাশ্মীরে এখন টাল-মাটাল অবস্থা এবং সেখানে এখন ট্যুরিজম ডেভেলপমেন্টের বারটা বেজে গেছে। ডেভেলপমেন্টের কিছু কিছু ক্ষেত্র চিহ্নিত করা দরকার। টাকা না চাওয়ার দরুন তারা মানসিক ভাবে দুঃখিত হয়েছেন। ভাল কথা, কথাটা হচ্ছে তারা তাই বিরোধিতা করছেন আবার বাইরেতে দ্বিমত প্রকাশ করে বলছেন এই প্ল্যান রাখা উচিত ছিল। এখানে মাননীয় মানস বাবু দীর্ঘ বক্তৃতা দিলেন শুনলাম, আমি অনুরোধ করব এখানে এক্সপ্ল্যানেটরি মেমোরান্ডাম যেগুলি আছে সেগুলি যদি না পড়ে থাকেন তাহলে পড়বেন। আমি অবাক হয়ে যাচ্ছি শিশুদের এবং মায়েদের জন্য রাজ্য সরকারের মাননীয় অর্থমন্ত্রী নিউট্রিশন প্রোগ্রামের যে সমস্ত কর্মসূচি সফল করার জন্য টাকা চেয়েছেন, আপনারা তার বিরোধিতা করছেন এবং আমি মনে করি আপনারা সকলেই জানেন আজকে নিশ্চয়ই একটা ওয়েলফেয়ার স্টেট, পশ্চিমবঙ্গের মতো একটা রাজ্য, যে রাজ্যে আমাদের ভারতবর্ষের মতো এক কেন্দ্রীক ফেডারেলের নামে একটা এক কেন্দ্রীক শাসন ব্যবস্থার মধ্যে আমরা আছি। সেখানে আমাদের সাংবিধানিক ব্যবস্থাপনা সেই ব্যবস্থাপনায় প্রকৃতপক্ষে উন্নয়ন করা খুব বিপদ। সেখানে আলোচনা হয়েছে যে ৬ হাজার কোটি টাকা নিংড়ে নিচ্ছে, ৬ হাজার কোটি টাকা নিংড়ে নিচ্ছে কিন্তু তার অর্দ্ধেকে টাকাও রাজ্য সরকার পাচ্ছে না। এর জন্য আমরা নিশ্চয়ই আনন্দিত নই এবং পশ্চিমবঙ্গবাসী এতে নিশ্চয়ই আনন্দিত নয়। যে পদ্ধতিতে অগ্রগতি হওয়া উচিত ছিল সেভাবে রাজ্যের অগ্রগতি নিশ্চয়ই হচ্ছে না, কারণটা কি? রাজ্যে, পশ্চিমবঙ্গের সাধারণ মানুষের তো কয়লা ক্রয় করতেই হয় তাছাড়া পশ্চিমবঙ্গ সরকারের প্রতি মাসে এক কোটি টাকার কয়লা প্রয়োজন হয়। তারা তাদের পাওনা চাইছেন, সেই পাওনা চাইতে গেলেই বিরোধ দেখা দেয়। উল্টোপাল্টা কথা চলে আসে। তার মানে হচ্ছে রাজ্য সরকার উন্নয়ন মূলক কাজগুলি যাতে না করতে পারেন তার জন্য নানা কায়দায় সাবোটেজ করার চেষ্টা করছেন। ঐ পুলিশ বাহিনীর জন্য সাপ্লিমেন্টারি টাকা চাওয়া হয়েছে, তার বিরোধিতা করছেন পুলিশের জন্য সাপ্লিমেন্টারি চাইতে হয়েছে তার কারণ আছে, বেশিরভাগ আপনাদের একদলীয় কোন্দল ফ্রাকশনের ব্যাপারগুলির মীমাংসা করতে, পুলিশি ব্যবস্থা আধুনিকীকরণ অস্ত্র, শান্ত শাসন ব্যবস্থার জন্য দরকার। এদিকে নেপাল, ভুটান, অন্যান্য রাজে আসামে উগ্রপন্থী ঢুকিয়ে দিয়েছেন, সেখানে আজকে অনুপ্রবেশ ঘটছে, সেই সব সম্ভবত কারণ মোকাবিলার জন্যই পুলিশ বাহিনীর আধুনিকীকরণ দরকার। পুলিশের জন্য, তাদের বাসস্থান, অন্যান্য সুযোগ সুবিধা সেগুলির কথা বলা হয়েছে এবং আমি মাননীয় অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাব দেরিতে হলেও কেন্দ্রীয় হারে মহার্ঘভাতার কথা তিনি ঘোষণা করেছেন এবং আজকে তা কাছাকাছি চলে গেছে। আর একটি কিস্তি দিলেই কেন্দ্রের সমান হবে, কিন্তু সেটা দিতে গেলে টাকার দায়িত্ব কার? মহার্ঘভাতা দেবার দায়িত্ব কার যেখানে প্রতিনিয়ত জিনিসপত্রের দাম বাড়িয়ে চলেছেন কেন্দ্রীয় সরকার? যখন ক্ষমতায় এলেন তখন আপনারা বলেছিলেন যে, ১০০ দিনের মধ্যে জিনিসপত্রের দাম কমবে, প্রতি ঘরে ঘরে একজনকে চাকরি দেবেন এবং দেশের সুস্থিতি নিয়ে আসবেন। আজকে আমেরিকান সাম্রাজ্যবাদীদের এখানে অবাধে লুণ্ঠনের জন্য আহ্বান করছেন। রবীন্দ্রনাথ তাই বলেছিলেন—

এখন প্রধানমন্ত্রী নরসিমা রাও এবং অর্থমন্ত্রী মনমোহন সিং এর সৌজন্যে সাম্রাজবাদী

দানবরা লুঠেপুটে খাচ্ছে, কাশ্মীরকে আজকে উপঢৌকন দেবার চেষ্টা করছেন। আজকে পশ্চিমবঙ্গ বিকল্প অর্থনীতির যে কথা বলছে সেদিকে যদি এগোতে হয় তাহলে সাপ্লিমেন্টারি বাজেটের বিরোধিতার কোনও অবকাশ নেই। ডঃ অসীম দাশগুপ্ত ঠিকই বলেছেন যে, তার সাপ্লিমেন্টারি বাজেট চাইবার অধিকার আছে। এটা সত্যি যে, কোনও কোনও হাসপাতালে এ আর ভি ইত্যাদি পাওয়া যায় না। কিন্তু এর কারণটা কি? জলপাইগুড়ি গেলে টি এ ডি এ পাওয়া যায় না বলে আশপাশের অনেক কর্মচারিই সেখানে ওষুধ আনতে যেতে চান না এবং তারজন্য অনেককে সাফার করতে হচ্ছে যেমন আলিপুরদুয়ার হসপিটাল। আমি অনুরোধ করব, আলিপুরদুয়ার মহকুমা হাসপাতালের কর্মচারিদের এমপাওয়ার্ড করুন যাতে তারা এখান থেকে সরাসরি ওষুধ নিতে পারেন। আজকে ওষুধ অপ্রতুল নয়, কিন্তু মানুষ সেটা পাচ্ছেন না। কাজেই বিষয়টা দেখতে হবে। আমি আশ্চর্য হয়ে যাই যে, কি করে এই বাজেটের বিরোধিতা করলেন ওরা। কেন্দ্রীয় সরকার উত্তরবঙ্গে বন্যা হবার পর একটা স্টাডি টিম পাঠিয়েছিলেন, তারা সেখানে দেখেশুনে ফিরেও গেলেন, কিন্তু আজ পর্যন্ত এক পয়সাও আমরা সাহায্য পেলাম না। কিন্তু মহারাষ্ট্রের লাটুরে ভূমিকম্প হবার পর সেখানে আগাম ৩০ কোটি টাকা দেওয়া হল ৫০ কোটি টাকা দেওয়া হল প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে। এর আমরা বিরোধিতা করছি না, কিন্তু উত্তরবঙ্গের বিধ্বংসী বন্যায় যেখানে ২০ লক্ষ মানুষ ক্ষতিগ্রস্ত হলেন সেখানে এক পয়সাও দেওয়া হলনা। কেন্দ্রের এই বিমাতৃসুলভ আচরণের আমরা তীব্র বিরোধিতা করছি। আজকে সেখানে ফ্লাড রেস্টোরেশনের কিছু কাজ শুরু হয়েছে এবং তারজন্য টাকা দরকার, কিন্তু সেই অতিরিক্ত ব্যয় বরাদ্দের ওরা বিরোধিতা করছেন। এরজন্য পশ্চিমবঙ্গের মানুষ, বিশেষ করে উত্তরবঙ্গের মানুষ ওদের কখনও ক্ষমা করবেন না, ফলে উত্তরবঙ্গ থেকে ওরা সম্পূর্ণভাবে নিশ্চিহ্ন হয়ে যাবেন। বন্যার পর রেস্টোরেশন কাজের জন্য, পূর্ত দপ্তরের মাধ্যমে রাস্তাঘাট নির্মাণের জন্য যে টাকা চাওয়া হচ্ছে তার ওরা বিরোধিতা করছেন, তাই কংগ্রেসিদের কোনও ক্ষমা নেই। এরপর আপনাদের অনুবিক্ষণ যন্ত্র দিয়ে পশ্চিমবঙ্গের মানুষ দেখবেন। আশ্চর্য হয়ে যাচ্ছি আমরা, কেন্দ্রীয় সরকার বলছেন যে, টাকার প্রভিসন কোথায়। আজকে মনমোহন সিং পুঁজিবাদীদের জন্য যেভাবে দরজা-জানলা খুলে ডাঙ্কেল প্রস্তাব এবং গ্যাট চুক্তির মাধ্যমে আজকে যেভাবে আন্তর্জাতিক পুঁজিবাদকে আহ্বান জানানো হচ্ছে তারই জন্য আজকে রাজ্য সরকারগুলি ঠিকভাবে চলতে পারছেন না। এরজন্য আপনাদের পেটোয়া অর্থনীতি দায়ী। আপনারা এখান থেকে পাট, চা, তামাক কোটি কোটি টাকা লুণ্ঠন করেন, কিন্তু রাজ্যকে কিছুই দেন না। আজকে কেন্দ্রীয় সরকারের পুঁজিবাদের পদলেহন করা ছাড়া উপায় নেই। আপনারা সেকথা বলতে পারবেন না, বললে আপনাদের চাকুরি চলে যাবে। সেজন্য পশ্চিমবঙ্গ সরকারকে সোচ্চার হয়ে বলতে হচ্ছে। আমরা জানি অন্ধ্রে সেচের জন্য যে পরিমাণ অর্থ খরচ করা হয়, সেই তুলনায় পশ্চিমবঙ্গে সেচের জন্য অনেক কম খরচ করা হয়। আমরা দেখেছি যে তিস্তা প্রকল্প, ভাকরা নাঙ্গাল এবং নাগার্জুন সাগর একই প্রকল্প একই সাথে শুরু হয়েছিল। ভাকরা নাঙ্গাল প্রকল্প এবং নাগার্জুন সাগর প্রকল্প শেষ করা হল, কিন্তু তিস্তা প্রকল্প টাকার অভাবের জন্য এখনও শেষ হল না। এই আন্দোলন শুরু হয়েছে। নিজেদের অস্তিত্ব বিপন্ন দেখে কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রী প্রণব মুখার্জি বলেছেন যে না, না, আমরা সাহায্য করব। যখন সব কিছু শেষ হয়ে যাচ্ছে তখন সাহায্য করতে এগিয়ে আসছেন। আজকে শিক্ষকদের পেনশনের কথায় বলা হয়েছে যে তাদের

পেনশনের প্রভিসন রাখা হয়েছে। এখানে শিক্ষা মন্ত্রী আছেন। আপনারা বলছেন যে, রাইটার্স বিল্ডিংএ বসে পশ্চিমবঙ্গ শাসন করবেন না। আজকে হাজার হাজার শিক্ষক পেনশন থেকে বঞ্চিত হয়ে আছে। আমি স্পেসিফিক প্রস্তাব আপনার কাছে রাখছি যে প্রতিটি জেলায় এই পেনশন দেবার ব্যবস্থা করুন। অন্য সব কিছু যদি জেলান্তরে হতে পারে, কর্মচারিদের মাহিনা যদি জেলান্তরে হতে পারে, পেমেন্ট যদি হতে পারে তাহলে শিক্ষকদের পেনশন কেন দেওয়া যাবে না? পশ্চিমবঙ্গে বামফ্রন্ট বিধানসভায় বলেছিলেন যে শিক্ষকরা সময় মতো তাদের পেনশন পাবেন। আজকে শিক্ষকদের এই বঞ্চনার হাত থেকে রক্ষা করার জন্য আপনি পদক্ষেপ গ্রহণ করবেন। আমরা জানি কংগ্রেস আমলে কোনও শিক্ষক পেনশন পান নি তারা মার খেয়েছেন। আপনাদের সময়ে শিক্ষাক্ষেত্র চূড়ান্ত অরাজকতা ছিল ১৯৭২ সালে কিভাবে গ্রাজুয়েট হয়েছে, ১৯৭৫ সালে কিভাবে পোস্ট গ্রাজুয়েট হয়েছে সে সব কথা আমরা জানি। আজকে পরিবর্তিত পরিস্থিতিতে যদি পশ্চিমবঙ্গকে এগিয়ে নিয়ে যেতে হয় তাহলে রেভিনিউ আদায়ের জায়গা নিশ্চিত করতে হবে আজকে রুর‍্যাল ডেভেলপমেন্টকে সুনিশ্চিত করতে হবে। প্রতিটি দপ্তরকে স্বয়ংশাসিত দপ্তরে পরিণত করতে হবে। আজকে প্রশ্ন উঠেছে যে রুরাল ডেভেলপমেন্টের। আমরা দেখছি যে অর্থ দপ্তর ছাড়া অন্য দপ্তরের আর্থিক অনটন তীব্র। সেজন্য প্ল্যান বাজেট থেকে টাকা দেওয়া হয় না, নানা অসুবিধা আছে। আমি অনুরোধ করব যে সমস্ত দপ্তরকে স্বয়ংশাসিত দপ্তরে পরিণত করা হোক। আজকে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগ আছে, চেষ্টা আছে এবং স্বাস্থ্য দপ্তরের যে পরিকাঠামো আছে সেটা গোটা ভারতবর্ষেও নেই। কিন্তু স্বাস্থ্য দপ্তর চলার ব্যাপারে আপনারা শেষ করে দিয়েছেন। গ্যাট এবং ডাঙ্কেল চুক্তির ফলে পরিসেবা বন্ধ করে দেবার চেষ্টা করা হয়েছে। আপনারা প্রশাসনিক নির্দেশে সমস্ত জিনিসের দাম বাড়িয়ে দিচ্ছেন। আপনারা বলছেন যে রেশনে এখন কেউ জিনিস কেনে না। খোলা বাজারে জিনিসের যে দাম, রেশনেও সেই দাম। সুতরাং খোলা বাজার থেকে সমস্ত কিছু কেনা হবে। আপনারা লুন্ঠনের ব্যবস্থা করেছেন। কাজেই কংগ্রেস দল এই সাপ্লিমেন্টারি বাজেটের যে বিরোধিতা করেছেন, সেটা সঙ্গত কারণে করেছে। তারা শ্রেণী স্বার্থে, সাম্রাজ্যবাদীদের স্বার্থে, ধনী মানুষের স্বার্থেই এটা করেছেন। সেজন্য পশ্চিমবঙ্গের অর্থ মন্ত্রী যে প্রস্তাব এনেছেন, তাকে শুধু সমর্থন করছি না, তাকে এগিয়ে নিয়ে যাবার জন্য নানা ক্ষেত্রে চিহ্নিত করা দরকার। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করব যে আপনি জলের ব্যবস্থা করুন অবিলম্বে চালু করুন, আমরা দেখেছি যে একটা ইটও পড়েনি। আপনি এটাকে কার্যকর করুন। এই কথা বলে আপনি যে সাপ্লিমেন্টারি বাজেট এখানে উত্থাপন করেছেন, তাকে সমর্থন করে, আমার বক্তব্য শেষ করছি।

[4-50 — 5-00 P.M.]

**শ্রী আব্দুল মান্নান ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থ মন্ত্রী ১৯৯৪-৯৫ সালের জন্য ৪০১ কোটি ৪৫ লক্ষ টাকা যে দাবি পেশ করেছেন, আমি তার বিরোধিতা করছি। একটু আগে আমাদের মাননীয় সদস্য সুদীপবাবু বক্তব্য রাখতে গিয়ে বললেন গত বারে পন্ডিত অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত মহাশয় তার পান্ডিত্য জাহির করবার জন্য বলেছিলেন সাপ্লিমেন্টারি গ্রান্ট আমরা বুঝি না, সাপ্লিমেন্টারি বাজেট মানে টোটাল বাজেটকে একসিড করা নয়, আমরা জানি যে এক্সেস এক্সপেন্ডিচার যেটা হবে সেটা সমস্ত বছরের হিসাব করে নিয়ে

পরে সেটা বিধানসভায় পাস করাতে হয় এবং পাস করাতেই হবে। মাননীয় মন্ত্রী মহাশয় যে সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন, সাপ্লিমেন্টারি ডিমান্ড পেশ করেছেন আমরা দেখলাম ৬৮টি ডিমান্ড এরমধ্যে আছে। মোট ৯৯টি ডিমান্ডের মধ্যে ৬৮টি ডিমান্ড আছে এবং ৪২২ কোটি ১৫ লক্ষ ৪ হাজার ৪২২ টাকার দাবির পেশ করেছেন। সুদীপবাবু স্বাভাবিক ভাবে জানতে চেয়েছিলেন এই যে ৪০১ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার টাকার উনি যে দাবি পেশ করেছেন এই টাকা কোথা থেকে আসছে? এটা বলে দিলে ভাল হয়। উনি অ্যাডজাস্টমেন্টের কথা বলেছেন। অন্যান্য ডিপার্টমেন্টের টাকা কমিয়ে কয়েকটি ডিপার্টমেন্টের টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে। আমি বই থেকে যেটা দেখলাম তা হল ৬৮টি ডিমান্ডে টাকা বাড়ানো হয়েছে এবং বাকি ৩১টি ডিমান্ডের টাকা কমানো হয়েছে কিম্বা একই রাখা হয়েছে। কোন কোন ডিমান্ডে টাকা বেশি ব্যয় করা হয় নি? শিক্ষা খাতে অতিরিক্ত ব্যয়ের কথা বলা নেই, স্পোর্টস মিনিষ্ট্রি খাতে অতিরিক্ত ব্যয়ের কথা বলা নেই, শিডিউল কাস্ট অ্যান্ড শিডিউল ট্রাইব দপ্তরের জন্য অতিরিক্ত ব্যয়ের কথা বলা নেই। আমাদের পন্ডিত অর্থমন্ত্রী যে কথা বলেছেন তা থেকে আমরা ধরে নিচ্ছি অ্যাডজাস্টমেন্ট করতে গিয়ে শিক্ষা খাতে যেহেতু সাপ্লিমেন্টারি বাজেট দরকার হয় নি, ৪০১ কোটি ৪৫ লক্ষ ৪৫ হাজার যখন কাটতে হয়েছে তখন শিক্ষা বাজেট থেকে কাটতে হয়েছে তফসিলি জাতি এবং উপজাতি ভুক্ত মানুষের উন্নয়নের জন্য যে বাজেট সেই বাজেট থেকে টাকা কাটতে হয়েছে। আমি সরকার পক্ষের মাননীয় সাংস্যদের বক্তব্য শুনলাম, তারা সাপ্লিমেন্টারি বাজেটের উপর আলোচনা করতে গিয়ে বললেন ডাঙ্কেল প্রস্তাবের জন্য এই অবস্থা হয়েছে। আপনারা কি কিছু বোঝেন না নাকি? ১৯৯৩-৯৪ সালের বাজেট-এর মধ্যে তো ডাঙ্কেল প্রস্তাব আসেনি, ১৯৯৪-৯৫ সালের বাজেট এলে বোঝা যায় কি হয়েছে। আপনারা যুক্তি দিয়ে বোঝাবার চেষ্টা করলেন ডাঙ্কেল প্রস্তাবের জন্য নাকি অতিরিক্ত ব্যয় করতে হয়েছে!

**(এ ভয়েস ঃ এই ডাঙ্কেল প্রস্তাবের পর আপনাদের এখানে দূরবীন নিয়ে দেখতে হবে)**

নির্মলবাবু একটা জিনিস মনে রাখবেন একটা টেবিলের ৪টি পায়া লাগে, তিনটি পায়ে দাঁড়িয়ে থাকতে পারে না। আপনাদের দলের দিকে তাকাতে লজ্জা লাগে, আপনারা কেবল চিৎকার করে নিজেদের অস্তিত্ব বজায় রাখার চেষ্টা করছেন। আমাদের দূরবীন নিয়ে দেখতে হবে না, আপনাদের দলে তো ৪টি মেম্বার নেই। আপনারা এই সব কথা বলবেন না। আমাদের মাইক্রোস্কোপিক পার্টি বলবেন না। যাই হোক পুলিশ খাতে আপনারা ৪০ কোটি ১২ লক্ষ ৭৮ হাজার টাকার সাপ্লিমেন্টারি বাজেট পেশ করেছেন। এই ৪০ কোটি টাকা যদি শিক্ষা থেকে কেটে নেওয়া হয় তাহলে শিক্ষার উন্নয়ন কি হবে? এই টাকা যদি শিডিউল কাস্ট অ্যান্ড শিডিউল ট্রাইব ডিপার্টমেন্ট থেকে কেটে নেওয়া হয় তাহলে তার উন্নয়ন হবে কোথা থেকে? শিক্ষা খাতে বাজেট কমছে আর পুলিশ খাতে বাজেট বাড়ছে। কোন পুলিশের খাতে টাকা বাড়ছে? যে পুলিশ পশ্চিমবাংলার নারীদের সম্মান, নারীর ইজ্জত রক্ষা করতে পারে না। শুধু তাই নয় এখানে পুলিশের হাতে নারীরা নিগৃহীতা হচ্ছে। স্পেসিফিক কেস আমি বলতে পারি, সাপ্লিমেন্টারি বাজেটে আমি বলতে চাই না। সিঙ্গুর থানায় কি হয়েছিল সেটা আমি বলতে চাই না, কাশীপুর-ফুলবাগানে কি হয়েছিল সেটা বলতে চাই না, নেহেরবানু

ঘটনার কথা আমি বলতে চাই না, পুলিশ চেম্বারের মধ্যে রেপ করেছে এই সমস্ত ঘটনা আমি বলতে চাই না। অতীতে যে জিনিস ঘটেনি অ্যাসেম্বলিতে একজন ও সি তার সহকারী পুলিশ অফিসারকে টিজ করল। পুলিশ আর নতুন করে কোনও কলঙ্কজনক অধ্যায় রচনা করতে পারবে না। এই সমস্ত তো বাস্তব সত্য কথা। আজকে যে পুলিশের বাজেট বরাদ্দ বেড়ে যাচ্ছে সেই পুলিশের হাতে পশ্চিমবাংলার নারীরা নিরাপত্তা অভাব বোধ করছে। পশ্চিমবাংলার গর্ব ছিল, এখানে নারীরা পুলিশের আশ্রয় নিত, আজকে সেই পুলিশ নারীদের ইজ্জত লুণ্ঠন করছে।

আজকে সেই পুলিশের জন্য আপনাদের সরকার টাকা বাড়িয়েছেন, ৪০ কোটি টাকা বাড়িয়েছেন। কাটছেন কোথা থেকে? কাটছেন শিক্ষাখাত থেকে, এস সি, এস টি-র বাজেট থেকে। আমরা সেটাকে কি করে সমর্থন করতে পারি। সেই কারণে আমরা এটাকে সমর্থন করতে পারি না। আপনি এটা বাড়াতে গিয়ে মন্ত্রীদের ২২ লক্ষ টাকা বাড়িয়ে দিলেন। মন্ত্রীদের মাইনে ইত্যাদি বাড়াচ্ছেন, তাদের ট্রাভেলিং খরচ দিতে বাড়াচ্ছেন। পশ্চিমবাংলার মানুষ এই টাকা দিতে কুণ্ঠাবোধ করবে না, তারা শুখা রুটি খেয়ে আপনাদের এই খরচের টাকা দিতে রাজি হত যদি বেকার ছেলেদের মুখে আপনারা হাসি ফোটাতে পারতেন। আপনাদের জন্য তাহলে তারা ২২ লক্ষ টাকা দিতে রাজি থাকতো, পশ্চিমবাংলার মানুষ আপনাদের না খেয়েও টাকা দিত। আমরা যদি দেখতে পেতাম যে পশ্চিমবাংলার মানুষকে মন্ত্রীরা সম্মান দেন তাহলে বাড়তি টাকা দিতে তারা রাজি থাকত। আমরা সেখানে কি দেখছি? আমরা দেখছি যে, পুলিশের হাতে ধর্ষিতা নারীকে পাঁচশো টাকা দিয়ে তারা কিনতে চান। সেই মন্ত্রীদের ২২ লক্ষ অতিরিক্ত টাকা দেওয়ার কি প্রয়োজন আছে? মন্ত্রীরা কোনও কাজ করেন না। পশ্চিমবাংলায় বন্ধ্যা রাজনীতি চলছে। পশ্চিমবাংলার উন্নয়নকে স্তব্ধ করে দিতে চলছে। আজকে এই ব্যয় বরাদ্দ বাড়াতে গিয়ে যেটা করেছেন, ৬৮টি ডিমান্ডের মধ্যে একমাত্র ডিমান্ড পুলিশের জন্য বেশি টাকা দিয়েছেন। রোড ট্রান্সপোর্টকে কোনও টাকা দেন নি। উত্তরবঙ্গের একজন সদস্য এখানে যা বলছিলেন তাতে একটা কথা মনে পড়ে যাচ্ছে। আরশুলা নিজেদের পাখী বলে দাবি করলে যেমন লাগে ওরা নিজেদের পাখি বলে দাবি করলে হাসি লাগে। উত্তরবঙ্গের জন্য কি করেছেন সেটা ৭৭ পাতায় দেখলে বুঝতে পারবেন। একটা টাকাও, নর্থ বেঙ্গল রিভার কমিশনের জন্য শুধু দিয়েছেন ১ কোটি ১৯ লক্ষ টাকা, এছাড়া কিছু দেওয়া হয়নি। এই টাকা দিয়ে কি উত্তরবঙ্গের বিরাট সমস্যার সমাধান করা যাবে? আমরা বলি যে, পুলিশের টাকা, মন্ত্রীদের খরচ কেটে দিয়ে বাড়িয়ে দিন রোডস এবং ব্রিজের জন্য। ক্যাপিটাল আউটলে অন রোডস অ্যান্ড ব্রিজেস খাতে ৩ কোটি ৬ লক্ষ ১৩ হাজার টাকা বাড়িয়েছেন। আমরা যদি হিসাবটা একটু আলাদা আলাদা ভাবে করি তাহলে দেখব যে ডিস্ট্রিক্টের মধ্যে যে স্টেট হাইওয়েগুলো আছে, সেখানে কিছু বাড়াবার কথা বলেছেন, সেখানে অতিরিক্ত কিছু টাকা দেওয়ার কথা আপনি বলেছেন। কিন্তু ডিস্ট্রিক্টের মধ্যে আরও যেসব রাস্তা রয়েছে, যেগুলো স্টেট হাইওয়ে নয়, সেগুলো সম্বন্ধে আপনি কিছু বলেন নি। গ্রামবাংলায় স্টেট হাইওয়ে কতগুলো আছে? আপনি সেখানে সিংগল রাস্তা যেগুলো আছে, সেগুলোর কথা কিছু বলেন নি। আপনি ডেভেলপমেন্ট অব স্টেট রোডস সম্বন্ধে চার্জড যেটা সেটা বলেছেন, আর ডেভেলপমেন্ট অ- স্টেট রোডস সম্বন্ধে বলেছেন ১ কোটি ৮৬ লক্ষ ১৩ হাজার টাকা।

কিন্তু ডিস্ট্রিক্ট অ্যান্ড আদার রোডস সম্বন্ধে কিছু বলেন নি, ডেভেলপমেন্ট অব স্টেট রোডস এর স্টেট প্ল্যান অ্যানুয়াল প্ল্যানে বলেছেন, এম এন পি-তে ৯০ লক্ষ বলেছেন। কিন্তু ডিস্ট্রিক্ট রোডস সম্বন্ধে কিছু বলেন নি রুলাল রোডগুলোর কথা কিছু বলা নেই। গ্রামবাংলার রোডস-এর কথা কিছু আপনি বলেন নি। সেন্ট্রাল গভর্নমেন্ট সি পি ডব্লু ডি ন্যাশনাল হাইওয়ের জন্য যে টাকা দেন সেই টাকা দিয়ে আপনারা মাইনে দেন অথচ রাস্তাগুলো করতে পারছেন না। অতিরিক্ত টাকা দরকার, বাড়তি নিশ্চয়ই দেবেন। কিন্তু যেখানে টাকা দিতে যাচ্ছেন সেখানে কতটা কাজ হল সেটা একবার চিন্তা করবেন না? এখানে স্বাস্থ্যমন্ত্রী আছেন। তিনি বাইরে গিয়ে এক রকম কথা বলেন, আর এখানে আর এক রকম কথা বলেন। এই প্রসঙ্গে আমার একটা কথা মনে পড়ছে—গোয়ালা নিজের দইকে কখনও টক বলে না। আমাদের স্বাস্থ্যমন্ত্রী বাইরে দাঁড়িয়ে দই টক বলে মানুষকে বলেন। হাসপাতালগুলোতে বেড প্যান নেই, ক্লাশ ফোর স্টাফ নেই, ডাক্তারদের ডাকাত বলে বাইরে ঘোষণা করে আসেন আমাদের স্বাস্থ্যমন্ত্রী। বাইরে গিয়ে মানুষের কথা বলে আসবেন, আর এখানে টাকা নেওয়ার জন্য এইসব কথা বলবেন—স্বাস্থ্য দপ্তরের এত উন্নতি করেছেন, স্বাস্থ্য দপ্তরকে বৈজ্ঞানিক ব্যাখ্যা দিয়ে নানা কথা বলবেন?

[5-00 — 5-10 P.M.]

আজকে স্বাস্থ্যমন্ত্রী চলে গেলেন উনি থাকলে ভাল হত, ওনাকে নিয়ে গ্রামবাংলার হাসপাতালগুলো ঘুরতাম। এখন গরম পড়েছে পুরুলিয়া হাসপাতালে সাপে কাটার ইনজেকশন নেই। আমি দায়িত্ব নিয়ে বলতে পারি যে ৪টি হাসপাতালের কোথাও এই ওষুধ নেই। মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এসেছেন, আমি ওনাকে দায়িত্ব নিয়ে বলতে পারি যে, কোথাও সাপে কাটার ওষুধ নেই, উনি যদি দেখাতে পারেন আছে তাহলে আর ওনার সমালোচনা না করে নত মস্তকে স্বীকার করে নেব। আজকে হাসপাতালগুলোর চিকিৎসার কোনও ব্যবস্থা নেই, সুতরাং মাননীয় মন্ত্রী কি করে টাকার দাবি করবেন? তারপরে পরীক্ষা নিয়ে যে কি চলছে তা নিয়ে তো কোয়েশ্চেন আওয়ার সাসপেন্ড করে দিয়ে পরীক্ষার ব্যাপারে বলতে দেওয়া হয়েছিল। অমি আর ওই ব্যাপারে এলাবরেটলি বলছি না, আমি শুধু বলছি আজকে শিক্ষা ব্যবস্থা এমন একটা জায়গায় পৌছেছে যে এতে কোনও উন্নতির কিছু হচ্ছে না, সুতরাং শিক্ষা খাতে বরাদ্দ বাড়িয়ে কি করবেন। তারপরে এই শিক্ষা ব্যবস্থা এমন একটা জায়গায় পৌছেছে যে, যে অপরাধী, মধ্যশিক্ষা পর্ষদের তিনি সব কিছুতে সবচেয়ে বড় অপরাধী, তাকে দিয়েই তদন্ত করতে দিলেন। এ যেন বিড়ালকে দুধ দিয়ে তাকেই পাহারা দিতে বলা। তাহলে পরে এই দুধের রক্ষণাবেক্ষণ হবে কি করে। ঠিক সেইরকম মধ্যশিক্ষা পর্ষদের যিনি সর্বেসর্বা তাকে দিয়েই তদন্ত করতে দেওয়া হয়েছে। সুতরাং এই তো আপনাদের অবস্থা, আপনাদের দেখলে মনে হয় ভারতবর্ষের এই পার্লামেন্ট এই হাউসের মধ্যে সীমাবদ্ধ। দিল্লির সরকারের যারা এসেছেন তারা মিলিটারি কুপ করে আসেনি, আর্মির দৌলতে আসেনি ক্ষমতায়, নিজেদের ক্ষমতায় এসেছে। আপনাদের কান্ডকারখানা দেখলে বিবেকানন্দের কুয়োর ব্যাঙ গল্পটার কথা মনে পড়ছে। আপনারা কুয়োটাকে সমুদ্র মনে করছে, ওখান থেকে উঠে এসে বাইরের জগতটা একটু দেখুন। পশ্চিমবঙ্গের ৭ কোটি মানুষের প্রতিনিধি হয়ে আছেন আপনারা আর দিল্লির কেন্দ্রীয় সরকার ৯০ কোটি মানুষের প্রতিনিধি হয়ে আছে এবং বারে বারে ভোটে

জিতে এই কংগ্রেস সরকার এসেছে। ভারতবর্ষে যে ১০ লোকসভার নির্বাচন হয়েছে তারমধ্যে ২টি বাদ দিয়ে সবগুলোতেই আমরা জিতেছি। এই দুটিতেই আপনারা ক্ষমতায় বসে ছিলেন। আপনাদের বন্ধু বি জে পি-র অটলবিহারী বাজপেয়ীর সঙ্গে হাত মিলিয়ে ভি পি সিংয়ের সরকার গঠন করেছিলেন। কিন্তু তাও বেশি দিন টেকেনি। আপনাদের বন্ধুরা মিলে ৫ বছরও সরকার চালাতে পারেন নি। আবার কংগ্রেস সরকারে এসেছে। আপনারা খালি কেন্দ্রের বিরুদ্ধে সমালোচনা করেন, আপনারা কতটুকু কাজ করেছেন সেটা বলুন। সেচ ব্যবস্থার কথা তো বাদই দিলাম, আপনারা পুলিশ খাতে ছাড়া আর অন্য কোনও খাতে ঠিকমতো খরচ করতে পেরেছেন? আপনারা পুলিশ খাতে বাজেট ক্রমশই বাড়িয়ে যাচ্ছেন। চাষের দিক থেকে শিক্ষা বলুন সর্ব ক্ষেত্রেই আপনারা ক্রমশ পিছিয়ে যাচ্ছেন। এর উপরেও আপনারা গলা বাড়িয়ে বললেন যে আমরা খুব উন্নতি করেছি।

মাননীয় মন্ত্রী মহাশয় এখানে কতকগুলি জিনিস এনেছেন, সেই ব্যাপারে আমরা কতকগুলি কথা তার কাছ থেকে জানাতে চাইব। সবক্ষেত্রেই দেখা যাচ্ছে অতিরিক্ত যা খরচ হচ্ছে অর্থাৎ সরকারি কর্মচারিদের মাহিনা দিতে খরচ বেড়ে যাচ্ছে। বাজেটে প্ল্যানের টাকা কেটে দিয়েছেন কান্তিবাবু পেনশনের জন্য একটা শিবির ~ব গিয়েছিলেন, আজকে দেড় লক্ষ শিক্ষক পেনশন পাচ্ছেন না, সরকারি কর্মচারিদের প্রভিডেন্ট ফান্ডের টাকা কেটে নিয়ে রেখেছেন যে, টাকা তারা নিজেরা রাখত সেটা আপনারা খরচ করে ফেলেছেন। আজকে আপনাকে অতিরিক্ত টাকা খরচ করতে হচ্ছে, তার জন্য ইন্টারেস্টও দিতে হচ্ছে। সেই কারণে আমি আপনার বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-10 — 5-20 P.M.]

**শ্রী শক্তিপ্রসাদ বল :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি গ্রান্টস এনেছেন ৯৩-৯৪ সালের জন্য উপস্থিত করেছেন তাকে আমি সমর্থন করছি। এখানে বিরোধী পক্ষের সদস্যরা বলেছেন আমি শুনলাম, কিন্তু কি করে যে তারা ওলটপালট করে দিলেন সেটা আশ্চর্য লাগল। এখানে গ্রান্টের জন্য অনুমোদন চাওয়া হয়েছিল, কোনও দাবির ব্যাপার নয়, এখানে সবাই একসাথে বলে গেল সাপের ঔষধ নেই, সারাক্ষণ ধরে। এই প্রসঙ্গে আমার একটা কথা মনে পড়ছে, কংগ্রেসের বোধ হয় মাথার ঠিক নেই, আজকে কংগ্রেসের মাথায় সর্পাঘাত, মাদুলি বাঁধবে কোথায়, এটা যদি বলে দেন মানস ভূঁইয়া থেকে আরম্ভ করে সুদীপবাবু মান্নান বাবুদের তাহলে ভাল হয়। হাসপাতালে ঔষধ নেই, ঔষধের অভাব আছে, কিন্তু সরবরাহটাও আছে, কম আছে। সাপ্লাই আরও বাড়া উচিত। সেটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী চিন্তা করছেন, চেষ্টা করছেন এটা নিয়ে আমরাও আলোচনা করছি। স্যার, আমি যেটা বলতে চাই, ওরা যেটা শঙ্কা প্রকাশ করেছেন সম্পদ সংগ্রহের ক্ষেত্রে, ওরা নাকি আপত্তি তুলছেন, এই সাপ্লিমেন্টারি গ্রান্টে সবচেয়ে বড় ডাইরেকশন হচ্ছে যেটা সবচেয়ে বড় ডিমান্ড করা হয়েছে সেটা হচ্ছে স্বনির্ভরতা এবং পঞ্চায়েতের মাধ্যমে সম্পদ সংগ্রহের ক্ষেত্রে বিকেন্দ্রীকরণ করা অর্থাৎ ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা। পঞ্চায়েতের মাধ্যমে গ্রামে রুরাল এরিয়ার ডেভেলপমেন্ট সম্পদ সংগ্রহ করা যেটা আমাদের প্রকৃত সম্পদ এবং আমাদের রাজ্যের সবচেয়ে অবহেলিত সম্পদ নষ্ট হয়ে যাচ্ছে সেটায় মাননীয় অর্থমন্ত্রী গত ২ বছর ধরে তার স্বনির্ভরতা সম্পদ

এর উপর নির্ভর করেছেন সেটা এবারে সংগৃহীত হবে পঞ্চায়েতের মাধ্যমে। আজকে গ্রান্টের সবচেয়ে বড় সাফল্য এটা, ৯৩-৯৪ সালে উন্নয়ন খাতে সম্পদ খাতে আর্থিক খাতে, গত আর্থিক বছরের তুলনায় ২৯ শতাংশ আয় হবে, কেন জানি না সুদীপবাবু এটা বলতে গিয়ে তালগোল পাকিয়ে ফেললেন। আমি বুঝতে পারলাম না অন্ধ্রপ্রদেশ থেকে পুলিশ উঠিয়ে দেওয়া হয়েছে নাকি?

মহারাষ্ট্র থেকে কি পুলিশ উঠিয়ে দেওয়া হয়েছে, আসাম থেকে কি পুলিশ উঠিয়ে দেওয়া হয়েছে? পুলিশ আজকে টিয়ার গ্যাস ছুঁড়ছে সেটা আলাদা প্রসঙ্গ। পুলিশ তো কংগ্রেস আমলেও গুলি চালিয়েছে। এক পয়সা ট্রাম ভাড়া বাড়ার সময়, খাদ্য আন্দোলনের সময় পুলিশ গুলি চালিয়েছিল। পুলিশের জন্য আমাদের রাজ্যে যে ব্যয় করা হয় তা অন্য রাজ্যের তুলনায় কম। মহারাষ্ট্রের থেকে এখানে পুলিশের জন্য ব্যয় কম করা হয়। তাদের বিনা পয়সায় রেশন, সেতো আপনাদের আমলেই শুরু হয়েছিল, আমরা শুধু এটাকে মেইনটেইন করছি। আমাদের রাজ্যে পুলিশের ব্যয় মহারাষ্ট্র, দিল্লি, কর্ণাটকের থেকে কম। আমি আশা করব মাননীয় অর্থমন্ত্রী এটাকে আরও পরিস্কার করে বুঝিয়ে বলবেন। আমি এবার ল্যান্ড রিফর্মসের কথা বলছি। অন্যান্য কোনও রাজ্য ল্যান্ড রিফর্মসের ক্ষেত্রে এতটা এগোয়নি। কৃষি সম্পদে আজকে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ স্থান অধিকার করেছে। এটা কি এমনি এমনি হয়েছে, এর পেছনে তো টাকা খরচ হয়েছে। এই ব্যাপারে কি আপনারা টাকা অনুমোদন দেবেন না। পশ্চিমবাংলায় জমি বিতরণ হয়েছে ৯.১৩ ; অন্ধ্রপ্রদেশে ৪.৬৩ ; মহারাষ্ট্রে ৫.২৫ ; রাজস্থানে ৪.৩৪ ; আসামে ৪.৩২ ; উত্তরপ্রদেশ ৩.৬১ ; বিহারে ২.৬৬। কোন রাজ্য জমি বিতরণের ক্ষেত্রে পশ্চিমবাংলার উপরে আছে সেটা বলুন। আজকে পশ্চিমবাংলায় যে কৃষিপণ্যের উৎপাদন বৃদ্ধি হয়েছে সেটা তো অস্বীকার করার উপায় নেই। যেটা ভালো হয়েছে, সেটাকে ভালো বলতে হবে। আপনাদের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী তো এক সময় আমাদের রাজ্যের প্রশংসা করে গেছেন। কেন্দ্র থেকে যখন কোনও টিম এসেছে তারাও প্রশংসা করে গেছেন। আজকে যে টাকা খরচ হয়েছে পঞ্চায়েতের মাধ্যমে তাতে আজকে গ্রামবাংলার মানুষের উন্নতি হয়েছে। আজকে সেখানকার রাস্তা-ঘাটের অনেক উন্নতি হয়েছে, খাল-নালার উন্নতি হয়েছে। আজকে বিদ্যুত উৎপাদন বেড়েছে, তাই আজকে বিদ্যুতের জন্য খরচ বেড়েছে। আজকে বিদ্যুতের উৎপাদন বাড়ার ফলে বিদ্যুত ব্যবস্থার উন্নতি হয়েছে। হ্যাঁ, আমাদের ত্রুটি আছে এবং আমরা আরও উন্নতি করতে চাই। গ্রামীণ বিদ্যুতের আরও উন্নতি হওয়া উচিত। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে যে ধাক্কা দেওয়ার পরিকল্পনা কেন্দ্রে ছিল আজকে সেটাকে অতিক্রম করা গেছে। স্বল্প সঞ্চয়ের ক্ষেত্রে অ্যাট্রাকটিভ স্কীমগুলো মানুষ গ্রহণ করেছেন। সেইজন্য আজকে স্বল্প সঞ্চয়ের পরিমাণ বেড়েছে। এটা তো আজকে অস্বীকার করার উপায় নেই। সর্বশেষে একটা কথা বলে আমি শেষ করব, পরিকল্পনা খাতে ১৯৯২-৯৩ সালে ৮৯৯ কোটি টাকার তুলনায় এবারে ৩৭ পারসেন্ট বেড়েছে। সাপ্লিমেন্টারি গ্রান্টটাকে সমর্থন করে অমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী শ্যামাপ্রসাদ বসু ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের দাবি পেশ করেছেন তা সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমরা আশা করেছিলাম, মাননীয় বিরোধীপক্ষের সদস্যরা যখন এই

সাপ্লিমেন্টারি গ্রান্ট নিয়ে বলবেন তখন তারা কিছু নতুন কথা বলবেন অর্থাৎ সাধারণ ভাবে বাজেট আলোচনার সময় যে সব বক্তব্য হাজির করেছিলেন তার থেকে এ ক্ষেত্রে কিছু অন্তত নতুন বক্তব্য হাজির করবেন কিন্তু দেখলাম কোনও নতুন বক্তব্য তারা হাজির করতে পারলেন না, সেই একই বক্তব্য তারা হাজির করে গেলেন অর্থাৎ সেই একই রেকর্ড তারা বাজিয়ে গেলেন। তারা যে বক্তব্য হাজির করলেন তারমধ্যে প্রথম বক্তব্য হচ্ছে পুলিশখাতে বরাদ্দ বাড়ল কেন এবং তারা বললেন, এটা তারা সমর্থন করবেন না। তারা বললেন বামফ্রন্টের ১৭ বছরের রাজত্বে নাকি সমস্ত প্রশাসন বিশেষ করে পুলিশ প্রশাসন এখানে ভেঙ্গে পড়েছে। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি বলতে চাই, মাননীয় বিরোধীদলের সদস্যরা, আপনারা একটু পেছনের দিকে তাকিয়ে দেখুন। ১৯৮৪ সালের ৩১শে অক্টোবর তারিখে প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী নিজের বাড়িতে নিজের দেহরক্ষীদের গুলিতে খুন হলেন। তখন আপনাদের সরকারই কেন্দ্রে আসীন ছিলেন একথা নিশ্চয় এখানকার বিরোধীপক্ষ ভুলে যান নি। তাহলে সেখানে সেই প্রশাসনের বিরুদ্ধে আপনারা বক্তব্য রাখনে নি কেন? শ্রীমতী ইন্দিরা গান্ধী তো শুধুমাত্র আপনাদের দলেরই নেত্রী ছিলেন না, তিনি সারা দেশের নির্বাচিত প্রধানমন্ত্রী ছিলেন। তাহলে আপনারাই বলুন, একজন নির্বাচিত প্রধানমন্ত্রী নিজের বাড়িতে, নিজের দেহরক্ষীদের হাতে খুন হলে কোন অধিকারে সেই সরকার কেন্দ্রে আসীন থাকতে পারেন? শ্রীমতী ইন্দিরা গান্ধীর মৃত্যুর পর ৪ দিন ধরে দিল্লির বুকে ৩ হাজার শিখ সম্প্রদায়ের মানুষ খুন হলেন। খবরে প্রকাশ যে কংগ্রেসের নেতারা এবং কংগ্রেসের কর্মীরা তার সঙ্গে যুক্ত ছিলেন। আমি তাই আজকে আপনাদের কাছে বিনীতভাবে প্রশ্ন রাখতে চাই, যে তিন হাজার শিখ খুন হলেন এবং সঙ্গে যারা জড়িত তাদের কি শাস্তি আপনাদের প্রশাসনের পক্ষে থেকে নেওয়া হয়েছে জানাবেন কি? তারপর ২০শে মে ১৯৯১ সালে প্রধানমন্ত্রী রাজীব গান্ধী খুন হলেন। তিনি একটি বড় সর্বভারতীয় রাজনৈতিক দলের সভাপতিও ছিলেন। কে বা কারা তাকে খুন করল তা কি আপনারা জানাতে পারলেন জনসাধারণকে? তা আপনারা পারলেন না। আপনারা আমাদের প্রশাসন সম্বন্ধে বলছেন কিন্তু এইসব প্রশ্নের জবাব আপনারা দিতে পারেন নি। আপনারা বলছেন, যেহেতু এখানে প্রশাসন পঙ্গু হয়ে গিয়েছে অতএব আমরা অতিরিক্ত ব্যয় বরাদ্দ সমর্থন করতে পারব না।

[5-20 — 5-30 P.M.]

আমি বিস্তারিত তথ্যে যাব না, খালি ত্রিপুরায় প্রসঙ্গে কয়েকটি কথা এখানকার বিরোধীপক্ষকে স্মরণ করিয়ে দেব। ১৯৮৮ সালে জাল নির্বাচনের মধ্যে দিয়ে ত্রিপুরার বুকে আপনারা ক্ষমতায় ফিলে এসেছিলেন এবং সেই জান নির্বাচনের পর যে দুজন সেখানকার মুখ্যমন্ত্রী হয়েছিলেন, আপনাদের স্মরণে আছে যে তাদের একজনকার মন্ত্রিত্বকালের মেয়াদ ছিল ৩৫ মাস এবং অপর জনের ২৬ মাস। ৩৫ মাস যিনি সেখানকার মুখ্যমন্ত্রী ছিলেন তার সময় কতজন নারী সেখানে ধর্ষিতা হয়েছিলেন সেকথাটা আপনাদের একটু স্মরণ করিয়ে দিচ্ছি। এবং ৩৫ মাসে ৬৮২ জনকে খুন করেছিলেন আপনারা, বামপন্থী পার্টির কর্মীদের আপনারা খুন করেছিলেন। ৩৭০ জন নারীকে আপনারা ধর্ষণ করেছিলেন উজান ময়দানে। ঐ সময়ে ১৫০০ বামফ্রন্টের কর্মীদের খুন করেছিলেন। আমি একটা ছোট্ট চিঠি আপনার সামনে পড়ব আপনার অনুমতি নিয়ে। দুজন বিদেশিনী ছাত্রী ভারতবর্ষে এসেছিলেন ছুটিতে

বেড়াতে। তারা স্টেটসম্যান পত্রিকায় ১৬ই ফেব্রুয়ারি ৯৩ সালে একটা চিঠি লিখেছিলেন, সেটা মাননীয় স্পিকার মহাশয়ের অনুমতি নিয়ে পড়ছি।

সম্পাদক সমীপেষু, তত্ত্ব এবং বাস্তবে ভারতবর্ষ প্রকৃতই আধ্যাত্ম জ্ঞানের আলোকবর্তিকা—ভারতবর্ষ সম্বন্ধে ম্যাক্সমুলার সাহেবের এই মন্তব্য পাঠ করে আমরা ব্রাসেলস বিশ্ববিদ্যালয়ের পলিটিক্যাল সায়েন্সের স্নাতকোত্তর স্তরের দুজন ছাত্রী ছুটিতে ভারত ভ্রমণের সিদ্ধান্ত নিয়ে দারুণ আগ্রহে ভারতে এসেছিলাম। কিন্তু আমাদের অভিজ্ঞতায় বাস্তবতা সম্পূর্ণ বিপরীত মনে হয়েছে। নিউ দিল্লিতে একটা বড় হোটেল রেস্তোরাঁয় আমরা নববর্ষ উদ্‌যাপন করব বলে ঠিক করেছিলাম। ওখানে এক বৃদ্ধ পরিচয় সূত্রে তার বাড়িতে আমাদের আমন্ত্রণ জানালেন। তার বাড়ির পথে যাওয়ার সময় গাড়িতেই সেই বৃদ্ধ আমাদের শ্লীলতাহানির চেষ্টা করেন। আমরা কোনও ক্রমে আত্মরক্ষা করি। একই ঘটনা রাজস্থানের এক বিখ্যাত হোটেলেও ঘটে। এক বয়স্ক ব্যবসায়ী লাউঞ্জে এসে আমাদের সঙ্গে *নিজেই পরিচয় করেন এবং কথা* প্রসঙ্গে সরাসরি আমাদের কাছে তার শয্যা সঙ্গিনী হওয়ার প্রস্তাব দেন। আমরা প্রত্যাখ্যান করলে এই ব্যবসায়ী উত্তেজনায় পাগলের মতো আমাদের উপর ঝাঁপিয়ে পড়ে। আমরা দৌড়ে আমাদের ঘরে ঢুকে তালা লাগিয়ে দিই। উত্তর ভারতের বিভিন্ন অঞ্চলে আমরা লাঞ্ছিত হই বিভিন্ন ভাবে। রাস্তায় প্রায়ই মোটর সাইকেল আরোহীরা ইচ্ছাকৃত ভাবে আমাদের শরীর স্পর্শ করে কু-মতলবে। ভারতের বিভিন্ন প্রান্তে দোকানদার আমাদের জোর করে পুরানো (কিউরিও) স্মারক, হস্ত শিল্পের কাজ কেনাতে চায় আমরা যখন তাদের বোঝাতে চেষ্টা করি যে আমরা এখানে কেনাকাটার আনন্দে জন্য আসিনি, তখন সকলেই প্রচন্ড রেগে যান। সতী, সাবিত্রী, দময়ন্তী আর সারদা মার দেশে এই সব লম্পটরা কি ভাবে জন্মায়—আমরা ভেবে পাই না। এরপরে আমরা প্রায় ভীত সন্ত্রস্ত দুরু দুরু বুকেই কলকাতায় পৌঁছলাম। এই শহর সম্পর্কে ভয়ানক সব ভয়ের গল্প আমরা প্রতিদিন শুনে এসেছি। কিন্তু অবাক হয়ে যাই আমরা এই শহরে সহৃদয় হাস্যময় সব মানুষের ব্যবহারে। এখানে কেউ আমাদের করে না। এমন কি রাস্তার ভিখারিরাও পয়সা পেলে নমস্কার করে আমাদের অভিনন্দন জানায়। একজন ট্যুরিস্ট অফিসার আমাদের সঙ্গে খুবই সহৃদয় ব্যবহার করেন। ভারতবর্ষে এই শহরেই প্রথম আমরা মাতৃভূমি থেকে বহুদূরে থেকেও অনুভব করি যে আমরা যেন নিজের বাড়িতেই আছি। এই দুজন ছাত্রীর নাম এভিলি গফিন এবং শিবা শাঘাফি, এরা বেলজিয়ামের ব্রাসেলস থেকে এসেছিলেন। এই হচ্ছে আমাদের ঐতিহ্যমন্ডিত পশ্চিমবঙ্গ। আজকে মাননীয় অর্থমন্ত্রী যে সাপ্লিমেন্টারি গ্রান্ট পেশ করেছেন, তাকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অতিরিক্ত ব্যয় বরাদ্দের এই বিতর্কে অংশ গ্রহণ করে—যদি কোনও ছাঁটাই প্রস্তাব এসে থাকে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য রাখছি।

**মিঃ স্পিকার ঃ** তিনটে ছাঁটাই প্রস্তাব আছে।

**ডঃ অসীমকুমার দাশগুপ্ত ঃ** তিনটে ছাঁটাই প্রস্তাবেরই বিরোধিতা করে বক্তব্য রাখছি। প্রথমে মূল আইটেম প্রসঙ্গে বলছি। তারপর যে প্রশ্ন গুলো উঠেছে তার উত্তর দেব। আমি আজকে এখানে যে অতিরিক্ত ব্যয় বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছি তার ভোটেড অ্যাকাউন্ট

৪০১ কোটি ৪৫ লক্ষ টাকা। এছাড়া যেটার ওপর ভোট হয় নি, বিতর্ক হয় নি তা হচ্ছে ২০ কোটি ৭০ লক্ষ টাকা। দুটো যোগ করে ৪২২ কোটি ১৫ লক্ষ টাকা হচ্ছে মোট সামগ্রিক অতিরিক্ত ব্যয় বরাদ্দ। এর মধ্যে সব চেয়ে গুরুত্বপূর্ণ খাতগুলোর মধ্যেই মূলত আমি আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। সব চেয়ে বড় খাতটি হচ্ছে বিদ্যুত। বিদ্যুতের মধ্যে আমার তিনটে বড় বড় খাত আছে এবং এটা আমি ভেঙেই বলতে চাই কারণ মাননীয় সুদীপ বন্দ্যোপাধ্যায় মহাশয় জানতে চেয়েছেন। বিদ্যুতের জন্য ৭৪ কোটি ৩৩ লক্ষ টাকার অতিরিক্ত ব্যয় বরাদ্দ চাওয়া হয়েছে। এর মধ্যে পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশনকে অতিরিক্ত ইনভেস্টমেন্টের জন্য দেওয়া হয়েছে ২৪ কোটি ৮৭ লক্ষ টাকা। তারপর পি ডি সি এল-এর লোনটা ইক্যুইটিতে কনভার্ট করেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে, রিসিপ্ট এবং এক্সপেন্ডিচার সমানভাবেই যুক্ত হয়। It is a national transaction. But it has to be recorded. এতে ওদের একটু উপকার হচ্ছে। রাজ্য সরকার ইন্টারেস্টের ক্ষেত্রে কিছুটা ক্ষতি স্বীকার করেও ওদের এই উপকারটুকু করেছে—এর ফলে ঐ সংস্থার ইক্যুইটি বেস বেড়ে যাচ্ছে, ফলে ওদের লোন নেওয়ার ক্ষমতাটাও বেড়ে যাচ্ছে। এই বিষয়টা নিয়ে ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিলের মিটিং-এ একাধিকবার আলোচনা হয়েছে। আমরা প্রথম রাজ্য এই কাজ শুরু করি। এস ই বি-র ক্ষেত্রে এটা করা হয়ে গেছে এবং পি ডি সি এল-এর ক্ষেত্রে এবারে এটা করা হল। বাকি ২৫ কোটি টাকা ও ই সি এল লোন। তিস্তার মাইক্রো-হাইডেল প্রোজেক্টের জন্য লোন। এটা যে এই বছরই পাব তা আগে আশা করি নি, বছরের শেষ দিকে এটা পেয়েছি সে জন্য রিসিপ্ট, এক্সপেন্ডিচার, দু দিকেই ইনক্লুড হল। দ্বিতীয় বড় একটা খাত হচ্ছে পুলিশ। পুলিশ খাতে কোন অংশের জন্য এটা হয়েছে? একটা অংশ খরচ হয়েছে পুলিশ কর্মচারিদের ডি এ এবং পে অ্যান্ড অ্যালাউন্সেস দেবার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এক্ষেত্রে আমাদের কতগুলো সিদ্ধান্ত হাই কোর্টের সিদ্ধান্তের ভিত্তিতে নিতে হয়। যার ফলে এই অতিরিক্ত অর্থ স্কেল এবং পে অ্যান্ড অ্যালাউন্সের খাতে আগে ধরা ছিল না। আর একটা হচ্ছে পুলিশের রেশন বাবদ ২৭ কোটি টাকার দীর্ঘ দিনের একটা বকেয়া। আমি মনে করি এটা অনেক আগেই বিকেন্দ্রীকরণ করা উচিত ছিল। কলকাতা পুলিশের বকেয়াটা আমরা মিটিয়ে ফেলেছি। জেলা পুলিশের ক্ষেত্রে ২৭ কোটি টাকা পাওয়ার পর বকেয়াটা অনেক কমিয়ে এনেছি এবং মিটিয়ে ফেলেছি। এই অতিরিক্ত খরচ হল কেন? এই খরচটা করতে আমরা বাধ্য হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণ-বণ্টন ব্যবস্থায় চাল এবং ডালের দাম কেন্দ্র অতিরিক্ত বৃদ্ধি করেছেন। তাদের দাম বৃদ্ধির জন্যই আমাদের বাড়তি খরচ হল! তারপর আর একটা বড় খাত হচ্ছে অবসর প্রাপ্ত কর্মচারিদের পেনশন বেনিফিটস। এই প্রসঙ্গে মাননীয় অধ্যক্ষ মহাশয়, বেশ কিছু কথা এবং প্রশ্ন এখানে উত্থাপিত হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষক মহাশয়দের পেনশন দেওয়ার কাজ আমাদের আরও ভাল করে করতে হবে। কিন্তু গত বছরের তুলনায় এ বছর এই কাজের অনেক উন্নতি হয়েছে, টোটালটা ২৫ হাজার অতিক্রম করেছে। এর জন্য অতিরিক্ত খরচ হচ্ছে এবং এটা এডুকেশন ডিপার্টমেন্টের সেভিংস থেকেই আসছে। চার নম্বর হচ্ছে—মেগাসিটি প্রকল্প। এই বাবদ ১৯ কোটি ৪৭ লক্ষ, প্রায় ২০ কোটি টাকার মতো অর্থ বরাদ্দ করা হয়েছে। কেন না। প্রকল্পের অনুমোদনটা ফোর্থ কোয়ার্টারে এসে আমাদের কাছে পৌঁছেছে। আমরা আশা করছি যোজনা কমিশনের রেকমেন্ডেশন অনুযায়ী কেন্দ্রীয় আর্বান ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট

অর্থটা দেবেন। এটা আমরা আশা করছি। মেগা-সিটি প্রকল্পের জন্য কোনও অর্থ অরিজিনাল বাজেটে ধরা ছিল না।

[5-30 — 5-40 P.M.]

রুর‍্যাল ওয়াটার সাপ্লাই স্কীমে ১৮ কোটি ১৬ লক্ষ টাকা। এর মধ্যে কেন্দ্রীয় সরকার সম-পরিমাণ অর্থ দেয়, আমরা ম্যাচিং গ্রান্ট দিই। এটার পর অতিরিক্ত অ্যামাউন্ট ফার্টিলাইজার প্রমোশনের জন্য ১৪ কোটি ১৪ লক্ষ টাকা সাবসিডি দেওয়া প্রয়োজন মনে করলাম। হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার—তাতে নতুন করে বাড়ে ২০ কোটি টাকার মতোন। যে প্রশ্ন রেখেছিলেন যে এটা অতিরিক্ত? আমি বলি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবগত আছেন, প্রতি দপ্তরের যে ইন্টারনাল সেভিংস—ফোর্থ কোয়ার্টারের কাছে এসে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী মহাশয় অনুরোধ করলেন, কোনও একটি নির্মাণের কাজ তিনি শেষ করতে পারবেন না, যেহেতু সেই অর্থ দিয়ে তিনি ইক্যুইপমেন্ট কিনতে চান যেটা আই পি পি ৪ বলা হয়, সেটা যুক্ত করি, সাম টোটালটা বাড়েনি। সেই সেই দপ্তরের ইন্টারন্যাল সেভিংস, মোস্টলি নন-প্ল্যানে এই ২০ কোটি টাকা। এছাড়া আপনারা বললেন ইরিগেশনের বিষয়ে নজর দেওয়া হয়নি। ইরিগেশনে ২৩ কোটি ৩৬ লক্ষ টাকা রিলিসড হয়ে গেছে। মানসবাবু তিস্তার ব্যাপার নিয়ে একটা গল্প বলে ফেললেন। তাহলে তিস্তার গল্পটা একটু বলি, ৬৯৫ কোটি টাকা এই প্রকল্পের খরচ হয়েছে। তারমধ্যে ১৯৯১-৯২ সালে মঞ্চে তখন কেন্দ্রীয় সরকার ঠিক ছিলেন না। ৩৭২ কোটি টাকা রাজ্য সরকার দেন, কেন্দ্রীয় সরকার জিরো দেন। ১৯৯২-৯৩ সালে কেন্দ্রীয় সরকার ১৪ কোটি টাকা আর রাজ্য সরকার ১৪ কোটি টাকা দিয়েছেন। ১৯৯৩-৯৪ সালে এ বছর আপনি সতর্কতার সঙ্গেই বলেছেন, বোধ হয় খরব পেয়েছেন, ইননেন ডোজের মতোন বলেছেন—রাজ্য সরকার ছেড়ে দিয়েছে ২৭ কোটি টাকা আর কেন্দ্রীয় সরকার এখন পর্যন্ত ১২ কোটি টাকা দিয়েছেন, বেশি ছাড়তে পারেননি। তবুও আমরা আশাবাদী এই লাস্ট ২ দিনে অর্থাৎ আর হাতে মাত্র ৪৮ ঘণ্টা বাকি আছে এরমধ্যে যদি পারেন, দেবেন। এর পরে যে বিষয়টি আসছে সেটার সম্বন্ধে একটু বলে রাখি এটা বুঝতে বোধ হয় অসুবিধা হয়েছে। এখানে যেটা বৃদ্ধি হয়েছে ২০ লক্ষ টাকার টি এ সেই সম্বন্ধে বলি, আমাদের ৪০ জন মন্ত্রী আছেন। ২০ লক্ষ টাকা টি এর জন্য ধরা ছিল, সেটা এখন ৪০ লক্ষ টাকা হয়েছে। অর্থাৎ ২০ লক্ষ টাকা বেশি চেয়েছি। একটু আগে এ সম্বন্ধে আমি বলেছি, তখন মাননীয় উপাধ্যক্ষ মহাশয় ছিলেন। গত বছর ৫২ লক্ষ টাকা খরচ হয়েছিল এই বাবদে। এবার পেট্রোল, ডিজেলের দাম বাড়ে এবং এয়ারলাইন্সের ভাড়া বাড়ার পরেও সেটা ৫২ লক্ষ টাকা থেকে কমে ৪০ লক্ষ টাকা হল। তার মানে এক-একজন মন্ত্রী মহাশয়ের মাসে গড়ে ৮ হাজার টাকার মতোন আসছে। যদি কোনও মন্ত্রী মহাশয়কে কোনও কারণে দিল্লি যেতে হয় তাহলে যাতায়াতের খরচ বরাদ্দ ৬ হাজার টাকার মতোন পড়ে যায়। আমি ভাবছিলাম, এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার কি করেছেন? তার সাপ্লিমেন্টারি আমার কাছে আছে, ভয়ানক বৃদ্ধি হয়েছে। এক-একজনের খরচ হয়েছে ১০০ ভাগ বৃদ্ধি আমাদের চেয়ে কেন্দ্রীয় মন্ত্রীদের হয়েছে। আপনারা বোধ হয় জানেন, আমাদের থেকে আপনাদের (কংগ্রেসিদের) অরবিট বেশি, ইন্টারন্যাশনাল। তারপর বলেছেন, ট্রেজারিতে কেন বেশি খরচ হয়েছে? আগেকার যে নজরত কেলেঙ্কারী এদুটোর মধ্যে কিন্তু তফাৎ আছে। দুটো দপ্তর আলাদা আলাদা আছে।

ট্রেজারির কোনও লোককে ছাঁটাই না করে আমরা কমপিউটারাইজ করে ফেলেছি। সমস্ত অ্যাকাউন্টসের হিসাব ট্রেজারি, সাব-ট্রেজারিতে কি হচ্ছে সেটার খবর রাখা, এরজন্য অতিরিক্ত খরচ হয়েছে। তারপর হেলিকপ্টারের ব্যাপারটা বলে ফেলে ভালই করেছেন। উত্তরবঙ্গে যখন বন্যা হয়েছিল তখন আর্মির হেলিকপ্টার আসে। ওরা রাজ্য সরকারের কাছ থেকে ভাড়া বাবদ টাকা চেয়ে নেন। আমরা টাকা দিয়ে দিয়েছি। সেইজন্য অতিরিক্ত খরচ হল। প্রতি দপ্তরের যে ইন্টারনাল সেভিংস তার থেকে টাকা রি-অ্যালোকেট করা হয়েছে। টোটাল ঘাটতি এতটুকু বাড়েনি। সুদীপবাবু, আপনাদের সময়ে কি হত তার একটা ডাটা আমি নিয়েছিলাম। আপনারদের সময়ে আপনাদের বাজেটে সাপ্লিমেন্টারি অ্যাজ এ পারসেন্টেজ অফ ইওর বাজেট ১৯৯৩-৯৪ সালে যেটা ৯.৮৩ পারসেন্ট, অধিকাংশই নন-প্ল্যান এক্সপেন্ডিচার সেটা ১৯৭৫-৭৬ সালে হয়েছিল ৯.৯৩ পারসেন্ট। যদি সাপ্লিমেন্টারির সংখ্যা বেশি না হয় তাহলে পারসেন্টেজ হিসাবে আমাদের বাজেটকে অভিনন্দন জানিয়ে সমর্থন করবেন ছাঁটাই প্রস্তাব তুলে নিয়ে। আপনাদের সময়ে যেটা ১০ শতাংশ ছিল, এই সময়ে সেটা কমিয়ে ৩ শতাংশ করা হয়েছে। এই কথা বলে আপনাদের ছাঁটাই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

## DEMAND No. 1

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 18,01,000 be granted for expenditure under Demand No.1, Major Head: "2011—State Legislature" during the current year, was then put and agreed to.

Mr. Speaker : These in cut motion on Demand No. 3. The motion in order.

The cut motion moved by Shri Deba Prasad Sarkar that the amount be reduced by Rs. 100, was the put and lost.

## DEMAND No. 3

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 22,00,000 be granted for expenditure under Demand No.3, Major Head : "2013—Council of Ministers"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 4

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,64,54,000 be granted for expenditure under Demand No.4, Major Head : "2014—Aministration of Justice" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 5

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum

of Rs. 83,50,000 be granted for expenditure under Demand No.5, Major Head : "2015—Elections"during the current year, was then put and agreed to.

### DEMAND No. 6

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,10,000 be granted for expenditure under Demand No.6, Major Head : "2020—Collection of Taxes on Income and Expenditure" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 7

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,26,33,000 be granted for expenditure under Demand No.7, Major Heads : "2029—Land Revenue" during the current year,—was then put and agreed to.

### DEMAND No. 11

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,19,73,000 be granted for expenditure under Demand No.11, Major Head : "2040—Sales Tax"during the current year,— was then put and agreed to.

### DEMAND No. 12

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 16,42,000 be granted for expenditure under Demand No. 12, Major Head : "2041—Taxes on Vehicles"during the current year, was then put and agreed to.

[5-40 — 5-50 P.M.]

### DEMAND No. 13

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs.1,91,64,000 be granted for expenditure under Demand No.13, Major Head : "2045—Other Taxes and Duties on Commodities and Services"during the current year, was then put and agreed to.

### DEMAND No. 18

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,95,000 be granted for expenditure under Demand No.18, Major Head : "2052— Secretariat—General Services"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 19

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,74,000 be granted for expenditure under Demand No.19, Major Head : "2053—District Administration" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 20

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,25,64,000 be granted for expenditure under Demand No.20, Major Head : "2054—Treasury and Account Administration" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 21

**Mr. Speaker :** There are two cut motions to Demand No. 21. Both the cut motions are in order and taken as move.

The motion that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and and lost :-

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 40,12,78,000 be granted for expenditure under Demand No.21, Major Head : "2055—Police"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 22

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,19,000 be granted for expenditure under Demand No.22, Major Head : "2056—Jails" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 24

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 17,44,000 be granted for expenditure under Demand No.24, Major Head : "2058—Stationery and Printing" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 25

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 11,58,16,000 be granted for expenditure under Demand No.25, Major Head : "2059—Public Works" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 27

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 77,50,000 be granted for expenditure under Demand No.27, Major Head : "2070—Other Administration Services (Excluding Fire Protection and Control)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 28

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 35,46,86,000 be granted for expenditure under Demand No.28, Major Head : "2071—Pensions and Other Retirements Benfits" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 32

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,12,19,000 be granted for expenditure under Demand No.32, Major Head : "2201—Medical and Public Health (Excluding Public Health)" during the current year, was then put and agreed to.

[5-50 — 6-00 P.M.]

## DEMAND No. 34

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,92,48,000 be granted for expenditure under Demand No.34, Major Head : "2211—Family Welfare" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 35

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,37,50,000 be granted for expenditure under Demand No.35, Major Head : "2215—Water Supply and Sanitation (Excluding Prevention of Air and Water Pollution)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 36

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,60,82,000 be granted for expenditure under Demand No.36, Major Heads : "2216—Housing, 4216—Capital Outlay on Housing" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 37

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 19,81,60,000 be granted for expenditure under Demand No.37, Major Heads : "4217—Capital Outlay on Urban Development and 6217—Loans for Urban Development" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 39

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 73,36,000 be granted for expenditure under Demand No.39, Major Head : "2230—Labour and Employment"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 41

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,53,33,000 be granted for expenditure under Demand No.41, Major Head : "2501—Special Programme for Rural Development (Tribal Areas Sub-Plan) 4702— Capital Outlay on Minor Irrigation (Tribal Areas Sub-Plan)"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 42

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 7,09,78,000 be granted for expenditure under Demand No. 42, Major Head : "2235—Social Security and Welfare (Social Welfare)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 43

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 84,28,000 be granted for expenditure under Demand No. 43, Major Head : "2236—Nutrition" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 44

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,30,00,000 be granted for expenditure under Demand No. 44, Major Head : "2245—Relief on account of Natural Calamities"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 45

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 52,47,000 be granted for expenditure under Demand No.45, Major Head : "2251—Secretariat —Social Services"during the current year, was then put and agreed to.

## DEMAND No. 46

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,00,06,000 be granted for expenditure under Demand No.46. Major Head : "2250—Other Social Services" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 47

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,14,24,000 be granted for expenditure under Demand No.47, Major Head : "2401—Crop Husbandry" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 48

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 8,94,07,000 be granted for expenditure under Demand No. 48, Major Head : "2402—Soil and Water Conservation" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 49

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,40,59,000 be granted for expenditure under Demand No.49, Major Head : "2403—Animal Husbandry" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 50

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 46,37,000 be granted for expenditure under Demand No. 50, Major Head : "2404—Dairy Development" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 52

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,85,09,000 be granted for expenditure under Demand No. 52,, Major Heads : "2406—Forestry and Wild Life and 4406—Capital Outlay on Forestry and Wild Life" during the current year, was then put and agreed to.

DEMAND No. 53

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 20,00,000 be granted for expenditure under Demand No. 53, Major Head : "6407—Loans for Plantations" during the current year, was then put and agreed to.

DEMAND No. 54

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 24,96,25,000 be granted for expenditure under Demand No. 54, Major Heads : "2408—Food, Storage and Warehousing and 4408—Capital Outlay on Food Storage and Warehousing (Excluding Public Undertakings)" during the current year, was then put and agreed to.

DEMAND No. 55

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 64,35,000 be granted for expenditure under Demand No. 55, Major Head : "2415—Agriculture Research and Education" during the current year, was then put and agreed to.

DEMAND No. 58

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 11,90,000 be granted for expenditure under Demand No. 58, Major Head : "4435—Capital Outlay on Other Argicultural Programmes" during the current year, was then put and agreed to.

DEMAND No. 59

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,50,08,000 be granted for expenditure under Demand No. 59, Major Head : "2501—Special Programmes for Rural Development" during the current year, was then put and agreed to.

DEMAND No. 62

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 38,11,000 be granted for expenditure under Demand No. 62, Major Head : " 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj)" during the current year, was then put and agreed to.

DEMAND No. 63

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of

Rs. 38,63,000 be granted for expenditure under Demand No. 63, Major Head : " 2515—Other Rural Development Programmes (Community Development)" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 64

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 6,90,63,000 be granted for expenditure under Demand No. 64, Major Head : "2551—Hill Areas, 6551—Loans for Hill Areas" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 65

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 22,19,75,000 be granted for expenditure under Demand No. 65, Major Heads : "2575—Other Special Areas Programmes and 4575—Capital Outlay on Other Special Areas Programmes" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 66

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 53,26,000 be granted for expenditure under Demand No. 66, Major Head : "2701—Major and Medium Irrigation" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 67

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 23,44,82,000 be granted for expenditure under Demand No. 67, Major Head : "2702—Minor Irrigation and 4702—Capital Outlay on Minor Irrigation" during the current year, was then put and agreed to.

### DEMAND No. 68

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3,80,75,000 be granted for expenditure under Demand No. 68, Major Head : "4711—Capital Outlay on Flood Control Projects"during the current year, was then put and agreed to.

### DEMAND No. 69

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 78,16,73,000 be granted for expenditure under Demand No. 69, Major Heads : "4801—Capital Outlay on Power Projects, 4860— Capital Outlay on Consumer Industries, 6801—Loans for Power and 6860—Loans for Consumer Industries" during the current year, was then put and

agreed to.

## DEMAND No. 73

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,44,41,000 be granted for expenditure under Demand No. 73, Major Head : " 4851—Capital Outlay on Village and Small Industries (Excluding Public Undertakings) and 6851—Loans for Village and Small Industries (Excluding Public Undertakings)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 74

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,94,45,000 be granted for expenditure under Demand No. 74, Major Heads : "6858—Loans for Engineering Industries (Closed and Sick Industries) and 6860—Loans for Consumer Industries (Closed and Sick Industries)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 75

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,88,95,000 be granted for expenditure under Demand No. 75, Major Head : "2852—Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 76

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 56,000 be granted for expenditure under Demand No. 76, Major Head : "2853—Non-Ferrous Mining and Metallurgical Industries" during the current year, was then put and agreed to.

[6-00 — 6-06 P.M.]

## DEMAND No. 77

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 15,18,000 be granted for expenditure under Demand No. 77, Major Head : "3051—Ports and Lighthouses" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 79

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 3.06.13.000 be granted for expenditure under Demand No. 79, Major

Head : "5054—Capital Outlay on Roads and Bridges" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 80

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 5,93,10,000 be granted for expenditure under Demand No. 80, Major Head : "3055—Road Transport" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 83

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 14,06,000 be granted for expenditure under Demand No. 83, Major Head : "3451— Secretariat—Economic Services" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 85

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 30,12,000 be granted for expenditure under Demand No. 85, Major Head : "3454—Census, Surveys and Statistics" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 86

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 26,03,000 be granted for expenditure under Demand No. 86, Major Head : "3456—Civil Supplies" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 87

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 1,50,000 be granted for expenditure under Demand No. 87, Major Heads : " 5465—Investments in General Financial and Trading Institutions and 7465—Loans for General Financial and Trading Institutions" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 88

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 10,14,000 be granted for expenditure under Demand No. 88, Major Head : "3475—Other General Economic Services" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 89

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 2,30,000 be granted for expenditure under Demand No. 89, Major Head : "2215—Water Supply and Sanitation (Prevention of Air and Water Pollution)" during the current year, was then put and agreed to.

## DEMAND No. 95

The motion of Dr. Asim Kumar Dasgupta that a sum of Rs. 4,73,50,000 be granted for expenditure under Demand No. 95, Major Head : "6860—Loans for Consumer Industries (Excluding Public Undertakings and Closed and Sick Industries)" during the current year, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6.06 P.M. till 11 A.M. On Wednesday, the 30th March, 1994 at the Assembly House, Calcutta.

# INDEX TO THE
# West Bengal Legislative Assembly Proceedings
# (Official Report)

**Vol: 103 No-II (One hundred and third Session) (January to April, 1994)**

(The 7th, 8th, 9th, 16th, 17th, 18th, 21st, 22nd, 23rd, 24th, 25th & 29th March, 1994)


**Bill**

The West Bengal Panchayat (Amendment) Bill, 1994

—Referred to the Select Committee PP-135-136

The West Bengal State Election Commission Bill, 1994 PP-136-164

The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1994 PP-71-87

The West Bengal, Sales Tax Bill, 1994

—Referred to Select Committee PP-211-213

The Indian Belting & Cotton Mills Limited (Acquisition & Transfer of Undertakings) (Amendment) Bill, 1994 PP-222-238

The Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994 PP-306-320

The West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994 PP-320-342

The Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994 P-678-691

**Discussion on the West Bengal State Election Commission Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-137-141

by—Shri Ashoke Bhattacharya PP-155-158

by—Shri Deba Prasad Sarkar PP-147-149

by—Shri Satya Ranjan Bapuli PP-162-163

by—Shri Sailaja Kumar Das PP-143-145

by—Shri Saugata Roy PP-163-164. PP-150-155

by—Shri Soumendra Chandra Das PP-145-147

by—Shri Sridhar Malik PP-141-143

by—Dr. Suryakanta Mishra PP-158-161

by—Shri Tapan Hore PP-149-150

**Discussion on the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-71-73

by—Shri Achintya Krishna Roy P-71, P-86

by—Shri Anisur Rahaman PP-85-86

by—Shri Id. Mohammed PP-83-84

by—Shri Narayan Mukherjee PP-73-75

by—Shri Sailaja Kumar Das PP-75-77

by—Shri Sanjib Kumar Das P-84

by—Shri Saugata Roy PP-79-83

by—Shri Soumendra Chandra Das PP-77-78

by—Shri Subrata Mukherjee P-87

**Discussion on the India Belting & Cotton Mills Limited**

**(Acquisition & Transfer of Undertakings) (Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-228-229

**Discussion on the India Belting & Cotton Mills Limited (Acquisition & Transfer of Undertakings) (Amendment) Bill, 1994**

by—Shri Ambica Banerjee PP-222-225

by—Shri Nirmal Das PP-234-237

by—Shri Patit Paban Pathak PP-237-238

by—Shri Santasri Chattopadhyay PP-225-228

by—Shri Saugata Roy PP-230-234

by—Shri Soumendra Nath Das PP-229-230

**Discussion on the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-678-679

by—Dr. Asim Kumar Dasgupta PP-687-689; PP-690-691. PP-685-686;

by—Dr. Manas Bhunia PP-680-682

by—Shri Saugata Roy PP-682-685

by—Dr. Zainal Abedin PP-689-690

**Discussion on the Howrah Municipal Corporation (Amendment) Bill, 1994**

by—Shri Abdul Mannan PP-312-314

by—Shri Ambica Banerjee PP-306-309

by—Shri Ashoke Bhattacharya PP-317-319

by—Shri Birendra Kumar Moitra PP-314-315

by—Shri Jatu Lahiri PP-311-312

by—Shri Lagandeo Singh PP-309-311

by—Shri Nani Kar P-320

by—Shri Saugata Roy P-320, PP-315-317

**Discussion on the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994**

by—Shri Ashoke Bhattacharya P-342, PP-332-335

by—Shri Nirmal Das PP-330-332

**Discussion on the West Bengal Municipal Corporation Laws (Second Amendment) Bill, 1994**

by—Shri Saugata Roy PP-321-324

by—Shri Subrata Mukherjee P-341, PP-325-330

by—Smt. Taniya Chakraborty PP-324-325

**Discussion on Motion Under Rule-185 Regarding request for Central assistance for dredging up the rivers Keloghai, Baghai & Kapaleswari**

by—Shri Debabrata Bandyopadhyay PP-393-395

by—Shri Kamakshyanandan Das Mahapatra PP-389-391

by—Dr. Manas Bhunia P-386, PP-395-397

by—Shri Prabodh Chandra Sinha PP-391-392

by—Shri Sailaja Kumar Das PP-387-389

by—Shri Prasanta Pradhan PP-386-387

by—Shri Saugata Roy PP-392-393

**Discussion on Motion Under Rule-185**

Regarding the Execution of the proposed Railway projects in West Bengal

by—Shri Abdul Mannan PP-400-402

by—Shri Birendra Kumar Moitra PP-402-404

Regarding the Execution of the proposed Railway projects in West Bengal

by—Shri Lakshmi Kanta De PP-414-415, P-400

by—Shri Manabendra Mukherjee PP-409-411

by—Shri Mukulbikash Maity P-404

by—Shri Nirmal Das PP-404-405

by—Shri Prabir Banerjee PP-405-406

by—Smt. Santi Chatterjee P-411

by—Shri Saugata Roy PP-406-409

by—Shri Shyamal Chakraborty PP-412-414

Regarding the nomenclature of Dumdum Airport as Netaji Subhas Bose Airport and Fort William as Sirajudallah Fort

by—Shri Dilip Mazumder PP-421-423

by—Shri Kripasindhu Saha PP-427-428, PP-419-420

by—Shri Prabodh Chandra Sinha PP-425-427

by—Shri Rabindra Nath Mondal PP-420-421

by—Smt. Santi Chatterjee P-425

by—Shri Shakti Prasad Bal PP-424-425

by—Shri Subhas Goswami PP-423-424

by—Shri Sunirmal Paik P-425

Regarding Statement position of twelve Cotton Mills under N.T.C. of India

by—Shri Abdul Mannan PP-440-442

by—Shri Ambica Banerjee PP-438-439

by—Shri Kshiti Goswami PP-436-437

by—Shri Nani Kar PP-445-446, PP-431-434

by—Shri Santi Ranjan Ghatak PP-442-445

by—Shri Shakti Prasad Bal PP-439-440

by—Shri Sobhan Deb Chattopadhyay PP-434-436

Regarding incidents of eve-teasing, molestation & dowry deaths in the State.

by—Shri Jatu Lahiri PP-452-453

by—Smt. Kumkum Chakraborty PP-447-449

by—Dr. Manas Bhunia PP-449-451

by—Shri Saugata Roy PP-458-461, PP-446-447

by—Shri Shish Mohammed PP-451-452

by—Shri Shyamal Chakraborty PP-445-458

by—Shri Sudip Bandyopadhyay P-449

by—Smt. Taniya Chakraborty PP-453-455

**Discussion and Voting on Demands for supplementary Grants of**

**the Government of West Bengal for the year 1993-94.**

Demand Nos.1, 3, 4, 5, 6, 7, 11, 12, 13, 18, 19, 20, 21, 22, 24, 25, 27. 28, 32, 34, 35, 36, 39, 41, 42, 43, 44, 45, 46, 47, 48, 49, 50, 52, 53, 54, 55, 58, 59, 62, 63, 64, 65, 66, 67, 68, 69, 73, 74, 75, 76, 77, 79, 80, 83, 85, 86, 87, 88, 89, 95, 3 & 21.

by—Shri Abdul Mannan PP-898-902

by—Dr. Asim Kumar Dasgupta PP-867-879, PP-905-908

by—Shri Jagadish Das PP-887-890

by—Dr. Manas Bhunia PP-879-887

by—Shri Nirmal Das PP-895-898

by—Shri Sakti Prasad Bal PP-902-903

by—Shri Shyama Prasad Basu PP-903-905

by—Shri Sudip Bandopadhyay PP-891-895

**Discussion on the Resolution for Ratification of the Constitution (Seventy Seventh Amendment) Bill, 1992**

by—Shri Abdul Mannan PP-214-215

by—Shri Atish Chandra Sinha PP-216-218

by—Shri Benoy Krishna Chowdhury PP-213-214, PP-218-219

by—Shri Id. Mohammed PP-215-216

**General Discussion on Budget**

by—Shri Abdul Haque PP-542-544

by—Shri Abdul Mannan PP-536-542

by—Shri Ambica Banerjee PP-530-533

by—Shri Amiya Patra PP-785-790

by—Dr. Anupam Sen PP-711-712

by—Shri Atish Chandra Sinha PP-691-699

by—Shri Bhakti Bhusan Mondal PP-533-536

by—Shri Bhupendra Nath Seth PP-544-546

by—Shri Birendra Kumar Moitra PP-792-793

by—Shri Deba Prasad Sarkar PP-714-717

by—Shri Dipak Mukherjee PP-635-639

by—Shri Id. Mohammed PP-701-703

by—Shri Jatu Lahiri PP-790-792

by—Shri Jogesh Chandra Burman PP-640-641

by—Shri Kaliprasad Biswas PP-699-701

by—Shri Kamakshya Charan Ghose PP-550-551

by—Shri Kamakshyanandan Das Mahapatra PP-627-631

by—Shri Kshiti Ranjan Mondal PP-546-548

by—Shri Kshiti Goswami PP-795-796

by—Shri Lakshman Chandra Seth PP-612-618

by—Smt. Maharani Konar PP-553-554

by—Shri Manabendra Mukherjee PP-523-530

by—Dr. Manas Bhunia PP-599-600

by—Shri Mumtaz Hassan PP-719-722

by—Shri Nasiruddin Khan PP-612-624

by—Shri Nazmul Haque PP-723-725

by—Shri Padmanidhi Dhar PP-709-711

by—Shri Pareshnath Das P-551-552

by—Shri Prabhat Acharya PP-712-714

by—Shri Prabir Banerjee PP-793-794

by—Shri Sailaja Kumar Das PP-631-635

by—Smt. Santi Chatterjee PP-552-553

by—Shri Sattik Kumar Roy PP-618-621

by—Shri Satyaranjan Bapuli PP-796-800

by—Shri Saugata Roy PP-776-785

by—Shri Shakti Prasad Bal PP-703-705

by—Shri Sobhan Deb Chattopadhyay PP-705-709

by—Shri Subhas Naskar PP-624-627

by—Shri Sudip Bandyopadhyay P-599; PP-600-612

by—Shri Sukumar Das PP-549-550

by—Shri Trilochan Das PP-722-723

by—Dr. Zainal Abedin PP-509-523

**Laying of Rules**

The West Bengal Panchayat (Gram Panchayat Miscellaneous Accounts & Audit Rules), 1990

P-202

The 26th Annual Report & Accounts of the West Bengal Industrial Development Corporation Limited for the year 1992-93 P-112

The Annual Report of the West Bengal Power Development Corporation Limited for the year 1992-93 P-112

The 33rd Annual Report of the West Bengal State warehousing Corporation for the year 1990-91 P-112

The 18th Annual Report & Accounts for the year 1992-93 of the West Bengal Dinajpur Spining Mills Limited P-487

Amendment to the West Bengal Industrial Disputes Rules, 1958 P-203

The West Bengal Commission for Backward Classes Rules, 1993. P-202

The Asansol Municipal Corporation (Election of Councilors & Atdermen) Rules, 1994 P-285

**Annual Report & Budget Estimate of the West Bengal Scheduled Castes & Scheduled Tribes Development & Finance Corporation for the years 1992-93 & 1993-94 respectively** P-487

The Annual Reports of the West Bengal Khadi & Village Industries Board for the years 1980-81, 1981-82 & 1982-83 PP-486-487

The Siliguri Municipal Corporation (Election of Councillors & Aldermen) Rules, 1994 P-285

**Mention Cases**

PP-285-293

PP-113-122

PP-50-57

PP-203-211

PP-487-499

PP-582-596

**Message Under Rule-181**

P-135

**Motion for Vote on Account**

by—Dr. Asim Kumar Dasgupta PP-808-833

**Motion for Demands for grants of all Departments for the year 1994-95** PP-833-834

**Motions for Demands for Grants of all Departments for the year 1994-95**

Demands Nos. 1, 3, 4, 5, 6, 7, 8, 9, 10, 11, 12, 13, 14, 16, 18, 19, 20, 21, 22, 24, 25, 26, 27, 28, 29, 30, 31, 32, 33, 34, 35, 36, 37, 38, 39, 40, 41, 42, 43, 44, 45, 46, 47, 48, 49, 50, 51, 52, 53, 54, 55, 57, 58, 59, 60, 61, 62, 63, 64, 65, 66, 67, 68, 69, 72, 73, 74, 75, 76, 77, 78, 79, 80, 81, 82, 83, 84, 85, 86, 87, 88, 89, 90, 92, 93, 94, 95, 96, 97, & 99 PP-833-864

**Obituary Reference**

of—Shri Kshitibhusan Roy Barman PP-375-376

of—Prof Nirmal Bose PP-727-728

of—Shri Sankar Das Banerjee PP-729-730

of—Shri Satya Narayan Mitra P-167

of—Smt. Snehalata Basu PP-1-2

of—Shri Sunil Mohan Ghosh Maulik PP-241-242

**Point of Information**

PP-596-597, PP-578-582

PP-128-135

PP-508-509

PP-864-867

PP-342-346

PP-164-165

PP-168-178

P-222 ; P-234

PP-731-750

**Point of Order**

PP-62-65, PP-57-60

PP-103-107

PP-382-385

**Presentation of Report**

Presentation of Seventh Report of the Subjcet Committee on Welfare, Tourism, Sports & Youth Services, 1993-94 P-678

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1994-95 PP-347-373

Presentation of the Annual Financial Statement of the Government of West Bengal for the year 1994-95

PP-347-373

Presentation of Sixth Report of the Subject Committee on Power & Commerce & Industries, 1993-94

P-776

Presentation of the Eighth Report of the Subject Committee on Panchayat (1993-94)

P-285

52nd Report of the Business Advisory Committee

P-78

53rd Report of the Business Advisory Committee

PP-136-137

54th Report of the Business Advisory Committee

P-342

55th Report of the Business Advisory Committee

PP-376-378

56th Report of the Business Advisory Committee

PP-639-640

Presentation of 57th B.A. Committee Report

P-718

58th Report of the Business Advisory Committee

P-731

**Question**

Acquisition of Land in Taltore Mouza

by—Shri Suagata Roy PP-13-19

Fire Station at Baruipur

by—Shri Sobhan Deb Chattopadhyay P-40

Kandi Municipality

by—Shri Atish Chandra Sinha PP-764-765

''Lokdeep'' Programme

by—Shri Ambica Banerjee & Shri Sougata Roy PP-770-771

Small Scale Industries at Howrah

by—Shri Ambica Banerjee PP-659-660

Unauthorised Khatals in Calcutta

by—Shri Saugata Roy & Shri Sobhan Deb Chattopadhyay PP-572-573

অকেজো গভীর নলকূপ ও নদী জলোত্তলন প্রকল্প

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা PP-272-273

অঞ্জনা ফিশ ফার্ম

—শ্রী শিবদাস মুখার্জি P-24

অতি বৃষ্টিতে পুরুলিয়া জেলায় ক্ষয়ক্ষতি

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি, P-772

অনিয়মিত মিটার রিডিং

—শ্রী রবীন্দ্র ঘোষ P-485

অনুন্নত শ্রেণী চিহ্নিতকরণ

—শ্রীমতী সাবিত্রী মিত্র P-275

অসামরিক প্রতিরক্ষা দপ্তরে নার্স নিয়োগ

—শ্রী সৌগত রায় P-761

অযোধ্যা বিদ্যুত সরবরাহ কেন্দ্র

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-765-766

অষ্টম যোজনায় তিস্তা পরিকল্পনা

—শ্রী সুব্রত মুখার্জি PP-483-484

আলিপুরদুয়ারে সুকান্ত ভবন

—শ্রী নির্মল দাস P-756

আদিবাসী ও তফসিলি ছাত্র-ছাত্রীবাসের জন্য সরকারি অনুদান

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি PP-192-193

আবাসন প্রকল্পে নতুন গৃহনির্মাণ

—শ্রী রবীন দেব PP-36-37

আলিপুরদুয়ার রাঁচী উত্তরবঙ্গে রাষ্ট্রীয় পরিবহনের বাস

—শ্রী মনোহর তিরকী P-757

আসানসোল শিল্প ট্রাইব্যুনাল

—শ্রী মানিকলাল আচার্য P-279

ইজমালি যোগদা সৎসঙ্গ ব্রহ্মাচর্য্য বিদ্যাপীঠ

—শ্রী মানিক ভৌমিক P-193

ইট, বালি ও পাথরের রয়্যালটি সংগ্রহ

—শ্রী অমিয় পাত্র P-763

উত্তর ২৪-পরগনা জেলায় সাক্ষরতা প্রকল্প

—শ্রী প্রবীর ব্যানার্জি P-764

উত্তর ও দক্ষিণ ২৪-পরগনা জেলায় কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত বেকার সংখ্যা

—শ্রী সুভাষ নস্কর PP-46-47

উত্তরবঙ্গগামী সি. এস. টি. সি ও এন. বি. এস. টি. সি-র বাস

—শ্রী আব্দুস সালাম মুন্সি PP-569-571

উত্তরবঙ্গ বন্যা নিয়ন্ত্রণ

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-245-250

উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ফল রিভিউ

—শ্রী মানিকলাল আচার্য P-279

উদ্বৃত্ত বিদ্যুৎ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-26

উন্নতমানের বীজ সরবরাহ ডাঙ্কেল প্রস্তাবে শর্তাবলী

—শ্রী অতীশচন্দ্র সিনহা P-752

উপজাতি সম্প্রদায়ের পরিচয়পত্র

—শ্রী সুভাষ নস্কর PP-657-658

উলুবেড়িয়া জেটিঘাটা নদীর ভাঙ্গন

—শ্রী রবীন্দ্রনাথ ঘোষ P-674

উলুবেড়িয়া বাস স্ট্যান্ড

—শ্রী রবীন্দ্র ঘোষ P-765

উৎপল দত্তের স্মৃতি রক্ষা

—শ্রী অমিয় পাত্র P-574

এ পি পি নিয়োগ

—শ্রী আব্দুল মান্নান PP-33-34

এ পি পি নিয়োগ

—শ্রী তপন হোড় P-22

এইচ ভি সি স্কীমে তালিকাভুক্ত তন্তুবায় সমবায় সমিতি

—শ্রী তোয়াব আলি PP-38-39

এন টি পি সি-র সাথে বিদ্যুত পর্ষদের চুক্তি

—শ্রী দিলীপ মজুমদার PP-480-481

কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজিস্ট্রিকৃত বেকার

—শ্রীমতী নন্দরানী দল PP-276-278

কর্মরত অবস্থায় মৃত শিক্ষক/অশিক্ষক কর্মচারী পরিবারের সুযোগ-সুবিধা

—শ্রী আব্দুল মান্নান PP-242-243

কলকাতায় লেদার কমপ্লেক্স

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-655-657

কয়লাখনি কর্মী

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-759-760

কানোরিয়া জুট মিল

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় ও শ্রী সৌগত রায় PP-32-33

কান্দী-গাভেড্ডা সারকিট বাঁধ

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা P-263

কান্দী ব্লকে ইনটেন্সিফিকেশন প্রকল্পের কাজ

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা P-25

কারখানায় ধর্মঘট ও লক আউট

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-29-30

কালিয়াগঞ্জ গ্রামীণ হাসপাতালের এক্স-রে ইউনিট

—শ্রী রমণীকান্ত দেবশর্মা PP-271-272

কুপার্স এলাকাকে নোটিফায়েড ঘোষণার প্রস্তাব

—শ্রী সুভাষ বসু PP-100-101

কুলটি মহাবিদ্যালয়

—শ্রী মানিকলাল আচার্য P-280

কেশপুর থানায় সাব-স্টেশন নির্মাণ

—শ্রীমতী নন্দরানী দল PP-28-29

কৃষি ও অকৃষি খাস জমি

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-34-35

কৃষি উন্নয়ন সমবায় সমিতি

—শ্রী রমণীকান্ত দেবশর্মা PP-37-38

কৃষি জমি চা-বাগানে রূপান্তর

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-6-11

কৃষি পেনশন

—শ্রী সুরেন্দ্র নাথ মাঝি PP-753-754

কৃষ্ণনগর কলেজিয়েট স্কুল

—শ্রী শিবদাস মুখার্জি P-259

কৃষ্ণনগর সরকারি কলেজে ছাত্র ছাত্রী ভর্তি

—শ্রী শিবপ্রসাদ মুখার্জি P-661

কৃষ্ণনগর সরকারি কলেজে ভূগোল অনার্স কোর্স চালুর পরিকল্পনা

—শ্রী শিবদাস মুখার্জি P-192

কৃষ্ণনগরে উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থার ডিপো

—শ্রী শিবদাস মুখার্জি P-102

ক্যানিং মেগাসিটি প্রকল্প

—শ্রী বিমল মিস্ত্রী PP-661-662

খাদ্য প্রক্রিয়াকরণ শিল্প স্থাপন

—শ্রী আব্দুস হাসনাৎ খান P-191

গঙ্গা-ব্রহ্মপুত্র নদীর সংযোজন-সাধন প্রকল্প

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-193

গঙ্গার চর-জমি নিয়ে বিরোধ

—শ্রী আবুল হাসনাৎ খান P-25

গঙ্গার ভাঙ্গনরোধে কেন্দ্রীয় প্রতিশ্রুতি

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-259

গঙ্গার ভাঙনরোধে মুর্শিদাবাদ জেলায় খরচ

—শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং শ্রী সৌগত রায় PP-253-257

গাজনা-বাজিতপুর রাস্তা

—শ্রী সুশীল বিশ্বাস PP-767-768

গাড়িতে লালবাতি জ্বালাবার নিয়মনীতি

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-101-102

গ্রামীণ বৈদ্যুতিকরণ

—শ্রী আব্দুস সালাম মুন্সি P-276

গ্রামীণ বৈদ্যুতিকরণ

—ডাঃ মানস ভুঁইয়া PP-2-3

গ্রামীণ জল সরবরাহ প্রকল্প

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-30-32

চাঁদপাড়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-269-270

ছাত্র-সংখ্যার ভিত্তিতে শিক্ষক নিয়োগ

—শ্রী শক্তি বল P-261

জাতীয় চিকিৎসা প্রতিষ্ঠান গঠনের প্রস্তাব

—ডাঃ তরুণ অধিকারী এবং শ্রী সৌগত রায় P-272

জেলখানাতে বন্দির অস্বাভাবিক মৃত্যু

—শ্রী আব্দুল মান্নান P-750

জুনিয়র হাইস্কুলকে মাধ্যমিক স্তরে উন্নীতিকরণ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-192

জুনিয়র মাদ্রাসকে হাই মাদ্রাসায় উন্নীত

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-477-478

ট্যাঙ্গন নদীর উপর কংক্রীট ব্রিজ

—শ্রীমতী মিনতি ঘোষ P-764

ট্রান্সফর্মার চুরি

—শ্রী সুকুমার দাস PP-21-22

ট্রাম ডিপোতে বহুতল বাড়ি নির্মাণ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-101

টিটাগড় পেপার মিলস

—শ্রী সুকুমার দাস PP-475-477

তফসিলি জাতি ও উপজাতি ছাত্র-ছাত্রীদের স্টাইপেন্ড

—শ্রী রতনচন্দ্র পাখিরা PP-660-661

তহশীল মোহরারদের নিয়মিতকরণ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-26

তারকেশ্বর ডিগ্রি কলেজ

—শ্রী বিদ্যুতকুমার দাস P-659

তিস্তা প্রকল্প

—শ্রী তপন হোড় PP-184-189

তৃতীয় হুগলি সেতুর পরিকল্পনা

—শ্রী শিবপ্রসাদ মালিক P-573

দমদম জেলে মানসিক প্রতিবন্ধীর মৃত্যু

—শ্রী মানিক ভৌমিক PP-751-752

দামোদর উপত্যকা সেচ প্রকল্পে বরাদ্দকৃত অর্থ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-660

দ্বিজেন্দ্রলাল রায় গ্রন্থাগার

—শ্রী শিবদাস মুখার্জি P-273

দীঘায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহনের ডিপো

—শ্রী মৃণালকান্তি রায় P-756

দুধের চাহিদা ও যোগান

—শ্রী অমিয় পাত্র PP-756-757

ডিসেরগড়ে দামোদর নদের উপর পাকা সেতু

—শ্রী মানিকলাল আচার্য P-42

নদীয়া জেলায় আই. সি. ডি. এস প্রকল্প

—শ্রী সুশীল বিশ্বাস P-767

নদীয়া জেলায় ডি. পি. এস-এর অর্থবণ্টন

—শ্রী অজয় দে P-481

নন্দীগ্রাম বাউন্ডারি বাঁধ পুনর্নির্মাণ

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-675-676

নতুন অগ্নিনির্বাপক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা

—শ্রী বিমল মিস্ত্রি PP-102-103

নতুন কলেজের অনুমোদন

—শ্রী প্রবীর ব্যানার্জি P-270

নেহেরু রোজগার যোজনায় রাজ্য সরকারের ম্যাচিং গ্র্যান্ট

—শ্রী সুব্রত মুখার্জি P-101

পরিবহন সংস্থার কর্মচারী নিয়োগ

—শ্রী প্রবীর ব্যানার্জি PP-560-564

পরিবহন সংস্থার কর্মচারিদের পেনশন স্কীম

—শ্রী প্রবোধ পুরকাইত ও শ্রী দেব প্রসাদ সরকার PP-557-560

পঞ্চায়েতের মাধ্যমে বিদ্যুতের বিল আদায়

—শ্রী সুশান্ত ঘোষ PP-27-28

পাটজাত দ্রব্য থেকে ক্ষুদ্রশিল্প

—শ্রী সুশীল বিশ্বাস P-675

প্রাথমিক স্তরে ইংরাজি পুনঃ প্রচলন

—শ্রী আব্দুল মান্নান P-643

প্রাথমিক স্তরে ইংরাজির পুনঃপ্রচলন

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-643-649

প্রাথমিক শিক্ষক নিয়োগ

—শ্রী কালিপ্রসাদ বিশ্বাস P-262

প্রতিবন্ধীদের পুনর্বাসন

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-265-266

পুরুলিয়া জেলায় রেগুলেটেড মার্কেট

—শ্রী নিশিকান্ত মেহেতা P-758

পুরুলিয়া জেলায় ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়ন

—শ্রী নিশিকান্ত মেহেতা PP-273-274

প্রেমিসেস টেনেন্সি অ্যাক্ট সংশোধন

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা PP-479-480

ফুড প্রসেসিং কেন্দ্রের সংখ্যা

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-250-253

বনগ্রাম মহকুমায় প্রাথমিক শিক্ষক নিয়োগ

—শ্রী প্রবীর ব্যানার্জি P-194

বহরমপুরে সুইমিং পুল ও স্টেডিয়াম নির্মাণ

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা P-272

বন্ধ হিমঘর

—শ্রী কালিপ্রসাদ বিশ্বাস P-755

বর্গাদারদের সহায়তা

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি P-27

বন্যা নিয়ন্ত্রণে স্থায়ী পরিকল্পনা

—শ্রী আবুল বাসার P-260

বক্রেশ্বর তাপ-বিদ্যুত প্রকল্প

—শ্রী রবীন দেব PP-35-36

বক্রেশ্বর তাপ-বিদ্যুত প্রকল্প

—শ্রী দেবপ্রসাদ সরকার PP-464-468

বাঘমুন্ডিতে মাছচাষ

—শ্রী শিবদাস মুখার্জি P-478

বারাবনী ও সালানপুর ব্লকে ইনটেনসিফিকেশন স্কীম

—শ্রী এস আর দাস PP-44-45

বারাবনী ও সালানপুর ব্লকে গ্রামীণ বৈদ্যুতিকরণ প্রকল্প

—শ্রী এস আর দাস PP-42-43

বালির রয়্যালটি

—শ্রী অমিয় পাত্র P-478

বাঁকুড়া জেলায় নতুন সাব-স্টেশন নির্মাণ

—শ্রী অমিয় পাত্র PP-19-20

বাস্তুজমির পরিমাণ

—শ্রী আবু আয়েশ মন্ডল P-24

বাংলাদেশ থেকে ইলিশমাছ আমদানি

—শ্রী আব্দুল মান্নান PP-4-6

বিধবা ভাতা

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-97-100

বিদ্যুত পর্ষদের কর্মচারিদের জন্য বাড়ি

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-474-475

বিদ্যুত বিল বাবদ অনাদায়ী টাকা

—শ্রী সুশান্ত ঘোষ P-483

বিদ্যুত পর্ষদের কর্মচারিদের বেতন

—শ্রী মানিক ভৌমিক P-479

বিদ্যুত-চুরি বন্ধের ব্যবস্থা

—শ্রী শক্তি বল PP-3-4

বীরভূম জেলার অকোজো ট্রান্সফর্মার

—ডাঃ মোতাহার হোসেন P-29

বেআইনি যাত্রীবাহী বাস

—ডাঃ মানস ভুঁইয়া PP-571-572

বেসরকারি বিদ্যালয়ের জন্য সি. বি. এস. ই. ও আই. সি. এস. ই-এর অনুমোদন

—শ্রী মনোহর তিরকী P-676

বেলডাঙ্গা গো-প্রজনন কেন্দ্র ও পশুখাদ্য উৎপাদন কার্য

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-769-770

বেলডাঙ্গা ব্লকে কৃষি-ফার্মের জমি

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি P-482

বেলডাঙ্গা কলেজে বিজ্ঞান বিভাগ

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-261-262

বেলডাঙ্গা ব্লকে সিকস্তি জমির পরিমাণ

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি P-41

ভিকদায়ে সাব-স্টেশন নির্মাণ

—শ্রী শিবপ্রসাদ মালিক P-22

ভিডিও শো নিয়ন্ত্রণ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ও শ্রী শক্তি বল PP-564-569

ভূমি সংস্কার আইনে 'কক' ফর্মে রিটার্ন দাখিল

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি PP-40-41

মহারাষ্ট্রের ভূমিকম্পে ত্রাণ সাহায্য

—শ্রী শিবপ্রসাদ মালিক P-102

মহিপাল-উদয়পুর-মাগুড়াকুড়ি রাস্তার অনুমোদন

—শ্রী নর্মদাচন্দ্র রায় P-768

মহিলা বন্দিদের নিরাপত্তা

—শ্রী শক্তি বল PP-754-755

ময়না ব্লকে ৩৩ কেভি সাব-স্টেশন

—শ্রী মানিক ভৌমিক PP-23-24

ময়না ব্লকে কংসাবতীর ভাঙ্গন

—শ্রী মানিক ভৌমিক PP-658-659

ময়না কলেজের নিজস্ব ভবন

—শ্রী মানিক ভৌমিক P-258

ময়না-মেদিনীপুর রুটে এস. বি. এস. টি. সি.-র বাস

—শ্রী মানিক ভৌমিক P-100

মাদ্রাসা বোর্ড

—শ্রী আব্দুল মান্নান PP-471-473

মাদ্রাসা শিক্ষা পর্যদকে স্বশাসিতকরণ

—শ্রী তপন হোড় PP-478-479

মাধ্যমিক শিক্ষকদের বেতন পেতে বিলম্ব

—শ্রী প্রবীর ব্যানার্জি P-260

মালদা জেলার প্রাথমিক বিদ্যালয় পরিচালনায় মুর্শিদাবাদ জেলা প্রাথমিক শিক্ষক পরিষদ

—শ্রী তোয়াব আলি PP-194-195

মুরারই কবি নজরুল কলেজে বাণিজ্য বিভাগ

—ডাঃ মোতাহার হোসেন PP-262-263

মুর্শিদাবাদ জেলায় উদরাময়ে আক্রান্ত ও মৃত

—শ্রী মোজাম্মেল হক PP-766-767

মুর্শিদাবাদ নবাবদের সম্পত্তি অধিগ্রহণ

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ PP-463-464

মন্ডল কমিশনের সুপারিশ কার্যকর

—শ্রী আব্দুল মান্নান PP-178-184

মেডিক্যাল কলেজগুলিতে মুখ্যমন্ত্রীর দপ্তরের অনুমোদনে ছাত্র ভর্তি

—শ্রী প্রবীর ব্যানার্জি P-270

মেদিনীপুর জেলায় নিয়ন্ত্রিত বাজার

—শ্রী প্রশান্ত প্রধান PP-757-758

মেদিনীপুর সেন্টাল জেলে সাজাপ্রাপ্ত বন্দি

—শ্রীমতী নন্দরানী দল PP-755-756

মেদিনীপুর জেলায় বৈদ্যুতিকৃত মৌজার সংখ্যা

—শ্রীমতী নন্দরানী ডাল P-484

মেদিনীপুর জেলায় ভোলসরা খালে স্লুইস গেট তৈরির পরিকল্পনা

—শ্রী সুকুমার দাস PP-258-259

মেদিনীপুর শাঁকরাইল ব্লকে সুসংহত শিশু-বিকাশ প্রকল্প

—শ্রী অতুলচন্দ্র দাস P-280

ম্যাসাঞ্জোর জলাধারে হাঙ্গেরিয়ান পাম্প

—শ্রী তপন হোড় PP-257-258

ম্যালেরিয়া রোগ প্রতিরোধে ব্যবস্থা

—শ্রী আব্দুল মান্নান PP-264-265

যামিনী রায়ের বসতবাড়ি অধিগ্রহণ

—শ্রীমতী জয়শ্রী মিত্র PP-92-94

রডন স্কোয়ারে সাংস্কৃতিক কেন্দ্র

—শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ P-753

রাষ্ট্রপতির সম্মাতির অপেক্ষায় বিল

—শ্রী দিলীপ মজুমদার PP-20-21

রায়গঞ্জে 'রবীন্দ্র ভবন'

—শ্রী রমণীকান্ত দেবশর্মা PP-39-40

রানী ভবানী মন্দির

—শ্রী আবুল হাসনাৎ খান PP-263-264

রাষ্ট্রায়ত্ত সংস্থা

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-468-471

রাজ্যে খাদ্যশস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা

—শ্রী আবু 'আয়েশ মন্ডল PP-89-92

রানাঘাট মহকুমায় বিদ্যুত সরবরাহ

—শ্রী সুভাষ বসু P-3

রামনগর ব্লকে গুচ্ছ স্যালো

—শ্রী মৃণালকান্তি রায় PP-771-772

রাষ্ট্রীয় পরিবহন সংস্থা ভরতুকি

—শ্রী তপন হোড় P-752

রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম

—শ্রী নিশিকান্ত মেহেতা P-38

রিভার লিফ্‌ট ইরিগেশন স্কীম

—P-745

রিভার লিফ্‌ট প্রকল্প

—শ্রী সুরেন্দ্রনাথ মাঝি P-269

রেয়াপাড়া সাব-স্টেশন

—শ্রী শক্তিপ্রসাদ বল PP-26-27

লেকচারার ও অধ্যক্ষ পদের শিক্ষাগত যোগ্যতা

—ডাঃ মোতাহার হোসেন PP-662-674

শস্যহানির জন্য ক্ষতিপূরণ

—শ্রী শিবপ্রসাদ মালিক PP-750-751

শঙ্করপুর চিংড়িমাছের চাষ

—ডাঃ মানস ভূঁইয়া PP-12-13

শান্তিপুর গুচ্ছ বিদ্যুত সরবরাহ কেন্দ্র

—শ্রী অজয় দে P-28

শ্যামপুর ব্লকে 'লোকদীপ' প্রকল্প

—শ্রী রবীন্দ্র ঘোষ P-278

শ্যামপুর থানা এলাকায় বৈদ্যুতিকরণ

—শ্রী সঞ্জীবকুমার দাস PP-274-275

শান্তিনিকেতন—শ্রী নিকেতনতনকে নোটিফায়েড এলাকা হিসাবে ঘোষণার প্রস্তাব

—শ্রী তপন হোড় PP-94-97

সরকারি উচ্চবিদ্যালয়ে পরিচালন সমিতি

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় P-675

সরকারে ন্যস্ত উদ্বৃত্ত জমির বণ্টন

—শ্রী রমণীকান্ত দেবশর্মা PP-270-271

সরকারি দুগ্ধাগারের সংস্থা

—শ্রী আবু আয়েশ মন্ডল PP-573-574

সরকারি উচ্চবিদ্যালয় পরিচালন সমিতি

—শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় PP-674-675

সরকারের ন্যস্ত জমির পরিমাণ

—শ্রী অতীশচন্দ্র সিন্‌হা PP-649-654

সড়ক সেতু থেকে টোল ট্যাক্স আদায়

—শ্রী মনোহর তিরকী PP-768-769

সল্টলেকে জমি হস্তান্তর

—শ্রী রবীন দেব P-763

সবং থানায় বৈদ্যুতিকরণ

—ডাঃ মানস ভূঁইয়া P-266

সবং ব্লকে মৎস্য দপ্তর কর্তৃক রাস্তা নির্মাণ

—ডাঃ মানস ভূঁইয়া PP-761-763

স্বনিযুক্তি কর্মপ্রকল্প

—ডাঃ মানস ভূঁইয়া PP-267-269

সাগরদিঘি তাপবিদ্যুত কেন্দ্র

—শ্রী আবুল হাসনাৎ খান P-482

সাগরদিঘি ব্লকে দামুস বিলের লীজ প্রদান

—শ্রী পরেশনাথ দাস P-45

সালালপুর ব্লকে ফায়ার-ব্রিগেড কেন্দ্র স্থাপন

—শ্রী এস আর দাস PP-280-281

সামুদ্রিক মৎস্যজীবীদের প্রশিক্ষণ

—শ্রী শৈলজাকুমার দাস P-772

স্বাস্থ্যকেন্দ্রের উপর উচ্চ প্রবাহী বৈদ্যুতিক লাইন

—শ্রী মানিক ভৌমিক PP-278-279

সি. এস. সি.-র প্যানেল

—শ্রীমতী জয়শ্রী মিত্র PP-260-261

সুন্দরবন এলাকায় চিংড়ি চাষ

—শ্রী সুভাষ নস্কর P-23

সুন্দরবন উন্নয়ন পর্ষদের অধীন গ্রাম পঞ্চায়েতের উন্নয়ন

—শ্রী সঞ্জীবকুমার দাস P-274

সুন্দরবনে মোবাইল ভেটেরিনারি স্কীম

—শ্রী সুভাষ নস্কর P-758

সুবর্ণরেখা প্রকল্প

—শ্রী সুকুমার দাস P-192

সু-সংহত শিশু-বিকাশ সেবা-প্রকল্প

—শ্রীমতী সাবিত্রী মিত্র P-40

স্কুল সার্ভিস কমিশন

—ডাঃ মানস ভূঁইয়া PP-189-191

স্পোর্টস স্কুল

—শ্রী সুশান্ত ঘোষ P-263

হস্তশিল্প সামগ্রীর বিপনন সংস্থা

—শ্রী আবু আয়েস মন্ডল PP-243-245

হাজি সোলেমান চৌধুরী জুনিয়র

—শ্রী নুরুল ইসলাম চৌধুরি P-660

ক্ষুদ্রসেচ প্রকল্পের সেচসেবিত জমি

—শ্রী কালিপ্রসাদ বিশ্বাস P-766

**Ruling From Chair**

PP-47-49

PP-65-66

PP-107-110

**Statement on Calling Attention regarding serious regularites in Mathematics question paper in Madhyamik Examination**

by—Shri Achintya Krishna Roy PP-774-775

Regarding the reported death of the mother along with her children at Gazol in Malda district as a result of a hut set in fire on 12.2.94

by—Shri Jyoti Basu PP-220-201

Regarding reported theft of the Idol of Manmohan from a temple of Cooch Behar on 28.2.94

by—Shri Jyoti Basu PP-198-199

Regarding closure in Angus Jute Mill at Champdani of Hooghly district

by—Shri Prabodh Ch. Sinha PP-110-112

Regarding reported Lorry accident at Dankuni in Hooghly district on Feburary 23rd, 1994 causing death of some persons

by—Shri Jyoth Basu PP-197-198

Regarding the reported murder of the three activists of the Major ruling party at Debra, Midnapur on 23.2.94

by—Shri Jyoti Basu PP-196-197

Regarding acute scarcity of urea in Nádia & North 24-Parganas districts

by—Shri Nihar Bose PP-283-284

Regarding present state of affairs of the Standard Pharmaceuticals & Opec Innovation factory at Serampur in Hooghly district

by—Shri Patit Paban Pathak PP-282-283

Regarding the subject of steps taken by the State Government to re-open the J.K. Steel at Rishra

by—Shri Patit Paban Pathak PP-775-776

**Statement Under Rule 346**

Regarding the retraining & redeployment of workmen within each of 14 Textile Mills under National Textile Corporation (W.B.A.B.O.)

by—Shri Santi Ranjan Ghatak PP-219-221

Regarding revision of fares of transport services

by—Shri Shyamal Chakraborty PP-378-382

Regarding the postponement of Panchayat Elections in the Hill areas of Darjeeling

by—Shri Jyoti Basu PP-201-202

Regarding rape of one girl of Midnapore Home by some ricshaw puller

by—Shri Biswanath Chowdhury PP-554-555

**Supplementary Estimates for 1993-94**

PP-575-578

**Zero Hour**

PP-66-70, PP-60-62, PP-499-508, PP-294-306, PP-122-128

Printed by : Image Graphics
62/1 Bidhan Sarani Calcutta - 700 006